Barcode - 4990010123315
Title - Bengal Legislative Assembly Proceedings (1993) vol.101, no. 1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1084
Publication Year - 1993
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123315

Vol. 101 No—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and first Session

(February to April, 1993)

(The 25th, 26th, February & 1st, 2nd, 3rd, 4th, 5th, 11th, 12th, 15th, 16th, 17th, 18th, 19th & 20th March 1993)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 209/-

Vol. 101 No—I

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Hundred and first Session

(February to April, 1993)

(The 25th, 26th, February & 1st, 2nd, 3rd, 4th, 5th, 11th, 12th, 15th, 16th, 17th, 18th, 19th & 20th March 1993)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### PROF. SAIYID NURUL HASAN

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.
2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).
3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs.
4. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (Excluding an audio visual educations) and integrated education for disabled childred in the Department of education.
5. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.
6. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise, Department of Urban Development.
7. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.
8. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour.
9. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.
10. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.
11. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial

Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

12. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of Panchayats and Department of Rural Development.

13. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

15. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

16. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education,' Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

**Ministers of State**

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State incharge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Transport Development

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha.** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K.S Roy Road. Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Cottage and Small Scale Industries.

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education. Non-formal Education, Audio Visual Education. Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House. Calcutta-700001.

45. **Shri Madan Bauri.** Minister-of-State for Home (Civil Defence) Department

46. **Shri Dawa Lama,** Minister-in-charge for Department of Animal Resources Development.

47. **Smt. Bilasi Bala Sahis,** Minister-in-charge of State for Scheduled Casts and Tribes Welfare Department

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

## SECRETARIAT

**Secretary : Shri S. R. Chattopadhyay.**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhattarai, Shri Tulsi (24-Karseang—Darjeeling)
44. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
45. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
49. Biswas, Shri Kanti (98-Sandeshkhali (S.C.) 24-Parganas)
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
51. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
52. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
54. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
56. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
57. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
60. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
61. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
62. Chatterjee, Shri Anil (146-Chowringhee—Calcutta)
63. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
64. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
65. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
67. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
69. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
70. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
71. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
72. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
73. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
74. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
75. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
76. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
77. Chowdhury, Shri Jyoti (180 - Serampur - Hooghly)
78. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
79. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
80. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
81. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
82. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
85. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
86. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
87. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
88. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
89. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
90. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
91. Das Shri Sailaja Kumar (211-Contai South - Midnapore)
92. Das, Shri [illegible] Kumar (172-Shyampur—Howrah)
93. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
94. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
95. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
96. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
97. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
98. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
100. De, Shri Partha (251-Bankura—Bankura)
101. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
102. Deb, Shri Rabin (152 - Ballygunge - Calcutta)
103. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
104. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
105. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
106. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
107. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
108. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
109. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
110. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
111. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
112. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
113. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
114. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
115. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
116. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
117. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
118. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
119. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
120. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
121. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
122. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
123. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
124. Goala, Shri Rajdeo (160 Belgachia West—Calcutta)
125. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
126. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
127. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
130. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
131. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
133. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
134. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)
135. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
136. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
137. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
138. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
139. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
140. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
141. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
142. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
143. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
144. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
145. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
146. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
147. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
148. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
149. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
150. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
151. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
152. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
153. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
154. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
155. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
156. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
157. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
158. Lama, Shri Dawa (23 - Darjeeling—Darjeeling)
159. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
160. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
161. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
162. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
163. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
164. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd***

165. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
166. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)
167. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
168. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
169. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
170. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
171. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
172. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
173. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
174. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
175. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
176. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
177. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
178. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
179. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
180. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
181. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
182. Manna, Shri Janmenjay (125-Patharpratima—South 24-Parganas)
183. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
184. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
185. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
186. Mehta. Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
187. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
188. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
189. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
190. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
191. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
192. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
193. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
194. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
195. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
196. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

198. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
199. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
200. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
201. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
202. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
203. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
204. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
205. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
206. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
207. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
208. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
209. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
215. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Paul, Smt. Maya Rani (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
254. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
255. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
256. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
257. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
258. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
259. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)
262. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
264. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
266. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
267. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
268. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
269. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
270. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
271. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
272. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
273. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
274. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
276. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
278. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
279. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
280. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
281. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
282. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
284. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
287. Soren, Shri Subhas Chandra (229-Nayagram (ST)—Midnapore)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (243 - Hura - Purulia)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 25th February, 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) 27 Ministers, 13 Ministers of State, and 224 Members.

[11-00 – 11-10 a.m.]

Mr. Speaker received the Governor in the Entrance Hall where a procession was formed in the following order :-

Marshal

Secretary

Speaker

Governor

Secretary to the Governor

ADC

All members present rosé in their seats as the procession entered the Chamber and remained standing untill the Governor took his seat.

The Governor ascended the dais by the steps on the west and took his seat and the Speaker occupied the seat to the right of the Governor. Members resumed their seats. The National Anthem was then played when all present rose in their seats and resumed seats after the Anthem was over

The Governor addressed the West Bengal Legislative Assembly as follows :

### GOVERNOR'S ADDRESS

HON'BLE MR. SPEAKER AND HON'BLE MEMBERS,

I have great pleasure in welcoming the Hon'ble Members to the first session of this august House in the New Year. At the outset I wish to convey my greetings and best wishes to you and to the people

of West Bengal for the New Year. Let us take a solemn pledge to continue and strengthen our efforts to maintain communal harmony and peace in our society.

2. Since this House met last we have lost a number of our stalwarts in the State. I note with deep regret the passing away of Shri Sachin Sen and Shri Sankar Das Paul who were sitting Members of the House. I also mourn the death of Shri Haridas Mitra, ex-Deputy Speaker, Sarbasree Kamal Sarkar, Sunil Das, Sasthidas Sarkar, Ajit Kumar Basu, Gopal Mondal, Abani Bhattacharjee, Nirmal Kumar Mukherjee, Narendra Nath Dolui, Paresh Das, Bhopal Panda, Abdul Bari Biswas, Girindra Nath Mondal, Ganesh Ghosh, Mangal Soren and Hansadhwaj Dhara, all former Members of the Assembly and Shri Manoranjan Roy and Shri Biren Roy who were former Members of this House and also former Members of Parliament. I would also like to express grief at the passing away of Sarbasree Janaki Ballabh Bhattacharyya, Viswaratan Ganguly and Rebatiraman Manna, all Members of the erstwhile Legislative Council. I also mourn the sad demise of Shri Satyajit Ray, a distinguished son of Bengal and an illustrious film-maker.

3. The Hon'ble Members are aware of the trauma that our country has gone through since the 6th of December, 1992 when a major blow was dealt at the secular fabric of our nation. The even tenor of our public life was shattered by violent spasm of communal frenzy. We in West Bengal also had a share of these violent events in some areas of Calcutta and its suburbs. This violence resulted in the loss of 29 lives including the death of 18 persons in Police firing and injuries to 168 persons, besides damage and destruction of property, My Government has taken various steps to provide succour to the affected families and to rehabilitate the affected people. I would like to express my appreciation of the efforts made by various voluntary organisations and individuals to come to the aid of those who have suffered. Violence could be contained and normalcy could be brought back quickly due to the good sense of our people, effective administrative steps and the help of the Army. I congratulate the people of West Bengal for having stood against the ugly overtures of communalism. Constant and continuous vigil must, however, be kept as dangers still persist.

4. My Government will continue its sustained efforts for the protection and advancement of the Scheduled Castes and Tribes as also the people of the minority communities in the State.

I note with deep sorrow the death of Chuni Kotal. There has

been a lot of public debate over this sad incident and my Government has set up a Commission under the Commissions of Inquiry Act, 1952 to inquire into the background, cause and nature of the death.

Protection and welfare of women continues to engage the attention of my Government. I am deeply concerned at the continuing cases of atrocities against women. At the direction of Government, a special cell under the charge of a Deputy Inspector General of Police has been created in the State CID and similar cells have been set up in the districts to deal expeditiously with cases relating to atrocities against women. These cells maintain close liasion with the various women's organisations. I am happy to inform the Hon'ble Members that a Commission for Women has also been constituted recently.

5. The Hon'ble Members are aware that as part of the Indo-Bangladesh Boundary Agreement we could successfully complete the implementation of the understanding between India and Bangladesh on Tinbigha. We have not only been able to retain our sovereignty over the corridor, but have also been able to ensure that the interests of our people in Kuchlibari are not adversely affected in any manner. The question of implementation of the remaining parts of the agreement is under consideration of the Government of India and we have requested them to expedite the process.

6. The general law and order situation in the State has continued to remain, on the whole, peaceful except for the aberriations that took place in December 1992, following the Ayodhya events. The hills of Darjeeling also remained generally peaceful. The brutal murder of Shri Sudarshan Sharma, a leading exponent of Nepali language, created great resentment and unrest in the hills. There was an unfortunate development when two GNLF Members of this house resigned on the ground that they belonged to "No Man's Land", the Government of India and my Government had rejected this stand of the GNLF. There has been a stalemate in the functioning of the Hill Council. My Government, however, is keen to see that the Hill Council functions in the interest of the people of the hill areas of Darjeeling.

7. The stable and favourable situation obtaining in our State has been able to attract a number of industrial establishments to the State. During the current year 181 industrial entrepreneurs' memoranda have been filed envisaging a total investment of Rs. 4,200 crores. Besides, 16 Letters of Intent envisaging investment of about Rs. 60 crores and two industrial licences have been received. The acrylic fibre plant at Haldia

and a number of other industrial projects have been set up. The pig iron project of Tata Metaliks Ltd. at Kharagpur and a textile narrow woven elastic tape manufacturing unit at the Falta Growth Centre are coming up with equity support from the WBIDC. The WBIDC is also providing escort service to Messrs. Century Textiles & Industries Ltd. for setting up of a pig iron project at Kharagpur with a project cost of Rs. 300 crores and to the Birla Technical Services in setting up a steel project at Haldia at a project cost of Rs. 3,600 crores as also to Messrs. Hindusthan Development Corporation Ltd. in setting up caustic soda and chlorine project. So far 39 NRI/FDI (Foreign Direct Investment) project proposals envisaging an investment of about Rs. 260 crores have been received. Webel Telematik Ltd., Webel Electro-Ceramics Ltd. and Webel Video Devices Ltd. have extended their areas of activity during the period. The first phase of work at the Bishnupur Growth Centre has been completed and development work at Cooch Behar and Malda Growth Centres is under progress, Kalyani Growth Centre, Phase-II is almost complete. The civil works on the Haldia Petrochemicals have been taken in hand. In the Falta Export Processing Zone five projects envisaging investment of Rs. 9.11 crores were implemented and 23 new approvals for setting up export projects have been received. In Falta Growth Centre, which is adjoining the Falta Export Processing Zone, so far 13 industrial units have been allotted plots of land. Out of these, five industrial units have gone into production, the latest being the unit of David Brown Greaves Ltd. In addition, two more units have completed construction and would be commissioned very soon. In respect of two more units, construction works are at different stages of completion.

8. During 1992-93 the main activities of the Food Processing Industries Department included :—(i) strengthening of data base of the processed food industries, (ii) assessment of status and potential of development of the processed food sector with reference to the raw material resources of the State, and (iii) entrepreneurship development and training in commercial processing of horticultural production by setting up training-cum-production centres in rural areas through voluntary organisations and development of mushroom production and processing.

9. During the year upto November 1992, 3051 small scale units were set up with in employment potential of over 9000 people. During the period, 1706 biogas plants were set up. It is proposed to shift the tanneries located at Tangra, Topsia and Tiljala areas in Calcutta outside the metropolitan area of the city to provide better operational and processing facilities and to keen the environment free from pollution. This

project is being assisted by UNDP. The Italian Government has been requested through the Government of India to include it in the list of projects to be assisted by them.

10. The West Bengal Warehousing Corporation and the Electro-Medical & Allied Industries Ltd. have been earning profits. During 1993-94 the thrust will be on rehabilitation and modernisation of the existing plant and machineries of the undertakings. My Government has evolved a package of reliefs and concessions that may be given to the units coming under the purview of BIFR. Till December 1992, 150 sick units in the State reported to the BIFR of which 28 units received rehabilitation packages sanctioned by BIFR.

11. A Science Centre has been established at Burdwan and two others are being set up at Digha and Siliguri in collaboration with the National Council for Science Museum. A Remote Sensing Centre has been established in collaboration with the ISRO. Two annual awards in the name of Meghnad Puraskar and Satyendranath Puraskar have been announced this year to commemorate the birth centenary of the two eminent scientists. The West Bengal Renewable Energy, Development Agency has been established this year with a view to disseminating information among the people about the renewable non-conventional energy sources.

[11-10—11-20 a.m.]

12. The power situatio... ... ... ... improved substantially during the period. While the Kolaghat Units of WBPDCL increased their generation, the three units of the Santaldih were pressed into service simultaneously and steady generation level has been maintained from July 1992 onwards. Kolaghat Unit 6 of 210 MW capacity was synchronised in January '93 and the boiler of Unit 4 of 210 MW was also lighted up the same day. Commercial generation from Unit 6 of Kolaghat is expected to start during this year and Unit 4 is expected to be commissioned by June 1993. The 500 MW unit at Farakka Thermal Power Station is expected to be on the bar by June 1993.

Bakreswar Thermal Power Station and Purulia Pump Storage Scheme have been proposed in the list of projects to be funded by OECF (Overseas Economic Co-operation Fund), Japan in the next financial year. Rammam Stage-II and the three power stations under Teesta Canal Fall are expected to be commissioned between October 1994 and February, 1996. The CESC has received necessary sanction for its Budge Budge Power Station and the work thereon has started in full swing.

My Government has also accorded clearance "in principle" for CESC's Balagarh Thermal Power Project. A memorandum of understanding has been signed between WBSEB and Birla Technical Services for construction of a new 2 x 67.5 MW Thermal Power Station. Another memorandum of understanding has been signed between the State Government, WBPDCL and the Development Consultants Ltd. for implementation of the first phase of the Sagardighi Thermal Power Station. Apart from power generation, due importance is being given to the improvement of transmission and distribution by adopting measures to erect new extra high tension and high tension sub-stations, new transmission lines, etc.

13. Industrial relations in the State remained generally peaceful during the year. The State Labour machinery could settle 20 cases of strike, 52 cases of lock-out and two cases of closure satisfactorily, including the industry-wise agreements in the Jute, Engineering and Tea industries.

14. My Government expects to construct 41 kms. of new roads within this financial year. Bridges over rivers Sutanga and Dudua in Jalpaiguri district, Mahananda in Malda and Atrai in South Dinajpur as also the railway overbridge at Moregram on NH 34 in Murshidabad have been completed. The bridges over Kuye and Mayurakshi in Murshidabad and the railway overbridge at Belghoria are expected to be opened during this year. The target for 1993-94 is to construct 60 kms. of new roads including roads under Minimum Needs Programme, Special Component Plan for SC and ST Area Sub Plan. Survey work in regard to the Second Vivekananda Bridge near the Vivekananda Setu, with ADB assistance, is also proposed.

15. My Government has been making efforts to improve the operational efficiency of the three road transport corporations, the CTC and the West Bengal Surface Transport Corporation. The CSTC has introduced computerisation at its central store and for its long distance services. The SBSTC is constructing depots at Bankura, Purulia, Habra and Belghoria. The Corporation has installed automatic washing machine at Durgapur and Belghoria. The WBSTC has taken up construction of two RCC Jetties on both banks of river Katakhali at Hasnabad.

16. During 1992-93, CMDA made progress in the implementation of 20 MGD drinking water supply schemes for Salt Lake, South Dum Dum and Dum Dum Municipality and in the trans-municipal infrastructure schemes by construction of 30 MGD water treatment plant at

Baranagar-Kamarhati and 20 MGD water treatment plant at Serampore. Durgapur Bridge in South Calcutta, renamed after Henery Louise Vivian Derozio, was opened to traffic during the year and widening of Eastern Metropolitan Bye-pass is nearing completion. The construction of sewerage treatment plant at Chandernagar, Baranagar-Kamarhati, Garden Reach and South Suburban West Area has been taken up under the Ganga Action Plan. CMDA is also implementing a multipurpose project for the improvement of bustees in Calcutta with the assistance of Overseas Development Administration of the United Kingdom. The Second Hooghly River Bridge named Vidyasagar Setu was opened to traffic on 12th October, 1992.

17. Bills to declare Asansol, Chandernagore and Siliguri Municipalities as Municipal Corporations duly passed by this House are now awaiting President's assent.

The elections to 15 Municipalities are proposed to be held on 30th May, 1993 simultaneously with the Panchayat Elections.

18. The Hon'ble Members are aware that my Government has continued to lay emphasis on comprehensive land reforms as a necessary pre-condition for meaningful rural development. My Government is continuing the drive for vesting of ceiling surplus land, its distribution to landless agriculturists, securing the rights to share-croppers and providing institutional finance to the poor cultivators. So far 9.38 lakh acres of Government land has been distributed in favour of 20.48 lakh landless cultivators and 58% of these beneficiaries belong to Scheduled Castes and Scheduled Tribes. On the subject of urban land ceiling my Government holds the view that there should be no Central legislation for the purpose, and that it should be regulated through a State enactment. A committee has been constituted to examine the existing Urban Land Act, 1976 and to recommend a model State legislation for the purpose.

19. In the field of agriculture the thrust has been on production and productivity of all field and horticultural crops and continued support to the small and marginal farmers. Programmes have been taken up for soil amelioration, land development and watershed development. In spite of increase in the price of fertiliser, production and productivity in respect of almost all the crops have been on the increase. The Drought-Prone Area Programme, Special Area Programme and Dryland Farming Programmes are being implemented in the drought-prone areas. The second phase of Dutch-assisted North Bengal Terai Development Project has been completed. Through the newly-introduced National Watershed

Development Project for Rainfed Agriculture an attempt is being made to train the farmers in water conservation.

During the year the pre-monsoon shower was insufficient and sowing of jute and aus paddy was delayed. In the last week of September 1992 the district of Purulia came under the grip of floods affecting a sizeable area under paddy.

20. My Government has moved the Government of India for allocating Rs. 20 crores for anti-erosion schemes for the Ganga-Bhagirathi-Hooghly system and Rs. 1 crore for anti-sea erosion schemes. Besides ensuring augmentation of water resources through modernisation of Kangsabati Reservoir Project, additional irrigation potential to the tune of 50,000 hectares is proposed to be created in Kangsabati, Mayurakshi, Damodar Valley and Teesta Barrage Projects along with other medium irrigation schemes. The Planning Commission has agreed to provide Rs. 20 crores during the year for the Teesta Project.

Against the targeted potential of 38 lakh hectares covered by both ground-water and surface-water resources the achievement upto 1990-91 was 25.65 lakh hectares.

During the year 1992-93 it is proposed to create irrigation potential for one lakh hectare in the minor irrigation sector. It is expected that the project component of WBMIP undertaken with IDA assistance will be completed by March 1994. Panchayat organisations have been actively associated in the implementation of the project including the construction of open dug wells and operation, maintenance and management of LDTW and STW clusters.

21. The mortality and morbidity rate of different species of livestock in preventible diseases have been reduced. Cross-breeding operations through frozen semen technology were undertaken during 1992-93. Arrangements were made to improve the production potential of livestock and poultry by cross-breeding with exotic varieties. Programmes for 1993-94 will include coverage of 700 Gram Panchayat areas through frozen semen technology for artificial insemination. It is proposed to launch an intensive Poultry Development Programme in four blocks in each district with a view to improving the genetic potential of local stock by cross-breeding.

22. Supply of drinking water in the rural areas is effected through the MNP of the State Government and the accelerated rural water supply programme sponsored by the Government of India. My Govern-

nent's endeavour is to raise the coverage from the existing 71.5% to 76% of the rural population by the end of the Eighth Five-Year Plan with at least one source of potable water for every 250 persons. Under Ambedkar Centenary Programme a crash scheme has been taken up of creation of drinking water sources in SC/ST habitations. It is proposed to cover 944 such habitations at a cost of Rs. 300 lakhs. In the field of urban water supply it is proposed to increase the coverage of urban population in the State, excluding the CMD area, from 64% to 75% by the end of the Eighth Five Year Plan. The Haldia Water Supply Scheme, at an estimated cost of Rs. 45.72 crores designed to supply 20 MGD of water, has been commissioned. The Neorakhola Water Supply Scheme in Kalimpong has been completed. The Asansol Comprehensive Water Supply Scheme involving an expenditure of Rs. 787 lakhs has also been commissioned.

[11-20—11-30 a.m.]

23. West Bengal has been the receipient of the National Productivity Award in table fish production continuously for the last six years. A River Ranching Programme has been taken up by my Government to involve the local people and the fishermen in the process of restocking of fish in the river. The Rs. 100 crore World Bank-aided Prawn and Fish Farming Project will come up during 1993-94. The Fishermen's Co-operatives and small and marginal farmers will receive maximum priority under this project. Brackish Water Fisheries Development Agency has been set up in the districts of Midnapore, North 24-Parganas and South 24-Parganas. Development of marine fish has also been given priority by my Government. The Frazerganj Fish Harbour is expected to be commissioned this year.

24. The Pollution Control Board identified 195 gross-polluting industries during 1992-93. Steps have been taken by the Board to ensure that proper treatment facilities are provided by these units. Ambient air quality monitoring has been undertaken in the most polluted urban centres. Monitoring stations have been set up to study quality of water of river Churni. During 1993-94, the Zoological Park at Darjeeling proposes to establish a breeding centre for snow leopard and some endangered species of Himalayan peasant. 85 herbarian specimens and 25 specimens of rare hybrid orchids have been collected and preserved during the current year.

25. My Government has attached priority to afforestation on available forest and private land including waste land, soil and water con-

servation, wild life conservation and habitat improvement, socio-economic development of forest-fringe population, etc. The West Bengal Forestry Project with IDA assistance was introduced during the current year. This project encompasses all aspects of forestry development. Till date 3.5 lakh hectares of degraded forests have been resuscitated with the help of nearly 1.2 million people who have formed 2,350 Forest Protection Committees. The forest coverage in the State has been enhanced by about 1% over the recorded forest area of 13.4% without taking into consideration the orchard areas developed in the villages under Social Forestry Programmes.

26. The co-operatives have continued to play in important role in rural credit and marketing and consumer supplies. Deposit mobilisation is expected to be over Rs. 600 crores this year against Rs. 555 crores during 1991-92.

27. My Government firmly believes in development through democratic decentralisation and the Panchayat bodies have continued to play an important role in this regard. The Forth Panchayat General Elections are scheduled to be held on 30th May, 1993. The Hon'ble Members are aware that in order to make the Panchayat bodies more representative in nature comprehensive amendments to the West Bengal Panchayat Act, 1973 were brought into effect recently. The amended provisions provide special emphasis on representation of Scheduled Castes and Tribes and women in the Panchayat bodies.

28. Under the Integrated Rural Development Programme upto December 1992, 55,769 families have been given financial assistance of Rs. 2,142.92 lakhs. Out of the beneficiaries 45% are SC and ST and 46% of them are women. DWCRA (Development of Women & Children in Rural Areas) is being implemented in 154 Blocks of 10 districts. Upto the end of December 1992 an amount of Rs. 22.28 crores has been utilised under Jawahar Rozgar Yojana.

29. During 1992-93, West Bengal Housing Board took up programmes for construction of 1,847 dwelling units of different categories of which 1,271 flats are ready for occupation. 237 flats under the rental housing scheme are expected to be completed during the current financial year. A scheme to construct 9,040 houses for the economically weaker sections, with a loan assistance of Rs. 1,130 lakhs from HUDCO, is proposed to be launched. In order to increase the housing stock it is also proposed to embark upon joint ventures.

30. There has been substantial progress in the field of extension of

education through the total literacy drive. Over 51 lakh people in the age-group of 9 to 50 years have been covered under the total literacy campaign in seven districts with the assistance of Government of India. Three more districts are proposed to be brought under this programme during 1993-94. Post-literacy education is continuing in the districts already declared as fully literate. There are 31 Government sponsored, aided and recognised institutions for handicapped children in the State and it is proposed to sponsor two new institutions during 1993-94.

[11-30—11-45 a.m.]

My Government proposes to supply new books to all primary school children in a phased manner from the current year. It is proposed to establish 600 new primary schools during 1993-94. In the field of library service my Government proposes to set up new libraries and also to develop the existing libraries which lack infrastructural facilities.

The report of the Education Commission is under examination. My Government has provided financial support for the development of the second campus of the Jadavpur University. A proposal for establishment of a planetarium at the Burdwan University with Japanese assistance is under consideration. Notification has taken issued by Government of India conferring the status of "an institution of higher learning deemed to be a University" on the Bengal Engineering College, Shibpur. The College of Textile Technology in Serampore will introduce a post-graduate course in Textile Technology from the next academic session.

A Maulana Abul Kalam Azad Institute of Asian Studies has been established in Calcutta with assistance from the Central Government and support of the State Government. The residence of the late Maulana Saheb is being acquired by the State Government so that the Institute may establish a "personalia museum".

31. Construction of tourist lodges at Digha, Gadiara, Sagar Island and Mukutmanipur is nearing completion. Schemes for construction of wayside facilities at Durgapurand tourist lodge at Piyali and Kaikhali are nearing completion. A scheme for introduction of water-sports activities like water-skiing, canoeing and boating has been sanctioned. Tourist lodge at Chalsa near Malbazar, Bankura and Shankarpur near Digha have been sanctioned and are at various stages of execution.

32. West Bengal enjoys a broadbased network of public distribution system and 6.55 crores Ration Card holders are now served through 28,296 retail shops. In spite of inadequate central pool allotment and the

inability of FCI to bring and store adequate stocks, my Government could arrange distribution under the PDS of 12.60 lakh MT of foodgrains and 2.65 lakh MT of levy sugar up to November in 1992. Rice was distributed at subsidised rate to landless agricultural labourers during the lean season for four weeks. 70,11,583 persons of the poorest families of 162 Blocks of ITDP areas, drought-prone areas and designated hill areas have now access to essential commodities at subsidised price due to introduction of revamped public distribution system. Taking over of the work of distribution of foodgrains in the whole of the State by my Government from the FCI has been completed during 1992-93. Even though the allocation falls short of the actual requirement, my Government has been trying to streamline distribution of kerosene oil to consumers against Ration Cards.

33. India Population Project-IV was launched in the State in 1985 with a view to promoting family welfare activities and reduction in fertility and infant and maternal mortality in the State in general and in four project districts of Burdwan, Birbhum, Bankura and Purulia in particular. World Bank-aided India Population Project-VIII is going to be implemented in CMDA area covering 328 million economically backward people. The Urban Revamping Scheme proposed by the Government of India for cities having population of more than two lakhs would include the cities of Durgapur, Asansol and Kharagpur in West Bengal. My Government has, however, suggested inclusion of Burdwan and Siliguri also. The multi-drug treatment campaign for eradication of leprosy is in operation in the districts of Purulia, Bankura, Birbhum, Midnapore and Burdwan, while the remaining districts are under primary phase of modified multi-drug therapy. Madhyamgram PHC in North 24-Parganas and Changrabandha PHC in Cooch Behar are proposed to be upgraded to Rural Hospital. Additional 200 beds have been provided in the S.N. Pandit Hospital. Eight State Homoeopathic Dispensaries have been set up this year and construction of a 100-bedded Homoeo Hospital is nearing completion.

34. 175 ICDS projects are in operation in the State covering 18 lakh beneficiaries with the assistance of 47,000 voluntary workers who are given honoraria. Another 10 ICDS projects are likely to become operational during this year.

Adolescent Girl Child Scheme has been functioning in the districts of Jalpaiguri, Malda, Murshidabad and Purulia. Training under Acute Respiratory-tract Infection has also been started in four Blocks of Cooch Behar district.

35. The State Prison authorities arranged for rehabilitation of 35 destitute, cured and criminal lunatic persons through voluntary organisations of whom 31 persons were given to the Missionaries of Charities of Mother Teresa.

Construction of a Home for Juvenile Girls for 50 inmates in Krishnanagar has been completed and a similar Home for 220 inmates is coming up at Salt lake, Calcutta. A Home for Juvenile Boys with a capacity of 100 has also been constructed at Balurghat. 45,419 old and disabled persons including widows have been covered under the Pension Scheme.

36. A Film and Television Institute of India is being set up in Calcutta by the Government of India with the collaboration of the State Government in memory of late Satyajit Ray. The foundation stone of the Institute was laid on 10th October, 1992 by Shri P.V. Narasimha Rao, Prime Minister of India.

Hon'ble Members will be happy to know that "Padma Nadir Majhi", a feature film produced by my Government which is likely to be released shortly was selected for screening in the Indian Panorama Section of the International Film Festival of India '92.

The Satyajit Ray Film Archive has been established at Nandan.

In the context of the recent communal disturbances, my Government has sought the help and co-operation of the people in maintaining communal harmony. The Information & Cultural Affairs Department has brought out a number of pamphlets in this regard in three languages.

37. I have briefly covered the present and proposed programmes of my Government and I am sure that these will be discussed in detail while considering the budgetary demands of the departments. I wish your deliberations all success.

JAI HIND

[The Governor having finished his speech, the National Anthem was again played. All members rose in their seats. The Governor then left the Chamber in procession in the same order in which it came in.]

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 25th February, 1993 at 12-30 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 27 Minister 13 Ministers of State, and 224 Members.

[12-30 – 12-34 p.m.]

### Motion of Thanks

**Mr. Speaker :** I beg to report that the Governor has been please to make a Speech today, a copy of which has been placed on th table, Motion, if any, under Rule 16(3) of the Rules of Procedure an Conduct of Business of the West Bengal Legislative Assembly may b moved.

**শ্রী ননী কর :** মাননীয় স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্য পরিচালন বিধি ১৬/৩ ধারা অনুযায়ী, আমি এই প্রস্তাব আনতে চাইছি যে রাজ্যপালকে তার ভাষণে প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি অভিবাদন তাঁকে পাঠানো হোক। "মহামান্য রাজ্যপা মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৫/২/৯৩ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করেছে এই সভা তার জন্য তাঁকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।"

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ননী কর মহাশয় ধন্যবা জ্ঞাপক যে প্রস্তাব এনেছেন, তাকে আমি সমর্থন জানাচ্ছি।

**Mr. Speaker :** Hon. members, amendments to the Motion of Thank will be received in the Office upto 3 p.m. on Saturday, the 27th Feb ruary, 1993.

### Adjournment

The House was then adjourned at 12-34 p.m. till 11.00 a.m. o Friday, the 26th February 1993, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 26th February, 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, Ministers of State, and 149 Members.

[11-00—11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, I rise to perform a melancholy uty to refer to the sad demise of ex-Members of this Legislature and ther personalities renowned in their spheres who passed away after ie last session of the Assembly.

**Shri Ganesh Ghosh, legendary here of the Chittagong Armoury aid, reverred Communist leader,** breathed his last at S. S. K. M. ospital in Calcutta on 12th December, 1992 at the age of 92.

Shri Ghosh was born in 1900 at Binodepur in the district of Jessore undivided Bengal. His father was in transferable service under the ailways and, as such, Shri Ghosh had his education in different schools varied places including Jessore and Chittagong. Patriotism was inherit in him and he gradually imbibed awareness about the political nbience that overtook the country during his boyhood. A passion for edom of the country was aflame in him when he was but a school ident. He took part in Gandhiji's non-cooperation movement against foreign rulers in 1921. During this period Shri Ghosh and his assoite, Ananta Singh organised a series of strikes in educational institums at Chittagong. After the movement was called off, Shri Ghosh me down to Calcutta and got himself admitted into the National School Engineering Education at Manicktala. This was the institution which entually bloomed into full-fledged University, later known as Jadavpur iiversity. Shri Ghosh was arrested in 1923 for having stolen explosive emicals from this institution for manufacturing bombs. But the charge ild not be brought home to him and he was released. He was again ested in the next year for indulging in rebellous activities. This time was detained for 4 years. He attended the Calcutta Session of the lian National Congress as a delegate in 1928. He was appointed the

Officer-in-charge of the Congress Volunteers' Corps. In 1929 he became a member of the Bengal Provincial Congress Committee. While in prison he had a chance to go through a book on Irish freedom struggle by Daniel Bryen and it wielded tremendous influence on him. He was looking for an opportunity to launch a similar struggle against the British. In 1930 the opportunity he sought for came handy. Since 1929 he gradually came closer to the revolutionaries of the day and became in ardent follower of the great revolutionary, Shri Surya Sen, better known as Masterda. In 1930 Shri Ghosh and Shri Ananta Singh masterminded the raid on Chittagong Armoury under the overall command of the supremo of their 'Republican Army', Masterda. The raid was launched by the 'Republican Army' on 18th April, 1930. They took over the possession of the State Armoury, Telephone Exchange, Telegraph Building and many other strategic points of Chittagong. The district came for a while under the control of the Independent National Revolutionary Government. However, the revolutionaries could not withstand the counter-attack mounted by the Government and they had to flee to the hills at Jalalabad. Shri Ghosh managed to escape from Chittagong. After a short stay at Calcutta he took shelter at Chandannagar, a French Colony. He was, however, arrested from Chandannagar by a police party led by the then Police Commissioner of Calcutta, Charles Tegert on 1st September, 1930. He was sentenced to transportation for life in the trial that followed and lodged in the Celluler Jail in Andaman in 1932. During his detention at Andaman Dr. Narayan Roy, another revolutionary and a convict of Charles Tegert's case, was also imprisoned there. It was under the influence of Dr. Narayan Roy that Shri Ghosh felt attracted to Marxism. He has also an occasion earlier to come in contact with Shri Muzaffar Ahmed in 1928. He was convinced that marxism could prove an effective means to liberate the exploited and poverty-stricken multitude of our beloved country. The political prisoners of Andaman started agitation for their repatriation to the mainland. There was also persistent demand for their release from different political circles. Shri Ghosh, Ananta Singh, Ambika Chakraborty and other connected with the Chittagong Armoury raid case were first sent back to Alipore Jail and thence to Dhaka Jail. At long last Shri Ghosh was released from Dhaka Jail in 1946. Shri Ghosh joined the Communist Party of India the same year. After the independence of the country the Communist Party of India was banned in 1948 whereupon Shri Ghosh had to go under-ground. But he was soon arrested and detained in prison till 1952. The first general election under the new Constitution of India was held in 1952 and he contested the election as a C.P.I. candidate from Belegachhia Assembly Constituency and

got elected. He was re-elected from the same constituency in 1957 and 1962. During this period he led many a mass movement along with other leaders of the time. After the split of the party in 1964 Shri Ghosh sided with C.P.I.(M).

In 1967 he was elected to the Lok Sabha as CPI(M) candidate from South Calcutta Constituency. Shri Ghosh had been a member of CPI(M) State Committee till 1988. Since 1971 Shri Ghosh kept himself away from the active parliamentary politics and devoted himself to the organisational activities of the party. He was a very effective orator and also a powerful writer. He dedicated himself to the task of reconstruction of a neglected chapter of our national history by gleaning the momentous ancedotes of the armed struggle of different groups of revolutionaries for the liberation of the country. Although he sacrificed his whole life for the country and its people, he never accepted any pension or award offered to him in its recognition.

Shri Ghosh was a bachelor and used to lead a simple, modest and austere life. An embodiment of humility and kindness, he was accessible to all.

At his death the country has lost one of her greatest patriots and noblest souls.

**Shri Biren Roy, ex-MLA** and a former Member of Parliament breathed his last at Calcutta on the 21st January, 1993 after a cardiac attack. He was 82.

Shri Roy was born in a reputed family of South Calcutta in August, 1910. He had a distinguished academic career although. He passed the Matriculation examination from Behala High School and the I.S.C. examination from the Presidency College, Calcutta. He studied B.Sc. in the same College with Honours in Physics. Shri Roy bewrayed keen interest is organising Students' Movements and founded all Bengal Students Association in 1928. He was also the founder President of Bengal Flying Club, the first of its kind in this country and the All Bengal Municipal Association.

Shri Roy had been the Chairman of South Suburban Municipality, Behala at a stretch from 1932 to 1948. He was a Member of the Bengal Legislative Council from 1943 to 1947 and the Parliamentary Secretary-in-charge of Finance, Forest and Excise, Government of Bengal from 1944 to 1945. He was the member of the West Bengal Legislative Assembly from 1952 to 1957. In 1957 he was elected a

member of the Lok Sabha from the Calcutta South Constituency as a candidate supported by the undivided Communist Party. Later he was also elected to the Rajya Sabha in 1960 and was a member of the Upper House of the Parliament till 1972. He was closely associated with various social, cultural, educational and Philanthropic organisations including that of Mother Teressa. Journalism, aviation, travel and photography were his favourite pastime. He travelled Egypt, England, France, Germany, Holland, Denmark, Sweden, Czechoslovakia, Switzerland, Italy, Greece, Austria, USA, USSR and many other countries to attend different international conferences and conventions. He wrote a number of books, the most notable ones are 'Agniyuger Kahini', Kheyali, Ghurni Pathe and Musafir.

His death is a loss to the world of aviation and philanthropic activities.

**Shri Hansadhwaj Dhara**, veteran freedom fighter, prominent Congress leader and ex-member of this Legislature passed away on February 9, 1993 at the age of 73.

Born at Aswathatala, Kulpi in November, 1919 Shri Dhara was educated in Karanjoli B.K. Institution and Bangabasi College, Calcutta.

Since his boyhood Shri Dhara was attracted to the freedom struggle of India. In 1930, he participated in the Civil Disobedience Movement and suffered imprisonment. Later he joined in active politics and distinguished himself as an able political leader.

In 1957, he was first elected a member of the West Bengal Legislative Assembly from Kulpi Constituency as a Congress candidate. Subsequently, he was elected a member of the West Bengal Legislative Council in 1964 and West Bengal Legislative Assembly in 1969.

He was the General Secretary of 24-Parganas District Congress, Vice-President, West Bengal Pradesh Congress and Member, All India Congress Committee.

Besides, politics, he was associated with many social and cultural organisations. He was also elected a Member of the Senate of Calcutta University.

At his death, the State has lost a veteran freedom fighter and political leader.

**Shri Rebati Raman Manna**, distinguished freedom fighter, educa-

tionist and an ex-member of the abolished West Bengal Legislative Council breathed his last on the 13th December, 1992. He was 69.

Born in Mahishghata village in Midnapore district he had his education from Mahishghata Primary School, Kheput Higher Secondary School, Baranagar Victoria H.E. School, Bangabasi College, Surendra Nath College of Law and Calcutta University. Apart from such formal education Shri Manna also obtained degree from the Lokasikha Sangsad of Santiniketan.

As a dedicated educationist, Shri Manna devoted his whole life to the cause of education. He was a member of the District School Board, Midnapore and many other educational organisations. He was also elected a member of the Senate of the University of Calcutta. Author of two books, he contributed innumerable articles in different dailies and periodicals. He was also associated with many social and political organisations and took active part in student's movements. He was the Vice-President of Howrah Zilla Congress Committee and one of the Secretaries of the Pradesh Congress Committee.

In 1964 he was elected as member of the West Bengal Legislative Council from the West Bengal South-East Graduates' Constituency.

His death is a loss to the educational and social world of the state.

[11-10—11-20 a.m.]

**Shri Biswaratan Ganguly**, ex-member of the West Bengal Legislative Council breathed his last on the 8th December, 1992 at the age of 72.

Born at Uttar Jhapordah, Howrah on 4th January, 1921, Shri Ganguly had his education from the Jhapordah Duke Institution, Narasingha Dutt College, Howrah and Calcutta University.

By profession Shri Ganguly was a businessman. He had been a prominent personality in the public life of Howrah district. He was the Chairman, Howrah Zilla Parishad, the Vice-President, Nehru Balika Vidyalaya, Domjur, Director, Calcutta Metropolitan Water and Sanitation Authority and Member of the Managing Committee, Indian Red Cross Society, Howrah District Branch. He had been at different points of time, the Secretary of West Bengal Pradesh Congress Committee, Member of the All India Congress Committee and the Treasurer of Howrah District Congress Committee. He was also associated with

many other social and educational organisations.

He was elected a Member of the West Bengal Legislative Council from the constituency representing Howrah Local Authorities in 1967.

His loss has caused a void in the public life of his district whom he had ardently served throughout his life.

**Shri Bindeshwari Dubey**, Member of Rajya Sabha, former Chief Minister of Bihar and former Union Minister breathed his last on the 20th January, 1993 at the age of 72.

Born at Mahucon in Bihar in the year 1921, he had developed a flair for social service since his student life. While he was a student of the Diploma Course in Engineering, gave up his studies and joined the Freedom Movement of the country. He took active part in 'Quit India Movement' in 1942. He organised social service amongst the tribal people for their social and educational upliftment. He was associated with the trade union movements and became the President of Indian National Trade Union Congress. He was also elected the President of Bihar Pradesh Congress Committee. He had been a member of Bihar Legislative Assembly for several terms—1952, 1962 to 1977 and 1985 to 1988. He was elected a Member of the Lok Sabha in 1980. He became the Chief Minister of Bihar in 1985 and continued to be so till 1988. He was appointed a Union Minister in February, 1988 followed by his election to the Rajya Sabha in April, 1988.

In his death the country has lost one of the leading freedom fighters and a veteran trade union leader.

**Justice Samarendra Chandra Deb**, former Chief Justice of Calcutta High Court breathed his last at a Calcutta Nursing Home on the 4th January, 1993 following a cardiac attack. He was 71.

Shri Deb was educated in the Presidency College and the Scottish Church College at Calcutta. After completion of his education here he left for England to study law. He was subsequently called to the Bar from Inner Temple. He started his practices as Barrister-at Law in Queen's Bench Division of the High Court of England. Later he returned to Calcutta in 1948 and resumed practice in the Calcutta High Court. He earned distinction as an astitute counsel within a few years. He was eventually appointed a judge of the Calcutta High Court in 1964 and made the Chief Justice of the Calcutta High Court in 1983. Immediately after his retirement, Justice Deb was appointed the Chair-

man of the State Law and Language Commission. He had also headed several enquiry Commissions appointed by the State Government under the Commission of Enquiry Act as their Chairman. As a man, Justice Deb was absolutely informal and amiable and these qualities endeared him to one and all alike.

Progressive to the core, Justice Deb was associated with many social and cultural organisations of this State.

At his death the State has lost one of her legal luminaries.

**Shri Dhananjoy Bhattacharya**, doyen of modern Bengali music passed away on December 27, 1992 at the age of 70.

He was born at Bally in Howrah district. He was attracted to music when he was but a boy. His song was first broadcast from the Calcutta Centre of the All India Radio in 1938. Shri Bhattacharya was then a student of Class II. Two years later, his song was first recorded. Shri Bhattacharya won the hearts of the Bengali music-lovers in no time. He had to his credit, more than a thousand of discs on varied types songs such as Adhunik, Ragpradhan, Thumri, Bhajan, Nazrulgiti, Shyama Sangeet and Dwijendragiti. In the period of his musical career he was regarded as one of the best modern Vocalists Bengal had ever produced

He acted as a playback singer in about 100 Bengali films. He scored the music for a few Bengali films as a Music Director. He also composed the lyrics of many of his songs under the pseudo-nym : 'Sree Partha' and 'Sree Ananda'. He also acted as a singing hero in a couple of Bengali films.

A documentary on his life and achievement is now under production.

In his death the Bengali musical world lost one of its most gifted singer.

**Shri Satinath Mukhopadhyay**, renowned singer and music-composer, breathad his last on the 13th December, 1992, following a massive heart attack at the age of 63.

Shri Mukhopadhyay was born in 1931 at Chinsurah in Hooghly district. He passed the B.A. examination with distinction from Hooghly Mahasin College. His song was first recorded in 1941.

He enriched the Bengali musical world by a host of enchanting songs spread over a period of more than four decades. Blessed with a golden voice, he had a preference for the songs with classical base. His rendition was marked by natural case and elegance. He excelled particularly in Ragpradhan, Gazal and songs of like variety. He was reckoned as one of the leading singers of Bengal when the musical world of Bengal was crowned with luminaries. His fame was not confined to the songs he rendered but also extended to the music-composition he did for numerous songs. Artists like Hemanta Mukherjee, Lata Mangeskar, Utpala Sen, Md. Rafi lent voice to the songs set tune to by him. He had his initial musical lessons from the stalwarts like Shri Chinmoy Lahiri, Ostad Bare Gulam Ali Khan.

He also composed music for a number of films.

His death in an irreparable lose to the musical world of Bengal.

**Dr. Jogesh Chandra Chowdhury :**

Dr. Jogesh Chandra Chowdhury, Sherif of Calcutta died at a Calcutta Nursing Home on the 11th January, 1993 following a massive cardiac attack. He was 67.

He was born at Syllyet, now in Bangladesh, in 1926. Dr. Chowdhury had his medical education from the Medical College, Calcutta and obtained his MBBS degree in 1950. During his student life he joined the Quit India Movement in 1942 and suffered imprisonment.

Besides being a medical practitioner he was closely associated with many leading institutions and organisations including students' Health Home. He was a member of the Indian Medical Association and Indian Science Congress. He was also the General Secretary of the National Institute of Socio-Cultural Development.

Dr. Chowdhury was appointed the Sheriff of Calcutta on January 1, 1993.

At his death the State has lost one of its eminent social organisors and medical practitioners.

**Shri Sukumar Gupta :**

Shri Sukumar Gupta, a member of the West Bengal State Secretariat and the Central Control Commission of the Communist Party of India was killed in a road accident on January 14, 1993. He was 66.

Shri Gupta was born in 1927 at Barisal in undivided Bengal. He took part in the freedom movement against the British rulers since his school days. He was imprisoned in 1942 for having taken part in the Quit India Movement launched in that year. He was granted membership of the undivided Communist Party of India when he was still a student in the Surendra Nath College. He took active part in organising youth movements. He was one of the founders of the Paschim Banga Yuba Sangha and All India Youth Federation.

In his death the country has lost one of her eminent freedom fighters and a pioneer of Communist Movement in India.

**Shri Kamal Amrohi :**

Shri Kamal Amrohi, the famous India Film Director died on 11th February, 1993 at the age of 76 in a private nursing home at Bandra.

Shri Amrohi entered the film world in 1937 and his association with this industry continued for 55 years. He is regarded as the pioneer in the field of suspense film production in Hindi. His production 'Mohal' which was also directed by him made a landmark in this sphere. This film brought the blooming star, Madhubala, to the limelight. His another notable production 'Pakija' was replete with many lyrical songs. His former wife Mina Kumari, the renowned film actress, had played the heroine in that film. The film was acclaimed by all sections of film-lovers for its thematic novelty and technical elegance. 'Dil Apna Prit Parai' and 'Rajia Sultana' were also amongst his most acclaimed productions. He had a fascination for historical background, particularly the era relating to the Mughals and their immediate predecessors. Besides being a very competent director, he was a successful producer and an able story-writer. He authored the stories for the films like 'Jailor', 'Pukar'. 'Mughal-E-Azam' etc

His another contribution to the Bombay film world is the 'Kamalistan Studio' founded by him. Some hit films like 'Ek Number Ka Chore', 'Majnu' etc. were released under his production banner—'Kamal Pictures.'

In his death the Indian Film World has lost one of its veteran film-makers.

I have received some other names. but they are subject to enquiry.

... (N o i s e) ...

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members rose in their seats and observed two minutes' silence)

[After two minutes]

Thank you, ladies and gentleman.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceased.

**Adjournment**

The House was then adjourned at 11-20 a.m. till 11-00 a.m. on Monday, the 1st March 1993, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 1st March, 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 4 Ministers of State and 142 Members.

[11-00 — 11-10 a.m.]

### Thirty first Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the Thirty first Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on February, 26, 1993 and recommended the following programme of business for the period from 1st to 5th March, 1993.

| | | | |
|---|---|---|---|
| Monday | 1.3.93 | 11 A.M. | discussion on Governor's address - 4 hours |
| Tuesday | 2.3.93 | 11 A.M. | discussion on Governor's address - 4 hours |
| Wednesday | 3.3.93 | 11 A.M. | discussion on Governor's address - 4 hours |
| Thursday | 4.3.93 | 11 A.M. | discussion on Governor's address - 4 hours |
| Friday | 5.3.93 | 11 A.M. | non-official business - 4 hours |

Now the Hon'ble Minister-in-charge may please move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the Thirty-first Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসে কলিং অ্যাটেনশনের ব্যাপারে আমাদের পক্ষ থেকে বারে বারে আমরা বলেছি যে এর উপরে আলোচনার সুযোগ দেওয়া হোক। লোকসভাতেও কলিং অ্যাটেনশনের উপরে বিতর্ক করা হয়। কাজেই এখানে যদি তা করতে দেওয়া না হয় তাহলে কলিং অ্যাটেনশনের কনসেপ্টাই ধ্বংস হয়ে যায়। আমি আপনার কাছে অনুরোধ করছি, আপনি তো অনেক নুতন জিনিস ইন্ট্রোডিউস করেছেন, নো-

কনফিডেন্স আনার জন্য যে সংখ্যা ছিল সেটাকে কমিয়ে এনে একটা নজির সৃষ্টি করেছেন। এক্ষেত্রেও আপনি অনুমতি দিন যাতে রুলস কমিটিতে যাবার আগে আজকে কলিং অ্যাটেনশনের উপরে অন্ততঃ ২।৩টি কোয়েশ্চেনের সুযোগ থাকে। তাহলে এটার একটা ডেমোক্রাটিক নর্ম থাকে। ব্যুরোক্রাটরা লিখে দেবে আর মন্ত্রীরা সেটা গড় গড় করে পড়ে যাবে, এ জিনিস চলেনা। অনেকে আবার ইংরাজি পড়তেই পারেনা। কাজেই এটাকে পারপাসফুল এবং মিনিংফুল করার জন্য আজ থেকেই রুলস কমিটিতে যাবার আগে কলিং অ্যাটেনশনের উপরে ২।৩টি কোয়েশ্চেনের সুযোগ দিন। তানাহলে এর কোনও মিনিং থাকেনা। লোকসভাতে এই জিনিস আছে। কাজেই আপনার কাছে আমার অনুরোধ যে কেন্দ্রের মতো কিছু গণতন্ত্রী করুন।

**মিঃ স্পিকার ঃ** সুব্রতবাবু, এরা বলছেন যে সব গণতন্ত্রীকরণ যদি এরা করেন তাহলে আপনারা কি করবেন? সেজন্য আপনাদের জন্য কিছু রেখে দিয়েছেন। আপনারা তো অনেকদিন ছিলেন, তখন কিছু করেন নি। আবার যখন মানুষ আপনাদের ফিরিয়ে আনবে তখন করবেন।

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day I have received two notices of adjournment motion. The first one is from Shri Saugata Roy on the subject of rehabilitation of the victims of riot occurred recently in the state and creation of an atmosphere of communal amity and the second one is from Shri Abdul Mannan on the subject of alleged unlawful activities by the anti-socials throughout the state following the incident at Ayodhya.

The members will get ample opportunity to raise the matter during the discussion of Governors Address to-day. Moreover, the members may raise the matters through calling attention, question and mention cases etc.

I therefore withhold my consent to the motion. One member may however, read out the text of his motion as amended.

**শ্রী সৌগত রায় ঃ** * * *

**মিঃ স্পিকার ঃ** সমস্তটা বাদ যাবে।

**Shri Saugata Roy :** This Assembly do now adjourn its business to discuss a definit matter of urgent public importance and of recent occurrence, namely :

The situation which prevails in the aftermath of Ayodhya, where severe communal riots had broken out in the state in which 46 people were killed and many injured and crores of property destroyed; Need of the hour is to rehabilitate the riot victims and create an atmosphere of communal amity.

Note *Expunged as ordered by the Chair.

এই রাজ্যে দাঙ্গা হয়েছে, আমি চাইছি এই হাউসে পুরো আলোচনা হোক।

## Calling Attention

**Mr. Speaker :** I have received four notices of Calling Attention. namely :—

| | | |
|---|---|---|
| i) Reported outbreak of Gastroenterities at Moina Block of Midnapore district. | : | Shri Manik Bhowmik |
| ii) Alleged demolition of the Press Corner at Writers' Buildings on 7.1.93. | : | Shri Sudip Bandyopadhyay and Shri Ajoy De |
| iii) Alleged stalemate condition in Serampore walsh Hospital of Hooghly district. | : | Shri Abdul Mannan |
| iv) Present Financial crisis in the State | : | Shri Saugata Roy |

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of Alleged stalemate condition in Serampore walsh Hospital of Hooghly district.

The Minister in charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** The statement will be given on the 5th instant.

## LAYING OF RULES

### The Amendment to the West Bengal Panchayat (Election) Rules, 1974

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974, published under notification No. 3671/1/Panch/1A-9/92 dated 4.12.92.

### The West Bengal Land Reforms Tribunal Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the West Bengal Land Reforms Tribunal Rules, 1992.

[1st March, 1993]

## Rules framed under the West Bengal Land Reforms Tribunal Act, 1991

### West Bengal Land Reforms Tribunal Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the West Bengal Land Reforms Tribunal Rules, 1992.

### The West Bengal Special Land Reforms Tribunal (Salaries, Allowances and other conditions of service of the Chairman and Judicial Members and Administrative Members) Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the West Bengal Special Land Reforms Tribunal (Salaries, Allowances and other conditions of service of the Chairman and Judicial Members and the Administrative Members) Rules, 1992.

### The West Bengal Regional Land Reforms Tribunal (Salaries, Allowances and other conditions of service of Members and Technical Members) Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the West Bengal Regional Land Reforms Tribunal (Salaries, Allowances and other conditions of service of Members and Technical Members) Rules, 1992.

### The West Bengal Land Reforms Tribunal (Financial and Administrative Powers) Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir with your permission, I beg to lay the West Bengal Land Reforms Tribunal (Financial and Administrative Powers) Rules, 1992.

### The West Bengal Land Reforms Tribunal (Qualifications, Appointment and Allowances of, and Performance of Functions and Discharge of Duties by, Assessors and Surveyors) Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the West Bengal Land Reforms Tribunal (Qualifications, Appointment and Allowances of, and Performance of Functions and Discharge of Duties by, Assessors and Surveyors) Rules, 1992.

## The West Bengal Land Reforms Tribunal (Investigation of Misbehaviour, Incapacity of the Chairman, the Judicial Member, the Administrative Member, the Member and the Technical Member) Rules, 1992

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission I beg o lay the West Bengal Land Reforms Tribunal (Investigation of /lisbehaviour, Incapacity of the Chairman, the Judicial Member, the \dministrative Member, the Member and the Technical Member) Rules, 992.

## LAYING OF REPORTS

### ;eventeenth Annual Report of the West Bengal Essential Com- nodities Supply Corporation Limited for the year 1990-91.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg ɔ lay the Seventeenth Annual Report of the West Bengal Essential :ommodities Supply corporation Limited for the year 1990-91.

### ınnual Report for the year 1991-92 and the Budget Estimate for he year 1992-93 of the West Bengal Scheduled Castes and Sched- led Tribes Development and Finance Corporation.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg ɔ lay the Annual Report for the year 1991-92 and Budget Estimate for ıe year 1992-93 of the West Bengal Scheduled Castes and Scheduled 'ribes Development and Finance Corporation.

### Report of the Education Commission

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg ɔ lay the Report of the Education Commission Headed by Dr. Ashoke 1itra to review developments since 1977 in the content and quality of ducation in West Bengal.

## MENTION CASES

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** (উপস্থিত ছিলেন না)।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪শে ফেব্রুয়ারি লোকসভায় মাননীয় লমন্ত্রী ১৯৯৩-৯৪ সালের জন্য যে বাজেট উপস্থিত করেছেন, এতে ভাড়া বৃদ্ধি এবং মাসুল ১৮৪৮ কোটি টাকার বোঝা চাপানো হয়েছে। আমরা অত্যন্ত বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম মরা এতদিন ধরে দেখে এসেছি যে রেলে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণীর ভাড়া বৃদ্ধি া হয় যে এবারে বাড়তি বোঝা চাপানোর জন্য এবারে নতুন শ্রেণী আবিষ্কার করেছেন। া হচ্ছে স্লিপার ক্লাস। হাওড়া থেকে দিল্লি যাওয়ার স্লিপার চার্জ ছিল ২৫ টাকা এবং ভাড়া

ছিল ১৯৩ টাকা। এবারে স্লিপার ক্লাস করবার জন্য সেখানে ২৫ শতাংশ, অর্থাৎ প্রায় ৪৮ টাকা চাপানো হবে। এইভাবে ভাড়া বাড়ানো হয়েছে, মাশুল বাড়ানো হয়েছে এবং এই বাজেটের মধ্যে দিয়ে গোটা ভারতবাসীর সামনে আবার নতুন করে চাপ তৈরি হয়েছে। ওরা একটা কৌশল নিয়েছে, ধুর্তামির পরিচয় দিয়েছেন। বাজেটে বলা হয়েছে ১০ শতাংশ বৃদ্ধির কথা। আমরা জানতে চাই যে, দেড় টাকার ভাড়া দু টাকা হলে, এটা কি ১০ শতাংশ হয়, না কি ৩৩ শতাংশ হয়? মাহুলি টিকিটেরও ভাড়া বাড়ানো হয়েছে। এতে যাত্রি সাধারণের উপরে বোঝা বাড়ানো হয়েছে এবং এই সবগুলোই করা হয়েছে আন্তর্জাতিক অর্থ ভান্ডার এবং বিশ্বব্যাঙ্কের কাছ থেকে সুদ হিসাবে শোধ দেওয়ার জন্য। আরও বিস্ময়ের ব্যাপার যে, এই বিধানসভার থেকে আমরা অনেক বিধায়ক রেল দপ্তরের কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম এবং আবেদনও করা হয়েছিল পশ্চিবঙ্গের রেল প্রকল্পগুলো করার জন্য এবং টাকা বরাদ্দ করার জন্য যাতে অনুমতি দেন তা বলা হয়েছিল। কিন্তু এইবারকার বাজেটে আমরা তার বিন্দুমাত্র কিছু দেখতে পারলাম না। যে প্রকল্পগুলোর জন্য দীর্ঘদিন ধরে ঘোষণা করা হয়েছে, অনেক প্রচার করা হয়েছে, অনেক টাকা নিনাদও করা হয়েছে কিন্তু কার্যক্ষেত্রে তারজন্য কোনও বরাদ্দ করা হয়নি। সেখানে যে তমলুক-দীঘা, একলাখি-বালুরঘাট প্রভৃতি প্রকল্পগুলির প্রস্তাব এখান থেকে করা হয়েছিল। জন বিরোধী বাজেটের বিরুদ্ধে এখান থেকে প্রতিবাদ ধ্বনি করা হোক।

**শ্রী সৌগত রায় :** মাননীয় স্পিকার মহাশয়, আজকে আমাদের এখান থেকে অর্থাৎ হাউস থেকে কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে ডাঃ মনমোহন সিংকে অভিনন্দন বার্তা পাঠানো উচিত বলে আমার মনে হয়। তিনি যে বাজেট গত শনিবার লোকসভায় পেশ করেছেন লোকে তাকে যুগান্তকারি, বৈপ্লবিক এবং সাড়া জাগানো বাজেট বলেছেন। এই প্রথম ডঃ মনমোহন সিং একটি নয়া পয়সাও ইনকাম ট্যাক্স বা একসাইজ বা কাস্টমসের উপরে বসাননি। উপরন্তু কাস্টমসে ট্যাক্স না বসিয়ে সাড়ে ৪ কোটি টাকার ট্যাক্স রিলিফ দিয়েছেন। অথচ কেন্দ্রীয় পরিকল্পনার পরিমাণ ৩২ পারসেন্ট বাড়িয়ে দিয়েছেন। কেন্দ্রীয় পরিকল্পনার পরিমাণ এবং গ্রামোন্নয়নের টাকার পরিমাণ বাড়িয়ে দিয়েছেন। সামাজিক খাতে, শিক্ষাখাতে টাকা বাড়িয়ে দিয়েছেন। এতে সারা ভারতবর্ষের মানুষ স্বাগত জানাচ্ছে, শিল্পের দিক থেকে এবং নতুন শিল্প যারা গড়ছে তাদের দিক থেকেও স্বাগত জানাচ্ছে। নতুন বিদ্যুৎকেন্দ্র করলে তাদের ৫ বছরে ট্যাক্স হলিডে দেওয়া হচ্ছে। এতো করা সত্ত্বেও আশ্চর্যের ব্যাপার যে বিজেপি নেতা এল.কে আদবানি পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী জ্যোতিবসু ঠিক একই ভাষায় এই বাজেটের সমালোচনা করেছেন। তারা বলেছেন যে, কাস্টমস ডিউটি কমানো মানে বিদেশি পুঁজিপতিদের অসুবিধায় পড়তে হবে। তারা দেশীয় পুঁজিপতিদের প্রধান অন্তরায়। তিনি এই ধরনের বাজেট স্থাপন করে ভারতবর্ষের অর্থনীতিকে শক্ত করেছেন। আজকে টাকা পয়সার ক্ষেত্রে যুগান্ত সৃষ্টি করেছেন গ্লোবালাইজেশন অফ দি ইন্ডিয়ান ইকোনমি এবং আজকে রুপি কনভার্টেবিল হয়েছে। সুতরাং আমাদের পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রীর যে বাজেট ভাষণের বিরোধিতা করেছেন তার নিন্দা করছি এবং ডাঃ মনমোহন সিংয়ের আনীত বাজেটকে অভিনন্দন জানাচ্ছি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী পান্নালাল মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের

দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে আলু চাষের ক্ষেত্রে দেখা যাচ্ছে খুব মন্দা যাচ্ছে। আলুর দাম এত কমে গেছে যে আলু প্রায় বাজারে বিক্রিই হচ্ছে না। আলু চাষিরা খরিদ্দার পাচ্ছে না। অনেক চাষিই মাঠ থেকে আলু তুলতে চাইছে না। একে তো সারের দাম আগের কেন্দ্রীয় সরকারের বাজেটে কমিয়ে দিয়েছেন তার উপরে আলুর দাম পড়ে যাওয়াতে চাষিরা খুব চিন্তায় পড়েছে। কেরোসিন পাওয়া যাচ্ছে না, ব্লাকে কেরোসিন কিনে মেশিন চালাতে হচ্ছে। যারফলে আলু উৎপাদনের খরচ বেড়ে যাচ্ছে, কিন্তু দাম পাওয়া যাচ্ছে না। তাই আপনার মাধ্যমে এগ্রিকালচার দপ্তর বা এগ্রিকালচার মার্কেটিং দপ্তরের কাছে অনুরোধ জানাচ্ছি। অবিলম্বে আলু কেনার জন্য একটা মিনিমাম প্রাইস ঠিক করার জন্য একটা ব্যবস্থা গ্রহণ করা হোক। নইলে আলু চাষিদের সর্বনাশ হয়ে যাবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি রাজ্য সরকার মাদক ব্যবসার ঢালাও লাইসেন্স দেওয়ার যে অর্ডিনান্স জারি করেছেন তা প্রত্যাহার করার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন স্যার, আজকে ড্রাগ অ্যাডিকশন, ব্লু ফিল্ম প্রভৃতির ব্যবসা শহর এবং শহরাঞ্চলে রমরমাভাবে চলছে এবং গ্রামেগঞ্জে এটা মারাত্মক ব্যধিতে পরিণত হয়েছে এবং সর্বত্র এটা ছড়িয়ে পড়েছে। এমতবস্থায় যুব সমাজকে নৈতিক অধঃপতনের দিকে ঠেলে দেবেন না। সমাজবিরোধী কার্যকলাপ এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির আরও অবনমন ঘটবে। ভারতবর্ষের ইতিহাসে মাদকদ্রব্যের বর্জনের জন্য স্বাধীনতার আগে আন্দোলন হয়েছিল। কিন্তু আজকে অতিরিক্ত রাজস্ব আদায় করবার অনেক সুযোগ রয়েছে। তাছাড়া সরকারের অতিরিক্ত রাজস্ব আদায়ের যদি প্রয়োজন থাকে তবুও মানুষকে এই নৈতিক অধঃপতনের দিকে ঠেলে দেবেন না। তাই আজকে আমরা দাবি করছি এই দিকে তাকিয়ে এই মাদকদ্রব্যের ঢালাও লাইসেন্স দেবার যে অর্ডিন্যান্স জারি করা হয়েছে তা প্রত্যাহার করা হোক। এই সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যদি বক্তব্য রাখেন তাহলে অত্যন্ত বাধিত হব। কারণ আজকে সবাই খুব উদ্বিগ্ন। সমাজের পক্ষে এটা কতটা মারাত্মক সেটা আপনাদের ভেবে দেখার একবার প্রয়োজনীয়তা আছে। পারলে সংশ্লিষ্ট মন্ত্রী কোনও বিবৃতি দিন, নইলে কোনও সিনিয়ার মন্ত্রী এই ব্যাপারে বিবৃতি দিন।

**শ্রী তোয়াব আলি :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৭শে ফেব্রুয়ারি রাতে মুর্শিদাবাদ জেলার ডি.ওয়াই.এফ. আইয়ের সভাপতিকে একটা মিথ্যা মামলায় মুর্শিদাবাদ জেলার অ্যাডিশনাল এস.পি. রাত একটার সময় গ্রেপ্তার করে নিয়ে যায়। সকাল ছ'টার সময় দড়িতে ঝুলিয়ে অকথ্য, অমানবিক অত্যাচার চালানো হয় এবং এরফলে সে সেন্স হারিয়ে ফেলে। এইভাবে তার উপর অত্যাচার করে তাকে একটা মিথ্যা মামলায় জড়ানো হয়েছে। এনফোর্সমেন্ট ব্রাঞ্চের দু'জন পুলিশ অফিসার সেখানে ঘুসের কারবার চালাচ্ছে। এর বিরুদ্ধে প্রতিবাদ করেছিল এলাকার মানুষ। শ্যাম দে বাস ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে খাগড়া রেলে মিটিং মিছিল করে ফিরছিল এবং সেও সেই সময় এলাকার মানুষের সঙ্গে হাজির হয় এবং প্রতিবাদ করে এইসব ঘটনার বিরুদ্ধে। সমস্ত ঘটনা এস.পি.এমকে জানানো হয়। কিন্তু একটা মিথ্যা মামলায় তাকে গ্রেপ্তার করা হয়। এই অমানবিক অত্যাচারের বিরুদ্ধে এলাকার মানুষ এবং মুর্শিদাবাদ জেলার মানুষ প্রতিবাদ জানাচ্ছে এবং

সর্বত্র আজকে মিছিল হচ্ছে। আমাদের দাবি এই অ্যাডিশনাল এস-পি সোমেন মিত্র মহাশয়ের শাস্তি চাই। আর এই যে দুজন অফিসার, ইন্সপেক্টার, একজনের নাম শ্রী মধুরমিলন শর্মা সামন্ত এবং আর একজনের নাম অমিয়কুমার পান্ডে দীর্ঘদিন ধরে এইভাবে সেখানে ঘুসের কারবার চালাচ্ছেন। এদের অবিলম্বে শাস্তির দাবি করছি। তারা স্বীকার করেছে যে তারা ঘুস নিয়েছে। তারা লিখিতভাবে দিয়েছে যে তারা টাকা কালেকশন করেছিল। ছবিসহ সমস্ত কিছু ডি.এমের কাছে দেওয়া হয়েছে। এই দুজন অফিসারের অবিলম্বে শাস্তি দাবি করছি। আর ঐ অ্যাডিশনাল এস.পি. যিনি অন্যায়ভাবে অত্যাচার করেছেন, থানার লক আপে ভরে রেখেছেন তারও শাস্তি দাবি করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার অর্থনৈতিক দিক থেকে কিভাবে দেউলিয়া হয়ে গিয়েছে তার প্রমাণ দেখে আমরা আতঙ্কিত। রাজ্যের চলতি আর্থিক বছরে আমাদের এখানে যোজনা বরাদ্দ ছিল ১৫০১ কোটি টাকা। সেই যোজনা বরাদ্দ কমে হয়েছে ৭০১ কোটি টাকা। অর্থাৎ এখানে অর্দ্ধেকের বেশি বরাদ্দ কমেছে এবং এবারে বলা হচ্ছে এটা কমে ৪শো কোটি টাকাতে পৌঁছাবে। রাজ্য সরকার ইকনমিক্যালি টোট্যালি ব্যাঙ্কক্রাপ্ট হয়ে গিয়েছে। পিয়ারলেস থেকে টাকা ধার নিয়ে রাজ্যে সরকার চলছে এই জিনিস আমাদের দেখতে হচ্ছে। এক একটা দপ্তরের জন্য বাজেটে এক একরকম বরাদ্দ হচ্ছে, অর্থমন্ত্রী ঘাটতিশূর্ণ বাজেট পেশ করেছেন এবং তা করে চমক দেখাচ্ছেন অপর দিকে প্রকৃতপক্ষে দপ্তরগুলি ২৫ থেকে ৫০ ভাগও টাকা পাচ্ছে না। এইভাবে পশ্চিমবঙ্গের মানুষকে একটা অনিশ্চিত অবস্থার দিকে ঠেলে দেওয়া হচ্ছে। আমি তাই মনেকরি রাজ্যের অর্থমন্ত্রীর কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছ থেকে শিক্ষা গ্রহণ করা উচিত যে কিভাবে বাজেট তৈরি করতে হয়। ঐ শুধু ঘাটতিশূন্য বাজেটের চমক দিয়ে বাংলার মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে। প্রতিটি দপ্তরের উন্নয়নমূলক কাজকর্ম বন্ধ হয়ে গিয়েছে। এখানে রাজ্য সরকার সম্পদ সংগ্রহ সম্পূর্ণ ব্যর্থ। এইরকম একটা পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে রাইটার্স বিল্ডিং-এর গায়ে একটা বামফ্রন্ট সরকারের সাইনবোর্ড লাগিয়ে এখানে অর্থাৎ পশ্চিমবঙ্গে পিয়ারলেস স্পনসর্ড গভর্নমেন্ট চলছে। পশ্চিমবঙ্গের রাজ্য সরকার সম্পদ সংগ্রহ সম্পূর্ণ ব্যর্থ। ৯৩/৯৪ সালের জন্য বলা হচ্ছে ১৫৯১ কোটি টাকার যোজনা বরাদ্দ হবে। যোজনা কমিশনের কাছে রাজ্য সরকার যা চাইছেন তাই পাচ্ছেন অথচ রাজ্য সরকার এইভাবে চলছে। রাজ্যের অর্থমন্ত্রী এবার পদত্যাগ করলে পশ্চিমবঙ্গের উন্নতি এবং মঙ্গল হবে।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুরুলিয়া জেলাতে ঝাড়খন্ড মুক্তি মোর্চার জেলা সভাপতি বিভিন্ন ধরনের অপরাধমূলক কাজের অপরাধে গত ২৭শে ফেব্রুয়ারি গ্রেপ্তার হন। এর প্রতিবাদে আজকে পুরুলিয়া জেলাতে তারা বন্ধ ডেকেছেন। স্যার, আমরা জানি যে বন্ধ ডাকা একটা গণতান্ত্রিক অধিকার কিন্তু আমার বক্তব্য হচ্ছে, সেখানে ঝাড়খন্ড মুক্তি মোর্চা যেভাবে সন্ত্রাস সৃষ্টি করছে এবং অস্ত্রশস্ত্র নিয়ে যেভাবে গ্রামের মানুষকে বিভ্রান্ত করছে এ বিষয়টা নিশ্চয় দেখা দরকার। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার অনুরোধ, অস্ত্রশস্ত্র নিয়ে তাদের মিছিল, মিটিং করা বন্ধ করা হোক, স্যার, গত শনিবার দিন কেন্দ্রীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সে সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় সদস্য সৌগত রায়

বললেন যে ডঃ মনমোহন সিংকে একটা শুভেচ্ছাবার্তা পাঠানো দরকার। স্যার, আমরা আশ্চর্য হয়ে দেখলাম যে পশ্চিমবঙ্গের খেটে খাওয়া মানুষদের কথা কেন্দ্রীয় মন্ত্রী ভাবলেন না অথচ তিনি জামদানি কাপড়ের দাম কমিয়ে দিলেন। আমি এর তীব্র প্রতিবাদ করছি। জামদানি কাপড়ের দাম ২।। হাজার টাকা, তার কথা ভাবলেন অথচ গরিব মানুষ যারা খেতে পাচ্ছে না তাদের কথা চিন্তা করলেন না। জামদানি কাপড়, ফ্রিজ, টি.ভি'র দাম নাকি কমাচ্ছেন। আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে আজ পশ্চিমবাংলার মানুষ যাদের পেটে এক মুঠো ভাত জোটে না তাদের আজকে তিনি টি.ভি. জামদানি কাপড়ের স্বপ্ন দেখাচ্ছেন। আমি কেন্দ্রীয় বাজেটের তীব্র প্রতিবাদ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় পৌরমন্ত্রী এবং পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে যদিও সারা রাজ্যে পানীয় জলের সঙ্কট খুব ঘনিয়ে এসেছে এবং সর্বত্র পানীয় জলের অভাব দেখা দিয়েছে, তবুও বলছি হুগলি জেলার বৈদ্যবাটি পৌরসভা অঞ্চলে প্রচন্ড পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। ফলে শ্রীরামপুর এবং চাঁপদানি থেকে জল নিয়ে আসতে হচ্ছে। বৈদ্যবাটি পৌরসভার ইনফ্রাস্ট্রাকচার অত্যন্ত দুর্বল, সেখানে চিরকালই জলের সঙ্কট হয়। কিন্তু এবারে জলের সঙ্কট অত্যন্ত গভির সুতরাং অবিলম্বে পৌরমন্ত্রী এবং জনস্বাস্থ্যমন্ত্রী একটা বিশেষ উদ্যোগ যদি না নেন তাহলে বৈদ্যবাটি পৌরসভা এলাকার এক লাখ মানুষ চরম দুর্ভোগের মধ্যে পড়বে। সুতরাং এই এক লাখ মানুষের তৃষ্ণা নিবারণের জন্য পানীয় জলের সরবরাহ যাতে স্বাভাবিক হয় এবং বর্তমানে যে সঙ্কট আছে তা যাতে দূর হয় তার ব্যবস্থা করার জন্য আবেদন রাখছি।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর শহরে উইমেন কলেজ বলে একটা কলেজ আছে। সেই কলেজের একাদশ শ্রেণীর ছাত্রী স্বপ্না দাস কলেজ থেকে যখন বাড়ি ফিরছিলেন, তখন দায়রা আদালতের একজন নাইট গার্ড বিশ্বজিত বিশ্বাস ছাত্রিটিকে অপহরণ করে এবং বিভিন্ন জায়গায় আটক রেখে তাকে ধর্ষণ করে। সেই ছাত্রির পিতা নির্মলেন্দু দাস ৮৪/১৫/২/৯৩, এই সম্পর্কে থানায় এজাহার দেন। কিন্তু সেই এজাহার পাওয়া সত্ত্বেও কোনওরকম ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আসামিকে গ্রেপ্তারের কোনও ব্যবস্থা করা হয়নি। এরপরেও সেই ছাত্রির পিতা নির্মলেন্দু দাস এবং ছাত্রী নিজে মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট সুশান্তকুমার মজুমদারের কাছে তার অভিযোগ দায়ের করেন। কিন্তু তাসত্ত্বেও আজ পর্যন্ত কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেই নাইট গার্ড একটা রাজনৈতিক সংগঠনের সঙ্গে যুক্ত বলে কিছু করা হচ্ছে না। বর্তমানে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর আমলে নারী ধর্ষণ করা হলেও তাদের গ্রেপ্তার করা হচ্ছে না। আজকে আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে। কৃষ্ণনগর শহর এবং সদরে কোনও আইন শৃঙ্খলা বলে কিছু নেই। ছাত্রিরা কলেজ থেকে বাড়ি ফিরতে পারে না। আমি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমার

নির্বাচনি এলাকার গোবরা অঞ্চলে ভাগিরথীর পূর্ব পাড়ে অবস্থিত ছেঁড়াখালি গ্রাম, বল্লভপাড়া, বসৎপুর, নসীপুর, কাঁদিহাটি এইরকম চার পাঁচটি গ্রামের মধ্যে অবস্থিত ভাগিরথীর পূর্ব দিকে এমন একটা মাঠ আছে প্রায় ৪।। একর জমি যেটা বর্ষার জলে ডুবে থাকে, ফলে ঐ এলাকার চাষিদের ক্ষতি হচ্ছে। মাঠ জল বদ্ধ থাকায় ফসল নষ্ট হয়ে যাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ভাগিরথীর পূর্ব পাড়ে ছেঁড়াখালে অবিলম্বে একটা স্লুইস গেট নির্মাণের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। বর্ষার জল যদি ঐ এলাকা থেকে নামিয়ে দেবার ব্যবস্থা করা যায় তাহলে সাড়ে তিন হাজার থেকে চার হাজার একর জমির চাষের এবং চাষিদের উপকার হবে।

**শ্রী অজয় দে ঃ** স্যার, আমি একটা বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবাংলায় শান্তিপুর, ফুলিয়া, নবদ্বীপ, সমুদ্রগড়, ধাত্রীগ্রাম, কালনা প্রভৃতি যে সমস্ত তন্তুজীবী প্রধান এলাকা রয়েছে সে সমস্ত এলাকার তন্তুজীবীরা গভির অর্থনৈতিক সঙ্কটের সম্মুখীন হয়েছেন। পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীন 'তন্তুজ' এবং 'তন্তুশ্রী' তন্তুজীবী সমবায় সমিতিগুলির কাছ থেকে কাপড় কেনে। পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ তন্তুজীবী বিভিন্ন সমবায় সমিতির আন্ডারে আছেন। কিন্তু দুঃখের বিষয় এই তন্তুজীবীরা আজ প্রায় ৯ মাস ঐ দুটি সংস্থার কাছ থেকে কাপড়ের দাম বাবদ কোনও টাকা পাচ্ছে না। সংস্থা দুটি থেকে তাদের কোনও টাকা দেওয়া হচ্ছে না। তাদের প্রায় ২০ কোটি টাকা পাওনা হয়েছে। এই বাবদ কেন্দ্রীয় সরকার তাদের দেয় টাকা রাজ্য সরকারের কাছে পাঠিয়ে দেওয়া সত্ত্বেও রাজ্য সরকার এমবার্গের অজুহাত দেখিয়ে সমবায় সমিতিগুলিকে টাকা দেওয়া বন্ধ রেখেছে। এই টাকা না পাওয়ার ফলে আজকে লক্ষ লক্ষ শ্রমিক বেকার হয়ে পড়েছে। রাজ্যের বেশিরভাগ তাঁত বন্ধ হয়ে গেছে। আজকে তন্তুজীবীরা মাঠে মুনিস খাটতে বাধ্য হচ্ছে। লক্ষ লক্ষ তাঁতি অনিশ্চয়তার অন্ধকারে দিন কাটাচ্ছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন জানাচ্ছি—অর্থাভাবে তন্তুজীবীরা অত্যন্ত শোচনীয় অবস্থার মধ্যে পড়েছেন, তাদের পাওনা টাকা যা কেন্দ্রীয় সরকার পাঠিয়েছেন তা শুধু মাত্র এমবার্গের অজুহাতে আটকে না রেখে অবিলম্বে তাদের দেবার ব্যবস্থা করা হোক। এমবার্গের অজুহাতে সেই টাকা আটকে রেখে আজকে পশ্চিমবাংলার তাঁত শিল্পকে ধ্বংস করার চেষ্টা করা হচ্ছে। অবিলম্বে ঐ টাকা রিলিজ করার আবেদন জানাচ্ছি এবং তাঁত শিল্পকে বাঁচাবার আবেদন জানাচ্ছি।

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনি এলাকা নবগ্রামে দুটি বিল আছে। বর্ষাকালে এই বিল দুটি জলে ভর্তি হয়ে যায়। গত বছর বর্ষার যেমন এই বিল দুটি জলে ভেসেছে তেমন স্বল্প বৃষ্টি হওয়ার জন্য জলের অভাবে এলাকার অন্যান্য ব্যাপক অঞ্চলের ফসল নষ্ট হয়েছে। ব্যাপক এলাকার সেচের জল সঙ্কটের কথা বার বার ডি.এম.-কে জানান সত্ত্বেও জল সরবরাহের কোনও ব্যবস্থা হয়নি। এই অবস্থায় যে বিল দুটি কিছু এলাকায় প্রতি বছর প্লাবন ঘটাচ্ছে সে দুটির সংস্কারের মধ্যে দিয়ে বিস্তীর্ণ এলাকায় সেচের জল যদি সরবরাহ বা বন্টনের ব্যবস্থা করা হয় তাহলে বিস্তীর্ণ এলাকার মানুষের উপকার হয়। সেই উদ্দেশ্যেই আমি বিষয়টির প্রতি সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রী মহোদয়ের

দৃষ্টি আকর্ষণ করছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় তফসিলি জাতি এবং আদিবাসি কল্যাণ দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্য সরকার রাজ্যপালের ভাষণ থেকে শুরু করে সর্বত্রই তফসিলি জাতি এবং উপজাতির মানুষের স্বার্থের কথা বলেন। অথচ আমি খুবই দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, গত ১৯৯১ সালে আমার বিধানসভা কেন্দ্রের জন্য ৬০ হাজার টাকা স্যাংশন করা হয়েছিল তফসিলি জাতি অধ্যুষিত এলাকায় টিউবওয়েল বসানোর জন্য। তারপর ১৯৯২ সাল শেষ হয়ে গেল, ১৯৯৩ সাল শুরু হয়ে গেল, সেই স্যাংশন টাকা পড়ে রইল, খরচ করা হল না। বি.ডি.ও. অফিসে টাকা পড়ে আছে, এমবার্গোর অজুহাত দেখিয়ে টাকা খরচ করা হচ্ছে না। এ বিষয়ে এস.সি. অ্যান্ড এস.টি. ওয়েলফেয়ার অফিসার ১৯/১১/৯২ তারিখে বি.ডি.ও.-কে একটা চিঠি লিখেছিলেন, সেটা আমি এখানে উল্লেখ করছি।

"As per prayer of the Secretary, Jugal Kishore Palli Unnayan Sangha, Ghonza, North 24-Parganas and as desired by the then Hon'ble Minister-in-charge (SC), with the approval of D.M. and Sabhadhipati Zilla Parishad an amount of Rs.59,500/- (Rupees fifty-nine thousand and five hundred only) was released through the Dist Manager, WB, Sch. Castes Sch. Tribes Dev and Finance Corporation, Barasat, North 24-Parganas for execution of 5 Nos. tubewells. Now you are requested to kindly submit the utilisation certificate of the aforesaid amount and the position of the said tubewells."

এটা বলা সত্ত্বেও আজ পর্যন্ত কাজ শুরু হয়নি। যে ইন্সপেক্টর কাজটা বন্ধ করেছেন তার বিরুদ্ধে অভিযোগ আসছে যে তিনি নাকি টাকা নিয়ে শিডিউল্ড কাস্টের সার্টিফিকেট দেন। আজকে ওখানে জলের অভাবে মানুষ ধুঁকছে। কাজেই অবিলম্বে যে টাকা স্যাংশন করা হয়েছে সেই টাকা দিয়ে ৫টি টিউবওয়েল বসানো হয়।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কেন্দ্রীয় বাজেট সম্পর্কে আমার প্রতিক্রিয়া হল যে, এই বাজেট স্বাধীন ভারতের লজ্জা। এই বাজেট চটকদারি বাজেট এবং এই বাজেট আই.এম.এফ এবং বিশ্বব্যাঙ্কের কাছে আত্মসমর্পণের বাজেট। এই বাজেটের আগে প্রশাসনিক ফতোয়া জারি করে ৩ হাজার কোটি টাকা সাধারণ মানুষের উপর কর চাপিয়ে চাপিয়ে তাদের কাছ থেকে লুটে নেওয়া হল এবং এই বাজেটের ফলে ইতিমধ্যে দেখতে পাওয়া গেছে যে কেন্দ্রীয় সরকার রাষ্ট্রায়ত্ত শিল্পের গুরুত্ব কমিয়ে দিয়ে বেসরকারি মালিকদের সঙ্গে চুক্তি বদ্ধ হতে চাইছেন। আই.এম.এফ. এবং বিশ্বব্যাঙ্কের কাছে পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করে বিদেশি বাজারের কাছে আমাদের বাজারকে মৃগয়াক্ষেত্র হিসাবে ব্যবহার করার পূর্ণ সুযোগ করে দিচ্ছেন। এই বাজেটের জন্য আরও জিনিসপত্রের দাম বাড়বে এবং প্রশাসনিক স্তরে মানুষের উপর ট্যাক্স বসিয়ে মানুষকে দুর্দশার পথে নিয়ে যাবেন। তারপর এই ১৪ কোটি

মানুষ বেকার, তাদের সামনে কোন পথ খোলা নেই, তারপর এই বাজেটে বিচ্ছিন্নতাবাদি সাম্প্রদায়িক শক্তির মোকাবিলা করার জন্য কোনও আন্দোলনের কথা নেই, বরঞ্চ বিভেদকামি শক্তিকে আরও সুড়সুড়ি দিয়ে এগিয়ে নিয়ে যাবার পদক্ষেপ নেওয়া হয়েছে। তাই আমি জনবিরোধী বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে শিল্প পুনর্গঠন দপ্তরের মন্ত্রী মহাশয় শ্রী পতিতপাবন পাঠকের দৃষ্টি একটি বিষয়ের প্রতি আকর্ষণ করছি। ইন্ডিয়া মেশিনারি কারখানাটি দীর্ঘকালের একটি ঐতিহ্যবাহি কারখানা, এবং গত ১৯৭২ সাল থেকে কারখানাটি রুগ্ন হওয়ার জন্য আই.আর.ডি.এ.র মাধ্যমে কেন্দ্রীয় সরকার এটি অধিগ্রহণ করেন। দীর্ঘ ১৭ বছর চলার পর ১৯৮৯ সালে তা তুলে নেওয়া হয়। বি.আই.এফ.আর চলে যায়। আজকের মন্ত্রী মহাশয় ঐ কারখানার সিটু ইউনিয়নের নেতা ছিলেন। দীর্ঘ দুবছর ধরে শ্রমিকেরা কারখানাটি ভালভাবে চালাবার চেষ্টা করছেন, এবং এখন সেখানে কোনও ম্যানেজমেন্ট নেই, শ্রমিকেরা নিজেদের প্রচেষ্টায় সেটা চালাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যে তিনি এই ৪০০ শ্রমিকের জীবন বাঁচান। ইতিমধ্যে অনাহারে ৫ জন মারা গেছেন। ৪ মাস ধরে কারখানাটি বন্ধ। শ্রমিকদের বক্তব্য যে ৯ কোটি টাকার দায়িত্ব রয়েছে সেটা সমবায়ের মাধ্যমে সরকার যদি গ্রহণ করেন তাহলে তারাও সমবায় প্রথায় কারখানা চালু করতে চাইছেন। শুধু প্রয়োজন হল রাজ্য সরকারের সাহায্য। মাননীয় মন্ত্রী শ্রী পতিত পাবন পাঠক এখানে রয়েছেন এবং তিনি ঐ কারখানা সম্বন্ধে ওয়াকিবহাল। আমি দাবি করছি, তিনি এই ব্যাপারে কিছু বলুন এবং কারখানাটির ভবিষ্যত কি সেই ব্যাপারে আলোকপাত করুন।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার ফালাকাটা এবং ধুপগুড়ি এলাকায় আলু একটি অর্থকরি ফসল। কিন্তু এবারে অকাল বৃষ্টি এবং ঘন কুয়াশাজনিত কারণে প্রান্তিক এবং ক্ষুদ্র চাষি যারা আলু চাষ করেছিলেন সেখানে তারা মার খেয়েছেন। অকাল বৃষ্টিজনিত কারণে সেখানে এমন অবস্থা সৃষ্টি হয়েছে যারফলে তারা কাঁচা আলু তুলে জলের দামে ৬০। ৭০ টাকা কুইন্টাল দরে বিক্রি করতে বাধ্য হচ্ছেন। সেখানকার নির্মিয়মান হীমঘরটিও অর্দ্ধ সমাপ্ত অবস্থায় রয়েছে। ফলে সেখানকার আলু চাষিদের মাথায় হাত পড়েছে। সারের দাম অত্যন্ত চড়া হওয়ায় ঘটি বাটি বন্দক রেখে তাদের আলু চাষ করতে হয়েছে, কিন্তু নিজেদের সর্বনাশ তারা রোধ করতে পারছেন না। তাই আমার আবেদন, ক্ষুদ্র ও প্রান্তিক চাষি যারা আজকে ক্ষতিগ্রস্ত তাদের কিছু ক্ষতিপূরণ এবং ভর্তুকির ব্যবস্থা করতে কৃষি বিভাগ যাতে সচেষ্ট হন এই আবেদন আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর কাছে রাখছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত জরুরি এবং গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা সবং এর সালামারা, কাকডাওরা এবং বিষ্ণুপুর এই তিনটি মৌজায় মেদিনীপুর জেলার মধ্যে সবচেয়ে বেশি বোরো চাষ হয়। প্রায় ১৪ হাজার বিঘা জমিতে সেখানে এই চাষ হয়। কয়েক হাজার দরিদ্র কৃষক পরিবার, যারা আমন চাষ করতে পারেন না সেখানে,

তাদের একমাত্র সম্বল হচ্ছে বোরো চাষ। অত্যন্ত দুঃখের ব্যাপার, বার বার মন্ত্রী মহাশয়কে বলেছি, ইঞ্জিনিয়ারদের বলেছি, জেলা স্তরে বলেছি, কিন্তু কিছু হয়নি। আমার এলাকার মার্কসবাদি কমিউনিস্ট পার্টি এবং জেলার সভাধিপতি তাদের এই ব্যাপারে কোনও মাথা ব্যাথা নেই। সেখানকার দরিদ্র কৃষক যারা রয়েছেন তারা যে শুধু কংগ্রেস করেন তা নয়, তাদের মধ্যে সি.পি.আই., সি.পি.এম. এবং সাধারণ চাষিরাও রয়েছেন, কিন্তু দুঃখের কথা, যারা নিজেদের কৃষক দরদি বলেন সেই সরকারের প্রতিনিধিদের একবারের জন্যও ঐ দরিদ্র কৃষকদের স্বার্থে সেচের জলের কথা বলতে দেখা যাচ্ছে না। সেখানকার ১৪ হাজার বিঘা জমিতে ঐসব গরিব চাষি সর্বস্য বিক্রি করে, বন্দক রেখে অর্থ সংগ্রহ করে বোরো চাষ করেছেন। ওরা সব বড়লোকের দালাল, দরিদ্র চাষিদের জন্য একটি কথাও বলেন না। আমি মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রীকে বিষয়টা জানিয়ে আবেদন করায় তিনি নিজে ঐ ব্যাপারে কিছুটা উদ্যোগ গ্রহণ করেছেন, কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, এখনও পর্যন্ত সরকার নড়েচড়ে বসেননি। এই অবস্থায় সবং এর শালমারা, কাকডাওড়া এবং বিষ্ণুপুর মৌজার সেইসব বোরো চাষি যারা সর্বস্য বিক্রি করে চাষ করেছেন তাদের ভবিষ্যত কি হবে? আজকে তাই আপনার মাধ্যমে ঐসব চাষিকে সর্বনাশের হাত থেকে বাঁচাতে জরুরি ভিত্তিতে মিটিং করে সেচ দপ্তরকে সমন্বয় সাধন করে কংসাবতি জলাধার থেকে জল ছাড়ার জন্য দাবি জানাচ্ছি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী হারাধন বাউড়ী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে গুরুত্বপূর্ণ একটি বিষয়ের উপরে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় কাকুরডাঙ্গা থেকে বিষ্ণুপুর ভায়া পাত্রেশ্বর এই রাস্তার উপরে ক্ষুদ্র সেচ দপ্তর একটা কালভার্ট তৈরি করেছে। দীর্ঘ ৩।৪ বছর রাস্তা কাটা পড়ে আছে। এইরকম অবস্থায় যাত্রিপূর্ণ বাসগুলি ঝুকি নিয়ে রাস্তা পার হচ্ছে। আমি আবেদন রাখছি বিভাগীয় মন্ত্রীর কাছে যে ঐ রাস্তার প্রতি দৃষ্টি আকর্ষণ করে কাজটি যাতে তাড়াতাড়ি সম্পন্ন করা হয় তার দিকে নজর দেবেন।

**শ্রী অম্বিকা ব্যানার্জি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে। আপনি জানেন যে হাওড়া গেকিস্টন উইলিয়াম-এর এটা ডিভিসন আগে যার নাম স্যান্টিং ডিভিসন, এরা স্ট্যাম্পিং ম্যানুফ্যাকচার করে। ভারতের সর্ববৃহত, এশিয়ার সর্ববৃহত এবং সর্ব শ্রেষ্ঠ স্ট্যাম্পিং ম্যানুফ্যাকচারার যেটা ইলেকট্রো ইন্ডাস্ট্রিতে ব্যবহার করা হয়। গত প্রায় দুই বছর ধরে কারখানাটি বন্ধ হয়েছে। যেখানে প্রায় ১,৫০০ শ্রমিক কাজ করত সেখানে ৫০০তে নামিয়ে আনা হয়েছিল। তাসত্ত্বেও আমরা দেখেছি যে কারখানাটি বন্ধ হয়ে গেল। দুঃখের বিষয় গত দুই বছর ধরে সিটু ইউনিয়ন সেখানে কতৃত্ব করেছে। কিন্তু তারা কোনও সময়ে সেখানে শ্রমিকদের আশার আলো দেখাতে পারেননি, কোনও সময়ে প্রকৃত তথ্য উদঘাটন করে দেখাতে পারেনি। এরমধ্যে আমরা জেনেছি যে ৬ জন শ্রমিক সেখানে অর্দ্ধাহারে, অনাহারে মারা গেছে। গত সপ্তাহে একজন শ্রমিকের পত্নী অর্থাভাবের জ্বালা সহ্য করতে না পেরে আত্মহত্যা করেছে। আমি এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তিনি

এই ব্যাপারে ইন্টারফেয়ার করেছেন। সুব্রতবাবু এখানে আছেন, তিনিও ইন্টারভেন করেছেন। মুখ্যমন্ত্রী ইন্টারফেয়ার করে একটা ফর্মুলা দিয়েছেন যাতে কারখানাটি খোলা যায়। এখন মাত্র ৬০০ কর্মিতে এসে দাঁড়িয়েছে। কিন্তু তাসত্ত্বেও এখন পর্যন্ত কারখানাটি খোলার কোনও ব্যবস্থা করা হয়নি। ওখানে তিনটি শ্রমিক সংগঠন আছে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে আপনি সংগঠনগুলিকে ডাকুন, মালিক পক্ষকে ডাকুন এবং গেস্টকীন উইলিয়মের যে অথরিটি আছে তাদের ডাকুন এবং যে ফর্মুলা দিয়েছেন সেটা কতদুর কার্যকরি করা হয়েছে সেটা দেখুন এবং অনতিবিলম্বে কারখানাটি যাতে খোলা যায় তার ব্যবস্থা করুন। অনেক বেশি লোককে ছাঁটাইয়ের ব্যবস্থা কর্তৃপক্ষ করছে বলে আমরা শুনেছি। তা যদি হয় তাহলে অনেক মানুষ অনাহারে মারা যাবার সম্ভাবনা আছে। কাজেই যেকোনও ভাবেই হোক আপনি সকলকে ডেকে প্রেসারাইজ করে যাতে এটা বলান যায় সেই ব্যবস্থা করুন। মালিক যদি এটা চালাতে না চান তাহলে অন্য কর্তৃপক্ষ নিয়ে এসে বা কো-অপারেটিভ বেসিসেও এই কারখানাটি চালানো যেতে পারে। কাজেই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে ফর্মুলা দিয়েছেন সেটা কতখানি কার্যকর করা হয়েছে সেটা দেখুন তাহলে অনেকটা উন্নতি হবে। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করতে চাই। বিষয়টি হচ্ছে, আমার বীরভূম জেলায় অল্প বৃষ্টি, অনাবৃষ্টি। বীরভূম জেলা একটা এমনিতেই রাঢ় এলাকা। সেখানে জলের সঙ্কট বরাবরই আছে। ফেব্রুয়ারি মাস চলে গেলে, শীত চলে গেলে মানুষে চিন্তিত হয়ে পড়ে যে কলের জল থাকছেনা কুঁয়োর জল থাকছে না। এই ফেব্রুয়ারি মাসের শেষ দিকে অর্থাৎ মার্চ মাসের প্রথম দিকে পানীয় জলের তীব্র সঙ্কট সৃষ্টি হয়েছে। ১৯৯২ সালের জুন মাসে একটা ডিপ টিউবওয়েল বোলপুর পৌরসভার জন্য অ্যালট করা হয়েছিল এবং তারজন্য ৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে। সেই ডিপ ডিউবওয়েল এখনও পর্যন্ত বসেনি; খোঁড়ার কাজও শুরু হয় নি। এখানে তীব্র জলের সঙ্কট। এই এলাকায় ২০ লক্ষ গ্যালন জলের দরকার, সরবরাহ হচ্ছে ১ লক্ষ গ্যালন, ১৯ লক্ষ গ্যালন জল ঘাটতি। এরফলে বোলপুর এলাকা এবং তার আশে-পাশে গ্রামগুলিতে পানীয় জলের প্রচন্ড সঙ্কট সৃষ্টি হয়েছে। এমন কি পানীয় জলের সঙ্কটের জন্য বোলপুর ইয়োথ হোস্টেলে বুকিং বন্ধ হয়ে গিয়েছে, সেখানে জল সরবরাহ করা যাচ্ছে না। বলা হয়েছে বোলপুর ইয়োথ হোস্টেল বন্ধ থাকছে পানীয় জলের অভাবের জন্য। সেই কারণে বলছি পানীয় জলের জন্য ডিপ টিউবওয়েল যেটি স্যাংশন হয়ে পড়ে আছে তার কাজ শুরু করে তাড়াতাড়ি শেষ করার ব্যবস্থা করা হোক। তা না হলে বোলপুর পৌরসভা এলাকায় যে পানীয় জলের দরকার সেটা সরবরাহ করা যাবে না। এখানে একটা ভয়াবহ পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। আগামী দিনে যে সঙ্কট সৃষ্টি হবে সেটা ভাষায় বোঝানো যাবে না। পানীয় জলের ব্যাপারে রাজ্য সরকার একটা স্কীম তৈরি করুন যাতে যে সমস্ত এলাকায় পানীয় জলের অভাব সেখানে যাতে পানীয় জলের ব্যবস্থা করা যায়। পানীয় জল মানুষ পাবে না এটা তো হতে পারে না, সেইদিক থেকে এটা তো একটা অভুতপূর্ব ঘটনা। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয় এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এইদিকে গুরুত্ব দিয়ে দেখার জন্য।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৫ই জানুয়ারি পশ্চিমবাংলার বহু মন্ত্রী এবং ব্যক্তিত্বের স্মৃতি বিজড়িত মহাকরণের প্রেস কর্নারটি রাজ্য সরকার ভেঙে দিয়েছে। গত ৪২ বছর ধরে মহাকরণের এই ঘরে বসে সংবাদপত্রের সাংবাদিকরা তাদের সংবাদ সংগ্রহ করে নিয়ে গেছেন। এই কথা কেউ অস্বীকার করতে পারবেন না যে মহাকরণের এই প্রেস কর্নারকে ভেঙে গণতন্ত্রের উপর আঘাত হানা হয়েছে। এখানে অনেক কিছু ঘটনা ঘটেছে, তবুও এই প্রেস কর্নারকে ভেঙে দেবার মনোভাব কোনও সরকারের ছিল বলে আমার জানা নেই। মহাকরণের প্রেস কর্নারকে ভেঙে দিয়ে কেউ যদি ভাবে ভাল কাজ হয়েছে তাহলে সেটা ভুল করা হবে। প্রেস কর্নার মানে পশ্চিমবাংলায় গণতন্ত্রের বুনিয়াদ, গণতন্ত্রের সোপান। তাকে ভেঙে দিয়ে গণতন্ত্রের উপর আঘাত করা হয়েছে। আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে প্রেস কর্নার যেখানে ছিল সাংবাদিকদের স্বার্থে, গণতন্ত্রের স্বার্থে সেই জায়গায় বসিয়ে দেওয়া হোক। এটা আমার আবেদন।

**শ্রী মানিক ভৌমিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই মরশুমে মেদিনীপুর জেলায় আমার নির্বাচনি এলাকার ময়না ব্লকে ৮১৫০ হেক্টর জমিতে বোরো চাষ জলের অভাবে বিপন্ন। ইতিমধ্যে আমি মাননীয় মন্ত্রী এবং ইঞ্জিনিয়ারের সঙ্গে কথা বলেছি। মেদিনীপুর জেলার জেলা পরিষদ সি.পি.এম-এর দখলে, তারা রাজনৈতিক চক্রান্ত করে ময়নায় জল দিচ্ছে না। এখানে জল না পাওয়া গেলে ২৫ কোটি টাকার ফসল নষ্ট হবে এবং ৫ কোটি টাকার শ্রম নষ্ট হয়ে যাবে। ময়না মানুষের দাবি কংসাবতী থেকে তাদের যে ন্যায্য জল পাওয়া সেটা দেওয়া হোক। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12-00 — 12-10 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার গতকাল যে সাধারণ বাজেট পেশ করেছেন, ভারতবর্ষে এতবড় ডিসেপটিভ, প্রতারণামূলক বাজেট ইতিপূর্বে কখনও পেশ হয়নি। এর সাথে রেল বাজেট এবং এই সাধারণ বাজেট, কেন্দ্রীয় সরকার যেভাবে পেশ করেছেন তাতে ভারতবর্ষের জনজীবনে চরম বিপর্যয় নেমে আসবে। এই বাজেট প্রমাণ করছে যে, আই.এম.এফ., বিশ্বব্যাঙ্ক তথা দেশ বিদেশের মাল্টি-ন্যাশনালের কাছে কেন্দ্রীয় সরকার আত্মসমর্পণ করছে। এই বাজেটের মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকার'এর নয়া আর্থিক নীতি, নয়া শিল্পনীতি নতুন করে আবার প্রতিফলিত হল। ইতিপূর্বে, এই বাজেটের আগে তারা যেভাবে প্রশাসনিক ফতোয়া জারি করে সমস্তরকম খাদ্যশস্য চাল ও গমের দাম ইতিপূর্বে বাড়িয়েছেন চাল, গম, চিনি এবং পরবর্তী পর্যায়ে কয়লা, গ্যাস, সার সমস্ত জিনিসের দাম যেভাবে বাড়িয়েছেন তাতে, তারপর এই বাজেট কার্যত প্রহসনে পর্যবসিত হয়েছে। বাজেটে তারা ঘাটতি কমাতে পারেন নি। তারপর টাকাকে যেভাবে পুরোপুরি কনভার্টঅ্যাবল করার কথা বলা হয়েছে তাতে মুদ্রাস্ফীতি আরও বাড়বে, জিনিসপত্রের দাম আরও বাড়বে। দেশের সামনে মারাত্মক এক পরিস্থিতি দেখা দেবে। রেল বাজেটে ১৮৪৮ কোটি টাকার মতো বাড়তি বোঝা জনসাধারণের উপরে চাপিয়ে দেওয়া হয়েছে অতীতের সমস্ত নর্মকে পদদলিত

**করে। আগে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের উপরে মাসূল ছাড় কার্যকর ছিল, কেন্দ্রীয় স এই মাসূল ছাড়ের আওতা থেকে এবারে বাদ রেখেছে নিত্য প্রয়োজনীয় দ্রব্যকে। যার জিনিসপত্রের দাম মারাত্মক ভাবে বৃদ্ধি পাবে। এই রেল বাজেট এবং সাধারণ ব ভারতবর্ষে চরম দুর্দশা নামিয়ে আনবে। আমি এই বাজেটে গৃহীত নীতির তীব্র বিরো করছি। এই বাজেট যাতে পাস না হতে পারে তারজন্য সংসদের ভেতরে এবং ব প্রতিবাদ, প্রতিরোধ আন্দোলন গড়ে তুলতে হবে। আমি আশা করব, এখান থেকে স যারা প্রতিনিধিত্ব করছেন তাদের এটা দেখতে হবে যাতে কোনও প্রকারে এই জনবি বাজেট পার্লামেন্ট থেকে কেন্দ্রীয় সরকার পাস করিয়ে নিতে না পারে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য আমি শেষ করছি।**

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্য সরকার খুব আ সঙ্কটের মধ্যে পড়েছে, ঠিকই, এটা কিন্তু রাজ্য সরাকরের সীমিত ক্ষমতার জন্য নয়। সী বুদ্ধির জন্য এই অভাব হয়েছে। অর্থের অভাব হলে তারা মনমোহন সিং কে ব পারতেন টাকা ধার দেবার জন্য। কিন্তু কারুর বুদ্ধির অভাব হলে কেউ তা ধার দিতে না। রাজ্য সরকার আর্থিক সঙ্কটের জন্য যেভাবে ঢালাও মদের লাইসেন্স দিচ্ছেন, এই প্র আমার চিনের মিং ডায়নাষ্টি'র কথা মনে পড়ছে। চিনদেশে চিনা যুবকদের আফিমের নে ডুবিয়ে দিয়েছিল। আজকে যেখানে যুব সম্প্রদায় বেকারত্বের জ্বালায় ভুগছে, যেখানে নির্যাতন বেড়ে চলছে এখানে সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, ভারত সরকারের এবং সরকারের দুটিই মানুষকে নেশামুক্ত করার জন্য ব্যাপক ব্যবস্থা নিচ্ছে, আমরা বিভিন্ন জা মিটিং করছি, মিছিল করছি যাতে মানুষ নেশাতে জড়িয়ে না পড়ে, যেখানে সমাজকল্যাণ আন্দোলন করছে মানুষকে নেশামুক্ত করার জন্য সেখানে আমরা দেখছি আপনারা যুবক ঢালাও মদের লাইসেন্স দিচ্ছেন। যুবকদের মদের মধ্যে ডুবিয়ে দিতে চাইছেন। সমাজবি কার্যকলাপ বাড়াবার চেষ্টা করছেন এবং নৈতিক অধঃপতনের চেষ্টা করছেন। মানুষ আধ খেয়ে থাকতে পারে, কিন্তু নৈতিক অধঃপতনের জন্য মদের ঢালাও লাইসেন্স যেটা চাইছেন না দেওয়া বন্ধ করুন। সমাজ কল্যাণ দপ্তর নেশার বিরুদ্ধে যে আন্দোলন ক তাকে সক্রিয় করা হোক, এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জুডিশি *মিনিস্টার এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে হাইকোর্টে একটা অচলাব সৃষ্টি হয়েছে। কিছু জাজদের কোর্টের প্রাকটিসের ক্ষেত্রে বিভিন্নরকম কথাবার্তা বলা হ যেখানে আইনশৃঙ্খলা রক্ষা করা হয় সেখানেই অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে শোনা যা যে হাইকোর্টের কিছু জাজকে ভয় দেখিয়ে বা তাদের ধমক দিয়ে তাদের ট্রান্সফার করা কথা বলা হয়েছে। ওই পোস্টে সরকারের ক্যাডারদের ঢোকানোর চেষ্টা চলছে বা বড় নেতারা তাদের আত্মীয় স্বজনকে ঢোকাতে চাইছে। পরবর্তীকালে যাতে এই ক্যাডার সিসটে জাজদের নেওয়া হয় সেইরকমই রেকমেনডেড অ্যাজ হাইকোর্ট জাজ দেখা যাচ্ছে। যারা ইয়ার তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না, তাদের হুমকি দেওয়া হচ্ছে যে রাস্তায় বেরু গুন্ডা দিয়ে মার খাওয়ানো হবে ইত্যাদি। এমন একটা অবস্থায় এসে পড়েছে যে, জুডিশি প্রসেসও ঠিকমতো হচ্ছে না। একে তো রাজ্যের শিক্ষা শিল্প সর্বক্ষেত্রেই পড়ে গে*

হাইকোর্টকেও কি কাজ করতে দেওয়া হবে না? এইরকম যে অপচেষ্টা চলছে এর একটা বিহিত হওয়া দরকার। আপনি তো বহুদিন হায়ার জুডিশিয়ারে যুক্ত ছিলেন, আপনাকে আমি বিনীতভাবে জানাচ্ছি যে, এর একটা পদক্ষেপ নেওয়া দরকার। খোলাখুলিভাবে আলোচনা হওয়া দরকার। কয়েকজন যারা এইসব করছেন তাদের আইডেনটিফাই করা দরকার। এতে সমস্ত জুডিশিয়ারি সিস্টেমটাই ধ্বংস হয়ে যাবে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই হাউসে বা কোনও প্ল্যাটফর্মে আলাদাভাবে এর একটা আলোচনা হওয়া দরকার। এইভাবে যদি গুন্ডাদের দিয়ে জাজদের আক্রমণ করা হয় তাহলে আর বলার কিছু নেই। বার অ্যাশোসিয়েশনে যে ভোটের কথা বলা হয়েছে সেখানে কোনও ভোটই হয়নি, পুরোটাই গট আপ কেস। সুতরাং আমি বলতে চাই এর একটা ব্যবস্থা নিন যাতে জুডিশিয়ারি সিস্টেম ডাস নট কাম আন্ডার অ্যাটাক।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, গত ৬ই ডিসেম্বর কলকাতার চারপাশে যে দাঙ্গা হয়েছে সেই কেন্দ্র করে দুটি নাম সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়েছিল। তার একটির নাম হচ্ছে ভল্লুক এবং ঝুন্ন আনসারি। তাদের মধ্যে ভল্লুক ছিল সি.পি.এমের লোকাল কমিটির (এস.সি) আর ঝুন্নু আনসারি হচ্ছে মেটিয়াব্রুজের কাউন্সিলারের ভাই। তারফলে প্রত্যক্ষভাবে দাঙ্গার এবং অগ্নি সংযোগ করানোর জন্য ৭ই ডিসেম্বর এদের বিরুদ্ধে এফ আই আর করা হয় কিন্তু গ্রেপ্তার করা হয়নি। তারা গ্রেপ্তার হল কখন যখন ২৫শে ফেব্রুয়ারি বিজেপির র‍্যালি যে হওয়ার কথা ছিল তাতে কেন্দ্র যে রেড সিগন্যাল দেয় তারফলে তাদের লোক দেখানো হিসাবে গ্রেপ্তার করা হল। বিধানসভার অধিবেশন শুরু হবে, একটা হৈচৈ হবে তাই লোক দেখানো গ্রেপ্তার করা হল। ভল্লুক গ্রেপ্তার হওয়ার পরে সিপিএমের এম এল এ সেখানে বসেছিলেন এবং ৪৮ ঘন্টার মধ্যে সেই কুখ্যাত ভল্লুক বেলে ছাড়া পেয়ে গেল। ঝুন্নু আনসারি গ্রেপ্তার হয়েছে কিন্তু সে থানায় নেতাদের সঙ্গে বসে কাগজ পড়ছে। ভল্লুক বলে যে পরিচিত সেই কুখ্যাত লোক হচ্ছে বিষ্টু হাজরা, সি পি এমের বিখ্যাত লোক। আমার মনে হয় এদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা নেওয়া দরকার। ওদেরকে টাডা অর্থাৎ টেরোরিস্ট, অ্যান্টি সোশ্যাল ডিটেনশন অ্যাক্টে গ্রেপ্তার করা উচিত। এই নটোরিয়াস ভল্লুক ঝুন্নু আনসারি শাসক দলের সমর্থনে বেপরোয়া ভাবে ঘুরে বেড়াচ্ছে। যারা এইভাবে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

*[12-10 — 12-20 p.m.]*

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এখানে কয়েকটি নাম বলেছেন এবং তাকে দাঙ্গাবাজ বলে অভিহিত করেছেন। আমি খুব দায়িত্ব নিয়ে আজকে বলছি বিষ্টু হাজরা, ওরফে ভাল্লুক, সে হচ্ছে মুসলিম সেভিয়ার, সে মুসলমান কমিউনিটিকে বাঁচিয়েছে। কমিউনিস্ট টেরোরিস্ট বলে তাকে যতই বলা হোক, সে কিন্তু মুসলমানদের টেরোর নয়, সে মুসলমানদের বাঁচিয়েছে। রাজনৈতিকভাবে আজকে তার নামকে কংগ্রেসিরা ব্যবহার করছে। সেখানকার থানার পুলিশের একটা অংশ অন্যায়ভাবে এই সমস্ত কাজ কারবারে মদত দিচ্ছে। মেটিয়াব্রুজে যারা দাঙ্গা করেছে তাদের গ্রেপ্তার করা উচিত। কিন্তু যে মুসলিমদের বাঁচিয়েছে তাকে রাজনৈতিক ভাবে, উদ্দেশ্যমূলকভাবে গ্রেপ্তার করার আমি

তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি খুব দায়িত্ব নিয়ে বলছি ভাল্লুক, ওরফে বিষ্টু হাজরা একজন মুসলিম সেভিয়ার।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার সংসদীয় গণতন্ত্রের উপর বলাতকার করা হয়েছে। গত ১৫ জানুয়ারি মহাকরনের প্রেস কর্ণারকে ধুলিসাৎ করা হয়েছে। ঔদ্ধত তথ্যমন্ত্রী সমস্ত নীতিকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে মুখ্যমন্ত্রীর নিরাপত্তার কারণে প্রেস কর্ণারটিকে ভেঙে দিয়েছেন। সাংবাদিকরা কি মুখ্যমন্ত্রীর নিরাপত্তার ব্যাপারে এতই বিপদজনক? সংসদীয় গণতন্ত্রের পক্ষে এই ভিন্ন পদক্ষেপ রাজ্য সরকার গ্রহণ করেছে এবং এখনো পর্যন্ত প্রেস কর্ণার নিয়ে কোনও সিদ্ধান্ত রাজ্য সরকার উপনীত হতে পারেনি। রাজ্য সরকারের এই সিদ্ধান্তকে আমরা ধিক্কার জানাচ্ছি এবং ঔদ্ধত তথ্যমন্ত্রীকে অবিলম্বে সভায় তলব করা হোক এবং তিনি সভাকে অবহিত করুন যে প্রেস কর্ণার সম্পর্কে রাজ্য সরকারের মনোভাব কি। তিনি পশ্চিমবাংলার ঐতিহ্যকে বিনষ্ট করেছেন এবং রাজ্য সরকার এখনো পর্যন্ত তাদের সিদ্ধান্তের কথা জানাননি। আমরা মনেকরি যখন এখানে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল তখন এই সংবাদপত্রগুলোর ভূমিকা ছিল অত্যন্ত স্পষ্ট এবং অত্যন্ত ভালো। এই অবস্থায় তাদের আরও ভালো সংবাদ সংগ্রহ করে দেওয়ার সুযোগ দেওয়া উচিত ছিল। আমরা যখন কয়েকজন তথ্যমন্ত্রীর সঙ্গে দেখা করলাম, তখন তিনি আমাদের বললেন, আপনাদের এই নিয়ে মাথা ঘামাবার কি আছে। রাজ্যের নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে এই সমস্ত জানার সম্পূর্ণ অধিকার আমাদের আছে। আমরা দাবি করছি, প্রেস কর্ণার ভেঙে দেওয়ার সমস্ত ঘটনা রাজ্যের মানুষকে জানানো হোক এবং ঔদ্ধত্বপূর্ণ তথ্যমন্ত্রীকে বিধানসভায় তলব করা হোক এবং প্রেস কর্ণার নিয়ে রাজ্য সরকার কি ভাবছেন তাও মানুষকে জানানো হোক।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৭ই ডিসেম্বর কলকাতার বুকে যে ঘটনা ঘটে গিয়েছে তাতে পশ্চিমবঙ্গ সরকারের মুখোস খুলে গিয়েছে। পশ্চিমবঙ্গ সরকার সব সময় বলেন যে পশ্চিমবঙ্গে শান্তির বাতাবরণ আছে কিন্তু এই ঘটনা সরকারের মুখোস খুলে দিয়েছে। তবে গ্রামবাংলার মানুষ ৬ তারিখের কেন্দ্র করে কোনওরকম অশান্তিকে বরদাস্ত করেন নি। এক্ষেত্রে প্রশাসনের কিন্তু কোনও কৃতিত্ব নেই। গ্রামবাংলার শুভবুদ্ধিসম্পন্ন মানুষরা সেখানে অশান্তিকে বরদাস্ত করেন নি। অথচ খোদ কলকাতার বুকে যেখানে খোদ স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী রয়েছেন, পুলিশের বড় বড় অফিসাররা রয়েছেন সেখানে সমাজবিরোধীরা তান্ডব চালিয়েছে। কলকাতার বুকে আগুন লাগানো হয়েছে, তান্ডব করা হয়েছে এবং এমন কি এখানে এই কলকাতায় মৃত্যুর ঘটনাও ঘটেছে। কত মৃত্যু এখানে হয়েছে সে ব্যাপারেও আমরা দেখেছি কেন্দ্রীয় সরকারের সংস্থা যে হিসাব দিয়েছেন তাতে বলা হচ্ছে মৃত্যু হয়েছে ৪৬ অথচ আমাদের মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে ২৯ জনের মৃত্যু হয়েছে। আমি মনেকরি এখানেও আসল সত্যটাকে চেপে যাবার যে চেষ্টা সে ব্যাপারে সরকারের মুখোস খুলে গিয়েছে। আমি তাই স্যার, আপনার মাধ্যমে বলব, এই সভা থেকে গ্রামবাংলার শুভবুদ্ধিসম্পন্ন মানুষকে এরজন্য অভিনন্দন জানানো হোক কারণ এখানে প্রশাসনের কোনও কৃতিত্ব ছাড়াই গ্রামবাংলাকে মানুষ শান্ত রাখতে পেরেছেন। আর খোদ কলকাতার বুকে সরকারি প্রশ্রয়ে সমাজবিরোধীরা তান্ডব চালিয়েছে কাজেই এরজন্য এই সরকারকে

ধিক্কার জানানো উচিত।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতবারও এই হাউসে আমি আমার এলাকার হাসপাতালগুলির দুরাবস্থার কথা বলেছিলাম। গত বছর আমার এলাকার আন্ত্রিক রোগে ব্যাপক লোক মারা গিয়েছিল। এ বছরও সেচের জলের অভাবের কথা আগেই বলেছি, সঙ্গে পানীয় জলের অভাবে ময়নার বৃহত্তর এলাকায় ব্যাপক আন্ত্রিক ও কলেরা দেখা দিয়েছে। স্থানীয় হাসপাতালে স্যালাইন, হ্যালোজেন ট্যাবলেট, ব্লিচিং পাউডার কিছুই পাওয়া যাচ্ছে না। এই অবস্থায় ময়নার মানুষরা বিপন্ন হয়ে পড়েছেন। আমার দাবি, অবিলম্বে রাজ্য পর্যায়ে তদন্ত দল পাঠিয়ে ময়নার জনস্বাস্থ্য সম্পর্কে রিপোর্ট নিয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হোক।

[12-20 — 12-30 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রীসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে প্রসঙ্গে অবতারণা করছি সে বিষয়ে বিশেষ করে স্বারাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার সবং বিধানসভা কেন্দ্রের অধীন কেলেঘাই, কপালেশ্বরি নদীর পাড়ে কাঁটাখালি গ্রামে ভগবানপুর, সবং, পটাশপুর এই তিনটি ব্লকের মানুষ ১১টি টালি তৈরির কারখানাও দুটি ইঁট তৈরির কারখানা প্রতিষ্ঠা করেছিলেন এবং এই সমস্ত কারখানাতে গ্রামের প্রায় ৫শো দারিদ্র মানুষ শ্রমিক হিসাবে দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন। হঠাৎ গত সপ্তাহে শাসক দল বিশেষ করে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির স্থানীয় নেতৃবর্গ মালিকদের কাছে গিয়ে বলেন যে তোমাদের এতো টাকা চাঁদা দিতে হবে। তারা বলেন, নিশ্চয়, শাসকদলে আছেন আপনারা, রাজার দল, আমরা চাঁদা দেব কিন্তু আপনারা যা চাইছেন তা তো আমাদের সাধ্যে কুলাবে না। এই প্রতিবাদের ফলে তাদের উপর আক্রমণ নেমে আসে। সেখানকার ৫শো শ্রমিক যখন এর প্রতিবাদে এগিয়ে আসেন তখন আশপাশ থেকে লাঠি, বল্লম, তীরধনুক, টাঙ্গি নিয়ে মানুষরা এসে সেই শ্রমিকদের আক্রমণ করে এবং মালিকদের আক্রমণ করে। স্যার, এরফলে গত ১৫ দিন ধরে সেখানে ১১টি টালির কারখানা এবং দুটি ইঁটের কারখানা বন্ধ হয়ে আছে এবং সেখানে প্রায় ৫শো শ্রমিক অনাহারে দিন কাটাচ্ছেন। মেদিনীপুরের ডি.এমকে বলা হয়েছে, এস.পি. জানেন, এস.ডি.পি.ও. গিয়েছেন, ও.সি ১৫ বার ঘুরেছেন কিন্তু কোনও ব্যবস্থা হয়নি। মার্কসবাদি কমিউনিস্ট পার্টি শাসকদল হিসাবে রাজ্য চালাচ্ছেন অথচ তাদের অফিসাররা ৪ বার সেখানে বৈঠক ডাকা সত্ত্বেও সি.পি.এমের গুন্ডাবাহিনীর নেতারা সেখানে উপস্থিত হন নি। আপনার মাধ্যমে তাই আবেদন করছি মন্ত্রী মহাশয়ের কাছে, এই শ্রমিক দরদি, জন দরদি প্রতিনিধিরা এখানে বসে আছেন, অথচ এখানে ৫০০ শ্রমজীবী মানুষ গত ১৫ দিন ধরে অনাহারে দিন কাটাচ্ছে। ১১টা টালির কারখানা বন্ধ, দুটো ইঁটের কারখানা বন্ধ। পুলিশ ঠুঁটো জগন্নাথ, প্রশাসন ঠুঁটো জগন্নাথ, প্রশাসন থেকে মিটিং ডাকলে সি.পি.এম. নেতারা কেউ উপস্থিত থাকেন না। মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাকে এই বিষয়ে হস্তক্ষেপ করার জন্য আবেদন জানাচ্ছি আপনার মাধ্যমে।

(গোলমাল)

(**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার মাননীয় সদস্য হাউসের ভিতর থেকে প্রেসের সঙ্গে কথা বলছেন।)

(গোলমাল)

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি শিয়ালদহ স্টেশনের ট্যাক্সি স্ট্যান্ডে একটা অরাজকতা চলছে। ট্যাক্সি ড্রাইভাররা যাত্রি সাধারণকে ট্যাক্সিতে তুলতে রিফিউজ করছে। এমন কি এম.এল.এ. কার্ড দেখালেও কোনও কাজ হচ্ছে না। রাত্রিবেলা যাত্রি সাধারণ অত্যন্ত অসুবিধায় পড়ছেন। এটা ট্যাক্সি স্ট্যান্ড থেকে এইভাবে কোনও ট্যাক্সি ড্রাইভার প্যাসেঞ্জারদের রিফিউজ করতে পারে না। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে প্রশাসন তথা পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**মিঃ স্পিকার :** মন্ত্রীরা, লীডার অফ দি অপোজিশন এবং বিভিন্ন পলিটিক্যাল পার্টির হুইপরা ছাড়া অন্য সদস্যরা কেউ গ্যালারির কারো সঙ্গে হাউস থেকে কথা বলতে পারেন না। আর প্রেসের সঙ্গে হাউসের ভেতর থেকে কেউই কথা বলতে পারেন না। গভর্নমেন্ট অফিসাররা মন্ত্রীদের গ্যালারি থেকে ব্রিফ করতে পারেন। লীডার অফ দি অপোজিশন এবং হুইপরা হাউসের বিজনেস সংক্রান্ত বিষয়ে পার্টি ব্রিফ গ্যালারি থেকে নিতে পারেন। কেউ প্রেসের সঙ্গে হাউস থেকে কথা বলতে পারেন না। তাদের সঙ্গে কথা বলতে হলে হাউসের বাইরে গিয়ে তা বলতে হবে। লবিতে গিয়ে প্রেসের সঙ্গে কথা বলতে হবে।

আমি এই হাউসের কনভেনশন অনুযায়ী মাননীয় সদস্যদের কাছে একটা অনুরোধ রাখছি। এখন ডাঃ জয়নাল আবেদিন লীডার অফ দি অপোজিশন হিসাবে তার মেডেন বক্তব্য রাখবেন। তাকে ভালভাবে বলতে দেবেন, তার বক্তব্য রাখার সময় কেউ তাকে ডিসটার্ব করবেন না।

[12-30 — 12-40 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন তাতে রাজ্য সরকারের গত বছরের পারফরমেন্স, অ্যাচিভমেন্টস এবং আগামী বছর কি করতে চায় তার একটা ইঙ্গিত পাওয়ার কথা। আমি কৌতুহলের সঙ্গে লক্ষ্য করলাম যে, এ বছর যে ভাষণ জ্যোতিবাবুর সরকার রাজ্যপালকে তৈরি করে দিয়েছেন তা বিগত বছরের রাজ্যপালের ভাষণের সঙ্গে হুবহু এক। যিনি এ বছরের ভাষণ রচনা করেছেন তিনি ল্যাঙ্গুয়েজটুকুও বদল করার জন্য সময় পান নি। শুধু একটা ব্যতিক্রম আছে। ডঃ অশোক মিত্র যখন অর্থমন্ত্রী ছিলেন তখন থেকে একটা জিনিস শুরু হয়েছিল রাজ্যপালের ভাষণ, বাজেট ভাষণ এবং মন্ত্রী মহোদয়গণের বিভাগীয় বরাদ্দ পেশের বিবৃতির মধ্যে সব সময়

কেন্দ্রীয় সরকারের প্রতি কটুক্তি, নিন্দা, ধিক্কার এবং সমালোচনার একটা সুর ফুটে উঠছিল। এবারে দেখছি শুভ বুদ্ধি হয়েছে। জ্যোতিবাবুর বয়স হয়েছে, তিনি এবারে রাজ্যপালের মারফত কেন্দ্রের বিরুদ্ধে বিষোদ্গার করেন নি। এটা শুভ বুদ্ধির লক্ষ্যণ। ফেডারেল স্ট্রাকচারে সব সময় সংঘর্ষের পথে না গিয়ে সহযোগিতার পথ নেওয়া রাজ্যের পক্ষে, ফেভারেটিং স্টেটের পক্ষে একটা বড় ভূমিকা এবং ফেডারেল স্ট্রাকচারে সেই ভূমিকা এবারে এই রাজ্য সরকার রাজ্যপালকে দিয়ে পালন করিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কথা বলছিলাম, যিনি ভাষণটা রচনা করেছিলেন তার কি একটু উচিত ছিল না যে ভাষণ তিনি আমাদের এখানে উল্লেখ করেছেন তাতে আমরা দেখছি No change, in some cases even the language has not charged. আপনি বিগত বছরে যা বলেছেন এ বছরেও তাই করেছেন, তাহলে কি ৩৬৫ দিনে কোনও কাজ হয়নি রাজ্য সরকারের? এটা তো দুর্ভাগ্যের কথা। একটা সরকার চলছে, আজকে অষ্টম পরিকল্পনার দ্বিতীয় বছর, আজকে সরকারের কোনও অ্যাচিভমেন্ট নেই এবং আপনি যে ভাষণ এখানে রেখেছেন তাতে অ্যাচিভমেন্টের কথা কিছু বলেন নি, যেটা বলেছেন সেই প্রসঙ্গে আমি আসব। মাননীয় রাজ্যপালের এই ভাষণ বহু বিষয়ে অসত্য, অর্ধসত্য এবং অনুক্ত আছে। বলেন নি, কারণ বলবার মতো রাজ্য সরকারের কিছু নেই। বিগত বছরে The performance of the Government at least in development and planning sector is miserable. সেইজন্য এই ভাষণে কিছু উল্লেখ করতে পারেন নি, রাজ্য সরকারের পক্ষে ভয়াবহ চিত্র তুলে ধরেছেন। আমরা আতঙ্কিত, এই অবস্থা যদি চলে It will be regarded as a problem State আজকে এর প্রতিকার হওয়া বাঞ্ছনীয়। এই ভাষণের কথা বলতে গিয়ে প্রশাসনের কথাটা এসে যায়। এই সরকার একটা নীতি করেছেন, যদি এদের কোনও বড় রাজনীতিবিদ নেতা হেরে যান তাহলে একটা কমিশন তৈরি করে দেন পুনর্বাসনের জন্য। ১৯৮৩ সালের নির্বাচনে ডঃ মিত্র হেরে গেলেন এরা সঙ্গে সঙ্গে অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটি করলেন, কমিটি আমাদের সব কিছু পরীক্ষা করে সবকিছু দেখে প্রশাসন সংস্কারের জন্য কিছু সুপারিশ করলেন। ৯১টি সুপারিশ এখানে করেছেন, রাজ্য সরকারের কাছে আমরা বার বার এই অ্যাসেম্বলিতে প্রশ্ন করেছি কতগুলি সুপারিশ গ্রহণ করেছেন, কতগুলি করেন নি? সেই পরিষ্কার চিত্র মাননীয় মুখ্যমন্ত্রী কোনওবার দিতে পারেন নি। আজকে জিজ্ঞাসা করি, পরিচ্ছন্ন শাসনের জন্য যে সুপারিশগুলি করা হয়েছিল সেই সুপারিশ কি গ্রহণ করেছেন? Have you set the administrative units in the district after bifurcation of the district করেন নি। মেদিনীপুর সম্বন্ধে কি সিদ্ধান্ত নিয়েছেন সাবডিভিশন্যাল সেট আপের জন্য আপনাদেরকে পার্সোনাল পোস্টিং সম্বন্ধে বলেছিলেন যে এক্সপিরিয়েন্সড অফিসারদের জেলায় দিতে হবে। আপনি কোথাও দেন নি। আপনি দেখেছেন যারা সি.পি.এমের তাঁবেদার আঞ্চলিক নেতৃবৃন্দের তাবেদার তাদের দিয়েছেন। তাই কিছু হচ্ছে না। এরা দ্রব্যগুনে বুঁদ হয়ে থাকেন, অফিসের মধ্যে দ্রব্যগুনের ব্যবস্থা থাকে, কাজেই সাধারণ মানুষের প্রতি দৃষ্টি দেওয়া সম্ভব নয়। আজকে এই জিনিস আপনাদের নজরে আনা উচিত। সুপারভিষনের প্রশ্নে এখানে একটা কনসালটেশন আজ টেকনোক্রাট ভার্সেস ব্যুরোক্রাট একটা প্রতিদ্বন্দ্বিতা এখানে আছে। সেটা থেকে থেকে বেরোচ্ছে, অসুবিধা হচ্ছে দেখছি ডব্লিউ.বি.সি.এসের যে বিভিন্ন ক্যাটিগরি আছে তাতে অসন্তোষ দেখা যাচ্ছে। আপনি এটা নিরসনের কোনও চেষ্টা করেছেন? কারণ এতে রাজনৈতিক কোনও

স্বার্থ নেই। তাই বলি পরিচ্ছন্ন প্রশাসন আপনার লক্ষ্য নয়। প্রশাসনের ৯১টি সুপারিশ ছিল, কার্যকর করেন নি। উল্টোটা করেছেন। রিপোর্টে ওয়েস্ট দিনাজপুরকে ভাগ করে দিতে বলে নি, বলেছে হেড কোয়ার্টার্স may be shifted from Balurghat to Raigang. বলেছে। কারণ এটা ছোট জেলা অথচ এই এলাকা ভাগ করে দিলেন, ওয়েস্ট দিনাজপুরে আপনার দল বল বাহিনীকে প্লিজ করার জন্য জেলাটা ভাগ করে দিলেন। ৩০ লক্ষ মানুষের কাছে এর রাজনৈতিক গুরুত্ব কতটুকু? আপনার ৭৩টা ছিটমহল আছে, বালুর ঘাট, রায়গঞ্জ আর একটা ছিটমহল করতে চাইছেন কোনও যুক্তির ফলে? কোনও প্রয়োজনে? এই প্রয়োজন কোথায়? আজকে এর গুরুত্ব কমে গেছে, একটাতে ৬টা এবং একটাতে ৫টা এম.এল.এ. হয়েছে। আপনারা সেখানে মেদিনীপুরকে বা ২৪-পরগনাকে ভাগ করলেন না, কোনও নতুন মহকুমা করলেন না, সেখানে আপনারা নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করবার জন্য পশ্চিম দিনাজপুরকে ডিভাইড করলেন। এরফল কি হয়েছে? যাকে ৩০ মাইল দুরে রায়গঞ্জে গেলেই হতো তাকে ১১০ মাইল দুরে হেড কোয়ার্টার বালুরঘাটে যেতে হচ্ছে। এই জিনিস চলতে পারে না। আজকে প্রশাসন এই জিনিস করছে। এখানে আর একটি ব্যাপারে আতঙ্কিত হয়েছি; মুখ্যমন্ত্রী, আপনি এর জবাব দেবেন। সর্বভারতীয় প্রশাসনে বাঙালির শেয়ার আছে। দেয়ার ইজ অল ইন্ডিয়া সার্ভিস - আই.এ.এস., আই.পি.এসরা আছেন। কিন্তু আপনাদের শিক্ষার মান নেমে গেছে, ইউনিভার্সিটিতেও দলবাজি হচ্ছে। আগে এখান থেকে দুইশো-আড়াইশো জন অল ইন্ডিয়া সার্ভিসে থাকতেন। কিন্তু আজকে কতজন যাচ্ছেন? এদিকে দৃষ্টি দেননি। সর্বভারতীয় প্রশাসনে আই.এ.এস., আই.পি.এস. পদে ক্রমশই পিছিয়ে যাচ্ছি আমরা। আপনি একটি জিনিস পালন করেন, আপনি অবাঙালি ডি.এম., এস.পিদের জেলার দায়িত্ব দিতে চান, কারণ বাঙালি হলে তারা আইন অনুযায়ী চলতে চান, নাহলে প্রতিবাদ করেন। কিন্তু এতে রাজ্যের উন্নয়ন ব্যাহত হচ্ছে। আজকে পুলিশ প্রশাসনে ১৯৭৬ সালে যা ছিল তার থেকে ১৯৯২।৯৩ সালে ব্যয় বেড়েছে মোর দ্যান টুয়েলভ টাইমস। এক্ষেত্রে সাপ্লিমেন্টারি বাজেট আনুন আপত্তি নেই যদি এফিসিয়েন্সি বাড়ে। কি করেছেন এখানে? প্রশ্ন একাধিক রেখেছি। আজকে এখানে যারা শাসন করছেন ৯টি দল নিয়ে আপনারা সেক্যুলার। আপনারা সেক্যুলারিজমে বিশ্বাস করেন। ৯টি দলের কেউই এটা অস্বীকার করেন না। এখানে কংগ্রেস প্রতিষ্ঠিত। ১০০ বছরের কংগ্রেস আমরা সেক্যুলার। মহাত্মা গান্ধী এই সেক্যুলারিজমের জন্য প্রাণ দিয়েছেন, আপনারা দেন নি। এই অবস্থায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আপনাদের হাজারো নালিশ। কিন্তু মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন যে, দাঙ্গার সময় পাঁচ মিনিটের মধ্যে ফোর্ট উইলিয়ম থেকে সে বলেছেন কত সাহায্য চাই বলুন। অযোদ্ধার প্রশ্নে এখানে যখন শান্তি বিঘ্নিত হয়েছে, সাম্প্রদায়িক দাঙ্গা দেখা দিয়েছেন, কংগ্রেস অপোজিশন হলেও এই দাঙ্গা দমনে আনকোয়ালিফায়েড সাপোর্ট দিয়েছে। আপনারা শান্তনা পাচ্ছেন এই বলে যে, যতখানি ঘটবার কথা ততটা ঘটেনি। কিন্তু দাঙ্গা ঘটেছে। আজকে ঝুন্নু আনসারি, ভাল্লুক এদের ধরেছেন রাজ্যপালের ভাষণের উপর আলোচনায় আমাদের মুখ বন্ধ করবার জন্য। আর পুলিশকে প্রশংসা করতেই হবে, নাহলে সি.পি.এম. এর অস্তিত্ব থাকবে না। পুলিশ আইনের তাঁবেদার নয়, পুলিশ ম্যানুয়ালের তাঁবেদার নয়, পুলিশকে সি.পি.এম. এর তাঁবেদার হতেই হবে। তাই এতদিন বাদে প্রকাশ্যে অভিযোগ থাকা সত্ত্বেও ভাল্লুক, ঝুন্নু এরা আজকে ঘুরে বেড়াচ্ছে। পুলিশের নামে অনেক কথা শুনেছি। সেমিনারেও এই নিয়ে আলোচনা করেছি। গদাই সম্পর্কে

আপনাদের বক্তব্য কি? অন্ততঃ পাঁচশো মানুষ আমাকে বলেছেন যে, ওরাই দাঙ্গা করিয়েছে, না হলে দাঙ্গা হত না। আজকে এর তদন্ত হবে না? ওরা লক্ষ লক্ষ মানুষের সর্বনাশ করেছে এর তদন্ত হবে না? আমরা এর তদন্ত চাই। এরজন্য একটা জুডিশিয়াল এনকোয়ারি করা হোক। তা না হলে আমার অল্টারনেট প্রস্তাব দলের এম.এল.এ. নিয়ে স্পিকার মহাশয়ের নেতৃত্বে তদন্ত করা হোক। যদি টাইফায়েড হয় তাহলে ম্যালেরিয়ার চিকিৎসা করলে টাইফায়েড সারবেনা। এইতো অবস্থা আমরা দেখছি। আর একটা কথা আমি বলতে চাই, এটা সভ্য জগতের কলঙ্ক। সুদীপ আরও বিস্তারিত ভাবে বলবে। আপনি বলেছেন যে ৭৮ জন পুলিশ লক আপে মারা গেছে। আমার হিসাবে ১৫১ জন, সুদীপের হিসাবে ২০৫ জন মারা গেছে। আপনাকে আমি চিঠি দিয়েছি। এখানে অ্যামেন্ডমেন্ট দিয়েছি, কাট মোশন দিয়েছি, কিন্তু আপনি উত্তর দেননি। কেন পুলিশ লক আপে এই মানুষগুলি মারা যাবে, এটা কোন সভ্যতায় বলে? কেন পুলিশ লক আপে আসামি মারা যাবে? আপনি বলেছেন যে ৭৮ জন মারা গেছে। এর কি প্রতিকার হয়েছে, চিহ্নিতকরণ হয়েছে কিনা, কি কারণে এদের মেরে দেওয়া হয়েছে? আপনি এগুলির প্রতিকার করতে পারছেন না, আপনি প্রশ্রয় দিচ্ছেন। আপনি ইনকোয়ারি কমিশন করেছেন, জুডিসিয়াল কমিশন ইসলামপুরের ঘটনার। কিন্তু আজ পর্যন্ত কোনও প্রতিকার পাইনি। কমিশন হলে যদি কমিশনের সুপারিশ আপনি রূপান্তরিত করতে না পারেন তাহলে সেই কথা রাজ্যপালের ভাষণের মাধ্যমে বললেন না কেন? আপনি পাবলিকলি বলুন, কিন্তু সেই জিনিস আপনি করেন নি। আমি আপনাকে চিঠি দিয়েছি। এই সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য আমরা আজ এখানে, কাল ওখানে গেছি। আমার ওখানে একটা কলেজের ছেলে, ১৮ বছর বয়স, ১১ ক্লাস পড়ে, সুন্দর ছেলে, ওর মা ওকে চেপে ধরেছে, কিন্তু সি.পি.এম-এর গুন্ডারা দিনের বেলায় তাকে খুন করে মেরে ফেললো। আপনার কাছে আমি দরখাস্ত করেছি। পুলিশ বলছে যে সি.পি.এম-এর নাম আছে এজাহার নেওয়া যাবেনা। আজকে এর কোনও প্রতিকার হবেনা? আজকে এই কেন হবে সেটা আমরা জানতে চাই? আজকে সি.পি.এম থাকবে বলে কি হবেনা, সেটা আমরা জানতে চাই? তারপরে রমেন ভট্টাচার্য, তিনি এখান থেকে চলে গিয়ে বি.জে.পি.-তে নাম লিখিয়েছেন। তাহলে সার্ভিসে থাকার সময়ে তিনি কি নিরপেক্ষ ছিলেন, না রাজনীতির উর্ধ্বে ছিলেন? আমরা এর প্রতি অভিযোগ করেছি। কাগজেও আছে বি.জে.পি ইজ ট্রাইং টু ক্রিয়েট এ ইউনিয়ন উইথ দি পুলিশ। আজকে বি.জে.পি সংঘবদ্ধ ভাবে চেষ্টা করছে পুলিশের মধ্যে একটা ইউনিয়ন করার। আপনি কি ব্যবস্থা করেছেন? আপনাকে আমি চিঠি লিখেছি, কাগজেও বেরিয়েছে। আপনাকে আমি দুটো চিঠি দিয়েছি, আপনি তো আমাদের জানাবেন যে কি হয়েছে? আজকে এই জিনিস কেন হবেনা? আমাদের এম.এল.এ ফজলে আজম মোল্লা এখানে আছেন। আমরা দেখেছি যে ৭ তারিখে মেটিয়াব্রুজ থেকে পুলিশ ধরে আনলো ৭৫০ জনকে। তাদের ধরে এনে যাদবপুর থানা, বেহালা থানায় ভাগ করে দিল। এরা সকলেই মুসলমান, রায়টের অপবাদে ৭ তারিখে ধরা হয়েছে, ৬ তারিখে মসজিদ ভেঙেছে। আজকে টেলিগ্রাফে বেরিয়েছে, স্টেটসম্যানে বেরিয়েছে, বিভিন্ন সংস্থা যেগুলি আছে তারা গিয়ে দেখেছে, আমি নিজে গিয়ে দেখেছি যে এদের এনে মেরে বিকলাঙ্গ করে দেওয়া হয়েছে। আমরা দেখেছি যে ফরোয়ার্ড ব্লকের ভাইস-চেয়ারম্যান অব দি গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটি, তাকে মেরে ফ্লাট করে দিয়েছে। তার হাড়গোড় ভেঙে গিয়েছে, কবে ভাল হবে জানিনা। আজকে এই জিনিসের তদন্ত হবেনা? একটা সভ্য দেশে

পুলিশ ধরে নিয়ে গিয়ে বলবে যে তোমরা 'সিয়ারাম' বল, তানাহলে পাকিস্তানে যাও, বাংলাদেশে যাও। রবীন মন্ডল, আজকে কি জবাব আছে তোমাদের কাছে? আজকে কি জবাব দেবেন ওদের কাছে? কোনও জবাব নেই। পুলিশ অ্যাকিউসড অন কমিউনিয়াল বয়স - ২৮। ১।৯৩ তারিখে স্টেটসম্যানে এই সম্পর্কে যা বেরিয়েছে, তার কাটিং আমি আপনার কাছে দিয়েছি গত এক মাস আগে। আপনি এই সম্পর্কে উত্তর দেবেন। .....গোলমাল...... আজকে পুলিশে কি এই জিনিস চলবে, এটা আমরা জানতে চাই? আজকে আপনাকে আমি সতর্ক করে দিচ্ছি, আজকের কাগজে আছে ডব্লু.বি.পি.এ এবং নন-গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশনে বি.জে.পি. চেষ্টা করছে ঢোকার। রাজনীতি এবং পুলিশ প্রশাসনের ভেতর যাতে না যায় সেটা দেখবেন। উই আর সিটিং অন এ ভলকানো। এটা আমরা চাচ্ছি না। এই জিনিসটা আপনি দেখুন। মহিলা হয়ে আপনি এখানে চিৎকার করছেন! লজ্জার কথা জ্যোতিবাবুর। কাগজে বেরিয়েছে, কোনও প্রতিকার হয়নি। পুলিশ লক আপে স্বয়ং মুখ্যমন্ত্রীর আমলে ৪২ জন মহিলার শ্লিলতা হানি হয়েছে। কাগজে বেরিয়েছে, কোনও কনট্রাডিকশন নেই। মহিলা হয়ে চিৎকার করছেন? মহিলা হয়ে লজ্জা থাকবে, ধিক্কার থাকবে। সেইজন্য অনুরোধ করছি এটা দেখার জন্য। পুলিশের কাজ থেকে আলিপুরে ১০ লক্ষ টাকা চুরি হয়ে গেছে। আমি পাবলিক অ্যাকাউন্ট কমিটিতে আছি, আপনারা আমাকে চেয়ারম্যান করেছেন, সেই কমিটিতে আমি দেখেছি পুলিশের হাত থেকে লক্ষ লক্ষ টাকা চুরি হয়েছে। পুলিশের রেশন ব্যবস্থায় পুলিশকে কম্বল দেওয়ার ব্যবস্থা আছে। আপনাদের কমরেড, আপনাদের কাউন্টারপার্ট ফ্রর্ম পাঞ্জাব, ওরা কম্বল সাপ্লাই দেয়, পুলিশের রেশনে সাপ্লাই করে। এরজন্য কোনও টেন্ডার হয়না। আপনাদের পুলিশের রেশনে পারচেজিং কম্বল অ্যান্ড এটসেটরা কোনও টেন্ডার হয়না। ওদের রেশনে যেগুলি দেওয়া হয় বাজার থেকে কিনে, তেল, ডাল, চিনি, ডবল কোটেশন করে দেওয়া হয়। ডবল দাম দেওয়া হয় কেন? কারণ ২ বছর বাদে টাকা পাবে, তাই ডবল দামে নেওয়া হয়। বাজারে যার দাম ১৫ টাকা সেটা ৩০ টাকা দিয়ে কিনছে। এটা আমাদের টাকা, জনগণের টাকা, এই টাকা তাদের দিয়ে দেওয়া হচ্ছে। পুলিশের ওয়ার্ক লোড কি আছে? বেঙ্গল পুলিশ ৭০ হাজার এবং ক্যালকাটা পুলিশ ৩০ হাজার। অন অ্যান অ্যাভারেজ বলছি ১৯৮৯ সালে টোটাল ক্রাইম রেকডেড ৬৬ হাজার। কত জনের প্রসিকিউশন হয়েছে টিল নট নোন। ওয়ার্ক লোড কোথায়? এখন যদি ওয়ার্ক লোডের মধ্যে সি.পি.এম ক্যাডারদের রাত দিন তেল দেওয়া পড়ে তাহলে আলাদা কথা। We are not prepared to count the work load of the police. এই পুলিশকে রাজনীতি থেকে মুক্ত করে রাখুন। আপনারা বলেছেন শ্রমিকদের বিরুদ্ধে, কৃষকদের বিরুদ্ধে পুলিশ যাবে না। আমরা দেখতে পাচ্ছি যেখানে বর্গাদার উচ্ছেদ করতে হবে ইন দি ইন্টারেস্ট অফ সি.পি.এম সেটা পুলিশ যাচ্ছে। মালদায় এই ঘটনা ঘটেছে, আমাদের ওখানে এই ঘটনা ঘটেছে, আমরা কিছু করতে পারছি না। এই জিনিস আমরা দেখেছি, এটা বন্ধ করা দরকার। আপনারা একটু দেখবেন পুলিশের মডার্নাইজেশনের জন্য আপনাদের ফিনান্স কমিশন কিছু টাকা দিয়েছিল। আপনারা তার পুরো টাকা ব্যায় করতে পারেন নি। সেখানে ডেভেলপমেন্ট ওয়াজ স্টাগারিং, আপনারা পুরো টাকা ব্যায় করতে পারেন নি। রায়টের ব্যাপারে যে পুলিশ কথা বলেছি তদন্তের জন্য সেটা একটু দেখবেন। কাটরার কথা আগেই বলেছি, এই বিষয়ে আর আমি বেশি কিছু বলতে চাই না, এটা একটা ভীষণ সেনসেটিভ ইসু। নেক্সট স্যার, সরকার চালাতে গেলে ট্যাক্স

করতে হয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে চিঠি লিখেছিলাম আমাদের আর ক্যালকাটা গেজেট দেওয়া হয় না, এম.এল.এ'স আর নট বিইং সার্ভড উইথ ক্যালকাটা গেজেট। গভর্নমেন্ট কি আইন করছেন সেটা আমরা জানতে পারি না। কাগজ দেখে জানতে পারলাম বাই অর্ডিনান্স আপনি কিছু বাড়াচ্ছেন। স্টেট ইলেক্ট্রিসিটি ডিউটিজ বাড়াচ্ছেন, সিনেমার টিকিটের হার বাড়াচ্ছেন, এক্সাসাইজ রিকাস্ট করছেন। সেসের ব্যাপারে তো আপনি একটা দ্বন্দ্ব লাগিয়ে দিয়েছেন। আমি আপনার কাছে সরাসরি তিনটি প্রশ্ন করতে চাই। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাডমিনিস্টার্ড প্রাইজ বাড়ালে বা অর্ডিনান্স করলে আপনারা ভারত বন্ধ, বাংলা বন্ধ ডেকে দেন।

[12-50 — 1-00 p.m.]

একই পদ্ধতি আপনি যদি নেন তাহলে এটা কি সেল্ফ কন্ট্রাডিকটরি হচ্ছে না? আপনি গভর্নমেন্ট অব ইন্ডিয়াকে নিন্দা করছেন বাংলা বন্ধ ডাকছেন, ভারত বন্ধ ডাকছেন। আপনি একই পদ্ধতিতে গেলেন। তাহলে আপনি বলুন, আপনার আগের কাজ অন্যায় হয়েছে। ইউ অ্যাপোলোজাইস টু দি নেশান। ইউ মাস্ট অ্যাপোলোজাইস টু দি নেশান, আপনি যে কাজ করেছেন সেই কাজের জন্য নেকস্ট, কোল ইন্ডিয়ার কথা ধরুন। আমি এই ব্যাপারে বলেছিলাম, মাননীয় জ্যোতিবাবু, আপনাকেও বলেছিলাম যে কোল ইন্ডিয়া বিদেশের নয়, আমেরিকার নয়। এটা মাদাগাস্কারের নয়। এটা ভারতের, ভারত সরকারের। এটা নিয়ে অ্যামিকেবলি বসা যায় না? কাউন্টার ক্লেম, ক্লেম ক্লেম আপনি দিয়ে দিলেন, যেন কবির লড়াই। আপনি ঘুমানোর দল, আর আরেকজন লম্বাধর ঠাকুর। এ কি আরম্ভ করেছেন আপনারা? হোয়াই হ্যাভ ইউ ব্রট দি অ্যাডমিনিস্ট্রেশন টু সাচ এ লো লেভেল? এটা টেস্টের প্রশ্ন। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী রাজ্যপালের ভাষণে যদি কেন্দ্র বিরোধী অনুচ্ছেদ অনুক্ত রাখেন আপনি ঝগড়া করাটা বন্ধ রাখতে পারলেন না? সেটা করলেনই যদি, হোয়াই নট সাইলেন্টলি? প্রেসে হৈচৈ করা এটা কি ভাল রুচির পরিচয়? কেন্দ্রের সঙ্গে একটা ফেডারেটিং ইউনিটের ঝগড়া লেগে গিয়েছে। তারপরে নাকি আপনি ফ্রিজ করবেন, আর ওরা ৭ লক্ষ মানুষ এনে এখানে হামলা করবে দিস ইজ এ ব্যাড টেস্ট। শুভবুদ্ধি হয়েছে মাননীয় মুখ্যমন্ত্রীর। আমি আপনাকে সরাসরি প্রশ্ন করতে চাই, হোয়াট ওয়াজ দি পারপাজ অব কোল ট্যাকসেশন? সেস-টা কি পারপাজে ছিল? অবজেক্টস অ্যান্ড রিজনসে আপনি বলেন নি যে কোলে সেস ইম্পোজ করা হচ্ছে। এখানে রিহ্যাবিলিটেশনের জন্য, ডেভেলপমেন্টের জন্য, ক্রিটিক্যাল ইম্প্রুভমেন্টের জন্য আপনি বলেছেন বছরের পর বছর ৩০০ কোটি টাকা হয়েছে, যেখানে আপনি ২০০ কোটি টাকা পেয়েছেন। আজকে ২০০ কোটি টাকা যদি পান, তিন হাজার কোটি টাকা ১৫ বছরে যা পেয়েছেন, তার কত টাকা বর্ধমানের জন্য খরচ করেছেন? কয়লা খনি অঞ্চলের মানুষের জন্য কত টাকা খরচ করেছেন? আজকে ওখানকার মানুষ বিপন্ন। একটা জুডিশিয়াল এনকোয়ারি করা হোক। আমরা শুনেছি যে অনেক জায়গা বসে যাচ্ছে। ইউ হ্যাভ ভায়োলেটেড দি সোলেম প্লেজ হুইচ ইউ হ্যাভ কাম টু দি হাউস বাই ওয়ে অব লেজিসলেশন। অবজেক্টস অ্যান্ড রিজনসে আপনি যেটা বলেছেন, আজকে এরজন্য জবাব দিতে হবে না? বিচার হবে না আপনার? মাননীয় মুখ্যমন্ত্রীর যদি সাহস থাকে তাহলে একটা ট্রাইব্যুনাল হোক, জুডিশিয়াল এনকোয়ারি হোক, আমরা তথ্য উপস্থাপিত করি। এই টাকা, সেসের টাকা, প্রাইমারি এডুকেশনের জন্য খরচ

হওয়ার কথা। হয়েছে কি কিছু? হয়নি। কারণ আপনার দেউলিয়াপনা। আপনাকে তো আরও যেতে হচ্ছে। আপনি পিয়ারলেসে গেছেন। আপনি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে গেছেন। এরপরে বাকি আছে কাবুলিওয়ালা। নেহাত আফগানিস্তানে গোলমাল, নাহলে এরপরে আপনাকে কাবুলিওয়ালার কাছে যেতে হত, আর কোনও উপায় থাকত না। আজকে এই অবস্থায় নিয়ে গেছেন। ইউ হ্যাভ টেকেন দি স্টেট এক্সচেকার টু সাচ এ হেনাস ব্যাংক্রাপ্সী যে আজকে মাইনে দেওয়ার ক্ষমতা পর্যন্ত থাকছে না। আজকে কাগজে যা দেখছি তাতে আমরা আতঙ্কিত, সেখানে আমি পরে আসছি। আপনি গেলবার বলেছিলেন ১৪৮৬ কোটি টাকার প্লানের কথা। আমরা পরিকল্পিত অর্থনীতির মাধ্যমে আমাদের দারিদ্র দূর করতে যাচ্ছি, ডেভেলপমেন্ট করতে চাই গ্রোথকে অ্যাসিওর করতে চাই। আজকে সেখানে গেল বছরে ১৪৮৬ কোটি টাকার মধ্যে বলেছেন অ্যাকচুয়ালি খরচ করেছেন ৯১২ কোটি টাকা। আসলে ৯০৫ কোটি টাকার বেশি খরচ করেন নি। এবারে ১৫০১ কোটি টাকা, এই সেকেন্ড ইয়ার অব দি এইট্থ প্লানে খরচ করবেন বলে পরিকল্পনা নিয়েছেন। গতবারে প্রস্তাব রেখেছিলেন, আমরা সবাই ধাই ধাই করে আপনার বাজেটকে প্রেইজ করেছিলাম। আজকে ১লা মার্চ। ৮০০ কোটি টাকা আপনি ব্যয় করতে পারেন নি, কাগজে প্রকাশিত এই খবরে আমরা আতঙ্কিত। তাহলে কি গ্রোথ এখানে থেমে যাবে? কমিটমেন্ট অব দি সেভেন্থ প্লান যেটা, সেটার জন্য তো ৮০০ কোটি টাকা যাচ্ছে না। তাহলে কি হবে? এ কি আপনাদের ষড়যন্ত্র যে এখানে বেকারি বাড়ুক? এখানে আধুনিকীকরণ পিছিয়ে পড়ুক? এখানে গ্রোথ এবং ডেভেলপমেন্ট এই দুটোকে আপনারা গুলিয়ে দিচ্ছেন। গ্রোথ যদি না হয় তাহলে ডেভেলপমেন্ট হবে কি করে? আজকে এই যে ব্যাংক্রাপ্সীতে নিয়ে গেছেন, এর কৈফিয়ত তো আপনাকে দিতে হবে। এটা যদি আপনি না দেন তাহলে তো আপনাদের বিচার হওয়া উচিত বলে আমি মনেকরি। আপনারা বলেন, এই তো আমাদের ভোট দিয়ে যাচ্ছে। ভোট তো আপনাদের দেয় পুলিশ আর সমাজবিরোধীরা। মানুষ তো ভোট দিতে পারে না, দিতে পারলে কি দশা হত তা আমরা দেখেছি। আজকে এগ্রিকালচারের কথা বলেছেন। জ্যোতিবাবু, আপনার এগ্রিকালচার মিনিস্টার আছেন। সারা ভারতবর্ষে এগ্রিকালচারের চিত্রটা আমরা দেখাতে পারি। এখানে এগ্রিকালচারের প্রোডাকটিভিটি বাড়েনি। আপনি দাবি করেছেন রাইস প্রোডিউসিংয়ে লার্জেস্ট। ইয়েস, কিন্তু অন্য রাজ্যের প্রোডাকটিভিটি দেখুন। তামিলনাড়ুতে ৩০.৯। আর এখানে ১৬.৫।

[1-00 — 1-10 p.m.]

আপনার এই প্রোডাকটিভিটি ইন কম্পারাইজেশন টু পাঞ্জাব অ্যান্ড তামিলনাড়ু আপনি প্রোডাকশন বাড়াতে পারেন নি। হাফ প্রোডাকটিভিটিও বাড়াতে পারেন নি। ইরিগেশন বা ইনপুটসের ক্ষেত্রে কিছু উন্নতি করতে পারেন নি। মাইনর ইরিগেশনের ক্ষেত্রে কি করতে পেরেছেন, কিছুই করতে পারেন নি। আজকে এর জবাব মাইনর ইরিগেশনের মন্ত্রীকে দিতে হবে। আমাদের এগ্রিকালচারের প্রোডাকশন বাড়ছে না। ফলে প্রতিমাসেই খাদ্যমন্ত্রীকে ১ লক্ষ গম এবং ১ লক্ষ চালের জন্য বাইরের রাজ্যের কাছে হাত পাততে হচ্ছে। এত অর্থ দিয়ে খাদ্য কিনতে হচ্ছে। সেখানে যদি এগ্রিকালচার প্রোডাকটিভিটি বাড়াতে পারেন তাহলে বাংলার চাষিরা এইসব ফসল ফলাতে পারত এবং অন্য রাষ্ট্রের কাছ থেকে ধার করে আনতে হত না। আজকে যদি পাঞ্জাবের মতো ছোট রাষ্ট্র চাল, গম ইত্যাদি উৎপাদন করতে পারে তাহলে

আমরা কেন পারব না? আজকে যদি প্রোডাকশন ইন পয়েন্ট অফ হুইট সীড করা হয় তাহলে গত উৎপাদনের ক্ষেত্রে আমরা এতো পিছিয়ে থাকতাম না। গত উৎপাদনের ক্ষেত্রে আমরা একেবারে জিরোতে আছি। সুতরাং আমাদের বলতেই হবে যে, এগ্রিকালচারের ক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। একমাত্র রাইস প্রোডাকশন ছাড়া অন্য কোনও এগ্রিকালচার প্রোডাকটিভিটি বাড়ে নি। শুধু তাই নয়, এগ্রিকালচার গ্রস ডোমেসটিক প্রোডাক্টও কমেছে। পাঞ্জাব একটা ছোট রাজ্য হয়েও প্রচুর উৎপাদন হয় সেখানে, ওখানকার জনবসতি আমাদের চেয়ে ১০ পারসেন্ট কম হয়েও আমাদের থেকে অনেক বেশি উৎপাদন হয়। সুতরাং আমাদের এখানকার পার ক্যাপিটা প্রোডাক্ট যেখানে এত কম সেখানে কি করে মানুষ উৎসাহ পাবে। আমাদের এখানে পার ক্যাপিটা ডোমেসটিক প্রোডাক্ট হচ্ছে ৩,৪২৩, সেখানে মহারাষ্ট্রে পার ক্যাপিটা ডোমেসটিক প্রোডাক্ট ৫,৩৬৩। অর্থাৎ পিপল বিলো পভার্টি লাইন সুতরাং আমরা তলায় থাকবো না? পিপল বিলো পভার্টি লাইন মানে পার ক্যাপিটা ডোমেসটিক প্রোডাক্ট খুবই কম। আজকে এর পরেও কারা শিল্প করতে আসবে বা কারা কারখানা করতে আসবে? বার বার এইকথা আমরা তুলে ধরেছি যে আমাদের এখানে স্টেট ডোমেসটিক প্রোডাক্ট, ওয়েস্ট বেঙ্গলে খুবই কম, যথা ২২ হাজার, সেখানে মহারাষ্ট্রে ৩৮ হাজার ৯০০। সুতরাং এই অবস্থা কোনও শিল্পপতি শিল্প করার জন্য লগ্নী দেবেন? একবার কেরালাতে সি পি এম সরকার হয়েছিল, সেখানের সরকার শিল্প করতে শিল্পপতিদের আহ্বান করেছিল এবং সেই আহ্বানে শিল্পপতিরা সাড়াও দিয়েছিল। কিন্তু এখানেও বামফ্রন্ট সরকার শিল্পপতিদের আহ্বান করেছিল সাড়া পায় নি। ইন্ডাস্ট্রি তো শুধু ইন্ডাস্ট্রিয়াল ফেক্টরের উপরে নির্ভর করে না। এই বিষয়ে একটি কাগজ লিখেছে "When the CPI(M)-led government in Kerala sought to attract industry to that State, it did not find big business unwilling to listen. On the other hand, business interests were not disposed to take seriously similar pleas from the CPI(M) ministers in West Bengal who were clearly encouraging conditions of disorder and terror most uncongenial to entrepreneurs." আজকে তো মাননীয় মুখ্যমন্ত্রী ১৬ বছর ধরে মুখ্যমন্ত্রী রয়ে গেছেন। তিনি বিগেস্ট টার্মে রয়ে গেছেন, ডাঃ রায়কেও স্পয়েল করে দিয়েছেন। কিন্তু রাজ্যের কতটা গ্রোথ বাড়াতে পেরেছেন? গোটা রাজ্যটাকে তো ভিক্ষুকে পরিণত করে দিয়েছেন। আপনাদের জানা দরকার যে, ইন্ডাস্ট্রি শুধু ইকোনমিক্যাল ডেভেলপমেন্টের উপরে নির্ভর করে না। এখানে একটা কাগজে লিখেছে "It is by now very well understood that economic development depends on much more than economic factors. It depends on cultural values, on social structure and social forces, and on political climate. (The relations are extra ordinarily complex and it is doubtful if their full character has yet been mapped. Those who argue that traditional Hindu values, extremes of social in equality and political frustrutions are obviously and in every respect obstacles to economic growth in India are by no means having things all their own way). It depends in some, though perhaps limited, degree on the system of government administration. Since development rests so largely on government initiative, control and even management, the administrative machinery is called

to new tasks. আপনারা তো খুব সেকুলারেজিমের কথা বলেন দেশের কতটা উন্নতি হয়েছে? আজকে কিন্তু এখানে ইন্ডাস্ট্রি গ্রো করছে না। আর করছে না বলেই আপনি বার বার হলদিয়াকে দেখাচ্ছেন। কিন্তু হলদিয়া থেকে তো টাটারা চলে যাচ্ছে, একবার শুনলাম যে গোয়েঙ্কারা হলদিয়ার ব্যাপারে আসছেন। কিন্তু এখন আবার অনিশ্চয়তা দেখা যাচ্ছে। আপনারা ১৬ বছর ধরে এখানে আছেন, কিন্তু এখনো পর্যন্ত হলদিয়ার কিছু হল না। ১৯৮৯ সালে রাজীব গান্ধী দৌড়ে এসে হলদিয়ার ভিত্তি প্রস্তর স্থাপন করে গিয়েছিলেন। তারপর কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার এসেছিল, তখন তারা কিন্তু হলদিয়ার ব্যাপারে কিছুই করেনি। আজকে জুট ইন্ডাস্ট্রির অবস্থাটা কি আপনি দেখুন। আজকে জুট গ্রোয়ারসরা ৬০০ টাকার পাট ৩০০ টাকায় বিক্রি করছেন, এতে শ্রমিকরা এফেকটেড হচ্ছে। জুট ইন্ডাস্ট্রির কোনও মডার্নাইজেশনের ব্যবস্থা আপনারা করেননি। আমি ট্রেড ইউনিয়ন করিনা, তবে শুনতে পাই যে সরকার শ্রমিকদের ১১০ কোটি টাকা প্রভিডেন্ট ফান্ড জমা দেয়নি। আজকে আমরা যদি ধরেই নিই যে আমরা কিছুই করিনি, আপনারাই এসে সব করেছেন, তাহলে এই ১৬ বছরে কি একটা টেক অফ জায়গায় আপনাদের যাওয়া উচিত ছিল না? বক্রেশ্বর পাওয়ার প্ল্যান্ট সম্বন্ধে আমার জিজ্ঞাসা, এই বক্রেশ্বর করার রাজনৈতিক কোনও ইচ্ছা কি আপনাদের আছে? তবে আমাদের আশঙ্কা আপনারা বক্রেশ্বর করবেন না। বি.জে.পি. যেমন মসজিদ মন্দিরের কথা রেখে প্রচার করছেন, আপনারাও সেইরকম বক্রেশ্বর হলদিয়ার কথা রেখে প্রচার করছেন। আপনারা ওখানে ১২০ কোটি টাকা খরচ করেছেন এবং বাড়িঘর তৈরি করেছেন। আপনারা আপনাদের ক্যাডারদের রাখবার জন্য ঐ বাড়িঘর তৈরি করেছেন। মানুষকে বাঁচাবার জন্য আমরা রক্ত দিয়ে পারছি না, আর আপনারা রক্ত দিয়ে বক্রেশ্বর করছেন। এটা আপনারা খুব ভালো কাজ করেননি। আজকে আমরা যখন গ্রামে যাই তখন দেখি সেখানে শুধু অন্ধকার, সেখানে আলো থাকে না। আজকে কেন এই অন্ধকার? আজকে এই জিনিসটা তো আপনাকে দেখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে এখানকার ইন্ডাস্ট্রিগুলোর হাল কি দেখুন। আজকে এখানে ইন্ডাস্ট্রি সিকনেস হয়ে যাচ্ছে। এখানে বি.আই.এফ.আরের সাহায্য নিয়ে এখানে একটু চেষ্টা করুন। এখানে আপনি ন'হাজার অ্যাপয়েন্টমেন্ট যদি বছরে দেন তাহলে ৬০ লক্ষ বেকার কতদিনে চাকরি পাবে? আজকে বাংলার সিল্ক ও খাদি ইন্ডাস্ট্রিকে আপনি কোনও উন্নত করছেন না। খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিকে আপনি একটু উন্নত করুন। এখানে সেরামিক ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে, কিন্তু সেরামিক ইন্ডাস্ট্রিকে আপনি কি উন্নতি করেছেন? আজকে চামড়ার একটা বিরাট সম্ভাবনা আমাদের রাজ্যে আছে। আপনি এটাকে কতখানি অগ্রগতি করাতে পেরেছেন? আপনি কি দেখেছেন বর্ডার দিয়ে চামড়াগুলি অন্য জায়গায় চলে যাচ্ছে। কেন আপনি সেই সমস্ত চামড়া থেকে তৈরি ফিনিশড গুডস বাইরে পাঠাতে পারছেন না? আজকে এই সমস্ত জিনিসগুলো আমরা বার বার বলছি। আপনি একটা জিনিস বার বার বলেন, — ডাক্তার রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তো আপনি এখানে ছিলেন তাই বলেন, ডাক্তার রায় ইনিসিয়েটেড দি হিস্টোরিকাল রিভোলউশনারি অফ ল্যান্ড রিফর্ম ম্যানেজমেন্ট। ডাক্তার রায় স্টেট অ্যাকুইজিশন ল্যান্ড রিফর্মসের সেকেন্ড অ্যামেন্ডমেন্ট, সেভেন এ ফর্ম ইচ এভরিথিং, অ্যান্ড এভরি ক্যারেক্টার।

[1-10 — 1-20 p.m.]

এখানে কলকাতায় কেন হচ্ছে না? এই প্রোমোটার, ডেভেলপারসদের আজকে এখানে এত দাপট কেন? আপনাদের সঙ্গে বা আপনাদের পার্টির সঙ্গে প্রদীপ কুন্দলিয়া বা টোডিদের সম্পর্কে কি আমরা জানতে চাই। অনেকে আবার বলেন যে এই রায়টের সময় যে সমস্ত বাড়িঘর ভেঙে গেছে এতে প্রোমোটার এবং ডেভেলপারদের একটা হাত আছে। এর কোনও জবাব আপনাদের কাছে আছে কি? আজকে আরবান সিলিং সম্পর্কে আপনাদের জবাব কি সেটা আমরা জানতে চাই। আপনারা বলেছিলেন রিভিসন আনবেন। কেন আনলেন না সেটা? আজকে কেন ধরতে পারছেন না। আরবান সিলিং-এর ব্যাপারে আশা করি সেটা জানাবেন। আজকে ফ্যাক্টরির জমি পর্যন্ত বিক্রি হয়ে যাচ্ছে। কারা পজেশন নিচ্ছে, কারা এতে সন্তুষ্ট হচ্ছে এসব ব্যাপার কি দেখা হবে না? আজকে প্ল্যানিং হবে না কোনও? আর যে কথা আপনারা বলেছিলেন সেখানে ৯।। লক্ষ একর যদি আপনারা বিলি করে থাকেন ২০ লক্ষ মানুষের মধ্যে তাহলে তার ৭।। লক্ষ তো কংগ্রেসই বিলি করে গিয়েছিল আপটু ১৯৭৬/৭৭। আপনারা ঐ ভাঙা রেকর্ড এখনও বাজিয়ে চলেছেন যে ১ লক্ষ ৮১ হাজার একর জমি লিটিগেসানে আছে। তা যদি হয় তাহলে তো আরও এক লক্ষ একর আপনাদের হাতে আছে, সেটা কেন বিলি করছেন না? সি.পি.এমের তাঁবেদার কৃষক চাই বলে? আপনাদের পার্টিতে আর কেউ নাম লেখাতে আসছে না। গুলি করলেও আসবে না? এ পার্টি মরে গিয়েছে। গোটা বিশ্ব যদি কমিউনিজম, মার্কসিজম-এর মৃত্যু এসে থাকে তাহলে পশ্চিমবঙ্গে তা বেঁচে থাকবে এর কোনও যুক্তি নেই, এর পেছনে কোনও আগ্রহও নেই, কোনও রসদও নেই। তারপর যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, ল্যান্ডের সঙ্গে ইনপুটস দিচ্ছে কি? ১৯৭১ সালে এখানে যারা যারা ছোট চাষি তাদের চাষ করতে গেলে কত টাকা লাগবে সে ব্যাপারে আর.বি.আই-এর নেতৃত্বে একটি কমিটি হয়েছিল এবং তারা ঠিক করেছিলেন যে এরজন্য ৩শো কোটি টাকা দরকার অ্যাট দি প্রাইস লেভেল অব ১৯৭০/৭১ অর্থাৎ ৩০০ কোটি টাকার ইনপুটস চাই ক্ষুদ্র কৃষকদের জন্য। সেটা ছিল ১৯৭০/৭১ সালের কথা আর এটা হল ১৯৯৩ সাল, কাজেই হিসাবটা একবার করে দেখুন। এরজন্য এতদিন ধরে কি চেষ্টা হয়েছে সেটা আমরা জানতে চাই। যাদের ভেস্ট ল্যান্ড দিয়েছেন, যাদের নাম বর্গা রেকর্ড করিয়েছেন তাদের সার, উন্নতমানের বীজ, কীটনাশক কেনবার জন্য বা ট্রেনিং দেবার জন্য কোনও ব্যবস্থা করেছেন কি? কো-অপারেটিভের টাকা তো ফারমারসদের জন্য-স্মল ফারমারসদের জন্য। আজকে ফাইনান্স মিনিস্টার মাহিনা দিতে পারছেন না বলে ওখানকার টাকা আটকে রেখে দিয়েছেন ফলে স্মল ফারমাররা সেখানে টাকা পাচ্ছেন না। আজকে কি ব্যবস্থা হয়েছে মরিব্যান্ড কো-অপারেটিভগুলিকে দেখার জন্য। কো-অপারেটিভের আরও ব্যাপক ভূমিকা আছে। এক্ষেত্রে বেনফেড, কনজিউমারস কো-অপারেটিভ আছে। আজকে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য কনফেডের ভূমিকা কি? কত টাকা তাদের ট্রানজাকশন? টার্নওভার কত বছরে? কতগুলি ব্রাঞ্চ আছে? বেনফেড কত সার দিয়েছে এক একটা ডিস্ট্রিক্টে? ডিসট্রেস সেলকে ঠেকাবার জন্য এবং প্রাইসকে ধরে রাখার জন্য তাদের ভূমিকা কি? আলুর দাম কমে গেলে, পাটের বা ধানের দাম কমে গেলে বেনফেড তো সাপোর্ট প্রাইস নিয়ে এগিয়ে আসতে পারত। কেন আসে নি তার জবাব কি পাব না? তারপর এগ্রিকালচারাল মার্কেটিং বলে একটা আলাদা

*ডিপার্টমেন্ট আপনারা খুলেছেন আপনাদের মন্ত্রীদের রিহ্যাবিলিটেশনের জন্য। মন্ত্রীদের ডিপার্টমেন্ট* দেওয়া যাচ্ছে না অতএব আর একটা ডিপার্টমেন্ট বানিয়ে দাও। আমাদের কোনও আপত্তি নেই। আপনারা আরও ১০০ জন মন্ত্রী নিন ক্ষমতা যখন পেয়েছেন। কিন্তু এর ফাংশনটা কি? কেন আজকে এই এগ্রিকালচারাল মার্কেটিং ডিপার্টমেন্ট থাকতে চাষিরা আলুর ন্যায্য দাম পেল না? কেন চাষিরা ধানের, পাটের ন্যায্য দাম পেল না? সেখানে প্রাইস সাপোর্ট কেন দেওয়া হল না? যেখানে স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন আছে, সেন্ট্রাল ওয়ারহাউসিং কর্পোরেশন আছে, ন্যাশনালাইজড ব্যাঙ্কস আছে সেখানে কো-অর্ডিনেশন করে কৃষকদের ডিসট্রেস সেল থেকে বাঁচানোর চেষ্টা কেন হল না? এর কৈফিয়ত কি আমরা দাবি করতে পারি না বা এর জবাব কি আপনারা দেবেন না? তারপর হাউসিং-এর ব্যাপারে একটা সেক্টার আছে কো-অপারেটিভের। এখানে ফেল করেছে কো-অপারেটিভ ফারমিং। আজকে কো-অপারেটিভ করে মৎস্য চাষের কিছু উন্নতি করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু নলবন ফিশারিসের অবস্থাটা কি! সি.পি.এমের দাপট ছাড়া ফিশারি চলবে না। যাদের মাসল পাওয়ার, বন্দুক, পাইপগান আছে তাদের দ্বারা এটা চলবে, অন্যরা যেতে পারবে না। ঐ মেদিনীপুর এবং শঙ্করপুর ছাড়া আর কোথায় কি আছে আশা করি সেটা বলবেন। মৎস্যমন্ত্রী নাকি একটা পরিকল্পনা করেছেন এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক নাকি সাপোর্ট করেছে যে নদীতে মাছ ছাড়া হবে। এর তো কোনও হিসাব থাকছে না, কোনও অ্যাকাউন্টেবিলিটি থাকবে না। এরপর কি সমুদ্রে মাছ ছাড়বেন? নদী তো সমুদ্রে গিয়ে পড়ে, এরপর কি সমুদ্রে মাছ ছাড়া হবে? চুরির এতবড় রাস্তা পৃথিবীতে আর কি আছে? আজকে মৎস্যের যদি ওয়ার্ল্ড প্রডাকশন এখানে হয়ে থাকে, বেস্ট প্রডাকশন অব টেবিল ফিশ, তাহলে প্রাইসে তার প্রভাব পড়ছে না কেন? মাছের দাম বাজারে কমছে না কেন? সাপ্লাই বেড়েছে, তা তো দেখতে পাচ্ছি না? বরং আগে যে মাছ পেতাম এখন আর সেই মাছগুলো চোখে পড়ছে না। ইক্যুয়্যালি এই মাছের সঙ্গে আসে ফিশারির পর ফরেস্ট। আজকে উত্তরবঙ্গে তো ফরেস্ট সাফ হয়ে গেল, কজনকে চালান দিয়েছেন? কি রিইনফোর্সমেন্ট হয়েছে — ফরেস্ট গার্ড কি রিইনফোর্সমেন্ট হয়েছে? প্রোচারদের বিরুদ্ধে আপনারা কোনও ব্যবস্থা করেন নি। আপনার ইকলজিক্যাল ব্যালেন্স রাখতে গেলে ৩৩ পারসেন্ট ফরেস্ট চাই। আপনার ১৩ পারসেন্ট আছে। আপনি ১ পারসেন্ট বাড়াতে পেরেছেন। আজকে যেটুকু আছে তার এক্‌জিসটেন্স, সিকিউরিটি, প্রটেকশন আপনি তো দিতে পারছেন না! আপনাদের লোকগুলো চলে আসছে ফরেস্টে। আনঅথরাইজড কাটিং, আনঅথরাইজড ফেলিং অব ফরেস্ট, আনঅথরাইজড পোচিং, এই জিনিস চলছে। সুন্দরবনে যারা মধু সংগ্রহ করতে যায়, কিংবা কাঠ সংগ্রহ করতে যায় নিজেদের জীবন জীবিকার প্রয়োজনে, তাদের প্রটেকশন আপনারা সুনিশ্চিত করতে পারেন নি। আজকে স্যাংচুয়ারি হয়েছে, বার্ড স্যাংচুয়ারি, টাইগার স্যাংচুয়ারি। আজকে তাদের খাদ্যদ্রব্য কিংবা আর আর অত্যাচারের জন্য এরা গ্রামাঞ্চলে ঢুকে পড়ছে, জীবন নষ্ট করছে, তাদের পিটিয়ে মারছে। আপনাদের কোনও কো-অর্ডিনেশন নেই। সুমারি বোধ করি মনগড়া হয়। এই যে টাইগার সেনসাস, কিংবা আর আর সেনসাস করছেন, এইগুলো সব মনগড়া। আজকে এর সঙ্গে আসে এনভায়রনমেন্ট, ইকলজি। আজকে এনভায়রনমেন্ট দপ্তর যে কথা বলেছেন, তা বড় নিরুৎসাহ। আজকে নিরুৎসাহ, কি ব্যবস্থা নিয়েছেন? আজকে আমাদের এখানে রোজ পলিউশন হচ্ছে। এখানে মোটর গাড়ি থেকে পলিউশন হচ্ছে, ট্রান্সপোর্ট মিনিস্টার তার দায়িত্ব এড়াতে পারেন না। আজকে ইন্ডাস্ট্রি থেকে

ডিসচার্জ হয়ে ওয়াটার পলিউশন হচ্ছে। আজকে গঙ্গা পলিউশন হচ্ছে, তা পরিষ্কার করার কি ব্যবস্থা নিয়েছেন গঙ্গা অ্যাকশন প্ল্যানে? আজকে সেই কথা তো এখানে বলা নেই? কটাকে আপনারা পেনালাইজ করতে পেরেছেন, যারা ইকলজি এবং এনভায়রনমেন্টকে অমান্য করেছে? এখানে আপনাদের কি এক্সপার্টাইজ আছে, যারা প্রকৃত এনভায়রনমেন্টের পরিবর্তন দেখে উত্তর দেবেন মুখ্যমন্ত্রী এখানে আছেন, নেওড়াখোলা, কালিম্পং, আপনি খুলতে যাবেন। এটা তো কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছিল। আপনার কথায় ওটা যৌথ রেজলিউশন করে ওটা আজকে চালু হয়েছে। আজকে এই জাতীয় প্রকল্প আমরা সবাই আশা করি আরও বাড়বে। কিন্তু যেগুলোতে প্রকৃত পরিবেশ দূষিত হবে, জল দূষিত হবে, সেইগুলো আটকানো এবং পরীক্ষা নিরীক্ষা করে একটা সায়েন্টিফিক সিদ্ধান্ত নেওয়ার কি ব্যবস্থা এখানে আছে? এখানে কোনও ব্যবস্থা নেই। আজকে সব হুইমসের উপর চলছে। এক্সপার্ট নেই, পিপলের ইনভলভমেন্ট নেই, আজকে তার ফলে এখানে পরিবেশ দূষিত হয়ে চলেছে। আমি জানিনা আগামী প্রজন্মের কাছে আমরা কি জবাব দেব। এর নিট ফল কিন্তু ফিজিক্যাল ফিটনেস আমাদের বাঙালিদের ক্রমশ চলে যাচ্ছে। ফ্রম দি সিটি অব ক্যালকাটা ফিজিক্যাল ফিটনেস চলে যাচ্ছে। প্রমাণ রিক্রুটমেন্ট টু দি মিলিটারি, রিক্রুটমেন্ট টু দি প্যারা মিলিটারি, রিক্রুটমেন্ট টু দি পুলিশ। আজকে আমাদের ফিজিক্যাল ফিটনেস চলে যাচ্ছে। আমাদের অ্যাডমিশনের জন্য যে মেডিক্যাল টেস্ট দরকার সেটাও চলে যাচ্ছে। আজকে ফিটনেসের প্রশ্নে যদি আসি তাহলে একটা প্রশ্ন আমাদের সচরাচর এসে যায়, স্বাস্থ্য ব্যবস্থাটা কি এখানে — স্বাস্থ্যের তিনটে আসপেক্ট আছে, একটা প্রিভেনশন, একটা কিউরেটিভ এবং একটা ট্রেনিং, এডুকেশন। স্বাস্থ্য তো আজকে প্রায় চলে গেছে। হাসপাতালগুলো আজকে ডেন অব করাপশন, ডেন অব অ্যান্টি সোশ্যাল হয়ে গেছে। বারবার দেখেছি পেশেন্ট এবং ডাক্তারদের মধ্যে ক্ল্যাশ এবং ডাক্তারদের মধ্যে সংঘর্ষ। আগে তো ভুল করেছিলেন বেয়ার ফুটেড ডাক্তার করে, এখানে এটা চলে না। আমরা জানতে পেরেছি যে আপনাদের ৫০ পারসেন্ট হেলথ সেন্টারে এখনও পর্যন্ত ডাক্তার নেই। আমরা রেখেছিলাম রিজার্ভেশন ফর দি ভিলেজ। ডিস্ট্রিক্ট থেকে রিজার্ভেশন। মুখ্যমন্ত্রী দায়িত্ব নিয়ে আপনি সঙ্গে সঙ্গে, আমাদের দোষারোপ করে এই রিজার্ভেশনটা তুলে দিয়েছেন। আপনি রিজার্ভেশন তুলে দেবার ফলে ক্যালকাটা প্রেসিডেন্সীর ভালভাল ছাত্র এবং অন্যান্য ভাল ভাল কলেজের ভাল ভাল ছাত্র ছাত্রি মেডিক্যালে ভর্তি হয়। আপনি অবশ্য দয়া দাক্ষিণ্য করে ১০/১৫টা দেন। সেটা আপনার দয়ার উপর নির্ভর করে। আমি জানতে চাইছি এটা ম্যান করার কি উপায় আছে যে হাসপাতালগুলোতে এখনও ডাক্তার যায়নি? আজকে এদের সামনে কি ভবিষ্যৎ? রোগিদের সামনে ওষুধ নেই। আপনি আবার এখানে টাকা ইনট্রোডিউস করেছেন। টিকিট করতে গেলে এক টাকা দিতে হবে। বেডের ভাড়া ডবল দিতে হবে। নইলে সুপারিশ আনতে হবে। পিলার টু পোস্ট মানুষ ছোটাছুটি করছে। তারপরও সবচেয়ে মারাত্মক কথা, এখানে প্যারা মেডিক্যাল স্টাফের যে প্রোপোরশন দেবার কথা, আপনার এই ট্রেনিং ফেসিলিটিতে প্যারা মেডিক্যাল স্টাফ সেই অনুপাতে তৈরি হচ্ছে না। আজকে চিকিৎসা বিজ্ঞানের আধুনিকীকরণ হয়ে গেছে। অথচ এখানকার মানুষের চোখের অসুখ হলে দৌড়ে চলে যাচ্ছে মাদ্রাজের 'শঙ্কর নেত্রালয়ে'। এখানে চিকিৎসা হচ্ছে না। এখানকার হসপিটালে বাই-পাস সার্জারি হচ্ছে না, মানুষ চলে যাচ্ছে 'ভেলোরে'। এখানে আধুনিক মেশিন কেনা আছে, কিন্তু তা প্রয়োগ হচ্ছে না। এখানে কিছু কিছু প্রাইভেট ক্লিনিক

এবং নার্সিং হোম গড়ে উঠেছে। সেখানে যেটুকু চিকিৎসা পাওয়া যাচ্ছে সেটুকুও হেলথ সেন্টারে বা হাসপাতালে পাওয়া যাচ্ছে না। স্বাস্থ্য রক্ষার জন্য প্রথম প্রয়োজন জলের। অথচ এখনো এ রাজ্যে পাঁচ হাজার গ্রাম আছে যেখানে এই সরকার পানীয় জল সরবরাহ করতে পারে নি। আজকেই কাগজে দেখলাম পানীয় জল সরবরাহের টাকা দিয়ে অর্থমন্ত্রী কর্মচারিদের বেতন দিয়েছেন। সুতরাং পানীয় জলের ব্যবস্থা হয়নি এবং হবে না। গরিব মানুষ পানি খাবে, সেই পানীয় জলের ব্যবস্থা হচ্ছে না। গরিব মানুষের পানীয় জলের টাকা চলে গেছে বেতনে, এই জিনিস আমরা দেখছি!

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ভাবতে বলি, যদি শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ ইউনিভার্সিটি হতে পারে তাহলে কি ক্যালকাটা মেডিক্যাল কলেজকে কেন্দ্র করে ইউনিভার্সিটি গড়ে তোলা যায় না? আমি বার বার এ কথা বলছি। আমি মাত্র ৮৬ দিন স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী ছিলাম, আরও থাকতে পারলে অনেক দূর এগিয়ে নিয়ে যেতে পারতাম। এ রাজ্যে কি মেডিক্যাল ইউনিভার্সিটি করা যায় না? ক্যালকাটা ইউনিভার্সিটি, বর্ধমান ইউনিভার্সিটি, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি কেন মেডিক্যাল কলেজগুলিকে অ্যাডমিনিস্টার করবে? আলাদা যদি এগ্রিকালচারাল ইউনিভার্সিটি হতে পারে, শিবপুরে যদি আলাদা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি হতে পারে তাহলে আলাদা মেডিক্যাল ইউনিভার্সিটি কেন হবে না? মেডিক্যাল কলেজগুলিকে অবলম্বন করে কেন তা হবে না? যেখানে আমাদের রাজ্যের মেডিক্যাল ডিগ্রি হোল্ডারদের আগে ঘাড়ে করে অন্যত্র নিয়ে যাওয়া হত সেখানে আজকে আমাদের ডিগ্রি নট রেকগনাইজড বাই ইউ.কে.! আমাদের আজকে কি সান্ত্বনা আছে? সবচেয়ে দুঃখের কথা হচ্ছে, আজকে মেডিক্যাল এডুকেশনে দুর্নীতি প্রবেশ করেছে। পোস্ট-গ্রাজুয়েট এডুকেশন নেবার জন্য হাইকোর্ট করতে হচ্ছে। আমি ৩৩টা কেস জানি এম.ডি., এম.এস. করার জন্য হাইকোর্টের মাধ্যমে অ্যাডমিশন নিতে হয়েছে। আজকে অ্যাডমিনিস্ট্রেশনে নেপোটিজম কাজ করে, ফেয়ারনেস কাজ করে না, জাস্টিস কাজ করে না, মেরিট কাজ করে না, পরীক্ষার রেকর্ড কাজ করে না। আমি ৩৩টা কেস জানি, এখন হয়তো ১০০-র ওপর হয়ে গেছে, যারা হাইকোর্ট থেকে অ্যাডমিশন নিয়ে এসেছে।

আজকে নিরক্ষরতা দূরীকরণের কথা বলা হচ্ছে। ডঃ অশোক মিত্র-র নেতৃত্বে এই সরকার এডুকেশন কমিশন গঠন করেছিল। এডুকেশন কমিশন, তাদের সুপারিশ দিয়েছেন। সেই রিপোর্টে অনেকগুলি কথা আছে। প্রথমেই বলেছেন ৫ম শ্রেণী থেকে ইংরাজি শিক্ষা দিতে হবে। বলেছেন, বেশি করে সুপারভিসন করতে হবে। অথচ পরীক্ষার কথা সেখানে নেই! আমার মনে হয় অন্যান্য রাজ্যের প্রাথমিক শিক্ষার ব্যাপারটা দেখা দরকার।

[1-20 — 2-00 p.m.](including adjournment)

নিরক্ষরতা দূর করার ক্ষেত্রে পাঁচটি জেলার কথা বলা হয়েছে। আমি বিরোধী দলের নেতা হিসাবে দায়িত্ব নেবার পর ১০টি জেলা ঘুরেছি। আমার কাছে মানুষ নানান অভিযোগ নিয়ে এসেছে, আমি তাদের বলেছি, লিখে দিন। বহু মানুষই বলেছেন, 'বাবু, লেখাপড়া জানি না, শিখি নি।' বর্ধমান, বীরভূমের মতো জেলায় এই জিনিস দেখেছি। অথচ আপনারা বলছেন সেখানে আপনারা নিরক্ষরতা দূর করেছেন! আপনারা অসত্য কথা বলেছেন, না ওরা

অভিনয় করেছেন, জানি না! বয়স্ক শিক্ষা কার্যক্রমে যেখানে কেন্দ্র টাকা দিচ্ছে সেখানে দেখছি দুটো জেলার টাকা ফেরত চলে যাচ্ছে। আপনারা টাকার অপচয় করেছেন বলেই এই অবস্থার সৃষ্টি হয়েছে। আপনাদের ক্যাডাররা টাকার অপচয় করেছে। যারফলে সাউথ ২৪-পরগনায় টাকা আসে নি।

কলেজ এডুকেশন সম্বন্ধে এখানে কিছু কথা বলা হয়েছে। আমি একটা কথা সরাসরি রাখছি। ১০+২+৩; এটা নিয়ে নতুন করে একটু চিন্তা ভাবনা করা উচিত। আজকে যে মডার্ন ব্যবস্থা বেরিয়েছে তাতে নতুন চিন্তা ভাবনার প্রয়োজন। আজকে বি.এ. পাশ করতেই জীবনের ২০টা বছর চলে যাচ্ছে। তারপরেও জীবন-যুদ্ধের প্রতিযোগিতায় ৩০টা বছর চলে যাবার পরেও কোনও কাজ পাওয়া যায় না। এইরকম বেকার ভাল নয়, আজকে বেকার গ্র্যাজুয়েট কত আছে তার ঠিক নেই। স্যার, আশুতোষ মুখার্জি আরও আগে এটা নিয়ে চিন্তা করেছিলেন বাংলায় শিক্ষা বিস্তারের জন্য। আপনি সেগুলি নিয়ে একটু চিন্তা করবেন এবং একটু নরম অ্যাটিচিউড নেবেন। শিক্ষার কথা বলতে গেলে চুনি কোটালের কথা আসে, সে সম্বন্ধে আমার অন্যান্য বন্ধুরা বলবেন, এটার একটু প্রতিকার করা উচিত। পিছিয়ে পড়া মানুষগুলোকে দেখতে হবে, তারা যাতে তাদের আত্মমর্যাদা ফিরে পায় এবং আত্ম হননের পথে না যায়, তার একটু প্রতিকার করতে হবে। এই বার আমি আমার শেষ কথা বলছি, আপনি এখানে এস্টেট অ্যাকুইজিসন, ল্যান্ড রিফর্মস, ইনকাম স্যালব এইসব করেছেন কালকের বাজেটে, সব পার্সোনাল ক্যাপিট্যাল থাকবে না, আজকে স্টেট ক্যাপিটেলে এসেছেন, এডুকেশনের জন্য বরাদ্দ টাকা স্যালারি দিতে চলে যাচ্ছে। for setting up of buildings, hospitals and other equipments. আপনাদের সরকারকেই দায়িত্ব নিতে হবে। আপনি বলেছেন লোকালিটি দায়িত্ব নিক, ম্যানেজিং কমিটি তাদের রিসোর্স নেই, আজকে state happens to be a capitalist গ্রামাঞ্চলে আপনারা উদ্যোগ নিতে চলেছেন, যে কথা আপনাদের সহৃদয় ব্যক্তিরা বলেছেন যে ক্যাপিটাল সৃষ্টি হয়েছে সেটা শেষ কথা নয়, এরসঙ্গে বলছি টেকনিক্যাল এডুকেশন আজকে এই যে কমপিউটার এডুকেশনের যুগ, আজকে কমিশন বসিয়েছেন, কিন্তু টেকনিক্যাল এডুকেশনের জন্য কোনও Technical and computer education Comprchensive সুপারিশ রাখতে পারেন নি, সেটা দেখবেন বলে মনেকরি। ভাইস চ্যান্সেলরের ব্যাপারে সন্তোষ ভট্টাচার্যকে নাজে হাল করলেন। সব জায়গায় সি.পি.এমের ক্যাডার দিলেই খুব উচ্চ মানের মানুষ হয় না। শিক্ষাকে রাজনীতির উর্ধ্বে স্থাপনের জন্য অনুরোধ করছি, শিক্ষাবিদদের শিক্ষার দায়িত্ব দিন। ভাইসচ্যান্সেলরের সম্মান যাতে থাকে সেই দৃষ্টিভঙ্গি দরকার। নয়া শিক্ষার মান নেই, সেটা ভারতবর্ষের পক্ষে অগৌরবের বলে মনেকরি। তাদের নিজেদের মধ্যে কলহ চলছে ৬৫ হবে না ৬০ হবে এই নিয়ে বিরোধিতা চলছে, সেটা খোলাখুলি বলুন, এক বছর ধরে শিক্ষকেরা আন্দোলন করবেন? একটা নির্দিষ্ট সিদ্ধান্তে আসার প্রয়োজন বলে আমি মনেকরি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় গভর্নরের স্পীচে দেখলাম ৬৪ কিলোমিটার রাস্তা ভাল করা হবে। এই রাজ্য ভারতবর্ষের মধ্যে অন্যতম রাজ্য অশোক মিত্র কমিশন ২৭টায় একটা বলেছিলেন, আমি ২৫টায় একটা বলছি। আমি দেখছি বছর বছর বইটার পরিবর্তন যা হচ্ছে সেটা আমাদের দেখতে হবে। The Surface 26 thousand Km, non surface 32 thousend K.M. total 56 thousend. ক্যাডারদের খুশি করবার

জন্য এটা করা হয়েছে। আপনার যতখানি করার ক্ষমতা আছে ততটুকু করুন। ১৭৬টা কমপ্লিট করতে পারলেন না, শুরু করে দিলেন, কোনওটাই হচ্ছে না। আজকে বলছেন পঞ্চায়েত রাস্তা তৈরি করবেন, পঞ্চায়েত তো চুরি করে আপনার পার্টি ফান্ডে টাকা জমা দেবে। মেনটেনেনসের কোনও হিসাব নেই, তদারকির জন্য কোনও হিসেব নেই, বামফ্রন্টের ১৬ বছরের শাসনে কাহিল অবস্থা।

(লালবাতি)

আজকে পি.ডব্লিউ.ডির কথা বলেছি। একটা কথা আমি মুখ্যমন্ত্রীকে বলি, আপনি ওয়াকফের দায়িত্বে দিয়েছেন পশুপালন মন্ত্রীকে, কিন্তু তার দপ্তর থেকে শিশুরা দুধ পাচ্ছে না, শুনছি এখন থেকে যক্ষা রোগিরাও দুধ পাবে না, ডিম পাবে না। বিষয়টা ছেড়ে দিন, দপ্তরটাই তুলে দিন। আজকে ডাক্তার রায়ের স্বপ্নকে ভেঙে চুরমার করেছেন। আপনাদের কোনও জ্ঞান নেই, কিছুই করতে পারছেন না। আজকে তাকে ওয়াকফের দায়িত্ব দিয়েছেন. ওয়াকফের অনেক প্রপার্টি আছে এবং সেসব মিসইউজড হচ্ছে। এক্ষেত্রে অ্যামেন্ডমেন্টের কথা আপনি চিন্তা করবেন? এই ব্যাপারে বারবার বলেছি। আমি যখন প্রথম এম.এল.এ. হই ১৯৬৫তে তখন পাকিস্তান আক্রমণ করেছিল। সেই সময় এর অ্যামেন্ডমেন্ট কমিটি সিলেক্ট কমিটিতে চলে গিয়েছিল। ঐ ভদ্রলোক আজকে এখানে নেই। আপনি যদি এটা একটু চিন্তা করেন।

(লালবাতি)

আমি দীর্ঘ সময় নেব না, দুই-একটিকথাই কেবল আপনার সামনে বলতে চাই। আজকে ট্রান্সপোর্টের অবস্থা খারাপ। মাননীয় মুখ্যমন্ত্রী, উনি তো রাজ্যের জন্য কিছু করেন নি এবং ভবিষ্যতে করবেন বলেও এতে কোনও প্রতিশ্রুতি দেননি। তাহলে ওনার ৪৫ জনের মন্ত্রিসভা তো প্রায় বেকার। আজকে ওদের জন্য একটু সামান্য ভাবুন! বুদ্ধদেব বাবু এখানে রয়েছেন। অবশ্য ওর ওখানে টাকাটা বেশি খরচ করেন। এখানে বর্ধমানকে বার্ডোয়ান, মেদিনীপুরকে মিডনাপুর, কাঁথিকে কন্টাই, ডায়মন্ডহারবার প্রভৃতি কতগুলো ইংরাজি নাম আমাদের জীবনে এসে গেছে। আমরা দেখছি, বাংলায় একরকম রাখা হচ্ছে, আবার ইংরেজিতে আর একরকম রাখা হচ্ছে। আর পার্টিশনের প্রাককালে গঠিত পশ্চিমবঙ্গ পশ্চিমবঙ্গই আছে। এই নামগুলি ঠিক করবার ক্ষেত্রে সাহিত্যিক, হিস্টোরিয়ান ভূগোলবিদদের নিয়ে উদ্যোগ নেওয়া প্রয়োজন। ইউ.পি. এক্ষেত্রে উদ্যোগ নিয়ে করেছেন খানিকটা আমি শুনেছি। এর বাংলা নাম আমাদের এখানেও আসা উচিত। আর যদি ইংরাজিই গ্রহণ করেন তাহলে ইংরাজিই নিন। এটা আপনার কাছে একটা সাজেশন হিসাবে রাখছি। এই ইংরাজি নামগুলি রাখা হয়েছে। মেদিনীপুরকে মিডনাপুর, কাঁথিকে কন্টাই, বর্ধমানকে বার্ডোয়ান, শ্রীরামপুরকে সেরামপুর। আমরা বাংলাদেশের শ্রী হট্ট বলে যা ভূগোলে পড়তাম সেটা এখন ইংরাজিতে সিলেট হয়েছে। এই নামগুলো সম্বন্ধে একটা বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে উপযুক্তভাবে পরিবর্তনের বিষয়ে চিন্তা করবেন এই অনুরোধ করছি। আপনার কোনও কাজ নেই। এখানকার অর্থনীতিকে তো লাটেতুলে দিয়েছেন, বর্তমানে পশ্চিমবঙ্গে বেকার ৬০ লক্ষ। আপনারাও বেকার হয়ে যাবেন যদি এখানে ফেয়ার ভোট হয়। আজকে সময় এসেছে, গোটা ভারতবর্ষে একটা নতুন অর্থনীতি এসেছে। আজকে

৯০ কোটি ভারতবাসীর মনে, ৫০০ কোটি বিশ্ববাসীর মনে তাই সাড়া জেগেছে। আজকে এখানে এই নতুন অর্থনীতির সুযোগে উদ্যোগ নেওয়া হোক। ভারত আবার এগিয়ে যাবে, সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গও মানচিত্রে আবার জায়গা করে নেবে এবং নেতৃত্ব দেবে ভারতবর্ষকে। হোয়াট বেঙ্গল থিংস টুডে, ইন্ডিয়া থিংস টুমরো। না হলে, মুখ্যমন্ত্রী মহাশয়, ইতিহাসের কাছে আপনি অপরাধি হয়ে থাকবেন এবং এই অপরাধের বিচার হবে। ইতিহাস নির্মম মাস্টার। আপনি ১৬ বছর ধরে কাজে অবহেলা করেছেন। আপনার কার্যকাল আরও ৩।৪ বছর রয়েছে। কাজেই আপনার দায়িত্ব বুঝে নিয়ে সবাইকে সঙ্গে নিয়ে দলবাজির উর্ধ্বে উঠে এখন যে এভিনিউ খুলে গেছে কেন্দ্রীয় অর্থনীতি সংস্কারের ফলে তার সুযোগ নিয়ে বাংলাকে নব-বাংলা করবার চেষ্টা করুন। হিংসারাজ দূর হোক। বাংলা আবার ভারতবর্ষের মধ্যে জায়গা করে নিক এই আবেদন জানিয়ে সংকীর্ণতার উর্ধ্বে উঠে আজকে বিরোধী পক্ষের সাজেশনগুলি গ্রহণ করবার জন্য আপনার কাছে আবেদন রাখছি। আমাদের তরফ থেকে রাজ্যপালের ভাষণকে তো আমরা অস্বীকার করতে পারি না এবং ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকেও আমরা না করতে পারছি না কনস্টিটিউশনালি। আমাদের যে অ্যামেন্ডমেন্টগুলি দেওয়া হয়েছে তার প্রত্যেকটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**(এই সময় সভা বেলা ২টা পর্যন্ত মুলতুবি হয়ে যায়)**

(বিরতি সহ) [2-00 — 2-10 p.m.]

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের উপরে বিরোধী পক্ষের নেতা শ্রদ্ধেয় ডঃ জয়নাল আবেদিন বক্তৃতা করলেন। তার বক্তৃতার মধ্যে এবারে যে নুতনত্ব দেখলাম সেটা নিয়ে আমি শুরু করছি। ডঃ জয়নাল আবেদিন রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করেন নি। তা ছাড়া তার কথা শুনে যা মনে হয়েছে, সাধারণত বিরোধী পক্ষের বক্তৃতায় যে মনোভাব আসে তারা রাজ্য সরকারের বিরোধিতা করতে গিয়ে যে কথা বলেন সেটা মূলতঃ পশ্চিমবঙ্গের বিরোধিতা হয়ে যায়, কিন্তু এবারে সেটা আমরা লক্ষ্য করিনি। সেজন্য তার ভাষণকে প্রথমে ধন্যবাদ জানাচ্ছি। ওর বক্তৃতা উল্লেখ করার প্রয়োজনীয়তা এজন্য হচ্ছে যে এটা খুব সত্যি কথা আমরা যে রাজ্যে বাস করছি সেই রাজ্যের কতকগুলি জটিল সমস্যা রয়েছে। এই সমস্যাগুলিকে সমাধান করার জন্য এই রাজ্যে যে সরকার আছে তারা যে প্রক্রিয়া, পদ্ধতি, রীতিনীতি অবলম্বন করে চলেছেন সেগুলি নিয়ে আলাপ-আলোচনা করার প্রয়োজনীয়তা আছে। যেভাবে তারা বিচার-বিবেচনা করে ধারাগুলির পরিবর্তন আনছেন, সেগুলি নিয়ে আলোচনা করা উচিত। সেজন্য মূল বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে অনেক বক্তা বলেছেন যে আমাদের রাজ্যের একটা বৈশিষ্ট আছে নানা কারণে, ঐতিহাসিক কারণে। আর আমাদের বর্তমান যে সরকার আছে বামপন্থীদের দ্বারা পরিচালিত, তাদের একটা নীতি আছে। সেই নীতির উপর ভিত্তি করে চলার একটা বৈশিষ্ট আছে একটা পথ আছে। যেটা তারা করতে চান সেই কাজের গতি এবং সেটা সম্পর্কে তাদের ধারাবাহিক নিষ্ঠা এবং প্রচেষ্টা এবং তার ভিত্তিতে এটাকে বিচার করা উচিত। যেটা একটা রাজ্য করতে পারেন সেটাই তার কাছে প্রত্যাশা করা উচিত। কিন্তু রাজ্য সরকারের যে ক্ষমতা আছে তার থেকে বেশি তার কাছে আশা করা, বেশি দায়িত্ব চাপিয়ে

দিয়ে কোনও লাভ নেই। অল্প কথায় বলি। আমাদের দেশটা কি অবস্থায় আছে সেকথা এখানে বলতে হচ্ছে। আমাদের দেশের রাজ্যগুলি যেভাবে চলে তাতে আমরা সকলে জানি যে প্রধানত এই রাজ্যগুলির যে আর্থিক সংস্থান, এটাকে রাজ্য সরকারের কোনও ক্ষমতা নেই যে তারা পুরোপুরি সেটা সংগ্রহ করতে পারে। কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকার তার রেল বাজেট এবং বাজেটে পরপর কতকগুলি পদক্ষেপ নিয়েছেন। আমি তার খুটিনাটির মধ্যে যাবনা। তার আলোচনা ভবিষ্যতে হবে, বিশেষজ্ঞরা আছেন, তারা বলবেন, বিরোধী পক্ষ আছে তারা বলবেন। কিন্তু সাধারণ বাজেট, রেল বাজেট এবং তার মধ্যে দিয়ে প্রশাসনিক পদক্ষেপ এই ৩টি মিলিয়ে আমরা কি দেখছি? আমরা দেখছি যে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার যেভাবে এই বাজেটের বিষয়টাকে গ্রহণ করেছেন তাতে আমাদের বাজেট সম্পর্কে এতদিন যে ধারণা ছিল সেটা একেবারে পাল্টে যাচ্ছে। অর্থাৎ সারা বছরের এই ধরনের হিসাব-নিকাশ করা হচ্ছে, এস্টিমেটস করা হচ্ছে। এটাকে ভিত্তি করে চলতে হবে। এই যে বাজেট সম্পর্কে যে প্রস্তাব, বাজেট সম্পর্কে যে ধারণা এই ধারণাটা পাল্টে গিয়েছে। বলা হচ্ছে আপাতত এই বাজেট দেওয়া হল। বাজেটের আগে সরকার যে আয় সংগ্রহ করবার চেষ্টা করলেন তা হল ১৮৪৮ কোটি টাকা রেল বাজেটের মাধ্যমে এবং ১১০০ কোটি টাকা দ্রব্যমূল্য বৃদ্ধির মাধ্যমে। তারপর সাধারণ বাজেট পেশ করা হল এবং তাতে কর ছাড় দেওয়া হল। অর্থাৎ বাজেটের আগে প্রায় ৩০০০ কোটি টাকা সংগ্রহ করে কর ছাড় দেওয়া হল। কেন্দ্রীয় সরকারের যিনি অর্থমন্ত্রী তার এই বাজেট বক্তব্যে আছে, তিনি বলেছেন আপাতত এই বাজেট প্রস্তাব করছি, আবার আপনাদের কাছে আসতে হতে পারে। সেখানে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার এবার যে রিভাইজড বাজেট দিয়েছেন তাতে পরিকল্পনা বহির্ভুত ব্যয়-পরিকল্পনা ব্যয় বাদ দিচ্ছি সেখানে তিনি এস্টিমেটস বাড়িয়েছেন এবং আরও বাড়বে ইঙ্গিত রয়েছে। এই বাজেটে ভালরকম ঘাটতি আছে। যে সংখ্যা তথ্য দেখানো হয়েছে যে ৭০০০ কোটি টাকা ঘাটতি হবে তা নয়, তার চেয়ে বেশি ঘাটতি হবে, প্রায় ১১০০০ কোটি টাকা ঘাটতি হবে। কেন্দ্রীয় সরকারের বাজেট স্পীচে রয়েছে বাকি কাজটা করতে হবে রাজ্য সরকারকে। আমাদের বক্তব্য হচ্ছে এখন থেকে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন তাতে সমস্যার জটিলতায় হস্তক্ষেপ করা হয়নি। দেশের জন্য সাধারণকে সাহায্য এবং সুযোগ সুবিধা দিতে হবে রাজ্য সরকারকে। রাজ্য সরকারকে আরও ট্যাক্স বাড়ানোর দিকে যেতে হবে, আরও সম্পদ সংগ্রহের দিকে যেতে হবে। ওনারা সমস্যার জটিলতার দিকে গেলেন, সেখানে কোনও হস্তক্ষেপ করলেন না, সেটা আমাদের রাজ্য সরকারকে দেখতে হবে। আমি শুধু পশ্চিমবাংলার কথা বলছি না, অন্য রাজ্যগুলোকে একইভাবে দেখতে হবে। আমরা পশ্চিমবাংলায় আছি, সেইজন্য আমাদের দেখতে হবে। এটা ধারাবাহিক ভাবে চলছে। এখানে অনেক কথা আলোচনা হয়েছে। এবারে রেল বাজেটে দেখলাম ১৮৪৮ কোটি টাকা বাড়তি আদায় করার ব্যবস্থা করা হয়েছে। এটা রাজ্যের একটা বড় সমস্যা। অথচ রাজ্য সম্পর্কে কোনও একটা প্রকল্প নেই। এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। আমি এবারে একটু অন্য রাজ্যের কথা বলি। ভারতবর্ষের মধ্যে সম্পদশালি রাজ্য, একেবারে জাতীয় আয় থেকে আরম্ভ করে সমস্ত দিকে র‍্যাকিং-এর দিকে থেকে মহারাষ্ট্র প্রথম এবং দ্বিতীয় চলে আসছে পাঞ্জাব। এই মহারাষ্ট্র নিয়ে জয়নাল আবেদিন সাহেব অনেক প্রশংসা করছেন। আমরা মহারাষ্ট্রের থেকে একটু পেছিয়ে আছি। এই মহারাষ্ট্র সম্প্রতি ভারতবর্ষকে কি উপহার দিল?

সম্প্রতি উপহার দিল ১২০০ কোটি টাকা ভারতবর্ষের এক্সচেকার থেকে চলে গেল এবং সেটা ভারতবর্ষের ক্ষতি হল। তারপর রপ্তানি যে ভারতবর্ষের প্রাণ বায়ু বলে বলা হয় সেখানে ৩০০ কোটি টাকার মার খেল। ১০ দিনের দাঙ্গায় সমস্ত ক্ষতি হয়ে গেল। তারপরের হিসাব এখনো করা হয়নি কত ক্ষতি হবে। বিমা কোম্পানিগুলি সেই হিসাব করতে বসেছে কত ক্ষতি হবে। এটা একটা অন্যরকম রাজ্য। এখানে কিছুটা শুরু হয়েছিল, কয়েক দিনের মধ্যেই মানুষ সেটাকে বন্ধ করে দিল। ভারতবর্ষ বৃহত দেশ, সাম্প্রদায়িক শক্তি তাকে ভাগ করার চেষ্টা চালাচ্ছে। আমরা এখানে তা হতে দেব না।

[2-10 — 2-20 p.m.]

এটা এখানে সম্ভব। এটা এখানে কেন সম্ভব? এটা সম্ভব হয়েছে কয়েকটি কারণে। একটি কারণ হচ্ছে যে, এই রাজ্যের যে মানুষ সেই মানুষ ধারাবাহিক ভাবে কতকগুলো আন্দোলন এবং সংগ্রামের সাথে পরিচিত। এখানে সাম্প্রদায়িকতা বা বিচ্ছিন্নতাবাদ মাথাচাড়া দিতে পারে না, তার কারণ হচ্ছে আমাদের রাজ্যে ধারাবাহিক ভাবে আন্দোলন হচ্ছে। আমাদের রাজ্যই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে নেতৃত্বে রয়েছে বামপন্থীরা। যারফলে মুসলিম পার্সোন্যাল ল্য যখন পাস করা হল, তখন সুপ্রিম কোর্টের রায়কে বাতিল করার জন্য এই রাজ্য থেকে আমরা বিরোধিতা করেছি। এটাই একমাত্র রাজ্য সারা দেশের মধ্যে যেখানে সতীদাহ করল এক জায়গায়, তার বিরুদ্ধে বিরোধিতা করেছি একমাত্র আমরা। এটাই একমাত্র রাজ্য, আমাদের দেশের মধ্যে যেখানে যেখানে সাম্প্রদায়িক উত্তেজনা ছড়াবার চেষ্টা করা হয়েছে, তার বিরুদ্ধে বিরোধিতা করেছে এই রাজ্য। গত ৬ই ডিসেম্বরের পরে ভারতবর্ষের মধ্যে, আমাদের ধর্মনিরপেক্ষতার যে নীতি সেই অনুযায়ী এটাই একমাত্র রাজ্য যেখানে সবথেকে বেশি মানুষকে জমায়েত করেছে। এখানে সর্বস্তরের মানুষ, বিশেষ করে গ্রামের মানুষ এবং সর্বস্তরের মানুষের তাদের যে নির্বাচিত সংগঠন আছে সবাই মিলে সমস্ত এলাকায় কি করে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা যায় তারজন্য যে দায়িত্ব পালন করা উচিত তা তারা পালন করেছেন। এটা কি কেউ অস্বীকার করতে পারেন যে আর কোনও রাজ্যে সর্বাধিক মানুষ জমায়েত হয়েছে? গোটা দেশের মধ্যে যে রাজ্যে সর্বাধিক মানুষ জমায়েত হয়েছে সেই রাজ্য হচ্ছে এই পশ্চিমবঙ্গ। এই রাজ্যে একটা সময়ে যারা সেকিউলারিজিমের কথা বলতেন, তারা কি মানুষের কাছে সত্যিকারের ইতিহাসের কথা তুলে ধরেছেন? ইতিহাসবিদদের তারা আচার্য উপাধি দিতে পারেন, কিন্তু সত্যিকারের ইতিহাসকে মানুষের কাছে তুলে ধরার কাজ আমরা আগেই শুরু করেছি। আমরা শুরু করেছি যে কিভাবে ইতিহাস পড়াতে হবে। ভারতবর্ষের ইতিহাস বাংলার ইতিহাস, একটা জেলার ইতিহাস নয়। মানব ইতিহাসের সঙ্গে মিলিয়ে এই ইতিহাস বোঝাতে হবে। তখনকার সংবাদগুলো সত্যিকারের সংবাদগুলো খুঁজে দেখলে দেখবেন, আজকে যারা বিরোধীপক্ষে আছেন তারা সেদিন কি ভূমিকা পালন করেছেন। সেজন্য আমরা যেটা করেছি এটা হচ্ছে ইতিবাচক দিক। এবারে আমি আর্থিক দিকের কথায় আসি। ফিনান্সিয়াল অর্গানাইজেশন যেগুলো আছে, সব প্রতিষ্ঠানগুলো মিলে ১৯৯১ সালে বিভিন্ন রাজ্যে যা বিনিয়োগ করেছেন, সমগ্র বিনিয়োগের শতকরা দশ ভাগের বেশি দিয়েছেন দুটি রাজ্যে এবং সেই দুটি রাজ্যের ভীষণ উন্নতি হয়েছে — তার একটির নাম হচ্ছে মহারাষ্ট্র, অপরটির নাম হচ্ছে গুজরাট। দাঙ্গার ফলে যখন ভারতবর্ষ গোটা থাকবে, না ভেঙে টুকরো টুকরো হয়ে

যাবে, তখন ঐ দুটি রাজ্যে দাঙ্গার ফলে গোটা দেশকেই ভাবিয়ে তুলেছিল যে, মানুষের মধ্যে সম্প্রীতি থাকবে কি থাকবে না। সেজন্য এটা বলতে হয় যে অঙ্কের হিসাবে, অর্থনীতির হিসাবে গোটা দেশের কল্যাণ নির্ণয় করা যায় না। এটা মুখের কথায় হয়না। তা যদি হত, তাহলে উত্তরপ্রদেশে যেটা হল সেটা মুখের কথায় বন্ধ করে দিতে পারতেন। এটা করতে গেলে যেটা দরকার তা হচ্ছে শক্তি, মানুষকে সঙ্গে নিতে হয়। এটা এমন একটা রাজ্য, যেখানে এই রাজ্য সরকার যদি বলেন, আসুন, সবাই মিলে আমরা সাক্ষরতার আন্দোলন করি, তাহলে দেখা যায় দলে দলে লোক আসে। এই আন্দোলনে এমনকি ওরাও এসেছেন, ওদের লোকেরাও যোগ দিয়েছেন। সেজন্য এই আন্দোলনটা আমরা করতে পারি যে কারণে সেটা হল কোনও একটা জায়গায় মানুষের সাথে আমাদের যোগসূত্র আছে। এটা বুঝতে হবে। এটা ওরা যদি বুঝতে চান তাহলে ভাল কথা, আর যদি না বুঝতে চান তাহলে আমাদের অন্য লোককে বোঝাতে হবে। আমাদের রাজ্যের অর্থনৈতিক অগ্রগতির হিসাব যদি করতে হয় তাহলে দেখতে হবে আগে কি ছিল, কারণ হিসাব করতে হবে। মাথাপিছু হিসাবে কয়েক বছরে রাজ্যগুলির একটা র‍্যাংকিং করা হয়। এই র‍্যাংকিংয়ের হিসাবে ১৯৬৭-৬৮ সালে পশ্চিমবাংলার স্থান ছিল ১৪ নম্বরে। ১৯৭৭-৭৮ সালে এসে এই র‍্যাংকিংটা এসে উঠল ১৩ নম্বরে। এখন সেই র‍্যাংকিংটা উঠে ৮ নম্বরে গেছে। এটা আরও উপরে ওঠা দরকার। যাইহোক, এরদ্বারা আমরা একটা গতিরেখা দেখতে পাচ্ছি। এই রাজ্যে বামফ্রন্ট সরকার ১৯৭৭-৭৮ সালে যখন ক্ষমতায় আসে তখন লেখাপড়ার ক্ষেত্র, আমরা যাকে লিটারেসি বলি, সেই লিটারেসির ক্ষেত্রে পশ্চিমবাংলা চলে গিয়েছিল ১২ নম্বরে। মেজর স্টেট যেগুলি বলা হয় যথা ১৪টি প্রধান রাজ্য বলা হয়, সেই ১৪টি প্রধান রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান ১০ নং। এই ১৪টি প্রধান রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান শিক্ষাক্ষেত্রে ৫ নং। তবে এতেই বলছি না খুব ভালো অবস্থা, কোনও কোনও ক্ষেত্রে আরও অবস্থা উপরে হওয়ার দরকার। ১৯৮১ সালের যে জনগণনা হয়েছিল তাতে ভারতবর্ষে একটা বিচিত্র জিনিস দেখতে পাওয়া গেছে, সেটা হচ্ছে যে, নারি ও পুরুষের অনুপাত পশ্চিমবঙ্গে যা ছিল ১৯৮১ সালে তাতে ১৯৯১ সালের জনগণনায় তা দেখা গেল যে ৩টি রাজ্যে নারী ও পুরুষের অনুপাত বৃদ্ধি ঘটেছে। কেরালা, তামিলনাড়ু এবং পশ্চিমবঙ্গ রাজ্যগুলো ডিক্লাইনডের উপরে থাকে নিচের দিকে নেমেছে। কাগজের একটা রিপোর্ট বেরিয়েছে ইকোনমিক অ্যান্ড পলিটিক্যাল উইকলি তাতে একটা ম্যাপ দিয়েছে। সেই ম্যাপে দেখানো হয়েছে যে রাজস্থান এবং উত্তরপ্রদেশের বৃত্ত সমানেই বেড়ে যাচ্ছে। সেখানে বৃত্তকে কেন্দ্র করে নারি ও পুরুষ অনুপাত ক্রমশ বাড়ছে। ওইসব রাজ্যে নারি শিশু জন্মালে কিভাবে তাদের পৃথিবীর থেকে সরিয়ে দিচ্ছে এবং কিভাবে কতরকমের পদ্ধতি অবলম্বন করে তা করা হচ্ছে বলা হয়েছে। এই পদ্ধতির সঙ্গে সঙ্গে আবার পাশাপাশি ভায়োলেন্সও বেড়ে চলেছে। কিভাবে নারীর সংখ্যা হ্রাস করা হচ্ছে এবং তারজন্য নানা ধরনের কার্যকলাপ বৃদ্ধি ঘটছে। এগুলো সবই কংগ্রেস শাসিত রাজ্য। একমাত্র বিহার প্রান্তে এই জিনিসটা উঠে গেছে। আমি যে এইসব কথা বলছি এটা কাউকে ছোট করার জন্য বা বিরোধিতা করে বলছি না। এইসব ঘটছে সেটাই তুলে ধরেছি। এইবার আসছি এরমধ্যে আমরা কতটা কি করতে পেরেছি তারমধ্যে গত বছরের যে আর্থিক সমীক্ষা বেরিয়েছে অর্থাৎ ১৯৯১-৯২ সালের আর্থিক সমীক্ষা অনুসারে দেখা গেছে যে আর্থিক অগ্রগতির হার সারা ভারতবর্ষ ১.৭ সম্ভবত, সেখানে পশ্চিমবঙ্গের আর্থিক অগ্রগতির হার

শতকরা ৪ ভাগের উপরে ছিল। এই বছরে কৃষিক্ষেত্রে পশ্চিমবঙ্গ উপরে রয়েছে। এখানে অনেকেই বারে বারে বলেছেন আমরা ভূমি সংস্কারের উপরে জোর দিয়েছি কিন্তু আমরা যে আদর্শে ভূমি সংস্কার করেছি সেকথাটি কেউ বলেন না। কেবল একটি কথাই বলা হয় যে আমরা ভূমি সংস্কারের উপরে জোর দিয়েছি। এই ভূমি সংস্কারের ফলে যারা উপকৃত হয়েছেন তারা হচ্ছে গরিব মেহনতি কৃষক, শ্রমিক শ্রেণী। তারা আজকে উৎপাদনের উপাদান দিতে শুরু করেছে এবং তাদের পাশে এসে দাঁড়িয়েছে পঞ্চায়েতি ব্যবস্থা। আজকে জনসাধারণের মধ্যে অধিকারবোধটা জেগে উঠেছে। এরফলে তারা আজকে অর্থনীতির দিক থেকে উজ্জ্বল দৃষ্টান্ত রাখতে পেরেছে। আজকে মানুষের একটা ধারাবাহিক আন্দোলন শুরু হয়েছে। এরফলে কৃষি উৎপাদন বৃদ্ধি ঘটেছে। কৃষির পাশাপাশি ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যাপক উন্নতি সাধন হয়েছে আজকে যে কুটির এবং ক্ষুদ্র শিল্পের যে উন্নতি হয়েছে একথা কেউ অস্বীকার করতে পারবেন না। বহু ক্ষুদ্র ও কুটির শিল্প রেজিস্ট্রিভুক্ত হয়েছে, তবে এখনো সব করা যায় নি। এরমধ্যে অসফলতা হয়েছে তবে এটা কাটিয়ে ওঠার চেষ্টা হচ্ছে। ব্যাঙ্কের সুদের ক্ষেত্রে যে হিসাব তাতে দেখা গেছে যে অনাদায়ি সুদের পরিমাণ পশ্চিমবঙ্গে অন্যান্য রাজ্যের তুলনায় কম। মহারাষ্ট্রে পশ্চিমবঙ্গের তুলনায় অনাদায়ি সুদের পরিমাণ বেশি। পশ্চিমবঙ্গ সেই তুলনায় পঞ্চায়েতের মাধ্যমে ছোট ছোট ইউনিটের মাধ্যমে নানাভাবে সাহায্য করা হচ্ছে। সেটা কিছু কিছু ফলও পেতে শুরু করেছে, এর বিস্তারিত খবর এখনো পাই নি, পেলে পরে কমিটির রিপোর্টে আমরা তুলে ধরার চেষ্টা করবো। এটা একটা আমাদের কাছে উদাহরণস্বরূপ বলা যেতে পারে। ভারতবর্ষের মাননীয় শ্রদ্ধেয় ডাঃ মনমোহন সিং, অর্থমন্ত্রী বাজেট স্পীচ দিয়েছেন তাতেও তিনি বলেছেন যে পঞ্চায়েত রাজ্যের মধ্যে দিয়েই আমাদের যেতে হবে। এছাড়া পথ নেই।

[2-20 — 2-30 p.m.]

সেইজন্য এই রাজ্যে সত্যি সত্যিই কতগুলো ইতিবাচক দিক আছে। এই ইতিবাচক দিকগুলো ধারাবাহিকভাবে চেষ্টা করে রাখতে হচ্ছে। একটা সাংঘাতিক রকমের অর্থনৈতিক অবরোধের মধ্যে দিয়ে আমাদের রাজ্যকে চলতে হচ্ছে। এখন সমস্ত রাজ্যগুলির উপর সমস্ত ধরনের উন্নয়ন এবং পরিকল্পনার দায়িত্ব পুরোপুরি দিয়ে দেওয়া হয়েছে। এরা কি করে পরিত্রাণ পাবে এর হাত থেকে তা বলা হচ্ছে না। কোনও রাজ্য সরকার যে আয় করতে পারে বা সংগ্রহ করতে পারে তার একটা পয়সাও বেশি খরচ করতে পারবে না। এত কলেজ করা দরকার, এত স্কুল করা দরকার, এত হাসপাতাল করা দরকার এসব টাকা আসবে কোথা থেকে? এই টাকা তো রাজ্য সরকার নিজেরা আয় করতে পারবে না, তাদের একটা সীমাবদ্ধতা আছে। আইনসঙ্গত যে পাওনাগুলো, অর্থ কমিশনের বরাদ্দ, পরিকল্পনা কমিশনের বরাদ্দ, যা নির্ধারিত করে দেওয়া হয় তার বাইরে এক পয়সাও বেশি ওভারড্রাফট দেবে না। ক্ষুদ্র সঞ্চয়ে আমাদের আয় বেশি হয়নি এরজন্য আমরা চিন্তিত। রাজ্যগুলির যে সাহায্য ও ঋণ পাওয়ার দরকার সেগুলো তারা পায়না। দেশের এইরকম পরিস্থিতির মধ্যে আমরা কাজ করছি। আমাদের সম্পদ সংগ্রহ বাড়ছে। নবম অর্থ কমিশন বলেছে, যে পশ্চিমবঙ্গ সরকারের প্রচেষ্টার ফলেই সম্পদ সংগ্রহ বৃদ্ধি হয়েছে। এই বৃদ্ধির হার দাঁড়িয়েছে ৩৫ পারসেন্ট। রাতারাতি তো এটা ১০০ ভাগ হবেনা। ১৫০০ কোটি টাকা আমাদের জন্য বরাদ্দ

করা হয়েছিল। রাজ্যগুলো ক্ষুদ্র সঞ্চয় থেকে একটা ঋণ পায়। কিন্তু ক্ষুদ্র সঞ্চয়কে একেবারে নষ্ট করে দেওয়া হয়েছে। মিউচুয়াল ফান্ড এবং অন্যান্য প্রাইভেট ইনভেস্টমেন্ট এজেন্সিগুলোকে ধারাবাহিকভাবে এনকারেজমেন্ট দেওয়া হয়েছে। লোকে আর ক্ষুদ্র সঞ্চয়ে টাকা রাখছে না। তা সত্ত্বেও বলে কয়ে আমরা মানুষকে ক্ষুদ্র সঞ্চয়ে টাকা রাখাচ্ছি। কিন্তু যে ঋণ আমাদের পাওয়ার কথা তা আমরা পাচ্ছি না। পরিকল্পনা কমিশন আমাদের ৭১ কোটি টাকা দিয়ে দেওয়ার কথা বলছে, কিন্তু সেই টাকা দেওয়া হচ্ছে ইনফ্রেশন রেট কমানো হয়েছে। কার মূল্যে কমানো হয়েছে? রাজ্যগুলির মূল্যে কমানো হয়েছে। এই বছর বাজেট স্পীচে এলাবোরেটলি দেখানো হয়েছে সমস্ত এনালিসিস। রাজ্য সরকারগুলো এখানে স্যাকরিফাইস করছে। ডিফেন্স বাজেট বেড়েছে, হোমে কত টাকা লাগবে আমি জানিনা। শিক্ষা খাতে আগের বাজেটে ১০০০ কোটি টাকা ছিল এবারে সেখানে ১৩০০ কোটি টাকা করা হয়েছে। তারপর রাজ্যসরকারগুলোর পরিকল্পনা পুরোপুরি এখন থেকে স্পেসিফিক হয়ে যাচ্ছে, কোন জেলায় কত টাকা দেওয়া হবে সব বলে দেওয়া হচ্ছে। রাজ্যের পরিকল্পনা করার কোনও সুযোগ নেই। তা সত্ত্বেও আমরা টিকে আছি। আমি এটুকু শুধু বলতে চাই, আমরা পশ্চিমবঙ্গ সরকার নিজেরা কোনও সিদ্ধান্ত গ্রহণ করতে পারিনা। শুধু তাই নয় অন্য পাঁচটি রাজ্যকে যেভাবে দেখা হয় সেইভাবেও আমাদের দেখা হয়না, যদি দেখা হত তাহলে আমরা আরও অগ্রগতি ঘটাতে পারতাম।

[2-30 — 2-40 p.m.]

বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা যে এতো বাড়লো-৩ হাজার ৭শো মেগাওয়াট, এক হাজার কত ছিল এটা কি প্রশংসনীয় নয়? এটা কি ভাল কাজ নয়? আমি তো গতবারের ইকনমিক সার্ভেতে দেখিয়ে দিয়েছিলাম, এবারেও পাবেন, এবারেরটা এখনও পাইনি, যেটাকে বলে প্ল্যান্ট লোড ফ্যাক্টর, সেটাতে এখানকার ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন ভারতবর্ষের মধ্যে হায়েস্ট। এটা গতবারেও ছিল এবারেও নিশ্চয় তাই থাকবে। এবারের কাগজটা পাই নি তাই দেখাতে পারছি না। এগুলি নিয়ে আলোচনা করা দরকার। এতে আমাদের বক্তব্য হচ্ছে, এতো অসুবিধা থাকা সত্ত্বেও এরা এগুবার চেষ্টা করছেন এবং এরা যেটা বলেন সেটা কাজে পরিণত করতে পারেন। এই তো সমীক্ষা বেরিয়েছে টোটাল লিটেরেসি ক্যাম্পেনের ব্যাপারে—এই টোটাল লিটেরেসি ক্যাম্পেন তো অন্য রাজ্যে কার্যকর হচ্ছেনা, এটা পশ্চিমবঙ্গে কার্যকর হচ্ছে কেন? এ নিয়ে তো আলোচনা হওয়া দরকার। সে আলোচনা হচ্ছেও এবং এ সম্পর্কে অনেকগুলি সমীক্ষায় বেরিয়েছে ইতিমধ্যেই। এর একটাই কারণ। কারণ হচ্ছে, এখানে মানুষের সঙ্গে সরকারের যোগসূত্র রয়েছে, বোঝাপড়া আছে। মানুষের অনেক সমস্যা নিশ্চয় আছে কিন্তু তা সত্ত্বেও এখানে সরকারের সঙ্গে মানুষের একটা বোঝাপড়া আছে। সেই বোঝাপড়ার ভিত্তিটা কি? সেই ভিত্তিটা হচ্ছে মানুষের অধিকার। আমি যে কথাটায় আসতে চাইছি সেটা হচ্ছে অনেক ভাবার কথা আছে। এখানে কয়েকটি কথা শুধু বলে দিলেই হবে না। আজকে আমাদের ভারতবর্ষকে যে পথে নিয়ে যাওয়া হচ্ছে সেটাতে এই প্রথম যেটাকে বলে ডেবট ট্রাপ, তারমধ্যে আমরা পড়ে গেলাম। গত বছর যে বিদেশি ঋণ আমরা করেছি সেই টাকার পুরোটা এবং আরও কিছু বেশি টাকা আমাদের লাগবে শুধু সুদ দিতে। এইভাবে আমরা ডুবে যাব। পৃথিবীতে কোনও ত্রাণকর্তা নেই যে আমাদের বাঁচাবে। সারা পৃথিবীর সমস্ত ধণতান্ত্রিক দেশগুলিতে এখন ভয়ঙ্কর সঙ্কট। তারা এখন যে জিনিসের উপর জোর

দিচ্ছে সেটা হচ্ছে তারা শুধু জিনিস বিক্রি করবে, আমাদের কাছ থেকে কিছু নেবে না। কাজেই আমাদের বাঁচাতে গেলে নিজেদের পায়ে আমাদের দাঁড়াতে হবে। কাজেই যে দেশগুলি এখনও তাদের নিজের পায়ে দাঁড়িয়ে আছে তারা যে জিনিসের উপর জোর দিয়েছে দয়া করে সেই জিনিসের উপর জোর দেবার জন্য যে আন্দোলন সেই আন্দোলনকে শক্তিশালি করুন। সেগুলি কি? একটা হচ্ছে, ভূমি সংস্কার। দ্বিতীয় হচ্ছে দেশের মানুষের জন্য সাক্ষরতার ব্যবস্থা এবং তৃতীয় হচ্ছে দেশকে ভালবাসা। আপনারা এগুলিকে অ্যাবিউস করবেন না, এরমধ্যে দোষত্রুটি খোঁজার চেষ্টা করবেন না বরং এগুলিতে শক্তিশালি করার জন্য এগিয়ে আসুন। শুধু মাত্র আইডিওলজিক্যাল ক্যাম্পেন করে আজকে ভারতবর্ষে ভয়ঙ্কর রকমের একটা সাম্প্রদায়িকতার বিভেদ আনা হচ্ছে পরিকল্পনা করে, গবেষণা করে এটাকে দমন করা যাবে না। বক্তৃতা করে শুধু করা যাবে না। তবে বক্তৃতা করতে হবে, বোঝানোর দরকার আছে—যেখানে ইতিহাসকে বিকৃত করা হচ্ছে সেখানে বলার দরকার আছে যে ইতিহাসকে বিকৃত করা হচ্ছে, যেখানে ধর্মউপদেশগুলিকে বিকৃত করা হচ্ছে সেখানে বলার দরকার আছে যে উপদেশ বিকৃত করা হচ্ছে, সমাজে মানুষের স্থান কি, সমাজে ভাষার ব্যাপার নিয়ে সমাজকে কলুষিত করা হলে সেগুলি নিয়ে বলার দরকার আছে, প্রচার করার দরকার আছে কিন্তু আমার কথা হল শুধুমাত্র প্রচার করলেই হবে না। এই তো আপনাদের নেতারা ভালো ভালো কথা বলেন, সব ধর্মের লোক নিয়ে প্রার্থনা করেন, রামধুন গান করেন তাহলে আটকাতে পারছেন না কেন? আমরা জানি যে আপনারা আটকাতে পারবেন না। আমাদের ভয়ঙ্কর সর্বনাশ হবে মানুষকে যদি আন্দোলনমুখি করা না যায়। মানুষের মধ্যে যদি হতাশার সৃষ্টি করা হয়—এতো বেকার, এখানে উন্নয়নের কি হবে, অর্থনীতির কি হবে, শিল্পনীতির কি হবে, কোনদিকে কোনওরকম কথা নেই আর সবাই মিলে আরম্ভ করেছেন যে সাম্রাজ্যবাদি দেশগুলি থেকে পুঁজিপতিরা এসে ভারতবর্ষকে সোনার ভারতবর্ষে পরিণত করে দেবেন, এতে সবাই তোমরা হাত তুলে দাও। ভারতবর্ষে বেকারত্ব বাড়ছে, ভয়ঙ্কর রকমের দ্রব্যমূল্যবৃদ্ধি পাচ্ছে ফলে মানুষের মধ্যে হতাশাও বাড়ছে। এই হতাশা বাড়ার ফলেই কিছু মানুষের পক্ষে সুবিধা হচ্ছে তাকে কাজে লাগানো। মানুষের মনে যখন পরাজয়ের মনোভাব আসে, হতাশার মনোভাব আসে তখন যদি কেউ তাকে বলে তারা তাদের বাসেই সম্প্রদায়কে ভয়ঙ্কররকম একটা ভাল জায়গায় নিয়ে যাবে অন্য সম্প্রদায়কে পদানত করে তখন মানুষ তাদের কাছে চলে আসে এবং সেখানে তখন তারা কোনও যুক্তির কথা শোনে না। ফ্যাসিবাদ এইভাবেই মাথাচাড়া দেয়। তাই বলব, ভারতবর্ষের কোটি কোটি মানুষকে হতাশার মধ্যে ডুবিয়ে দেবার জন্য যে পরিকল্পনা, যে অর্থনীতি নেওয়া হচ্ছে তাকে বদলে সেই পরিকল্পনা, সেই অর্থনীতি নেওয়া দরকার যা দিল্লি, মহারাষ্ট্র, পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষের মানুষের স্বার্থের পক্ষে সহায়ক হয়। অন্যায়ের বিরুদ্ধে প্রতিকারের জন্য মানুষ যাতে প্রয়োজন হলে আন্দোলন করতে পারে সেটা দেখা দরকার। তা যদি করা যায় তাহলে অনেক সমস্যার সমাধান করা যায়। এখানে সেটা আছে - কেউ সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে গোলমাল করলে বা তা করার চেষ্টা করলে সেটা বন্ধ করা যায়, তিনবিঘা সমস্যার সমাধান করা যায়, পাহাড়ের উপর গোলমাল হচ্ছে, সেখানে একটা সমঝোতার ব্যবস্থা করা যায়। এসব তো এখানে হচ্ছে। এটা এখানে হচ্ছে তার কারণ মানুষ এখানে সরকারের সঙ্গে আছে। আর অপর দিকে সারা ভারতবর্ষব্যাপি মানুষের মনে যে হতাশার সৃষ্টি হতে চলেছে তাকে যদি প্রশ্রয় দেওয়া যায়

তাহলে একটা ভয়ঙ্কররকমের ভুল আমরা করবো। শুধু এ ক্ষেত্রে উপদেশ হবে না, সর্বধর্ম সমন্বয়ের বক্তৃতায় হবেনা, এখানে একটা অন্য রাস্তার কথা আমি বলব। প্রতিদিন খবরের কাগজে যে খুঁটিনাটি ব্যাপারে সরকারের সমালোচনা বেরোয়, কংগ্রেসের আমলেও বেরুতো হাসপাতালে কুকুর, কুঁয়োতে, টিউবওয়েলে জল উঠছে না শুধু এই নিয়ে একটা দেশের রাজনীতি চলে না। ঐগুলোর তালিকা করবেন না দয়া করে। কারণ ওটা ঐরকম খবরের কাগজ রোজ চালাতে গেলে ঐরকম লিখতে হয়। কিন্তু ওটা দিয়ে আমাদের দেশ চলবে না। আমাদের দেশে একটা বিকল্প রাস্তা দেখাবার মতো প্রচেষ্টা এরা একটা নিচ্ছেন। যেটা অর্থনীতিতে করা সম্ভব সেটা অর্থনীতিতে করছেন, যেটা পরিকল্পনায় করা সম্ভব সেটা পরিকল্পনায় করছেন, যেটা মানুষের মধ্যে আরও বেশি করে অধিকার আনার মধ্যে দিয়ে করা সম্ভব সেটা তাই করছেন। আর যেটা মানুষকে সঙ্গে নিয়ে এত দুঃখ দারিদ্র, অসুবিধা, এত মারাত্মক রকমের বঞ্চনা, সব কিছুর ভিতর দিয়ে যে মানুষকে বাঁচানো যায়, মানুষকে নুতন আত্ম নির্ভরতার পথে নিয়ে যাওয়া যায়, সেই গৌরবজনক আন্দোলনটা আমাদের এই পশ্চিমবাংলায় যদি হয়ে থাকে, এটাকেই ভারতবর্ষের দিকে নিয়ে যেতে হবে। অন্য রাজ্য থেকে লোকেরা আসছেন, কি বলে যাচ্ছেন আপনারা দেখেছেন তো? কাগজে তা বেরোচ্ছে তো? তারা তো এখানে প্রকাশ্যে মাইক্রোফোনে বলে যাচ্ছেন, আমরা তো আপনাদের দিকে তাকিয়ে আছি আপনারা কি করছেন। আপনারা কি ভাবছেন। কি করে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করা যায়, কি করে ভারতবর্ষের মানুষের মধ্যে আরও ঐক্য সৃষ্টি করা যায়, সেটা আমাদের গৌরব, সেটাকে তো আমাদের বাড়িয়ে তুলতে হবে এবং সঙ্গে সঙ্গে যেটা বঞ্চনা, সেটা বঞ্চনা বলেই আমাদের চিহ্নিত করতে হবে। আমাদের যদি পরিকল্পনার এই দুরবস্থা হয়ে থাকে, আমরা শুনেছি যে ১৫০০ কোটি টাকার যে পরিকল্পনা বরাদ্দ নির্ধারণ করলেন সেটা ৭০০ কোটি টাকা করার চেষ্টা করছেন। শেষ পর্যন্ত পারবেন কি না অনেকেই আমরা জানি না, পারলে আমরা খুব খুশি হবো। এটা কার বঞ্চনা, কেন? একি এনাদের অপরাধ? এরা কি ট্যাক্স তুলতে পারেন নি? তা তো নয়। এরা যায় করার সবই তো করছেন। দ্রব্যমূল্য এরা কি করে আটকে রাখবে? পরিকল্পনার ব্যয় যেটা বেড়ে যাচ্ছে প্রতি বছর, কাজে নেবে কি করে তারা সেটা আটকে রাখবে? এটা পরিবহনের মূল্য বেড়ে গেলে কি করে আটকে রাখবে? এমন রেশন ব্যবস্থা — সারা ভারতবর্ষে এখন বলে দিলেন ডিস্ট্রিক্ট স্পেসিফিক করে দেব, কমিউনিটি স্পেসিফিক করে দেব। ভারতবর্ষে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম তুলে দিচ্ছেন। এনাদের তো খাইয়ে রাখতে হবে। এনাদের তো বছরে চালটা দিতে হচ্ছে এক মাস দুমাস। কোথা থেকে এরা দেবেন? আমরা কি এটা বলবো না যে হয় আমাদের হাতে ক্ষমতাটা আলাদা করে দাও, তা নাহলে আমাদের যেটা প্রাপ্য সেই প্রাপ্যটা দিতে হবে? প্রাপ্যটা আদায় করবার জন্য সংগ্রামটা, ভারতবর্ষের মূল বেঁচে থাকার এবং ঐক্যের সংগ্রামের সঙ্গে যুক্ত। অনুগ্রহ করে আমাদের বিরোধী পক্ষের সদস্যরা একটু অনুধাবন করবার জন্য চেষ্টা করবেন, যেহেতু তাদের মানসিকতার মধ্যে কিছুটা পরিবর্তনের লক্ষ্যণ আজকে এই বক্তৃতায় দেখলাম, আর আমরা সাধারণ ভাবে সমস্ত মানুষের কাছে এই কথা বলব যে আমাদের রাজ্যের যে প্রচেষ্টা, সৎভাবে সেই প্রচেষ্টা চালিয়ে যাবার যে চেষ্টা হচ্ছে, এটা ধারাবাহিক ভাবে চালিয়ে যাওয়া দরকার। কারণ ভারতবর্ষে যে প্রশ্নের উত্তর এখনও মেলেনি, পশ্চিমবাংলায় সেই প্রশ্নের উত্তর এর কয়েকটি ইঙ্গিত আমরা পাচ্ছি। এটাকে সমস্ত ভারতবর্ষের

লোকেদের কাছে তুলে ধরা দরকার। এই কথা বলে আমি অবশ্যই এই প্রস্তাবকে সমর্থন করে, আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন, তার পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে নয় যে আমি একজন বিরোধী দলের সদস্য বলে বিরোধিতা করছি, তা নয়। বিরোধিতা করছি এই কারণে, দীর্ঘ ১৬ বছরে বামফ্রন্ট সরকারের অপশাসন, ব্যর্থতা দুর্নীতি এবং জনবিরোধী কার্যকলাপকে ধামা চাপা দিতে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে ব্যাপক তঞ্চকতা করা হয়েছে, রাজ্যের সঠিক চিত্র এই ভাষণের মধ্যে দিয়ে ফুটে ওঠেনি। তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। মাননীয় রাজ্যপালের ভাষণে প্রথমে সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দেওয়াতেও উদ্বেগ প্রকাশ করা হয়েছে। গত ৬ই ডিসেম্বর এর পরে এই রাজ্যে যে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে, তাতে মৃত্যুর সংখ্যা দেওয়া হয়েছে রাজ্যপালের ভাষণে বলা হয়েছে ২৯ জন মারা গেছে এই দাঙ্গায়। তারমধ্যে ১৮ জন নাকি পুলিশের গুলিতে মারা গেছে। অথচ সেন্ট্রাল ইন্টালিজেন্স রিপোর্ট বলছে এই দাঙ্গায় ৪৬ জন মারা গেছে। আপনারা সব সময় বলেন, কেন্দ্র আপনাদের বিরুদ্ধে কথা বলে। সুতরাং আপনারা কেন্দ্রের কথা বিশ্বাস করেন না। পার্থ-বাবুদের দলের এক নং পার্টি চিঠি কি বলছে? মার্কসবাদি কমিউনিস্ট পার্টির এক নং পার্টি চিঠিতে বলা হয়েছে, দাঙ্গায় ৩৩ জন মারা গেছে। সেই চিঠিতে আরও বলছে, 'ঐ ক'দিন কলকাতার বুকে সমাজবিরোধীদের দৌরাত্ম এমন বেড়েছিল যে সমাজবিরোধীরা তার পূর্ণ সুযোগ নিয়েছিল।' মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সরকার, তার মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু নিজেই পুলিশমন্ত্রী, অথচ পুলিশ ঐ সময় সম্পূর্ণ নিষ্ক্রিয় হয়ে গিয়েছিল এবং তার সুযোগ নিয়েছিল সমাজবিরোধীরা। এরজন্য কি দায়ী কেন্দ্রীয় সরকার। সেদিন কোথায় ছিল পুলিশ বাহিনী? ওরা সম্প্রদায়িকতা বিরোধী কথা বলেন, সাম্প্রদায়িকতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। স্যার, গ্রামাঞ্চলের এম.এল.এ.-রা এখানে আছেন, তারা অনেকেই জানেন গ্রীন কোবরা, লাউ-ডগা সাপ সবুজের আড়ালে, ঘাসের মধ্যে লুকিয়ে থাকে, কিন্তু তারা বিষাক্ত সাপ। তাদের মতো ওরাও সাম্প্রদায়িকতা বিরোধী কথা বলেন, অথচ সাম্প্রদায়িকতার বিষ ওদের মধ্যেই সবচেয়ে বেশি লুকিয়ে আছে। এই পশ্চিমবাংলায় মার্কসবাদি কমিউনিস্ট পার্টি মুখে সাম্প্রদায়িকতা বিরোধী কথা বললেও আসলে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করে না। আমরা যেমন পশ্চিমবাংলার মানুষকে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির হাত থেকে বাঁচাতে চাই তেমন বি.জে.পি.-র বিরুদ্ধে লড়াই করি। আমরা পশ্চিমবাংলার মানুষকে আপনাদের হাত থেকে বাঁচাবার জন্য বি.জে.পি.-র সঙ্গে হাত মিলিয়ে লড়াই করি না। আমরা ঐ জাতীয় নেগেটিভ পলিটিক্স করি না। কিন্তু আপনারা তা করেন। জিজ্ঞাসা করুন আপনাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুকে — যে দিন ভি.পি.সিং-এর সরকারের ওপর থেকে বি.জে.পি. সমর্থন প্রত্যাহার করে নিয়েছিল তারপরের দিন জ্যোতিবাবু আদবানির বাড়িতে নাস্তা করতে গিয়েছিলেন কিনা? তিনি আদবানিকে বোঝাতে চেষ্টা করেছিলেন যাতে ভি.পি.সিং-এর সরকারের ওপর থেকে বি.জে.পি. সমর্থন প্রত্যাহার করে না নেয়। লজ্জা করে না আপনাদের? কেন আপনাদের নেতা আদবানির বাড়িতে গিয়েছিলেন? কেন বি.জে.পি.-কে

ভি.পি.সিং-এর সরকারের ওপর থেকে সমর্থন প্রত্যাহার না করতে অনুরোধ করেছিলেন? লজ্জা করে না আপনাদের? ১৯৭৯ সালে আপনারা বি.জে.পি.-র সাথে হাত মিলিয়ে কেন্দ্রে মোরারজী দেশাইকে সরকার গঠন করতে সাহায্য করেন নি! অটলবিহারী বাজপেয়ি কার সরকারের বিদেশমন্ত্রী ছিলেন? মোরারজী দেশাই সরকারের। সেই সরকারকে আপনারা সমর্থন করেছিলেন। আদবানি কোনও সরকারের তথ্যমন্ত্রী ছিলেন? মোরারজি দেশাই সরকারের। সেই সরকারকে আপনারা সমর্থন করেছিলেন। আপনারা কি আজকে সেই লজ্জা, সেই অপরাধ, সেই পাপ স্বীকার করেন? আমরা জানি ডাঙায় বাঘ যেমন হিংস্র তেমন জলে কুমিরও হিংস্র। ডাঙায় যেমন বাঘের সঙ্গে সহাবস্থান হয়না, তেমন জলে কুমিরের সঙ্গেও সহাবস্থান হয়না। আপনারা ডাঙায় বাঘ, আর বি.জে.পি. জলের কুমির। সুতরাং আমাদের একদিকে আপনাদের বিরুদ্ধে, আর একদিকে বি.জে.পি.-র বিরুদ্ধে লড়াই করতে হচ্ছে। আমরা এই লড়াই করছি এবং করব। আমরা দু'জনকেই হিংস্র বলে মনেকরি। স্যার, পশ্চিমবাংলায় যে দাঙ্গা হয়েছে, তাতে আমরা অবাক হয়ে দেখলাম কিভাবে সি.পি.এম. তার সুযোগ নিল। গত ৮ই ডিসেম্বর ভোটার লিস্ট পাবলিশড হবার কথা ছিল। ৭ই ডিসেম্বর দাঙ্গা শুরু হয়ে গেল। আমরা ভোটার লিস্ট চাইতে গিয়েছিলাম, আমাদের বলা হল,— ভোটার লিস্ট দেওয়া যাবে না, ভোটার লিস্ট ছাপা হয়নি। রায়ট হয়েছে, তাই ভোটার লিস্ট ছাপা হয়নি, ভোটার লিস্ট দেওয়া যাবে না। ৮ই ডিসেম্বর তো ভোটার লিস্ট পাবলিশড হবার কথা ছিল, আর রায়ট তো হল ৭ই ডিসেম্বর, তাহলে ভোটার লিস্ট ছাপার অসুবিধাটা কিভাবে হল? ৭ই ডিসেম্বর তো ডি.এম.-এর ভোটার লিস্টে স্ট্যাম্প মারার কথা এবং তারপর ৮ই ডিসেম্বর পাবলিশড করার কথা ছিল। তাহলে ৭ই ডিসেম্বর রায়ট হবার জন্য ভোটার লিস্ট ছাপানো হল না, এটা কিরকম কথা! অর্থাৎ আপনারা পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক দাঙ্গার সুযোগ নিয়ে ভোটের রাজনীতি করছেন। এই সুযোগ গ্রহণের জন্যই আপনারা সাম্প্রদায়িক রাজনীতির দিকে তাকিয়ে থাকেন এবং তার সুযোগ গ্রহণ করার চেষ্টা করেন। একদিকে আপনারা পশ্চিমবাংলার মানুষকে সাম্প্রদায়িকতা বিরোধী কথা বলছেন, আর একদিকে বলছেন, কংগ্রেস বি.জে.পি.র সঙ্গে হাত মিলিয়েছে, সুতরাং কংগ্রেস এবং বি.জে.পি., ওদের কেউ কেউ ভোট দেবেন না। কংগ্রেস নাকি বি.জে.পি.কে ভোট দেবেন। তাই আজকে অনুরোধ করছি যে এই ধরনের নোংরা রাজনীতি করবেন না। স্যার, এই যে ভালুক ধরা পড়ল, নিজামুদ্দিন সাহেব বড় বড় কথা বললেন যে, কিছুই হয়নি, হিন্দু ভোটগুলি পাওয়ার জন্য ভালুককে ছেড়ে দেওয়া হল। তারপর ১৮ বিঘা একটা জমি এক ইহুদি মালিককে পাইয়ে দেবার জন্য চুন্নি আনসারিকে দিয়ে দাঙ্গা করানো হয়েছিল প্রত্যেক জায়গাতে। আমরা কল্যাণ সিংয়ের পুলিশকে দোষ দিই, কল্যাণ সিংয়ের পুলিশ কি করেছিল? বাবরি মসজিদ ভাঙার কাজে সাহায্য করেছিল, আর আপনাদের পুলিশ কি করেছিল? সমস্ত মুসলিমদের ধরে ধরে নিয়ে গিয়ে বলেছিল যে বল, 'জয় সীয়ারাম'। সাম্প্রদায়িক শক্তিকে নিয়ে যারা রাজনীতি করে তারা যেমন আমাদের শত্রু, তেমনি সাম্প্রদায়িক রাজনীতিতে মদত দিয়ে যারা রাজনীতি করে তারাও কম শত্রু নয়। যখন আপনাদের সরকার ছিল তখন তারা শুনত না, তারা আপনাদের মদত দিয়ে গেছে। আজকে বি.জে.পি.র মতো মার্কসবাদি কমিউনিস্ট পার্টি আমাদের সমান শত্রু। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে বলা হয়েছে যে নারি নির্যাতন বেড়ে গেছে। এ ব্যাপারে আমাদের পশ্চিমবঙ্গের একটা গর্ব ছিল, পশ্চিমবঙ্গের মানুষ নারিকে সম্মান দেন, নারী জাতিকে মায়ের

আসনে বসিয়ে পুজা করেন। সেখানে আমাদের মাথা লজ্জায় হেঁট হয়ে গেছে। ১০ই জুন পুলিশের লকআপে রেপ হয়েছে, অন্যান্য কথা তো ছেড়েই দিলাম। আপনারা তো খুব বড় বড় কথা বলেন। মাননীয়া সদস্যা তো খুব বলেন, বলতে পারেন কোন রাজ্যে মুক বধির নারীকে নির্যাতন করা হয়? উদয়পুরে পুলিশ রেপ করল আজ পর্যন্ত পুলিশকে শাস্তি দেওয়া হয়েছে? মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি শুনলে অবাক হবেন কাকলি সরকার সিঙ্গুর থানায় রেপ হলেন, তাতে যখন গণআন্দোলন হল তখন ৩ জন কনস্টেবল এবং একজন এ.এস.আই.কে সাসপেন্ড করা হল, তারপরে সেই কেসের আর কিছুই হলনা। একটা অর্ডার দিলেন যে মিসটেক অফ ফ্যাক্টস। একজন মহিলা ধর্ষিতা হলেন সেই মহিলাকে দিয়ে টি.আই.প্যারেড করা হলনা। তার রিপোর্টে কি বলা হয়েছে, according to the Statement Sm. Bithi Banerjee wife of Shri Balai Banerjee Stayed for about six months. Enough opportunity was given by the police but T.I parade was not held একজন মহিলা ধর্ষিতা হলেন, পুলিশ ধর্ষণ করল মহিলার টি.আই.প্যারেড হলনা, যেহেতু সিঙ্গুর এলাকায় বীথি ব্যানার্জি, বলাই ব্যানার্জির স্ত্রী বললেন যে কাকলি সরকার (সাঁতরা) আমাদের বাড়িতে চাকরি করত, সিঙ্গুর থানাতে থাকত, কন্সেটেবলকে চিনত, সেজন্য টি.আই.প্যারেড করানো হল না। রাজ্যে নারি নির্যাতন একটা উদ্বেগের কথা, কিন্তু তাতে আজকে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে। ভোটের বাক্সে রিগিং করে ফলস ভোট দেওয়ার ব্যাপারে আপনাদের সাহায্য করে বলে আপনারা কিছু করতে পারেন না। এ সবই মায়া কান্না। চুনি কোটালের ব্যাপারে মাননীয় রাজ্যপাল তার ভাষণে বলেছেন যে তদন্ত করছি। লালুপ্রসাদ যাদবের যে তদন্ত কমিশন উৎপাদন করা হয়েছিল তার থেকে মাননীয় জ্যোতিবাবুর ক্ষমতা এখন অনেক বেশি হয়ে গেছে। কারণ ১৬ বছরে ১৬টি কমিশন বসিয়েছেন, কিন্তু একটি কমিশনের রিপোর্টও বেরোয়নি। এই কমিশনের রিপোর্টেরও সেই একই অবস্থা হবে। মাননীয় রাজ্যপাল তার ভাষণের মাধ্যমে আমাদের কাছে কতগুলো তথ্য দিয়েছেন। শিল্পের ব্যাপারে বলে গেছেন যে, ওরা নাকি ক্লোজার দুটি, লক আউট ৫২টি এবং স্ট্রাইক ২০টির মীমাংসা করতে পেরেছেন। কতগুলো পারেন নি সেটা তো বললেন না! ১০৫টি ক্লোজারের মধ্যে দুটিকে খোলাতে পেরেছেন তাতেই কৃতিত্ব দাবি করছেন? ২০৪টি লক-আউট কেসের কোনও মীমাংসা করতে পারেন নি। আমি তথ্য দিচ্ছি 'ডেইলি রিপোর্ট অন স্ট্রাইক, লক-আউট অ্যান্ড ক্লোজার অ্যাজ অন ডিসেম্বর ১৯৯২' থেকে। তাতে বলেছে, গত এক বছরে ক্লোজার হয়েছে ১০টি, ২টি খোলা হয়েছে। গত কয়েক বছর ধরে টোটাল ক্লোজার হয়েছে ১০৫টি, ২টি খুলেছে। লক আউট সংখ্যা ২০৪, ৫০টি খুলেছে। এতেই কৃতিত্ব দাবি করছেন? বি.আই.এফ.আর থেকে ২৮টি কারখানা সুযোগ-সুবিধা পেয়েছে বলেছেন। আমি কারখানাগুলির লিস্টটা পড়ছি না, তবে যে সমস্ত বন্ধু বলেছেন ২৮টি কারখানা সুবিধা পেয়েছে তাদের জিজ্ঞাসা করছি, টিটাগড় পেপার মিল খোলা আছে কি? টাটা ডেভিড লিমিটেড, এ.সি.সি.ব্যাবকক, ক্যালকাটা শিপইয়ার্ড ম্যানুফ্যাকচারিং কোং খোলা আছে কি? কারখানাই খোলা হল না, এদিকে সুযোগ পেয়েছে বলছেন! পোজিশন অফ বি.আই.এফ.আর. কেসেস যদি দেখি, ২৯টিকে ফাইনালি বন্ধ করে দেওয়া হয়েছে। এই অবস্থায় বলছেন, রাজ্য সরকার শিল্পের জন্য ভাল ব্যবস্থা করছেন! এতই যেখানে কৃতিত্ব সেখানে দ্বিতীয় হুগলি ব্রিজ যা গত ১২ই অক্টোবর থেকে চালু হয়েছে তার ক্ষেত্রে ৩৮৮ কোটি ৪৯ লক্ষ টাকার মধ্যে

কেন্দ্রীয় সরকার যে ৩৪০ টাকা মকুব করে দিয়েছেন সেই কথা তো একবারও বললেন না। সেদিন কেন্দ্রীয় মন্ত্রী জগদীশ টাইটলার বলে গেছেন যে, কেন্দ্রীয় সরকার এক্ষেত্রে ৩৪০ কোটি টাকা মকুব করে দিয়েছেন। আর অকৃতজ্ঞের দল রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে কৃতিত্ব দাবি করছেন। একবারও বলেননি, টাকাটা কেন্দ্রীয় সরকার মকুব করে দিয়েছেন। এমনই মানসিকতা এদের।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে আরও বলা হয়েছে, দুটি কারখানা স্টেট অয়ারহাউসিং কর্পোরেশন এবং ইলেকট্রো মেডিক্যাল নাকি লাভ করেছে। আমি মন্ত্রী মহাশয়কে বলছি, এই দুটি বাদেও তো ৬০টির মতো গভর্নমেন্ট আন্ডারটেকিং আছে, সেক্ষেত্রে দুটিতে লাভ হওয়াতেই কৃতিত্ব নিচ্ছেন? বাকিগুলিতে যে লস হচ্ছে সেকথা তো বলছেন না। আজকে রাজ্য সরকার হাইপথিকেটেড টু পিয়ারলেস। পিয়ারলেসের কাছ থেকে টাকা নিচ্ছেন, কাবুলিওয়ালা আজকে অর্থমন্ত্রীর ঘরের সামনে ঘোরাফেরা করছে, শিক্ষা-ব্যবস্থা ভেঙে ফেলে দিয়েছেন, সর্বত্র অরাজকতা এনেছেন। রাজ্য সরকার আজকে দেউলিয়া, সরকারি কর্মচারিদের মাইনেও ঠিকমতো দিতে পারছেন না, প্রভিডেন্ট ফান্ডের টাকা খেয়ে ফেলেছেন, জওহর রোজগার যোজনার টাকা পর্যন্ত জেলা পরিষদ এবং পঞ্চায়েতগুলিকে দিতে পারছেন না। দেউলিয়া সরকারের এসব কথা কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়নি, অসত্য সব কথা বলিয়েছেন তাকে দিয়ে। সেজন্য রাজ্যপালের ভাষণ এবং তার ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করছি।

.....গোলমাল.....

**(ঐ সময়ে বিরোধী পক্ষের সদস্যরা চেঁচিয়ে বলতে থাকেন - স্যার, হাউসে কোনও মন্ত্রী নেই। এইভাবে হাউস চলতে পারেনা ...**

[2-50 — 3-00 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ননীকর মহাশয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন, তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি।

.....(গোলমাল).....

**(বিরোধী সদস্যরা চেঁচিয়ে বলতে থাকেন - সিটে কোনও মন্ত্রী নেই, এইভাবে হাউস চলতে পারেনা।)**

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনারা বসুন, হাউসে ৪ জন মন্ত্রী আছেন। আইনে কোথাও বলেনি যে এতজন মিনিস্টারকে হাউসে উপস্থিত থাকতে হবে।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে আব্দুল মান্নান বললেন যে আমরা বাঘ, আর বি.জে.পি. হচ্ছে কুমির। আমরা বামফ্রন্টের বাঘেরা দিল্লিতে যে অপদার্থ নরসীমা রাওয়ের সরকার রয়েছে তাকে রক্ষা করে চলেছি কুমিরের হাত থেকে। এই বামফ্রন্টের

বাম্ফ্রন্টের পা ধরে ঐ সরকার ওখানে বসে আছে তানাহলে এতদিন চলে যেতে হত।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি। আমার আগে মান্নান সাহেব বললেন আমরা বাঘ আর জলে বি.জে.পি. কুমির। এটা জেনে রাখবেন বামফ্রন্ট সরকার বাঘ আছে বলেই দিল্লির নরসীমা রাও সরকার টিকে আছে। আজকে ওনারা বলেছেন বামফ্রন্ট সরকার সাম্প্রদায়িক। আমি এই সভায় কংগ্রেসি বন্ধুদের কাছে প্রশ্ন রাখতে চাই বামফ্রন্ট সরকার যদি সাম্প্রদায়িক হয় তাহলে আপনারা বাবরি মসজিদ ভাঙার আগে ৩৫৬ ধারার প্রয়োগ করলেন না কেন? প্রয়োগ না করার ফলে বাবরি মসজিদ ভেঙে গেল। তারপর সেখানে ৪০ ঘন্টা ধরে তাদের দিয়ে রামলালা মুর্তি প্রতিষ্ঠিত করতে দিতে নরসীমা রাও সাহায্য করেছে। আমি একটা কথা বলতে চাই, বাবরি মসজিদ যখন ভাঙা হল তারপর ৪০ ঘন্টা ধরে তাদের সেখান থেকে বার করে দেওয়া হল না, এর থেকে কি নরসীমা রাও অযোগ্য এবং বি.জে.পি.-র সঙ্গে তার যোগ আছে এটা প্রমাণ করে না? আজকে বাঘ আছে বলেই অপদার্থ নরসীমা রাও সরকার রক্ষা করতে পেরেছে। আমরা বাঘ হয়ে পাহারা দিয়েছি কুমির বিজেপি-র হাত থেকে। জয়নাল সাহেবকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি লিডার অফ দি অপোজিশন হয়ে অনেক সংযত ভাবে কথা বলার চেষ্টা করেছেন। তিনি দু-একটি কথা বলেছেন, সেই সম্পর্কে আমি কিছু বলবো। তিনি বলেছেন রায়গঞ্জ ভাগ করা হল কেন? উনি যখন মন্ত্রী ছিলেন ডাঃ রায়ের আমলে তখন বাড়ি তৈরি হয়েছিল রায়গঞ্জকে ভাগ করা হবে বলে। রায়গঞ্জ ভাগ হবার ব্যাপারে ডিসিসন অনেক আগে হয়েছিল, কংগ্রেস সেটা করতে পারেনি, বামফ্রন্ট সরকার শক্ত হাতে সেটা করতে পেরেছে। কংগ্রেসের ডিসিসন, জয়নাল আবেদিন সাহেবের সিদ্ধান্ত, বামফ্রন্ট সরকার সেটা চালু করেছে। রায়গঞ্জ ভাগ হয়ে লাভ হয়নি এই কথা বলা ওদের পক্ষে ঠিক হচ্ছে না। উনি বলেছেন এগ্রিকালচারাল প্রোডাকটিভিটি বাড়েনি। জয়নাল আবেদিন সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন এগ্রিকালচারাল প্রোডাকটিভিটি ৭৫ লক্ষ মেট্রিক টন ছিল, এখন তার ৯২ শতাংশে এসে দাঁড়িয়েছে, এখন প্রোডাকশন ১ কোটি ২৮ লক্ষ মেট্রিকটনে এসে দাঁড়িয়েছে। সংগ্রহের টারগেট যা ছিল তার থেকে টারগেট একসিড করেছে। রেসিও অফ প্রোডাকটিভিটিতে ন্যাশনাল যে লেভেল সেখানে পশ্চিমবাংলা অনেক বেশি প্রোডাকটিভিটি বাড়িয়েছে। উনি তো জানেন উনি তো জমিতে ফসল অনেক বাড়িয়েছেন। জয়নাল আবেদিন সাহেব আগে কত হাজার মন ধান বিক্রি করতেন আর এখন কত বিক্রি করে সেটা জানতে পারলেই বোঝা যাবে প্রোডাকটিভিটি কত বেড়েছে। ওনারা বলেছেন পুলিশ প্রশাসনে বাজেট বাড়ছে। জিনিসের দাম বাড়ছে, বেতন বাড়ছে, পেট্রোলের দাম বাড়ছে, ওনারা পেট্রোলের দাম ১.১০ পয়সা থেকে ১৭ টাকা প্রতি লিটারের দাম নিয়ে এসে হাজির করেছেন, সেইজন্য পুলিশের ব্যবহারিত গাড়ির খরচা বাড়ছে, তাহলে তো পুলিশ বাজেট বাড়াতেই হবে। জয়নাল আবেদিন সাহেবদের এম.এল.এ-দের প্রোটেকশনের জন্য লোক দিতে হবে না? জয়নাল আবেদিন সাহেব এখন লিডার অফ দি অপোজিশন, তারজন্য ২টো লোক দিতে হয়। পুলিশের খরচ বাড়ছে, সেইজন্য পুলিশ বাজেট বাড়ছে। বিলেতে একবার পুলিশ বাজেট কমিয়ে দেওয়া হয়েছিল, তখন অপোজিশন থেকে বলা হয়েছিল পুলিশ বাজেট কেন কমানো হল। পুলিশ বাজেট বাড়বে এটা তো স্বাভাবিক কথা। আজকে আপনারা বলছেন রমেন ভট্টাচার্যের কথা, উনি বি.জে.পি. করছেন, উনি

সাম্প্রদায়িক লোক। রমেন ভট্টাচার্য আজকে লোক নয়, কংগ্রেস আমলের অফিসার। সেই সময় অনেক মন্ত্রীর পেয়ারের লোক ছিলেন তিনি। এখন তিনি বি.জে.পি. মনোভাবাপন্ন লোক হতে পারেন, যখন আই.জি ছিলেন তখন সেটা ছিল না। আজকে এই কথা বলে কি হবে? পরবর্তীকালে লোকের মতো পরিবর্তন হতে পারে। তিনি এখানে ছিলেন, তাকে তাড়িয়ে দেওয়া কি ঠিক? তিনি কোনও জিনিসেরই ভাল দেখতে পেলেন না। আমরা আগে বিদ্যুতের সমালোচনা করতাম। গত জুন মাসে সাঁওতালদিতে ৪টি ইউনিটে দৈনিক ২৪০-২৮০ মেগাওয়াট করে বিদ্যুৎ উৎপাদন করেছে। ঐ সময়ে সর্বোচ্চ উৎপাদন করেছে। এই কথা উনি জানেন, কিন্তু বলেন নি। আমি বিদ্যুৎমন্ত্রীকে ধন্যবাদ দেব মনে করেছিলাম। বিদ্যুৎমন্ত্রী বরাদ্দকৃত অর্থের অর্দ্ধেকের অর্দ্ধেক টাকা পান নি। কিন্তু তা সত্ত্বেও উন্নতি হয়েছে। ডি.পি.এল.য়ে দু'গুনের বেশি উৎপাদন হয়েছে। ১৯৯১-৯২ সালে ৬টি ইউনিটকে চালু করা সম্ভব হয়েছে। বয়লারে অয়েল কনজাম্পশন কমানো সম্ভব হয়েছে। সর্ব ভারতীয় গড় আগে যেখানে ছিল ১৮, তা এখানে ১০ হয়েছে। ডি.পি.এল. গত অক্টোবরে নীটলাভ করেছে ৪৭ লক্ষ টাকা এবং জানুয়ারিতে ১ কোটির কাছাকাছি হয়েছে। ব্যান্ডেলের ৫টি ইউনিট চালু করা সম্ভব হয়েছে। কোলাঘাটে ৫টি ইউনিট চালু হয়েছে। রেভেনিউ কালেকশনের উন্নতি হয়েছে জনসাধারণের সাহায্যে। উত্তরবঙ্গে নতুন জেলা স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারে ডেডিকেটেড পাওয়ার সাপ্লাইয়ের ব্যবস্থা করা হয়েছে। কৈ, এ সম্বন্ধে তো উনি একবারও বললেন না? বিদ্যুতের উন্নতি হয়েছে। আজকে ট্যাকসেশন বাই অর্ডিনান্স বেড়েছে। সেটা বাড়তে পারে তা উনি বলেছেন। কিন্তু পার্লামেন্টে কয়েকদিন আগে শস্যের দাম বাড়ানো হল, এই কথা তো উনি একবারও বললেন না? উনি উত্তরবঙ্গে ফরেস্ট নষ্ট হয়েছে বললেন, কিন্তু আগে যেভাবে নষ্ট হতো ওদের আমলে ফরেস্ট যে ভাবে নষ্ট হয়েছে, তার সিকিভাগ নষ্ট হচ্ছে না। মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়াতে জনসাধারণের সাহায্যে কংগ্রেস আমলে যেটা শেষ হয়ে গিয়েছিল তা আবার গড়ে উঠছে। আমি এনভায়রনমেন্ট কমিটির চেয়ারম্যান হিসাবে নিজে গিয়ে দেখে এসেছি ফরেষ্ট গড়ে উঠছে। আর একটি কথা আমি সরকারকে বলব, আনঅথরাইজড ফেলিং হচ্ছে, সে বিষয়ে সরকারকে ব্যবস্থা নিতে হবে। আমি মালদহের লোক, আমি জানি, ওখানে টাকার জন্য মালিকরা আমগাছগুলো বিক্রি করে দিচ্ছে। এরফলে ইকোলজিক্যাল ব্যালান্স নষ্ট হবে। এই কথা তো উনি একবারও বললেন না। পশ্চিমদিনাজপুরে এই সমস্যা আছে। পলিউটেড ওয়াটারের কথা উনি বলেছেন। পলিউটেড ওয়াটার ওখানে আছে ঠিকই, কিন্তু তা যে জন্য হচ্ছে, যে কারখানাগুলোর জন্য হচ্ছে তাদের উপরে চাপ দেওয়া হয়েছে। কিন্তু মূল অসুবিধা যেটা সেটা হচ্ছে এই যে, এগুলো যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে বহু কর্মি চাকুরি হারাবে। সেজন্য যেভাবে এনফোর্স করা দরকার তা করা যাচ্ছে না। স্মোক পলিউশনের কন্ট্রোল দরকার। স্টেট বাসগুলো যেভাবে ধোঁয়া ছড়ায় তা কন্ট্রোল করা দরকার বলে আমি মনেকরি। বয়স্ক শিক্ষা সম্বন্ধে উনি যা বলেছেন, আমার মনে হয় তা উনি না দেখেই বলেছেন। স্বাস্থ্যের জন্য যে টাকা বরাদ্দ আছে তা বিভাগে যাচ্ছে না বলে বেশিরভাগ গ্রামের হাসপাতালগুলো অসুবিধার মধ্যে আছে, ওষুধপত্র পাচ্ছে না। এতে সাধারণ মানুষের মনে বীতস্প্রীহা জাগছে। লোকে এখন আনন্দসহকারে একটাকা দিয়ে টিকিট কাটছে। এরফলে আগে যে অপচয় হত তা এখন বন্ধ হয়েছে। আজকে কংগ্রেসের পক্ষ থেকে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করার ব্যাপারে অনেক কথা বলা হয়েছে এবং ডাঃ জয়নাল সাহেব

অনেক কথা বললেন। ওদের কংগ্রেসি রাজত্বে কি অবস্থা হয়েছিল? ওদের অন্যান্য কংগ্রেসি রাজ্যে যে অবস্থা হয়েছে তা বলার নয়, সেই তুলনায় আমাদের এখানের অবস্থা অনেক ভালো। আমাদের ওখানে গত ৭ তারিখে যে গোলমাল হয়েছিল তার পেছনে তো কংগ্রেস দলই ছিল। সর্ব প্রথমে বরকত সাহেবের এলাকাতেই তো গোলমাল হয়েছিল, উনি তো আর বামফ্রন্টের লোক নন। শেষে সি পি এমের লোকই তো সেখানে নিজের জীবনপণ করে ৭ হাজার লোককে পিটিয়ে দিয়েছিল। সেখানে এইভাবে তো সম্প্রীতি রক্ষা করা গেছিল। আপনারা তো উস্কাতে জানেন। আপনারা ধর্মকে ব্যবহার করে কাজ করে যাচ্ছেন। জয়নাল সাহেব এবং বরকত সাহেব তো এই ধর্মকেই ব্যবহার করে মুসলমানদের এবং হিন্দুদের দরজায় দরজায় ভোটের জন্য গিয়েছিলেন। ধর্মের নামে একে অন্যকে উল্টোভাবে বুঝিয়ে তারা ভোটে জিততে চেয়েছিলেন। সেই কারণে ধর্ম সম্বন্ধে মহাভারতে বলা আছে যে, 'ধর্মবাণিজ্যকো হীনো জঘন্যো ধর্মবাদিনাম'। অর্থাৎ ধর্মই হইল আপনার জীবনটি নিয়ন্ত্রিত ও শান্ত করিবার জন্য ব্যক্তিগত ব্যাপার। সেই কারণে আমরা লক্ষ্য করেছি যে, সাম্প্রদায়িক সম্প্রীতির সময়ে কংগ্রেস তার দায়িত্ব পালন করতে অক্ষম হয়েছিল। বরং উল্টে তারা বি জে পির সঙ্গে হাত মিলিয়েছিল। আমি আরেকটি কথা বলতে চাই সেটা হচ্ছে যে, সমবায় দপ্তর সম্বন্ধে এই ভাষণ সেরকম কিছুই লেখা হয়নি। এই সমবায় দপ্তরের মাধ্যমে ৭টি ব্যাঙ্ক হয়েছে। আগে এই রাজ্যে সমবায়ের ৭টি ব্যাঙ্ক ছিল না। আজকে সমবায়ের মাধ্যমে পুরুলিয়াতে চায়ের বাগান করা হয়েছে। সেটা রীতিমতো সাকসেসফুল হয়েছে। তবে এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই যে, এই এন সি ডি সি প্রগ্রামের মাধ্যমে ৬৫ হাজার টাকা দিয়ে এই সমবায় আন্দোলন খুব জোরদার করা হয়েছে। কিন্তু এই সমবায়ের এক শ্রেণীর কর্মচারী এই সমবায়ের তথা বামফ্রন্ট সরকারের মর্যাদা হানি করছে। কিছুদিন আগে হাইকোর্টের একজন জাজ বলছিলেন যে, সমবায়ের কর্মচারিদের ঘুস না দিলে কোনও কাজ পাওয়া যায় না। সুতরাং এই ব্যাপারে ভিজিলেন্স বসানো দরকার। তা না হলে বামফ্রন্ট সরকারের ভাবমূর্তি নষ্ট হয়ে যাবে। এইকথা বলে এই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী সাধন পান্ডে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। এই রাজ্যপালের ভাষণের মধ্যে সঠিক কথা বলা হয়নি। কারণ এই সরকারের যিনি কর্ণধার সেই মুখ্যমন্ত্রী, তার যে বিবেচনা, তার যে আচরণ, তার যে চিন্তা তার কোনও কিছুই এই রাজ্যপালের ভাষণের মধ্যে প্রতিফলিত হচ্ছে না। এখানে একটা দ্বৈত ভূমিকা চলছে। একটা ভূমিকা হল পার্টিকে বজায় রাখার জন্য কতগুলি নীতিগত কথা বলা হচ্ছে। কতগুলো সোসালিস্ট ক্যাচের কথা, কতগুলো কমিউনিস্ট ক্যাচের কথা বলতে হচ্ছে। এগুলো মিছিল, মিটিং, দেওয়াল লিখনে বলতে হচ্ছে। কিন্তু বাস্তবে যখন এই সরকার শিল্পপতিদের সঙ্গে কথা বলে, কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের সঙ্গে কথা বলে, সংসদীয় সদস্যদের সঙ্গে কথা বলে, তখন ওরা বলে এসব চলছে না, চলবে না, নতুন করে ভাবতে হবে। আমি একটার পর একটা ঘটনা দেখিয়ে যাব। কমিউনালিজিমের ব্যাপারে রাজ্যপালের ভাষণের প্যারাগ্রাফ থ্রি-তে, এই রাজ্যে যে ঘটনা ঘটেছে সেই সম্বন্ধে বলেছেন। ৬ তারিখের

পর আমরা সময় পাইনি এই হাউসে বলার, নইলে তখনই আপনাদের মুখোশ খুলে দিতাম। আজকে আমরা একটা বিপদগ্রস্ত অবস্থার মধ্যে রয়েছি। বোতলের মধ্যে যে ভূত ছিল, সেই ভূতকে আপনারা বার করেছিলেন, আর এখন বলছেন সেই ভূতকে বোতলের মধ্যে কেন কংগ্রেস পুরে দিচ্ছে না। কমিউনালিজম যখন স্প্রেড করে তখন তাকে প্রতিরোধ করার জন্য নতুনভাবে চিন্তা করতে হবে। আমাদের নেত্রি ইন্দিরা গান্ধী, আমাদের নেতা জওহরলাল নেহেরু, আমাদের নেতা রাজীব গান্ধী, কোনওদিন ভারতীয় জনতা পার্টির সঙ্গে কম্প্রোমাইজ করেনি। যাদের জেলে থাকার কথা তাদের জেল থেকে খাবার টেবিলে এনে বসাবেন না? আমরা দেখেছি খাওয়ার টেবিলের প্রধানমন্ত্রীর একদিকে মার্কসবাদি সোমনাথ চ্যাটার্জি আর একদিকে অটলবিহারী বাজপেয়ি। ভি.পি.সিং যখন প্রধানমন্ত্রী হল তখন প্লেনে করে তার সাথে দুজনে গেল। তখন ইন্ট্রোডিউস করা হচ্ছে, এই হল প্রাক্তন বিদেশমন্ত্রী অটলবিহারী বাজপেয়ি, আর ইনি হলেন সোমনাথ চ্যাটার্জি। আপনারা এইসব ভুলে গিয়েছেন? কমিউনাল পার্টিকে যদি কেউ এগিয়ে নিয়ে গিয়ে থাকে তাহলে তারা হল মার্কসবাদি কমিউনিস্ট পার্টি। আবার লালুপ্রসাদ ও মুলায়ম সিং যাদবের সাথে জ্যোতি বসু হাত ধরে ফটো তুলেছে। আজকে শেয়ার কেলেঙ্কারির কথা আপনারা বলছেন, আরও অনেক কেলেঙ্কারি হবে, কিন্তু আপনারা এমন একটা পার্টি করছেন যে আমাদের পায়ের তলায় পড়তে হবে। লোকসভায় ভোট না দিয়ে আপনারা পালাতে পারবেন না। কেননা আজকে আপনারা আতঙ্কিত, আপনারা মানুষের কাছে যেতে পারবেন না। আপনারা বাজেটের বিরুদ্ধে যতই মিটিং করুন না কেন, কংগ্রেসকে আপনাদের টিকিয়ে রাখতে হবে। আমরা বি.জে.পি-র বিরুদ্ধে সব সময় লড়াই করে যাচ্ছি। কিন্তু জ্যোতি বাবুর পলিসি হল অ্যান্টি সি.পি.এম ভোটকে ভাগ করে দেওয়া। সেইজন্য বি.জে.পি.-কে এই রাজ্যে তুলে ধরা হচ্ছে। যাতে ভোট ভাগ হয়ে যায় এবং সি.পি.এমের সুবিধা হয়।

[3-20 — 3-30 p.m.]

স্যার, আপনাকে বলি, এরা বি.জে.পি'র বিরুদ্ধে ময়দানে দাঁড়িয়ে বলছেন যে ওদের ব্যবসাদাররা যদি বাড়াবাড়ি করে তাহলে আমরা দেখে নেব আর আশ্চর্য হয়ে গেলাম মুখ্যমন্ত্রীর সেক্রেটারি টেলেক্স পাঠালেন দিল্লিতে। সন্তোষ মোহন দেবের দপ্তর বললেন এক্সপার্ট কমিটি অন ইসকো, তারা বিচার করছেন কিভাবে স্টীল প্ল্যান্ট মর্ডানাইজেশন হওয়া দরকার আর চিফ মিনিস্টারের সেক্রেটারি—আমি দায়িত্ব নিয়ে বলছি, চিফ মিনিস্টারের সেক্রেটারি টেলেক্স পাঠালেন তিনদিন আগে এবং বললেন যে আমি চাই মুকুন্দ, আমি চাই বি.জে.পি'র এম.পি. বীরেন শাহ যাতে ইসকোর মডার্নাইজেশন করতে পারে। স্যার, বি.জে.পি'র ব্যবসাদারের জন্য ঐ রেকমেনডেশন পাঠালেন স্টেট গভর্নমেন্ট। কাগজে বেরিয়েছে—বিজনেস টাইমসে। বীরেন শাহ বি.জে.পি'র এম.পি. আর জ্যোতিবাবুরা দাঁড়িয়ে বলছেন বি.জে.পি'র লোকদের দেখে নেব। স্যার, আমার দুঃখ হয়, আমি বলতে বাধ্য হচ্ছি, আপনাদের পার্টির নেতারা—আপনারা তো অনেক চিৎকার করেন—কলকাতার শেরিফ অ্যাপয়েন্ট করলেন আর তারপর সেই ব্যক্তি চলে গেলেন বি.জে.পি'র দিকে। মুখ্যমন্ত্রী তার আত্মীয়দের ইচ্ছা করে বি.জে.পি'র দিকে পাঠাচ্ছেন কিনা-আমার জানতে ইচ্ছা করে। বি.জে.পি'র লাইন খুলে রাখলেন। উনি একটা জিনিস বোঝেন—ক্ষমতা কি করে পাব। ক্ষমতার জন্য লড়াই করবেন।

সেই ক্ষমতা পাবার জন্য কোথাও বি.জে.পি; কোথাও কংগ্রেস—কি ভাবে ভাগ করলে কি দাঁড়াবে এটাই হল আপনাদের চিন্তা। আমরা দিলীপ রায়চৌধুরী বলে ভদ্রলোকের কথা জানতে চাইব। মুখ্যমন্ত্রীর আত্মীয়। আমাদের নিশ্চয় আপত্তি নেই মুখ্যমন্ত্রীর কোনও আত্মীয় পোষ্টে বসেন কিন্তু সেই ব্যক্তি যদি পরবর্তীকালে আপনাদের বিরুদ্ধে রাজনীতির সঙ্গে যুক্ত হন তাহলে ধরে নেব আইদার আপনাদের কনসেন্ট গেছে আর না হলে আপনারা ব্যক্তি চুজ করতে পারছেন না। এইসব আত্মীয়স্বজনকে আর সমর্থন করবেন না। মুখ্যমন্ত্রী কোথায় গেলেন? লুকিয়ে লুকিয়ে ঘরে বসে শুনছেন? বেরিয়ে আসুন, আমার বক্তব্য শুনুন এবং তার উত্তর দিন। স্যার, আমরা জানতে চাই যে পেট্রো কেমিক্যাল কমপ্লেক্স কোন স্টেজে আছে। টাটাদের সঙ্গে আপনারা গল্প করলেন। খবরের কাগজে বেরুলো যে টাটার রাজি নয়, ওরা বলছেন একটা থার্ড পার্টনার জোগাড় করুন। আমি মুখ্যমন্ত্রীকে লিখলাম যে গোপনে কিছু করবেন না। বলুন, এখানে থার্ড পার্টনার আছেন কিনা কেন না আমাদের কাছে খবর আছে ১০ পারসেন্ট সিভিল ওয়ার্ক এখন চলছে। স্যার, ৩ বছর ধরে ১০ পারসেন্ট সিভিল ওয়ার্ক চলছে। কি ভাবে হবে? মুখ্যমন্ত্রী এতোবার দিল্লি যাচ্ছেন। আমাদের পায়ে ধরে তো রয়েছেন। আমাদের ছাড়া বি.জে.পি'র লাঠি ঘাড়ে পড়বে। এসব কথাগুলি আপনাদের বোঝা দরকার। আপনাদের আমাদের ছাড়া গতি নেই। আপনারা তাই আমাদের কাছে কাকুতি-মিনতি করেন। হলদিয়া পেট্রো-কেমিক্যালস-এর অবস্থা কি আমরা জানতে চাই। হলদিয়া পেট্রো-কেমিক্যালস এত কোটি টাকার প্রোজেক্ট, কিভাবে হবে, কে ফাইনান্স দেবে। ইন্টারন্যাশনাল ফাইনান্স কর্পোরেশন কি করবে, আই.ডি.বি.আই. কোথায় লোন ট্যাগ আপ করবে, কোনওকিছু ব্যাখ্যা নেই। মুখ্যমন্ত্রী খালি বলছেন শিল্পের বিকাশ হচ্ছে, চার কোটি টাকার প্রস্তাব পেয়েছেন। কিন্তু প্রস্তাবটা ইমপ্লিমেন্ট হচ্ছে কতটা, দয়া করে বলুন। ইমপ্লিমেন্ট হচ্ছে না। প্রস্তাব হচ্ছে, আর মহারাষ্ট্র, গুজরাটে কারখানা হচ্ছে, পশ্চিমবাংলা দেউলিয়া হয়ে যাচ্ছে। তাই রাজ্যপালের ভাষণে অনেক জিনিস লুকিয়ে গেছে। সেইসব জিনিস বলেন নি। আমি ধন্যবাদ জানাই দিল্লির অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিংকে, তার বিরুদ্ধে আপনারা কথা বলেন মাঠে মাঠে। ধন্যবাদ সেই মন্ত্রীকে রুর‍্যাল ডেভেলপমেন্টের জন্য ৫ হাজার ১০ কোটি টাকা, প্রায় ৬২ পারসেন্ট ধার্য করেছেন। আমরা রুরাল ডেভেলপমেন্ট চাই, আমরা ম্যানডেজ ক্রিয়েট করতে চাই। ১১০ কোটি ম্যানডেজ ক্রিয়েট করতে চাই। কিন্তু আমরা জানি পশ্চিমবঙ্গের এই অর্থনৈতিক বিকাশ হবে না। কারণ ম্যানডেজ ক্রিয়েট করা হলে পার্টি স্ট্যাটিসটিক্স দেখিয়ে ক্যাডাররা টাকা নিয়ে চলে যাবে। ম্যানডেজ তৈরি হবে না। আপনারা তো ২২.২৪ কোটি টাকা ইউটিলাইজ করেছেন। আমরা বলছি ২ হাজার ৮৬ কোটি থেকে ৩ হাজার ৩০৬ কোটি বৃদ্ধি করা হয়েছে। আপনারা যদি সত্যি কিছু কাজ করতে চান, একটা অল পার্টি মিটিং করুন, পশ্চিমবাংলায় জওহর রোজগার যোজনায় রুর‍্যাল ডেভেলপমেন্ট করতে চাই, আসুন একসঙ্গে বসি, ঠিক করি, কি করে কোন জেলায় কিছু করা যায় কিনা। কিন্তু আপনারা চাইবেন কেন্দ্রীয় সরকার টাকা দিন, আর টাকা তছরূপ করে ভোটে জিতবেন, মানুষের জন্য টাকা খরচ করবেন না। এই জিনিস পশ্চিমবাংলার মানুষ সহ্য করবে না। কেন্দ্রীয় সরকার বলেছেন সাত হাজার ছয় কোটি টাকার ওয়াটার সাপ্লাই আপনারা ওয়াটার সাপ্লাই এর টাকা দিয়ে মাইনে দিচ্ছেন, এই অবস্থা চলছে। গ্রামের লোক জল পাচ্ছে না। আপনার সেই টাকা দিয়ে মাইনে দিচ্ছেন। আপনাদের টোটাল অ্যাডমিনিস্ট্রেশন কোলাপ্স করে গেছে। এই পরিস্থিতিতে

আপনারা পঞ্চায়েত নির্বাচন করতে চলেছেন। দিল্লির পার্লামেন্টে একটা বিল পাস হয়েছে, তার র‍্যাটিফিকেশন প্রত্যেক রাজ্যে হবে। আপনারা কি সেই নীতি মেনে নিচ্ছেন? সেই বিল মেনে নিচ্ছেন কি, তার ভিত্তিতে নির্বাচন হবে কি—তার কথা উল্লেখ নেই। মুখ্যমন্ত্রী বলুন আমরা রাজি আছি। ওখানে বলা হয়েছে একটা নির্বাচনি কমিশনের মাধ্যমে নির্বাচন হবে। আপনারা তা করবেন না। আমাদের বিলে কম্পট্রোলার এবং অডিটার জেনারেলকে দিয়ে পঞ্চায়েতের অ্যাকাউন্টস চেক করাতে হবে, সেটা চাইছেন কি, আপনারা রাজি আছেন? রাজি নয়। তার মানে কোনও কাজেরই হিসাব রাখার ব্যাপারে এবং হিসাব দেওয়ার ব্যাপারে আপনারা রাজি নন। অর্থাৎ আপনারা সমস্তরকম বেহিসাবি কাজ করতে চান। স্যার, বক্রেশ্বর থার্মাল পাওয়ার স্টেশনের কথা এবারেও রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে। এবং বলা হয়েছে জাপানের ও.এফ.সি. টাকা দেবে। আবার কাগজে দেখলাম রাশিয়ার কাছে ছুটে গিয়ে এই সরকার নাকি বলছে, — আপনাদের মাধ্যমেই আমরা প্রোজেক্ট করতে চাই, আপনারা করুন। প্রকৃত পক্ষে কি হচ্ছে আমরা কিছুই বুঝতে পারছি না! স্যার, এই অবস্থায় এই রাজ্যপালের বক্তৃতার মধ্যে দিয়ে কোনওরকম উৎসাহ পাচ্ছি না। রাজ্যপালের গোটা ভাষণের মধ্যে কোথাও কোনও প্রগতির চিহ্ন নেই। সমস্ত নেগেটিভ কথাবার্তা। স্যার, এখন এরা পা ধরার রাজনীতি করছেন। পা ধরে রাজনীতি করছেন, আপনাদের কেউ দেখবে না। আপনারা ভাবছেন পশ্চিমবঙ্গে কুয়োর মধ্যে বাস করব, এখানে মানুষকে মারব আর ক্ষমতা দখল করব! আপনারা জেনে রাখুন, আপনাদের দিন শেষ হয়ে এসেছে। এখন আপনারা কংগ্রেস(আই)-কে ভিত্তি করে দাঁড়িয়ে আছেন। আপনাদের নিজস্ব কোনও বেস নেই। মুখ্যমন্ত্রী এখানে যত কথাই বলুন না কেন, নরসীমা রাওকে গিয়ে সুইট কথা না বললে তার চলবে না, সেটা তিনি ভাল করেই জানেন। গ্রাম বাংলার মানুষ আজকে আপনাদের মুখোস খুলে দিয়েছে। এই ক'টি কথা বলে আমাদের পক্ষের কাট মোশনকে সমর্থন করে, মাননীয় রাজ্যপালের হতাশাব্যঞ্জকে অপোস করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3-30 — 3-40 p.m.]

মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমরা রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা করছি। ইতিমধ্যে শ্রী ননী কর রাজ্যপালের ভাষণের প্রতি ধন্যবাদজ্ঞাপন করেছেন। শ্রী ননী করকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমরা এখন যে সময়ে রাজ্যপালের ভাষণের ওপর বিতর্ক করছি, এই সময়টাকে আমরা এক অর্থে বলি আত্মসমর্পণের সময়। অর্থাৎ ভারতবর্ষ আত্মসমর্পণ করেছে এবং এই আত্ম সমর্পণের মধ্যে দিয়েই আমাদের দেশের কেন্দ্রীয় বাজেট পার্লামেন্টে প্লেসড করা হয়েছে। আমরা এর আগেও লক্ষ্য করেছি, বিশেষ করে নরসীমা রাও মন্ত্রিসভা ক্ষমতায় আসার পর থেকে তারা যে নীতি অনুসরণ করার চেষ্টা করছেন, সেই নীতি হচ্ছে আত্মসমর্পণের নীতি। আজকে আমরা এই যে বিতর্কে অংশ গ্রহণ করছি এরমধ্যে কেন্দ্রীয় সরকারের নীতি এবং বাজেটের কথা খুবই প্রাসঙ্গিকভাবে এসে যাচ্ছে, তার কারণ দেশটা ভারতবর্ষ। আমরা সকলে ভারতবর্ষে বসবাস করি। পশ্চিমবাংলা ভারতবর্ষেরই একটা অঙ্গ রাজ্য। ভারতবর্ষের অর্থনীতি যে পথে যাচ্ছে সে পথের প্রভাব একটা রাজ্যে কি ভাবে পড়ছে, সেটা আমাদের নিশ্চয়ই বুঝতে হবে। রাজ্যপাল এখানে ভাষণ উপস্থাপিত করেছেন সেই ভাষণে আমরা জানি আমাদের

রাজ্যের সমস্ত মানুষের, বিশেষ করে শোষিত, বঞ্চিত, নিপীড়িত মানুষদের যে বেদনা, সেই বেদনা সম্পূর্ণভাবে ফুটে ওঠে নি। কেন না, আমরা সাধারণ মানুষদের বঞ্চনার কথাগুলি খুব ভাল ভাবে জানি। আমরা এ কথাও জানি যে, রাজ্য সরকারের সীমাবদ্ধ যে ক্ষমতা, সেই ক্ষমতা দিয়ে মানুষের আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা থেকে তাকে রক্ষা করা যাবে না। তা থেকে তাকে রক্ষা করা যাবে না। সুতরাং এরমধ্যে দাঁড়িয়ে রাজ্যের অর্থনৈতিক উন্নয়নকে অব্যাহত রাখতে হবে। রাজ্যের গণতান্ত্রিক পরিবেশকে সুঠাম রাখতে হবে। এবং বেদনাহত মানুষেরা যাতে তাদের যন্ত্রণার কথাগুলিকে বলতে পারেন তাদের সংগঠিত হবার যে সুযোগ সেই সুযোগ তাদের দিতে হবে। সুতরাং সেই দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে রাজ্যের বামফ্রন্ট সরকারকে শাসন ক্ষমতা চালাতে হচ্ছে এবং আমি আশা করি যে অঙ্গ রাজ্য হিসাবে যে অধিকারগুলি আছে সেই অধিকারগুলি সম্বন্ধে কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি ন্যায্য বিচার করবেন, যে সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দিয়ে আমরা চলেছি এবং এ রাজ্যের মানুষের অভাব অভিযোগ সম্বন্ধে অনুধাবন করার চেষ্টা করবেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে কেন্দ্রীয় সরকারের আজকে যতটুকু নজর দেওয়ার ক্ষমতা ছিল সেই ক্ষমতা এখন আর থাকছে না। এর আগে এখানে বিতর্কের সুযোগ যেটা ছিল, তাতে বলা হয়েছিল যে কারা করবে? যারা ভারতবর্ষে জন্মগ্রহণ করেছেন এবং ভারতবর্ষের নিয়োজিত কেন্দ্রীয় সরকারে গিয়েছেন এবং কেউ প্রধানমন্ত্রী কেউ বা অর্থমন্ত্রী হয়েছেন, নেতা হয়েছেন, কিন্তু আজকে ভারতবর্ষের যে আর্থিক সামাজিক পরিস্থিতি সেই সম্বন্ধে কোনও কথা তারা বলতে পারবেন না, কারণ আজকে তারা যেখানে চলে গিয়েছেন তাতে ভারতবর্ষের মানুষের সম্বন্ধে অনুভব করার কোনও ক্ষমতা তাদের নেই। তারা আই.এম.এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যেভাবে আত্মসমর্পণ করতে চলেছেন তাতে ভারতবর্ষে দাঁড়িয়ে ভারতবর্ষের দুঃখ ক্লিষ্ট মানুষের সম্বন্ধে কথা বলার ক্ষমতা নেই। এখানে যেভাবে প্রেসক্রিপশন আসছে সেইভাবে ডাক্তারি চলছে। আমাদের অর্থনীতির উপরে ডাক্তারি চলছে। সেইখানে আমরা দেখছি যে এখানে যে বাজেট উপস্থাপন করা হয়েছে সেই বাজেট উপস্থাপন করার আগে যে বিভিন্ন আন্তর্জাতিক তহবিল রয়েছে তাদের কাছে আগে থেকে কথা বার্তা বলে করার চেষ্টা করা হচ্ছে। ভেঙ্কট চালিহা কমিটি বলে যে কমিটি ছিল তারা আই.এম.এফের সঙ্গে ভারতবর্ষের একটা নেগোশিয়েট করবে এবং সেই নেগোশিয়েট ভারতবর্ষে কিছু কিছু বিধি ব্যবস্থা নেওয়া যায় কিনা তা নির্দিষ্ট করে দেবেন এবং তদনুযায়ী ভারতবর্ষের সরকার বাজেট তৈরি করবেন। সেই চালিহা কমিটির সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় সরকারের বাজেট তৈরি করা হয়েছে সেটা আমরা দেখতে পাচ্ছি। আজকে দেখতে পাচ্ছি যে কনভার্টিবিলিটি বিনিময় যোগ্যতা সেই কনভার্টিবিলিটি বা বিনিময় যোগ্যতার দিকে লক্ষ্য রেখে এই বাজেট তৈরি করার চেষ্টা করা হয়েছে। সেজন্য আমদানি বাড়াবার পথ যতটা খুলে দেওয়া হচ্ছে রপ্তানির পথে ততটা ব্যবস্থা রাখা হচ্ছে না। আমরা দেখলাম বাজেট স্থাপনের পর ভারতবর্ষের বিশিষ্ট অর্থনীতিবিদরা আজকে যে কথা অবতারণা করেছেন তাতে যেভাবে আমদানির পথ উন্মুক্ত করা হয়েছে তাতে আমাদের দেশে ট্রেড ডেফিসিট যেখানে রপ্তানির দিক থেকে শতকরা ৬ ভাগ সেখানে আমদানির ক্ষেত্রে শতকরা ২০ ভাগ, এই শতকরা ১৪ ভাগ ট্রেড ডেফিসিটকে সামনে রেখে এবারের বাজেট করা হয়েছে। বিভিন্নভাবে ভারতবর্ষে আমদানির পথ খুলে দেওয়া হয়েছে। যেভাবে সুযোগ সুবিধা করে দেওয়া হয়েছে তাতে স্পষ্টই দেখতে

পাওয়া যাচ্ছে ভারতবর্ষে ঐ সাম্রাজ্যবাদিদের প্রেসক্রিপশন অনুযায়ী পুঁজিবাদি অর্থনীতিকে আরও বেশি করে গড়ে দেবার চেষ্টা করা হচ্ছে কোনও পুঁজিবাদ, না যে পুঁজিবাদ অর্থনৈতিক ক্ষেত্রে ভয়নকভাবে মন্দার মুখে পড়েছে, সেই মন্দা থেকে বাঁচবার জন্য তাদের ক্যাপিট্যাল গুডস নিয়ে তারা তৃতীয় দুনিয়ায় হামলে পড়ছে এইসব দেশগুলির কৃষি, শিল্প ইত্যাদি বানচাল করার জন্য চেষ্টা করছে। কাজেই তাদের এই বাজার সৃষ্টি করার উদ্দেশ্যেই এখানে মুক্ত বাজার সৃষ্টি করা হয়েছে। মুক্ত বাজারের অর্থ হচ্ছে এই যে বিদেশি পুঁজিপতি গোষ্ঠী, শিল্পপতি গোষ্ঠীরা যাতে মুক্ত ভাবে এখানে বিনিয়োগ করতে পারে তারই ব্যবস্থা করা। আমরা দেখেছি যে আমাদের এখানে শিল্পের ক্ষেত্রে ভয়ানক একটা তান্ডব চলছে এবং তার ফলে এক একটা কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, রাষ্ট্রায়ত্ত কারখানাগুলিকে বন্ধ করে দেবার ব্যবস্থা করা হয়েছে এবং সেগুলিকে ব্যক্তিগত মালিকানার হাতে তুলে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এখন শ্রমিকদের ছাঁটাই করার জন্য নতুন ভাবে বিদায় নীতি চালু করার চেষ্টা করা হয়েছে। এই সমস্ত করে শিল্পের ক্ষেত্রকে একটা ধ্বংসের দিকে আনা হয়েছে। আর একটা দিকে আমরা দেখছি যে কৃষির দিকে হাত বাড়াবার ব্যবস্থা করা হয়েছে। আজকে আমাদের দেশের অর্থমন্ত্রী গর্ব করে বলেছেন যে আমাদের কৃষিতে আগে যে জি.ডি.পি ছিল এখন সেটাকে আমরা ৪.৩ পারসেন্ট করতে পেরেছি। আমাদের টার্গেট ছিল ৫ পারসেন্ট-এর চেয়ে বেশি, কিন্তু আমরা ৪.৩ পারসেন্টে পৌঁছে গেছি। আমরা জানি এই যে জি.ডি.পি ৪.৩ পারসেন্ট হয়েছে তার মূল জায়গা দখল করে আছে কিন্তু কৃষি। কৃষি কেন সেই জায়গা দখল করতে পেরেছে? সেখানেও যে সরকারের কেন পরিকল্পনা আছে তা নয়। সরকার বরঞ্চ কৃষিকে ধ্বংস করার জন্য, উৎপাদনকে ধ্বংস করার জন্য সার, বিদ্যুৎ, বীজ এবং অন্যান্য জিনিসের দাম বাড়িয়েছেন। কিন্তু তাসত্ত্বেও আকাশ আমাদের দিকে থাকার ফলে, প্রকৃতি আমাদের দিকে থাকার ফলে আমরা দেখেছি যে রেন ফল হয়েছে ভারতবর্ষে গত ৫। ৬ বছর তার ফলে প্রতিকূল অবস্থার মধ্যেও কৃষি ও কৃষিজাত ফসল গত ৫ বছর পরপর ভাল হয়েছে। তারই ফলে ভারতবর্ষের যে জি.ডি.পি, তার ক্ষেত্রে কৃষিজাত যে দ্রব্য তা ভাল ভূমিকা পালন করেছে। শিল্প যেখানে আমাদের কমে এসেছে সেখানে কৃষিতে আমাদের জি.ডি.পি ৪.৩ পারসেন্ট হতে পেরেছে। এটাকে কেন্দ্র করে বলা হয়েছে যে আমরা সাফল্যমন্ডিত হয়েছি। নুতন করে তারা গ্যাম্বলিং করছেন। এবারেও গ্যাম্বলিং করে বলছেন যে ঢালাও ভাবে কৃষিনীতির সাহায্যে বিদেশি পুঁজির ব্যবস্থা করে দাও, বিদেশ থেকে আমাদের দেশে জিনিস-পত্র আসুক, সেগুলি নিয়ে আমাদের দেশের অর্থনীতিকে আমরা উন্নত করব। আর একটা জিনিস হচ্ছে, ট্যাক্সের যে নীতি, সেই নীতির ক্ষেত্রে যারা বেশি আয় সম্পন্ন মানুষ বা যারা শিল্পপতি গোষ্ঠী, তাদের ক্ষেত্রে ট্যাক্স ছাড় দেবার ব্যবস্থা করা হয়েছে। আই.এম.এফ বলেছিল যে আরও বেশি ছাড় দিতে হবে। যেখানে ৬০ হাজার কোটি টাকা পর্যন্ত ছাড় দেওয়া যেতে পারে সেখানে ৪০ ভাগ করেছেন এবং করে এখন তারা কর্পোরেট ট্যাক্স কমিয়ে দিচ্ছেন। এখানে যারা ঐ যন্ত্রপাতি নিয়ে আসছেন, তারা যাতে সেই যন্ত্রপাতি দিয়ে কলকারখানা করতে পারেন তারই সুযোগ করে দেবার জন্য এই কাজ করা হয়েছে। তাহলে গোটা দৃষ্টিভঙ্গিটাই হচ্ছে ভারতবর্ষের ৮৫ ভাগ মানুষকে বাদ দিয়ে ১৫ ভাগ মানুষকে নিয়ে এবং তাদের সুখ-স্বাচ্ছন্দের দিকে নজর রেখে আমাদের দেশের অর্থনীতিকে ঢেলে সাজানোর ব্যবস্থা করা হয়েছে। কাজেই অর্থনীতি এই জায়গায় যাচ্ছে। সেই বাজেটকে সামনে রেখে

আমাদের রাজ্যের বাজেট করতে হবে এইরকম অবস্থার মধ্যে দিয়ে আমাদের রাজ্যকে চালাতে হচ্ছে। প্রায় এক লক্ষ কোটি টাকার উপরে বিদেশি ঋণ যে সরকারের হাতে সেই সরকার আজকে কেন্দ্রে বসে আছে এবং তাদের নীতি অনুযায়ী এই দেশ চলবে। সেইরকম অবস্থার মধ্যে পশ্চিমবঙ্গের মতো একটা রাজ্যে দারুণ কিছু করা যাবে এটা আমরা ভাবতে পারিনা। কাজেই সীমাবদ্ধ অবস্থার মধ্যে আমাদের চলতে হচ্ছে। রাজ্যপালের ভাষণে তারই একটা চেহারা প্রতিফলিত হয়েছে। আমরা গর্ব করে বলতে পারি যে এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও এখানে এই রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি ভিন্ন। যেখানে ৮৫ ভাগ মানুষকে উপেক্ষা করার চেষ্টা করা হয়েছে। সেখানে ৮৫ ভাগ মানুষকে সামনে রেখে এখানকার বাজেট তৈরি করা হয়েছে। সেই ৮৫ ভাগ মানুষের কল্যাণ কত তাড়াতাড়ি করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। তাদের শিক্ষা-দিক্ষা ইত্যাদির ব্যাপারে কত তাড়াতাড়ি তাদের কাছে পৌঁছে দেওয়া যায় সেই ব্যবস্থা করা হয়েছে। এইখানেই দৃষ্টিভঙ্গির তফাত। এটা ঠিক যে যতদূর পর্যন্ত গেলে আমরা মানুষের আশির্বাদ পেতে পারতাম সেই জায়গায় আমরা পৌছাতে পারিনি। বহু ক্ষেত্রে আমরা তাদের আকাঙ্খা পুরণ করতে পারিনি। এখানে স্বাস্থ্যের কথা বলা হয়েছে। এটা ঠিকই যে প্রাইমারি হেলথ সেন্টারগুলির দিকে তাকালে দেখা যাবে যে সেখানে সেই ব্যবস্থা সঠিক নেই। আমরা যারা বিধায়ক, আমরা যখন নির্বাচিত হয়ে আসি, আমরা যখন সাধারণ মানুষের মধ্যে থাকি, আমরা মানুষের কান্না, মানুষের কথা শুনতে পাই। এই সম্পর্কে তারা আমাদের কাছে বলেন। কিন্তু এই অবস্থা কেন? আজকে যদি বেসরকারি বাজেট বরাদ্দের দিকে ভাল করে তাকিয়ে দেখেন তাহলে সেখানে দেখবেন বাজেট বরাদ্দ নেই। সেটা তারা ভাবছেন না। তারা ভাবছেন প্রাইভেটাইজেশন করে দেওয়া হবে। তারা যে চাপ সৃষ্টি করছেন তারফলে আজকে রাজ্যকে এমন একটা জায়গায় যেতে হয়েছে যাতে মানুষের কাছে তার সুফল পৌঁছে দেওয়া যাচ্ছেনা। মানুষের কাছে পানীয় জলটুকুও পৌঁছে দেওয়া যাচ্ছেনা। মানুষের শিক্ষার ক্ষেত্রে আমরা যে প্রসার ঘটাতে পেরেছিলাম সেটাতে ওদের চক্ষুশূল হয়েছে। কাজেই শিক্ষা যাতে ভেঙে পড়ে তার চেষ্টা করা হচ্ছে। আমরা যে স্ট্রাকচার করে রেখেছি সেটাকেও এগিয়ে নিয়ে যাব তা পারছিনা, সেখানেও আমাদের থেমে থাকতে বাধ্য হয়েছি। আমাদের শৃঙ্খলিত করার যে ব্যবস্থা সেটাকে চালু করা হয়েছে। এইরকম অবস্থার মধ্যে দিয়ে রাজ্যকে পরিচালিত করতে হচ্ছে। এখানে গণতান্ত্রিক পরিবেশের কথাই বলুন বা অন্যান্য কথাই বলুন, যেসব অভিযোগ করা হয়েছে সেগুলি ঠিক নয়, অত্যন্ত ছেদো অভিযোগ করা হয়েছে। আমরা যদি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করি তাহলে দেখা যাবে যে এই রাজ্যে অন্যান্য রাজ্যের চেয়ে সুষ্ঠু পরিবেশ আমরা রাখতে পেরেছি। সবচেয়ে বড় কথা হচ্ছে, কলকাতা শহরে কয়েকটি জায়গায় দাঙ্গা বিধ্বস্ত হয়েছে বলে বলার চেষ্টা করা হয়েছে। কিন্তু তাহলেও সাম্প্রদায়িকতার ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে প্রগতিশীল দৃষ্টিভঙ্গি নিয়ে চলার সুযোগ এই রাজ্যে সৃষ্টি হয়েছে। এটা ওরাও করতে পারেন নি। ৬ই ডিসেম্বরের পরে বিভিন্ন জায়গায় যে ঘটনাগুলি ঘটেছে তার দিকে তাকালে দেখা যাবে যে কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে হাজার হাজার মানুষকে হত্যা করা হয়েছে।

[3-40 — 3-50 p.m.]

আমরা দেখেছি বোম্বে এবং গুজরাটের বিভিন্ন জায়গায় হাজার হাজার মানুষকে নির্বিচারে

হত্যা করা হয়েছে ৬ই ডিসেম্বরের পর। তারপর আবার বোম্বে এবং গুজরাটে দিনের পর দিন দাঙ্গা হয়েছে। এই রাজ্যেও ৬ই ডিসেম্বরের পর দাঙ্গা হয়েছে এবং তারজন্য আমরা মাথা নিচু করে রেখেছি। এখানে যেটা হয়েছে অন্যায় হয়েছে। এতে বাংলার ঐতিহ্য কালিমালিপ্ত হয়েছে। তবে এর মোকাবিলা আমরা করছি। আমরা মানুষের মধ্যে সম্প্রীতি বজায় রাখবার জন্য চেষ্টা করে যাচ্ছি। তবে আমরা মনেকরি, এই সীমাবদ্ধ অবস্থায় রাজ্যপালের ভাষণে এরচেয়ে ভাল কিছু বলবার উপায় ছিল না। আমরা মানুষের আশির্বাদ নিয়ে যেভাবে কাজটা করতে পারছি, ভবিষ্যতেও সেইভাবে করতে পারবো, রাজ্যপালের ভাষণে সেই আত্মবিশ্বাস পরিস্ফুট হয়ে উঠেছে। সেজন্য ননী কর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী ফজলে আজম মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং যে সমস্ত সংশোধনী দেওয়া হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল তার ভাষণে অযোদ্ধার ঘটনার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের বুকে যে দাঙ্গা ঘটে গেছে সেই সম্পর্কে খুব হালকাভাবে উল্লেখ করেছেন। তিনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে নাকি হালকাভাবে দাঙ্গা হয়েছে এবং পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার অবস্থা নাকি ভাল। আমি এর প্রতিবাদ করে বলতে চাই, পশ্চিমবঙ্গে যে দাঙ্গা হবে সেটা বামপন্থী সরকার এবং পার্টি ভাল করেই জানতেন। কারণ বিগত ৬ই ডিসেম্বর অযোদ্ধায় যখন একটা ঘটনা ঘটতে চলেছে এবং তার পরিপ্রেক্ষিতে সমস্ত ভারতবর্ষের বুকে একটা কিছু ঘটতে চলেছে এই কথা বামফ্রন্ট সরকার ভাল করেই জানতেন। তার আগে এই পশ্চিমবঙ্গে কংগ্রেসের শ্রীমতী মমতা ব্যানার্জি বামপন্থীদের অপশাসনের। বিরুদ্ধে যে আন্দোলন গড়ে তুলেছিলেন তার পরিপ্রেক্ষিতে বামফ্রন্ট সরকার জলাতঙ্ক রোগে ভুগছিলেন। সেই জলাতঙ্ক রোগ থেকে মুক্ত হবার জন্য সুপরিকল্পিতভাবে পশ্চিমবঙ্গে বুকে দাঙ্গা লাগিয়েছিলেন যার জ্বলন্ত প্রমাণ আমার কাছে রয়েছে। আমি প্রমাণ দিয়ে দেখিয়ে দিতে চাই, পশ্চিমবঙ্গে দাঙ্গার পেছনে বামফ্রন্ট সরকার এবং পার্টির সুপরিকল্পিত মদত ছিল। গত ৫ই ডিসেম্বর আমার কেন্দ্র গার্ডেনরীচে বামপন্থীদের একটা মিছিল বের হয়। সেই মিছিলের সমাপ্তির সময় সন্ধ্যাবেলা ঘোষণা করা হল তোমরা মিছিল শেষ হবার পর তোমাদের যে সমস্ত নির্দেশ দেওয়া আছে সেই অনুযায়ী নিজ নিজ এলাকার নির্দিষ্ট জায়গায় চলে যাও। এইভাবে বামপন্থী পার্টি এবং সরকার সুপরিকল্পিতভাবে মমতা ব্যানার্জির আন্দোলন থেকে মানুষের মনকে ঘুরিয়ে দেবার জন্য দাঙ্গা করেছে। দ্বিতীয় কথা হল, ৭ই ডিসেম্বর তারিখে আমার কেন্দ্র গার্ডেনরীচে সকাল ৮টার সময় বুড়ো সাহেবের হাটে দাঙ্গা আরম্ভ হয়। আমি ঐ এলাকায় ছুটে গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম, মেটিয়াব্রুজ থানার ও.সি. এবং ডি.এস.পি (ইন্ডাস্ট্রি) একজন অ্যান্টি সোস্যাল ওয়ান্টেড ক্রিমিনালকে নিয়ে স্পটে রয়েছেন। আমি তাদের জিজ্ঞাসা করলাম এই মানুষটা এখানে কেন? মেটিয়াব্রুজ থানার ও.সি. বললেন ও আমাদের সহায্য করছে। অথচ আমরা দেখলাম সেই অ্যান্টি-সোস্যাল এলিমেন্ট সমস্ত জায়গায় দাঙ্গা লাগাবার প্ররোচনা দিচ্ছে। মেটিয়াব্রুজ থানার ও.সি কাছে গিয়ে দেখি দাঙ্গা থামানোর জায়গায় তিনি থানায় বসে রয়েছে, আমি গিয়ে তাকে বলি এই অ্যান্টি-সোশ্যালদের সরিয়ে দেওয়া হোক। আমি খবর

পেলাম মেটিয়াব্রুজ থানার অন্তর্গত কাশ্যপ পাড়ায় আগুন লাগানো হয়েছে, মিটাতালাও-এর ভিকুর মন্দিরে আগুন লাগানো হয়েছে। আমি ও.সি.কে সঙ্গে সঙ্গে বললাম মেটিয়াব্রুজ থানার ভিকুর মন্দিরে যে আগুন লাগানো হয়েছে সেখানে আমি যাচ্ছি আপনি কাশ্যপ পাড়ায় ইমিডিয়েট ফোর্স পাঠিয়ে দিন। সকাল সাড়ে আটটার সময় ও.সি-কে আমি বলেছিলাম কাশ্যপ পাড়ায় পুলিশ পাঠিয়ে দিন, বিকাল ৪টার সময় সেখানে ফোর্স পাঠানো হয়েছে যখন সমস্ত ঘর-দোর জ্বলে গেছে। বামফ্রন্ট সরকার পরিকল্পনা করে ৬-৮ ঘন্টা পুলিশকে নিষ্ক্রীয় কে: রেখেছিল। সেইজন্য কাশ্যপ পাড়ায় হিন্দু পরিবার, দুবিয়াতালাও, বিবিবাগান এবং ট্যাংরায় মুসলিমদের ঘর-দোর জ্বলে গেছে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে বোঝা যায় বামফ্রন্ট সরকার এবং তার পার্টি ইচ্ছাকৃত ভাবে পশ্চিমবাংলায় দাঙ্গা-হাঙ্গামা করেছে। পশ্চিমবাংলায় আমরা দেখলাম এই দাঙ্গা হয়ে যাবার পর দৈনন্দিন খবর কাগজে যে সমস্ত কালপিটের নাম বেরিয়ে আসতে লাগলো সরকার সেই সমস্ত কালপিটকে অ্যারেস্ট করল না। ধুবিয়াতালাও-এর ভাল্লুক এবং মেটিয়াব্রুজ থানার ঝুন্নুকে অ্যারেস্ট করা হল না। দাঙ্গার পর ৫৭৬ জন মুসলিম সম্প্রদায়ের মানুষকে অ্যারেস্ট করা হল। তাদের বেহালা এবং যাদবপুর থানায় স্থানান্তরিত করা হল। এই ৫৭৬ জন লোকের মধ্যে ১৫০ জনকে এমন নির্মম ভাবে মারা হল, লাঠি দিয়ে মাথায় আঘাত করা হল, এমনভাবে তাদের হাত-পা-এ মারা হল তারা পঙ্গু হয়ে গেছে। তাদের এমনভাবে বিকলঙ্গু করে দেওয়া হয়েছে যে তারা জীবনে আর প্রতিষ্ঠিত হতে পারবে বলে আশা নেই। এই বেহালা থানা ও.সি নিশ্চয়ই একজন বি.জে.পি-র সমর্থক। সে বি.জে.পি-র গোঁড়া সমর্থক না হলে এই কাজ করত না। তারা যখন এই সমস্ত লোককে গ্রেপ্তার করে আনলো তখন তাদেরকে বলা হল যে সাদা কাগজে তোমরা আল্লার নাম লেখ, এবং সেই কাগজের উপর তাদের পেচ্ছাপ করতে বলা হল। এই সমস্ত লোক যখন অজ্ঞান হয়ে ছিল, জ্ঞান ফেরার পর যখন জল চেয়েছিল তখন তাদের বলা হয়েছিল তোমরা পেচ্ছাপ করো এবং সেটা জল হিসাবে পান করো। আর একটা আশ্চর্যের কথা এই বেহালা থানার ও.সি যখন এই লোকগুলোকে মারছিল সেই সময় সে প্রকাশ্যে বলছিল যে জ্যোতি বসু তোমাদের বাপ, সে তোমাদের বাঁচাবে। বেহালা থানার ও.সি বিজেপি-র গোড়া সমর্থক না হয়ে যায় না। এইভাবে যদি পুলিশ প্রশাসনের মধ্যে বি.জে.পি সমর্থক থাকে তাহলে অদূর ভবিষ্যতে পশ্চিমবাংলায় দাঙ্গা-হাঙ্গামা, তারা দাঙ্গা-হাঙ্গামার প্ররোচনা দেবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ঘটনার পর কালপিট ধরার অজুহাতে মেটিয়াব্রুজ থানার সেকেন্ড অফিসার এবং আরও একজন কন্সটেবল মাট্রা সিং রাত্রে কারফিউ আওয়ারে আর.১৪১ নং বাড়িতে ঢুকে প্রায় ৪০টি বাড়িতে পরিবারের লোকদের মারধোর করে, মহিলা এবং বাচ্চা ছেলে-মেয়েদের উপর নির্যাতন করে এবং যেভাবে ডাকাতি হয় সেইভাবে গহনা এবং আসবাবপত্র নিয়ে চলে যায়। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি যে উল্লিখিত তিনটি থানার ও.সি. এবং কনস্টেবল মাট্রা সিং ও সেগেন্ড অফিসারের বিরুদ্ধে তদন্ত করে ওদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা হোক। মাননীয় রাজ্যপাল তার ভাষণে শিক্ষার সম্বন্ধে বলেছেন। কিন্তু পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য সৃষ্টি হয়েছে সেকথা সম্বন্ধে আদৌ কিছু বলেন নি। অথচ তিনি বললেন যে ১৫০টি প্রাইমারি স্কুল আগামী বছরে পশ্চিমবঙ্গ সরকার স্যাংশন করবেন। দুঃখের সাথে বলতে হচ্ছে, পশ্চিমবঙ্গে যে হাজার হাজার স্কুল রয়েছে সেখানে শিক্ষকের অভাবে লেখাপড়া হচ্ছে না। তাই অবিলম্বে সেই সমস্ত স্কুলে যাতে

শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা যায় তার বন্দোবস্ত করা হোক। পরিশেষে রাজ্যপালের ভাষণের উপরে আনীত ধন্যবাদ সূচক প্রস্তাবের বিরোধিতা করে এবং যে সমস্ত সংশোধনী দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গত ২৫শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল এই সভাতে যে অভিভাষণ দিয়েছেন, আমি তার স্বপক্ষে, তাকে সম্পূর্ণ সমর্থন করে কিছু বলতে চাইছি। রাজ্যপালের ভাষণে দেশের ধর্মনিরপেক্ষতা এবং সাম্প্রদায়িক শক্তি সাম্প্রতিককালে প্রচন্ডভাবে গোটা দেশকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে, এতে উদ্বেগ রয়েছে এইসব বলা হয়েছে। এটা ঠিকই যে ভারতবর্ষে ধর্মনিরপেক্ষতা সংবিধান কর্তৃক রক্ষিত একটি বিষয়। অথচ আজকে ধর্মনিরপেক্ষতা আঘাতপ্রাপ্ত। তাই আজকে গোটা দেশের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ ধর্মনিরপেক্ষতাকে রক্ষা করে যে সমস্ত প্রগতিশীল রাজনৈতিক দল তাদের পতাকার নিচে এসেছে। ঠিক এই মুহূর্তে ধর্মনিরপেক্ষতাকে অটুট রাখার জন্য সবথেকে বেশি ভূমিকা নেওয়া দরকার কেন্দ্রের কংগ্রেস সরকারের। আমরা দুঃখের সাথে লক্ষ্য করছি, তাদের সেই ভূমিকা নিতান্তই দুর্বল। ৬ই ডিসেম্বর উত্তর প্রদেশে যে নারকীয় ঘটনা ঘটেছে, যে ঘটনাকে কেন্দ্র করে গোটা বিশ্বের কাছে আমার মাতৃভূমির মাথা লজ্জায় নত হয়ে গেল, নরসীমা রাওকে আসামির কাঠগড়ায় দাঁড় করালো, একটু সতর্ক হলে এই নারকীয় ঘটনা সেদিন অযোধ্যায় ঘটত না। আমরা তার প্রমাণ পেলাম গত ২৫শে ফেব্রুয়ারিতে। কিন্তু শুধু পুলিশ প্রশাসন আর মিলিটারি দিয়ে এই উৎকট সমস্যাকে দমন করা যায় না। এরজন্য প্রয়োজন লাগাতার আন্দোলন, মানুষের কাছে এর কুফল সম্বন্ধে বোঝানো দরকার। আমার আগে কংগ্রেসপক্ষের মাননীয় জয়নাল আবেদিন, সুব্রত মুখার্জি এবং সাধন পান্ডে বক্তব্য রাখলেন এবং দেখলাম তারা বিষোদগার করলেন পশ্চিমবঙ্গ সরকারকে। ৬ই ডিসেম্বরের পর থেকে আমাদের রাজ্যে লাগাতার সাম্প্রদায়িকতা বিরোধী আন্দোলন চলে আসছে, সাধারণ মানুষকে উপলব্ধি করানোর চেষ্টা হচ্ছে এর কুফল সম্বন্ধে। এরই জন্য দেখুন, ডিসেম্বরের ৬ তারিখের আগে বা পরে পশ্চিমবাংলার গ্রামগুলোতে কোনও ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি। গ্রামের মানুষরা আজকে বিভিন্ন আন্দোলনের সঙ্গে যুক্ত হয়ে পড়েছে। আজকে কি হিন্দু কি মুসলমান একসাথে পশ্চিমবঙ্গে বাস করছে এবং পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে কি দিয়ে হিন্দু কি মুসলমান রুজি-রোজগারের লড়াইয়ে কাঁধে কাঁধ রেখে আন্দোলনকে সামনে রেখে সংগ্রাম করে চলেছে। এইভাবে আন্দোলনকে সংগঠন করে চলেছে। এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের একটা বিশেষ বৈশিষ্ট্য। সেইদিক থেকে আমরা আশা করেছিলাম যে, বিরোধীদল ওই কংগ্রেসিরা এর একটা সদ্বর্থক ভূমিকা নেবেন। আজকে গ্রামেগঞ্জে মফস্বল শহরগুলিতে কংগ্রেস কর্মিরা পিছু হটতে শুরু করেছে। তারা আজকে কোন দলে যাবেন স্থির করতে পারছে না। গ্রামে এবং মফস্বল শহরগুলিতে কংগ্রেসের কোনও ভূমিকা নেই, তারা আজকে বি.জে.পিতে যাঁবে না কংগ্রেসেই থাকবে বুঝে উঠতে পারছে না। আর এখানে বসে কিছু কংগ্রেসি নেতারা সমাজবিরোধীদের বিরুদ্ধে বড় বড় বক্তৃতা রাখছেন। কিন্তু বাস্তব অবস্থাটি অত্যন্ত করুন, আজকে ওদের পক্ষে কেউ নেই। আজকে রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার উন্নয়নের একটা সংক্ষিপ্ত বিবরণী পওয়া গেছে, তার একটা রিপোর্ট তিনি পেশ করেছেন। এই যে ত্রিস্তর পঞ্চায়েতি ব্যবস্থা যা পশ্চিমবঙ্গে আছে তা ভারতবর্ষে তো নেই, বিশ্বে আছে কিনা সন্দেহ।

পশ্চিমবঙ্গ ১৯৭৭ সালের পর থেকে বিকেন্দ্রীকরণের মাধ্যমে দেশের সার্বিক উন্নতি সাধন করেছে। তার আগে বিগত সরকরা ক্ষমতার বিকেন্দ্রীকরণের নামে বিকেন্দ্রীকরণ করেনি, কেবল শ্লোগানই দিয়েছে, প্রকৃত ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়নি। সেই ধরনের তাদের মানসিকতাও ছিল না। আজকে পঞ্চায়েতের মধ্যে দিয়ে গ্রামবাংলার মানুষকে যুক্ত করা হয়েছে। রাজ্য সরকার রাজ্য স্তরে ৫০ ভাগ আলোচনার মধ্যে দিয়ে ব্যয় করতে সক্ষম হয়েছে। সেই সাথে শিক্ষার উন্নয়ন সম্ভব হয়েছে। শিক্ষার প্রসারের জন্য নতুন নতুন স্কুল তৈরি হচ্ছে। তাতে মেয়েদের জায়গা দেওয়া যাচ্ছে না। এই জিনিস কংগ্রেসি সরকারের আমলে দেখা যায়নি। এটা নিসন্দেহ বামফ্রন্ট সরকারের একটা বৈশিষ্ট এবং সাফল্যর দিক। আজকে ভূমি সংস্কার হয়েছে বলেই পশ্চিমবঙ্গের মানুষ জাতপাত ভুলে গিয়ে রুজি রোজগারের ব্যবস্থা করছে। যে কাজটা কংগ্রেসিদের করার কথা ছিল তা ওরা করতে পারেনি, আজকে আমাদের উপরে বর্তেছে। আজকে ক্ষুদ্র সেচ এবং মাঝারি সেচের মাধ্যমে গ্রামের কৃষকরা কৃষির কাজের সুযোগ পেয়েছেন এবং কৃষির সদ্ব্যবহার করছেন। আজকে এরমধ্যে দিয়েই সবুজ বিপ্লব দেখা দিয়েছে। আমরা এরমধ্যে দিয়ে তফসিলি জাতি এবং উপজাতি কল্যাণও করতে সক্ষম হয়েছি। কংগ্রেসি শাসনে যা করা সম্ভব হয়নি, তা আজকে করা সম্ভব হয়েছে। যে সমস্ত শ্রেণী পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষ আছে আজকে তারা ব্যাঙ্কের মাধ্যমে মহাজনদের কবল থেকে মুক্ত হতে পেরেছে। আজকে পিছিয়ে পড়া ঘরের ছেলে মেয়েরা লেখাপড়া করতে পারছে। শিক্ষার অগ্রগতির সুযোগ তারা পাচ্ছে। এর সদ্বার্থক আর কিছু নেই। রাজ্যপালের ভাষণে আরও অনেক কিছু লেখা আছে, আমি সেগুলোর মধ্যে যাচ্ছি না। এইকথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়, যে ভাষণ এখানে রেখেছেন তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে এসেছে, আমি তার বিরোধিতা করছি। এবং আমাদের পক্ষ থেকে যে সংশোধনিগুলি উপস্থিত করা হয়েছে আমি তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় রাজ্যপালের ভাষণের মধ্যে যদি আমরা দেখতে পেতাম, যে সালটা আমরা অতিক্রম করে আসলাম, সেই সালটায় পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের অকর্মণ্যতার, অপদার্থতার কথা আছে তাহলে আমরা তাকে সমর্থন করতে পারতাম। কিন্তু আমরা দেখতে পেলাম রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে একটা জল্লাদ সরকারকে, প্রহ্লাদ সরকারে রূপায়িত করবার চেষ্টা করা হচ্ছে। তাই রাজ্যপালের ভাষণকে সমর্থন করা যায়না। বরঞ্চ বলা যায় এই ভাষণ হচ্ছে একটা প্রবঞ্চনার দলিল। পশ্চিমবাংলার মানুষকে প্রবঞ্চনা করা হচ্ছে। আপনারা যতই সমর্থন করুন না কেন, আপনারা বুকে হাত দিয়ে বলুন, আপনারা এলাকার মানুষের যে আশা-আকাঙ্খা ছিল তাকে পুরণ করতে পেরেছেন কি? এই সরকারের কোনও কাজে কোনও উন্নতি হয়নি, এটা দেউলিয়া অবস্থায় পৌঁছেছে। মাননীয় সদস্য বর্মন সাহেব বললেন ৬ই ডিসেম্বরের পরে কংগ্রেস পশ্চিমবাংলায় হাত গুটিয়ে বসেছিল। হ্যাঁ, গত ৬ই ডিসেম্বরের যে ঘটনা ভারতবর্ষের বুকে ঘটে গেছে এটা অত্যন্ত বিস্ময়কর ঘটনা, এটা অত্যন্ত বেদনাদায়ক ঘটনা, এটা অত্যন্ত লজ্জাকর ঘটনা। কিন্তু সেই ঘটনা ও তাকে মোকাবিলা করার জন্য কংগ্রেস সরকার যে কাজ করেছে তাকে আপনাদের মতো প্রমাণিত

করতে হবে। না কারণ অতীতে সাম্প্রদায়িক শক্তির সাথে আমরা হাত মেলাইনি। আজও ইতিহাস সেকথা মনে রেখেছে, যেদিন রাজীব গান্ধী সরকারকে হটাবার জন্য, রাজনৈতিক মুনাফা লুটবার জন্য সমস্ত বিরোধী দল এক হয়ে হাত ধরাধরি করে মিটিং করেছিল। যেমন গত কয়েকদিন আগে লালু প্রসাদ ও মুলায়ম সিং যাদবের সঙ্গে জ্যোতি বাবু হাত ধরাধরি করে পশ্চিমবাংলায় আবার সতী সাজবার চেষ্টা করেছেন। ১৯৪৭ সালে স্বাধীনতা লাভের মুহূর্তে যখন দ্বিজাতি তত্ত্বেও এবং পাকিস্তান বিভক্ত হয়েছিল, সেদিন সংবিধানের মুখবন্ধে ভারতকে একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র নামে আমরা তৈরি করেছি। এবং তাকে আজও আমরা চোখের মনির মতো আগলে রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পাচ্ছি, অনেক অপকর্মকে, অনেক ব্যর্থতাকে সাফল্যের দলিল এবং খতিয়ান হিসাবে আমাদের সামনে তুলে ধরবার চেষ্টা করা হয়েছে। আসুন শিক্ষার ক্ষেত্রে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বলা হয়েছে যে ৬শো প্রাথমিক বিদ্যালয় তারা স্থাপন করবেন। স্যার, আমি মেদিনীপুর জেলার লোক। আমাদের মেদিনীপুর জেলাতে গত ১০ বছরে যে নর্মাল ভেকেন্সি হয়েছে — প্রায় দু হাজার — প্রাথমিক শিক্ষকের তা পূরণ করা হচ্ছে না। তার কারণ অর্থের অভাব। এই যেখানে অবস্থা সেখানে আবার এরা বলছেন যে ৬শো নতুন বিদ্যালয় স্থাপন করবেন। এইসব মিথ্যা কথা ও ভাঁওতা রাজ্যপালের মুখ দিয়ে বলিয়ে নেওয়া হয়েছে। সি.পি.এমের বন্ধুরা একটা মিথ্যা বিশ্বাসের উপর জনগণকে দাঁড় করিয়ে তাদের ভাঁওতা দিয়ে যাচ্ছেন। মনে করুন সেই ৫০-এর দশকের কথা। এ আজাদি ঝুটা হ্যায় বলে যারা সেদিন শসস্ত্র বিপ্লবের কথা বলেছিলেন পরবর্তীকালে তারা সংসদীয় গণতন্ত্রের মধু খেয়ে ফুলে ফেঁপে উঠেছেন। আমার সেই ছাত্র জীবনের কথা মনে পড়ছে। আজকে এরা আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে এবং বিশ্বব্যাঙ্ক থেকে ঋণ নেবার বিরোধিতা করছেন, ৬০ সালে বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট ম্যাকনামারার বিরুদ্ধে এই সি.পি.এম দল বিক্ষোভ দেখিয়েছিলেন রাস্তায় দাঁড়িয়ে আর আজকে সেই বিশ্বব্যাঙ্কের সভাপতিকে জ্যোতিবাবু তার ঘরে নিয়ে এসে আপ্যায়িত করছেন। ওরা দুনিয়ার পরিবর্তনটা মানছেন কিন্তু সেটা স্বীকার করছেন না। কাজেই স্যার, পরিশেষে আবার বলি, রাজ্যপালের ভাষণ হচ্ছে একটা প্রবঞ্চনার দলিল মাত্র। এটা একটা জহ্লাদ সরকারকে প্রহ্লাদ সরকার রূপে চিহ্নিত করার প্রায়সমাত্র। পশ্চিমবঙ্গের মানুষকে এইভাবে তারা প্রতারিত করার চেষ্টা করছেন। আমি তাই এর বিরোধিতা করছি এবং ধন্যবাদসূচক প্রস্তাবের উপর যে সংশোধনী আমাদের দলের পক্ষ থেকে আনা হয়েছে তা সমর্থন করে শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহোদয় গত ২৫শে ফেব্রুয়ারি এই সভায় যে ভাষণ প্রদান করেছেন এবং তারজন্য মাননীয় সদস্য শ্রী ননী কর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন ও মাননীয় সদস্য শ্রী কৃপাসিন্ধু সাহা যা সমর্থন করেছেন, আমি তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, এবারের রাজ্য পালের ভাষণে একটা বিকল্প পথ পশ্চিমবঙ্গের জনগণের সমর্থন নিয়ে বেরিয়ে এসেছে যেটা কৃষি, শিল্প এবং সমস্ত উন্নয়নমূলক কাজে প্রেরণা যোগাবে। যদিও কিছু অসুবিধা আছে কারণ এবারে কেন্দ্রীয় সরকার যে বাজেট উপস্থিত করেছেন সেটা হচ্ছে বিদেশি শক্তি এবং মাল্টিন্যাশনাল কর্পোরেশনের

কাছে ঋণে জর্জরিত হবার বাজেট। তার পরিপ্রেক্ষিতে, তার পটুভূমিতে পশ্চিমবাংলায় যে পরিকল্পনা স্থাপন করেছেন রাজ্যপাল, তা নিশ্চয়ই আগামী দিনে পশ্চিমবাংলার মানুষের ক্ষেত্রে মঙ্গলজনক হবে। আমরা দেখেছি ৬ই ডিসেম্বর অযোধ্যায় যে ঘটনা ঘটলো, সেই ঘটনাকে স্তব্ধ করে দেবার ক্ষমতা কেন্দ্রীয় সরকারের ছিল, কিন্তু তাদের ইচ্ছা ছিল না। আগে থেকে ব্যবস্থা গ্রহণ করলে কল্যাণ সিংহের বিরুদ্ধে, উত্তর প্রদেশ সরকারের বিরুদ্ধে মিলিটারি নিয়োগ করলে কর সেবকরা গিয়ে পরিকল্পিত ভাবে মসজিদ ভাঙতে পারত না। তারপর সারা দেশে দাঙ্গা শুরু হল, সেই দাঙ্গা হওয়া সম্ভব ছিল না। পশ্চিমবাংলায় যে দাঙ্গা হয়েছে তা অঙ্কুরেই বিনাশ করা হয়েছে। কলকাতার মেটিয়াব্রুজে এবং আরও শহরের কয়েকটি জায়গায় দাঙ্গা হয়েছে ঠিক, কিন্তু সারা পশ্চিমবাংলার আর কোথাও দাঙ্গা হয়নি এবং দাঙ্গা যাতে আর না হয় না বাড়তে পারে, সম্প্রতি যাতে বজায় থাকে তারজন্য পরিকল্পনা নিয়ে প্রচার আন্দোলনে নামা হয়েছে এবং তাতে বহুল পরিমাণে সাড়া পাওয়া গেছে। তারফলে পশ্চিমবঙ্গবাসী শান্তিতে বাস করছে। তার পরের ঘটনা যেটা ঘটলো বম্বেতে তাতে পৃথিবীর মানুষ এর কাছে মুখ দেখাবার অবস্থা নেই। সেটা হিন্দু মুসলমানের দাঙ্গা নয়, বম্বেবাসীর বিরুদ্ধে সারা ভারতবাসীকে দাঁড় করিয়ে দিল যারা শিব সৈনিক, তারা হিন্দু মুসলমান বাছ বিচার নয়, যারা বম্বে বাসি নয়, সেইরকম হাজার হাজার লোককে তারা তাড়িয়ে দিয়েছে, ঘরবাড়ি জ্বালিয়ে দিয়েছে খুন করেছে, এইসব ঘটনা তারা ঘটিয়েছে। এখানে বর্তমানে বিদ্যুতের অবস্থা ভাল, আগে যত মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হত, তার থেকে পরিস্থিতি ভাল। কিন্তু আমি বলতে বাধ্য হচ্ছি মফস্বলে বিদ্যুতের পরিস্থিতি খুব বেহাল অবস্থায় চলছে। মেদিনীপুর সম্পর্কে জানি, আমি নিজে সেখানে ছিলাম এবং আছি, সেখানে দেখেছি এই মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময় ছেলেরা পড়তে পারছে না। সন্ধ্যা থেকে বিদ্যুৎ চলে যায়, রাত ১২ টার সময় আসে, সকালে চলে গেলে দুপুর বেলা আসে, সাধারণ ভাবে বলতে গেলে বিদ্যুতের একটা বেহাল অবস্থা চলছে। এদিকে দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়। ঠিক তেমনি পানীয় জলের খুব সঙ্কট দেখা দিয়েছে, মফস্বল জেলাগুলিতে। এবারে যদি দ্রুত ব্যবস্থা গ্রহণ করা না হয়, এখনই যা পরিস্থিতি দেখা দিয়েছে, আগামি দিনে দারুণ সঙ্কট দেখা দেবে। পানীয় জলের ব্যাপারে মেদিনীপুরের জন্য যে মাস্টার প্ল্যান করা হয়েছে, তাকে ইমপ্লিমেন্ট করতে হবে। ইতিমধ্যে ক্ষুদ্র সেচ এবং সেচ বিভাগ ডিপ টিউবওয়েল করে জল যাতে শহরে সাপ্লাই করতে পারে তার ব্যবস্থা করতে হবে। তা না হলে খুব বিপদ দেখা দেবে। আমাদের এখানে শিল্পের অবস্থা শান্তিপূর্ণ এছাড়া ভূমি সংস্কারের ফলে ভাগচাষি, ক্ষেত মজুর, গরিব কৃষক এবং রায়তী চাষি তারা প্রভুত উপকৃত হয়েছে। কিন্তু এরসঙ্গে কেন্দ্রীয় সরকার সারের উপর ভর্তুকি না দিয়ে সারের মূল্য বৃদ্ধি করেছে। এতে দারুণ ভাবে কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্যে অনেক রাস্তাঘাট হয়েছে, কিন্তু জেলার রাস্তাঘাট গুলি এখনো খুবই খারাপ অবস্থার মধ্যে আছে। আমি আশা করব রাজ্য সরকার জেলার রাস্তাগুলি সংস্কারের জন্য বেশি টাকা মঞ্জুর করবেন। রাজ্যে ক্ষুদ্র সেচ এবং ক্ষুদ্র শিল্পের যথেষ্ট অগ্রগতি ঘটেছে। ক্ষুদ্র সেচ বিভাগ ১ লক্ষ হেক্টর জমিতে জল দেবার চেষ্টা করছে।

স্যার, পরিশেষে আমার একটা ক্ষুদ্র অনুরোধ আছে। আজকে শ্রী সাধন পান্ডে এখানে যে বক্তব্য রেখেছেন তার একটা কপি আমাদের দেশের প্রধানমন্ত্রীর কাছে পাঠিয়ে দেওয়া

উচিত। টেপ রেকর্ডিং করে রাখা হলে আরও ভাল হত, তাহলে সেটা প্রধানমন্ত্রীর কাছে পাঠিয়ে দেওয়া যেত। আমি আশা করব কংগ্রেস পরিষদীয় দলের মিটিং-এর সাধন-বাবুর বক্তৃতা নিয়ে আলোচনা হবে এবং সেটা আমাদের জানালে, অর্থাৎ মিটিং-এর ফলাফলটা আমাদের জানালে আমরা খুশি হব।

স্যার, রাজ্যপালের ভাষণের ওপর আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যেসব অ্যামেন্ডমেন্ট এসেছে তার বিরুদ্ধে আমি আমার মতো প্রকাশ করছি এবং রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তার বিরোধিতা করে, আমাদের আনা সংশোধনী প্রস্তাব সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখছি। যে ভাষণ গত ২৫ তারিখ রাজ্যপাল এখানে পাঠ করেছেন তা সিপিএম-এর মন্ত্রীরা তাকে লিখে দিয়েছেন। ভাষণটি পাঠ করার আগে তিনি নিজে সেটি ভাল করে পড়েছিলেন কিনা সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। তার মতো শিক্ষিত বিবেকবান মানুষকে দিয়ে এখানে কতগুলো অসত্য কথা বলানো হয়েছে।

স্যার, সিপিএম এবং এই সরকার আজকে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলছে! আমি ওদের বলি যে, কংগ্রেসকে সম্প্রীতি শেখাবার কোনও প্রশ্নই ওঠে না। কংগ্রেস ১০০ বছর ধরে সাম্প্রদায়িক সম্প্রীতি এবং ধর্ম-নিরপেক্ষতার আদর্শকে রক্ষা করার জন্য লড়াই করছে। গত ১৬ বছর ক্ষমতায় থাকার পর জ্যোতিবাবু আজকে ভাবছেন বৃটিশের পুরনো কায়দায় ক্ষমতায় এখনো টিঁকে থাকবেন। জয়প্রকাশ নারায়ণ, মোরাজ্জি দেশাই এবং প্রফুল্লচন্দ্র সেনের হাত ধরে তিনি ক্ষমতায় এসেছিলেন। আজকে সারা পশ্চিমবাংলার মানুষ তার ওপর থেকে সমর্থন প্রত্যাহার করে নিয়েছে। যখন তিনি বুঝতে পারলেন পশ্চিমবাংলার মানুষ আর তাকে চায় না তখন তিনি নতুন খেলা শুরু করলেন। যেভাবে বৃটিশ সাম্রাজ্যবাদিরা ধর্মীয় বিভেদের সুযোগ নিয়ে, হিন্দু-মুসলমানের মধ্যে বিভেদ সৃষ্টি করে ক্ষমতায় থাকবার চেষ্টা করত সেভাবে ক্ষমতায় থাকবার কথা জ্যোতি-বাবুও ভাবছেন। সেই একই বৃটিশের কায়দায় নতুন করে তিনি ক্ষমতায় থাকবার চেষ্টা করছেন। তাই দেখছি বি জে পি, বি জে পি করে পশ্চিমবাংলার মাটিতে তাদের আমদানি করার চেষ্টা করা হচ্ছে। কারণ হিন্দু ভোটকে ভাগ করে এবং মুসলমানদের সুড়সুড়ি দিয়ে সিপিএম ক্ষমতায় থাকতে চাইছে। ক্ষমতায় থাকার এই যে প্রচেষ্টা, এটা আগুন নিয়ে খেলা করার সমান। এটা ভুলে গেলে চলবে না। ভুলে যাবেন না জ্যোতিবাবু, আপনি আগুন নিয়ে খেলা করছেন। পশ্চিমবাংলার মানুষ এ জিনিস সহ্য করবে না। আমরা দেখেছি দেশ ভাগের পর, বাংলা ভাগের পর বহু উদ্বাস্তু আমাদের পশ্চিমবাংলায় এসেছেন, কিন্তু তারা আসার পর থেকে কখনও এখানে কোনওরকম সাম্প্রদায়িক দাঙ্গা হয়নি। দীর্ঘ দিনের এই শিক্ষা আমাদের আছে। অথচ '৮৯ সালের নির্বাচন থেকে আমরা লক্ষ্য করছি গর্তের ভেতরে যে কাল-সাপ ছিল বি.জে.পি-তাকে আপনারা বের করে এনেছেন। '৯১ সালে নির্বাচনে দেখেছি সিপিএম ক্যাডাররা বি জে পি সেজেছিল।

[4-30 — 4-40 p.m.]

পাড়ায় পাড়ায় মহল্লায় মহল্লায় এরা বি.জে.পি. করেছে। কারণ ভোট ভাগ না করলে ক্ষমতায় থাকার রাস্তা নেই, এটা আগুন নিয়ে খেলা। কারণ পঞ্চায়েত নির্বাচন এরা করতে চেয়েছেন, আমরাও নির্বাচন চাই কিন্তু একসঙ্গে যখন এরা বলেন যে কেন্দ্রের যে সরকার তাকে কোনওভাবেই ফেলে দেওয়া চলবে না। কেন নরসিংহ রাও মহাশয়ের উপর এদের শুধু ক্ষমতা দেখানোর জন্য প্রেম, অন্য কোনও প্রেম নেই কেন্দ্রের নামে ভয় পান, আর পশ্চিমবঙ্গের মাটিতে এই পথে হিন্দু ভোটারদের বি.জে.পি.র সুড়সুড়ি দিয়ে যাচ্ছেন। যখন ৬ই ডিসেম্বর গ্রাম বাংলার কোথাও দাঙ্গা হল না, অথচ গার্ডেনরীচ মেটিয়াব্রুজে ঝুনু এবং ভাল্লুক কে দিয়ে পাশাপাশি হিন্দু এলাকায় ব্যাপক সন্ত্রাস সৃষ্টি করা হল, লুঠ হল, খুন হল, আমরা গঙ্গায় উভয় পাড় থেকে লক্ষ্য করেছি যে সিপিএম কি সুকৌশলে অর্থাৎ হিন্দু ভাইদের যাতে বি.জে.পি.র প্রেম বাড়ে তার চেষ্টা করেছেন এবং সেই ভাবেই পঞ্চায়েত নির্বাচন করতে চাইছেন। তাই যদি হয় তাহলে যদি সৎ সাহস থাকে তাহলে আজকে আমরা সকাল থেকে আলোচনার মাধ্যমে দেখতে পাচ্ছি যে মাননীয় ট্রেজারি বেঞ্চের অনেকেই বলেছেন, সরকার পক্ষের অনেকেই বলেছেন যে মাননীয় মনমোহন সিংয়ের বাজেট জনবিরোধী বাজেট এটা সাধারণ মানুষের দুঃখ দুর্দশা বাড়িয়ে তুলবে। তাই যদি সত্য হয় তাহলে শুধু কথা না বলে আমরা যেন দেখতে পাই যে বাজেট আলোচনা কালে সি.পি.এম. যেন এর বিরোধিতা করেন। তখন যেন এ বাজেটেকে সমর্থন করে তাকে ক্ষমতায় রাখার চেষ্টা করা না হয়। অর্থাৎ, প্রকারান্তরে ক্ষমতায় থাকার জন্য চেষ্টা করবেন, তাহলে এ কথা বলা সাজেনা। দেশের ব্যাপারে আপনাদের লক্ষ্য নেই, বড় দল এবং শাসন ক্ষমতায় অধিষ্ঠিত থাকার যে একটিমাত্র পথ, সেই পথটাকে নিচ্ছেন। আপনারা নারী নির্যাতনের কথা বলেছেন, বলছেন কমিশন শেল ইত্যাদি করবেন, সেই সেলের মধ্যে দিয়ে প্রতি জেলায় নারি সমিতি হয়ে থাকে যদি তাদের সঙ্গে যোগাযোগ রাখা হবে এবং প্রতিটি অন্যায়ের বিচার করা হবে। কাদের নিয়ে শেল করবেন? বাণতলা, বিরাটির ব্যাপার তো পুরনো, ফুলবাগানে কিরকম ঘটনাটা ঘটল? যে রক্ষক, সেই ভক্ষক, তো তাদের হাত থেকে নারি কি সুবিচার পাবে? ফুলবাগানে কনস্টেবল একটা নারীকে থানার মধ্যে ধর্ষণ করল, সেই থানার ইনচার্জ ওপরে রয়েছে, তার অফিসের মধ্যে, নিচে তার ব্যারাকের মধ্যে নারী ধর্ষণ করা হল অথচ তিনি জানতেও পারলেন না? টাকা দিয়ে যাদের দ্বারা ভোটের বুথ দখল করা হয়, রিগিং করানো হয় সেই সব ক্যাডাররা যখন ধর্ষণ করে তাদের বিচার হয় না। একটা বোবা ডেফ অ্যান্ড ডাম্ব মেয়েকে ধর্ষণ করা হল, সেই মেয়ে এস.পি., ডি.এমের কাছে বিচার পেতে চাইছে, বিচার পায়নি, তাই কেন্দ্রীয় মন্ত্রী মহাশয়া শ্রীমতী মমতা ব্যানার্জি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তারজন্য বিচার চাইতে গিয়েছিলেন কিন্তু সেখানেও কোনও বিচার পাওয়া যায়নি। রাতের অন্ধকারে খুন করবার ষড়যন্ত্র করেছিলেন। এই হচ্ছে বামপন্থী দল। রাজ্যপালের ভাষণে সুকৌশলে এসব কথা উল্লেখ করেন নি। আজকে হাসপাতালগুলির যা অবস্থা তাতে মন্ত্রী থেকে শুরু করে শাসক দলের কেউ কি সেখানে যান? আমরা দেখছি সল্টলেক স্টেডিয়ামে মন্ত্রী সুভাষ চক্রবর্তী অসুস্থ হয়ে পড়লে সামনে এন.আর.এস. এবং আর.জি.কর হাসপাতাল থাকা সত্ত্বেও তাকে সেখানে না নিয়ে যাওয়া হল বেলভিউ নার্সিং হোমে। আজকে সরকারি হাসপাতালে মরা ছাড়া উপায় নেই

২২ বছরের একটি ছেলে নবকুমার দারির কিডনি খারাপ হয়ে গিয়েছিল। সে দুই বছর হাসপাতালে ভর্তি ছিল, কিন্তু তার অপারেশন হল না, মারা গেল। তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং কাটমোশনে সমর্থন করে শেষ করছি।

**শ্রীমতী অনুরাধা পুতাতুন্ডা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় রাজ্যপাল ২৫ তারিখে আমাদের এই সভায় যে অভিভাষণ রেখেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। সম্পূর্ণ সমর্থন জানিয়ে এটাই বলতে চাই, পশ্চিমবঙ্গ বিভিন্নরকম অবরোধের মধ্যে দাঁড়িয়ে, বিভিন্ন চক্রান্তের মুখে দাঁড়িয়ে রাজ্যের মানুষের অকুণ্ঠ সমর্থন নিয়ে রাজ্যকে বিকল্প পথে চালাবার চেষ্টা করছেন, চালাচ্ছেন যে বিকল্প পথে, তা গোটা ভারতবর্ষের মেহনতি মানুষের দৃষ্টি আকর্ষণ করেছে। তারা ক্রমশ আকর্ষিত হচ্ছে এবং আকর্ষিত হচ্ছে বলেই বিরোধী বন্ধুরা আজকে আতঙ্কিত হয়ে আরও বেশি করে দেশটাকে টুকরো টুকরো করবার জন্য বিভিন্ন ভূমিকা নিচ্ছেন। একটি সরকারের দৃষ্টিভঙ্গি থেকে বোঝা যায় সেই সরকারের পিছিয়ে পড়া মানুষদের প্রতি সহমর্মিতা কি ধরনের। তাদের দৃষ্টিভঙ্গি থেকে বোঝা যায় যে, সবচেয়ে বেশি পিছিয়ে পড়া মানুষদের মধ্যে আরও বেশি করে পিছিয়ে পড়া মহিলাদের প্রতি সরকারের দৃষ্টিভঙ্গি কি। আমি এই মহিলাদের বিষয়ে সরকার কি ভূমিকা নিয়েছেন সেটা এখানে রাখতে চাই। এ-ব্যাপারে আমি কতগুলো তথ্য দেব। যেসব তথ্য দেব সেসব বিরোধী বন্ধুরা মনযোগ দিয়ে শুনবেন। এই তথ্যগুলির কোনওটাই আমাদের নিজেদের তথ্য নয়। কন্যা-শিশু জন্মহার যদি ধরি, এক্ষেত্রে ১৯৫১ সালে আমরা অনেক পেছনে ছিলাম সারা ভারতবর্ষের তুলনায়। ১৯৭১ সালকে যদি ভিত্তি বছর ধরি তাহলে সারা ভারতবর্ষে কন্যা-শিশু হাজার ৯৩০ জন্ম নিতো। ১৯৯১ সালে এসে সেটা সর্বভারতীয় ক্ষেত্রে এক শতাংশ কমেছে, কিন্তু পশ্চিমবঙ্গে যেখানে হাজারে ৮৯১টি কন্যা-শিশু জন্ম নিতো সেখানে আজকে সেটা ২৬ ভাগ বেড়ে ৯১৭টি কন্যা-শিশু জন্ম নিচ্ছে। আজকে বিভিন্ন রাজ্যে কন্যা-শিশু হত্যা করা হচ্ছে ভ্রূণ অবস্থায়। এক্ষেত্রে তারা দায়িত্ব পালন করেন নি। শিক্ষার ক্ষেত্র যদি ধরি তাহলে ভিত্তি বছর ১৯৭১ ধরলে ১৯৭১ সালে মেয়েদের সর্বভারতীয় ক্ষেত্রে শিক্ষার হার ছিল ২১.৯৭ শতাংশ। আজকে সেটা আমাদের রাজ্যে বাড়িয়ে ৪৭.১৫ শতাংশে নিয়ে আসতে পেরেছি। এক্ষেত্রে বৃদ্ধির হারটা সারা ভারতবর্ষে যেখানে এক শতাংশের বেশি ছিল না, আমাদের রাজ্যে এটা ১৬ শতাংশ বাড়াতে পেরেছি। নিশ্চয়ই গতিটা আরও বেশি, অনেক বেশি বাড়াতে চাই, কিন্তু সামগ্রিকভাবে প্রতি মুহূর্তে টাকা কেটে নেওয়া হচ্ছে বলে গতিটা কিছুটা কম। নিশ্চয়ই গতিটা আরও বাড়াবার দরকার আছে। সাক্ষরতার হার ১৯৭১ সালে ছিল ১৫.০২ শতাংশ। আজকে সেটা বাড়িয়ে আমরা ৩১.৩৯ শতাংশ করেছি। আমাদের রাজ্যে সার্বিক সাক্ষরতা কর্মসূচি চলছে। যখন এটা সম্পূর্ণ করতে পারবো তখন নিশ্চয়ই বলতে পারব, শিক্ষার ক্ষেত্রে আমরা একটা উল্লেখযোগ্য দায়িত্ব পালন করতে পেরেছি। আমাদের বন্ধুরা চিৎকার করছেন, এক্ষেত্রে একটা বিষয় উল্লেখ করতে হয়। সারা ভারতবর্ষে উচ্চমাধ্যমিক স্তরে প্রতি হাজার পিছু পাঁচ শতের বেশি ছাত্রি মাত্র ৩টি রাজ্যে শিক্ষার সুযোগ পায়। সেই ৩টি রাজ্য হচ্ছে কেরল, তামিলনাড়ু এবং আমাদের পশ্চিমবঙ্গ। কর্মসংস্থানের ক্ষেত্রেও আমাদের অগ্রগতি ঘটেছে এবং এই অগ্রগতি ঘটেছে সামগ্রিক ভাবে গ্রামীণ কর্মসংস্থানের ক্ষেত্রে। আজকে মানুষের চাষের সুযোগ হয়েছে, সেচের সুযোগ হয়েছে। বিরোধী বন্ধুরা বোরো চাষের কথা বলছেন। আপনারা

কি অতীতের কথা ভুলে গেছেন? আপনারা একথা নিশ্চয়ই জানেন যে অতীতে আমন ধান পশ্চিমবঙ্গের মানুষ ঘরে তুলতে পারতেন কিনা। আজকে যখন একটা ইতিবাচক ভূমিকা পালন করা হচ্ছে, এই জাতীয় গ্রামীণ কর্মসূচি মানুষের মধ্যে নেওয়া হচ্ছে, ব্যাপক অংশের মানুষকে দুই ফসলির জায়গায় নিয়ে যাওয়া গেছে, যখন আমন ধান তোলার ক্ষেত্রে একটা নিশ্চয়তা করা গেছে, সেই সময়ে দিল্লি থেকে সারের উপরে ভরতুকি তুলে দেওয়া হচ্ছে। আপনাদের যদি বিবেক থাকে, মানুষের প্রতি ভালবাসা থাকে তাহলে আপনারা নিশ্চয়ই দিল্লির সরকারকে বলবেন যে সারের ভরতুকি তোলা যাবেনা। কিন্তু এইরকম বক্তব্য আমরা আপনাদের কাছ থেকে শুনিনি, এইরকম বক্তব্য শুনলে আমি খুশি হতাম। পশ্চিমবঙ্গ শুধু বামপন্থীদের রাজ্য নয়, এখানে শুধু বামপন্থী যারা করেন তারাই বাস করেন না, এখানে কংগ্রেসি রাজনীতি যারা করেন সেইরকম মানুষও বাস করেন। কংগ্রেসের মধ্যেও তো গরিব মানুষ রয়েছে, আজকে ভরতুকি তুলে দিলে সেই সমস্ত মানুষগুলির কি হবে? আপনারা এসব কথা চিন্তা করেন না। সামনে পঞ্চায়েতের ভোট আসছে তখন মানুষের কাছে এর উত্তর দেবেন। এসবের মধ্যে দিয়েও মানুষের মধ্যে চেতনা তৈরি করা গেছে। আজকে আই.আর.ডি.পি., এন.আর.ই.পি ইত্যাদি প্রকল্পগুলিতে এই রাজ্যের আদিবাসী সম্প্রদায়ভুক্ত মহিলাদের জন্য বিশেষভাবে একটা লক্ষ্য মাত্রা স্থির করা হয়েছে এবং তারমধ্যে দিয়ে দেখেছি যে এই অংশের মানুষের মধ্যে একটা বড় অংশের মানুষের কাছে এই প্রকল্পগুলি নিয়ে হাজির করা গেছে। এখানে যৌথ পাট্টার কথা বলা হয়েছে। এই পাট্টা শুধু মাত্র মহিলাদের উপকার করার জন্য নয়, নারী সমাজের অধিকারকে প্রতিষ্ঠিত করা। এতে এদের অসুবিধা হচ্ছে। ওরা নারী কমিশনের বিরোধিতা করেছিলেন। পরে রাও সরকার এটা করতে বাধ্য হন এবং নারী কমিশন চালু করা হয়। আজকে পঞ্চায়েতে তিনের এক ভাগ মহিলা অংশ গ্রহণ করবে। পঞ্চায়েত ওরা কোনওদিন পরিচালনা করেন নি। ওরা মানুষের কাছে কোনও অধিকার দেন নি। এবারে মে মাসে পঞ্চায়েতের যে নির্বাচন হবে তাতে একের তিন ভাগ মহিলা নির্বাচিত হয়ে আসবেন। আমরা তৃণমূল পর্যন্ত সমাজে যারা পিছিয়ে পড়া মানুষ তাদের নিয়ে এসেছি, তাদের প্রশাসনিক কাজে যুক্ত করতে পারব। শুধু তাই নয়, তাদের প্রশাসনিক কাজে যোগ্যতম হিসাবে গড়ে তুলতে পারব। আমাদের রাজ্যের একটা ঐতিহ্য আছে, বিরোধী বন্ধুরা সেটা স্বীকার করেন কিনা আমি জানিনা। এই ঐতিহ্য আজকের নয়, এটা পুরানো দিনের ঐতিহ্য। সেটা হচ্ছে আমাদের এখান থেকে সতীদাহ প্রথা তুলে দিতে পেরেছি। বাংলার মানুষ, মণীষীদের আন্দোলনের চাপে ইংরেজ আমলে এই সতীদাহ প্রথাকে তুলে দিতে পেরেছি। আমরা দেখছি যে বিভিন্ন রাজ্যে সতীদাহ প্রথা চলছে, কিন্তু সেক্ষেত্রে আমরা বলিষ্ঠ ভূমিকা নিতে পেরেছি। আমরা দেখেছি যে সাহাবানু মামলার রায় সমস্ত মানুষকে আলোড়িত করেছে, আন্দোলিত করেছে। আমরা দেখেছি সেই রায়ের পরিপ্রেক্ষিতে রাজীব গান্ধী যে আইন করেছিলেন তাতে মুসলিম মহিলারা সম্পদের অধিকারি হবেন না। আজকে ওরা আতঙ্কিত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সাম্প্রদায়িকতার বিষয়ে রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করেছেন। এটা আমাদের সকলের কাছেই আতঙ্কের বিষয়।

হ্যাঁ, কলকাতায় কিছু কিছু জায়গায়, দাঙ্গা যেটা বলা হচ্ছে, কিছু ঘটনা ঘটেছে। আমরা বলতে পারি পশ্চিমবাংলার একটা ঐতিহ্য আছে। পশ্চিমবাংলায় গত ১৫ বছর ধরে একটা

বিকল্প ব্যবস্থা চলছে, গ্রামীণ প্রকল্পের মাধ্যমে, উন্নত চাষের মাধ্যমে হতাশার মধ্যে নিমজ্জিত মানুষকে এখানে আসার আলো দেখানো গেছে। এখানে অনেক চেষ্টা হয়েছে। মন্দিরের উপর আগুন লাগানো হয়েছে, আক্রমণ করা হয়েছে এবং সেই আক্রমণগুলি রাতের অন্ধকারে হয়েছে। দিনের বেলায় সকলের সামনে এসে কে বা কারা করল এই কথা কেউ বলতে পারে নি। বামফ্রন্ট সরকার অতীতে বিভিন্ন সময় যে বিভিন্ন লড়াই আন্দোলনের নেতৃত্ব দিয়েছে সেটা আমরা দেখেছি। এই সময় দাঁড়িয়ে বলিষ্ঠ নেতৃত্ব দিয়ে সচেতনতার সঙ্গে কাজ করেছে। আজকে পশ্চিমবাংলায় কত বড় একটা কঠিন সমস্যার মধ্যে পড়ে ছিল, কত বড় আঘাত আসতে পারতো। পশ্চিমবাংলার মানুষ বিরাট সচেতনতার মধ্যে দিয়ে, পশ্চিমবাংলার মানুষের দীর্ঘ দিনের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য আছে তাকে সঙ্গে নিয়ে তার পাশাপাশি বামফ্রন্ট সরকারের গণতান্ত্রিক নেতৃত্ব প্রতি মুহূর্তে হাজির ছিল এবং সেই উপস্থিতি আর সাধারণ মানুষের সমর্থন নিয়ে এইগুলি আটকাতে পেরেছে। বিরোধী পক্ষের বন্ধুরা কুম্ভিরাশ্রু বর্ষণ করেও কিছু করতে পারেন নি। সেই সময় ৪ দিন ধরে কেন্দ্রীয় সরকার যে ভাবে চলেছিল তাতে ওই ৪ দিন কোনও কেন্দ্রীয় সরকার ছিল বলে মনে হয়নি। সেই সময় মিলিটারিদের কোনও নির্দেশ নেওয়া হল না, মসজিদ ভেঙে মন্দির তৈরি হল। গোটা দেশের চাপে, বিভিন্ন ধরনের চাপে তখন মিলিটারিদের নির্দেশ দেওয়া হয়েছিল। এই নির্দেশ দেওয়ার পরে কোনও বীর পুরুষ মন্দিরের সামনে থাকল না, ৪৫ মিনিটের মধ্যে যে যার জায়গায় চলে গেল। দায়িত্ব নিয়েছিলেন, দায়িত্ব পালন করলেন না কেন তার জবাব দিতে হবে গোটা দেশের মানুষের কাছে। পশ্চিমবাংলার মানুষের উন্নত রাজনৈতিক চেতনায় ২৬শে জানুয়ারি মৈত্রী বন্ধনের ডাক দেওয়া হয়েছিল, সকলে হাতে হাত মিলিয়ে দাঁড়াবার ডাক দেওয়া হয়েছিল। বিরোধী পক্ষের বন্ধুরা তার বিরোধিতা করেছিলেন। অনেক বিরোধী বন্ধু সেইদিন ছুটে এসেছিলেন, দায়িত্ব পালন নিশ্চয়ই তারা করেছেন। কিন্তু কংগ্রেস দলের বন্ধুরা নানা অজুহাতে আসতে পারলেন না। সেই দিন আমরা গোটা পশ্চিমবাংলায় হাতে হাত মিলিয়ে দাঁড়িয়ে ইতিহাস সৃষ্টি করেছি। ২১ তারিখে মুলায়েম সিং যাদব, লাল্লুপ্রসাদ এবং জ্যোতি বাবুর একসঙ্গে হাতে হাত মিলিয়ে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই-এর ডাক দিয়েছিল বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে। এটা শুধু পশ্চিমবাংলার সামনে নয় গোটা দেশের সামনে ইতিবাচক লড়াই-এ ওরা ভয় পাচ্ছেন। ২২ তারিখে ওনাদের মহাকরণ অভিযানের পরিকল্পনা নিয়েছিলেন। মহাকরণ অভিযানে কি হয়েছিল? নিজেদের মধ্যে মারামারি করলেন, আহত হল, মঞ্চ ভেঙে পড়ে গেলেন। কোনও দৃষ্টিভঙ্গি থেকে করলেন সেটা আপনারাই জানেন। যখন শুনলাম সুব্রতবাবু আহত হয়েছেন তখন আমার খুব খারাপ লেগেছিল। কারণ সুব্রতবাবু আমার পুরানো পরিচিত বন্ধু, সেইজন্য তার আহত হবার খবর শুনে আমার খুব খারাপ লেগেছিল। এই তো কংগ্রেসের চেহারা পশ্চিমবাংলায়, কংগ্রেস দল এই জিনিস চারিদিকে করছে। একটা অস্থিরতা সৃষ্টি করবার চেষ্টা করছে। সেই জায়গায় দাঁড়িয়ে বলতে পারি পশ্চিমবাংলার মানুষ যেভাবে রাজনৈতিক চেতনায় উন্নত হয়েছে আগামী দিনে কংগ্রেস দলকে সমস্তরকম দিক থেকে বর্জন করে সমস্ত জায়গা থেকে ধুলিস্যাৎ করে দিয়ে ৩০শে জুন রাজনৈতিক রায় দেবেন।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী ত্রিলোচন দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ২৫শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল যে ভাষণ প্রদান করেছেন এবং তার স্বপক্ষে মাননীয় ননী কর মহাশয় যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। আজকে দীর্ঘক্ষণ ধরে মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। বিরোধীপক্ষের সদস্যরা বিরোধিতা করে বক্তব্য রেখেছেন। তারা বিরোধী বেঞ্চে বসেছেন বলেই বিরোধিতা করলেন। আমি বিধানসভার একজন সদস্য হিসাবে এটুকু বলতে পারি, এরমধ্যে কি কোনও কিছুই সমর্থন করার নেই? বিরোধীপক্ষে বসে বিরোধিতা করা উচিত বলে তারা ধরে নিয়েছেন। বর্তমান পরিস্থিতিতে নব সাক্ষরতার যে অভিযান চলছে, সেই ক্ষেত্রেও তারা বিরোধিতা করেছেন। মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তাতে স্পষ্ট ভাবে বলা হয়েছে যে পশ্চিমবঙ্গ সরকার ৬০০টি নতুন প্রাইমারি স্কুল স্থাপনের প্রস্তাব রেখেছেন। এটা করার কারণ হচ্ছে সমস্ত জেলাতে সাক্ষরতার যে অভিযান চলছে, নব সাক্ষরতার যে প্রেরণা চলছে, এরমধ্যে তারা চাইছেন আরও স্কুল স্থাপন করা হোক। তারজন্য এই প্রস্তাব আনা হয়েছে। আমরা দেখছি যে গ্রামেগঞ্জে নিরক্ষর মানুষ চাইছেন শিক্ষার আলোকে আলোকিত হতে। বামফ্রন্ট সরকার আর্থিক সীমাবদ্ধতার কারণে এই সমস্ত গ্রামে বাড়তি প্রাইমারি বিদ্যালয় প্রতিষ্ঠিত করতে পারেন নি। আমি তাই রাজ্যপালের ভাষণকে সমর্থন করে অনুরোধ করব যাতে আরও প্রাথমিক বিদ্যালয় করা যায় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। বিধানসভার অনেক সদস্য সাম্প্রদায়িকতার বিরুদ্ধে বলেছেন। কিন্তু আমি মনেকরি, ৬ই ডিসেম্বর যে ঘটনা ঘটেছে সেটা কি কেন্দ্রীয় সরকার বা প্রধানমন্ত্রী জানতেন না? তিনি জানতেন করসেবকরা বিশ্ব হিন্দু পরিষদ, আর.এস.এস., আগে থেকে চ্যালেঞ্জ দিয়েছিল। তিনি ভারতবর্ষের প্রধানমন্ত্রী, তার ধারণা করা উচিত ছিল। এটা যেখানে স্পর্শকাতর ইস্যু, এটাকে হালকা করে তিনি কেন দেখলেন? আমরা আগে থেকে সাবধান করে বলেছিলেন যে আপনি সাবধান থাকবেন। তিনি বলেছেন যে, না, সাধুসন্তরা বলেছেন তারা করসেবা করবেন। কিন্তু দেখা গেল, পাঁচশো বছরের বাবরি মসজিদ ধূলিস্যাৎ হল। তার হাতে মিলিটারি, প্রশাসন ছিল। এদের তিনি ওখানে কাজে লাগাতে পারতেন, কিন্তু তিনি তা করেন নি। বি.জে.পি., আর.এস.এস.'এর কিছু নেতা পর্যন্ত এটা স্বীকার করেছেন যে, তিনি হিন্দুদের চটাতে চান না। সেজন্য তিনি নরম মনোভাব পোষণ করেছেন। সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গ একমাত্র সাম্প্রদায়িক নয়। এখানে বামফ্রন্ট সরকার সাম্প্রদায়িক সংঘর্ষ ঘটতে দেন নি। অযোধ্যায় যে ঘটনা ঘটেছে এবং সেই পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলায় যা ঘটেছে সেটাকে ধর্মনিরপেক্ষতাকে বিসর্জন দেওয়া হয়েছে এটা বলা যায় না। এখানে আমরা এতদিন হিন্দু-মুসলমান একত্রে বসবাস করছি, তাই এই মাসুল কংগ্রেসকে দিতে হবে। মানুষ এটা বুঝে গেছে। কংগ্রেসের মনোভাব কি তা মানুষ বুঝেছে। মানুষ বামফ্রন্ট সরকারের পাশে রয়েছে। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 4.45 p.m. till 11.00 a.m. on Tuesday, the 2nd March, 1993. at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 2nd March, 1993 at 11-00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 3 Ministers of State and 148 Members.

[11-00 — 11-10 a.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of adjournment motion. The first is from Shri Abdul Mannan on the subject of alleged stalemate conditions in the hospitals of the state and the second is from Shri Saugata Roy on the subject of alleged Police firing on the protest mob following the murder of a business man at Bongaon, North 24-Parganas.

The Members will get early opportunity to raise the matter during the discussion on Governor's Address which is continuing. Moreover, they may invite the attention of the Ministers concerned through questions, Calling Attention, Mentions, etc.

I, therefore, withhold my consent to the motions.

One member, may, however, read out the context of his motion as amended.

**শ্রী আব্দুল মান্নান ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি-হল রাজ্যের হাসপাতালগুলিতে চিকিৎসা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। চিকিৎসার জন্য হসপিটাল ফি অস্বাভাবিকভাবে বর্ধিত করা হলেও গরিব রুগীদের বিনা ব্যয়ে চিকিৎসার কোনও সুযোগ সুবিধা নেই। দুঃস্থ গরিব রুগীদেরও হাসপাতাল থেকে কোনও ঔষধপত্র সরবরাহ করা হচ্ছে না। হাসপাতালগুলিতে ভর্তির জন্য এক শ্রেণীর লোক প্রতারণা করছে।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received 8 notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Expenditure of the money alloted for Drinking water supply scheme on another purpose | : Shri Ajoy De |

| | | |
|---|---|---|
| 2. | Alleged irregular supply of medicines in different hospitals of the State | : Shri Santasri Chatterjee |
| 3. | Acute scarcity of drinking water in Sabong Block of Midnapur districts | : Dr. Manas Bhunia |
| 4. | Alleged robbery in the house of a person at New Alipore on 1st March, 1993 | : Shri Lakshman Chandra Seth |
| 5. | Alleged non-availability of irrigation water for the "Boro-Crop" in Hooghly district | : Shri Abdul Mannan |
| 6. | Reported police firing on a crowd in Bangaon on Sunday last | : Shri Tapan Hore |
| 7. | Alleged non-availability of irrigation facility to the "Boro cultivation" in Moina Block of Midnapore district | : Shri Manik Bhowmik |
| 8. | Reported death of a prisoner in Midnapur Central Jail on 1st March, 1993 | : Shri Shish Mohammad and Shri Id Mohammad. |

I have selected the notice of Shri Manik Bhowmik on the subject of alleged non-availability of irrigation facility to the Boro cultivation in Moina Block of Midnapore district. The Minister-in-charge may please make a statement today if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** It will be made on the 10th March, Sir.

## MENTION CASES

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কেন্দ্রীয় সরকার বাজেটে বাংলাদেশ থেকে জামদানি শাড়ি আমদানি করার ব্যবস্থা করেছেন। এটা একটা সাংঘাতিক ব্যাপার। পশ্চিমবঙ্গের যেসব তাঁত শিল্পীরা রয়েছে যারা দীর্ঘ ১২-১৪ বছর বামফ্রন্ট সরকারের আমলে অনেক উন্নতি করেছে, আজকে তাদের ভবিষ্যত নষ্ট হয়ে যাবে। বাংলাদেশ থেকে যদি এই জামদানি শাড়ি আমদানি করা হয় তাহলে এটা কখনই সমর্থন করা যায় না। এই ব্যাপারে অলরেডি টেলিগ্রাম পাঠানো হয়েছে এবং সরকারেরও দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটা বন্ধ হয়। আমাদের এখানকার তাঁতীরা জামদানির নকশা শিখে গেছে। তারা জামদানি শাড়ি তৈরি করছে। তাহলে পরে তাদের ভবিয্যত অন্ধকার হয়ে যাবে। এবং এখানকার শাড়ির উৎকর্ষতা নষ্ট হয়ে যাবে। এক যদি কোনওভাবেই কথা না শোনে কেন্দ্র তাহলে আপনারা কেন্দ্রকে

অনুরোধ করুন অন্তত রেসিপ্রক্যাল ব্যবস্থা করা হয়। অর্থাৎ আমাদের তৈরি তাঁতের শাড়ি বাংলাদেশে যাবে এবং ওদের তৈরি জামদানি শাড়ি আমাদের এখানে আসবে। এই ব্যাপারে যাতে সুনির্দিষ্ট ব্যবস্থা যাতে হয় সেইজন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ রাখছি।

**শ্রী নাসিরুদ্দিন খাঁন ঃ** মিঃ স্পিকার স্যার, মুর্শিদাবাদ জেলার অধীন আমাদের নওদা কেন্দ্রে সেখানে একটা গ্রাম আছে। গ্রামটার নাম শ্যামনগর। একটা পুরো অঞ্চল নিয়ে গ্রামটা, কিন্তু সেখানে কমিনিউকেশনের ব্যবস্থা নেই। রাস্তাটি মাটির এবং সুদীর্ঘ দিন থেকে পঞ্চায়েত অবহেলিত। রাস্তাটি পুরো ছয়মাস জলমগ্ন থাকে এবং অঞ্চলটির চতুর্দিকে জল ভর্তি থাকে, যেন একটা দ্বীপের মতো। আমি বার বার বিষয়টি এই হাউসে উত্থাপন করেছি এবং আপনার মাধ্যমে পি ডবলু ডি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছি। কিন্তু এখনও পর্যন্ত কোনও ফল হল না। এটা বড়ই দুর্ভাগ্যের বিষয়। এখনও ভারতবর্ষে এই রকম একটা গ্রাম আছে, আইসোলেটেড, ছয়মাস বাইরের জগতের সঙ্গে কোনও যোগাযোগ থাকে না। অবিলম্বে সেখানকার রাস্তা করা দরকার।

(নয়েজ)

(শ্রী সৌগত রায় এই সময় মন্ত্রীদের অনুপস্থিতির ব্যাপারে মাননীয় স্পিকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেন।)

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় স্পিকার মহাশয়, ভারতের গণতন্ত্রের পক্ষে একটা অশুভ সঙ্কট আপনার দৃষ্টি গোচর আমি করতে চাই। [*****]

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মিঃ স্পিকার স্যার, এইগুলি প্রসিডিংস থেকে বাদ দেওয়া হোক। এই ব্যাপারে আপনি একটা রুলিং দিন।

[11-10 — 11-20 a.m.]

**মিঃ স্পিকার ঃ** মিঃ ধর এটা ত্রিপুরা বিধানসভাও নয়, লোকসভাও নয়। অন্য রাজ্যে কি হল, না হল সেটা এখানের বিষয় কি করে হবে? না,না, এটা হবে না। এখন শ্রী প্রভঞ্জন মন্ডল বলুন।

(শ্রী প্রভঞ্জন মন্ডল—উপস্থিত ছিলেন না।)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, প্রখ্যাত আন্তর্জাতিক খ্যাতিমান চলচ্চিত্রকার প্রয়াত সত্যজিৎ রায় মহাশয়ের অন্তেষ্টিক্রিয়ার সময় শ্মশানে যে গন্ডগোল হয়েছিল তারজন্য অভিযুক্ত স্বপন দে ধরা পড়েছিল কিন্তু নির্দিষ্ট ৬ মাসের মধ্যে তার বিরুদ্ধে চার্জশিট জমা না পড়ার জন্য সম্প্রতি আদালত থেকে সে খালাস হয়ে

Note *Expunged as ordered by the Chair

গিয়েছে। স্যার, এ সম্পর্কে বিচারক কি মন্তব্য করেছেন সেটা স্যার, আপনি জানেন। স্যার, আপনি জানেন, এই প্রখ্যাত আন্তর্জাতিক চলচ্চিত্রকারের অন্ত্যেষ্ঠিক্রিয়ার সময় সেখানে দেশবিদেশের বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন, মন্ত্রীরা উপস্থিত ছিলেন এবং বড় বড় আমলারা উপস্থিত ছিলেন। সেখানে তাদের উপস্থিতি সত্ত্বেও এরকমের একটা ঘটনা ঘটে গিয়েছিল। মাননীয় বুদ্ধদেববাবু এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে উদ্যোগ নিয়েছিলেন এই অভিযুক্ত স্বপন দে-কে ধরার জন্য। স্যার, আমরা জানতে চাই, সেখানে পুলিশ নিজেই অভিযোগকারী, নিজেই তদন্তকারী, নিজেই সাক্ষী সেখানে ৬ মাসের মধ্যে চার্জশিট জমা পড়ল না কেন? এর ফলে স্যার, অভিযুক্ত খালাস হয়ে গেল। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি এ ব্যাপারে মন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বুদ্ধদেববাবু নিজেই জানেন যে সেই সময় এরজন্য তৎকালীন পুলিশ প্রধানকে সরিয়ে দেওয়া হয়েছিল। এতবড় একটা ঘটনার ক্ষেত্রে পুলিশের গাফিলতির ব্যাপারে প্রশাসন বা সরকারের কি বক্তব্য এবং এ ব্যাপারে কি ব্যবস্থা তারা নিয়েছেন তা স্বরাষ্ট্রমন্ত্রী বা দায়িত্বশীল মন্ত্রীর কাছে আমি জানতে চাই। কারণ গোটা রাজ্যের মানুষ এরজন্য উদ্বিগ্ন। বুদ্ধদেববাবু এখানে আছেন, জানি না উনি কিছু বলবেন কিনা কারণ এটা ওর দপ্তর নয়, কিন্তু আমরা সরকারের এ ব্যাপারে বক্তব্য জানতে চাই।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংগ্রেস (আই) কলকাতার সাম্প্রতিক দাঙ্গা এবং তা দমনে রাজ্য সরকারের ব্যর্থতার কথা এবং বামপন্থীদের জন্য বি জে পি দলের বাড়বাড়ন্তের কথা বলে নিজেদের দলের ব্যর্থতা এবং দুষ্কর্ম চাপা দেওয়ার চেষ্টা করছেন। স্যার, কুৎসা প্রচার করার ব্যাপারে, মিথ্যা কথা বলে মানুষকে বিভ্রান্ত করার ব্যাপারে এদের জুড়ি নেই। অযোধ্যার ঘটনাকে কেন্দ্র করে সারা দেশে যে ঘটনা ঘটেছিল পরবর্তীকালে সে ব্যাপারে গুজরাট এবং মহারাষ্ট্রে এদের দলের এবং এদের দলের সরকারগুলির নক্কারজনক ভূমিকার কথা আমরা সকলেই জানি। সেখানে সরকার এবং দল মিলে দাঙ্গা ঘটিয়েছে এবং সেই দাঙ্গা চলছে। এই যেখানে অবস্থা সেখানে কোন মুখে এরা দাঙ্গার কথা বলে আমরা বুঝতে পারি না। সকলেই জানেন যে কলকাতায় কয়েক ঘণ্টার মধ্যে প্রশাসনের সতর্কতায় এবং জনগণের মিলিত প্রয়াসে সাম্প্রদায়িক শক্তিকে দমন করা সম্ভব হয়েছে। স্যার, আমরা তাই বলতে চাই যে দেশের সার্বিক এবং সামগ্রিক সঙ্কটময় পরিস্থিতিতে অনৈক্যের প্রতীক কংগ্রেস (আই) নেতাদের মনে রাখা দরকার যে শান্তিপ্রিয় গণতান্ত্রিক ধর্মনিরপেক্ষ তথা সংগ্রামী মানুষের প্রতিনিধি বামপন্থীদের বিরুদ্ধে কুৎসা এবং অপপ্রচার করে আর যাই করা যাক না কেন দেশের ঐক্য এবং সাম্প্রদায়িক সম্প্রীতিকে দৃঢ় করা যায় না। স্যার, একথা কে না জানেন যে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে বামপন্থীদের অবস্থান সঙ্কট। অপর দিকে কংগ্রেস (আই) সঙ্কীর্ণ রাজনৈতিক স্বার্থে আদর্শগত কৌশলগত হাতিয়ার হিসাবে একে ব্যবহার করে। তাই আজ পর্যন্ত দেশে যত সাম্প্রদায়িক বর্ণগত এবং জাতিগত দাঙ্গা হয়েছে তার প্রতিটিতে এরা মদত জুগিয়েছে এবং এইভাবে মানুষে মানুষে বিভেদকে প্রকট করে তুলেছে। এরা দেশকে এইভাবে এক সর্বনাশের কিনারায় এনে দাঁড় করিয়ে দিয়েছে। জনসাধারণের কাছে এদের মুখোস খুলে দেওয়া দরকার।

(নয়েজ)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই মুক বধির দুর্নীতিগ্রস্ত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলায় সাক্ষরতার জন্য এরা যে টাকা পেয়েছে এবং সেই কাজ ঠিকমতো না হওয়ার জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক দল এসে দেখে গেছে যার ফলে সেই টাকা এখন তারা পাচ্ছে না। এখানে আমি বহুবার বলেছি এবং আবার বলছি দক্ষিণ ২৪ পরগনায় সাক্ষরতা অভিযানে ব্যাপক দুর্নীতি হয়েছে। ভি টি, এম টি ইত্যাদি নিয়োগের ক্ষেত্রে এবং তাদের যে ট্রেনিং দেওয়া হল, তাদের ১০ টাকা আর ২৫ টাকা করে দেবার কথা পঞ্চায়েত সমিতিগুলো থেকে কিন্তু বিশেষ করে বারুইপুর পঞ্চায়েত সমিতি থেকে যারা ট্রেনিং নিয়েছে, তাদের কোনও টাকা দেওয়া হয়নি। রাত্রিবেলা পড়াবার জন্য কেরোসিন তেল নেওয়া হয়েছে, কিন্তু তা দেওয়া হয়নি, বাজারে বিক্রি করে দেওয়া হয়েছে। সাক্ষরতার জন্য কেরোসিন তেলের কোটা নিয়ে বাইরে বিক্রি করে দেওয়া হয়েছে। সম্পূর্ণ রাজনৈতিক স্বার্থ সিদ্ধির জন্য সমস্ত দলকে ইনভলভ না করে একটা দলের লোক নিয়ে কাজ করাতে গিয়ে এই দুর্নীতি হচ্ছে। কোনও পঞ্চায়েত সমিতিতে ৫০ ভাগের বেশি ব্ল্যাক বোর্ড দিতে পারেনি, খাতা পেন্সিল দিতে পারেনি। ফল স্বরূপ দক্ষিণ ২৪ পরগনার যে টাকা প্রাপ্য ছিল তার থেকে তারা বঞ্চিত হয়েছে। ফলে দক্ষিণ ২৪ পরগনা সাক্ষরতা অভিযান থেকে বঞ্চিত হচ্ছে। রাজ্যপাল বলেছেন সাক্ষরতা অভিযান চলছে। কিন্তু প্রকৃত পক্ষে সেই কাজ হচ্ছে কি না, এইগুলো দেখার কোনও ব্যাপার নেই। শুধু স্ট্যাটিসটিক্স দিয়ে প্রমাণ করছেন যে তারা সাক্ষর হয়ে গেছে। কেন্দ্রীয় সরকার ৩০ কোটি টাকা দিয়েছে, সেই টাকা কিভাবে খরচ হল, তার কোনও হিসাব নেই। আগে ব্ল্যাক বোর্ডের জন্য টেন্ডার ছিল ২২টাকা, সেটা ৩২ টাকা করা হল। কিন্তু সেই ব্ল্যাক বোর্ড থ্রী পিস কাঠের উপর কালো রং দিয়ে করা হল। সুতরাং আপনার মাধ্যমে এই সরকারের কাছে দাবি করছি মানুষকে সাক্ষরতা করে তোলার যে পরিকল্পনা রয়েছে, সেই পরিকল্পনা ব্যর্থ হয়েছে দুটি কারণে জন্য, একটা কারণ হচ্ছে ব্যাপক দলবাজি, আর একটা কারণ হচ্ছে দুর্নীতি। সুতরাং আপনার মাধ্যমে আমি দাবি করছি এই সাক্ষরতার টাকা ঠিকমতো খরচ হচ্ছে কি না এই সম্পর্কে তদন্ত করা হোক।

[11-20 — 11-30 a.m. ]

**শ্রী আব্দুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জনস্বার্থপূর্ণ, গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় পাগলা চন্ডীতে একটা রেলওয়ে ব্রিজ, ৪০ নং ব্রিজ আছে। ওখানে ১৯৯০ সালে ২রা সেপ্টেম্বর একটা ভয়াবহ দুর্ঘটনা হয় ঐ ব্রিজের উপর। তার পূর্বে ঐ ৪০ নং রেলওয়ে ব্রিজের উপর একটা ফুট পাথ করার জন্য দাবি করা হয়েছিল, জেনারেল ম্যানেজার অশোক ভাটনগর ৫/৯/৯২ তারিখে লালগোলা শিয়ালদহ সেকশন যখন পরিদর্শন করতে যান। সেই সময় তাকে একটা স্মারকলিপি ও দেওয়া হয়। তারপর রেল থেকে আমাকে জানানো হয়েছে ৪/৮/৯২ তারিখে—পি ডাবলু ডি-র একজিকিউটিভ ইঞ্জিনিয়ার (রোড)-কে জানানো হয়েছে ৫ লক্ষ ৩২ হাজার ৯০৯ টাকা যদি স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে ডিপোজিট দেওয়া হয়

তাহলে আমরা রেল ব্রিজের ফুটপাথ করে দিতে পারব। কিন্তু আজ পর্যন্ত পি ডাবলু ডি (রোড)-এর পক্ষ থেকে বা রাজ্য সরকারের পক্ষ থেকে সেই টাকা জমা দেওয়া হয় নি, ফলে ঐ কাজও হয়নি। আমি আপনার মাধ্যমে পি ডাবলু ডি মিনিস্টারের কাছে দাবি করছি অবিলম্বে ঐ টাকা রেলওয়ের কাছে জমা দেওয়া হোক এবং দুর্ঘটনার হাত থেকে জনসাধারণকে বাঁচাবার ব্যবস্থা করা হোক।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মেদিনীপুর জেলার ভয়াবহ সমস্যার প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ময়না ব্লকের পূর্ব পাশে কংসাবতী নদীর ওপর একটা পাকা ব্রীজের দাবি জেলার মানুষ দীর্ঘদিন ধরে করে আসছেন। আমিও এই হাউসে বহুবার আপনার মাধ্যমে এই দাবির প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। স্যার, এটা শুধু মেদিনীপুর জেলার মানুষেরই দাবি নয় বা ময়নার মানুষেরই দাবি নয়। এই দাবির সঙ্গে গোটা রাজ্যের স্বার্থ জড়িত। আজকে শাসক দলের মূল যে নির্বাচনী টার্গেট হলদিয়া, সেই হলদিয়ার এবং খড়গপুরের যোগাযোগ ব্যবস্থাও এই সমস্যার সঙ্গে জড়িত। ময়না একটা বন্যা কবলিত এলাকা। বর্ষার সময় থেকে প্রতি বছর দীর্ঘ সময় ধরে ব্রিজের অভাবে মানুষকে দেড়শো কিলোমিটার ঘুরে যাতায়াত করতে হয়। বর্ষা এবং বন্যার সময় অন্তসত্বা মা বোনেদের দীর্ঘ পথ পাড়ি দিতে গিয়ে অনেক সময় তাদের পথেই মৃত্যু ঘটে। এই রকম মারাত্মক অবস্থার মধ্যে ময়নার মানুষ দীর্ঘকাল ধরে দাবি জানাচ্ছে, কংসাবতী নদীর ওপর একটা ব্রিজ নির্মাণ করা হোক। আমি ওখান থেকে নির্বাচিত হবার আগে ২৮ বছর ধরে ঐ এলাকা শাসক দলের লোকেদের দখলে ছিল। প্রতিবছর নির্বাচনের সময় নির্বাচনী ইস্তাহারে 'ময়নার কংসাবতী নদীর উপর ব্রিজ হবে' প্রতিশ্রুতি দেওয়া হত। অথচ সেই ব্রিজ নির্মাণের জন্য আজ পর্যন্ত কোনও জমি অধিগ্রহণ করা হয় নি, ল্যান্ড রিক্যুইজিশন করা হয় নি, ব্রিজের নকশা রচনা করা হয় নি। এই অবস্থায় আমি এই জ্বলন্ত সমস্যাটির প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি অবিলম্বে যুদ্ধকালীন তৎপরতায় মেদিনীপুর জেলার ময়না ব্লকের পূর্ব পাশে কংসাবতী নদীর ওপর একটি পাকা ব্রিজ নির্মাণ করা হোক। এই ব্রিজ নির্মিত হলে একদিকে ময়নার মানুষদের যেমন উপকার হবে, অপর দিকে তেমন মেদিনীপুর জেলার শিল্পনগরী হলদিয়ার সাথে দ্রুত যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে, এই দ্রব্য মূল্যের বাজারে পেট্রোলের সাশ্রয় হবে, সময় বাঁচবে। সে জন্য আমি পুনরায় এই দাবি জানাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিল্প মন্ত্রীর এবং রুগ্ন শিল্প দপ্তরের মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এর আগেও এবিষয়ে আমি এখানে উল্লেখ করেছি। হুগলি জেলায় একটি কারখানা 'স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যালস' এবং 'ওপেক ইনোভেশন'—একই কারখানা—এখানে ওষুধ তৈরি হয়, কারখানাটি দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে। ইতিমধ্যে বিষয়টি কয়েকবার বি আই এফ আর এ গিয়েছে। এখনও অনেক মিটিং হচ্ছে, ইউনিয়নের নেতারা দিল্লিতে গিয়েছেন। কিন্তু কারখানাটি খোলার ব্যাপারে রাজ্য সরকারের তৎপরতার অভাবে প্রায় ১ হাজারের ওপর শ্রমিক আজ দেড় বছরধরে অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। শুধু তাই নয়, আমরণ জীবনদায়ী ওষুধ যেগুলি ঐ স্ট্যান্ডার্ড ফারমাসিউটিক্যাল কোম্পানিতে তৈরি করত সেই ওষুধগুলি বাজারে

পাওয়া যাচ্ছে না। কারখানাটি বন্ধ থাকার জন্য যে সমস্ত রোগীরা ওষুধগুলি ব্যবহার করত তাঁরা সেই ওষুধ না পাওয়ায় এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছে, আর একদিকে এক হাজার কর্মচারী অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছেন। রাজ্য সরকারের একজন মাননীয় মন্ত্রী শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি মহাশয় একদিন ঐ কারখানায় কর্মী এবং কর্মচারী ছিলেন। তিনি তার কর্মসংস্থান করে নিয়েছেন কিন্তু সেই কারখানায় একদিন যারা তার সহকর্মী ছিলেন সেই সমস্ত কর্মীরা আজ অনাহারে দিন কাটাচ্ছেন। মন্ত্রী মহাশয় একটু তৎপরতার সঙ্গে তাদের দেখুন। ঐ কারখানার মালিক গৌতম সারাভাই তিনি বরদায় পড়ে থাকেন, প্রোমোটার অনেকে আছেন লাখোটিয়া আছেন, কিন্তু উনি বরদাতেই পড়ে থাকেন, কোথাও কিছু হচ্ছে না। রাজ্য সরকার তো শিল্পপতিদের কাছে মাথা নুইয়ে রেখেছেন, তা এই শিল্পপতিকে ধরে নিয়ে এসে আলোচনার টেবিলে বসাতে পারছেন না? এই অবস্থায় মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে আপনি নিজে হস্তক্ষেপ করে ঐ কারখানাটি খুলে এক হাজার লোকের কর্মসংস্থানের পুনরায় সুযোগ করে দেবার চেষ্টা করুন এবং ওষুধের অভাবে যারা ঘুরে বেড়াচ্ছে তাদের সেই সব ওষুধ দেবার ব্যবস্থা করুন।

## RULING FROM CHAIR

**মিঃ স্পিকার ঃ** প্লিজ চুপ করুন। মিঃ প্রবোধ সিন্‌হা, আমাদের এখানে এর আগে অনেকবার এই মেনশন আওয়ারে ডিসকাশন হয়েছে যে অন্তত ৬ জন মন্ত্রী এই হাউসে এ সময়ে উপস্থিত থাকবেন। এটা আমরা আগে থেকে মনে করিয়ে দিতে বলি এবং প্রতি অধিবেশনে অল পার্টি মিটিং করে স্মরণ করিয়ে দিই। প্রয়োজন হলে মন্ত্রীদের লিখিতভাবে জানাতে বলি কিন্তু কোনও দিন সেভাবে কাজ করা হয় না। আজকে যাদের থাকার কথা ছিল তার মধ্যে মাননীয় বুদ্ধদেব বাবু আছেন, তাঁর মাননীয়া ছায়া ঘোষ এসেছিলেন, বাইরে গেছেন। মাননীয় শ্যামলবাবু আমাকে চিঠি দিয়ে অনুমতি নিয়ে গেছেন। এছাড়া নীহার বোস মহাশয়, কলিমুদ্দিন শামস, এবং মেহবুব জাহেদি, বিশ্বনাথ চৌধুরি মহাশয় এদের মধ্যে একজনও উপস্থিত নেই। আমার কাছে অনুমোদন নেন নি। এতে হাউসের উপযুক্ত গুরুত্ব দেওয়া হচ্ছে না। আজকে মহামান্য রাজ্যপালের ভাষণের উপর মোশন অফ থ্যাংকসে সকল বিরোধী সদস্য বক্তব্য রাখছেন, রুলিং পার্টির সদস্যরা বক্তব্য রাখছেন, মন্ত্রীকে জবাব দিতে হবে। নিয়ম ছিল মন্ত্রী মহাশয়রা আগে নোট নিতেন ডিপার্টমেন্ট ওয়াইজ উত্তর দিতেন। এখন সেই নিয়ম নেই। আমি আবার অনুরোধ করছি হাউসের এই মেসেজ আপনি কনভে করে দেবেন। আজকে ৫ জন মন্ত্রী থাকার কথা, বৃহস্পতিবার দিন মাননীয় মুখ্যমন্ত্রী থাকার কথা, উনি ব্যস্ত মানুষ কাজেই তার কথা আলাদা। বৃহস্পতিবার দিন ৪ জন মন্ত্রী থাকার কথা। ৬ জন মন্ত্রী থাকবেন না কেন? কাজেই এই রুল ফলো যাতে করা হয় আপনি তার দায়িত্ব নেবেন, তা না হলে আমি হাউস অ্যাডজোর্ন করতে বাধ্য হব।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সঠিক কথাই স্মরণ করিয়ে দিয়েছেন। বিষয়টি গুরুত্ব সহকারে সংশ্লিষ্ট সকলের নজরেই আনা হয়েছে। আজকের কথাটাও সকলের কাছে কনভে করে দেওয়া হবে যে ভবিষ্যতে যদি এই রকম হয় তহালে আরও কঠোর ব্যবস্থা অবলম্বন করা হবে।

*[11-30 — 11-40 a.m.]*

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা সাক্ষরতাকে কেন্দ্র করে। সাক্ষরতার প্রশ্নে সাগর ডেভেলপমেন্ট ব্লক এরিয়া দক্ষিণ ২৪ পরগনার গ্রামাঞ্চলের মধ্যে শীর্ষে। এটা এখানে বলবার বিষয় নয়, তবে এর যথেষ্ট তথ্য আমার কাছে আছে। সাক্ষরতার বিষয়ে আমরা যে উদ্দেশ্য নিয়ে চলছি সে ক্ষেত্রে কংগ্রেস দলের যে সাংবিধানিক দায়িত্ব পালন করবার কথা ছিল সেই সাংবিধানিক দায়িত্ব সেই দলের পক্ষ থেকে পালন করা হচ্ছে না। ঐ সাক্ষরতা আন্দোলন ঐ দলের পক্ষ থেকে যাদের বিভিন্ন দায়িত্বশীল পদে থাকবার কথা ছিল, তারা থাকছেন না। সুপরিকল্পিতভাবে সাক্ষরতার বিষয়টাকে পিছিয়ে দেবার জন্য তারা চক্রান্ত করছেন। দক্ষিণ ২৪ পরগনায় এই নিয়ে কথা উঠেছে। আজকে দক্ষিণ ২৪ পরগনা সাক্ষরতার শীর্ষে রয়েছে। আমরা চাই, এই জাতীয় বিষয়ে কংগ্রেস তার দায়িত্ব পালন করুন।

**শ্রী নরেন হাঁসদা :** মিঃ স্পিকার স্যার, আপনি জানেন, দুই একজন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কাজের কাজ কিছু হয় না। তাই আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার সমাধানের জন্য একগন্ডা মন্ত্রী ট্রাইবাল ডিপার্টমেন্টের তিন মন্ত্রী এবং পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র বীনপুরের এক নম্বর ব্লকের চার নম্বর দহিজুড়ি অঞ্চলে জয়নগর এবং তেঁতুলডাঙ্গার মধ্যে দিয়ে নহর খাল বয়ে গেছে। দুই দিকে দুটি নদী ঐ অঞ্চলকে সম্পূর্ণভাবে বিপর্যস্ত করে ফেলেছে। এই অবস্থায় ছাত্র-ছাত্রীরা স্কুলে যেতে পারছে না, মানুষজনও যেতে পারছেন না। এই অবস্থায় ঐ অঞ্চল সরেজমিনে তদন্ত করে নহর খালের উপর যদি একটি সেতু অবিলম্বে নির্মাণ করা না হয় তাহলে সেখানকার মানুষের সমস্যার সমাধান হবে না। বিষয়টা নিয়ে ঐ এলাকার মানুষজন দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন, বিভিন্নভাবে দরবার করেছেন, কিন্তু লাভ কিছু হয়নি। তাই আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী এবং ট্রাইবাল বিভাগের তিনজন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে নহর খালের উপর অবিলম্বে সেতু নির্মাণ করার জন্য আবেদন করছি, দাবি জানাচ্ছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান কেন্দ্রীয় সরকারের নীতির ফলে চাষীরা চাষে উৎসাহ পাচ্ছেন না। আপনি জানেন, ইতিমধ্যে গত বছর সারের দাম বেড়েছে। তা সত্ত্বেও চাষীরা নিজ স্বার্থে বিভিন্নভাবে সার জুটিয়ে আলু চাষ করেছেন এবং অন্যান্ন চাষ করেছেন। কিন্তু সারের দাম যে হারে বেড়েছে এবং ডিজেলের দাম যেভাবে বাড়ানো হয়েছে তাতে আলু চাষীর খরচ বেড়েছে। এই অবস্থায় মধ্যে তারা যে আলু তুলছেন তা ন্যায্য দাম তারা বাজারে পাচ্ছেন না। শুধু তাই নয়, বাজারে বিশেষ ক্রেতাও পাচ্ছেন না তারা। ফলে ৪০/৪২ টাকা দরে আলুর বস্তা বিক্রি করতে হচ্ছে। এই কঠিন অবস্থা থেকে যাতে চাষীরা মুক্তি পান তার জন্য আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মুকুলবিকাশ মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। কাঁথি থেকে রসুলপুর পর্যন্ত ১৫ কিলো মিটার পিচ্ রাস্তা হয়েছে। এই রাস্তাটি বহুদিন ধরে সারানো হচ্ছে না, শোচনীয় অবস্থার মধ্যে রয়েছে। ঐ রাস্তা দিয়ে বহু ট্রাক এবং যাত্রীবাহী বাস চলে। এই রাস্তাগুলি গর্তে ভর্তি

হয়ে গেছে। মাঝে মাঝে ইট, কাদা দিয়ে মেরামত করা হয়। বর্ষাকালে এখানে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়। এই রাস্তাগুলি ক্রমশ জরাজীর্ণ হয়ে যাচ্ছে। আমি পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ রাস্তাটি তাড়াতাড়ি সংস্কার করে অঞ্চলের অধিবাসীদের সুবিধা করে দেওয়া হয়।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই সংশোদীয় গণতন্ত্রের অধীনে। কিন্তু আমরা লক্ষ্য করছি যে কেন্দ্রীয় সরকার সেই সংশোদীয় গণতন্ত্রের উপরে চরম আঘাত হানার চেষ্টা করেছেন। যদিও আমাদের এই রাজ্যে এই ঘটনা ঘটেনি, কিন্তু পাশের রাজ্যে লক্ষ্য করেছি।[*****]

**মিঃ স্পিকার ঃ** মিঃ শেঠ, আপনি কি ত্রিপুরার কথা বলছেন?

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** [***]

**মিঃ স্পিকার ঃ** মিঃ শেঠ, আপনি যে সংবিধানের উল্লেখ করেছেন, সেই সংবিধান অনুযায়ী এটা বলা যাবে না। আমি দুঃখিত, এটা হবে না।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে একটাও রুর‍্যাল হসপিটাল নেই। একটা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে তার নাম হচ্ছে কমলপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র। এই স্বাস্থ্য কেন্দ্রে ৪ জন নার্স ছিল। তার মধ্যে একজন নার্স অসুস্থ বলে তিনি ছুটি নেন। সঙ্গে সঙ্গে বাকি তিনজন নার্স কাজ বন্ধ করে দেন। গত ৯ই নভেম্বর থেকে এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে সমস্ত চিকিৎসা বন্ধ হয়ে গেছে। এই স্বাস্থকেন্দ্রে আমার এলাকার ৬টি গ্রাম পঞ্চায়েত এবং মেদিনীপুর জেলার একটি গ্রামপঞ্চায়েত নির্ভরশীল। প্রায় ৭/৮টি অঞ্চলের মানুষ এর ফলে চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। দীর্ঘ ১৫/১৬ বছর ক্ষমতায় থাকার পর একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যদি এখনও পর্যন্ত নার্সের অভাবে বন্ধ হয়ে থাকে তাহলে এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা এবং অমানবিকও বটে। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এখানে নার্স নিয়োগ করে হাসপাতালটি চালু করার ব্যবস্থা করেন।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা আমি এই হাউসের সামনে তুলে ধরতে চাইছি। গত ৮ ডিসেম্বর তারিখে মালদা জেলায় মালদা কলেজে সংসদ নির্বাচন যে হবে তার নমিনেশন ফাইল করার দিন। ৮ই ডিসেম্বর তারিখে সেখানে এস এফ আই-এর ছাত্র সমেত বামফ্রন্টের পোষা গুন্ডারা আমাদের ছাত্রদের আইডেনটিটি কার্ড ছিঁড়ে ফেলে দেয় এবং আগ্নেয় অস্ত্র নিয়ে তাদের উপর আক্রমণ করে। আমরা এস পি এবং ডি এমকে বারে বারে বলেছি, বারেবারে থানায় ডাইরি করেছি, কোনও রকম প্রতিকার পাই নি।

Note *Expunged as ordered by the Chair

গাজল ব্লকে একটি ছেলে ছাত্র-পরিষদের সমর্থক, গাজল ব্লকের গ্রাম পঞ্চায়েতের সহ সভাপতি মিছিল করে ওই বাচ্ছা স্টুডেন্টের উপর হামলা করে, লাঠি নিয়ে, আগ্নেয় অস্ত্র নিয়ে, ছুরি নিয়ে তার উপর আক্রমণ করে। কোনও সুসভ্য দেশে এই ধরনের ঘটনা ঘটতে পারে বলে আমার জানা নেই। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ঘটনার তদন্ত করার জন্য এবং থানার মেজবাবুর শাস্তি বিধানের জন্য।

**শ্রী নারায়ণ মুখার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ বিষয়ে। স্যার, আপনি জানেন ভারত বাংলাদেশ সীমান্তে বিশেষ করে স্থল বিভাগে কাঁটা তারের বেড়া দেখার সিদ্ধান্ত হয়েছে। সেই সিদ্ধান্ত কার্যকর হতে চলেছে। বসিরহাট খোঁজডাঙ্গা ভারত বাংলাদেশ সীমান্তবর্তী অঞ্চল, ওখানে কাঁটা তারের বেড়া দেবার জন্য সার্ভে হচ্ছে। এখানে একটা মানবিক প্রশ্ন দেখা দিয়েছে। কাঁটা তারের বেড়া দেওয়া হবে তাকে বিরোধিতা করা আমার উদ্দেশ্য নয়, একটা মানবিক প্রশ্ন এখানে দেখা দিয়েছে। যেখানে বেড়া দেওয়া হচ্ছে তার ১৫০ গজ ভারতবর্ষের অভ্যন্তরে পড়ে যাচ্ছে, অর্থাৎ ১৫০ গজ বাংলাদেশের সীমান্তের মধ্যে পড়ে যাচ্ছে। এই ১৫০ গজের মধ্যে ৫০০টি পরিবার বাস করে। এই ৫০০টি পরিবার অত্যন্ত দরিদ্র এবং এদের মধ্যে প্রধানত তফসিলি সম্প্রদায়ভুক্ত মানুষ এবং মুসলিম সম্প্রদায় ভুক্ত মানুষ আছেন। আমার কথা হচ্ছে এরা সম্পূর্ণভাবে উৎখাত হবে। এদের উপযুক্ত ক্ষতিপূরণ দিয়ে এবং পুনর্বাসন দিয়ে কাঁটা তারের বেড়া দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি** : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন যে বামফ্রন্ট সরকারের আমলে মাটি কেলেঙ্কারি, ট্রেজারি কেলেঙ্কারি এই রকম বহু কেলেঙ্কারি হয়েছে। সামনে পঞ্চায়েত ভোট আসছে, সেই পরিপ্রেক্ষিতে আমি একটা কথা জানাচ্ছি। আমার বিধানসভা কেন্দ্রে শিমুলপুর গ্রাম পঞ্চায়েত প্রধান ভানু দত্তের ব্যক্তিগত নামে গাইঘাটা পঞ্চায়েত সমিতির একজিকিউটিভ অফিসার ৯৫ হাজার টাকার চেক দিয়েছেন। পঞ্চায়েতের আইনে আছে বাই নেম চেক দিতে পারবে না, প্রধানের নামে দিতে পারে কিন্তু ব্যক্তির নামে দিতে পারে না। স্যার, চেক নং হচ্ছে এ-১৭৩৬১৩৩৪। বনগাঁ ট্রেজারি এই চেকটি ইস্যু করেছে গত ২৫/১/৯৩ তারিখে। ব্যক্তিগত নামে, ভানু দত্তের নামে অ্যাকাউন্ট পেয়ী চেক যেজন্য ইস্যু করা হয়েছে, সেই টাকা খরচই করা হয়নি। কোনও রকম ইউটিলাইজেশন সার্টিফিকেট যেখানে দেওয়া হয়নি, সেখানে গাইঘাটা পঞ্চায়েত সমিতির একজিকিউটিভ অফিসার কি করে ব্যক্তিগত নামে চেক দেন? এই বিষয়টি তদন্ত করে একটি রিপোর্ট দেবেন, এই দাবি আমি রাখছি।

**শ্রীমতী বিলাসীবালা সহিস** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করে আমার বিধানসভা কেন্দ্র পারা ব্লকের একটি সমস্যার কথা উল্লেখ করছি। আমার বিধানসভা কেন্দ্রের পারা ব্লকে আই সি ডি সি প্রোজেক্টের জন্য একটি গাড়ি বরাদ্দ আছে, যার নং হচ্ছে ডবলু বি ই-৫৬/১৭৭। কিন্তু এই গাড়িটি পারা ব্লকে থাকে না, এটিকে পুরুলিয়ার ডি এম এবং ডি পি ও ব্যবহার করেন। এরফলে পারা ব্লকে প্রোজেক্টের কাজ ব্যাহত হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর নিকট দাবি রাখছি

যাতে পারা ব্লকের বিভিন্ন ধরনের উন্নয়ন মূলক কাজ সুষ্ঠুভাবে হতে পারে সেজন্য ডি পি ও এবং ডি এম-এর কাছ থেকে গাড়িটিকে ফিরিয়ে আনুন।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, গত ২২ তারিখে ভারতবর্ষের একটি বৃহত্তম দল বেআইনিভাবে কলকাতার রাজপথে একটি মঞ্চ তৈরি করে। উক্ত মঞ্চ তৈরি করে তার উপরে ১০০ লোক উঠে বসেন। আর একটি দল সেই মঞ্চের দড়ি কেটে দেয়। এর ফলে মঞ্চ থেকে পড়ে গিয়ে কারও মাজা ভাঙ্গে, কারও শরীরে আঘাত লাগে। এরপরে দু'দলের লোক রাস্তায় মধ্যে মারামারি শুরু করে দেয়। কংগ্রেস দল এইভাবে নিজেদের মধ্যে মারামারি করে আইন-শৃঙ্খলার অবনতি ঘটাচ্ছে, আর এখানে এসে বলছেন যে রাজ্যে আইন-শৃঙ্খলার অবনতি ঘটছে। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া দরকার যাতে পশ্চিমবাংলায় শান্তিপূর্ণ অবস্থা বজায় থাকে। যাদের মাজা ভেঙেছে তাদের জন্য আমি দুঃখিত। তবে আমাদের সরকারি চিকিৎসা ব্যবস্থা আছে, সেখানে গিয়ে তারা চিকিৎসিত হতে পারেন।

[11-50 — 12-00 Noon]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মে মাসের ৩০ তারিখে পঞ্চায়েতের নির্বাচন হচ্ছে। এই প্রসঙ্গে আমি যে কথাটি বলতে চাই তা হচ্ছে, এই সময়ে পঞ্চায়েতের নির্বাচন কেন করা হচ্ছে। সারা রাজ্যে এর ফলে সাম্প্রদায়িক দাঙ্গার এক সম্ভাবনা থেকে যাচ্ছে। তার কারণ, এই নির্বাচনে ভারতীয় জনতা পার্টি, মুসলিম লিগ, জামায়েতি ইসলাম, প্রত্যেকটি দল তাদের প্রার্থী দেবে। ৬৮,০০০ আসলে প্রায় ৫ লক্ষ প্রার্থী নির্বাচনের আসনে দাঁড়ালে এবং এইভাবে যদি সাম্প্রদায়িকভাবে বক্তব্য রেখে যদি প্রচার শুরু হয় তাহলে অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে? আমরা কলকাতা শহরে যেখানে বাংলার ঐতিহ্য রক্ষা করতে পারিনি, সেখানে গ্রামাবাংলা ঐতিহ্য দেখিয়েছে—মুর্শিদাবাদ, মালদহ, দিনাজপুর, ২৪ পরগনার কোথাও কোনও দাঙ্গা ঘটনা ঘটেনি। কিন্তু ৬৮ হাজার আসনে সব দলের প্রার্থী দিয়ে যদি প্রচার শুরু হয়, ভারতীয় জনতা পার্টি, জামায়েতি ইসলাম, মুসলিম লিগ প্রার্থী দিয়ে যদি প্রচার শুরু করে তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়াবে? পরিশেষে, এবারে মহিলারা প্রার্থী হচ্ছেন। মহিলা প্রার্থীরা যদি এক একটি দলের পক্ষ থেকে সাম্প্রদায়িকতার প্রচার শুরু করে তাহলে অবস্থা কোথাও দাঁড়াবে? আমরা মূলত দেখেছি যে সাম্প্রদায়িক প্রচারে মহিলারা যুক্ত থাকেন নি। কিন্তু এখন একটা সময়ে পঞ্চায়েত নির্বাচন হচ্ছে যখন মহিলারাও দাঙ্গার প্রচারে, সাম্প্রদায়িক প্রচারে জড়িয়ে পড়ছে। ৪টি যে বি জে পি শাসিত রাজ্য ভেঙ্গে দেওয়া হয়েছে সেগুলিতে এই কারণেই নির্বাচন করা হচ্ছে না। সেইকারণে আমি দাবি করছি যে, নির্বাচন পিছিয়ে দেওয়া হোক। পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে বি জে পি যদি কিছু আসন পেয়ে যায় তাহলেই সারা রাজ্যে সাম্প্রদায়িকতার বীজ ছড়িয়ে পড়বে এবং সেটা ক্ষতিকারক হবে। সুতরাং আমাদের দলের তরফ থেকে দাবি করছি যে, এই বিষয়টি রাজ্য সরকার পুনর্বিবেচনা করুন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের ইতিমধ্যেই স্মরণ আছে যে গতবারের পঞ্চায়েত নির্বাচন হয়েছিল ফেব্রুয়ারি মাসে। এইবার ফেব্রুয়ারি মাসে

নির্বাচন হওয়ার কথা ছিল, কিন্তু যেহেতু ইনটেনসিভ রিভিসন হল এবং তারপরে ফাইনাল লিস্ট বেরুতে দেরি হল তাই ৩০শে মে নির্বাচন স্থির হয়েছে। এমনিতেই অনেকদিন পিছিয়ে গেছে। সেই কারণে আপনারা যে আশঙ্কা করছেন সেই আশঙ্কটার ক্ষেত্রে আমার মনে হয় পিছিয়ে গেল বলেই আরও সম্প্রীতি সুযোগ পাওয়া যাবে। আরও ভালোভাবে সম্প্রীতি ব্যাপার আলোচনা করা যাবে এবং সুষ্ঠভাবে নির্বাচন হতে পারবে। আমি সমস্ত দিক বিবেচনা করেই বলছি যে ইনটেনসিভ প্রচার আরও জোরদার করুন এবং সমস্ত তরফ থেকে প্রচার করা হোক। সেখানে আরও বলছি আপনারা সমবেতভাবে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ। আপনারা পাবলিক কমিটমেন্ট করেছেন, সেই কমিটমেন্টে অনুযায়ী আপনারা কাজ করতে বাধ্য। আমার মনে হয় সমবেতভাবে প্রচার করতে হবে, পিছিয়ে গিয়ে শত্রুর বিরুদ্ধে সমস্যার সমাধান করা যায় না, তাতে জয়লাভ করা যায় না। অ্যাপিসমেন্ট পলিসিতে সমস্যার সমাধান হয় না, কনফ্রন্ট করতে হবে এবং চিরকালের তরে যাতে তাদের সমাজ জীবন থেকে বিচ্ছিন্ন করতে পারি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি স্যার, এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই।

**Mr. Speaker :** Dr. Abedin, on mention case there cannot be debate. I do not like to make any precedent.

**Dr. Zainal Abedin :** Sir, it is a very serious matter.

**Mr. Speaker :** Nothing can be more serious than the convention of Parliament. When a member makes a mention, the Minister makes a reply. The matter ends there.

**Shri Saugata Roy :** Sir, since it is a very serious mater Dr. Abedin wants to say a few words on this issue.

**Mr. Speaker :** I find about ten hands are raised. I cannot allow everybody to speak. I cannot be pertisan. I cannot pick and choose. I do not like to make a bad precedent. I cannot allow any debate. Anyway Dr. Abedin you can make some comments very briefly. It cannot be taken as a precedent.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯শে ফেব্রুয়ারি আপনার ঘরে যে অল পার্টি মিটিং হয়েছিল সেখানে আমরা সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে সকলেই একমত ছিলাম। পশ্চিমবঙ্গ ভারতের বাইরে নয়। এখানে বিধানসভার কিছু আসন খালি রয়েছে। উত্তরপূর্বাঞ্চলের দুটি রাজ্যে নির্বাচনের অনুমতি দেওয়া হয়েছিল। আমরাও সবাই একমত ছিলাম যে সাম্প্রদায়িক উত্তেজনা চলে যাক তারপর নির্বাচন হবে। সাম্প্রদায়িক উত্তেজনার জন্য ডেফারর্ড অল বাই ইলেকশন। আপনি জানেন, কন্সটিটিউশন অ্যামেন্ডমেন্ট অন পঞ্চায়েত হয়েছে। Once it is applied 50% of the States rectified it will be man-

datory for the State Governments to observe directives of that amendment.......আমি জানি না আপনারা আজকে কি করবেন। আপনাদের কাছে আমাদের নিবেদন ফেব্রুয়ারি আপনাদের স্যাক্রোসেন্ট। আমাদের সুবিধা হলে আপনারা এক বছরও এগিয়ে নির্বাচন করেছেন। বাট উইথ দি অ্যাটিচুড অফ কমিউনাল ফোর্স, আপনারা এটাকে ব্যবহার করবার চেষ্টা না করে, ব্যক্তিগত বা দলগত সুবিধার জন্য তাহলে আমার মনে হয় ভালো করবেন। সারা ভারতবর্ষে নির্বাচন পিছিয়ে দেওয়া হল, এটাকে তো গুরুত্ব দিয়ে দেখা উচিত। উই আর কো-অপারেটিভ আমাদের এটা বিবেচনা করতে হবে। West Bengal is not an isolated State. We are very sincere to the commitment. If all agreed, this is question of a minute. If it is deferred for six months then it can be deferred for 12 months. We are trying to take advantage of the ablest situation. Please reconsider again. Mr. Chowdhury, you are the veteran Minister, politician and above all, you had route in congress nationalism. I appeal to you.

**শ্রী ননী কর** ঃ মিঃ স্পিকার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই যে, যে ব্যাপারে আপনি রুলিং দিয়েছেন সেই ব্যাপারেই আবার বলা যায় না। বিষয়টা হচ্ছে পঞ্চায়েত নির্বাচন ৩০ তারিখে হবে, কি হবে না এই ব্যাপারটা নিয়ে। এই ব্যাপারে যুক্তিটা উপস্থিত করা হচ্ছে সেটা হচেছ কমিউনাল ফোর্সেস। একবারও বলা হচ্ছে না কমিউনাল ফোর্সের বিরুদ্ধে কংগ্রেস-এর যা করা কর্তব্য, তা তারা করছে না। ওদের নিচু তলার কর্মীরা সব বি জে পিতে চলে যাচ্ছে।

**মিঃ স্পিকার** ঃ বসুন বসুন, নো পয়েন্ট অফ অর্ডার।

**শ্রী দীপক সেনগুপ্ত** ঃ আমার পয়েন্ট অফ অর্ডার ঐ ব্যাপারটা নিয়েই। মিনিস্টার যে ব্যাপারটা বলেছেন আপনি তার উপর ডিবেট অ্যালাউ করতে চাইছেন না। কিন্তু লিডার অফ দি অপোজিশন বললেন। কংগ্রেস মুখে বলে কমিউনালিজিমের বিরুদ্ধে ফাইট করতে হবে, কিন্তু আমরা কাজে সেই রকম দেখতে পাই না। পলিটিকাল কোনও ফাইট আমরা দেখতে পাচ্ছি না। পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে আমরা কিন্তু সব সময় ফাইট করে যাচ্ছি।

[12-00 — 12-10 p.m.]

**শ্রীমতী কমল সেনগুপ্ত** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কংগ্রেসের বেঞ্চ থেকে একজন মাননীয় সদস্য একটু আগে বললেন যে ৩০শে মে যদি পঞ্চায়েত নির্বাচন হয় তাহলে এবারে যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে এক তৃতীয়াংশ আসনে মহিলা প্রার্থী হবেন, সেই মহিলারা সাম্প্রদায়িক পরিস্থিতির মধ্যে যুক্ত হয়ে যাবেন এবং তারা তার শিকার হয়ে যাবেন। স্যার, আমি মনে করি ঐ সদস্যের মূল ধারণার মধ্যেই গলদ আছে। তিনি জিনিসটা বুঝতে পারেন নি। সমাজের অর্ধেক অংশ যে নারী সমাজ তারা যে এই কমিউনালিজিমের এগেনস্টে ফাইট করার ক্ষেত্রে আরও শক্তি যোগাবে একথাটা তিনি চিন্তা করতে পারলেন না এবং তা না করে হাউসে একথা বলে গেলেন যে মহিলারা কমিউনালিজিমের শিকার হয়ে

যাবেন। আমি এর তীব্র বিরোধিতা করছি।

**মিঃ স্পিকার ঃ** না, না, ব্যাপারটা তা নয়, এত মহিলারা আসবেন এটা ভেবে উনি ঘাবড়ে গিয়েছেন।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** আমরা যেটা আশঙ্কা করছি সেটা হচ্ছে, পঞ্চায়েতের নির্বাচন যেটা হবে বলে বলছেন সেখানে কমিউনাল পার্টির প্রার্থীরা থাকবেন। কমিউনাল পার্টির প্রার্থীরা তারা কমিউনাল লাইনে প্রচার করবে। আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে, লোকসভা এবং বিধানসভার নির্বাচনে যেটা আছে যে কেউ যদি কমিউনাল লাইনে বা সাম্প্রদায়িক লাইনে প্রচার করে বা নির্বাচনে বক্তব্য রাখেন বা ভোটের জন্য অ্যাপিল করেন তাহলে তা প্রমাণিত হলে সে নির্বাচিত হলে যেমন তা বাতিল বলে ঘোষণা করা হয় সেই রকম পঞ্চায়েত নির্বাচনে যদি বি জে পি ধর্মের নামে সাম্প্রদায়িকতার নামে প্রচার করে এবং তা যদি প্রমাণিত হয় এবং সেই ব্যক্তি যদি নির্বাচিত হন বা জয়লাভ করেন তাহলে তা বাতিল হবে কিনা জানতে চাই।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনি একটা ইস্যু তুলতে দিয়েছেন এবং সেই সুযোগে মাননীয় বিরোধীদলের নেতা সেটা উত্থাপন করলেন। উনি একটু ভীত। ৩০ তারিখের নির্বাচনের ব্যাপারে আমরা কিন্তু ভয় পাচ্ছি না কারণ প্রথম থেকে শেষ পর্যন্ত আমরা সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই করে আসছি এবং রাজনৈতিকভাবে সেই লড়াই আমরা করব। সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই-এ আমাদের পশ্চিমবঙ্গের গ্রামের মানুষদের লড়াই-এর ঐতিহ্যের কথা আমরা জানি এবং আমরা দেখেছি সাম্প্রদায়িক ক্রাইসিসকে কিভাবে তারা সামাল দিলেন। আগামীদিনে নিশ্চয় গ্রাম, শহরের মানুষ সেইভাবে এগিয়ে আসবেন এ বিশ্বাস আমাদের আছে। কাজেই ভয় পাবার কোনও কারণ নেই। ওদের দলের কিছুটা ভয়ের ব্যাপার থাকতে পারে কিন্তু সঠিকভাবে যদি সাম্প্রদায়িক শক্তির মোকাবিলা করতে পারেন তাহলে, পশ্চিমবঙ্গ এই শক্তি নিশ্চয় মাথা তুলে দাঁড়াতে পারবে সে বিশ্বাস আমাদের আছে। কাজেই নির্বাচন পিছিয়ে দেওয়া উচিত নয়।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেসব কথা উঠেছে আমি সে বিষয়ে একটি একটি করে বলছি। মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিন্‌হা মহাশয় বলেছেন যে বর্তমান ইলেকশন আইনের মধ্যে যেসব কাজ করার ব্যাপারে বারণ আছে কমিউন্যালিজমের ব্যাপার তারমধ্যে একটা। অর্থাৎ ধর্মের ব্যাপার তারমধ্যে একটা। কিন্তু সে ব্যাপারে যে কঠোর ব্যবস্থা নেওয়া দরকার সেটা হচ্ছে না এবং তারজন্য প্রিলিমিনারি কে দায়ী সে আমরা বুঝতে পারছি। একটা বিশেষ রাজনৈতিক দল—বি জে পি, যাদের কথা উঠেছে সেখানে তাদের ব্যাপারে সংঘ পরিবার বলে একটা কথা আসছে ঐ আর এস এস, বজরং দল, বিশ্ব হিন্দু পরিষদ ইত্যাদি করে, এরা মাথা ঢোকাচ্ছে। দাঙ্গা বাঁধিয়ে, সাম্প্রদায়িক উত্তেজনা ছড়িয়ে তারা বেশিরভাগ হিন্দু ভোট নিতে চাইছে। এইভাবে তারা লোকসভায় দুই থেকে ৮৮ এবং ৮৮ থেকে ১১৯ হয়েছে। তারা এইভাবে কি করে ৩০০/৩৫০/৪০০ করে নিতে পারে সেই চেষ্টা করছে। তারজন্য যে কঠোর ব্যবস্থা নেওয়ার দরকার, সেই কঠোর ব্যবস্থা কি নেওয়া হয়েছে, আপনি বুকে হাত দিয়ে বলুন। আমরা সেটাই দেখাতে চাই যে ভারতবর্ষের অন্য জায়গায়

যাই করুক, কেন্দ্রীয় সরকার যাই করুক, আমরা এটাকে চ্যালেঞ্জ হিসাবে নিচ্ছি এটার ভেতর দিয়ে এবং আরও গ্রাস রুট লেভেলে নিয়ে যেতে চাইছি। কমিউনালিজমের উপর দু চারটি মিটিং করলেই হবে না, এতগুলো কন্সটিটিউয়েন্সি, প্রতিটি গ্রামে প্রতিটি পাড়ায় সেই জিনিস করতে হবে। তা না হলে সমাজ জীবন থেকে কমিউন্যালিজমের বিষকে নির্মূল করা যাবে না, ঠেকানো যাবে না। কারণ দেখা যাচ্ছে মানুষের ভিতর দীর্ঘদিন বলা যেতে পারে, প্রায় ২০/২৫ বছর ধরে দেখছি, এই যে বিষ ঢোকানো হয়েছে, সেই বিষ সঞ্চায়িত হয়েছে, সেই বিষের প্রতিক্রিয়া মানুষের চিন্তা থেকে দূর করতে না পারলে কিছু হবে না। সেইভাবে ব্যাপক প্রচারের সুযোগ দিতে হবে, যেটা পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে করতে হবে। এটা নিয়ে দেরি করলে হবে না। এখন দেখবেন একটা বিবৃতি দেওয়া হয়েছে এখানে এবং এর দ্বারা প্রমাণিত হল যে ছয় তারিখে করা যেত, করা হয়নি। আমার মনে হয় যে এবং আপনারাও জানেন, পশ্চিমবাংলায় অন্তত, ত্রুটি বিচ্যুতি অনেক থাকতে পারে, এই সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা, এই সবের ব্যাপারে অন্তত পক্ষে ভারতবর্ষে একটা দৃষ্টান্ত আছে এবং সেই দৃষ্টান্ত আমরা এখান থেকে তৈরি করে দেখাতে চাই, সেইজন্য এই ব্যাপারে আমার মনে হয় কোনও ভয় পাবার কিছু নেই। যদি আপনারা, যেটা কমিটমেন্ট আছে যে সাম্প্রদায়িকতার বিষ সঞ্চারিত করতে না দেওয়া, তার জন্য আমরা এবং আপনারা কার্য ক্ষেত্রে নাবি এবং তাদের এখান থেকে যদি উৎখাত করে দিতে পারি তাহলে সেটা হবে সবচেয়ে বড় একজাম্পল। আমি মনে করি গোখেলের হোয়াট বেঙ্গল থিংক্স টু ডে, তার বদলে এই প্রবাদটা হওয়া উচিত, হোয়াট দে ডু টুডে, দে উইল বি অ্যাকসেপ্টেড বাই অল আদার স্টেটস। চেম্বারলিনের সেই অ্যাপিজমেন্ট ফ্যাসিজমকে ঠেকানো যায়নি। সেই জন্য আমি বলব, আজকে লেট হয়ে গেছে অলরেডি, আর বেশি স্পর্ধা বাড়তে দেওয়া উচিত নয়। যদি প্রয়োজন হয় টেক দি বুল বাই দি হর্স।

**শ্রী লক্ষীরাম কিস্কু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আমার বিধানসভা এলাকার প্রায় অর্ধেকের বেশি আদিবাসী বাস করে। দীর্ঘ কয়েক বছর ধরে আমার বিধানসভা কেন্দ্রে বিদ্যুতের একটা সাব স্টেশন এর কাজ শুরু হয়েছিল। কয়েক বছর হয়ে যাবার পর তা এখনও সম্পূর্ণ হয়নি। এই বিদ্যুৎ সাব স্টেশন না হবার ফলে গ্রামের দিকে বিদ্যুৎ যাচ্ছে না। তাই এই সম্পর্কে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে ঐ সাব স্টেশনের কাজটি সম্পূর্ণ করা হোক।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার এক নং ব্লকের রায়পুর, তেঁতুলমুড়ি গ্রামে গত ১লা ফেব্রুয়ারি একদল সশস্ত্র ডাকাত ডাকাতি করতে যায়। ঐ ডাকাতদের ঠেকাতে গিয়েছিল তিন যুবক। তাদের নাম হল, অশোক প্রধান, সুকুমার প্রধান, বিষ্ণুপদ । এরা সকলেই ক্ষেত মজুর। সেই ডাকাতরা পালাবার সময় নিতটে বোমা ফাটায়, ফলে ঐ তিনজন যুবক নিহত হয়। তাই আপনার মাধ্যমে আমার মুখ্যমন্ত্রীর কাছে আবেদন ঐ তিনজন যুবকের নিকট আত্মীয়দের কিছু ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হোক। যে সাহসিকতা এবং

নৈপুণ্যের পরিচয় তারা রেখে গেছেন তার স্বীকৃতি হিসাবে তাদের পরিবার পরিজনদের এককালীন সাহায্য দেবার জন্য আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী মানিকচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, রাজ্য সরকারের উদ্যোগ এবং প্রচেষ্টার মধ্যে দিয়ে গত ১২ই ফেব্রুয়ারি 'আমেদপুর সুগার মিল'-এ চিনি উৎপাদনের কাজ শুরু হয়েছে। ইতিপূর্বে কিছু সংবাদপত্রে আমেদপুর সুগার মিল সম্পর্কে বিকৃত, বিভ্রান্ত এবং ভিত্তিহীন সংবাদ পরিবেশন করা হয়। আমেদপুর সুগার মিলে উৎপাদন শুরু হবার সাথে সাথে ঐ মিলের ৮০০ শ্রমিক, এলাকার কৃষকরা এবং সাধারণ মানুষরা আশ্বস্ত হয়েছে। কিন্তু গত বছর আখ সীড হিসাবে সুগার মিল কর্তৃপক্ষ ঐ এলাকার কৃষকদের কাছ থেকে যে ১৭ লক্ষ টাকার আখ ক্রয় করেছিল তার দাম কৃষকরা এখনও পর্যন্ত পায়নি। ফলে তারা খুবই অসুবিধার মধ্যে পড়েছে। তাই যাতে অবিলম্বে কৃষকরা আখের দাম পায় তার জন্য আমি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাথে সাথে ঐ মিলে এখন যে সমস্ত কৃষকরা আখ সরবরাহ করছে তারা যাতে তাদের আখের দাম তাড়াতাড়ি পায় এবং মিলের শ্রমিকরা তাদের পুরানো বকেয়া যাতে পায় তার জন্যও আমি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগেই আপনি যে রুলিং দিলেন তাতে আমি তৃপ্ত হয়েছি। কারণ আমার বক্তব্যও ঐ প্রসঙ্গেই। আপনি বলেছেন সরকারি এবং বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্য শোনবার জন্য মন্ত্রীদের উল্লেখ পর্বে এবং প্রশ্নোত্তর পর্বে নির্দিষ্ট দিনে উপস্থিত থাকতে হবে। ওরা উপস্থিত না থাকার ফলে আমাদের মধ্যে যে ক্ষোভ সৃষ্টি হয়েছিল তা আপনি নিজেই তুলে ধরেছেন। এই প্রসঙ্গে আমার আর একটা কথা হচ্ছে, মন্ত্রীসভার সদস্যদের কাছে আমরা বিভিন্ন বিষয়ে চিঠিপত্র লেখালিখি করি, কয়েক জন মন্ত্রী উত্তর দেন, কিন্তু বেশির ভাগ মন্ত্রীদের কাছ থেকেই কোনও সাড়া পাই না। এটা খুবই দুঃখের এই অভিযোগ সরকারি দলের সদস্যদের কাছ থেকে শোনা যায়। অথচ কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্যদের কাছে চিঠি দিলে যথা সময়ে উত্তর পাওয়া যায়। সেজন্য এই দুটো প্রশ্ন আমি আপনার কাছে তুলে ধরতে চেয়েছিলাম। একটার আপনি রুলিং দিয়ে দিয়েছেন—প্রশ্নোত্তর পর্বে এবং উল্লেখ পর্বে মন্ত্রীসভার সদস্যদের যার যে তারিখে প্রশ্ন থাকবে তাকে সেই তারিখে অবশ্যই উপস্থিত থাকতে হবে। এই ব্যবস্থা যদি ঠিকমতো চলে তাহলে মন্ত্রীর উপস্থিতিতে নির্দিষ্ট দিনে নির্দিষ্ট বিষয়ে আমরা উল্লেখ করার সুযোগ পাব এবং এলাকার সমস্যার প্রতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে পারব। আমরা মন্ত্রীদের চিঠি দিলে উত্তর পাই না। এখানে অন্তত তাদের সামনে এলাকার সমস্যাগুলি তুলে ধরতে পারব এবং আশা করব তারা সমস্যা সমাধানের জন্য সচেষ্ট হবেন। স্যার, সমস্যা হচ্ছে বছরের ১২ মাসের মধ্যে মাত্র ২ মাস বিধানসভা খোলা থাকে, বাকি সময় মন্ত্রীসভার সদস্যরা বিভিন্ন কাজে ব্যস্ত থাকনে, সরকারের টাকা নেই, কাজ করার ক্ষমতা নেই, চিঠি দিলে উত্তর দেন না। স্যার, ওরা কাজও করবেন না, আমাদের চিঠির উত্তরও দেবেন না, তাহলে আমাদের কি করণীয়? ওরাই বা কি করেন? অবশ্য আজকে আপনি এখানে নিরপেক্ষতার পরিচয় দিয়ে একটা রুলিং দিয়েছেন। ভবিষ্যতে এটা আপনি দেখবেন। আপনি দিন ধার্য করে দিয়েছেন এবং বলে

দিয়েছেন সেই সেই দিনে নির্দিষ্ট মন্ত্রীদের প্রশ্নোত্তর পর্বে এবং উল্লেখ পর্বে উপস্থিত থাকতে। আমরা সুযোগ পাব মন্ত্রীসভার সদস্যদের সামনে আমাদের কথা তুলে ধরবার। কারণ আমরা সব সময়ই আমাদের কথা তাদের সামনে তুলে ধরতে চাই।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ভরতপুর এলাকার ৪টি গ্রামে ১৯৭৫-৭৬ সালে বিদ্যুতের তার এবং ট্রান্সমিটার চুরি হয়ে যায়, তারপর থেকে আজ পর্যন্ত গ্রামে বৈদ্যুতিকরণ করা হয় নি। বিশাল এরিয়া, বিশাল সংখ্যক লোক বিদ্যুতের আলো থেকে বঞ্চিত হচ্ছে। এর জন্য সাধারণ মানুষের মনে ক্ষোভের সৃষ্টি হয়েছে, আমি এ ব্যাপারে আগেও বলেছি এবং এখনও আমার অনুরোধ যে ঐ ৪টি গ্রামের বসবাসকারী প্রায় ৪০ হাজার লোকের সুবিধার জন্য অবিলম্বে যাতে বিদ্যুতের ব্যবস্থা করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয়, অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি একটি জরুরি বিষয়ের অবতারণা এখানে করছি। মাননীয় পৌরবিভাগের রাষ্ট্রমন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন। কৃষ্ণনগর পৌরসভা কংগ্রেসি পৌরসভা হওয়ার জন্য কিনা জানি না বিগত ৩ মাস ধরে ওখানে কর্মচারিদের কোনও বেতন দেওয়া হচ্ছে না। বেতন না দেওয়ার জন্য প্রায় ৫০০ জন কর্মচারী অনাহার এবং অর্ধাহারে থেকে মৃত্যু পথযাত্রী হতে চলেছেন। বহরমপুর পৌরসভার মতো কৃষ্ণনগরেও অ্যাডমিনিস্ট্রেটার অ্যাপয়েন্ট করে নির্বাচনের দিকে ঝুঁকছেন কি না জানি না। আগামী ৩০শে মে, ১৯৯৩ কৃষ্ণনগর পৌরসভার নির্বাচন হবে বলে শোনা যাচ্ছে কিন্তু আমরা সে সম্বন্ধে এখনও কিছুই জানি না। এই বিমাতৃসুলভ মনোভাব কেন সেটা মাননীয় অশোকবাবু রয়েছেন তিনি বলবেন। বহরমপুর পৌরসভায় উদ্বৃত্ত কর্মচারী নিয়োগ করার কথা শুনেছিলাম কিন্তু আমি তদন্ত দাবি করছি যে, কৃষ্ণনগরের যদি একজন উদ্বৃত্ত কর্মচারী দেখাতে পারেন তাহলে পৌরসভা এবং ব্যক্তিগতভাবে আমি দায়ী থাকব। কৃষ্ণনগর পৌরসভায় একজন মাত্র সি পি এম দলভুক্ত কমিশনার আছেন, তা এই দলবাজির জন্য কি দিনের পর দিন এই পৌরসভাকে হেনস্থা করা হচ্ছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য যে অভিযোগটি করেছেন সেটা সঠিক নয়, অসত্য। বহরমপুর পৌরসভা ভাঙ্গার ব্যাপারে কমিশনারদের দুই তৃতীয়াংশ একযোগে পদত্যাগ করেছিলেন, আর প্রশাসক বসানোর ব্যাপারে হাইকোর্টের নির্দেশ ছিল। আর কৃষ্ণনগর পৌরসভা কোনও অভিযোগ এখানে করতে পারেন না, বিমাতৃসুলভ কোনও আচরণ করা হয় নি। অন্যান্য পৌরসভার মতো এখানেও বেতন প্রদান করা হয়। এ অভিযোগ একেবারেই অসত্য।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুশীলকুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আগামী ৩০শে মে তারিখে পঞ্চায়েতের নির্বাচন, শুনে কংগ্রেসিরা তাদের খুনে বাহিনী নিয়ে আমার বিধানসভা কেন্দ্র নদীয়ার কৃষ্ণগঞ্জের স্বর্ণখালি গ্রামে ভোটার লিস্ট হিয়ারিং অফিসার বি ডি ও-র সাথে দেখা করার সময় আমাদের পার্টির নেতাকে কংগ্রেসি গুন্ডারা আক্রমণ করে এবং তার রিভলভার

ছিনতাই করে নেয়। তার দেহরক্ষী সঙ্গে ছিলেন আক্রমণ ঠেকাতে গেলে তাকে আক্রমণ করে, তিনি আহত হয়ে এখন পি জি হাসপাতালে রয়েছেন এবং আরও একজন পার্টির সদস্য খুন হয়েছেন। স্থানীয় মানুষ এ ব্যাপারে খুবই আতঙ্কিত। তারা জানেন যে, গোটা পশ্চিমবঙ্গে আগামী পঞ্চায়েত নির্বাচনে আবার তারা হারবেন এবং তারজন্য বিধানসভার অভ্যন্তরে এবং বাইরে গোটা পশ্চিমবঙ্গে তারা বিভিন্ন ক্ষেত্রে এই সমস্ত কাজকর্ম করছেন। আমি স্যার আপনার মাধ্যমে ঐ খুনী বাহিনীকে গ্রেপ্তারের জন্য বলছি। ঐ ঘটনার সঙ্গে একজন ক্যালকাটা পুলিশের কনেস্টবল যুক্ত আছেন। তিনি গ্রেপ্তারও হয়েছেন এবং জেল হাজতে রয়েছেন। কিন্তু প্রকৃত খুনী আসামি যারা তারা এখনও ঘুরে বেড়াচ্ছেন। তাদের গ্রেপ্তারের জন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্য ও সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের আংশিক রেশন এলাকায় প্রায় দুই বছর ধরে বার্থ সার্টিফিকেটের এগেনস্ট, সারেন্ডার সার্টিফিকেটের এগেনস্ট এবং যাদের কার্ড হারিয়ে যায় তাদের দরখাস্তের এগেনস্টে ডুপ্লিকেট কার্ড সরবরাহ করা হচ্ছে না। দুই বছর ধরে মানুষ এই হয়রানি ভোগ করছেন। তাদের কাছ থেকে একের পর এক দরখাস্ত নেওয়া হচ্ছে, কিন্তু কার্ড দেওয়া হচ্ছে না কার্ড পাওয়ার অধিকারীদের। অপর দিকে পঞ্চায়েতের ক্ষমতা অধিকার করে বাংলাদেশ থেকে যারা আসছেন তাদের কার্ড দিয়ে দেওয়া হচ্ছে। সারেন্ডার সার্টিফিকেট এবং বার্থ সার্টিফিকেটের এগেনস্ট রেশন কার্ড দেওয়া হচ্ছে না। এর আগেও আমি বিষয়টির প্রতি খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। আবারও আমি এইসব রেশন কার্ড অবিলম্বে দেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে আমরা গ্রামাঞ্চলে দেখতে পাচ্ছি, ডুপ্লিকেট রেশন কার্ড দেবার ব্যাপারে খাদ্য দপ্তর প্রচন্ড গাফিলতি দেখাচ্ছেন। আমরা জানি, গ্রামের ক্ষেত-মজুর, গরিব মানুষের ঘরে যে রেশন কার্ড থাকে তা বৃষ্টিতে এবং নানাভাবে নষ্ট হয়ে যায়। কিন্তু সেই নষ্ট রেশন কার্ডগুলি যখন দপ্তরে জমা পড়ে, তার এগেনস্টে ডুপ্লিকেট রেশনকার্ড পেতে ছয় মাস, কোনও কোনও ক্ষেত্রে এক বছরও লেগে যায়। এই অবস্থায় গরিব সাধারণ মানুষ রেশন কার্ড মারফত কিছুই তুলতে পারেন না। গরিব মানুষের এই অযথা হয়রানি এবং অব্যবস্থা, এই অব্যবস্থা থাকবার ফলে মানুষের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করব, বিষয়টা গুরুত্ব সহকারে দেখবেন। ডুপ্লিকেট রেশন কার্ড ছাপা না থাকবার ফলে গরিব মানুষ কেন দিনের পর দিন হয়রানি ভোগ করবেন? তাই আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুইজন মাননীয় সদস্য রেশন কার্ড সমস্যা সম্পর্কে উল্লেখ করেছেন। খাদ্য দপ্তর এই বিষয়ে ওয়াকিবহাল রয়েছে। সম্প্রতি জেলা ভিত্তিতে এক লক্ষের মতো রেশন কার্ড দেওয়া হয়েছে এবং আরও রেশন কার্ড তিনটি প্রেসে ছাপাতে দেওয়া হয়েছে। কাজেই রেশন কার্ড সরবরাহ অব্যাহত থাকবে।

দ্বিতীয় প্রশ্ন উঠেছে, দরখাস্ত করবার ছয় মাস পরেও কার্ড পাওয়া যাচ্ছে না। আমরা

খাদ্য দপ্তর থেকে এইরকম একটা সার্কুলার দিয়েছি যে, রেশন কার্ড সম্পর্কে কোনও দরখাস্ত পাবার এক মাসের মধ্যে দরখাস্তকারীকে জানাতে হবে সে রেশন কার্ড পাবে কিনা। যদি না দেওয়া হয় তাহলে কেন সে কার্ড পাবে না সেটাও তাকে জানাতে হবে। যদি কোথায়ও দরখাস্ত করবার এক মাস পরেও উত্তর পাওয়া গেল না তাহলে বুঝতে হবে সার্কুলার অমান্য করা হয়েছে। আমি সদস্যদের কাছে অনুরোধ করব এইরকম নির্দিষ্ট অভিযোগ থাকলে আমার কাছে আনবেন, নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের বন ও পরিবেশ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ডুয়ার্সের বক্সা ব্যাঘ্র প্রকল্পের অধীন দক্ষিণ পোড়বস্তি বনবাসীদের উপরে বনরক্ষীদের এক সংগঠিত আক্রমণের ফলে সেখানে রাজা রাভা, জিয়াং রাভা এবং একজন অন্তঃসত্ত্বা মহিলা চিমকি রাভা গুরুতর ভাবে আহত হয়। ঘটনা হচ্ছে, সেখানে কিছু দুষ্কৃতকারী বনের কাঠ কেটে নিয়ে যায়। তাদের ধরতে অপারগ হয়ে বনবাসী যারা সেখানে চাষ করছিল তাদের উপরে অত্যাচার করে এবং অমিত রাভা বলে একজনকে জোর করে ধরে নিয়ে যায় এবং তাকে গাছের সঙ্গে বেঁধে প্রহার করে। বস্তিবাসীরা তাকে ছাড়ানোর জন্য আসে এবং ওখানে বীট অফিসার সহ বনরক্ষী বাহিনীর যারা ছিল তাদের ওখানে থেকে চলে যেতে বাধ্য করে। এই রকম অবস্থায় সেই বীট অফিসার বক্সা ব্যাঘ্র প্রকল্পের অফিসার সহ প্রায় দুই শতাধিক বনরক্ষী বাহিনীর লোকদের নিয়ে রাতের অন্ধকারে বন্দুক নিয়ে বস্তিবাসীদের উপরে আক্রমণ করে এবং তাতে বহু বনবাসী আহত হয়। ডুয়ার্সের সমস্ত বনবাসী মানুষ এত ক্ষুব্ধ হয়। সেখানে এক শ্রেণীর কর্মচারী এবং বনরক্ষী বাহিনী সংগঠিত হচ্ছে। ফেব্রুয়ারি মাসের ৫ তারিখে এই ব্যাপারে শতশত বনবাসী আলিপুর মহকুমা শাসকের দৃষ্টি আকর্ষণ করে। কিন্তু আজ পর্যন্ত কোনও তদন্ত হয় না। উপরন্তু ১৯ জনকে গ্রেপ্তার করা হয়। এর ফলে বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিটা নষ্ট হচ্ছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে যারা দক্ষিণ পোড়াবস্তীর উপরে আক্রমণ করেছে, অত্যাচার করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক। এই বীট অফিসরের বিরুদ্ধে অভিযোগ আছে যে তিনি লক্ষ লক্ষ টাকার সম্পত্তি করেছেন চোরাকারবারীদের মদত নিয়ে। এই ব্যাপারেও তদন্ত হওয়া দরকার। আমি আশা করব দক্ষিণ পোড়াবস্তির এই ঘটনার অবিলম্বে তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হোক যাতে বনবাসীদের মনে আস্থা ফিরে আসে।

**শ্রী অনিল মোদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমার এলাকা তমলুক বিধানসভা কেন্দ্রে কাকচ বলে একটা গ্রাম আছে। সেখানে দুটি ব্লকে বোরো চাষ হয়েছে ২ হাজার একরের মতো। কিন্তু হঠাৎ বিদ্যুতের ট্রান্সফরমার নষ্ট হয়ে যাওয়ার ফলে বোরোচাষ করা যাচ্ছে না জলের অভাবে। এই ঘটনা ঘটেছে ২৬ তারিখে কিন্তু আজ পর্যন্ত সেই ট্রান্সফরমার পরিবর্তন বা মেরামত করে দেওয়া হল না। সেখানে ট্রান্সফরমারের অভাবে সেচের জন্য জল পাওয়া যাচ্ছে না। আজকে আনন্দবাজার কাগজে দেখেছেন যে তমলুক-হলদিয়া মহকুমায় ৮০ হাজার একর জমি জলের অভাবে চাষ করা যাচ্ছে না। এর ফলে চাষীদের মাথায় হাত পড়েছে। আমি অনুরোধ করব যে এই সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা হোক এবং

চাষীদের এই বিপদ থেকে রক্ষা করা হোক।

[12-30 — 12-40 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী ও মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি একটি ঘটনা যা ঘটতে চলেছে তার প্রতি। এই রাজ্যে ১৯৫৭ সাল থেকে একটি প্রাথমিক বিদ্যালয় আমার বিধানসভা কেন্দ্রের রাধাকান্তপুরে চলছিল। কিন্তু হঠাৎ শাসক দলের বিশেষ করে মার্কসবাদী কমিউনিস্টের পঞ্চায়েত নেতাদের মাথায় ঢুকল যে ঐ বিদ্যালয়টিকে ভেঙ্গে ফেলতে হবে। তাদের খেয়াল খুশিমতো জায়গায় নিয়ে গিয়ে বসাবে? ২৭শে ফেব্রুয়ারি সবং-এর রাধাকান্তপুরের প্রাথমিক বিদ্যালয় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পান্ডারা, পঞ্চায়েতের সদস্যরা দলবল মিলে ভেঙ্গে গুঁড়িয়ে দিয়ে এল। গ্রামের মানুষ বিরোধিতা করল তাদের উপর লাঠি টাঙ্গি পড়ল। পুলিশ গেল, পুলিশের সঙ্গে খন্ডযুদ্ধ বেঁধে গেল, একেবারে সমস্ত লন্ডভন্ড হয়ে গেল। ডি আই কে জানানো হয়েছে, এস আই কে জানানো হয়েছে, এস পি-কে জানানো হয়েছে, ডি এম-কে জানানো হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে একটা বৈঠক ডাকা হয়েছিল, সেই বৈঠকে সি পি এম লোকেরা বুড়ো আঙ্গুল দেখিয়ে বৈঠকে যোগদান করল না। আমাদের জেলায় সি পি এম-এর কর্তা মন্ত্রী মিশ্রবাবু আছেন। উনি জানেন সি পি এম-এর পান্ডারা, গুন্ডারা আজকে জেলায় জেলায় কি জিনিস সৃষ্টি করছে সেটা গোচরে আনার জন্য আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। সি পি এম-এর গুন্ডা বাহিনী প্রাথমিক স্কুল কোথায় বসবে সেটা ঠিক করে দেবে? ১৯৫৭ সাল থেকে রাধাকান্তপুর প্রাথমিক বিদ্যালয় ওই জায়গায় চলছে। আমি স্যার আপনারা মাধ্যমে দাবি জানাচ্ছি এই গুন্ডা বাহিনী শিক্ষা বিরোধী দলের বিরুদ্ধে, গ্রামীণ উন্নয়ন ধ্বংসকারী দলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিবেকানন্দ সেতু হাওড়া, হুগলি এবং নর্থ ২৪ পরগনার যোগাযোগ রক্ষাকারী একটা অতি গুরুত্বপূর্ণ সেতু। এই সেতু বিগত কয়েক বছর ধরে বিপদ জনক অবস্থায় রয়েছে। আমাদের রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে এই সেতুর মেরামতের জন্য অর্থ বরাদ্দ করবার ব্যাপারে আবেদন জানিয়ে এসেছে। এখানে যদি অতি সত্তর অর্থ মঞ্জুর করে কাজ শুরু করা না যায় তাহলে বড় ধরনের দুর্ঘটনা ঘটে যাবে, ভয়ঙ্কর ক্ষয়ক্ষতি হবে, বহু মানুষের জীবনহানী ঘটবে, অনেক যান-বাহন নষ্ট হয়ে যাবে। মাননীয় পূর্তমন্ত্রী অবিলম্বে যোগাযোগ করে এই সেতু আমূল সংস্কারের জন্য যে প্রকল্প হাতে নিয়েছেন তা কার্যকর করার ব্যাপারে উদ্যোগ নেন। আমরা জানতে পারলাম মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে এই নিয়ে চিঠি লিখেছেন এবং যোগাযোগ করছেন। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, এই বিষয়ে সত্বরে ব্যবস্থা গ্রহণ করা দরকার।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে এই হাউস থেকে কেন্দ্রীয় সরকারকে একটা অভিনন্দন দেওয়া উচিত। গত ২৫শে ফেব্রুয়ারি দিল্লির বোট ক্লাবে বি জে পি-র র‍্যালিকে বানচাল করে দিয়েছে। প্রশাসনিক কড়া ব্যবস্থা নিয়ে কিভাবে একটা সংগঠিত দলকে মোকাবিলা করা যায়, একটা গুলি না চালিয়ে, একজনকেও হত্যা না করে কিভাবে সাম্প্রদায়িক সমাবেশ নষ্ট করে দেওয়া যায় সেটা কেন্দ্রীয় সরকার দেখিয়ে দিয়েছে। এটা কেন্দ্রীয় সরকারের ধর্ম নিরপেক্ষ

কঠোর প্রশাসনের নির্দশন। পশ্চিমবাংলায় কথায় কথায় গুলি চলে। দিল্লিতে যেভাবে জল কামান ব্যবহার করে বি জে পি-র সমর্থকদের ছত্রভঙ্গ করেছে তা থেকে মুখ্যমন্ত্রী শিক্ষা নেবেন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কিভাবে মোকাবিলা করতে হয়। এক দিকে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার এই ভাবে কড়া ব্যবস্থা নিচ্ছে অন্য দিকে আমরা দেখতে পাচ্ছি অযোধ্যার প্রধান ভিলেন কল্যাণ সিং কলকাতায় এসে কলকাতায় সভা করছেন। যারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ভাষণ দেন, সেমিনার করেন তাদের সাহস হল না কল্যাণ সিং-এর সভা বন্ধ করতে। কল্যাণ সিং কলকাতায় এসে সভা করলেন এবং ক্যালকাটা ক্লাবে লাঞ্চ খেলেন। মুখ্যমন্ত্রী হুমকি দিলেন ব্যবসায়ীদের যারা ওনার সঙ্গে লাঞ্চ খেয়েছেন। রাজ্য সরকার কেন বলতে পারল না অযোধ্যার ভিলেনকে এখানে মিটিং করতে দেব না। বাবরি মসজিদ ভেঙ্গে গুঁড়িয়ে দিল যে তাকে এখানে মিটিং করতে দেওয়া হল। আডবানি এবং বাজপেয়ীকে দিল্লিতে মিটিং করতে দেওয়া হয় নি, বাতিল করা হয়েছে। সেই দৃষ্টান্ত এখানে নেওয়া উচিত ছিল, এই ব্যাপারে বিনয়বাবু নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যাতে এখানে সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া না দিতে পারে তার জন্য ওই দৃষ্টান্ত গ্রহণ করা উচিত ছিল। সেই জন্য আমি বলতে চাই এই হাউস থেকে কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপারে অভিনন্দন জানানো উচিত।

## ZERO HOUR

**শ্রী ভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে হাউসে একটি বিষয় উত্থাপন করছি। উত্তর ২৪ পরগনা বনগাঁ শহরে ২৮/২/৯৩ তারিখে একজন ক্ষুদ্র ব্যবসায়ী যখন ট্রেনে করে ফিরছিল, প্লাটফর্মে তখন পুলিশ ডিউটিতে ছিল তারা দেখছে যে ৫০ গজ দূরে ঐ ছেলেটিকে গুলি করে হত্যা করছে। পুলিশ গুলির আওয়াজ শুনেছে, কিন্তু তবুও তাকে বাঁচাতে ঘটনাস্থলে যায় নি। কারণ ঐ খুনিদের সঙ্গে পুলিশের বখরা ছিল। কাছেই জি আর পি-র ফাঁড়ি, সেখানে পুলিশ মদ্যপ অবস্থায় বসেছিল। ঘটনার সময়ে পুলিশকে ডাকা হয়েছিল, কিন্তু পুলিশ সেখানে যায় নি। এই ঘটনা প্রচারের সাথে সাথে বনগাঁর মানুষ সাধারণভাবে ক্ষুদ্ধ হয়ে এবং প্রতিবাদ জানাবার জন্য থানায় যায়। বনগাঁ শহরে গতকাল বন্ধ ডাকা হয়। আজও বন্ধ চলছে। উক্ত ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে জি আর পি থানায় চার-পাঁচশ মানুষ গিয়েছিল। তারা থানার বাইরে অপেক্ষা করছিল। কিন্তু সেখানে দেখা গেল যে দুজন কনস্টেবল, ঐ খুনিদের সাথে যাদের যোগ ছিল, ঐ কনস্টেবল বেপরোয়া ভাবে গুলি চালিয়েছে। বেপরোয়া ভাবে গুলি চালিয়ে চার-পাঁচজন যুবক, যাদের বয়স ২৭,২৮ বছরের বেশি নয়, তাদের আহত করেছে। তাদের বনগাঁ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর এই ব্যাপারে বিবৃতি দাবি করছি। সেখানে কি ঘটনা ঘটেছে তা জানানো হোক। সেখানকার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর বিবৃতি দেওয়া উচিত।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ ব্যাপরে আপনার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কিছুদিন আগে আপনি জানেন যে, পিয়ারলেস

এবং আরও কয়েকটি এই ধরনের চিট ফান্ড, বিশেষ করে ফেভারিট এবং জনপ্রিয়, একটা বিশেষ কায়দায় ব্যবসা শুরু করেছে। এদের ব্যবসার ধারাটা পুরানো সঞ্চয়িতার দিকে এগিয়ে যাচ্ছে। সঞ্চয়িতা কয়েক লক্ষ মানুষকে সর্বশান্ত ও সর্বনাশ করে দিয়ে গেছে। সেই অভিজ্ঞতা আমাদের আছে। বহু মানুষ ওদের কাছে টাকা গচ্ছিত রেখে না পাওয়ার দরুন আত্মহত্যা করেছে। পিয়ারলেস নতুন করে প্রিমিয়াম দেওয়া বন্ধ করে দিয়েছে। বহু জায়গায় তারা মুখ বন্ধ করার ব্যবস্থা করেছে। পিয়ারলেসের কাছে বহু মানুষ টাকা সঞ্চিত করে রেখেছে। পিয়ারলেসের বিরুদ্ধে সরকার কি করে ব্যবস্থা নেবে, যেখানে ওদের কাছ থেকে টাকা নিয়ে সরকার চলে? আমি আশা করছি, ফেভারিট নামে আর একটি যে সংস্থা আছে, গত কয়েক বছরে তিনশো কোটি টাকার মতো ব্যবসা করেছে, ওদের ৩২৮টির মতো টোটাল অফিস ছিল, সমস্ত অফিসগুলো এখন বন্ধ করে দিয়েছে, কাউকে ওরা পেমেন্ট দিচ্ছে না, এটির মালিক নিরঞ্জন দে, তাকে কোর্টের অর্ডার থাকা সত্ত্বেও ধরা হচ্ছে না, তাকে ধরার ব্যবস্থা নেওয়া হোক। এই সংস্থায় সাড়ে চার হাজারের মতো স্টাফ আছে, যারা গত দুবছর ধরে কোনও পেমেন্ট পাচ্ছে না। এদের মধ্যে কংগ্রেস, সি পি এম সব দলের মানুষ আছেন, ইতিমধ্যে দশজন আত্মহত্যা করেছেন। 'জনপ্রিয়' নামে আর একটি সংস্থা, যার মালিক পোদ্দার তিনি ৩০ কোটি টাকার সম্পদ নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করছেন। ফেভারিটকে এখনও বাঁচানো যায়, এরমধ্যে আছে নিরঞ্জনে দে। অবিলম্বে তাকে হদিশ করবার সুযোগ করে দিন। তা নাহলে পরে স্টাফেরা মারা পড়বে এবং সর্বনাশ হয়ে যাবে। এরসঙ্গে গ্রামের মানুষরা যুক্ত আছেন, তাদের সর্বনাশ হয়ে যাবে। আমি এই কারণে সরকারের কাছে অনুরোধ রাখছি যে, ফেভারিট, জনপ্রিয় এবং পিয়ারলেস এই ধরনের সংগঠন সম্পর্কে সরকার সচেতন হন। আমি জানি আপনারা পিয়ারলেসের ক্ষেত্রে কিছু করতে পারবেন না, আপনারা তাদের কাছ থেকে টাকা ধার নিয়েছেন। সঞ্চয়িতার ব্যাপারে যেমন আগে থেকে ব্যবস্থা না নেওয়ার ফলে সর্বনাশ হয়ে গেল বহু লোকের টাকা চোট হয়ে গেল ঠিক এইক্ষেত্রে একই অবস্থা হতে যাচ্ছে এই জনপ্রিয় এবং ফেভারিট সংগঠনের প্রায় ৪ হাজার কর্মচারী রয়েছেন এবং হাজার হাজার মানুষ এতে প্রিমিয়াম জমা দিয়ে যাচ্ছে। তারা আদৌ ওই প্রিমিয়ামের টাকা ফেরত পাবেন না। আদালত থেকে ওই দুই সংগঠনের লোকেদের গ্রেপ্তার করার জন্য আদেশ দেওয়া হয়েছে কিন্তু আজ অবধি সরকারের অপদার্থতার জন্য কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এরফলে ৩০০ কোটি টাকার কারবার তছনছ হয়ে যাবে এবং এক ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হবে। এখানে অলরেডি ১০ জন হাজার কর্মচারী আত্মহত্যা করেছেন এবং বহু লোক কাজ ছেড়ে দিয়েছেন। সুতরাং অবিলম্বে এই জনপ্রিয় এবং ফেভারিটের সম্পর্কে সরকার ব্যবস্থা নিন এই দাবি আমি আপনার মাধ্যমে রাখছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। তমলুক-দিঘা রেলপথ প্রকল্পটি আমাদের রাজ্যের দীর্ঘদিনের প্রকল্প এবং এরজন্য শয়ে শয়ে জমি অধিগ্রহণও করা হয়েছে। এমন কি তমলুক-দিঘা রেলপথ প্রকল্পের স্টেশনও করা হয়ে গেছে কিন্তু কেন্দ্র থেকে এই প্রকল্পটি রূপায়িত করার জন্য কোনও অর্থ বরাদ্দ এখনও আসেনি। এরজন্য জমি অধিগ্রহণ করা হয়ে গেছে এবং বহু লোক উদ্বাস্তু হয়ে গেছে, তাদের ক্ষতিপূরণ দিতে হচ্ছে কিন্তু রেলপথ চালু করার কোনও উদ্যোগই নেওয়া হচ্ছে। এই বছরের

রেলবাজেটে ১২ শতাংশ, ১০ শতাংশ যাত্রী ভাড়া বাড়ানোর কথা বলা হয়েছে কিন্তু এই প্রকল্পটি অনুমোদন করে তাকে কার্যকর করা বা রূপায়িত করার ক্ষেত্রে কোনও অর্থ বরাদ্দ কেন্দ্রীয় সরকার করলেন না। আগামী ২ হাজার খ্রিস্টাব্দে ও এই রেলপথটি চালু হবে বলে আশা করা যাচ্ছে না। আমি আপনার মাধ্যমে দাবি করছি এবং প্রতিবাদ করছি যাতে অবিলম্বে এই প্রকল্পটি রূপায়িত হয় তার ব্যবস্থা করা হয়।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা গ্রামবাংলায় এবং শহরাঞ্চলে, তবে বিশেষ করে গ্রামাঞ্চলেই এই ইউ টি আই সংস্থা যেভাবে এজেন্সির মাধ্যমে টাকা কালেকশন করছেন তাতে আশঙ্কা হচ্ছে এই টাকা ভবিষ্যতে গ্রামের লোকেরা ফিরে পারে কিনা। বহু গ্রামের লোক ব্যাঙ্কের ফিক্স ডিপোজিট ২-৩, ৪-৫ হাজার টাকা তুলে নিয়ে শেয়ার কিনছেন। এমন কি কেউ কেউ আবার বাড়ি পর্যন্ত বিক্রি করে সেই টাকা দিয়ে শেয়ার কিনছেন। এইভাবে যে তারা টাকা কড়ি সর্বস্ব দিয়ে শেয়ার কিনছে ভবিষ্যতে সেইটাকা তারা রিফান্ড পাবে কিনা তা নিয়ে যথেষ্ট সন্দেহ আছে। একে যেখানে কেন্দ্রীয় সরকার আই এম এফের কাছে ঋণ নিয়েছে, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নিয়েছে এবং নিউ ইন্ডাস্ট্রিয়াল পলিসি নেওয়ার ফলে দেশ আজকে একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে পড়েছে। তার ওপর আবার শিল্পের প্রায় মন্দা অবস্থা, শিল্প রুগ্ন হয়ে পড়েছে। সুতরাং এই অবস্থাতে ইউ টি আই যেভাবে শেয়ার বাজার ছেড়েছে তাতে গ্রামের মানুষরা যারা ওই শেয়ার কিনছে সেই টাকা ফেরত পাবে কিনা সন্দেহ। সুতরাং অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে বলা হোক এবং ব্যবস্থা নেওয়া হোক।

## DISCUSSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি রাজ্যপালের ভাষণে উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি এবং আমাদের যে সংশোধনী আছে সেই সংশোধনীকে সমর্থন করছি। আমার মতে রাজ্যপালের ভাষণ ক্রমশ একটা অ্যানাক্রোনিজমে পরিণত হয়েছে। তার কারণ এই রাজ্যের রাজ্যপাল একটা গিল্ডেড কেজের মধ্যে থাকেন। রাজ্যপাল তার শারীরিক কারণে সব জায়গায় যেতে পারে না।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে।

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন, পরে বলবেন।

**শ্রী সৌগত রায় ঃ** তার ফলে তার ভাষণে কোনও রকম নীতি নির্দিষ্ট নেই। এবং রাজ্যের প্রকৃত অবস্থার কোনও প্রতিফলনও রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। আমরা আশা করেছিলাম যে গতবার থেকে তারা একটু সরে এসেছেন। এবারে তারা কেন্দ্রের সমালোচনায় যাননি। কিন্তু রাজ্যপালের ভাষণে যা থাকা উচিত ছিল, সাম্প্রদায়িক সংস্থা আর এস এস, জামায়াতি ইসলাম, বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল এদেরকে যে কেন্দ্রীয় সরকার ব্যান করে দিয়েছেন তার জন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানানো হয়নি। সেই দায়িত্বটুকু পর্যন্ত রাজ্যপাল পালন করেননি। রাজ্যপাল তিন বিঘা আন্তর্জাতিক চুক্তির কথা বলেছেন। এই চুক্তি রূপায়িত হোক সেকথাও আমরা বলেছি। কিন্তু কুচলিবাড়ির যে লোকগুলো মারা গেল তার জন্য

ন্যূনতম দুঃখ প্রকাশ রাজ্যপাল তার ভাষণে করেননি। রাজ্যপাল তার ভাষণে আইন শৃঙ্খলার কথা বলেছেন, কিন্তু হরিহরপাড়ায় একদিনে পুলিশের গুলিতে যে এতগুলো লোক মারা গেল তার কোনও উল্লেখ পর্যন্ত রাজ্যপালের ভাষণে নেই। তবুও কি আমরা বলব রাজ্যপালের ভাষণে প্রকৃত অবস্থাকে প্রতিফলিত করা হয়েছে? স্যার এই রাজ্যে যে সরকার চলছে, সেই সরকারের প্রধান মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর এই রাজ্য শাসন করার সমস্ত নৈতিক অধিকার চলে গিয়েছে। সেদিন কলকাতা শহরে দাঙ্গা হয়েছে—হ্যাঁ, বোম্বাই শহরে আরও খারাপ দাঙ্গা হয়েছে—কিন্তু দাঙ্গার জন্য মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীকে সরে যেতে হয়েছে। কিন্তু কলকাতার দাঙ্গার জন্য মুখ্যমন্ত্রী সরে যাবেন না কেন? রাজ্যপাল বলেছেন দাঙ্গায় মাত্র ২৯ জন মারা গেছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি ৪৬ জন মারা গেছেন। তা সত্ত্বেও এখানে ভুল তথ্য দেওয়া হয়েছে। কলকাতায় দাঙ্গার সময় গ্রান্ড হোটেলের তলায় বাটার দোকান লুট হয়েছে, কিন্তু সেখানে কোনও পুলিশ আসেনি। কোনও রকম প্রতিরোধ মূলক ব্যবস্থা সেই সময় রাজ্য সরকার গ্রহণ করেননি। নিউ মার্কেটের পেছনে দাঙ্গা হয়েছে, স্পিকার সাহেবের সঙ্গে মিটিংয়ের সময় তিনি বলেছেন সেখানে মৃতদেহ পাঁচ, ছয় ঘণ্টা ধরে পড়ে আছে, কিন্তু পুলিশ আসেনি। শারদ পাওয়ারকে মুখ্যমন্ত্রী বলা মাত্র তিনি আর্মি ডেপ্লয়মেন্ট করেছেন। আমরা বার বার দাবি করেছি এই দাঙ্গার জন্য এনকোয়ারি কমিশন করার জন্য ৯ তারিখ রাত্রিতে আবার ব্যাপক দাঙ্গা হল। কার আদেশে সেদিন রাত্রিবেলায় কার্ফু তুলে নেওয়া হয়েছিল। ৯ই ডিসেম্বর রাত্রির ঘটনার ইনভেস্টিগেশন করা দরকার। সাত, আট, কাশ্যপপাড়া, বদরতলায় পুলিশ যায়নি, সেখানকার মানুষ আতঙ্কের মধ্যে দিয়ে কাটিয়েছে। রাইটার্স বিল্ডিং-এ আমাদের তরুন হবু মুখ্যমন্ত্রী একটা কন্ট্রোল রুম খুলেছিলেন।

[12-50 — 1-00 p.m.]

মুখ্যমন্ত্রী সেই কন্ট্রোল রুমে যায়নি। মার্কুইস স্ট্রিটে প্রচন্ড গন্ডগোল, সুদীপবাবু ফোন করল তাড়াতাড়ি মিলিটারি পাঠান। উনি তখন বললেন আমরা সব জানি। গতকালই আমি হাউসে মেনশন করে বলেছি যে এখানে দাঙ্গা হয়নি, এখানে যেটা হয়েছে সেটা হচ্ছে লুঠ-তরাজ, অগ্নিসংযোগ শাসকদলের সমর্থকদের দ্বারা। সেইজন্যই ভল্লুককে ২।। মাস ধরা হয়নি, সেইজন্যই ঝুন্নুকে ২।। মাস ধরা হয়নি। এই অপরাধীরা পশ্চিমবঙ্গে দাঙ্গা করে এখানে ঠ্যাং ঠ্যাং করে ঘুরে বেড়িয়েছে। এর পরও কি আপনারা বলবেন যে এই মুখ্যমন্ত্রীর মর‍্যাল অথরিটি আছে, নৈতিক অধিকার আছে এই রাজ্যকে নেতৃত্ব দেওয়ার? আজকে সেই মর‍্যাল অথরিটি তিনি হারিয়েছেন বলেই এখানে লাল্লু যাদবকে, মুলায়েম সিং যাদবকে আনতে হচ্ছে মিটিং করার জন্য। লাল্লু যাদব বিহারে একটা অসভ্য সরকার চালান, সেখানে কোনও আইন শৃঙ্খলা নেই কিন্তু লাল্লুর একটাই কৃতিত্ব যে বিহারে যত দাঙ্গা হবে বলে আশা করা গিয়েছিল তা হয়নি। তার কারণ কি? তার কারণ হচ্ছে, মুখ্যমন্ত্রী সেখানে স্পটে পৌঁছে গিয়েছেন। আমরা জানতে চাইতে পারি যে আমাদের মুখ্যমন্ত্রী দাঙ্গার সময় কোনও দাঙ্গাবিধ্বস্ত এলাকায় গিয়েছিলেন? দাঙ্গা হয়ে যাবার ১।। মাস পরে তিনি ট্যাংরার ধোবিতলাতে কি একটা মিটিং করেছেন পুলিশের হাত ধরে। তার আগে তো প্রত্যেক রাজ্যের মুখ্যমন্ত্রীরা দাঙ্গা বিধ্বস্ত এলাকার সফর করেছেন। তাহলে আমাদের মুখ্যমন্ত্রী যাবেন না কেন? আজকে এই মুখ্যমন্ত্রীর মর‍্যাল অথরিটি চলে গিয়েছে তাই তার ভয় এসে গিয়েছে। এখন মুখ্যমন্ত্রী দিল্লি

গেলে ১৪ জন সিকিউরিটি নিয়ে যান। আগে তারা ট্রেনে গিয়ে বঙ্গভবনে থাকেন, তারপর উনি যান। উনি নিশ্চিত নন দিল্লি পুলিশের সিকিউরিটিতে। একদিকে বলা হচ্ছে যে রাজ্যের খরচ কমানো দরকার আর অপর দিকে দেখতে পাচ্ছি যে মুখ্যমন্ত্রী ত্রিপুরা গেলেন একজন ডি আই জিকে সঙ্গে করে ২০ জন পুলিশকে সঙ্গে নিয়ে ওয়াকি টকি সঙ্গে নিয়ে। এত ওর প্রাণের ভয়। জনগণের নেতা তিনি, আর এই হচ্ছে তার অবস্থা। কাজেই আমি জানতে চাই, কোনও নৈতিক অধিকারে সেই মুখ্যমন্ত্রী আমাদের এই রাজ্যকে শাসন করেন? তারপর আরও শুনুন। মুখ্যমন্ত্রীর কনভয়ে আগে ৮টি গাড়ি ছিল, এখন আরও একটি গাড়ি বেড়েছে এবং তাতে মহিলা পুলিশ থাকে। যদি মমতার নেতৃত্বে মেয়েরা গোলমাল করে তাই এটা রাখা হয়েছে। এই হচ্ছে মুখ্যমন্ত্রীর অবস্থা তাকে প্রটেক্ট করার জন্য দেখি কয়েকটা বুড়ো বুড়ো পুলিশ হাতে হাত ধরে হিউম্যান চেন করে দাঁড়িয়ে আছেন। সেই হিউম্যান চেনের মধ্যে দিয়ে মুখ্যমন্ত্রী যাবেন। তার এতটুকু সাহস নেই সাধারণ মানুষের সঙ্গে মেশার। আর এই মুখ্যমন্ত্রী একে কেন্দ্র করে সব কাজ হবে। এই মুখ্যমন্ত্রী একবার বিদেশ ঘুরতে যাবেন ১।। মাসের জন্য, তারপর এসে পূজার সময় দীঘা যাবেন ১০ দিনের জন্য এবং তিনি যাবেন বলে সেখানে মেদিনীপুর জেলার পুরো অ্যাডমিনিস্ট্রেশন বসে থাকছেন আবার রায়টের পরে সাগরদ্বীপে বসে থাকবেন ৫ দিন ধরে। মুখ্যমন্ত্রী কোনও এক জায়গায় একদিনের জন্য যাবেন আর তারজন্য হেলিপ্যাড তৈরি করতে হবে আর তাই নিয়ে সারা অ্যাডমিনিস্ট্রেশন ব্যস্ত থাকবেন এই হচ্ছে অবস্থা। এই রাজ্যে কি কোনও সরকার রয়েছে; না, সবাই মিলে মুখ্যমন্ত্রীকে নিয়ে একটা ষড়যন্ত্র হচ্ছে? মুখ্যমন্ত্রীকে জনগণ থেকে বিচ্ছিন্ন করে আলাদা করে রেখে দেবার কেউ ষড়যন্ত্র করে—ঠিক যেভাবে সাজাহানকে বন্দি করে রেখে ক্ষমতা নেওয়া হয়েছিল সেই রকম ষড়যন্ত্র হচ্ছে কিনা তা ভেবে দেখার দরকার আছে। কি অবস্থা মুখ্যমন্ত্রীর দেখুন। শ্রীমতী মমতা ব্যানার্জি, কেন্দ্রীয় মন্ত্রী, তিনি যখন একটি বোবা, কালা মেয়েকে নিয়ে—তাকে সি পি এমের একজন সমর্থক ধর্ষণ করেছে—তার কাছে গিয়েছিলেন, হ্যাঁ, অ্যাপয়েন্টমেন্ট ছিল না কিন্তু মুখ্যমন্ত্রীর কি দু মিনিটও সময় হয়নি একটি বোবা, কালা মেয়ের ধর্ষণের ব্যাপারে একজন কেন্দ্রীয় মন্ত্রী, লোকসভার সদস্যের সঙ্গে এবং একজন মহিলার সঙ্গে দেখা করার? তা তিনি করলেন না। তিনি এমনই আতঙ্কে ভুগছেন যে তার ঘরের সামনে থেকে পুলিশ দিয়ে রাইটার্স বিল্ডিং থেকে কেন্দ্রীয় মন্ত্রীকে টেনে হিঁচড়ে লালবাজারে নিয়ে যাওয়া হল। লজ্জা হয়না আপনাদের? একজন কেন্দ্রীয় মহিলা মন্ত্রী, তাকে এইভাবে পুলিশ দিয়ে টেনে নিয়ে যান, কোনও লজ্জা আপনাদের আছে বলে মনে হয় না। স্যার, আপনি সংবিধান বিশেষজ্ঞ, এই ঘটনাই প্রথম যেখানে কেন্দ্রীয় মন্ত্রীকে অর্ডিনারি পুলিশ কনস্টেবল দিয়ে ধরে নিয়ে গিয়ে লক আপে নিয়ে যাওয়া হল। মুখ্যমন্ত্রীকে বাঁচানোর জন্য এইসব করা হল।. সেখানেই শেষ নয়। সেখানে আরও কি ঘটলো দেখুন। মুখ্যমন্ত্রীকে আর কতভাবে প্রটেক্ট করতে হবে দেখুন। সেখানে সেদিন সাংবাদিকরা দাঁড়িয়ে ঘটনা দেখছিলেন, সাংবাদিক এবং ফটোগ্রাফারদের উপর লাঠিচার্জ করা হল, সাংবাদিকরা তার প্রতিবাদ করলেন কিন্তু তার প্রতিকার কি হল? প্রতিকার হল, ওখান থেকে প্রেস কর্নার তুলে দেওয়া হল। বলা হল যে ওখানে থাকলে মুখ্যমন্ত্রীর নিরাপত্তা বিঘ্নিত হয়। আমরা জানতে চাই কি নিরাপত্তা মুখ্যমন্ত্রীর যা সাংবাদিকরা ক্ষুন্ন করেন? আসলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের থেকে লুকিয়ে থাকতে চান। এরা চান না যে মুখ্যমন্ত্রীর সাথে কারা গোপনে দেখা করে তা সাংবাদিকরা দেখুক এবং

ন্যূনতম দুঃখ প্রকাশ রাজ্যপাল তার ভাষণে করেননি। রাজ্যপাল তার ভাষণে আইন শৃঙ্খলার কথা বলেছেন, কিন্তু হরিহরপাড়ায় একদিনে পুলিশের গুলিতে যে এতগুলো লোক মারা গেল তার কোনও উল্লেখ পর্যন্ত রাজ্যপালের ভাষণে নেই। তবুও কি আমরা বলব রাজ্যপালের ভাষণে প্রকৃত অবস্থাকে প্রতিফলিত করা হয়েছে? স্যার এই রাজ্যে যে সরকার চলছে, সেই সরকারের প্রধান মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর এই রাজ্য শাসন করার সমস্ত নৈতিক অধিকার চলে গিয়েছে। সেদিন কলকাতা শহরে দাঙ্গা হয়েছে—হ্যাঁ, বোম্বাই শহরে আরও খারাপ দাঙ্গা হয়েছে—কিন্তু দাঙ্গার জন্য মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীকে সরে যেতে হয়েছে। কিন্তু কলকাতার দাঙ্গার জন্য মুখ্যমন্ত্রী সরে যাবেন না কেন? রাজ্যপাল বলেছেন দাঙ্গায় মাত্র ২৯ জন মারা গেছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি ৪৬ জন মারা গেছেন। তা সত্ত্বেও এখানে ভুল তথ্য দেওয়া হয়েছে। কলকাতায় দাঙ্গার সময় গ্রান্ড হোটেলের তলায় বাটার দোকান লুট হয়েছে, কিন্তু সেখানে কোনও পুলিশ আসেনি। কোনও রকম প্রতিরোধ মূলক ব্যবস্থা সেই সময় রাজ্য সরকার গ্রহণ করেননি। নিউ মার্কেটের পেছনে দাঙ্গা হয়েছে, স্পিকার সাহেবের সঙ্গে মিটিংয়ের সময় তিনি বলেছেন সেখানে মৃতদেহ পাঁচ, ছয় ঘণ্টা ধরে পড়ে আছে, কিন্তু পুলিশ আসেনি। শারদ পাওয়ারকে মুখ্যমন্ত্রী বলা মাত্র তিনি আর্মি ডেপ্লয়মেন্ট করেছেন। আমরা বার বার দাবি করেছি এই দাঙ্গার জন্য এনকোয়ারি কমিশন করার জন্য ৯ তারিখ রাত্রিতে আবার ব্যাপক দাঙ্গা হল। কার আদেশে সেদিন রাত্রিবেলায় কার্ফু তুলে নেওয়া হয়েছিল। ৯ই ডিসেম্বর রাত্রির ঘটনার ইনভেস্টিগেশন করা দরকার। সাত, আট, কাশ্যপপাড়া, বদরতলায় পুলিশ যায়নি, সেখানকার মানুষ আতঙ্কের মধ্যে দিয়ে কাটিয়েছে। রাইটার্স বিল্ডিং-এ আমাদের তরুন হবু মুখ্যমন্ত্রী একটা কন্ট্রোল রুম খুলেছিলেন।

[12-50 — 1-00 p.m.]

মুখ্যমন্ত্রী সেই কন্ট্রোল রুমে যায়নি। মার্কুইস স্ট্রিটে প্রচন্ড গন্ডগোল, সুদীপবাবু ফোন করল তাড়াতাড়ি মিলিটারি পাঠান। উনি তখন বললেন আমরা সব জানি। গতকালই আমি হাউসে মেনশন করে বলেছি যে এখানে দাঙ্গা হয়নি, এখানে যেটা হয়েছে সেটা হচ্ছে লুঠ-তরাজ, অগ্নিসংযোগ শাসকদলের সমর্থকদের দ্বারা। সেইজন্যই ভল্লুককে ২।। মাস ধরা হয়নি, সেইজন্যই ঝুন্নুকে ২।। মাস ধরা হয়নি। এই অপরাধীরা পশ্চিমবঙ্গে দাঙ্গা করে এখানে ঠ্যাং ঠ্যাং করে ঘুরে বেড়িয়েছে। এর পরও কি আপনারা বলবেন যে এই মুখ্যমন্ত্রীর মর‍্যাল অথরিটি আছে, নৈতিক অধিকার আছে এই রাজ্যকে নেতৃত্ব দেওয়ার? আজকে সেই মর‍্যাল অথরিটি তিনি হারিয়েছেন বলেই এখানে লাল্লু যাদবকে, মুলায়েম সিং যাদবকে আনতে হচ্ছে মিটিং করার জন্য। লাল্লু যাদব বিহারে একটা অসভ্য সরকার চালান, সেখানে কোনও আইন শৃঙ্খলা নেই কিন্তু লাল্লুর একটাই কৃতিত্ব যে বিহারে যত দাঙ্গা হবে বলে আশা করা গিয়েছিল তা হয়নি। তার কারণ কি? তার কারণ হচ্ছে, মুখ্যমন্ত্রী সেখানে স্পটে পৌঁছে গিয়েছেন। আমরা জানতে চাইতে পারি যে আমাদের মুখ্যমন্ত্রী দাঙ্গার সময় কোনও দাঙ্গাবিধ্বস্ত এলাকায় গিয়েছিলেন? দাঙ্গা হয়ে যাবার ১।। মাস পরে তিনি ট্যাংরার ধোবিতলাতে কি একটা মিটিং করেছেন পুলিশের হাত ধরে। তার আগে তো প্রত্যেক রাজ্যের মুখ্যমন্ত্রীরা দাঙ্গা বিধ্বস্ত এলাকার সফর করেছেন। তাহলে আমাদের মুখ্যমন্ত্রী যাবেন না কেন? আজকে এই মুখ্যমন্ত্রীর মর‍্যাল অথরিটি চলে গিয়েছে তাই তার ভয় এসে গিয়েছে। এখন মুখ্যমন্ত্রী দিল্লি

মনমোহন সিং মহাশয়ের মতো, আপনারা কোথাও বলেননি যে উই হ্যাভ ঢাহটেন্ড আওয়ার এক্সপেন্ডিচার, সরকারি খরচ কমাতে হবে। কোনও জায়গায় তার উল্লেখ নেই। তার কারণ মুখ্যমন্ত্রীকে সল্টলেকে যেতে হলে ইস্টার্ন বাই পাশকে পুলিশ কর্ডন করে যেতে হয়। খরচ কোথা থেকে কমবে?

[1-00 — 1-20 p.m.]

একবারও কি কোথাও বলেছেন যে, এই রাজ্যের পাবলিক আন্ডার টেকিংগুলিতে লোকসান হচ্ছে, সেই লোকসান আমরা কমাবার চেষ্টা করব? রাজ্যপালের বক্তৃতার কোনও জায়গায় সে কথা বলা নেই। অথচ রাজ্যের কি ভয়াবহ অবস্থা দেখুন। এই রাজ্যের চলতি বছরের বাজেট হচ্ছে সাড়ে সাত হাজার থেকে আট হাজার কোটি টাকার। তার মধ্যে তিন হাজার কোটি টাকা—মানে মাসে ২৫০ কোটি টাকা খরচ হচ্ছে মাইনে দিতে। ১৬০০ কোটি টাকা সরকারি কর্মচারিদের, আর ১৪০০ কোটি টাকা অন্যান্য সংস্থায় শিক্ষকদের, মিউনিসিপ্যাল এবং পঞ্চায়েত কর্মচারিদের। মাসে এই ২৫০ কোটি টাকাও রাজ্য সরকার যোগাড় করতে পারছে না। কি হচ্ছে? ১০০ কোটি টাকা ধার নিতে হচ্ছে। একবার রাজ্য কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছ থেকে ৬০ কোটি টাকা ধার নিতে হয়েছে, আর একবার পিয়ারলেসের কাছ থেকে ধার নিতে হয়েছে। এর ওপরে আরও ৭৭ কোটি টাকা এবং ২০০ কোটি টাকা ধার নিতে চাইছে। আজকে কি অবস্থা! আপনি দেখবেন স্যার, এই রাজ্য আজকে গোল্লায় যাচ্ছে। স্যার, আমরা দেখছি এই রাজ্যের যে বাজেট, সেই বাজেটের প্ল্যানের টাকা খরচ হচ্ছে না। আপনি জানেন স্যার, আপনার 'ওন্দা' এলাকায় বিভিন্ন রকম সমস্যা রয়েছে।

এ বছর ১৫০১ কোটি টাকা প্ল্যানে ধার্য হয়েছিল। কিন্তু সেখানে অসীম দাশগুপ্ত প্রতিটি দপ্তরে এমবার্গো করে দিয়েছেন, কেউ প্ল্যানের টাকার—স্যাংশন টাকার ৬৫% -এর বেশি খরচ করতে পারবেন না। আমরা আর ২/৪ দিন পরেই জানতে পারব প্রকৃত অবস্থাটা। আমার ধারণা ১৫০০ কোটি টাকার অর্ধেক টাকাও ওরা খরচ করতে পারবেন না। কাগজে বেরিয়েছে এখন পর্যন্ত মাত্র ৪০০ কোটি টাকা খরচ হয়েছে। এর আগের বছরেও একই অবস্থা হয়েছিল। ১৪৮৬ কোটি টাকার প্ল্যান ছিল, মাত্র ৯০০ কোটি টাকা খরচ হয়েছিল। ৫০০ কোটি টাকার প্ল্যানে শর্টফল। প্ল্যানের খরচ মানে, পরিকল্পনা খাতে খরচ, পরিকল্পনা খাতের খরচ মানে নতুন প্রোজেক্টের জন্য খরচ নতুন রাস্তা হবে, তার জন্য খরচ। গ্রাম উন্নয়ন হবে, ব্রিজ হবে, বিদ্যুৎ হবে, নতুন করে বিদ্যুৎ কেন্দ্র হবে, হাসপাতাল হবে, শিক্ষা প্রতিষ্ঠান হবে, সেই পরিকল্পনা খাতের খরচ এই রাজ্যে হচ্ছে না। এটা একটা মাইনে দেবার সরকার। তাহলে সরকার চলছে কি করে? যেটুকু কাজ হচ্ছে, তা তাহলে কি করে হচ্ছে? আপনি স্যার, এই রাজ্যপালের বক্তৃতা পড়লেই তা দেখতে পাবেন। এখানে বেশ কিছু কেন্দ্রীয় প্রকল্পের কথা উল্লেখ করা আছে। কি আই আর ডি পি, কি আই টি ডি এ, কি আই সি ডি সি, কি টোটাল লিটারেসি প্রোজেক্ট কার টাকায় পরিচালিত হচ্ছে? কেন্দ্রের টাকায়। এই সব প্রোজেক্ট করত পারসেন্ট কেন্দ্র দেয়? ৮০% কেন্দ্র দেয়। তারপর দেখুন ইন্ডিয়ান পপুলেশন প্রোজেক্ট, ড্রট প্রণ প্রোগ্রাম, ইমিডিয়েট নীডস প্রোগ্রাম কার টাকায় চলছে? কেন্দ্রের টাকায়। এই সমস্ত প্রোজেক্টে কে বেশি টাকা দেয়? কেন্দ্র বেশি টাকা দেয়। স্পেশ্যাল

কমপোনেন্ট প্ল্যানে কে বেশি টাকা দেয়? বেশি টাকা কেন্দ্র দেয়। আই ডি এ, ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সির টাকা কোথা থেকে আসে? বিদেশ থেকে আসে। আজকে কেন্দ্রীয় প্রোজেক্ট ছাড়াই মহারাষ্ট্র দেখালো নিজের ক্ষমতায় এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কীম করে। অধিকাংশ কেন্দ্রীয় প্রোজেক্টের ক্ষেত্রে কেন্দ্র ৮০% টাকা দেয়। অথচ এই সমস্ত কেন্দ্রীয় প্রোজেক্টের টাকাও এই সরকার ঠিকমতো খরচ করতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ২৯-৯-৯২ তারিখের পার্লামেন্টের একটা কোয়েশ্চেনের রিপ্লাই সম্বন্ধে বলতে চাই। আপনি দেখুন ২০ পারসেন্ট প্রোগ্রাম এই রাজ্যে কি রকম ইমপ্লিমেন্ট হচ্ছে। কত পারসেন্ট হচ্ছে, সেটাই আমি আপনার কাছে উল্লেখ করছি। জওহর রোজগার যোজনার আগস্ট ৯১ থেকে মার্চ ৯২ লেটেস্ট ফিগার বেরিয়েছে। জওহর রোজগার যোজনার ৬৪% ইমপ্লিমেন্ট হয়েছে। এস এস আই ইউনিটস-এর ৭৪% হয়েছে। ২০ পারসেন্ট প্রোগ্রামের মধ্যে কমিউনিটি হেলথ সেন্টারের কত পারসেন্ট হয়েছে? না, ৩% হয়েছে। প্রাইমারি হেলথ সেন্টার, ২০%। শিডিউল্ড কাস্ট ফ্যামিলি অ্যাসিস্ট্যান্স—২০ পারসেন্ট প্রোগ্রামের মধ্যে ৩৮% । শিডিউল্ড ট্রাইব ফ্যামিলি অ্যাসিস্ট্যান্ট ৫০% । ইন্দিরা আবাসন যোজনা ৫১%। ই ডাবলু জি, হাউসিং প্রোগ্রাম ০%। পাম্প সেট এনার্জাইস, ৪০%। This is waste balance-sheet in the whole country of implementation of 20 point programme অথচ অধিকাংশ স্কীমের টাকাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এসেছে। মহারাষ্ট্র, তামিলনাড়ু, পাঞ্জাব, রাজস্থান এই সবার সাথে তুলনা করে কুড়ি পয়েন্ট প্রোগ্রাম এর যে কটা প্রোজেক্ট আছে তাতে ওয়েস্ট বেঙ্গলের পারফরমেন্স এবং ইমপ্লিমেন্টেশন ইজ ওয়ান অফ দি পুওরেস্ট ইন দি হোল কান্ট্রি। মাননীয় রাজ্যপাল তো একথা বলেন নি যে আমরা টাকার অভাবে অনেক জায়গায় কুড়ি পয়েন্ট প্রোগ্রাম স্কীম ইমপ্লিমেন্ট করতে পারিনি।

রাজ্যের মন্ত্রী মহাশয়রা মুখ বন্ধ করে থাকেন, কি করবেন, এদের বাজেটে কোনও টাকা নেই, এরা শুধু মাইনের টাকা দিতে পারেন। প্ল্যানের কথা হলেই মাননীয় অসীমবাবুর এমবার্গো, একটা পয়সা নেই, অথচ এই রাজ্যের ট্যাক্স হচ্ছে ওয়ান অফ দি হাইরেস্ট ইন দি কান্ট্রি। আমি একটু বলছি, মাননীয় মনমোহন সিং ট্যাক্স ছেড়ে দিয়েছেন, কেন ট্যাক্স ছেড়ে দিয়েছেন, না যাতে গ্রোথ হয়। আমি বলছি ভারত চেম্বার অফ কমার্স রিসেন্টলি একটা মেমোরান্ডাম দিয়েছেন, বলেছেন, একই রাজ্যে সেলস ট্যাক্স, অক্ট্রয় এবং টার্নওভার ট্যাক্স আছে, সেন্ট্রাল এক্সাইজ ডিউটি আছে, এই ৪ জায়গায় আলাদা ট্যাক্স দিতে হচ্ছে। আমি একটা উদাহরণ দিচ্ছি স্যার, মহারাষ্ট্রে লোহা ও ইস্পাতে সেলস ট্যাক্স ৪ পারসেন্ট, পশ্চিমবঙ্গে ৮ পারসেন্ট ডঃ অশোক মিত্র মহাশয় বলেছিলেন ট্যাক্স রেট কমিয়ে ১১পারসেন্ট থেকে কমিয়ে ৮ পারসেন্ট করা হবে। অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটিতে ডঃ অশোক মিত্রের রেকমেনডেশন সেটা আজও করা হয় নি। আপনি দেখুন সেলস ট্যাক্স মহারাষ্ট্রে পুওর হয়ে গেছে, মিনিস্টিল প্ল্যান্ট, রোলিং মিলস এবং আয়রণ অ্যান্ড স্টিল ক্যাপস। মহারাষ্ট্রে এগুলো একজেমট ফ্রম সেলস ট্যাক্স। একই সমস্যা, মহারাষ্ট্র এটা করেছে, আপনারা এটা করতে পারেন নি, এ রাজ্যের ভাঁড়ার শূন্য এবং এ রাজ্যে পরিকল্পনার অভাব, এ রাজ্য সর্বনাশের রাস্তায় চলে গেছে। দুটি জায়গায় একটু ভাল কাজ হয়েছে, একটা বিদ্যুত এক বছরে মাননীয় শঙ্করবাবু জেনারেশন বাড়াতে পারেন একজিসটিং পাওয়ার প্ল্যান্টসে, কিন্তু মেনটেনেন্স ইমপ্রুভ

করে জেনারেশন বেড়েছে, ক্যাপাসিটি বাড়েনি। আর একটা জিনিস, তিনি ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন খানিকটা উন্নত করে জেনারেশন একটু বাড়িয়েছেন। তাও বলবার মতো কিছু নয়। এপ্রিল টু জুন ১৯৯২ তে মহারাষ্ট্রে যেখানে ৯৯৭২ মেগাওয়াট সেখানে পশ্চিমবঙ্গে জেনারেশন ছিল ৩৬৭০ you are one third of Maharashtra, তামিলনাড়ুতে ৬৮৫৭ you are half of Tamil Nadu অন্ধ্রে ৬৫৩৪, ওয়েস্ট বেঙ্গলে হচ্ছে ৩৬৭০, ইউ পি ১১,২৪৭, কোথায় দাঁড়িয়ে আছি আমরা, জেনারেশেনের ক্ষেত্রে?

আপনারা বলছেন যে কলকাতায় নতুন দুটি কাজ আপনারা করেছেন, কি? একটা হচ্ছে হুগলি সেতু, বিদ্যাসাগর সেতু আর দুর্গাপুর ব্রিজ। যদি কেউ বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে যান তাহলে দেখবেন connecting road is Bombay High Road. ২০ বছর লাগল সেতু তৈরি করতে তারপর শিবপুর দিয়ে যেতে গেলে অন্তত কুড়িটা বাম্পার হয়ে তবে আন্দুলে যেতে পারবেন, তার কারণ রামরাজাতলায় ব্রিজ নেই, কেন টাকা খরচ হয়ে যাচ্ছে। সবচেয়ে বড় উদাহরণ হল তিস্তা প্রোজেক্ট। ৬০০ কোটি টাকা খরচ করেছেন লম্বা জেসটেশন পিরিয়ডে। ব্যারেজ কমপ্লিট হয়েছে কিন্তু ক্যানেল তৈরি হয় নি। ফলে ডেভেলপমেন্ট ব্যাহত হচ্ছে। আপনি জানেন স্যার, ইন্টার স্টেট ইরিগেশন প্রোজেক্ট আছে, ইরিগেশনের টাকা স্টেট থেকে দেয়, কেন না Irrigation is the State subject অথচ গভর্নর বলে গেলেন ২০ কোটি টাকা দিচ্ছে প্ল্যানিং কমিশন তিস্তার জন্য। এবার শিক্ষার ব্যাপার। ওটাতে নাকি উন্নতি হয়েছে। অশোক মিত্র কমিশনের রিপোর্ট থেকে পড়ছি "However, an overwhelmingly large proportion of the educational outlay is earmarked to meet the commitment of salary and wages for the teaching and the non-teaching staff. In the case of both primary and secondary education, as much as 95% of the total outlay goes to pay the emoluments.

৯৫ পারসেন্ট টাকা মাইনে দিতে চলে যাচ্ছে, এতে কি এডুকেশন হবে? In higher education, the proportion is nearly 80% ৮০ শতাংশ টাকা হায়ার এডুকেশন মাইনে দিতে খরচ হচ্ছে। ডঃ অশোক মিত্র বলেছেন The problem of drop out still persists আমি আপনাকে দেখাছি, ড্রপ-আউটে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে এগিয়ে আছে। যেখানে অল ইন্ডিয়া ড্রপ-আউট পারসেন্টেজ ৬৮, সেখানে পশ্চিমবঙ্গে ৭৮ পারসেন্ট হচ্ছে ড্রপ আউট রেট। এডুকেশন এখানে হচ্ছে? ডঃ অশোক মিত্র বলেছেন "There is serious lack of infrastructural facilities in schools. The number of one room schools is high and the quality and method of teaching leaves much to be desired" আপনাদের কমিশন বলেছে, ১৬ বছর বাজেটে শুধু মাইনে দিতেই টাকা দিয়েছেন, আর ইনফ্রাস্ট্রাকচারাল কোনও ফেসিলিটিজ এখনও পর্যন্ত তৈরি করতে পারেন নি। কোনও ক্ষেত্রে একটি জায়গায়ও কি আমাদের স্টেট একসেলেন্সে পৌঁছেছে? রাজ্য পালের গোটা বক্তব্যে এমপ্লয়মেন্টের মতো একটা এক্সক্লুসিভ প্রবলেম সম্পর্কে কোনও উল্লেখ নেই। রাজ্যপাল গিল্ডেড কেজে বাস করেন, বাস্তবের কোনও কথা উনি জানেন না। আজকে পশ্চিমবঙ্গে ৫০ লক্ষ যেখানে বেকার, বছরে সেখানে মাত্র ১২ হাজার লোক চাকরি পাচ্ছে। সারা ভারতবর্ষে যেখানে ২ লক্ষ ৬৪ হাজার ৫০০ জন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে

চাকরি পেয়েছেন, সেখানে মাত্র ৯ হাজার ৫০০ জন পশ্চিমবঙ্গে চাকরি পেয়েছেন এমপ্লয়মে এক্সচেঞ্জের মাধ্যমে। সারা ভারতবর্ষে অর্গানাইজড সেক্টরে এমপ্লয়মেন্ট বেড়েছে ১৯৮১ থে ১৯৯০ এই সময়ের মধ্যে ১৫ পারসেন্ট, সেখানে পশ্চিমবঙ্গে অর্গানাইজড সেক্টরে এমপ্লয়মে কমেছে ৪ পারসেন্ট। রাজ্যপাল কোনও স্টেটকে প্রিসাইড করছেন! রাজ্যপাল একটা ব্যা ক্রাপ্ট রাজ্যকে প্রিসাইড করেছেন যাদের মাইনে দিতেই ধার করতে হয়, যেখানে কোন উন্নয়নমূলক প্রকল্প সম্পূর্ণ হয় না এমবারগোর ঠেলায়। আজকে রাজ্যে হেলথ এর f অবস্থা? আজকে পশ্চিমবঙ্গে একটা হসপিটাল বেড যেখানে সার্ভ করছে ১৯৯৪ জনবে সেখানে কেরালাতে ৩৮৭ জন পিছু একটি বেড, মহারাস্ট্রে ৭৯০ জনে একটি বেড। তাহে দেখা যাচ্ছে, এডুকেশন এবং হেলথ কিছুই আপনারা দিতে পারছেন না। এখানকার হেল খারাপ। এখানে ট্যাক্স এত বেশি যে শিল্প ডেভেলপ হচ্ছে না। গত বছর ইন্ডাস্ট্রিতে কমিটমে ছিল ১৮১ কোটি টাকা আপনারা দেবেন। হলদিয়া এখনও পর্যন্ত পুরোপুরি অনিশ্চিত হলদিয়ার জন্য মাত্র ২২ কোটি টাকা আপনারা গত বছর রিলিজ করেছেন। ৩০০০ কো টাকার প্রোজেক্ট ওটা। সেক্ষেত্রে আপনারা সিড ক্যাপিটাল না দিতে পারলে ঐ প্রোজে এগোবে না। হলদিয়ার ব্যাপারে এখন টাকাও পিছিয়ে যেতে চেষ্টা করছে বক্রেশ্বরের মতে আমার কাছে দাবি আছে বক্রেশ্বরে চিফ মিনিস্টার ফাউন্ডেশন স্টোন লে করছেন। এখ বক্রেশ্বরের জন্য জাপানের ও ই সি এফ-এর কাছে যাচ্ছেন। ওটি একটি জাপানিজ কনসোর্টিয়াম সেখানে না হলে হয়ত জার্মানীর কাছে যাবেন। আপনারা মুখে বলছেন না, কিন্তু পুরোটা আপনারা প্রাইভেটকে দিতে চাইছেন। মন্ত্রী শ্যামল চক্রবর্তীর বাড়ির কাছে একটি ফুট-ওভা ব্রিজ পিয়ারলেস তৈরি করে দিয়েছে। ঐ ব্রিজটির নিচে যে রাস্তাটি হবে সেটা নিক্কো তৈ করে দেবে। এস ই বি পাওয়ার জেনারেশন করতে পারছে না, আপনাদের ক্ষমতা নেই, তা গোয়েঙ্কা একটি পাওয়ার স্টেশন বজবজে এবং আর একটি বলাগড়ে করবে। টুরিজমে সুভাষবাবু গঙ্গোৎসব করছেন এবং তাতে একটা ফ্লোটিং হোটেল করা হয়েছে। আজকে এ ট্যুরিজমকেও প্রাইভেট সেক্টরে দিয়ে দিচ্ছেন। আজকে পিয়ারলেসের কাছ থেকে টাকা নিয়েছে বাস কেনার জন্য। এই রাজ্যের সমস্ত পাবলিক আন্ডারটেকিংগুলি লস মেকিং। দেউলিয় সরকারের এসব চিত্র রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়নি। মুখ্যমন্ত্রী, সাজাহানের মতে আপনি, কেবল নিজের ছেলেকে নিয়েই আপনি চিন্তিত। এই রাজ্যে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে কোনও অগ্রগতি হতে পারে না। এই রাজ্যে গণতন্ত্রকে গলাটিপে হত্যা করা হয়েছে, সংবাদপত্রে স্বাধীনতা এবং বিরোধী দলের অধিকারে হস্তক্ষেপ করা হয়েছে। তাই এই অসত্য ভাষণে সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা বিন কাসেম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে উপরে মাননীয় সদস্য ননী কর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন, এবং মাননীয় সদস কৃপাসিন্ধু সাহা যা সমর্থন করেছেন, আমি সেই প্রস্তাবকে পরিপূর্ণভাবে সমর্থন করছি। আমি সমর্থন করি এই কারণে যে রাজ্যপাল তার ভাষণে বর্তমান পরিবেশ এবং পরিস্থিতিতে রাজ্যের সার্বিক উন্নয়ন-এর যে প্রয়াস এবং প্রধান প্রধান পদক্ষেপের চিত্র তুলে ধরেছেন তাতে তিনি কোনও কিছু অতিরঞ্জিত বা গালভরা প্রতিশ্রুতি দেননি। আমি বিরোধী দলের অন্যতম নেতা মাননীয় সৌগতবাবুর বক্তৃতা প্রথম থেকে মন দিয়ে শুনেছি। আমি আশ

করেছিলাম তিনি একজন দায়িত্বশীল বিরোধী দলের নেতা হিসাবে রাজ্যের উন্নয়ন সম্পর্কে তার বক্তৃতার মাধ্যমে কিছু গঠনমূলক সুপারিশ করবেন। এতে সংশোধীয় ব্যবস্থায় সরকার উপকৃত হন এবং আমরাও উপকৃত হব। কিন্তু কোনও এক অজানা কারণে তিনি তার বক্তৃতায় মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে খানিকটা বিষোদ্গার করলেন। এই কারণটা খুব অজানা নয়। সৌগতবাবু, আপনাকে বলি, আপনিও পশ্চিমবঙ্গের কংগ্রেসে গোষ্ঠী দ্বন্দ্বে বিরাজ করছেন। এটা সকলেই জানে যে আপনি একটা গোষ্ঠীর সঙ্গে আছেন। আপনার আক্রোসের কারণ কি? আপনার গোষ্ঠী ছত্রছায়ায় আপনি এক জায়গায় উঠতে চান, এটা আপনার বাসনা। রাইটার্স বিল্ডিংয়ে মুখ্যমন্ত্রীর ঘরের সামনে আপনার নেত্রী যাতে সম্ভাব্য অশালীন আচরণ করতে না পারেন, সেই সুযোগ মুখ্যমন্ত্রী দেন নি। এটাই কি আপনার রাগের কারণ? আপনার নেত্রী ক্ষমতার যে আসনে ছিলেন সেখানে থেকে তিনি বিতাড়িত হয়েছেন। সেই জন্য কি আপনি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুৎসা করে গেলেন? পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর সম্পর্কে পশ্চিমবঙ্গের মানুষই নয়, ভারতবর্ষের মানুষও জানেন। সৌগতবাবু, আপনাকে জানিয়ে দিতে চাই, আপনি যাই বলুন না কেন, আপনাদের সর্বোচ্চ নেতৃত্ব কংগ্রেস দলের সভাপতি ভারতবর্ষের প্রধানমন্ত্রীগণ দেশের সামনে যখনই সঙ্কট দেখা দিয়েছে, যখনই একটা সঙ্কটজনক পরিস্থিতির দৃষ্টি হয়েছে, সেটা ইন্দিরা গান্ধীই হোক, তার পরবর্তীকালে রাজীব গান্ধীই হোক বা বর্তমান কালের প্রধানমন্ত্রী নরসিমহা রাও হোক, তখনই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে তারা আহ্বান করেছেন, তার সঙ্গে বার বার আলোচনা করেছেন। এটা শুধু বামফ্রন্টের নেতা হিসাবে নয়, শুধু পশ্চিমবঙ্গের সি পি এম-এর নেতা হিসাবেই নয়, সর্বভারতীয় একজন নেতা হিসাবে তাকে আহ্বান করেছেন এবং তার সঙ্গে পরামর্শ করেছেন। আপনারা এই সমালোচনা করে কিছু করতে পারবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সৌগতবাবু তার বক্তৃতায় একটা জায়গায় বলেছেন যে রাজ্যপাল তার ভাষণে রাজ্য সরকারের আর্থিক সঙ্কটের কথা উল্লেখ করেন নি। এটা নিয়ে অহেতুক কোনও রেযারেষির ব্যাপারে নেই।

আমাদের ভারতবর্ষের যে রাষ্ট্রীয় ব্যবস্থা সেই ব্যবস্থার মধ্যে রাজ্য সরকারের সম্পদ সংগ্রহের প্রশ্নের এক কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে চলতে হচ্ছে। এটা শুধু পশ্চিমবঙ্গ সরকারই নয়, বিভিন্ন রাজ্য সরকারগুলিকে এই পরিস্থিতির মধ্যে দিয়ে কাজ করতে হচ্ছে, এগুলি হিসাবের মধ্যে রাখা দরকার। আপনারা জানেন যে কেন্দ্রীয় সরকার হোক, আর রাজ্য সরকারই হোক, উন্নয়ন পরিকল্পনাকে কার্যকর করতে গেলে সম্পদ সংগ্রহ অপরিহার্য্য। এটা আমাদের অনুধাবন করতে হবে এবং আপনাদেরও করতে হবে। এটা আজকে জাতীয় প্রশ্ন হিসাবে দেখা দিয়েছে। আজকে কি কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে রাজ্যগুলিকে চলতে হচ্ছে। সম্পদ সংগ্রহের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ব্যাপক ক্ষমতা আছে কিন্তু রাজ্য সরকারের ক্ষমতা সীমিত। এই ব্যাপারে বার বার আলোচনা করা হচ্ছে। আজকে সমস্যার গভীরতা যদি যথার্থ ভাবে অনুধাবন করতে হয় তাহলে এগুলি চিন্তা করার প্রয়োজনীয়তা আছে।

[1-20 — 1-30 p.m.]

আজকে কেন্দ্রীয় সরকারের ব্যাপক কর বসিয়ে রাজস্ব আদায়ের সুযোগ রয়েছে। কিন্তু সেই জায়গায় রাজ্য সরকারের ব্যাপক কর বসিয়ে রাজস্ব সংগ্রহ করার সুযোগ নেই। রাজ্য

সরকারের সম্পদ সংগ্রহ করবার অন্যতম রাস্তা চুঙ্গি কর বসানোর, সেটা কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। কেন্দ্রীয় সরকার এবং আরও কিছু রাজ্য সরকারের প্রচন্ড চাপের মুখে পড়ে এটা বন্ধ করতে হয়েছে। সেই কারণে একটা বিপদ আমাদের সামনে এসে দাঁড়িয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার ঘাটতি বাজেট করতে পারেন। ব্যাপক পরিমাণ ইচ্ছামতো নোট ছাপাবার অধিকার এবং ছাপিয়ে ঘাটতি পূরণ করতে পারেন। তারপর প্রশাসনিক আদেশ বলে পার্লামেন্টকে এড়িয়ে জিনিসের দাম বাড়িয়ে অর্থ সংগ্রহ করতে পারেন। অভ্যন্তরীণ বাজারে ঋণপত্র ছেড়ে অর্থ সংগ্রহ করতে পারেন। অর্থনৈতিক ভান্ডার থেকে, বিদেশি বাজার থেকে ঋণ নিতে পারেন। সেই তুলনায় রাজ্য সরকারের সম্পদ সংগ্রহ করবার উৎস কোথায়? সুব্রতবাবু বুঝে দেখুন আমাদের সংবিধানের প্রথম থেকে রাজ্যের হাতে আর্থিক ক্ষমতা কমিয়ে দেওয়া আছে। চার দশক ধরে কেন্দ্রীয় সরকারের ক্ষমতায় আসীন থেকে আরও বেশি করে রাজ্যের সম্পদ সংগ্রহের ক্ষেত্রে অনুপ্রবেশ ঘটিয়েছেন। এটা এক রকম অর্থনৈতিক দস্যুবৃত্তির পর্যায়ে পড়ে। এটা যে শুধু পশ্চিমবাংলার ক্ষেত্রে পড়েছে তা নয়, সমস্ত রাজ্য সরকারের উপর এই চাপ পড়েছে। তার মধ্যে থেকে রাজ্য সরকারগুলিকে কাজ করতে হচ্ছে। রাজ্য সরকারের আর কি উপায় আছে? আরও একটা সম্বল ছিল, সেটার উপরও আঘাত করেছেন। অন্যান্য বেসরকারি সংস্থাগুলিকে উৎসাহ দেওয়া হচ্ছে। রাজ্যের উন্নয়নে স্বল্প সঞ্চয়ের একটা অংশ রাজ্য সরকার ব্যবহার করতে পারে। এই ব্যবস্থাটা একটা বড় সম্বল হিসাবে ছিল। সেখানে আঘাত এসেছে। অন্যান্য বেসরকারি স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আপনারা উৎসাহ বাড়িয়েছেন, সেখানে তাদের সুদ বাড়িয়ে দিয়েছেন। ফলে স্বল্প সঞ্চয় কমে গেছে। তার ফলে রাজ্য সরকার বাধ্য হয়েছে যোজনা বরাদ্দ ছাঁটাই করতে। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে অর্থ কমে গিয়েছে প্রায় ৫০০ কোটি টাকার মতো। মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী বিবৃতি দিতে গিয়ে নিজে স্বীকার করেছেন স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে কালেকশন কম হয়েছে এবং আগামী দিনে আরও কমে যাবে। সমস্ত রাজ্য সরকারের ক্ষেত্রে এই বিপদ আরও বাড়বে। এটা শুধু পশ্চিমবাংলার ক্ষেত্রে নয়, সমস্ত রাজ্য সরকারের উপর এই বিপদ এসে পড়বে। কেন্দ্রীয় সরকার যোজনা বরাদ্দের ব্যাপারে কিভাবে আমাদের সহযোগিতা করেন? মোট যোজনা বরাদ্দের .কত ভগ্নাংশ দেন? আপনারা এটা জানেন যে এটা কোনও বদান্যতার ব্যাপার নয়। যোজনা বরাদ্দের যে অংশ দেন তার ৭০ ভাগ ঋণ হিসাবে দেন এবং সেটা সুদ হিসাব করে রাজ্য সরকারকে ফেরত দিতে হয়। ৩০ ভাগ কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে যোজনা বরাদ্দের একটা অংশ সহযোগী হিসাবে দেন। এই অবস্থার মধ্যে রাজ্য সরকারগুলি রয়েছে। কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের ফলে, এক তরফা নীতির ফলে রাজ্য সরকারের উপর কি প্রচন্ড চাপ সৃষ্টি হয় তার দু-একটা উদাহরণ আমি দিচ্ছি। জিনিসের দাম বৃদ্ধি হলে রাজ্য সরকারের উপর প্রচন্ড চাপ পড়ে, উন্নয়ন খাতে খরচ বেড়ে যায়। যোজনা পরিকল্পনায় অগ্রাধিকারের হেরফের ঘটাতে বাধ্য হয়, উন্নয়নের পরিকল্পনা মারা যায়। পশ্চিমবাংলার উপর আরও একটা বড় চাপ আসে। আমাদের রাজ্য সরকার নীতিগতভাবে মেনে নিয়েছে, মূল্য বৃদ্ধি স্তরে কেন্দ্রীয় সরকারি কর্মচারিরা যে হারে মহার্ঘ ভাতা দেওয়া হবে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সেই হারে রাজ্য সরকারি কর্মচারিদের মহার্ঘ ভাতা দেবে। মূল্য বৃদ্ধি ঘটলে কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের উপর যে ধরনের আর্থিক চাপ আসে সেই একই ধরনের চাপ রাজ্য সরকারি কর্মচারিদের উপর আসে। এই আঘাতও এক বিরাট মাপের। এরজন্য রাজ্য সরকারকে সন্ত্রস্ত থাকতে হয়।

মূল্যস্তর বৃদ্ধি হলে ডি এ দেবার জন্য সরকারি কর্মচারিদের জন্য বাজেটে টাকার সংস্থান রাখতে হয়। অথচ এরজন্য রাজ্য সরকারের কোনও নীতিই দায়ী নয়। সৌগতবাবু বলুন, আপনারা শুধু পশ্চিমবাংলার কথা বলছেন। কিন্তু সারা ভারতবর্ষের যে সমস্ত প্রধান প্রধান কারণের জন্য মূল্যস্তর বৃদ্ধি হয়, তার কোনও একটা কারণের জন্য রাজ্য সরকারের নীতি দায়ী? এরজন্য সম্পূর্ণভাবেই দায়ী হচ্ছে আমাদের জাতীয় সরকার বা কেন্দ্রীয় সরকার। ঘাটতি বাজেট বছরের পর বছর ধরে গড় পড়তা যেভাবে করা হয়, বর্তমান হিসাবটা হচ্ছে তারা শুরু করেন সামান্য অঙ্কের একটা ঘাটতি রেখে। প্রকৃত ঘাটতি দেখান না। অথচ বাজেটে প্রকৃত ঘাটতিটা গিয়ে দাঁড়ায় ১০/১৪ হাজার কোটি টাকায়। যেটা তারা খোলা বাজারে নোট ছেড়ে পূরণ করার চেষ্টা করেন। পরোক্ষ কর বসানো হলে জিনিসের দাম বাড়ে। এই সহজ জিনিসটা বোঝার জন্য বড় অর্থনীতিবিদের দরকার নেই। কেন্দ্রীয় সরকারের নীতিই হচ্ছে বড়লোকদের ছাড় দেওয়া।

প্রত্যক্ষ কর কমিয়ে ঘাটতির বোঝাটা মেটাতে গোটা মানুষের ঘাড়ে পরোক্ষ-কর বসিয়ে তারা তুলছেন প্রায় ৮০ ভাগ টাকা। চলতি আর্থিক বছরের হিসাব হচ্ছে ৭৮.৫ শতাংশ পরোক্ষ কর থেকে আদায় করেন। এবারে বাজেটে কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রত্যক্ষ কর বাড়ান নি। কিন্তু আর একটা ফন্দি করে যেভাবে জিনিসের দাম বাড়িয়েছেন প্রশাসনিক নির্দেশ জারি করে তার ফলটা কি দাঁড়াচ্ছে? ফিনান্স কমিশনের নিয়ম অনুযায়ী পার্লামেন্টের মধ্যে দাম বৃদ্ধি করলে তার একটা ভাগ রাজ্যগুলিকে দিতে হয়। কিন্তু প্রশাসনিক আদেশ বলে জিনিসের দাম বাড়ালে রাজ্য সরকারকে কোনও অংশ দিতে বাধ্য নয়। এই অবস্থা হচ্ছে রাজ্য সরকারের বিরুদ্ধে। আমার আলোচনার উদ্দেশ্য নয় কেন্দ্রীয় সরকারের উপস্থাপিত বাজেট নিয়ে খুঁটিনাটি আলোচনা করা। কিন্তু আপনারা দেখবেন, কেন্দ্রীয় সরকার যে বাজেট উপস্থিত করেছেন, তাদের যে নীতি এবং যে সিদ্ধান্ত গ্রহণ করছেন তাতে রাজ্যগুলিকে কি অবস্থার মধ্যে পড়তে হবে? আমি এ সম্পর্কে দু-একটি কথা বলি। এই বাজেট নিয়ে চারিদিকে একটা হৈচৈ হচ্ছে যে এই বাজেটের ফলে জিনিসপত্রের মূল্যবৃদ্ধি হবে না। কৌশলটা কোথায়? বাজেট উপস্থিত করার মাত্র কয়েক দিন আগে অত্যন্ত তীক্ষ্ণ ও তীব্র ভাবে প্রশাসনিক আদেশ বলে চিনি, কয়লার দাম বাড়ানো হয়েছে, আগে যা বাড়ানো হয়েছে তা তো হয়েছেই। কয়েকদিন আগে রেল বাজেট উপস্থিত করা হয়েছে। স্বাধীনতার পরবর্তী সময়ে রেল বাজেটে যেটা ইতিপূর্বে কখনও হয়নি, স্বাধীনতার পর এই প্রথম সাংঘাতিক ভাবে যাত্রী ও পণ্য মাসুল বৃদ্ধির প্রস্তাব রাখা হয়েছে এবং ১৮৪৮ কোটি টাকার বাড়তি বোঝা চাপানো হচ্ছে। কেন্দ্রীয় সরকার তিন হাজার কোটি টাকা এইভাবে সাধারণ মানুষের কাছ থেকে আদায় করছেন। আপনারা এটাকে কি ধূর্তমি বলবেন, না শঠতা বলবেন? বাজেটের আগে প্রশাসনিক আদেশ বলে চিনি, কয়লা ইত্যাদির দাম বাড়িয়ে তিন হাজার কোটি টাকা আদায় করছেন,, যার ভাগ রাজ্যগুলি পাবে না। তাহলে রাজ্যের চিন্তাটা কোথায়? কেন্দ্রের বাজেটে উদ্বেগ হচ্ছে সব রাজ্য সরকারেরই। এটা শুধু মাত্র পশ্চিমবাংলা সরকারের নয়। বহিঃশুল্কে কেন্দ্রীয় সরকার ছাড় দিয়েছে ২,৩৭৩ কোটি টাকার মতো।

[1-30 — 1-40 p.m.]

এই যে ট্যাক্স বা শুল্ক আমদানিকৃত জিনিসের উপরে যে কমানো হয়েছে এটা মূলত

সাধারণ মানুষের ব্যবহারযোগ্য নয়, একমাত্র দু একটি ছাড়া এটা কম বেশি শিল্পপতিরা এবং উচ্চবিত্ত শ্রেণীর মানুষেরা ব্যবহার করেন। সুতরাং এই বহিঃশুল্কের ক্ষেত্রে সাধারণ মানুষ উপকৃত হবেন না। এছাড়া বিদেশ দান আমাদের দেশে এর দ্বারা ঢালাউভাবে ছড়িয়ে পড়বে। এবং এরফলে আমাদের দেশের ছোটখাটো শিল্পগুলো মার খাবে। আগের থেকেই তো কারখানা বন্ধ এবং রুগ্ন হতে শুরু করেছে, আবার নতুন করে এই শুল্ক হ্রাসের ফলে কারখানা বন্ধ হবে এবং বেকারত্ব বাড়বে। এই পাপের ফল শুধু পশ্চিমবঙ্গকেই বইতে হবে না ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলোকে বইতে হবে। তারপরে এই যে বাজেটে অন্তঃশুল্ক ছাড়ের কথা বলা হয়েছে, এতে কি প্রকৃতই অন্তঃশুল্ক ছাড় হয়েছে। এতে তো সত্যিই রাজ্য সরকারের চিন্তার বিষয়, কারণ কখনই কি দেখা গেছে যে জিনিসের দাম সত্যি কমে গেছে? বরং যদি এই অন্তশুল্কে ছাড় না দেওয়া হত তাহলে অন্তত রাজ্য সরকারের যে টাকা পাওনা ছিল সেই টাকা পেয়ে যেতেন। তারপরে ডাঃ মনমোহন সিং, কেন্দ্রীয় অর্থমন্ত্রী ফলাও করে বললেন যে ব্যাঙ্কে যেগুলো জাতীয়করণ করা হয়েছে, সেগুলো তাদের শেয়ার বাজারে বিক্রি করতে পারবেন। কেন্দ্রীয় অর্থ সচিব প্রেস কনফারেন্স করে বলেছেন যে ব্যাঙ্ক তার ৪৯ শতাংশ শেয়ার তারা বাজারে বিক্রি করতে পারবেন। এরফলে আমানত বেসরকারি সংস্থার হাতে চলে যাবে। এরফলে ব্যাঙ্কগুলোর সুদের পরিমাণ কমেছে এবং বাজারে শেয়ার বিক্রি করার ফলে রাজ্য সরকারগুলো অসুবিধার মধ্যে পড়বে। আগে যে ক্ষুদ্র ও কুটির শিল্পগুলো ব্যাঙ্ক থেকে ঋণ পেত এই শেয়ার ছাড়ার ফলে ভবিষ্যতে তারা আর ঋণ পাবে না। সাধারণ মানুষ যে ব্যাঙ্ক থেকে গ্যারান্টি দিয়ে ঋণ পেত সেটা বন্ধ হয়ে যাবে। সুতরাং রাজ্য সরকারের উপরে উল্টোভাবে চাপ সৃষ্টি করা হল। তারপরে পশ্চিমবঙ্গে যে একটা সুষ্ঠ গণ বণ্টন ব্যবস্থা রয়েছে সেই গণবণ্টন ব্যবস্থাকে ভেঙ্গে ধ্বংস করে দিতে চান কেন্দ্রীয় সরকার এবং এটা বুঝিয়ে বলার আর কোনও দরকার নেই। জিনিসের দাম খানিকটা কমলে পরে এবং ন্যায্য দামে জিনিস পেলে যেহেতু গরিব মানুষরা উপকৃত হতেন সেই কারণে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমটাকেই তুলে দিতে চাইছেন। অনেক বরাদ্দ কমিয়ে দিয়েছেন। কমিয়ে দিয়েও যা পাওয়া যেতো সেটাও ঠিকমতো দিচ্ছেন না। সুতরাং এই অবস্থার মধ্যে দিয়ে রাজ্য সরকারকে চলতে হচ্ছে। তবে এই অবস্থার মধ্যে থেকেও আজ অবধি আমাদের রাজ্যের অর্থমন্ত্রী অগ্রগতির ধারাবাহিকতা রক্ষা করে চলেছে। বহু ব্যাপারকে তুচ্ছ করে অর্থমন্ত্রী কাজ করে যাচ্ছেন। একদিকে এই কঠোর অর্থনৈতিক সঙ্কট, আর অন্যদিকে সাম্প্রদায়িক বিদ্বেষ এবং ধর্মান্ধতার ঢেউ তুলে মানুষকে অস্থির করে তুলেছে। আর এরই মধ্যে থেকে সাম্প্রদায়িক শক্তি হিসাবে বি জে পি-র নেতৃত্ব সাম্প্রদায়িক শক্তিগুলো মাথা চাড়া দিয়ে উঠেছে। এই বি জে পি ভারতের শাসন ক্ষমতা দখল করতে চায় এবং সাম্প্রদায়িকতাকে তার পাথেয় হিসাবে ব্যবহার করেছে। এরফলে সারা ভারতবর্ষে সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়িয়েছেন। কদর্য সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়িয়ে দেশটাকে কলুষিত করেছে।

আব্দুল মান্নান অনেক কথা বললেন, আমরা নাকি সি পি এম নাকি বি জে পি-র সঙ্গে যুক্ত হয়ে পড়েছি। আপনাদের অতীত ইতিহাসটা মনে করা দরকার। তখন ভারতবর্ষের মধ্যে অন্যতম দেশপ্রেমিক কাজ হচ্ছে বলিষ্ঠভাবে সাম্প্রদায়িকতার মোকাবিলা করা। এই মুহূর্তে দেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে এর মোকাবিলা করা দরকার। সেখানে আপনাদের ভূমিকা কি?

সৌগত বাবু বললেন যে রাজ্যপালের ভাষণে প্রথমেই অভিনন্দন জানানো উচিত ছিল যে কেন্দ্রীয় সরকার ২৫ তারিখে ওই সমাবেশ হতে দেয় নি। এর থেকেই প্রমাণিত হয়ে যাচ্ছে যে, তাদের যদি রাজনৈতিক সদিচ্ছা না থাকতো তাহলে ডিসেম্বরের ৬ তারিখে ওই সমাবেশ বন্ধ করা যেত। এবং ২.৬৭ একর জমি রক্ষা করা যেত। ৫০০ বছরের সৌধকে রক্ষা করা যেত। সুতরাং এর থেকেই বোঝা যায় আপনাদের এতে সদিচ্ছা ছিল। এর থেকে কি বোঝা যায়না ওদের মধ্যে একটা বোঝাপড়া ছিল। আজকে সি পি এমের হাত ধরে বি জে পি আসেনি। আমরা আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, বিচ্ছিন্নতাবাদ আন্দোলন, সাম্প্রদায়িক হানাহানি ভারতবর্ষকে ভাগ করে দিতে চাইছে। ভারতবর্ষের প্রাক্তন প্রধানমন্ত্রী সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করেছিল। কিন্তু ভারতবর্ষের মানুষ দেখেছে রাজনৈতিক স্বার্থে, মৌলবাদী শক্তির কাছে তিনি কিভাবে আত্মসমর্পণ করেছিলেন। শাহাবানুর রায় নস্যাৎ করে দিয়ে মৌলবাদী শক্তির কাছে তিনি আত্মসমর্পণ করেছিলেন, ইতিহাস তার জন্য আপনাদের ক্ষমা করবে না। আপনারা মুখে ধর্মনিরপেক্ষতার কথা বলবেন, আর রাজনৈতিক স্বার্থে মৌলবাদী শক্তির কাছে আত্মসমর্পণ করবেন এইভাবে সাম্প্রদায়িকতা রোখা যায় না, ধর্মনিরপেক্ষতাকে রোখা যায় না। ইতিহাস আরও দেখল যে আপনারা আরও একবার ধর্মীয় মৌলবাদী শক্তির কাছে আত্মসমর্পণ করলেন। তারপরেও কি মানুষ ভুলে যাবে সেইসব ঘটনা। ৬ই ডিসেম্বর, ১৯৯২ সালের পর ভারতবর্ষে—আপনারা তো সর্ববৃহৎ রাজনৈতিক দল, এটা অস্বীকার করার কোনও উপায় নেই—আপনারা কোনও বৃহৎ মিটিং করেছেন। আপনারা বলেন আপনারা ধর্মনিরপেক্ষ দল, কিন্তু দুঃখের বিষয় আপনাদের দলের ধর্মনিরপেক্ষতার দাবি আজ ম্রিয়মান হয়ে গেছে। সেই ধর্মনিরপেক্ষতার দাবি আপনারা পালন করতে পারেননি। সারা ভারতবর্ষে বড় দলের ভূমিকা আপনারা পালন করতে পারেন নি। আজকে ভারতবর্ষ জুড়ে বামপন্থী শক্তিগুলি, ধর্মনিরপেক্ষ মানুষের, গণতান্ত্রিক মানুষের দেশপ্রেমিক মানুষের সমাবেশ করে এই বিপজ্জনক শক্তিকে মোকাবিলা করার চেষ্টা করছে। সৌগত বাবু আপনি অনেক তথ্য দিয়ে বলেন, সঠিক কথা বলেন, কিন্তু ভারতবর্ষে কোনও রাজ্যে আপনাদের দল বিরাট সমাবেশ ডেকে মানুষকে এই সাম্প্রদায়িক শক্তির মোকাবিলা করার জন্য ব্যবস্থা নিয়েছে? গুজরাটে নিয়েছে, মহারাষ্ট্রে নিয়েছে? নরসিমা রাও শুধু ভারতবর্ষের প্রধানমন্ত্রী নন, তিনি কংগ্রেস দলের সভাপতিও, তার নেতৃত্বে কোনও জায়গায় কি কংগ্রেস বিরাট সমাবেশ ডেকেছে? আপনারা আপনাদের ভূমিকা পালন করেননি। আপনারা ইদানিংকালে নিজেদের গৃহযুদ্ধে লিপ্ত আছেন। ভারতবর্ষের মানুষ সেসব জানে। মহারাষ্ট্রে শিবসেনা দাপাদাপি করছে, আর মুখ্যমন্ত্রীর গোষ্ঠী এবং পাল্টা গোষ্ঠী, স্লোগান এবং পাল্টা স্লোগান দিচ্ছে। সেই শিবসেনার বিরুদ্ধে লড়াই করছে না, নিজেদের বিরুদ্ধে শুধু তারা লড়াই করছে। ওড়িশার প্রদেশ কংগ্রেসের মিটিঙে দুই গোষ্ঠীর লড়াই হল, ত্রিপুরায় নির্বাচনের দিন ঘোষণার পরে কে প্রার্থী হবে সেই নিয়ে সেখানে গন্ডগোল হল। এখন তো আবার তদন্ত হচ্ছে ব্রাবোন রোডের মঞ্চের দড়ি কে খুলল সেই নিয়ে।

[1-40 — 2-15 p.m.](including adjournment)

আর যারা সারা ভারতবর্ষ জুড়ে সাম্প্রদায়িকতায় বিরুদ্ধে লড়াই-এ নেতৃত্ব দিচ্ছেন সেই বামপন্থীদের পেছন থেকে আঘাত করার জন্য এই মুহূর্তে আপনারা মহাকরণ অভিযান খেলা শুরু করেছেন যাতে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে অভিযান যেন জোরদার না হতে পারে। স্যার,

পরিশেষে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, কংগ্রেস পরিষদীয় দলের নেতার পরিবর্তন হয়ে শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় চলে গেছেন, ডাঃ জয়নাল আবেদিন এসেছেন—কিন্তু তাদের নীতি পরিবর্তন হয়নি। আমরা আশা করেছিলাম যে ডাঃ জয়নাল আবেদিনের নেতৃত্বে ওরা দায়িত্বশী বিরোধীদলের ভূমিকা পালন করবেন এবং শুধু সমালোচনার জন্য সমালোচনা করবেন ন আপনাদের বলি, বিরোধীদল যখন আছেন, পশ্চিমবঙ্গের মানুষ যখন আপনাদের ঐ আস বসতে বাধ্য করেছেন তখন দায়িত্বশীল বিরোধীদলের ভূমিকা পালন করে গঠনমূলক সমালো করুন। কিন্তু স্যার, ওরা যা করলেন তাতে তার ধারকাছ দিয়েও ওরা গেলেন না। এটা হ ওদের রাজনৈতিক দেউলিয়াপনার পরিচয়। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণে উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য ননী কর মহাশয় এনেছেন তা আর একব সমর্থন করে অমি আমাদের বক্তব্য শেষ করলাম।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি, আবার আমরা মিলিত হব দুটো বেজে পনে মিনিটের সময়।

(At this stage the House was adjourned till 2-15 p.m.)

**(After Adjournment)**

[2-15 — 2-25 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যপাল প্রদত্ত ভাষণে উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবে আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে যে সংশোধনীগুলো আ হয়েছে, তার সমর্থনে আমার বক্তব্য উপস্থাপিত করছি। আমাদের মূল অভিযোগ এই সরক সম্পর্কে যেটা রাজ্যপালের ভাষণে প্রকৃত অর্থে প্রতিফলিত হতে পারেনি, তা হল গত : বছর ধরে এই সরকার পশ্চিমবাংলার বুকে কোনও রকম ভাবে একটা সঠিক দিক নিে করতে পারলেন না এবং একটা প্রকৃত প্ল্যান, সেটাও তৈরি করতে পারলেন না। আম দেখেছি গত কয়েক বছর ধরে এই পশ্চিমবাংলার অর্থনীতিকে কিভাবে রাজ্য সরকার দেউলি অর্থনীতিতে পরিণত করেছে। প্রতি বছর অসীম দাশগুপ্ত মহাশয় অর্থমন্ত্রী হিসাব এখা ঘাটতি শূন্য বাজেটের নাম করে পশ্চিমবাংলার মানুষকে অসীম ধাপ্পা দিয়েছেন, তার তুল বিহীন নজির ভারতবর্ষের অন্য কোথাও মেলা ভার। তিনি বাজেট বরাদ্দ করেন বিভি দপ্তরের নামে, সেই বাজেট বরাদ্দ তিনি পাস করেন এই হাউসে, তারপর দেখা য অর্ধেকেরও কম টাকা সেই দপ্তরগুলো পাচ্ছে এবং পরিস্থিতি এখন এমন পর্যায়ে গি পৌঁছেছে যে অর্থমন্ত্রীকে বিভিন্ন দপ্তরের মন্ত্রীদের আজকে আলাদা আলাদা করে বৈঠক ক বোঝানোর নামে জবাব দিহি করতে হচ্ছে, কারণ মন্ত্রীদের মধ্যে বিক্ষোভ এমনভাবে পুঞ্জিভূ হয়েছে এবং অর্থাভাবে প্রত্যেকটি দপ্তরের উন্নয়ন মূলক কাজ যেভাবে স্তব্ধ হয়ে আছে তা অসীম বাবুর পক্ষে সামাল দেওয়া সম্ভবপর হচ্ছে না। তার জন্য আলাদা আলাদাভাবে তাদে বোঝাতে হচ্ছে কিসের পরিস্থিতিতে আজকে অর্থ দেওয়া যাচ্ছে না। সবচেয়ে ভয়ঙ্কর ব্যাপ হচ্ছে চলতি আর্থিক বছরে ১৯৯২-৯৩ সালে পশ্চিমবাংলার জন্য যোজনা বরাদ্দ ১৫০ কোটি টাকা ছিল। কিন্তু যোজনা বরাদ্দের ১৫০১ কোটি টাকার প্রায় এক চতুর্থাংশ সম্

সংগ্রহ করতে পারেননি এই রাজ্য সরকার এবং ৪০১ কোটি টাকাতে নেমে এসেছে। তারপরও আবার ৯৩-৯৪ সালে যোজনা বরাদ্দ করতে হচ্ছে ১৫৫০ কোটি টাকার জন্য তারা যোজনা কমিশনের সঙ্গে বসে তারা ১৫৫০ কোটি টাকার যোজনা পাস করিয়ে নিয়ে এসেছে।

৯১-৯২ সালে এই যোজনা চলতি আর্থিক বছরে বরাদ্দের পরিমাণে যেভাবে নেমে এসেছে তাতে ৯৩-৯৪ সালের জন্য ১৫৫০ কোটি টাকার যোজনা বরাদ্দ ধরবার যে তাদের দৃষ্টিভঙ্গি এটাও আর একটা অবৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি প্রমাণিত হবে ভবিষ্যতে। এবং প্রথম থেকে রাজ্য সরকার সচেতন না থেকে সস্তায় হাততালি কুড়াবার মোহতে এবং নেশায় অসীমবাবু জিরো ডেফিসিট বাজেটের মধ্যে যেভাবে ঘুরপাক খাচ্ছেন, তাতে বাংলার অর্থনৈতিক উন্নয়নের অগ্রগতি সম্পূর্ণ ভাবে স্তব্ধ হয়ে গেছে। প্রত্যেকটা দপ্তরে আজকে অর্থাভাবে ভুগতে হচ্ছে এবং শেষ পর্যন্ত পিয়ারলেস এর মতো সংস্থার কাছ থেকে টাকা ধার করে রাজ্য সরকারকে মাইনে দিতে হয়েছে কর্মচারিদের এর থেকে বড় লজ্জার ঘটনা কলঙ্কের ঘটনা পশ্চিমবাংলার ইতিহাসে অতীতে কখনও ঘটেনি। আমরা আজকে সে কারণে প্রথমেই এই সরকারের উদ্দেশ্যে হুঁশিয়ারি দিয়ে বলতে চাই ১৬ বছর ক্ষমতায় থাকার পর রাজ্যের মানুষকে বিভ্রান্ত করে বোকা না বানিয়ে প্রকৃতপক্ষে রাজ্যের উন্নয়নমূলক কাজে মনোনিবেশ করুন। স্যার, আমরা যে প্রশ্ন এর আগে বহুবার এই হাউসে করেছি, সেই প্রশ্ন আজকে আবার করছি—আমাদের মুখ্যমন্ত্রী প্রায়শই বিদেশ সফর করেন এবং প্রতিবারই বিদেশ সফরের প্রাক্কালে বলেন যে তিনি অনাবাসী ভারতীয়দের পশ্চিমবাংলায় আকৃষ্ট করবেন যাতে বিদেশি পুঁজি এখানে বিনিয়োগ হয়। তিনি গত ১৬ বছরে ২০ বার বিদেশ সফল করেছেন। আমাদের তাতে আপত্তি নেই। কিন্তু আমাদের এটা জানতে হবে যে, গত ১৬ বছরে মুখ্যমন্ত্রীর ২০ বার বিদেশ ভ্রমণের পরে এন আর আই ইনভেস্টমেন্ট আমাদের পশ্চিমবাংলায় কত হয়েছে? আমাদের জানতে হবে তার প্রতিটা ভ্রমণই কি নিছক প্রমোদ ভ্রমণ হয়েছে, না পশ্চিমবাংলার উন্নয়নের স্বার্থে হয়েছে? আজকে যেখানে মহারাষ্ট্র, গুজরাট তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ এন আর আই, ইনভেস্টমেন্টের ক্ষেত্রে বিপুলভাবে এগিয়ে যাচ্ছে, সেখানে পশ্চিমবাংলা এক শোচনীয় চিত্র বহণ করছে। আমরা তাই মনে করি রাজ্যপালের ভাষণের মধ্যে এবিষয়ে স্পষ্ট ভাবে উল্লেখ থাকা উচিত ছিল যে, মুখ্যমন্ত্রীর বিদেশ সফরের মধ্যে দিয়ে এ রাজ্যে এন আর আই ইনভেস্টমেন্ট কত হয়েছে। স্যার, এ রাজ্যে ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে, কাজের কোনও পরিবেশ নেই। বিভিন্ন সময় মন্ত্রীদের মুখ থেকেও এই হতাশার কথা শুনতে পাই। তারাও বলছেন, কাজের পরিবেশ নষ্ট হয়ে গেছে। আমাদের মনে রাখতে হবে একটা রাজ্যে যদি ওয়ার্ক কালচার নষ্ট হয়ে যায়, রাজ্যের চতুরদিকে যদি একটা স্থবির অবস্থার সৃষ্টি হয়, কাজের পরিবেশ যদি না থাকে, কোনও কাজ যদি না হয় তাহলে কাজের পরিবেশ ফিরিয়ে আনবার জন্য কিছু বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করতে হয়। একটা সরকার ১৬ বছর ক্ষমতায় থাকার পর যদি সেই অবস্থার সৃষ্টি হয় তাহলে তার অবশ্যই কতগুলো বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করা উচিত। অথচ আমরা সে জিনিস এখানে দেখছি না। আমরা দেখছি এ রাজ্যে ওয়ার্ক কালচার থাকছে না, প্রোডাকটিভিটি থাকছে না, প্রফিটেবিলিটি থাকছে না এবং এই সমস্ত জিনিসকে বাদ দিয়েই এ রাজ্যে শিল্প উন্নয়নের চেষ্টা করা হচ্ছে।

রাজ্যের শিল্প পরিস্থিতি কি পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে তা তো আমরা দেখতেই পাচ্ছি। স্যার, পশ্চিমবাংলায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ হয়েছে শতকরা ৭৩%। অথচ ভারতবর্ষের অন্যান্য রাজ্যে, মহারাষ্ট্র গুজরাট, কর্ণাটক, তামিলনাড়ু, হরিয়ানা, পাঞ্জাব, হিমাচল প্রদেশ প্রভৃতি রাজ্যে ১০০% গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ করা সম্ভব হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় সম্ভব হয়েছে মাত্র ৭৩%। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে গত ১৫ বছরে লস হয়েছে ১ হাজার কোটি টাকার ওপরে। রাজ্যে রাষ্ট্রীয় পরিবহনে লস হয়েছে ৭৫০ কোটি টাকার ওপর। প্রতিটি ক্ষেত্রে এই রাজ্য এইভাবে বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির মুখোমুখি। এই অবস্থা সামাল দেবার জন্য রাজ্য সরকারের কোনও উদ্যোগ, কোনও নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি আমরা দেখতে পাচ্ছি না। স্যার, আজকে আমরা আর একটা বিষয়ে বিশেষ ভাবে আতঙ্কিত—যেটা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ থাকা উচিত ছিল বলে আমরা মনে করি—পশ্চিমবাংলায় মাঝে মাধ্যেই উগ্রপন্থী হানা হচ্ছে। পুরুলিয়ার ঝালদা দিয়ে এই জিনিস শুরু হয়েছিল। আমরা দেখছি হাওড়া, হুগলি, এমন কি কলকাতা শহরেও উগ্রপন্থীরা হানা দিচ্ছে। কখনও কখনও কলকাতা এয়ার পোর্টে উগ্রপন্থীরা এসে হানা দিচ্ছে। কখনও শিখ উগ্রপন্থীদের দেখা যাচ্ছে কখনও এল টি টি ই, উগ্রপন্থীদের দেখা যাচ্ছে কখনও উলফা উগ্রপন্থীদের দেখা যাচ্ছে। তাহলে আজকে কি পশ্চিমবাংলা উগ্রপন্থীদের কাছে খুব বিশ্বাসযোগ্য ঘাঁটিতে পরিণত হয়েছে? রাজ্যপালের ভাষণের মধ্যে এসবের কোনও উল্লেখ নেই। আজকে পাঞ্জাব থেকে পুলিশ ছুটে আসছে পশ্চিমবাংলায়। পাঞ্জাব পুলিশকে ডাকতে হচ্ছে উগ্রপন্থী গ্রেপ্তারের জন্য। এটা রাজ্যের লজ্জা, রাজ্যের মুখ্যমন্ত্রীর লজ্জা।

[2-25 — 2-35 p.m.]

অথচ আমরা দেখছি এদের কোনও লজ্জা নেই। কলকাতা শহরে এবং পশ্চিমবঙ্গের বুকেএই ধরনের উগ্রপন্থীদের উৎপাত, যে উগ্রপন্থীরা প্রতি নিয়তই মনে করছে যে আমরা এমন একটি শহরে বসবাস করতে পারি যেখানে পুলিশ রাজনৈতিক দিক থেকে একেবারে পলিটিসাইজড পুলিশ ফোর্স হয়ে গেছে, যাদের উপর মানুষের বিশ্বাসযোগ্যতা একেবারে শূন্য হয়ে গেছে। সেখানে পুলিশের অবসরপ্রাপ্ত ডাইরেকটার জেনারেল বি জে পিতে নাম লিখে চলে এলেন। পুলিশ কমিশনারের সম্মুখে কালীঘাটে এমন এক ঘটনা ঘটানো হল যে সরকার তাকে সরিয়ে দিলেন। সেইরকম একটা পুলিশ বাহিনী যাদের উপর ভারতবর্ষের অন্য রাজ্যের পুলিশ বাহিনী নির্ভর করতে পারেন না—লজ্জায় আমাদের মাথা হেঁট হয়ে গেছে—উগ্রপন্থীদের মোকাবিলা করতে পাঞ্জাব পুলিশকে ছুটে আসতে হচ্ছে। কেন পুলিশ করতে পারছে না? রাজ্যপাল মহাশয়ের ভাষণে, পশ্চিমবঙ্গের বুকে যে সব ঘটনা ঘটছে যা জানতে আমরা উদগ্রীব তা নেই যে একটা সুশৃঙ্খল পুলিশ বাহিনীকে বিশৃঙ্খল পুলিশ বাহিনীতে রূপান্তরিত করা হল। বিভিন্ন থানা গুলিকে পার্টি অফিস হেডকোয়ার্টার্স রূপান্তরিত করা হচ্ছে। লোকাল কমিটির সদস্যরা ছাড়া তাদের নেতারা সেখানে সিগন্যাল না দিলে পুলিশ কাজ করতে পারে না। প্রশাসন সম্পূর্ণভাবে ওদের নিয়ন্ত্রণের মুখে চলে যাচ্ছে। সি পি এম এর উদ্দেশ্য পশ্চিমবঙ্গে একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করা এবং তা করতে গেলে পুলিশ বাহিনীকে হাতে রাখতে হবে। পুলিশ বাহিনীকে হাতে রাখতে গেলে তাদের কোনও কাজে বাধা দেওয়া যাবে না। তাই আমি দেখছিলাম গত ১০ বছরে পশ্চিমবঙ্গে পুলিশ হেফাজতে, পুলিশ কর্তৃক

এই রাজ্যে ৪২টি নারী নির্যাতনের ঘটনা ঘটল। স্যার, আমি আজকে ৪২টি ঘটনা এখানে দাখিল করতে চাই। কোন থানায় কার উপরে কিভাবে বলাৎকার হয়েছিল পুলিশের দ্বারা আপনার এখানে উপস্থিত করে প্রত্যাশা করব যে এই বিধানসভার অভ্যন্তর থেকে মাননীয় মুখ্যমন্ত্রী যিনি প্রতি ঘটনাকে এড়িয়ে যাবার আনন্দ উপভোগ করে থাকেন, এবং বিরোধী দলকে যথাযথ গুরুত্ব দেন না।

বিরোধী দলের নেতা মাননীয় জয়নাল আবেদিন সাহেব যিনি বিরোধী দলের নেতা হবার পর তাকে এক ডজন চিঠি লিখেছেন তা আজ পর্যন্ত কোনও সুনির্দিষ্ট জবাব মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে পান নি। আমি বলব ১৯৮২ সাল থেকে ১৯৯২ পর্যন্ত পশ্চিমবঙ্গে পুলিশ হেফাজতে পুলিশ কর্তৃক নারী নির্যাতনের ঘটনা ঘটেছে সে সম্বন্ধে তিনি এই হাউসকে এবং আমাদের অবহিত করবেন। এর পর আসব আপনারা প্রায়শ অভিযোগ করেন রাজ্যের প্রতি কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণ এবং কেন্দ্র নাকি গম, চাল ইত্যাদি দিচ্ছে না। কখনও বলেন যে কেরোসিন দিচ্ছে না। আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা হিসাব দিতে চাই। কেন্দ্রীয় সরকার ১৯৯০ এবং ১৯৯১ সালে যে পরিমাণ চাল গমের বরাদ্দ করেছিলেন সেই চাল এবং গমের বরাদ্দ রাজ্য সরকার তুলতে পারেন নি। পার্লামেন্টের একটা কোয়েশ্চেন তুলে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৯১ সালে পশ্চিমবঙ্গের জন্য চাল বরাদ্দ হয়েছিল ৮ লক্ষ ৫৩ হাজার মেট্রিক টন, পশ্চিমবঙ্গ সরকার সংগ্রহ করেছিলেন ৬ লক্ষ ৯২ হাজার মেট্রিক টন, গম বরাদ্দ হয়েছিল ১১ লক্ষ ১১ হাজার মেট্রিক টন, রাজ্য সরকার সংগ্রহ করেছিলেন ৯ লক্ষ ১০ হাজার মেট্রিক টন। ১৯৯০ সালে চাল বরাদ্দ হয়েছিল ৮ লক্ষ ৫৪ হাজার, এখানে রাজ্য সরকার সংগ্রহ করেছিলেন অর্থাৎ লিফট করেছিলেন ৫ লক্ষ ৯২ হাজার টন। অর্থাৎ ইতিমধ্যে আমাদের পশ্চিমবঙ্গের রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। রেশনে যখন চাল, গমের সরবরাহ নিয়মিত হচ্ছে তখন কলকাতায় ৫/৬ মাস পর্যন্ত রেশনের চাল গম পাওয়া যায় না। এমন অবস্থার মুখোমুখি হতে হয়েছে অথচ আমরা দেখছি বিভিন্ন রাজ্যের কেন্দ্রের কাছে বরাদ্দের পরিমাণ সেই পরিমাণ তারা আজকে তুলে দিতে পারছেন না, এটা আমাদের কাছে লজ্জার কথা। আমার মনে হচ্ছে এরা গোটা পশ্চিমবঙ্গের মানুষকে কেবল মাত্র দীর্ঘদিন ধরে ভাঁওতা দিয়ে ভুল বুঝিয়ে এসেছেন। হলদিয়া এবং বক্রেশ্বর কেবলমাত্র টাটা বা গোয়েঙ্কাদের সঙ্গে যৌথ উদ্যোগে নয়, বীরেন শা-এর সঙ্গে নয়, যদি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ প্রকল্প গড়তে সম্মতি দেন তাহলেই একমাত্র সঠিকভাবে হলদিয়া এবং বক্রেশ্বরকে রূপ দিতে পারবেন। আজকে একচেটিয়া পুঁজি, কিম্বা বিদেশ থেকে সাহায্য নিয়ে সোভিয়েত থেকে সাহায্য নিয়ে যৌথ উদ্যোগ গড়বেন, কিন্তু আজকে সেই সোভিয়েত দেশটাই তো উঠে গেছে। জাপানের কাছে গেছেন, কিন্তু তারাও পিঠ দেখাচ্ছেন। টাটা টিও বিদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে চলে যাবে। বলছেন, স্বরাজ পালকে দিয়ে ইস্কোর মডার্নাইজেশনের কাজ করাবেন, কিন্তু দেখবেন কিছুদিন পরে সেই স্বরাজ পালও বলবেন, 'আমি এর সঙ্গে নেই' এবং তখন হয়ত বি জে পি-র বীরেন শার কাছে ছুটবেন ইস্কোর মডার্নাইজেশনের ব্যাপারে। এই ভাবে আজকে তারা নাকে দড়ি দিয়ে মুখ্যমন্ত্রীকে ঘোরাচ্ছেন। ডাঃ জয়নাল আবেদিন সঠিকভাবেই বলেছেন যে, বি জে পি যেমন অযোধ্যার রাম মন্দিরকে টোপ হিসাবে ব্যবহার করে নির্বাচনের মুখোমুখি হতে চাইছেন, আপনারাও পশ্চিমবঙ্গে সেইভাবে

হলদিয়া এবং বক্রেশ্বরের টোপ নিয়ে নির্বাচনী বৈতরণী পার হতে চান ; কোনওদিন বক্রেশ্বর এবং হলদিয়া হোক সেটা চান না। চাইলে বসন্ত শাঠে বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্পের জন্য যখন যৌথ উদ্যোগের প্রস্তাব দিয়েছিলেন, সেটা গ্রহণ করতেন। আজকে সেই কারণে রাজ্য সরকারের কাছে স্পষ্ট বক্তব্য, হলদিয়া এবং বক্রেশ্বরের সঙ্গে সত্যি যদি পশ্চিমবঙ্গের ভাগ্য জড়িয়ে থাকে, হলদিয়া এবং বক্রেশ্বরের সঙ্গে সত্যিই যদি পশ্চিমবঙ্গের আর্থিক উন্নয়ন এবং অগ্রগতির প্রশ্ন জড়িত থাকে, তাহলে কালবিলম্ব না করে রাজ্যের উন্নয়নের স্বার্থে পশ্চিমবঙ্গের এই দুটি প্রকল্পের জন্য পুঁজিপতিদের সঙ্গে হাত না মিলিয়ে কেন্দ্রীয় সরকারের যৌথ প্রচেষ্টায় সম্পূর্ণ করবার জন্য উদ্যোগ গ্রহণ করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই রাজ্যে সংসদীয় গণতন্ত্রের অস্তিত্ব বিপন্ন হয়ে পড়েছে। শ্রী সৌগত রায় আলোচনা প্রসঙ্গে বলেছেন যে, গত ৭ই জানুয়ারি শ্রীমতী মমতা ব্যানার্জি একজন মূক ও বধির মহিলা, যিনি একজন সি পি এম কর্মীর দ্বারা ধর্ষিতা হয়েছিলেন, তাকে নিয়ে রাইটার্স বিল্ডিং গিয়েছিলেন বিষয়টা মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরবার জন্য। আমি জানতাম না যে, শ্রীমতী মমতা ব্যানার্জি সেখানে যাবেন। যদি জানতাম যে, তিনি একজন মূক ও বধিরকে নিয়ে আর একজন মূক ও বধিরের কাছে দরবার করতে যাচ্ছেন তাহলে তাকে বলতাম, কোনও দরকার নেই যাবার, কারণ একজন মূক ও বধিরকে নিয়ে আর একজন মূক ও বধিরের কাছে দরবার করলে কোনও কাজ হয় না। ওখানে যাবার কি প্রতিফল হয়েছিল, শোভনদেব চট্টোপাধ্যায় এবং মমতা ব্যানার্জির উপর কিরূপ ব্যবহার করা হয়েছিল সেটা আমরা জানি। সেখানে থেকে একজন কেন্দ্রীয় মন্ত্রীকে অ্যারেস্ট করে লালবাজারে নিয়ে গিয়ে পুলিশ কমিশনার বা ডি সি (হেড কোয়ার্টার) এর ঘরে বসাবার মতো ন্যূনতম সৌজন্যটুকুও সেদিন তার প্রতি দেখানো হয়নি, তাকে নিয়ে গিয়ে সেন্ট্রাল লক আপে ঢুকিয়ে দেওয়া হয়েছিল। আজকে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। আজকে তারা যে উদাহরণ সৃষ্টি করে গেলেন, আগামী দিনে রথের চাকা ঘুরলে সংসদীয় গণতন্ত্রে চাকা ঘোরে—আপনাদের অনেকের ভাগ্যে এইরকম নজির আমাদের সৃষ্টি করতে না হয়। সেদিন গণতন্ত্রের মূলে আঘাত করে একজন কেন্দ্রীয় মন্ত্রীকে যেভাবে হেনস্থা করা হয়েছে এবং সাংবাদিক ও ফটোগ্রাফারদের যেভাবে নিগ্রহ করা হয়েছে সেটা রাজ্যের পক্ষে কলঙ্কজনক।

[2-35 — 2-45 p.m.]

আজকে তা আমাদের কাছে কলঙ্কের বিষয়। সাংবাদিকদের হুমকি দেওয়া, সংবাদ পত্রগুলিকে হুমকি দেওয়া, এই ব্যাপারে জ্যোতি বসু থেকে বাংলার হবু মুখ্যমন্ত্রী বুদ্ধদেব বাবু মুন্সিয়ানা দেখানোর ব্যাপারে কোনও ভাবেই কম নন। উনি অন্ধ ধৃতরাষ্ট্র হয়ে বন্দিশালায় বন্দি হয়ে গেছেন। আর বুদ্ধদেববাবু, যিনি তথ্য এবং পৌর দপ্তরের মন্ত্রী, তিনি ঐ দুটো দপ্তরের কাজ ছাড়া অন্যান্য দপ্তরের কাজের ব্যাপারে ব্যস্ত থাকেন বেশি। পশ্চিমবঙ্গে আমরা সকলে জানি যে সাম্প্রদায়িক দাঙ্গার সময়ে যে ২ ঘণ্টা কারফিউ শিথিল করা হয়েছিল তার ফলে এতগুলি মানুষের প্রাণ নষ্ট হয়েছিল। আজকে মুখ্যমন্ত্রীকে বিভ্রান্ত করে, তার অজ্ঞাতসারে তথ্য মন্ত্রী যে কাজ করেছিলেন সেটাতে আমাদের খুবই ভাবিয়ে তুলেছে। আজকে সেই কারণে একথা স্পষ্ট ভাবে বলতে চাই যে এই ১৬ বছরে বামফ্রন্টের রাজত্বে রাজ্যের মানুষের

মনে হতাশার সৃষ্টি করেছে, পশ্চিমবঙ্গের উন্নয়ন স্তব্ধ হয়ে গেছে, ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে, শিল্পের উন্নয়ন বন্ধ হয়ে গেছে, অর্থনৈতিক দিক থেকে রাজ্য দেউলিয়া হয়ে গেছে। আজকে পিয়ারলেসের কাছে এই সরকার বিক্রি হয়ে যাবে। পশ্চিমবঙ্গের ১৬ বছরের বামফ্রন্ট রাজত্বে রাজ্য সরকারের যে প্রতিফলন রাজ্যপালের ভাষণের মধ্যে দেখানো হয়েছে, তা পশ্চিমবঙ্গে প্রকৃত চিত্র নয়। সেই কারণে আমি এর বিরোধিতা করে, আমাদের সংশোধনীগুলির সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য ননী কর মহাশয় এনেছেন, আমি তাকে সমর্থন করে দু'চারটি কথা এখানে বলছি। আমি বিরোধী পক্ষের বক্তব্যগুলি মন দিয়ে শুনেছি। বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন দীর্ঘদিন এই সভার সদস্য। তার অনেক সুখ্যাতি এবং সুনাম আছে। আমি ভেবেছিলাম তিনি রাজ্যপালের ভাষণের উপরে বেশ ভাল বক্তব্য রাখবেন। কিন্তু আমি তার ভাষণ শুনে হতাশ হয়েছি। উনি একজন ভাল পার্লামেন্টারিয়ান, কিন্তু উনি যে সব বক্তব্য রাখলেন সেটা আমি ওর কাছ থেকে আশা করিনি। সুদীপবাবু বললেন যে ১৬ বছরে এই সরকার কিছু করেনি। আজকে সারা বিশ্বজুড়ে সাম্রাজ্যবাদী শক্তি ইউরোপের উপরে যে আঘাত হেনেছে এবং সমাজবাদী রাষ্ট্রগুলিকে খতম করার চেষ্টা করছে। ভারতবর্ষে একটা পুঁজিবাদী সরকারের মাধ্যমে আমাদের এই বামফ্রন্ট সরকার ১৬ বছর ধরে যে ঐতিহ্য রক্ষা করতে পেরেছে সেটা শুধু আমাদের দেশেই নয়, সারা বিশ্বের জনগণের কাছে-সেটা অভূতপূর্ব। কাজেই আজকে ওরা যেসব কথা বলছে তাতে আমি হতাশ হয়েছি। আমাদের এই পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার এর সঙ্গে সঙ্গে কংগ্রেস মিলিত হয়ে যেভাবে আমরা লড়াই করেছি সেই রকম নজির আর কোনও প্রদেশে নেই। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই এই দেশে যখন সাংঘাতিক অবস্থা দারুণ বিপর্যয় শুরু হয়েছিল তখন কংগ্রেসের ভূমিকা কি ছিল। স্যার, আপনি জানেন, ১৯৪৭ সালে হিন্দু মুসলমানের ভিত্তিতে ভারতবর্ষ দু-ভাগ হয়েছিল। তদানিন্তন নেতা ছিলেন জওহরলাল নেহেরু। নিজের স্বার্থ সিদ্ধির জন্য এই কাজ করেছিলেন তিনি। ১৯৪৯ সালে এই বাবরি মসজিদে রাম জন্মভূমি প্রতিষ্ঠিত করেছিলেন। এই সময়ে প্রধানমন্ত্রী ছিলেন জওহরলাল নেহেরু এবং ইউ পি-র মুখ্যমন্ত্রী গোবিন্দবল্লভ পন্থ। তখন থেকে ওরা সূত্রপাত করেছিলেন হিন্দু মুসলমানদের মধ্যে বিবাদ। এই কথা ভুললে চলবে না। তারপর দেখুন ১৯৮৯ সালে রাজীব গান্ধী এবং বুটা সিং বাবরি মসজিদ নিয়ে কি কান্ড করেছেন। তখন ইউ পি-র মুখ্যমন্ত্রী ছিলেন নারায়ণ দত্ত তেওয়ারি। ওরা ওদের ভোটের প্রয়োজনে কখনও হিন্দুদের দিকে গেছেন কখনও মুসলমানদের দিকে গেছেন এবং সাম্প্রদায়িক শক্তির উস্কানি দিয়েছেন নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য। আমরা পশ্চিমবাংলার মানুষ একে প্রশ্রয় দিই না। বিশেষ করে যারা বামপন্থী তারা একে কোনও দিন প্রশ্রয় দেয় না। ১৯৮৫ সালে সাহাবানু মামলার ব্যাপারে আপনারা জানেন। মুসলিম ভোট পাওয়ার জন্য তারা সংসদীয় গণতন্ত্রের রীতিনীতি অনুযায়ী যে বিচার, তার সিদ্ধান্তকে বাতিল করে দিলেন। রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেটা আমাদের কথা নয়, শুধু পশ্চিমবাংলার কথা নয় সারা ভারতবর্ষের কথা যে রকম সুষ্ঠভাবে এই সরকার পরিচালনা করা হয়েছে। এইরকম ভাবে সরকার পরিচালনা অন্য কোনও রাজ্যে হয়েছে বলে আমাদের

জানা নেই। বক্রেশ্বরের টালবাহনার ব্যাপারে আপনাদেরই তৈরি করা জিনিস। রাজ্যপালের ভাষণে বক্রেশ্বরের কথা বলা হয়েছে। আপনারা যে বক্রেশ্বরের কথা বলছেন, আপনারা বক্রেশ্বরে গিয়েছেন? আপনারা বক্রেশ্বরে যান নি। আমি সেখানে বাস করি। আপনারা সেখানে গিয়ে দেখুন কিছু হয়েছে কি না হয়েছে। আপনারা এখানে বসে কেবল চিৎকার করছেন কিছু হয় নি। কি কাজ হয়েছে না হয়েছে নিজেরা গিয়ে দেখে আসুন।

(এ ভয়েস ঃ জল কোথা থেকে পাওয়া যাবে?)

[2-45 — 2-55 p.m.]

জল ঠিকই পাওয়া যাবে। শুধু এখানে বসে চেঁচালে হবে না। পশ্চিমবাংলার অগ্রগতি হয়েছে কি হয় নি আপনারা জানেন না? নুন বিল প্রকল্প হাতে নেওয়া হয়েছে কাজ শীঘ্র আরম্ভ হবে। বক্রেশ্বরে আসুন, এখানে শুধু বক্তৃতা করলেই হবে না, একটার পর একটা জিনিস গিয়ে দেখে আসুন তাহলে বুঝতে পারবেন কি হয়েছে না হয়েছে। আপনারা কেন্দ্রীয় সরকারের কথা বলছেন? কেন্দ্রীয় সরকারের ভুল নীতির ফলে দেশটা আজ এই জায়গায় গিয়ে পৌছেছে। বক্রেশ্বরের জল ঠিক সময় পাওয়া যাবে, থার্মাল পাওয়ার এলে ঠিক জল পাওয়া যাবে। রাজ্যপাল যে ভাষণ রেখেছেন আমি তাকে সমর্থন করছি। আপনারা বক্রেশ্বর নিয়ে যা বলছেন বক্রেশ্বর হয়েছে কি হয়নি তা সেখানে গিয়ে দেখে আসুন। সেখানে জল আছে কি নেই তা দেখে আসুন। কলকাতায় বসে বক্রেশ্বর সম্বন্ধে অভিজ্ঞতা লাভ করা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেসী বন্ধুরা যে কথা বলছেন—তারা বলছেন মুখ্যমন্ত্রী এটা করেন নি, ওটা করেন নি।

(কংগ্রেস পক্ষের শ্রী সুব্রত মুখার্জি বক্তব্যের মধ্যে বাধা দিতে থাকেন এবং প্রতিবাদে শ্রী সাত্ত্বিককুমার রায় নিজ সিটে বসে পড়েন।)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সাত্ত্বিকবাবু, আপনি ওদের কথা শুনবেন না, আপনি বলুন।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গতকাল এই ব্যাপারে বার বার করে বলেছিলেন। আমি এই বাধা দেওয়ার প্রতিবাদে আমার বক্তব্য রাখব না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি উভয় পক্ষকে বলব, একজন যখন একদিকে বলবেন তখন অন্যরা তাকে বাধা দেবেন না। তার কথা শুনুন। এটাই তো সংসদীয় গণতন্ত্র। আপনারা তার বক্তব্য শুনবেন, তিনিও আপনার বক্তব্য শুনবেন। এটাই তো সংসদীয় গণতন্ত্র। এটা খুবই অন্যায়, একজন যখন বলতে ওঠেন তখন অন্য কেউ যদি তা শুনতে না দেন। এটা করলে গণতন্ত্রের রীতিনীতি লংঘিত হয়। এটা করবেন না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণে এই রাজ্যের যে দেউলিয়া অর্থনীতি, তারফলে গোটা রাজ্যের উন্নয়নমূলক যে কাজ তা স্তব্ধ হয়ে গেছে। সেই হতাশাব্যাঞ্জক চিত্রটাকে এই ভাষণে আড়াল করা হয়েছে এবং তথাকথিত উন্নয়নের বাগাড়ম্বর করা হয়েছে। আমি এই ভাষণের বিরোধিতা করি এবং আমার যে কতকগুলো অ্যামেন্ডমেন্ট আছে তা সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আজকে এই রাজ্যের যে অর্থনৈতিক

চিত্র, যোজনা বরাদ্দ যেভাবে আজকে হ্রাস পেয়েছে, যেটা এখানে উল্লিখিত হয়েছে। আমাদের অর্থমন্ত্রী মহাশয় এক সময়ে বলেছিলেন, যেটা সংবাদপত্রেও প্রকাশিত হয়েছিল, যে যোজনা বরাদ্দ ৫০ পারসেন্ট কমে যাচ্ছে, এতে তিনি আপত্তিও করেছিলেন। কিন্তু দেখা যাচ্ছে ৫০ পারসেন্ট নয় মোট বরাদ্দের প্রায় ৪০০ কোটি টাকা কমে যাচ্ছে। প্রতিটি দপ্তরই অর্থমন্ত্রীর কাছে বিক্ষোভের কথা বলছেন। কোনও দপ্তরে যেখানে বরাদ্দ ১০-১২ কোটি টাকার, সেখানে সেই দপ্তর পাচ্ছে ২ কোটি টাকা। ফলে বিক্ষোভ আছে। যোজনায় সমস্ত উন্নয়নমূলক যে কর্মসূচি ছিল তা বাদ যাচ্ছে। সমবায় দপ্তরের যে ১০ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ ছিল তা পায় নি। আমি সেদিন সমবায় মন্ত্রীর কাছ থেকে জানতে পারলাম যে ২১ লক্ষ কিম্বা ২২ লক্ষর মতো টাকা পেয়েছেন। তারপরে শিক্ষা দপ্তরের উন্নয়নের ক্ষেত্রে যেখানে ১০০ কোটি টাকা বরাদ্দ ছিল সেখানে মাত্র ২১.৮ কোটি টাকা পাওয়া গেছে। শিক্ষার উন্নয়নের ক্ষেত্রে যেখানে ২০০টি জুনিয়র হাইস্কুলের ৮ম শ্রেণী পর্যন্ত করার কথা ছিল অর্থাৎ হাই স্কুল করার কথা ছিল তা করা যায় নি অর্থাভাবের জন্য। ১০০টি যে জুনিয়র হাই স্কুল হওয়ার কথা ছিল তাও হতে পারে নি। নতুন স্কুল করার অনুমোদন তো পাওয়া যাচ্ছে না। বিদ্যালয়গুলির উন্নয়নের যে কথা ছিল তা কিছুই হচ্ছে না। নতুন কলেজ তো সরকার এখন করবেন না বলেই দিয়েছেন। এরপরে আসছি সেচ দপ্তরে এখানে ৯৯ কোটি টাকা বরাদ্দ ছিল তার মাত্র ৬১ কোটি টাকা পাওয়া যাবে। সরকার বাড়তি টাকা আর দিতে পারছেন না। সেচমন্ত্রী জানিয়েছেন যে, ৫৫ কোটি পাওয়া গেছে আর ৬ কোটি টাকা এখনও পাওয়া যায়নি। তারমধ্যে কন্ট্রাক্টরদের ৩৩ কোটি টাকা দেওয়া হয়েছে। উত্তরবঙ্গে অর্থাভাবে সেচের যে অবস্থা তাতে সেখানকার মানুষের তো আর নিরাপত্তা আছে বলে মনে হয় না। আজকে শিল্পের ক্ষেত্রে অবস্থা অত্যন্ত শোচনীয়। ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য ১৯৮৯ সালে যে কতগুলি প্রকল্প নেওয়া হয়েছিল তাতে তাদের কতগুলি সুযোগ সুবিধা দেওয়ার কথা বলা হয়েছিল, কিন্তু অর্থাভাবে এই খাতে সরকার টাকা দিতে পারছেন না। ১৯৯১-৯২ সালে এই খাতে ১০কোটি টাকা বরাদ্দ ছিল কিন্তু পেয়েছিল মাত্র ৩ কোটি টাকা। ১৯৯২ সালে মন্দা হওয়াতে টাকা পাওয়া যায় নি। এরফলে সরকারের আশা ভরসায় যারা যথা সর্বস্ব দিয়ে টাকা বিনিয়োগ করেছিলেন তারা এই অবস্থায় মাথায় হাত দিয়ে বসেছেন। অথচ এখানে ক্ষুদ্র ও কুটির শিল্পের মন্ত্রী দাবি করছেন যে, অনেক উন্নতি হয়েছে, শিল্পের বিরাট অগ্রগতি হয়েছে। এদিকে ডঃ অসীম দাশগুপ্ত অর্থমন্ত্রী সুকৌশলে প্রশাসনিক জিনিসপত্রের দাম বাড়িয়ে দিলেন। সুতরাং কেন্দ্রকে দোষারোপ করার প্রশ্ন নেই, তার সমালোচনা না করে নিজেই সেই কাজ করলেন। কিন্তু প্রসাসনিক পদক্ষেপ নিয়ে সেই কাজ করলেন। ১লা ফেব্রুয়ারির থেকে অর্থাৎ বাজেটের আগেই ভোজ্য জিনিসের দাম বাড়িয়ে দিলেন। এই দাম বাড়িয়ে দিয়ে তারা ২৫ কোটি টাকা আরও বাড়তি আয় করবেন। কেন্দ্রের এই যে বাজেটের আগেই দাম বাড়ানো হল তার কোনওভাবেই বিরোধিতা করেন নি, উল্টে নিজেই ভোজ্য জিনিসের দাম বাড়িয়ে দিলেন। আসলে আর্থিক সঙ্কটে অর্থমন্ত্রী এমন একটা অবস্থায় এসে পড়েছেন যে, দিক বিদিক জ্ঞানশূন্য হয়ে পড়েছেন। তিনি মদের দোকানগুলিতে অর্ডিন্যান্স চালু করে ঢালাউ মদের লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করেছেন। এতে তার বিশ্বাস অর্থাভাবে বিরাট সুরাহা হবে। এই যে ঢালাউ মদের লাইসেন্স দিলেন এতে তা সমাজের বিরাট ক্ষতি হবে। তিনি সেই কল্যাণ অকল্যাণ কোনও দিকে না দেখে অর্থের কথাই চিন্তা করলেন। যেখানে সি আই ডি

রিপোর্টে বলা আছে যে এই জিনিস রেড সিগন্যাল দেওয়া আছে, এটা করা যায় না। এতে ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন এসে পড়ছে এবং ড্রাগ অ্যাডিকশন বাড়বে। কিন্তু সেই কাজ তিনি করলেন। সেখানে তিনি অর্থাভাব মেটানোর জন্য মদের উপরে ঢালাউ লাইসেন্স দিয়ে দিলেন। সেইকারণে আজকে দুঃখ লাগে যে, একদিন স্বদেশী আন্দোলন যখন হয়েছিল তখন এই মাদক দ্রব্য বর্জন করার নীতি গ্রহণ করা হয়েছিল এবং স্বাধীনোত্তর যুগেও বিদেশি মদ বর্জন নীতি গ্রহণ করা হয়েছিল। আজকে সেখানে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী দিক-বিদিক জ্ঞানশূন্য হয়ে মদের উপর লাইসেন্স দিয়ে দিলেন।

[2-55 — 3-05 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সম্পদ সংগ্রহ বাড়াবার দিকে নজরদারির কোনও ব্যবস্থা নেই। তিন হাজার কন্সটেবলের পোস্ট খালি পড়ে আছে, আট জন ডেপুটি কমিশনারের পোস্ট খালি পড়ে আছে। ৩০ লিটার মদ যেটা তৈরি হয় এবং বিক্রি হয় বে-আইনিভাবে, অবৈধভাবে তার ফলে প্রায় ৩০০ কোটি টাকা রাজস্ব আদায় করা সম্ভব হত। সেদিকে তিনি না গিয়ে ঢালাও লাইসেন্স দেবার ব্যবস্থা করলেন। এটা কি দায়িত্ব সচেতন সরকারের কাজ? একটা সামাজিক, নৈতিক অধঃপতনের দিকে জনগণকে ঠেলে দিতে তিনি দ্বিধা করলেন না। আজকে তিনি বিকল্প পথ, বিকল্প নীতি এইসব বড় বড় কথা বলছেন। কালকে আমি খুব মনোযোগ সহকারে পার্থবাবুর বক্তৃতা শুনছিলাম। ঐগুলো সত্যি হলে আমি সবচেয়ে বেশি খুশি হতাম। কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতিগুলির যদি একটা বিকল্প নীতি গ্রহণ করা হত তাহলে বুঝতাম জনগণের উন্নয়ন করার জন্য আপনারা চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকার আই এম এফের কাছ থেকে লোন নিয়ে দেশকে চরম সর্বনাশের দিকে ঠেলে দিচ্ছেন।

কিন্তু রাজ্য সরকারও স্বাস্থ্য খাতে, কলকাতার উন্নয়ন খাতে, কলকাতার সি এম ডি এ, সেচ খাতে, এই সমস্ত বিভিন্ন খাতে বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিচ্ছে এবং দেশবাসীকে এবং রাজ্যবাসীকে ঋণের জালে জর্জরিত করছে। আজকে আমরা দেখতে পাচ্ছি বিশ্বব্যাঙ্কের নির্দেশ জনকল্যাণমূলক খাতে ভরতুকি কমিয়ে দেওয়া হয়েছে এবং জনগণের উপর বাড়তি বোঝা চাপিয়ে দেওয়া হয়েছে হাসপাতালের চার্জ বৃদ্ধি করে, ওষুধ ছাঁটাই করে। বিশ্বব্যাঙ্কের নির্দেশে আজকে এই সমস্ত কাজগুলো করা হচ্ছে। শিক্ষা খাতে ব্যয় ভার কমিয়ে দেওয়ার জন্য অশোক মিত্র কমিশনের সুপারিশ যদি কার্যকর করা হয় তাহলে দরিদ্র জনগণ এবং মধ্যবিত্ত জনগণের পক্ষে শিক্ষা ব্যয়ভার বহন করা কষ্টকর হবে। গত নভেম্বর মাসে বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট লুই প্রেস্টন জ্যোতিবাবুর সঙ্গে বিধাননগরে তার বাসভবনে গোপনে সাক্ষাৎ করেন। সেখানে অনেক আলোচনা হয়। বিশ্বব্যাঙ্ক সম্পর্কে সরকারের এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন দেখে আশ্চর্য লাগে। এর আগে রবার্ট ম্যাকনামারা, বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট যখন কলকাতা এসেছিলেন, তখন কলকাতার এয়ারপোর্টের বাইরেই তিনি বেরতে পারেননি। বামপন্থীরা তাকে গো ব্যাক করে ফেরত দিয়েছিলেন। আজকে সেই বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট বামপন্থীদের মুখ্যমন্ত্রীর সঙ্গে তারই বাসভবনে বসে আলোচনা করছেন এবং এর প্রতিবাদ জানাতে গেলে তার সরকারের পুলিশের হাতে লাঠি খেতে হচ্ছে, মার খেতে হচ্ছে, লক আপে পুরে দেওয়া হচ্ছে। তারপর প্রাইভেটাইজেশনের প্রশ্ন। তারা বলছেন যে রাষ্ট্রীয় সংস্থার বেসরকারিকরণ করে কেন্দ্রীয়

সরকার সর্বনাশ করছেন এবং তারা এর বিরোধিতা করছেন অথচ কার্যক্ষেত্রে তারা নিজেরাই কিছু কিছু ক্ষেত্রে সেই সর্বনাশা পদক্ষেপ নিচ্ছেন। স্যার, আপনি জানেন, ওয়েবেলের শাখা ওয়েবেল ইলেক্ট্রো সিরামিক, তার ৫১ পারসেন্ট শেয়ার বিক্রি করা হল টাটার শাখা এস সি সি কে। সেখানে ম্যানেজিং ডিরেকটার করা হল টাটাদের লোককে। তারপর বাজার অর্থনীতির বিরুদ্ধে ওরা সঠিকভাবেই বলছেন কিন্তু এখানেও কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে যে তারা সেইদিকে এগিয়ে যাচ্ছেন। বিভিন্ন ক্ষেত্রে প্রাইভেটাইজেশন হচ্ছে। আজকে বিদ্যুৎ পর্যন্ত প্রাইভেট সংস্থার হাতে তুলে দেওয়া হচ্ছে। তারপর পিয়ারলেসের মতো সংস্থার থেকে টাকা নেওয়া হচ্ছে। স্যার, চিট ফান্ডগুলির বিরুদ্ধে এই সরকারেই প্রাক্তন অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় এক সময় লড়াই-এ নেমে সেগুলিকে শায়েস্তা করার চেষ্টা করেছিলেন অথচ আজকে সেই রকমই একটা সংস্থা থেকে টাকা নিয়ে সরকার আর্থিক সঙ্কটের হাত থেকে রেহাই পাবার জন্য চেষ্টা করছেন এবং তাদের সাহায্য নিচ্ছেন। আজকে এই সরকারের এই রকম একটা দেউলিয়া অবস্থা। পরিশেষে স্যার, আমি পঞ্চায়েত সম্বন্ধে কয়েকটি কথা বলব। একথা ঠিকই যে পঞ্চায়েতের জন্য অনেক টাকা দেওয়া হচ্ছে কিন্তু সেই টাকা যথাযথভাবে ব্যয় হচ্ছে কিনা তা দেখা হচ্ছে না। অর্থাৎ সেই টাকার সদ্ব্যবহার হচ্ছে কিনা দেখা হচ্ছে না। কারণ আমরা দেখছি এখানে পঞ্চায়েতে বছরের পর বছর অডিট হচ্ছে না। পঞ্চায়েত সমিতিগুলিতে ৮৪/৮৫ সালের পর গত ৮ বছর ধরে অডিট হয়নি। অনেক গ্রামপঞ্চায়েতে ৮৬/৮৭ সালের পর অডিট হয়নি। অর্থাৎ সেখানেও ৬/৭ বছর অডিট হয়নি। অডিট যদি না হয় তাহলে জনসাধারণের টাকার সঠিক সদ্ব্যবহার হচ্ছে কিনা বোঝা যাবে না। স্যার, এই কথা বলে এই ভাষণের বিরোধিতা করে শেষ করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল বিধানসভার উদ্বোধন করে যে বক্তব্য রেখেছেন এবং সেই বক্তব্যের প্রতি সম্মান জানিয়ে এখানে যে শুভেচ্ছাবার্তা পাঠানোর প্রস্তাব আনা হয়েছে আমি তা সমর্থন করে এবং পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল অধ্যাপক নুরুল হাসানের বক্তব্যকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা জানি যে ভারতীয় রাষ্ট্র ব্যবস্থার অধীনে পশ্চিমবঙ্গ নামে যে রাজ্য সেই রাজ্যের শাসনব্যবস্থা পরিচালিত হচ্ছে ভারতীয় রাষ্ট্র ব্যবস্থার আর্থ সামাজিক যে পরিকাঠামো তার ভেতর দিয়ে। সেইজন্য আমাদের মানুষের যে প্রত্যাশা আমাদের রাজ্যবাসীর যে প্রত্যাশা তা পূরণ হবার জন্য যে ধরনের ব্যবস্থা থাকা দরকার সে ব্যবস্থা নেই। কাজেই সেটা জেনে বুঝেই আমাদের বর্তমান রাজ্য সরকারের যে কার্যকলাপ তা বিশ্লেষণ করা দরকার। এই সভায় বিরোধীদলের পক্ষ থেকে রাজ্য সরকারের বিভিন্ন কার্যকলাপের বিরুদ্ধে বিষোদ্গার করা হয়েছে। এই সরকার নানান দিক থেকে ব্যর্থ হয়েছেন বলে বলা হচ্ছে কিন্তু এটা বলার আগে আরও কিছু ব্যাপার পর্যালোচনা করার দরকার আছে বলে আমি মনে করি। স্বাধীনতার পরবর্তীকালে যে অর্থনীতি কংগ্রেস সরকার গ্রহণ করেছিলেন সেই অর্থনীতির প্রতিচ্ছবি বা প্রতিফলন আজকে ঘটছে গোটা ভারতবর্ষের সর্বত্র। কংগ্রেসের যারা বলেন যে তারা ধর্মনিরপেক্ষ—এই ধর্মনিরপেক্ষ কথাটা আমাদের পবিত্র সংবিধানে লিপিবদ্ধ আছে, সেই ধর্মনিরপেক্ষতা যারা রক্ষা করবেন বলে কথা দিয়েছেন তারা কিন্তু নিজেরাই ভন্ডামি করছেন। যিনি নির্বাচিত হচ্ছেন প্রধানমন্ত্রী, যিনি রাষ্ট্রপ্রধান নির্বাচিত হচ্ছেন আমরা দেখেছি তিনি প্রথমে

দেবতার মন্দিরে কিংবা মসজিদে কিম্বা গির্জাতে গিয়ে উপাসনা নিবেদন করে তারপর জলস্পর্শ করছেন।

[3-05 — 3-15 p.m.]

ধর্ম ব্যক্তিগত ব্যাপার কিন্তু কেন্দ্রীয় শাসন ক্ষমতায় পন্ডিত নেহেরুকে বাদ দিলে যতজন এসেছেন, কেউ বা আছেন মাচান বাবার আশীর্বাদ পুষ্ট, কেউ বা এখানে অন্যান্য যে সমস্ত দেব দেবীর মন্দির বা মসজিদ আছে, সেখানে যেয়ে তারা নিজেদের আশীর্বাদ গ্রহণ করে তারপর রাষ্ট্র পরিচালনায় মনোনিবেশ করেন। ঘটনাটা এইরকম, আজকে এই যে ভন্ডামি. এই ভন্ডামি প্রকৃত পক্ষে ধর্ম নিরপেক্ষতার যে মূল ভিত্তি, সেটাকে নাড়িয়ে দিয়েছে। আমরা দেখেছি আজকের যে মৌলবাদী শক্তি আজকে দেশের অর্থনীতি, দেশের সমাজ নীতি, দেশের রাজনীতি দেশকে সামগ্রিক ভাবে ধ্বংস করার কাজে লেগে গেছে। এটার পেছনে কংগ্রেস ভারতবর্ষের বড় লোকদের যে রাজনৈতিক প্রতিষ্ঠান কংগ্রেস, সেই দলের বিরাট ভূমিকা আছে। আজকের যে মৌলবাদী শক্তি, যারা আজকে বি জে পি-র নামে আসছে, তাদেরকে মদত দিতে তাদেরকে নানাভাবে পুষ্ট করে এই কংগ্রেস দল তার এই দীর্ঘ ৪৫/৪৬ বছরের যে শাসন, সেই শাসনে এই জায়গায় নিয়ে এসেছে। আমরা সকলে জানি দেশটা যখন দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে ভাগ হল তখন ঐ কংগ্রেসের ভেতরই সৃষ্টি হয়েছিল মুসলিম লিগ। যারা তরুন কংগ্রেসি বন্ধু তারা জেনে রাখুন, ইতিহাসটা পড়বেন। কংগ্রেস ছিল একটা সময় একটা প্ল্যাটফর্ম। যে প্ল্যাটফর্মে বিনয় চৌধুরির মতো প্রবীণ নেতারা ছিলেন, ঐ ত্রিদীব চৌধুরির মতো বিখ্যাত নেতারা ছিলেন, অগ্নি যুগের বিপ্লবীরা ছিলেন, তেমনি ভাবে আমরা লক্ষ্য করছি যে সেই মুসলিম লিগ, যে মুসলিম লিগ ছিল প্রকৃত পক্ষে ঐ কংগ্রেস দলের ভেতরের লোক জন। সংগত কারণে দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে দেশটাকে ভাগ করার পেছনে কংগ্রেস। সেই কংগ্রেসে আজকে বলছে যে এখানে পশ্চিমবাংলার মতো রাজ্যে আমরা কিছু করতে পারছি না, বামফ্রন্ট গভর্নমেন্ট কিছু করতে পারছে না। বামফ্রন্ট সরকার তার সীমিত যে আর্থ সামাজিক ব্যবস্থা, তার ভেতর দিয়ে যে কাজকর্ম, সেটা তারা করছে। কিন্তু আপনারা বরং বলা যেতে পারে সাবটেজ করছেন এখানে। উন্নয়ন যাতে ব্যাহত হয়, উন্নয়ন যাতে বিলম্বিত হয় তার জন্য উঠে পড়ে লেগেছেন। বরং বলা যেতে পারে যে আমরা আশা করেছিলাম, পশ্চিমবাংলার মানুষ আশা করেছিল যে আপনারা সদর্থক ভূমিকা পালন করবেন, সেটা আপনারা করেননি। করেননি বলে যতটা ব্যর্থতা, যা সমস্ত ব্যর্থতার দায়িত্ব আপনারদের এটা আমরা যেন ভুলে না যাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করছি যে এখানে রাজ্যপাল তার বক্তব্যে, তিনি যে চিত্র আমাদের সামনে উপস্থিত করছেন, সেই চিত্র নিশ্চয়ই আশাপ্রদ চিত্র। তাসত্ত্বেও আমি মনে করি আজকে যে সুস্থির পরিস্থিতি এখানে কিছু উত্তাপ সঞ্চারণ করার চেষ্টা হয়েছে, কলকাতা এবং সুবারবনকে কেন্দ্র করে কিছু দাঙ্গা হাঙ্গামা করার চেষ্টা করা হয়েছে। কিন্তু আমরা খুব গর্বিত পশ্চিমবাংলার মানুষ আমি যেখানে থেকে প্রতিনিধিত্ব করি, উত্তরবাংলার সেই প্রত্যন্ত ডুয়ার্স এলাকায় কোনও উত্তাপ সঞ্চারণ করতে পারেনি। বি জে পি ব্যর্থ হয়েছে এবং কংগ্রেস চুপ করে থেকে কিছু করতে পারেনি। এবং সেইজন্য আমরা মনে করি যে সেই এলাকা যে এলাকা থেকে বামফ্রন্ট সরকারের এই ১৬ বছরের রাজত্বে ওখানে পঞ্চায়েত থেকে শুরু করে বিধানসভা, লোকসভা পর্যন্ত এক নাগাড়ে

বামফ্রন্ট সরকারকে উজাড় করে মানুষ সমর্থন করে সহযোগিতা করছে, সেখানে উত্তরবঙ্গের উন্নয়নের ব্যাপারে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গি এবং তাদের যে ব্যবস্থাপনা তার মধ্যে কিছুটা ফারাক আছে। আমি সবিনয়ে এটা উল্লেখ করতে চাই, আমি আশা করব যে নিশ্চয়ই কিছু কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে, উত্তরবঙ্গে সম্প্রতি জলপাইগুড়ি শিলিগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি গঠিত করা হয়েছে, সেখানে কিছু শিল্প কলকারখানা গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে, কিন্তু আমরা মনে করি রাজ্য সরকারকে আরও প্রত্যন্ত জায়গায় যেতে হবে, আরও প্রত্যন্ত জায়গায় শিল্প সম্ভাবনার দ্বার খুলে দিতে হবে। আমরা লক্ষ্য করছি ডুয়ার্সে উত্তরবঙ্গের চা ছাড়া বৃহৎ কোনও শিল্প নেই। ঐ ১৬/১৭ বছর আগে কংগ্রেস গান গাইতো, নির্বাচনে প্রতিশ্রুতি দিত, কিন্তু কোনও কাজ তারা করেনি, সেখানে বামফ্রন্ট সরকার আসার পর মানুষের প্রত্যাশা জেগেছে—কোনও কোনও ক্ষেত্রে, কিছু কিছু ক্ষেত্রে কিছু কিছু কাজ করেছেন, কিন্তু এখনও বহু কাজ করার রয়েছে। আমরা আশা করব যে শিলিগুড়ির মতো যেমন শিলিগুড়ি জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি করা হয়েছে, তেমনি ভাবে সেই ডেভেলপমেন্ট অথরিটির নামে ডুয়ার্স ডেভেলপমেন্ট অথরিটি করা যায় কি না সেটা রাজ্য সরকার বিবেচনা করবেন। আমরা জানি ওখানে জয়গাঁও ডেভেলপমেন্ট অথরিটি আছে, কিন্তু তার ফাইনান্সিয়াল অথরিটি নেই। উত্তরবঙ্গের বনাঞ্চলে যে মানুষগুলি ব্যাপক বনাঞ্চল সৃষ্টি করেছে তারা এখনো অত্যন্ত বেদনাদায়ক জীবন যাপন করছে। তাদের জীবন যাত্রার উন্নতিকল্পে আমি আশা করব রাজ্য সরকার সেখানে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলবার ব্যবস্থা করবেন। কংগ্রেস দীর্ঘদিন মানুষগুলিকে বঞ্চিত করে রেখেছিল। ওখানকার যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটাবার জন্য ইতিপূর্বে এই বিধানসভা থেকেই সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করা হয়েছিল এবং তারই ফলশ্রুতি হিসাবে 'তিস্তা-তোর্ষা' রেল চালু হয়েছে। এখানে রাজ্য সরকারের পক্ষ থেকে দ্বিতীয় হুগলি সেতুর পর তৃতীয় হুগলি সেতু নির্মাণের কথা ঘোষণা করা হয়েছে। আমি আশা করেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে উত্তরবঙ্গের অন্যতম দুঃখের নদী শীল-তোর্ষার ওপর পার্মানেন্ট ব্রিজ করার কথাও থাকবে। অবিলম্বে ঐ ব্রিজ করা দরকার। ঐ ব্রিজটি নির্মিত হলে উত্তরবঙ্গের লক্ষ লক্ষ মানুষের, কলকাতার লক্ষ লক্ষ মানুষের এবং আসামের লক্ষ লক্ষ মানুষের, কোটির ওপর মানুষের উপকার হতে পারে। আমি আশা করব খুবই শীঘ্র রাজ্য সরকার শীলতোর্ষা নদীর ওপর পার্মানেন্ট ব্রিজ নির্মাণের কথা ঘোষণা করবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা উত্তরবঙ্গের মানুষরা বার বার এখানে বলে থাকি যে, আমাদের উত্তরবঙ্গে ব্যাপক ম্যালেরিয়ার প্রকোপ প্রতি বছরই দেখা যায়। এ বছরও হাজার হাজার মানুষ উত্তরবঙ্গে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। আমি মনে করি কুচবিহারে এবং আলিপুর-দুয়ারে একটা করে ওষুধের স্টোর করা দরকার। প্রায়শঃই উত্তর বঙ্গের ব্যাপক অঞ্চলে জীবন-দায়ী ওষুধের অভাব দেখা দেয়। সেখানে স্টোর করে সেই স্টোরে যাতে জীবনদায়ী ওষুধ থাকে তার ব্যবস্থা করা দরকার।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার জেলা, জলপাইগুড়ি জেলা শিক্ষায় অনগ্রসর জেলা। আমাদের জেলায় প্রচুর সংখ্যক শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব মানুষের বাস। অথচ ঐ সমস্ত মানুষদের জন্য গঠিত প্রাথমিক বিদ্যালয়গুলিতে আজ দীর্ঘদিন ধরে শিক্ষক নিয়োগ বন্ধ। এ বিষয়ে সরকার কে অবিলম্বে উদ্যোগ গ্রহণ করতে হবে। সাথে সাথে টি প্ল্যানটার্স

এবিষয়ে উদ্যোগ আয়োজন যাতে নেয় তারজন্য তাদের বাধ্য করতে হবে।

স্যার, আমাদের জয়ন্তীর ডলোমাইট বিশ্ব বিখ্যাত। যে ডলোমাইট দিয়ে উড়িষ্যায় সিমেন্ট ফ্যাক্টোরি করা হচ্ছে, বাংলাদেশে সিমেন্ট কারখানা করা হচ্ছে, সেই ডলোমাইট দিয়ে উত্তর বাংলার জলপাইগুড়ি জেলায় অবশ্যই সিমেন্ট কারখানা হতে পারে। অবিলম্বে সে ধরনের ব্যবস্থা এবং উদ্যোগ আয়োজন রাজ্য সরকারের পক্ষ থেকে করা হবে, এই আশা আমি করছি।

স্যার, আমাদের রাজ্য ভারতবর্ষের অন্যতম বৃহৎ কৃষি উৎপাদক রাজ্য হিসাবে স্বীকৃতি। এখানে বর্তমানে ১ কোটি ২০ লক্ষ টন ফসল উৎপাদন হচ্ছে। এই অবস্থায় আমাদের রাজ্যে সেচের বিশেষ গুরুত্ব রয়েছে। অথচ আমরা দেখছি তিস্তা ব্যারেজ প্রকল্পের বাঁ-হাতি খালটি কেন্দ্রীয় সরকারের পরিবেশ দপ্তরের বাধার জন্য খনন করা যাচ্ছে না। সেই বাধা অতিক্রম করার জন্য কো-অর্ডিনেশন দরকার। শুধু তিস্তার বাঁ-হাতি খালই নয়, উত্তরবঙ্গে ক্ষুদ্র সেচ ব্যবস্থা সম্প্রসারণের যে বিরাট সুযোগ এখনও রয়েছে তাকে অবিলম্বে কাজে লাগাতে হবে। সেচ (সাবজেক্ট) কমিটির চেয়ারম্যান হিসাবে নদীয়া, বর্ধমান প্রভৃতি জেলায় গিয়ে আমি ব্যাপক জনগণের মধ্যে ব্যাপক সাড়া দেখে এসেছি। ঐ সমস্ত জেলায় অনেক কমান্ড এরিয়া বৃদ্ধি পেয়েছে। অথচ এ ক্ষেত্রেও আমাদের উত্তরবঙ্গ এখনও যথেষ্ট পিছিয়ে আছে। কুচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং, দিনাজপুর, মালদা প্রভৃতি জেলাকে কো-অর্ডিনেট করে, বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্যে কো-অর্ডিনেশনের মধ্যে দিয়ে মোটিভেশন সৃষ্টি করা দরকার।

স্যার, রাজ্যপালের ভাষণের মধ্যে শিল্প বিকাশের কথা উল্লেখ করা হয়েছে। স্যার, উত্তরবঙ্গে চা শিল্প ছাড়া আর কোনও বিশেষ শিল্প এখনও পর্যন্ত গড়ে উঠে নি একথা অমি ইতিপূর্বেই বলেছি। আলিপুরদুয়ারের মতো মহকুমা শহরে শিল্প বিকাশের যথেষ্ট প্রয়োজন রয়েছে। অবিলম্বে সেদিকে সরকারকে দৃষ্টি দিতে হবে। সেখান আই টি আই-র ভিত্তি প্রস্তর স্থাপিত হয়েছে। সেখানে আগামী দিনে মহিলারাও যাতে শিক্ষালাভ করতে পারে তা দেখবার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। এর সাথে সাথে আমি অনুরোধ করব, আমাদের তপসিকাটায় যে পায়নিয়র ভিনর মিল আছে, সেটা সঠিক ভাবে চালাবার জন্য সরকারের পক্ষ থেকে উদোগ গ্রহণ করা হোক। শিবকাটায় একটা চা-বাগান আছে দু বছর ধরে লক-আউট হয়ে আছে। অবিলম্বে যাতে লক আউট প্রত্যাহৃত হয় এবং শ্রমিকরা কাজে যোগ দিতে পারে তার জন্য বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

ভূটানের ফুলসুলিং থেকে কালচিনি, আলিপুরদুয়ার, কুমারগ্রাম প্রভৃতির মধ্যে দিয়ে যে সড়কটি রয়েছে তাকে অবিলম্বে জাতীয় সড়ক হিসাবে ঘোষণা করা প্রয়োজন। সুতরাং সেটাকে জাতীয় সড়ক হিসাবে ঘোষণার দাবি আমি জানাচ্ছি।

আমাদের নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন-এর যে ওয়ার্কশপ আছে সেটাকে যাতে পরিপূর্ণভাবে কাজে লাগানো যায় সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। অবিলম্বে তার পূর্ণ কর্ম-ক্ষমতার সদ্ব্যবহারের ব্যবস্থা করতে হবে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থাকে শুধু দক্ষিণ বঙ্গের পরিষেবার কাজে নিযুক্ত থাকলেই চলবে না, উত্তরবঙ্গের বিস্তীর্ণ চা-বাগান অঞ্চল

থেকে শুরু করে উত্তরবঙ্গের সর্বত্র তার পরিষেবার কাজকে বিস্তারিত করতে হবে।

আমার নেতা শ্রদ্ধেয় ননী ভট্টাচার্য মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন সিদ্ধান্ত ঘোষিত হয়েছিল ওয়েস্টার্ন ডুয়ার্স মার্কেটিং ফেডারেশন গঠন করা হবে। সে উদ্দেশ্যে হাজার হাজার বিঘা জমি অধিগ্রহণ করা হয়েছিল। শ্রদ্ধেয় বিনয়-দা এটা জানেন। অথচ সেই ওয়েস্ট ডুয়ার্স মার্কেটিং ফেডারেশন আজ পর্যন্ত গঠিত হয় নি।

(এই সময় লাল আলো জ্বলে ওঠে।)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের মানুষের দীর্ঘদিনের বঞ্চনা দূর করার জন্য উত্তর বঙ্গের সার্বিক উন্নয়নের দিকে সরকার দৃষ্টি দেবেন এই আশা প্রকাশ করে মাননীয় রাজ্যপালের ভাষণকে আর একবার সমর্থন জানিয়ে এবং বিরোধীদের সংশোধনী প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে এই সরকারের পক্ষ থেকে যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে তার বিরোধিতা করে, আমাদের পক্ষ থেকে যে সংশোধনী আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমি দেখছি রাজ্যপাল এখানে যে ভাষণ রেখেছেন সেই ভাষণ বাইরে সার্কুলেট করা উচিত নয়। কারণ এই ভাষণের সঙ্গে গ্রামবাংলার তথা রাজ্যের সাধারণ মানুষের কোনও সম্পর্ক নেই আগামী দিনে রাজ্যের সাধারণ মানুষদের কোনও কাজ সফল হবার কোনও ইঙ্গিত নেই। ভাষণের মধ্যে নেই। স্যার, আমি দেখছি আজকাল একটা বিষয়ে বামফ্রন্ট সরকার খুব সাফল্য পেয়েছে বা সফল হয়েছে—গ্রামে গঞ্জের রিক্সাওয়ালা থেকে জনমজুর পর্যন্ত প্রতিটি সাধারণ গরিব মানুষ আজকে একটা শব্দ শিখে ফেলেছে—এমবার্গো। তাদের সামান্যতম পাওনা জি আর, টি আর, বা অন্যান্য রিলিফ আজকে এমবার্গো দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছে, এটা তারা জানে। আজকে সরকারের যে কোনও ডিপার্টমেন্টের যে কোনও অফিসে গেলেই সরকারি অফিসাররা, কর্মচারিরা হাতজোড় করে বলেন, কোনও বিষয়েই আমাদের কোনও কিছু করার নেই, এমবার্গো চলছে।

[3-15 — 3-25 p.m.]

শুধু স্যালারি ডিসবার্সমেন্ট ড্রইং অ্যান্ড ডিসবার্সমেন্ট ছাড়া আমাদের কোনও কাজ নেই, আমাদের দ্বারা কোনও কাজ সম্ভব নয়। এ কথা সত্য কিনা এবং ডিপার্টমেন্টে আপনারা যারা সরকার পক্ষের মন্ত্রী মহাশয়রা তারা একবার খোঁজ খবর নিয়ে দেখবেন। মাননীয় রাজ্যপালের ভাষণের ১০ প্যারায় দেখে মনে হচ্ছে না যে সেই টাকাটা কোথায় চলে গেছে। ১৯৯১ সালের ৩রা মার্চ বনগাঁয় ইছামতীর ব্রিজ তৈরির জন্য যে টাকা দেওয়া হয়েছিল ৩ কোটি ১৬ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের টাকা এবং সেই টাকায় ব্রিজ সেখানে তৈরি হচ্ছে, উদ্বোধন শিলান্যাস আরম্ভ হয় নি। আমরা আতঙ্কগ্রস্ত, ব্রিজের টাকা অন্য খাতে চলে গেছে কিনা, আগামী বছর সেই কাজ শেষ করার কথা, এখানে সে কথা কোথাও উল্লেখ নেই। আমি মাননীয় পি ডবলিউ ডি মিনিস্টার যিনি আছেন অন্তত মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে এটা ইনক্লুড করা উচিত ছিল। তা না হলে বনগাঁ আতঙ্কগ্রস্ত হয়ে পড়ছে। আগামী

বছর একটা সিডিউলড পিরিয়ড, ২ বছরের মধ্যে ব্রিজ হবে বলে কাজ আরম্ভ হয়েছে, তার টাকা আছে কিনা সন্দেহ হচ্ছে। পঞ্চায়েতের টাকা সম্পর্কেও আমি বলতে চাই। পঞ্চায়েত সম্পর্কে এখানে বলা হয়েছে গ্রামবাংলার মানুষের আপলিফটমেন্ট হচ্ছে। আই আর ডি পি, ডি আর ডি এ স্কীম এবং এই বিষয়ে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে ডি আর ডি এ-র সাবসিডি নেওয়া হচ্ছে, ডি আর ডি এ-র অফিস থেকে এবং সেই অফিস ডিস্ট্রিক্টে হবার পর দেখা যাচ্ছে বাস্তবে কোনও প্রকার খরচ করা হচ্ছে কিনা সেই বিষয়ে তদারকির কোনও লক্ষ্য কোনও ডিপার্টমেন্টের নেই। ডি আর ডি এ সাবসিডিগুলি ডিসবার্স করতে পারলে এই টাকা ইউটিলাইজ হত এবং দরিদ্র শ্রেণীর মানুষ এ বি সি ডি ক্যাটাগরির যে সার্ভে হয়েছে তার আপলিফটমেন্টের কাজ হত। কিছুদিন আগে আনন্দবাজার, বর্তমান বেরিয়েছিল যে মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তর সঙ্গে দেখা করেছিলাম ১৯৮৯ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত ১১ কোটি ৫৯ লক্ষ টাকা সাবসিডি ডি আর ডি এ-তে করা হয়েছে এবং তার মধ্যে খরচ করা হয়েছে ৩ কোটি ৭৬ লক্ষ টাকা। এই ১০ কোটি টাকা কোথায় আছে? আমরা সংবাদ নিয়ে জেনেছি, স্টেট গভর্নমেন্টের ইনস্ট্রাকশনে ঐ ১০ কোটি টাকা সুদে খাটানো হচ্ছে, বেনিফিশিয়ারিদের তা দেওয়া হয়নি, দরিদ্র শ্রেণীর মানুষদের টাকাটা দেওয়া হয়নি। আমি অসীমবাবুকে বলছি, এটা নিয়ে তদন্ত করা হোক। ১১ কোটি ৫৯ লক্ষ ডি আর ডি এর টাকার মধ্যে মাত্র ৩ কোটি ৭৬ লক্ষ টাকা বিলি করা হয়েছে, বাকি টাকা পড়ে রয়েছে। ১৯৮৯ থেকে ১৯৯২ সময়ের মধ্যে ডি আর ডি এ-র টাকা ফলস সার্টিফিকেট দেখিয়ে তোলা হয়েছে। নেহরু রোজগার যোজনার টাকা সেন্ট্রাল গভর্নমেন্টের অ্যালোকেশন। এই টাকা নিয়ে পি এল অ্যাকাউন্টে ঢুকিয়ে দিয়ে এমবার্গো করে মিউনিসিপ্যালিটি পঞ্চায়েতকে সময়মতো তা দেওয়া হচ্ছে না। এক্ষেত্রে প্রতি বছর যে অ্যালটমেন্ট দেওয়া হয় সেই অনুযায়ী তারা টাকা পান না। গ্রামবাংলায় জওহর রোজগার যোজনার টাকা ছাড়া টাকা নেই। তিন বছর আগে স্টেট প্ল্যানের টাকায় এর অ্যালোকেশনটা দেখানো হয়েছে কাগজে-কলমে, কিন্তু দেওয়া হয়নি। জওহর রোজগার যোজনার এই টাকায় স্টেট গভর্নমেন্টের কোনও শেয়ার নেই। সেই টাকাটা তারা পি এল অ্যাকাউন্টে ঢুকিয়ে সঙ্গে সঙ্গে এমবার্গো করে দিয়েছেন, ফলে ট্রেজারি টাকা ছাড়ছে না। বনগাঁ ট্রেজারিতে সরকারের এইরকম অনেক অর্ডার গেছে, ফলে সেখানে বহু টাকা পড়ে রয়েছে। গ্রামবাংলায় আজকে কোনও টাকা ডিসবার্সমেন্ট হচ্ছে না। এরফলে পশ্চিমবাংলার কোনও মিউনিসিপ্যালিটি উন্নয়ন খাতে কোনও প্রকার টাকা খরচ করতে পারছে না। পঞ্চায়েতেও উন্নয়নের কোনও টাকা নেই, কোনও কাজ সেখানে হচ্ছে না। সবকিছু সেখানে স্তব্ধ হয়ে গেছে। ফিনান্স মন্ত্রীকে বলবার পর ৪ কোটি টাকা হয়ত ছেড়েছেন, কিন্তু সেইটাকাও আজ পর্যন্ত পৌঁছায়নি, ট্রেজারিতে কোনও অর্ডার যায় নি। পাঁচ বছরে মাথাপিছু ৩৩ টাকা ৩৫ পয়সা হিসাবে অ্যালটমেন্ট হয়। কেন্দ্রীয় সরকার এই টাকাটা দিচ্ছেন। এরাই নাকি গণতন্ত্রের পূজারি এবং ধর্মনিরপেক্ষতা ও সাম্প্রদায়িকতা নিয়ে লড়াই করছেন! রাজ্যপালের ভাষণে এটা উল্লেখ করা উচিত ছিল যে, অনুপ্রবেশকারী যারা এই রাজ্যে এসেছেন সেইসব অনুপ্রবেশকারীদের ধরে যে ভোটার লিস্ট তৈরি করা হয়েছে গাইঘাটা, বনগাঁ, বাগদা অঞ্চলে তাতে ১৯৮১ থেকে ১৯৮৯ সালে পপুলেশন যে হারে ইনক্রিজ হবার কথা তার চেয়ে ১০ টাইমস ইনক্রিজ হয়েছে। আজকে তাদের নাম ভোটার লিস্টে ঢুকিয়ে পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি চলছে। ভোটার লিস্টে দেখা গেছে, একজনের বাবাকে আর

এককজনের বলে লেখা হয়েছে। বাংলাদেশের মানুষ সুধীর দাস বাগদার ভোটার। তার কোনও ছেলেমেয়ে নেই।

[3-25 — 3-35 p.m.]

স্বামী-স্ত্রী দু'জনে বাগদার ভোটার, তাকে বাবা সাজিয়ে সার্টিফিকেট দেওয়া হয়েছে। সেই সার্টিফিকেট অনুযায়ী বনগাঁ বিধানসভা কেন্দ্রের ধরমপুর গ্রাম পঞ্চায়েতে ৪ জন বাংলাদেশিকে ভোটার লিস্টে নাম তোলা হয়েছে। তিনি বলছেন যে তার কোনও ছেলেমেয়ে নেই, কিন্তু তার কথা কেউ শুনছে না। এইভাবে সীমান্ত অঞ্চলের ওপার থেকে এসে ভোট দিচ্ছে এবং এইভাবে ভোটার লিস্টে কারচুপি করা হচ্ছে। আজকে সীমান্ত অঞ্চলে প্রচন্ড ভাবে চোরাকারবার বেড়ে গেছে। সেন্ট্রাল গভর্নমেন্ট যে সমস্ত কেরোসিন তেল, চিনি, ডিজেল অ্যালটমেন্ট করছেন সেগুলি আজকে ব্যাপকভাবে বাংলদেশে পাচার হচ্ছে। রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও সে সব কথার উল্লেখ নেই। এইসব চোরাকারবারীদের ধরা এবং তাদের কোনও শাস্তি দেওয়ার ব্যবস্থা হচ্ছে না। সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলি চোরাকারবারীদের হাতে চলে যাচ্ছে এবং তার ফলে সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছে। আজকে থানাগুলিতে কর আদায়ের একটা ব্যবস্থা হয়েছে। আমরা বারবার সরকারকে এই ব্যাপারে বলেছি। থানায় একজন ডাকবাবু করা হয়েছে। এই পোস্ট কবে সৃষ্টি করা হয়েছে আমরা জানি না। থানার একজন কনস্টেবলকে এই ডাকবাবু সাজানো হয়েছে। এই ডাকবাবুর কাজ হচ্ছে টাকা কালেকশন করা। বনগাঁ, বাগদা, গাইঘাটা এই সমস্ত জায়গায় নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলি চোরাকারবারীদের হাতে চলে যাচ্ছে। এই চোরাকারবারীদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা না করে থানার ডাকবাবু ডাক দিচ্ছে ৮০ হাজার টাকা, এক লক্ষ টাকা, আর সমস্ত চোরকারবারীদের কাছে থেকে টাকা আদায় করা হচ্ছে এবং সেই টাকা উপর মহল পর্যন্ত যাচ্ছে। আমরা শুনেছি যে সেই টাকা হোম ডিপার্টমেন্ট পর্যন্ত যায়। আজকে সরকারি অফিসগুলির অবস্থা কি? সপ্তাহে ৫দিন অফিসের ব্যবস্থা করা হয়েছে এবং ১০টার সময়ে অ্যাটেনডেন্স করা হয়েছে। আপনি যদি যান তাহলে দেখবেন যে কেউ ১০টার সময়ে অফিসে আসেনা। ১১।টা, ১২টার সময়ে অ্যাটেনডেন্সে সই করা হচ্ছে, কাউকে কিছু বলা যাবে না। আমাদের বনগাঁ মহকুমায় একজন এস ডি ও আছেন। তিনি যদি অসুস্থ হয়ে পড়েন তাহলে তার অফিসে গিয়ে কিছু বলার মতো আর কেউ নেই। সেখানে কোনও একজিকিউটিভ ম্যাজিস্ট্রেট নেই। মানুষ কোনও বিচার পাচ্ছে না। থানাগুলি সব পার্টি অফিসে পরিণত হয়েছে। সাধারণ মানুষের থানায় গিয়ে নালিশ করার উপায় নেই, কারণ সেখানে অ্যান্টিসোশ্যালরা আনা গোনা করছে। আজকে সমস্ত থানাগুলি পার্টি অফিসের নির্দেশে চলছে। আজকে যদি দেখা যায় যে কোনও দুর্নীতিগ্রস্ত অফিসার দেশের ক্ষতি করছে, তার বিরুদ্ধে অভিযোগ করলে কোনও শাস্তির ব্যবস্থা করা হয় না, তাকে ট্রান্সফারেরও কোনও ব্যবস্থা করা হয় না। আজকে বাংলাদেশের অনুপ্রবেশকারীরা এখানে এসে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করে বসে আছে। ১৯৭৫, ৭৬, ৭৮ সালে বাংলাদেশের রাজশাহী ইউনিভার্সিটি থেকে পাশ করেছে তাদের নাম রেজেস্ট্রি করিয়ে বিভিন্ন স্কুলে চাকরি দেওয়া হচ্ছে লক্ষ লক্ষ টাকা নিয়ে। আজকে ৫০, ৬০, ১ লক্ষ টাকা দিতে হচ্ছে একটা মাস্টারি চাকুরির জন্য আজকে স্কুলগুলির কি অবস্থা! এখানে এডুকেশন মিনিস্টার আছেন, উনি বলতে পারবেন কতগুলি প্রাইমারি স্কুলের ঘর নেই? শিক্ষক কি আছে তার

হিসাব নেই। শুধু মাইনে দিয়ে যাচ্ছে। কোনও স্কুলে দেখা যায় ৪ জন মাস্টার আছে। তার মধ্যে একজন রিটেয়ার করার মতো অবস্থায়, তিন জন নেই, স্কুল বন্ধ হয়ে গিয়েছে। আমার বিধানসভা কেন্দ্রে এই জিনিস আছে। আমি শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা বলেছি, কোনও রকম ব্যবস্থা হয়নি। মাস্টার রিটেয়ার করছে, পেনশন পাচ্ছে না। ৬০-৬৫ বছরে রিটেয়ার করল, জীবন চলে গেল, পেনশন পাচেছ না। তার জীবনে যে পেনশন আছে সেটা সে দেখে যেতে পারল না। এই কথা রাজ্যপালের ভাষণে নেই। এটা কি আশা ব্যাঞ্জক ভাষণ? আজকে গ্রামাঞ্চলে বিদ্যুতের কি অবস্থা? কুটির জ্যোতি যেটা নাকি আদিবাসী তফসিলিদের জন্য, জেলাপরিষদের এই খাতে টাকা খরচ না হয়ে ফেরত যাচ্ছে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

আজকে গ্রামাঞ্চলের চেহারা কি, পশ্চিমবাংলার চেহারা কি?

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[3-35 — 3-45 p.m.]

**শ্রী জাহাঙ্গীর করিম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল পশ্চিমবাংলা বিধানসভার বাজেট অধিবেশনে যে বক্তব্য রেখেছেন তার উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব মাননীয় সদস্য ননী কর মহাশয় এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং এই বিষয়ে আমি কয়েকটি কথা উত্থাপন করতে চাই। আমি কাল থেকে মাননীয় বিরোধী পক্ষের বন্ধুদের বক্তব্য শুনলাম। তাতে রাজ্যপালের ভাষণের উপর গ্রামাঞ্চলে অগ্রগতির রূপরেখা যেটা ফুটে উঠেছে তার বিরুদ্ধে সোচ্চার হবার চেষ্টা করেছেন। এই কথা ঠিক যে ওরা যে দৃষ্টিভঙ্গি নিয়ে চলেন, যে দৃষ্টিভঙ্গি নিয়ে রাজনীতি করেন সেই দৃষ্টিভঙ্গির উপর দাঁড়িয়ে ওরা মানুষের উন্নতি দেখতে পান না। এটা স্বাভাবিক। আমরা গ্রামে গঞ্জে ক্ষেত মজুরদের মজুরি বৃদ্ধি করার জন্য আন্দোলন করতে যাই তখন ওরা মালিকদের পক্ষ নিয়ে তাদের হয়ে কথা বলেন। গ্রামের যারা ভূস্বামী, যারা জমি চোর তাদের বিরুদ্ধে মানুষকে সংগঠিত করে আন্দোলন করতে যাই তখন ওরা জমি চোরদের পক্ষ নিয়ে তাদের হয়ে কথা বলে। জমি চোরদের যাতে ভাগ চাষীরা দখল করতে না পারে সেই প্রচেষ্টা তারা গ্রহণ করেন। স্বাভাবিক ভাবেই গ্রামের উন্নতির ক্ষেত্রে ওরা এই দৃষ্টিভঙ্গি নিয়ে ঠিকই করেছেন। তারা যে দৃষ্টিভঙ্গি নিয়ে সমালোচনা করছেন সেটা ঠিকই করছেন, কারণ তারা ওই দৃষ্টিভঙ্গি নিয়েই রাজনীতি করেন। স্বাভাবিক ভাবেই গ্রামের অগ্রগতি, পশ্চিমবাংলার অগ্রগতি ওনাদের নজরে আসে না। আমি লক্ষ্য করেছি আমাদের মাননীয় শৈলজা দাস উনি এখানে নেই, বলে চলে গেছেন কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন তাতে উনি খুব উৎফুল্ল। উৎফুল্ল হবার কারণ আছে। যে শ্রেণীর উনি প্রতিনিধিত্ব করেন তাতে উৎফুল্ল হবার কারণ আছে। স্যার, আপনি একটা সোকেস তৈরি করুন এবং সেই সোকেসটা চৌরঙ্গিতে বসিয়ে রাখুন। কিছু লিফস্টিক এবং প্রসাধনী দ্রব্য মাখিয়ে জামা কাপড় পরিয়ে শৈলজাবাবুকে ওই সোকেসে বসিয়ে রাখুন তাতে উনি আরও আনন্দ পাবেন। যে সমস্ত দ্রব্যের উপর ছাড় দেওয়া হয়েছে তাতে উনি আনন্দ পাবেন। এখানে সুদীপবাবু বলেছেন নারী নিগ্রহের কথা, ৪০টা না কটা নারী নিগৃহীত হয়েছে

বলেছেন। এই সব হিসাব কোথা থেকে পেলেন আমি জানিনা।

আমরা জানি প্রত্যেকটি নারী-হত্যা বা নিগ্রহের ঘটনা তলিয়ে দেখলে দেখা যাবে যে এগুলোর জন্য দায়ী হচ্ছে এই সমাজ ব্যবস্থা। সামন্ততান্ত্রিক যুগে নারী ছিল ভোগ্য পণ্য। কিন্তু গণতান্ত্রিক যুগে আজকে নারী পণ্যবস্তু হিসাবে ব্যবহৃত হচ্ছে। আমরা জানি, সামন্ততান্ত্রিক মনোভাব আমাদের দেশে এখনও কিছু কিছু জায়গায় আছে। যেমন, সতীদাহ, বধূহত্যা ইত্যাদি ঘটনার মধ্যে এটা আছে। সতীদাহের মাধ্যমে নারীকে সতী করতে চায় এই কারণে যে তার যে সম্পত্তি আছে তা থেকে তাকে বঞ্চিত করা। বধূহত্যার লক্ষ্য হচ্ছে কিছু অর্থ উপার্জন করা। এখানে ওরা নারী নির্যাতনের কথা উল্লেখ করেছেন। ওদের লজ্জা হওয়া উচিত কারণ আমরা জানি, ওদেরই একজন কেন্দ্রীয় মন্ত্রী মন্ত্রীর ঘরের পাশে একটা নিজস্ব কক্ষ থাকে অ্যান্টি চেম্বার বলে ওদেরই দলের একজন মহিলা একটা দাবি নিয়ে তার সাথে দেখা করতে এসেছিলেন। কিছুক্ষণ পরে সেই মহিলা চিৎকার করতে করতে বেরিয়ে গিয়েছিল। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের একজন মন্ত্রী। ওরা নারী নির্যাতনের কথা বলে। ওদেরই একজন কেন্দ্রীয় মন্ত্রী, তাকে অ্যারোপ্লেন থেকে গলা ধাক্কা দিয়ে নামিয়ে দেওয়া হয়েছিল। আকাশে যখন প্লেনটা ওঠে, তখন হঠাৎ তিনি প্লেনের এয়ার হোস্টেজ এর উপরে ঝাঁপিয়ে পড়েছিলেন। পরবর্তীকালে তাকে গলা ধাক্কা দিয়ে তাড়িয়ে দেওয়া হয়েছিল। উত্তর প্রদেশে কি ঘটেছিল? সেখানে এক মহিলা নেত্রীকে সম্মেলনের মঞ্চ থেকে বের করে দেওয়া হয়েছিল। ওদের দলের সর্বভারতীয় ছাত্রপরিষদের কনফারেন্স হচ্ছিল নাগপুরে সেখানে কি ঘটেছিল? সেখানে পতিতাদের বিভিন্ন পতিতালয় ছেড়ে শহর থেকে গ্রামে চলে যেতে হয়েছিল ওদেরই অত্যাচারে। আজকে ওরা এখানে নারী নির্যাতনের কথা বলে। মালোপাড়ায় কি ঘটেছিল? মায়ের চোখের সামনে তার ছেলেকে খুন করা হয়েছে। ওদেরই নেত্রী আভা মাইতির কি হয়েছিল? তাকে একটা সভায় বিবস্ত্রা করা হয়েছিল। এইসব ঘটনা আমাদের জানা আছে। আজকে ওরা নারী নির্যাতনের কথা বলছেন। আমার কাছে সারা দেশের নারী নির্যাতনের একটি তালিকা আছে গত এক বছরে কোন রাজ্যে কি হয়েছে এটা আছে। ১৯৯১ সালে অন্ধ্রপ্রদেশে ৬৩ জন নারী নিগৃহীত হয়েছিল। ঐ সময়ে বিহারে নারী নিগ্রহ হয়েছিল ১২৮ জন, মধ্যপ্রদেশে ২৬০ জন, মহারাষ্ট্রে হয়েছিল ৭৩ জন, রাজস্থানে ১১৫ জন আর আমাদের এই পশ্চিমবঙ্গে সেখানে এই রকম ঘটনা ঘটেছে মাত্র ৯ জনের ক্ষেত্রে। তবে আমরা এই কথা বলতে চাই, পশ্চিমবঙ্গে যে কটি ঘটনা ঘটেছে তা অবশ্যই নিন্দনীয়। পশ্চিমবঙ্গের গণতন্ত্রপ্রিয় মানুষ এর বিরুদ্ধে রুখে দাঁড়াবে, এই প্রতিশ্রুতি আমরা দিতে পারি। কিন্তু ওদের মতো নির্লজ্জ ভাবে কথা আমরা বলতে পারি না।

আমরা দেখেছি যে নির্বাচনের সময়ে বলা হয়েছিল যে জিনিসপত্রের দাম কমিয়ে দেবে, এককোটি বেকারের চাকুরি দেবে। আমরা এই রকম প্রতিশ্রুতি কখনও দিতে পারব না। স্যার, এই প্রসঙ্গে আমার একটি গল্পের কথা মনে পড়ে গেল। আমার এলাকায় একটি বুথে নির্বাচন হচ্ছিল। তখন ওদের কর্মীরা প্রচার করে যে, তাদের যারা ভোট দেবেন তাদের সবাই কে কোল্ড ড্রিংক্স খাওয়াবে। প্রথমে দু-তিনজনকে কোল্ড ড্রিংক্স খাওয়ানোর পর ঐ কর্মীটি বলল যে এখন কোল্ড ড্রিংক্স খাওয়াবে না, পরে খাওয়ানো হবে। ভোট দিয়ে ওখানে ভোটাররা আসার পরে তাদের কোল্ড ড্রিংক্স দেওয়া হয়েছে। তারা ঐ ভোট কর্মীদের বললেন,

আপনারা যখন কোল্ড ড্রিংক্সের ছিপি খুলছিলেন আগে, তখন ফছাস করে শব্দ হচ্ছিল, কিন্তু এখন তো আর সেই ফছাস করে শব্দ হচ্ছে না? আসলে পরবর্তী সময়ে কোল্ড ড্রিংক্স দেবার সময়ে আগেক থেকে ওরা ড্রিংক্স খেয়ে নিয়ে বোতলের মধ্যে জল ঢেলে রেখে দিয়েছিল। যখন পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যে দাঙ্গা স্তব্ধ হচ্ছে না, সর্বত্র আগুন জ্বলছে তখন এখানে বসে বিরোধী দলের সদস্যরা সম্প্রীতির কথা বলছেন। আমি ওদের কাছে কয়েকটি প্রশ্ন করতে চাই, ৬ই ডিসেম্বর ভারতের ইতিহাসে যখন একটা কালিমাময় ইহিতাস রচিত হল তখন ওরা কোথায় ছিলেন? ভারতবর্ষের সংস্কৃতিকে ভেঙ্গে চুরমার করে দেওয়া হল। ভারতের ঐতিহ্যকে যে এইভাবে বিনষ্ট করা হল তখন কেন্দ্রে কি কোনও সরকার ছিল না। বাবরি মসজিদ ভেঙ্গে ধুলিসাৎ করে দেওয়া হল, তখন ওনারা কোথায় ছিলেন? আজকে রাজ্যপালের ভাষণের উপরে আলোচনা করতে গিয়ে সৌগতবাবু অনেক কথা বললেন। আমি তাকে প্রশ্ন করতে চাই যে, কোনও প্রবীণ বি জে পির বিশিষ্ট ব্যক্তির সঙ্গে আপনার ঘরে বসে আলোচনা হয়েছিল এবং কি আলোচনা হয়েছিল সেটা আমাদের এখানে বলতে হবে। তিনি কোন বি জে পির নেতা এবং কি মিটিং করেছিলেন সেটা এই হাউসে দাঁড়িয়ে বলুন। আজকে আপনার দলের লোকদের মনে সন্দেহ জেগেছে যে কংগ্রেস বোধ হয় আর নেই, অতএব বি জে পিতে যোগ দাও, তাই গোপনে তাদের সঙ্গে আঁতাত করে বেড়াচ্ছেন। সেইকারণে আজকে গ্রামেগঞ্জে দেখা যাচ্ছে কংগ্রেস কর্মীরা গোপনে বি জে পির সঙ্গে সম্পর্ক গড়ছে। কারণ মানুষ তো আজকে জেনে গেছে, যে, কংগ্রেসের আর কোনও অস্তিত্ব নেই, অতএব ওদের বিকল্প হিসাবে অন্য দলে ভিড়তে চাইছে। ওরা মুখে বি জে পির নিন্দা করে কিন্তু গোপনে ওদের সঙ্গেই হাত মেলায়। এই হচ্ছে ওদের ব্যবহার, সুতরাং এই যে রাজ্য-পালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করছি।

[3-45 — 3-55 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫শে তারিখে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। রাজ্যপালের ভাষণের মধ্যে নারী নির্যাতন, ধর্ষণ এবং শিক্ষা বিষয়ক ব্যাপারে কোনও প্রসঙ্গই নেই। সেখানে রাজ্যপালের ভাষণের মধ্যে একটি পঙ্গু, দুর্নীতিগ্রস্ত সরকারের প্রতিফলন পরিবেশিত হয়েছে এবং সেই ভাষণকে কখনই সমর্থন করা যায় না। সেইকারণে এর প্রতিবাদে দলের পক্ষ থেকে যে সমস্ত সংশোধনী দেওয়া হয়েছে সেগুলো সমর্থন করে আমি শুরু করছি। রাজ্যপালের ভাষণের যে প্রথম প্রতিবেদন তাতে প্রথমেই পরিবেশিত হচ্ছে সাম্প্রদায়িক দাঙ্গাকে কেন্দ্র করে এবং পশ্চিমবঙ্গের সংস্কৃতি এবং শিক্ষার দিক থেকে এই দাঙ্গার কতটা মোকাবিলা করেছে সেই বিষয়ে বলা হয়েছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ক্ষেত্রে যে সাধুবাদ জানানো হচ্ছে এবং বিভিন্ন স্তরের মানুষকে যে ধন্যবাদ জানানো হচ্ছে তার কোনও দরকার নেই। কারণ এই ব্যাপারে আমরা কেউ কৃতিত্বের দাবি করতে পারি না। এই রাজ্য এমন একটি রাজ্য যেখানে শ্রী চৈতন্যের মতো, শ্রী রামকৃষ্ণের মতো, রবীন্দ্রনাথ, নজরুলের মতো এবং বহু মণীষীরা জন্মেছে।

সুতরাং এই ধরনের রাজ্যে যে সাম্প্রাদায়িক দাঙ্গা দানা বাঁধতে পারবে না সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। এদের চিন্তা-ভাবনা আজকে মানুষের মনের মধ্যে প্রবাহিত হয়, সেই জন্য আজকে এই রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গা হয় না এবং হয়নি। মুখ্যমন্ত্রী এবং আমাদের রাজ্যের বিভিন্ন মন্ত্রীরা বলছেন যে এই রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে। আপনাদের দলের লোকেরা দাঙ্গা করেছে। কাশ্যপপাড়ায়, ট্যাংরার মতিঝিলে হিন্দুদের বাড়ি পুড়িয়ে দিয়েছে, মুসলমানদের বাড়ি পুড়িয়ে দিয়েছে আপনার দলের লোকেরা। আর আপনারা বলছেন সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছে। এই রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গা যেটাকে বলা হচ্ছে, সেটা হত না, আপনাদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করবার জন্য আপনারা দলের লোকগুলোকে দিয়ে দাঙ্গা বাঁধিয়েছেন। আর আপনারা বি জে পি-র বিরুদ্ধে চিৎকার করছেন। আপনারা এখান থেকে ইট পাঠাতে সাহায্য করেছেন, ৩২ হাজার স্বেচ্ছাসেবক এই রাজ্য থেকে অযোধায় গিয়েছিল। ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যে বি জে পি কর্মীদের গ্রেপ্তার করা হয়েছিল, কিন্তু আপনাদের রাজ্যে একজন স্বেচ্ছাসেবককেও গ্রেপ্তার করা হয়নি। সাম্প্রদায়িক দাঙ্গা আপনারা করেছেন, আর মানুষের কাছে চামড়া বাঁচাবার জন্য সাম্প্রদায়িকতা বিরোধী কথাবার্তা বলছেন।

আপনারা নারী নির্যাতনের ব্যাপারে একটা বিশেষ সেলের কথা বলেছেন। আপনাদের মুখে নারী নির্যাতনের ব্যাপারে বিশেষ সেল গঠনের কথা মানায় না। এর আগে সুদীপবাবু বলেছেন ১০ বছরে এই রাজ্যে পুলিশের দ্বারা ৪২ জন মহিলা লাঞ্ছিত হয়েছে পুলিশ লক-আপে। সি পি এম পুলিশ অ্যাশোসিয়েশনের নেতা নীলকমল ঘোষ নেহারবানুকে ধর্ষণ করার পরেও রাজ্যে মুখ্যমন্ত্রী বললেন যে পুলিশ ভাল কাজ করছে। এর পরেও পুলিশ মহিলাদের ইজ্জত কি করে রক্ষা করবে। মেট্রো সিনেমার সামনে থেকে মহিলাকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করা হচ্ছে। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলেন। অনেকে বলছেন মুখ্যমন্ত্রীর সাথে তার আপয়েন্টমেন্ট ছিল না। হ্যাঁ, ছিল না, কিন্তু তিনি তো রাজ্যের মুখ্যমন্ত্রী, তিনি তো দেখা করতে পারতেন। সাগরের বালুকা বেলায় নাতি-নাতনিদের এবং সুন্দরী শ্যালিকাকে নিয়ে বেড়াতে যেতে পারেন, কিন্তু মানুষের কথা শুনতে পারেন না। পার্টির কর্মীরা ১৭ বছরের মূক এবং বধির একজন মেয়েকে অন্তঃস্বত্ত্বা করে দিচ্ছে, এই ব্যাপারে কেন্দ্রীয় মন্ত্রী যখন মুখ্যমন্ত্রীর কাছে যান তখন তিনি সময় পান না। এটা একটা দুঃখের কথা, লজ্জার কথা। আপনরাা নারী নির্যাতনের সেল তৈরি করে কি করবেন? রাজ্যপালের ভাষণের মধ্যে একটা কথা লেখা হয়েছে, রাজ্যে শিল্প সম্পর্ক সাধারণভাবে শান্তিপূর্ণ ছিল। এই শান্তি কি শ্মশানের শান্তি নয়? আপনাদের একটু লজ্জা হওয়া উচিত ছিল, যে রাজ্যে ১১৫টি ক্লোজারের ঘটনা রয়েছে ; ২১৪টি লক-আউটের ঘটনা রয়েছে, যেখানে একটার পর একটা কারখনা বন্ধ হয়ে যাচ্ছে—মেটাল বক্স, এম এম সি, বেঙ্গল ল্যাম্প, ন্যাশনাল ট্যানারি—৭৯ জন মানুষ মারা গেছে সেখানে আপনারা বলছেন শিল্পের অবস্থা ভালো হয়েছে। আজকে শিল্পের কি অবস্থা দেখুন, কৃষ্ণা গ্লাসের লোকেরা বসে বসে আজ মাইনে পাচ্ছে। তাদের কোনও কাজ নেই। এই সরকার রাস্তাঘাট, শিক্ষা, স্বাস্থ্য সমস্ত ক্ষেত্রে ব্যর্থ হয়েছে, তাই এই রাজ্যপালের ভাষণকে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫ তারিখে মাননীয় রাজ্যপাল মহাশয় এই সভায় যে ভাষণ রেখেছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব

এসেছে তা পরিপূর্ণভাবে সমর্থন করে ২/১টি কথা বলতে চাই। প্রথমেই স্যার, আপনার মাধ্যমে খুব বিনয়ের সঙ্গে আমি মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তার তিন নং অনুচ্ছেদ সম্পর্কে কয়েকটি কথা বলব। খুব বিনয়ের সঙ্গে আমি মাননীয় রাজ্যপালকে অনুরোধ করব এটা একটু পুনর্লিখন করার জন্য। তা না হলে আমাদের বামফ্রন্ট সরকারের ভূমিকা এবং পশ্চিমবঙ্গ সরকারের যে ধর্মনিরপেক্ষ ভূমিকা এবং বামফ্রন্ট সরকারের ধর্মনিরপেক্ষতা সম্বন্ধে যে গৌরবজ্জ্বল ভূমিকা তা একটু আঘাত প্রাপ্ত হবে। স্যার, আপনি বোধহয় তিন নং অনুচ্ছেদটি লক্ষ্য করেছেন। তিন নং অনুচ্ছেদে আছে, " ১৯৯২ সালের ৬ই ডিসেম্বর আমাদের রাষ্ট্রের ধর্মনিরপেক্ষ কাঠামোর উপর এক নিদারুণ আঘাত নেমে আসার পর থেকে আমাদের দেশ যে এক ভয়াবহ সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে সে সম্পর্কে মাননীয় সদস্যবৃন্দ অবহিত আছেন। সাম্প্রদায়িক উন্মত্ততার হিংস্র তান্ডবে আমাদের জনজীবনের সুস্থিতি বিপর্যস্ত হয়ে পড়েছিল। এই পশ্চিমবঙ্গেও কলকাতা ও তার পার্শ্ববর্তী কয়েকটি অঞ্চলে কিছু কিছু হিংসাত্মক ঘটনা আমাদের দেখতে হয়েছে। সম্প্রতির ক্ষতি ও ধ্বংসসাধন ছাড়াও এইসব হিংসাশ্রয়ী ঘটনায় যে ২৯ জনের জীবনহানী ঘটেছে তারমধ্যে পুলিশের গুলিতে মৃত্যু ১৮ জনের।" এর পর আরও কয়েকজন আহত হয়েছেন এইসব কথা আছে। স্যার, এই কথাটা এমনভাবে টানা হয়েছে যে তার অর্থটা এমন দাঁড়ায় যেন পশ্চিমবঙ্গ দাঙ্গাতে জড়িয়ে পড়েছে গত ৬ তারিখের বাবরি মসজিদের ঘটনাতে। কিন্তু ঘটনা তো তা নয়। আমি স্যার, ঘটনাটি এইভাবে উল্লেখ করতে চাই। খুব বিনয়ের সঙ্গে মাননীয় রাজ্যপালের কাছে জানাতে চাই যে, ৬ তারিখে যখন বাবরি মসজিদের ঘটনা ঘটেছিল এবং বাবরি মসজিদের ঘটনার পর সারা দেশে যখন দাঙ্গার আগুন দাউ দাউ করে জ্বলছিল, ভ্রাতৃঘাতি দাঙ্গাতে মানুষজনের জীবন বিপন্ন হয়ে পড়েছিল এবং হাজার হাজার মানুষের যখন দাঙ্গায় প্রাণ যাচ্ছিল তখন পশ্চিমবঙ্গে সমাজবিরোধীরা কিছু কিছু হিংসাশ্রয়ী ঘটনা ঘটিয়েছিল। এটা অবশ্য আমাদের কাছে পরিতাপের, দুঃখের এবং লজ্জার। আমি এইভাবে কথাটা বলতে চাই, তা না খুব ভুল হয়ে যাবে। এর পর আমি মাননীয় সৌগতবাবুর দুটি কথা সম্পর্কে কিছু বলব। সৌগতবাবু দাবি করছিলেন যে ২৫ তারিখের ঘটনার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কৃতিত্বের জন্য এখান থেকে ধন্যবাদসূচক প্রস্তাব নেওয়া দরকার। আমি ব্যক্তিগতভাবে রাজি আছি তবে তার সঙ্গে ৬ তারিখের ঘটনার জন্য একই ভাবে প্রস্তাব নেওয়া দরকার। ৬ তারিখে অযোধ্যায় যে ঘটনা ঘটেছিল এবং তারজন্য যে কেন্দ্রীয় সরকারের অপদার্থতাই দায়ী তারজন্যও তাহলে প্রস্তাব নেওয়া হোক। ৬ তারিখের ঘটনার জন্য সারা পৃথিবীর মানুষের কাছে আমাদের যে মাথা হেঁট হল, আমাদের ধর্মনিরপেক্ষতায় যে একটা চালেঞ্জ আনলো মৌলবাদী শক্তি এবং আমাদের ধর্মনিরপেক্ষতায় যে আঘাত হানলো, সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হল এরজন্য দায়ী কেন্দ্রীয় সরকারের অপদার্থতা। বহু পূর্বে সতর্ক করা সত্ত্বেও ৬ তারিখের ব্যাপারে কেন্দ্রীয় সরকার সতর্ক হন নি। এরজন্য যদি নিন্দা প্রস্তাব নেওয়া হয় তাহলে ২৫ তারিখের জন্য ধন্যবাদসূচক প্রস্তাব নেওয়াতে আমি রাজি আছি। ইঁট পূজার ব্যাপারে শোভনদেববাবু বললেন। ইঁট পুজোতে বামপন্থী দলগুলি গিয়েছে আজ পর্যন্ত সে কথা প্রমাণিত হয়নি। শুধু ৬ তারিখের ঘটনার পরই নয়, বেশ কয়েক বছরের ইতিহাস দেখলে বোঝা যাবে যে ভারতবর্ষে সাম্প্রদায়িক সম্প্রীতি আনার ব্যাপারে বামপন্থীদের ভূমিকা কি। এরজন্য নরসিমা রাও-এর রেফারেন্সের দরকার নেই, দেশের মানুষের কাছেই এটা প্রমাণিত।

[3-55 — 4-05 p.m.]

তারা যদি আজকে আন্দোলনে কেউ চাম্পিয়ন হয়, তার জন্য কৃতিত্ব কেউ দাবি করতে পারে, কিন্তু বামপন্থীরা এই কথা বলে না, এই দাবি করে না। গত কয়েকদিন আগে লেফট ফ্রন্টের ডাকে যে মিটিং হল, ১৮ পার্টির ডাকে, সেখানে দাঁড়িয়ে আমাদের মুখ্যমন্ত্রী বিনয়ের সঙ্গে এই কথা দাবি করেছেন, এটা আমাদের একার কাজ নয়, সকলকে এগিয়ে আসতে হবে, তিনি সকলের কাছে আহ্বান জানিয়েছেন। আমরা এই কৃতিত্বের জন্য একা গলায় মালা দিয়ে ঘুরতে চাই না, আপনারাও আসুন, দেশটা আজকে হিংসার আগুনে দাউ দাউ করে জ্বলছে। এর জন্য কে দায়ী সেটা পরে বিচার বিবেচনা হবে। আমি এটাও বলে দিতে চাই এই নিয়ে আমাদের আলাপ আলোচনা করে আজকে এগিয়ে যেতে হবে। আমি দুটো কথা বলতে চাই এই প্রসঙ্গে—নারীদের কথা উঠেছে, নারী নির্যাতনের ঘটনা আমাদের রাজ্যে কিছু কিছু হয়েছে। এটা আমাদের মতো পশ্চিমবঙ্গ রাজ্যে এটা হওয়া উচিত নয়, সারা দেশে যখন এই রকম ঘটনা ঘটে, আমরা অনেক কথা বলি, কিন্তু আমাদের এই সব রাজ্যে পশ্চিমবাংলার কৃষ্টিতে এটা বাধে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার খুব দৃঢ়তার সঙ্গে একে মোকাবিলা করার চেষ্টা করছে। কিন্তু তা সত্ত্বেও সতর্ক হতে হবে। কিছু কিছু এমন ঘটনা ঘটে যা আমাদের কাছে অত্যন্ত পরিতাপের বিষয় হয়ে ওঠে। তা সত্ত্বেও আমি দাবি করব জোরের সঙ্গে, সারা দেশের মধ্যে নারীদের মান সম্মান, ইজ্জত সুরক্ষার দায়িত্ব বামফ্রন্ট সরকারের এবং বামফ্রন্ট সরকারের আমলে যতটা সুরক্ষিত হয়েছে, ইতিপূর্বে কোনও সরকারের আমলে এটা হয়নি। বম্বেতে সাম্প্রদায়িক কালে যে ঘটনা ঘটলো, দাঙ্গার আগুন এখনও নিবছে না, সেখানে বিশেষ করে নারীদের সম্মান যেভাবে ভূলুণ্ঠিত হয়েছে, সেই রকম ঘটনা পশ্চিমবাংলায় ঘটেনি। তা সত্ত্বেও আমি বলব, কেন এই রকম ঘটনা এখানে ঘটবে? এটা দৃঢ়তার সঙ্গে ভাবা উচিত যাতে আগামী দিনে এই রকম ঘটনা আর না ঘটে। আর একটা কথা বলতে চাই, আমাদের বামফ্রন্ট সরকার কিভাবে আমাদের গণতন্ত্রকে বিকেন্দ্রীকরণ করতে চায়। গণতান্ত্রিক ব্যবস্থা বিকেন্দ্রীকরণ করার জন্য আগামী পঞ্চায়েত নির্বাচন ঘোষিত হয়েছে। কোনওদিন ভাবতে পেরেছেন নাকি আপনারা? কোনও কংগ্রেসী রাজ্যগুলিতে এই সব আছে নাকি ভারতবর্ষের মধ্যে? সমস্ত পঞ্চায়েত আইনকে সংশোধন করে তফসিলি জাতি এবং উপজাতি এবং সমস্ত মহিলাদের আসন সংরক্ষণের সমান ভাবে ব্যবস্থা করে দেওয়া হয়েছে। এটা কোনও রাজ্যে হয়েছে নাকি আজ পর্যন্ত? গণতান্ত্রিক ব্যবস্থার বিকেন্দ্রীকরণের এটাই একটা প্রধান এবং প্রথম ধাপ হিসাবে আমরা গ্রহণ করতে পারি। আমরা গ্রাম উন্নয়নের পূর্ব শর্ত হিসাবে আমাদের ভূমি সংস্কার কত বেশি উন্নত হয়েছে। শেষ কালে বলতে চাই কৃষি ব্যবস্থা সম্পর্কে। কৃষি উৎপাদন বৃদ্ধির প্রশ্নে সেচ এবং বন্যা নিয়ন্ত্রণ এই দুই কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

রাজ্যপালের ভাষণে সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের কোনও উল্লেখ নেই। কিন্তু আরও দুঃখের বিষয় বন্যা নিয়ন্ত্রণ প্রসঙ্গে কার্যত কোনও বরাদ্দ পাওয়া যায় নি। মেদিনীপুর জেলার কেলেঘাই, ঘাটাল বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার কোনও উল্লেখ নেই। ইরিগেশন অ্যান্ড কন্ট্রোল দুই এর মধ্যে ফ্লাড কন্ট্রোলকে যে প্রায়রিটি দেওয়া প্রয়োজন, সেই দৃষ্টিভঙ্গির এখানে অভাব রয়েছে। বিদ্যুৎ উৎপাদন—বিদ্যুৎ উৎপাদন আমাদের দেশের যে কোন লোক জানে বিদ্যুতটা খালি শহরাঞ্চলের বিদ্যুৎ হলেই হবে না, গ্রামীণ বিদ্যুতের কথা আমাদের এই রাজ্যপালের

ভাষণে যেটা আছে—আমরা বিদ্যুৎ উৎপাদন এবং পরিবহন ব্যবস্থার মধ্যে উন্নতি কিছু কিছু ঘটিয়েছি, এই কথা অস্বীকার করার উপায় নেই। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে এখনও পর্যন্ত রয়েছে কালক্ষয়ের দীর্ঘসূত্রিতা। এটা প্রশাসনের ত্রুটি এর জন্য মূলত দায়ী। এই সম্পর্কে আমাদের ভাবতে হবে। আমার নিজের বিধানসভা কেন্দ্রের কথা বার বার এখানে উল্লেখ করেছি। নন্দীগ্রাম থানার একটা বিশাল এরিয়া, দীর্ঘ ৮৭ সাল থেকে আজ পর্যন্ত বিদ্যুতের প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও নন্দীগ্রাম এবং নরঘাট এই দুটো কনস্টিটিউয়েন্সি বিদ্যুতের কাজ সম্পন্ন হয়নি। এটাই আজকে প্রশাসনিক ত্রুটি, এই কথা বলে ধন্যবাদ প্রস্তাবকে সমর্থন করে এবং রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-05 — 4-15 p.m.]

**श्री ममताजं हसन** :- मिस्टर डिप्टी स्पीकर सर, २५ तारिख को गर्वनर आंफ वेस्ट बंगाल शैयद नुरुल हसन ने जो एडरेस पेश किए है मै अपनी तरफ से और अपनी पार्टी की तरफ से समर्थन करता हूं और साथ-ही-साथ इस बात का ध्यान दिलाना चाहता हूं, जो गर्वनर एडरेश पेश किया गया है डभलपमेन्ट के नाम पर उसमे वर्धमान जिला के आसनसोल सव-डिभीजन काफी पिछड़ा हुआ है। कृषि के मद में वहां कुछ भी नही हुआ है। पशिचम बंगाल मे अग्रणी भूमिका निभाने वाला वर्धमान जिला से अगर दुर्गापूर, आसनसोल आर रानीगंज को निकाल दिया जाए तो कुछ भी नही रह जाएगा। जहां से कोल, स्टील इत्यादि से स्टेट गवर्नमेन्ट को करोड़ो रुपये रोयाल्टी मिल्ती है। स्टेट गवर्नमेन्ट को वहां से जो रोयाल्टी मिल्ती है उसका १०% भी उस क्षेत्र मे खर्च नही होता है। मै जोर देकर कहता हूं कि उसका १०% भी क्षेत्र के डभलपमेन्ट पर विकास पर खर्च नही होता है। टुटे-फुटे रोड की मरम्मत नही हो पाती है। पीने का पानी की समस्या है। हिन्दुस्तान मे एसा जगह जहां से करोड़ों रुपये का कारोवार होता है, वहां एलेकट्रीसीटी का प्रोब्लम है। वहुत सारे स्कुल नही हो सका है।

सर, मै अभी कुछदेर पहले बिरोधी दल के सदस्य वोल रहे थे कि सरकार शराब पर से जो लाइसेन्स दिया जाता था अव फ्री कर दिया है। मै कहना चाहूंगा कि अब तो वही समय ही आ गया है। अब तो वह होगा ही।

राम राज्य मे शक्कर मिला

कृष्ण राज्य मे घी।

आपके राज्य मे शराब मिला है

ढाल-ढाल कर पी॥

मै एक वात पूछना चाहता हूं, कांग्रेसी वन्धु से, कांग्रेसी दस्तो से, जो परम्परा वात करते है, ट्रेडीशन की वात करते है। क्या यही आपकी नीति है यही कांग्रेसी आपकी परम्परा और बी० जे० पी० की परम्परा मे कोई फर्क है। एक ही सिक्के दो पहलू है। टी० भी० के दो रुप है एक है सालोरा दुसरा है डायनोरा। एक हिन्दु स्टेवीलाइजर दुसरा है विद आउट स्टेवीलाइजर। जो भी काम केन्द्रीय सरकार रती है वह वी० जे० पी० के लाभ-हानि को देखते हुए। सरकार जो भी कदम ठाती है उसका हाल को देखते हुए ही १६ दिसम्वर को जो कुछ भी हुआ उसके ए कांग्रेस अपनी जिम्मेदारी से वच नही सकता। कांग्रेस और वी० जे० पी० एक रे पर वना हुआ है।

सर, मै कांग्रेसी बन्धु से जानना चाहता हूं, २५ फरवरी की रैली को असफल रने के लिए हेलीकाप्टर का प्रयोग किया गया। जो सेन्टीमेन्ट सरकार का रैली को सफल करने मे रहा, वैसा अयोध्या मे भी किया जा सकता था, नही किया गया। यद अगर इस ढंग का स्टेप लिया जाता तो हालत आज ऐसा नही होता। हेलीकाप्टर प्रयोग अयोध्या मे भी उस समय किया जा सकता था जिस समय मशिजद को राया जा रहा था और रास्ता को जाम किए हुए था। वह सिर्फ मुसलमानो की धरोहर नही थी वल्कि सारा राष्ट्र की धरोहर को कुछ ही घन्टो मे ध्वस्त कर या गया और हमारी केन्द्रीय सरकार मूक दर्शक वनी रही। इतने दिन मे यह मसला लझाया जा सकता था लेकिन कांग्रेस भी वी० जे० पी० की तरह इसे चुनाव का द्दा वनाये रहा और मामला सुलझाने से अधिक उलझाने पर जोर देती रही। कांग्रेस नी जिम्मेदारी से वच नही सकती। जिस समय पूरे देश के अन्दर हिन्दु-मुसलमान पस मे लड़कर मर रहे थे उस मुमेन्ट मे हमारी केन्द्रीय सरकार की भुमिका क्या इसे लोग जान गये है।

वी०जे०पी को न तो राम से प्यार है न ही हिन्दु से। वह राम का नाम बेचकर नीति स्टार्ट किया है वह मात्र एलेकसन कम्पाइया के लिए किया है। यह कोन नीति है कि हिन्दु-मुसलमान अपस मे लड़कर मर मिट जाए और उसका राजनीतिक यदा उठाने के लिए तैया रहे। ये टीव० के दो पार्ट की तरह हमेशा सेक काम ते रहे। आज भी नरसिंहा राव रही कार्य करते है, जिससे की वी०जे०पी० खुश

रहे। नारा दिया है हिन्दुस्तान हिन्दु के लिए है। इसी से पता लगाता है कि उन्हे हिन्दु से कितना प्यार प्यार है। अगर हिन्दु से सचमुच प्यार है तो कुछ तो हमारे हिन्दु भाई के लिए करते। सिर्फ उन्हे साम्प्रदायिकता की आग मे झोकने के कभी कुछ किए? और इसकी सारी जिम्मेदारी केन्द्रीय सरकार के उपर है आज जबकि विरोधी थे बी०जे०पी को चाहिए था। जो दिन-पर-दिन प्रति सामनो का दाम बढाया जा रहा है उसके विरोध मे अवाज उठाए।

सर, लोरेठो स्कुल मे काफी धांधली हो रही है। इलाकि इसमे मध्यम वगीय परिवार के बच्चो को पढ़ाने की हिम्मत ही नही कर सकते। सीट सीमित है ओर उसमे अमीर घारो के बच्चे या मंत्री, वड़े पदाधिकारी जो हजारो रुपये खर्च कर सके वही पढा सकते है। बिना डोनेसन के तो एडमिशन होना ही मुशकिल है। मै चाहूंगा कि सरकार कुछ ऐसा कदम उठाए जिससे उसमे जो धांधली होती है उसपर रोक लगाया जा सका। जिससे कि गरीव परिवार के बच्चे मध्यम परिवार के बच्चे भी उसका लाभ उठा सके।

इसके साथ ही गर्वनर एडरेस का मै आपनी ओर से एवं अपनी पार्टी की ओर से हार्दिक समर्थन करता हूं।

**শ্রী আব্দুল সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের আমি বিরোধিতা করে আমার কংগ্রেস দলের তরফ থেকে যে সংশোধনী পেশ করা হয়েছে তার সমর্থনে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল একজন বিদগ্ধ পন্ডিত মানুষ, গান্ধীবাদী মানুষ প্রাক্তন কেন্দ্রীয় সরকারের সফল শিক্ষামন্ত্রী, ভারতের রাষ্ট্রদূত হিসাবে রাশিয়ায় সফল রাষ্ট্রদূত ছিলেন, আর আজকে পশ্চিমবঙ্গের রাজ্যপাল হয়ে এক ব্যর্থ, পঙ্গু সরকারের বলা যায় ধাপ্পাবাজ সরকারের রাজ্যপাল হয়ে আছেন এবং তাকে দিয়ে এই অসত্য ভাষণ যা দেওয়া হয়েছে এটা সম্পূর্ণ পশ্চিমবঙ্গের রাজনৈতিক, অর্থনৈতিক এবং প্রশাসনিক ঘুণে ধরা, যার বাস্তবের সঙ্গে কোনও মিলই নেই। আজকে যারা আমাদের সামনে বসে আছেন তারা দীর্ঘদিন গরিবের নামাবলি পরে গ্রাম গঞ্জের মাঠ ফাটিয়ে সর্বহারার নেতা হয়ে আজকে ১৫ বছর ধরে পশ্চিমবঙ্গের যে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক, প্রশাসনিক ঘুণে ধরা অবস্থা তৈরি করেছেন তাকে আজকে খুব সুন্দর বাক্যের বাঁধনে বেঁধে গভর্নর—রাজ্যপাল মহাশয়ের ভাষণ হিসাবে আজকে প্রচার করে দেওয়া হচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ এই ভাষণে আজকে আশান্বিত নয়, নিশ্চয়ই উদ্বুদ্ধ নয় এবং পশ্চিমবঙ্গের বেকার এবং সাধারণ মানুষ আজকে দিশেহারা। নেই তাদের কোনও নিরাপত্তার ব্যবস্থা, নেই বেকার সমস্যা সমাধানের ইঙ্গিত, নেই কোনও নতুন শিল্প স্থাপনের উদ্যোগ, নেই প্রশাসনের কোনও সহযোগিতা। আজকে এইরকম একটা দিশেহারা অবস্থার মধ্যে ২৫শে ফেব্রুয়ারির রাজ্যপালের ভাষণ এবং তার পরিপ্রেক্ষিতে

ননী কর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উপস্থাপন এখানে করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করছি। কারণ আমরা দেখলাম, হরিহরপাড়ায় যদি পুলিশ প্রশাসন থাকত তাহলে সাত সাতটি মানুষ সেখানে খুন হতেন না। মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে হরিহরপাড়া একটা স্মাগলিং সেন্টার, সেখানকার প্রশাসন ভেঙ্গে পড়েছে, সেখানকার সমস্ত স্তরের পুলিশ প্রধান এবং পঞ্চায়েতের লোকেরা দুর্নীতিগ্রস্ত এসব কথা বার বার জানাবার পরও সেই পুলিশ প্রশাসন সেখানকার নাগরিক কমিটি যখন এর বিরুদ্ধে প্রতিবাদ করছিলেন তখন তাদের সাতজনকে মেরে ফেলল। তারপরও পুলিশের ডি জি যখন হরিহরপাড়ায় যান তখন তাকে অভিনন্দন জানানো হয়েছে! যে পুলিশ প্রশাসন অসাধু চোরা-কারবারের সঙ্গে যুক্ত থাকবে, সাতজন মানুষ খুন করবে, সেই পুলিশ প্রশাসনের ডি জি সেখানে গেলে সম্বর্ধনা পাবেন—এর কোনও ব্যাখ্যা আছে? অর্চিমান ঘটকের আমলে যখন ঘটনাটা ঘটে তখন তো এসব ঘটেনি! এই ঘুনে ধরা প্রশাসন বাদী এবং আসামী—দুইজনের কাছ থেকে আজকে ঘুষ নিতে ব্যস্ত আজকে কোনও নারী থানায় গিয়ে গেলে সেখানে তিনি ধর্ষিতা হন। এই যে ধর্ষণের ঘটনা ঘটছে এর বিরুদ্ধে নদীয়ার সি পি এম-এর সুবোধ গাঙ্গুলি পর্যন্ত প্রতিবাদ করেছেন। আজকে পুলিশ প্রশাসনের মধ্যে রাজনীতি ঢুকেছে, ফলে তারা কিছুই দেখতে পাচ্ছেন না। তাই বলতে চাই, যেখানে শিক্ষা-ব্যবস্থা, স্বাস্থ্য-ব্যবস্থা, প্রশাসন সব ভেঙ্গে পড়েছে, শিল্প ভেঙ্গে পড়েছে, রুগ্ন শিল্প সারা ভারতবর্ষে ৫৮টি যা রয়েছে তারমধ্যে ২৮টি পশ্চিমবঙ্গে। তাই এই ঘুণে ধরা প্রশাসনের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে এবং কংগ্রেস আনীত সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-15 — 4-25 p.m.]

**শ্রী তোয়াব আলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, গত ২৫ তারিখে মহামান্য রাজ্যপাল যে বাস্তবচিত ভাষণ দিয়েছেন এবং তার পরিপ্রেক্ষিতে ননী কর মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব উথাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। সেজন্য মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সারা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের সময়কালের যে চিত্র, যে বাস্তব অবস্থা তাকে তিনি তুলে ধরেছেন। স্বাভাবিকভাবে এই প্রস্তাবকে সমর্থন করতে হবে। আমি গতকাল থেকে আজ পর্যন্ত আমাদের বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্য শুনেছি। আজকে যিনি প্রথমে বক্তব্য রাখলেন, মাননীয় সদস্য সৌগতবাবু, তিনি শিক্ষিত মানুষ, ভাল বক্তা হিসাবে পরিচিত। তিনি বক্তৃতা করতে গিয়ে প্রথমে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থাকে কটাক্ষ করলেন। আমার প্রথম প্রশ্ন হচ্ছে, কংগ্রেসিদের মুখে শিক্ষা ব্যবস্থা নিয়ে কথা বলা শোভা পায় কি? কংগ্রেসিদের কি মনে আছে ১৯৭৭ সালের আগে পশ্চিমবাংলায় শিক্ষা অবস্থা কি ছিল? কি নৈরাজ্য তারা সৃষ্টি করেছিলেন শিক্ষা জগতে? চারিদিকে গণটোকাটুকি, অধ্যাপক, শিক্ষকদের মান সম্মান ধুলিস্মাৎ হয়েছিল, শিক্ষা ব্যবস্থার সতত্রতা নষ্ট হয়েছিল, পরীক্ষা ব্যবস্থা বন্ধ হয়েছিল, যদিও বা পরীক্ষা হত তাহলে ফল প্রকাশ করার কোনও ব্যবস্থা ছিল না, একটা নৈরাজ্য কংগ্রেসিরা সৃষ্টি করেছিলেন ১৯৭৭ সালের আগে। তারা আজকে শিক্ষা সম্পর্কে প্রশ্ন তুলেছেন। সমান্যতম লজ্জা যদি থাকে তাহলে শিক্ষা নিয়ে কোনও প্রশ্ন করবেন না। এখানে কতকগুলি তথ্য তিনি দিলেন। আমি জানিনা এই তথ্য কোথা থেকে পেলেন। আমি একটা হিসাব দিচ্ছি দ্বিতীয় শ্রেণীতে ১৯৭৩ সালে ড্রপ আউটের রেট ছিল ৫৬.৫৪ পারসেন্ট। এটা

১৯৮৬ সালে হল ৪৩.৬৫ পারসেন্ট। ক্লাশ থ্রিতে ১৯৭৩ সালে ছিল ৭০.১১ পারসেন্ট। সেটা ১৯৮৬ সালে হল ৫২.২৩ পারসেন্ট। ক্লাশ ফোরে ১৯৭৩ সালে ছিল ৮৩.৫৩ পারসেন্ট, সেটা ১৯৮৬ সালে হল ৬১.৮৫ পারসেন্ট। এই হচ্ছে ড্রপ আউটের হিসাব। শুধু তাই নয়, সারা ভারতবর্ষে শিক্ষা অনুপাত কি বলছে? সারা ভারতবর্ষে প্রথম থেকে ৫ম শ্রেণীতে শিক্ষার অনুপাত হচ্ছে ৯৭.৯ পারসেন্ট, সেখানে পশ্চিমবঙ্গে হচেছ ১১৮.১ পারসেন্ট। আর ক্লাশ সিক্স থেকে এইট পর্যন্ত অনুপাত হচেছ ৫৫.১ পারসেন্ট, পশ্চিমবঙ্গে হচ্ছে ৬৫.২ পারসেন্ট। এই হচ্ছে গোটা ভারতবর্ষে অনুপাত শিক্ষার ক্ষেত্রে। তারপরে বামফ্রন্ট সরকার আসার পরে শিক্ষার স্বতন্ত্রকে ফিরিয়ে আনা হয় এবং শিক্ষার একটা পরিপূর্ণ পরিবেশ গড়ে তোলা হয়। আমরা বিভিন্ন জায়গায় স্কুল গড়ে তুলেছি। আমাদের সময়ে প্রাইমারি স্কুল হয়েছে ১০ হাজারের বেশি। হায়ার সেকেন্ডারি স্কুল ২ হাজারের বেশি এবং জুনিয়র হাই স্কুল হয়েছে ১ হাজারেরও বেশি। এছাড়া ড্রপ আউট বন্ধ করার জন্য স্কুলে টিফিনের ব্যবস্থা করা হয়েছে, ছেলেমেয়েদের জামা-কাপড়ের ব্যবস্থা করা হয়েছে, বিনা পয়সায় পড়ানোর ব্যবস্থা করা হয়েছে যাতে তারা স্কুলে আসতে পারে, বিনা পয়সাতে বই দেবার ব্যবস্থা করা হয়েছে। এই ভাবে ড্রপ আউট যাতে কন্ট্রোল করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। আজকে আমরা শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি দেখা যাচ্ছে। আমি আপনাদের বলব যে আপনারা শিক্ষা নিয়ে কোনও কথা বলবেন না। শিক্ষা নিয়ে কোনও কথা বলার নৈতিক অধিকার কংগ্রেসের নেই। তবে শিক্ষা সম্পর্কে এখনও কিছু সঙ্কট আছে। আমরা চেষ্টা করে যাচ্ছি সেগুলি সমাধান করার জন্য স্কুলে ভর্তির সমস্যা হচ্ছে কারণ ড্রপ আউটের সংখ্যা কমছে। আমাদের আরও স্কুলের প্রয়োজন। তাসত্ত্বেও শিক্ষার যে অগ্রগতি ঘটেছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। শিক্ষা ক্ষেত্রে আন্তরিক প্রচেষ্টা আছে বলে এই উন্নতি ঘটেছে। আগামীদিনে এই শিক্ষাকে যাতে সর্বভারতীয় ক্ষেত্রে নিয়ে যাওয়া যায় তার চেষ্টা করা হবে। সাক্ষরতা সম্পর্কে একথা বলব যে সাক্ষরতার সাফল্য পশ্চিমবাংলা ছাড়া আর কোথায় আছে? পশ্চিমবঙ্গের মতো এতগুলি সাফল্য আর কোথায় আছে? এগুলি স্বীকার করার মতো মানসিকতা আপনাদের নেই। কাজেই শিক্ষা নিয়ে আপনারা কোনও কথা বলবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা পশ্চিমবাংলায় ১৬ বছর ধরে সরকার পরিচালনা করছি একটি বিকল্প নীতি নিয়ে। সেই বিকল্প নীতিটা কি? কেন্দ্রে কংগ্রেস দলের সরকারের নীতি কি? ৪৫ বছর ধরে তারা ভারতবর্ষ শাসন করেছে, ৩০ বছর তারা পশ্চিমবাংলা শাসন করেছেন। তাদের নীতি কি ছিল, পশ্চিমবাংলায় তারা কাদের স্বার্থে সরকার পরিচালনা করতেন? জোতদার, জমিদার, মহাজনদের স্বার্থে নীতি রচনা করে সরকার পরিচালনা করতেন। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর তার বিকল্প নীতি আমরা নিয়েছি। ভারতবর্ষের ৮০ ভাগ মানুষ গ্রামাঞ্চলে বাস করে, তাদের মধ্যে বেশির ভাগ মানুষ দারিদ্র সীমার নিচে বাস করে, তাদের অর্থনৈতিক উন্নতি যদি না করা যায় তাহলে ভারতবর্ষের উন্নতি হবে না, শিল্পের উন্নতি হবে না। এদের উন্নতি করতে গেলে ভূমি সংস্কার প্রথম প্রয়োজন। সেই জন্য আমরা প্রথমেই ভূমিসংস্কারের উপর গুরুত্ব দিয়েছি। ভূমিসংস্কার নাকি আমরা করিনি জয়নাল আবেদিন সাহেব বলেছেন, ডাঃ রায়ের আমলে নাকি করা হয়েছে। বলুন তো ১৯৬৭-৬৯ সালে কত বিঘা জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিলি করেছেন? আপনারা জমিদারি প্রথা উচ্ছেদ করেছেন। জমিদারি প্রথা উচ্ছেদের পর এটাকে আইন হিসাবে পর্যবেশিত করতে সময় লাগলো আপনাদের ৩ বছর। এই ৩ বছরের ফ্যারাকে জমি হস্তান্তর

হয়ে গেল। তার উপর আবার আইনের মধ্যে অনেক ফাঁক-ফোঁকর রেখেছিলেন। ১৯৬৭ সালে জমিদারদের হাত থেকে জমি উদ্ধার করে যুক্তফ্রন্ট সরকারের আমলে কৃষকরা আন্দোলন করে ৬ লক্ষের বেশি একর জমি দখল করেছিল ১৯৭২ সালে আপনারা আবার ফিরে এসে সেই জমি কেড়ে নেবার চেষ্টা করেছিলেন। কৃষকরা অনেক রক্ত ঝরিয়ে সেটা ঠেকিয়েছে, আপনারা দিতে বাধ্য হয়েছিলেন। ১৯৭৭ সালে আমরা আবার ফিরে আসার পর এই কৃষকদের মধ্যে ৯ লক্ষের বেশি জমি বিলি করা হয়েছে ২০ লক্ষের বেশি কৃষকদের মধ্যে। ১৪ লক্ষের বেশি বর্গাদার জমির অধিকার পেয়েছে চাষ করার। কৃষকরা জমি চাষ করার অধিকার পাওয়ার ফলে তারা আন্তরিকতার সঙ্গে চাষ করে এবং যার ফলে পশ্চিমবাংলায় কৃষি অগ্রগতি ঘটেছে। চাল, গম এবং অন্যান্য শস্যের উৎপাদনে অগ্রগতি ঘটেছে এবং যেটা ভারতবর্ষে রেকর্ড। জমি বিলি করার ক্ষেত্রে আমাদের চিত্র কি? আমাদের ডেভেলপমেন্টটা কোথায় হয়েছে? ভারতবর্ষের মধ্যে ৩.৬ শতাংশ জমি বিলি হয়েছে, আমাদের পশ্চিমবাংলায় ২০ শতাংশ জমি বিলি হয়েছে।

[4-25 — 4-35 p.m.]

আমাদের পশ্চিমবাংলায় যে জমি আছে তার ৬০ শতাংশ ক্ষুদ্র চাষীদের হাতে আছে, আর ভারতবর্ষে ২৯ ভাগ জমি ক্ষুদ্র চাষীদের হাতে আছে। এইভাবে আমরা কৃষিতে উন্নতি ঘটিয়েছে। আমাদের গ্রামাঞ্চলে আর দুর্ভিক্ষ হয় না। উড়িষ্যা, ত্রিপুরায় দুর্ভিক্ষ হচ্ছে, মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছে, পশ্চিমবাংলায় কোথাও দুর্ভিক্ষ নেই, দারিদ্র আছে কিন্তু মানুষ অনাহারে মারা যায় না কোনও জায়গায়। কৃষকরা জমি পাওয়ার ফলে দুর্ভিক্ষ, অনাহার নেই। আজকে আপনারা বলছেন পঞ্চায়েত ভোট বন্ধ করতে আপনারা বি জে পি-র অজুহাত দেখিয়ে পঞ্চায়েত ভোট বন্ধ করতে বলছেন। আসলে ভয়টা বি জে পি-র নয়, আপনারা বুঝতে পেরেছেন পঞ্চায়েত ভোটে আপনারা হেরে যাবেন। পশ্চিমবাংলার মানুষ যে আপনাদের চিনতে পেরেছে সেটা আপনারা বুঝতে পেরেছেন। আপনারা তো পঞ্চায়েত ইলেকশন করতে চান না, ১৯৭৭ সালের আগে আপনারা পঞ্চায়েত ইলেকশন করতে চান নি। ১৯৭৮ সালে আপনারা পঞ্চায়েত ভোট কেস করে বন্ধ করে দেবার চেষ্টা করেছিলেন। আপনারা সাম্প্রদায়িকতার কথা বলছেন? আমি একটা উদাহরণ দিচ্ছি। ১৯৮৩ সালে ১৫ই মার্চ হরিদ্বারে ইন্দিরা গান্ধী ভি এইচ পি-র সম্মেলনে অংশগ্রহণ করেছিলেন এবং সেইজন্য তিনি ভি এইচ পি-র প্রসংশা পেয়েছিলেন। এবারে আপনারা বি জে পিকে দেখিয়ে ভোট বন্ধ করার চেষ্টা করছেন। মানুষ আপনাদের ক্ষমা করবে না। আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলে আপনারা ত্রিপুরায় ভোট বন্ধ করেছেন। আপনাদের লজ্জা করে না? মহারাষ্ট্রে সাম্প্রদায়িকতার বলি কত জন হয়েছে, কত খুন হয়েছে সেখানে? আমাদের কাছে হিসাব আছে। আপনারা দাঙ্গার কথা বলছেন বলুন। কাজেই, আইনশৃঙ্খলা নেই, এইভাবে সাম্প্রদায়িকতা করে পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করবেন না। আগামী মে মাসে পঞ্চায়েতের নির্বাচন হবে, তখন সব প্রমাণ হয়ে যাবে, কংগ্রেস নির্বাচনে হারবে। তখনই তারা বুঝতে পারবে। মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে এবং কংগ্রেসের আনা সংশোধনীকে বিরোধিতা করে আমার বক্তব্য আমি শেষ করছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব হাউসে প্লেসড হয়েছে তার বিরোধিতা করে আমি দু'একটি কথা বলতে চাই। আজকে ৯৩ সাল, এই সরকারের যাত্রা শুরু হয়েছিল ১৯৭৭ সালের মাঝখানে, ১৬টি বছর কেটে গেছে। বর্তমানে পশ্চিমবাংলার গর্ব করার কিছু নেই। গর্ব করার যা কিছু ছিল তার সবকিছু চলে গেছে। হতাশা নিরবিচ্ছিন্ন ভাবে মানুষকে গ্রাস করেছে। নৈতিক অবক্ষয়ের ফলে আদর্শের চূড়ান্ত শীর্ষ থেকে নেমে গেছে। যেটুকু গর্ব করার ছিল যে, পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক সম্প্রীতি আছে, দাঙ্গা হয় না। তারই পরিপ্রেক্ষিতে ৯১ সালে রাজ্যপালের ভাষণে কথা ছিল অন্য জায়গায় দাঙ্গা বাধলেও আমাদের এখানে শান্তি আছে। ৯২ সালে রাজ্যপালের বক্তৃতা শুনলাম—অন্য জায়গায় দাঙ্গা বাধলেও আমাদের এখানে শান্তি বিরাজ করে। আজকে মাথা নিচু করে, জ্যোতিবাবু যে মৃগয়ার খেলা খেলছেন সেটা ধরা পড়েছে। ৬ই ডিসেম্বরের পর একমাত্র বাংলা যেখানে দাবি করে এখানে সাম্প্রদায়িক দাঙ্গা হওয়ার স্থান নেই, সেটা আজকে প্রমাণ হয়ে গেল। সেটা আমরা আটকাতে পারতাম। আজকে বোম্বে, উত্তরপ্রদেশ-এর কথা বলবেন, সেখানে তো দাঙ্গা হবে, এটা আমরা জানি। কারণ সেখানে শিবসেনা, বি জে পি আছে। সেজন্য আমি আপনাদের কাছে বলব, ৬ তারিখের পর পশ্চিমবাংলায় কি ঘটনা ঘটল—দেড় হাজার বাড়ি ভাঙ্গা হল, চল্লিশ হাজার মানুষ নীল আকাশের নিচে তাকিয়ে থাকল, চল্লিশ জন মারা গেল। পুলিশ থেকেও থাকলো না, লাল্লু, ভুল্লু, ঝুনুর অত্যাচারে মানুষ গৃহহারা হল। প্রেমোটারদের সহায়তায় আপনারা দাঙ্গা বাধালেন, অথচ দোষীদের শাস্তি হল না। ভারতবর্ষের রাজনীতিতে যারা বামপন্থী আন্দোলন বা রাজনীতি করেন—আমি নিজে বামপন্থী রাজনীতিতে বিশ্বাস করি বলে বলছি যে, আপনারা ভারতবর্ষে বামপন্থী রাজনীতি করতে গিয়ে ৬৭ সালের রাজনৈতিক প্রেক্ষাপট দেখুন, ৯১ সালের রাজনৈতিক প্রেক্ষাপট দেখুন। ৬৭ সালে যখন ভারতবর্ষে কংগ্রেস হারে তখন বামপন্থী রাজনীতি যারা করেছিলেন তখন তারা কাদের সঙ্গে হাত মিলিয়েছিলেন? জনসংঘ-এর সঙ্গে আপনারা হাত মিলিয়েছিলেন বিহারে, উত্তরপ্রদেশে কাদের সঙ্গে হাত মিলিয়েছিলেন আপনারা? পি সি যোশী তখন হুঁশিয়ার করে বলেছিলেন, কংগ্রেসের অন্ধ বিরোধিতা করে রাজনীতি করা চলে না। ৬৮ সালে সি পি এম-এর পাটনা কংগ্রেসে কি প্লেস করেছিলেন? সদ্য সল্টলেকে পার্টি প্লেনাম হয়ে গেল। সেখানে ই এম এস নাম্বুদ্রিপাদ কি বলেছিলেন? জ্যোতিবাবু কি বলেছিলেন? বি জে পিকে নিয়ে আদোলন করলে রাজনীতি জোরদার হবে না। ই এম এস-এর সঙ্গে বাংলার লাইন এবং কেরালার লাইন নিয়ে দ্বন্দ্ব হল। জ্যোতি বসু সেদিন শোনেন নি। আপনারা ক্ষমতায় যাবার জন্য বি জে পি-র সঙ্গে হাত মিলিয়েছিলেন। বি জে পিকে ক্ষমতায় আনতে চেয়েছিলেন। রাজ্যপালের ভাষণে বি জে পি সম্বন্ধে একটি শব্দ আছে?

আমরা সর্বদাই বি জে পির বিরুদ্ধে কথা বলে এসেছি এবং আসব। সেইকারণেই ভারত সরকার শ্বেতপত্র প্রকাশ করে বি জে পিকে টারগেট করে এবং সেইভাবেই কাজ করেছিলেন। গতকাল একজন সদস্য বললেন যে, বীরেন শা, যিনি বি জে পির একজন সদস্য এবং বি জে পি পার্টি করছেন, বিদেশি চক্রান্তের সঙ্গে জড়িত, তাকে দিয়ে ইস্পাত কারখানা আধুনিকীকরণের জন্য আমাদের এখান থেকে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সুপারিশ করেছেন। তাই আমি মনে করি আপনারা মেকি কথা বলেন। মুখে বলেন বি জে পির সঙ্গে কোনও

সম্পর্ক নেই, কিন্তু গোপনে গোপনে আঁতাত আছে। কংগ্রেসকে ভোটে জিততে দেবে না, সেই জায়গায় বি জে পিকে ভোট পেতে দেব এই অভিসন্ধি বলেই পঞ্চায়েতের নির্বাচন এখনই আপনাদের করার দরকার হল। আপনারাই বি জে পিকে মদত দিচ্ছেন আর মেকি সব কথাবার্তা এখানে বলছেন। আমি নিজে মনে করি বামপন্থী রাজনীতি খুব আদর্শ রাজনীতি, আমি নিজে এক সময়ে এই নীতিকে খুব আদর্শ হিসাবে মনে করতাম। কিন্তু বামপন্থী নীতিকে আপনারা আদর্শ রাজনীতি হিসাবে রাখতে দেন নি। আপনারা বড়লোকের ধামা ধরে চলেছেন। আমি বলছি না যে কংগ্রেস রাজনীতিতে ভুল নেই, ভুল হতেই পারে, কিন্তু আমরা একটা আদর্শ পথে চলার চেষ্টা করি। আর আপনারা আদর্শ বামপন্থী নীতিকে অন্যভাবে পরিচালনা করছেন। এই প্রসঙ্গে একটি কথা বলি, কেরলে মুসলিম লিগ এবং ইন্ডিয়ান মুসলিম লিগের মধ্যে একটা অ্যালায়েন্স হয়েছিল এবং সেখানে তারা যা বক্তব্য রেখেছিল তা বহু কাগজে, ছাপানোও হয়েছিল। সেই সময়ে একটা ব্যাপারে হিন্দু মুসলমানদের মধ্যে একটা সাড়া পড়ে গেছিল। সাহাবানু মামলা সেই সময়ে যে হয়েছিল তা একটা সাড়া জাগিয়েছিল এবং তাতে বহু প্রগতিশীল মুসলিম এই মামলার বিরুদ্ধে ছিলেন। তারা পরাজিতও হয়েছিলেন। সেই সময় এই মামলার রায় একটা তোলপাড় করে দিয়েছিল এবং সমস্ত সংবাদপত্রে তা প্রকাশিত হয়েছিল সেই মামলার সাওয়াল করেছিলেন, সেই মুক্তি মহম্মদ সঈদ এবং সাহাবুদ্দিন, পরবর্তী সময়ে সেই মুক্তি মহম্মদ সঈদ স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে জনতা দলে ছিলেন। যে সাহাবানু মামলাকে আপনারা মানলেন না সেই মামলায় সওয়াল যিঁনি করলেন মুক্তি মহম্মদ সঈদকে স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে মেনে নিলেন। জ্যোতিবাবু তাদের সঙ্গে হাত মিলিয়ে, ভোটে জয়লাভ করার জন্য এই পথে নেমেছিলেন। সুতরাং এই তো আপনাদের রাজনীতি। আমি জীবনে মরণে এই বামপন্থী রাজনীতিতে বিশ্বাস করতাম কিন্তু জ্যোতি বাবুর এই বড়লোকেদের রাজনীতিকে বিশ্বাস করি না। আজকে ভারতবর্ষে আপনারা কার প্রতিভূ হয়ে লড়াই করছেন আপনারা জানেন না? আজকে আপনারা ফরেন এক্সচেঞ্জ নিয়ে অনেক কথা বলছেন। আই এম এফের থেকে এবং বিশ্ব ব্যাঙ্কের থেকে ঋণ নেওয়ার ফলে নাকি ভারতবর্ষ একেবারে নিঃস্ব হয়ে যাবে। বিশ্বের কাছে নাকি মাথা বিকিয়ে দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে বলি কিছুদিন আগে স্টেটসম্যান পত্রিকায় একটি খবর প্রকাশিত হয়েছে যে চিনে নাকি তেন জিয়াং ওপেন মার্কেট করে মাল্টিন্যাশনালদের ফরেন টেকনোলজি আনিয়ে বিরাট উন্নতি সাধন করেছেন। আজকে যদি মাও সেতুং বেঁচে থাকতেন তিনি এই উন্নতি দেখে আনন্দ পেতেন। চিন একটি কমিউনিস্ট দেশ, সেখানে যদি ওপের মার্কেট করে দেশের উন্নতি করতে পারে তাহলে আমাদের ক্ষেত্রে অসুবিধাটা কোথায়? আজকে আমরাও তো আই এম এফের লোন নেওয়া সত্বেও রপ্তানিতে উন্নতি করতে পেরেছি। চিন যদি তার কমিউনিস্ট চিন্তাধারাতে এই ধরনের ওপেন মার্কেট করে মাল্টিন্যাশনালদের এনে দেশের প্রভূত উন্নতি করতে পারে আমরাও তো সেই পথে যাচ্ছি। সেক্ষেত্রে আমাদের এত সমালোচনা করছেন কেন? আমরা বিদেশি ঋণ নিলেও ৪ পারসেন্ট উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছি। আজকে এই জিনিসটা ভালো করে বুঝতে চেষ্টা করুন। আমরা চাইলে আমাদের দেশও সেইভাবে উন্নতি করতে পারবে। আপনারা সোশ্যালিজিমের কথা বলেন, কিন্তু কার্যক্ষেত্রে সেটা প্রয়োগ করার চিন্তা করুন। আজকে সোশ্যানিজিম না থাকলে দেশ চুরমার হয়ে যাবে। সুতরাং সোশ্যালিজিমের মধ্যে দিয়েই দেশের উন্নতি আমাদের করতে হবে। এই কথা বলে রাজ্যপালের

ভাষণে উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-35 — 4-45 p.m.].

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আমাদের দলের তরফ থেকে যে সংশোধনী প্রস্তাব নিয়ে আসা হয়েছে তাকে সমর্থন করে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। রাজ্যপালের ভাষণটা আমি ভালোমতো পড়েছি, সেখানে ৬ই ডিসেম্বরের ঘটনার কথা উল্লেখ করে ধর্মনিরপেক্ষতা সম্বন্ধে এবং রাষ্ট্রীয় কাঠামোর কথা বলা হয়েছে। সেদিন পশ্চিমবঙ্গে ৬ তারিখের পর ৭ তারিখে যে ভয়াবহ দাঙ্গা হয়েছিল, সেই দাঙ্গা শুধু কলকাতায় মধ্যেই সীমাবদ্ধ ছিল না। নদীয়া জেলার পাশের জেলা বর্ধমানে কেতুগ্রামে ছয় জন মুসলমান সম্প্রদায়ের মানুষকে তুলে নিয়ে গিয়ে খুন করা হয়েছিল এবং আজ পর্যন্ত তাদের মুন্ডু পাওয়া যায়নি। এদিকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বলেন এখানে ধর্মনিরপেক্ষতা বজায় আছে। হিন্দু, মুসলমান সবাই নাকি ভাতৃত্ববোধ নিয়ে থাকে। অথচ নদীয়া জেলা থেকে বর্ধমান জেলায় তুলে নিয়ে গিয়ে ছয় জন মুসলমান সম্প্রদায়ের মানুষকে খুন করা হল। আজ পর্যন্ত সেই অপরাধীদের গ্রেপ্তার করা হয়নি, অথচ মাননীয় মুখ্যমন্ত্রী এবং প্রশাসনের তরফ থেকে বলছেন, এখানে সুষ্ঠুভাবে প্রশাসন রয়েছে এবং ভারতবর্ষের মধ্যে নাকি ধর্মনিরপেক্ষতা একমাত্র পশ্চিমবাংলাতেই বজায় আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি এই বামফ্রন্টের এক সময় শিক্ষামন্ত্রী ছিলেন সত্যপ্রিয় বাবু। শিক্ষকদের অধিকার সুপ্রতিষ্ঠিত করার জন্য তিনি অনেক আন্দোলন করেছিলেন। কিন্তু আজ আমরা দেখতে পাচ্ছি—মাননীয় শিক্ষামন্ত্রী এখানে বসে আছেন—সেই ৬০-৬৫ বছরের বিরোধ এই ব্যাপারটাকে এখনও একটা সঠিক জায়গায় নিয়ে যেতে পারলেন না, এই সরকারের তরফ থেকে এক এক দিন, এক এক রকম কথা বলা হচ্ছে। বলা হচ্ছে ১৯৮১ সালে আগে যারা কাজে যোগদান করেছেন তারা ৬৫ বছর পাবে। আবার কোন কোন সময় বলা হচ্ছে কোর্টের আইনে যা আছে তাই মানা হবে। আমরা দেখতে পাচ্ছি শিক্ষক আন্দোলনের উপর পুলিশকে ব্যবহার করা হচ্ছে এবং শিক্ষক আন্দোলনকে বানচাল করা হচ্ছে। এক সময় মাননীয় মুখ্যমন্ত্রী বলতেন শিক্ষকদের অর্জিত অধিকারকে সুপ্রতিষ্ঠিত করতে নাকি একমাত্র হাতিয়ার হচ্ছে সি পি এম দল। শিক্ষকরা পেনশন ঠিকমতো পাচ্ছে না, তারা রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। আমাদের প্রাক্তন শিক্ষামন্ত্রী ছিলেন কান্তি বিশ্বাস, তিনি পেনশন পেয়ে গেলেন, অথচ অনেক শিক্ষক আছেন—প্রাথমিক শিক্ষক এবং মাধ্যমিক শিক্ষক—তাদের সার্ভিস বুক ঠিকমতো রাখা হয়নি। কুকুরের মতো তাদের হেনস্তা হতে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই শিক্ষকরা যাতে সম্মানের সঙ্গে বাঁচতে পারে সেদিকে দৃষ্টি দেওয়া উচিত ছিল, কারণ শিক্ষকরাই হচ্ছে জাতির মেরুদন্ড। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরও একটা বিষয় বলছি, একটা সময় আমরা দেখেছি মানা ক্যাম্প থেকে রাম চ্যাটার্জি উদ্বাস্তুদের নিয়ে এসে মরিচঝাঁপিতে বসিয়ে দিয়েছিল। সেই মরিচঝাপি পুলিশের গুলিতে লাল হয়ে গিয়েছিল ইছামতির জল। এই মুখ্যমন্ত্রী তার পুলিশ প্রশাসনকে এইভাবে ব্যবহার করেছে। ধুবুলিয়ার চমটা বেশ একটা বড় ক্যাম্প আজও তারা পাট্টার জন্য ঘুরে ঘুরে বেড়াচ্ছে। ১৯৪৭ সালে তারা এখানে এসেছিল, কিন্তু আজও তাদের কোনওরকম পাট্টা দেওয়া হল

না। তাদের যে ক্যাশ ডোল দেওয়া হত সেটাও সাম্প্রতিককালে বন্ধ করে দেওয়া হয়েছে ফলে তাদের জীবন বিপন্ন হয়ে পড়েছে। সরকারি আমলাদের এ ব্যাপারে দৃষ্টি নেই। আমাদের যিনি স্বাস্থ্যমন্ত্রী, এই উদ্বাস্তু ত্রাণ দপ্তরটাও তিনি দেখাশুনা করেন আমি এ বিষয়টি তাকে দেখার জন্য অনুরোধ করব। স্যার, এই বইটাতে উদ্বাস্তুদের সম্বন্ধে একটি কথাও নেই। তা হলে কি মন্ত্রীসভা ভুলে গেলেন যে এইরকম একটা বিভাগ আছে? মন্ত্রিসভা এই বইটি দেখেছিলেন কিনা সে বিষয়ে তাই আমার সন্দেহ হচ্ছে।

তা না হলে এইভাবে বইটি ছাপা হয় কি করে? এরপর আমি ভোটার লিস্টের কথায় আসছি। ১৯৯১ সালের মে মাসে ভোট হয়েছিল, তারপর ৯২ সালে জানুয়ারিতে সামারি রিভিসন হয়েছিল এবং তাতে কিছু ভোটার বেড়েছিল, তারপর আগস্ট মাস পর্যন্ত ৮ মাসে প্রতিটি কন্সটিটিউয়েন্সিতে—আমি বিশেষ করে নদীয়া জেলার কথা বলছি, সেখানে প্রতিটি কন্সটিটিউয়েন্সিতে ৮ থেকে ১০ হাজার করে ভোটার বেড়েছে। আমরা এর প্রতিবাদ করে বলেছিলাম যে নদীয়া জেলা একটি সীমান্তবর্তী জেলা, এই জেলাতে হু হু করে বাংলাদেশিরা আসছে, তাদের নাম যেন না তোলা হয় এবং তাদের সম্পর্কে যেন সচেতন থাকা হয়। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে সে ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েছিলেন কিন্তু যে ভোটার লিস্ট তৈরি হয়েছে—ফাইন্যাল প্রিন্ট এখনও হয়নি—সেখানে এমন কোনও কন্সটিটিউয়েন্সি নেই যেখানে ৮ থেকে ১০ হাজার ভোটার বেড়েছে। এর তদন্ত হওয়া দরকার যে কি করে এত ভোটার বাড়ল। যারা বাংলাদেশের সীমান্ত পেরিয়ে আসছে তাদের আটকাবার কোনও ব্যবস্থা হয়নি। সেখানে পুলিশ ও প্রশাসনের সহায়তায় বিভিন্ন জায়গাতে কলোনি তৈরি করা হচ্ছে এবং তার নাম দেওয়া হচ্ছে হঠাৎ কলোনি। তাদের কি করে যে রেশনকার্ড দেওয়া হচ্ছে বুঝতে পারছি না। অঞ্চল প্রধানের মাধ্যমে তাদের রেশনকার্ড দেওয়া হচ্ছে। সেখানে অঞ্চল প্রধানরা সঙ্গে করে নিয়ে গিয়ে ভোটার লিস্টে তাদের নাম তুলে দিচ্ছে। এদিকে মন্ত্রিসভার কোনও নজর নেই। এরা ত্রিপুরার কথা বলেন এবং বলেন যে সেখানে অনেক ভোটার বেড়েছে। ওরা বলেন সেখানে পুলিশ দিয়ে অত্যাচার চালানো হচ্ছে ইত্যাদি ইত্যাদি। আমি নাম করে বলছি, শ্রী দশরথ দেব ত্রিপুরা সম্বন্ধে যে বক্তব্য রেখেছেন সেই ব্যাপারে পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও তদন্ত হোক। তিনি পার্টির একজন বর্ষীয়ান নেতা, খবরের কাগজে তার বিবৃতি দেখেছি, আমরা চাই তিনি যেসব কথা ত্রিপুরার ক্ষেত্রে বলছেন সেগুলির ব্যাপারে পশ্চিমবঙ্গেও তদন্ত হোক এবং তাহলেই সব কিছু প্রমাণিত হবে। ওর কথা ত্রিপুরার ব্যাপারে যদি সত্য হয় তাহলে পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও নিশ্চয় তা হবে। এখানে ভোটার লিস্টে কারচুপি করে বুথ জ্যাম করে, ভাল মানুষকে অন্ধ সাজিয়ে ভোটার করে ভোট করানো হচ্ছে। আমি দাবি করব, এখানে সঠিকভাবে ভোটার লিস্ট করা হোক। স্যার, শ্রদ্ধেয় প্রয়াত রাজীব গান্ধী নগরপালিকা বিল এবং পঞ্চায়েত রাজ বিল এনেছিলেন। দেরিতে হলেও পঞ্চায়েত রাজ বিল পাস হয়েছে। এখানে ৩০ মে পঞ্চায়েতের নির্বাচন হবে কিন্তু এখনও পর্যন্ত কোথায় কোথায় মহিলা প্রার্থী, কোথায় কোথায় তফসিলি প্রার্থীরাই শুধু দাঁড়াবেন সে লিস্ট পঞ্চায়েত মন্ত্রী পার্টিগুলিকে দিতে পারেন নি। ব্যাপারটি দেখার জন্য মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি। তারপর স্যার, মঞ্জুষা, তন্তুজ প্রভৃতি জায়গাতে যে তাঁতের কাপড় বিক্রি হচ্ছে তা শান্তিপুর, ফুলিয়া, নবদ্বীপ প্রভৃতি জায়গা থেকে আসছে এবং এই তাঁতের কাপড় বিদেশি মুদ্রাও অর্জন

করছে কিন্তু সে সম্পর্কেও এরমধ্যে কোনও উল্লেখ নেই। আমি স্যার, এই ভাষণের বিরোধিত করে আমার বক্তব্য শেষ করছি।

[4-45 — 4-50 p.m.]

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তাকে সমর্থন করে এবং মাননীয় ননী কর মহাশয় যে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন, তাকে আমি সমর্থন করে দুএকটি কথা বলতে চাই। বিরোধি দলের বক্তব্য শোনার পর মনে হল, মুখ্যমন্ত্রীকে সব সময় আঘাত করার একটা প্রবণত তাদের মধ্যে ছিল। আমার মনে হয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর মতো লোক আজকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী আছেন বলেই অন্যান্য স্টেটের চেয়ে এই পশ্চিমবাংলা শান্তিতে আছে এবং মনে হয় গভীর রাত্রে সিকিউরিটি ছাড়াই মেয়েরা পর্যন্ত যাতায়াত করতে পারে। তিনি মুখ্যমন্ত্রী থাকার জন্যই এটা সম্ভব হয়েছে। আর একটা বিষয়, শুনতে খুব খারাপ লাগে, মেয়েদের এই ধর্ষিতা হবার ব্যাপারটা, আমরা মেয়েরা যারা এখানে আছি, আমাদের শুনতে খারাপ লাগে। কোনও মেয়েকে যদি কোনও অসভ্য লোক এই রকম করে থাকে তাহলে তো আমরা দলমত নির্বিশেষে তাকে কঠোর শাস্তি দেওয়া উচিত বলে মনে করি। আর একটা জিনিস মনে হয়েছে বিরোধী দলের একজন নেতা একটু আগে যা বলে গেলেন, তার উত্তরে আমি বলছি রাজ্য সভায় ডেপুটি স্পিকার যখন গঠন হয়েছিল তখন কংগ্রেস এবং বি জে পি দল ডেপুটি স্পিকার গঠন করেছিলেন, আজকে যখন ভারতবর্ষ একটা কঠিন অবস্থার মধ্যে দিয়ে চলছে, ছয় তারিখে যে ঘটনা ঘটলো, তার প্রভাব যখন পশ্চিমবাংলায় কিছুটা পড়ল তখন সমস্ত শক্তি দিয়ে এই সরকার এবং পশ্চিমবাংলার জনগণ আমাদের এই পশ্চিমবাংলাকে রক্ষা করেছে। আজকে ভারতবর্ষের কিছু মৌলবাদী শক্তি ভারতবর্ষের সামনে আমাদের যে সমস্যাগুলো ছিল, সেই সমস্ত জিনিসকে ঢাকা দিয়ে দিচ্ছে, তাতে বি জে পি এবং আমেরিকার কিছু শক্তির মদতে মন্দির, মসজিদ নিয়ে কঠিন সমস্যা ভারতবর্ষে এনেছে। আমাদের সকলকে এর বিরুদ্ধে এক সঙ্গে লড়াই করতে হবে। কোনও মার দাঙ্গা বাধলে যারা মার দাঙ্গা বাধাবে তাদের কঠোর শাস্তি দিতে হবে। সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে আমাদের সকলকে প্রচেষ্টা করতে হবে। আপনারা আসুন আমরা সকলে এক সঙ্গে তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াই। রাজ্যপালের ভাষণে স্বাস্থ্য সম্পর্কে লেখা আছে। আমি বলব স্বাস্থ্য দপ্তর থেকে হাসপাতালগুলোতে, স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ওষুধ গিয়ে পৌঁছাচ্ছে না। ফলে হাসপাতালগুলো পঙ্গু অবস্থায় পড়ে রয়েছে। এই বিষয়ে লক্ষ্য রাখা দরকার যাতে হাসপাতালগুলো ভাল ভাবে চলে। যখন আমরা শ্রমিকদের হয়ে আন্দোলন করছি, আমাদের সরকার শ্রমিক দরদি সরকার, কিন্তু দেখা যাচ্ছে কল কারখানাগুলো সব বন্ধ হয়ে যাচ্ছে, বেকার সমস্যা বাড়ছে, ছোট ছোট কল কারখানাগুলোকে নিশ্চয়ই তাড়াতাড়ি খোলা দরকার এবং বেকার সমস্যা মেটানোর দরকার। শিল্পকে যাতে আরও উন্নত করতে পারি সেদিকে সকলকে প্রচেষ্টা করতে হবে। শিক্ষায় আমরা খুব এগিয়ে এসেছি, আগে যে শিক্ষা ছিল তার থেকে অনেক উন্নতি হয়েছে এবং আমরা যে সাক্ষরতার আন্দোলন করছি তার উন্নয়ন হচ্ছে এবং আরও বেশি করে যাতে সাক্ষরতা আনা যায় তার জন্য আন্দোলন চলছে। আর একটা বিষয়, আই সি ডি এস প্রকল্প যেগুলো খোলা হয়েছে সেইগুলো সরকারের স্বল্প, সীমিত ক্ষমতায় সেই প্রচেষ্টায়

এগিয়ে যাওয়া যাচ্ছে না, আরও বেশি সরকার থেকে যাতে সেটা করায়, সেটা দেখতে হবে। এই বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে এবং বিরোধী দলের কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

## Adjournment

The House was then adjourned at 4.50 p.m. till 11 a.m. on Wednesday, the 3rd March, 1993 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 3rd March 1993 at 11-00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 20 Ministers, 8 Ministers of State and 168 Members.

[11-00 — 11-10 a.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Bhupendranath Seth on the subject of alleged firing by the police on a mob after the murder of a businessman in Bongaon and the second one is from Shri Abdul Mannan on the subject of failure of the State Government to upgrade the Rationing System of the State.

The members will get ample opportunity to raise the matters during the discussion on Governor's Address which is continuing. Moreover, they may invite the attention of the Ministers concerned through question, calling attention, motions, etc.

I therefore withhold my consent to the motions. One member, may however read out the text of his motion as amended.

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—

গত ২৮।২।৯৩ তারিখে বনগাঁ রেল স্টেশনের প্লাটফর্মের উপর বনগাঁ সুভাষপল্লীর জনৈক ক্ষুদ্র ব্যবসায়ি খুন হয়েছেন এবং তার ১৬ হাজার টাকা ছিনতাই হয়েছে। পরদিন সকালে বনগাঁ জি.আর.পি. থানার ও.সি.'র সাথে ব্যবসায়ি সমিতির নেতৃবৃন্দের শান্তিপূর্ণ আলোচনার সময় থানার সামনে অবস্থান্তর মানুষের উপর বিনা প্ররোচনায় বেপরোয়া গুলি চালানোর ফলে ৪ (চার) জন আহত হয়। বনগাঁর সাধারণ মানুষ ক্ষোভে ফেটে পড়ছে। বনগাঁ বন্ধ হয়েছে ১।৩।৯৩ ও ২।৩।৯৩ তারিখের দায়ী পুলিশদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সে ব্যাপারে সাধারণ মানুষ জানতে চাইছে।

## Calling Attention

**Mr. Speaker :** I have received ten notices of Calling Attention, namely :

| | | |
|---|---|---|
| 1. | Reported death of about 14 persons in accidents near Howrah Station | : Shri Ambica Banerjee |
| 2. | Alleged arrest of the Manager of Metro Cinema on 2.3.93 | : Shri Lakshman Chandra Seth |
| 3. | Reported firing of police on a crowd in Bangaon on 1.3.93 | : Shri Abdul Mannan |
| 4. | Proper utilization of ground water | : Shri Nirmal Das |
| 5. | Non-availability of medicines in the Hospitals and Health Centres of the State | : Shri Santasri Chatterjee |
| 6. | Acute scarcity of drinking water in Kharagpur and Midnapur | : Shri Gyan Singh Sohanpal |
| 7. | Acute scarcity of drinking water in Midnapur district including Sobang Block | : Dr. Manas Bhunia |
| 8. | Existence of dumping ground and crematorium near the Anantapur Block Primary Health Centre at Midnapur district | : Shri Manik Bhowmik |
| 9. | Alleged severe beating and torture on a school student at Malalipur, P.S. Chanchal, Dist. Malda by an Addl. Supdt. of Police | : Shri Nazmul Haque |
| 10. | Non-opening of Santipur State General Hospital inspite of completion of construction work | : Shri Ajoy De |

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of Acute scarcity of drinking water in Kharagpur and Midnapur. The Minister in charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha** : On the 11th March, 1993.

## MENTION CASES

**শ্রী অনিল মুদী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত স্বরাষ্ট্র দপ্তর তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। পশ্চিমবঙ্গ এবং সরকারের মর্যাদার প্রশ্নে একটি বিষয় জড়িত আছে। আজকে আনন্দবাজার পত্রিকার মারফত আমরা জানতে পারলাম যে স্বর্গত অজয় মুখোপাধ্যায় মহাশয় যিনি ৩-৩ বার মুখ্যমন্ত্রী হয়েছিলেন সরকারের তার ব্যাপার নিয়ে গড়িমসির কথা। আপনারা জানেন বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে সারা ভারতে দীর্ঘস্থায়ি জাতীয় সরকার গঠন করেছিলেন তিনি, যেমন নেতাজী কোহিমা, ডিমাপুরে করেছিলেন। তারই হাত ধরে আপনারা আজকে গদিতে বসেছেন যার একমাত্র ফরমূলা। অনুযায়ী আজ টিকে আছেন সেই হেন মানুষের মর্যাদা রক্ষার জন্য কাগজে কাগজে যা ঘটছে তা নিয়ে মন্ত্রীমন্ডলির মধ্যে দ্বিমত হচ্ছে। সেটা এই মর্যাদা সম্পন্ন ব্যক্তির বিষয়ে, আপনারা পড়েছেন, ৫০ বছর পূর্তি উৎসবে তমলুকে মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন স্বাধীনতার অমর শহীদদের কথা তিনি বলেছেন কিন্তু আজকে রাজ্যপাল মহাশয়ের ভাষণেও তার উল্লেখ নেই, কিন্তু কেন্দ্রীয় সরকার এখানে এক কোটি টাকা দিয়ে পশ্চিমবঙ্গের মর্যাদা বৃদ্ধি করেছেন তাম্রলিপ্ত জাতীয় সরকারের ব্যাপারে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় তাকে নিয়ে এইরকম টানাপোড়েন হচ্ছে আজকে দুর্ভাগ্যের বিষয় বিধানসভার চত্বরে অনেকেরই অয়েল পেন্টিং রয়েছে কিন্তু তার একটা মুর্তি বা কিছু নেই যিনি ৩-৩ বার চিফ মিনিস্টার হয়েছিলেন সেই মাননীয় অজয় মুখার্জির একটা অয়েল পেন্টিং নেই। আপনারা যার হাত ধরে এসেছেন তাকে ভুলে যাওয়া আপনাদের স্বাভাবিক। তাই আমি মর্যাদা সম্পন্ন ব্যক্তির সম্পর্কে আপনাদের কাছে অনুরোধ জানাই যে এই বিষয়ে একটা বক্তব্য রাখবেন এই বিধানসভায়, এই বক্তব্য আমি রাখছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কার ভাবে আমার বক্তব্য রাখছি যে আমাদের প্রাক্তন মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী অজয় মুখোপাধ্যায় মহাশয়ের মুর্তি স্থাপন সম্বন্ধে যে অর্থের প্রয়োজন এ বছরে আমাদের যে সমস্যাই থাকুক না কেন — সেই ব্যবস্থা আমরা করব। এ কথা আপনার মাধ্যমে জানিয়ে আমি সভাকে আশ্বস্ত করছি।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী অঞ্জন চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা সম্পর্কে মাননীয় ক্ষুদ্র ও কুটিরশিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে কেন্দ্রীয় সরকারের গৃহীত সূতী বস্ত্র নীতি, সেই নীতির ফলে আমাদের তাঁত শিল্প ধ্বংস হতে বসেছে। ইতিমধ্যে তারা যে সাবসিডি দিতেন তা বন্ধ করে দিয়েছেন এবং রিবেট প্রথাও তুলে দিয়েছেন। আমাদের রাজ্য সরকার জন্মলগ্নে থেকে তাঁত শিল্পকে বিকশিত করে যাতে আরও বেশি উন্নতি হয় সেদিকে নজর দিয়েছেন কিন্তু বিগত কয়েক বছর ধরে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের ফলে আমাদের রাজ্যের তাঁত শিল্পে সঙ্কট নেমে এসেছে। এই মুহূর্তে যে অবস্থা তাতে গোটা রাজ্যে প্রাইমারি সোসাইটিগুলি তন্তুবায়িরা যারা মূলত কেন্দ্রীয় সমবায় তন্তুশ্রী, তন্তুজ, এইচ.পি.ডি.সি., এবং স্টেট হ্যান্ডলুম থেকে সুতো এবং টাকা পান, দীর্ঘদিন ধরে এই টাকাটা অনিয়মিত হবার ফলে তাঁতিরা অনিশ্চয়তার মধ্যে

পড়েছেন। টাকা তারা পাচ্ছেন না। আমি বিষয়টার প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছি তাদের সূতীবস্ত্র নীতি পরিবর্তন করবার জন্য। রাজ্য সরকারও যেন অবিলম্বে তাঁতিদের বকেয়া টাকা মিটিয়ে দেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় তথ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে গণতন্ত্রের ইতিহাসে, পশ্চিমবঙ্গে মহাকরণের ইতিহাসে, পশ্চিমবঙ্গে সাংবাদিকতার ইতিহাসে যে সংবাদপত্র হচ্ছে সংসদীয় গণতন্ত্রের একটা স্তম্ভ, কিছুদিন আগে একটা ভয়ঙ্কর বিপজ্জনক পরিস্থিতির সম্মুখীন হয়েছিল সেই সংবাদপত্র এবং তারসঙ্গে যুক্ত সাংবাদিক এবং আলোকচিত্রী বন্ধুদের। তারা সরকারের হাতে নাস্তনাবুদ হয়েছেন। সেই পরিপ্রেক্ষিতে সরকার পক্ষ থেকে একটা সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল যে, মহাকরণের ঐতিহাসিক প্রেস কর্ণার যা মুখ্যমন্ত্রী এবং তথ্যমন্ত্রীর ঘরের সামনে রয়েছে দীর্ঘদিন ধরে অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষি হয়ে, তা সরিয়ে দেওয়া হল। আজকে সংবাদপত্রে দেখলাম, মাননীয় তথ্যমন্ত্রী ঘোষণা করেছেন, প্রবীন মন্ত্রী মাননীয় শ্রী বিনয় চৌধুরীর ঘরের সামনে দুটি টেলিফোন সমেত সুন্দর করে সাজিয়ে-গুছিয়ে প্রেস কর্ণার করে দেওয়া হচ্ছে। আমি অত্যন্ত বিনীতভাবে তার কাছে জানতে চাইছি, আবেদন করছি, গণতান্ত্রিক স্বাস্থ্যকর পরিবেশে গড়ে তুলবার জন্য, সেখানে যে ভয়ঙ্কর ঘটনা ঘটে গেছে তার থেকে বেরিয়ে এসে সেখানে গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনবার জন্য এই বিষয়ে নতুন করে চিন্তা-ভাবনা করা যায় কিনা যাতে সাংবাদিকদের সঙ্গে সংসদীয় রীতিসম্মত সম্পর্ক তোলার স্বার্থে প্রেস কর্ণারটি নিজের জায়গায় ফিরিয়ে দেওয়া হয়। এটা জেদের, জিঘাংসার বা প্রতিহিংসার ব্যাপার নয়, মহানুভবতা দিয়ে এটা করা যায় কিনা এই আবেদন আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

**শ্রী মানব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একই বিষয়ের উপর কংগ্রেসের কতবার মেনশন হতে পারে? সুদীপবাবু বলেছেন, আবার মানসবাবু বলছেন। এরা দু'জন ফ্র্যাকশনে বিলং করেন বলেই কি এক বিষয়ে দু'জনে দুবার বলবেন? আপনি টেকনিক্যালি এটা অ্যালাউ করবেন?

**মিঃ স্পিকার ঃ** মানসবাবু, ব্যালেন্স ইকুয়েশনের ব্যাপারে যে কথা মানববাবু বলছিলেন সেটা কি ঠিক বলছিলেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের এই বক্তব্য আগের দিনও শুনেছি, আজকেও শুনলাম। আমি বিরোধী দলকে একটি কথা চিন্তা করতে বলি যে, প্রেস কর্ণারের জায়গা কোথায় হবে এর উপর গণতন্ত্র নির্ভর করে না। দ্বিতীয়ত রাইটার্স বিল্ডিংয়ে সাংবাদিকদের সংবাদ সংগ্রহের ব্যাপারে কোনওরকম হস্তক্ষেপ করবার কোনও মনোভাব আমাদের নেই। আর আপনাদের মুখে এসব কথা মানায় না। আপনারা রাইটার্স বিল্ডিংটা ১৯৭৫ সাল থেকে ...(গোলমাল)...

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন, টেক ইওর সিট।

.....গোলমাল.....

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি একটা রিলিজিয়ানের উপরে এইভাবে কথা বলতে পারেন না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি বলছি উনি রোজ টুপি পরে আসবেন, আমাদের খুব ভাল লাগে দেখতে।.....

.....গোলমাল.....

**মিঃ স্পিকার :** বসুন, বসুন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** সাংবাদিকদের অধিকারের প্রশ্ন নিয়ে আমি কথা বলছিলাম।

.....গোলমাল.....

**শ্রী সাধন পান্ডে :** আপনি কি উইথড্র করেছেন?

[11-20 — 11-30 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমাকে বলতে দিন। আমি টুপি পরা নিয়ে কোনওরকম ধর্মীয় সম্প্রদায়ের উপরে কটাক্ষ করতে চাই নি। এটা আমাদের সংস্কৃতি নয়, এটা আমাদের রুচি বিরুদ্ধ। আপনারা একথা তুলবেন না। কাজেই সেদিক থেকে যদি ওনার মনে কোনও আঘাত লেগে থাকে তাহলে আমি উইথড্র করছি। সাম্প্রদায়িক ধর্মীয় কোনও ব্যাপার নিয়ে এসব এখানে আপনারা করবেন না। আমরা সকলে এক।

আমি যে কথা বলছিলাম। প্রশ্ন উঠেছিল রাইটার্সের প্রেস কর্ণার কোথায় হবে। জায়গা কোথায় হবে। এই জায়গার উপরে গণতন্ত্রের চরিত্র নির্ভর করেনা। সাংবাদিকদের অধিকার খর্ব করার কোনও প্রস্তাব আমাদের সরকারের নেই। প্রকৃতপক্ষে সাংবাদিকরা সেই ঘটনার পর থেকে আজ পর্যন্ত নিয়মিত ভাবে সংবাদ সংগ্রহ করছেন, মন্ত্রীরা প্রেস কনফারেন্স করছেন, রাইটার্সের সমস্ত ঘরে, সমস্ত জায়গায় সাংবাদিকদের অবাধ অধিকার আছে, সব কিছু আছে। আপনারা জেনে নিন, অ্যাকশান কমিটির আমার সঙ্গে গত সপ্তাহে যে অ্যাপয়েন্টমেন্ট ছিল সেটা তারা রাখতে পারেন নি। তারপর অ্যাকশন কমিটি আমার কাছে এসেছে, আমাকে চিঠি দিয়েছেন, তাতে তারা বলেছেন প্রেস কর্ণার পুরানো জায়গায় ফিরিয়ে দিন। তখন আমি হাত জোড় করে বলেছি যে পুরানো জায়গায় ফিরিয়ে দিতে পারব না। এইজন্য পারব না, এখানে মুখ্যমন্ত্রীর ঘরের সামনেটুকু বাদ দিয়ে আমরা প্রোটেকটেড এরিয়ার মধ্যে রাখব। তাদের যে বর্তমানে প্রেস কর্ণার আছে সেখানে তাদের ভালো প্রেস কর্ণার করে দেব, আরও সুযোগ সুবিধা থাকবে, কিন্তু পুরানো জায়গায় ফিরিয়ে দেওয়া যাবে না। আমি বিশ্বাস করি সংখ্যা গরিষ্ঠ সাংবাদিক এবং আলোক চিত্রকার তারা আমার এই প্রস্তাবকে মেনে নেবেন।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয় এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাগজের মাধ্যমে জানতে পারছি যে কেন্দ্রীয় সরকার মারুতি এবং কনটেসার দাম কমিয়েছেন। আগে হাওদা থাকলে বোঝা যেত পড়তি খানদানি বাড়ি, আর আজ হাতি থাকলে। আজকে গাড়ির যন্ত্রপাতি এবং পেট্রোলের দাম ক্রমাগত যেভাবে বাড়ছে তাতে আমরা বুঝতে পারছি না গাড়ির দাম কমিয়ে কারা লাভবান হবেন। আবার কাগজে পড়েছি রাজ্য সরকার যে সব পরিবহন ব্যবস্থা পরিচালনা করেন, যেখানে সাধারণ মানুষ উপকৃত হন সেইসব পরিবহন ব্যবস্থা বেসরকারি হাতে তুলে দেওয়ার চেষ্টা

করা হচ্ছে। রবীন্দ্রনাথের ভাষায় বলছি "দাও ফিরায়ে সে অরণ্য।" আমরা কি সেই অরণ্যে ফিরে যাব? খানদানি জামদানি আমদানি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। হরিপদ কেরানি আর রহিম শেখের কি হবে, দামি জামদানি শাড়ি কি তারা পরতে পারবে? জামদানি শাড়ি পরার ক্ষমতা ভারতবর্ষের কটা পরিবারের আছে? জনতা শাড়ি যেটা ভারতবর্ষের বেশি ভাগ জনগন পরে তার আজ কি হাল? ভারতবর্ষের শিল্পে উন্নতি করার মানসিকতা যদি থাকত তাহলে বালুচরি শাড়ির দিকে নজর দিতেন। রাজ্য সরকার চেষ্টা করছে কিভাবে এই শিল্পের উন্নতি করা যায়। আজকে দেশে ১৪ কোটি বেকার, নূতন করে বেকারের সংখ্যা বাড়ানো হচ্ছে সোনালি করমর্দনের মাধ্যমে। এই পরিবারের লোকেরা কি জামদানি শাড়ি পরতে পারবে? ভারতবর্ষের মানুষের ক্ষুধা নিরসনের জন্য কি ব্যবস্থা করছেন সেই প্রশ্ন আমি বিরোধী দলের বন্ধুদের কাছে রাখতে চাই আপনার মাধ্যমে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করছি। স্যার, আপনি জানেন পঞ্চায়েতের নূতন আইন হয়েছে। এই নূতন আইনে যে আসন বন্টনের ব্যাপার, বিশেষ করে তফসিলি এবং আদিবাসী মহিলাদের আসন বন্টনের ব্যাপারে এবং সেটা চিহ্নিতকরণের ব্যাপারে প্রচন্ড জটিলতা রয়েছে। আমাদের কাছে বিভিন্ন জায়গা থেকে যে খবর আসছে তাতে দেখতে পাচ্ছি এখনও পর্যন্ত বিভিন্ন জায়গায় আসন চিহ্নিত করতে পারে নি। এইরকম কয়েক হাজার আসন আছে। ৩০শে মে সরকার পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করেছেন। এর আগে যাতে আসন চিহ্নিতকরণ করা যা সেটা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি: মন্ত্রী মহাশয়ের কাছে খবর আছে কিনা জানিনা, কিন্তু আমরা জানি বিভিন্ন জেলায় এই আসন চিহ্নিত করতে গিয়ে হিমসিম খাচ্ছে। নির্বাচন যাতে সুষ্ঠ এবং নিরপেক্ষ হয় তারজন্য আমি সরকারের কাছে দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যদি এই ব্যাপারে ওয়াকিবহাল করার চেষ্টা করেন তাহলে ভাল হয়। কারণ আমাদের কাছে যতদূর খবর আছে, এখনও পর্যন্ত কয়েক হাজার আসন চিহ্নিত করতে পারেন নি। ফলে এইরকম একটা জটিলতা সৃষ্টি হয়েছে। এরফলে নির্বাচন যাতে বানচাল না হয়ে যায়, এই বিষয়ে মন্ত্রী মহাশয় যদি এখানে বক্তব্য রাখেন তাহলে ভাল হয়।

**শ্রীমতী আরতি দাশগুপ্ত :** মাননীয় স্পিকার স্যার, আপনার নিশ্চয়ই অভিজ্ঞতা আছে, কি নেই জানিনা, তবে তথাকথিত ভুতুড়ে টেলিফোন বিল নিয়ে আমাদের কারও কারও সেই অভিজ্ঞতা হয়েছে। যেমন ধরুন, একটা টেলিফোন বিল এল ২৬ হাজার টাকার। সেই বিলটি আসার পরে যখন সংশ্লিষ্ট অফিসারের সঙ্গে গিয়ে কথা বলা হল, তখন তিনি ভাবলেশহীন ভাবে বললেন, ঐ টেলিফোনের বিলটি আগে জমা দিন। তারপরে কথা হবে। এইভাবে যদি ৫০-৬০ হাজার টাকার টেলিফোনের বিল আসে এবং জমা দেবার কথা বলা হয়, তাহলে তা কি জমা দেওয়া সম্ভব? আর বিলের টাকা জমা না দিলে একদিন সকালে উঠে আপনি দেখবেন যে টেলিফোন যন্ত্রটি কাটা হয়ে গেছে। যতক্ষণ পর্যন্ত না বিলের টাকা জমা দেওয়া হবে ততক্ষণ পর্যন্ত টেলিফোনের ঐ যন্ত্রটি সচল হবে না। আমি সেজন্য আপনার মাধ্যমে এই প্রস্তাব রাখছি যে, বিদ্যুৎ মাপার জন্য বাড়িতে যখন যন্ত্র থাকে, তেমনি টেলিফোনের জন্য অনুরূপ যন্ত্র বাড়িতে রাখা যায় কিনা সে সম্বন্ধে আমি সবার কাছে অনুরোধ করছি, কেন্দ্রীয়

সরকারকে এই ব্যাপারে অনুরোধ করা যায় কিনা তা ভেবে দেখবেন।

**শ্রী নাসিরুদ্দিন খাঁ :** মিঃ স্পিকার স্যার, আমি গত হাউসে বলেছি, আজকে আবার সেই কথা বলতে বাধ্য হচ্ছি। আমার বিধানসভা কেন্দ্র নওদায়, রেজিনগর থানার অধীন মুরুতিয়া গ্রামে একটি হাসপাতাল আছে যেটি কংগ্রেস আমলে তৈরি হয়েছিল। সেখানে একজন সুইপার এবং একজন কম্পাউন্ডার ছাড়া আর কিছু নেই। সেখানে কুকুর পাহারা দেয়। হাসপাতালে ওষুধ নেই, ব্যান্ডেজ নেই, ডাক্তার নেই নার্স নেই দীর্ঘদিন ধরে। এরপর দেখা যাবে হাসপাতালের জানালা, দরজা, ইট সব চলে গেছে। সুতরাং লক্ষ লক্ষ টাকা অপচয় হবে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এই হাসপাতালটি চালু করার ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক, নতুবা এটিকে অ্যাবোলিশ করে দেওয়া হোক বা ডিমোলিশ করে দেওয়া হোক।

**শ্রী বিশ্বনাথ মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন নিশ্চয়ই যে, এবারের কেন্দ্রীয় বাজেটের ফলে জিনিসপত্রের দাম অসম্ভব বাড়বে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন যে দাম বাড়বে না। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার গভর্নর বলেছেন দাম বাড়বে। আর্থিক দিক সম্পর্কে দুজন বিশিষ্ট আধিকারিক তাদের বক্তব্যে বলেছেন যে, এই বছরে অভ্যন্তরীণ এবং বিদেশি যে ঋণ সেই ঋণের সুদ বাবদ ৩৮ হাজার কোটি টাকা দিতে হবে। কোথা থেকে সেই টাকা আসবে সে সম্পর্কে বাজেটে কিছু বলেন নি। এছাড়া রয়েছে ৪,৪১৪ কোটি টাকার ঘাটতি। এই ঘাটতি কিভবে পূরণ করা হবে বাজেটে তা বলা হয়নি। আমাদের এর ফলে আশঙ্কা থেকে যাচ্ছে যে নোট ছাপিয়ে ঘাটতি পূরণ করার চেষ্টা করা হবে। এরফলে মুদ্রাস্ফীতি বাড়বে এবং ডিজেল, পেট্রোল ইত্যাদির দাম অসম্ভব রকম বাড়বে। রেলের ভাড়া ওরা ইতিমধ্যেই বাড়িয়েছেন। কয়লার দাম ইতিমধ্যে বাড়িয়ে দিয়েছেন। এরফলে রাজ্য সরকারগুলির উন্নয়নের ক্ষেত্র বাধাস্বরূপ হয়ে দাঁড়াবে। সেজন্য কেন্দ্রীয় সরকারের জনস্বার্থ বিরোধী যে বাজেট আমি তার বিরোধিতা করছি। তারা যাতে এই জনস্বার্থ বিরোধী বাজেট সংশোধন করে নেন এবং বিরোধী পক্ষ থেকে এবং বিভিন্ন অর্থনীতিবিদ যে তথ্য তুলে ধরেছেন সেই অনুসারে যে সংশোধন করে নেওয়া হয় তারজন্য আমি দাবি জানাচ্ছি।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী সাধন পান্ডে :** মাননীয় স্পিকার স্যার, এখানে অর্থমন্ত্রী এবং সাংস্কৃতিক মন্ত্রীর কাছে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সরকারের প্রতিশ্রুতি যা ছিল এবং রাজ্যপালের ভাষণে যা বলা হয়েছিল তা ঠিক মানা হচ্ছে না। সম্প্রতি দেখা যাচ্ছে যে, ট্যুরিস্ট লজ যেগুলো আছে সেগুলো নাকি প্রাইভেট সেক্টরের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত হচ্ছে এবং এই ব্যাপারে বিজ্ঞাপনও একটা বেরিয়েছে। এখন থেকে নাকি সমস্ত ট্যুরিস্ট লজই প্রাইভেট সেক্টরের হাতে তুলে দেওয়া হবে। আমার এই প্রাইভেট করার ব্যাপারে আপত্তি নেই, কিন্তু সরকারের যে নীতি তাতে প্রাইভেট সেক্টরের হাতে চলে গেলে এখানের সরকারি কর্মচারিদের অবস্থা কি হবে? এই ব্যাপারে কো-অর্ডিনেশন কমিটি এবং ফেডারেশনের লোকেরা জানতে চেয়েছে। তারা অনেকেই এখানে কাজ করেন। আমি এই

ব্যাপারে মাননীয় বিভাগীয় মন্ত্রীকে এই হাউসে এসে বলতে অনুরোধ করছি যে, তিনি কিভাবে কোনও পদ্ধতিতে এই ট্যুরিস্ট লজগুলোকে প্রাইভেট সেক্টরে দিয়ে দেবেন। শুনেছি গ্রেট ইস্টার্ন হোটেলও নাকি প্রাইভেট সেক্টরের হাতে লিজ হিসাবে দেওয়া হবে এবং বিজ্ঞাপনও বেরিয়েছে। আমার অনুরোধ এই গ্রেট ইস্টার্ন হোটেল বা অন্য যেসব ট্যুরিস্ট লজগুলো সাধারণ মানুষের ট্যাক্সের টাকা দিয়ে তৈরি করা হল আজকে সেগুলো প্রাইভেট সেক্টারের হাতে তুলে দেওয়া হবে কেন? তার চেয়ে বরং আপনারা প্রাইভেট সেক্টরকে ডাকুন, তাদের ইনভাইটেশন করে আনান এবং বলে দিন যে ওই জমি দিচ্ছি, তোমরা তৈরি কর। তাছাড়া পশ্চিমবঙ্গের বাইরে যেসব ট্যুরিস্ট লজ আছে সেখানে পশ্চিমবঙ্গের মানুষেরা প্রমোট করতে পারবেন কিনা, বা এই ব্যাপারে আপনার পলিসি কি সেটা একটু দয়া করে বিধানসভা এখন চলছে, এসে আমাদের জানান। খোলাখুলিভাবে হাউসের সামনে এসে সমস্ত সদস্যদের বুঝিয়ে বলুন।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রী তথা কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন অধুনা ফার্টিলাইজার প্রোমোশন অ্যান্ড এগ্রিকালচারাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট, এফ পি অ্যান্ড এ আর ডি এর হেড অফিস কলকাতাতে অবস্থিত। অতীতে এই প্রতিষ্ঠান ৬০ বছর ধরে ইন্দো-ব্রিটিশ কোলাবোরেশন অ্যান্ড ইন্দো-জার্মান কোলাবোরেশনে ছিল। বর্তমানে ফার্টিলাইজারে এরা বিজ্ঞান পদ্ধতিতে তৈরি করে কৃষকদের জনপ্রিয় সার বিক্রি করছে। এরা রিসার্চও করছে। কিন্তু দুঃখের বিষয় যে কেন্দ্রীয় সরকার ১লা ফেব্রুয়ারির থেকে এই প্রতিষ্ঠানটি তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এতে প্রায় ১০৬২ থেকে ১১০০ লোক কাজ করেন। এই প্রতিষ্ঠান বিজ্ঞান পদ্ধতিতে ফার্টিলাইজার উৎপাদন করে থাকে এবং বর্তমানে এই রাজ্য কৃষি উৎপাদনের ক্ষেত্রে স্বয়ম্ভর হয়ে গেছে। সেখানে এই প্রতিষ্ঠান যদি উঠে যায় তাহলে কৃষকদের সার পাওয়ার ক্ষেত্রে খুবই অসুবিধা হবে। এই প্রতিষ্ঠানটি ফার্মি সিস্টেম এবং ডেভেলপমেন্ট প্রোজেক্ট নামে বর্তমানে প্রতিষ্ঠিত হতে চায় এবং সেই নামে যাতে থাকতে পারে সেই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে প্রধানমন্ত্রীর কাছে এই বিষয়টি বলেন। আমি জানি কিছুদিন আগে মুখ্যমন্ত্রী এই বিষয়ে কেন্দ্রে চিঠিও দিয়েছিলেন। এই প্রতিষ্ঠানটি যাতে চালু থাকে তারজন্য বিরোধী বন্ধুরাও সাহায্য করুন এই অনুরোধ রাখছি।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটু গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বীনপুর ব্লকের, তিলবনী হাইস্কুল, ঐ এলাকার একমাত্র শিক্ষা ক্ষেত্র। গত ১০ বছর যাবত ঐ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠন হয়নি, জনপ্রতিনিধিদের নিয়ে কোনও ম্যানেজিং কমিটি গঠন করা হয়নি। ঐ স্কুলটিতে অ্যাড-হক কমিটি কাজ চালিয়ে যাচ্ছে এবং সেখানে ১৪টি পদ অনেকদিন ধরে খালি পড়ে আছে। ঐ এলাকায় সমাজবিরোধী গুন্ডারা এবং হেডমাস্টার লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করে দলের লোকদের ওখানে নিয়োগ করতে চাইছে। ডি.আই-কে জানিয়েছি যে সমাজবিরোধী সি.পি.এম গুন্ডারা সেখানে ম্যানেজিং কমিটি গঠন করতে দিচ্ছে না। আমি আপনার মাধ্যমে বিষয়টি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী বুদ্ধদেব বাবুর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার গত ২২শে নভেম্বর, ১৯৯২, ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আমাদের যে মিটিং হয়েছিল, তখন প্রশাসনের পক্ষ থেকে আশঙ্কা করা হয়েছিল যে আমরা দ্বিতীয় হুগলি সেতুর উপর দিয়ে বাস, লরি করে লোকজন নিয়ে আসব। আমি তখন ওনাদের বললাম, না, আমাদের এমন কোনও পরিকল্পনা নেই। কিন্তু আমরা দেখতে পেলাম ২৯শে নভেম্বর, বামফ্রন্টের ডাকে, ব্রিগেডে যে সভা করা হল তাতে দ্বিতীয় হুগলি সেতুর উপর দিয়ে লরি এবং বাসে করে ক্যাডাররা মিটিংয়ে এল। আমরা আরও দেখতে পেলাম যে ২১শে ফেব্রুয়ারি, ১৯৯৩ ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আবার ওদের যে সভা হল তখনও আমরা দেখলাম দ্বিতীয় হুগলি সেতুর উপর দিয়ে দলে দলে লোক মিছিল করে, ট্রাকে করে এবং বাসে করে লাল ঝান্ডা লাগিয়ে এল সম্পূর্ণ বে-আইনি ভাবে। এমনকি নূন্যতম টোল ট্যাক্স হিসাবে যা পাওনা তাও দেওয়া হল না। আমি তখন হাওড়া জেলা প্রশাসনকে বললাম, ওনারা বে-আইনিভাবে সেতুর উপর দিয়ে যাচ্ছেন কেন? তখন উনি বললেন উপর মহলের আদেশে। আমি বুদ্ধদেব বাবুকে জিজ্ঞাসা করছি এই যে এরা লক্ষ লক্ষ টাকা ট্যাক্স ফাঁকি দিয়ে চলে গেল এই দায়িত্ব কার? আর শুধু সি.টি.সি-র বাস কেন ঐ সেতুর ওপর দিয়ে চলবে? হাজার হাজার আবেদন থাকা সত্ত্বেও কেন অন্যান্য প্রাইভেট বাসকে সেখান দিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবেনা? সি.টি.সি-র বাস ছাড়া অন্যান্য বাসও যাতে সেই রাস্তা দিয়ে চলতে পারে তার ব্যবস্থা গ্রহণ করা হোক।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী প্রভাত আচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এখানে মালদহ কলেজের ছাত্র ফেডারেশন সম্পর্কে একটি ভুল তথ্য দেওয়া হয়েছে সেইজন্য আমি আসল তথ্যটি উপস্থিত করতে চাই। স্যার, আমি ভেবেছিলাম যে সাবিত্রীদেবী সত্য কথাটা বলবেন কিন্তু দেখলাম যে সত্যের অপলাপ করা হয়েছে। কালকে ছাত্র ফেডারেশান ওখানে জয়ি হয়েছে। ছাত্র পরিষদ ওখানে নির্বাচনে জিততে পারবে না তাই ছাত্র ফেডারেশনের প্রতিনিধিকে সেখানে আটকে রাখা হয়েছিল। ছাত্র ফেডারেশনের এক প্রতিনিধি যখন তার নমিনেশন জমা দিতে এসেছিল তখন তাকে আটকে রাখা হয়। সেই আটক প্রতিনিধিকে দেখে যখন ছাত্রছাত্রিরা এগিয়ে যায় তখন বাইরের কিছু গুন্ডা ছাত্র সেজে তাকে আটকে রাখলে তাই নিয়ে সেখানে একটু ধস্তাধস্তি হয়। পরে ছাত্ররা মিলে তাদের তাড়িয়ে নিয়ে যায়। এই ঘটনা মালদহ কলেজে ঘটেছে এবং সেখানে নির্বাচনের ফল ছাত্র ফেডারেশনের পক্ষে গিয়েছে। ছাত্র পরিষদ সেখানে একটাও আসন পায়নি এবং নির্বাচনে তারা দাঁড়াতেই পারে নি। অন্যদিকে গৌড় কলেজে ছাত্র ফেডারেশন জিতবে এই কারণে সেখানে কংগ্রেসের নেতারা মেয়েদের উপর অত্যাচার করেছে এবং ছাত্ররা যাতে স্বাভাবিক নির্বাচনে অংশ গ্রহণ করতে না পারে সেই চেষ্টা করেছে। আমি সেখানে শিক্ষকতা করি, কলেজ সম্পর্কে জানি। গৌড় কলেজ সম্পর্কেও জানি। সত্য কথাটা সকলকে জানাবার জন্য স্যার, আপনার মাধ্যমে এই নিবেদন রাখলাম।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মহানুভবতার কাছে একটু বাড়তি সময় প্রার্থনা করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, মেদিনীপুর জেলার তমলুক থানার নীলকুণ্ঠা গ্রামপঞ্চায়েতের

কষ্ঠিগড় ও খামারচক গ্রামে সি.পি.এম ও সি.পি.আই-এর সন্ত্রাসে সেখানকার মানুষের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে। এলাকাটি মাননীয় ক্ষুদ্রসেচ মন্ত্রী মহাশয়ের এলাকার মধ্যে পড়ে। ওখানে সি.পি.এম ও সি.পি.আই পরিচালিত গ্রামপঞ্চায়েতে প্রায় দু লক্ষ টাকা গ্রাম উন্নয়নের চুরি করার ফলে খামারচক ও কষ্ঠিগড় গ্রামে একদা যারা সি.পি.এম ও সি.পি.আই করত তারা এর প্রতিবাদ করে। গত ৭ই জানুয়ারি সকালে প্রকাশ্য দিনের বেলায় খামারচক গ্রামে ধরনীধর বেরা যিনি ঐ অঞ্চলে কমিউনিস্ট পার্টির জন্ম দিয়েছিলেন এবং প্রবীণ নেতা, তার বাড়ি লুঠ করা হয় এবং বাড়ির মেয়েদের বিবস্ত্র করে খুঁটির সঙ্গে বেঁধে রাখা হয়। বাড়ির বাচ্চা ছেলেদের গলায় ছুরি ধরা হয় এবং সেখান থেকে প্রায় ১।। লক্ষাধিক টাকার সম্পত্তি লুঠ করা হয়। এছাড়া স্যার, ঐ দিন সন্ধ্যায় কণ্ঠিবাড় গ্রামের অজিত মাইতির দোকান লুঠ করা হয় এবং তাকে মেরে অচৈতন্য করে রেল লাইনের উপর ফেলে রাখা হয়। দুটি ঘটনার ব্যাপারে থানায় ডায়রি করা হয়েছে। অবিলম্বে এর প্রতিকার দাবি করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশটাকে বিক্রি করে দেবার একটা ষড়যন্ত্র চলেছে। আপনি জানেন স্যার, সারা দেশের ব্যাঙ্ক কর্মচারিরা ২৯শে মার্চ ধর্মঘটের ডাক দিয়েছেন। ধর্মঘটের কারণ কেন্দ্রীয় সরকার ধীরে ধীরে ব্যাঙ্কিং ব্যবস্থায় বেসরকারিকরণের পদক্ষেপ নিয়েছেন। স্যার, এবারের বাজেটে ঘোষণা করা হয়েছে যে ব্যাঙ্কের শেয়ার বেসরকারি মালিকদের হাতে দেওয়া হবে। শুধু তাই নয়, বিদেশি সংস্থাকেও আমাদের দেশে ব্যাঙ্কে অংশিদারির দায়িত্ব দেওয়ার কথা ভাবা হচ্ছে এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এমন কি জীবনবিমাতেও অনুরূপ ভাবে বিদেশি সংস্থা অনুপ্রবেশ ঘটানোর সুযোগ করে দেওয়ার চেষ্টা চলছে। স্যার, ভারতবর্ষে যদি মূলধন গঠনে বেসরকারি দেশি বিদেশি মালিকদের আধিপত্য তৈরি হয় তাহলে দেশের স্বনির্ভর অর্থনীতির বনিয়াদ ভেঙে যাবে। এর প্রতিবাদে ২৯শে মার্চ সারা দেশব্যাপি ব্যাঙ্ক কর্মচারিরা ধর্মঘট ডেকেছেন। স্যার আমার অনুরোধ, এই হাউস থেকেও ধর্মঘটের পক্ষে সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গ্রহণ করা হোক। আজ কেন্দ্রীয় সরকার পদক্ষেপ নিয়েছেন দেশটাকে বিক্রি করে দেওয়ার। দেশের সার্বভৌমত্বকে ধ্বংস করে দেওয়া হবে। দেশের স্বনির্ভর অর্থনৈতিক বুনিয়াদ ধ্বংস হয়ে যাবে। আজকে বিরোধী দলে যারা বসে আছেন, এককালে তাদের প্রয়াত নেতা শ্রীমতী ইন্দিরা গান্ধী এই ব্যাঙ্ককে জাতীয়করণ করেছিলেন যাতে মূলধন গঠন হয়, অর্থনৈতিক বুনিয়াদ সুদৃঢ় হয়, ক্ষমতাটা সরকারের হাতে থাকে। কিন্তু আজকে দেখা যাচ্ছে সমস্ত অর্থনৈতিক ব্যবস্থাকে বেসরকারি মালিকানার হাতে তুলে দেবার ষড়যন্ত্র হচ্ছে। এক কথায় খাল কেটে কুমির আনার চেষ্টা হচ্ছে। সুতরাং ব্যাঙ্ক কর্মচারিরা যে ধর্মঘট ডেকেছে, এখান থেকে একটা প্রস্তাব গ্রহণ করা উচিত তাদের সাপোর্ট করে।

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর একটা জনস্বার্থ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় কালিগঞ্জ এলাকায় কালিগঞ্জ থানার আনন্দ বেড়িয়ায় একটা মিনি সাব স্টেশন দীর্ঘদিন দাবির পর সেটা মেরামত হয়ে পড়ে রয়েছে, কিন্তু সেখানে আজ পর্যন্ত বিদ্যুৎ সংযোগ না হওয়ার জন্য লো ভোল্টেজ ইত্যাদির জন্য বোরো ধান চাষে অসুবিধা হচ্ছে। আমি বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন করছি, এই আনন্দ বেড়িয়ার মিনি পাওয়ার সাব স্টেশন-এ বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা

করে চাষি এবং সাধারণ মানুষের সুবিধা করে দেওয়া হোক।

**শ্রী সুভাষ বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পৌরমন্ত্রী মহাশয়ের নিকট একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি কৃষ্ণনগর পৌরসভার শ্রমিকরা চার মাস বেতন পাচ্ছে না, এই পৌরসভার বোর্ড গ্র্যাচুইটির টাকা, পি.এফ. এর টাকা, জি.ও.ডি.সি.'র টাকা এবং হাডকোর প্রায় ৫০ লক্ষ টাকা খেয়ে ফেলেছে এবং এখানে এসে বলছেন যে সরকার টাকা দিচ্ছে না। সুতরাং আমি প্রস্তাব করছি যে এই বিধানসভা থেকে কমিটি একটা তৈরি করা হোক এই ব্যাপারে তদন্ত করার জন্য। আজকে কৃষ্ণনগর এর ঐ কংগ্রেস পরিচালিত ইউনিয়নের সদস্যরাও এই বোর্ডের পদত্যাগ দাবি করেছেন কনভেনশনের মাধ্যমে। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যে টাকা চার হাজার করে গরিব মানুষের জন্য দেওয়া হয়েছে, সেই টাকা একজন গরিবও পায়নি। সেই টাকাও খেয়ে ফেলেছে। সুতরাং এই বোর্ড সম্পর্কে কঠোর ব্যবস্থা নেওয়া হোক। একটা তদন্ত কমিটি বসানো হোক, এই দাবি করছি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর কাছে।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। কৃষ্ণনগরে এস.টি.এম. টুলস একটা কারখানা আছে, সেখানে ৩৫০ জন শ্রমিক কাজ করত। শ্রমমন্ত্রী শান্তি ঘটক এবং মালিকের মধ্যে একটা চুক্তি হওয়া সত্ত্বেও সেই মালিক বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে সেই কারখানাটি লক আউট করে দিয়েছে। ফলে সেখানকার ৩৫০ জন শ্রমিক বেকার হয়ে গেছে। বেকার হয়ে যাওয়ার ফলে ইতিমধ্যেই দু'জন শ্রমিক মারা গিয়েছেন। সেই দু'জন শ্রমিকের পরিবার পরিজনদের বেহাল অবস্থা হয়ে পড়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার সামনে বলতে রাধ্য হচ্ছি যে, মাননীয় শ্রমমন্ত্রী এখানে বসে আছেন, অথচ তিনি এবিষয়ে কোনও উদ্যোগ গ্রহণ করছেন না, ৩৫০ শ্রমিককে বাঁচাবার চেষ্টা করছেন না। এই ইঞ্জিনিয়ারিং শিল্পটির উৎপাদন সামগ্রি বিদেশে রপ্তানি করা হয়। তা বন্ধ থাকার ফলে দেশেরও লক্ষ লক্ষ টাকার ক্ষতি হচ্ছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের এই শিল্প সংস্থাটির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং শীঘ্র উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে বেশ কয়েকটি চটকল বন্ধ হয়ে আছে। বিশেষ করে দু'টি চটকল অনেক দিন ধরে বন্ধ হয়ে আছে। একটি হচ্ছে হুগলি জেলার বাঁশবেড়িয়ায় অবস্থিত 'গ্যাঞ্জেস জুট মিল সেখানে ৭ হাজার শ্রমিক-কর্মচারী চাকরি করেন। আর একটি হাওড়া জেলার 'বালি জুট মিল সেখানে ৫ হাজার শ্রমিক-কর্মচারী চাকরি করেন। দীর্ঘদিন মিল দুটি বন্ধ থাকার ফলে ওখানকার শ্রমিক-কর্মচারিরা তাদের পরিবার পরিজনদের নিয়ে খুবই কষ্টে জীবন কাটাচ্ছেন এবং কেউ কেউ ঐ দুটি এলাকায় ছোটখাট দোকান বসিয়ে কিছু উপার্জনের চেষ্টা করছেন। বেশিরভাগ শ্রমিক-কর্মচারিরাই অর্ধাহার, অনাহারের মধ্যে দিন কাটাচ্ছেন। অবশ্য রাজ্য সরকার এবিষয়ে কিছু করছেন না, তা নয়, চেষ্টা করছেন। তবুও আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে অনুরোধ

করছি তিনি অবিলম্বে ঐ দুটি চটকল খোলার ব্যাপারে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করুন, আরও বেশি উদ্যোগ গ্রহণ করুন। ওখানকার সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলি সকলে যুক্ত ভাবে কারখানা দুটি খোলার জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। বাঁশবেড়িয়ার 'গ্যাঞ্জেস জুট মিল' বি.আই.এফ.আর.-এর বিবেচনাধীন, একজন প্রমোটরের খোঁজ-খবর করা হচ্ছে বলে শুনতে পাচ্ছি। কিন্তু এখনো পর্যন্ত কোনও আশার আলো দেখা যাচ্ছে না। সুতরাং এবিষয়ে মাননীয় শ্রমমন্ত্রীকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মুকুলবিকাশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় কেরসিন তেল পাওয়া যাচ্ছে না। ফলে হাজার হাজার মানুষ খুবই অসুবিধার সম্মুখীন হয়েছেন। আর কয়েক দিন পরেই মাধ্যমিক পরীক্ষা শুরু হতে চলেছে, তার কিছুদিন পরেই উচ্চমাধ্যমিক পরীক্ষাও শুরু হবে এবং বিদ্যালয়গুলিতে বাৎসরিক পরীক্ষাও শুরু হতে চলেছে। এই সময়ে কেরসিন তেলের অভাবে ছাত্র-ছাত্রীদের পড়াশুনা করতে খুবই অসুবিধা হচ্ছে। এই অবস্থার সুযোগ নিয়ে একদল কালোবাজারি ১০ টাকা থেকে ১৫ টাকা পর্যন্ত লিটার দরে কেরোসিন তেল বিক্রি করছে। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অবিলম্বে কাঁথিতে প্রয়োজন মতো কেরোসিন তেল পৌঁছবার এবং ন্যায্য দরে বিক্রয় করার ব্যবস্থা করুন।

**শ্রী সমর বাওরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার এবং সেই সঙ্গে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন কেন্দ্রীয় সরকার একটার পর একটা সারের কারখানা তুলে দিচ্ছেন, সারের উপর ভর্তুকি তুলে দিচ্ছে বিদেশ থেকে চড়া দামে সার আমদানি করছেন। এর ফলে আমাদের দেশের কৃষকদের কৃষিকার্যের যথেষ্ট অসুবিধা হচ্ছে। উৎপাদন ব্যয় বেড়ে যাবার জন্য এ বছর আলু চাষীরা তাদের গত বছরের উৎপাদিত ফসলের এক অংশ বীজ হিসাবে ব্যবহার করে, কিন্তু এ বছর আলুর দাম না থাকার জন্য চাষিরা মার খাচ্ছে। আমার যেটা মনে হয়েছে তা হল দক্ষিণ এশিয়ায় আলুর বাজার আছে এবং এইসব জায়গায় যদি প্রয়োজনীয় আলু রপ্তানি করা যায় তাহলে শুধু পশ্চিমবঙ্গ নয় ভারতবর্ষের আলু চাষীরা উপকৃত হবেন। উৎপাদনের খরচ বেড়ে গেছে, বাড়তি ব্যয়ের জন্য তারা বাড়তি দাম পাবেন, তারজন্য কেন্দ্রীয় সরকারকেই ব্যবস্থা নিতে হবে। বোম্বাই বন্দরে কোল্ড কনটেনার জাহাজ চলাচলের ব্যবস্থা আছে, কলকাতা এবং হলদিয়া থেকে সে ব্যবস্থা নেই, আলু রপ্তানির প্রয়োজন এবং তারজন্য ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটিসের ব্যবস্থা কেন্দ্রীয় সরকারের করা দরকার। তাই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তুলে ধরছি। রতুয়া থানার অন্তর্গত মহানন্দা এবং জাঙ্গালহাটি গ্রামের শ্রী বীরেন মন্ডল এবং শ্রী সুনীল মন্ডলকে ১৪/১ তারিখে কিডন্যাপ করা হয়, ৩০/১ তারিখে শ্রী নেপাল মন্ডলকেও কিড়ন্যাপ করা হয়। যে সমাজবিরোধীরা এ কাজ করেছে জানা গেছে তারা সি.পি.এমের মদতপুষ্ট গুন্ডা। থানায় ডায়রি করা হয়েছে,

যাতে পুলিশ স্টেপ নেয়, পুলিশকে স্টেপ নেবার জন্য বার বার বলা হচ্ছে এবং মানুষগুলি বেঁচে আছে কিনা সেটা জানাবার জন্য বার বার বলা হয়েছে। তাদের কোনও খবরই জানা যাচ্ছে না, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষিদের শাস্তি দাবি করছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভার বুলেটিন পার্ট টু থেকে জানা গেল যে এখন থেকে সকল মাননীয় সদস্যই আইডেনটিটি কার্ড বা পরিচয় পত্র দেখিয়ে মিনি বাসে যাতায়াত করতে পারেন। এতে মাননীয় বিধায়করা আরও একটু সুযোগ সুবিধা পাবেন। কিন্তু কলকাতা শহরে মেট্রো রেলে বিধায়কদের যাতায়াতের কোনও ব্যবস্থা হয়নি। মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে আবেদন যেন এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমাদের কয়েকজন মাননীয় সদস্য পঞ্চায়েত নির্বাচনের ব্যাপারে কথা বলেছিলেন, তারপর মাননীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরি মহাশয় তার পরিপ্রেক্ষিতে কিছু উত্তর দিয়েছিলেন, নির্বাচন সম্বন্ধে কি বলবেন না বলবেন সেটা রাজ্য সরকারের ব্যাপার, কিন্তু যে পঞ্চায়েত নির্বাচনটা হবে সেই নির্বাচনে যাতে সকলে অংশ গ্রহণ করতে পারেন সেই ব্যবস্থা করাটা রাজ্য সরকারের সাংগঠনিক দায়িত্ব। এবারে নির্বাচনে নূতন আইন হয়েছে, এক তৃতীয়াংশ মহিলা এবং শিডিউল্ড কাস্ট ও শিডিউল্ড ট্রাইবসের প্রতিনিধি থাকবেন, কিন্তু এই সিট কিভাবে আইডেনটিফিকেশন, নাম্বারিং করা হচ্ছে রিজারভেশন বুথ ডিলিমিটেন কিভাবে হচ্ছে সেটা কোনও রাজনৈতিক দলকে জানানো হচ্ছে না। আমাদের লিডার অফ দি অপোজিশন গত জানুয়ারি মাসে একটা চিঠি দিয়েছিলেন মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে তিনি তার কনটেনটসে কোনও উত্তর দিলেন না, শুধু প্রাপ্তি স্বীকার করলেন। আর ১৫/২০ দিন পরে নোটিফিকেশন হবে ৭০ হাজার পঞ্চায়েত প্রার্থী, কোন সিট মহিলাদের জন্য রিজার্ভড কোনগুলি শিডিউল্ড কাস্ট বা শিডিউল্ড ট্রাইবসের কোনটা জেনারেল সিট কিছুই জানাবার ব্যবস্থা নেই। কি পদ্ধতিতে পঞ্চায়েতের সিটগুলি করা হচ্ছে সেটাও জানানো হচ্ছে না। নির্বাচন করুন, আপত্তি নেই, কিন্তু নির্বাচনে কারচুপি চালিয়ে যদি নির্বাচন করা হয় তাহলে তাতে অংশ গ্রহণ করা কষ্টকর হয়ে যাবে। বুথ পুনর্বিন্যাসের প্রশ্নে চিফ ইলেকশন অফিসার বলেছেন যে, পুনর্বিন্যাস করা হবে না। কিন্তু বুথভিত্তিক নির্বাচনের জন্য কিভাবে বুথ পুনর্বিন্যাস করা হল সে ব্যাপারে পঞ্চায়েত মন্ত্রীকে জানাতে বলুন। এই নির্বাচনকে যদি সাধারণ মানুষের মধ্যে নিয়ে যেতে না পারি, যেখানে ২২।২৩ হাজার মহিলা ক্যান্ডিডেট রয়েছেন, সেখানে নির্বাচন কিভাবে হবে? কিন্তু সেটা জানানো হচ্ছে না, সাধারণ মানুষকে এই ব্যাপারে অন্ধকারে রাখা হয়েছে। আজকে নির্বাচনের পদ্ধতিগুলি সবাইকে জানানো হোক, তারপর নির্বাচন হোক।

**শ্রী গৌতম রায়চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভাকে অবগত করাতে চাই। আমাদের দেশের গণতান্ত্রিক ব্যবস্থার উপর একটা কঠিন আক্রমণ সম্প্রতি সংগঠিত হয়েছে। বিষয়টা ত্রিপুরা সংক্রান্ত। কিন্তু গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে

আমরা এখানে উপস্থিত হয়েছি এবং গণতন্ত্রকে রক্ষা করবার জন্য এখানে রয়েছি সংবিধানকে সামনে রেখে। কিন্তু আমাদের এখান থেকে রাজ্যের এক মন্ত্রী শ্রী সুভাষ চক্রবর্তী সভা করতে সেখানে গিয়েছিলেন, কিন্তু তাকে সভা করতে দেওয়া হয়নি, সভা বাঞ্চাল করে দেওয়া হয়েছে রাজ্য সরকারের প্রত্যক্ষ মদতে। মেয়াদ শেষ হয়ে যাবার পরও ঐ সরকার সেখানে তত্বাবধায়ক সরকার হিসাবে কাজ চালিয়ে যাচ্ছেন। এটা গণতন্ত্রের পক্ষে বিপজ্জনক। এইরকম অবস্থায় গণতান্ত্রিক ব্যবস্থাকে রক্ষা করবার স্বার্থে আমাদের চিন্তা-ভাবনা করা উচিত।

**মিঃ স্পিকার ঃ** গৌতমবাবু, ওটা তো অন্য রাজ্যের ব্যাপার। অন্য রাজ্যের ব্যাপার নিয়ে এখানে আলোচনা করা যায় না। এখানে এটা হবে না।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্রের অন্তর্ভুক্ত ফুলিয়াতে স্বাধীনতার পরে একটি পলিটেকনিক ফুলিয়া পলিটেকনিক সেন্টার গড়ে উঠেছিল। গত ১৫ বছরে তার যে অবস্থা হয়েছে বলার নয়। সেখানে যে পরিকাঠামো ছিল তা বিপর্যয়ের মুখে। সেখানে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকমন্ডলি রয়েছেন, প্রশিক্ষণের যন্ত্রপাতি সব রয়েছে, তা সত্ত্বেও শুধুমাত্র সরকারি অবহেলার কারণে যে পলিটেকনিক সেন্টারটি আই.টি.আই. এর সমতুল্য হিসাবে গড়ে উঠতে পারতো, সেখানে দেখা যাচ্ছে ঐ পলিটেকনিকে যেসব ট্রেড রয়েছে তার মান আই.টি.আই. এর সমতুল্য হচ্ছে না। তাই কারিগরি শিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, সেখান থেকে যেসব ট্রেনাররা ট্রেনিং নিয়ে বেরোবেন তাদের ট্রেনিং শেষে অ্যাপ্রেন্টিসের ব্যবস্থা করা হোক এবং স্টাইপেন্ডের ব্যবস্থা করা হোক এবং ঐ পলিটেকনিক সেন্টারকে আই.টি.আই. এর সমতুল্য করে গড়ে তোলা হোক।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর প্রতি একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এবারে আলু চাষিদের সর্বনাশ হয়ে গেল। কেন্দ্রীয় সরকারের কৃষক স্বার্থ বিরোধী নীতিতে সারের দাম বেড়ে যাওয়ায় আলুর উৎপাদনের খরচ অনেক বেড়ে গেল। অপরদিকে আলুর উৎপাদন হবার পরে আলুর দাম বেড়ে যাওয়ায় চাষিদের সর্বনাশ। ব্যাঙ্ক যে সমস্ত ঋণ দিত তাদেরও মাথায় হাত কারণ ঋণ আদায় হবেনা। কো-অপারেটিভ যে ঋণ দিত সেটাও আদায় হবেনা। এর ফলে সমগ্র গ্রামীণ অর্থনীতিতে একটা বিপর্যয় অবস্থা দেখা দিয়েছে। তাই আমার আবেদন কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার টাকা চাক। সেই সঙ্গে যে স্টোরেজগুলি আছে সেখানে চাষিদের আলু রাখার ব্যবস্থা করা হোক। রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে বিদেশে আলু পাঠাবার ব্যাপারে চাপ সৃষ্টি করুক। তা নাহলে আলু চাষ যেখানে দ্বিতীয় স্থান ছিল সেটা বিপর্যয়ের মুখে এসে দাঁড়াবে এবং আমাদের অর্থনীতি ভেঙে যাবে। কাজেই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত নির্বাচন নিয়ে অনেক বক্তব্য এখানে বলা হয়েছে। আমরা দেখছি যে পঞ্চায়েত নির্বাচন যত এগিয়ে আসছে গ্রামে-গঞ্জে সি.পি.এম এবং বি.জে.পির গোপন আঁতাতও চলছে এবং সেটা প্রমাণ হয়েছে। আমার এলাকায় ফুলসরা গ্রামপঞ্চায়েতে গত ৬ মাসে কোনও কাজ হয়নি। কিন্তু হঠাৎ সেখানে বিনা

টেন্ডারে ৬ লক্ষ টাকার কাজ শুরু হয়েছে। কাটাখালি খাল কাটার জন্য এটা দেখা হয়েছে অর্ডার পেয়েছে সি.পি.এম.এর অমল এবং বি.জে.পি'র নিতাই। এরা দুইজনে একই জায়গায় থাকে। গাইঘাটা গ্রামপঞ্চায়েতের সভাপতিকে অ্যাভয়েড করে এই কাজ শুরু করা হয়েছে। আজকে গ্রামে-গঞ্জে কংগ্রেসের বিরুদ্ধে বি.জে.পি - সি.পি.এম এর যে আঁতাত গড়ে উঠেছে, এই আঁতাতকে পশ্চিমবাংলার মানুষ প্রতিরোধ করবেই করবে।

**শ্রী পদ্মনীধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার পার্শ্ববর্তী কেন্দ্র মাননীয় মন্ত্রী পতিতপাবন পাঠকের বালি কেন্দ্র। সেখানে গতকাল লালবাবা কলেজে সংসদের নির্বাচনের জন্য নমিনেশান দেবার সময় ছিল বেলা ১২টা পর্যন্ত। ছাত্র পরিষদের যেহেতু কোনও ছাত্র সমর্থন নেই, অনেক পরে তারা কয়েকজন সমাজবিরোধী নিয়ে লালবাবা কলেজের প্রিন্সিপালের ঘর, প্রফেসর স্টাফরুম ভাংচুর করে, অধ্যাপিকাদের প্রতি অশালিন ব্যবহার করে। এর ফলে কয়েকজন ছাত্রী গুরুতর ভাবে আহত হয়, তারা এখন ইনটেনসিভ কেয়ারে আছে। এর প্রতিবাদে সেখানে কয়েকঘন্টা ধরে ছাত্র ফেডারেশনের কর্মিরা, হাজার হাজার কর্মী, জি.টি. রোডে অবস্থান করছে। মাত্র ৩ জন সমাজবিরোধী কংগ্রেস (আই) গ্রেপ্তার হয়েছে। আমরা চাই যারা এই কাজের সঙ্গে যুক্ত আছে তাদের সকলকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উচ্চশিক্ষা মন্ত্রী মাধ্যমিক শিক্ষামন্ত্রী এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। বেসরকারি কলেজ এবং স্কুল শিক্ষক মহাশয়েরা মাস ১লা বেতন পাচ্ছে না, এটা সত্যি কথা। যদিও সরকারের ঘোষিত নীতি মাস ১লা বেতন দেবেন। কিন্তু কয়েকমাস যাবৎ তারা কেউ বেতন পাচ্ছে না। এমনকি আমি যে কলেজে কাজ করি এবং অনেক কলেজ আছে যেখানে জানুয়ারি মাসের বেতনও ঠিকমতো দেওয়া হয়নি। উচ্চ শিক্ষামন্ত্রী এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে আমার একান্ত অনুরোধ যে শিক্ষক মহাশয়েরা যাতে মাস ১লা বেতন পেতে পারে তার ব্যবস্থা করবেন। এই আবেদন আমি আপনার মাধ্যমে মন্ত্রীদ্বয়ের কাছে রাখছি।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী মানিকলাল আচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয় মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় কয়লা এবং খনি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বরাকর থেকে কুলঝরিয়া পর্যন্ত এলাকায় প্রচুর ধ্বস নামছে। আমরা বারে বারে ইস্টার্ন কোল্ড ফিল্ড লিমিটেডকে বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা গ্রহণ করছেন না। কয়লা তুলে যে পরিমাণ বালি দিয়ে ভরাট করার কথা সেটা হচ্ছে না। এর ফলে ওই এলাকার বিভিন্ন জায়গায় ধ্বস দেখা দিয়েছে। অবিলম্বে এই ব্যাপারে কোনও ব্যবস্থা না করলে বহু জীবনহানী হবে, বহু সম্পদ নষ্ট হয়ে যাবে। আমরা ইস্টার্ন কোল্ড ফিল্ড লিমিটেডকে বারে বারে বলেছি রানিগঞ্জ এবং কুলঝরিয়ায় ধ্বস দেখা দিচ্ছে, ধোঁয়া দেখা দিয়েছে, কিন্তু কোনও প্রতিকার কিছু হয়নি। এই ব্যাপারে আমি কেন্দ্রীয় কয়লা এবং খনি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর

বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনী ক্ষেত্র কাঁথিতে বিদ্যুৎ দপ্তরের একটা গুরুত্বপূর্ণ ১৩২ কে.ভি. সাব-স্টেশন আছে। এখান থেকে শুধু কাঁথি নয়, মুর্শিদাবাদ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করা হয়। দুঃখের বিষয় এই যে এই ১৩২ কে.ভি. সাব স্টেশনে যে ট্রান্সফরমার আছে সেই ট্রান্সফরমারগুলি মাস দুই আগে থেকে গোলমাল করছে, একটার পর একটা বন্ধ হয়ে যাচ্ছে। বন্ধ হয়ে যাওয়ার পর এইগুলিকে চালু করার চেষ্টা করেছে বা পাল্টাবার চেষ্টা করেছে। সেখানে পাল্টে নূতন ট্রান্সফরমার দেওয়ার বদলে মেরামত করা সারানো কোথা থেকে ট্রান্সফরমার এনে বসিয়েছে। বসানোর কিছুদিন পরে আবার বন্ধ হয়ে যাচ্ছে। এই ব্যাপারে সেখানে বলতে গেলে সেখানকার অফিসাররা বলেন, অতীশবাবু কিছু বলবেন না, আমাদের টাকা পয়সা নেই, আমরা দেউলিয়া হয়ে গেছি, নূতন ট্রান্সফরমার কেনার পয়সা নেই। আমাদের অন্য জায়গা থেকে মেরামত করা ট্রান্সফরমার লাগানো ছাড়া উপায় নেই। তারফলে গোটা এলাকা বিদ্যুৎ সরবরাহ বিপন্ন হয়ে যাচ্ছে। চাষিরা বিদ্যুৎ পাচ্ছে না। এবারে বোরো মরসুমে যে চাষ হয়েছে বিদ্যুতের অভাবে তা শুকিয়ে যাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এখানে নূতন ট্রান্সফরমার লাগানো হয় তার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে সভায় আলুর দূরবস্থার বিষয়ে আলোচিত হয়েছে। বর্তমান বছরে কেন্দ্রীয় সরকার সারের উপর থেকে ভর্তুকি তুলে নেওয়ার ফলে সারের দাম বেড়ে গেছে এবং চাষিরা তাদের সমস্ত জিনিস খুইয়ে আলু চাষ করেছে। আলুর যে দাম হওয়া উচিত ছিল সেই দাম তারা পাচ্ছে না, আলু চাষিদের সর্বনাশ হয়ে গেছে। আলু চাষিদের জন্য কয়টি সুনির্দিষ্ট প্রস্তাব সরকারের কাছে রাখছি। আলু ১৬০ টাকা কুইন্টাল হিসাবে দাম ঠিক করে সরকার আলু কিনে নেবার ব্যবস্থা করুন। আলু যাতে বিদেশে রপ্তানি করা যায় তারজন্য এখান থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রীর কাছে যাবার ব্যবস্থা করা হোক। উত্তর প্রদেশ থেকে যে অ্যালকোহল আনা হয় সেটা বন্ধ করে এই আলু থেকে অ্যালকোহল করার ব্যবস্থা করা হোক। আলু দিয়ে ফুড প্রসেসিং করার ব্যবস্থা করা হোক।

**শ্রী ভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁর বারাকপুর শ্রীপল্লীতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় জন্মগ্রহণ করেছিলেন। এবারে তার প্রাক শতবর্ষ চলছে। তার জন্মদিন ১লা সেপ্টেম্বর, ওই দিন তার শতবর্ষ উৎযাপিত হবে। তার বসতবাটি ব্যারাকপুরের শ্রীপল্লীতে বহু সাহিত্যিক পশ্চিমবাংলা থেকে এবং পশ্চিমবাংলার বাইরে থেকে এসেছিলেন। তার বসতবাটি ব্যারাকপুরের শ্রীপল্লীতে, সেটা ভেঙে পড়ছে। তার রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নেই। আমি তাই সরকারের কাছে দাবি পেশ করছি যে, তার বাটিটি অধিগ্রহণ করে সেখানে একটি স্মারক হিসাবে একটি বিল্ডিং করা হোক। আর বনগাঁর বুকে, যেখানে তিনি সাহিত্য রচনায় অনুপ্রেরণা পেয়েছিলেন, ইছামতীতে যে ব্রিজ হচ্ছে ৩ কোটি ১৬ লক্ষ টাকা ব্যয় করে, আমার প্রস্তাব, ঐ সেতুটির নাম 'বিভূতি সেতু' দেওয়া হোক। সেই সাথে সাথে তার লেখা বহু প্রকাশিত এবং অপ্রকাশিত যে সমস্ত বই আছে সেগুলিকে নিয়ে একটি সংগ্রহশালা করা হোক।

## ZERO HOUR

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে বলি, আপনি জানেন যে ১৯৪২ সালের পর ১৯৯২ সাল, ঐ বছরে পঞ্চাশ বর্ষ পূর্তি উৎসব হয়েছিল 'সুবর্ণ বর্ষ' হিসাবে। তখন আমরা সিদ্ধান্ত করেছিলাম, সেই সময়ে তাম্রলিপ্ত সরকার গঠনে যারা অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিলেন তাদের মধ্যে সতীশ সামন্ত, অজয় মুখার্জি এবং সুশীল ধাড়া প্রমুখ ব্যক্তি ছিলেন। আমি আপনাকে আগে এই ব্যাপারে বলে রেখেছিলাম বলব বলে। তবে আমার বন্ধুবর এখানে এ সম্পর্কে বলেছেন। এখানে মন্ত্রী ছিলেন, তিনি প্রতিশ্রুতি দিয়েছেন। যে অজয় মুখার্জির মর্মর মুর্তি স্থাপিত হবে। কিন্তু আমার ছোট্ট একটি প্রশ্ন যে, '৯২ সালে যদি এটা হত তাহলে ভাল হত। কারণ, অজয় মুখার্জি শুধু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন না, তিনি স্বাধীনতা সংগ্রামের একজন প্রবাদ পুরুষ ছিলেন। তার মর্মর মুর্তি যদি কলকাতার বুকে কোনও একটা জায়গায় প্রতিষ্ঠিত করে দেওয়া যেত, আমি মনেকরি তাহলে স্বাধীনতা সংগ্রামির প্রতি উপযুক্ত মর্যাদা দেওয়া যেত। যে কোনও কারণেই হোক না কেন, অর্থের অভাবে তা মঞ্জুর হয়নি। আমি আপনার মাধ্যমে আর একটি কথা জানাতে চাই, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যেখানে বেড়াতে যান এবং চার কোটি টাকা খরচ হয় শঙ্করপুরে বেড়াতে যান টাকা খরচ হয়, বিদ্যুৎ নেই বিদ্যুৎ যায়, মুখ্যমন্ত্রী বিলেতে গেলে টাকা খরচ হয়, তার সাথে ডাক্তার যায়, কোটি কোটি টাকা খরচ হয় আর সেখানে পশ্চিমবাংলার একজন কৃতি সন্তান যিনি, তারজন্য ৪ লক্ষ টাকা যদি ব্যয় না করা যায় তাহলে কি ভাবতে হবে? আমি প্রস্তাব রাখছি, আমি তার মূর্তির জন্য আমার এক মাসের সমস্ত মাইনে দিয়ে দেব। মতীশ রায় মহাশয় একজন মন্ত্রী, তিনি নিজে চেয়ারম্যান হয়ে একটি কমিটি গঠন করুন। আমি কথা দিচ্ছি, ভিক্ষা করে হলেও আমরা ৪ লক্ষ টাকা তুলে দেব যাতে অজয় মুখার্জির মূর্তি করতে সরকারি কোষাগারে হাত দিতে না হয়। আমার এক মাসের মাইনে দেব শুধু তাই নয়, বিধানসভায় অন্যান্য কংগ্রেস সদস্য যারা আছেন তাদের কাছে আমি অনুরোধ করব, তারা সকলে এগিয়ে অসুন। এটা করে সম্মানীয় ব্যক্তির প্রতি অসম্মান যেটা করা হয়েছে সেটা যেন না করা হয় তারজন্য আহ্বান জানাই। আমি বিশ্বাস করি, মতী॰ রায় মহাশয় যদি প্রচেষ্টা গ্রহণ করেন, তিনি যদি চেয়ারম্যান হয়ে কমিটি গঠন করেন তাহলে আমরা অকৃপণ হস্তে তাকে সাহায্য করব।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় যে ব্যাপারে বললেন, সেই ব্যাপারে এখানে মাননীয় মন্ত্রী মহাশয় সকালে স্টেটমেন্ট করেছেন। উনি তখন হাউসে ছিলেন না। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে এই ব্যাপারে টাকা দেবেন যত অসুবিধাই হোক না কেন।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা ভারতবর্ষে সাম্প্রদায়িকতার যে বিপদ তা নিয়ে সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন মানুষই উদ্বিগ্ন। সমাজ জীবন থেকে এই সাম্প্রদায়িকতার বিষ নির্মুল করার ক্ষেত্রে সামাজিক আন্দোলনের সাথে সাথে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে হবে সেটা হচ্ছে শিক্ষাক্ষেত্রে যথাযোগ্য শিক্ষার প্রবর্তন।

আমরা জানি আমাদের দেশের মণীষীরা বিজ্ঞান মানসিকতায় কুসংস্কারমুক্ত ধর্মনিরপেক্ষ চরিত্রের মানুষ সৃষ্টি করার জন্য টোল ও মাদ্রাসা শিক্ষার পরিবর্তন করে আধুনিক শিক্ষার প্রবর্তনের জন্য জীবনব্যাপি সংগ্রাম করেছিলেন সেই সংগ্রামে বিদ্যাসাগর থেকে আরম্ভ করে রবীন্দ্রনাথ শরৎচন্দ্র, নজরুল প্রমুখ বহু মণীষীরাই ছিলেন। তাঁরা বলেছিলেন কোনওভাবেই ধর্মের অনুপ্রবেশ শিক্ষাক্ষেত্রে বরদাস্ত করা যায় না। শিক্ষার থেকে ধর্মের প্রভাব মুক্ত করার জন্য বিদ্যাসাগর সুপারিশ করেছিলেন যে সাংখ্য, বেদান্ত ভ্রান্ত দর্শন। চেতনার উম্মেষের জন্য পাশ্চাত্য বিজ্ঞান শিক্ষার প্রয়োজন।. কিন্তু সেইদিক থেকে আজকে দুঃখের বিষয় যে, বর্তমানে শিক্ষার মধ্যে অলৌকিকতা এবং ধর্মীয় কাহিনীকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। সুতরাং আমার অনুরোধ সমাজ জীবন থেকে সাম্প্রদায়িকতার বিষ হটাতে গেলে সর্বোপরি স্কুল-কলেজের পাঠ্যসূচীর পরিবর্তন করতে হবে। সেই ব্যাপারে সরকারের বিশেষ উদ্যোগ নেওয়ার দরকার।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ইতিমধ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে আগামী ৩০শে মে সারা রাজ্যে পঞ্চায়েত নির্বাচন ঘোষিত হয়েছে। আমরা ৪-৪ বার বামফ্রন্ট সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ক্ষমতার বিকেন্দ্রীকরণের অঙ্গ হিসাবে প্রতি ৪ বছর অন্তর অন্তর গণতান্ত্রিক প্রক্রিয়াতে সুসংহত ভাবে আমরা পঞ্চায়েত নির্বাচন করেছি। আমরা খুব গভির উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, কংগ্রেস দলের পক্ষ থেকে গণতন্ত্রের কথা বলা হচ্ছে কিন্তু কার্যত অন্য রূপ দেখা যাচ্ছে। আমাদের বিরোধী বন্ধু মানস ভুঁইয়া এবং সুদীপ বন্দ্যোপাধ্যায় গণতন্ত্রের কথা বললেন। কিন্তু তাদেরই একজন মন্ত্রী সন্তোষ মোহন দেব তিনি আবার তার রাজ্যে সন্তোষি দেবতা বলে পরিচিত, দুষ্ট পক্রিয়া নিয়ে কাজ করে যাচ্ছেন। ত্রিপুরাতে দোর্দন্ড প্রতাপ নিয়ে নেতৃত্ব দিয়েছেন। সেখানে আই এ এস এবং আই পি এস অফিসারদের সঙ্গে যোগসাজস করে ত্রিপুরাতে নির্বাচন স্থগিত রেখে দিলেন। এক নতুন পক্রিয়াতে তিনি এই কাজ করলেন। তিনি দিল্লিতে কোণঠাসা অবস্থায় রয়েছেন কিন্তু তবুও তাকে মন্ত্রী করে রাখা হয়েছে কেন এই নিয়েই আমাদের প্রশ্ন। আমার তো মনে হয় সন্তোষদেব যেমন ত্রিপুরাতে নির্বাচন স্থগিত রাখলেন সেইরকম এখানে সুদীপ বাবু তার পথ অনুসরণ করে গণতন্ত্রের কথা বলে পঞ্চায়েত নির্বাচন স্থগিত রাখতে চাইছেন। আমি বামফ্রন্ট সরকারের কাছে অনুরোধ করছি যে, গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে যাতে এই জিনিস হতে না পারে সেই ব্যাপারে প্রচন্ডভাবে হস্তক্ষেপ নেওয়া দরকার।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি সাধারণত আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে কোনও ব্যাপারেই একমত হতে পারিনা, শুধু সাম্প্রতিককালে একটা ব্যাপারে আমি ওনার সঙ্গে একমত। উনি মুখ্য নির্বাচনী কমিশনার টি.এন. শেষনকে বদ্ধ উন্মাদ বলেছিলেন। জ্যোতিবাবু যেটা বলেছিলেন সেটা সঠিক। কারণ যেভাবে ত্রিপুরার নির্বাচন পিছিয়ে দেওয়া হয়েছে, যেভাবে পশ্চিমবাংলার ভোটার তালিকা নিয়ে শেষন এখনও ছিনিমিনি খেলছে, তাতে মনে হয় নিশ্চয় নির্বাচন কমিশনারের মাথায় কোনও গোলযোগ ঘটেছে। কারণ আমরা দেখেছি বালিগঞ্জের উপনির্বাচনের সময় যে সি.পি.এমরা মুখ্য নির্বাচন কমিশনারকে বদ্ধ উন্মাদ বলেছিলেন তারাই আজকে তার বিরাট সমর্থক হয়ে উঠেছে এবং মুখ্যমন্ত্রী অনুরোধ করছে প্রধানমন্ত্রীকে যে মুখ্য নির্বাচন কমিশনারের কথা শুনে যেন চলা হয় এবং ওখানে তদারকি সরকার বাঞ্চাল করে দিয়ে যেন রাষ্ট্রপতি শাসন জারি করা হয়। ত্রিপুরায় ঠিক ততটাই গণতান্ত্রিক নির্বাচন

করা উচিত, জ্যোতিবাবু পশ্চিমবাংলায় যেরকম গণতান্ত্রিক নির্বাচন করে থাকেন এবং সেটা কোথায় কেয়ার টেকার মিনিস্ট্রির মাধ্যমেই নির্বাচন করা যাবে। তাই আমরা মনেকরি [****] এবং সব জায়গায় যেরকম কেয়ার টেকার মন্ত্রিসভার মাধ্যমে নির্বাচন হয় সেখানেও হোক।

**মিঃ স্পিকার :** ত্রিপুরায় নির্বাচন হোক, এই কথাটি বাদ যাবে।*

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের সংসদীয় ইতিহাসে বেশকিছু নজিরবিহীন ঘটনা ঘটে চলেছে। আপনি দীর্ঘদিন এই হাউস পরিচালনার ব্যাপারে নেতৃত্ব দিচ্ছেন এবং এরজন্য আমরা পশ্চিমবাংলার মানুষরা গর্ব অনুভব করি। ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্র রক্ষার ক্ষেত্রে আমাদের একটা অগ্রণি ভূমিকা আছে। কিন্তু স্যার, আজকে একটা ঘটনা একটা ঘটনা শুনে অবাক হলাম, আমাদের পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত একজন সংসদ শ্রী নির্মল চ্যাটার্জি তাকে পার্লামেন্টের সেন্ট্রাল হলে একজন কেন্দ্রীয় মন্ত্রী অশালিন, কুৎসিত এবং নোংরা ভাষায় আক্রমণ করেছেন। স্যার, ইট ইজ এন অ্যাটাক অন দি ইন্ডিয়ান পার্লামেন্টারি সিস্টেম। স্যার, গোটা হাউস থেকে আপনার নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রীর এই বক্তব্যের বিরোধিতা করা উচিত। আরেকটা ঘটনা স্যার, একটা রাজ্যের বিধানসভার মেয়াদ শেষ হয়ে গিয়েছে, কিন্তু গায়ের জোরে তারা থাকে কি করে? যারা গণতন্ত্রকে ধর্ষণ করছে, নারী ধর্ষণ করছে, তারা গায়ের জোরে ক্ষমতায় থেকে নির্বাচন করবে কি করে? ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্রকে আমরা লালন-পালন করেছি, আর সেই মূল্যবোধকে পদদলিত করছে আমাদের প্রতিবেশি একটা রাজ্য অফিসারদের মর্যাদা নেই, সংসদের মর্যাদা নেই, নারীর মর্যাদা নেই যেন জল্লাদের শাসন চলছে।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী দেওকিনন্দন পোদ্দার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে অর্থমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আজ সারা পশ্চিমবাংলায় ওয়েস্ট বেঙ্গল ট্রেডার্স অ্যাশোসিয়েশান ধর্মঘট চালাচ্ছে। প্রতিটি জেলাতে এবং কলকাতার এসপ্লানেড ইস্টে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত তারা হাঙ্গার স্ট্রাইক করে বসে থাকবেন। সেলস ট্যাক্সের আধিকারিকদের বিরুদ্ধে তাদের অভিযোগ। আইনের ফাঁকে সেলস ট্যাক্স আধিকারি করা যেভাবে তাদের উপর অবিচার, অত্যাচার চালাচ্ছে তাতে ব্যবসায়ি সম্প্রদায় ক্ষুব্ধ। মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ, তাদের কথা শুনে এক্ষেত্রে ন্যায়সঙ্গত বিচারের ব্যবস্থা করুন। পশ্চিমবঙ্গ সরকার প্রতিশ্রুতি দিয়েছেন যে প্রত্যেক শ্রেণীর মানুষদের কথা শুনে তারা যাতে ন্যায়সঙ্গত বিচার পান সে ব্যবস্থা করা হবে। তা যদি হয় তাহলে এই ব্যবসায়ি সম্প্রদায়ের প্রতি তা করা হবে না কেন? সরকারি দপ্তর তদন্ত করলে আমি মনেকরি এই ব্যাভিচারি সরকারি দপ্তর দিয়ে ঠিকমতন তদন্ত হবে না। কাজেই আমার প্রস্তাব, হয় জুডিসিয়াল এনকোয়ারি করা হোক অথবা বিধানসভার সদস্য নিয়ে তদন্ত কমিটি করে তদন্ত করিয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যে বালিগঞ্জ উপনির্বাচনে

Notes - *Expunged as ordered by the Chair.

যখন মুখ্য নির্বাচনী কমিশনার অনেকগুলি বুথে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছিলেন তখন আমাদের এই হাউসে দাঁড়িয়ে সেই নির্বাচন কমিশনারকে বদ্ধ উন্মাদ বলা হয়েছিল। সেদিন নির্বাচন কমিশনারের নিরপেক্ষতা সম্বন্ধে সন্দেহ প্রকাশ করে অনেক কটুক্তি করা হয়েছিল। এমন কি আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মহাশয় পর্যন্ত অনেক মন্তব্য করেছিলেন এবং তার সম্বন্ধে অনেক কটুক্তি, বক্রোক্তি করেছিলেন। কিন্তু আজকে প্রকৃতপক্ষে সেই নির্বাচন কমিশনার যখন উন্মাদ হয়ে পড়েছেন বা উন্মাদগ্রস্ত হয়ে যখন ভারতীয় সংসদীয় গণতন্ত্রের উপর আঘাত হানতে উদ্যত হয়েছেন তখন আমরা দেখতে পাচ্ছি যে আমাদের রাজ্যের বামফ্রন্ট সরকারের বন্ধুরা যারা কিছুদিন আগেও ভোটার তালিকা পুনর্লিখনের নির্দেশ দিয়েছিলেন বলে তাকে গালাগাল দিয়েছিলেন তারা এখন নির্বাচন কমিশনের বিরুদ্ধে কোনও কথা বলছেন না। নির্বাচন কমিশন যখন পশ্চিমবঙ্গের ব্যাপারে ব্যবস্থা নিলেন তখন তাকে বদ্ধ উন্মাদ বলে কটুক্তি করেছিলেন অথচ সেই নির্বাচন কমিশন যখন ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্যে সংসদীয় গণতন্ত্রের উপর আঘাত হানতে উদ্যত হয়েছেন এবং একটা নির্বাচিত সরকারকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করছেন তখন সেই উন্মাদ নির্বাচন কমিশনারের বিরুদ্ধে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট কোনও কথাই বলছেন না। এমন কি এখানকার মুখ্যমন্ত্রী পর্যন্ত তাকে নিন্দা করছেন না। এটা কেন করছেন না তা আমরা বুঝতে পারছি না। এখানে মুখ্যমন্ত্রী মহাশয় আছেন, তিনি যদি এ ব্যাপারে আমাদের হাইলাইট করেন তাহলে আমরা উপকৃত হব। সত্যই নির্বাচন কমিশনার বদ্ধ উন্মাদ কিনা এবং উন্মাদগ্রস্ত হয়ে সংসদীয় রাজনীতিতে কাজ করছেন কিনা সেটা জানালে আমরা উপকৃত হব।

**শ্রী মানবেন্দ্রনাথ মুখোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, আপনি জানেন, অনেক বিষয় আমাদের দ্বিমত থাকলেও বিরোধী দল-কংগ্রেসের সাথে সাম্প্রদায়িকতা বিরোধী প্রশ্নে অনেক ক্ষেত্রে আমরা এক জায়গায় দাঁড়াতে পারি। কাজেই সে ক্ষেত্রে একটা দায়িত্বশীল ভূমিকা ওদের কাছ থেকে আমরা আশা করি। বিরোধী দলের কাছ থেকে আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে, বি.জে.পি'র প্রাক্তন সর্বভারতীয় সভাপতি শ্রী এল.কে আদবানির সাথে এই রাজ্য থেকে নির্বাচিত এক লোকসভার সদস্যা এবং প্রাক্তন মন্ত্রীর আগরতলাতে মিটিং হয়েছিল কিনা এবং হলে কি আলোচনা হয়েছিল তা জানান। দু নং হচ্ছে, সেই মিটিং-এ একজন কেন্দ্রীয় সরকারি মন্ত্রীও উপস্থিত ছিলেন। স্যার, গণতন্ত্র হচ্ছে একটা অবিভাজ্য সত্ত্বা। ত্রিপুরাতে গণতন্ত্র আক্রান্ত হলে দেশের বাকি অংশে গণতন্ত্র নিরাপদ থাকে না এবং এটা ইতিহাসের শিক্ষা। সাম্প্রদায়িকতা এবং গণতন্ত্রহীনতা হাতে হাত দিয়ে চলে। ত্রিপুরাতে নির্বাচন বানচাল করার জন্য বি.জে.পি.'র মতো সাম্প্রদায়িক দলের সঙ্গে এই কংগ্রেস দল, গোটাটা নয়, একটা অংশ হাতে হাত মিলিয়েছে। তার যথেষ্ট প্রমাণ এই মিটিং এরমধ্যে দিয়ে জানা যায়। অতীশ বাবু যে মন্তব্য করেছেন যে সন্তোষ বাবুকে এখানে নিয়ে এসে ঠান্ডা করবেন। আমি তাকে বলি সন্তোষ বাবুকে এখানে নিয়ে আসুন, কারণ আলিপুর চিড়িয়াখানায় অনেকদিন হল ওঁরাও ওটাংয়ের খাঁচাগুলো খালি পড়ে রয়েছে, তার ভেতরে রেখে দেওয়া যাবে।

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

[12-40 — 12-50 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে

ধন্যবাদসূচক প্রস্তাব এখানে এসেছে, সেই প্রস্তাবকে আমি সমর্থন করতে পারছি না। আজকে শুনতে শুনতে আশ্চর্য লাগছিল, যে দলরা একদিন বলেছিল "এই আজাদি ঝুটা হ্যায়," তাদের মুখে আজকে "রামের মুখে ভুতের নাম' আমরা শুনছি এবং তারা "গণতন্ত্র, গণতন্ত্র' করে চিৎকার করছেন। ত্রিপুরায় গণতন্ত্র নাকি রক্ষিত হচ্ছে না! যাই হোক, ত্রিপুরার নির্বাচন সম্বন্ধে অনেক মন্তব্য আপনারা করেছেন, কিন্তু আপনাদেরকে আমরা স্মরণ করিয়ে দিতে চাই, এই কিছুদিন আগে বালিগঞ্জের উপ নির্বাচন হল, তার আগে ১৯৮৭ সালে আমি নিজে প্রত্যক্ষদর্শি বহরমপুরের নির্বাচনে দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং শঙ্কর দাস পালের মধ্যে যে প্রতিদ্বন্দিতা হয়েছিল, তাতে দেবুবাবু কি করে জিতেছিলেন, কার সাহায্য নিয়ে জিতেছিলেন, কিভাবে গণতন্ত্রকে পদদলিত করা হয়েছিল, তা যারা জানেন তারা এই সব কথা শুনে লজ্জা বোধ করবেন, ত্রিপুরা সম্বন্ধে আপনারা কিছু বলতে গেলে। সুতরাং আপনাদের মুখে গণতন্ত্র বিপন্ন বলা খুব শোভা পায় না বলে মনেকরি। আমরা জানি আপনারা সাম্প্রদায়িক সম্প্রীতির নামে এমন একটা খেলা আরম্ভ করেছেন, যে খেলার মাধ্যমে এখানে পশ্চিমবাংলায় আপনারা ওপর ওপর দেখাচ্ছেন যে আপনারা সাম্প্রদায়িক শক্তিগুলোকে দমিয়ে রাখতে চান, কিন্তু গ্রামে গঞ্জে আপনারা কি করেছেন? গ্রামে গঞ্জে আপনাদের ক্যাডাররা সাম্প্রদায়িকতা বাড়াচ্ছে, তারা প্রচার করছে, এই বাবরি মসজিদ কংগ্রেসিরা ভেঙে দিল, এই অসত্য কথা আপনাদের ক্যাডাররা প্রচার করছে। এইভাবে অসত্য প্রচার করে আপনাদের ক্যাডাররা সাম্প্রদায়িকতাকে পশ্চিমবাংলায় আরও বৃদ্ধি করা হচ্ছে। আপনারা জানেন সেই সময় কল্যাণ সিংহ-এর সরকার ইউ.পি.তে ছিলেন, যতক্ষণ পর্যন্ত সেই সরকারকে ৩৫৬ ধারায় ভেঙে দেওয়া না হচ্ছে, ততক্ষণ পর্যন্ত পুলিশ সৈন্য যতই পাঠানো হোক, তারা সেই রাজ্য সরকারের হুকুম তামিল করতে বাধ্য। যে ঘটনার কথা শ্বেত পত্রে বেরিয়েছে, তা যদি দেখেন তাহলে বুঝবেন, যতক্ষণ পর্যন্ত না ৩৫৬ ধারা প্রয়োগ করা হয়েছিল, ততক্ষণ পর্যন্ত সেখানে এই দুর্ঘটনার মোকাবিলা করতে পারেনি। আপনারা কিছুদিন আগে বলেছিলেন এবং এখনও বলেন যে ৩৫৬ ধারা সংবিধান থেকে তুলে দিতে হবে। স্বাধীনতার পর থেকে যতবার ৩৫৬ ধারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে প্রয়োগ হয়েছে, আপনারা ততবারই তার বিরোধিতা করেছেন। আর এখন দেখছি সেই রামের নামে ভুতের কথা বলছেন, কেন ৩৫৬ ধারা প্রয়োগ করা হয়নি। একথা আপনারা গ্রামে গঞ্জে, বিশেষ করে মুসলমান সম্প্রদায়ের কাছে গিয়ে প্রচার করছেন যাতে মুসলমান সম্প্রদায়ের একটু সিমপ্যাথি আপনাদের দিকে আসে। আপনাদের ৩৫৬ ধারাটা আমি পড়ে শোনাতে চাই, তাতে বলছে, 'প্রোভিশনস ইন কেস অফ ফেলিয়োর অফ কন্সটিটিউশনাল মেশিনারী ইন স্টেটস'। আপনারা খুব ভাল করেই জানেন ওতে বলা হয়েছে, 'ইন কেস অফ ফেলিয়োর', যখন ফেল করবে তখনই হবে। ৬ তারিখের আগে ইউ.পি.'র কল্যাণ সিং-এর সরকার, বিজেপি সরকার সুপ্রিম কোর্টে গিয়ে বলেছে, 'আমরা ওখানে কিছু সাধন-ভজন করব, কিছু ধোয়া-মোছা করব, আর কিছু করব না।' পবিত্র লোকসভায় এবং রাজ্যসভায় গিয়ে তারা প্রতিশ্রুতি দিয়েছে, 'আমরা ৬ই ডিসেম্বর ওখানে বিশেষ কিছুই করব না, সাধন-ভজন এবং ধোয়া-মোছা ছাড়া আর কিছু করব না।' এই অবস্থায় সেখানে ৬ তারিখের আগে কেন্দ্রীয় সরকার কি করে ৩৫৬ ধারা প্রয়োগ করবে? আমি তো এটা বুঝতে পারছি না। সুতরাং আপনারা মুখে একরকম প্রচার করেন, তলে তলে অন্যরকম প্রচার করেন। আপনারা দ্বৈত ভূমিকা পালন করছেন। অতএব আপনাদের মুখোস খুলে নেওয়া

নিশ্চয়ই আমাদের কর্তব্য। আপনারা কেন্দ্রীয় সরকারকে সমর্থন করছেন। কেন? না, আপনারা এই সময় নির্বাচন চান না। আপনারা খুব ভাল করেই জানেন যে এখন নির্বাচন হলে হয়ত বা কেন্দ্রীয় সরকারে বি.জে.পি. এসে যেতে পারে এবং যদি বিজেপি কেন্দ্রীয় সরকারে এসে যায় তাহলে আপনারা আরও ভাল করে জানেন যে, বিজেপি সরকার সব চেয়ে আগে আপনাদের বঙ্গোপসাগরে ঠেলে ফেলে দেবে, সবচেয়ে আগে আপনাদের ঠেঙিয়ে বৃন্দাবনে পাঠিয়ে দেবে। অথচ আপনারাই একদিন কংগ্রেসকে ক্ষমতা থেকে উৎখাত করার জন্য এল.কে.আদবানি, অটলবিহারী বাজপেয়ির সঙ্গে হাত মিলিয়েছিলেন। আপনাদের মুখ্যমন্ত্রী ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অটলবিহারী বাজপেয়িকে নিয়ে মিটিং করেছিলেন। একথা কি আজ আপনারা অস্বীকার করতে পারেন? আপনারা কংগ্রেসকে সরাবার জন্য, রাজীব গান্ধীকে সরাবার জন্য ভদ্রলোকের নামে কি কুৎসাই না করেছিলেন, 'অলি গলি মে সোর হায়, রাজীব গান্ধী চোর হ্যায়, কোটি কোটি টাকা রাজীব গান্ধী চুরি করেছে।' এইসব কথা দিয়ে পশ্চিমবাংলার সমস্ত দেওয়াল ভরিয়ে দিয়েছিলেন। রাজীব গান্ধীকে সরাবার জন্য আপনারা বিজেপি-র সঙ্গে হাত মিলিয়েছিলেন, তাদের সঙ্গে হাত মেলাতে আপনারা কুণ্ঠাবোধ করেন নি। আজকে আপনারা হঠাৎ খুব সাম্প্রদায়িকতা বিরোধী হয়ে গেছেন! আজকে রাতারাতি আপনারা লালকৃষ্ণ আদবানি, অটলবিহারী বাজপেয়িকে আর দেখতে পারছেন না। কেন না এখন আপনারা বুঝতে পেরেছেন যে যদি দৈবাত বিজেপি কেন্দ্র তথা ভারতবর্ষে ক্ষমতায় এসে যায় — কোনওদিনই আসবে না তাহলে আপনাদের বঙ্গোপসাগরে ফেলে দেবে, এবিষয়ে কোনও সন্দেহ নেই। তাই আপনারা সবরকম লজ্জা শরম, দ্বিধা দ্বন্দ্ব ছেড়ে দিয়ে কেন্দ্রীয় কংগ্রেসি সরকারের বাজেট আপনাদের পছন্দ হোক, না হোক, তাদের কোনও আইন আপনাদের পছন্দ হোক, না হোক তাদের সমর্থন করছেন। অসীম দাশগুপ্ত এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যতই কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করুননা কেন, আপনারা নিশ্চয়ই পার্লামেন্টে কেন্দ্রীয় বাজেটকে সমর্থন করবেন বা হাউস থেকে বেরিয়ে গিয়ে প্রকারন্তরে পরোক্ষ সমর্থন করতে বাধ্য হবেন। আপনারা হচ্ছেন ব্ল্যাক মেলারের জাত, আমি বলছি যে আপনারা হচ্ছেন ব্ল্যাক মেলারের জাত, বলছি এই কারণে যে আপনারা জানেন যে, দুর্ভাগ্যবশতঃ কেন্দ্রীয় সরকারের একক সংখ্যাগরিষ্ঠতা নেই এবং সেখানে সরকারকে বজায় রাখতে গেলে স্বাভাবিকভাবেই বিভিন্ন দলের সহযোগিতা চাইতে হচ্ছে। অজিত সিংয়ের দল, এ.আই.ডি.এম.কে. অন্যান্য সব ছোটখাট দলের সাহায্য স্বাভাবিক ভাবেই নিতে হচ্ছে। ওখানে যে এম.পি.রা থাকেন তারা যদি সাহায্য করেন তাহলে কেন্দ্রীয় সরকারের স্থিতিশীলতা বাড়বে, এই সুযোগ আপনারা গ্রহণ করেছেন, এবং সুযোগ নিয়ে কেন্দ্রীয় সরকারকে ব্ল্যাক মেল করছেন। ব্ল্যাক মেল করে ত্রিপুরায় যে নির্বাচন ঘোষিত হয়েছিল সেই নির্বাচন যাতে পিছিয়ে যায় — সেখানে আমাদের সরকার আছে, তারা নাস্তানাবুদ হয় এবং আপনারা ফিরে আসতে পারেন তারজন্য মাননীয় প্রধানমন্ত্রীর উপর চাপ সৃষ্টি করেছেন, চাপ সৃষ্টি করেছেন ইলেকশন কমিশনারের উপর। আপনাদের লজ্জা হওয়া উচিত এইজন্য যে, যে ইলেকশন কমিশনারকে আপনারা বদ্ধ পাগল বলেছিলেন আজকে সেই পাগলেরই প্রশংসায় পঞ্চমুখ হচ্ছেন। আপনারা আপনাদের ভুলটা বড় দেরিতে বুঝতে পারেন। আপনারা নেতাজিকে মুসোলিনীর সঙ্গে তুলনা করেছিলেন, পরে বুঝলেন যে সেটা ভুল করেছেন, রবীন্দ্রনাথকে বলেছিলেন বুর্জোয়া কবি। এখন রবীন্দ্রনাথ ছাড়া আপনাদের চলে না। আপনারা এখানে মহাত্মা গান্ধীকে নানাভাবে তাচ্ছিল্য করেছিলেন, এখন মহাত্মা গান্ধী,

রবীন্দ্রনাথ, বিবেকানন্দ ছাড়া আপনাদের দিন চলেনা আপনারা কি মার্কসবাদ ভুলে গেলেন? মার্কসীয় সাহিত্য কি পৃথিবী থেকে বর্জিত হয়েছে? আপনাদের ইতিহাস, পঠন পাঠন, চলন বলন থেকে মার্কস চলে গেছেন? এখন তো আপনাদের আমাদের নেতা মহাত্মা গান্ধী, নেতাজী এবং বিবেকানন্দ তাদের আশ্রয় নিয়েছেন। এটা আপনাদের কাছে লজ্জা ও ক্ষোভের কথা হওয়া উচিত। আমি আপনাদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই ও তার মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে কিছু বলতে চাই। আপনারা যাকে যাকে সমর্থন করেছেন তাকে তাকেই ডুবিয়েছেন। আপনারা শুধু ব্ল্যাক মেলারের দল নন, পিছন থেকে ছুরি মারার দল। আপনারা মোরারজি দেশাইকে ডুবিয়েছেন, চরণ সিংয়ের সঙ্গে যখন ঝগড়া হল তখন মোরারজি বার বার টেলিফোন করেছিলেন এবং মাননীয় জ্যোতিবাবুকে বলেছিলেন যে আমাকে সমর্থন করুন, চরণ সিং বিরোধিতা করছে, পিছন থেকে ছুরি মেরে মোরারজি দেশাইকে গদি থেকে সরিয়ে দিলেন, চরণ সিংয়ের সঙ্গে ঐ একই ব্যবহার করেছেন, আপনারা ভি.পি.সিংকে প্রধানমন্ত্রী করেছিলেন, কংগ্রেস এবং রাজীব গান্ধীকে হারালেন কাদের সঙ্গে হাত মিলিয়ে? বি.জে.পি'র সঙ্গে হাত মিলিয়ে, বি.জে.পি. ছুরি মেরেছে, ভি.পি.সিং পড়ে গেছে। আমি বলতে চাই, বলাটা সঙ্গত হবে কিনা জানিনা, মাননীয় নরসিংহ রাওয়ের সাবধান হওয়া উচিত। আপনারা সাহায্য করছেন, কিন্তু কবে যে সেই সাহায্য পিছন থেকে ছুরির আকারে গিয়ে তার পিঠ এফোঁড় ওফোঁড় করে দেবে তা কেউ জানেনা। তাই তাকে সাবধান হতে হবে। যাতে তিনি সরকার চালাতে পারেন তার ব্যবস্থা করতে হবে। মুশকিল হচ্ছে লোকসভার সদস্য সংখ্যা এমনভাবে গঠিত হয়েছে যে এদিকে গেলেও মুশকিল, ওদিকে গেলেও মুশকিল। বি.জে.পি.র সাথে কংগ্রেস হাত মেলাবে না, কংগ্রেস বি.জে.পি. এক হ্যায়, আমি বলি সি.পি.এম. বিজেপি এক হ্যায়। কংগ্রেস বি.জে.পি.র সাথে হাত মেলাতে যাবে না। আপনারা তো পশ্চিমবঙ্গে একটা ক্ষুদ্র পার্টি, কংগ্রেস সর্বভারতীয় পার্টি। সমস্ত বড় বড় রাজ্য ইউ.পি., মধ্যপ্রদেশ, রাজস্থান, মহারাষ্ট্র সেখানে আপনাদের কোনও চিহ্ন দেখতে পাওয়া যায় না। কংগ্রেসকে বি.জে.পি.র সঙ্গে লড়তে হচ্ছে। সুতরাং বি.জে.পি.র সঙ্গে আঁতাতের প্রশ্ন স্বাভাবিক ভাবেই ওঠেনা। সর্বভারতীয় দল কংগ্রেস বি.জে.পি'র সঙ্গে লড়াই করেই ক্ষমতায় আসতে পারবে, এই সাধারণ কথাটা বুঝতে পারেন না, কংগ্রেস বি.জে.পি. এক হ্যায় কোন যুক্তিতে, কেন এই কথা বলেন বুঝতে পারি না। সুতরাং লোকসভার সদস্যরা যেভাবে নির্বাচিত হয়েছিলেন ১৯৯১ সালে তাতে আজকে বি.জে.পি.র সঙ্গে সহযোগিতা সম্ভব নয়, এ দিকে তাদের সংখ্যাগরিষ্ঠতা নেই।

[12-50 — 1-00 p.m.]

আজকে বিজেপির সঙ্গে যাওয়া সম্ভব নয়। আজকে তাদের সংখ্যাগরিষ্ঠতা নেই এবং সেজন্য ছোট ছোট দল এবং আপনাদের সমর্থন আদায় করা ছাড়া উপায় নেই। এই অবস্থার পূর্ণ সুযোগ নিয়ে আপনারা তাকে ব্ল্যাকমেইল করছেন। আমি আবার বলব, প্রধানমন্ত্রী পি.ভি.নরসীমা রাওয়ের সাবধান হওয়া উচিত, কারণ হয়ত কোনওদিন পেছন দিয়ে ছোরা মারবেন আপনারা। কবে মোরারজি দেশাই এবং চরণ সিং এর মতো অবস্থা করে দেবেন ঠিক নেই। এবারের রাজ্যপালের ভাষণেও আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি যে, গত বছরের মতো এই বছরও কিছু অর্দ্ধ সত্য তথ্য দিয়ে এই ভাষণ তৈরি করা হয়েছে। প্রথমে

আমাদের জেলার হরিহরপাড়ার ঘটনার কথা বলতে চাই। সেখানে সাত জনকে ২রা নভেম্বর গুলি করে খুন করা হল। সেখানে সমাজবিরোধীদের বিরুদ্ধে আন্দোলন হচ্ছিল। তার এক বছর আগে থেকে জেলার কংগ্রেস প্রেসিডেন্ট হিসাবে মুখ্যমন্ত্রী এবং এস.পি.কে হরিহরপাড়া যেসব ঘটনা ঘটছে সে সম্বন্ধে বলে আসছি। সেখানে সি.পি.এম সমাজবিরোধী এবং কোনও দলের নয় এইরকম সমাজবিরোধীরা মহিলাদের উপর অত্যাচার করছে, বাড়িঘর লুঠ হচ্ছে এসব কথা জানিয়েছি, কিন্তু তারা কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। তারপর দেখা গেলো সেখানে ছয়দল মিলে — সি.পি.এমকে বাদ দিয়ে আর.এস.পি., কংগ্রেস, ফরোয়ার্ড ব্লক, সি.পি.আই, এরা মিলে নাগরিক কমিটি গঠন করে আন্দোলন শুরু করলেন, বললেন অরাজক অবস্থা থেকে বাঁচাতে হবে। তারা ডেপুটেশন দিতে গিয়েছিলেন বিডিওর কাছে, গুলি করে সাতজনকে মেরে ফেলা হল। তারপর সেখানে ডি.জি. গেলে তাকে ব্ল্যাক ফ্ল্যাগ দেখানো হল। তবে এখন এটা দেখে মনে হচ্ছে, কিছুটা বোধোদয় হয়েছে, কারণ সেখানে নতুন এস.পি.কে পাঠানো হয়েছে এবং তিনি কিছু ব্যবস্থাও নিয়েছেন। মাস তিন-চার হল তিনি সেখানে গেছেন। জানি না তাকে কবে ট্রান্সফার করে দেবেন। অবশ্য তিনি বলেছেন, 'কুছ পরোয়া নেহি, বিস্তারা বান্ধা হ্যায়।' আমি পড়ে শুনাচ্ছি স্টেটসম্যান, জানুয়ারি ৪ থেকে। তাতে বলেছে "Ten days ago two more persons were brutally murdered by anti-socials. According to sources these killing were the turning point to adopt a new strategy. Police queries revealed that the assailants were being sheltered by a local Anchal Pradhan belonging to a Left party. The Supid of Police and his men unable to track down the criminal কোনও ক্রিমিনালকে ধরতে পারছেন না, কারণ আগে থেকে খবর তাদের কাছে পৌঁছে যাচ্ছে বলে তারা পালিয়ে যাচ্ছে। He decided to bring to book the Anchal Pradhan. কোথায় হাত দিয়েছেন? কান ধরলে মাথা আসে এইরকম অবস্থা। A couple of days ago he was dragged out of his house and humiliated by the police in full view of the villagers. The message was delivered. সেখানে লেফট ফ্রন্টের এক অঞ্চল প্রধান, তার মদতে সব কান্ড-কারখানা ঘটছে। কেন তাকে ধরা হয়নি? আমরা অনেকদিন থেকে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে ডি.জি., এস.পি. সবাইকে বিষয়টা জানিয়েছিলাম, কিন্তু তাকে ধরা হয়নি। আজকে কেন সাতজন নিরীহ মানুষকে সেখানে প্রাণ দিতে হল? সেদিন অংশুমান ঘটক সেখানে গেলে তার কাছে সি.পি.এম. অঞ্চল প্রধানের আশ্রয়পুষ্ট সমাজবিরোধীরা অস্ত্রশস্ত্র জমা দিয়েছে এবং তারজন্য অংশুমান ঘটককে সেখানকার মানুষ ফুলের মালা দিয়ে স্বাগত জানিয়েছেন। আমি যে পয়েন্টটা বলছি সেটা একটু বুঝুন। এক বছর আগে থেকে আমরা সাবধান করেছি কিন্তু কেন এই চৈতন্য হলনা? পুলিশের গুলিতে ৭ জনের খুন হবার পরে এই অ্যাকশন নেওয়া হল। সি.পি.এম.এর অঞ্চল প্রধানকে ধরার পরে তার আশ্রয় পুষ্ট সমাজবিরোধীরা সারান্ডার করল। কেন এক বছর আগে এই ব্যবস্থা গ্রহণ করা হয়নি? আগে থেকে যদি এই ব্যবস্থা গ্রহণ করা হত তাহলে হরিহর পাড়ায় হতনা। এইরকম অবস্থা প্রত্যেক থানা এলাকায় হচ্ছে। আপনি বলেছেন পশ্চিমবঙ্গে গণতন্ত্র ভালভাবে বিরাজ করছে, এখানে সকলে আনন্দে আছে। আজকে যে অবস্থা চলছে এটা কি তার চিত্র? নেহারবানু ফুলবাগানে ধর্ষিত হল। নীলকমল নামে থানার একজন কনস্টেবল

তাকে ধর্ষণ করল। কেন্দ্রীয় মন্ত্রী মমতা ব্যানার্জি ছুটে এলেন এবং আমাদের অন্যান্য কংগ্রেস কর্মী এবং নেতারা সেখানে ছুটে গেলেন। মুখ্যমন্ত্রী কি বললেন? মুখ্যমন্ত্রী বললেন যে ১০ বছরে দু'একটা এইরকম হয়ে থাকে, এতে আর কি হয়েছে। একজন মুসলিম নারী ধর্ষিত হয়েছে, থানার একজন কনস্টেবল তাকে ধর্ষণ করেছে, আর মুখ্যমন্ত্রী সেখানে বলছেন যে ১০ বছরে দু'একটা এইরকম হয়ে থাকে। আপনার কাছে আমি তথ্য দেব। মুখ্যমন্ত্রীর আর একটু বেশি তথ্য জানা দরকার যে তার রাজত্বে কোথায় কি ঘটনা ঘটছে। তারপরে গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি, নারী নির্যাতন প্রতিরোধ মঞ্চ, তারা চিঠি লিখে জানিয়েছেন যে ৭ থেকে ১০ বছরের মধ্যে থানায় ধর্ষিত হয়েছে, বা পুলিশের দ্বারা বা আধা সামরিক বাহিনীর কর্মচারিদের দ্বারা ধর্ষিত, নিগৃহীত হয়েছে এই ৪২টি কেস হয়েছে। আমি এক একটা করে নাম দিতে পারি কিন্তু আমার সময় কম, সেজন্য আমি এগুলি পড়ছি না। আমি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি যে, পুলিশের লোক, যারা আধা সামরিক বাহিনীর লোক, যারা নারীদের উপরে ধর্ষণ করেছে, অত্যাচার করেছে, তাদের বিরুদ্ধে আপনি কী ব্যবস্থা নিয়েছেন, নীল কমলের বিরুদ্ধে কী ব্যবস্থা নিয়েছেন? আজকে যদি এই সম্পর্কে কোনও ব্যবস্থা না নেওয়া হয়, তাহলে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনে যেখানে একের তিন অংশ নারীদের দেবেন, সেই নারীদের অবস্থা কী হবে? আজকে যদি নারীদের অবস্থা এই হয় তাহলে সেই নারীরা গণতন্ত্রকে রক্ষার জন্য, পঞ্চায়েতের কাজ করার জন্য কিভাবে এগিয়ে আসবেন? আপনি নারীদের সম্মান রক্ষা করতে পশ্চিমবাংলায় সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আমি আপনাকে কতকগুলি পরিসংখ্যান দিচ্ছি। এই উৎপীড়নে বাধ্য হয়ে কতজন নারী আত্মহত্যা করেছে, এতে দেখা যাচ্ছে ১৯৮৭ সালে ছিল ৩৪২ জন, সেখানে ১৯৯১ সালে হয়েছে ৭৫৪ জন, অর্থাৎ ডাবলেরও বেশি। নানা ধরনের অনৈতিক কাজে লাগানো। মেয়েদের অপহরণ করে নানা ধরনের অনৈতিক কাজে লাগানোর সংখ্যা ছিল ১৯৮৭ সালে ২৪৩ জন, সেখানে ১৯৯১ সালে হয়েছে ৫৩৪ জন, অর্থাৎ ডাবলেরও বেশি। ১৯৮৭ সালে ধর্ষণের সংখ্যা ছিল ২২৬টি, সেখানে ১৯৯১ সালে হয়েছে ৪৫২টি, অর্থাৎ এখানেও ডাবলেরও বেশি। হত্যা ব্যাতিরেকে উৎপীড়িত হয়েছে ১৯৮৭ সালে ২৮৯ জন, সেখানে ১৯৯১ সালে হয়েছে ১৪৫৫ জন। অর্থাৎ ছয় গুন বেশি। নারীদের অবস্থা আজকে এইরকম একটা জায়গায় এসে দাঁড়িয়েছে। আজকে উৎপীড়ন, ধর্ষণ, নারী নির্যাতন, নারীদের অপহরণ করে এনে নানারকম অনৈতিক কাজে লাগিয়ে দেওয়ার ঘটনার সংখ্যা হুহু করে বেড়ে যাচ্ছে। আপনি সেই সম্পর্কে কী ব্যবস্থা গ্রহণ করছেন সেটা আমরা জানতে চাই।

[1-00 — 1-10 p.m.]

কী ব্যবস্থা গ্রহণ করেছেন? রাজ্যপালের ভাষণে বলেছেন এখানে একটা সেল খোলা হয়েছে। কমিশন ছাড়াও একটা সেল খোলা হয়েছে, এ স্পেশ্যাল সেল a special cell under the charge of Dy. Inspector General of police under the state C.I.D. আমি জিজ্ঞাসা করতে চাই কি করছে তারা? কটা কেস তারা ধরেছেন? কটা কেসের তারা মোকাবিলা করেছেন? কটা ধর্ষণকারিকে তারা শাস্তি দিয়েছেন? হু হু করে মহিলাদের উপর নির্যাতন বাড়ছে, সেই ব্যাপারে কি করা হয়েছে পরিসংখ্যান দিয়ে জানতে চাই। তারপর আমি আসছি শিল্পের ক্ষেত্রে। শিল্পের ক্ষেত্রে একটা হতাশা ব্যাঞ্জক অবস্থা

পশ্চিমবাংলায় দেখতে পাচ্ছি। শিল্পে অগ্রগতি নেই, একটার পর একটা শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। অথচ রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি এতো কোটি টাকা, একটা বড় অঙ্কের প্রায় ৪।৫ হাজার কোটি টাকার প্রস্তাবনা এসেছে। কতগুলি কার্যে পরিণত হয়েছে, কতজন বেকার ছেলের চাকুরি হয়েছে তার হিসাব দেখতে পাচ্ছি না। আমরা দেখতে পাচ্ছি, অ্যাকচুয়াল গ্রোথ রেট ১৯৮৪-৮৫ থেকে ১৯৮৮-৮৯ পর্যন্ত অল ইন্ডিয়া ফিগার হচ্ছে ৮.৪ পারসেন্ট। সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে ওই রেট হচ্ছে ৩.৯ পারসেন্ট। ভারতবর্ষে যেভাবে শিল্প গড়ে উঠেছে, যেভাবে শিল্পে অগ্রগতি হচ্ছে পশ্চিমবাংলায় তার অর্দ্ধেক হচ্ছে অথচ আমাদের মুখ্যমন্ত্রী প্রতি বছর একাধিকবার বিদেশে যাচ্ছেন এন.আর.আই-দের নিয়ে আসবার জন্য। কত জন এন.আর.আই পশ্চিমবাংলায় এসেছে, কতজন পশ্চিমবাংলার শিল্পকে সমৃদ্ধ করেছে দয়া করে জানাবেন কি? তিনি অন্য কোনও ব্যবসায়িদের সঙ্গে কথা বলতে গেলেন না আত্মীয়দের সঙ্গে কথা বললেন, সেখানে কি প্রচেষ্টা করলেন সেটা জানাবেন। মুখ্যমন্ত্রী লক্ষ লক্ষ টাকা খরচ করে বাইরে গেলেন কটা এন.আর.আই কোথা থেকে আনতে পেরেছেন? কত বেকার ছেলের চাকুরি হয়েছে, পশ্চিমবাংলার কী উন্নতি হয়েছে এটা আমরা জানতে চাই। আপনারা যার বিরুদ্ধে চিৎকার করছেন সেই কেন্দ্রীয় মন্ত্রী পশ্চিমবাংলার উন্নতির জন্য স্টীলের উপর ফ্রেট ইকুয়ালাইজেশন তুলে দিয়েছেন তারজন্য আপনারা তাকে একবারও ধন্যবাদ জানান নি। কিছু দিন আগে সেমিনার করেছেন ইন্ডিয়া সোসাইটি অফ ইঞ্জিনিয়ার্সদের নিয়ে, হাওড়ার মিল ও ওনার্সদের নিয়ে। তারা কমপ্লেন করেছেন কাঁচা মাল তারা পাচ্ছে না। তারপর এখানে সেলস ট্যাক্স ৮ পারসেন্ট অন্য জায়গায় ৪ পারসেন্ট সেলস ট্যাক্স। এখানে ইলেক্ট্রিসিটি রেট ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় ডবল দিতে হয়। যারা হাওড়া থেকে আসেন তারা জানেন রি-রোলার্স ইন্ডাস্ট্রিতে কাঁচা মাল হচ্ছে ইলেক্ট্রিসিটি। যেমন অ্যালুমেনিয়াম ইন্ডাস্ট্রিতে কাঁচা মাল হচ্ছে ইলেক্ট্রিসিটি, সেইরকম রি-রোলার্সে ইলেক্ট্রিসিটি ইজ এ র মেটিরিয়াল। এখানে এতো বেশি সেলস ট্যাক্স দিতে হয়, এতো বেশি ইলেক্ট্রিসিটি ডিউটি দিতে হয় যে রি-রোলার্স ইন্ডাস্ট্রি চালাতে পারা যাচ্ছে না। আগে হাওড়াকে বলা হত বার্কিংহাম, এখন সেই হাওড়ায় একটার পর একটা ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে আপনাদের সহযোগিতার অভাবে, আপনাদের সাহায্যের অভাবে, আপনাদের হাত সম্প্রসারণ করার অভাবে। ফ্রেট ইকুলাইজেশন তুলে দেওয়া হয়েছে, এখানে শিল্প আরও গড়ে উঠবে, শিল্পের উন্নতি হবে। আপনারা আগে বলতেন কয়লা পশ্চিমবাংলায় উৎপাদন হয়, লোহা পশ্চিমবাংলায় উৎপাদন হয়, অথচ ফ্রেট ইকুয়ালাইজেশনের জন্য আপনারা কিছু করতে পারছেন না। এখন কেন্দ্রীয় সরকার আপনাদের সুযোগ করে দিয়েছে, এখন ফ্রেট ইকুয়ালাইজেশন তুলে দেওয়া হয়েছে। স্টীল সম্পর্কিত যে সমস্ত ইন্ডাস্ট্রি আছে পশ্চিমবাংলায় তার উন্নতি সাধন করা যায়, যদি আর বাকি যে সমস্ত অসুবিধা আছে সেইগুলি দূর করা যায়। বিদ্যুৎমন্ত্রী মাননীয় শঙ্করবাবু এখানে এসেছেন, আনন্দের কথা। কিন্তু আমি বলতে চাই যে চিত্র তা হতাশাব্যঞ্জক। আমি দুঃখিত। এই ব্যাপারে আপনারা বক্রেশ্বর বক্রেশ্বর করে অনেকদিন ধরে চিৎকার চেঁচামেচি করে পশ্চিমবাংলার মানুষকে অনেক ভুল বুঝিয়েছেন। বক্রেশ্বর রক্ত দিয়ে গড়বেন, অমুক দিয়ে গড়বেন ইত্যাদি নানা কথা বলেছেন। সাড়ে চার বছর আগে মাননীয় মুখ্যমন্ত্রী বিরাট ফলক লাগিয়ে উদ্বোধন করে এসেছিলেন। আজকে বক্রেশ্বরের অবস্থা অত্যন্ত বক্র, কি অবস্থা তা আপনি জানেন। সেখানে ২১০ মেগাওয়াট তিনটি ইউনিট হবার কথা ছিল। দেখা গেল, এ.সি.সি. ব্যবককে

তিনটি বয়লার তৈরি করার জন্য অর্ডার দিলেন। রাশিয়া থেকে যে টাকা পাওয়ার আশা আপনারা করেছিলেন, যখন দেখলেন সেটা হচ্ছে না, তখন আপনারা জাপানের কাছে লিখলেন — ও.ই.সি.এফ.কে লিখলেন। ও.ই.সি.এফ. জানায় যে এ.সি.সি. ব্যাবকক যে বয়লার তৈরি করছে তার সঙ্গে ওদের টার্বো জেনারেটর খাপ খাবে না। তারা আরও বলে যে ঐ বয়লার নিলে তারা ওখানে কিছু বসাতে পারবে না। তখন এই অবস্থা থেকে মুক্ত হবার জন্য আপনারা সেন্ট্রাল ইলেক্ট্রিসিটিকে লিখেছিলেন যে তারা যেন আরও দুটি ইউনিট স্যাংশন করে যাতে এ.সি.সি. ব্যবককের বয়লারকে কাজে লাগানো যায়। আপনারা ভেবেছিলেন যে জাপান থেকে টাকা আসবে। তারপর জার্মাণ থেকে একটা পার্টি এসে বলল যে তারা টাকা দিতে উৎসাহী। তারা টাকা দিলে তাদের বয়লার ওখানকার টার্বাইনের সাথে কাজে লাগবে। সুতরাং তাদের যুক্ত করা হোক। এই প্রকল্পে মোট খরচ হবে, ২১০ করে তিনটি এবং ২১০ একটি যেটি পরে হবে, ১,০৫০ মেগাওয়াটের জন্য ৩ হাজার ৫০ কোটি টাকা — যদি ও.ই.সি.এফ. ১৩০০ কোটি টাকা লোন দেয় এবং যদি জার্মান ক্রেডিট, এ.সি.সি. ব্যবকক থেকে ম্যাচিং গ্রান্ট পাওয়া যায়। আপনারা ওদের বলছেন যে কাজটা ধীরে ধীরে কর। কারণ আপনাদের হাতে এখুনি টাকা পয়সা নেই। ওদের আপনারা আরও বলেছেন যে তাড়াতাড়ি কাজটি করলেও তারা যেন টাকা না চায়। আপনারা জার্মান ক্রেডিট আনবার জন্য চেষ্টা করছেন। সেটি যদি পাওয়া যায়, অর্থাৎ ৯০০ কোটি টাকা যদি পাওয়া যায় তাহলেও গ্যাপ থাকবে ১৩৫০ কোটি টাকা। এটা আপনারা আনবার চেষ্টা করছেন। আপনারা পাওয়ার ফিনান্স কর্পোরেশন থেকে ৪০০ কোটি টাকা যদি পান তাহলেও গ্যাপ থাকছে ৯০০ কোটি টাকা। আপনাদের এমনি দেউলিয়া অবস্থা, যেখানে একটা ট্রান্সফরমার পর্যন্ত কিনতে পারছেন না। কোথাও লাইনে চুরি হয়ে গেলে লাইনের মেরামতি করতে যেখানে পারেন না, সেখানে আপনারা বলছেন একশো কোটি টাকা প্রতি বছরে দেবেন — ৯ বছরে ৯০০ কোটি টাকা আপনারা শোধ দেবেন। এইভাবে চললে, ঐ প্রকল্পে অরিজিন্যালি কস্ট যেখানে ৩ হাজার ৫০ কোটি টাকা, সেটা ৬ হাজার কোটি টাকা অতিক্রান্ত হবে। এই প্রসঙ্গে আমার বানরের কথা মনে পড়ছে। তেল মাখা ব্যাম্বোতে বানর যদি ৩ ফুট নামে আর ২ ফুট ওঠে তাহলে কতদিনে সে সেখানে উঠবে? এই অবস্থা হয়েছে বক্রেশ্বর। এর মধ্যে আপনারা সেখানে ১৪০ কোটি টাকা খরচ করে ফেলেছেন। আমার ক্ষুদ্র বুদ্ধিতে মনে হচ্ছে যে সমস্ত টাকাই নষ্ট হয়ে গেছে। বক্রেশ্বরের দায়িত্বে যিনি আছেন, একমাত্র তিনিই জানেন এটি কবে হবে। আপনারা নিউ ক্লিয়ার প্লান্ট করবার চেষ্টা করছেন। এটি আমরা ক্ষমতায় থাকা কালে —'৭৪-৭৫ সালে চেষ্টা করেছিলাম। এই ব্যাপারে একটি রেজোলিউশনও নেওয়া হয়েছিল সেই সময়ে। কিন্তু বিশেষ একটা বাধা ছিল, সেজন্য তখন করা সম্ভব হয়নি। পশ্চিমবাংলা কোল বেল্টের মধ্যে। কোনও কোল বেল্টের ৮শত কি.মি. এলাকার মধ্যে কোনও নিউ ক্লিয়ার পাওয়ার স্টেশন হবে না। এখন আর সেই বাধা নেই। এরজন্য আপনারা চেষ্টা করছেন ঠিকই, তবে তা হাফ হার্টেডলি।

[1-10 — 1-20 p.m.]

আপনারাও চেষ্টা করছেন কিন্তু এই চেষ্টা আরও জোরদার করতে হবে। এই নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট, এটি একটি গুরুত্বপূর্ণ প্ল্যান্ট। এই প্ল্যান্টের আনুসঙ্গিক অনেক কিছু নিউক্লিয়ার

সম্বন্ধে শুধু ভারতবর্ষে নয়, ভারতবর্ষের বাইরেও ব্যপৃত হয়ে পড়েছে। আজকে এই নিউক্লিয়ার পাওয়ার টেকনোলজি ইজ ওয়ান অফ দি লেটেস্ট টেকনোলজি। নিউক্লিয়ার টেকনোলজি আজকে সমস্ত বিষয়ে ছড়িয়ে পড়েছে, শুধু বিদ্যুতের ক্ষেত্রেই নয়ই, সর্বক্ষেত্রেই এর বিকাশ ঘটেছে। বহু ছেলে এই নিউক্লিয়ার টেকনোলজি নিয়ে পড়ছে কিন্তু পশ্চিমবঙ্গে এর চাহিদা না থাকায় সব ছেলেরা বাইরে চলে যাবে। এতে ছাত্রদের ব্রেনড্রেন হয়ে যাচ্ছে। এই নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট সম্বন্ধে একটি কথাও রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। আপনারা যদি এটা করতে সচেষ্ট হন তাহলে আমার তরফ থেকে সর্বরকমের সহযোগিতা পাবেন। এরপরে আমি হলদিয়ায় আসছি আমরা ১৬ বছর ধরে শুনছি হলদিয়া হবে, কিছুদিন আগে পাবলিক অ্যাকাউন্টস কমিটির তরফ থেকে আমরা হলদিয়াতে গিয়েছিলাম গিয়ে দেখলাম যে, সেখানে শুধু ধু ধু মাঠ। কিছু কাজ হয়েছে যেমন কিছু লোককে সেখান থেকে সরিয়ে দিয়ে অন্য জায়গায় বসানোর ব্যবস্থা করা হয়েছে। কিন্তু পরিকল্পনা কোনও বাস্তবায়িত হয়নি। এই হলদিয়ার প্রোজেক্ট কস্ট ছিল ৩ হাজার কোটি টাকার, এখন সেটা বেড়ে ৪ হাজার ৩০০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এর দুটি ফেজ আছে, এতে কোনও দয়া মায়ার কথা নয়। কেন্দ্রেরও টাকা নেই, রাজ্য সরকারেরও টাকা নেই। কিন্তু আপনাদের বহ্যারম্ভে লঘুক্রিয়া। আপনারা কিছু দিচ্ছেন না, আপনাদের পায়ে দাঁড়িয়ে কিছু করুন। কেন্দ্রের উপর সব তো নির্ভর করলে হবে না। কেন্দ্র তো ঝিনুকে করে দুধ খাইয়ে দেবে না। আপনার ফার্স্ট ফেজে ৩ হাজার ২২০ কোটি টাকা ধরা ছিল এবং সেকেন্ড ফেজে ১ হাজার ২০০ কোটি টাকা ধরা ছিল। এই ফার্স্ট ফেজের টাকা অর্থাৎ অর্থ ফিনান্স করবে টাটা টির দরবারি শেঠ। এক সময়ে আপনারা এই টাটা বিড়লাদের গালাগালি দিয়ে কাজ করতেন, যেমন গালি দিয়েছিলেন নেতাজী সুভাষ বসুকে, কিন্তু আজকে এই টাটা বিড়লাদের ছাড়া ভাত খাওয়া হয় না। সেই ২০০ কোটি টাকা টাটা টির দরবারি শেঠ দেবেন বলেছিলেন। ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন ২১০ কোটি টাকা দেবেন বলেছিলেন। আই ডি বি আই থাকবে গ্যারান্টি হিসাবে এবং ১৬০০ কোটি টাকা দেবে। আর বাকি যে ৪ হাজার ৩০০ কোটি টাকা, সেটা সাধারণ মানুষের কাছ থেকে এবং অন্যান্য ফান্ডের কাছ থেকে জোগাড় করবেন। আমি সবিনয়ে প্রশ্ন করি একটা ইন্সটিটিউশন গড়তে গেলে বা একটা শিল্প গড়তে গেলে ডেবট ইকুইটি রেশিও বলে একটা জিনিস আছে এবং তাতে সবটাই ধারে হবে এটা হতে পারে না। সুতরাং আপনারা যে হলদিয়া পেট্রো-কেমিক্যাল লিমিটেড তৈরি করবেন তার টাকা জোগাড় করবেন কোথার থেকে? ৮০ পারসেন্ট ডেব টু ইকুইটি রেশিও নিয়ে কোনও প্রতিষ্ঠান বেঁচে থাকতে পারে না। সুতরাং হলদিয়া পেট্রোকেমিক্যালস কখনোই বেঁচে থাকতে পারে না। এবং এটি অর্থনৈতিক দিক থেকে শিল্পের গোড়ার কথা। এই শিল্পে ২১০ কোটি টাকা দেওয়ার কথা ছিল, তাছাড়া আই ডি বি আই ১০০ কোটি টাকা প্রমোট করবে বলেছে। টাটা এবং ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন তাদের দেওয়া টাকার অন্তত ৫০ পারসেন্ট যদি আগে না দেয় তাহলে ৫০ পারসেন্ট গ্যারান্টি লোন হিসাবে দেবে না। অর্থাৎ ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনকে ২১০ কোটি টাকার অর্দ্ধেক এবং টাটা টিকে ১০০ কোটি টাকা আগে দিতে হবে তবেই আই ডি বি আই লোন দিতে পারে ওই টাকা দিয়েই হলদিয়া পেট্রোকেমিক্যালস হবে, তা না হলে হবে না। আমরা বহুদিন ধরেই শুনছি যে আই ডি বি আইয়ের টাকা গ্যারান্টি হিসাবে নেওয়ার জন্য হা পিত্যেশ করে

বসে রয়েছে। আজকে যদি হলদিয়া হত তাহলে ৫০ লক্ষ বেকারের চাকুরি হতে পারত। এইসব কথা রাজ্যপালের ভাষণের মধ্যে না থাকার জন্যে এবং এটি মিথ্যা ভাষণে পরিপূর্ণ এবং অসত্য ভাষণ বলে এই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ উপস্থিত করেছেন এবং মাননীয় সদস্য ননী কর ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। বাজেট অধিবেশনের পর থেকে এই ৩৬৫ দিন, গোটা দেশ যে পরিস্থিতির মধ্যে চলছে তার মোকাবিলা এই রাজ্য সরকারকে করতে হচ্ছে এবং তার বাস্তব সম্মত বিবরণই এই রাজ্যপালের ভাষণের মধ্যে আছে। গত ১লা মার্চ থেকে এখানে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপর আলোচনা হচ্ছে এবং অনেক মাননীয় সদস্যই তাদের বক্তব্য হাজির করেছেন। আমি একজন নতুন সদস্য হিসাবে আপনাদের সকলের বক্তব্য মনোযোগ দিয়ে শুনবার চেষ্টা করেছি। গোটা দেশে এখন সাম্প্রদায়িকতার বিষ বাস্প ছড়িয়ে আছে, এমন সময় দেশের সামনে দেশের ঐক্য রাখাটাই বড় কথা। আমাদের ২৫টি রাজ্য ও ৭টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে। আমাদের রাজ্যে স্বাধীনতার পর ৪০ বছর ধরে কংগ্রেস সরকার রাজত্ব চালিয়েছিল, আর বর্তমানে কেন্দ্রে যে কংগ্রেস সরকার আছে তার বয়স হচ্ছে ৬২২ দিন। গত ১৩ বছর অর্থাৎ ৫,৭৪৫ দিন আমরা অর্থাৎ বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় রাজত্ব করছি। ৩৬৫ দিনের কর্মকান্ড রাজ্যপাল যেভাবে এখানে উপস্থিত করেছে, তাতে মানুষের আশা-আকাঙ্খাকেই এখানে রাখতে পেরেছেন বলে আমি মনেকরি। তবে সবটাই আমরা করতে পেরেছি এই দাবি করিনা। রাজ্যপাল তার ভাষণের মধ্যে বলেছেন যে আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দিয়ে এই সরকার চলছে। অনেক ঢাকঢোল পিটিয়ে, অনেক মানুষের উপর বোঝা চাপিয়ে এই সরকার যে বাজেট উপস্থিত করলেন তাতে আমরা দেখতে পাচ্ছি এক টাকার মধ্যে ২৫ পয়সা সুদের জন্য বরাদ্দ করা হয়েছে। ৩৮ হাজার কোটি টাকা সুদ দেবেন, আর নেবেন ৩৬ হাজার কোটি টাকা। ১ লক্ষ ৭৭ হাজার কোটি টাকা বেদেশি ঋণ ও ৩ লক্ষ ৩২ হাজার কোটি টাকা অভ্যন্তরীণ ঋণ নিয়ে বসে আছেন কেন্দ্রীয় সরকার। তারই একটা অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ আর্থিক টানাপোড়েনের মধ্যে দিয়ে চলবে না এটা তো ভাবা যায়না। তাই এটা ভাবনার কথাই, এই আশঙ্কার কথাই এখানে উপস্থাপিত করা হয়েছে। এই দিক থেকেই পশ্চিমবাংলার সাফল্য কি শিল্পের ক্ষেত্রে, কি কৃষির ক্ষেত্রে, কি গ্রাম উন্নয়নের ক্ষেত্রে এগুলি নিয়ে অনেকে এখানে বলেছেন কাজেই আমি আর সে দিকে যাচ্ছি না। মাননীয় সদস্য শ্রী অতীশচন্দ্র সিনহা মহাশয় এখানে একটু আগে যে প্রশ্নটা উত্থাপন করলেন আমি সে বিষয়ে কয়েকটি কথা বলছি। উনি শিল্প প্রকল্প নিয়ে কয়েকটি কথা বললেন এবং সেখানে বলতে গিয়ে উনি হলদিয়া এবং বক্রেশ্বরের কথা বললেন। হ্যাঁ, এটা আমাদের আত্ম-মর্যাদার প্রশ্ন। একটা কথা ভাবার দরকার আছে দেশটা এখন যেভাবে ভাগ হতে যাচ্ছে, দেশের সামনে যে বিপদ উপস্থিত হয়েছে সেই সময় এই দুটি প্রকল্প ঘিরে-মেদিনীপুর জেলার হলদিয়া এবং বীরভূম জেলার বক্রেশ্বর-আমাদের রাজ্যের ১৮টি জেলাকে এক সূত্রে গাঁথা গেছে। এই দুটি প্রকল্প দুটি জেলাতে কিন্তু সমস্ত ধর্ম, বর্ণের

মানুষকে এর দ্বারা এক সূত্রে গাঁথা গিয়েছে রক্ত দিয়ে, অর্থ দিয়ে, অভিজ্ঞতা দিয়ে, সংগ্রাম দিয়ে। উনি একটা কথা হাজির করলেন যে এটা তিন হাজার কোটি টাকার প্রকল্প। কথাটা অর্দ্ধসত্য। বর্তমানে তিন হাজার কোটি টাকা কিন্তু আমার মনে আছে সেই ১৯৭৮ সালের কথা। ১৯৭৮ সাল থেকে একটা প্রকল্প কার্যকর করার জন্য হলদিয়াতে প্রচেষ্টা শুরু হয়েছিল। তখন কেন্দ্রে শ্রী হেমবতীনন্দন বহুগুনা পেট্রো রসায়ন দপ্তরের মন্ত্রী ছিলেন। তারপর সেই সরকার চলে গেলেন। আবার শ্রীমতী ইন্দিরা গান্ধীর সরকার ১৯৮০ সালে এলেন। ১৯৮৪ সালের ৬ই জুলাই শ্রী শিবশঙ্কর তদানিন্তন পেট্রো রসায়ন মন্ত্রী লোকসভায় দাঁড়িয়ে জানিয়ে দিলেন যে, না, পশ্চিমবঙ্গে হলদিয়া প্রকল্প হবে না। তখন ছিল মাত্র ৮০০ কোটি টাকার প্রকল্প। কালকে সুদীপবাবু বলছিলেন যে হোক কেন্দ্র-রাজ্যের যৌথ প্রকল্প। সাধু প্রস্তাব। কিন্তু মনে রাখা দরকার যে এই প্রস্তাবই রাজ্য সরকার উপস্থিত করেছিলেন — ৩৩৩ কোটি টাকা দেবেন রাজ্য সরকার, ৩৩৩ কোটি টাকা দেবেন কেন্দ্রীয় সরকার এবং বাকি ২০ পারসেন্ট অর্থ বিভিন্ন অর্থলগ্নি সংস্থার কাছ থেকে আদায় করা হবে। সেই ৮০০ কোটি টাকার প্রকল্প আজকে কয়েক হাজার কোটি টাকার প্রকল্প হয়ে গেল। ১৯৮৪ সালের ৬ই জুলাই ওরা না বললেন তখন পশ্চিমবাংলার গণতান্ত্রিক মানুষরা দাবি করলেন যে এই না কে হ্যাঁ করব। ১৯৮৪ সালের ১৫ই সেপ্টেম্বর ঐ হলদিয়ার বুকে দাঁড়িয়ে সমাবেশ করা হল। এখানে মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় উপস্থিত আছেন, তিনি বললেন, না-কে হ্যাঁ করাব। সেই না-কে হ্যাঁ করাতে সময় লেগেছিল ৫ বছর এক মাস। ১৯৮৯ সালে নির্বাচনের আগে শ্রী রাজীব গান্ধী এসে ওখানে শিলান্যাস করেছিলেন যদিও সেটা ছিল নিয়মমতো। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের কথা হচ্ছে, হলদিয়া প্রকল্পকে, বক্রেশ্বর প্রকল্পকে আমরা সেই দিক থেকে দেখতে চাই। কাজেই আজকে দেশের মানুষের জন্য সকলের ভাবার প্রয়োজন আছে। তারপর পরিবর্তনটা কি হল? পরিবর্তনটা এখানেই — ১৯৮৯ সাল পর্যন্ত হয়নি, তারপর যখন দিল্লিতে রাষ্ট্রীয় মোর্চার সরকার এলেন তখন দেখলাম অনেকে এসে ভিড় করলেন। কথা ছিল গোয়েঙ্কাদের ব্যাপারে কিন্তু একটা নতুন মূল্যবোধ সেখানে দেখা গেল। একটা দেশের প্রধানমন্ত্রী ১৯৯০ সালে ফেব্রুয়ারি মাসে ঘোষণা করলেন এবং রাজ্যের মুখ্যমন্ত্রীকে জানিয়ে দিলেন যে কাকে আপনারা অংশীদার করবেন পেট্রো-কেমিক্যাল প্রকল্পে এটা ঠিক করার দায়িত্ব পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের। এখানে কেন্দ্রীয় সরকার মাতব্বরি করার কোনও প্রয়োজন নেই। এই নতুন ধারার জন্য অনেক শিল্পপতি এলেন। গোয়েঙ্কারা গেলেন, টাটারা এলেন। তবে অনেকের এতে দুঃখ হয়। এখানে আমি দেখতে পাচ্ছি না কিন্তু কাগজে দেখেছি একজন আমাদের বিধানসভার মাননীয় সদস্য তিনি অনেকবার দিল্লিতে দরবার করতে গিয়েছিলেন যাতে এই প্রকল্পের জন্য দিল্লি অর্থ বরাদ্দ না করে। এসব ব্যাপারগুলি ভাবা দরকার। আজকে শিল্পের অবস্থানের ব্যাপারে পশ্চিমবঙ্গ যা এগুতে পারত তা কেন হয়নি সেগুলি ভাবা দরকার এবং তা ভেবে দেখে তবে সেগুলি বিচারের মধ্যে নিয়ে আসা দরকার। কালকে বলছিলেন, যৌথ প্রকল্পে আপত্তি। কোথা থেকে? সেখানে আপত্তি আমি বিনীতভাবে মাননীয় সদস্যদের একটু জানাতে চাই। ইসকোর আধুনিকীকরণের জন্য যে ঘোষণা গতকাল কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রী ঘোষণা করলেন এটা কি সরকারি? সরকারের হাতে দিলেন? মুকুন্দ আয়রন কি সরকারি সংস্থা? তারজন্য একটু ভাবতে হবে। সেটাই একটু ভেবে আমাদের দেখা দরকার। তাই পশ্চিমবাংলার শিল্পোন্নয়নের ক্ষেত্রে আমরা বলেছিলাম জোয়ার এসেছে। যে পত্রিকা

আপনাদের উস্কায়, তারাও লিখেছিল পশ্চিমবঙ্গে শিল্পে নুতন জোয়ার এসেছে। অনেক শিল্পপতি এসে রাইটার্স বিল্ডিংসে ভিড় করছে, এখানকার পরিস্থিতি পরিবেশের জন্য। একটু ভাববার ব্যাপার আছে। যে মুহূর্তে ৩৪১ দিনের সরকার, ঐ রাষ্ট্রীয় মোর্চার সরকার ছিল তারপরই এখানে জোয়ার তৈরি হয়েছিল। বাধা সৃষ্টি কে করছে? একটু ভেবে দেখুন। বিনীতভাবে আমার অনুরোধ, একটু ভেবে দেখুন এই রাজ্যে শিল্পের ক্ষেত্রে কারা বাধা। দ্বিতীয় প্রশ্নটি আমি আপনাদের সামনে বিনয়ের সঙ্গে উপস্থিত করতে চাই — মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথাই বলছি, আজকে যখন সম্প্রীতির প্রশ্ন সবচেয়ে বড় প্রশ্ন, এখানে মাননীয় সদস্যরা বলছেন, পশ্চিমবঙ্গ সরকারকে এবং এর প্রধান মাননীয় মুখ্যমন্ত্রীকে ঘিরে কটাক্ষ করছেন, একটু ভাববেন। একটু মনোযোগ দিয়ে শুনুন। আমরা যেটা বলতে চাইছি এই পশ্চিমবঙ্গ সম্প্রীতি রক্ষার ক্ষেত্রে এখনও আমাদের গোটা ভারতবর্ষের সামনে উজ্জ্বল জ্যোতিষ্ক। এটা যদি না বোঝেন, একটু বুঝে দেখুন। ঐ ৬ই ডিসেম্বরের ঘটনার জন্য কে দায়ী? আপনারা গতকাল যে আলোচনা করলেন, উক্তি করলেন, মাননীয় মুখ্যমন্ত্রীর কথা ব্যবহার করলেন, কে ছিলেন শেরিফ, তিনি এখন চলে গেছেন বি.জে.পি.তে। একটু ভাবুন, কংগ্রেস দলের মুখপত্র ছিলেন, স্পোকসম্যান, নাম, এম.জি. আকবর-৮ই ডিসেম্বর টেলিগ্রাফে লিখেছেন, "In the name of Ram! It is not the, BJP but the Prime Minister who has Setrayed the nation." এটা হচ্ছে ৮ই ডিসেম্বর — টেলিগ্রাফ পত্রিকায় লিখছেন, এম.জি. আকবর, যিনি কংগ্রেস দলের মুখপত্র ছিলেন, যিনি এম.পি. ছিলেন, তাকে লিখতে হচ্ছে। একটু খতিয়ে দেখুন কোথায় যাচ্ছেন। যারা আজকে সমস্ত কিছুর ভরসা, গোটা দেশ তাকিয়ে আছে যে রাজ্যের দিকে, যে নীতির দিকে, যে আদর্শের দিকে তাকিয়ে আছে, সেই জায়গায় একটু যদি আমরা সকলে মিলে এই শক্তিকে সংহত করবার দিকে না তাকাই তাহলে কোথায় যেতে পারে দেশ, — কারা দেখাবে? গতকাল এখানে প্রশ্ন হল, নয় তারিখে কেন কারফিউ তুলে নেওয়া হল? একজন মাননীয় বিধায়ক প্রথম দিন বলেছিলেন, আজকে তিনি এখানে নেই দেখতে পাচ্ছি, ফজলে আজম মোল্লা, তিনি বলেছিলেন পাঁচ তারিখে বামপন্থীরা মিটিং করে বলেছে আগেকার নির্দেশিত পথে চলুন। হ্যাঁ, আমরা পাঁচ তারিখে মিটিং করেছিলাম সম্প্রীতি রক্ষায়, কারণ এই বিধানসভাতেই ১লা ডিসেম্বর-এ আমরা সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত নিয়েছিলাম সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় আমরা অঙ্গিকারবদ্ধ আমরা বিধায়করা — হ্যাঁ তারপর পাঁচ তারিখে আমরা কি দেখলাম? চার তারিখে কংগ্রেস র‍্যালি করলেন এসপ্ল্যানেড ইস্টে, আমরাও করলাম শহীদ মিনারে। পাঁচ তারিখে আমরা ছড়িয়ে পড়লাম। আর আপনারা কি করলেন, আপনাদের নেত্রী কোথায় ছিলেন? সাতগাছিয়ায় মৃত্যু ঘন্টা বাজাতে গিয়েছিলেন। পাঁচই ডিসেম্বর সাতগাছিয়ায় মৃত্যু ঘন্টা বাজাতে গিয়েছিলেন। একটু দাঁড়িয়ে বুঝুন। আনন্দবাজার পত্রিকা লিখছে, এর মৃত্যু ঘন্টা বাজল। সাত গাছিয়ায় মৃত্যু ঘন্টা বাজাতে গেলেন কোন সরকারের? যারা সম্প্রীতি রক্ষার জন্য দৃঢ় প্রতিজ্ঞ। প্রস্তাব নিলেন, আর সেখানেই ক্ষান্ত থাকলেন না — একটু ভেবে দেখুন, তারপর এসে মিটিং করলেন প্রদ্যোৎ দত্ত'র বাড়িতে। এটা কি পশ্চিমবঙ্গকে বাচাবার জন্য? কাদের নিয়ে মিটিং করলেন? বিজয় রায়কে নিয়ে, আরও কত রায়কে নিয়ে মিটিং করলেন। কেন নিলেন? কেন মিটিং করলেন? পাঁচ তারিখ রাত পর্যন্ত সেই মিটিং হল। ৬ তারিখে সকালে ঘটনা ঘটল। দাঁড়িয়ে একটু ভাবুন, কে তথাগত রায়, কে বিজয় রায়, কে এখন আছে, যে রায় এখন

ওয়াশিংটনে আছেন, এইগুলো একটু ভেবে দেখুন। তারা সকলে মিলে কি করলেন সম্প্রীতিকে ক্ষুন্ন করবার জন্য? আমাদের এই রাজ্যে আন্তর্জাতিক চুক্তিকে কার্যকর করার জন্য এই সরকার যখন তিন বিঘায় ব্যবস্থা নিচ্ছেন, তখন কার বাড়িতে মিটিং করে তিন বিঘার চুক্তি কার্যকর করায় কারা কারা বাধা দিয়েছিলেন, কারা কারা ছুটে গিয়েছিলেন, একটু বুকে হাত দিয়ে ভেবে দেখুন। কথাটা যদি একটু এই জায়গায় নিয়ে যাওয়া যায় কালকে ছবি দেখালেন মাননীয় সদস্য সৌগত বাবু, অধ্যাপক, তিনি কেন্দ্রীয় প্রাক্তন মন্ত্রী, তিনি অনেকটা অভিজ্ঞ এই ব্যাপারে, তিনিও ছবি দেখালেন জ্যোতি বসু আর বাজপেয়ির ছবি। আমিও আপনাকে ছবি দেখাই।

[1-40 — 2-30 p.m.(including adjournment)]

আপনারা জ্যোতি বসু ও বাজপেয়ির ছবি দেখাচ্ছেন। আমিও আপনাদের ছবি দেখাতে পারি, জ্যোতি বসু ও এল.কে. আদবানির মুখোমুখি ছবি। জ্যোতি বসুকে ১৯৯০ সালের ১৮ই অক্টোবর প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী ভি.পি. সিং ডেকে পাঠিয়েছিলেন। ১৯শে অক্টোবর ১৯৯০ তারিখে জ্যোতি বসু এল.কে. আদবানিকে হাত জোড় করে অনুরোধ করেছিলেন, 'আপনি রথ-যাত্রা বন্ধ করুন।' জ্যোতি বসু হাত জোড় করে এল.কে. আদবানির সামনে দাঁড়িয়ে আছেন, সেই ছবি আমি আপনাদের দেখাতে পারি। রাজীব গান্ধীকেও তিনি অনুরোধ করেছিলেন, রাজীব গান্ধী তখন বলেছিলেন, 'আমার নিয়ন্ত্রণের বাইরে।' পরবর্তীকালে রাজীব গান্ধী স্বীকার করেছিলেন যে, ভুল হয়ে গেছে। দেশের স্বার্থে, দেশের সংহতি, দেশের অখন্ডতা, দেশের মানচিত্র রক্ষা করার জন্য জ্যোতি বসু হাত জোড় করতে পিছপা হননি। ছবি কে কার সাথে তুলেছে সে কথা তো আপনারা ভাল করেই জানেন। গত ২২শে ফেব্রুয়ারি স্টেটসম্যান পত্রিকায় কী প্রকাশিত হয়েছে? আদবানি মিট করেছেন সন্তোষমোহন দেব, মমতা ব্যানার্জি এবং বর্মনের সঙ্গে। পত্রিকা লিখেছে, 'মিস ব্যানার্জি মিট দি বিজেপি লীডার অন হার ওন। ২২শে ফেব্রুয়ারি স্টেটসম্যান পত্রিকা পরিষ্কার এই কথা বলছে, 'মিস ব্যানার্জি মিট হার ওন।' কেন মিট করেছিলেন, কার স্বার্থে করেছিলেন, কিসের জন্য করেছিলেন? এটা একটু বুঝতে হবে। দেশ যখন সর্বনাশের পথে যাচ্ছিল তখন ৫ তারিখ তিনি গিয়ে মৃত্যুর ঘন্টা বাজাচ্ছিলেন! তিনি তো ৫৭১ দিন মন্ত্রী ছিলেন, কি কাজ করে গেছেন নারী কল্যাণে, যুব কল্যাণে, ক্রীড়ার কল্যাণে? তার কোনও জবাব নেই। দেশটাকে কোথায় দাঁড় করিয়েছেন, একবার সেই কথা ভাবুন। আজকে এখানে অনেক কথা বলছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, আমাদের এই রাজ্য গোটা দেশের সামনে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার ক্ষেত্রে একটা দৃষ্টান্ত। একটু আগে আমার পূর্ববর্তী বক্তা শ্রী অতীশচন্দ্র সিন্‌হা বললেন বিজেপি-র সাথে তাদের কোনও সম্পর্ক নেই। তারা নাকি কখনো বিজেপি-কে মদত দেন নি! আমি বিনয়ের সঙ্গে তাকে মনে করিয়ে দিতে চাই তার জেলা মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মিউনিসিপ্যালিটির নির্বাচনে ১৪ নং এবং ১৫ নং ওয়ার্ডে কে কার সাথে বোঝাপড়া করেছিল? ১৯৮৯ সালে গোয়ালটুলিতে বিজেপি, আর.এস.এস. এবং বিশ্ব হিন্দু পরিষদের সাথে একটা মন্দির নির্মাণ করার ক্ষেত্রে কোন দলের কাউন্সিলর, কোন দলের এম.এল.এ. এক সাথে মিলিত হয়েছিল? ১৯৯০ সালের ৭ই মে শঙ্করাচার্যকে গ্রেপ্তার করা হয়েছিল। সেই গ্রেপ্তারের প্রতিবাদে বড় বাজারে স্ট্রাইক ডাকা হয়েছিল। সেই স্ট্রাইককে কে সমর্থন করেছিলেন? সেই

বিধায়কের নাম কি? আজকে এইসব প্রশ্নগুলো একটু ভাবুন। আজকে যখন মন্দির মসজিদ বিরোধকে কেন্দ্র করে গোটা দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হতে চলেছে তখন অবশ্যই একথা আমাদের বলতে হবে যে, গত ১লা ডিসেম্বর যে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল তাকে কার্যকর করার জন্য বামপন্থীরা বুক চিতিয়ে লড়ছে, সমস্ত শক্তি নিয়ে লড়ছে এবং প্রাণ পর্যন্ত দিচ্ছে। যেমন বামপন্থীরা দার্জিলিং-এর জন্য লড়েছিল এবং দার্জিলিংকে পশ্চিমবাংলা থেকে বিচ্ছিন্ন হতে দেয় নি, তেমন ভাবে তারা সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য লড়ছে, উত্তর-খন্ডের বিচ্ছিন্নতাবাদি আন্দোলনের বিরুদ্ধে লড়ছে, ঝাড়খণ্ডী বিচ্ছিন্নতাবাদি আন্দোলনের বিরুদ্ধে লড়ছে। দার্জিলিং যেমন পশ্চিমবাংলায় আছে, তেমন উত্তর-খন্ডে পশ্চিমবাংলায় থাকবে, সাম্প্রদায়িক সম্প্রীতিও পশ্চিমবাংলায় বজায় থাকবে। আমি মাননীয় কংগ্রেস সদস্যদের কাছে অনুরোধ করছি, বলুন, এই রাজ্য থেকে নির্বাচিত আপনাদেরই একজন মাননীয় এম.পি. যখন নেপালি ভাষাকে সাংবিধানিক স্বীকৃতি দেওয়ার প্রশ্ন ওঠে সেই সর্বসম্মত প্রস্তাবের বিরোধিতা করেছিলেন, তিনিই একমাত্র সদস্য যিনি ঐ প্রস্তাবের বিরোধিতা করেছিলেন, কেন? ১৯৯১ সালের ৫ই মে যখন দেশের এমন অবস্থা হয়েছিল যে বলা হয়েছিল দার্জিলিং পশ্চিমবঙ্গের উপনিবেশ, তখন কোনও প্রতিবাদ করেছিলেন? এগুলি একটু ভেবে নিতে হবে। তাই আমরা যখন দেখি এই সাম্প্রদায়িকতার ব্যাপারে বলছেন যে ৭, ৮, ৯ তারিখের ব্যাপারে কি হল। এখন প্রশ্ন তুলছেন? একটু মনে করুন তো, ৬/৭ তারিখে ঘটনা ঘটল, কারা করল? ২৩শে নভেম্বর জাতীয় সংহতির সিদ্ধান্তকে বানচাল করল? ৬ তারিখের ঘটনা ঘটল, ৬ তারিখের পরে আমরা প্রতিবাদ জানালাম, হ্যাঁ, স্ট্রাইক করেছেন, ৭ তারিখের স্ট্রাইকও কংগ্রেস সমর্থন করেছেন, ৮ তারিখের ভারত বন্ধও সমর্থন করেছেন কিন্তু ৯ তারিখে যখন বি.জে.পি. স্ট্রাইক ডাকল কংগ্রেস তখন পক্ষাঘাত গ্রস্ত ছিল? রাজ্যের এই অবস্থার মধ্যে থেকে আমরা তো তা পারিনি। দিল্লিতে সরকার চলছে না, এই পশ্চিমবঙ্গে সরকার আছে, হ্যাঁ, কারফিউ তোলা হয়েছিল, বি.জে.পি.র ডাকা স্ট্রাইককে ব্যর্থ করার জন্য, দেশের সামনে দাঁড় করাবার জন্য, বোঝাতে চাওয়া হয়েছিল যে পশ্চিমবাংলা বিপদের মুখেও মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। এটা যদি না বুঝতে পারেন তাহলে কি করা যাবে। কালকে বললেন ৯ তারিখে কারফিউ তোলা হয়েছিল, হ্যাঁ, ৯ তারিখে কারফিউ তোলা হয়েছিল, গন্ডোগোল একটু ছিল একজন কেন্দ্রের মন্ত্রী ছিলেন, কোন নিয়মে আমি জানিনা, মাননীয় মুখ্যমন্ত্রী এবং মহামান্য রাজ্যপাল ভাষণ দিচ্ছেন তিনি উসকে দিলেন, রেডিওর ভাষণ দিলেন, মাননীয় অজিত পাঁজা মহাশয় কেন্দ্রের তথ্যমন্ত্রী ছিলেন, আমি জানিনা কোন কারণে তিনি গর্ব করছেন, তিনি বলেছিলেন গ্রাম বাংলায় শান্তি আছে, তা গ্রাম বাংলা কি পশ্চিমবাংলার বাইরে, না এই সরকারের আওতার বাইরে? এই শান্তি বজায় রাখার জন্য কারা আক্রান্ত হয়েছে? একটা মন্দির রক্ষা করার জন্য নিশাদ আলম বুক চিতিয়ে দাঁড়িয়ে আক্রান্ত হয়েছে, টিপু সরকার ট্যাংরায় বুক চিতিয়ে দাঁড়িয়ে লড়াই করেছে। একদল মসজিদ ভাঙার জন্য কেরোসিন তেল ঢেলে আগুন জ্বালবার চেষ্টা করছিল, মৃত্যু অনিবার্য জেনেও বুক চিতিয়ে দাঁড়িয়ে বলেছিল যে না আমি এই কাজ করতে দেব না। শ্রী নেপাল দেব ভট্ট, প্রাক্তন সাংসদ কামারহাটিতে আক্রান্ত হন নি? এগুলি না দেখে শুধু বি.জে.পি.কে দেখলে হবে না, এতে দাঙ্গাবাজরা উৎসাহিত হবে। এ কথাগুলি ভেবে দেখুন। দ্বিতীয় কথা হচ্ছে আইন-শৃঙ্খলা, কে আইন-শৃঙ্খলা রক্ষা করবে? কে আইন-শৃঙ্খলা ভাঙছে, কেন ভাঙছে? মাননীয় সদস্য একটু আগে হরিহরপাড়ায় কথা বললেন এটা

ঘটনা, তারজন্য রাজ্য সরকার ব্যবস্থা নিয়েছেন। এখন পরিস্থিতি স্বাভাবিক হয়েছে এগুলি আপনারা একটু দেখবেন না? একেবারে ভুলে গেলেন। ভুবন মাল লোধা, বিষ্ণু কান্ত শাস্ত্রী ছুটে চলে গেলেন হরিহর পাড়ায়। ১৯৯২ সালের ১লা জুলাই ভিলাইতে ১৬ জন শ্রমিককে গুলি করে মারা হল, সেখানে সরকার তো এ নিয়ে কোনও হৈ চৈ করলেন না, কোনও তদন্তও করলেন না, সেপ্টেম্বর মাসে একজন শ্রমিক নেতা খুন হলেন আদিবাসী শ্রমিক নেতা। সেগুলি দেখলেন না, এখন দেখছেন যে হরিহর পাড়ায় আইন শৃঙ্খলা আছে কিনা? ফুলবাগানের ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হয়েছে দেখেছেন, পুলিশ জেলে রয়েছে। এগুলি যদি বলতে না পারেন তাহলে দেশের মানুষ কি দেখবে? মহারাষ্ট্রে দাঙ্গার কথা অনেকে বলেছেন। সেখানে পুলিশদের প্রতি কি আচরণ করা হয়েছে? একজন কর্তব্যরত পুলিশ দায়িত্ব পালন করছিল, ঝড়, বৃষ্টি আসছে দেখে নিকটবর্তী একটি পুরনো বাড়িতে আশ্রয় নেয়, তারপর দেখে সেটা একটা মন্দির সেই মন্দিরের পুরোহিত তাকে জিজ্ঞাসা করেন যে তুমি কে? সে বলে আমি পুলিশ, পুরোহিত বলে না তুমি হরিজন, এই বলে তাকে মারতে মারতে তাড়িয়ে দেয়। আমাদের পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা কে বিঘ্নিত করছে? ৭ই জানুয়ারির ঘটনা আপনারা জানেন তারপর ৬ই নভেম্বর কতগুলি ট্রাম বাস ধ্বংস হয়েছিল, কে পুলিশকে মারছে? ২৭শে সেপ্টেম্বর তারিখে রিজেন্ট পার্কে অফিসারকে মেরেছিল কে? আয়কর অফিসারদের মাথায় কে মেরেছে? কে পুলিশকে ধমকেছে? একটু বুঝতে হবে আইন হাতে নিলে। একজন বলেছেন। মুখ্যমন্ত্রী কেন দেখা করেন নি? আপনাদের কাগজ তো বলছে উনি কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন এবং তিনি মন্ত্রী হিসাবে প্রধান মন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়ে ৭২ ঘন্টা ধারণা দিয়েছেন, দেখা পাননি। একজন কেন্দ্রীয় মন্ত্রীকে তার প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে পারমিশন নিতে হয়, আর এই রাজ্যের মুখ্যমন্ত্রীর সাথে বিনা অনুমতিতে আগাম অ্যাপয়েন্টমেন্ট না করে জেনেশুনে ঐ ৭ই জানুয়ারি ৪টার সময় দেখা করতে গিয়েছিলেন যখন কলকাতার ইউনিভার্সিটি সেন্টেনারী হলে এক প্রোগ্রামে ছিলেন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সেই সময় বিশৃঙ্খলা সৃষ্টি করবার জন্য। আমি আমার কথাটা একটু সুত্রায়িত করতে চাইছি যে, কেন এটা ৮ই এপ্রিল মহারাষ্ট্র নিবাস হল নির্বাচন কংগ্রেস সভাপতির। ৯ই এপ্রিল টেলিগ্রাফ পত্রিকা আজকাল, আনন্দবাজার, সব পত্রিকায় মারামারির ছবি, আমাদের একজন কেন্দ্রীয় মন্ত্রী তিনি, তার মাথায় চেয়ার ছুঁড়ছিল এবং আকাশবানীর একজন সংবাদদাতা ছুটছিল। নাইনথ এপ্রিল কংগ্রেস দলের নেতা, তিনি এখানে নেই, সভাপতি তিনি, ৮ তারিখের পরাজয়ের পরে ৯ তারিখ থেকে শুরু হল। তারপর আমরা ঘটনা দেখলাম। তারপর তারা বদলা নেবার জন্য বালিগঞ্জ উপনির্বাচন বাছলো। সাংবাদিকদের প্রতি আপনারা দরদ দেখাচ্ছেন! ভালো লাগলো। সাংবাদিকদের পক্ষে কংগ্রেস বিধায়করা এখানে সোচ্চার। শুনতে খুব ভালো লাগলো, আনন্দ পেলাম এবং প্রেস সেন্সারশিপের কথা ভুলেই গেলাম। কিন্তু ৮ই জুন, স্থান বিজন সেতু ওখানে দিলীপ ব্যানার্জি, যিনি আলোকচিত্রশিল্পী, তাকে কে মেরেছিল? আহত যদি হন কংগ্রেসের আক্রমণে তাহলে আরাম লাগে নাকি? একটু বুঝে নিতে হবে তো তারা কোন জায়গায় শৃঙ্খলা ভাঙছেন, কারা খুন করছে, কারা মারছে, কারা মিথ্যাচার করছে, কারা আইন হাতে নিচ্ছে। এটাই হচ্ছে আমাদের গোটা দেশের শাসনে পশ্চিমবঙ্গ যে কারণে আলোকবর্তিকা। কালকে বলছিলেন, কল্যাণ সিং আসছেন, মুরলিধর যোশি আসছেন। আবার এপ্রিল মাসে ওয়ার্কিং কমিটির মিটিং। পশ্চিমবঙ্গ শত্রুর মুখে ছাই দিয়ে এত বিপদের মুখে থেকে, আন্তর্জাতিক সমস্ত

ষড়যন্ত্রের মুখে দাঁড়িয়ে মানুষকে যুক্ত করে কেন টিকে আছে সেটা অনেকেরই আক্ষেপ। আপনাদের অনেককেই কালকে দেখলাম, সৌগতবাবুও এখানে কাগজ তুলে উদ্ধৃতি দিলেন। আমি সেই কথাটাই এখানে বলতে চাই আর্থিক প্রশ্ন, পশ্চিমবঙ্গ শিল্পের প্রশ্ন, অর্থনীতির প্রশ্ন সম্বন্ধে। ইংরাজিতে একটা কথা আছে পাউন্ড ফুলিশ পেনি ওয়াইজ। যারা চিনির দাম বাড়ালেন ৫.২৫ থেকে ৮.৩০ টাকায় তারাই এখন কৈফিয়ত চাইছেন-হাসপাতালে কি হল, জিনিসের দাম কেন বাড়ল, হাসপাতালে কেন ওষুধ পাওয়া যাচ্ছে না। আজকে ৫ টাকায় ওষুধ ৫০ টাকা হয়েছে। ৫ টাকার ওষুধ ৫০ টাকা কোন নীতিতে হয়? কারা ডাংকেল প্রস্তাব মেনে নিয়েছে একটু দেখুন। পশ্চিমবঙ্গের এই সরকারের যিনি রাজ্যপাল তিনি যে ভাষণ দিয়েছেন এবং তারজন্য যে ধন্যবাদ প্রস্তাব লেখা হয়েছে, আমি শেষ করতে চাইছি তা দিয়ে। আপনারা একটু বুঝুন। পশ্চিমবঙ্গের এই সরকারকে ধ্বংস করবার জন্য অনেক টাকা দিয়েছে, সি.আই.এ. টাকা দিয়েছে। মৈনিহানের সেই কথা উই আর টোয়াইস, বাট অনলি টোয়াইস এখনকে দিচ্ছেন? ২৮শে অক্টোবর কে গেছেন ওখানে রাষ্ট্রদূত হয়ে? ২৮শে মার্চের আনন্দবাজারে লিখেছে স্বদেশি নেতারা দেশ সেবার জন্য বিদেশি অর্থ নিতে দ্বিধা করেন নি। এই কথা একটু মনে করিয়ে আমি শেষ করছি মৃত্যুর ভর্ৎসনা আমরা তো অহরহ শুনছি, আঁধারের গুড়ের খেতে প্রভূত গুড়ের বীজ বুনছি। ধন্যবাদ।

(At this stage the House was adjourned till - 2-30 p.m.)

**(After Recess)**

[2-30 — 2-40 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল গত ২৫শে ফেব্রুয়ারি তারিখে যে ভাষণ দিয়েছেন সেই ভাষণকে ধন্যবাদ জানাতে পারছি না এবং আমাদের দলের পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট এসেছে সেইগুলি সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। একটু আগে এই সভায় মাননীয় সদস্য [* * *] মহাশয় বক্তব্য রেখেছেন, তিনি আজকে শাসক দলের পক্ষে প্রথম বক্তা ছিলেন। তিনি ব্যাখ্যা করে বলেছেন সাম্প্রদায়িকতার কথা, আইন-শৃঙ্খলার কথা। আজকে আমরা রাজ্যপালের ভাষণে কি দেখতে পাচ্ছি? অযোধ্যার কথা বলা আছে, নারী কমিশনের কথা বলা আছে, বক্রেশ্বরের কথা বলা আছে। আমি যে পয়েন্টে যেতে চাই তা হল [* * *] মহাশয় বালিগঞ্জ কেন্দ্র থেকে কিভাবে জিতে এসেছেন। পশ্চিমবাংলার মানুষ জানে, আমরা জানি এখানে কিভাবে বুথ দখল করে, কারচুপি করে আজকে [* * *] মহাশয় এই বিধানসভায় এসেছেন। এখানে এসে যখন তিনি বড় বড় কথা বলছেন, গণতন্ত্রের কথা, সাম্প্রদায়িক সম্প্রীতির কথা, তখন পশ্চিমবাংলার মানুষ এবং সেই সঙ্গে সঙ্গে আমাদের লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। আমি শুধুমাত্র এখানে ব্যাখ্যা করব কি ভাবে ১৯৭৭ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত পর পর চার বার মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নেতৃত্বে পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছেন। সেই সম্পর্কে কিছু তথ্য দিতে চাই কিভাবে কারচুপি করে, রিগিং করে বামপন্থী কমিউনিস্ট পার্টি পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছেন। আমরা অবাক হয়ে যাই যখন দেখি বিধানসভার ভোট এলে, পঞ্চায়েত ভোট এলে তখন

Note :— *Expunched as ordered by the chair

ওরা বলে দেন, কাগজে আমাদের মুখ্যমন্ত্রী বলে দেন কংগ্রেস কটা আসন পাবে।

**মিঃ ডেপুটি স্পিকার :** নাম বাদ যাবে।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি :** ওনারা বলে দেন ওদের প্রার্থি কত ভোটে জিতবেন। এই যে রহস্য, এই রহস্যের দিকে কোনও বক্তা আলোকপাত করেন নি। আজকে ত্রিপুরা নিয়ে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নেতারা বড় বড় কথা বলছেন এই টি.এন. শেষনকে নিয়ে। কিন্তু বালিগঞ্জ নির্বাচনের ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী সহ বহু মানুষ বলেছিলেন টি.এন শেষনকে ইমপিচ করা উচিত। আজকে কি হচ্ছে? ত্রিপুরার ঘটনার পর মার্কসবাদি কমিউনিস্ট পার্টির লোকেরা বলছেন আমাদের ভগবান। আজকে ত্রিপুরার বুকে যে ঘটনা ঘটছে মার্কসবাদি কমিউনিস্ট পার্টি সেটাকে স্বাগত জানাচ্ছে, ত্রিপুরা নিয়ে তিনি যা করছেন ঠিক করছেন। আজকে আমরা যদি বলি '৯৬ সালে যখন পশ্চিমবাংলা বিধানসভার ভোট হবে, তখন আমরা পশ্চিমবাংলায় রাষ্ট্রপতি শাসন জারি করে ভোট করার দাবি করব, তার পিছনে কারণটা কি? কারণটা হচ্ছে আজকে যারা পশ্চিমবাংলায় নির্বাচন পরিচালনা করছেন রাইটার্স বিল্ডিংস মুখ্য নির্বাচনী অফিসার জেলায় জেলায় ডি.এম.রা আছেন, এস.ডি.ও. আছেন, তাদের রাইটার্স বিল্ডিংস থেকে নির্দেশ দেন। অফিসাররা সেই নির্দেশ পালন করছেন। ৩০শে জুলাই, '৯২ সালে পশ্চিমবাংলার মুখ্য নির্বাচনী অফিসার হোম ডিপার্টমেন্ট থেকে যে সার্কুলার দিলেন হাউস টু হাউস এনুমারেশন ৭ই অক্টোবরের মধ্যে করতে হবে, এটা বলা হয়েছিল। হাউস টু হাউস এনুমারেশনের রহস্য এখানেই অপনারা ভোটে জিতছেন। এই রহস্য আমি উন্মোচন করতে চাই। ঐ ডেটটা বাড়িয়ে দেওয়া হল ১৭ই অক্টোবর পর্যন্ত। বনগাঁয় দেখলাম গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল এনুমারেটরদের নির্দেশ দিয়েছেন। ইলেকশন কমিশন মেমো নং ১৬৭(৬০০)'এর মাধ্যমে বলেছেন ১৭ই অক্টোবর পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের নাম নিতে। মেমো নং ১৬৭(৬০০)-ইলেকশন টু অল এনুমারেটর হি ইজ রিকোয়েস্টেড টু কমপ্লিট দি এনুমারেশন ওয়ার্ক বাই টেন্থ অব সেপ্টেম্বর অ্যান্ড ডেপুট মোর সুপারভাইজর ফর অনওয়ার্ড ট্রান্সমিশন। মার্কসবাদি পার্টির দালালি করে উত্তর ২৪ পরগনার ডি.এম., বারাসাতের এস.ডি.ও. বলছেন ১৭ই অক্টোবরের মধ্যে ভোটার লিস্ট তৈরি করা যাবে। ভোটার লিস্টের কারচুপি হয়েছে। হাউস টু হাউস গিয়ে কোনও ভোটার লিস্ট হয়নি। ১০ই সেপ্টেম্বরের মধ্যে ভোটার লিস্টের কাজ হয়ে যাবে এবং ১৩ই সেপ্টেম্বরের মধ্যে চেকিংয়ের কাজ হয়ে যাবে এবং ডি.এম.'এর কাছে সেই প্যাক চলে আসবে এটা ঠিক ছিল। ২৬।১২।৯২ তারিখে এস.ডি.ও. চিঠি দিয়েছিলেন। অ্যাজ পার ইনস্ট্রাকশন অব দি ইলেকশন কমিশনার অফিস বিয়ারার্স অব ডিফারেন্ট এমপ্লয়িজ অর্গানাইজেশন শুড নট বি টেকেন অ্যাজ এনুমারেটর্স অ্যান্ড সুপারভাইজর্স বলে অর্ডার করেছিলেন। তার পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার মুখ্য নির্বাচনি অফিসার'-এর কাছে ২১ তারিখে আমি একটি চিঠি দিয়েছিলাম। তাতে আমি উল্লেখ করেছিলাম যে মার্কসবাদি পার্টির কোন কোন নেতা সুপারভাইজর হয়ে ভোটার লিস্টের কাজ করছেন। দুঃখের বিষয়, আজ পর্যন্ত সেই চিঠির প্রাপ্তি স্বীকার আমি পাই নি, কোনও উত্তর পাই নি। আমার অপরাধ কি না, আপনাদের পার্টির মন্ত্রীকে আমি পরাজিত করেছি। মার্কসবাদি পার্টি অফিসে বসে '৯৬ সালের ভোটের জন্য লিস্ট তৈরি করছেন। এবারে আমি কতগুলো নাম

বলবো, যাদের নাম দুটি কেন্দ্রের ভোটার লিস্টে আছে। ৮৫ নং বনগাঁ, এখানে নাম আছে [****] এবং [***] এদের নাম আবার গাইঘাটা কেন্দ্রেও আছে। এই নাম দেখার পর আমি বারবার অবজেকশন দিয়েছি, ডি.এম.কে বলেছি, এস.ডি.ও.কে বলেছি। কিন্তু কোনও ফল হয়নি। আজকে পশ্চিমবাংলায় ভোটার লিস্টে কারচুপি ছাড়া মার্কসবাদি পার্টি পশ্চিমবাংলায় কখনও ক্ষমতায় থাকতে পারে না। আমরা কি দেখলাম? ওরা বিভিন্ন জায়গায়, মাননীয় সদস্যদের জানাচ্ছি, আমার কাছে এই যে ভোটার লিস্ট আছে, এটি বাংলাদেশের ভোটার লিস্ট। গ্রামের নাম সাদিপুর, ইউনিয়ন পরিষদ ২নং বন্দেবিলা, উপজেলা বাঘার পাড়া, জেলা যশোর। এই তালিকায় যে সমস্ত নাম আছে, সেই সমস্ত নাম আছে ঠিক একই তালিকায়, যেটি মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সভ্যদের কাছে আছে। গাইঘাটা কেন্দ্রের ভোটার তালিকায় যে নাম আছে, ঠিক সেই নাম আছে বনগাঁ কেন্দেরর ভোটার তালিকায়। এই হচ্ছে আপনাদের নির্বাচিত সদস্য রবীনবাবু। তিনি বুঝতে পারছেন কিভাবে চুরি করে ক্ষমতায় আসা যায়। তাই দেখছি তিনি বাইরে চলে গেলেন। এই ব্যাপারে আমরা দেখছি যে, বহু আন্ডার অ্যাজ ভোটারস তালিকার মধ্যে এসে পড়ছে এবং সেখানে নাম করে তালিকা দিতে পারি। যেমন একটি জুনিয়ার স্কুলের প্রধান শিক্ষক, নাম বিমলকুমার রায়চৌধুরি ফুলশরা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক তিনি বহু আন্ডার অ্যাজের ভোটার লিস্ট পেয়েছিলেন। আমাকে দিয়েও ছিলেন এবং আমি সেগুলো চিফ ইলেক্টোরাল অফিসার, জয়েন্ট, সি ও ডি এম, এস ডি ও এবং বিডিওর কাছে বলেছিলাম, কিন্তু কিছু কথাই কর্ণপাত করা হয়নি। আপনাদের বড় সুবিধা হচ্ছে যে, আপনারা কারচুপি করে ক্ষমতায় আসবেন এবং ভোটার লিস্টে ব্যাপক কারচুপি করে আপনারা জিতছেন। পশ্চিমবঙ্গে ক্ষমতায় বসে নির্বাচনের কিছু আগে আমাদের মুখ্যমন্ত্রী বলে দিচ্ছেন যে, কংগ্রেসকে ৪০টি সিট বা ৪৫টি সিট দেওয়া হবে ইত্যাদি। ৫০টা সিটে তো আসেন না। এইভাবে কারচুপি করে কংগ্রেসকে তো জিততে দিচ্ছেন না। সেই কারণে আমরা দাবি করছি যে, পরবর্তী নির্বাচনে রাষ্ট্রপতি শাসন বসিয়ে পশ্চিমবঙ্গে নির্বাচন করব। তাহলে আপনারা ১০টি ভোটও পাবেন কিনা সন্দেহ। আপনারা প্রত্যেকেই সাম্প্রদায়িকতার কথা বলেছেন। কিন্তু ৬ই ডিসেম্বর যে ঘটনা ঘটলো তারজন্য আমাদের প্রধানমন্ত্রী একেবারেই দায়ী ছিলেন না। ৬ই ডিসেম্বরের আগে ১লা ডিসেম্বর এই সভাতে বসে আমরা সর্বদলীয় একটা প্রস্তাব করেছিলেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীও সেই প্রস্তাবে সায় দিয়েছিলেন এবং মেনে নিয়েছিলেন যে যদি প্রয়োজন হয় উত্তর প্রদেশে ৩৫৬ ধারা প্রয়োগ করলে আপনারা সমর্থন করবেন। আপনারা সকলেই জানেন যে একটি নির্বাচিত সরকার যখন প্রতিশ্রুতি দেয় যে আইনশৃঙ্খলা রক্ষা করবে এবং পার্লামেন্টে এবং সুপ্রিম কোর্টেও বলেছিলেন যে অযোধ্যাতে কোনও গন্ডগোল ঘটবে না। সেই কারণে গণতান্ত্রিক মর্যাদায় [***] সরকারকে সেই সুযোগ দেওয়া হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে দেখা গেল যে তিনি তার সুযোগের সদ্ব্যবহার করলেন না। পরবর্তী সময়ে আপনারাই বামফ্রন্ট সরকার সাম্প্রদায়িক সম্প্রীতির দিক চাম্পিয়ান নাম কিনেছিলেন। আপনারা সম্প্রীতিতেও চাম্পিয়ান, আবার দাঙ্গাতেও চাম্পিয়ান। আজকে চাম্পিয়ান বলেই পশ্চিমবঙ্গে ভল্লুক, ঝুন্ন আনসারের দল দাঙ্গা করতে পেরেছে। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে নিজের বিবেকের কাছে প্রশ্ন করুন তো, আপনি তো এই ৬ই ডিসেম্বরের পরেই প্রধানমন্ত্রীকে

Note :— *Expunched as the ordered by the chair

বলেছিলেন যে বি জে পি শাসিত সরকারকে ভেঙে দেওয়া হোক। সেখানে একজন বৃহত্তর দলের নেতা হিসাবে এবং জাতীয় সংহতির স্বার্থে, সাম্প্রদায়িক সম্প্রীতির স্বার্থে কেন্দ্রীয় সরকার এই প্রস্তাব মেনে নিয়ে উত্তর প্রদেশ সরকারকে বরখাস্ত করলেন। তারপরে গত ২৫শে ফেব্রুয়ারি বোট ক্লাবে বি জে পির যে সমাবেশ ছিল, একটা র‍্যালে ছিল সেটাও কেন্দ্রীয় সরকার সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হতে পারে বলে সেই মিটিং বন্ধ করে দিলেন। অথচ আমরা এখানে কি দেখলাম কলকাতার বুকে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী [***] সভা করে গেলেন, আপনারা একটা কথাও বললেন না। আপনারাই সাম্প্রদায়িক সম্প্রীতির নামে এই ধরনের আচরণ করেন। যে [***] অকল্যাণ হয়ে বাবরি মসজিদ ভেঙে দিলেন সেই কল্যাণ সিংকে আমরা এখানে পশ্চিমবঙ্গের মাটিতে ঢুকতে দেব না, এই কথাটিতো আপনাদের মুখ থেকে শোনা গেল না। আমরা যখন স্কুল কলেজে পড়েছি তখন ম্যাকনামারার কলকাতার আসার পরিপ্রেক্ষিতে স্লোগান উঠেছিল যে ম্যাকনামারাকে পশ্চিমবঙ্গের মাটিতে ঢুকতে দেব না। আজকে সেই স্লোগান কোথায় গেল? তাহলে বুঝতাম আপনারা সত্য সত্যই সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে কথা বলছেন। রাজীব গান্ধী বলে গিয়েছিলেন দলের থেকে দেশ বড়। আমরা জানি এই লড়াই করতে গিয়ে আমাদের সামনে বিপদ আসতে পারে, কিন্তু তবু আমরা বলব দলের থেকে দেশ বড়, দলের থেকে দেশ বড়, দলের থেকে দেশ বড়। সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য জাতীয় কংগ্রেস লড়াই করছে করবে। আর আপনারা লড়াই করছেন ভোটের স্বার্থে, দেশের স্বার্থে নয়। আপনারা কি করে ভারতবর্ষের জাতীয় সংহতির স্বার্থে, সাম্প্রদায়িক সম্প্রীতির পক্ষে কথা বলবেন। কেরলে যখন কংগ্রেস সরকার রাজত্ব করত তখন সেখানে হাসপাতালের সংখ্যা ছিল ২,০৫৩টি, মহারাষ্ট্রে আছে ১,৮৯৪টি, গুজরাটে আছে ১,৩৬৯টি আর আমাদের এখান হাসপাতালের সংখ্যা ৩৭৭টি। এর থেকেই বোঝা যায় পশ্চিমবাংলায় স্বাস্থ্যের অবস্থা কি রকম। পশ্চিমবাংলায় ১ কোটি ৬৩ লক্ষ ৮৬৩ জন মানুষের চিকিৎসার জন্য এই কটি হাসপাতাল আছে। ওয়েস্ট বেঙ্গলে পার বেড ১,০৯৪ জন মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছে। স্বাস্থ্যের দিক থেকে, শিক্ষার দিক থেকে, শিল্পের দিক থেকে সমস্ত দিক থেকে এই সরকার যে ব্যর্থ তা বোঝা যাচ্ছে। আপনারা বলছেন নারী কমিশন করবেন। কিন্তু আপনাদের আমি একটা প্রশ্ন করতে চাই, ১৯৭৭ সালে এই সরকার যখন ক্ষমতায় এসেছিল তখন এই সরকার ১৬টি এনকোয়ারি কমিশন বসিয়েছিল। কিন্তু আজ পর্যন্ত দু-একটি ছাড়া আর কোনও এনকোয়ারি কমিশনের রিপোর্ট বেরোইনি। আজকে মাটি কেলেঙ্কারি নিয়ে আপনারা রায়চৌধুরি কমিশন বসিয়েছিলেন। আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী [***]-এর বিরুদ্ধে। যে কন্ট্রাক্টারের বিরুদ্ধে অভিযোগ ছিল তিনি কোর্টে গিয়ে ইনজাংশন এনেছেন। আট বছর ধরে সেই ইনজাংশন ভ্যাকেট করা হচ্ছে না সরকারের তরফ থেকে এবং এই ব্যাপারে কোনও প্রচেষ্টা করা হচ্ছে না। আজকে মাটি কেলেঙ্কারির তদন্ত রিপোর্ট বেরোলে জানা যেত কারা কারা এই ঘটনার সঙ্গে জড়িত আছে। আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলে দুর্নীতির পাহাড় জমেছে। এই সরকার নারীদের নিরাপত্তা দিতে পারেনি। যে সরকার মুখে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলে তারা আবার বি.জে.পির সঙ্গে গোপনে গোপনে আঁতাত করে, নিজেদেরকে আরও ভালো জায়গায় নিয়ে যাওয়ার জন্য। ভারতবর্ষকে ওরা আজকে টুকরো টুকরো করতে চাইছে। তাই রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তাকে সমর্থন করা যায় না।

Note :— *Expunched as the ordered by the chair

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল মহাশয় এই সভায় যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের জন্য মাননীয় সদস্য শ্রী ননী কর মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং মাননীয় সদস্য শ্রী কৃপাসিন্ধু সাহা মহাশয় যে প্রস্তাব সমর্থন করেছেন আমি তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, ভারতবর্ষের মতন একটি পুঁজিবাদি রাষ্ট্রে যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে একটি অঙ্গ রাজ্যের হাতে যে ক্ষমতা সীমিত ক্ষমতা আছে তারমধ্যে থেকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যে কাজ করছেন এবং বাস্তবে যে কাজের প্রতিফলন সারা রাজ্যের মানুষ ভোগ করছেন সঙ্গতভাবেই মাননীয় রাজ্যপালের ভাষণে তা তুলে ধরা হয়েছে। স্যার, আমরা জানি যে ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গের মানুষের কাছে কয়েকটি প্রতিশ্রুতি দিয়ে পশ্চিমবঙ্গের বিরাট অংশের মানুষের রায় নিয়ে এখানে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসীন হন। পরবর্তীকালে আমরা দেখেছি যে পশ্চিমবঙ্গ সরকার সাফল্যের সাথে তাদের দেওয়া প্রতিশ্রুতিগুলি রক্ষা করে চলেছেন। স্যার, আমরা সকলেই জানি যে একটি পুঁজিবাদি রাষ্ট্রে একটি অঙ্গরাজ্যের পক্ষে তাদের যত চেষ্টাই থাকুক না কেন মানুষের সার্বিক উন্নয়ন করা বা মানুষকে সার্বিক সুবিধা দেওয়া সম্ভব নয়। তা ছাড়া কেন্দ্রীয় সরকারের নানান বঞ্চনা এবং বিমাতৃসুলভ আচরণ তো আছেই। এই বিমাতৃসুলভ.....

**(এই সময় একাধিক কংগ্রেসি সদস্য উঠে দাঁড়িয়ে সভায় মন্ত্রীদের অনুপস্থিতি সম্পর্কে বলতে থাকেন।)**

(গোলমাল)

[2-50 — 3-00 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনারা বসুন। প্লিজ টেক ইয়োর সিট।

**(এই সময় মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি উঠে দাঁড়িয়ে মন্ত্রীদের অনুপস্থিতি সম্পর্কে বলতে থাকেন।)**

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনারা বসুন। আপনারা দাঁড়িয়ে থাকলে আমি কি করে বলব? এখানে কোন রুলসে বলা নেই যে এইরকম নির্দিষ্ট থাকবে। মাননীয় স্পিকার মহাশয় বলেছেন যে ৫/৬ জন মন্ত্রীর থাকা উচিত। আমি বার বার বলছি যে এখন সেই সংখ্যক মন্ত্রী আছেন। এখন ৬/৭ জন মন্ত্রী আছেন। আরও মন্ত্রীরা এসে যাবেন।

(গোলমাল)

**শ্রী দীপক সেনগুপ্ত :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমি...

**মিঃ ডেপুটি স্পিকার :** মিঃ সেনগুপ্ত, আপনি এখন বসুন, শ্রী শৈলেন মন্ডল, আপনি বলুন।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল :** স্যার, আমার অনেকটা সময় এইভাবে নষ্ট হল, এই সময়টা আপনি আমাকে দেবেন। স্যার, আমি যে বিষয়টি উল্লেখ করতে চাইছিলাম সেটা এবারে বলছি। স্যার, একটা বিষয় নিশ্চিত ভাবে উল্লেখ করা দরকার, আমরা গত তিন দিন ধরে

একটা বিষয় লক্ষ্য করছি যে আমাদের এই বেঞ্চ থেকে যখনই মাননীয় সদস্যরা তাদের বক্তব্য রাখার চেষ্টা করছেন, সেই সময় বিরোধী দলের সদস্যদের পক্ষ থেকে নানাভাবে বাধা সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। আমরা গতকালও লক্ষ্য করেছি, মাননীয় সদস্য সুব্রত মুখার্জি একইভাবে মাননীয় সদস্য সাত্ত্বিক রায়কে বলতে বাধা দিয়েছিলেন এবং যার প্রতিবাদে তিনি গতকাল বলেন নি। আজকেও আমরা দেখলাম অত্যন্ত পরিতাপের সঙ্গে, আমার বক্তব্য বলার সময় হাউসে ছয়জন মন্ত্রী থাকা সত্ত্বেও বিরোধী দলের সদস্যরা হৈচৈ করলেন। স্বাভাবিক ভাবে আমি বিরোধী সদস্যদের অনুরোধ করবো, এই জিনিস আপনারা করবেন না। আমি আমার বক্তব্যে পুনরায় ফিরে যেতে চাই। আমি যে কথা উল্লেখ করতে চাইছি, কেন্দ্রীয় সরকারের লাগাতার বৈষম্য, বিমাতৃসুলভ আচরণ, যার ফলশ্রুতি হিসাবে আজকে আমাদের রাজ্যের কি শিল্পোন্নয়ন এবং সর্বোপরি আমাদের রাজ্যের মানুষের উন্নয়নের স্বার্থে যে কাজ করা বামফ্রন্ট সরকারের পক্ষে সম্ভব হতো সেটা সম্ভব হয়নি। কিন্তু অত্যন্ত গর্বের সঙ্গে বলতে পারি ভূমি সংস্কারের মধ্যে দিয়ে ভূমি বিলি বন্টনের মধ্যে দিয়ে আমাদের দেশের অধিকাংশ গরিব আদিবাসী, গরিব উপজাতি, চাষি তাদের জমি বিলি বন্টনের মধ্যে দিয়ে, সেচের উন্নতির মধ্যে দিয়ে এবং কৃষি যন্ত্রপাতি, মিনি কিট বিলি বন্টনের মধ্যে দিয়ে তাদের হাতে জমি তুলে দেবার মধ্যে দিয়ে যে কৃষি উৎপাদন বেড়েছে, তা সারা ভারতবর্ষে প্রশংসার যোগ্য আজকে সেই সব গরিব চাষি ক্ষেত মজুর, দুবেলা দু মুঠো খেতে পাচ্ছে। স্বাভাবিক ভাবে আরও উন্নতি করা সম্ভব হতো আমাদের রাজ্যে কৃষির ক্ষেত্রে আরও সুদূর প্রসারি উন্নতি সাধন করতে পারতাম, যদি আমাদের রাজ্যের যে সেচ পরিকল্পনাগুলো ছিল, সেইগুলোর ক্ষেত্রে যদি আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নির্ধারিত টাকা আমরা পেতাম। আমরা দেখেছি পরবর্তীকালে সারের উপর থেকে ভর্তুকি তুলে নেওয়া হল, ফলে সারের দাম বেড়ে গেল। গরিব কৃষকদের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেল, এটা যদি না ঘটত তাহলে কৃষি উৎপাদন আরও বৃদ্ধি পেত। একদিকে সেচের উন্নতি সাধনের জন্য টাকা না দেওয়া অন্য দিকে সারের উপর থেকে ভর্তুকি তুলে দেওয়া, এই দুটো ঘটনা যদি না ঘটাতেন তাহলে কৃষি ক্ষেত্রে ব্যাপক উন্নতি হতো পশ্চিমবঙ্গে। তা সত্ত্বেও আজকে কৃষি ক্ষেত্রে আমরা সফলতা অর্জন করেছি এবং তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে আছে। এছাড়া আমরা শিক্ষার ক্ষেত্রে আমাদের রাজ্যের শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে আমরা দেখলাম ৭৭ সালের আগে শিক্ষার ক্ষেত্রে যে অরাজকতা তারা নিয়ে এসেছিলেন, আজকে বামফ্রন্ট সরকার আসার পর শিক্ষার ক্ষেত্রে সেই অরাজকতাকে শেষ করে দিয়ে আজকে পরিচ্ছন্ন শিক্ষা ব্যবস্থা চালু করতে পারা গেছে। গ্রামাঞ্চলে শিক্ষার যে উন্নতি ঘটেছে, সম্প্রসারণ ঘটেছে, নিশ্চিত ভাবে আমরা তার উল্লেখ করতে পারি। রাজ্যপালের ভাষণে প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের যে কর্মসূচি, তার উল্লেখ আছে। কিন্তু এ ক্ষেত্রে আমাদের প্রশাসনের যদি কোনও ঢিলেঢালা ভাব থেকে থাকে তাহলে তা সরকারের ঘোষিত নীতি এবং পদ্ধতির মধ্যে দিয়েই দূর করতে হবে। সরকারের ঘোষিত নীতি কার্যকর করার জন্য শিক্ষা থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি যেখানে যা এখনো আছে তা খুঁজে বের করে সংশোধন করার জন্য অবিলম্বে উদ্যোগ গ্রহণ করতে হবে। আমরা জানি আমাদের রাজ্য শিক্ষা এবং সাক্ষরতার প্রসারে, নিরক্ষরতা দূর করার ক্ষেত্রে ভারতবর্ষে একটা বিশেষ স্থান নিতে চলেছে। আমরা আরও জানি শিক্ষার মধ্যে দিয়ে মানুষের চেতনা বৃদ্ধি পায়, ব্যক্তিগত এবং সমষ্টিগত জীবনের উন্নতি ঘটে। সুতরাং এ প্রসঙ্গে

সরকারের পক্ষ থেকে রাজ্যপালের ভাষণের মধ্যে যে বক্তব্য রাখা হয়েছে তাকে আমি সমর্থন জানাই এবং সাথে সাথে বলি যদি কোথাও কোনও ত্রুটি-বিচ্যুতি এখনো থেকে থাকে বা শিক্ষা প্রসারের কোথাও আরও কোনও সুযোগ থেকে থাকে তারজন্য আমাদের ব্যবস্থা নিতে হবে। আমাদের এখানে বিরোধী পক্ষের সদস্যরা বিশেষ করে দুটি বিষয়ে অনেক কথা উল্লেখ করেছেন। একটা হচ্ছে পঞ্চায়েতের নির্বাচন প্রসঙ্গে। সরকারের পক্ষ থেকে পঞ্চায়েত নির্বাচনের দিন ইতিমধ্যেই ঘোষিত হয়েছে। কিন্তু ওরা এই নির্বাচন সম্পর্কে আশঙ্কা প্রকাশ করেছেন। আমি এই প্রসঙ্গে ওদের স্মরণ করতে বলি যে, ১৯৭৩ সালে ওরাই পঞ্চায়েত আইন তৈরি করেছিলেন, কিন্তু ওরা কখনো পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা করে সেই আইনকে কার্যকর করেন নি। ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর ১৯৭৮ সালেই প্রথম এ রাজ্যে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। তারপর বামফ্রন্ট রাজত্বকালের মধ্যে আরও দু'বার পঞ্চায়েত নির্বাচন হয়ে গেছে এবং এবারে চতুর্থবার নির্বাচন হতে চলেছে। ১৯৭৪ সালে প্রথম পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে গোটা দেশের মধ্যে প্রথম পশ্চিমবাংলায় একটা ইতিহাস রচিত হয়েছিল। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে প্রকৃত অর্থে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে এবং সাধারণ খেটে খাওয়া মানুষদের হাতে ক্ষমতা তুলে দেওয়া হয়েছে, আর্থিক সুযোগ পর্যন্ত দেওয়া হয়েছে। এ রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে তৃণমূল স্তর পর্যন্ত গণতন্ত্রকে ছড়িয়ে দেওয়া হয়েছে। যা ভারতবর্ষের কোথাও হয়নি। নিশ্চিত ভাবে এটা আমাদের কাছে একটা গর্বের বিষয়। আজকে সারা ভারতবর্ষই শুধু নয় পৃথিবীর বিভিন্ন দেশের মানুষ এবং সরকার আমাদের পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে আগ্রহি হয়ে উঠেছে। আমরা এখানে কি পরীক্ষা-নিরীক্ষা চালাচ্ছি তা তারা জানতে চাইছে। বিদেশের বিভিন্ন সংবাদপত্র পর্যন্ত আমাদের এই কাজকে সাধুবাদ জানিয়েছে। অথচ আমাদের এই রাজ্যের আগামী চতুর্থ পঞ্চায়েত নির্বাচনকে পিছিয়ে দেবার জন্য মাননীয় বিরোধী সদস্যরা দাবি জানাচ্ছেন এবং নানা অজুহাত তুলছেন। আমি মনেকরি আগামী পঞ্চায়েত নির্বাচনের সময় আমাদের রাজ্যের বাম, গণতান্ত্রিক এবং ধর্মনিরপেক্ষ শক্তিগুলি নির্বাচনে অংশ গ্রহণের মধ্যে দিয়ে দেশের আশু সমস্যাগুলিকে মানুষের কাছে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার বিশ্লেষণ করতে পারবে এবং তারমধ্যে দিয়ে নিশ্চয়ই মানুষকে আরও বেশি সংগঠিত করতে পারবে। এই মুহূর্তের সমস্যাগুলি সম্পর্কে মানুষকে ওয়াকিবহাল করতে পারবে। পাশাপাশি গত ১৫ বছর ধরে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের গ্রামীণ সাধারণ মানুষের উন্নতির জন্য বামফ্রন্ট সরকার যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করেছেন সেগুলিকে আরও সম্প্রসারিত করার জন্য মানুষের সহযোগিতা আহ্বান করবে। আমাদের পঞ্চায়েত নির্বাচনের জন্য আমাদের সরকারের যে সমস্ত পদ্ধতি চালু আছে তাকে আমি নিশ্চিতভাবে সমর্থন করি, তা সঠিক এবং সুষ্ঠু নির্বাচনের সহায়ক। একথা নিশ্চিত ভাবে আজকে বলা যায় যে গত ১৫/১৬ বছরে বামফ্রন্ট সরকারের সবচেয়ে বড় সাফল্য হচ্ছে পঞ্চায়েত ব্যবস্থা। কিন্তু এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে আমরা গত ১৫ বছরের অভিজ্ঞতার মধ্যে দিয়ে লক্ষ্য করেছি কোনও কোনও ক্ষেত্রে পঞ্চায়েতের নূতন যে আইন তৈরি হয়েছে সেটাকে সঠিকভাবে কোনও কোনও ক্ষেত্রে মান্য করা হচ্ছে না এবং সরকার যেভাবে চাইছেন, পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে যে কাজ করা উচিত যেভাবে করা উচিত এবং তা সাধারণ জনমানসে যাতে নিয়ে যাওয়া হয়। আমরা অনেক ক্ষেত্রে লক্ষ্য করেছি কোনও কোনও ক্ষেত্রে কি পঞ্চায়েত সমিতি, কি জেলা পরিষদ এমন কি কোনও কোনও

গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে সঠিকভাবে কার্যকর করা হচ্ছে না। আমরা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ব্যবস্থাটা আজকে পশ্চিমবঙ্গের গ্রামীণ মানুষের সবচেয়ে বড় সাফল্যের দিকে নিয়ে যাচ্ছে। সেই পঞ্চায়েত ব্যবস্থা যাতে কোনওভাবে বিঘ্নিত হতে না পারে এবং একে আরও বেশি বিকেন্দ্রীত করে জনগণের সঙ্গে যুক্ত করতে পারে। মানুষের যে অভিজ্ঞতা কাজে লাগছে পাশাপাশি ভাবে সেই অভিজ্ঞতার সঙ্গে সরকারি নিয়ম নীতি আইনগুলি সঠিকভাবে যাতে পালন করা হয়। সরকারি নির্দিষ্ট যা নিয়ম আছে তা সঠিকভাবে মেনে চলার ব্যাপারে আরও সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করছি। আমরা যদি সচেষ্ট না হতে পারি আজকে সারা দেশে বিভিন্ন জায়গায় দুর্নীতি দেখা দিয়েছে, সে ক্ষেত্রে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা কিছু কিছু ক্ষেত্রে লক্ষ্য করছি পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দুর্নীতির সঞ্চার হচ্ছে, অর্থাৎ পঞ্চায়েত দুর্নীতির পথে পা দিচ্ছে, এই দুর্নীতি যাতে সম্প্রসারিত না হয় গ্রামীণ মানুষের মঙ্গলের যে জায়গাটা গ্রামের উন্নতির যে জায়গাটা পঞ্চায়েত স্তরে সেখানে যাতে সকলে পরিচ্ছন্নভাবে কাজ করতে পারেন, আমি সরকারের কাছে আবেদন করব আইন, নীতি, নিয়মগুলি সঠিকভাবে মেনে কাজ করেন। বিদ্যুতের ক্ষেত্রে নিশ্চিত আছি, গতকাল একজন মাননীয় সদস্য বললেন বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ভাল ভূমিকা নিয়েছি। পাশাপাশিভাবে গ্রামীণ এলাকাগুলি বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সরকারের যে প্রচেষ্টা ছিল আমরা কিছুদিন ধরে লক্ষ্য করছি, আমি আমার কেন্দ্র পাঁচলা, সেখানে যে পরিকল্পনা নেওয়া হয়েছিল আর্থিক কারণে সেই কাজ শেষ করা যায়নি আমি আশা করব এবং মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যেও উল্লেখ আছে যে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য যে নূতন নূতন লাইন সম্প্রসারিত হবে। আমি এই কথা বলতে চাই যে, কেন্দ্রের সরকার যখন বেকার যুবকদের জন্য বড় বড় শিল্পায়নের সুযোগ করে দিচ্ছেন না তখন আমাদের সরকার সেটা করার চেষ্টা করছেন। বেকার যুবকদের কুটিরশিল্পের মধ্যে নিয়োজিত করার চেষ্টা করছেন এবং তারজন্য বিদ্যুতের প্রয়োজন। গ্রামে গঞ্জে বিদ্যুতের জন্য চেষ্টা করছেন, এবং গ্রামীণ বৈদ্যুতিকরণের যে পরিকল্পনা আছে সেই পরিকল্পনা যাতে সম্প্রসারিত করা যায়, পরিকল্পনা মাফিক কাজগুলি করা যায় তারজন্য আবেদন করব। সঠিক সময়ে, সঠিকভাবে আমাদের নির্ধারিত কর্মসূচি যাতে শেষ করা যায় তারজন্য সচেষ্ট হতে হবে। পাশাপাশিভাবে উল্লেখযোগ্য যে ঘটনার কথা বলা হয়েছে সেটা হল পরিবহনের কথা। পরিবহনের ক্ষেত্রেও পরিকল্পনাগুলি যাতে আরও সঠিকভাবে কার্যকর হয় তারজন্য চেষ্টা করতে হবে। শেষ করার আগে আর দু-একটি কথা বলতে চাই। সাম্প্রদায়িক বিপদের ব্যাপারে আমাদের যে সমস্ত চিন্তা ভাবনা গড়ে উঠেছে তার বিরুদ্ধে লড়াই করা দরকার। ১৯৪৭ সালে কংগ্রেস যে দ্বিজাতি তত্ত্বের দ্বারায় দেশটাকে ভাগ করে স্বাধীনতা এনেছিলেন ভারতবর্ষে যেভাবে সাম্প্রদায়িকতার বীজ পুঁতে দেওয়া হয়েছিল আমরা পরবর্তীকালে দেখেছিলাম তারজন্যই রাজ্যে সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা হয়েছিল। গত ৬ই ডিসেম্বর যে ঘটনা ঘটল বি.জে.পি. ঘটালো তাদের সেই সাম্প্রদায়িকতার ক্ষেত্রে কংগ্রেসের যে ভূমিকা নেওয়া উচিত ছিল তারা সেই যোগ্য ভূমিকা গ্রহণ করছেন না। আমি তাই অনুরোধ করব আজকে কংগ্রেসের যে বিশেষ ভূমিকা পালন করার কথা ১৯৪৭ সালে যে পাপ তারা করে গিয়েছিলেন তার প্রায়শ্চিত্ত করার জন্য কংগ্রেস কে আরও বেশি উদ্যোগি হওয়ার দরকার ছিল। আজকে যদি তারা ২৫শে ফেব্রুয়ারির সমাবেশে বন্ধ করবার কৃতিত্ব দাবি করেন তাহলে বলতে হবে ৬ই ডিসেম্বর যে ঘটনা ঘটেছিল তারজন্য কেন্দ্রীয় সরকার দায়ী

এবং এটা প্রমাণিতও হয়ে গেছে। পশ্চিমবঙ্গের মানুষের নানা দুঃখ আছে ঠিকই, কিন্তু তারা একটা সংগ্রামের মধ্যে দিয়ে, একটা গতিশীল আন্দোলনের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে চান এবং তাই তারা সাম্প্রদায়িকতার বিপদ সম্পর্কে সবচেয়ে বেশি উজ্জ্বল ভূমিকা পালন করেছেন। এই সাম্প্রদায়িকতার প্রশ্নে বিরোধী দলের সদস্যরাও যোগ্য ভূমিকা পালন করবেন এই আবেদন রেখে বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী দীপক সেনগুপ্ত :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হিসাবে আমি উল্লেখ করছি যে, কালকের মাননীয় অধ্যক্ষের বক্তব্যকে শৈলেন্দ্রনাথ মন্ডল মহাশয় একটা রুলিং হিসাবে নিয়েছেন। তিনি মন্ত্রীদের উপস্থিত থাকা সম্পর্কে বলেছিলেন। গতকাল মিঃ স্পিকার বলেছিলেন যে, এই সভায় ছয়জন মন্ত্রীর থাকবার কথা, কিন্তু অনেকেই ইনফর্মেশন না দিয়ে অনুপস্থিত রয়েছেন। এই রুলিং এর অপব্যাখ্যা করা হচ্ছে যে, ছয়জন মন্ত্রীকে সব সময় সভায় থাকতেই হবে। সভায় মন্ত্রীদের উপস্থিতি কখনই ছয়জনের নিচে যাবে না এইরকম কোনও নিয়ম হাউসের বিধির মধ্যে নেই। আর প্রতিদিন প্রতি সময় ছয়জন মন্ত্রীকে সভায় উপস্থিত থাকতেই হবে এইরকম কোনও রুলিংও মাননীয় স্পিকার কালকে দেননি। যাইহোক, সভায় মন্ত্রীদের উপস্থিতি সম্পর্কে একটা নির্দিষ্ট রুলিং দেবার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, গতকাল আমাদের স্পিকার যে রুলিং দিয়েছেন তাতে পশ্চিমবঙ্গে বিধানসভার মর্যাদাই বৃদ্ধি পেয়েছে। আজকে আপনি ফলো-আপ হিসাবে বলেছেন যে, সভায় মন্ত্রী ছয়জনের বেশি থাকবেন কি কম থাকবেন এটা বিধানসভার উপর কে কতটা গুরুত্ব দিচ্ছেন তার উপর নির্ভর করে। আমার প্রশ্ন, ওকে কি ছয়জনের বেশি মন্ত্রী উপস্থিত থাকলে অসুবিধা হচ্ছে? ছয়জন মন্ত্রী থাকার ব্যাপারে যে রুলিং তিনি দিয়েছেন তা ক্ল্যারিফাই হওয়া দরকার। আজকে মুখ্যমন্ত্রী এখানে এক ঘন্টার বেশি সময় উপস্থিত ছিলেন। আজকে মন্ত্রীর উপস্থিতির সংখ্যা ছয় থেকে যদি বারো করা হয়, আশা করি, তা নিয়ে আপনারা বিতর্কের অবতারণা করবেন না। এই মুহূর্তে দেখতে পাচ্ছি দশ-বারো জন মন্ত্রী এখানে রয়েছেন, মনে হচ্ছে হুমকির ফলে তারা দলবদ্ধভাবে এসেছেন। তাই আমি চাই এই সংখ্যাটা ছয় থেকে বারো করা হোক।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের হাউসের যে রুল বই আছে তাতে কোন রুলের মধ্যে নেই যে এতজন মন্ত্রী সভায় থাকবেন। এ-ব্যাপারে কোনও বাধ্য-বাধকতা নেই। আমাদের স্পিকার কোয়েশ্চেন এবং মেনশনের সময় ছয়জন মন্ত্রীর থাকাটা বাঞ্ছনীয় বলে একটা অবজারভেশন দিয়েছেন, রুলিং কিছু দেননি। সব সময় ছয়জন থাকতে হবে এইরকম আইন বডি অফ রুলসে নেই। তবে এটা ঠিক, সংসদীয় গণতন্ত্রে যত বেশি সংখ্যক সদস্য এবং মন্ত্রীরা উপস্থিত থাকবেন ততই সংসদীয় গণতন্ত্র উজ্জ্বল হবে।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি মহামান্য রাজ্যপাল মহোদয় এই সভায় যেভাষণ দিয়েছেন, আমি একজন বিরোধী দলের সদস্য বলে নয়, আমি

এর বিরোধিতা করছি এই কারণে যে দীর্ঘ ১৫ বছর ধরে গ্রামবাংলার যে করুণ চিত্র আমরা দেখেছি সেই কাহিনীর কথা তার ভাষণে উল্লেখ নেই। সেই সঙ্গে আমাদের দলের সদস্যরা যে সংশোধন এখানে এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আজকে দীর্ঘ ১৫ বছর ধরে এই সরকারের আমলে ভারতীয় সংবিধানে ঘোষিত ন্যূনতম যে অধিকার, সেই অধিকার থেকে আমাদের পশ্চিমবঙ্গের মানুষ বঞ্চিত হয়েছে। আজকে সামান্য সামাজিক ন্যায়-বিচার, মানুষের আর্থিক নিরাপত্তা, রাজনৈতিক অধিকার আদায়ের ক্ষেত্রে আমাদের দেশে ১৫ বছর ধরে জনসাধারণ পুলিশ এবং প্রশাসনের কাছ থেকে কোনওরকম সাহায্য পাচ্ছে না। আজকে আইনের শাসনের পরিবর্তে গোটা পশ্চিমবাংলায় গুন্ডা এবং পুলিশিরাজ কায়েম হয়েছে। আমরা দেখেছি যে গত ১৫ বছর ধরে গণ-আন্দোলনের উপরে ১২ শত ৬১ বার পুলিশ গুলি চালিয়েছে এবং এই ব্যাপারে ১৫টি তদন্ত কমিশন বসেছে। কিন্তু সেই কমিশনের রিপোর্ট আজ পর্যন্ত ধামাচাপা হয়ে পড়ে আছে। আমাদের সদস্য মাননীয় সুদীপবাবু বলেছেন যে পশ্চিমবাংলার ৪২টি থানায় পুলিশ লক আপে নারীদের উপরে ধর্ষণ করা হয়েছে। এইরকম আইনের শাসন দীর্ঘ ১৫ বছর ধরে চলছে। আজকে যারা শাসক দলের সদস্য আছেন তারা শুধু মাত্র সরকারের জোহুজুর করার জন্য, সরকারের স্তাবকতা করার জন্য সমস্ত ঘটনাকে আড়াল করে রেখেছে। আজকে গ্রামবাংলার প্রকৃত চিত্রের কথা এই ভাষণের মধ্যে নেই। আমরা দেখেছি যে গ্রাম বাংলার কি করুন চিত্র। আজকে পশ্চিমবঙ্গের সরকার ভূমি-সংস্কারের নাম করে চারিদিকে বক্তৃতা করছেন যে তারা নাকি বিপ্লব ঘটিয়েছেন। কিন্তু আমরা কি দেখছি? আমরা দেখছি ভূমি সংস্কারের নাম করে বর্গাদারদের স্বার্থ রক্ষার আড়ালে ক্ষুদ্র, প্রান্তিক চাষির প্রতি নিয়মিত আক্রমণ করা হচ্ছে। গ্রামে গ্রামে এই আক্রমণ অব্যাহত রয়েছে। জোর করে প্রান্তিক চাষি এবং ক্ষুদ্র চাষিকে জমি থেকে উৎখাত করা হচ্ছে। তারা আইনের বিচার পাচ্ছে না। আজকে অনেক ক্ষেত্রে তাদের সামাজিক বয়কট করা হচ্ছে। গ্রামে গ্রামে শাসকদলের লোকেরা তাদের লুঠ করছে। গ্রামবাংলায় বিভিন্ন জায়গায় তারা প্রতিবাদ করছে, পুলিশের কাছে জানানো হচ্ছে, কিন্তু তারা বিচার পাচ্ছেনা। আজকে বিচারের বানী নীরবে নিভৃতে কাঁদছে। আজকে এর থেকে আদিবাসী তফসিল জাতির মানুষও রেহাই পাচ্ছে না। আমার নির্বাচনী এলাকায় সরকার থেকে পাট্টা দেওয়া সত্ত্বেও, ২০ বছর ধরে সেখানে তারা চাষ করছে, এমন আদিবাসী সম্প্রদায়ের মানুষের জমিও জোর করে দখল করে নেওয়া হয়েছে, তাকে জমি থেকে উৎখাত করা হয়েছে। সে কোনও বিচার পায়নি। শাসক দলের সদস্যরা রাজ্যপালের ভাষণকে সমর্থন করে বলছেন যে পশ্চিমবাংলা এগিয়ে যাচ্ছে, পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের ক্ষেত্রে বিপ্লব ঘটেছে। এই হচ্ছে গ্রামবাংলার চিত্র। আজকে বিভিন্ন জায়গায় দেখছি সাম্প্রদায়িকতার নাম করে কংগ্রেসের উপরে বিষোদগার করা হচ্ছে। আজকে কারা এই বি.জে.পি.কে এনেছে? এই সাম্প্রদায়িক দলকে কারা সৃষ্টি করেছে সেটা অতীত ইতিহাসই বলবে। আজকে পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি অত্যন্ত সুকৌশলে এই সাম্প্রদায়িক দল যাতে পশ্চিমবাংলায় বৃদ্ধি পেতে পারে তার চেষ্টা করা হচ্ছে। বিভিন্ন জায়গায় এক সম্প্রদায় লোকের কাছে একরকম কথা আর এক সম্প্রদায় লোকের কাছে আর একরকম বলে বেড়াচ্ছে এই শাসক দল। আমাদের মাননীয় সদস্য বলে গিয়েছেন কিভাবে জিতে এসেছেন বালিগঞ্জের এম.এল.এ, আমি আর সেই কথা বলছি না। প্রবীর বাবু বলেছেন কিরকম সুকৌশলে তিনি জিতে এসেছেন। তিনি একটা ছবি দেখিয়ে

বলবার চেষ্টা করেছেন যে ন্যাশানাল ইনট্রিগেশনের জন্য নাকি আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু আদবানিকে হাত জোড় করছেন। তিনি দেশকে বাঁচাবার জন্য, রথ নিয়ে যাতে না যান তারজন্য জ্যোতিবাবু নাকি হাত জোড় করেছেন। পশ্চিমবাংলার মানুষকে পরিষ্কার ভাবে বলা উচিত ছিল যে হাত জোড় করেছেন অন্য কারণে। তিনি হাত জোড় করেছেন বন্ধু সরকারকে বাঁচাবার জন্য, ভি.পি. সিং-এর নেতৃত্বে যে জনতা সরকার তাকে বাঁচাবার জন্য। শুধু আদবানি নয় তিনি বাজপেই-এর কাছে হাত জোড় করেছেন বন্ধু সরকারকে বাঁচাবার জন্য, নিজের গদি বাঁচাবার জন্য। আজকে এই কথা বলার সৎ সাহস আছে আপনাদের?, পশ্চিমবাংলার মানুষকে আপনারা এই কথা বলেন নি। বিভিন্ন জায়গায় ব্যর্থতার কথা আমাদের মাননীয় সদস্যরা বলেছেন। শিক্ষার ক্ষেত্রে আমরা কি দেখতে পাচ্ছি? শিক্ষার ক্ষেত্রে গোটা ভারতবর্ষে উন্নতি লাভ করেছেন। গোটা ভারতবর্ষে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে প্রসার ঘটেছে। গোটা ভারতবর্ষে প্রাথমিক স্কুল কটা হয়েছে তার হিসাব নিলে দেখা যাবে মোট ৫,৫০,০০০ প্রাথমিক স্কুল হয়েছে। সেখানে পশ্চিমবাংলার চিত্র কি? মাত্র ৯.২২ পারসেন্ট হয়েছে, তার মানে ৫০,৮২৭টি প্রাথমিক স্কুল হয়েছে পশ্চিমবাংলায়। মাধ্যমিক স্কুলের ব্যাপারে দেখুন। গোটা ভারতবর্ষে মাধ্যমিক স্কুল হয়েছে ১,৪৩,৭৪৭টি, সেই জায়গায় আমাদের রাজ্যে হয়েছে ২.৯০ পারসেন্ট, তার মানে ৪১৭৯টি। শুধু তাই নয় গত বিধানসভায় আমরা একটা ক্যাগ রিপোর্ট পেয়েছিলাম। সেই রিপোর্টে কি বলা হয়েছে? রিপোর্টে বলা হয়েছে সরকারের পক্ষ থেকে শিক্ষা খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছিল তা দিয়ে শিক্ষার কোনও উৎকর্ষতা বাড়েনি। একটা বৃহৎ অঙ্কে টাকা ব্যায় করা হয়েছে শিক্ষক এবং শিক্ষাকর্মিদের বেতনের জন্য। দুর্নীতির ব্যাপারে বলা হয়েছে। ১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সাল এই ৫ বছরে ১০টি জেলায় অডিট টিম ঘুরেছে। আমরা কি দেখেছি ক্যাগ রিপোর্টে? মাত্র ৫ বছরে ১০ জেলায় টাকা নয়ছয় হয়েছে। এক, দুই, পাঁচ, দশ টাকা নয়, টাকার পরিমাণ হল ৪১০ কোটি টাকা। শিক্ষার কি উন্নতি হয়েছে? আমরা দেখেছি বিভিন্ন জায়গায় গ্রন্থাগার ধ্বংস হয়ে যাচ্ছে। শান্তিপুরের পাবলিক লাইব্রেরি, দীর্ঘ দিনের পুরানো ঐতিহ্য বহন করে আসছে, সেটা ধ্বংস হয়েছে। বিভিন্ন জায়গায় ব্যর্থতার কথা আমাদের দলের সদস্যরা বলেছেন। এখানে উৎপাদন বৃদ্ধির স্লোগান দেওয়া হয়না। উৎপাদন বৃদ্ধি না ঘটলে দেশ এগোতে পারে না। এখানে প্রতি ৫ বছর অন্তর নির্বাচন হয়, আমাদের মুখ্যমন্ত্রী একবার কো-অর্ডিনেশন কমিটি এবং ১২ই জুলাই কমিটির সদস্যদের ডেকে সভা করেন, তারপর নির্বাচনে নামেন। আপনারা কাজের পরিবেশ সৃষ্টি করতে পেরেছেন? কোথায় কাজের পরিবেশ আছে? ১২টা থেকে ২টোর মধ্যে অফিস আসতে পারলেই হবে, তারপর সে যদি কো-অর্ডিনেশন কমিটির সদস্য হয়, ১২ই জুলাই কমিটি সদস্য হয় তাহলে তো সাত খুন মাপ। সামগ্রিক ব্যর্থতা, দুর্নীতি, নারী ধর্ষণ, অত্যাচার, নারী নির্যাতন, গুন্ডারাজ, পুলিশিরাজ পশ্চিমবাংলায় কায়েম হয়েছে। সেইজন্য এই রাজ্য পালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপরে মাননীয় সদস্য শ্রী ননী কর ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব নিয়ে এসেছেন তাকে সমর্থন করে এবং কংগ্রেস আনীত সংশোধনী

প্রস্তাবের বিরোধিতা করে আমি কিছু বলতে চাই। পশ্চিমবঙ্গ যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে ভারতবর্ষে একটি অঙ্গরাজ্য এবং সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে এই রাজ্যের বামফ্রন্ট সরকার তার উন্নয়নমূলক কাজকর্ম চালিয়ে যাচ্ছে, তারই প্রতিফলন ঘটেছে রাজ্যপালের ভাষণে। পশ্চিমবাংলার সাফল্যের কথা এই ভাষণের মধ্যে উল্লিখিত হয়েছে। এই ভাষণে গ্রামবাংলার আরও কিছু কথা উল্লিখিত যদি হতো তাহলে আমার মনে হয় ভালো হতো। সারা ভারতবর্ষের কথা চিন্তা করলে আমরা কি দেখতে পাই? কোন জায়গায় দাঁড়িয়ে আছে গোটা ভারতবর্ষ? দাঁড়িয়ে আছে একটা কঠিন সঙ্কটের মুখে, যেখানে রয়েছে রাজনৈতিক অস্থিরতা, সাম্প্রদায়িকতার লড়াই, জাতপাতের লড়াই মাথাচাড়া দিয়ে উঠছে। বিচ্ছিন্নতাবাদ আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠছে। ভারত সরকার বিদেশিদের পায়ে আত্মসমর্পণ করছে। এরজন্য মূলত দায়ী কে? এরজন্য দায়ী হচ্ছে কেন্দ্রের কংগ্রেসি সরকার। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবনতির কথা তুলছে এখানে বিরোধী পক্ষের সদস্যরা। গত ৬ই ডিসেম্বর অযোধ্যায় যে ঘটনা ঘটেছে তারজন্য দায়ী কে? ওরা বলছেন যে, বামফ্রন্টের কর্মিরা গ্রামেগঞ্জে যেন তেন প্রকারেণ বাবরি মসজিদ ভাঙার ব্যবস্থা করে দিয়েছিল। আমরা কি জানিনা যে, '৪৯ সালে যখন [***] ক্ষমতায় ছিলেন তখন রামলালার মুর্তিকে কি ওখানে ঢুকিয়ে দেওয়া হয়নি? তখন কি কোনও ব্যবস্থা গৃহীত হয়েছিল? না, তা হয়নি। বরং ওখানে তালা বন্ধ করে রেখে দিয়েছিলেন। পরবর্তীকালে [***]* সংখ্যাগরিষ্ঠের ভোট পেয়ে ক্ষমতায় যান। তার যে অপকর্ম, দুর্নীতি ইত্যাদির কথা মানুষ জানতে পেরে যখন জাগ্রত হচ্ছিল তখন ক্ষমতায় থাকার জন্য কেন্দ্রের কংগ্রেস সরকার'এর প্রধান [***]* [***]*-এর মাধ্যমে বিতর্কিত জায়গায় শিলান্যাস করেন এবং রামলালার পূজার ব্যবস্থা করেন। ৬ই ডিসেম্বরের ঘটনার আগে যখন জাতীয় সংহতি পরিষদের মিটিং ডাকা হয় তখন সেই মিটিংয়ে আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু কি বলেছিলেন? অন্যান্য বিরোধী দল যারা সেদিন ওখানে উপস্থিত ছিলেন তারাও বলেছিলেন ঐ বিতর্কিত কাঠামোকে রক্ষা করার জন্য যে কোনও ব্যবস্থা তিনি গ্রহণ করতে পারেন। কিন্তু কংগ্রেস কোনও ব্যবস্থা গ্রহণ করে নি। বরং বিজেপির কথায় বিশ্বাস করে তারা বসে থাকলেন। যখন মসজিদ ভাঙার ব্যবস্থা পাকা করা হয়, মসজিদ ভাঙার কাজ যখন চলছে তখন কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ৭ তারিখে কোনও ব্যবস্থা গ্রহণ করা হল না। ৮ তারিখে পুলিশ এবং মিলিটারি পাঠিয়ে ওখান থেকে আধ ঘন্টার মধ্যে সমস্ত লোককে পরিষ্কার করে দেওয়া হল। কংগ্রেস সরকার ২৫ তারিখে দিল্লিতে বিজেপি রাষ্ট্রীয় চেতনার নামে যে মিটিং করতে চেয়েছিল তা করতে দেয় নি। তাদের সব পরিকল্পনা বানচাল করে দিয়েছিল। আমরা জানি যে, কেন্দ্রের কংগ্রেসি সরকার ইচ্ছা করলে অযোধ্যাতেও এই কাজ করতে পারতেন। কিন্তু তারা সেই কাজ করেন নি। কারণ কংগ্রেস বিজেপির সঙ্গে জোট বেঁধে ক্ষমতায় টিকে থাকতে চায়। কংগ্রেসের সঙ্গে বিজেপির একটা জোট ছিল। আমরা এই জোট কি লোকসভাতে দেখিনি? ডেপুটি স্পিকার নির্বাচনের সময়ে কংগ্রেসের সঙ্গে বিজেপির আঁতাত আমরা লক্ষ্য করেছি। কংগ্রেসের থেকে স্পিকার এবং বিজেপির তরফে ডেপুটি স্পিকার নির্বাচন হবে এইভাবে একটা সমঝোতা হয়েছিল। আমরা কাশ্মীরে [***] সরকারকে সরাবার সময়ে এই সমঝোতা দেখিনি? আমরা দেখছি কংগ্রেস বিভিন্ন সময়ে বিজেপির সঙ্গে জোট করে চলার

Note :— *[Expunged as ordered by the chair.]

চেষ্টা করে যাচ্ছে। অযোধ্যার ঘটনার পরে পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটেছে তারজন্য আমরা দুঃখিত। কিন্তু আমরা এখানে দাঙ্গাকে সেইভাবে ছড়াতে দিই নি। কিন্তু সারা ভারতবর্ষে কি দেখলাম? গুজরাটে, যেখানে [***] সরকার চালাচ্ছিল সেখানে দেখলাম ব্যাপক দাঙ্গা হল। পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোনও রাজ্যে দাঙ্গা তাড়াতাড়ি বন্ধ হয়নি। কর্ণাটক, মহারাষ্ট্র এবং বম্বেতে দাঙ্গা হয়েছে এবং ৬ তারিখের পরেও সেখানে দাঙ্গা শেষ হয়নি। বম্বেতে তো বহুদিন দাঙ্গা হয়েছে, বহু লোকই মারা গেছে এবং সবচেয়ে বেশি খুন হল বম্বেতে। কর্ণাটকেও দাঙ্গা চলেছে, সারা ভারতবর্ষেই দাঙ্গা চলেছে। কংগ্রেসের প্রতিফলন তার জনবিরোধী বাজেটের মধ্যে দিয়েই প্রতিফলিত হয়েছে। বাজেট পেশ করার আগেই সুকৌশলে জিনিস পত্রের দাম বাড়িয়ে দেওয়া হল। আকাশ ছোঁয়া সব দাম করে দেওয়া হল। চিনি, চাল কেরোসিন প্রভৃতির দাম বাড়িয়ে দেওয়া হল। গণতান্ত্রিক পদ্ধতিতে সুসংহত ভাবে জিনিসের দাম বাড়িয়ে দেওয়া হল। আপনারাই আবার আমাদের দুর্নীতির কথা বলেন, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল অবধি কংগ্রেসের দুর্নীতির কথা কেউ ভুলে যায় নি। সেই সময়ে ভুষি কেলেঙ্কারি নিয়ে কম ঘটনা ঘটেনি। গো খাদ্য তাই নিয়েও দুর্নীতির ঘটনা ঘটল। তারপরে আমাদের স্বর্গীয় প্রধানমন্ত্রী [***]* যাকে আপনারা সর্বশ্রেষ্ঠ প্রধানমন্ত্রী বলে আখ্যা দিয়েছিলেন, সেই প্রধানমন্ত্রীও শেয়ার কেলেঙ্কারির সঙ্গে জড়িয়ে পড়ছিলেন। যারফলে [***]* পর্যন্ত পদত্যাগ করতে হয়েছিল ওই শেয়ার কেলেঙ্কারির সঙ্গে যুক্ত থাকার জন্য। তারাই আজকে পশ্চিমবঙ্গের পঞ্চায়েত নির্বাচন নিয়ে কথা বললেন। [***]* নিজে এই পঞ্চায়েতকে বিশ্বাস করতেন, তিনি গ্রাম পঞ্চায়েতের উপরে জোর দিয়েছিলেন। বলেছিলেন যে গ্রাম পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়েই দেশের উন্নতি করতে হবে। আজকে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রাম বাংলার মানুষকে আমরা ক্ষমতা দিতে পেরেছি, গ্রামবাংলার রাস্তা ঘাট, কালভার্ট ইত্যাদির অনেক উন্নতি করেছে। আজকে অনুন্নত পিছিয়ে পড়া শ্রেণীকে অনেকটা উন্নত করতে পেরেছে। সেখানে কংগ্রেস এই পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দুর্নীতির গন্ধ পেয়েছেন। তারা সাম্প্রদায়িকতার কথা তুলে এই পঞ্চায়েত নির্বাচনকে পিছিয়ে দিতে চাইছেন। তারা বলছেন এতে নাকি সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন হতে পারে। আপনারা বি জে পির সঙ্গে হাত মিলিয়ে কাজ করছেন। আপনাদের দলের লোকেরাই তো বিজেপিতে ঢুকে যাচ্ছেন। আমরা একই সঙ্গে পঞ্চায়েত ও পৌরসভা নির্বাচন করছি এবং কংগ্রেস মূলত এতে দাঙ্গা বাঁধানোর চেষ্টা করছে। সেই কারণে আমার মনে হয় বুথে বুথে ভোট গণনা না করে ব্লকে ব্লকে ভোট গণনা করা হোক। তাহলে অন্তত এই দাঙ্গার সুযোগটা অনেক কম হবে। এইবার ৩ ভাগের ১ ভাগ মহিলা প্রতিনিধি রয়েছেন, তাদের বেকায়দায় ফেলার চেষ্টা করবে। সেই কারণে সরকারকে ব্লক ভিত্তিক ভোট গণনার জন্য অনুরোধ করব। ত্রিপুরাতে নির্বাচনে যে অবস্থার সৃষ্টি করেছেন যে বাধ্য হয়ে ইলেকশন কমিশনার শেষন ওখানে নির্বাচন স্থগিত রাখতে বাধ্য হয়েছেন। সেখানে [***]* যেভাবে আই এ এস, আই পি এস অফিসারদের সঙ্গে হাত মিলিয়ে নির্বাচন করতে যাচ্ছিলেন তাতে [***]* তার দুরভিসন্ধি ধরে ফেলে নির্বাচন স্থগিত রেখে দিলেন এবং ওই অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন। কৃষির ক্ষেত্রে সেচ ব্যবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে। অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্যে অনেক অনেক উন্নতি হয়েছে।

Note :— *[Expunged as ordered by the chair.]

[3rd March, 1993]

**শ্রী ডেপুটি স্পিকার** : মাননীয় ঈদ মহম্মদ সাহেব, বক্তৃতা করবার সময়ে অন্য রাজ্যের মন্ত্রীর নাম, অন্য কোনও নেতার নাম বা কেন্দ্রীয় মন্ত্রীর নাম হাউসে বলা যায় না।

**শ্রী ঈদ মহম্মদ** : এখানে আজকে কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে এবং কৃষি ব্যবস্থার উন্নতি হওয়ার ফলে মানুষের খাদ্যের ঘাটতি নেই এবং মানুষ খাদ্যের জন্য আর গ্রাম থেকে শহরে চলে আসেন। আমাদের এখানে সেচ ব্যবস্থার উন্নতি হয়েছে এবং মিনি ডিপ টিউবওয়েল ও অন্যান্য ব্যবস্থার মাধ্যমে এই সেচ ব্যবস্থাকে পাকাপোক্ত করা হয়েছে। এই সেচ ব্যবস্থার উন্নতির জন্যই আজকে কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে এবং ফলন বেড়েছে। যারজন্য আজকে আলুর দাম পড়ে গেছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে কেন্দ্রীয় সরকার সারের উপর ভরতুকি তুলে দিয়ে সারের দাম বাড়িয়ে দিয়েছে এবং চাষিরা আজকে মার খাচ্ছে। আমাদের এখানে স্বাস্থ্য ব্যবস্থা যা আছে তারজন্য অর্থ প্রয়োজন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার স্বাস্থ্য বাজেটে বেশি টাকা বাড়ায়নি। ফলে স্বাস্থ্য বরাদ্দ না বাড়ার ফলে স্বাস্থ্য ব্যবস্থা ঠিকমতো হচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি যে ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে দিয়ে সমস্ত ওষুধপত্রের দাম বেড়ে যাচ্ছে এবং তা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। এই কথা তো অস্বীকার করা যায় না যে পশ্চিমবাংলায় স্বাস্থ্য ইন্সফ্রাস্ট্রাকচার যা আছে সারা ভারতবর্ষে আর কোথাও তা নেই। আপনাদের কেন্দ্রীয় সরকারকে আপনারা বলুন যাতে স্বাস্থ্য দপ্তরে বেশি টাকা বরাদ্দ করে পশ্চিমবাংলার মানুষের স্বার্থে, গ্রাম বাংলার মানুষের স্বার্থে। আপনারা বিদ্যুৎ-এর কথা বলছেন, ১৯৭২ সালে আমরা দেখেছি কোনও মৌজার উপর দিয়ে ইলেক্ট্রিক তার গেলেই সেই মৌজা ইলেক্ট্রিফায়েড হয়ে গেল। কিন্তু আমরা সার্বিক সীমাবদ্ধতার মধ্যে দিয়েও সেই বৈদ্যুতিকরণের কাজ ঠিকমতো করেছি। আপনারা বক্রেশ্বরের কথা বলছেন, হলদিয়ার কথা বলছেন, কিন্তু এগুলোর জন্য কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছে? আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন না দেশের লোকের স্বার্থে এগুলোর জন্য টাকা বরাদ্দ করতে। আপনারা শুধু পশ্চিমবাংলায় খেয়োখেয়ি করছেন এবং তারই প্রতিফলন ঘটে গেছে রাইটার্স অবরোধের নামে ২২শে ফেব্রুয়ারি আপনারা নিজেদের মধ্যে মারামারি করেছেন, পশ্চিমবাংলার আইনশৃঙ্খলাকে আপনারা বিঘ্নিত করেছেন। ব্রাবোন রোডের মঞ্চ দখল করার জন্য আপনাদের মধ্যে হুড়োহুড়ি পড়ে গিয়েছিল, আপনারা নিজেদের মধ্যে গন্ডগোল করে পশ্চিমবাংলার আইনশৃঙ্খলাকে অবনতি ঘটিয়েছেন। আমাদের সঙ্গে মিমাংসায় আসুন, পশ্চিমবাংলার যে অগ্রগতি সেই অগ্রগতিকে আমরা এগিয়ে নিয়ে যায় এবং মানুষের উন্নতির কাজে এগিয়ে আসুন এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**श्री अब्दुल करीम चौधुरी** : मिस्टर डिप्टी स्पिकर सर, हर साल की तरह इसवार भी जो बना बनाया राज्यपाल का स्टेटमेन्ट सुना। इसकी विरोधिता करते हुए एवं कट मोशन का समर्थन करते हुए अपनी बात रखना चाहता हूँ। आज जबकि बी०जे०पी० ने सारे मुल्क मे कानून व्यवस्था की पगुं बना दिया है, कन्डम कर दिया है, फिर भी गभर्नर एडरेस मे इसकी एक लाइन भी चर्चा नही किया गया। ६ दिसम्बर की भयावह घटना से किस प्रकार हमारा बगांल का शासन व्यवस्था कन्डम हो गया था, इसकी चर्चा नही किया गया है। आज जबकि बी०जे०पी० के बिरुद एक मुभमेन्ट

की जरुरत है। अतः मै राज्यपाल के एडरेस का विरोधिता करता हुँ।

सर, एक बात समझ मे नही आ रहा है कि हमारे वामपंथी साथी करना क्या चाह रहे है। आज जब सारे पशिचम बगांल मे हम एक साथ होकर साम्प्रदायिकता के विरोध मे एक स्वर मे आवाज उठा रहे हैं। शहर-शहर व गांव-गांव मे साम्प्रदायिकता के विरोध में बेनर लगाए हुए है। यही हमारे इस्लामपुर के एस०डी०ओ० के निगरानी मे मन्दिर बन रहा है। सर, वहां पर महीनों से मस्जिद बन रही थी, जो प्रायः पुरा ही होने पर था, लाइटेल तक बन चुका था, उसपर रोक लगा दिया है। सर, उस बन रहे मस्जिद पर रोक लगाकर वहां २१ जनवरी से काली मन्दिर का निर्माण हो रहा है। जब इस्लामपुर के स्थानीय लोग और मस्जिद से संबंधित मौलवी ने इसका विरोध किया तो २ मोलवी को हाजत में बन्द कर दिया। लोग कह रहे है कि क्या पशिचम बंगाल मे बी० जे० पी० की सरकार आ गयी है। सर, बी० जे० पी० के कार्यकर्ता से साँठ-गाँठ कर २ मोलवी को गिरफ्तार कर बन्द कर दिया है। आज मै मुख्यमंत्री से इसपर वक्तव्य की मांग करता हूं। इसपर एक्सन होना चाहिए। एक एस० डी० ओ० आंफिसर, डी०एस० ऐसे काम के पिछे लगे हुए है। जिससे वहां के लोग मायुस हो गये है।

मिस्टर डिपुटी स्पिकर सर, राइटर्स बिल्डीगं तो लगता है जैसे पार्टी का आंफिस हो गया है। येस ही एक केन्द्रीय मंत्री के साथ, युनियन मिनिस्टर के साथ कैसा सलूक किया गया। ममता बनर्जी जो केन्द्रीय मंत्री, यूनियन मिनिस्टर, उनसे भी हमारे मूख्य मंत्री को मिलने का वक्त नही था। जो कि एक रेप भिक्सन को लेकर मिलना चाहती थी, नही मिले। एक महिला मंत्री एक महत्वपूर्ण विषय पर बाते करना चाहती थी, नही मिले। क्या इसके पहले ऐसा नही हुआ था, होता है, हमलोग ही बहुत बाह मये है, सेकरेटरी से बोले कि बहुत जरुरी बात है, थोड़ा मिलना है मिला देते है। उस दिन ऐसा क्या हो गया था क्या पिरियर एप्वाइन्टमेन्ट नही हो सकता था एप्वाइन्टमेन्ट नही हुआ और साथ-ही-साथ जो व्यवहार किया गया वह शर्मनाक है। उनको मिसलेड किया गया, क्या यही व्यवहार करना चाहिए था, सर, राइटर्स बिल्डिंग से बाहर कर दिया, वहां से लाल बाजार पुलिस लांक-अप मे भेज दिये। उनको तो ওকে এইরকম ভাবে হেকল করে রাইটার্স বিল্ডিংস থেকে তাড়িয়ে দেওয়া উচিতছিল না। कम-से-कम इतना तो देखना चाहिए था कि जो सलूक कर रहा हूंवह, अनुचित है, वह एक महिला लीडर है, एक केन्द्रीय मन्त्री है। हमारे समय मे, कांग्रेस के जमाने मे भी क्या होता ऐसा होता था। डाक्टर बी० सी० राय जब मुख्य मंत्री थे और ज्योति बसु आंपोजिशन

लीडर, उस समय डाक्टर बी० सी० राय कहा करते थे बंगला में।অনেক কিছু হয়েছে পশ্চিমবাংলায় From very begining after the independence জানিনা কত পারসেন্ট টাকা নর্থ বেঙ্গলের জন্য খরচ করা হয়েছে, মনে হচ্ছে না ১০ পারসেন্ট খরচ হয়েছে। সমস্ত জায়গায় বিভিন্ন প্রোজেক্ট হয়েছে কিন্তু নর্থ বেঙ্গলে কিছু হয়নি। শুধু মাত্র একটা প্রোজেক্ট তিস্তা প্রোজেক্টের কাজ অনেকদিন ধরে চলছে, কবে শেষ হবে জানি না। দার্জিলিং এর মতো নর্থ বেঙ্গলেও এই আওয়াজ উঠবে যদি নর্থ বেঙ্গলের প্রতি নজর না দেন। আবার উত্তর খন্ডের আওয়াজ নর্থ বেঙ্গল থেকে উঠবে, সেখানকার উন্নতি যদি করা হয়। আমি দেখেছি কয়েকেটি ওভারব্রিজ হয়েছে, রেলওয়েজ ব্রিজ অনেক জায়গায় দিলেন কিন্তু ডালখোলায়, উত্তর দিনাজপুরে রেলওয়ে ওভার ব্রীজের ডিমান্ড দ্বারা সত্ত্বেও over-bridge আজ পর্যন্ত হল না।

नोर्थ बंगाल मे इन्डस्ट्रीज लगाने की बात नही है। नोर्थ बंगाल के लिए एक मात्र जो तिस्ता प्रोजेक्ट है, वर भी कब पुरा होगा कहा नही जा सक्ता। सर, नोर्थ बंगाल के डभलपमेन्ट की कही कोई जिक्र ही नही किया गया है। कोई प्रोजेक्ट नही है। जो रेलवे ओभर ब्रीज का वर्षो से डिमान्ड होता आ रहा है, ओभर ब्रीज का जो डिमान्ड है इसपर सरकार क्या प्लान वना रही है। कितने का इस्टीमेट वना रही है कैसा स्कीम है। इसपर कोई चर्चा नही किया गया है।

सर, कलकता के लीडर, मंत्री नोर्थ वंगाल के लोगों की परेशानी को, कठिनाई को नही समझते है। मिस्टर डिप्टी स्पिकर सर, तिस्ता प्रोजेक्ट पर ३५० करोड़ रुपया खार्च किया जा चुका है। ३५० करोड़ रुपया खार्च किया गया है। मगर कितना काम हुआ है। १० प्रतिशत भी काम नही हुआ है। वर्क इज भेरी पुअर। सर, पैसा को पानी की तरह वहाया जा रहा है। सर, इसकी काम की जांच के लिए हाई पावर कमिटि का गठन हो, जिसमें विरोधी दल के सदस्य हो सता पक्ष के सदस्य हो, चेयरमेन हो। मै चीफ मिनिस्टर को नोर्थे वंगाल मे डिफिसीट करने का अनुरोध करता हूं।

सर, नोर्थ वंगल के लिए कितने प्राइमरी स्कुल दिया गया है, प्राइमरी स्कुल नही दिया गया है। १० वर्षो से टीचर एप्वाइन्टमेन्ट नही हुआ है फिर भी एकजामिनेशन होता है। पटं-लिखोर लड़के जो एक्सचेन्ज में दाखिला कराया, मगर उनका कभी लिस्ट मे नम्बर आता ही नही है। इसपर ध्यान देंगे। इसके साथ ही गवर्नर एडरेस पर अपना बिरोधिता प्रकट करते हुए एवं क्टभोशन का समर्थन करते हुए अपना भापण समाप्त करता हूं।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী মহঃ আনসারুদ্দিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫ তারিখ মাননীয় রাজ্যপাল

এই সভায় যে ভাষণ পেশ করেছেন এবং আমাদের পক্ষ থেকে মাননীয় সদস্য ননী কর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে সভার সামনে উপস্থিত করতে চাই। গত তিনদিন ধরে মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা চলছে। আমাদের বামফ্রন্ট সরকারের মাননীয় সদস্য বন্ধুরা বিস্তারিত-ভাবে বক্তব্য রেখেছেন। বিশ্বব্যাঙ্ক এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডার কিভাবে আমাদের কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় বাজেটের ওপর প্রভাব বিস্তার করছে তা উল্লেখ করেছেন। কার্যত আজকে ভারতবর্ষের শাসক শ্রেণী, যারা কেন্দ্রীয় সরকার পরিচালনা করছেন তারা আমার দেশকে, আমার সোনার ভারতকে সাম্রাজ্যবাদি শক্তির কাছে বন্ধক দিয়ে দিচ্ছেন। এ সমস্ত আলোচিত হয়েছে, আমি আর এই আলোচনার মধ্যে না গিয়ে অন্য কয়েকটি কথা এখানে উল্লেখ করতে চাই। আমরা বামফ্রন্ট বিগত ১৬ বছর ধরে পশ্চিমবাংলায় সরকার পরিচালনা করছি। আমরা বার বার বলছি যে, আমরা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সরকার পরিচালনা করছি, ফলে আমরা পশ্চিমবাংলার যে সমস্ত মৌলিক সমস্যাগুলি আছে সে সমস্ত সমস্যার সমাধান করতে পারছি না। আমরা একথাও বলছি যে, পশ্চিমবাংলার মানুষ আমাদের কাছ থেকে যা চান, মানুষের যে চাহিদা, সেই চাহিদা আমরা পুরোন করতে পারছি না এই সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে। আমরা লক্ষ্য করছি যত দিন যাচ্ছে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক সীমাবদ্ধতা তত বাড়ছে, ফলে দিনের পর দিন পশ্চিমবঙ্গ সরকারের প্রতি তাদের বৈষম্যমূলক আচরণও বেড়ে চলেছে। তবুও এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা মানুষকে কিছুটা রিলিফ দেবার জন্য আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমি গ্রামাঞ্চল থেকে নির্বাচিত সদস্য, শহরের ব্যাপারে এবং অন্যান্য ব্যাপারগুলি সম্বন্ধে আমাদের অন্যান্য সদস্যদের বলেছেন এবং বলবেন, আমি শুধু গ্রাম উন্নয়নের ব্যাপারে আপনার মাধ্যমে কয়েকটি কথা এখানে উপস্থিত করতে চাই। আমরা বার বার এই কথা বলছি যে, আমাদের ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। সুতরাং ভারতবর্ষের সার্বিক উন্নতি ঘটাতে গেলে আমূল ভূমি সংস্কারের প্রয়োজন আছে। আমরা বার বার আমূল ভূমিসংস্কারের দাবি জানিয়ে উপেক্ষিত হয়েছি। আমরা বার বার বলছি গোটা দেশে যে সমস্ত বেআইনি জমি আছে তা উদ্ধার করে সরকারি নিয়ন্ত্রণে নিয়ে এসে ভূমিহীন গরিব কৃষকদের মধ্যে বন্টন করতে হবে। কিন্তু আমাদের এই দাবি বার বার উপেক্ষিত হচ্ছে। কারণ বিগত ৪৫ বছর ধরে মাঝের দুই, আড়াই বছর বাদ দিলে — কেন্দ্রে কংগ্রেসি সরকার ক্ষমতায় রয়েছে। আমরা পরিষ্কার ভাবে এ কথা বার বার বলেছি এবং এখন আমি আবার বলছি কংগ্রেস সরকার দেশের সমস্ত জোতদার, জমিদার, বড় বড় মিল মালিকদের দীর্ঘ ৪৫ বছর ধরে স্বার্থ রক্ষা করে চলেছে। স্বাভাবিক ভাবেই আমরা যখন আমূল ভূমি সংস্কারের কথা বলি তখন তারা তাতে কর্ণপাত করেন না। তবে পশ্চিমবাংলায় আমরা এর কিছুটা ব্যতিক্রম সৃষ্টি করতে সক্ষম হয়েছি। বিগত ১৬ বছর সরকার পরিচালনার মধ্যে দিয়ে আমরা এখনো মানুষের অনেক সমস্যার সমাধান করতে পারি নি, এ কথা ঠিক। যদিও আমরা প্রায় ১০ লক্ষ একর সরকারি খাস জমি উদ্ধার করেছি এবং ২১ লক্ষ লোকের মধ্যে সেটা বিলি করেছি তাদের অধিকার প্রতিষ্ঠিত করেছি এবং পাট্টা দিয়ে তাদের অধিকার সুরক্ষিত করে দিয়েছি, আজকে তারা সেই জমিতে ফসল ফলাচ্ছে এবং অর্থনৈতিক দিক দিয়ে খানিকটা সুরাহা করেছে। আমি বলছিলাম ভারতবর্ষের যে সংবিধান, আজকে কংগ্রেস বন্ধুরা বসে আছেন তারা জানেন যে তাদের পূর্ব পুরুষরা এই সংবিধান রচনা

করেছিলেন। সেই সংবিধানে লেখা আছে যে, প্রলঙ্কের বন্যা বা অত্যধিক খরা হলে মানুষকে বাঁচানোর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। সেই সংবিধানে লেখা আছে বড় বড় নদীগুলি সংস্কার করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কিন্তু দুঃখের সঙ্গে এই কথা বলতে হচ্ছে যে আমরা বার বার দাবি করেছি আমাদের হাওড়া একটা ছোট্ট জেলা, আমাদের জেলা দিয়ে নিম্ন দামোদর, সরস্বতী খাল আছে, বাজপুর খাল আছে, আমাদের জেলায় কানা দামোদর বড় বড় এই নদীগুলি সংস্কারের জন্য দাবি করেছি দাবি করেছি এইজন্য যে নদীগুলি সংস্কার করতে পারলে আজকে যে ফসল পাওয়া যাচ্ছে তার থেকে অনেক বেশি ফসল পাওয়া যেত, সে ক্ষেত্রে আমাদের দাবি উপেক্ষিত হয়েছে। ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচনের পর যে প্রলঙ্কর বন্যার সামনা সামনি দাঁড়াতে হয়েছিল সেই সময়ে মানুষকে বাঁচাতে আমাদের পঞ্চায়েতের বন্ধুরা ঝাঁপিয়ে পড়েছিলেন। পরবর্তী ত্রিস্তর পঞ্চায়েত গুলিতে এই কথা বলার চেষ্টা করা হয়েছে। একটা সরকার চলছে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে, সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আছে। স্বাভাবিক ভাবেই পঞ্চায়েতেও অর্থনৈতিক সীমাবদ্ধতা আছে। সারা পশ্চিমবঙ্গে আজকে মাননীয় কংগ্রেসি বন্ধুরা জানেন কিন্তু স্বীকার করেন না তাদের আমলে যেটা ছিল না আজকে সারা পশ্চিমবঙ্গে সেটা হচ্ছে, অধিকাংশ জমি ছিল এক ফসলি, এখন সেগুলি দো-ফসলি জমিতে পরিণত হয়েছে। ধান চাষ বাড়ছে, ফলন বাড়ছে, আজকে যদি গ্রামে গঞ্জে যান সেখানে দেখতে পাবেন প্রতিটি বাড়িতে চাষের ধান উঠবে, কৃষকেরা উপকৃত হবে। এই একটা অর্থনৈতিক অবস্থা পশ্চিমবঙ্গে সৃষ্টি হচ্ছে, আমি বলতে চাই প্রান্তিক চাষিদের কথা, আমরা বর্গাদারদের রেকর্ড করিয়ে দিয়েছি, শুধু বর্গা রেকর্ড করিয়ে দেওয়া হয়নি, ব্যাঙ্কের মাধ্যমে ঋণ পাচ্ছে, সরকারি ভাবে ঋণ পাচ্ছে। বর্গা রেকর্ডের কথাগুলি আমরা যখন বলি তখন ওদের অন্তরে ঘা লাগে। কংগ্রেস বেঞ্চে যারা বসে আছেন তাদের মধ্যে বেশিরভাগই এসেছেন জোতদার জমিদারদের ঘর থেকে। মানুষ তাদের সমর্থন করেন না, গরিব মানুষ এবং চাষিদের সাথে তাদের কোনও সম্পর্ক নেই। আমরা যখন বর্গা রেকর্ড করে তাদের অধিকার প্রতিষ্ঠিত করছি তখন ওদের পক্ষে একটু অসুবিধা দেখা দিচ্ছে। আমাদের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতায় ক্ষুদ্র শিল্প নূতন নূতন প্রকল্প তৈরি করছি। এতে স্বাভাবিক ভাবেই অনেক মানুষ উপকৃত হচ্ছে। আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি সেখানে দর্জি এবং জরি শিল্প আছে, সেখানে সমবায়ের মাধ্যমে আর্থিক সাহায্য করা হয়ে থাকে। তন্তুজীবী বন্ধুদের আর্থিক সহযোগিতা করা হচ্ছে, তাঁতের যন্ত্রপাতি কেনার ব্যবস্থা করা হয়েছে এইভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পকে সমবায়ের মাধ্যমে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে।

[4-00 — 4-10 p.m.]

এগুলো থেকে আমি এটাই বলতে চাই যে, আমরা অনেক জিনিস না পারলেও মানুষের কাছাকাছি আসতে পেরেছি, তাই আজকে কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেস নেতৃত্ব আতঙ্কিত হয়েছেন। ১৯৭৮ সালের পর থেকে যতবার নির্বাচন করেছি, ওদের সংখ্যা কমেছে। ১৯৮৩ সালে পঞ্চায়েত নির্বাচন করেছি, ওরা আরও কমেছে, তারপর ১৯৮৮ সালে পঞ্চায়েত নির্বাচন করেছি, ওদের সংখ্যা আরও আরও কমেছে। এরপর আবার আগামী ৩০শে মে পঞ্চায়েত নির্বাচন হবে। আজকে পঞ্চায়েতগুলি যাতে উন্নয়নমূলক কাজ না করতে পারে তারজন্য ওরা ষড়যন্ত্র করছেন। আজকে পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম বাংলার যে কর্ম জোয়ার

এসেছে তারফলে আজকে সেটা জনগণের পঞ্চায়েত হিসাবে চিহ্নিত হয়েছে। এরজন্য স্বাভাবিকভাবেই ওরা আতঙ্কিত হয়েছেন এবং তারজন্য আজকে ওরা আর্থিক অবরোধ সৃষ্টি করছেন। বর্তমানে এই পঞ্চায়েত-ব্যবস্থাকে তৃণমূল পর্যন্ত পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে এবং তারজন্য এটা জনগণের পঞ্চায়েত হয়েছে। তাই তারা ভাবছেন, যদি পঞ্চায়েতে আর্থিক অবরোধ সৃষ্টি করা না যায় তাহলে পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে না। কিন্তু আমরা বলছি, ১৯৭৮ সাল থেকে ত্রিস্তর পঞ্চায়েতকে আমরা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে পরিচালিত করে তৃণমূল পর্যন্ত নিয়ে যেতে পেরেছি, তাই আপনারা যতই চেষ্টা করুন না কেন, পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের কথায় কর্ণপাত করবেন না। আগামী পঞ্চায়েত নির্বাচনে আবার তারা প্রমাণ করে দেবেন যে, এটা বামফ্রন্টের পঞ্চায়েত, সাধারণ মানুষের পঞ্চায়েত। আগামী ৩০শে মে সেই রায় দেবার জন্য পশ্চিমবঙ্গের মানুষ আবার প্রস্তুতি গ্রহণ করেছেন। আপনাদের অনেকেই গ্রাম থেকে নির্বাচিত হয়ে এসেছেন, কিন্তু এই সত্য আপনারা স্বীকার করছেন না। মাননীয় রাজ্যপালের ভাষণের উপর গত কয়েকদিন ধরে কি আলোচনা হয়েছে? এই ভাষণে অনেক কিছু তুলে ধরার চেষ্টা করা হয়েছে, কিন্তু সেসবের মধ্যে আপনারা যাননি, শুধু আমাদের গালাগাল করেছেন যার কোনও যুক্তি নেই। শুধুমাত্র ফ্রন্টকে গালাগাল করেছেন, বিশেষ করে আমাদের পার্টি সি.পি.এম.কে গালাগাল করেছেন। গত ২৫শে নভেম্বর আপনাদের নেতৃত্বে ময়দানে সি.পি.এম.এর বিরুদ্ধে মৃত্যুঘন্টা বাজালেন, কিন্তু ২৯শে নভেম্বর পশ্চিমবঙ্গের মানুষ ব্রিগেডে জমায়েতের মধ্যে দিয়ে তার সমুচিত জবাব দিয়ে দিয়েছেন। আজকে সেই ফুলনদেবির অবস্থা কি? তিনি কোথায় আছেন? হয়ত একদিন শুনব, সকালে উঠে কাগজে দেখব, ফুলনদেবি বিজেপিতে আশ্রয় গ্রহণ করেছেন। সেই দিনটির জন্য সারা ভারতবর্ষের মানুষ কংগ্রেসের মৃত্যুঘন্টা বাজাবার জন্য প্রস্তুত হচ্ছেন। এখানে সাম্প্রদায়িকতার কথা উঠেছে। গত ৬ই ডিসেম্বর তারিখে যে দুঃখজনক ঘটনা ঘটে গেল তাতে সারা ভারতবর্ষই শুধু নয়, সারা পৃথিবীর গণতন্ত্র প্রেমি মানুষের কাছে আমাদের মাথা হেঁট হয়েছে। আমাদের এই ভারতবর্ষ বৃহত্তম গণতান্ত্রিক দেশ। সেদিন বার বার করে আমাদের মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু ভারতবর্ষের প্রধানমন্ত্রীর কাছে আবেদন করেছিলেন এবং বিগত বিধানসভার অধিবেশন চলাকালীন অযোদ্ধার ব্যাপারে একটা সর্বদলীয় প্রস্তাবও গ্রহণ করা হয়েছিল। সেদিন আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে বলেছিলেন এখনও সময় আছে, বিজেপির বিরুদ্ধে ব্যবস্থা নিন। কিন্তু সেদিন তিনি কোনও ব্যবস্থা নেননি। এই কথা বলে ভারতবর্ষের প্রধানমন্ত্রী কি বললেন? আমরা ওদের বিশ্বাস করে ভুল করেছি। এই হচ্ছে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর কথা। আজকে এখানে এসে বলা হচ্ছে যে বি.জে.পিকে আমরা এনেছি। আজকে ভারতবর্ষে একটা দুঃসহ অবস্থার সৃষ্টি হয়েছে। এই অবস্থায় আপনারা কি করলেন? ২২ তারিখে সোমেন মিত্র ফটো দিয়ে সমস্ত জায়গায় ব্যানার টাঙ্গিয়ে দিলেন এবং বলা হল যে সি.পি.এম.এর অপশাসনের বিরুদ্ধে লড়াই করতে হবে, আগে এদের দুর করতে হবে, তারপরে বি.জে.পি'র সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করতে হবে। কাজেই এতে আপনাদের চরিত্র কি সেটা বোঝা যায়। এই কথা বলে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মায়ারানি পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণ আমাকে সবচেয়ে

হতাশ করেছে কারণ মুর্শিদাবাদ জেলা সম্পর্কে কোনও গঠনমূলক বক্তব্য এই ভাষণে নেই। আমাদের জেলা অনগ্রসর। সেখানে বলতে গেলে কোনও শিল্প নেই। অথচ এখানে প্রচুর কাঁচামাল উৎপাদন হয় যার উপরে ভিত্তি করে কিছু বৃহৎ শিল্প এবং কুটির শিল্প গড়ে তোলা সম্ভব। এতে আমাদের জেলার অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে এবং সঙ্গে সঙ্গে গ্রামীণ বেকার সমস্যারও সমাধান হবে। বহরমপুর টেক্সটাইল টেকনোলজি পশ্চিমবঙ্গের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষার একটা অন্যতম প্রতিষ্ঠান। বহু ছাত্র এখান থেকে স্নাতক হয়ে ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে কর্মরত। কিন্তু এখানে স্নাতকোত্তর পাঠক্রম চালু নাই। আমি দাবি করছি যে শ্রীরামপুর টেক্সটাইল টেকনোলজির মতো বহরমপুর টেক্সটাইল টেকনোলজিতেও স্নাতকোত্তর পাঠক্রম চালু করা হোক।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিসেস পাল, কাগজ থেকে পড়া যায়না।

**শ্রীমতী মায়ারানি পাল ঃ** মাননীয় রাজ্যপালের ভাষণে জানতে পারলাম যে নারী সমাজের সুরক্ষিত কল্যাণের জন্য জেলাগুলিতে বিশেষ সেল গঠন করা হয়েছে। মহিলা কমিশনও গঠন করা হয়েছে। এটা মহৎ উদ্দেশ্য সন্দেহ নাই। কিন্তু বাস্তবে দেখা যাবে যে কাজের কাজ কিছু হবেনা। কারণ এই বিশেষ সেলের কাজ হবে বামফ্রন্ট সমর্থিত মহিলা সংগঠনের সঙ্গে যোগাযোগ রেখে চলা। তাদের সিদ্ধান্তই গৃহীত হবে পার্টির স্বার্থের দিকে লক্ষ্য রেখে। বিচার ও সিদ্ধান্ত হয়ে যাবে এক পেশে। এতে নির্যাতিত, অত্যাচারিত মহিলাদের সুরক্ষা করা যাবে কিনা সেই বিষয় আমার সন্দেহ আছে। তাই আমার প্রস্তাব হচ্ছে মহিলা সংগঠনের প্রতিনিধি ছাড়াও বাইরের থেকে নিরপেক্ষ সমাজসেবি, শিক্ষাবীদ ও বুদ্ধিজীবী মহিলাদের সঙ্গেও এই বিশেষ সেলকে যোগাযোগ রেখে চলতে হবে যাতে সামগ্রিক ভাবে নিরপেক্ষ ও ন্যায় বিচার সম্ভব হয়। কাজেই কোন দিক থেকেই রাজ্যপালের ভাষণকে আমি সমর্থন করতে পারছিনা, সেজন্য এর বিরোধিতা করার আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী মুকুলবিকাশ মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ পাঠ করেছিলেন এবং তারজন্য মাননীয় সদস্য ননী কর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। সেই সঙ্গে আমাদের দেওয়া যে সমস্ত সংশোধনী রয়েছে সেগুলিকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা এখানে বলছি। আমি মনে করেছিলাম যে রাজ্যপালের ভাষণে রাজ্যের ভবিষ্যৎ উন্নয়নের কিছু চিত্র থাকবে। কিন্তু দেখলাম যে এতে রাজ্যের ভবিষ্যৎ উন্নয়নের কোনও চিত্র তো নেই বরং রাজ্য সরকারের ব্যর্থতা এবং অপদার্থতা ঢাকবার একটা প্রয়াস রয়েছে। ৬ই ডিসেম্বর অযোধ্যায় যে কান্ড ঘটে গিয়েছে তা দেশের পক্ষে লজ্জাজনক। এরজন্য কারা দায়ী, কারা এই ঘটনা ঘটিয়েছে সেটা আপনারা ভাল ভাবেই জানেন। তারপর ৭ই ডিসেম্বর এই কলকাতার বুকে এই সি.পি.এম-এর ভাল্লুক ঝুন্নুর দল যে কান্ড ঘটিয়েছে সেইজন্য নিশ্চয়ই লজ্জা বোধ করা উচিত। সকলেই বুঝেছে কলিকাতায় এই দাঙ্গার জন্য কারা দায়ী, আপনারা গ্রামে গঞ্জে চেষ্টা করেছিলেন এইরকম দাঙ্গা লাগাবার। আমি তার নজির দেখাচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন আমার নির্বাচনী এলাকার পাশে দারুয়া ময়দানে একটা জনসভা করতে। সেই জায়গাটা একটু উত্তেজনা প্রবণ। সেখানে ৬ই ডিসেম্বর ওই ঘটনা ঘটার পর সি.পি.এম লোকাল কমিটির

নির্দেশে নানারকম পোস্টার দেওয়া হয়েছিল বাবরি মসজিদ ভাঙার জন্য দায়ী কারা, কংগ্রেস আবার কারা, নরসীমা রাওকে গিলোটিনে ঢুকিয়ে দেওয়া হয়েছিল এইসব। প্রশাসনের কাছে আমি নিজে ব্যক্তিগত ভাবে আপত্তি করেছিলাম যে এই সমস্ত জিনিস সরিয়ে দিন, তা না হলে উত্তেজনা হবে। কিন্তু প্রশাসনের পক্ষ থেকে সময় নেই বলে অজুহাত দেওয়া হয়। দেশের শুভবুদ্ধি সম্পন্ন মানুষ গ্রামাঞ্চলের শুভবুদ্ধি সম্পন্ন মানুষের জন্য বাংলার কালচারের কথা মনে রেখে এই দাঙ্গা এড়াতে সক্ষম হয়েছে। আমি তাদের সাধুবাদ জানাই। নারী নির্যাতনের ঘটনা যে ঘটে চলেছে তার জন্য ভাষণে উদ্বেগ প্রকাশ করা হয়েছে তারজন্য আমি রাজ্যপালকে ধন্যবাদ জানাচ্ছি। এই নারী নির্যাতন তো ঘটতেই পারে এই কথাটা তিনি বলেন নি বলে আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। নারী নির্যাতন যে হচ্ছে তাকে মোকাবিলা করার জন্য জেলায় জেলায় সেল গঠন করার কথা বলা হয়েছে। আমি জানি সেল দিয়ে কিছু হবে না, কারণ এখানে নারী নির্যাতনকারিদের শেল্টার দেওয়া হবে। অনেক কমিশন আপনারা করেছেন, এরজন্য আপনারা কমিশন করছেন, অন্যান্য কমিশনের রিপোর্ট পূর্বে যেমন পাই নি, আশা করি এই রিপোর্টও পাবো না। বিদ্যুৎ উৎপাদন সম্পর্কে বলতে গিয়ে বলি গ্রামীণ বৈদ্যুতিকরণের যে লক্ষ্যমাত্রা ছিল সেটা পুরণ করতে পারেন নি। যে সমস্ত জায়গায় বিদ্যুৎ গিয়েছিল সেই সমস্ত জায়গাতেও এখনও ঠিকমতো বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। অনেক ট্রান্সফরমার অকেজো হয়ে পড়ে আছে। আজকে আমি বিদ্যুৎমন্ত্রীকে একটা মাস পিটিশন দিয়েছি, সেখানে যে ট্রান্সফরমার অকেজো হয়ে পড়ে আছে সেটা দেখার জন্য। আরও অন্যান্য জায়গায় ট্রান্সফরমার বিকল হয়ে পড়ে আছে, চাষের জল পাওয়া যাচ্ছে না। একটা খতিয়ান দেখলাম যে ১৯৯৩ সালে নাকি কোলাঘাটের ৪নং এবং ৬নং ইউনিট থেকে ২১০।২১০ করে ৪২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হবে। ৪২০ সরকারের এই জিনিস কতদিন থাকবে বলতে পারব না, ভবিষ্যতে সেটা প্রমাণ করবে। পূর্ত বিভাগের সম্বন্ধে বলেছেন ৪১ কি.মি. নতুন সড়ক করা হবে। পুরানো রাস্তা যেগুলো রয়েছে সেগুলোর কি অবস্থা? সেগুলো যে গর্তে ভর্তি, সেকথা তিনি উল্লেখ করেন নি এবং পুরনো রাস্তাগুলোকে সারাবার চিন্তা করেন নি। আমার মনে হয় পূর্ত দপ্তরের সঙ্গে দপ্তর জুড়ে দিলে তাতে হয়তো গর্তগুলোকে বোঝানো যাবে। গ্রামাঞ্চলে পানীয় জলের কথা আপনারা বলেছেন, ৭১.৫ ভাগ নাকি পানীয় জলের আওতায় আছে। কিন্তু সত্যি কথাটা কি আপনারা জানেন? আপনারা কি জানেন প্রকৃতপক্ষে গ্রামাঞ্চলের মানুষ পানীয় জল পাচ্ছে কিনা? আমার এলাকায় নাবিন্দা ওয়াটার সাপ্লাই যেটা ছিল সেটি দুবছর ধরে বন্ধ হয়ে রয়েছে। বারবার করে আবেদন করা সত্ত্বেও কোনও ব্যবস্থা হচ্ছে না। পানীয় জল গ্রামাঞ্চলের মানুষ পাচ্ছে কিনা, নলকূপগুলো কি অবস্থায় আছে সেটা কি আপনারা একটু লক্ষ্য করবেন? আমি এই সরকার যে সবদিক থেকে ব্যর্থ সেটা বলে, রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। আমাদের যে সংশোধনীগুলি আনা হয়েছে সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী প্রভাত আচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে ননীবাবু যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি তাকে আন্তরিক ভাবে সমর্থন করে কিছু বলতে চাইছি। কয়েকদিন হল বিরোধীপক্ষের সদস্যদের বক্তব্য শুনলাম। বিরোধীপক্ষের প্রথমে যিনি

বক্তব্য রাখলেন, আমার বিশ্বাস ছিল, রাজ্যপাল যেভাবে গুরুত্ব দিয়েছেন ৬ই ডিসেম্বরের পরিপ্রেক্ষিতে ভারতবর্ষের বুকে সাম্প্রদায়িকতার হায়না যে দাগ কেটে গেল, যে ক্ষতের সৃষ্টি হল, তাতে তিনি সাম্প্রদায়িকতার বিরুদ্ধে একত্রিত ভাবে বলবেন। এই আশা ছিল যে তিনি বলবেন একে রুখতে হবে। ভারতবর্ষকে বাঁচাতে হবে। কিন্তু এমন কোনও ইঙ্গিত তার বক্তব্যের মধ্যে নেই। '৭৫ খৃস্টাব্দের ৩রা মার্চের এমনই একটি দিনের কথা আমার মনে পড়ছে। তখন জয়নাল আবেদিন সাহেব মন্ত্রী ছিলেন। তিনি বাজেটকে সমর্থন করতে গিয়ে বলেছিলেন, এখনকার সমস্যা হচ্ছে ক্রেডিবিলিটির সমস্যা, ক্রেডিবিলিটির ব্যাধি। সরকার যখন নির্বাচিত হয়েছে, তার প্রতিজ্ঞা পালনে সে যদি ব্যর্থ হয়, সেই ক্রেডিবিলিটির ব্যাধিটা হচ্ছে গুরুত্বপূর্ণ ব্যাধি। এটা তিনি সেদিন বুঝেছিলেন যে তাদের উপরে ভরসা রাখা যায় না। কংগ্রেসের উপরে ভরসা রাখা যায় না এটা বুঝে আজকে তিনি বিরোধী দলের নেতা। তিনি এখানে উপস্থিত নেই, এই কথাটা তার সামনে বলতে পারলে আমি খুশি হতাম। সাম্প্রদায়িকতার প্রশ্নে যে কংগ্রেসের উপরে ভরসা রাখা যায় না তা আমার প্রত্যক্ষ করেছি। প্রধানমন্ত্রী, এই বৃদ্ধ মানুষটা সকলের সাথে আলোচনা করে সব বুঝেছিলেন। তিনি বুঝেছিলেন যে ওর কথা শুনবেন না। জাতীয় সংহতি পরিষদের বৈঠকে তার উপরে যে পাহারাদারি দেওয়া হয়েছিল ভারতবর্ষের সংবিধানকে রক্ষা করতে হবে সেই দায়িত্ব তিনি নিয়েছিলেন। কিন্তু দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন। তিনি বললেন যে আমি বিশ্বাস করে ঠকেছি, ওরা বিশ্বাসঘাতকতা করেছে। এল.কে আদবানিকে যখন বিহারের মুখ্যমন্ত্রী লাল্লু প্রসাদ যাদব আটক করা হল, তখন কই কোথায়ও তো আগুন লাগল না। তারপরে ২৫শে ফেব্রুয়ারি যে বিজেপির মিটিং বন্ধ করে দেওয়া হল তখন তো কোনেও আগুনই জ্বললো না। আজকে সাম্প্রদায়িক সম্প্রীতির নামে আপনারা যা করছেন তা ঠিক সম্প্রীতি রক্ষা বলে না, উল্টে আপনারাই আবার আমাদের নিন্দা করছেন। আজকে বি.জে.পি যে পথ ধরেছে আপনারাই তাকে মদত দিচ্ছেন। আমি এই হাউসের সদস্য শ্রী অতীশ সিনহা মহাশয়ের বক্তৃতা শুনে খুব দুঃখ পেলাম। তিনি বি জে পিকে ন্যাৎসী বাহিনী বলে বর্ণনা করেছেন এবং সেই দলই কমিউনিস্ট পার্টি ধ্বংস করবে এই কথা বলেছেন। শ্রী অতীশ সিনহা মহাশয়ের বাবা একজন সাংস্কৃতিক ব্যক্তি এবং একজন বলিষ্ঠ ব্যক্তি ছিলেন, তার ছেলের কাছ থেকে এই ধরনের আচরণ আমরা প্রত্যাশা করিনি। আমার মতে কংগ্রেসের মধ্যে একমাত্র পন্ডিত নেহেরু ছাড়া আর কোনও নেতাই ধর্মনিরপেক্ষ ছিলেন না। তার পরবর্তী সব প্রতিনিধিই ধর্মকে বিশেষ করে স্থান দিয়েছিলেন এবং তারফলে ক্রেডিবিল সরকার হতে বাধ্য। একটা ক্রেডিবিলিটি সরকার কখনো দেশ শাসন করতে পারে না। এখানে বহু কংগ্রেস নিজেদের দলের মধ্যে না থেকে বি জে পিতে যোগ দিতে ইচ্ছুক, সুতরাং তাদের কাছ থেকে এর চেয়ে ভালো আর কি আশা করা যেতে পারে? কংগ্রেসি আমলে ডাঃ জয়নাল আবেদিন সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন তিনি নিজে কংগ্রেসের ক্রেডিবিলিটি সম্বন্ধে প্রশ্ন তুলেছিলেন। সেই দলের কাছ থেকে আর কিছু আশা করা যায় না। এখানে সৌগত বাবু সাম্প্রদায়িকতা নিয়ে অনেক কথা বললেন, কিন্তু আমার প্রশ্ন সৌগত বাবু গোপনে বি জে পির সঙ্গে আঁতাত করছেন কেন? আসলে কংগ্রেস বিজেপির সমালোচনা করবে কোথার থেকে, ওদের দলের মধ্যেই তো বহু মৌলবাদি লোক রয়ে গেছে। ওদের দলের মধ্যে কি হিন্দু, কি মুসলমান বহু মৌলবাদি লোক রয়েছে। "Many a congressman was a Communalist under his national

cloak.'' তাদের ভোট পাবার জন্য তারা কখনো তাদের বিরুদ্ধে যাবেন না। আবুল কালাম আজাদ বলেছিলেন যে, কংগ্রেস সাম্প্রদায়িকতার বিরুদ্ধে যাবে কি করে, ওদের দলের মধ্যে হিন্দু ও মুসলমান মিলিয়ে বহু মৌলবাদি রয়ে গেছেন। সেই একই কথা গনিখান চৌধুরীও বলেছেন যে, আমাদের দলের মধ্যেই সাম্প্রদায়িক শক্তি রয়ে গেছে। সেই সাম্প্রদায়িক শক্তি হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ই। সুতরাং এই জিনিস থেকে কখনো তাদের পক্ষে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করা সম্ভব নয়। কিন্তু তবুও আমরা বলছি নাই মামার চেয়ে কানা মামা ভালো। তবুও কংগ্রেস যেটুকু ভোট পেয়ে আসছে তাও ভালো, বি জে পি যেন না আসে। আজকে যেভাবে মুন্ডিত মস্তক নিয়ে কর সেবা করছে এবং জয়রাম বলে ধ্বনি তুলেছিল বি জে পি তাতে মনে হয়েছিল ঠিক জার্মানিতে ন্যাৎসী বাহিনী যেভাবে আক্রমণ করেছিল ঠিক সেই অবস্থা। জার্মানিতে হিটলারের ন্যাৎসী বাহিনী যেভাবে চেহারা দেখেছিলাম ঠিক সেইরকম চেহারা পোস্টারে দেখতে পেলাম। আজকে আমরা ইন্ডিয়ানস, তাতে হিন্দু, মুসলমান বা নাস্তিক যাইহোক না কেন আমরা ভারতীয় এই কথা মনে রেখে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। তারজন্য সবরকম প্রস্তুতি আমাদের নিতে হবে। আগামী ৩০শে মে যে পঞ্চায়েত নির্বাচন তারজন্য কংগ্রেস যতই বাধা দেবার চেষ্টা করুক আমরা তা কাটিয়ে উঠতে পারব। আমাদের সম্প্রীতি যাতে বজায় থাকে সেই দিকটা দেখতে হবে। সেই পরিপ্রেক্ষিতে রাজ্যপাল যে ভাষণ রেখেছেন তার জন্য তাকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। আর কংগ্রেসিদের বলি আপনারা কি অন্ধ হয়ে গেছেন, আপনারা প্রশংসা করতে পারেন না? তবে দু-একটা জায়গায় আপনারা বলেছেন বিদ্যুৎ-এর হাল ভালো হয়েছে। বিদ্যুতের হাল ভালোতো হয়েছেই তার সঙ্গে সঙ্গে শিক্ষার পরিস্থিতি এবং শিক্ষকদের পরিস্থিতিও ভালো হয়েছে। নিজেদের ভুল বার করবার জন্য আমরা নিজেরাই এডুকেশন কমিশন বসিয়েছি এবং ধরে ধরে সেই ক্রটিগুলি মুক্ত করার জন্য চেষ্টা করেছি। আমরা পঞ্চায়েতের ত্রিস্তর নির্বাচন যেমন আছে, সেইরকম সমগ্র পৌরসভারও নির্বাচন আমরা করেছি এবং আমরা দেখিয়ে দিয়েছি সমগ্র বাংলাদেশে পৌরসভার নির্বাচনেও বামফ্রন্টই সব। সুতরাং সমগ্রভাবে রাজ্যপালের ভাষণে যা লেখা হয়েছে তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করে এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Smt. Rubi Nur :** Mr. Speaker Sir, the Hon'ble Governor in his address to the present session of the Legislative Assembly on the 25th February 1993 has dealt with so-called socio-economic achievement and proposed development programme of the Government of West Bengal.

With due respect to the Hon'ble Governor I would like to state that the law and order situation has gone from bad to worse with increasing criminalisation in society. The growing incidence of violent assault and harassment of women in the state is matter of great concern and the government instead of enforcing law and order is a helpless bystander. The government is determined to suppress legitimate democratic movement of the people and persecute the rank and file of the congress grass root supporters. The incidents of vandalism and violence at phulbagan, Manickchock, Phulia, Hariharpara, Bantala are

glaring examples of incompetence, and indifference of the government in handling the situation. Recent behaviour with Smt. Mamta Banerjee M.P. at Writers Buildings is painful and shameful and hope such recurrence are not repeated. The fact is that the government must conduct the administration of the state in a more impartial manner instead of giving unlawful advantage to its party members.

The government's claim about peaceful industrial relation is belied by the growing lock-outs in various industries and intimidation of enterprenuers by trade unions and anti-socials. If this is not curbed forthwith there is very little chance of pulling the West Bengal economy out of the stagnation.

Similarly, who claims attracting foreign investments in West Bengal is living in a fools paradise. However the talk of growth centres in Malda district is reported to be under progress. But I can see no signs of any development of any infrastructural activities in the growth centres.

I welcome the Government's proposal to supply new books to all primary school children and also to set up new primary schools and library during the current year. In this context I would like to draw the attention of the government in Sujapur constituency which I represent there is necessity of immediate opening of at least three primary schools. Thank you.

[4-30 — 4-40 p.m.]

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং যে বক্তব্য তিনি আমাদের সামনে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে ৬ই ডিসেম্বর অযোধ্যায় যে ঘটনা ঘটল তা নিয়ে এখানে আলোচনা হয়েছে। এটা সত্যই দুঃখজনক এবং লজ্জাজনক। কেন্দ্রীয় সরকারের এত বিশাল ক্ষমতা, সারা ভারতবর্ষে এত প্রশাসনিক ক্ষমতা থাকা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কোনও রকম ব্যবস্থা করতে পারেননি সমস্ত স্বেচ্ছাকার ঘটে গেছে।

তুলনামূলকভাবে এটা বলতে পারি যে পশ্চিমবঙ্গে দার্জিলিং নিয়ে জি.এন.এল.এফ. যে ঘটনা ঘটিয়েছিল জি.এন.এল.এফের দুজন বিধানসভার মাননীয় সদস্য অন প্রটেস্ট পদত্যাগ করেছিলেন এবং তারা সেখানে বিরাটভাবে বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করেছিলেন। তারা বলেছিলেন যে এটাকে নো ম্যানস ল্যান্ড করে দেব। তারা বলেছিলেন, পশ্চিমবাংলা থেকে দার্জিলিংকে ছিনিয়ে নেবেন এবং ভারতবর্ষ থেকেও তারা বিচ্ছিন্ন হবেন। কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার অত্যন্ত শক্ত হাতে প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ করে সেই বিচ্ছিন্নতাবাদকে ঠেকিয়ে দিয়েছেন ফলে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষ থেকে দার্জিলিং বিচ্ছিন্ন হতে পারে নি। এটা আমাদের সৌভাগ্য এবং গৌরবের বিষয়। এরজন্য বামফ্রন্ট সরকার নিশ্চয় প্রশংসার

দাবি রাখতে পারেন। মাননীয় রাজ্যপালের ভাষণে সেসব কথা প্রকাশিত হয়েছে অতএব তা সমর্থনযোগ্য। দ্বিতীয়ত মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে পঞ্চায়েতি রাজের কথা বিশেষভাবে উল্লিখিত হয়েছে। পশ্চিমবঙ্গে পঞ্চায়েতিরাজ ব্যবস্থার মাধ্যমে মানুষকে কিভাবে গণমুখি করা যায় এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজের ব্যাপারে তৃণমূলস্তরকে যুক্ত করা যায় এবং তাদের মতামত নিয়ে তাদের সেই মনোভাবকে উন্নয়নের কাজের ভেতরে কিভাবে ফুটিয়ে তোলা যায় এই পঞ্চায়েতিরাজ ব্যবস্থার মধ্যে তা রয়েছে। স্যার, আপনি জানেন, ১৯৫৭ সালে বলবন্ত রাও মেহেতা কমিটি গঠিত হয়েছিল। এই বলবন্ত রাও মেহেতা কমিটির যে সমস্ত ভাবনা চিন্তা ছিল পঞ্চায়েতিরাজ ব্যবস্থা সম্পর্কে পরবর্তীকালের সরকারগুলি তার কিছুই কার্যকর করেন নি। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে সেই বলবন্ত রাও মেহেতা কমিটির পঞ্চায়েতি রাজ সম্পর্কে যে মনোভাব তা বাস্তবায়িত করার জন্য বিভিন্নভাবে স্টেপস নিয়েছেন। এরজন্য নানান আইন এই সরকার সংযোজন করেছেন। আইন অনেক সংশোধনও করেছেন। এই সংশোধন এবং সংযোজনের মাধ্যমে সাধারণ মানুষকে কি ভাবে উন্নয়নের সাথে যুক্ত করা যায়, ল্যান্ড রিফর্মসকে কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেই ব্যবস্থা করেছেন। এ ছাড়া সাধারণ মানুষকে পঞ্চায়েতে যুক্ত করার জন্য এই সরকার নানান ব্যবস্থা নিয়েছেন। উদাহরণস্বরূপ বলা যায়, আমরা জানি যে, একটা ব্লকের মধ্য পঞ্চায়েত সমিতিতে অন্য জায়গার একটা পঞ্চায়েত সমিতির মানুষ যিনি সেখানকার ভোটার তিনি সেই জায়গায় দাঁড়াতে পারতেন না। কিন্তু ১৪(২) ধারা সংশোধন করার ফলে দেখা যাচ্ছে একটা পঞ্চায়েত সমিতির ভোটার হলেও একটা ব্লকের মধ্যে অন্য পঞ্চায়েত সমিতিতে সে দাঁড়াতে পারবে। মানুষকে এইভাবে স্বাধীনতা দেওয়া হয়েছে। স্বাধীনভাবে সে অন্য পঞ্চায়েত সমিতির কথা চিন্তা করতে পারছে। ব্যক্তিগত স্বাধীনতা, গণতান্ত্রিক স্বাধীনতা অক্ষুন্ন রেখে সে এগিয়ে যেতে পারছে। এই সরকার তা করেছেন এবং এই ভাষণে তা আছে। আর একটা কথা বিশেষ ভাবে উল্লেখ যোগ্য যে সময়ে নারী নির্যাতন নিয়ে কথা হচ্ছে, নানা জায়গায় নারীদের নিয়ে কথা হচ্ছে, নারীদের সম্মান দেওয়া হচ্ছে না, মর্যাদা দেওয়া হচ্ছে না, অ্যাট্রসিটি হচ্ছে ইত্যাদি ব্যাখ্যা দেওয়া হচ্ছে, সেখানে পঞ্চায়েত রাজ আইন সংশোধন করে পঞ্চায়েত সমিতির যেসব মেম্বার থাকবে তার এক তৃতীয়াংশ মহিলা থাকবে এই কথা আইনের মাধ্যমে বলা হয়েছে। এই সুযোগটা নারীদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে, এর চেয়ে বড় কৃতিত্ব কোনও সরকার পক্ষের ছিল না, কংগ্রেসের পক্ষে ছিল না। অতএব নারীদের মর্যাদা রক্ষার ক্ষেত্রে গণমুখি পঞ্চায়েত আইন সংশোধন করে এই ব্যবস্থা প্রথম বামফ্রন্ট সরকার পৌঁছে দিল নারী সমাজের কাছে এবং আজকের নারীদের যে অধিকার, সেই অধিকার রক্ষা করা হল। এই প্রশংসা আজকে বামফ্রন্ট সরকার করতে পারে এবং মাননীয় রাজ্যপালের ভাষণে তা বিশেষ ভাবে প্রকাশ পেয়েছে। আরও প্রকাশ পেয়েছে যে পঞ্চায়েত রাজ ব্যবস্থার যেসব ব্যবস্থা ছিল এইসব রাস্তাঘাট ইত্যাদি নিয়ে যেসব হয়েছিল, সেই পঞ্চায়েত রাজ ব্যবস্থাতে আজকে তা আইনে এমন জিনিস করা হয়েছে তার ফলে যে কেউ without the permission of Panchayat, nobody will be able to erect any house or anything like that. এটা বিশেষভাবে সুরক্ষিত হয়েছে এবং বিশেষ ভাবে আইনের মাধ্যমে সেটাকে মানুষের কাছে পৌঁছে দেওয়া হয়েছে এবং পঞ্চায়েত রাজ ব্যবস্থায় পঞ্চায়েতে তারা সেই অধিকার প্রয়োগ করতে পারবে, সেই আইন প্রয়োগ করতে পারবে। এই জিনিস পঞ্চায়েতের কাছে পৌঁছে

দেওয়া হয়েছে। আর একটা বলি, শিডিউল্ড কাস্টদের ব্যাপারে নানারকম উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া হয়েছে। চুনি কোটালের কথা যদি ধরি তাহলে সেই ব্যাপারে কমিশন বসানো হয়েছে, সেখানে মর্যাদা দেওয়া হয়েছে। চুনি কোটালের ঘটনা আজকে উল্লেখযোগ্য এবং শিডিউল্ড কাস্টরা যে মর্যাদা পেয়েছে তা এটা থেকে বোঝা যায়। মহিলা সেল গঠনের কথা বলা হয়েছে। একজন ডি.আই.জি'র আন্ডারে এই সেল থাকবে যা মহিলাদের প্রতিষ্ঠা পেতে এবং সর্বস্তরে যুক্ত হয়ে কাজ করতে সাহায্য করবে। আমার নির্বাচনী কেন্দ্র খেজুরিয়ায়, It is holding the highest population of SC, ST population in the district as per the official assessment of the D.M. Midnapure. কিন্তু সেখানে ৮৪ সাল থেকে একটা কলেজের প্রস্তাব পড়ে রয়েছে, আজকে সেটা শিডিউল্ড কাস্ট এলাকা হিসাবে চিহ্নিত। সেটাকে নিশ্চয়ই উল্লেখ করা দরকার, আমি প্রসঙ্গক্রমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে অনুরোধ জানাব যাতে তিনি শিডিউল্ড কাস্ট ফান্ড থেকে সাহায্য দেন এবং কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব পাঠান, এই কলেজ প্রতিষ্ঠার জন্য কেন্দ্রীয় সরকার যাতে অনুদান দেন। এই বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে এবং কংগ্রেস দল থেকে আনীত সংশোধনীগুলোর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী নরেন হাঁসদা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণ মূলত হতাশাগ্রস্ত, উন্নয়ন বিমুখ, লক্ষ্যহীন সর্বোপরি বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া, এই তিন জেলার মানুষের প্রতি বঞ্চনা এবং আদিবাসী অধ্যুসিত এবং পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষকে কতটা অবিচার দেওয়া যায়, সুন্দরভাবে সেই ব্যবস্থা করেছেন, এর আমি প্রতিবাদ জানাচ্ছি এবং এর বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, আপনি জানেন সাড়ে তিন কোটি ঝাড়খন্ডী মানুষ তাদের আত্ম পরিচয়, আত্মমর্যাদা প্রতিষ্ঠার স্বার্থে ভারতবর্ষের মোট ২৬টি জেলা নিয়ে পৃথক ঝাড়খন্ড রাজ্যের দাবি জানাচ্ছে। তারমধ্যে পশ্চিমবাংলার মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা আছে। কিন্তু এই রাজ্যপালের ভাষণের মধ্যে সে বিষয়ে কোনও সুপারিশ নেই। এটা আমাদের কাছে লজ্জার, দুঃখের। আমরা ভারতবর্ষের পবিত্র সংবিধানের তিন নং ধারা অনুযায়ী ভারতবর্ষের চৌহদ্দির মধ্যে পৃথক রাজ্য চাই নিজেদের আত্ম পরিচয়, আত্ম কৃষ্টি রক্ষার স্বার্থে। রাজ্যপালের ভাষণের মধ্যে এবিষয়ে কোনও উল্লেখ না থাকায় আমরা নিজেদের খুবই বিপন্ন মনে করছি; স্যার, আপনি জানেন ভারতবর্ষের সুপ্রিম কোর্ট রায় দিয়েছে অন্যান্য পিছিয়ে পড়া মানুষদের তালিকা প্রকাশ করতে হবে, মন্ডল কমিশনের রিপোর্ট কার্যকর করতে হবে। অথচ এই রাজ্যপালের ভাষণের মধ্যে সেই মন্ডল কমিশনের সুপারিশ কার্যকর করার সম্বন্ধে কোনও বক্তব্য নেই! স্যার, আজকে এ কথা বলতে আমাদের বাধা নেই যে, ভারতবর্ষের মহামান্য সুপ্রিম কোর্টের আদেশকেও এ রাজ্যের বামফ্রন্ট সরকার মানছে না, বুড় আঙ্গুল দেখাচ্ছে এবং এরমধ্যে দিয়ে বিজেপি-র মতো সাম্প্রদায়িক শক্তির পাল্লা ভারি করছে। এটা অত্যন্ত লুজ্জার কথা, এখন পর্যন্ত বামফ্রন্ট সরকার এ রাজ্যে ও.বি.সি-র তালিকা প্রকাশ করে নি। এরা ভারতবর্ষের পবিত্র সংবিধান এবং ভারতবর্ষের সুপ্রিম কোর্টকে পর্যন্ত অমর্যাদা করছে। এদের এই কাজকে আমি ধিক্কার জানাচ্ছি এবং আমি এর প্রতিবাদ করছি। স্যার, বামফ্রন্টই বলে থাকে, মাতৃ ভাষা মাতৃ দুগ্ধ। এখানে আদিবাসী মন্ত্রী

আছেন, তিনি আদিবাসী মানুষ হওয়া সত্ত্বেও তার লজ্জা করে না! এই পশ্চিমবাংলায় দ্বিতীয় বৃহত্তম ভাষা হচ্ছে সাঁওতালি ভাষা। অথচ এখন পর্যন্ত এ রাজ্যে এই ভাষার মাধ্যমে লেখা-পড়া শেখার কোনও ব্যবস্থা করা হয়নি। সাঁওতালি ভাষাকে ভারতবর্ষের সংবিধানের ৮ম তফসিলে অন্তর্ভুক্ত করার জন্য রাজ্যের ৫.্ বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনও উদ্যোগ গ্রহণ করা হয়নি। এটা অত্যন্ত লজ্জার এবং দুঃখের বিষয়। স্যার, আপনি জানেন মাতৃ ভাষাকে বলা হয় মাতৃদুগ্ধ। প্রত্যেকের নিজ নিজ ভাষা তাদের কাছে মাতৃ দুগ্ধ। তাই যদি হয়, বাঙালির কাছে যদি বাংলা ভাষা মাতৃ দুগ্ধ হয়, তাহলে সাঁওতালিদের কাছে কি সাঁওতালি ভাষা বিষ? নিশ্চয়ই সাঁওতালিদের কাছে সাঁওতালি ভাষাও মাতৃ দুগ্ধ। অথচ সেই ভাষাকে সংবিধানের ৮ম তফসিলে অন্তর্ভুক্ত করার জন্য এই রাজ্যপালের ভাষণের মধ্যে কোনও সুপারিশ করা হয়নি। সাঁওতালি সহ প্রতিটি আদিবাসি সম্প্রদায়কে এ ক্ষেত্রে বঞ্চিত করা হচ্ছে। স্যার, আপনি জানেন পশ্চিমবঙ্গের মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়ায় অবহেলিত আদিবাসী মানুষদের বাস। অথচ এই তিনটি জেলায় প্রচুর পরিমাণে খনিজ সম্পদ এবং বনজ সম্পদ রয়েছে। কিন্তু এই তিনটি জেলায় কোনও বড় কল-কারখানা তো নেই, এমন কি মাঝারি ও ক্ষুদ্র শিল্পেরও প্রসার ঘটে নি। এই সরকারের পক্ষ থেকেও এ বিষয়ে কোনওরকম চিন্তা ভাবনা করা হচ্ছে না। সেজন্যই আমি এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। আমাদের মেদিনীপুর জেলার বেলপাহাড়িতে চায়না ক্লে আছে, হোয়াইট সিমেন্ট আছে, সেখানে কল-কারখানা গড়ে তোলার সুযোগ আছে, কিন্তু বামফ্রন্ট সরকারের এবিষয়ে কোনও চিন্তা ভাবনা নেই। ফলে তারা এখানে কোনওরকম কুটির শিল্প, মাঝারি শিল্প, ক্ষুদ্র শিল্প গড়ে তোলার ব্যবস্থা করেন নি। এই এলাকার পিছিয়ে পড়া মানুষদের বঞ্চিত করে চলেছে। বিদ্যুৎ, সেচ শিক্ষা, কোনও কিছুই আদিবাসী এলাকাগুলিতে পৌঁছয় নি। সব ক্ষেত্রেই আমাদের বঞ্চিত করে রাখা হচ্ছে। স্যার, আপনি জানেন আমাদের এলাকায় সেচের কোনও ব্যবস্থা নেই। শিক্ষার কোনও ব্যবস্থা নেই। আমরা বিচার পাই না। চুনিকোটাল মারা গেছে যারা তার মৃত্যুর জন্য দায়ী তাদের দিয়েই কমিশন তৈরি করা হয়েছে। এ আমলে আদিবাসীরা কোনওদিন বিচার পাবে না। এটা লজ্জা এবং দুঃখের কথা। তাই সামগ্রিকভাবে এই ভাষণ, বামফ্রন্ট সরকারের ভাষণ নয়, একটিমাত্র দলের ভাষণ সেটা হচ্ছে সি.পি.এম দলের ভাষণ। তাই আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**শ্রীমতী বিলাসীবালা সহিস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫শে ফেব্রুয়ারি মহামান্য রাজ্যপাল বিধানসভায় যে ভাষণ উত্থাপন করেছেন এবং আমাদের মাননীয় সদস্য শ্রী ননী কর মহাশয় কর্তৃক আনীত ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধী সদস্যরা যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা শ্রী নরেন হাঁসদা মহাশয়কে আমি বলছি যে—পুরুলিয়ার কথা আপনাকে বলতে হবে না। আপনার নিজের কথা বলুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে নরেন হাঁসদা মহাশয় বলেছেন পশ্চিমবাংলায় সি.পি.এমের গুন্ডারা নাকি সন্ত্রাস সৃষ্টি করছে, গত ১ তারিখে আমি উল্লেখ পর্বে মেনশন করেছিলাম যে গত ২৭শে ফেব্রুয়ারি পুরুলিয়া জেলার ঝাড়খন্ডী নেতা বিভিন্ন ধরনের কেসে অভিযুক্ত হয়ে

গ্রেপ্তার হওয়ায় তার বিরুদ্ধে প্রতিবাদ হয়। চুরি, ডাকাতি ইত্যাদি কেসের আসামির জন্য যদি প্রতিবাদ হয় তাহলে কি করা উচিত তা বুঝি না। আমি যে কথাটা বলছিলাম গত ১ তারিখ থেকে মহামান্য রাজ্যপালের ভাষণের উপর সরকারি এবং বিরোধী উভয় পক্ষের সদস্যরা আলোচনা করেছেন যদিও আমি এই বিধানসভায় নূতন সদস্য নির্বাচিত হয়েছি, আমার একটা কথা মনে পড়ল মহামান্য রাজ্যপালের ভাষণে ৬ই ডিসেম্বরের কথা ভালভাবে তুলে ধরেছেন, মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে আমার একটাই প্রশ্ন ভারতবর্ষের মাথা যে বিদেশের কাছে নত হল ইতিহাসে লজ্জাকর দৃষ্টান্তের সৃষ্টি হল আমার প্রশ্ন আপনারা সংবিধান জানেন এই যে লজ্জাকর ঘটনা এর প্রতিকারের দায়িত্ব কার? সেটা দিল্লিতে মাননীয় প্রধানমন্ত্রী নরসিংহ রাওয়ের না পশ্চিমবঙ্গে মাননীয় জ্যোতিবসুর, এই প্রশ্নটা আপনাদের কাছে সবিনয়ে করতে চাই। আজকে বলার চেষ্টা করেছেন যে সি.পি.এম পশ্চিমবঙ্গে অত্যাচার করছে, সন্ত্রাস সৃষ্টি করছে আপনাদের মনে রাখা দরকার আজকে সাধারণ মানুষ বুঝেছে, তারা ১৯৭৭ সালের আগের ঘটনা ভোলেনি, আজকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যখন গণতান্ত্রিক পরিবেশের মধ্যে দিয়ে চলেছে তখন ওরা বিরোধিতা করছেন। আমি জানিনা মাননীয় বিরোধী দলের সদস্যরা বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন কিনা? আজকে ওরা বলছেন যে পশ্চিমবঙ্গে নাকি আইন শৃঙ্খলা নেই। আপনি তো ডাক্তার মানুষ আচ্ছা বলুন তো, একটা রোগি মারা গেলে যদি মেডিক্যাল বোর্ড বসে তাহলে কি আপনি দাবি করবেন রোগিটা বেঁচে গেল? ৬ই ডিসেম্বর একটা কেলেঙ্কারি সৃষ্টি হল এবং তারপর ১ তারিখে বিরোধী দলের সদস্যরা বলছেন প্রধানমন্ত্রীকে একটা শুভেচ্ছা বার্তা পাঠাবার জন্য! এটা কিসের জন্য? এটা নাকি ২৫ তারিখে দিল্লিতে বিজেপির সমাবেশ রুখবার জন্য। চমৎকার! গত ১লা জানুয়ারি আপনাদের সরকার দিল্লিতে একটা সেমিনার করেছেন এবং তাতে সভাপতিত্ব করেছেন আপনাদের স্বরাষ্ট্রমন্ত্রী। ঐ সেমিনারের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী নরসীমা রাও। ঐ সেমিনারের রিপোর্টে কি বলেছে জানেন? আজকে নারী নির্যাতন সবচেয়ে বেশি হয়েছে ত্রিপুরাতে এবং সব থেকে কম হয়েছে পশ্চিমবঙ্গে। এটা পশ্চিমবঙ্গের জ্যোতি বসুর উদ্বোধনী ভাষণ নয়, এটা প্রধানমন্ত্রী নরসীমা রাওয়ের ভাষণ। আমি জানি না, কিভাবে আপনারা বিতর্ক করেন এবং বামফ্রন্ট সরকারকে হেনস্তা করেন! আমি দাবি করতে পারি..... (...গোলমাল...) **(এই সময় শ্রী নরেন হাঁসদা মহাশয়কে উচ্চেস্বরে কিছু বলতে শোনা যায়)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ হাঁসদা, আপনি যখন বলছিলেন তখন কি কেউ আপনাকে বাধা দিয়েছিলেন? এটা করবেন না। আপনি বসুন।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, উনি কংগ্রেসের লেজুড় হিসাবে বসে আছেন। কখন যে ছিটকে ওদিকে চলে যাবেন কেউ জানেন না। আজকে পশ্চিমবঙ্গ ঝাড়খন্ড পার্টির দয়ায় চলছে না। আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গের মানুষ সুখে শান্তিতে বসবাস করছেন। আজকে সাধারণ মানুষ বুঝে গেছেন আপনারা কি, কেন জিনিসপত্রের দাম বৃদ্ধি হয়। আমি জানি না, ওদের কয়জন গ্রামে থাকেন, কিন্তু আমরা জনসাধারণের সঙ্গে মিশে ১৬ বছর ধরে কাজ করছি। আজকে কেন্দ্রীয় সরকার সারের দাম বৃদ্ধি করেছেন, কিন্তু আপনারা এই সারের দাম বৃদ্ধির বিরুদ্ধে তো কোনও আন্দোলন করছেন না! আজকে মানুষ আপনাদের বুঝে ফেলেছে। আপনারা বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার নাকি পিয়ারলেসের কাছ

থেকে এক কোটি টাকা ধার নিয়েছে। আমরা বলেছি যে আমাদের রাজ্য সরকার ধার নিয়েছে, কিন্তু সেই টাকা তারা ইতিমধ্যেই শোধ করে দিয়েছে, হয়ত সুদটা বাকি আছে। কিন্তু আপনাদের মতো জিনিসপত্রের দাম বাড়িয়ে গরিব মানুষের রক্ত শুষে নিচ্ছে না। গরিব মানুষের মুখের হাসি আপনারা ছিনিয়ে নিয়েছেন। একথা আপনাদের আজকে স্বীকার করতে হবে। আপনারা বলেছেন যে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই। আজকে বানতলার ঘটনা বলুন, আর অন্য ঘটনাই বলুন, প্রত্যেকটি ঘটনার তদন্ত হচ্ছে এবং দোষিদের শাস্তি হচ্ছে। এই জিনিস ১৯৭৭ সালের আগে আপনারা করেন নি। সেজন্য পশ্চিমবঙ্গের কোনও পরিবর্তন আপনাদের চোখে পড়ছে না। আপনারা ভাবতে পারেন নি যে পশ্চিমবঙ্গ এইরকম একটা সুন্দর রাজ্য তৈরি হবে। আজকে ভারতবর্ষ যখন বিভিন্ন সমস্যায় জর্জরিত, ভারতবর্ষ যখন ঋণের দায়ে জর্জরিত তখন আপনাদের এক নেত্রি, যুব কল্যাণ দপ্তরের এক মন্ত্রী মহাকরণে নাটক করছেন। এই হচ্ছে আপনাদের চরিত্র। আপনারা বলছেন যে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই, পশ্চিমবঙ্গকে বিক্রি করে দেওয়া হয়েছে। আমি আপনাদের এই কথা বলব যে, ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হয়েছে কিন্তু আপনারা এত দায়িত্বহীন ছিলেন, যারফলে আজকে ভারতবর্ষকে বিদেশির হাতে তুলে দিতে চাইছেন। এটা আপনারা অস্বীকার করতে পারেন না। আপনাদের কোনও নৈতিক অধিকার নেই দিল্লির গদিতে থাকার। সামনে পঞ্চায়েত নির্বাচন, আপনারা সাবধান হোন। মানুষ আপনাদের বুঝে নিয়েছে। গ্রামের মানুষ আপনাদের চিনে নিয়েছে। আপনারা মিথ্যাবাদি। আপনারা মিথ্যা প্রতিশ্রুতি দেন। সংসদে প্রশ্ন উঠেছে যে রাজ্য সরকার নাকি প্রতিশ্রুতি দিয়ে সেটা পালন করেন না। আপনাদের এসব কথা বলতে লজ্জা হয়না? আপনাদের নেতা, নরসীমা রাও নির্বাচনের সময়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এক বছরের মধ্যে এক লক্ষ বেকারকে চাকুরি দেবেন এবং ১০০ দিনের মধ্যে জিনিস-পত্রের দাম কমাবেন। কিন্তু কি হল? কাজেই আমি আপনাদের সবিনয়ে বলব যে এইরকম করবেন না। পশ্চিমবঙ্গের মানুষকে এইভাবে হেনস্তা করবেন না। আপনারা দিল্লির সরকারকে নীতি পরিবর্তনের জন্য বলুন। এটা করলে আপনাদেরই ভাল হবে। পশ্চিমবঙ্গের প্রতি এইরকম আচরণ করবেন না। মাননীয় সদস্য প্রবীরবাবু এখানে আছেন। উনি রোজ কি যে নিয়ে আসেন আমি জানিনা। আমি নুতন সদস্য, আমি দেখেছি উনি রোজ কি একটা নিয়ে আসেন আর বলেন যে এত কোটি টাকা, এত লক্ষ টাকা ইত্যাদি। আমি জানিনা উনি কোথা থেকে এগুলি আনেন, কোনও জায়গা থেকে কুড়িয়ে আনেন কিনা তাও জানিনা। আমি আপনাদের একথা বলব যে সামনে পঞ্চায়েত নির্বাচন। আপনারা যদি মত পরিবর্তন না করেন তাহলে মানুষ আপনাদের বুঝিয়ে দেবে। শৈলবাবু, আপনারা দেশকে এইভাবে বিশ্বব্যাঙ্ক, আই.এম.এফের কাছে তুলে দেবেন না। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধী দলের কাট মোশনগুলির তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 5 p.m. till 11 a.m. tomorrow, on Thursday, the 4th March 1993. at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 4th March, 1993 at 11-00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim), 27 Ministers, 13 Ministers of State, and 224 Members.

[11-00 – 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Member, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of an ex-member of this legislature and a renowned foot-baller, who passed away recently.

**Dr. Tarak Nath Chakraborty,** an Ex-Member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 29th December, 1992.

Born at Neamotpur in Burdwan district, after completion of general education, Shri Chakraborty got himself admitted into the Medical College by profession. He was elected a member of the West Bengal Legislative Assembly from Kulti Constituency of Burdwan as a candidate of the Sanyukta Socialist Party in the year 1969.

In his death the State has lost a senior politician.

**Shri Sanjib Dutta,** a renowned Indian footballer and the skipper of the Railways team in the recenlty held National Football Championship "Santosh Trophy Tournament", breathed his last on the 14th February, 1993, at Cannanore in Keral. The tragic end came almost instantaneously following a fatal injury sustained by him on the chest while the match between the Railways and Andhra Pradesh was still in progress. He was about 26 years old.

Shri Dutta was resident of Howrah. He betrayed skill and interest in footbal since his boyhood. He made his debut as a first division footballer at Calcutta as a player of the Tollygunj Argagami Club. He was soon recognised as a talented footballer and awarded a borth in the Mohanbagan team for whom he played for five successive years.

He, however, represented the Railways in the national soccer. In the last year too he was the Captain of the Railways team in the Santosh Trophy Tournament. Originally he was a striker. But as he had the petential of a utility player, his service was utilised in different positions including those of marker, linkman and right back.

In his death the sports world has lost of its most talented footballers with an endearing personality.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage Members observed silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the massege of condolence to the members of beraved family of the diceased.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received three notices of Adjournment Motion. The first is from Shri Saugata Roy on the subject of reported killing of a Trader by antisocials in Bongaon yesterday. The second is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of reported break out of Gastroenteritis in South 24-Parganas and the third is from Shri Abdul Mannan on the subject of crisis in Boro cultivation for want of irrigation water in Hooghly district.

The Members will get early opportunity to raise the matters during the discussion on Governor's Address which is continuting. Moreover, the Members may ventilate their grievances on the subjects through Calling Attention, Questions, Mentions, etc.

I, therefore, withhold my consent to the Motions. One Member may, however, read out the text of his Motion as amended.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। সমগ্র দক্ষিণ ২৪ পরগনা বিভিন্ন অঞ্চলে গ্রীষ্মের শুরুতেই রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। প্রশাসনিক তৎপরতার কোনও লক্ষণই দেখা যাচ্ছে না। পানীয় জলের অভাব, চিকিৎসা ও ওষুধপত্রের অভাব বিশেষ দরিদ্র শ্রেণীর মানুষ আজ অসহায়। বাসন্তী, গোসাবা, বারুইপুর প্রভৃতি অঞ্চলে অবিলম্বে সরকারি বিশেষত স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ওষুধ, জীবানুনাশক সরবরাহ করা একান্ত প্রয়োজন।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received eleven notices of Calling Attention, namely :

| | |
|---|---|
| 1. Reported bomb hoax in a train and on Airlines flight on 2.3.93 Shri Saugata Roy has given two noitces. I would read only one notice of him. There is a rule for one notice, not two. | : Shri Saugata Roy |
| 2. Reported Police firing on a crowd at Bangaon | : Shri Saugata Roy |
| 3. Reported erosion of West Bank of the Ganga at Chapdani in Hooghly district. | : Shri Abdul Mannan |
| 4. Maintenance of the Gouranga Bridge in Nadia district. | : Shri Biswanath Mitra |
| 5. Non-availability of water through Surjapur Canal at Baruipur affecting Bero cultivation. | : Shri Sobhan Deb Chattopadhyay |
| 6. Reported outbreak of Malaria at Tea Garden areas of Jalpaiguri and Coochbehar districts. | : Shri Nirmal Das |
| 7. Non-commencement of the work of Shanitpur Bypass road project | : Shri Ajoy De |
| 8. Steps taken by the State Government to re-open the Ganges Jute Mill and Bally Jute Mill in Hooghly and Howrah district respectively. | : Shri Santasri Chatterjee |
| 9. Reported death of about 14 persons in road accident near Howrah Station within last 3 months. | : Shri Ambica Banerjee |

10. Reported mass molestation on five minor girls at Raghunath-gunj : Shri Birendra Kumar Maitra.

11. Present postion of Subaranarekha Barrage Project. : Dr. Manas Bhunia, and Shri Lakshman Chandra Seth

I have selected the notice of Dr. Manas Bhunia and Shri Lakshman Chandra Seth on the subject of the present position of Subarnarekha Barrage Project.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 15th March, 1993.

## LAYING OF ORDINANCE

**The West Bengal Taxation Laws (Amendment) Ordinace, 1993.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the West Bengal Taxation Laws (Amendment) Ordinance, 1993, (West Bengal Ordinance No.1 of 1993) under Article 213 (1) of the Constitution of India

## MENTION CASES

**Mr. Speaker :** I have received 52 notices of Mention Cases on my list today. The mentions will be taken for one hour and as many as could be covered will be taken.

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা বাগদাতে এমন একটা পরিস্থিতির সৃষ্টি হয়েছে যে, ওখানে ৪-৫টি হাসপাতালে ওষুধ নেই, ডাক্তার নেই, চিকিৎসার কোনও ব্যবস্থাই নেই। কেবল জি. ডি. এ প্রভৃতিরা আছে, তাদের দিয়ে কোনও কাজই হয় না। আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে ডাক্তার ও স্টাফ নিয়োগ করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়,, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, রাজ্যের একটি মানসিক হাসপাতাল মানকুন্ডুতে অবস্থিত। ওই হাসপাতালটি ১৯৮২ সালের পর থেকে অবস্থা অত্যন্ত খারাপ হয়ে যায়। এই হাসপাতালে মানসিক রোগীরা বাস করে। যারা অসুস্থ হয়ে আসে এই হাসপাতালে

এসে আরও অসুস্থ হয়ে পড়ে। এমনিতেই একটি মানসিক হাসপাতাল তার উপরে এখানে খাবার খুব নিম্নমানের দেওয়া হয় এবং যা দেওয়া হয় তাও আবার চুরি হয়ে যায়। খাট যা আছে তা লোহার, তাতে ম্যাট্রেস নেই। ডাক্তার বলতে কিছু নেই। ওষুধপত্র বলে কিছু নেই। তাছাড়া এখানে যেসব স্টাফ আছে তাদেরও বেতন খুবই কম, মাত্র ৪০০ টাকা করে দেওয়া হয়। সুতরাং মানসিক দৃষ্টিভঙ্গির থেকে এই মানসিক হাসপাতালটিকে একটু উন্নত করা হোক এই আবেদন আমি রাখছি।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী সুকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার বক্তব্যটা তুলে ধরতে চাই। মহিষাদল এলাকায় একটা প্রাইমারি হেল্‌থ সেন্টার আছে, দীর্ঘ ২০ বছর যাবৎ তার বিদ্যুত সংযোগ হয়নি। আমি বহু চেষ্টা করে ফাইলটা সেক্রেটারি টেবিলে এনেছি, এই ব্যাপারে যদি হস্তক্ষেপ করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এটার ব্যাপারে একটা সুরাহা করার ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। ওখানে আর একটা গ্রামীণ হাসপাতাল আছে, যার নাম হচ্ছে বাসুলিয়া গ্রামীণ হাসপাতাল। দুঃখের বিষয় ওখানে গ্রামীণ হাসপাতাল ৫০টি বেড আছে, এটি সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে হয়েছিল সেখানে জলের ব্যবস্থা নেই, পাম্পিং মেশিন ডিজঅর্ডার অবস্থায় আছে, তিনটি টিউবওয়েল হয়েছিল সেটাও চোক্‌ড হয়ে গেছে এই বছরে রাজ্য বাজেটে যদি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর এই ব্যাপারটিকে নিয়ে সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন তাহলে ভাল হয়, তাহলে হাসপাতালের প্রাণ ফিরে আসবে। একে ঔষধ নেই, তার উপর যদি জল না থাকে, আলো না থাকে, তাহলে মানুষের কাছে যাওয়াই কষ্টকর। তাই আপনার কাছে আমার একান্ত আবেদন এই বিষয়টি নিয়ে যেন স্বাস্থ্যমন্ত্রী একটু বিবেচনা করেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে স্ট্র্যান্ড রোডের উপর বাবুঘাট। চাঁদপাল ঘাট আছে, ওখান দিয়ে বহু মানুষ রোজ যাতায়াত করেন তাদের কর্মস্থলের উদ্দেশ্যে। আপনি ওখান দিয়ে যাতায়াত করেন কিনা জানিনা, আমরা যারা লঞ্চ দিয়ে ঐখান দিয়ে যাতায়াত করি তারা জানি ওখানে একটা নারকীর অবস্থা হয়ে আছে, একটা পূতি গন্ধময় পরিবেশ সৃষ্টি হয়েছে। এখানে মাননীয় পৌরমন্ত্রী উপস্থিত থাকলে ভাল হত ওখানে একটা নারকীয় পরিবেশ ঐ রাস্তার পাশে হয়ে আছে, ঐ রাস্তাটি ক্যালকাটা কর্পোরেশনের আন্ডারে না ক্যালকাটা পোর্ট ট্রাস্টের আন্ডারে জানিনা, যাতে অবিলম্বে এই রাস্তাটি পরিষ্কার হয় সেটা দেখা একান্ত প্রয়োজন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় স্পিকার স্যার, আজকে যেহেতু মুখ্যমন্ত্রী আসবেন বক্তৃতা করবেন তাই আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে তার কাছ থেকে উত্তর আশা করছি। প্রায় ৮।৯ মাস হল পুলিশ কমিশনার দায়িত্বভার গ্রহণ করছেন, যেদিন দায়িত্বভার গ্রহণ করেছিলেন সেদিন লেলিন-মূর্তির সামনে দাঁড়িয়ে প্রতিজ্ঞা করেছিলেন সি. পি. এম.-র আশ্রিত, খুনী শ্রীধরকে গ্রেপ্তার করবেন। আজকে কিন্তু সেই শ্রীধরকে এখনও গ্রেপ্তার করা গেল না। গত বালিগঞ্জ নির্বাচনের সময় পুলিশের সামনে দাঁড়িয়ে শ্রীধর অ্যাকশন করেছিলেন, এই ব্যাপারে বহু সংবাদ বেরুনোর পরও জ্যোতিবাবুর দলকে খুশি করবার জন্য ঐ

সমাজবিরোধীকে পুলিশ কমিশনার গ্রেপ্তার করল না, কিন্তু কেন সেই সমাজবিরোধী গ্রেপ্তার হল না সেটা জানতে চাই।

**মিঃ স্পিকার ঃ** আমাকে এখন মেম্বারদের নিয়ে একটা ক্লাশ করতে হবে মেনশন সাবজেক্ট কোনটা হবে সেটা নিয়ে। এটা আমাদের বুঝতে হবে মেনশন কোনটা। আপনি যেটা বললেন, ইট ওয়াজ নট মেনশন। মেনশন মানে হচ্ছে স্পেসিফিক ঘটনাগুলো বলা। ইউ ডিভ্যালুড দি হোল প্রসেস। আপনি ডিবেট করছেন, এটা হয় না। ডোন্ট ডু ইট।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ক্ষুদ্র সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বীরভূম জেলার কোপাই নদীতে মাইনর ইরিগেশনের পক্ষ থেকে ১৪।১৫টি রিভার পাম্প বসানো হয়েছে। এই রিভার পাম্পগুলো আদিবাসী অধ্যুষিত এলাকা মহিষাদল, আদিত্যপুর বসানো হয়েছে। বহু টাকা ব্যয়ে এই পাম্পগুলো বসানো হয়েছে। কিন্তু এই পাম্পগুলো কোনও কাজ করছে না। আমরা যখন এই নিয়ে কথা বলতে যাই তখন জুনিয়র টেকনিকাল স্টাফ আমাদের বহরমপুর দেখিয়ে দেয়। বীরভূম জেলার ডি. পি. সি. সি. মিটিং-এ ঠিক হয় অফিস সিউড়িতে নিয়ে আসা হবে। কিন্তু এখনও পর্যন্ত এই প্রস্তাব কার্যকর হয়নি। এত টাকা ব্যয় করে যে পাম্পগুলো বসানো হয়েছে সেগুলো ব্যবহৃত হচ্ছে না এটা খুবই দুঃখজনক ঘটনা।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বিরোধিতা সত্ত্বেও রাজ্য সরকার তথা পঞ্চায়েত দপ্তর আগামী ৩০শে মে পঞ্চায়েত নির্বাচন করতে চলেছেন। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের ভোটের গণনা বুথে বুথে করা হয়। ভোট বুথগুলিতে উত্তেজনা থাকে এবং সেখানে অনেক রাত্রি অবধি গণনা চলে এবং সেখানে যে সমস্ত কারচুপি হয় সেটা প্রতি বছর আমরা দেখেছি। অনেক সময় ভোটের ফলাফল পাল্টে যায়। এবারে আবার মহিলাদের জন্য আসন সংরক্ষণ করা হয়েছে এবং মহিলারা প্রার্থী হচ্ছে। তাই আমাদের দাবি হচ্ছে ভোট গণনা বুথ কেন্দ্রে না করে, পরের দিন বি. ডি. ও অফিসে যাতে ভোট গণনা করা হয় সেই ব্যবস্থা করুন। আমরা খবরের কাগজেও দেখেছি বামফ্রন্টের মিটিং-এও আর. এস. পি. ও ফরোয়ার্ড ব্লকও এই একই দাবি করেছে।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ওখানে দুটো কলেজ আছে একটা ঔরঙ্গাবাদ কলেজ, আরেকটা জঙ্গীপুর কলেজ। কিন্তু ফরাক্কাতে কোনও কলেজ নেই। সেখানে এন. টি. পি. সি. ফরাক্কা ব্যারেজ ও বিভিন্ন ইঞ্জিনিয়ারিং সংস্থা সেখানে রয়েছে। সেখানকার ছেলেমেয়েরা দীর্ঘদিন ধরে ঔরঙ্গাবাদ কলেজে ও জঙ্গীপুর কলেজে দীর্ঘ ৪৫ কিলোমিটার রাস্তা অতিক্রম করে যেতে হচ্ছে। এর ফলে প্রতি বছর অ্যাক্সিডেন্টে ছেলে-মেয়েরা মারা যাচ্ছে। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী অনেক উদযোগী লোক তাই আমি আপনার মাধ্যমে আবেদন করব ফরাক্কায় যাতে কলেজ হয় তার জন্য তিনি যেন উদ্যোগ গ্রহণ করেন।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মিঃ স্পিকার স্যার, আমার নওদা কেন্দ্রে একটা স্কুল আছে তার নাম পাটকেবাড়ি মাধ্যমিক স্কুল। স্কুলটাতে এত ছাত্র যে ক্লাসে জায়গা দেওয়া যায় না। একটা বিরাট বড় বাউন্ডারির মধ্যে এবং খুবই থিকলি পপুলেটেড এরিয়ায় এই স্কুলটি অবস্থিত এবং দূর থেকে ছাত্রছাত্রীরা এই স্কুলে পড়তে আসে। আমি আগেও দাবি করেছিলাম এবং আবার দাবি করছি এই স্কুলটিকে হায়ার সেকেন্ডারি অর্থাৎ ১২ ক্লাসে উন্নীত করা সিদ্ধান্ত শিক্ষা বিভাগ থেকে নেওয়া হোক, আপনিও যদি এই সম্পর্কে আমার সঙ্গে কথা বলেন তাহলে ভাল হয়।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয় শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা চন্দননগরে একটা মিশনারি স্কুল আছে, নাম সেন্ট জোসেফ কনভেন্ড। সম্প্রতি সেই স্কুল থেকে পাঁচজন শিক্ষককে ছাঁটাই করা হয়েছে এবং তিনজনের কাছ থেকে জোর করে রেজিগনেশন লেটার লিখিয়ে নেওয়া হয়েছে। এই সমস্ত মিশনারি স্কুলগুলোতে কোনও ম্যানেজিং কমিটি থাকে না এবং হেডমিসট্রেস সর্বেসর্বা। আমি শুনেছি একটা স্টেট বোর্ড অব অ্যাংলো ইন্ডিয়ান স্কুলস আছে, মাননীয় শিক্ষামন্ত্রী অচিন্তকৃষ্ণ রায় তার সঙ্গে যুক্ত আছেন। আমি তাঁর কাছে অনুরোধ করছি তিনি এই বিষয়টা একটু দেখুন। এই ব্যাপারে ডি. এম. এবং মেয়রেরও দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। শোনা যায় এই সমস্ত স্কুলগুলো গভর্নমেন্ট এইড ড্র করেন, কিন্তু গভর্নমেন্টের বিধি নিষেধ তারা মানেন না। ঘটনাটি ঐ বোর্ড মিটিং-এর তোলা দাবি জানাচ্ছি এবং যাতে এ শিক্ষকরা পুনর্নিযুক্ত হয়, তার দাবি রাখছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমাদের বিধানসভায় বক্তৃতাকালে শ্রী রবীন দেব, সি. পি. এম. সদস্য তিনি বলেছেন যে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স যে দেরি হচ্ছে তার জন্য নাকি কেন্দ্র দায়ী। কিন্তু সাম্প্রতিকালে কাগজে একটা রিপোর্ট বেরিয়েছে যে হলদিয়ার উপর একটা মৌলিক প্রশ্নবোধক চিহ্ন এসে গেছে। তার কারণ হাতে হলদিয়া দেবার ৩০ মাস পরে হলদিয়ার ব্যাপারে টাটা আদৌ অংশগ্রহণ করবে কি না তাতে নিশ্চয়তা পাওয়া যায়নি। এখন টাটার পক্ষ থেকে বলা হচ্ছে চীপার ক্রেডিট এবং লোয়ার ন্যাপথা প্রাইসেস উইল বি ইমপর্ট্যান্ট টু মেক দি প্রোজেক্ট ভায়েব্‌ল। যে ইমপোর্টেড ন্যাপ্‌থার উপর ভিত্তি করে হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স করার কথা ছিল, সেটা ওরা চাইছে যে সস্তা দরে তাকে সেই ন্যাপ্‌থা দেওয়া হোক।

আপনি স্যার, আরও শুনলে আশ্চর্য হবেন, আসলে যেভাবে হলদিয়াতে কাজ এগোচ্ছে তাতে যেটা ১৫০০ কোটি টাকায় করার কথা ছিল, সেটা ৩ হাজার কোটি টাকায় গিয়েছে এবং এখন যা অবস্থা দাঁড়িয়েছে তাতে ৫ হাজার কোটি টাকায় গিয়ে খরচ দাঁড়াবে। রাজ্য সরকারের যা অবস্থা তাতে রাজ্য সরকার এই টাকা দিতে পারবে না। তার কারণ আই. ডি. বি. আই. ১৬০০ কোটি টাকার কমিটমেন্ট করেছে, কিন্তু আই. ডি. বি. আই. বলে দিয়েছে টাকা পাওয়ার ২৪ মাসের মধ্যে প্রোজেক্ট কমপ্লিট করতে হবে। সেখানে দেখা যাচ্ছে প্রোমোটর কস্ট প্রায় ১০০ কোটি টাকা করে বেড়ে যাচ্ছে। যেখানে রাজ্য সরকারের মোট ইন্ডাস্ট্রিয়াস

(প্ল্যান) বাজেট ১৮০ কোটি থেকে ১৯০ কোটি টাকা সেখানে প্রোমোটর কস্ট টাটা বেশি দিতে রাজি নয় এবং সস্তা দরে ন্যাপথা না পেলে টাটা করতে রাজি নয়। ফলে আজকে হলদিয়া প্রোজেক্ট হবে কিনা, এরকম একটা অনিশ্চয়তা দেখা দিয়েছে এবং টাটা হলদিয়া থেকে বেরিয়ে যাবার সুযোগ খুঁজছে। আমি আশা করব মুখ্যমন্ত্রী এখানে পরিষ্কার করে বলবেন যে, টাটা দেরি করছে, না কেন্দ্রীয় সরকার দেরি করছে। তিনি দয়া করে এটা জানাবেন।

## RULING FROM RULE

**Mr. Speaker :** Dr. Abedin, this is mention hour. Can mention hour be used to reply to a debate ? It cann't be done. Mention hour was specifically provided (interruption) Please take your seat. The debate is going on in reply to the motion of thanks. You will get opportunity to meet the questions raised by the Hon'ble members there. How can you use mention hour to deal with that question ? You referred that Rabin Deb has said that—'now the situation is this'. Mention hour was specifically provided by amending the rules durring the United Front regime by late Bijoy Kumar Banerjee to give the members an opportunity to raise important questions either relating to their constituencies or incidents taking place in the State within the last 24 hours or within a short span of time after the assembly started. Now what we find is that everything else under the Sun other than those are said in the mention hour. This is misuse of mention hour. Don't denigrate it. The whole system is getting devalued. You are devaluing the whole system. You are extending the debate. The time for debate is four hours. You are extending it to mention hour. Don't do it. Why did you extend the debate ? Commerce & Industries budget is there. You will get lot of opportunity to do it.

**শ্রীমতী কমল সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার নির্বাচনী কেন্দ্রের একটা বিষয় জনস্বার্থে আপনার মাধ্যমে এখানে উপস্থিত করছি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করার জন্য হাবড়া বিধানসভা কেন্দ্রে অন্তর্গত মছলন্দপুর এলাকাটি—মছলন্দপুর মৌজা এবং তার সংলগ্ন এলাকা বর্তমানে পৌর এলাকাধীন হবার মতো অবস্থায় এসে গেছে। অনেক দিন আগেই সেখানে আর্বান ক্যারেক্টর ডেভেলপ করে গেছে। এ এলাকার আশপাশে গোবরডাঙ্গা, অশোকনগর, হাবড়া ইত্যাদি এলাকায় ইতি-মধ্যেই পৌরসভা গঠিত হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব যে, মছলন্দপুরকে পৌর এলাকা হিসাবে গণ্য করার জন্য সেখানে পৌরসভা গঠনের প্রচেষ্টা গ্রহণ করা হোক। এই কথা আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরকে জানাতে চাইছি। ধন্যবাদ।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী অনিল মুদি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্য এবং সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। আপনারা সবাই

অবগত আছে যে ১৯৪২-এর ভারত ছাড় আন্দোলনের শেষ স্বাধীনতা সংগ্রামী তমলুকের আমার বিধানসভা এলাকায় দেশের অন্যতম বীরাঙ্গনা শ্রীমতী মাতঙ্গিনী হাজরা শহীদ হয়েছিলেন। তাঁর জন্মস্থান হোগলায় তাঁর স্মৃতি রক্ষার জন্য এবং মহিলাদের কোনও কাজের জন্য সেই স্থানকে অধিগ্রহণ করার দাবি আপনাদের কাছে জানাচ্ছি। কিছুদিন আগে তাম্রলিপ্ত জাতীয় সরকারের সুবর্ণ জয়ন্তী বর্ষে এখান থেকে ১৪ জন মাননীয় মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন এবং মাতঙ্গিনী হাজরার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এসেছেন। প্রকৃতই যদি তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে হয় এবং পরবর্তী প্রজন্মের কাছে তাঁকে তুলে ধরার জন্য আপনাদের সকলের কাছে অনুরোধ জানাচ্ছি যে তিনি একজন সাধারণ মধ্যবিত্ত ঘরের নিরক্ষর মহিলা বিশ্বের বীরাঙ্গনাদের মধ্যে স্থান পেয়েছেন। কাজেই তাঁর এই স্মৃতি রক্ষার ব্যাপারে সকল সদস্য একমত হবেন আমি এই আশা করি এবং এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায় :** মিঃ স্পিকার স্যার মানীয় সদস্য শ্রীমতী মাতঙ্গিনী হাজরা সম্বন্ধে এই বিধানসভায় একটা উল্লেখ করলেন। আমি বিধানসভার অবগতির জন্য জানাই যে আমাদের এই রাজ্য সরকার মাতঙ্গিনী হাজরাকে যাতে আমরা পূর্ণ মর্যাদার সঙ্গে স্মরণ করতে পারি, এলাকার মানুষ যাতে তাঁর স্মৃতি অক্ষুন্ন রাখতে পারেন তারজন্য পরিকল্পনা নিয়েছেন। বিগত আমলের রাজ্য সরকার মাতঙ্গিনী হাজরার ৩টি মূর্তি সংগ্রহ করেছিলেন, তৈরি করেছিলেন এবং সেই মূর্তিগুলি যথাস্থানে যাতে প্রতিষ্ঠিত হয় তার জন্য ব্যবস্থা করেছিলেন এবং পরিকল্পনা নিয়েছিলেন কিন্তু দুঃখের বিষয় মাননীয় সদস্য যিনি এ সম্বন্ধে উল্লেখ করলেন প্রয়াত মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী অজয় মুখার্জির আমলে কংগ্রেস অফিসে রাজ্য সরকারের টাকায় ক্রয় করা মূর্তি যেটা কংগ্রেস অফিসে ছিল আমরা সেটা খোঁজ করে বার করি এবং কংগ্রেস দলের আর একজন মাননীয় বিধায়ক রয়েছেন সর্বদলীয় কমিটিতে সিদ্ধান্ত হয় যে মাতঙ্গিনী হাজরার মূর্তি আমরা উপযুক্ত স্থানে বসাব। মাননীয় সদস্য সেই মূর্তিটি লোকচক্ষুর অন্তরালে—আমি বিধানসভায় সেই শব্দ ব্যবহার করতে পারি না—সেই মূর্তি সরিয়ে নিয়ে গেছেন। আমি আপনাদের কাছে বলছি আমি তাঁকে চিঠি দিয়েছি যে আমাদের সাথে আলোচনা করে মূর্তিটি কোথায় বসাব সেটা ঠিক করুন। সেই চিঠি পাওয়ার পরও কোনও উত্তর তিনি দেননি। আমি বিধানসভার সদস্য মাননীয় কংগ্রেসের সভাপতি শ্রী সোমেন মিত্র মহাশয়কে জানাচ্ছি তিনি বলেছেন ঘটনাটি খুবই দুঃখজনক।

**(অনেক মাননীয় কংগ্রেসের সদস্য বক্তব্য রাখিতে উঠিয়া দাঁড়ান)**

(গোলমাল)

**মিঃ স্পিকার :** ডাঃ আবেদিন, হোয়াট ইজ ইওর পয়েন্ট অফ অর্ডার?

## POINT OF ORDER

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অফ অর্ডার হল, এই হাউসে নিয়ম আছে যে আপনারও জানা আছে যে, কারও বিরুদ্ধে কোনও সদস্যের বিরুদ্ধে কোনও অভিযোগ করতে গেলে তাঁকে প্রায়র নোটিশ দিতে হয় যাতে তিনি স্বপক্ষে বক্তব্য রাখার সুযোগ পান (গোলমাল) এবং Ministers are not immuned from this. It

is a matter of regret that the Hon'ble P.W.D. Minister has referred the name of an honourable member of Congress (I) who happens to be the President of that party also. It is very unfortunate. So, I would request you to tell the Hon'ble Minister to withdraw his remark or you please expunge the proceedings. I want a ruling from you in this regard.

## RULING FROM CHAIR

**মিঃ স্পিকার :** আমি বারবার মেম্বারদের সতর্ক করে দিয়েছি, স্মরণ করিয়ে দিয়েছি এবং আজকে আবার স্মরণ করিয়ে দিচ্ছি যে, কোনও সদস্যের যদি অন্য কোনও সদস্যের বিরুদ্ধে—তিনি মন্ত্রী হোন বা না হোন—অভিযোগ আনতে হয় তাহলে ২৪ ঘণ্টা আগে নোটিশ দিতে হয় যাতে সেই সদস্য নিজের পজিশনটা ক্লিয়ার করবার সুযোগ পান। কারণ হঠাৎ করে বলে গেলে তিনি নিজের ডিফেন্স কিছু বলবার সুযোগ নাও পেতে পারেন। আমি রেকর্ড দেখব। যদি প্রসিডিংসয়ে কোনও মেম্বারদের বিরুদ্ধে কোনও অভিযোগ করা হয়ে থাকে তাহলে তা এক্সপাঞ্জ করব।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকষর্ণ করছি। উলুবেড়িয়া মহকুমার হাসপাতালে ১৬৯টি বেড আছে, কিন্তু সেখানে মেল ও ফিমেল মিলিয়ে প্রায় ২৫০ জনের মতো রোগী ভর্তি আছেন। আজ পর্যন্ত হাসপাতালটির ব্লাড ব্যাঙ্ক চালু হল না, যারফলে রোগীরা রক্তের অভাবে মারা যাচ্ছেন সেখানে। শুধু তাই নয়, ঐ হাসপাতালে স্যালাইন নেই, ইঞ্জেকশন করবার জল নেই, কোনও ওষুধপত্র নেই, এমন কি বিছানার চাদর পর্যন্ত নেই। হাসপাতালটিতে ইন্ডোর এবং আউট ডোর মিলিয়ে প্রতিদিন ৫০০-র মতো রোগী আসেন, ফলে ডাক্তাররা অসহায়। কিন্তু ওটি অত্যন্ত ইম্পর্টেন্ট হসপিটাল, কারণ মেদিনীপুর এবং ২৪ পরগনা থেকেও প্রচুর রোগী সেখানে আসেন। তাই যাতে অবিলম্বে প্রয়োজনীয় ওষুধপত্র সরবরাহ এবং ব্লাড ব্যাঙ্ক চালু করা হয় তারজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী অজয় দে :** মিঃ স্পিকার স্যার, আমি আমার এলাকার একটি সমস্যার কথা আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে জানাতে চাই। এখানে প্রতিদিনই আমাদের পশ্চিমবঙ্গের স্বাস্থ্যকেন্দ্রগুলির অবস্থা সম্পর্কে বিভিন্ন সদস্য উল্লেখ করেছেন। আমাদের এলাকায় একমাত্র সম্বল যে স্বাস্থ্যকেন্দ্র আছে সেটা গত ২ বছর হল স্টেট জেনারেল হাসপাতাল রূপান্তরিত হয়েছে কাগজে কলমে। গত ১৯৯১ সালের শেষাশেষী তার বিল্ডিং সম্পূর্ণ হয়ে গেছে, পি. ডব্লু. ডি. হেলথ ডিপার্টমেন্টকে হ্যান্ডওভার করেছে। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনও স্টাফ স্যাংশন হয়নি, কোনও স্পেশালিস্ট আসেনি, কোনও এক্সরে মেশিন বসানো হয়নি। গোটা পশ্চিমবাংলায় স্বাস্থ্যকেন্দ্রর যে অবস্থা আমাদের শান্তিপুরেও সেই অবস্থায় চলছে। লক্ষ লক্ষ টাকা ব্যয় করে বিশাল বিল্ডিং তৈরি করা হল, ৪ লক্ষ লোক ওই এলাকায় বাস করে, একমাত্র সম্বল ওই হাসপাতাল, ওই হাসপাতাল থেকে কোনও লোক কোনও চিকিৎসার সুযোগ পাচ্ছে না। আমরা জানি হাসপাতালের দরজায় দরজায় রেড ক্রশ থাকত, এখন পশ্চিমবাংলার প্রতিটি হাসপাতালের দরজায় লাল ঝান্ডা ঝুলছে। সেখানে যাতে পুরো দমে

কাজ শুরু হয় তার জন্য আমি আপনারা মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার কেন্দ্রের একটি মর্মান্তিক ঘটনার কথা এই হাউসের সামনে তুলে ধরতে চাই। ১৯৯২ সালের ৫ই ডিসেম্বর অযোধ্যায় যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তার জন্য দাঙ্গা শুরু হয়ে গিয়েছিল। আমাদের পাণ্ডুয়া থানার বাইরে যে সব মানুষ থাকতেন ১৫০।২০০ মানুষ তার মধ্যে ৩০ জন মানুষের তালিকা করে পাঠিয়ে ছিলাম আমাদের এম. পি. সৈফুদ্দিন চৌধুরিকে। আমি চিঠি পাঠিয়ে ছিলাম, স্বরাষ্ট্রমন্ত্রীকে এবং মাননীয় প্রধানমন্ত্রীকে পাঠিয়েছিলাম। তার উত্তর এসেছে। থানায় ডায়রি করা হয়েছে। ৭ জন মানুষ মারা গেছে। যারা পালিয়ে আসছিল তাদের মারধোর করা হয়েছে, কোটি কোটি টাকার সম্পত্তি তাদের লুঠ হয়েছে, আবার অনেক মানুষের খোঁজ পর্যন্ত পাওয়া যায়নি। গুজরাট, সুরাট, আমেদাবাদ বোম্বাই এই সব জায়গায় ওরা সোনা পালিশের কাজ করত। ওরা একেবারেই সহায় সম্বলহীন, ওরা শ্রমিক শ্রেণীর মানুষ। এরা যে ঝুপড়িতে সেখানে থাকতো সেটা পুড়িয়ে দেওয়া হয়েছে। আমি এই সমস্ত চিঠি আপনার মাধ্যমে দিচ্ছি। রাজ্য সরকার যাতে তাদের সম্পত্তি রক্ষার দায়িত্ব নেন তার জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া মন্ত্রী শ্রীমতী অঞ্জু কর মহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার জাতীয় সাক্ষরতা মিশনের পশ্চিমবাংলায় সাক্ষরতার জন্য কোটি কোটি টাকা পাঠাচ্ছেন। কিন্তু এই টাকা সম্পূর্ণ মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা দলীয় কাজে লাগাচ্ছে। আমি একটা ঘটনার কথা বলছি। আমার সৌভাগ্য হয়েছিল একটা, জেলা শাসক আমাকে চিঠি দিয়ে বলেছিলেন অবজারভার হয়ে আমাদের এলাকার লারনিং সেন্টারগুলি ভিজিট করতে। আমি বহু জায়গায় গিয়েছি এবং দেখেছি কোনও লারনিং সেন্টার নেই। আমার বিধানসভা এলাকায় আমি লারনিং স্কুলে গিয়েছিলাম, কোনও লারনিং সেন্টার সেখানে নেই, কোনও ব্ল্যাক বোর্ড নেই, কেরোসিন নেই। অথচ সরকার গাড়ি চড়ে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা সাক্ষরতার নামে পঞ্চায়েতে ভোটের কাজ করছে। কেন্দ্রের কোটি কোটি টাকা অপচয় হচ্ছে। জেলা সাক্ষরতা কমিটি একটা হয়েছে, সেই কমিটির নামে টাকা নেওয়া হচ্ছে কিন্তু ওই টাকা সাক্ষরতার কাজে ব্যবহৃত হচ্ছে না। পুরো টাকাটি আগামী পঞ্চায়েতের নির্বাচনের জন্য ব্যবহার করা হচ্ছে। আমার দাবি অবিলম্বে এটা তদন্ত করা হোক এবং যারা এই ব্যাপারে জড়িত তাদের অবিলম্বে শাস্তি দেওয়া হোক।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রদায়িক উত্তেজনার সবচেয়ে বড় বিপদ হচ্ছে গুজব এবং সেই গুজব আরও মারাত্মক হয়ে দাঁড়ায় যদি সেটা সংবাদপত্র থেকে প্রকাশিত হয়। গত ৬ই ডিসেম্বরের অযোধ্যার ঘটনার পরে ৭ই ডিসেম্বর আনন্দবাজার পত্রিকার একটি বিকৃত সংবাদ প্রকাশ করেন যে ঢাকার ঢাকেশ্বরী মন্দির আক্রান্ত। অবশ্যি ৮ তারিখে আজকাল পত্রিকা ওই খবরটি যে অসত্য সেটা প্রকাশ করেন। এই অসত্য খবরের বহু হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে উত্তেজনার সৃষ্টি হয়েছে। শুধু আনন্দবাজার পত্রিকাই নয়, আরও অনেক কাগজ এমন কিছু প্রতিবেদন পেশ

করেছেন যা খুবই অসন্তোষের সৃষ্টি করেছিল। ওই প্রতিবেদন পড়ে মনে হয়েছিল যেমন কোনও বি জে পির নেতার বক্তৃতা। সুতরাং আমার আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন এবং সভার কাছে আবেদন এই সমস্ত সংবাদপত্রগুলি যেন তাদের দায়িত্বশীলতার পরিচয় দেন। এইরকম দায়িত্ব জ্ঞানহীনভাবে যেন তারা কাজ না করেন। এই ব্যাপার আমার মনে হয় সভার সকলের একমত হওয়া উচিত এবং এই রকম অসত্য সংবাদ যাতে ভবিষ্যতে আর প্রকাশিত না হয় সেই দিকে দৃষ্টি দেওয়া উচিত।

**श्री ममताज हसन** : मिस्टर स्पीकर सर, पश्चिम बंगाल जो सारे भारत में विद्या और कला का केन्द्र माना जाता हैं। पश्चिम बंगाल मे कही-कही साक्षरता 100 प्रतिशत रिकार्ड किया गया हैं। हमारे वर्धमान जिला को ही पूर्ण साक्षर जिला घोषित किया गया। सर, अगर वर्धमान जिला से अगर असनसोल और रानीगंज को हटा दिया जाय तो वर्धमान मे कुछ नही बचेगा। आसनसोल के अन्दर हमारे हीरापुर कन्सीटवेन्सी मे जो 20 साल से जूनियर स्कूल हैं, उसे हाईस्कूल नही किया गया। न एक इन्जीनियरिंग कालेज हैं और न एक बी० एड० कालेज हैं। सर, वहाँ दो कालेज हैं बी० बी० कालेज और बी० सी० कालेज। सर, वहाँ के छात्र को विहार के मेथन इत्यादि जगहो में एडमिशन ले रहे हैं। यह बहुत ही दु:ख की वाद हैं। अपने इलाके में जहां जहाँ स्कूल की कमी हैं वहाँ स्कुल दिया जाय, इस संबंध मे मैं स्पिकर और एडुकेशन मिनिस्टर साहव से भी अनेक बार चर्चा किया। सर, हमारे इलाके के रहमतनगर में जो जूनियर स्कूल हैं, उसके विधार्थी को, खासकर अनुसुचित जाति और जनजाति के लड़को, माइनोरिटी की परिक्षा देने के लिए 50-50 लड़के-लड़कियो को रानीगंज, आसनसोल जाना पढ़ता है। हम एडुकेशन मिनिस्टर से अनुरोध करता हुँ कि हमारे इलाके पर ध्यान दें।

[11-50 — 12-00 Noon]

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে হাওড়ার মানুষের তরফ থেকে একটি খুশির কথা এবং কিছুটা ক্ষোভের কথা জানাচ্ছি। গত পরশুদিন রাতে দূরদর্শন মাধ্যমে, জানতে পারি যে, হাওড়ার উন্নতির স্বার্থে ২০ কোটি টাকা হাওড়া কর্পোরেশনে দেওয়া হয়েছে। এই খবরটি পাওয়ার পরে আমি নিজে এবং জটু লাহিড়ী ও সরকারি পক্ষের বিধায়ক ওই কেন্দ্রের, আমরা সকলে মিলে হাওড়া কর্পোরেশনে প্ল্যানিং কমিশনের চেয়ারম্যান এবং অন্যান্য দপ্তরের কাছে গেছি। আমরা খুব খুশি যে হাওড়ার উন্নতির জন্য ২০ কোটি টাকা দেওয়া হয়েছে, এটা অ্যানাউন্স করা হয়েছে। কিন্তু দুঃখের কথা হাওড়ার মেয়রের কাছে জানতে হচ্ছে, হাওড়া কর্পোরেশনের একজন কাউন্সিলরও এই ব্যাপারে কিছু জানল না যে এই টাকাটা কেন্দ্রীয় সরকারের কাছে থেকে উন্নয়নের খাতে তারা পেয়েছেন। হাওড়ার স্পোর্টস কমপ্লেক্স-এর জন্য এবং হাওড়ার ফ্লাই ওভার করতে

গিয়ে যেখানে লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে, সেখানে এই টাকাটা খরচ হয়ে যাওয়ার পরেও আজকে টাকার অভাবে সেখানকার কাজ বন্ধ হয়ে গেছে। আমরা সেখানে কিছু করতে পারছি না। হাওড়ার কাউন্সিলররা দুর্বল নন, আমি বলব হাওড়ার কংগ্রেসের কাউন্সিলরদের যিনি প্রধান তাঁকে শুধু জানানো হোক, মাননীয় মুখ্যমন্ত্রী কাছে আমার এটাই আবেদন।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় এককালের গুরুত্বপূর্ণ সড়ক দীর্ঘদিন সংস্কারের অভাবে একেবারে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এই রাস্তাগুলি মূলত জেলার শহরের সাথে যুক্ত এবং পার্শ্ববর্তী অঞ্চলের সাথে যোগাযোগের এটা মূল মাধ্যমে। এই সড়কগুলি দীর্ঘদিন সংস্কার হচ্ছে না। কাটোয়া করুই, কাটোয়া-কালনা, ডাঁইহাটা-মন্তেশ্বর, বাটোয়া বর্ধমান, কৈচোর পাটুই রুটের এই রাস্তাগুলি দীর্ঘদিন সংস্কার হয়নি। এই ব্যাপারে বহুবার বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। বর্ষার আগে যদি এই রাস্তার সংস্কার না করা যায় তাহলে গোটা এলাকা চলাচলের অযোগ্য হয়ে পড়বে। আমার কেন্দ্রটি জেলা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বে, তাই আমার আবেদন এটির সংস্কারের জন্য ন্যূনতম টাকা বরাদ্দ করা হোক এবং রাস্তাটির সংস্কার করা হোক।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৪২ সালের অগস্ট আন্দোলনের স্মরণে ৫০ বছর পূর্তি উপলক্ষে ঐতিহাসিক শহর মেদিনীপুরে গত কাল থেকে মেদিনীপুর মেলা উদ্বোধন হয়েছে। সেখানে প্রবীণ মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় গিয়েছিলেন, আমার জেলা মন্ত্রী, পঞ্চায়েত মন্ত্রী ডঃ সূর্যকান্ত মিশ্র গিয়েছিলেন, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় মেদিনীপুর জেলার প্রতিটি ঘরে ঘরে যেখানে বিপ্লবী সন্তানদের জন্য হয়েছে, সেই পবিত্র শহরে যেখানে বিপ্লবীরা ভূমিষ্ঠ হয়েছে, সেখানে শাসক দলের মন্ত্রীদের সামনে রেখে, একজন প্রবীণ নেতাকে মাথায় রেখে, স্বাধীনতা সংগ্রামীদের অবজ্ঞা করে, অবহেলা করে তারা পাপের প্রায়শ্চিত্ত করার জন্য এই মেলার উদ্বোধন করতে গিয়েছিলেন। এই পাপীরা মেদিনীপুরের মাটিকে অপমানিত করে, লাঞ্ছিত করে তারা আজকে প্রায়শ্চিত্ত করছে জন্মভূমিতে মেদিনীপুর মেলা করে। এই মেলায় সেখানে জেলা পরিষদের সভাধিপতিকে রেখে, এখানকার মন্ত্রীদের সামনে রেখে অগাস্ট বিপ্লবের সেই মহানায়কদের সরিয়ে রেখে মেদিনীপুর মেলা করছে। তাই আমি আবেদন করছি মেদিনীপুর জেলার মানুষকে আর কলঙ্কিত না করে তাদের অপমানিত না করে তাদেরকে সম্মান দেওয়ার সুযোগ দেওয়া হোক।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় শিল্পমন্ত্রী আমাদের উত্তরবাংলায় জলপাইগুড়িতে ও শিলিগুড়িতে কিছুদিন আগে গিয়েছিলেন এবং আমরা কাগজ পড়ে জানতে পারলাম উত্তর বাংলায় শিল্প বিকাশের জন্য ভাবনা হচ্ছে। কিন্তু আমার বিনীত জিজ্ঞাসা জলপাইগুড়ি জেলার রানীনগরের প্রাক্তন মন্ত্রী নির্মল বোস লক্ষ লক্ষ টাকা ব্যয় করে যে ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স তৈরি করেছিলেন এবং রাস্তাঘাট ও জমি যা অধিগৃহীত হয়েছিল তা এখন পড়ে আছে। এই রানীনগর ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স অনেক শিল্পের সম্ভাবনা ছিল। কিন্তু এখনও পর্যন্ত কিছু হল না সেখানে। তাই জনমানসে জিজ্ঞাসা স্বভাবতই হয়েছে। তাই আমার অনুরোধ সরকারি টাকা

যাতে অপচয় না হয় তার জন্য রানীনগর ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স যাতে স্থাপন করা হয় তার জন্য আমি শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশ কিছুদিন ধরে আমরা লক্ষ্য করছি হাইকোর্ট বার অ্যাশোসিয়েশনের সাথে জজদের একটা বিরোধ চলছে। তার ফলে আমাদের বিচার ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। বার অ্যাশোসিয়েশনের যে দাবি সেটা ন্যায্য দাবি। কোনও বিচারপতি আত্মীয়স্বজন যদি সেখানে থাকে তাহলে তাকে অন্য জায়গায় বদলি করতে হবে। তাদের আত্মীয়জন যদি সেখানে থাকে তাহলে অনেক সময় পক্ষপাতিত্ব তিনি করতে পারেন। আমি রাজ্যের আইন ও বিচারবিভাগীয় মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, যাতে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়, যাদের আত্মীয়স্বজন এখানে আছে তাদের যেন বদলি করা হয়। নইলে বিচার ব্যবস্থার বদনাম হয়ে যাবে এবং বিচার ব্যবস্থার প্রতি মানুষের আর আস্থা থাকবে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। এমনিতেই আমাদের রাজ্য শিক্ষার দিক থেকে পিছিয়ে আছে, আমাদের রাজ্য থেকে আই. পি. এস. পরীক্ষায় কম ছাত্র-ছাত্রী পাশ করছে। সেই অবস্থায় প্রাথমিক ও মাধ্যমিক স্তরে ছাত্রদের ছাত্রীদের ইউনিয়ন করার অধিকার যদি দেওয়া হয় তাহলে বিদ্যালয়গুলিতে লেখাপড়ার পরিবেশ নষ্ট হয়ে যাবে। ছাত্র ইউনিয়নের নামে ১১-১২ বছরের ছেলে-মেয়েদের, যাদের অপরিণত বুদ্ধি তাদের ভবিষ্যৎ অন্ধকার করে দেওয়া হচ্ছে। পরিণত বুদ্ধি হোক তারপর তাদের আপনারা রাজনীতিতে নিয়ে আসুন। এটা প্রত্যাহার করে নেওয়া হোক নইলে এইসব ছেলে-মেয়েদের ক্ষতি হবে।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রামে বিদ্যুতের সাব-স্টেশনের কথা আপনার মাধ্যমে বিদ্যুতমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ পাঁচ বছর আগে এই বিধানসভা থেকে এটা অনুমোদন লাভ করেছিল, তার আর্থিক অনুমোদন লাভ করেছি এবং কাজও হচ্ছিল। কিন্তু কী কারণে জানিনা এখন আর কাজ হচ্ছে না। মন্ত্রীর সঙ্গে যখনই কথা বলতে চাই, তখনই তিনি বলেন কাজ চলছে। দীর্ঘদিন পরে পরিকল্পনার একটা ভুল ধরা পড়েছে, সেই জন্য দেরি হচ্ছে বলেন। কিন্তু আমার মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, যাতে অবিলম্বে সেখানে বিদ্যুত যোগাযোগ করা যায় তার ব্যবস্থা তিনি করুন। তা নাহলে বিদ্যুত সরঞ্জাম সেখানে নষ্ট হয়ে যাচ্ছে, পোল যেগুলো পোঁতা হয়েছিল সেইগুলো নষ্ট হয়ে যাচ্ছে। অবিলম্বে এই কাজ করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুতমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটি বিষয়ে। হুগলি জেলায় গত শ্রাবণ মাস থেকে আকাশে বৃষ্টি নেই, জলের স্তর নিচে নেবে গেছে, তার সঙ্গে সঙ্গে ধনেখালি, পোলবা, দাদপুর থানায় লো ভোল্টেজ হচ্ছে। এতে বোরো চাষের ক্ষতি হচ্ছে। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ারের সঙ্গে মিটিং করেছি এবং বলেছি পোলবাতে একটা সাব স্টেশন প্রয়োজন, কারণ বেপলমুড়ি সাবস্টেশন

থেকে ধনেখালি, পোলবা, দাদপুর, তিনটে থানার চাহিদা মেটাতে পারছে না। দু বছর আগে পোলবা সাব স্টেশন মঞ্জুর হয়ে গেছে, কিন্তু এখনও পর্যন্ত কাজ শুরু হয়নি। জমির গোলমাল ছিল, আমরা বিকল্প জমি দিয়ে দিয়েছি। এই প্রসঙ্গে জেলা ম্যাজিস্ট্রেট পাওয়ার ডিপার্টমেন্টকে একটা রেডিও মেসেজ পাঠিয়েছেন, শীঘ্র কাজ শুরু করার জন্য। তার কপি আমি স্পিকারের মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জমা দেবার জন্য দিলাম।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র গোঘাট থানার পার্শ্ববর্তী এলাকায় ভীষণ লোডশেডিং হচ্ছে। এক ঘণ্টা আধ ঘণ্টা করে ইলেকট্রিক থাকছে, তারপর আট দশ ঘণ্টা করে লোডশেডিং হচ্ছে। জনসাধারণের জীবন দুর্বিষহ হয়ে পড়েছে। ছাত্রছাত্রীরা পড়াশুনা করতে পারছে না। সামনে পরীক্ষা, বোরো চাষের ক্ষতি হচ্ছে। বিদ্যুৎমন্ত্রীকে সেখানকার বিদ্যুতের উন্নতি ঘটানোর জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** স্যার, গুরুতর ঘটনা ঘটছে, এটা একটু আপনার দৃষ্টি আকর্ষণ করা দরকার। গত ২২শে ফেব্রুয়ারি আমাদের এই হাউসের বিরোধী দলের ডেপুটি লিডার তিনি বক্তৃতা করতে গিয়েছিলেন। সভা মঞ্চের দড়ি খুলে দেওয়া হয়েছিল, ফলে তিনি আহত হন, তাঁকে চ্যাংদোলা করে হাসপাতালে নিয়ে যেতে হয়েছিল। গত ৩রা মার্চ বর্তমান ওদের দলের ডেপুটি লিডারকে আলিঙ্গন করতে গিয়েছিলেন প্রাক্তন ডেপুটি লিডার বলেন ডোন্ট টাচ মি। এদের গোষ্ঠীদ্বন্দ্ব এমন জায়গায় পৌঁছেছে, যে কোনও সময়ে সসস্ত্র সংঘর্ষের রূপ নিতে পারে। আপনি আমাদের কাস্টডিয়ান, আপনি আমাদের প্রটেকশন দিন। ওদের নেতা সন্তোষমোহন দেব আমাদের এম. পি. কে বলছেন দেখে নেব। এই হাউসেও দেখছি নিজের দলের একে অপরকে বলছেন, দেখে নেব। আপনি আমাদের অভিভাবক, আপনি বিষয়টা দেখুন যাতে শান্তিপূর্ণভাবে ওদের মধ্যে ঐক্য ফিরিয়ে আনা যায়। এর জন্যই আপনাকে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীপকবাবু আমাদের জন্য উদ্বিগ্ন শুনে আমরা খুশি। উনি আমাদের কথা ভাবছেন, কিন্তু আমাদের কথা ভাবার আগে দয়া করে নিজেদের কথা একটু ভাবুন। এর আগে ওঁর এলাকার এম. এল. এ ছিলেন ক্ষিতিবাবু, তাঁকে ল্যাং মেরে উনি এম. এল. এ. হয়েছে। ফলে বজবজ নিউ সেন্ট্রাল জুট মিলের মোড়ে, বেহালা চৌরাস্তার মোড়ে এবং নুঙ্গীর মোড়ে, এই তিন জায়গায় ওঁদের মধ্যে মারামারি হয়েছে। পরবর্তীকালে ক্ষিতিবাবু সব জায়গায় থেকে ওঁকে কর্ণাড করে দিয়েছেন। সুতরাং আমার কথা ভাবার আগে উনি নিজের কথা একটু ভাবুন।

**শ্রী আবু আয়েস মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মন্তেশ্বর বিধানসভা কেন্দ্রের মধ্যে কুসুমগ্রাম-সমসপুর রাস্তাটি দীর্ঘদিন সংস্কারের অভাবে বর্তমানে প্রায় পরিত্যক্ত অবস্থার চেহারা নিয়েছে। হাজার হাজার মানুষ দৈনিক এ রাস্তা দিয়ে চলাচল করেন, তাঁরা খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছেন। বাসগুলি বিপদের ঝুঁকি নিয়ে চলাচল করছে, যে কোনও সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। বিষয়টি নিয়ে বার বার জেলার বিভাগীয় ইঞ্জিনিয়ারদের সঙ্গে

কথা-বার্তা হয়েছে, কিন্তু কোনও ব্যবস্থা হয়নি। ফলে জনগণের মধ্যে ক্রমশ অসন্তোষ বাড়ছে। তাই অবিলম্বে রাস্তাটির সংস্কার সাধন প্রয়োজন এবং রাস্তাটির যে অংশের নির্মাণ কার্য অসমাপ্ত আছে তা সমাপ্ত করাও প্রয়োজন। সুতরাং আমি বিষয়টির প্রতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় স্পিকার স্যার, আর বিধানসভা কেন্দ্রে তীব্র পানীয় জলের সঙ্কট চলছে। বিগত ১০ বছর আগে আমার এলাকার অধিকাংশ জায়গা পঞ্চায়েতের অধীন ছিল যা বর্তমানে হাওড়া কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়েছে। আজকে '৯৩ সালে পঞ্চায়েতের সময়ের টিউবওয়েলগুলির ৮০ ভাগই অকেজো হয়েছে। পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং-এর যে ডিপ টিউবওয়েলগুলি ছিল সেগুলিও আজকে একটার পর একটা অকেজো হয়ে যাচ্ছে। অথচ যে পদ্মপুকুর ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ১৯৮৩ সালে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছিলেন তা দিয়ে সমগ্র হাওড়া পৌর এলাকায় জল সরবরাহের কথা ছিল। দীর্ঘ ১০ বছর হয়ে যাওয়া সত্ত্বেও আমার বিধানসভা কেন্দ্রের যে সমস্ত এলাকাগুলি পঞ্চায়েত এলাকা থেকে হাওড়া কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়েছে সেই এলাকায় আজ পর্যন্ত এক ইঞ্চিও পাইপ লাইন বসানো হয় নি। আমরা বার বার আবেদন-নিবেদন করেছি, মানুষ জলের জন্য হাহাকার করছে, তথাপি পদ্মপুকুর ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টে জল থাকা সত্ত্বেও ওখানে জল সরবরাহ করা হচ্ছে না। তাই আপনার মাধ্যমে আবার সরকারের কাছে আবেদন করছি, এ এলাকায় অবিলম্বে জল সরবরাহের ব্যবস্থা করা হোক।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিল্প বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলাতে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের যৌথ উদ্যোগে ৫০ কোটি টাকায় একটা সিমেন্টের কারখানা তৈরি হয়েছিল। পরবর্তীকালে সিমেন্ট বি. ডি. আই. সি., আর. সি. সি. সি. আই. এদের মধ্যে একটা চুক্তি হয় এবং সি. সি. আই. সেই চুক্তি অনুসারে ঠিক করা হয়েছে যে সি. সি. আই টাকা পয়সা দিয়ে দেবেন এবং এটা কে একটা লাভজনক সংস্থায় পরিণত করবেন। সি. সি. আইয়ের যে কলকাতায় দামোদর সিমেন্ট ফ্যাক্টরির অফিস ছিল সেই অফিসটা উঠে গেছে, এবং তার কর্মচারিরা ৬ মাস ধরে মাইনে পাচ্ছেন না। সি. সি. আইয়ের এমন অবস্থা। সারা দেশে ১০টি ফ্যাক্টরি আছে, তাঁরা ৩টি ফ্যাক্টরি বিক্রি করার জন্য দরপত্র পেশ করেছেন আমরা বিভিন্ন কাগজে তা দেখতে পাচ্ছি। সেখানে রাজ্য সরকারের কিছু অফিসার আছেন তাঁরা বলছেন দরবারি বা সি. সি. আইকে দিয়ে দেওয়া হোক, সেখানে উৎপাদন বন্ধের মুখে, শ্রমিকেরা ৩/৪ মাস মাইনে পাচ্ছেন না। অবিলম্বে এটার যাতে একটা ব্যবস্থা হয় আমি সেজন্য মাননীয় মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। আপনি জানেন পুরুলিয়া জেলা খরা প্রবন এলাকা, আমাদের বিধানসভা এলাকাতে ইতিমধ্যে কুয়া, নদী এবং জোড়বাঁধের জল শুকিয়ে আছে, নলকূপগুলি অকেজো অবস্থায় পড়ে আছে। ইতিমধ্যে ওখানকার সর্বত্র জলসঙ্কট দেখা দিয়েছে আমার দাবি যে অবিলম্বে

নলকূপগুলি সারানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী মানিক ভৌমিক :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা ময়না কৃষি নির্ভরশিল এলাকা। পান চাষের উপর মানুষ নির্ভর করে। সারা তমলুক মহকুমায় ৪০০ কোটি টাকার পান উৎপাদিত হয় এবং তার প্রায় ফিফটি পারসেন্ট এ ময়না ব্লক থেকে সরবরাহ হয়। লক্ষ্ণৌ, কানপুর, দিল্লি সব জায়গাতেই পান রপ্তানি হয়। এ ব্যাপারে আমার দুটি বক্তব্য আছে। যারা পান উৎপাদন করে তারা দাম ঠিক করেন না, পোস্তা বাজারের মালিক দালাল এরা ঠিক করে, যাতে চাষীরা প্রকৃত দাম পায় এবং তার সাথে সাথে বৈজ্ঞানিক প্রথায় পান চাষের ব্যবস্থা এবং আধুনিক প্রযুক্তি বিদ্যায় একটা গবেষণাগার হতে পারে তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী ইউনুস সরকার :** মিঃ স্পিকার স্যার, আমি আপনারা মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার কেন্দ্রে ভাঙ্গনের কথা ২/৩ বার ধরে আলোচনা হয়েছে। এখন ওখানে একটা নতুন চর বেরিয়েছে এবং সেখানে বাংলাদেশের লোকেরা চাষাবাদ করছে। আমাদের যেতে হলে এক কিলো মিটার জলা পেরিয়ে যেতে হয়, ওটা নো ম্যানস ল্যান্ড হয়ে আছে। আমরা গত ১২ তারিখে এস. ডি. ও., ডি. এম সকলে গিয়েছিলাম, ওঁরা বলছেন যেহেতু এটা আন্তর্জাতিক ক্যাম্প করা দরকার।

(মাইক বন্ধ হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করেন।)

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, দুর্ঘটনায় বা অস্বাভাবিকভাবে কারও মৃত্যু হলে মৃতদেহের পোস্টমর্টেম করা হয়। কিন্তু সেক্ষেত্রে বেলা ১২টার পর কোনও বডি যদি মর্গে যায় তাহলে সেদিন আর তার পোস্ট মর্টেম করা হয় না, ফলে পরের দিন বেলা ১২টার আগে ফেরত পাওয়া যায় না। ব্যাপারটা অত্যন্ত সিরিয়াস, কারণ মানুষটাকে শেষ দেখা দেখবার জন্য বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন সবাই অধীর আগ্রহে অপেক্ষা করতে থাকেন। কিন্তু বডি ফেরত পেতে ৩০ ঘণ্টা দেরি হয়ে যায়। যাতে এই পোস্ট মর্টেমের কাজটা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত চালু রাখা যায় তারজন্য যেন তিনি ব্যবস্থা গ্রহণ করেন।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলায়, মনে হয় অন্যান্য জেলাতেও এইরকম হচ্ছে, সিকিম এভ্রি ডে লটারি, আকাশগঙ্গা ডেইলি লটারি, সিকিম সুপ্রিম লটারি ইত্যাদি চালু হয়েছে। দুই টাকা দিলে ১৬ টাকা পাওয়া যায় সেদিনই সন্ধ্যাবেলায়। এইরকম কথা ভেবে দেখে অনেক টাকার টিকিট কিনছে। বেকার যুবকরা তাদের বাবার কাছ থেকে টাকা নিয়ে এই সমস্ত টিকিট কিনছে। এই লটারির কোথায় খেলা হয় কেউ জানে না। এটা বলা হয় গভর্নমেন্ট অফ সিকিমের লটারি। এই লটারির টিকিট নিয়ে

ত্রিপুরাতেও গন্ডগোল হয়েছে। প্রথমে তারা কিছু লোককে টাকা পেয়েছে বলে টাকা দিচ্ছে, সেই লোভে অনেকে টিকিট কিনছে, তারপর আর টাকা পাচ্ছে না। এই সমস্ত টিকিট বেশির ভাগ বেকার যুবক এবং রিক্সাওয়ালা এবং শ্রমিকরা কেনে। একটা ছেলের বাড়িতে আমি ৩-৪শো টাকার টিকিট পেয়েছি। সে তার বাবার থেকে টাকা নিয়ে এই টিকিট কিনেছে। তার বাবা আমার কাছে কাঁদতে কাঁদতে এসে এই ঘটনা জানায়, আমি তাই এই হাউসে এই ঘটনার কথা জানাচ্ছি। এই টিকিট বাজারে বেশি পরিমাণ চালু হওয়ার ফলে পশ্চিমবঙ্গ রাজ্য লটারির সেল কমে গেছে। এই ব্যাপারে একটা পূর্ণ তদন্ত করে মাননীয় অর্থমন্ত্রী আমাদের জানান যে এর কোনও বাস্তবতা আছে কিনা। তা না হলে গরিব লোক, বেকার যুবকরা শেষ হয়ে যাবে।

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার সদর শহর কৃষ্ণনগরের শক্তিনগরে ৫০০ শয্যাবিশিষ্ট একটা হাসপাতাল আছে। এই হাসপাতালে কোনও ঔষধ নেই, কোনও এক্সরে প্লেট নেই, রোগীর কোনও চিকিৎসা হচ্ছে না। এই সদর শহর হাসপাতালে যে খাবার দেওয়া হচ্ছে সেটা অত্যন্ত নিম্নমানের, এমন কি এখানে সাপে কাঁমড়ানোর ঔষধ নেই। এই সদর শহর হাসপাতালে কুকুরে কামড়ানোর কোনও ঔষধ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি আর একটা কথা বলতে চাই তা হল কৃষ্ণনগর সদর শহর শক্তিনগর হাসপাতালে একটা পোস্ট মর্টেম-এর ঘর আছে সেখানে ডেড বডি সরিয়ে নেওয়া হচ্ছে না। এই হাসপাতালের অবস্থা বিষময় হয়ে উঠেছে। রোগীদের জন্য যে বাইরে থেকে খাবার আসে সেখানে কুকুর বিড়াল সহবস্থান করছে। কৃষ্ণনগরের সদর শহর হাসপাতালে বিভিন্ন প্রান্ত থেকে লোক আসে, তাদের কোনও চিকিৎসা হচ্ছে না। এখানে একটা মাতৃসদন আছে, এখানে মায়েরা, প্রসুতি মায়েরা যারা আসছে তাদের ফিরিয়ে দেওয়া হচ্ছে। আমি বলতে চাই স্বাস্থ্য বিভাগ বলে যে বিভাগ আছে সেটা তুলে দেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি দাবি রাখছি এই স্বাস্থ্যমন্ত্রীকে পদত্যাগ করিয়ে অন্য কোনও স্বাস্থ্যমন্ত্রী আনা হোক।

**শ্রী সুভাষচন্দ্র সোরেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র নয়াগ্রামে বিদ্যুতের ব্যাপারে আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নয়াগ্রাম বিধানসভা এলাকা আদিবাসী এবং তফসিলি জাতির মানুষ বাস করে। এখানে যাতে বিদ্যুৎ দপ্তরের পরিকল্পনা গ্রহণ করা হয় তার জন্য বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোপিবল্লভপুরে বিদ্যুৎ দপ্তরের একটা সাব স্টেশন চালু আছে সেই কাজ সত্তর কার্যকর করার জন্য বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হচ্ছে স্যার, বীরভূম জেলায় আমাদের জেলাপরিষদের প্রশাসনিক ভবন। ১৯৮৩ সালে নতুন ভবন তৈরি হবার কাজ শুরু হয়েছিল। আমরা লক্ষ্য করছি ৫ বছর ধরে সেই কাজ বন্ধ হয়ে পড়ে আছে। কেন বন্ধ হয়েছে, কি অসুবিধা আছে, কোথায় অসুবিধা আছে সেটা আমরা বিভিন্নভাবে খোঁজ নিয়ে জানতে পারিনি। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি যে, অবিলম্বে ওই ভবনটির কাজ শুরু করা হোক। কখন থেকে

ওই মূর্তির কাজ শুরু করা যেতে পারে সেটা যেন অন্তত আমাদের জানান, এই আবেদন আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে রাখছি—

**श्री देवकी नन्दन पोद्दार :** मिस्टर स्पीकर सर, मै आपके माध्यम से खाद्य ओर खाद्य आपूर्ति मंत्री का ध्यान वर्तमान मे चल रही राशनिंग व्यवस्था की और दिलाना चाहता हूँ। अभी राशन की दुकान में चीनी, खाद्य तेल और राशन के ओर समान की आपूर्ति प्रायः ठप्प हो गयी हैं। जिससे लोगो को भीषण कटिनाइयों का सामना करना पढ़ रहा हैं। आप जानते हैं कि यह रमजान का महीना हैं, इस माह सैं चीनी, व अन्य समानो की भाँग बढ़ जाती हैं। देखा गया हैं कि हर साल जो कार्ड पर जो चीनी व अन्य समान मिलना चाहिए, इस रमजान के माहीने में और अतिरिक्त दिया जाता था। इस बार अतिरिक्त राशन का तो प्रश्न ही नही उठ रहा हैं, जो प्राप्य चीनी हैं, तेल हैं, एवं अन्य सामान हैं, राशन दुकान मे मिल नही पा रहा हैं।

अतः मै खाद्य मंत्री महोदय से अनुरोध है कि खाद्य आपूर्ति की व्यवस्था किया जाय।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গরম পড়তে শুরু করেছে এবং এতে বিরাট পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। পুকুর, খাল বিল প্রভৃতির জল নামতে শুরু করেছে। নলকূপ প্রভৃতির জল অনেক নিচে নেমে গেছে। এর ফলে আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে। এতে দুজন লোক মারাও গেছে। হাসপাতালগুলিতে সেই প্রয়োজনীয় ওষুধও নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে প্রতিষেধক ওষুধ এবং অন্যান জিনিসপত্র এবং নলকূপগুলো সরিয়ে জল সরবরাহের ব্যবস্থা করা যায় সেইদিকে দৃষ্টি দিতে হবে।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা রায়নাতে ভীষণ বিদ্যুৎ ঘাটতি চলছে। এর ফলে চাষের খুব অসুবিধা হচ্ছে। এছাড়া রায়না দু নম্বরে একটি সাব সেন্টার করার কথা এবং সেটা সরকারি অনুমোদনও পেয়েছে। কিন্তু আজ অবধি কাজ চালু হয়নি। এই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাচ্ছি যাতে এই বিষয়ে একটু দৃষ্টি দেন।

**শ্রী মুকুলবিকাশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই ব্যাপারে আগের বারও বলেছিলাম, কিন্তু কোনও পদক্ষেপ না নেওয়ার এইবারও বলতে বাধ্য হচ্ছি। আমার নির্বাচনী কেন্দ্র শ্রী বীরেন্দ্রকুমার শাসমলের বাড়ি। ওই গ্রামের বাড়িটি কিছুদিনের মধ্যে ভেঙে যাবে। অবিলম্বে ওই বাড়িটি সরকার অধিগ্রহণ করে তার ব্যবস্থা করুন এবং তার আশেপাশে যে কয়েক একর জমি আছে সেই জমি দখল করে যেতে ওখানে একটি শিশু মঙ্গল বা প্রসূতি সদন কেন্দ্র স্থাপন করা যায় সেইদিকে দৃষ্টি দিন।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী নাজমুল হক :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলায় অ্যাডিশনাল এস. পি. ওখানকার দুজন ১৬-১৭ বছরের ছেলেকে বেধরক্কা পিঠিয়েছেন। তাদের পিটিয়ে রাস্তায় ফেলে জুতো দিয়ে মারা হয়েছে। স্পেশ্যাল পুলিশ রিক্রুটমেন্ট পরীক্ষা নেওয়ার জন্য তিনি সেখান দিয়ে যাচ্ছিলেন। তাদের বিরুদ্ধে অভিযোগ তারা ট্রাকের থেকে জোর করে চাঁদা তুলছিল। কিন্তু আমি সেখান দিয়ে কিছুক্ষণ আগে গিয়েছিলাম, কিন্তু আমি সেইরকম কিছু দেখতে পাইনি। এটা একটা নক্কারজনক ঘটনা, অ্যাডিশনাল এস. পি. এই ঘটনা ঘটিয়েছে। এর প্রতিবাদে হাজার খানেক মানুষ পথ অবরোধ করেছিল এবং সেখানকার মানুষ এই পাশবিক ঘটনার তীব্র প্রতিবাদ করেছে। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি এই ঘটনার তদন্ত করে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এলাকার প্রচুর বনাঞ্চল আছে, কিন্তু বন বিভাগ এখন নড়েচড়ে বসাতে সেখানকার লোকেরা জ্বালানি কাঠ সংগ্রহ করতে পারছে না। বিকল্প জ্বালানি ব্যবস্থা হচ্ছে কয়লা ও গ্যাস সিলিন্ডার। কিন্তু আমাদের আলিপুরদুয়ার, কালচিনি, কুমারগ্রাম দুয়ার এই তিনটি থানায় কম করে ৮ থেকে ১০ লক্ষ মানুষ বসবাস করেন। সেখানকার হাজার হাজার মানুষ গ্যাস সিলিন্ডারের লাইন দিয়ে বসে আছে। কিন্তু এই তিনটি অঞ্চল গ্যাস সিলিন্ডার সরবরাহ করার কোনও প্রতিষ্ঠান নেই। এই তিনটি অঞ্চলে গ্যাস সরবরাহ করার প্রতিষ্ঠান করা হোক।

**শ্রী নরেন হাঁসদা :** স্যার, একটা গুরুত্বপূর্ণ সমস্যার সমাধানের দাবিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন অনুন্নত পশ্চাদপদ মানুষকে মূল জনস্রোতে নিয়ে যাওয়ার জন্য সুপ্রীম কোর্ট রায় দিয়েছিল, পশ্চাদপদ মানুষের তালিকা তৈরি করতে হবে এবং মন্ডল কমিশনের রিপোর্টকে কার্যকর করতে হবে। কিন্তু খুবই আশ্চর্যের সাথে আমরা দেখলাম সুপ্রীম কোর্টের এই রায়কে এখানে কার্যকর করা হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি অনতিবিলম্বে এই অনুন্নত সম্প্রদায়ের তালিকা প্রকাশ করা হোক এবং এই মন্ডল কমিশনের রায়কে কার্যকর করা হোক। যারা পিছিয়ে পড়া মানুষ, যারা অনুন্নত সম্প্রদায়ের মানুষ, তাদের মূল জনস্রোতে ফেরানোর জন্য মন্ডল কমিশনের রিপোর্টকে এখনই কার্যকর করার দাবি আমি জানাচ্ছি।

## ZERO HOUR

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বলতে চাই। আগামী মে মাসে পঞ্চায়েত নির্বাচন বামফ্রন্ট সরকার ঘোষণা করেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ত্রিপুরায় রাষ্ট্রপতি শাসন জারি করার জন্য বিশেষ করে সি. পি. এম যেভাবে উদ্যোগ নিয়েছে, তাতে আমরাও বলতে চাই এখানে রাষ্ট্রপতি শাসন জারি করে পঞ্চায়েত নির্বাচন হওয়া উচিত। ত্রিপুরায় রাষ্ট্রপতি শাসন জারি

করে বি. জে. পি.-কে আপনারা কমাতে পারবেন না। আপনারা সন্তোষমোহন দেবকে সরিয়ে দিলে সারা ভারতবর্ষের যে সর্বনাশ ডেকে আনবেন তা চিন্তা করতে পারছেন না। আপনারা কেন্দ্রে দুর্বল সরকারকে দিয়ে সন্তোষমোহন দেবের অপসারণ চাইছেন এবং ত্রিপুরায় রাষ্ট্রপ্রতি শাসন যদি জারি করা হয় তাহলে সারা বাংলায় আগুন জ্বলে যাবে এবং লাভবান হবে বি. জে. পিই। আপনারা কবি কালিদাসের ভূমিকা পালন করছেন, যে ডালে বসে আছেন সেই ডালই কাটছেন, কিন্তু বুঝতে পারছেন না আপনাদের কি অবস্থা হবে। ত্রিপুরায় যদি রাষ্ট্রপতি শাসন জারি করা হয় তাহলে এখানেও রাষ্ট্রপতি শাসন জারি করে পঞ্চায়েত নির্বাচন হোক এবং কেন্দ্র যেন ত্রিপুরায় রাষ্ট্রপতি শাসন জারি না করে, এই আবেদন আজকে রাখা উচিত এবং এই আবেদন জানানো হোক, এটাই আমার আবেদন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** স্যার, উনি নিজের সিটে বসেননি, উনি অন্যের আসন থেকে বলছেন, এটার জন্য কি পারমিশন নিয়েছেন?

**মিঃ স্পিকার :** ঠিক আছে, ভবিষ্যতে উনি নিজের জায়গা থেকে বলবেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী ননী কর :** মিঃ স্পিকার স্যার, আমি একটি জরুরি বিষয়ের উপর আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা হয়ত জেনে থাকবেন এই মাসের এক তারিখে বারাসাতের বামুনমোড়ে রাধা দামোদর ডালমিলে সেখানে ৩ লরি চাল ধরা হয়েছে। এই চালটি হচ্ছে এফ. সি. আই-র চাল। তারা এই চালটি বিক্রি করেন মানুষের খাদ্যপোযোগী নয় বলে, এবং তারা বিক্রি করেছেন টেন্ডার করে। এখন এই চাল ধরার পর ওখানকার স্থানীয় মানুষেরা ইতিমধ্যে রেশনের চালে খারাপ জিনিস মিশে যাচ্ছে, ওখান দুর্গন্ধ হচ্ছে দেখে তারা তাকে তাকে ছিল ধরে ফেলেছে, ধরে ফেলে খোঁজ নিয়ে দেখা গেছে, কোথায় যাচ্ছে, সেটা আমি আপনাদের কাছে বলতে চাই। এই রাধা দামোদর ডালমিলের যিনি মালিক তার স্বামী তিনি হচ্ছেন নাগাল্যান্ডের দুটো কোম্পানির প্রতিনিধি। একটার নাম হচ্ছে নাগাল্যান্ড রাইস, হুইট আপগ্রেডেশন অ্যান্ড প্রসেসিং ইউনিট, কোইমা রোড, ডিমাপুর। আর একটা হচ্ছে ডিমাপুর রাইস অ্যান্ড অয়েল মিল ইনিও প্রতিনিধি। এই দুটো কোম্পানির যারা মালিক তাদের স্বামীর প্রতিনিধিরা এখান থেকে চাল কিনছেন, আড়াই লক্ষ কুইন্টাল চাল কিনেছেন টেন্ডার দিয়ে। কিন্তু খোঁজ নিয়ে দেখা গেল যে নাগাল্যান্ডে এই ধরনের কোনও কোম্পানি নেই। এখানে যখন ওরা চালটা কিনেছেন তখন স্মল স্কেল ইন্ডাস্ট্রি বলে ওদের এখানে টাকা দিতে হয়নি। কিন্তু সেখানে খোঁজ নিয়ে দেখা গেল সেখানেও এটা রেজিস্টার্ড ইউনিট নয় এবং শুধু তাই নয় বামফ্রন্ট সরকারের একটা অর্ডার আছে,—আপনাকে আমি কাগজটা দেব—যদি এখান থেকে কোনও চাল এই রকম বিক্রি হয় তাহলে পরে এখান থেকে পারমিশন নিতে হয়, এস. পি.কে জানাতে হয়। সেই কাজও হয়নি। চালটা চলে যাওয়ার কথা নাগাল্যান্ডে, কিন্তু চাল চলে গেল বারাসাতে, এখানে নাগাল্যান্ডের ওদের যে এন্ট্রি ট্যাক্সের অফিসার আছেন তিনি জানিয়ে দিয়েছেন না, এইরকম কোনও চাল এই সময় নালাল্যান্ডে যায়নি। ওখানকার যে গ্রাম-পঞ্চায়েত তার প্রধানও লিখে দিয়েছেন এই রকম কোনও সংগঠন নেই। যারা স্মল স্কেল ইউনিট পরিচালনা করে তারাও লিখে দিয়েছেন এই রকম কোনও কনসার্নড নেই।

স্যার, এটা হচ্ছে ৬ কোটি টাকার ব্যাপার, এর সঙ্গে যুক্ত যে আছে, যার নাম পাওয়া যাচ্ছে, কংগ্রেস আমলে ভূমি কেলেঙ্কারির কথা আপনি জানেন, সেই সময়কার নায়কের নাম পাওয়া যাচ্ছে, এটা খুবই মারাত্মক জিনিস। স্যার, এতে নাম পাওয়া যাচ্ছে কি বলব, আমাদের হাইকোর্টের একজন কর্মরত বিচারপতি তার স্বামী একজন ল-ইয়ার, হাইকোর্টের কর্মরত বিচারপতি তার মেয়ে, হাইকোর্টের কর্মরত বিচারপতির একজনের জামাই, এটা খুবই সাংঘাতিক ব্যাপার। স্যার, সব মিলে কোটি কোটি টাকার গোলমাল নাগাল্যান্ডের গভর্নমেন্টের নাম করে এখানকার এফ. সি. আই করছেন। এখানকার এফ. সি. আই.-এর যিনি ম্যানেজার তিনি এর আগে নাগাল্যান্ডের ম্যানেজার ছিলেন, আমি জানি না এর কি যোগাযোগ আছে। আমি সমস্ত কাগজ আপনাকে দেব। এই বিষয়টা নিয়ে আমাদের এখানকার খাদ্যমন্ত্রী, আমাদের স্বরাষ্ট্রদপ্তর যারা আছেন তাদের সমস্ত ঘটনাটা দেখা দরকার। এই ধরনের ঘটনা অতীতে ভূমি কেলেঙ্কারি ঘটনা যেমন হয়েছিল সেই রকম নাগাল্যান্ডকে জড়িয়ে এর মধ্যে কারা কারা আছে সেটা দেখা দরকার। এই তিন মাস আগে শিলচরে এইরকম চাল বিক্রি হয়ে যাচ্ছিল, সেখানে যিনি এম. পি. আছেন তার নাম জড়িয়ে গিয়েছিল, এখন সবটা মিলিয়ে দেখতে হবে এই দুর্নীতিটা কতদূর পর্যন্ত গিয়েছে, আমরা এর পরিপূর্ণ তদন্ত দাবি করছি, কাগজপত্র দিচ্ছি যাতে এর পরিপূর্ণ এর পরিপূর্ণ তদন্ত হয়। এই ব্যাপ্যারে যাতে রিপোর্টটা আসে আমরা যাতে জানতে পারি কারা কারা এই দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে আছে। আমি আপনাকে সমস্ত কাগজপত্র দিচ্ছি যাতে এই বিষয়ে একটা তদন্ত হয়। আমার কাছে রিপোর্টটা আসে, আমি জানতে পারি কারা কারা এই ধরনের দুর্নীতির সঙ্গে যুক্ত হয়ে আছে।

**শ্রী সুব্রত মুখার্জি :** এখনই ননীবাবু একটা বক্তব্য রাখলেন। আপনি এই হাউসে নিয়ম নীতি মেনে বক্তব্য রাখার কথা প্রায়ই বলেন। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই কন্সটিটিউশনের ২১১ ধারার প্রতি, যেখানে স্ট্রেট ওয়ে, "রেসট্রিকশন অন রিডাকশন ইন দি লেজিসলেচার"-এ লেখা আছে, "No discussion shall take place in the Legislature of a State with respect to the conduct of any Judge of the Supreme Court or of a High Court in the discharge of his duties." উনি বারেবারে হাইকোর্ট সম্পর্কে বলেছেন, তার মেরিটের মধ্যে যাচ্ছি না, কিন্তু হাইকোর্টের জাজ এবং হাইকোর্টের জাজের জামাই, তার মেয়ে এই রকম উল্লেখ করলেন, এটা সংবিধান বিরোধী, আপনি আইনজীবী হিসাবে বলবেন। সুতরাং That Portion should be absolutely expunged. This is my humble submission.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ে। আপনি জানেন ঐতিহ্য মন্ডিত শিক্ষা প্রতিষ্ঠান কলকাতা বিশ্ববিদ্যালয় শুধু এই রাজ্যের গর্ব নয়, সারা ভারতবর্ষের গর্ব। এই কলকাতা বিশ্ববিদ্যালয়ে আজকে আর্থিক সঙ্কটের জন্য কোটি কোটি টাকার সম্পত্তি তাকে বিক্রি করে দেবার সিদ্ধান্ত নিতে হচ্ছে, এটা অন্যন্ত মর্মান্তিক। সিদ্ধান্ত নিতে হচ্ছে বিভিন্ন শিল্পপতি, ব্যবসায়ী তাদের কাছ থেকে সাহায্য নেওয়ার জন্য, সিদ্ধান্ত নিতে হচ্ছে বিভিন্ন ফী, চার্জ বাড়াবার জন্য। আমি জানি না এইভাবে ফী বাড়িয়ে, শিল্পপতি, ব্যবসায়ীদের কাছ থেকে সাহায্য নেওয়া উচিত কি না। বলা হচ্ছে শিল্পপতি, ব্যবসায়ীদের একটা সামাজিক দায়বদ্ধতা আছে। ব্যবসায়ীদের আবার

**কী সামাজিক দায়বদ্ধতা? সেখানে শ্রেণী দৃষ্টিভঙ্গি থাকে, এনি ইনভেস্টমেন্ট প্রফিট মোটিভ হয়। মার্ক্সের তত্ত্ব তাই বলে। এই জিনিস করে প্রাইভেটাইজেশন এর দিকে যাচ্ছে কি না, ফী বাড়িয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যকে বিকিয়ে দিতে হচ্ছে কি না? মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী এখানে আছেন, তিনি কী চিন্তা-ভাবনা করছেন? এই বিষয়ে রোজই কাগজে বেরোচ্ছে, আজকের কাগজেও বেরিয়েছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের কোটি কোটি টাকার সম্পত্তি বিক্রি করে দিতে হচ্ছে, এই সম্পর্কে তিনি উত্তর দিন।**

**Mr. Speaker :** Now discussion on Governor's Address.

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপাল মহাশয় যে বক্তব্য রেখেছেন তার সঙ্গে একমত নই এবং যে ধনবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকেও আমি সমর্থন করতে পারছি না। আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এর মধ্যে অনেক সত্যকে গোপন করা হয়েছে, অসত্য জিনিস লেখা হয়েছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, এর মধ্যে এমন অনেক বিভাগ কথা বাদ দেওয়া হয়েছে যে সমস্ত বিভাগের আজকের দিনে যথেষ্ট গুরুত্ব রয়েছে। দলীয় গন্ডগোলের জন্য এই জিনিস হয়েছে বলে আমি মনে করি। বুদ্ধদেববাবুর সঙ্গে সুভাষবাবুর গন্ডগোলের পরিণামে আজকে যেখানে রাজ্যপালের ভাষণের মধ্যে মৎস্য দপ্তরের কথা দু'পাতা ধরে লেখা হয়েছে অথচ সেখানে যুব কল্যাণ দপ্তর, ক্রীড়া দপ্তর-এর মতো গুরুত্বপূর্ণ দপ্তরকে উপেক্ষা করা হয়েছে। রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন বর্তমান যুগে এই দুটি দপ্তরের গুরুত্ব উপলব্ধি করে, নতুন দপ্তর সৃষ্টি করে তা নিজের হাতে রেখেছিলেন। তিনি এই দুটি দপ্তরের জন্য পশ্চিমবাংলাও যোজনা বরাদ্দ অনেক বৃদ্ধি করেছিলেন। অথচ এই রাজ্যপালের ভাষণের মধ্যে এই দপ্তর সম্বন্ধে একটা লাইনও কোথাও নেই। সুতরাং আমি মনে করি এই বক্তব্য সংকীর্ণতা দোষে দুষ্ট। স্যার, একটা কথা প্রায় বাইরে শুনতে পাই যে, ওঁরা ভীষণভাবে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। গত ৬ই ডিসেম্বর এ ভয়ঙ্কর কান্ড ঘটে যাবার পর আমাদের বিধানসভা এই প্রথম মিলিত হচ্ছে এবং প্রথম দিনই রাজ্যপাল তাঁর এই ভাষণ এখানে পাঠ করেছেন। অথচ এই ভাষণের মধ্যে মাত্র একটা প্যারায় এ ঘটনা এবং সাম্প্রদায়িকতার প্রসঙ্গে ওঁরা ওঁদের বক্তব্যকে সীমাবদ্ধ রেখেছেন। বাইরে যত বড় বড় কথাই বলুন, এখানে এ বিষয়ে যে গুরুত্ব দেওয়া উচিত ছিল সে গুরুত্ব ওঁরা দিতে পারেননি। ৬ই ডিসেম্বরের ঘটনার পর গোটা দেশে এবং এই রাজ্যেও কি বীভৎস সাম্প্রদায়িক দাঙ্গা হয়ে গেছে। আমি মনে করি এটা রাজনৈতিক আক্রমণ এবং প্রতি-আক্রমণের সময় নয়। আমরা আপনাদের বিরুদ্ধে আছি, ছিলাম এবং যত দিন পশ্চিমবাংলায়, ভারতবর্ষ এবং পৃথিবীতে একটা কমিউনিস্টও বেঁচে থাকবে তত দিন পর্যন্ত আমরা আপনাদের বিরুদ্ধে থাকব। কিন্তু আজকে এই মুহূর্তে দেশকে বাঁচাবার জন্য, দেশের বৃহত্তর স্বার্থে—মার্কিন সাম্রাজ্যবাদ আমাদের দেশকে খন্ড খন্ড করার জন্য যে ষড়যন্ত্র করছে তাকে প্রতিহত করার জন্য ভীষণ সংগ্রাম করতে হবে। আজকে কি ভয়ঙ্কর অবস্থার মধ্যে আমরা দাঁড়িয়ে আছি! এই অবস্থাটা যদি রাজ্যপাল তথা আপনারা উপলব্ধি করতেন তাহলে এ সম্পর্কে আপনাদের বক্তব্য একটা প্যারার মধ্যে সীমাবদ্ধ রাখতেন না। মাননীয়

মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন। প্রথম দিকে তিনি এ বিষয়ে উদাসীন ছিলেন। তার পরিণতি হিসাবে পশ্চিমবাংলায় রাজনৈতিক সচেতনতা প্রচন্ড থাকা সত্ত্বেও দুটো জায়গায় বড় বড় দাঙ্গা হয়ে গেল। আজকেও উনি মনে করছেন ভবিষ্যতে আর কোনও দিন দাঙ্গা হবে না। অথচ আজকেও এখানে কল্যাণ সিং এসে হুমকি দিচ্ছে। এখানে ভাল্লুক, ঝুন্নুদের গ্রেপ্তারের পরের দিনই ছেড়ে দেওয়া হচ্ছে এবং মোঘলদের মতো দাঙ্গা বিরোধীদের গ্রেপ্তার করার জন্য রাজনৈতিক চাপ সৃষ্টি করা হচ্ছে। ফলে বহু মানুষ দাঙ্গাবাজদের দিকে চলে যাচ্ছে এবং আগামী দিনে দাঙ্গা সম্ভাবনা বৃদ্ধি পাচ্ছে। মুখ্যমন্ত্রী বলেছেন, পুলিশ ভাল কাজ করছে, পুলিশের শুভ বুদ্ধির ফলেই দাঙ্গা বন্ধ হয়েছে। স্যার, আমি একটা সংবাদপত্রের একটা ছোট সংবাদ এখানে উল্লেখ করতে চাই। সংবাদপত্রে লিখেছে, 'মুসলিমস হিউমিলিয়েটেড দি সিটি লক আপ।' তারপর লিখছে ভয়ঙ্করভাবে হিউমিলিয়েটেড হয়েছে এবং সেই বর্ণনা পড়লে যে কোনও মানুষই সাম্প্রাদায়িক মানসিকতায় পৌঁছে যাবে এবং দাঙ্গায় উস্কানি দেবে। মেটিয়াব্রুজ থেকে যাদবপুর থানা পর্যন্ত জল্লাদরা তান্ডব চালিয়েছে এবং চালাচ্ছে। সারা রাত ধরে তারা মানুষের ওপর অত্যাচার চালাচ্ছে, পীড়ন করছে। কলিমুদ্দিন সামস সাহেব এখানে উপস্থিত আছেন, তিনি জানে কিনা জানি না, তাঁর দলের ফরোয়ার্ড ব্লকের ভাইস-চেয়ারম্যান মার খেয়ে হাসপাতালে পড়ে রয়েছেন। উর্দু কাগজ 'আকবরী মসরিক'-এ বিস্তারিতভাবে বর্ণনা বেরিয়েছে কাগজে আরও বেরিয়েছে যে, পুলিশ কমিউনাল বেস হয়ে গেছে। যে পুলিশ কমিউনাল বেস হয়ে গেছে সেই পুলিশের স্পোর্টস মুখ্যমন্ত্রী টুপি পরে উদ্বোধন করছেন! কখনও স্পোর্টস উদ্বোধন করছেন কখনও পুলিশের সামনে গিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি সম্বন্ধে ভাষণ দিচ্ছেন।

[12-50 — 1-00 p.m.]

আজকে কমনিউন্যাল রায়টের ব্যাপারে সরাসরি অভিযুক্ত যে পুলিশ যাকে ছুটি নিয়ে পালাতে হয়েছিল সেই পুলিশকে আপনি আশীর্বাদ এবং তোয়াজ করছেন, যাদের বিরুদ্ধে বিভিন্ন রকম অ্যাকুইজিশন হয়েছিল, আমি সংবাদপত্রের মাধ্যমে ছবি সমেত আপনার কাছে পেশ করলাম এর কোনও উত্তর থাকলে দেবেন। আমি নির্মমভাবে বলতে চাই যে, পুলিশের প্রতি এই মনোভাব যদি দেখান তাহলে আগামীদিনে পুলিশি গুন্ডাদের দ্বারা সাম্প্রদায়িকতা রক্ষা করার কোনও ক্ষমতা থাকবে না। আমি কিছু বলছি না, তবে সাম্প্রদায়িকতা বন্ধ করতে হলে আপনাকে সজাগ থাকতে হবে। পঞ্চায়েত রাজ সম্বন্ধে আমরা বলেছিলাম যে ৬ মাস পরে নির্বাচন করুন, সেটা করলে কিছু মহাভারত অশুদ্ধ হত না। রাজনৈতিক দল হিসাবে আমরা বলেছিলাম যে ডিউ টার্মে করুন, আমরা নির্বাচন অংশ গ্রহণ করব, আপত্তি নেই দেশের মানুষ বুঝবে কিন্তু আপনারা সেকথা মেনে নেননি, তার কারণ আপনারা এই সময়ে কিছু রাজনৈতিক ফায়দা তোলার কথা ভাবছেন। আমরা চিন্তা করেই বলেছিলাম যে, কেন্দ্রীয় সরকার একটা নতুন আইন পাস করেছেন। ১২টি রাজ্য থেকে পাস হলে সেটা ম্যানডেটরী হয়ে যায়, আপনারা অপেক্ষা করেননি। আমরা বলেছিলাম কেন্দ্রীয় সরকারের ভাল ব্যবস্থা হয়েছে, এত টাকা আসছে, পঞ্চায়েতের গুরুত্ব বাড়ছে, সুতরাং এর জন্য সব চেয়ে ভাল একটা উপায় এ. জি.র কাছে একটা অ্যাকাউন্ট ঠিক রাখা। এতে কংগ্রেস কমিউনিস্টের কোনও ব্যাপার নয়, দেশের মানুষের টাকা, এ. জি.র কাছে রাখলে ইরেগুলারিটিজ, কোরাপশন এবং স্বজনপোষণ না হয়। সেদিকটা দেখে অপেক্ষা করলেন না। এ আইনে প্রধান

ডাইরেক্ট নির্বাচিত হবে, উপ-প্রধান ডাইরেক্ট নির্বাচিত হবে জেলাপরিষদের সভাধিপতি ডাইরেক্ট নির্বাচিত হবে, অর্থনৈতিক ক্ষমতার পাশাপাশি রাজনৈতিক ক্ষমতা থাকলে এটা আরও শক্তিশালী, মজবুত হত। আমরা বার বার এই কথা বলেছিলাম ওনারা সে কথা শুনলেন না। মহিলা সদস্যরা কনটেস্ট করবেন। সামনে সাম্প্রদায়িক শক্তি একে কি আকারে দেখছেন সেটা জবাবি ভাষণে বলবেন। দিল্লিতে কেন্দ্রীয় সরকারের এই সময়ে আপনারা তাদের ব্ল্যাক মেল করছেন। কংগ্রেস ২৫ বছর সরকারে না থাকলে কিছু যায় আসে না, এই যে আমরা ১৬ বছর ধরে সরকার নেই, শেষ করে তো দিতে পারেননি। ইতিহাসের প্রয়োজন কংগ্রেসের জন্ম হয়েছে যতদিন ইতিহাসের অস্থিত্ব থাকবে ততদিন কংগ্রেসও থাকবে। আপনারা ব্ল্যাক মেল করছেন আর ওদিকে সাম্প্রদায়িক শক্তি মাথাচাড়া দিচ্ছে। আগামী দিনে যা দেশকে সর্বনাশের দিকে এগিয়ে দেবে। আপনি মুখে ভাল ভাল কথা বলেন। আমি আর একটা কথা ওনাকে বলি, ক্ল্যানসিং এখানে এসেছিলেন, বাহবা দিলেন, দিল্লিতে বি. জে. পি. মিটিং ডেকেছিলেন, কেন্দ্রীয় সরকার ভাল কাচ করেছেন মিটিং রুখে দিলেন। আগামী ১১ই এপ্রিল তারিখে—উনি যদি ঘোষণা করতে পারেন তাহলে আমি ওঁকে সাধুবাদ জানাব—এ যে বি. জে. পি. ময়দান আদবানী, অটলবিহারী বাজপেয়ী এবং কল্যাণ সিংয়ের মিটিং রুখবেন, তাতে প্রয়োজন হলে আমরা সাহায্য করব। আমরা জানাচ্ছি যে রাজ্য সরকার সমস্ত ক্ষমতা দিয়ে বি. জে. পি.র ময়দানের মিটিংকে স্তব্ধ করে দেবেন দিল্লিতে যেমন দিয়েছে। তা যদি দেন তাহলে জানবেন আপনি সত্যিকার নেতা, তা না হলে ন্যাতা হয়ে যাবেন। একটার পর একটা করে ধরলে শেষ করা যাবে না। আপনি পরবর্তীকালে বলেছেন ৩ নম্বর অনুচ্ছেদে আছে শিডিউল্ড কাস্ট তফসিলিদের সব কাজ করছেন, একটা ছোট কাজের নমুনা দিচ্ছি। সার্টিফিকেটের কথা, সল্টলেকে অফিস নিয়ে গেছেন, আজকে বহু লোক চাকরির জন্য শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট পাচ্ছেন না, নানারকমভাবে হয়রান হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে প্রশাসনের ব্যাপারে কোনও কোনও ক্ষেত্রে যা গ্রহণ করেছিলেন তা আজকে ইমপ্লিমেন্ট করলেন না। আমরা প্রস্তাব করেছিলাম যে সরকারি কর্মচারিদের জন্য ডায়রি সিস্টেম চালু করার কথা, আপনি বলেছিলেন আর কিছু না পারি অন্তত একটা পরিচ্ছন্ন প্রশাসন উপহার দিতে পারব, ১৬ বছর মনিটারিং করে তা পারলেন না। আমরা বলেছিলাম ডিফারেন্ট রেফারেন্স সেকশন চালু করুন আপার ডিভিসন সিস্টেম রেফারেন্স হিসাবে স্টার্ট করা কথা বলেছিলাম, কিন্তু তা করতে পারেন নি।

আপনাকে স্বাগত জানিয়েছিলাম, কিন্তু আজ পর্যন্ত সেটা ইমপ্লিমেন্ট করেননি এবং তার ফলে চূড়ান্ত ক্ষতি হয়ে যাচ্ছে রাজ্যের। আজকে লক্ষ লক্ষ মামলা ঝুলে আছে। ঐসব মামলায় কোনও কোনওটিতে প্লেনটিক, আবার কোনও কোনওটিতে ডিফেনডেন্ট অভিযুক্ত হচ্ছেন। তবে আমি দেখেছি, শতকরা ৯০টি মামলায় ডিফেনডেন্ট হারছেন। আপনি এটা দেখবেন না যে ক্ষুদ্র ক্ষুদ্র কারণে কেন সাধারণ মানুষ সরকারি কর্মচারিরা মামলা করেন এবং কেন এই মামলাগুলির দ্রুত নিষ্পত্তি হয় না? আজকে কত টাকা আপনাদের মামলার জন্য খরচ হয়েছে এবং কটি মামলাই বা জিতেছেন? আপন নিজেই হোম ডিপার্টমেন্টের দায়িত্বে রয়েছেন, কিন্তু কোনও ব্যবস্থা করতে পারছেন না। রাজ্যপালের ভাষণে এই ব্যাপারে কোনও বক্তব্য থাকবে না কেন এই প্রশ্ন আমি আপনার শুভ বুদ্ধির কাছে রাখতে চাই। আমি এই রাজ্যের

সরকারি কর্মচারিদের ক্ষেত্রে একটা সুপারিশ করছি ডি. এ. দেবার ব্যাপারে, কারণ তারা এখনও ডি. এ.-র ২৩ পারসেন্ট পারনি। আজকে একটা ডি. এ. দেবেন তার কোনও উল্লেখ পর্যন্ত নেই এতে, সমর্থন করব কি করে? আপনি ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত ছিলেন, কি করে আপনাকে সাপোর্ট করব? পে কমিশনের রিপোর্ট ১৯৮৯ সালে সাবমিট করা হয়েছিল, ১৯৯০ সালে তা অ্যাকসেপ্ট করবার পর ইমপ্লিমেন্ট করেছেন, কিন্তু আজ পর্যন্ত ১৫ মাসের এরিয়ার পাচ্ছেন না কর্মচারিরা—সাপোর্ট করব কি করে? এখানে অর্থমন্ত্রী রয়েছেন ; কবে তার টাকাটা পাবেন বলুন? আমি বলছি, ক্যাজুয়াল কর্মীদের ক্ষেত্রে একটা ইউনিফর্ম পলিসি থাকা দরকার। কেবলমাত্র নিজেদের সমর্থক কর্মচারিদের ক্ষেত্রে ব্যবস্থা করেছেন, কিন্তু বাকি হাজার হাজার ক্যাজুয়াল কর্মী যারা পড়ে রয়েছেন তাদের জন্য কিছু করছেন না। হয়ত পঞ্চায়েত নির্বাচনের আগে একটা কিছু করবেন। ১৯৭২ সালের আগে সরকারি কর্মচারিরা একটা স্ট্রাইক করেছিলেন। গভর্নমেন্ট অ্যাজ এ পার্মানেন্ট ইন্সটিটিউশন তখন তারা সিদ্ধান্ত নিয়েছিলেন যে, যারা স্ট্রাইকে অংশ নিয়েছেন তারা সিনিয়রিটি বেসিসে প্রমোশন পাবেন না। সেইমতো তারা আন্তরিক কর্মচারী তাদের প্রমোশন দেওয়া হয়েছিল সেই সময়। পরবর্তীকালে আপনারা এসে তাদের প্রমোশন কেটে, এমন কি পে প্রোটেকশন পর্যন্ত কেটে নিচে নামিয়ে দিলেন এবং নিজেদের লোকদের ওপর উঠিয়ে দিলেন। আজকে এই ব্যাপারে আপনারা হাইকোর্টে পর্যন্ত হেরে গেছেন। শুধু হাইকোর্টেই নয়, সুপ্রিম কোর্টে এবং হাইকোর্টের ডিভিসন বেঞ্চে পর্যন্ত হেরেছেন, কিন্তু যারা প্রমোশন পেয়েছিলেন, কিন্তু আপনারা এসে নামিয়ে দিয়েছিলেন তারা পে প্রোটেকশন পর্যন্ত পাননি, আপনারা সেটা তাদের দেননি। আশা করি এই ব্যাপারটা উত্তর দেবার সময় উল্লেখ করবেন। বক্তৃতার সাত নম্বর পাতা দেখুন, অদ্ভুত লাগবে পড়তে। সমস্ত জায়গাতে হচ্ছে হবে এই সমস্ত কথাবার্তা নেই। এইভাবে রাজ্যপালকে দিয়ে সব অসত্য কথা বলিয়েছেন। এইসব নির্জলা অসত্য কথা তাঁকে দিয়ে বলালেন কি করে? অবশ্য আপনারা তো আবার ধর্মটর্ম মানেন না! তবে এখন দেখছি, আপনারা স্বামীজির বন্দনা করছেন, মহাত্মা গান্ধীর জন্মদিনেও দেখেছি আপনি চরকা কাটতে গিয়েছিলেন। এসব করুন, আপত্তি নেই।

[1-00 — 1-10 p.m.]

আপনারা বললেন ১৩নং অনুচ্ছেদে—আপনারা অনেকে ট্রেড ইউনিয়ন করেন—আপনারা বললেন "এই বছর রাজ্য শ্রম দপ্তরে ২০টি ধর্মঘট, ৫২টি লক আউট, ২টি ক্লোজারের ক্ষেত্রে সন্তোষজনক মিমাংসা করতে পেরেছেন"। ১৯৯১-৯২ সালে আমরা দেখতে পাচ্ছি ২০৯টি লক আউট হয়েছে। এটা আমি পড়ছি ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট ইন ওয়েস্ট বেঙ্গল থেকে। ২০৯টি লক আউটের মধ্যে আমরা মিমাংসা করছেন ৫২টি। এই যে ৫২টি মিমাংসা করেছেন এর সঙ্গে শ্রমিক যুক্ত আছে ১১০০ জন। ২০৯ থেকে বাকি যা আছে তার মধ্যে শ্রমিক যুক্ত আছে ২৭৪ হাজার লোক। এই যে মিমাংসা করেছেন এটা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ আছে। কি অসত্য ভাষণ দেওয়া হয়েছে। ১৯৭০ সালে আপনারা জোর ট্রেড ইউনিয়ন করেছিলেন। সেই সময় ১২৮টি লক আউট এবং ৭০০ স্ট্রাইক ছিল। পরবর্তীকালে আপনারা যখন ক্ষমতায় এলেন ধারাবাহিকভাবে ১৯৮০ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত যা লক আউট হয়েছে সেটা জ্যামিতিক আকারে বেড়েছে, স্ট্রাইক কমেছে। আপনারা আমাদের দায়িত্বজ্ঞানহীন

বলেন। আপনারা মালিকদের সঙ্গে চুক্তি করে লক আউট করেছেন। কি পরিমাণ অসত্য কথা আপনারা রাজ্যপালকে দিয়ে বলিয়েছেন। মিথ্যা কথা বললে ভাল হত, কিন্তু আপনি এটা এক্সপাঞ্জ করে দেবেন তাই বলছি না। আপনাদের আমলে টোটাল স্টারভেশন কি হয়েছে? ১৯৮৪ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত ১৫৩২ জন মারা গিয়েছে। আমি কারখানায় শ্রমিকদের কথা বলছি। ভারতবর্ষের একটা জায়গা দেখাতে পারবেন ১৫০০ শ্রমিক মারা গেছে? আত্মহত্যা করেছে টোটাল ৬০ জন ওয়ারকার। কারা এই আত্মহত্যা করেছে? এতে আপনারদেরও ওয়ারকার আছে, মেটাল বক্স, এম. এম. সি-তে আপনাদেরও ওয়ারকার আছে। অন্য কোনও দেশ হলে সিভিল ওয়ার হয়ে যেত। শিল্পের ক্ষেত্রে কি করেছেন? ৩৭ হাজার ছোট বড় কারখানা বন্ধ হয়ে আছে। ভারতবর্ষে কোথাও এই জিনিস আছে? শিল্পে নাকি আমাদের জায়গা দুই নম্বরে হয়েছে। এই নির্জলা অসত্য কথা বলা যায় না, কিন্তু বলা হচ্ছে। শিল্পের এই ভয়াবহ অবস্থার জন্য নিজে বলুন কী উদ্যোগ নিয়েছেন। আপনারা বার বার বলেছেন রাইটের কথা। আপনারা বলেছেন রেজেস্ট্রেশনের রাইট দিয়েছেন। শ্রমিক কর্মচারিদের রেজিস্ট্রেশনের রাইট দেওয়াটাই হচ্ছে সব চেয়ে বড় রাইট। আমরা ১৫ বছর পরে এই ১ বছর হল আপনাদের মাথায় এসেছে রেজিস্ট্রেশনের রাইট দেওয়ার কথা, আগে দেননি। স্বাভাবিকভাবে অসত্য কথা বানিয়ে বলা হয়েছে। যুব কল্যাণ দপ্তরের কথা নেই, কিন্তু মৎস্য বিভাগের কথা আছে। আবার বলা হচ্ছে এখন শুধু পুকুরে নয় খাল নদী সাগরে মাছ চাষ হবে। কি প্রমাণ পুকুর চুরি হবে আপনি দীর্ঘদিনের মুখ্যমন্ত্রী আপনি জানেন। ৭০০ কোটি টাকার মাছ যদি নদী বা সাগরে ফেলা হয় তাহলে সেটা কি আর খুঁজে পাওয়া যাবে পাবলিক অ্যাকাউন্ট কমিটিতে ডেকে যদি জিজ্ঞাসা করা হয়? উনি বলে দেবেন ইকোলজিক্যাল ব্যালেন্সের জন্য নদী এবং সাগর মাছ ছেড়েছি। শুধু একটা স্টীল ছবি তুলে রেখে দেবেন মাছ ছাড়ছি। মাঝে মাঝে একটা স্টীল ছবি টি. ভি.-তে দেখতে পাই তিনি মাছ ছাড়ছেন। নদী এবং সাগরে ছাড়া আর বন্দার ফেলা তো একই ব্যাপার। পরিকল্পনার টাকা আসছে, সেটা আটকে আছে। ৮ কোটি টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট দিলেন, ৪ কোটি টাকা দিলেন আর ৪ কোটি টাকা রেখে দিলেন কর্মচারিদের মাইনে দেবার জন্য। আপনাদের আমলের এই মন্ত্রীর চেহারা দেখে ভবিষ্যতে আমরা যখন মন্ত্রী হব তখন আমাদের দিক থেকে সবাই বলবে এই মৎস দপ্তরের মন্ত্রী হব কারণ এই দপ্তরটা ভাল, এই দপ্তর থেকে নদীতে মাছ ছাড়া হবে। রাজ্যপালের ভাষণে এই সমস্ত কথাগুলি রেখেছেন, আসল সত্য কথা লুকিয়ে রেখেছেন।

স্যার, এখানে শিক্ষামন্ত্রী রয়েছেন ওঁনার সামনে শিক্ষা সম্বন্ধে দু-একটি কথা বলছি। রাজ্যপালের ভাষণের ৩০ নং প্যারাতে যা বলা হয়েছে তা যথেষ্ট নয়, সরকারি যে কলেজগুলো পরিচালনা করছেন পি. কে. চৌধুরি তিনি, ডি পি আই, একজন দুর্নীতিগ্রস্ত মানুষ কিন্তু মন্ত্রীর পেয়ারের লোক বলে তাকে রেখে দেওয়া হয়েছে। আরেকজন মন্ত্রীর পেয়ারের লোক অধ্যাপক মৌলানা আজাদ কলেজে। এঁর বিরুদ্ধে এস এফ আইয়ের পক্ষ থেকে আন্দোলন করা হয়েছিল এবং ফলে ওই অধ্যাপককে পদত্যাগ করতে বাধ্য করা হয়। আপনাদের তো আইন আছে যে, সই করলেই হবে। এই ডি পি আই শুধু করেই টিউশনি করে যাচ্ছেন, এর বিরুদ্ধে সরকারি অফিসাররা ক্ষুদ্র কিন্তু তবুও ডি পি আইয়ের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। তারপরে আপনাদের যে ত্রিমুখী শিক্ষা ব্যবস্থা আমি তাকে পছন্দ করি না। আমি

বলছি না যে ইংরাজি শিক্ষা প্রবর্তন করুন। আমি মনে করি মাতৃভাষার মাধ্যমে শিক্ষা লাভ করলে সবচেয়ে ভাল হয় এবং মাতৃভাষার মাধ্যমেই শিক্ষা হয়। কিন্তু এই যে ডন বসকো কে জি কনভেন্ট স্কুলগুলো গজিয়ে উঠছে তাতে যেসব ছেলেমেয়েরা পড়বে তারা কম্পিটিটিভ একজামিশেন দিতে পারবে এবং পাশ করবে আর গ্রামের গরিব ছেলে মেয়েরা কোনও সুযোগ সুবিধা পাবে না হতে পারে না। এইসব ডন বসকো, কে জি কনভেন্ট স্কুলে ভর্তি করতে গেলে ৪০ হাজার, ৫০ হাজার টাকা দিয়ে ভর্তি করতে হয়। সেন্ট জেভিয়ার্স স্কুলে ভর্তি করতে গেলে ৪০ হাজার ৫০ হাজার টাকা দিয়ে ভর্তি করতে হয়। এইসব ব্যাপার সাধারণ মানুষরাও জানেন আপনারাও জানেন। আমি সখাওয়াত মেমোরিয়াল স্কুলের প্রিন্সিপাল সম্বন্ধে অভিযোগ তুলেছি। তিনি মেয়ে ভর্তির ব্যাপারে টিচারদের বলেছেন যে, তোমরা খাতায় পেনসিল দিয়ে নম্বর দেবে এবং কালি দিয়ে সই করবে। পরে তিনি ওই পেনন্সিগুলোর জায়গায় নিজে নম্বর বসিয়ে দেবেন। এই ব্যাপারে সমস্ত তথ্য দিয়ে আমি একটি চিঠি ভিজিলেন্সে দিয়েছি এবং একটা কপি আপনাকেও দিচ্ছি। এই ব্যাপারে একটা তদন্ত হওয়ার দরকার। তারপরে ডন বস্কোতে ভর্তির ব্যাপারে ডি. সি. ফোন করলে হয়ে যাবে কিন্তু আপনি করলে হবে কিনা জানি না, আমি করলে হবে না। ওখানে ভর্তি করতে গেলে উপঢৌকন দিয়ে ভর্তি করতে হয়। তারপরে খৃষ্টান হলে তো ভর্তি হয়েই যাবে। স্যার, এইবার আমি একটি ভয়ঙ্কর খবর বেরিয়েছে সেই প্রসঙ্গে বলছি। আজকাল কাগজে বেরিয়েছে এখন সব নারী নির্যাতনের ঘটনা যা পড়লে আমাদের লজ্জা পেতে হয়। আজকে মা- বোনেদের ইজ্জত রক্ষা করতে পারছেন না। আজকাল কাগজে বেরিয়েছে যে ৫ জন ট্রাইবাল আদিবাসীকে ধর্ষণ করা হয়েছে। আরেকটি মজার এবং কলঙ্কময় ঘটনার কথা শোনাচ্ছি, আপনি শুনলে অবাক হয়ে যাবেন। গতকাল শহীদ মিনারের তলায় যেখানে সন্ধ্যা বেলায় আলো ঝলমল করে সেখানে রাতের সাথে সাথে ফ্রি বারবণিতাদের সঙ্গে রফা হয়। আমি এই প্রসঙ্গে একটি ঘটনা উল্লেখ করছি—গতকাল কোনও একজন এম. এল. এর ভাই বারবণিতার সঙ্গে রফা করছিলেন তখন পুলিশের হাতে ধরা পড়ে। পুলিশকে তখন ৪০০ টাকা দিয়ে রফা করেন। ওই খারাপ মেয়েটিক নিয়ে অন্ধকার চলে যেতে বলেন পুলিশ এবং কাজ হয়ে গেলে যেন ফিরে আসেন। পরে পুলিশ ওই এবং ওই এম. এল. এ.র ভাই মিলে চা এবং হাসিমসকরা করা হয়। সুতরাং এই ধরনের নারকীয় কাজ হচ্ছে, তার কোনও ব্যবস্থাই নেওয়া হচ্ছে না সাজা হচ্ছে না এবং অপরাধীরা গা ঢাকা দিয়ে ঘুরে বেড়াচ্ছে।

[1-10 — 1-45 p.m. (including adjournment)]

**শ্রী সুব্রত মুখার্জি :** আজকে কেন মহিলারা সন্ধ্যার পর একা বা দুইজনে ট্যাক্সিতে বের হয় না, কেন আজকে কলকাতায় নক্কারজনক অবস্থা হয়েছে, ১৬ বছরের মুখ্যমন্ত্রী কি তার উত্তর দেবেন? আমি তার সঙ্গে নিজের এলাকার কথা বলি, আমি মনে করি এই হাসপাতালগুলি—গতকাল আমাকে তাড়িয়ে দেওয়া হয়েছিল এইজন্য—যেমন মেয়ো হাসপাতাল বন্ধ আছে, সেখানে কিছু গরু, শুয়োর আর গাড়ি রাখার গ্যারেজ হয়ে গেছে, আজ পর্যন্ত সমস্ত হাসপাতালে এই অবস্থা হয়ে গেছে। আজকে এর কোনও প্রতিকার হয়নি। এই যে রাজ্যপালের ভাষণ, আমার জীবনে ৭১ সাল থেকে একবার বাদ দিয়ে আমি আছি, এত জোলো, এত পচা, এত অসত্য, এত কৎসিতভাবে সত্যকে গোপন করার চেষ্টা কোনওদিন

আমি পাইনি। এমন কি বিভিন্ন ডিপার্টমেন্টকে আড়াল করা হয়েছে এটা করা জন্য? This is a mirror of the whole Budget session এটাকে দর্শন কার চলবে। আজকে যদি সত্যকে গোপন করা হয় তাহলে কার জন্য, কিসের জন্য এই বাজেট? আজকে এই কথা ভাববার জন্য আমি বলব। আমি জানি মুখ্যমন্ত্রী সভায় জবাবি ভাষণ দেননা। আমাদের লিডার বলেছেন, আমার সহকর্মীরা বলেছেন, কিন্তু উনি একটিও জবাব দেবেন না। উনি কেন্দ্রকে খালি ব্ল্যাকমেল করছেন। লোকে বলে সিংজি আর সাপকে যদি একসঙ্গে দেখ তাহলে আগে সিংজিকে মারো, তারপরে সাপকে মারো। সেই সাপের চাইতেও সাংঘাতিক মানুষ সিংজি বেরিয়ে গিয়েছেন। আজকে সবাই মিলে এই কথা বলব না যে আদবানীর রথকে রুখতে হবে, তা নাহলে সর্বনাশ হয়ে যাবে দেশের। আজকে সাংঘাতিক অবস্থা হয়ে গেছে দেশের, আজকে এই কথা না বলে রাও সাহেবকে হটাও, ত্রিপুরা সরকারকে হটাও এই কথা বলবেন? সেই রাজনীতির সময় তো আছে, সেই লড়াই করার সময় তো আপনাদের আছে। আজকে আমরা ভাবব না সন্ন্যাসীরা চলে যাচ্ছে লোকসভায়, আর রামরথ চলছে রাস্তায়, ইউ. পি.-তে হাস্যকর অবস্থা রামের মতো পবিত্র মানুষকে নিয়ে। আমারও পূজা করি, আমরা আপনাদের মতো লোক নই। সুতরাং আমি চাই ১১ তারিখে এদের মিটিং রুখে দিতে হবে, যেমন করে ২৫ তারিখে রাও সরকার রুখে দিয়েছেন এই নজির তৈরি করতে হবে। নতুবা আমরা মনে করব যা করছেন সেটা শুধু ধাপ্পা। আজকে আমাদের রাজনৈতিক ব্যক্তিদের উচিত একে একসঙ্গে রুখে দেওয়া, সামনের দিন বড় ভয়ঙ্কর দিন, সামনের ভয়ঙ্কর দিনকে আমাদের একসাথে রুখে দিতে হবে।

(At this stage the Hosue was adjourned till 1-45 p.m.)

(After adjournment)

[1-45 — 1-50 p.m.]

**শ্রী সমর বাউরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫ তারিখে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন হয়েছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। সেই সঙ্গে কংগ্রেসের ২০ শতাংশের পক্ষ থেকে আলাদা করে যে সমস্ত সংশোধনী আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি। আমার পূর্ববর্তী বক্তা বিরোধীদলের মাননীয় সদস্য সুব্রতবাবু কি যে বলে গেলেন তা ঠিক বোঝা গেল না। অবশ্য কিছুটা ওনার অসুবিধা আছে। কারণ যার বলার কথা ছিল তার পরিবর্তে তাকে উঠতে হয়েছে, যার জন্য তার বক্তৃতার আসল কথা কিছু নেই। আমি যে কথা বলতে চাই, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের মধ্যে সঠিকভাবেই এই সরকারের কাজকর্ম প্রতিফলিত হয়েছে। বিভিন্ন প্রতিকূলতার মধ্যে দিয়ে, আর্থিক নীতির মধ্যে দিয়ে, বিভিন্ন নীতির মধ্যে দিয়ে যেভাবে কেন্দ্রীয় সরকার প্রতিনিয়ত বাধা সৃষ্টি করছে ; যেভাবে রাজ্যের আর্থিক ক্ষেত্র থেকে—রাজ্যের সমস্ত কর থেকে, রাজ্যের সমস্ত প্রাপ্য থেকে—এই সরকারকে বঞ্চিত করা হচ্ছে তা সকলেরই জানা। শুধু শিল্প নয়, শিল্প কৃষি সমস্ত ক্ষেত্রে এই কেন্দ্রীয় সরকার প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে। সেই প্রতিবন্ধকতার মুখে দাঁড়িয়ে আমাদের বামফ্রন্ট সরকার এখানকার মানুষের জন্য লড়াই করে যাচ্ছেন। পশ্চিমাবাংলায় বামফ্রন্ট

সরকার বুঝেছে যে সঠিকভাবে পশ্চিমবাংলার উন্নয়ন করতে গেলে ভূমিসংস্কারের মাধ্যমে এগোতে হবে এবং কৃষি উন্নয়ন ও শিল্পোন্নয়নের দিক তৈরি করতে হবে এবং কৃষক মজুরদের বাজার থেকে খাদ্য ক্রয় ক্ষমতা সৃষ্টি করতে হবে। সেই উদ্দেশ্যে নিয়েই বামফ্রন্ট সরকার ভূমিসংস্কারের মধ্যে দিয়ে ২০ লক্ষ ৩০ হাজার মানুষকে উপকৃত করেছেন। যার শতকরা ৫৬ ভাগ হচ্ছে শিডিউল্ড কাস্ট। বর্গার মধ্যে দিয়ে ১ কোটি মানুষ উপকৃত হয়েছেন। এই সমস্ত ব্যবস্থা অবলম্বনের মধ্যে দিয়ে কৃষকদের মধ্যে কিছু উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছে। আমরা আরও দেখতে পাই ১৯৮৮-৮৯ সালে যখন আমাদের পশ্চিমবাংলায় দানা শস্যের উৎপাদন ছিল ১১৫ লক্ষ মেট্রিক টন, সেখানে এখন ১৯৯২ সালে উৎপাদন বেড়ে, দাঁড়িয়েছে ১২৫ লক্ষ মেট্রিক টন। সমগ্র ভারতবর্ষে খাদ্যশস্যের উৎপাদনের যে হার বৃদ্ধি হয় তাতে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে।

[1-50 — 2-00 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিকূলতা অনেক বেশি। কেন্দ্রীয় সরকার সারের দাম বাড়িয়ে করেছেন—ডি. এ. পি. সারের বস্তার দাম ছিল ১৮৫ টাকা, সেটা বাড়িয়ে করেছেন ৪৩০ টাকা। পটাশ ৬৫ থেকে বেড়ে হয়েছে ৩৩২ টাকা, ইউরিয়া ১১৮ টাকা থেকে বেড়ে হয়েছে ১৪৫ টাকা। এই রকম প্রতিকূলতার মধ্যে দাঁড়িএয় পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার কাজ করে যাচ্ছে। সমস্ত ভারতবর্ষে খাদ্যশস্যের উৎপাদন ২০ কেজি পার একরে, আর আমাদের পশ্চিমবাংলায় পার একরে উৎপাদন হয় ৩৭ কেজি। এবং এই প্রতিকূলতার মুখে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় যেখানে '৭৭-'৭৮ সালে আউস এলাকায় উচ্চ ফলনশীল ধানের যে সমস্ত চাষ হত, তা ছিল ৩১.৩৩ শতাংশ, সেটা ৮৯-৯০ সালে বেড়ে দাঁড়িয়েছে ৪৩.৯৩ শতাংশ, যেখানে আমন এলাকায় '৭৭-'৭৮ সালে ছিল ৩১.৩ শতাংশ ছিল, সেটা দাঁড়িয়েছে ৬০.৮৪ শতাংশ। এইভাবে খাদ্য শস্যের উৎপাদন পশ্চিমবাংলায় এগিয়ে চলেছে প্রতিবন্ধকতা অনেক থাকা সত্ত্বেও। পশ্চিমবাংলার গ্রামের চান সেচের সুযোগ বৃদ্ধি হোক। কিন্তু পশ্চিমবাংলার বৃহত সেচ প্রকল্পগুলিতে কেন্দ্রীয় বরাদ্দ কার্যত সেখানে নেই বললেই হয়। যেখানে বৃহৎ সেচ প্রকল্পের অন্যতম তিস্তা সেচ প্রকল্প, যেখানে কয়েক শত কোটি টাকা রাজ্য সরকার ইতিমধ্যে খরচ করেছে, সেখানে কেন্দ্রীয় সরকারের দেওয়া পাঁচ কোটি টাকা এবং পরবর্তীকালে আট কোটি টাকা প্রতিশ্রুতি তারা দিয়েছে ১৫০ কোটি টাকার, কিন্তু তাও কবে পাওয়া যাবে জানি না। কারণ কেন্দ্রের প্রতিশ্রুতির উপর ভরসা করার অভিজ্ঞতা আমাদের বড় তিক্ত। এই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার ফসল উৎপাদন বাড়ানোর জন্য আমাদের সংগ্রাম চালিয়ে যেতে হচ্ছে। পশ্চিমবাংলার মানুষকে সংগ্রাম চালিয়ে যেতে হচ্ছে। শুধু তাই নয় পশ্চিমবাংলার পঞ্চায়েতের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের সাধারণ মানুষ, তারা অনেক ক্ষুদ্র সেচের উৎস তৈরি করেছে, অনেক খাল-বিল সংস্কার করেছে এবং পশ্চিমবাংলার মানুষ জানে যে বর্তমান অর্থনৈতিক সঙ্কটের মুখে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকার যেটুকু সাহায্য তারা করতে পারছে, পশ্চিমবাংলার কৃষক জানেন, পশ্চিমবাংলার যে বামফ্রন্ট সরকার সংগ্রামের সহায়ক শক্তি, তাই কৃষক যেমন জানে, তারা লতানো ফসলের যখন চাষ করে, তারা জানেন, কাজও যেমন এগিয়ে চলে তখন কৃষক তাকে কঞ্চির যেমন যেমন সাপোর্ট দরকার হয়, সেই রকমভাবে তারা দেয়। মাচা বাঁধে, যেমন যেমন গাছ বাড়ে তেমন তেমন কৃষক একটা করে

কঞ্চির বা বাতা দিয়ে তার মাচায় তুলে দেয়। এইভাবে পশ্চিমবাংলার কৃষক বামফ্রন্ট সরকারকে তাদের সংগ্রামের সহায়ক শক্তি হিসাবে দেখে। তাই পঞ্চায়েতের মধ্যে দিয়ে যেটুকু সাহায্য সহযোগিতা গিয়ে পৌঁছাচ্ছে, তার সঙ্গে পশ্চিমবাংলার গ্রামের মানুষ তাদের নিজেদের অবদানে যুক্ত করে অজস্র সেচের উৎস তৈরি করে আজ পশ্চিমবাংলার মোট কৃষিজমি যেখানে ৫৫ লক্ষ হেক্টর, সেই জায়গায় তারা ৩৬ লক্ষ হেক্টরকে সেচের আওতাভুক্ত করতে পেরেছে এবং দু ফসলা তিন ফসলা করে তোলা এই সবের মধ্যে দিয়ে এই ৫৫ লক্ষ হেক্টর কৃষিজমির মধ্যেই তারা ৮৫ লক্ষ হেক্টরেই তারা চাষ করতে পারছে সারা বছরে। যেখানে পশ্চিমবাংলার ক্রপিং ইনটেনসিটি এসে দাঁড়িয়েছে ১৫৫ শতাংশ। প্রতিবন্ধকতা অনেক। কেন্দ্রীয় সরকার ঋণ সংকোচন যে নীতি তার মধ্যে দিয়ে তারা পশ্চিমবাংলাকে যেভাবে ক্রমাগত ঋণের সুযোগ থেকে বঞ্চিত করছে, কেন্দ্রীয় সরকারের ঋণ সংকোচন নীতি তারা তার মধ্যে দিয়ে বলতে চেয়েছে যে প্রায়রিটি সেক্টারে ঋণ কমাতে হবে। যেখানে ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক শর্ত দিয়েছে প্রায়রিটি সেক্টরে ঋণের সুযোগগুলো কমিয়ে দিতে হবে, এই সবের ফলে আমরা এখানে দেখি, জানিনা কোনও অদৃশ্য অঙ্গুলি হেলনে এই ধরনের অবস্থাটা সৃষ্টি হয়েছে, যেখানে সমগ্র ভারতবর্ষে বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে ঋণ দানের হার ৪০.৪ শতাংশ, সেখানে বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে পশ্চিমবাংলায় প্রায়রিটি সেক্টারে ঋণ দানের হার ২৯.৬ শতাংশ। কেন এই বৈষম্য তা আমরা বুঝতে পারছি না। কিন্তু পশ্চিমবাংলার সংগ্রামীর মানুষ তারা কিন্তু জানেন যে সংগ্রাম করে তাদের এগিয়ে যেতে হবে। তাই পশ্চিমবাংলায় সমবায় আন্দোলনকে ব্যবহার করে কৃষির উপকরণের জন্য যে প্রয়োজনীয় অর্থের সংস্থান করা প্রয়োজন, তার জন্য সমবায় আন্দোলনকে ব্যবহার করে কৃষি ক্ষেত্রে পশ্চিমবাংলার সমবায়, তারা '৮৮-'৮৯ সালে সমবায় ব্যাঙ্ক থেকে কৃষিতে লগ্নি হত ৯২.৫৬ কোটি টাকা, সেখানে '৯১-'৯২ সালে বরাদ্দ হয়েছে রাজ্য সমবায় ব্যাঙ্ক থেকে ১০৬.৬৮ কোটি টাকা সেই সঙ্গে প্রাথমিক সমবায় সমিতির বরাদ্দগুলো যদি যোগ করা যায় তাহলে দেখা যাবে ১৩০ কোটি টাকা আজ সমবায়ের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার কৃষকরা তাদের আর্থিক সংস্থান করতে পারছে। আদায়ের হার, হ্যাঁ, পশ্চিমবাংলার মানুষ জানে প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রাম করে তাদের এগিয়ে যেতে হবে। তাই যেখানে '৮৮-'৮৯ সালে এই সমবায় যেখানে ঋণ আদায়ের পরিমাণ ছিল ৪৯ শতংশ, ৯২ সালে পশ্চিমবাংলার সংগ্রামের—এই সংগ্রাম সম্পর্কে উপলব্ধির কারণে আজকে আদায়ের হার দাঁড়িয়েছে ৬১ শতাংশ। আপনারা কয়েকজন শিক্ষা জনগণের লোক আছে সৌগতবাবু সেদিন বলে গেলেন, শিক্ষার দিকে পশ্চিমবাংলার নাকি অগ্রগতি ঘটছে না। তিনি কতকগুলো ড্রপ আউটের হিসাব দিয়ে বলে গেলেন, অবশ্য আমার মনে হয় তিনি শিক্ষা জগতের লোক, অবশ্য শিক্ষার মধ্যে শিক্ষাও আছে, কুশিক্ষাও আছে, জানি না, তিনি কোনও শিক্ষা জগতের লোক। তিনি শুধু এইটুকু বলে গেলেন শিক্ষার হার ক্লাস ফোর পর্যন্ত সেখানে ড্রপ আউটের হার বলে গেলেন ৬১.৮৫ শতাংশ। ক্লাশ এইট-এ পৌঁছে ড্রপ আউটের হার বলে গেলেন ৭৮ শতাংশ। কিন্তু এই কথা বললেন না যে ৭৩ সালে যেখানে ক্লাশ ফোর পর্যন্ত পৌঁছে ড্রপ আউটের হার ছিল ৮৩.৩ শতাংশ, আজকে তাকে কমিয়ে ৬১ শতাংশে নামানো হয়েছে। আপনাদের মধ্যে কয়েকজন শিক্ষা জগতের লোক আছেন। সৌগতবাবু সে দিন বললেন, 'পশ্চিমবাংলা শিক্ষা জগতে কোনও অগ্রগতি ঘটেনি।' এই প্রসঙ্গে তিনি ড্রপ আউটের কতগুলি হিসাবও দিয়ে গেলেন।

[2-00 — 2-10 p.m.]

তিনি তো শিক্ষা জগতের লোক, তা আমার মনে হয় শিক্ষার মধ্যে অশিক্ষা আছে, কুশিক্ষাও আছে। জানি না উনি কোনও জগতের লোক? উনি বললেন পশ্চিমবাংলায় বর্তমানে চতুর্থ শ্রেণী পর্যন্ত ড্রপ আউটের হার ৬১.৮ শতাংশ এবং ৮ম শ্রেণীর পর্যায়ে ড্রপ আউটের হার ৭৮ শতাংশ। কিন্তু উনি এ কথা বললেন না যে, ১৯৭৩ সালে ক্লাস ফোর পর্যন্ত স্তরে ড্রপ আউটের হার ছিল ৮৩.৫ শতাংশ এবং বর্তমানে তাকে কমিয়ে ৬১ শতাংশে নামানো গেছে। এ কথা উনি বললেন না। একথা না যে, ক্লাশ এইট পর্যন্ত ১৯৭৩ সালে ড্রপ আউটের হার ছিল ৮৭ শতাংশ এবং বর্তমানে সেখানে থেকে তা কমে ৭৫ শতাংশে নেমেছে। এই সত্য কথাটা গোপন করলেন। সত্য গোপন করে শিক্ষা নীতির সমালোচনা করলেন। এমন কি উনি নিরক্ষরতা দূরিকরণের এবং সাক্ষরতা আন্দোলনেরও সমালোচনা করলেন। সাক্ষরতা আন্দোলন সম্বন্ধে কতটুকু জানেন? উনি বললেন, সাক্ষরতা আন্দোলন নিয়ে দুর্নীতি চলছে। কি দুর্নীতি চলছে, এর জন্য কত বরাদ্দ আছে? একজন নিরক্ষর পড়ুয়ার পিছনে মাসে মাত্র ৬ টাকা বরাদ্দ। তার মধ্যে দাঁড়িয়েছে সাক্ষরতা কেন্দ্র থেকে পড়ুয়াকে দিতে হয় প্রথম পাঠ, দ্বিতীয় পাঠ এবং তৃতীয় পাঠের বই। কোথাও তাকে সরবরাহ করতে হয় খাতা পেন্সিল, কোথাও তাকে সরবরাহ করতে হয় শ্লেট পেন্সিল। এই বরাদ্দ দিয়ে তা সম্ভব হয়? অথচ পশ্চিমবাংলার গ্রামের মানুষ বিনা—পারিশ্রমিককে, স্বেচ্ছা শ্রম দিয়ে দিয়ে সাক্ষরতা আন্দোলন চালিয়ে যাচ্ছে। আজকে গ্রামবাংলায় সাধারণ মানুষের স্বেচ্ছা অংশগ্রহণের মধ্যে দিয়ে সাক্ষরতা আন্দোলন চলছে এবং এর মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় ড্রপ আউটের হার কমে এসেছে যা আজকেই উল্লেখ পর্বে বিরোধীদলের সদস্য নাসিরুদ্দিন খাঁন সাহেব বলেছেন। তিনি উল্লেখ করলেন স্কুলে জায়গা হচ্ছে না, ঘর বাড়াতে হবে। এর থেকেই বোঝা যাচ্ছে আজকে পশ্চিমবাংলায় ড্রপ আউটের হার অনেক কমে গেছে এবং শিক্ষার জন্য আগ্রহ সৃষ্টি হয়েছে। হ্যাঁ, আমাদের সামনে অসুবিধা আছে। পশ্চিমবাংলার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতা কেন্দ্রীয় সরকারের নীতির ফলে ক্রমাগত কমে যাচ্ছে। এর জন্য আমরা নতুন নতুন ঘর বাড়ি তৈরি করতে পারছি না। এই অসুবিধার মধ্যে আমাদের লড়াই করতে হচ্ছে। সৌগতবাবু নিরক্ষরতা দূরিকরণ আন্দোলনকে কেন্দ্র করে দুর্নীতির কথা বললেন। একথা কি ওঁদের মুখে সাজে? সকাল সন্ধ্যা টি. ভি., রেডিও খুললেই একটা নতুন কথা শোনা যায় "প্রতিভূর্তিঘোটাল"। সেটা এমনও ঘোট যে আজকে তা কংগ্রেসদলের বড় কর্তার টেবিলে গিয়ে গোঁতা মারছে। ওঁরা শিক্ষা নিয়ে দুর্নীতির কথা বলছেন, ওঁদের মুখ থেকে আমাদের দুর্নীতির কথা শুনতে হচ্ছে! হ্যাঁ, আমাদের অসুবিধা আছে। অনেক অসুবিধা আছে, রাস্তাঘাটের অসুবিধা আছে, হাসপাতালের অসুবিধা আছে। কিন্তু কি ভাবে হবে? ওঁরা কি একটুও ভেবে দেখবেন না। ১৯৭৭ সালে এক বস্তা পাথর-কুঁচের যা দাম ছিল তার চেয়ে ৬ গুণ আজকে দাম বেড়ে গেছে। কি করে রাস্তা হবে? ১৯৭৭ সালে এক ট্রাক পিচের দাম ছিল ১৫০০ টাকা, আজকে তার দাম হয়েছে ১৮ হাজার টাকা। কি করে রাস্তা হবে? ১৯৭৭ সালে যে সিমেন্টের দাম ছিল ১৭ টাকা ব্যাগ, আজকে সেই সিমেন্টের দাম হয়েছে ১০৭ টাকা ব্যাগ। লোহার দাম, রডের দাম '৭৭ সালে ছিল ১৮০০ টাকা টন, এখন ১ টনের দাম হয়েছে ১৩ হাজার টাকা। নতুন নতুন রাস্তাঘাট নতুন নতুন বাড়ি, হাসপাতাল বাড়ি হবে কি করে? সুতরাং নতুন বাড়ি

ঘর তৈরি করার সমস্যা আছে। সমস্যা আরও বাড়ছে, কারণ নতুন করে আবার দাম বাড়ছে, সমস্ত জিনিস আজকে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। অথচ এই প্রতিকূল অবস্থার মধ্যেও পশ্চিমবাংলার মানুষ এগিয়ে যাবার চেষ্টা করছে। ওঁরা আইন-শৃঙ্খলার কথা বলছেন। ওঁদের মুখে ওকথা সাজে না। ওঁরা নিজেরা যদি নিজেদের মধ্যে মারামারি কম করেন তাহলে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার উন্নতি ঘটবে। ওঁরা জল কামানের কথা বলেছেন। আমি পরে আসব সে কথায়। আমার মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ, আপনি এখানে ২/৪টি জল কামান আমদানি করেন। ওঁরা যখন মারামারি করবেন তখন সেই জল কামান দেগে দিন। সেই জল কামান দেগে দিলে ওঁদের মারামারি থামবে, মারামারি, মান-অভিমান করে ওঁদের যে মস্তিষ্ক উত্তপ্ত হয় সেই উত্তপ্ত মস্তিষ্ক শান্ত করার জন্য জল কামান ব্যবহার করুন। কিভাবে বলবেন? যেখানে গত বছর লোকসভায় তৎকালীন স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রী এম. এম. জাকর বলেছিলেন যে এক বছরে নাবালিকা ধর্ষণের সংখ্যা ১৩১ জন। এ তো শুধু নাবালিকার কথা গেল, সেখানে সাবালিকা ধরলে সংখ্যা অনেক বেশি হবে। যেখানে সমগ্র ভারতবর্ষে পচা গলা সমাজে প্রতি ৫৪ মিনিটে একজন নারী ধর্ষণ করা হয়, ১২০ মিনিটের একজন বধূ হত্যা হয়, ৪৩ মিনিটে একজনকে অপহরণ করা হয় ২৬ মিনিটে একজনের শ্লীলতাহানি হয় ৫২ মিনিটে একটি ইপটিজমের ঘটনা ঘটে সেখানে শুধু পশ্চিমবঙ্গেই আইন শৃঙ্খলার সমস্যা দেখা দিচ্ছে? ন্যাশনাল ক্রাইম রিসার্চ ব্যুরো যে রিপোর্ট বার করেছেন সেই রিপোর্ট টেলিগ্রাফ কাগজে পয়লা ডিসেম্বর তারিখে বেরিয়েছে, সেই রিপোর্টে বলা হচ্ছে ধর্ষণের শীর্ষে মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ তারপর মহারাষ্ট্র, তারপর রাজস্থান, যেখানে অপহরণের শীর্ষে উত্তরপ্রদেশ রাজস্থান, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, যেখানে সমগ্র ভারতের ক্রাইম লিস্ট আছে এবং সেই ক্রাইম লিস্টে বিভিন্ন রাজ্যের নাম আছে, কিন্তু আলাদা করে পশ্চিমবঙ্গের নাম নেই। আইন শৃঙ্খলার কথা বলছেন? আপনাদের পরিচালনাধীন ত্রিপুরাতে অল্প সময়ের মধ্যে ৮১ জন মহিলার উপর গণধর্ষণ করা হয়েছে, ৩০ জনকে ধর্ষণ করে হত্যা করা হয়েছে। আপনাদের মুখে ধর্ষণের কথা সাজে না। চিকিৎসার কথা বলছেন, আজকে কিভাবে চিকিৎসা হচ্ছে তা নিয়ে অনেকের মনেই ক্ষোভ আছে, অসুবিধা হচ্ছে। কিন্তু ডাঙ্কেলের প্রস্তাবকে মুখে স্বীকৃতি না দিলেও কার্যত ডাঙ্কেলের প্রস্তাবকে মেনে নিয়েই ওষুধের দাম বাড়ানো হচ্ছে। একে একে ওষুধগুলির নাম করে তুলনা করে দেখিয়ে দিতে পারি যে কিভাবে দাম বাড়ানো হচ্ছে। কন্ট্রিনক্স, আমাদের দেশে দাম ৪৮ পয়সা, আমেরিকা থেকে আনার জন্য পড়ছে ৭ টাকা ১১ পয়সা। সেফালেপলি ৩ টাকার জায়গায় লাগছে ১৪ টাকা, নরফ্যাক্সজিন, ৩.৮ এর জায়গায় ২৫ টাকা রনটিডিম ৩০০ শকিত, ২.৬২ জায়গায় ৩৪ টাকা ৩৭ পয়সা। এই অবস্থায় চিকিৎসার সুযোগ কতটুকু পাওয়া যাবে? যখন এই রকম প্রতিকূলতার বিরুদ্ধে লড়তে হচ্ছে। আপনারা বলছেন সাম্প্রদায়িকতার ব্যাপারে আপনাদের বিরুদ্ধে আপনাদের অভিযোগ, বলছেন সি পি এমের ভোট কমে যাবে, এই অভিযোগের মধ্যে দিয়ে একটা নির্মম সত্য কথা আপনারা স্বীকার করে নিচ্ছেন। আপনাদের দলের সদস্য পদের যোগ্যতা আর বি জে পি সদস্য পদের যে যোগ্যতা তার সীমারেখাটা এত ক্ষীণ যে কখন কে কোনদিকে চলে যায়, কাজেই এই অবস্থায় দাঁড়িয়ে আপনাদের এই অভিযোগ করা সাজে না। ১৯৮৩ সালে হরিদ্বারে বিশ্বহিন্দু মহাসম্মেলনে শুভেচ্ছা বাণী পাঠিয়েছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী তাতে সায় দিয়েছিলেন এবং ১৯৯০ সালের ২০শে অক্টোবর আসামে প্রবাস পত্রিকায় যে প্রবন্ধ প্রকাশিত

[2-10 — 2-20 p.m.]

হয়েছিল সেই প্রবন্ধের মধ্যে আপনাদের প্রয়াত নেতা শ্রী কমলাপাত ত্রিপাঠির সম্বন্ধের প্রতি ছত্রে লেখা ছিল। তাতে ১৯৮৬ সালে যাতে মাননীয় রাজীব গান্ধী যাতে ওখানে শিলান্যাস না করেন এবং মৌলবাদীদের তোষণ না করেন সেই কথা ছিল। এ সব কথা ১৯৯০ সালে ২০শে অক্টোবর তারিখে আসাম থেকে প্রকাশিত প্রবাহ পত্রিকার প্রতি ছত্রে লিপিবদ্ধ আছে ১৯৯২ সালের ৪ঠা আগস্ট অর্জুন সিং এ শক্তির সঙ্গে কোনওরকম প্রকাশ্য সমাবেশ বা কোনও বিষয়ে সমঝোতা করতে আপত্তি করেছিলেন কিন্তু সে সব কিছুই কার্যকর হয়নি আজ আপনারা বি জে পি-র সম্বন্ধে কথা বলছেন।

বিভিন্ন জায়গা থেকে মিলিটারি তুলে নিয়ে গিয়ে র‍্যাপিড অ্যাকশন ফোর্স করেছিলেন যেখানে দাঙ্গা হবে সেখানে তারা ঝাঁপিয়ে পড়বেন। কিন্তু ঘটনার ২৪ ঘন্টা পরেও সেটা করলেন না। কল্যাণ সিং পদত্যাগ করবার পর র‍্যাপিড অ্যাকশন ফোর্স পৌঁছাতে ১৪ ঘন্টা লেগে গেল, বলা হল রাস্তায় টায়ার জ্বলছিল! আজকে আমরা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আপনাদের থেকে অনেক বেশি বুকের রক্ত দিয়ে লড়ছি এবং লড়ে যাবে। ৩৫৬ প্রয়োগের ব্যাপারে আজকে বড় বড় বিপ্লবের কথা বলছেন, কিন্তু আপনারা গণতন্ত্রের বিরুদ্ধে এই ৩৫৬ ধারা ৮৬ বার প্রয়োগ করেছিলেন। তামিলনাড়ুর ডি এম কে সরকারকে বরখাস্ত করা হল রাজ্যপালের রিপোর্টের তোয়াক্কা না করেই। তখন রাজ্যপালের রিপোর্ট দরকার হয়নি আমরা চাক্ষুষ করেছি। হ্যাঁ, আমরা ৩৫৬ ধারার বিরোধী, তবে গণতন্ত্র রক্ষা করবার জন্য দেশকে রক্ষা করবার জন্য, সাম্প্রদায়িকতার বিপদকে রুখে দেবার জন্য ৩৫৬ ধারার প্রয়োগকে আমরা সমর্থন করেছি এবং বিজেপির প্রশ্নে কেন্দ্রীয় সরকারের নীতির বিরোধী হওয়া সত্ত্বেও আমরা তাদের সমর্থন করেছি, কারণ আমাদের কাছে দেশ বড়। কিন্তু আপনাদের কাছে দেশ বড় নয়। ১৯৯০ সালের ৭ই নভেম্বর আপনার ভি. পি. সিং-এর পাশে দাঁড়াতে পারেননি কারণ তখন দলের স্বার্থই আপনাদের কাছে বড় হয়ে উঠেছিল। আপনাদের সঙ্গে বিরোধিতা থাকা সত্ত্বেও সাম্প্রদায়িকতার প্রশ্নে দেশকে রক্ষা করবার স্বার্থে তাই বিজেপি আনীত অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে ভোট দিয়ে আপনাদের সরকারকে রক্ষা করেছিলাম। দেশটা ধনতান্ত্রিক হবে কি সমাজতান্ত্রিক হবে—এই নিয়ে আপনাদের সঙ্গে আমাদের বিরোধিতা রয়েছে, কিন্তু দেশটা স্বাধীন থাকবে এই লক্ষ্যে আপনাদের নীতি জনবিরোধী হওয়া সত্ত্বেও ঐ পদক্ষেপ আমরা এই পদক্ষেপ নিয়েছি। তাই বলি, সমালোচনা আপনাদের মুখে সাজে না। আজকে আর্থিক অবরোধের মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারকে সামনে রেখে রাজ্যের মানুষ যে লড়াই চালিয়ে যাচ্ছেন সেই লড়াই চলবে এবং সেই লড়াইয়ে নেতৃত্ব দেবেন বামফ্রন্ট সরকার। তাই বলব, রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা বাংলার মানুষের সংগ্রামের ইতিহাসে রচিত। তাই যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কড়া ভাষায় কথা বলায় আমি অভ্যস্ত নই এবং সেটা আমার স্বভাবও নয়। ব্যক্তিগত আক্রমণের আমি বিরোধী এবং আমি আপনাদের মতো তত্ত্বকথা বলে সাধারণ মানুষকে বিভ্রান্ত করতে চাই না। আমার পশ্চিমবঙ্গ সম্পর্কে যে বাস্তব অভিজ্ঞতা আছে সেটা তথ্যের মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর সামনে তুলে ধরতে চাই। স্যার,

এই রাজ্যপালের ভাষণ এবং তার উপর আনীত ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করতে পারছি না একটি কারণে, কারণ রাজ্যের ভেঙ্গে পড়া আইন-শৃঙ্খলা, দেউলিয়া অর্থনীতি, ক্রম বর্ধমান বেকারি শিল্পের অবনতি—এসবের প্রকৃত তথ্য এই ভাষণের কোনও জায়গায় পরিস্ফুট হয়ে ওঠেনি। কিছু বেশি বেশি কথা, ভিত্তিহীন প্রচার এবং সরকারের ব্যর্থতা ঢাকবার প্রয়াসই হচ্ছে এই ভাষণের বৈশিষ্ট্য এটা আমরা লক্ষ্য করেছি। আমি কিছু তথ্য দিয়ে এটা বোঝাবার চেষ্টা করব এবং যে তথ্য দেব সেটা কেন্দ্রীয় সরকারের তথ্য নয় বা আমাদের দেওয়া তথ্য থেকেই কয়েকটি ক্ষেত্র থেকে—কি ইঞ্জিনিয়ারিং, কি সিরামিক, কি কেমিক্যালস, কি ইলেক্ট্রনিক্স—ইঞ্জিনিয়াররা সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়ে তাদের জীবিকা নির্বাহ করছেন। আজকে আমাদের শিল্প মেঘালয়ের সঙ্গে তুলনা করা হচ্ছে। বর্তমানে শিল্পে আমাদের স্থান ওড়িষ্যার পরে, দ্বাদশ স্থানে রয়েছি আমরা। ফ্যাক্টস অ্যান্ড ফিগার্সের মধ্যে রয়েছে এটা। একটা শিল্প স্থাপন করতে যে পরিকল্পনা দরকার হয়। সে সম্পর্কে কোনও উদ্যোগ আমাদের রাজ্যে নেই। আজকে কোনও রাজ্য এইভাবে চলছে? প্রত্যেক সদস্যের জানা উচিত যে, গত বছর ১০০ কোটি টাকা যা বরাদ্দ হল শিল্পে, ঐ সামান্য টাকা দিয়ে জয়েন্ট ভেঞ্চারের কথা যা বলেছেন সেটা করা যায় না। সম্প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে কিছু উদ্যোগ নিয়েছেন বলে তাঁকে ধন্যবাদ জানাই। ওয়েবেল টেলিম্যাটিক কারখানা, কয়েকদিন হয়েছে মাত্র যার বয়স, একটি সর্বাঙ্গসুন্দর টেলিম্যাটিক কারখানা, সেটা বর্তমানে ধুঁকছে। আপনি সেই ইন্ডাস্ট্রি বাঁচাবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? এই ব্যাপারে আমাকে বারবার মুখ্যমন্ত্রীকে বলতে হয়েছে এবং তিনি কিছুটা চেষ্টাও করেছেন, কিন্তু পারেননি। এরজন্য রয়েছে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট ডিপার্টমেন্টাল সেক্রেটারি, দিল্লিতে রয়েছে লিয়াজোঁ অফিসার, কিন্তু তাদের তরফ থেকে কোনও উদ্যোগ নেওয়া হয়নি টেলিপ্রিন্টার ফ্যাক্টরি বাঁচাবার জন্য। সামান্য ১.৮০ কোটি টাকা দিয়ে জয়েন্ট ভেঞ্চার করা যায় না এবং আমি শুনেছি, মাননীয় মুখ্যমন্ত্রীকে বর্তমানে সেই জয়েন্ট ভেঞ্চার থেকে সরে যেতে হচ্ছে। আজকে অবস্থাটা কোথায় নিয়ে গেছেন আপনি? আপনি একটা ইন্ডাস্ট্রিও আনতে পারলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী সল্টলেকে প্রোজেক্ট নিয়ে অনেক চেষ্টা করেছেন এবং তারজন্য অভিনন্দন জানাচ্ছি। আজকে সল্টলেকে প্রোজেক্টের সমস্ত জমি বিক্রি হয়ে গেছে, কিন্তু আমি তাঁর কাছে জানতে চাই, আজকে সল্টলেকে কয়টি কারখানা হয়েছে? যে প্রোজেক্ট কোনও ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়নি, রাস্তাঘাট নেই, জলের ব্যবস্থা নেই, সেখানে কি করে ইন্ডাস্ট্রি তৈরি হবে?

[2-20 — 2-30 p.m.]

আজ পর্যন্ত তো অনেক গর্ব করে বলা হয়েছে কিন্তু কোনওটাই তো হতে দেখলাম না। সুব্রতবাবু একটা কথা ঠিকই বলেছেন যে, বড় বড় কথা তো অনেক বলা হয়েছে যে হচ্ছে হবে কিন্তু হয়েছে কতটা সেটা একটু পরিষ্কার জবাব দিন। আমিও সেই একই কথা বলছি কতটা উন্নতি করতে পেরেছেন তার একটা পরিষ্কার জবাব চাই। আমি একটি তথ্য দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই যে তথ্য বেরিয়েছে এটি পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকেই বেরিয়েছে। আমরা জানি যে স্ট্রাইক বা বন্‌ধ ইন্ডাস্ট্রির কর্মচারিদের একটি ধারালো অস্ত্র। কিন্তু সেই ধারালো অস্ত্রকে বারে বারে কাজে লাগালে সেই অস্ত্রের ধারালো ভাব নষ্ট হয়ে যায়, ভোঁতা হয়ে যে যায়। এইভাবে যদি বন্‌ধ চলতে থাকে তাহলে

কোনও ইন্ডাস্ট্রি হতে পারে না, কোনও শিল্প স্থাপন হতে পারে না। এবং ইকোনমি কোনওভাবেই বাড়তে পারে না। বেকারত্ব বাড়তে বাধ্য। ইন্ডাস্ট্রিতে কাজ হচ্ছে না এবং তার এক তৃতীয়াংশ বন্ধ হয়ে রয়েছে। আর যে কটা আছে সেগুলোও ধুঁকছে। তারপরে ইঞ্জিনিয়ারিং শিল্পের ক্ষেত্রে আমরা কি দেখছি—সেখানে অ্যাভারেজ ম্যান্ডেজ লস্ট হয়েছে। ২৪ কোটি ৮৩ লক্ষ ৮০ হাজার ৮৭৬৪টি নম্বর অফ ম্যানডেজ নষ্ট হয়েছে। এটা আমি যা বলছি তা নিজের থেকে বলছি না। আপনাদেরই বই লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বইয়ের থেকে বলছি। হাওড়ার ফাউন্ড্রি ইন্ডাস্ট্রির মালিকদের সঙ্গে কথা বলেছি, সেখানে ফাউন্ড্রি ইন্ডাস্ট্রিগুলো বন্ধ হয়ে রয়েছে। মালিকদের ঘেরাও করার জন্য মালিকরা বলেছে যে তাদের আর কোনও নিরাপত্তা নেই সুতরাং কারখানাগুলো বন্ধ থাকছে। এই যদি মালিক শ্রমিকের অবস্থা থাকে তাহলে কোনও সমস্যার সমাধান হবে না। মালিক এবং শ্রমিকের মধ্যে যদি কোনও সমঝোতা না থাকে, যদি কোনও আদানপ্রাদান না থাকে তাহলে এইরকম অবস্থায় এসে দাঁড়াতে বাধ্য তারপরে সেঙ্কি কারখানা গত ২ বছর ধরে বন্ধ হয়ে রয়েছে। এখানে ১৪০০ কর্মচারী রয়েছেন। এখন দাঁড়িয়েছে ৫৬০ জনে, তাও বন্ধ হয়ে রয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে কৃতজ্ঞ, তিনি এই ব্যাপারে হস্তক্ষেপ করাতে মালিক পক্ষরা খুলতে রাজি হয়েছে, কিন্তু ১৬০-১৭০ জন কর্মচারিকে নিয়ে কাজ করবেন। এরপরে গেস্ট কিন্সস্ ইউলিয়মস্-এর মতো একটি বড় কারখানা এখন ধুঁক ধুঁক করে চলছে। সুতরাং এই হচ্ছে ইঞ্জিনিয়ারিং শিল্পের অবস্থা। এক সময়ে এই ইঞ্জিনিয়ারিং শিল্প ১ নং এবং ২ নং ছিল, এখন সেই শিল্প কোথায় গিয়ে পৌঁছেছে। এরপরে অরগ্যানাইজ সেক্টরের অবস্থা বলি—During the period from 1977 to 1992 employment in organised sector at All India Level increase by 34,39,000 (15%) from 2,28,79,000 in March 1981 to 2,63,18,000 in March, 1990. During the same period employment in organised sector in West Bengal fell by 1,09,000 (4%) from 25,67,000 in March, 1981 to 24,58,000 in March 1990. During the period while employment in the private sector at All India level increased by 1,94,000(3%) from 73,95,000 in March 1981 to 75,89,000 in March, 1990 which actually fell by 1,79,000(17%) from 10,67,000 in March, 1981 to 8,88,000 in March, 1990 in West Bengal. (Source: Labour in West Bengal).

মিঃ স্পিকার স্যার, ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির কথা আমি আগেই বলেছি, যেখানে শেয়ার অফ ওয়েস্ট বেঙ্গল সেখানে আপনি দেখুন—অ্যাভারেজ নাম্বার অফ ম্যানডেজ লস্ট আপনি দেখুন ৭২-৭৬য় ৮৪ লক্ষ ৩৪ হাজার ৭০৮।৭৭ থেকে ৯১ পর্যন্ত ম্যান ডেজ লস্ট ১ কোটি ১২ লক্ষ ৫ হাজার ৭৮৫, ইনক্রিজড বাই ৩৩ শতাংশ। ৮২-৮৬ সালে ইনক্রিজড হানড্রেড বাই ইলেভেন পারসেন্ট। ৮৭-৯০তে ইনক্রিজড বাই ২০০ বাই এইট্টি পারসেন্ট কোথায় পৌঁছেছেন আপনারা। লেদার ইন্ডাস্ট্রি সারা পশ্চিমবাংলায় পাইওনিয়ার ইন্ডাস্ট্রি, ন্যাশনাল টেনারিতে আমাদের দেশের একটা প্রাইজ ছিল, আজকে ন্যাশনাল টেনারি উঠে গেছে, আজকে কি অবস্থা আপনি দেখুন, এখানে লেখা আছে, পড়ে দেখতে পারেন। শুধু ৭ জন লোক না খেতে না পেয়ে মারা গিয়েছে ন্যাশনাল টেনারিতে, ন্যাশনাল টেনারি আজকে ম্যাড্রাসে চলে গেছে, আজকে এক্সপোর্ট জোনের কথা বলা হচ্ছে, সারা পৃথিবীতে যেখানে আজকে এক্সপোর্ট

রয়েছে সেখানে আজকে ফলতা কাজ করতে পারছে না তাদের ইনফ্রাস্ট্রাকচারের অভাবে, তাদের লেবার কালচারের অভাবে। স্যাক্সবি একটি সরকারি প্রতিষ্ঠান, এই স্যাক্সবি হচ্ছে পাইওনিয়ার ইন্ডাস্ট্রি, আজকে সেখানে লোকসান হচ্ছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[2-30 — 2-40 p.m.]

**ডাঃ হৈমী বসু ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি কিছু বলতে চাই। এখানে যে বক্তব্য সরকারের পক্ষ থেকে রাখা হয়েছে তার সম্পর্কে আমার দলের মাননীয় সদস্যরা বিস্তারিত আকারে বলেছেন। এই ভাষণে অর্থনীতির দিক থেকে কোনও পজিটিভ দিশারি আমরা পাচ্ছি না। হাসপাতালগুলি মরণ ফাঁদে পরিণত হয়ে গেছে। এই কথাগুলি আমার কথা নয়, এই কথাগুলি ট্রেজারি বেঞ্চের বন্ধুরা বিভিন্ন সময়ে তাদের বক্তব্য বলেছেন। আজকে স্কুলগুলিতে চক, ডাস্টার কিনতে পাচ্ছে না, কারণ যাইহোক সেই ব্যাপারে আমি যাচ্ছি না, ইতিমধ্যে এই সম্পর্কে বিশদভাবে বলা হয়েছে। সাম্প্রদায়িক সম্প্রীতির উপর অনেক আলোচনা আমি শুনছিলাম। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে প্রশ্নটা হচ্ছে, কে কত বি জে পি বিরোধী ও কে সহযোগী। কিন্তু প্রশ্নটা তা নয়, প্রশ্নটা হচ্ছে আমাদের ভারতবর্ষ থাকবে কি থাকবে না। আমাদের খুব আশা হয়েছিল, যখন রবীন্দ্র সদনে মাননীয় মুখ্যমন্ত্রীর ডাকে একটা সভা হয়েছিল সেই সভায় আমিও গিয়েছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় তথ্যমন্ত্রীর ভাষণ আমি শুনেছি। আমাদের নেতা প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র মহাশয়ের ভাষণও আমি শুনেছি। আমার মনে একটা আশা জেগেছিল এবারে বোধহয় একটা ইতিবাচক পদক্ষেপ নেওয়া হবে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে মৌলবাদের বিরুদ্ধে। কিন্তু পরবর্তীকালে আমরা দেখলাম যে সে সুরটা একটু বেসুরো লাগল। বি জে পি বা হিন্দু মৌলবাদী শক্তি, বা মুসলমান মৌলবাদী শক্তির বিরুদ্ধে সোচ্চার হতে গিয়ে আমরা কিন্তু বেশি সোচ্চার হলাম। যারা মৌলবাদের বিরুদ্ধে বলে নিজেদের দাবি করে। বাস্তব ঘটনাটা এই জায়গায় এসে দাঁড়িয়ে গেল এবং এই চিত্র এই হাউসের মধ্যেও প্রতিফলিত হল। আমরা এই মৌলবাদী শক্তিকে শিখণ্ডী হিসাবে খাড়া করে কে কত বেশি নিজেদের অসাম্প্রদায়িক দেখাতে পারে সেই চেষ্টা হতে লাগল এবং বিরোধী দলও এই একই দোষে দোষী। আমরা দেখলাম বাবরি মসজিদের ঘটনা ঘটে যাওয়ার পর গ্রামেগঞ্জে মাননীয় মুখ্যমন্ত্রীর দল প্রচার করছেন—এখনও করছেন—কংগ্রেস বাবরি মসজিদ ভেঙ্গেছে। এই হাউসে আরও শুনলাম মাননীয় একজন সদস্য বললেন যে কংগ্রেস দেশ ভাগ করে দিয়েছে। নিশ্চয় কংগ্রেসের দায়িত্ব অস্বীকার করা যায় না। কারণ এই কংগ্রেসই হচ্ছে একমাত্র সেকুলার পার্টি, যারা দেশের প্রতিটি কোণে কোণে গ্রাসরুট লেভেলে রয়েছে। সুতরাং জাতীয় কংগ্রেসের দায়িত্ব অস্বীকার করা যায় না এবং আমরা করিও না। কিন্তু সেই মাননীয় সদস্য একবারও বলছেন না—তার হয়তো বয়স কম তিনি হয়তো ছোটো ছিলেন—তখন ঐ সময় একটা বুকলেট বেরিয়েছিল সেই বুকলেট হয়তো শ্রদ্ধেয় বিনয়বাবু দেখে থাকবেন, সেই বুকলেটে কমরেড পি সি যোশী বলেছিলেন গান্ধী-জিন্না মিট এগেইন। এইগুলি পড়তে হবে, জানতে হবে। যারে দেখতে নারী তার চলন বাঁকা। এই করলে সাম্প্রদায়িক সম্প্রীতি হবে না। আমি খুব বেদনা

পেয়েছি গভর্নর অ্যাড্রেসের যে প্রস্তাব নেওয়ার হয়েছিল তাতে আমরা কনডেম করেছি রায়টকে, আমরা ধিক্কার দিয়েছি সাম্প্রদায়িক গোষ্ঠীকে। কিন্তু সেই সাম্প্রদায়িক হানাহানিতে যে নিরীহ মানুষগুলো মারা গেছে এই হাউসে কণ্ডোলেন্সে তাদের নাম আসেনি। এদিকে আমরা বলছি সাম্প্রদায়িকতা বিরোধী। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আরেকটা ঘটনার প্রতি বামফ্রন্টের বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এটা ভুলে যাবেন না জার্মানিতে লাইট জ্বালানোর ঘটনা। সেখানে এই ভুলই বামপন্থীরা করেছিল। তারা ফ্যাসিজিমকে সেইভাবে বোঝার চেষ্টা করেননি বললে ভুল বলা হবে। তারা বুঝতে চেষ্টা করেননি এবং তার পরিণতি হিসাবে রাইখের এ ঘটনা ঘটে গেল এবং তার পরবর্তী ঘটনা সারা পৃথিবীতে তার জন্য সাফার করতে হল, তারজন্য কষ্ট পেতে হল। আর একটা কথা বলতে চাই, যে মৌলবাদীর বিরুদ্ধে লড়াই, এটাকে এত সহজভাবে নেবেন না। আপনাদের স্মরণ করিয়ে দিই যে এই মৌলবাদী শক্তি কিন্তু নতুন করে আবার ফ্যাসিজমের আমদানি করছে এবং সেটা আমার আপনার ঘরের মধ্যে, আমাদের দেশের মধ্যে তৈরি হচ্ছে, এটা ভুলে যাবেন না। জাপ সাম্রাজ্যবাদ যখন মাঞ্চুরিয়া দখল করেছিল তখন কিন্তু মাওসেতুং এর বুঝতে একটু অসুবিধা হয়নি এবং সেইজন্য চিয়াংকাইসেককে জেরোসিনো হিসাবে স্বীকার করে নিয়ে এইট্থ রুট আর্মিকে তিনি দিয়ে দিয়েছিলেন যে আগে ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই করতে হবে, চিনকে বাঁচাতে হবে, দেশটাকে বাঁচাতে হবে। আজকে কোথায় চলেছি আমরা? আমি জানি উভয় দিক থেকে হয়ত অমি ক্রিটিসাইজ্ড হব। কেন না আমরা উভয়েই একই দোষে দোষী। ঐ মৌলবাদী শক্তিকে শ্রীখণ্ডি করে পরস্পরকে গালাগাল দিয়ে যাচ্ছি। তাতে কিন্তু এই মৌলবাদী শক্তি আরও বেশি শক্তিশালী হয়ে উঠবে। শুধুমাত্র কয়েকটা মিটিং মিছিল করে, কয়েকটা বিবৃতি দিয়ে এই জিনিসের বিরোধিতা করা যায় না। দরকার, গ্রাস রুট লেভেলে গিয়ে গ্রামে গঞ্জে পরস্পরের বিরুদ্ধে আলাদাভাবে খিস্তি না করে, গালাগাল না দিয়ে বি জে পি এবং যে মুসলিম মৌলবাদী শক্তি, বিশ্ব হিন্দু পর্ষদ তাদের বিরুদ্ধে গিয়ে সাধারণ মানুষকে বোঝাতে হবে যে কোরান শরীফের কোনও হার্দিশে হিন্দু কাফের বলে লেখা নেই। উপনিষদে বা গীতায় কোথাও বলা নেই যে হিন্দুরাই একমাত্র ধর্মভীরু মানুষ আর সব বিধর্মী। সুতরাং এর বিরুদ্ধে যদি লড়তে হয় তাহলে পরস্পরকে গালাগাল দিয়ে এ বি জে পি এবং এ মৌলবাদী শক্তিকে তোল্লা দিয়ে এর বিরুদ্ধে লড়াই করা যাবে না। আমি আবেদন করব এবং আমার বিশ্বাস আছে মুখ্যমন্ত্রী এখনও সময় আছে এগিয়ে আসুন।

**मो० याकूब :** ओनरेबूल डिपटी स्पीकर सर, मैं 25 तारिख को गभर्नर स्पीच के उपर हिमायत करते हुए और उनको मुवारकवाद पेश करते हुए, उनपर जो किदवाई जो हाउस मे हो रहा हैं उनपर दो-चार वात कहना जरुरी समझता हूँ। सर, पँहली वात जो उनके किदवाई मे जो जिक्र होना चाहिएं था। जिन्होने मुल्क मे परेशानियाँ। खाड़ी कर दी, जो 500 साल पुरानी मस्जिद को ध्वस्त कर दिया, वो साम्प्रदायिक ताक्त हैं, वो हैं भारतीय जनता पार्टी; जिसे हमलोग भयंकर झंझटिया पार्टी कहते हैं। इसने जो मुल्क में तवाही कराई, इसकी चपेट मे अनेक परिवार उजड़ गए, इसका जिक्र होना चाहिए था इस गवर्नर स्पीच में। इसपर दो-चार वाते कहनी चाहिए थी और

जो हमारे मुल्क मे आवाम मे मातम देखने के लिए अशान्ति और मुशीवत मे डालने की जो लोग कोशिश करते हैं, उनका जिक्र होना जाहिए था।

साथ ही साथ मैं यह भी कहना चाहता हूँ कि दिल्ली मे जो मरकजी हुकुमत हैं, जो फिरकापरस्त यह तात्त हैं, उनके पिछै हुकुमत का सहयोग हैं आपलोगो का मदद हैं। आवाम के सामने यह पोल खुल गया हैं। आज सारे आवाम में, सारे हिन्दुस्थान में, शान्ति पसन्द लोग, जम्हूरियत पसन्द लोग परेशान हैं। जो कांग्रेस हमेशा सेक्युलरीजम की बाद करने हैं, आज जीतने के बादकभी वो तिरुपति मन्दिर जाते हैं कभी केन्कटेश्वर मन्दिर जाते हैं और सेक्युलरिज्म की वात करते हैं। इनपर आज हिन्दुस्थान के आवाम को यकिन नही हैं। साथ ही विरोधी सदस्य मुखालफल करते हूए जम्हुरियत की बात करते हैं, डेमोक्रेसी की वात करते हैं, शान्ति की बात करते हैं, भाईचारे की बात करते हैं मैं उनसे पुछना चाहता हूँ कि एक रामल्ला की मूर्ति को किस ढंग से रखा गया था, उस समय तो उत्तर प्रेदश मे एडमिनिस्ट्रेटिभ पावर आपके हाथ मे थी आपके आर्डर से हुआ था। रामलीला के दर्शन की छुट देते हैं, पूजा करने की छुट देते हैं, वही मुसलमान को नमाज अदा करने की इजाजत नही दी जाती हैं। यही आपका सेक्युलरिजम हैं। आज फिरकापरस्त ताकत हैं, उनके आपका प्रशासनिक सहयोग प्राप्त हैं, आपका मदद ले रहे हैं। इसमें कोर्ह शक की गुंजाइस नही हैं।

[2-40 — 2-50 p.m.]

आपने जो गवर्नर स्पीच पर खुदवा किया हैं नही हैं। साथ ही साथ मै यह कहना चाहुँगा कि हमारे फाजिल दोस्त बढ़े-वढ़े वक्तिता तो दिये लेकिन आवाम की खिदमत करने के लिए, लोगो की परेशानियो के वारे मे कही जिक्र नहीं किये आज जबकि गरीबी बढ़ रही हैं। मेहनतकश लोग मजदूर परेशान हैं। एक तरफ मंहगाई वढ़ रही हैं, लिहाजा इसपर ध्यान देना होगा। आज हर प्रकार से हमारे नौजवानो की उपेक्षा हो रही हैं। लगातार मुसीवतों का सामना करना पढ़ रहा हैं। लेकिन इसपर हमारे मरकना हुकूमत दिल्ली दरवार या फाजिल दोस्त जिक्र नहीं करेंगे। वो बहुत सारे डिमोक्रेसी की वात सेक्युलारिज्म की बात करते हैं, लेकिन आवाम को जिसकी जरुरत हैं, उसके बारे मे यह नही सोच रहे हैं। इस गवर्नर के स्पीच मे जा खुदवा हैं उसका तारिफ़ करता हूँ। यह सरकार अनेक ममम्याओ की हल करने की कोशिश कर रही हैं। जो काविले तारिफ हैं।

साथ ही इस हूकुमत को भी कुछ तव्जहो की ओर मन्जुल कराना चाहता हूँ

उत्तर २४ परगना में जो प्राइमरी स्कुल हैं, वहाँ कोई इन्तजाम नही हैं। कही-कही टीचर की कमी हैं, इस ओर तव्वजहो कराना चाहता हूँ। सरकार जो सड़क निर्माण की बात कर हरी हैं। सड़क जो टूटा हैं जिसका रिपेयरिंग होना चाहिए था। सरकार को मैं तव्वजहो दिलाना चाहता हूँ। उत्तर २४ परगना के बेलियाघाटा ब्रिज जो खास्ता हालत मे हैं, कुछ भी वाक्या हो सकता हैं। लिहाजा इसपर भी ध्यान देना होगा। इसके साथ ही एक ओर तबज्ही दिलाना चाहता हूँ, विद्यासागर सेतु जो खिदिरपुर ब्रिज से जुड़ा हुआ हैं। जो खिदिरपुर ब्रिज हैं उसका हालत खास्ता हो गया हैं। वहां कभी भी एकसीडेन्ट हो सकता हैं। लेकिन उनके मुकलम बहुत सारे काम हमारी सरकार हमारी हूकुमत कर रही हैं। हम अपने फाजिल दोस्त से कहना चाहूँगा कानून में विश्वास होना चाहिए।

उनके पांलिसी तो देख ही रहे हैं। वर्ल्ड बैंक के इसारे पर चल रही हैं। की जो पांलिसी हैं, वही अपना रही हैं। लगता हैं वही देश चला रही हैं। लेकिन राज्य मे यही बात कहना चाहते थे। उनके तसलीम की बाद करे। उनके पांलिसी को देखकर यह मुशायरा याद आता हैं।

"हकीकत छुप नही सकती वनावट के वसूलो से।

खुशवू आ नही सवती, प्लास्टिको के फूलो से॥"

अतः दोस्ते और भाइयो, आज बहुत सरी बाते कहा एक ओर सरकार का ध्यान और दिलाना चाहता हूँ, एक बात और कहना चाहता हूँ, जो इरिगेशन डिपार्टमेन्ट कदम उठा रही हैं, उसपर नजर देने की जरुरत हैं। इसपर उचित इन्तजाम होना चाहिए। जो जमीन हैं भास्टेड लैन्ड उनका इन्तजाम जिन लोगो के पास जमीन नही हैं उनके बीच देना चाहिए। कुछ कभी जरुरत है जो हुकूमत को करना होगा। जिनको जमीन को सही जरुरत है उनको तक्सीम हमारी हूकुमत को देना चाहिए। यही बात कहते हूए गवर्नर स्पीच का हिमायत करते हूए अपना वक्तव्य समाप्त करता हूँ।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশে কিছু তোষণকারী আমলার রচনা করা যে ভাষণ মহামান্য রাজ্যপাল এখানে পেশ করেছেন আমি তার তীব্র প্রতিবাদ করছি। চতুর্থ অনুচ্ছেদে সরকার নারী সমাজের সুরক্ষা ও কল্যাণের জন্য কুম্ভীরাশ্রু ঝরিয়েছেন।

শ্রীমতী চুনী কোটালের কথা উল্লেখ করেছেন। একজন মহিলা সদস্যা হিসাবে পরিষ্কার করে বলতে চাই নারী সুরক্ষা, নারী কল্যাণের ব্যাপারে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। এই

মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর আমলে এই রাজ্যে নারী ধর্ষণ, নারী হত্যা এবং নারী নিগ্রহ দিনের পর দিন বাড়ছে। মাননীয় জ্যোতিবাবু আমাদের মুখ্যমন্ত্রী, উনি চুপ করে বসে আছেন। ইনি আমাদের মুখ্যমন্ত্রী এটা আমাদের ভাবতে হচ্ছে। বাংলার আদিবাসী চুনী কোটালের মৃত্যুর পর একজন ব্যক্তিকেও গ্রেপ্তার করা হল না। পুরুলিয়ার কেন্দা স্বাস্থ্যকেন্দ্রে কর্মরতা জি এন এম ২০ বছরের কুমারী মেয়ে মানসী পড়িয়াকে তার সরকারি কোয়ার্টারে পুড়িয়ে মেরে ফেলা হল, আজ পর্যন্ত কেউ গ্রেপ্তার হল না। মালদার ভুতনী গদাইয়ে নরে চরে যে গণ ধর্ষণের ঘটনা ঘটেছিল তাতে পশ্চিমবাংলার মাথা হেঁট হয়েছিল। জানি না মাননীয় মুখ্যমন্ত্রীর মাথা কতখানি হেঁট হয়েছিল। আজও সেই মহিলা চোখের জল ফেলছে, প্রতিদিন হাহাকার করছে, জানি না জ্যোতিবাবু কবে বিচার দেবেন। নেহারবানু পুলিশ ব্যারাকে পুলিশের দ্বারা ধর্ষিতা হল, দুঃখের বিষয় তাকে পুলিশের কোয়াটারে রাখা হল। এই রাজ্যে কি কোনও হোম ছিল না? তাকে হোমে কেন রাখা হল না? তারপর সেখানে কি এমন ঘটনা ঘটল যে কোনও অসামীকে নেহারবানু টি আই প্যারেটে চিনতে পারল না? কি মেন্টাল টরচার করা হল জানি না। তাকে পুলিশ কোয়াটারে না রেখে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রী তাঁর নিজের বাড়িতে রাখতেন মা বোনের মর্যাদা দিয়ে তাহলে পশ্চিমবাংলার মানুষ তাঁকে ভাল বলতেন। আমরা কি দেখেছি? বানতলা, বিরাটি, সিঙ্গুরের বিভিন্ন ঘটনার পর মাননীয় মুখ্যমন্ত্রী বললেন।

[2-50 — 3-00 p.m.]

এই রকম ঘটনা কতই ঘটে। এর পর থেকে লাঞ্ছিত ধর্ষিতা বা তার পরিবারের লোকেরা থানায় যেতে সাহস করে না। আজকে বেশির ভাগ শাসক দলের ক্যাডার দ্বারা ধর্ষিতা হচ্ছে, আজকে দেখতে পাচ্ছি তাঁদের পোষা সমাজবিরোধীদের দ্বারা ধর্ষিতা হচ্ছে। আজকে যে পুলিশ রক্ষক তারাই আজকে ভক্ষক। সেই জন্য আজকে অভিযোগ করা নিরর্থক, সেই জন্য অধিকাংশ ক্ষেত্রে রেকর্ড করা হয় না। তা সত্ত্বেও ১৯৮২ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত এই রাজ্যে কেবলমাত্র পুলিশের হেপাজতে ৪২টি ধর্ষনের ঘটনা ঘটেছে। ১৯৯১ সালে সরকারি তথ্য অনুযায়ী এই রাজ্যে কেবলমাত্র মলেস্টেশনের সংখ্যা ৩৫৩টি, রেপ ৪৬১টি, কিডন্যাপিং ও অ্যাবডাকশন ৪৫১টি ইভটিজিং ৩৪৫টি ডাউরী ডেথ ৫৩৬টি এবং স্বামী এবং তার পরিবারের দ্বারা বধূ নির্যাতন ১৬০৮টি। মেদিনীপুর জেলায় নারায়ণ নগর থানায় নন্দ কিশোরপুর গ্রামে বিক্রম মান্নার বোন খুকু মান্নার বয়স ২০ বছর। তাকে স্থানীয় সি পি এম-এর কমরেড সুভাষ বেরা রাজস্থানের ভরতপুর এই খুকু মান্নাকে ৩৫০০ টাকার বিনিময়ে বিক্রি করে দেয় একটা পঙ্গু লোকের কাছে। এই ব্যাপারে বার বার থানায় গিয়ে কোনও প্রতিকার হয়নি, কোনও বিচার হয়নি। এই হচ্ছে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার। নারী নির্যাতন ঘটনার তত্ত্বাবধান করার জন্য জেলায় জেলায় সেল গঠন করার কথা বলা হয়েছে। সেটা আলিমুদ্দিন স্ট্রিটের সদর দপ্তরে লাল ফিতেয় বন্দি হয়ে আছে, আসলে তার কোনও অস্তিত্ব নেই। মহিলাদের জন্য কমিশন গঠিত হবে বলে যে আনন্দ সংবাদ পরিবেশন করা হয়েছে তার কাজ শুরু করেছেন কিনা বা করতে পারবেন কিনা সেটা জানবার জন্য বোধ হয় আর একটা কমিশন গঠন করতে হবে। এটা কমিশন না প্রহশন সেটা আমি বুঝতে পারছি না। আজকে যখন সারা পৃথিবীতে মাদক দ্রব্য বর্জন করা হচ্ছে তখন এখানে ঢালাও মদের দোকানের লাইসেন্স দেওয়া হচ্ছে। এই যদি হয় তাহলে নারীর

মান-সম্মান কোন জায়গায় গিয়ে দাঁড়াবে এই সরকারকে তা ভাবতে বলছি। এই ব্যাপারে মহিলাদের পক্ষ থেকে আমি তীব্র ধিক্কার জানাচ্ছি এবং এর প্রতিবাদ করছি। আজকে সরকার যদি মহিলাদের কথা ভাবতেন তাহলে ঢালাও মদের লাইসেন্স দেওয়ার কথা চিন্তা করতেন না। উত্তরবঙ্গের কথা একটু বলি। রাজ্যপালের ভাষণে উত্তরবঙ্গের উন্নয়নের জন্য নতুন কোনও নির্দিষ্ট পরিকল্পনার কথা বলেননি। এটা শুধু আমার অভিযোগ নয়, আর এস পি-র মাননীয় বিধায়ক এই কথা উল্লেখ করেছেন। আজকে জ্যোতিবাবু বিদেশে ঘুরতে যাচ্ছেন, লক্ষ লক্ষ টাকা খরচ করছেন। নর্থ বেঙ্গলের কোনও কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই কেন এই কথার জবাব দিতে হবে জ্যোতিবাবুকে। সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে সরকার নাকি খুব চিন্তিত, ঢাক-ঢোল পিটিয়ে তা প্রচার করছেন। পশ্চিমবাংলা হিন্দু মুসলিমদের একটা তীর্থক্ষেত্র। বাংলা ঝালদা দিয়ে বি জে পি-র দাঙ্গা রথ কি ভাবে চলে যায় তার উত্তর মাননীয় মুখ্যমন্ত্রী দেবেন কি? সন্ত্রাসবাদী খালিস্তানি নেতা মান করে মদতে কলকাতায় প্রকাশ্যে সভা করে মালা পরেন? কেন খালিস্তানি পাঞ্জাব থেকে পালিয়ে এসে এই বাংলায় বাসা বাঁধে? কেবল মাত্র ভোটের ঠিকাদার সেজে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলতে পারেন। গণতন্ত্র হত্যাকারী স্থবির মুখ্যমন্ত্রীর সামনে তথ্যমন্ত্রী প্রেস কর্নার ভেঙ্গে দিল। কালকে তিনি বললেন। যে প্রেস কর্নার করে দেওয়া হবে। আমি জানতে চাই কি কারণে প্রেস কর্নার ভাঙ্গা হল? প্রেসের লোকেরা কি ক্ষতি করেছিল উত্তর দিন। তারপর হয়ত একদিন দেখব এখন যেখানে নিচে হাউসের প্রেস গ্যালারি আছে সেটা উঠে গিয়েছে দোতলায় কিম্বা ক্যান্টিন হলে গিয়ে বসেছে। আমাদের সমালোচনা শোনবার পরে আমাদের স্থবির মুখ্যমন্ত্রীর উত্তর দেবার সাহস নেই। আমাদের দাম্ভিক মুখ্যমন্ত্রীর কার্যক্রম হিটলারের মতো লোককে লজ্জা দিয়েছে। রাজ্যপালের ভাষণে এই সমস্ত ব্যর্থতার কথা না থাকার জন্য এই ভাষণের তীব্র প্রতিবাদ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীস মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে আমি পুরোপুরি সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। গতকাল শ্রী ঈদ মহম্মদ যখন বলছিলেন তখন আপনি রুলিং দিয়েছিলেন যে কেন্দ্রের বিরুদ্ধে কিছু বলা যাবে। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যেই তো রাষ্ট্রের কথা উল্লেখ করা হয়েছে। সেখানে তো রাষ্ট্রের কথা, জাতীয় কথা উল্লেখ করা হয়েছে, তাহলে আমাদের করতে বাধা কিসের? আমরা যতই সুর পাল্টাই না কেন একথা তো অস্বীকার করতে পারব না যে আমাদের দেশ পৃথিবীর মধ্যে দরিদ্রতম দেশ। এই দেশের মানুষ এখনও না খেতে পেয়ে মরে। যে দেশের মানুষ খেতে না পেয়ে মরে সেই দেশকে দরিদ্রতম দেশ বলতেই হবে। এখানে এখনও শিক্ষার বিকাশ ঘটেনি। এখনও কুসংস্কারে আচ্ছন্ন রয়েছে। এই অবস্থার মধ্যে দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা যায় না। এর ফলে আমাদের স্বনামধন্য প্রধানমন্ত্রী অতি কৌশলে একটি পথ অবলম্বন করে সাম্প্রতিক দাঙ্গা ঘটালেন। সমস্ত বিশ্বের কাছে আমাদের মুখ নিচু করে দিলেন। তারই ঠিক পূর্বে ভি পি সিং সরকার সেখানে ৬ তারিখে বাবরি মসজিদে যে ঘটনা ঘটেছিল ঠিক সেই ঘটনাই ঘটতে যাচ্ছে তার আমলে, তিনি কিন্তু সেটা গুলি করে বন্ধ করে দিয়েছিলেন। সেখানে পি. ভি. নরসিমা রাও উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী কল্যাণ সিংয়ের সঙ্গে গোপনে আঁতাত

করলেন। যার ফলে সাম্প্রদায়িক উত্তেজনা বাড়ল। আজকে যদি তাঁর দেশের শান্তির কথা মাথায় থাকত তাহলে যেখানে তিনি উত্তরপ্রদেশে সেই দিন সন্ধ্যার সময়ে রাষ্ট্রপতি শাসন করলেন সেটা সকাল থেকেই করতে পারতেন। অতি কৌশলে তিনি এই কাজ করেছিলেন। আসলে বালাজি বাজিরাও, বিশ্বনাথ বাজীরাওয়ের লোক তিনি, অন্ধ্রপ্রদেশের, দক্ষিণ ভারতের লোক, তাঁর কাছ থেকে এর চেয়ে ভালো কিছু আশা করাই তো অন্যায়। তারপরে মহারাষ্ট্রের থেকে সারদ পাওয়ারকে মুখ্যমন্ত্রিত্ব পদ থেকে নিয়ে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রিসভায় নিয়ে গেলেন, আর সুধা কর রাও নায়েককে মুখ্যমন্ত্রী করে নিয়ে এলেন। যে সময়ে সুধাকর রাও নায়েককে নিয়ে এলেন সেই সময়ে মহারাষ্ট্রে খুন হচ্ছে, রাজ্যের মানুষ খুন হচ্ছে অথচ কোনও ব্যবস্থা নেওয়া হল না। আর প্রধান মন্ত্রী সব দেখে শুনে চুপচাপ বসে রইলেন। কাজেই এই যে সুপরিকল্পিতভাবে দাঙ্গা লাগানো হল এর পেছনে কি উদ্দেশ্য ছিল? অথচ এরাই কিনা পশ্চিমবঙ্গের আইন শৃঙ্খলা নিয়ে কথা বলেন। তবে এই ঘটনার নাটের গুরু ছিলেন রাজীব গান্ধী।

[3-00 — 3-15 p.m.]

আজকে পশ্চিমবাংলায় আইনশৃঙ্খলা নেই এই কথা বলে ওরা কিস্তিমাৎ করার চেষ্টা করছে। কিন্তু আইনশৃঙ্খলা নিয়ে আজকে যদি চিন্তা করেন পশ্চিমবঙ্গে ছিঁটেফোটা হয়ত দু-একটি ঘটনা ঘটছে এবং কোনও সুধীজন সুস্থমস্তিষ্ক সম্পন্ন লোক তারা এই সামান্য ঘটনা ঘটাচ্ছে, যারা অ্যান্টি সোশ্যাল, সমাজবিরোধী লুটেরা পার্টি হয়ত ট্যাংরা এলাকার দু-একটা প্রমোটার আছে তাদেরও চক্রান্ত ছিল এই কথা অস্বীকার করবার নয়। কিন্তু পশ্চিমবাংলায় যে আইনশৃঙ্খলার চরম উন্নতি ঘটেছে এই কথা অস্বীকার করবার নয়। পশ্চিমবাংলার একাংশের দুর্বুদ্ধিতার জন্য ঘটনা ঘটতে চলেছিল, সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী জানতে পেরে মিলিটারি আমদানি করেছে। কিন্তু ঘটনা যেটা ঘটে গেল, বারবি মসজিদের বেলা ৩টের সময় ২টি গম্বুজ পড়ে গেল, আর ৫টার পরে ৩টে গম্বুজ পড়ে গেল, কয়েক ঘন্টা পরেই। কয়েকদিন পরে-কেন্দ্রীয় সরকারের মিলিটারি আসবার পরে তারা আবার রামলালার মন্দিরকে প্রণাম করে নিল। অবশ্য আমাদের পশ্চিমবঙ্গের পুলিশের মধ্যে এই জিনিস যে নেই এই কথা অস্বীকার করবার উপায় নেই। কলকাতা পুলিশের যিনি ডি. জি. ছিলেন সেই রমেন ভট্টাচার্য, তিনি এমন বি. জে. পি.র দলের মধ্যে আছেন/কারণ যদি না থাকত তাহলে এই ঘটনা ঘটত না। বলুন তো গুজরাটে কাদের সরকার চিমনভাই প্যাটেলের সরকার, বোম্বেটা হচ্ছে ওদের। তাই আজকে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িকতা নিয়ে খুব লম্বা চওড়া কথা বলা হচ্ছে, ভারতবর্ষের যেখানে যেখানে কংগ্রেস আছে সেখানে কি ঘটনা ঘটে গেল সম্পূর্ণরূপে কংগ্রেস ব্যর্থ না কংগ্রেস উদ্দেশ্য। প্রণোদিতভাবে এটা করেছে, এই কথা বলতে আমি বাধ্য ইচ্ছাকৃতভাবে করেছে এবং দৈব্যক্রমে ঘটছে এই কথা বলা যায় না। আমি আলোচনা প্রসঙ্গে বলি সেদিন একজন বলছিলেন তাতে আমরা খুব আঘাত পেয়েছি, এটাকে কুম্ভিরাশ্রু ছাড়া অন্য কিছু বলা যায় না, এতদ্‌সত্ত্বেও মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বলব কংগ্রেসের ব্যর্থতা আছে, অবশ্যই থাকবে, চিরকাল কংগ্রেস দুটো ভাগে ভাগ হয়ে আছে, পশ্চিমবাংলার বিধান সভাতেও দুটো দল হয়ে ভাগ হয়ে আছে। যখন একদল চেঁচাচ্ছে তখন আর একদল চুপ করে বসে আছে, ঠিক আছে করুন খুব ভাল ভাবে করুন। এবারে আমাদের নিজেদের কথা বলি, দিল্লিতে

আমাদের যে কেন্দ্রীয় সরকার রয়েছেন তারা আমাদের তিস্তা ব্যারেজ প্রকল্পের জন্য দিয়েছেন মাত্র ৮ কোটি টাকা। কেন্দ্র যদি তিস্তা ব্যারেজের জন্য বাদ বাকি ১২ কোটি টাকা দিয়ে দেয় এবং পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে টাকা করেছেন সেটা যদি দিয়ে দেন তাহলে তিস্তা ব্যারেজের কাজ শেষ হয়ে যাবে এবং ৫০ হাজার একর জমি সেচের জল পাবে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীব দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাবের উপর যে আলোচনা চলছে আমি তার বিরোধিতা করছি এবং করে দু-চারটি কথা এখানে বলতে চাই। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে বলতেন যে পশ্চিমবাংলায় গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ গুলি চালাবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি হাউসে বলতে চাই যে এই সরকার ক্ষমতায় আসার পর কিভাবে গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ নির্বিচারে গুলি চালিয়েছে এবং এর কয়েকটা উদাহরণ আমি দিতে চাই। শান্তিপুরে পুলিশ গুলি চালিয়েছে, কৃষকদের উপর। গৌরীপুর জুট মিলের শ্রমিকদের উপর পুলিশ গুলি চালিয়েছে, মরিচঝাঁপিতে সি. পি. এমের পুলিশ গুলি চালিয়েছে, হাওড়ার শিক্ষিকা বিমলা দের উপর পুলিশ গুলি চালিয়েছে, ছাত্র নেতা বঘুনন্দন তেওয়ারীর উপর পুলিশ গুলি চালিয়েছে, এস. ইউ. সি আই কর্মী মাধাই হালদারের উপর পুলিশ গুলি চালিয়েছে, বালিগঞ্জের উপনির্বাচন নিরীহ পথচারী স্বপন চক্রবর্তীর উপর পুলিশ গুলি চালিয়েছে, হরিহরপাড়ায় পুলিশ গুলি চালিয়েছে, হাওড়ায় সি. সি. এম কর্মী নির্মল মুখার্জির ছেলে প্রান্তিক মুখার্জির উপর পুলিশ গুলি চালিয়েছে, আর এদিকে আপনারা বলেন গণতান্ত্রিক আন্দোলন উপর পুলিশ গুলি চালাবে না। ১৯৮০ সলের ৩১শে জানুয়ারি থেকে ১৯৯২ সালের জুলাই মাস পর্যন্ত মোট ৪০ জায়গায় পুলিশ গণতান্ত্রিক আন্দোলনের উপর গুলি চালিয়েছে। আপনারা নিরীহ সাংবাদিকদেরও ছেড়ে দিচ্ছেন না। খোদ মহাকরণে সাংবাদিকরা পুলিশের হাতে লাঞ্ছিত হয়েছেন, নির্যাচিত হয়েছেন, কেন্দ্রীয় মন্ত্রী পুলিশের দ্বারা মহাকরণে লাঞ্ছিত হন। এর আগে সমরবাবু বলছিলেন, আমি তার কাছে দয়া করে জানতে চাই কি এমন সমস্যা হল যে প্রেস কর্ণার ভেঙ্গে দিতে হল। আপনারা একটা যুক্তি দেখান, যে মহামান্য জ্যোতি বসুর নিরাপত্তার খাতিরে প্রেস কর্ণার ভেঙ্গে দিতে হল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীর নিরাপত্তার কারণে সাংবাদিকদের প্রেস কর্ণারে বসতে দেওয়া হবে না। এই কথা বলে তারা সংবাদপত্রের লোকেদের প্রতি কটাক্ষ এনেছেন তার জন্য আমি তাদের তীব্র ভাষায় নিন্দা করি এবং আশা করব গণতন্ত্রের প্রতি যদি আপনাদের আস্থা থাকে তাহলে নিঃশর্তভাবে এই হাউসে ক্ষমা চেয়ে নেবেন, এই আশা আমি করব। আমরা যখন, আইন শৃঙ্খলার কথা বলি, তখন ওরা বলে কংগ্রেস থাকবে, আর আইনশৃঙ্খলা ভাল থাকবে, এটা হতে পারে না। এই যুক্তি দিয়ে প্রকৃত সত্যকে আড়াল করে দেওয়া যায় না।

আমি শুধু অনুরোধ করব, মায়ের চোখের জলের পরিমাণ যারা সংখ্যাতত্ব দিয়ে পরিমাপ করতে চায়, তারা নির্মম, তারা নিষ্ঠুর, তাদের ক্ষমা করা যায় না। সারা পশ্চিমবাংলায় অনেক সমস্যা আছে। কাগজে যখন বেরোয় মুখ্যমন্ত্রীর জন্য ২২ লক্ষ টাকা খরচ করে বঙ্গভবন রিপেয়ার করা হয়েছে। তখন মনে হয় ১৬ বছর মুখ্যমন্ত্রী থাকার জন্য যেখানে একটা অ্যাসেট হওয়া উচিত, সেখান তিনি—নাউ হি ইজ দি লায়েবিলিটি অব দি স্টেট। তিনি

দিনাজপুর যাবেন, পাঁচ লক্ষ টাকা খরচ। কোথাও যাবেন ৪ লক্ষ টাকা খরচ, বঙ্গভবনের জন্য ২২ লক্ষ টাকা খরচ, এই সব কথা কিন্তু রাজ্যপালের ভাষণে নেই। সেই জন্য আমি তাঁর ভাষণের বিরোধিতা করছি এবং আমাদের যে সব অ্যামেন্ডমেন্ট আছে, সেইগুলো সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-15 — 3-25 p.m.]

**শ্রী অনিল মুদি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণ এই রাজ্যের বাস্তব চিত্রে ধরা পড়েনি। বেকার সমস্যা ৫০ লক্ষের বেশি, তার সুষ্ঠু সমাধানের কথা নেই, শিল্পোন্নয়ন স্তব্ধ, সাংবাদিকরা সম্মানের সহিত গণতন্ত্রের স্তম্ভ হিসাবে কাজ করতে পারে না, এই অবস্থায় আমি দুঃখের সঙ্গে জানাই যে সাম্রাজ্যবাদ ব্রিটিশ শক্তির সঙ্গে যে সংগ্রাম তমলুক মহকুমায় হয়েছিল, যে ভাবে তাঁর সংগ্রাম করেছিলেন এবং ব্রিটিশ শক্তির বিরুদ্ধে তমলুক মহকুমা জাতীয় সরকার করেছিল, আজকে যখন তার ৫০ বছর পূর্তি, সুবর্ণ জয়ন্তী হচ্ছে, সারা ভারতবর্ষ থেকে অতিথিরা অংশগ্রহণ করেছিলেন, সেই জায়গায় পশ্চিমবাংলার ১৪/১৫ জন মন্ত্রী গিয়েছিলেন এবং মুখ্যমন্ত্রী হ্যালিকপ্টারে করে গিয়ে তাম্রলিপ্ত জাতীয় সরকার প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে ভাষণ দিয়েছিলেন কিন্তু দুঃখের বিষয় সারা পশ্চিমবাংলার গৌরব সেই সময় তাম্রলিপ্তের জন্য এবং তখনকার কেন্দ্রীয় সরকার তাম্রলিপ্ত জাতীয় সরকারের জন্য এক কোটি টাকা ঘোষণা করেছিলেন। এতে বাংলার বুক গর্বে ভরে গিয়েছিল। এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে একটা কথাও উল্লেখ নেই। যারা বলে এসেছিলেন তমলুক মহকুমায় গিয়ে—মন্ত্রীমন্ডলি এবং মুখ্যমন্ত্রী যে মাতঙ্গিনী হাজরার জন্মস্থান, সারা বিশ্বের বীরাঙ্গনা এই মহিলার জন্মস্থান হোগলা গ্রাম, সেখানে তাঁর কোনও সৃষ্টি চিহ্ন রাখা হয়নি, তাঁর যে জন্মভূমি সেটা কেউ জানেন না, বিদ্যাসাগরের জন্মস্থান আমরা জানি, রবীন্দ্রনাথের জন্মস্থান আমরা জানি, ঠাকুর রামকৃষ্ণের জন্মস্থান আমরা জানি কিন্তু এই বীরাঙ্গনা মহিলার জন্মস্থান হোগলা গ্রাম সম্পর্কে কেউ জানেন না, এবং সেখানে তাঁর কোনও স্মৃতি চিহ্ন রাখা হয়নি। ৫০ বছর পূর্তি উপলক্ষে লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে, এই সম্পর্কে পূর্ববর্তী বক্তা বলেছেন।

এই পরিস্থিতিতে রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোনও ইঙ্গিত নেই। আমার দাবি মাতঙ্গিনীর জন্মস্থানে একটা অন্তত তাঁর স্মৃতি চিহ্ন রাখা হোক। সাথে সাথে ভারতবর্ষের প্রথম জাতীয় সরকার তাম্রলিপ্ত জাতীয় সরকারের সর্বাধিনায়ক—যিনি ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসকের বিরুদ্ধে লড়াই করে তমলুককে স্বাধীন করেছিলেন এবং ২১ দিন স্বাধীন সরকার পরিচালনা করেছিলেন, যেমন নেতাজী কোহিমায় আজাদ হিন্দ সরকার গঠন করেছিলেন তেমন—সতীশ সামন্তকেও এই সুবর্ণ জয়ন্তী বৎসরে যথাযোগ্য মর্যাদা দেওয়া হোক। এত বড় গৌরবের কথা সম্বন্ধে রাজ্যপালের ভাষণের মধ্যে এক লাইনও দেখলাম না। এটা খুবই দুঃখের। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে, দেশ এক ভয়াবহ সঙ্কটের সম্মুখীন এবং সঙ্কটের মধ্যে দিয়ে চলছে এবং এর মধ্যে আমাদের রাষ্ট্রের ধর্ম নিরপেক্ষ কাঠামোর উপর এক নিদারুণ আঘাত হানার কথাও উল্লেখ করা হয়েছে এই যে আঘাত নেমে এসেছে, এটা কি আকাশ থেকে নেমে এসেছে? না, কেউ এই আঘাত নামিয়ে

এনেছে? এটা স্পষ্ট করে উল্লেখ করা হয়নি। আমি জানতে চাই কেন স্পষ্ট করে বলা হয়নি? পাশ কাটিয়ে যাবার কারণ কি? আজকে চার দিন ধরে এই বিধানসভায় রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা চলছে এবং এই অলোচনায় ৪ ভাগের তিন ভাগই জুড়ে রয়েছে বি জে পি-র বিরুদ্ধে লড়াই-এর প্রসঙ্গ। অথচ যে বি জে পি এই আঘাত হানছে তার নামটা রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়নি! কেন, কিসের জন্য? স্পষ্ট করে তার নাম উল্লেখ না করে এইভাবে ছায়ায় বিরুদ্ধে লড়াই চালাবার কি প্রয়োজন? আমি মনে করি সামনা-সামনি লড়াই করাই উচিত। এখানে আরও আলোচনা করা উচিত যে, আজকে বি জে পি-কে কে বড় করে তুলল। ১৯৭৭ সালে সি পি এম তথা বামফ্রন্ট জনসংঘ, জনতার সঙ্গে মিতালি করেছিল। তারপরেও বি জে পি-র সংসদে মাত্র ২টো সিট ছিল। ১৯৮৯ সালে বি জে পি-র সিট বামফ্রন্টের হাত ধরে ৮৬টি হয়েছিল। তখন আমরা দেখলাম কলকাতা ময়দানে জগাই-মাধাই হাত ধরাধরি করে মিতালি করলেন। পরিণতিতে সংসদে বি জে পি-র সিট হয়ে গেল ১১৯টি। সুতরাং বামফ্রন্টই বি জে পি-কে বাড়িয়েছে। বি জে পি-র বাড় দেখে আজকে বামফ্রন্ট আতঙ্কিত হয়ে পড়েছেন আতঙ্কিত হয়ে আজকে তাঁরা বি জে পি-র বিরুদ্ধে অনেক কথাই বলছেন। তথাপি রাজ্যপালের ভাষণের মধ্যে তাদের নামটা উল্লেখ করার সাহস হয়নি। এই অবস্থায় আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমাদের পক্ষ থেকে উত্থাপিত অ্যামেন্ডমেন্টগুলির সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-25 — 3-35 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আলোচনার আজ শেষ দিন। এখানে রাজ্যপালের ভাষণের মধ্যে যে বক্তব্য তুলে ধরা হয়েছে সেই বক্তব্যে পশ্চিমবঙ্গের বাস্তবে চিত্রের প্রতিফলন নেই। তাই এই ভাষণকে সমর্থনের প্রশ্নই ওঠে না। সুতরাং আমি মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকারের সংশোধনীকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আজকে পশ্চিমবঙ্গের বাস্তব অবস্থা অর্থনৈতিক দিক থেকে যে বন্ধ্যাত্ব সৃষ্টি হয়েছে সেই বিষয়ে রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে তার কোনও স্পষ্ট ব্যাখ্যা দেখতে পেলাম না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিভিন্ন দপ্তরে সমস্ত উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে গেছে কোনও উন্নয়নমূলক কাজ চলছে না। প্রতি দপ্তরের জন্য বাজেট বরাদ্দ হয় সেই বরাদ্দকৃত অর্থের ৫০ পারসেন্ট সেই দপ্তর পায় না। অর্থের জন্য বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা বিক্ষোভ করছেন, দাবি করছেন মাননীয় অর্থমন্ত্রীর কাছে দেবার জন্য কিন্তু এই আর্থিক বছর শেষ হয়ে গেল কিন্তু এর মধ্যে কোনও উন্নয়নমূলক কাজ করার জন্য টাকা দপ্তরকে দেবার কথা ছিল তা দিতে না পারার জন্য সেচ বিভাগ, অন্যান্য দপ্তর শিক্ষা, স্বাস্থ্য, শিল্পোন্নয়ন সমস্ত ব্যাপারেই আমরা দেখছি পশ্চিমবঙ্গ পশ্চাদপদ অবস্থায় এসে দাঁড়িয়েছে। কৃষি ব্যবস্থায় এই যে হাই ইলডিং চাষ, সারা বৎসর ব্যাপকভাবে চলছে তার যে জলসরবরাহ করার কথা নেই জলসরবরাহ করা হচ্ছে না, জল সরবরাহ করতে গিয়ে বিভিন্ন জায়গায় যে বিদ্যুৎ সংযোগ করার ব্যাপার ছিল সেই সংযোগ আজও না হওয়ায়—বিদ্যুতের অবস্থাও অতি শোচনীয়—এবং গ্রামে যে বৈদ্যুতিকরণ করার কথা, প্রতিশ্রুতি অনেক জায়গায় দেওয়া হয়েছিল সেই সমস্ত লাইনে আজও কানেকশন দেওয়া যাচ্ছে না। যে সমস্ত জায়গায় আছে সেখানেও লোডশেডিং। সারা পশ্চিমবঙ্গে আজকে স্কুলে পরীক্ষা সেই পরীক্ষার সময়. হঠাৎ, হঠাৎ,

বিদ্যুত বন্ধ হয়ে যায়, ছেলেরা পড়াশোনা করতে পারছে না, এই রকম একটা পরিস্থিতি হচ্ছে। পশ্চিমবঙ্গে হাসপাতালগুলির অবস্থা অতি শোচনীয়, আপনি তো জানেন হাসপাতালগুলি চরম দুর্গতি, ঘরবাড়ি ভেঙ্গে পড়ছে, ডাক্তার নেই, কোনও হাসপাতালের ওষুধ নেই, সমস্ত রোগীকে কিনে দিতে হচ্ছে এবং এখানে যে শিল্পোন্নয়নের কথা বলা হচ্ছে, বিভিন্ন শিল্পপতি পশ্চিমবঙ্গে শিল্প স্থাপন করার জন্য চেষ্টা করছে বলা হয়েছে ভাষণের মধ্যে—আমি বিগত কয়েক বছরের মধ্যে দেখছি—পশ্চিমবঙ্গে কয়েক বছরের মধ্যে নতুন নতুন শিল্প স্থাপন হচ্ছে না বরং যে সমস্ত শিল্প ছিল তা একটার পর একটা বন্ধ হয়ে যাচ্ছে। বেকারের সংখ্যা বাড়ছে, লক্ষ লক্ষ বেকার, সেই বেকারদের কর্মসংস্থান দেওয়ার জন্য হলদিয়া পেট্রো-কেমিক্যালসের কথা উল্লেখ করেছেন। এই বামফ্রন্ট সরকার এই পেট্রো-কেমিক্যালসের কথা বলে পশ্চিমবঙ্গে বেকার যুবকদের এখানে কাজ দেওয়া হবে বলেছেন। আজকে সেই পেট্রো-কেমিকেলস তার কোনও আশার আলো দেখাতে পারছে না। আগামী দিনে পেট্রো-কেমিকেলসে কাজ দেওয়া হবে কিনা তাতে সন্দেহ দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে যে অর্থনৈতিক সঙ্কট নতুন কারখানা শিল্পোন্নয়ন, গ্রামোন্নয়ন এর জন্য যে বরাদ্দকৃত অর্থ তার যে আর্থিক সঙ্কটের ঠিকমতো ব্যাখ্যা এই রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি না। এই ভাষণের মধ্যে সারা পশ্চিমবঙ্গের বাস্তব চিত্র কিছু না তুলে কতকগুলি ভূয়া আশ্বাস দেওয়া হয়েছে, পশ্চিমবঙ্গবাসীকে ধোঁকা দেওয়া হচ্ছে, আর্থিক সঙ্কটের জন্য পশ্চিমবঙ্গের নাভিশ্বাস উঠেছে। কাজেই এই পরিস্থিতিতে রাজ্যপাল মহাশয়ের ভাষণকে সমর্থন করা যায় না, সেজন্য মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৫ তারিখে এই হাউসে মহামান্য রাজ্যপাল জনাব নুরুল হাসান যে ভাষণ রেখেছেন আমি এর তীব্র বিরোধিতা করছি এবং তার সাথে সাথে আমাদের দলের মাননীয় সদস্যগণ যে সংশোধনী প্রস্তাবগুলি এনেছেন তার সমস্তগুলি সমর্থন করছি। রাজ্যপালের ভাষণ পড়ে আমার মনে ক্লাশ ফাইভ সিক্সের টেনটেলাস কাপের সাইফনিক প্রসেসের কথা স্মরণ করিয়ে দিচ্ছে। আমার বক্তব্য হচ্ছে, এটা রাজ্যপালের নিজস্ব ভাষণ নয়, এটা আলিমুদ্দিন স্ট্রিট থেকে ব্রিফিং করে রাজ্যপালকে দিয়ে পড়ানো হয়েছে, কারণ বর্তমানে পশ্চিমবঙ্গে যে জঙ্গলের রাজত্ব চলছে তার কোনও উল্লেখ এতে নেই। **(গোলমাল)** আমি খুব স্পষ্টভাবে বলতে চাই, এখানে যারা চিৎকার করছেন তারা দয়া করে তাদের রেজিগনেশন লেটার জমা দিন, আমিও জমা দেব এবং আমার অভিযোগ অসত্য হলে আমি পদত্যাগ করে চলে যাব। গত ২৩শে আগস্ট ময়না থানার গোজনা গ্রামে পুলিশ এবং মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির গুন্ডারা মদমত্ত অবস্থায় শিডিউল্ড কাস্ট পরিবারের মেয়েদের শ্লীলতাহানী করেছে। এই ব্যাপার নিয়ে ডাঃ জয়নাল আবেদিন, প্রদেশ কংগ্রেস সভাপতি শ্রী সোমেন মিত্র এবং আমি নিজে জ্যোতিবাবুর সঙ্গে কথা বলেছিলাম। তিনি বলেছিলেন যে, ময়নায় যারা অপরাধী তাদের সাজা হবে। এটা ২৩শে আগস্টের ঘটনা এবং আজকে মার্চ মাসের চার তারিখ, আজকে, ঐসব অপরাধী পুলিশ অফিসাররা ময়না থানায় বসে রয়েছেন। আজকে গ্রামে-গঞ্জে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির মস্তান এবং পুলিশ গুন্ডারা তছনছ করে দিচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ক্ষুদ্রসেচ মন্ত্রীর এলাকার একটি

ঘটনা উল্লেখ করতে চাই। সেখানকার নীলকণ্ঠ গ্রাম পঞ্চায়েতের প্রধান নিজের নামে জওহর রোজগার যোজনার টাকা পঞ্চায়েত ফান্ড থেকে তুলে নিয়ে রেখেছিলেন যার ইউ বি আই অ্যাকাউন্ট নাম্বার ২৯৮৬, রাধামনি ইউ বি আই। এটা নিয়ে সেখানকার মানুষ অনেক প্রতিবাদ করেছেন, কিন্তু কোনও প্রতিকার হয়নি। মাননীয় মন্ত্রী এবং সেখানকার সংসদ সদস্য বার বার করে জেলা পরিষদ অফিসে গিয়ে চাপ দিচ্ছেন যাতে এই ঘটনার তদন্ত না হয়। শুনলে অবাক হবেন, ঐ ঘটনার প্রতিবাদ করতে গিয়ে ঐ এলাকায় যিনি কমিউনিস্ট পার্টির জন্য জন্ম দিয়েছিলেন সেই ধরণীধর বালার বাড়িঘর লুঠ করা হল সেদিন যেদিন মহাকরণের প্রেস কর্ণার ভেঙ্গে দেওয়া হল এবং মমতা ব্যানার্জির উপর অত্যাচার করা হল সেই ৭ই জানুয়ারি তারিখে। সেখানে সি পি এম এবং সি পি আই পার্টির সশস্ত্র বাহিনী গিয়ে তার বাড়ি পুড়িয়ে দিল, বাড়ি থেকে দেড় লক্ষ টাকার সম্পদ, যার মধ্যে ছিল ২৫ হাজার নগদ টাকা, ২০ ভরি সোনা এবং পেতল কাঁসার বাসনপত্র, সব লুঠ করা হল এবং সেখানকার অসিত মাইতির দোকানেও লুঠ করা হল। ধরণীধরবাবু ঐ সমস্ত সম্পদ তার মেয়ের বিয়ের জন্য জোগাড় করেছিলেন যে মেয়ের কয়েকদিন পরেই বিয়ে হবার কথা ছিল। আজকে কে তার স্বপ্ন লুঠ করল?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সারা পশ্চিমবাংলার যুব সমাজের কথা বলতে চাই। আজকে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ যুব সমাজের জীবন যন্ত্রণার কথা চিন্তা করে তাদের হয়ে আমি বলতে চাই পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর তনয় দুধে-ভাতে থাকবে আর পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বেকার যুবক বেকারত্বের জ্বালায় জীবন যন্ত্রণা নিয়ে মারা যাবে? শাসকদলের সদস্যদের বক্তব্য ছিল স্বনির্ভর প্রকল্পের মাধ্যমে ৫ লক্ষ বেকারের কর্মসংস্থান হবে। ব্যাঙ্ক থেকে ৭০ লক্ষ টাকা নিয়ে চন্দন বসু যদি তাঁর জীবনে না দাঁড়াতে পারেন তাহলে কি করে একটা বেকার যুবক ১০ হাজার টাকা নিয়ে তারা কি জীবনে এস্টাবলিশ হতে পারবে? আপনারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কথা বলছেন। আপনারা জানেন আমরা বাঁশের দুর্গ করে স্বাধীনতাকালে ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই করেছিলাম। সিরাজের হয়ে মীরমদন, মদনলাল লড়াই করতে আমরা দেখেছি। দ্বিতীয় বাহাদুর সাহের হয়ে তিতুমির, ঝাঁসির রাণী লড়াই করেছিল সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে। সাম্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করবার ব্যাপারে আমাদের জানাতে হবে না। গত ৬ই ডিসেম্বর মসজিদ ভাঙ্গার পর মার্কবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা স্লোগান তুলেছিল অযোধ্যায় মসজিদ ভাঙ্গা হল কেন কংগ্রেস আই জবাব দাও। তারা মুসলিম পাড়ায় এই স্লোগান দিল, আবার হিন্দু পাড়ায় তার বিপরীত স্লোগান দিতে আরম্ভ করেছিল। মাননীয় রাজ্যপালের ভাষণকে এই জন্য আমি সমর্থন করতে পারি না। সর্বশেষে আমি একটা কথা বলতে চাই শাসক দলের ক্যাডার দিয়ে, মস্তান দিয়ে পুলিশ দিয়ে পশ্চিমবাংলার মানুষকে দমানো যাবে না, পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে তাদের বিরুদ্ধে মানুষ রুখে দাঁড়াচ্ছে।

**(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমার বক্তব্যে লাল আলো জ্বালিয়ে আমার বক্তব্যকে স্তব্ধ করতে চাইছেন সেই দিন আসছে যে দিন, পশ্চিমবাংলার মানুষ লাল ঝান্ডার উপর লাল

আলো জ্বালিয়ে ১২টা বাজিয়ে দেবে। রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমাদের সদস্যদের দ্বারা আনীত সংশোধনী প্রস্তাবগুলিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-35 — 3-45 p.m.]

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করছি। আমাদের বিরোধী দলের প্রতিটি বক্তা তাঁদের বক্তব্যের মধ্য দিয়ে এই কথা বলতে চেয়েছেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের সাফল্য সম্পর্কে তাঁরা সন্দিহান এবং উন্নয়নমূলক কাজ সম্পর্কে তাঁরা ব্যর্থতার কথা বলেছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করতে চাই এই পশ্চিমবঙ্গ সরকার কি করে বার বার ৬ বার মৎস উৎপাদনে প্রথম স্থান অধিকার করে? কি করে জাতীয় উৎপাদন হারে পুরষ্কার নিয়েছে? এই কথা কি কেউ অস্বীকার করতে পারবে? শিক্ষা প্রসারের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে এটা কি আপনারা নস্যাৎ করে দিতে চান? বনরক্ষার ব্যাপারে পশ্চিমবঙ্গ ইন্দিরা প্রিয়দর্শনী অ্যাওয়ার্ড পেয়েছে। এটা কি আপনারা অস্বীকার করতে পারবেন? এটা কোনও জাদুদন্ডে হয়নি। বামফ্রন্ট সরকারের আন্তরিক প্রচেষ্টায় এবং উদ্যোগে এটা সম্ভব হয়েছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির সঙ্গে আমাদের এই রাজ্য সরকারের মূল একটা তফাৎ আছে এবং সেই তফাৎটা হল দৃষ্টিভঙ্গির তফাৎ। উৎপাদনের সঙ্গে মানুষকে যুক্ত করার দৃষ্টিভঙ্গি এই বামফ্রন্ট সরকার নিয়েছেন, সেই কারণে বামফ্রন্ট সরকারের সঙ্গে অন্য সরকারের তফাৎ। তাই মৎস্য উৎপাদনের কো-অপারেটিভ ব্যবস্থা করে সমস্ত মৎসজীবীদের এই কাজ চাষের সঙ্গে যুক্ত করে মৎস্য উৎপাদনে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। বনরক্ষার ক্ষেত্রে যথেষ্ট নম্র উন্নতি করেছেন। পার্বত্য আদিবাসী মানুষদের এই বনরক্ষা কমিটিতে যুক্ত করেছেন। তারজন্য বনরক্ষা কমিটি করা হয়েছে এবং তাদের এই কাজের মধ্যে আনা হয়েছে। এই বামফ্রন্ট সরকারের চাবিকাঠি অন্য রাজ্য করতে পারবে না। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রেও যে সফলতা অর্জন করেছে তা বিরোধী দলের থেকে স্বীকার করা হয়েছে। অবশ্যি এই স্বীকারের সঙ্গে সঙ্গে নিন্দাও করা হয়েছে। এবং হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হয়েছে। মহারাষ্ট্রের তুলনায় পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উৎপাদনে পিছিয়ে আছে। মহারাষ্ট্র ভারতবর্ষের মধ্যে উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করে আছে, সেখানে চাহিদা অনুপাতে তো উৎপাদন। বাড়াতেই হবে। আর পশ্চিমবঙ্গে কোনও শিল্পপতিরাই শিল্প স্থাপন করতে উৎসাহ পাচ্ছে না। কেন্দ্রীয় সহযোগিতা সেইদিক থেকে নেই। কেন্দ্র অন্যানা রাজ্যে শিল্প স্থাপন করার ক্ষেত্রে উৎসাহ দেন কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে অনীহা প্রকাশ করেন। ফলে সেইরকম শিল্পের বিকাশ নেই। কিন্তু তারমধ্যেও বিদ্যুৎ উৎপাদনে পশ্চিমবঙ্গ ১২ পারসেন্ট হয়েছে। তারপরে যে বিষয়টি বলতে চাই সেটা হচ্ছে যে, মাননীয়া বিরোধী দলের সদস্যা শ্রীমতী সাবিত্রী মিত্র তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন, তিনি তাঁর প্রতিটি বক্তৃতার মধ্যে বলে থাকেন যে, এখানে নারী নির্যাতন, নারী ধর্ষণ সবচেয়ে এগিয়ে আছে। আমি তাঁকে এই প্রসঙ্গে একটি তথ্য তুলে ধরতে চাই। তথ্যটি ন্যাশনাল ক্রাইম রির্সাচ ব্যুরোর রিপোর্ট এটি টেলিগ্রাফ পত্রিকাতে প্রকাশিত হয়েছিল গত ১২.২.৯২ তারিখে। তাতে যা হিসাব দেওয়া হয়েছে সেই অনুযায়ী রেপের ক্ষেত্রে এম. পি সবচেয়ে এগিয়ে আছে। তারপরে দ্বিতীয় হচ্ছে ইউ. পি. এবং তৃতীয় হচ্ছে রাজস্থান। ১৯৯০-৯১ সালে যে নারী ধর্ষণ রিপোর্ট বেরোয়

তাতে ক্যালকাটার সংখ্যা হচ্ছে ২৪ জন এবং ১৯৯১-৯২ সালে ১৭ জন। এই দুই সাল মিলিয়ে ৪১ জন ধর্ষিতা হয়েছেন। সেখানে দিল্লিতে ১৫৩ জন আর দন্ডনীয় অপরাধে এই ১৬ বছরে কলকাতায় ১৩ হাজার ৮০৫, দিল্লিতে ২৯ হাজার ৫১০ এবং বম্বেতে ৩৮ হাজার ২০,৩০২। আর ত্রিপুরার কথা তো বাদ দিলাম, সেখানে ১২২১ জন, গণধর্ষণের নিধন হয়েছেন যারা তার সংখ্যা হচ্ছে ৫১৮ জন। সুতরাং সারা ভারতবর্ষের যে অর্থনৈতিক কাঠামো সেই দিক থেকে পশ্চিমবঙ্গের অবস্থা অনেকটা ভাল। এই আধা সামন্ততান্ত্রিক, ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার যে অবক্ষয় হচ্ছে এবং এতে ধর্ষণ, ক্রাইম ইত্যাদি বাড়ছে তাতে পশ্চিমবঙ্গ তার থেকে বাদ যেতে পারে না। এই অবক্ষয় বন্ধ করতে গেলে সমাজ জীবনের একটা বিরাট পরিবর্তন দরকার। আমি আপনাদের কাছে একটাই অনুরোধ করব এই ধর্মীয় উন্মাদনাকে রাজনৈতিক চরিতার্থ করবেন না। আসুন আমরা একসাথে বসে এই ব্যাপারে এক হয়ে লড়াই করি। আজকে বামফ্রন্ট সরকার এই ধর্মীয় উন্মাদনায় এবং নারী ধর্ষণের ব্যাপারে চিন্তিত এবং উদ্বিগ্ন এবং এই ব্যাপারে আমরা কয়েকটা ব্যবস্থাও নিয়েছি। লিগ্যাল-এন্ড রাজ্য জেলা সমস্ত স্তরে তৈরি হয়েছে এবং এই মেয়েরা যাতে সুযোগ পায় তার ব্যবস্থা করা হয়েছে, পারিবারিক আদালত-এর ব্যবস্থা করা হয়েছে। বিভিন্ন আদালতে যে সমস্ত মামলা চলছে সেইগুলি যাতে তাড়াতাড়ি নিষ্পত্তি হয় তার ব্যবস্থা করা হয়েছে, মেয়েদের জন্য সি আই ডি আন্ডারে একটা সেল গঠন করা হয়েছে। রাজ্যের অন্যান্য স্তরে সেল গঠন করা হয়েছে। রাজ্যের অন্যান্য স্তরে সেল গঠন হচ্ছে যাতে সমস্ত নারী নির্যাতনের ঘটনাগুলি দ্রুত মিটতে পারে তার জন্য একটি সেলটি গঠন করা হয়েছে কলকাতা এবং প্রতিটি জেলায়। ডাউরি প্রহিবিশন অনুসারে নিয়োগ করা হয়েছে সর্বোপরি উত্তমান কমিশন এই বামফ্রন্ট সরকারের আমলেই গঠন করা যেটা ভারতবর্ষের বহু জায়গায় হয়নি। সেমিনারের মাধ্যমে মানুষকে সচেতন করার চেষ্টা এই বামফ্রন্ট সরকার প্রায়শই করে চলেছে। মেয়েদের মর্যাদা যাতে রক্ষিত হয় তার জন্য দেশ গঠন করার কাজে পঞ্চায়েতে ৩০ শতাংশ আসন এই সরকার সংরক্ষণ করেছে, আমি তাই বলব এইগুলিকে ধূলিসাৎ করবেন না, এগুলিকে আপনারা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে ব্যবহার করবেন না। এরপরে আসছি ভূমিসংস্কার এবং গ্রামীণ উন্নতির ব্যাপারে, এই ব্যাপারে অনেক বক্তা বলেছেন, আমি এই ব্যাপারে আর বলব না। আমি শহরের কথা বলব যেগুলি কেউ বলেননি, গ্রামের উন্নতির সাথে সাথে শহরের যাতে উন্নতি হয় তার জন্য বামফ্রন্ট সরকার ব্যবস্থা করেছেন। আপনারা জানেন টাউন অ্যান্ড কান্ট্রি অ্যাক্ট এই আইনটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের। পশ্চিমবাংলায় আপনারা যখন শাসন ক্ষমতায় ছিলেন তখন আপনারা এটা চালু করেননি, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এসে এই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট চালু করে। এটা করার মধ্যে দিয়ে শহরগুলিতে পরিকল্পনামাফিক তৈরি করার চেষ্টা হয়েছে। আর একটি কথা আমি বলব, আপনারা শুধু কলকাতার উন্নয়নের কথা ভাবছেন, বামফ্রন্ট সরকার কলকাতার সাথে সাথে তার পাশাপাশি এলাকাগুলির কথাও ভাবছেন। ১৯২৩ সালে যখন ব্রিটিশের রাজত্ব ছিল, স্যার সুরেন্দ্রনাথ ব্যানার্জি তিনি ক্যালকাটা মিউনিসিপ্যালের জন্য তখন যুগান্তকারী আইন তৈরি করেছিলেন। কলকাতার মিউনিসিপ্যালকে স্বশাসিত করবার পরিকল্পনা ছিল এবং কলকাতার মিউনিসিপ্যালিটিকে অনেক ক্ষমতা দেওয়া হয়েছিল। কিন্তু আপনারা গদীতে বসার সঙ্গে সঙ্গে '৫১ সালে সেটাকে নস্যাৎ করে দিয়েছিলেন এবং আপনারা যে আইন করেছিলেন তাতে

[3-45 — 3-55 p.m.]

মেয়রকে ক্ষমতা দিয়েছিলেন চালাবার জন্য। সমস্ত ক্ষমতাটা কমিশনারের হাতে ছিল। আপনারা কলকাতা কর্পোরেশনকে অনেকবার সুপারসিড করেছেন, মেয়ন ইন কাউন্সিল করে কলকাতা কর্পোরেশনে নির্বাচিত করেছেন। আমি বলতে চাই, ৪৮ সাল থেকে ওরা ক্ষমতায় ছিলেন এবং পশ্চিমবাংলার মিউনিসিপ্যালিটির সংখ্যা ছিল তখন ১৭টি, আর ১৯৭৮ সালের পর থেকে ১৯৯০ সালের মধ্যে ২২টি নতুন মিউনিসিপ্যালিটি হয়েছে। আমি অনুরোধ করব, ভেবে দেখুন এটা কি অগ্রগতি নয়। আপনারা গরিব মানুষের কথা ভাবেন না, আপনারা কেবল মুষ্টিমেয় মানুষের কথা ভাবেন। আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে চান না, কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতায় বিকেন্দ্রীকরণ করেন, এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব সরকারি দলের পক্ষ থেকে নিয়ে আসা হয়েছে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, ১৫ বছর অতিক্রম করার পর নজির সৃষ্টিকারী মুখ্যমন্ত্রী এবং তার মন্ত্রীসভার যে কার্যবিধি প্রতিফলিত হয়েছে রাজ্যপালের ভাষণের মধ্যে সেটা অত্যন্ত দুঃখজনক এবং এই ভাষণ একটা কলঙ্কিত ইতিহাস। দীর্ঘদিন বাদে অনেকটা স্বগতোক্তির মতো মন্ত্রীসভার বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্যে এসেছে। সাধারণ মানুষের উপর অত্যাচার। বাংলার ৪০ হাজার গ্রাম এবং শহরের মানুষের উপর মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা চালাচ্ছে, খুন হচ্ছে। সারা বাংলার মাটিতে বিগত ১৪ বছর ধরে এই মার্ক্সবাদীর লোকেরা খুন করেছে প্রায় ২৪,১৫০ জনকে। আমাদের বাংলার মুখ্যমন্ত্রী শ্মশানের কাপালিকের মতো বসে আছেন এবং প্রতিদিন গড়ে তার পায়ের নিচে পাঁচটি করে নরমুন্ড বলি দিতে হচ্ছে। এই যে কাপালিক বসে আছেন তিনি বাংলার মানুষকে খুনি করছে। বাংলার গ্রামোন্নয়ন আজকে স্তব্ধ হয়ে গেছে, বাংলার অর্থনীতিকে একটা ব্যাভিচারের মধ্যে ঠেলে দিয়েছে। শুধু এরা আজকে বলছেন সাম্প্রদায়িক সম্প্রীতির কথা। বাংলার মাটিতে এটা বলার প্রয়োজন হল কেন? এই বাংলার মাটিতে আপনারা হাত ধরাধরি করে ভারতীয় জনতা পার্টির নেতাকে নিয়ে এসেছিলেন। কলকাতার সংস্কৃতির প্রাণ কেন্দ্র মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি নিজেদের সুবিধা আদায়ের জন্য তারা এই কাজ করেছিল এবং এখনও তারা সেই চেষ্টা চালিয়ে যাচ্ছে। তখন সামনে দাঁড়িয়ে বলছেন বাংলার মাটিতে সাম্প্রদায়িক সম্প্রীতির গান গাইতে হবে, আলবাৎ গাইতে হবে। কিন্তু এই সম্প্রাদয়িক সম্প্রীতিকে কে নষ্ট করেছে? সেই কলঙ্কিত নায়করা যারা ১৫ বছর ধরে বাংলার সুবেদার, নবাব, বাংলার মুখ্যমন্ত্রী, বাংলার জহ্লাদ, বাংলার কাপালিক এই জ্যোতি বসু বাংলাকে শ্মশানে পরিণত করেছে, তাঁর নেতৃত্বে বাংলা শ্মশানে পরিণত হয়েছে। আজকে এই জায়গায় দাঁড়িয়ে ভাবতে হচ্ছে মাননীয় রাজ্যপালের ভাষণের ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উত্তরে। মাননীয় সদস্য বলছিলেন, কী বিপদজনক, আপনার মাথায় ওপরে দেখছি বাঘ এর ছবি, ও কাঁদবে। আপনার আসন টলটল করবে। মায়েদের উপর, নারীদের উপর কী নির্যাতন হচ্ছে—মাননীয় সদস্য বলছিলেন, আমার বুকের যন্ত্রণা হচ্ছিল। নারী জাতির প্রতীক, উনি প্রটেকশন দিচ্ছেন এই ব্যাভিচারি সরকারকে। আপনার উচিত ছিল আপনার এ আসন থেকে আমাদের এখানে এসে এ ব্যাভিচারি সরকারের প্রতি আজকে প্রতিবাদ করার।

আজকে কোন জায়গায় দাঁড়িয়ে আছে এই সরকার? শুনুন স্যার, সারা ভারতবর্ষের মধ্যে বাংলা ছিল গৌরবের মা। মাকে আমরা প্রণাম করি। আজকে বাড়ি থেকে বেরোবার সময় মায়ের পায়ে হাত দিয়ে প্রণাম করে বেরোই আমরা। সেই নারী জাতি সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে নারী ধর্ষণ হচ্ছে, তাতে পশ্চিমবাংলা সেভেন্থ পোজিশন। সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গ মহিলাদের মলেস্টেশনের ক্ষেত্রে ১১তম স্থানে আছে, সারা ভারতবর্ষে মহিলাদের কিডন্যাপিং এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ৯ম স্থানে আছে। সারা ভারতবর্ষে মা বোনেদের ইভটিজিং এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ৬ষ্ঠ স্থান, সারা ভারতবর্ষে বধূ হত্যা, ডাউরি ডেথ, পশ্চিমবঙ্গ তৃতীয় স্থানে, সারা ভারতবর্ষে বধূ নির্যাতনে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে এবং সার্বিকভাবে মহিলাদের উপর নির্যাতন—নজরুলের বাংলা, রবীন্দ্রনাথের বাংলা, আজকে ৬ষ্ঠ স্থানে চলে গেছে। এটা আমার তথ্য নয়, এটা ক্রাইম ইন ইন্ডিয়া, গভর্নমেন্ট ইন্ডিয়া পাবলিকেশন ১৯৯০ এবং ভায়লেন্স অন উয়োমেন, গভর্নমেন্ট অব ইন্ডিয়া, মিনিস্ট্রি অব উইমেন ডেভেলপমেন্ট, ১৯৯১। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাহলে কি দেখছি, আমরা ৯১ সালে প্রতি সপ্তাহে ১১টি মহিলা ধর্ষিত হয়েছে বাংলার মাটিতে, প্রতি সপ্তাহে ছয়টি মহিলা মলেস্টেড হচ্ছে বাংলার মাটিতে ১০টি মহিলা কিডন্যাপড হচ্ছে বাংলার মাটিতে। প্রতি সপ্তাহে সাতটি বোন, সাতটি মা ইভটিজিং হচ্ছে বাংলার মাটিতে। প্রতি সপ্তাহে ১২টি মহিলাদের আজকে ডাউরি ডেথ হচ্ছে। আর প্রতি সপ্তাহে ৪১টি মহিলা আজকে হাজব্যান্ড এবং তার পরিবার বর্গের দ্বারা আক্রান্ত হচ্ছে, নির্যাতিত হচ্ছে। বাংলার মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যে কোন বাংলার আপনি উত্তরাধিকারী? কোন বাংলার আপনি নায়ক, আজকে কথায় কথায় আপনি উত্তরপ্রদেশ দেখানো, কথায় কথায় বিহার দেখানো, কথায় কথায় মধ্যপ্রদেশ দেখানো, আপনি আপনার রাজত্বের ১৫ বছর এবং বাংলার ইতিহাসে বিধান রায়ের সময় থেকে আজকে তুলনামূলকভাবে বলুন, কোন আসনে আপনি বসে আছেন, কোন বাংলার আপনি নেতৃত্ব দিচ্ছেন, যে বাংলার ৪০ হাজার গ্রামের মানুষ আজকে কাঁদছে? যে বাংলার কলকাতা শহর সমেত সমস্ত আধা শহর এবং শহরগুলোতে আজকে নারীদের সম্মান ভুলুণ্ঠিত হচ্ছে, সেই বাংলার মুখ্যমন্ত্রী আপনি, সেই বাংলার স্বরাষ্ট্র মন্ত্রী আপনি। আজকে তাই আমাদের রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই, আজকে এর জন্য কোনও উদ্বেগ নেই, মানুষ মারার যে চক্রান্ত তার কোনও কথা নেই, অথচ সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলা হচ্ছে। নিশ্চয়ই বলতে হবে, এটা উদ্বেগের বিষয়। এটা সবাই মিলে আমাদের ভাবনা চিন্তা করতে হবে। কিন্তু এ বাংলার মার্ক্সবাদী মুখ্যমন্ত্রীর রাজত্বে বাংলার ৪০ হাজার গ্রামে যে কংগ্রেস কর্মীদের খুন করা হচ্ছে, যে কংগ্রেস কর্মীদের নিধন যজ্ঞ করা হচ্ছে, যে কংগ্রেস কর্মীদের আজকে পরিবারকে নস্যাৎ করে দেওয়া হচ্ছে, তার যদি জীবন্ত প্রদর্শনী করা হয় তাহলে একটা বিগ্রেড ভরে যাবে।

[3-55 — 4-05 p.m.]

আজ সাদা কাপড় পরা বিধবা মা বোন এবং হাত নেই, পা নেই পঙ্গু, অর্দ্ধ-পঙ্গু কংগ্রেস কর্মীদের মহা-মিছিল কলকাতা মহানগরীর বিগ্রেড প্যারেড গ্রাউন্ডকে ভরিয়ে দেবে। অথচ তাঁদের কোনও কথারই এখানে উল্লেখ নেই। তাই গভীর উদ্বেগের সঙ্গে এই ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করতে হয়। রাজ্যটাকে দেউলে করে দিয়েছেন। পন্ডিত অর্থমন্ত্রী এসেছেন। আমার সৌভাগ্য তাঁর সামনে আমি আমার বক্তব্য রাখার সুযোগ পেয়েছি। আমরা কি

দেখছি? গোটা রাজ্য কিভাবে চলছে? বলা হচ্ছে বাংলার উন্নয়নের স্বার্থে পরিকল্পনায় বিকেন্দ্রীকরণের মাধ্যমে বাংলার অর্থনীতি ২ হাজার মাইল স্পীডে এগিয়ে চলছে। অথচ আমরা দেখছি বাস্তবে বাংলার অর্থনীতি ২ হাজার মাইল স্পীডে পিছিয়ে চলেছে। আমরা দেখছি প্রতিটি রাজ্য যেখানে কেন্দ্রীয় সরকার এবং যোজনা কমিশনের কাছে গিয়ে বলছে,—টাকা বাড়াও, টাকা বাড়াও ; সেখানে আমাদের বাংলার অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকার এবং যোজনা কমিশনের কাছে গিয়ে বলছেন,—টাকা কমাও, টাকা কমাও, আমরা যোজনা করতে পারছি না। কোন রাজ্যে বাস করছি আমরা। ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকেই বাংলার অর্থনীতি পেছনে দৌড়তে শুরু করেছে। বিপদজনক, ভয়ঙ্কর, ব্যভিচারী অর্থনৈতিক ব্যবস্থাকে মরিয়া হয়ে আঁকড়ে ধরে মানুষকে ঠুঁটো জগন্নাথ করে রেখেছেন। যে আর্থিক বছর আগামী ৩১শে মার্চ শেষ হতে চলেছে সেই বছরের জন্য যোজনা ধার্য হয়েছিল ১৫০৫ কোটি টাকার। মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে সেই যোজনা বরাদ্দ নামতে নামতে ৪০০ কোটি টাকায় এসে নেমেছে। কি বিপজ্জনক অবস্থা! বাংলার মানুষের শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন, গ্রামীণ মানুষের ২০ দফা কর্মসূচিকে কোন জায়গায় নিয়ে যাওয়া হয়েছে! আজকে মন্ত্রীসভার সদস্যরা বুকে হাত দিয়ে বলুন—অন্তত একজন সদস্যও উঠে দাঁড়িয়ে বুকে হাত দিয়ে বলুন যে তাঁর দপ্তরের জন্য প্ল্যান বাজেটের নির্দিষ্ট বরাদ্দ তিনি আজ পর্যন্ত পেয়েছেন? একজনও কি এ কথা বলতে পারবেন? একজনও পাননি। স্বাস্থ্য পায়নি, শিক্ষা পায়নি, সেচ পায়নি, ক্ষুদ্র সেচ পায়নি, বিদ্যুৎ পায়নি। কেউ পায়নি। এখানে শুধু একটা কাজই হয়েছে, কি করে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির ভান্ডার পরিপূর্ণ করা হবে তার ব্যবস্থা। কি করে সম্পদ লুঠ করা হবে, কি করে মৎস্য মন্ত্রীর নেতৃত্বে নদীর জলে মাছ ছাড়া হবে, সেই ব্যবস্থাই হয়েছে। কি বিপদজনক পরিস্থিতি! একদিকে ৫২ লক্ষ বেকার বেড়েছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দরজায় গিয়ে বেকার ছেলেরা মাথা ঠুকছে, অপর দিকে সব রকম উন্নয়নের গতি স্তব্ধ। আজকে শিল্প ধুঁকছে, জে আর ডি টাটা এসে মাননীয় মুখ্যমন্ত্রীকে পরিষ্কার বলে দিয়েছেন,—আমরা হলদিয়া থেকে নিজেদের তুলে নেব যদি না আপনারা অর্থ জোগাড় করতে পারেন। মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে জানাবেন কি হলদিয়া পেট্রো-কেমিক্যালস নিয়ে জে আর ডি টাটা-র সঙ্গে তাঁর সর্বশেষ কি কথা হয়েছে? আমরা এবিষয়ে উদ্বিগ্ন। একটু আগে একজন মাননীয়া সদস্যা শিক্ষা নিয়ে গর্ব করে অনেক কথা বললেন। অথচ স্যার, আপনি দেখুন শিক্ষাক্ষেত্রে—টোটাল লিটারেসি রেটে বাংলা ছিল ভারতবর্ষের মধ্যে দ্বিতীয় স্থানে, কেরলা ছিল প্রথম স্থানে। আজকে টোটাল বাজেটের ২৬% শিক্ষা ক্ষেত্রে খরচ করার পরে এই রাজ্য শিক্ষাক্ষেত্রে গত ১৫ বছরে গোটা দেশের মধ্যে ১৭তম স্থানে নেমে এসেছে। আর মহিলা শিক্ষার ক্ষেত্রে নেমে নেমে ১৯তম স্থানে নেমে এসেছে। ২৫টা রাজ্য এবং ৭টা কেন্দ্র শাসিত অঞ্চলের মধ্যে আজকে বাংলার এই স্থান। আর মেইন লিটারেসি রেটে বাংলার স্থান ১৮-তম। প্রয়াত নেতা মাননীয় রাজীব গান্ধীর নির্দেশে ন্যাশনাল লিটারেসি কমিশনের মাধ্যমে নিরক্ষরতা কর্মসূচির মাধ্যমে এই বাংলায় আমার নিজের জেলায় আমি জানি মেদিনীপুরে প্রায় ৬ কোটি টাকা দিয়েছেন। সারা পশ্চিমবঙ্গকে প্রায় ২২ কোটি টাকার উপর দেওয়া হয়েছে, তাহলে কেন বাড়ল না? এই টাকাও বেতন দিতে চলে গেছে? মাননীয় অর্থমন্ত্রী এখানে রয়েছেন, জানাবেন, ওঁর সামনেই বলছি আজকে বাংলাকে কোন জায়গায় নিয়ে গিয়েছেন। একটা সরকার শুধু সরকারি, আধা সরকারি কর্মচারিদের বেতন দেবার জন্য আছেন? তাহলে সাড়ে ছয় কোটি

বাঙালির উন্নয়নের কথা কোন সরকার বলবে? মাননীয় মুখ্যমন্ত্রীকে এই কথা কোন সরকার বলবে? মাননীয় মুখ্যমন্ত্রীকে এই কথা বলতে হবে। আজকে ভিখারির মতো দিল্লিতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে বলতে হচ্ছে 'ওগো বাবা ভিক্ষা দাও'। বাংলার মানুষ হিসাবে আজ মাথা নিচু হয়ে যায়, একটা সরকার তার নিজস্ব সম্পদ সংগ্রহ করতে পারে না, কৃষি এবং সেচের ক্ষেত্রে অগ্রগতি করতে পারে না, গ্রামীণ বৈদ্যুতিকরণ করতে পারে না, কৃষির ক্ষেত্রে গ্রামীণ বৈদ্যুতিকরণ করে উৎপাদন বৃদ্ধি করতে পারে না। বেকার যুবকদের স্বনিযুক্তি প্রকল্পের টাকা খরচ করতে পারে না, ব্যাঙ্ক এবং কেন্দ্রের সহায়তায় স্বনিযুক্তির যে টাকা তার শতকরা ৪০ ভাগ খরচ করতে পারে না, তাহলে সেই সরকার ৫ কোটি মানুষের অর্থনৈতিক এবং রাজনৈতিক অগ্রগতির জন্য কোন দিক নির্দেশ করছে সেটা পরিষ্কার করে জানাবেন। আমরা খুবই চিন্তিত, গভীর উদ্বেগের সঙ্গে আমাদের ভাবতে হচ্ছে। আমাদের বলা হচ্ছে সাম্প্রদায়িক সম্প্রীতির একটা দৈত্য বাংলার মাটিতে এসে বসে পড়েছে। আমার প্রশ্ন এর জন্য দায়ী কে? বাংলার মাটিতে দাঁড়িয়ে সাম্প্রদায়িক সম্প্রীতির ব্যাপারে কোনও রাজনৈতিক দল, কোনও রাজ্য সরকারের নেতা সাম্প্রদায়িক সম্প্রীতিকে কেন্দ্র করে বসে পড়েছে। আজকে ২৫শে ফেব্রুয়ারি ভারতবর্ষে যারা এই সমস্ত বিষয়কে নিয়ে বি জে পি-র সঙ্গে মোকাবিলা করতে পারে, দিল্লির মাটিতে বোট ক্লাব সভা বন্ধ করে দিতে পারে তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী কেন বাবরি মসজিদ ভাঙ্গার কল্যাণ সিংকে কলকাতার মাটিতে সভা করতে দিলেন? লালুপ্রসাদ যাদব যেখানে সার্টিফিকেট দিলেন না—আজকে এ লজ্জা বাংলার—কারণ আজকে লালুপ্রসাদ সার্টিফিকেট না দিয়ে আদবানীর রথ কে আটকে দিতে পারে, গ্রেপ্তার করতে পারে তাহলে আজকে কেন বাংলার মাটিতে পুরুলিয়ায় রথ চালু রাখলেন? আজকে তাই আয়নায় নিজের মুখ দেখুন। আত্মসমালোচনার আঙুল কংগ্রেসের দিকে না তুলে নিজেদের দিকে তুলুন, আপনি আপনার পাপের প্রায়শ্চিত্ত করছেন। আপনারা বাংলার সংস্কৃতিকে বিনষ্ট করেছেন, বাংলার ধারাবাহিকতাকে ক্ষুন্ন করেছেন, বাংলার ঐতিহ্যকে নিজেদের দলের ঐতিহ্যে পরিণত করেছেন। আগামী দিনের ইতিহাস ক্ষমা করবে না। আপনারা ৪২-এর আন্দোলনকে ছুরিকাহত করেছেন, ৪২-এর আন্দোলনকে হীন প্রতিপন্ন করতে সভা করে বলেছিলেন সংবিধান মিথ্যা। বলেছিলেন এ আজাদী ঝুটা হ্যায়। নেতাজিকে দেশদ্রোহী বলেছিলেন। আজকে এতদিন পরে বলছেন না, ৪২-এর আন্দোলনের বিরুদ্ধাচরণ করা ভুল হয়েছিল, আজকে বলছেন এই স্বাধীনতা ঠিক, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলন ঠিক, যাঁরা এ জন্য সংগ্রাম করেছিলেন তাঁদের আমরা প্রণাম করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের ইতিহাস, অর্থনীতি এবং বর্তমানের এই বেকারত্ব শিল্পের অবস্থা এবং বাংলার গ্রামোন্নয়নের অবস্থা খুবই ভয়াবহ এবং এর অর্থ আজকে পঞ্চায়েতের কোষাগারে পরিণত হয়েছে সে সম্বন্ধে কোনও বক্তব্য মাননীয় রাজ্যপালের ভাষণে না থাকায় আমি আমাদের আনা সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-05 — 4-15 p.m.]

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি এবং সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে দু'একটি কথা বলছি। প্রথমে আমি শুনলাম—দু'একজন বলছিলেন, রাজ্যপালের ভাষণের উপর মন্তব্য করতে গিয়ে যে তাঁরা

খুশি হয়েছেন রাজ্যপাল তাঁর ভাষণে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কিছু বলেননি দেখে। আমি বলছি, একটু অপেক্ষা করুন না ; বাজেট আসছে, কি সর্বনাশ করেছেন আমাদের এবং অন্যান্য রাজ্যের তার সমস্ত কিছু পরিসংখ্যান দিয়ে, তথ্য দিয়ে আপনাদের বলা হবে এবং আপনারাও তখন বলার সুযোগ পাবেন। এসব ইচ্ছা করেই রাজ্যপাল বলেননি, কারণ বাজেটের সময় এসব আলোচনা হয়। তখন কেন্দ্রীয় বাজেট এবং নীতির কথা সব আলোচনায় আসবে, এখন কেন্দ্রীয় বাজেট নিয়ে এখানে আলোচনা করতে চাই না। কারণ ইতিমধ্যেই আমরা কেন্দ্রীয় বাজেট সম্পর্কে আমাদের কি প্রতিক্রিয়া সেটা আমরা রেখেছি। এই বাজেট মানে সাধারণ বাজেট নয়—রেলওয়ে বাজেট এসেছে। তার আগে অ্যাডমিনিস্টার্ড প্রাইস—দাম বাড়ানো হয়েছে প্রশাসনিক উপায়ে। এই সমস্ত যদি জড়িয়ে দেখি তাহলে তাদের বাজেটকে কখনই সমর্থন করতে পারব না, তাই যে বাজেট তাঁরা প্লেস করেছেন তার বিরোধিতা আমাদের করতেই হবে। তাদের বাজেটের খুব একটা গুরুত্বও ছিল না, কারণ আগেই দাম বাড়িয়ে দিয়েছেন। কিন্তু ঐ বাজেটের গুরুত্ব আমাদের কাছে আছে। আই এম এফ এর লোক দিল্লিতে দুই বছর ধরে বসে আছেন এবং তাদের কথা মতো তাদের চলতে হবে। আজকে তাঁরা আমাদের দেশের সার্বভৌমত্ব বিক্রি করেছেন বিদেশের কাছে এবং সেটা আমরা বসে বসে দেখছি। গত বাজেটে তাঁরা আই এম এফ এর কিছু শর্ত গ্রহণ করেছিলেন, এবারে আরও দু'একটি ক্ষেত্রে সেটা তাঁরা গ্রহণ করেছেন এবং তারজন্য কাস্টম ডিউটি কমিয়ে দিলেন। যাতে বিদেশের নানা জিনিস এদেশে পাঠাতে সুবিধা হয় এবং আমাদের শিল্পের অসুবিধা হয় তারজন্য এই ব্যবস্থা করলেন। এর আগের বার এক্সাইজ ডিউটি বাড়িয়েছিলেন এবং কাস্টম ডিউটি কমিয়েছিলেন। এবারে এক্সাইজ ডিউটি, কাস্টম ডিউটি দুইই কমালেন। এটা করার জন্যই বাজেট করা হয়েছে। আর টাকার ফুল কনভার্টিবিলিটি-এর ফলটাও আমাদের খারাপ হবে এবং সেটা কিছুদিন বাদেই বোঝা যাবে বলে আমরা বলছি। আজকে এক্সাইজ ডিউটি কমাতে কতগুলো শিল্পের সুবিধা হবে। কিন্তু গাড়ির দাম কমানোটা কিছু নয়। এক্ষেত্রে ২৬ হাজার বাড়িয়েছিলেন, এখন ১০ হাজার কমালেন, কিন্তু নিত্যপ্রয়োজনীয় জিনিসের ক্ষেত্রে কি হচ্ছে সেটা সবই দেখছেন। কাজেই এটার কোনও উপযোগিতা আমাদের কাছে নেই। বাজেটে আমরা দেখেছি, যে ব্যাঙ্ককে জাতীয়করণ করা হয়েছিল এখন এটা প্রাইভেট সেক্টরে দেবার চেষ্টা করা হচ্ছে, যদিও ৫১ ভাগ শেয়ার রাখার কথা বলা হচ্ছে। কিন্তু ৪৯ ভাগ শেয়ার যদি বিক্রি হয় তাহলে কারা সেটা কিনবেন? কেবলমাত্র বড়লোকরাই সেটা কিনতে পারবেন। প্রতিদিনের অভিজ্ঞতায় দেখছি, ব্যাঙ্ক জাতীয়করণ হবার পর আজও সেখানে বড় লোকদের প্রভাব বেশি। এই অবস্থায় প্রাইভেট সেক্টরে শেয়ার বিক্রি করলে মাঝারি এবং ছোট শিল্পের মালিকরা কি করবেন তখন? যাদের হাতে বেশি টাকা আছে তারাই এর শেয়ার কিনবেন এবং তাতে ব্যাঙ্কের উপর তাদের প্রভাব আরও বাড়বে এটা আমাদের আশঙ্কা। এ বিষয়ে কোনও সন্দেহ থাকতে পারে না এবং তারজন্যই আমরা এর বিরোধী। এবারের বাজেটে এসব আছে বলে আমরা এই বাজেটের বিরোধী।

আমি বলছিলাম যে মাঝারি এবং ছোটরা ব্যাঙ্ক থেকে টাকা নিতে অসুবিধা হবে এটা আমরা বুঝতে পারছি। আর একটা কথা না বলে পারছি না, এখানে অনেক কথা বলা হচ্ছে, আমরা নাকি পঞ্চম স্থানে, দশম স্থানে, একশো স্থানে না কোথায় আছি। কিন্তু এটা

তো বলা হচ্ছে না যে কংগ্রেস একটা অস্থিরতা ডেকে এনেছে দেশের মধ্যে, সমস্ত কংগ্রেস রাজ্যে? আমার সঙ্গে দেশ রক্ষা বিভাগের মন্ত্রী যাওয়ার কথা কালিম্পং-এ, ৭ তারিখে যাবার কথা। কি করে যাবেন? তিনি হলেন ওঁদের ডিফেন্স মিনিস্টার, তিনি চলে গিয়েছেন বম্বেতে। দুর্নীতি, ওঁদের প্রতিটি রাজ্যে হচ্ছে, অস্থিরতা রয়েছে, কংগ্রেসের মধ্যে লড়াই এই সব তাঁরা করছেন। তা ছাড়া হচ্ছে শেয়ার মার্কেটের কেলেঙ্কারি, এটা অমরা দেখেছি। এটা হলে কোনও ব্যবসায়ী আমাদের ভারতবর্ষকে এগিয়ে নিয়ে যাবে যদি ব্যাঙ্ক তার মধ্যে জড়িয়ে থাকে? এর মধ্যে বেশি যাচ্ছি না, কারণ পার্লামেন্ট কমিটি হয়েছে, সেটা তাঁরা দেখছেন। তবে মারাত্মক ঘটনা যেটা ভারতবর্ষের মধ্যে হয়েছে, যা আমি শুনছি যে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কিছু ইনভলভমেন্ট আছে। কারণ স্টেট ব্যাঙ্ক হচ্ছে আমাদের ব্যাঙ্ক, ভারতবর্ষের ব্যাঙ্ক বাইরের দুনিয়াতে। এটাই হচ্ছে অসুবিধার কথা। যাই হোক ওঁরা কি বলবেন সেটা দেখব। আর পশ্চিমবাংলার চরিত্রটা আলাদা। ১৬ বছর ধরে আমরা এখানে আছি। এত চেঁচামেচি এখানে হচ্ছে, তাসত্ত্বেও আমরা ১৬ বছর এখানে আছি, কোনও অস্থিরতা নেই। আমরা বিভিন্ন দল মিলে সরকার চালাই। তাদের মধ্যে মতপার্থক্য হয়, আমরা মিটিয়ে নিই। ১৬ বছর ধরে এই যে চলছে আমাদের এই সরকার যেটা একটা রেকর্ড। কিছু কাজ না করে থাকলে এটা কখনও হতে পারে? মানুষগুলো ছাগল না বোকা যে বারে বারে নির্বাচনে আমাদের ভোট দেবেন আমাদের পক্ষ অবলম্বন করবেন? তবে এটা জানি আমাদের আরও অনেক কিছু করার আছে, এতে আত্মসন্তুষ্টির জায়গা নেই। অনেক কিছু আমাদের মানুষের জন্য করার আছে। তবে শুধু এটা মনে করিয়ে দিলাম। তারপর আমাদের গভর্নর অ্যাড্রেসের উপর বলতে গিয়ে ৩৫৬ ধারা সম্বন্ধে ২-৩ জন এখানে বলেছেন যে আপনারা তো এর বিরোধী। একেবারে, ৮০ ভাগ। এখন যে ৩টি ৪টি হল এটা বাদ দিয়ে ৮০ ভাগ দিল্লির কংগ্রেস তারা সরকার তাড়িয়েছে। আর বেশির ভাগ সময়—দু-একটা সময় হয়ত দরকার ছিল কিন্তু বেশি ভাগ সময় এটা হচ্ছে, শতকরা ৯৫-৯৬ ভাগ অন্যায়ভাবে হয়েছে যেখানে ৩৫৬ ধারা প্রয়োগ করা উচিত নয়, নির্বাচিত সরকার তাড়ানো উচিত নয়। আমরা জানি অন্ধ্র-টন্ধ্র জায়গায় হয়েছে। সেইজন্য আমরা এর বিরোধী এবং বিরোধী বলেই যখন ন্যাশনাল ইন্টিগ্রেশন কাউন্সিলের মিটিং হয় তখন প্রধানমন্ত্রীকে আমরা বলেছিলাম যে আপনি ওদের কথা বিশ্বাস করবেন না—বি জে পি-র কথা—সাম্প্রদায়িক লোক আছে তাদের কথা ওদের বাদ দিয়ে সমস্ত যাঁরা আমরা ছিলাম, নানা দলের নানা মতের মানুষ তাঁরা সবাই মিলে প্রধানমন্ত্রীকে ক্ষমতা দিয়েছিলাম এবং ক্ষমতা দিয়ে আমাদের পক্ষ থেকে আমরা বলেছিলাম যে আপনি ওই জায়গায়টা অধিগ্রহণ করুন — থাক ওই সরকার, অধিগ্রহণ করুন। আমাদের আইনজ্ঞরা বলছেন এটা করা যায়। তারপর প্রয়োজন হলে যদি মসজিদ-টসজিদ ভাঙ্গতে যায় আপনি ব্যবস্থা করতে পারবেন। কিন্তু যদি সেটা না হয় এটা বলবেন না যে সি পি আই এম বিরোধিতা করেছিল বলে ৩৫৬ ধারা প্রয়োগ করতে পারিনি। আমরা বিরোধিতা করব না, সমর্থন করব যদি ৩৫৬ ধারা দরকার হয় আপনার করার। এখানে একজন বলছেন, আইনজ্ঞ ব্যক্তিবোধ হয়, তিনি বলছেন যে ৩৫৬ ধারা ভাঙ্গার আগে করা যায় না, মসজিদ ভাঙ্গার আগে করা যায় না। অন্য জায়গায় তো করেছেন, এমন কি গভর্নর'স রিপোর্টকে রিজেক্ট করে—সংবিধানে লেখা আছে অন গভর্নর'স রিপোর্ট অব আদারওয়াইজ, এই আদারওয়াইজ ধরে আপনারা সরকার ভেঙ্গে দিয়েছেন। এটা নিশ্চয়ই আপনারা জানেন যে আমরা বলেছিলাম

ইনটেলিজেন্স রিপোর্টেও আছে যে ওরা তৈরি হচ্ছে মসজিদ ভাঙ্গার জন্য। সুপ্রিম কোর্টে গিয়ে বলছে যে, না- আমরা বাঁচাতে চেষ্টা করব। আর এখানে এসে কল্যাণ সিং বলে গেলেন, এই কথা বার বার উনি বলেছেন যে আমরা কর সেবকদের সঙ্গে এক ওয়াদা হাম কিয়া থা যে গোলি কভি নেহী চালাইঙ্গে। তার মানে ভাঙ্গো তুমি মসজিদ, যা খুশি কর ভাঙ্গো, হাম গোলি নেহী চালাইঙ্গে।

[4-15 — 4-25 p.m.]

আর বি জে পি মন্ত্রীগুলো সাময়িকভাবে পদত্যাগ করে করসেবায় যোগ দিলেন। তারা যে যোগদান করছেন সেটা কংগ্রেস সরকার জানতে পেরেছিলেন এবং সমস্ত ইন্টালিজেন্স রিপোর্টও ছিল, কিন্তু তা সত্ত্বেও কিছু করলেন না। এটা তো একটা এক্সকিউজ হতে পারে না যে আমরা আগে থেকে জানতে পারব কি করে? এই কথা বলে বাঁচা যায় না। এই কথা বলে একটি সরকারকে ভাঙ্গলেন না। এইভাবে তো চললে ভারতবর্ষ টিকতে পারবে না বা কোনও সরকার চলতে পারবে না। বি জে পি তো খোলাখুলিভাবে বলেছে যে, ধর্মের ব্যাপারে, রামমন্দির প্রতিষ্ঠার ব্যাপারে আমরা সংবিধান মানি না, সুপ্রিম কোর্টের রায় বা হাইকোর্টের রায়কে মানি না। আবার বলে বেড়ালেন যে এ 'হিন্দু ওয়াকা ভাবনা'। ভাবনা বললেই তো হবে না, ভাবনা তো জাস্টিসেয়েবেল হতে হবে, কোর্টের বিচার তো দরকার। এইসব কথা প্রধানমন্ত্রী শুনেও কিছু করলেন না। এইসব ঘটনা দেখে এখন যদি তাঁর শিক্ষা হয় এবং সেই শিক্ষা গ্রহণ করে থাকেন তাহলে ভাল হবে, অন্তত ভবিষ্যতে আর এই ঘটনার পুনরাবৃত্তি হবে না। তারপরে আমি অন্য কথার অবতারণা করছি। আমি আগেও বলেছি যে এখনও বলছি যে, পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে একটা দৃষ্টান্ত স্থাপন করেছে। সমস্ত মা.. ..র সামনে একটা সুস্থ ব্যবস্থা সৃষ্টি করতে সক্ষম হয়েছি। ধর্মীয় উন্মাদনার অস্থিরতা এখানে আমরা বাড়তে দিই নি এবং শুধু তাই নয় সমস্ত দিক থেকে বহু উন্নয়নমূলক কাজ আমরা করতে সক্ষম হয়েছি এবং সেটা প্ল্যানিং কমিশন গ্রহণও করেছেন। আমাদের সবচেয়ে ভাল ব্যবস্থা হচ্ছে বিকেন্দ্রীকরণ ব্যবস্থা এটা কোনও কংগ্রেসি রাজ্যে নেই, কোনও কংগ্রেসিরা এই ধরনের পঞ্চায়েতের বিকেন্দ্রীকরণ ব্যবস্থার মধ্যে দিয়ে কাজ করছে না। আমরা পঞ্চায়েতের নির্বাচন পৌরসভার নির্বাচন ৫ বছর অন্তর অন্তর সক্ষম হয়েছি, এটাই তো হচ্ছে গণতন্ত্র এবং আমরা সেটা মানার চেষ্টা করছি। সেইজন্য তো আজকে জনগণ আমাদের এখানে এনেছেন। আর বিরোধী দলে যারা আছেন তারা অনেক কথাই বলে গেলেন। আমরা যখন বিরোধীদলে ছিলাম তখন আমাদের কোনও রকম অধিকার ছিল না বলবার। কথায় কথায় বিনা বিচারে আটক আইনে আমাদের গ্রেপ্তার করা হত। আমরা মন্ত্রীসভায় আসার পর ওই অ্যাক্ট যে বিনা বিচারে আটক আইন তুলে দিয়েছি, কাউকে গ্রেপ্তারও করা হয় না। সুতরাং এইসব অসভ্য বর্বরোচিত লোকেদের কাছ থেকে কি আর আশা করা যায়। এরা তো কিছুই জানে না। তারপর এখানে একজন বললেন যে, এখানে নাকি কৃষি উৎপাদন এমন কিছু হয়নি। আমি বলছি কৃষিক্ষেত্রে এইবারকার হিসাবে ১ কোটি ২০ লক্ষেরও উপরে উৎপাদন হয়েছে। অর্থাৎ রেকর্ড খাদ্যশস্য উৎপাদন হয়েছে। আমি এই ব্যাপারে পার হেক্টর কত উৎপাদন হয়েছে তার একটা হিসাব দিচ্ছি। ১৯৬৬-৬৭ সালে কংগ্রেস শাসিত রাজ্য পশ্চিমবঙ্গে কে জি পার হেক্টর ১ হাজার ১৫৫ খাদ্যশস্য উৎপাদন হয়েছিল। আর সেখানে ১৯৮০-৮১

সালে বেড়ে দাঁড়াল ১ হাজার ৩৫৮ এবং ১৯৯২-৯৩ সালে সেটা বেড়ে হল কে জি পার হেক্টর ২ হাজার ৩৬। এটা অল ইন্ডিয়া অ্যাভারেজে হচ্ছে ১ হাজার ৩৭৪। সুতরাং যা বললেন একটু দেখে শুনে বলবেন। শুধু গালাগালি দিতে চাই তাই একটু দিয়ে দিলাম, তা করবেন না। এটা তো আপনাদের একেবারে অঙ্কের হিসাব দিলাম। ওঁদের একজন নেতা বললেন যে, পশ্চিমবঙ্গে গ্রামে নাকি পানীয় জল ঠিকমোত সরবরাহ হয় না। একথা সম্পূর্ণ অসত্য। আমাদের কেন্দ্রীয় সরকারের হিসাব আছে, আমাদেরও হিসাব আছে, সেই হিসাব অনুযায়ী আমি বলছি যে আমাদের প্রায় এমন কোনও গ্রাম নেই যেখানে একটাও টিউবওয়েল নেই। তবে এটাতেও আমরা সন্তুষ্ট হতে পারছি না, কারণ আমাদের টারগেট হচেছ ২৬০টি লোকজন পিছু একটি করে টিউবওয়েল হওয়া উচিত এবং এই টারগেট আমরা আগামী কয়েক বছরের মধ্যেই করতে পারব। তবে আমি এই কথার তীব্র প্রতিবাদ করছি যে ৫ হাজার গ্রামে কোনও পানীয় জলের ব্যবস্থা নেই। আমি জানি কংগ্রেসি আমলে প্রত্যেকটি গ্রামে শতকরা ৩০ ভাগও জল ছিল না। এইবার আসছি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে। রেশন দোকানে চাল, গম নেই তো আমরা কি করব কেন্দ্রীয় সরকার বারে বারে বলছে আমাদের যেটা দেওয়ার কথা ছিল সেটা সংগ্রহ হয়নি। কেন্দ্রীয় সরকার বলেছেন যে, গমের যোগান ভালো হয়নি। কৃষকরা বিক্রি করেনি বলে গমের যোগান হয়নি। চাল মোটামুটি সংগ্রহ করছি। সুতরাং এইসব কথা তাঁরা বলেছেন, আমরা কি করব? সুতরাং গম কম দিচ্ছেন। প্রতিবাদ আমরা করেছিলাম, কিছু হয়নি। সেখানে কম আসলে আমরা কি করব?

আমাদের মন্ত্রী দিল্লি যাচ্ছেন, আমাদের অফিসাররা দিল্লি যাচ্ছেন, যেটা দেবেন বলছেন সেটা সময়মতো দিচ্ছেন না, কেন এটা হচ্ছে? তাহলে আমরা কি করব রেশনের ব্যাপারে? গমের দাম বেড়েছে, চালের দাম বেড়েছে, চিনির দাম বেড়েছে, সমস্ত জিনিসের দাম বেড়েছে, রেশন ব্যবস্থাকে ভাঙবার সমস্ত ব্যবস্থা ওরা করেছে, আমাদের উপরে দোষ চাপিয়ে কি লাভ হবে, এই ব্যাপারে? আমি শুনছিলাম, এখান একজন বলছিলেন শিক্ষার ব্যাপারে নিরক্ষরতা, দূরীকরণের বিরুদ্ধে যে অভিযান নিয়েছি এটা কিছু নয়। আপনাদের সরকার তো দিল্লিতে, তারা তো বলেন না কিছু নয়, ওদের তো লোকেরা যুক্ত আছে এর মধ্যে, ওরা তো টাকা-পয়সা অনেকটা দেন, এটা একটা আন্দোলনের মতো হয়েছে যা ভারতবর্ষে কোথাও হয়নি। কেরালাতে নিরক্ষরতা দূর হয়েছে, কারণ সেখানে ইংরেজ আমলের থেকে অনেক বেশি মানুষ সেখানে শিক্ষিত ছিলেন, ওরা করেছেন, কিন্তু আমাদের এখানে যে অভিযান হচ্ছে এটা ভারতবর্ষের কোথাও হচ্ছে না, এই কথাটা কেন্দ্রীয় সরকারকে আপনারা জিজ্ঞাসা করে নেবেন। আর শিক্ষা সম্বন্ধে বলা হয়েছে, ওরা সব হিসাব করে ফেলেছেন মান নেমে গিয়েছে, ওদের আমলে দারুন মান ছিল, ঠিকই তো, কারণ তখন তো টোকাটুকি করা শেখাত, বই এগিয়ে দিত, আমাদের ঘরের ছেলেদের বিপথে পরিচালিত করত, গুন্ডায় পরিণত করত, সমাজবিরোধীতে পরিণত করত, কখন পরীক্ষা হবে কেউ জানে না, কখন ফল বেরুবে কেউ জানত না, এসব তো বন্ধ হয়ে গেছে ১৬ বছর ধরে। আর শুধু ক'জন আই পি এস হল ক'জন আই এ এস হল তা দিয়ে কখন মানের পরীক্ষা হয় না। যদি একটা পরীক্ষা নিতে হয় কারণ তারা সেসব পরীক্ষায় বসে না, এটা হচেছ ঘটনা। তবে এটা আমাদের দেখতে হবে, ভাল ভাল ছেলেরা বসেন কিনা, এটা নিয়ে আমাদের সন্দেহ আছে, আমাদের সবচেয়ে

ভাল ছেলেরা বসেন না, তারা রিসার্চ ইত্যাদির জন্য দিল্লিতে যান, অল ইন্ডিয়া একজামিনেশন দেন এবং সেখানে প্রথম স্থান পশ্চিমবাংলার। এটা মান উন্নত না হলে এই জিনিস হতে পারে নাকি? এর বেশি অমি বলতে চাই না, কারণ এডুকেশন কমিশন বসিয়েছিলাম তারা রিপোর্ট দিয়েছেন, কিন্তু সব ব্যাপারে আমরা সন্তুষ্ট হতে পারছি না, যতটা আমরা খরচ করছি যা আমাদের প্রয়োজন, আমাদের পরীক্ষা করতে হবে। এতে আমাদের শত্রুপক্ষ কি ভাবল না ভাবল কিছু এসে যায় না। সেইজন্য এডুকেশন কমিশন বসিয়েছিলাম তার রিপোর্ট দিয়েছেন সেটা নিয়ে আমরা বিভিন্ন জায়গায় আলোচনা করছি, আলোচনা করার পরে সিদ্ধান্ত নেব। তারপরে প্রশাসন সম্বন্ধে জিজ্ঞসা করা হয়েছে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটির ৯১টি সুপারিশ ছিল, তার মধ্যে ৭০টি আমরা ইমপ্লিমেন্ট করেছি, আর বাকিগুলি আমরা করতে পারছি না অ্যাডমিনিস্ট্রেশনের দিক থেকে। তারপরে এখানে বলা হচ্ছে ঝগড়া লাগাবার জন্য, বিবাদ লাগাবার জন্য আই এ এস, ডবলিউ বি সি এস, আই পি এস এদের মধ্যে কখনও কখনও দাবি-দাওয়া থাকবে, কিন্তু এই সমস্তও আমরা মিটিয়ে নিই, না হলে ১৬ বছর ধরে কি করে? শুধু মন্ত্রীরা কাজ করেন আর কেউ কাজ করেন না, কর্মচারিরা কাজ করেন না—বেশির ভাগ কর্মচারী তারা আমাদের সরকারের পক্ষে, তারা আমাদের কর্মসূচিকে রূপায়িত করছেন। এমন কি অফিসাররা, তাদের যে দাবি-দাওয়া থাকে সেগুলি নিয়ে তারা আমাদের কাছে আসেন, আমরা তাদের সুব্যবস্থা করে দিই। তারপরে আসছি, পুলিশের রেশনের কথা নিয়ে একজন বলেছেন, এটা সঠিক কথা, আমাদের নজরেও এসেছে; এখানে কিছু দুর্নীতি হচ্ছে। এমন একটা সিস্টেম সেখানে গড়ে উঠেছে যেখানে আমাদের অনর্থক কিছু টাকা বেশি খরচ হচ্ছে, বিষয়টা আমরা হাত দিচ্ছি। আর অল্পদিনের মধ্যে আপনারাও হয়ত জানতে পারবেন যে সেখানে কিছু টাকা সাশ্রয় আমাদের হবে। যদি সেই ব্যবস্থা আমরা কায়েম করতে পারি তার জন্য, আমরা পুলিশ সংগঠন ইত্যাদি তাদেরও আমরা এইসব খবর পাঠিয়েছে। আর একটি কথা স্বীকার করে নেব, ১৯৮১ সালে ডাঃ জয়নাল আবেদিন বলেছিলেন ইসলামপুরে পুলিশের একটা ভয়ঙ্কর গোলমাল হয়েছিল, পুলিশ আক্রমণ করেছিল ইত্যাদি, একটা কমিশন বসিয়েছিলাম, সেই কমিশনের রিপোর্ট এখনও পেশ হয়নি, উনি এই দৃষ্টিতে আকর্ষণ করেছেন, আমি দুঃখিত। আমরা কেন্দ্রীয় সরকার না, ওরা আইন করেছেন কমিশনের রিপোর্ট পেশ না করলেও চলবে। আমরা বলছি, আমরা কমিশনের রিপোর্ট প্লেস করব, সেটা ভাল হোক, মন্দ হোক, আমাদের বিরুদ্ধে হোক, বিপক্ষে হোক কমিশনের রিপোর্ট দিতে হবে। আমরা এটা পেশ করে দেব, আমরা কি অ্যাকশন নিচ্ছি সেটা আপনারা দেখবেন, খারাপ হোক, ভাল হোক আমরা সেটা পেশ করে দেব।

[4-25 — 4-35 p.m.]

তারপর শিল্প সম্বন্ধে বলতে গিয়ে কয়েকটি শিল্প সম্বন্ধে বলা হয়েছে। আমরাও বলছি কংগ্রেসিদের শত সহস্র বাধা সত্ত্বেও পেট্রো-কেমিক্যাল আমরা জোগাড় করেছি কেন্দ্র থেকে এবং যে বক্রেশ্বর নিয়ে আপনারা বিদ্রুপ করেন, সেই বক্রেশ্বরও হতে চলেছে। আবার বলছি, জাপানিরা এসে যাবে অল্প কিছুদিনের মধ্যে এক নম্বর ও দু'নম্বর ইউনিটে ওদের কিছু অসুবিধা ছিল। আমরা বলেছি তাতে কি আছে, তিন, চার ও পাঁচ নম্বর ইউনিট তো আছে। আরেকটা ভাল কথা, অর্থমন্ত্রী মনমোহন সিংকে আমি বলেছি, আমাদের সেই সোভিয়েত তো

আর নেই, ভেঙ্গে গেছে, কাজেই আপনারা ওখান থেকে অব্যাহতি নিন। অন্য জায়গায় আমাদের ব্যবস্থা করতে হবে। আমরা জাপানের সঙ্গে কথা বলেছি। প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী যখন জাপানে গিয়েছিলেন, তখন আমি একটা করে দিয়েছিলাম, বলেছিলাম, এক নম্বর ও দুই নম্বর ইউনিট নিয়ে যদি ওদের অসুবিধা থাকে, তাহলে তিন, চার ও পাঁচ ওরা নেবে। তবে বলে দিয়েছিলাম আমাদের যেন প্রথম দিকে রাখে সাতটা থাকবে, আর আমরা তলায় থাকব, তা যেন না হয়, আপনারা সেটা দেখবেন—তা ওরা এটা গ্রহণ করেছিলেন এবং প্রথমের দিকেই রেখেছেন। যাই হোক ওরা এটা গ্রহণ করেছেন এবং আমরা আশা করি ও ই সি এফের টাকা পাওয়া যাবে। তারপর এখানে একজন বললেন আমাদের রাজ্যের বিদ্যুৎ সম্বন্ধে। এত তুলনা হয় না! আমাদের রাজ্যে যা হয়েছে, ভারতবর্ষের অন্য কোনও রাজ্যের সঙ্গে তার তুলনা হয় নাকি? বিদ্যুতের জন্য আমাদের শিল্পের কিছু অসুবিধা হয়েছিল ঠিকই কিন্তু নাগরিকরা তার চেয়েও ভয়ঙ্কর অসুবিধার সম্মুখীন হয়েছিল কয়েক বৎসর ধরে। তারা ধৈর্য্য ধরেছেন, আবার সমালোচনাও করেছেন। বিদ্যুতের অবস্থা এখনও যা হয়েছে সেই সম্বন্ধে একটু প্রশংসা করলে কি ভাল হত না? আবার অনেকে নিউ ক্লিয়ার প্ল্যান্ট সম্বন্ধে বলেছেন। হ্যাঁ, সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে মেদিনীপুরের দাঁতনে একটা জায়গা দেখানো হয়েছিল। কিন্তু ওরা তা গ্রহণ করেননি, বললেন ১০০ বছর আগে ওখানে বন্যা হয়েছিল। অন্য জায়গাও আমরা দেখিয়েছিলাম কিন্তু ওরা তাও গ্রহণ করেননি। কিছুদিন আগে ডাঃ আয়েঙ্গার, চেয়ারম্যান অ্যাটোমিক এনার্জি কমিশন ও আমাদের দলের এম পি রাধিকারঞ্জন প্রামাণিক এরা দুজন আমাদের রাজ্যে এসেছিলেন। ডাঃ আয়েঙ্গার বললেন এখানে নিউক্লিয়ার প্ল্যান্ট হবে। আমি শুনে খুব খুশি হলাম। তিনি বললেন, আমাদের মত ছিল যেখানে কয়লা বেশি পাওয়া যাবে, সেখানে নিউক্লিয়ার প্ল্যান্ট হবে না। এখন কিন্তু সেই নীতি বদলে গেছে। সেইসব ব্যাপারে আমরা কাগজপত্র তৈরি রেখেছি। আমরা বলেছিলাম এখানে নিউক্লিয়ার প্ল্যান্ট কেন হবে না? আমাদের কয়লা অনেক আছে, কিন্তু চিরকাল তো কয়লা থাকবে না। সব প্ল্যান্ট অন্য জায়গায় হবে এটা তো ঠিক নয়। তাহলে তো নতুন প্রজন্ম বিপদে পড়ে যাবে। সেই জন্যই এটা আমরা করছি। এটা খবর দেওয়ার জন্য আমি শুধু আপনাদের বলে দিলাম। আপনারা কাগজ-টাগজ দেখেন না, পড়াশোনাও করেন না। কে একজন এখানে বললেন চামড়া শিল্পের কি হল? চামড়া শিল্প এখানে ভালোই চলছে। একটা ইটালিয়ান কোম্পানির সাথে আমার কথা হয়েছে আমি যখন রোমে গিয়েছিলাম। ইটালিতে একটা জায়গায় আছে, যেখানে পৃথিবীর মধ্যে সব থেকে ভাল লেদারের কারখানা আছে, ওরা আসছেন। আগামী সপ্তাহে আমাদের অফিসারদের একটা টীম ওখানে যাচ্ছে। কনসোলেট থেকেও ওরা দেখা করে গেছেন। তবে ২৫ কিলোমিটার দুরে আমরা ট্যানারিটাকে সরিয়ে নিয়ে যাচ্ছি। যে চাইনিজ ও মুসলিম ভাইরা এই শিল্পের সঙ্গে আছে তারাও এই ব্যাপারে রাজি হয়েছে। তাদের আমরা ঐ জায়গাটা দেখিয়ে নিয়ে এসেছি, আমাদের বিশেষজ্ঞরাও আছেন। আর চামড়ার ব্যাপারে মাদ্রাজের একটা বিখ্যাত সংস্থা আছেন, তাদের সঙ্গেও আমাদের কথাবার্তা হয়েছে। সবচেয়ে ভাল চামড়া আমাদের এখানেই পাওয়া যায়। ঐ কংগ্রেসিদের আমলে তো সব চামড়া মাদ্রাজে চলে যেত। ওখানেই সব হত। তবে এটার ব্যাপারে আমাদের দেরি হয়ে গেছে, এটা আমাদের শুধরে নিতে হবে। তারপর বিভিন্ন স্মল স্কেল ইউনিট আমরা করেছি, উত্তরদিনাজপুর, বাঁকুড়া, মেদিনীপুর এইসব জায়গায়। আমাদের সৌভাগ্য

ইউ এন ডি পি ও আমাদের সঙ্গে আছে এই ব্যাপারে। তারপর এখানে একজন বক্তৃতা দিতে উঠে বললেন—পড়াশোনাও করবেন না, পরিসংখ্যানও দেখবেন না—যে ফরেস্ট নাকি এখানে সব ধ্বংস করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের যা রিপোর্ট, ওরা হেলিকপ্টার করে আকাশ থেকে হিসাব করে দেখেছে বনের সংখ্যা শতকরা এক ভাগ বেড়েছে, ১৩.৩৮ তেকে ১৪.৩৩ হয়েছে। কাজেই সব গাছ কাটা হয়নি। কংগ্রেসি বন্ধুদের বলি আপনারা মানুষকে লেলিয়ে দেবেন না ঐ গাছ কাটার জন্য। আপনারা বিহারের প্রশংসা করে গেছেন। আপনারা বলেছেন, বিহারে রায়ট হয়নি, বিহার যা করেছে আপনারা তা পারেননি। আমরাও বিহারের প্রশংসা করছি। আমি খুবই প্রশংসা করি বিহারকে, যদিও ওদের ৪৯ জন লোক মারা গেছে আর আমাদের ২৯ জন লোক মারা গেছে, কিন্তু সেটা কথা নয়। কথা হচ্ছে, ওরা যেভাবে দাঙ্গা থামিয়েছে এটা প্রশংসনীয়। কিন্তু ওটা কংগ্রেস রাজ্য নয়, ওটা অকংগ্রেসি রাজ্য, জনতার রাজ্য। আর কংগ্রেসের কথা তো বললেন—মহারাষ্ট্রে কি হয়েছে? এটা তো শুধু মুসলমানদের বিরুদ্ধে নয়—বাঙালি হাজার হাজার চলে আসতে বাধ্য হচ্ছে। উত্তরপ্রদেশ চলে গেছে হাজার হাজার, মধ্যপ্রদেশ থেকে যারা চাকরি করতে এসেছিলেন, তারা চলে গেছে হাজার হাজার। বুক ফুলিয়ে সেখানে বলছে শিবসেনা, বি জে পি-র সহযোগী যারা তারা বলছেন ভাল করেছি, মুসলমানদের একটা শিক্ষা আমাদের দিতে হবে। তাদের গায়ে কেউ হাত দিয়েছে, কেউ কিছু করেছে? তিনদিন সেখানে দাঙ্গা-হাঙ্গামা হয়েছে, আমরা আমাদের পার্টি ইত্যাদি থেকে ফোন পাচ্ছি। আমি প্রধানমন্ত্রীকে ফোন করলাম, আজকে দ্বিতীয় দিন এবং বললাম আপনার ফৌজ কোথায়, ফৌজ ছাড়া এই সব করা যায় কিছু? উনি বললেন থ্রী অব মাই মিনিস্টার্স আর দেয়ার, চীফ মিনিস্টার, ডিফেন্স মিনিস্টার অ্যান্ড দি হোম মিনিস্টার। আমি বললাম, সো হোয়াট? কিছু তো হচ্ছে না, এখনও ফৌজ নামে নি। উনি তখন আমাকে বললেন, আমার কাছে আজ খবর এসেছে যে এখন ফৌজ নামবে। আমি শারদ পাওয়ারকে জিজ্ঞাসা করলাম যে আপনি তো ওখানে ছিলেন শুনলাম, আপনি তো আমাকে সাহায্য করেছিলেন পশ্চিমবাংলায়, তৎক্ষনাৎ আপনি ফৌজ পাঠিয়েছিলেন, দু এক ঘন্টা দেরি হবেই, কারণ ব্যারাকপুর থেকে সেই সব জোগাড় করতে দেরি হয়। ওখানে কেন করলেন না? উনি বললেন আমি কী করে করব, আপনি তো জানেন আমি কি নিজের থেকে ফৌজ নামাতে পারি? সরকার যদি না চায়, আমি কী করে নামাবো। যাই হোক এটা ওদের ব্যাপার। এখন তো উনি ওখানে গিয়ে মুখ্যমন্ত্রী হয়ে গেছেন। ডাঃ মানস ভুঁইয়া বললেন, যদি আমি ঠিক ভাবে শুনে থাকি যে রেপের ব্যাপারে আমাদের কোথায় স্থান। কিন্তু ছোট ছোট রাজ্যগুলোকে বাদ দিলে এই হচ্ছে রেপের হিসাব, পশ্চিমবাংলা ৪৬১, লেটেস্ট। উত্তরপ্রদেশ ১৪০০, রাজস্থান ৮০৩, মহারাষ্ট্র ৮৮৫, মধ্যপ্রদেশ ২৫৩২, বিহার ৬৩৩, অন্ধ্রপ্রদেশ ৬৮৮, এই হচ্ছে হিসাব। তারপর নতুন একটা পরিসংখ্যান, এখানে আমি এক জায়গায় দেখছি, শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় তাঁর বক্তব্যটা আমি আনিয়েছিলাম, He added that there has been 42 cases of molestation on women in Police lock up and he has submitted a list of such casess. আর একটা লিস্ট এখানে দিয়েছেন, কিন্তু লিস্টে এটা ঠিক নেই যে এরা পুলিশ কাস্টডিতে রেপ্‌ড হয়েছে। রেপের ঘটনা আছে, তিনটে এই রকম ঘটনা হয়েছিল। পুলিশের ব্যাপারে একটা কলকাতায়, আর দুটো বাইরে হয়েছিল। তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। কিন্তু বাকি যেগুলো দিয়েছেন ৪২টা, সেখানে কাগজ উনি

আবার একটা বিলি করেছেন, তার মধ্যে আছে, পশ্চিমবঙ্গে পুলিশ হেফাজতে এবং পুলিশ কর্তৃক নারী নিগ্রহ ও ধর্ষণের ৪২টি ঘটনা, স্থান ও তারিখ উল্লেখ করা হল না। কবে কি ব্যাপারে, কে এরা একটাও দেখা যাচ্ছে না এ পুলিশ কাস্টডিতে—বলছেন হাওড়ায় হয়েছে। তা হাওড়ায় তো হয়েছে। তাহলে পুলিশ কাস্টডি বলছেন কেন? কাজেই এই সব অসত্য জিনিস প্রচার করা হয়। এই রকম পরিসংখ্যান ভারতবর্ষের সরকারের কাছে নেই, আমাদের কাছেও নেই। কাজেই এম এল এ হয়ে, প্রতিনিধি হয়ে অসত্য কথা বলাটা খারাপ। তারপর একজন বলেছেন শ্রীমতী মমতা ব্যানার্জির ভক্ত যিনি আছেন, বললেন উনার সম্বন্ধে যে কেন অ্যারেস্ট করা হল? কেন দেখা করলেন না? কী করে করবে? ইকয়্যালিটি বিফোর দি-ল। আমি ৩.৪৫ মিনিটের সময়ে রাইটার্স বিল্ডিংসে গেছি। আমাদের তো মানুষ রাইটার্স বিল্ডিংস পাঠিয়েছে কাজ করবার জন্য, আমাকে পুলিশ বলছেন এবং আরও দু একজন বলছে, আপনি ওপরে যাবেন না। আমি জিজ্ঞাসা করলাম কেন? বলছে, মমতা ব্যানার্জি আপনার ঘরের কাছটা দখল করে নিয়েছে বারান্দায়। লোকজন নিয়ে গিয়ে বসে গেছে। আমি বললাম কী করে উনি গেলেন এত লোক নিয়ে? পুলিশ বলল, উনি তো বললেন আমি কেন্দ্রীয় মন্ত্রী, আমি যে কজনকে ইচ্ছা নিয়ে যাব এবং আমার অ্যাপয়েন্টমেন্ট আছে চীফ সেক্রেটারির সঙ্গে মিথ্যা কথা বলে উনি গেলেন। মিথ্যে কথা বলে গেলেন। চীফ্ সেক্রেটারির সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট আছে বলেছিলেন।

(প্রচন্ড গোলমাল)

তাহলে এই ব্যবহারের অর্থটা কি? একজন মন্ত্রী, তিনি গেলেন এই কথা বলে, "আমি চীফ সেক্রেটারির সঙ্গে দেখা করতে যাব।" তারপরে ওখানে গিয়ে বসে পড়লেন। তা আমি কি ঘরে ঢুকবো না? আমি আমাদের পুলিশকে বলেছিলাম, I must enter my room. I cannot submit to anybody whoever she might be. সেখানে যদি আমি তাঁর সঙ্গে দেখা করতাম তাহলে তখনই আমার সরকার ভেঙে দেওয়া উচিত ছিল। আমার সরকারের মান-সম্মান আছে। ইজ্জত আছে আমাদের সরকারের। তারপর আমি চীফ সেক্রেটারিকে পাঠিয়েছিলাম। আমি তাকে বলেছিলাম,—আপনি ওঁকে গিয়ে বলুন উনি যেন অন্য সময় আমার কাছে আসেন। এখন আপনি ওঁকে আপনার ঘরে ডেকে নিয়ে যান। উনি বললেন, "উনি বলছেন, আপনার সঙ্গে কোনও দরকার নেই, আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করব।" আমি তখন বলেছি,—এ জিনিস,—এ জিনিস এখানে চলতে পারে না। আপনার সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করে এসেছেন, আপনার সঙ্গে কথা বলুন।

(গোলমাল)

ওঁরা এই শিক্ষা যদি যুব সম্প্রদায়কে দেন, তাহলে বুঝতেই পারছেন যে, ওঁরা দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছে!

**(প্রচন্ড গোলমাল ; শ্রী শোভনদের চট্টোপাধ্যায় দাঁড়িয়ে উঠে কিছু বলার চেষ্টা করেন।)**

এই যে, এই ব্যক্তি ছিল সেখানে। এই আর একজন ব্যক্তি। তখন আমি চীফ সেক্রেটারিকে পরিষ্কার করে বলি, You ask her to go within ten minutes. If she does not go, arrest her and take her to Lalbazar. এই জিনিস হয়েছিল।

**কাজেই** এখানে তা আবার কেন অবতারণা করা হল, আমি ঠিক বুঝতে পারছি না আমি শুধু বলব মন্ত্রী হলে সাধারণ নাগরিকদের চেয়ে তাঁর দায়িত্ব আরও বেশি হয়। এটা একটু ভাবা, একটু বিবেচনা করা দরকার। তাঁর জানার কথা, এ রকম করলে কি হতে পারে। তিনি মনে করলেন, তিনি এত বড় হয়ে গেছেন যে, তাঁকে অ্যারেস্ট করা যাবে না। কিন্তু এখনও আমাদের সংবিধান আছে, আইন-কানুন আছে—কংগ্রেস বোমা মারবে, কংগ্রেস খুন করবে, আর আমরা অ্যাকশন নিতে পারব না, এ জিনিস কখনও হতে পারে না। এই তো কথা। স্পিকার মহাশয়, আমি আর সময় নিচ্ছি না। তবে একজন একটা কথা বললেন—যা এর আগে বলা হয়ে গেছে—"পঞ্চায়েত ইলেকশন বন্ধ করে দিন।" না, এরকম পরিস্থিতি পশ্চিমবাংলায় হয়নি। অবশ্য ভারতবর্ষের অনেক জায়গায় পরিস্থিতি খারাপ। আমরা চাই না সেসব জায়গায় এখন কোনও নির্বাচন হোক এবং সেসব কথা নিয়ে কংগ্রেসের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় সে রকম অবস্থা নেই। এখানে যদি কেউ ওঁদের ভোট না দেয়, কেউ যদি ওঁদের না চায়, আমরা কি করব! কাজেই আমাদের এখানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হবে, এটা আমরা ঠিক করেছি। ১৬টা মিউনিসিপ্যালিটি এবং পঞ্চায়েতের নির্বাচন হবে। তারপর আরও দু'একটা খুচরো কথা এখানে উঠেছে। সেগুলো হচ্ছে ক্যাজুয়াল ওয়ার্কার সম্বন্ধে একটা কথা। হ্যাঁ, ক্যাজুয়াল ওয়ার্কার আছে। আগেও ছিল, এখনও আছে। বিশেষ করে এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এ আছে ইরিগেশন ডিপার্টমেন্টে আছে, এবং ফিশারি ডিপার্টমেন্টে আছে আরও দু' একটা জায়গায় কয়েকজন করে আছে। এগুলো সব সেশনাল পদ বলে আমরা এদের পারমানেন্ট করতে পারছি না, অসুবিধা আছে। কিন্তু আমাদের একটা নীতি আছে। কংগ্রেসের আমলে দেশলাই-এর ওপরে লিখে চাকরি দেওয়া হত, কোনও নীতি ছিল না এক্সচেঞ্জ ছিল না। ১০ হাজার লোককে পাওয়ার সেক্টরে নেওয়া হয়েছিল রাইটার্স বিল্ডিংস-এ বসে। প্রয়োজন ছিল না, তবুও নেওয়া হয়েছিল। আমরা এ পথে যাইনি, আমরা একটা নীতি নিয়ে চলছি।

আর একটা কথা বলা হয়েছে অফিসারদের সম্বন্ধে। সেটা আমরা দেখব। যদি প্রমোশনের ক্ষেত্রে কোথাও কোনও গোলমাল হয়ে থাকে এবং তার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয় তাহলে নিশ্চয়ই আমরা সেটা দেখব। কারণ ভাল প্রশাসন চালাতে গেলে সবার সঙ্গে কথা বলে তা চালাতে হয়, সমস্ত কিছু ঠিক করতে হয়। হয়ত কোনও তদারকির অভাবে বা কোনও অসুবিধার জন্য বা কোনও দুলর্বলতা থাকার জন্য ওটা হয়নি। এগুলোর প্রতি আমাদের যখন দৃষ্টি আকষণ করা হয়েছে। তখন ওগুলো আমরা নিশ্চয়ই দেখব। এই কথা বলে, স্পিকার মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে দু-একটি কথা বলছি। আমি মহামান্য রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছিলাম, সে সম্পর্কে আমাদের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। ওঁরা যে আপত্তি করেছিলেন তারও জবাব দিয়েছেন। ওঁরা বিরোধিতা করছেন কোনটায়? বলতে বলতে এমন হল যে মাননীয় রাজ্যপাল যে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলেছেন তার বিরুদ্ধে ওঁরা যে কথা বলছেন—আপনি জানেন যে ৩০শে জানুয়ারি তারিখে মহাত্মা গান্ধী নিহত হয়েছিলেন, তাঁকে খুন করেছিলেন গডসে, সেজন্য ওঁরা ৩০ তারিখকে শহীদ দিবস বলে পাগল করেন। খুন করল আর.

এস. এস. কংগ্রেস গভর্নমেন্ট সেজন্য ওদের ব্যান করেছিলেন, আবার সেই ব্যান তুলে নিয়েছিলেন। আজকে দিল্লিতে দরবার হলে কেন্দ্রে মন্ত্রীরা সেই হলে যেখানে মৃত হিন্দু শহীদ গডসের ফাঁসী হয়েছিল সেখানে মিটিং করেন, শ্রদ্ধা জানান, মালা দেন। কত কি করেন, আপনি হয়ত জানেন না, দিল্লিতে এক কান্ড হয়। ওঁরা এখানে অনেক কথা বললেন, বলতে বলতে বললেন যে ২৫ ফেব্রুয়ারি বি. জে. পি.কে মিটিং করতে দেননি, সেজন্য ধন্যবাদ দিতে হবে কাকে? মাননীয় নরসিং রাওকে ধন্যবাদ দিতে হবে? এসব কথার জবাব দেব। ৬ই ডিসেম্বর কি করলেন? ৬ই ডিসেম্বর ঘন্টার পর ঘন্টা ধরে আলোচনার পর সবাই মিলে ক্ষমতা দিয়ে দিলেন, ওঁরা তখন শুধু ভাবলেন, চিন্তা করলেন, ইতিমধ্যে মসজিদ ভেঙ্গে দেওয়া হয়েছিল, কি করলেন না যখন পুলিশ গেলেন সেখানে ৩টি শব্দ হয়েছিল, ৩টি টিয়ার গ্যাসের শব্দ হয়েছিল, সবাই চলে গেল কোথায় রিজার্ভ ট্রেন কি করলেন রাষ্ট্রপতির শাসনে রিজার্ভ ট্রেন, বাস সব থাকল, যুক্তি করে করেছিলেন তখন সেখানে ৬ এবং ২৫ তারিখে কি হয়েছিল তা দেখতে হবে। পশ্চিমবঙ্গে খুন হয়েছে সাম্প্রদায়িকতার কারণে, তার জন্য আমরা সকলে দুঃখিত, কারণ এটাইতো ঘটনা। কয়েক ঘন্টার মধ্যে মিলিটারি নামানো হয়েছিল সেটা তো বললেন না। পশ্চিমবঙ্গে ঘটনা ঘটতে পারে, কিন্তু ঘটনা ঠেকাবার জন্য সরকার আছে, পুলিশ আছে, প্রশাসন আছে, সকলে ঝাঁপিয়ে পড়তে দ্বিধা করেনি, ওঁরা সেকথা বললেন না। সেই কারণে আমি বলব ৬ তারিখে কি ঘুমিয়ে ছিলেন রামের যন্ত্রণায় কুম্ভকর্ণ হয়ে গিয়েছিলেন, সেই কারণে নর সিংহ মহাশয়ের ঘুম ভাঙতে সময় লাগছে। আমি এই কথা বলব আজকে যে ভাবে আমরা জি. এন. এল. এফ. এর বিরুদ্ধে এবং ঝাড়খন্ডীদের বিরুদ্ধে লড়াই করেছি, একইভাবে বি. জে. পি.র সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়ব। ব্যান করেছিলেন আজকে শিবসেনার সঙ্গে এত খাতির কিসের? ব্যান বড় কথা নয়, বড় কথা হচ্ছে যে চক্রান্ত করার চেষ্টা হচ্ছে সেটা আমরা রুখব এটা আপনাদের বলতে পারি।

[4-45 – 4-56 p.m.]

এখানে প্রেস কর্ণার নিয়ে অনেক আলোচনা হয়েছে। বিষয়টা যেন এমন, কোথায় প্রেস কর্ণারটা থাকবে তার উপর যেন গণতন্ত্র নির্ভর করছে। তাদের কি সেখানে ঢোকা বন্ধ করা হয়েছে, নাকি সেন্সার করা হয়েছে? জ্ঞান সিং সোহনপালজীরা যখন ছিলেন সেই সময় কি হয়েছিল? সেই সময় তো প্রেস কর্ণারে তালা ঝুলিয়ে তাদের জেলে নিয়ে গিয়েছিলেন। আজকে তাঁরা বলছেন সংবাদপত্রের স্বাধীনতার কথা! আপনারা সাংবাদিকদের জেলে নিয়ে যাবেন, তাদের ধরে পেটাবেন সেটা কিছু নয়, কিন্তু তাদের বসবার জায়গা কোথায় হবে সেটাই বুঝি বড় কথা? আমি বলব, বিজেপির বিরুদ্ধে আমরা লড়াই করছি বলে আগামী পঞ্চায়েত নির্বাচনে আমরা ভীত নই, ভয়টা ওদের। ওদের ভয়, দলটা বোধহয় ভেঙে যেতে পারে কারণ ওদের দলে নিচের তলা থেকে আরম্ভ করে উপর তলা পর্যন্ত বিজেপির লোকজন রয়েছেন। তাই ওদের ভয়, দলটা যদি ভেঙে যায় তাহলে ওরা কি করবেন। ওদের মধ্যে যখন মারামারি হয় তাকন আমাদের পুলিশ দিয়ে সাহায্য করতে হয়, কাজেই তখন এক্ষেত্রে হয়ত সেটা করা যাবে। এখানে দাঙ্গার বিরুদ্ধে, বিচ্ছিন্নতার বিরুদ্ধে আমাদের জ্যোতিবাবুর নেতৃত্বে যে আন্দোলন হয়েছে সেটা গোটা ভারতবর্ষে ছড়িয়ে যাবে এবং সেটা আগামী পঞ্চায়েত নির্বাচনেও পরীক্ষিত হয়ে যাবে। পঞ্চায়েত নির্বাচনের পর দেখা যাবে যে,

কে কে পদত্যাগ করেন এবং কে কে থাকেন। আজকে জ্যোতিবাবুর নেতৃত্বে যেভাবে পশ্চিমবঙ্গ চলছে, আগামী দিনে গোটা ভারতবর্ষ সেইভাবে চলবে। আজকে রাজ্যপালের ভাষণে যে কথা বলা হয়েছে সেটা ঠিক কথাই বলা হয়েছে, কারণ বর্তমানে যেভাবে পশ্চিমবঙ্গ পরিচালিত হচ্ছে তিনি তারই বর্ণনা করেছেন। আমি তাই বলব, ওরা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেগুলো ক্যাজুয়ালি দিয়েছেন, কাজেই সেগুলো তাদের প্রত্যাহার করা উচিত। আমি তাদের সমস্ত অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি এবং আশা করছি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছি তা সকলের সমর্থন পাবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

## 32nd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the 32nd Report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following revised programme :-

| | | | | |
|---|---|---|---|---|
| Friday, | 5.3.93 : | (i) | Motion under rule 185 regarding demand for revocation of hike in rail-fare and freight and also for allocation of money for the rail projects of the State—Notice given by Shri Subrata Mukherjee and others. | .. 1 hour. |
| | | (ii) | Motion under rule 185 regarding demand for taking proper steps for development works of the State Government—Notice given by Dr. Manas Bhunia and others. | .. 1 hour. |
| | | (iii) | Motion under rule 185 regarding increase of rail-fare and freight and rise of price of different goods—Notice given by Shri Lakshmi Kanta Dey and other | .. 1 hour. |
| | | (iv) | Motion under rule 185 regarding revocation of the Government proposal of giving li cence for liquor shop—Notice given by Shri Deba Prasad Sarkar. | .. 1 hour. |
| Thursday, | 11.3.93 : | (i) | The West Bengal Marine Fishing Regula tion Bill, 1992 (Introduction, Consideration and Passing) | .. 2 hour. |
| Friday, | 12.3.93 : | | The West Bengal Building (Regulation of | |

Promotion of Construction and Transfer by Promoters) Bill, 1992 (As reported by the Select Committee).
(Consideration and Passing) .. 4 hour.

There will be no questions for Oral Answers and Mention Cases on 5th and 12th March, 1993.

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অফ অর্ডার হল, আপনাকে কিছু বলা যাবে না বা কটাক্ষ করা যাবে না, তবুও আপনি যে বেআইনি কাজ করছেন সেটা রেকর্ড করাতে চাই। আপনারা এটাই প্র্যাকটিস করেছেন যে, একটি ডিবেট শেষ না হতে আর একটি শুরু করা যাবে না, কিন্তু এখানে একটি শেষ না হতে আর একটির কথা বলছেন।

**মিঃ স্পিকার :** বিজনেস অ্যাডভাইসরি কমিটি ছাড়া।

I now request the Parliamentary Affairs Minister to move the motions for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 32nd Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motions was then put and agreed to.

## VOTING ON AMENDMENTS TO GOVERNOR'S ADDRESS

**Mr. Speaker :** There are 536 amendments to the Governor's Address. All the motions are in order and taken as moved.

**1-8.**

**Shri Sudip Bandyopadhyay :** Sir, I beg to move that—The following be added at the end of the address in reply, viz:—

But regret that—

**1.**

there is no mention of the fact that the law and order situation in West Bengal including torture and molestations on women are alarming and police had miserably failed to control the situation;

**2.**

there is no mention about the Economic Bankruptcy of the Government of West Bengal;

3.

there is no mention about close and sick industries in the State and re-employment of retrenched workers;

4.

there is no mention about the acute unemployment problem which had caused tremendous and extreme frustrations in the minds of the young generation;

5.

there is no mention about the construction of Urdu Academy Building at Hazi Md. Mahasin Square, the foundation stone of which was laid in 1984 by the Hon'ble Chief Minister of West Bengal;

6.

there is no mention that the city of Calcutta had been sold to a section of dishonest and unscrupulous promoters where Government is functioning as a mere spectator only;

7.

there is no mention of the politicalization of the police-force and thereby increase in crimes and attrocities against the people and political opponents; and

8.

there is no mention of any scheme for improvement of the hospital services in the State for the poor and distressed citizens.

9-37

**Shri Ajoy De :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :— কিন্তু দুঃখের বিষয় যে,—

9.

রাজ্যে আজ জনস্বাস্থ্যের মত গুরুত্বপূর্ণ বিষয়টি সম্পূর্ণভাবে উপেক্ষিত। রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার, সেবাকর্মী ও ওষুধের অভাব। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

10.

রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ভেজাল ওষুধ রোধ করতে সরকার গত ১৬ বৎসরে ব্যর্থ হয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**11.**

রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কুকুর, বিড়াল, ওষুধ পাচারকারী, চোলাই মদের কারবারী ও শুয়োরের ব্যবসায়িদের এখন অবাধ বিচরণ। শুধু উপেক্ষিত হচ্ছেন চিকিৎসা-প্রার্থীরা। হাজার হাজার টাকা বেতনভোগী ডাক্তারবাবুরা হাসপাতালে সময় না দিয়ে নার্সিং হোমে গিয়ে চিকিৎসা করছেন। এই অবাধ বে-আইনি কার্যকলাপের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**12.**

সাধারণ গরিব মানুষের চিকিৎসার ন্যূনতম ব্যবস্থা না করে সরকার পথ্য ও ওষুধসহ চিকিৎসার ব্যয়ভার রোগিদের উপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে। এই ব্যবস্থা পরিবর্তনের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**13.**

ত্রুটিপূর্ণ পরীক্ষাব্যবস্থার জন্য ১৯৯২ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ছাত্র-ছাত্রীরা চূড়ান্ত বিপর্যয়ের সম্মুখীন। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোনও উল্লেখ নেই;

**14.**

সর্ব্বতোভাবে শিক্ষাব্যবস্থা সঙ্কোচন ও কুক্ষিগত করার ফলে পশ্চিমবাংলার শিক্ষার মানের ক্রমাবনতির বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**15.**

ভগ্নপ্রায় পরীক্ষাব্যবস্থা ও স্কুল-কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**16.**

অবসর গ্রহণের বয়স ৬০ থেকে ৬৫ বছর করার জন্য আন্দোলন চালাচ্ছেন এ রাজ্যের শিক্ষকরা। শিক্ষকদের উক্ত অধিকার ফিরিয়ে দেওয়ার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**17.**

রাজ্যে নৈরাজ্য দূর করার জন্য সর্বৈব উদ্যোগ নেবার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**18.**

গত ১৬ বছরে রাজ্যের মন্ত্রী, আমলা, শাসকদলগুলির নেতা ও ক্যাডাররা যেভাবে ব্যাপক দুর্নীতি-চক্র গড়ে তুলেছেন তাতে সারা রাজ্যের উন্নয়ন ক্ষতিগ্রস্ত হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**19.**

পশ্চিমবাংলার জনজীবন আজ গরিষ্ঠ শাসকদলের গুণ্ডাদের অত্যাচারে ভয়াবহ অবস্থার সম্মুখীন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**20.**

গত ১৬ বছরে এই রাজ্যে বিভিন্ন আন্দোলনে অংশগ্রহণক...
সংগঠনগুলির বহু কর্মী প্রাণ হারিয়েছেন। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**21.**

রাজ্যের জনসাধারণ, গণমাধ্যম, বিরোধিদল ও অন্যান্য গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির বিরুদ্ধে পুলিশ, প্রশাসন ও শাসকদলের গুণ্ডাদের যৌথ আক্রমণ বন্ধ করার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**22.**

ভোটার তালিকায় কারচুপি, বুথ-জ্যাম, বুথ-দখল, ভোটারদের ভীতি-প্রদর্শন ও হামলার মাধ্যমে এই রাজ্যের যে কোনও নির্বাচনকে প্রভাবিত করা হয়—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**23.**

সরকারি জমি-জায়গা, পার্ক, বাজার—সবকিছু আজ অসাধু প্রমোটারদের হাতে চলে যাচ্ছে। গড়ে উঠছে বহুতল, অট্টালিকা, পার্টি-অফিস আর নেতা, ক্যাডার ও আমলাদের কালো টাকার পাহাড়। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**24.**

গত ৭ বছরে জওহর-যোজনাখাতে পাওয়া সব টাকা ব্যয়ে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**25.**

ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রস্তাবিত 'পঞ্চায়েতীরাজ' আদর্শের উপর ভিত্তি করে এই রাজ্যে পঞ্চায়েতীরাজ ব্যবস্থা চলছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোনও উল্লেখ নেই;

**26.**

বামফ্রন্ট পরিচালিত পঞ্চায়েতগুলো আর্থিক ও প্রশাসনিক দুর্নীতির চরণ উদাহরণ—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**27.**

জনগণের কাছে ক্ষমতার নীতিকে সামনে রেখে জাতীয় কংগ্রেস তৃণমূল-স্তরে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে চেয়েছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সেই আদর্শকে কার্যতঃ দুর্নীতির মূল কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠিত করতে চাইছেন। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**28.**

৩০শে মে, ১৯৯৩ পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করা হয়েছে। কিন্তু এখনও মহিলাদের জন্য আসন সংরক্ষণের ব্যাপারে কোনও সরকারি ঘোষণা হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়েও কোনও উল্লেখ নেই;

**29.**

নিত্যযাত্রিদের পথ-নিরাপত্তার ন্যূনতম ব্যবস্থা করতে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে বামফ্রন্ট সরকার। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**30.**

কৃষ্ণনগর পৌরসভাকে আর্থিক সাহায্য বন্ধ করে বেকায়দায় ফেলার অপচেষ্টা অবিলম্বে বন্ধ করার বিষয়ে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**31.**

পশ্চিমবাংলায় পশ্চিমবঙ্গ সরকারের চূড়ান্ত ঔদাসীন্য এবং অবিমৃষ্যকারিতার জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ প্রায় বন্ধ। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**32.**

বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্প নিয়ে পশ্চিমবঙ্গ সরকারের হঠকারী মনোভাবের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**33.**

রাজ্যের বিদ্যুৎ উৎপাদন ও ঘাটতির সমস্যা সমাধানে সরকারের সার্বিক ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**34.**

পশ্চিমবঙ্গের সাম্প্রতিক রাজনীতিতে সাম্প্রদায়িক দলগুলির উত্থানের পিছনে গরিষ্ঠ শাসকদলের ভূমিকা আছে—এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**35.**

কিছু রাজনৈতিক দল দেশে সাম্প্রদায়িকতার রাজনীতিকে উৎসাহ দিচ্ছে। উক্ত রাজনীতির বিরোধিতা করা সত্ত্বেও দেশের সংহতি, অখণ্ডতা ও সাম্প্রদায়িকতার নামে বামফ্রন্ট সরকার

ভারতীয় জাতীয় কংগ্রেসকে যে দোষারোপ করছেন তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**36.**

রাজ্যের বিড়িশিল্প ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। এই শিল্পকে ধ্বংসের হাত থেকে বাঁচানোর বিষয়ে কোনও উদ্যোগের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**37.**

নদীয়ার পাটচাষীদের সমস্যার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**38-41**

**Shri Sobhan Deb Chattopadhyay :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**38.**

পশ্চিমবঙ্গে শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে চরম ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**39.**

পশ্চিমবঙ্গে শিল্পসম্পর্কের বিষয়ে বিস্তারিত বিবরণ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**40.**

পশ্চিমবঙ্গে নারীজাতির প্রতি লাঞ্ছনার ঘটনা দ্রুত বেড়ে চলেছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**41.**

কলকাতা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে সাম্প্রদায়িক সংঘর্ষ রোধে রাজ্য সরকারের অদূরদর্শিতার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**42-57.**

**Shri Jatu Lahiri :** Sir, I beg to move that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**42.**

পশ্চিমবাংলায় খুন, রাহাজানি, সন্ত্রাস বেড়েই চলেছে—এ ব্যাপারে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**43.**

পশ্চিমবঙ্গের সর্বত্র বিদ্যুৎ ঘাটতি ও লোডশেডিং-এর সমস্যা নিরসনে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই৫

**44.**

পশ্চিমবাংলায় মহিলাদের সম্ভ্রম বিপন্ন—এ ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**45.**

পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলার অবনতির বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**46.**

চতুর্থ শ্রেণী পর্যন্ত পরীক্ষা-ব্যবস্থা তুলে দিয়ে ঢালাও প্রমোশন-ব্যবস্থা চালু করার ফলে পশ্চিমবঙ্গের শিক্ষার মান নেমে যাচ্ছে—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**47.**

পশ্চিমবঙ্গ সরকার প্রাথমিক স্তর থেকে ইংরাজি পড়ানো তুলে দিয়েছেন, ফলে সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ছাত্র-ছাত্রীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**48.**

রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা সমাধানে রাজ্য সরকারের কোনও পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**49.**

পশ্চিমবঙ্গের সমস্ত সরকারি হাসপাতাল কর্মচারিদের অবহেলা ও পার্টিবাজিতে রোগিরা অবহেলিত হচ্ছেন—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**50.**

রাজ্য সরকারের পরিচালনাধীন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রোগিরা ঔষধ ও চিকিৎসার সুযোগ পান না—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**51.**

পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম শহর হাওড়াতে একটি মেডিক্যাল কলেজ করার বিষয়ে কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

52.

দীর্ঘদিন ধরে বন্ধ হাওড়ার স্যাক্সী কারখানা খোলার ব্যাপারে রাজ্য সরকারের উদ্যোগের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

53.

হাওড়ার শিবপুর বিধানসভাকেন্দ্রে নূতন কোনও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

54.

হাওড়ার দিকে কোনও রাস্তা নির্মাণ না করে দ্বিতীয় হুগলি সেতু খুলে দেওয়াতে হাওড়ার মানুষ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন—এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

55.

হাওড়ার শিবপুর বিধানসভাকেন্দ্রে পানীয় জলের ব্যাপক সঙ্কটের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

56.

হাওড়া শহরের রাস্তাঘাটগুলি দীর্ঘকাল মেরামতির অভাবে ভগ্নপ্রায়। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

57.

পশ্চিমবঙ্গের মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রীর চাপ সামলাতে প্রয়োজনীয় সংখ্যক বিদ্যালয় স্থাপন ও শিক্ষক-শিক্ষিকা নিয়োগের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

58-94.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

58.

জাতীয় শিক্ষা-ব্যবস্থার সঙ্গে সঙ্গতি না রেখে দলীয় শিক্ষানীতি প্রবর্তনের ফলে শিক্ষার অবনতি হচ্ছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

59.

রাজ্যের হাসপাতালগুলিতে চরম অব্যবস্থা এবং এক শ্রেণীর ডাক্তার ও কর্মচারির কর্তব্যে চরম অবহেলা ও স্বার্থান্বেষী মনোভাবের জন্য জনসাধারণ হাসপাতালগুলির উপর আস্থা হারিয়ে ফেলছে। এই বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**60.**

হরিহরপাড়া সমাজবিরোধীদের কাজকর্ম রোধে পুলিশী নিষ্ক্রিয়তার প্রতিবাদে স্থানীয় অধিবাসিদের প্রতিবাদ-বিক্ষোভ ন্যায্য ছিল মনে হওয়া সত্ত্বেও তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**61.**

রাজ্যে সাক্ষরতা অভিযান সংক্রান্ত ব্যাপারে পরিসংখ্যানগত ত্রুটি ধরা পড়া সত্ত্বেও এ ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**62.**

২২শে ফেব্রুয়ারি মহাকরণ অভিযানকে কেন্দ্র করে কলকাতার আশেপাশে ও শিয়ালদহে খণ্ডযুদ্ধ লাগে। গ্যাস ও লাঠি চালায় পুলিশ। নিরীহ পথচারিরা আক্রান্ত হয়। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**63.**

রাজনীতির স্বার্থে এবং কেন্দ্রে ক্ষমতা দখলের জন্য রাজনৈতিক দলগুলি দীর্ঘদিন ধরে যেভাবে সাম্প্রদায়িকতাকে অলক্ষ্যে মদত দিয়েছেন তার জন্য এই রাজ্যেও সাম্প্রদায়িক শক্তির ক্রিয়াকলাপ বৃদ্ধি পেয়েছে। তা রোধ করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**64.** এই রাজ্যে নারি-নির্যাতন বৃদ্ধি পাচ্ছে। অথচ তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**65.**

শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এবং ছাত্র সংসদ নির্বাচন ও গঠনে কর্তৃপক্ষের প্রত্যক্ষ হস্তক্ষেপের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**66.**

রাজ্যে ভূমিসংস্কার ও বর্গাদারের স্বার্থরক্ষার আড়ালে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের উপর আক্রমণ অব্যাহত আছে। ফলে কৃষি অঞ্চলে বিভীষিকাময় পরিস্থিতি তৈরি হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**67.**

সামগ্রিকভাবে রাজ্যের অর্থনীতি একেবারে দেউলিয়াগ্রস্ত হয়ে পড়েছে। বেসরকারি কোম্পানির কাছ থেকে সরকার ঋণ গ্রহণ করছেন। বিদেশি ঋণ পাওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করছেন। এই চরম অর্থনৈতিক দুরবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**68.**

গত ১৬ বছরে রাজ্যে কতজন প্রবাসী-ভারতীয় কত টাকা কোনও ক্ষেত্রে বিনিয়োগ করেছেন সে ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**69.**

বিভিন্ন শিল্পে শ্রমিক অশান্তি সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**70.**

রাজ্যে ক্রমবর্ধমান বেকার সমস্যা, শিল্পক্ষেত্রে অভূতপূর্ব উৎপাদন হ্রাস ও অনিশ্চয়তা গভীরভাবে রাজ্যের জনগণকে উদগ্রীব করেছে কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**71.**

রাজ্য সরকারের গণবন্টনে সদিচ্ছার অভাব ও দুর্নীতির কারণে খাদ্যসঙ্কট ও মূল্যবৃদ্ধি ঘটছে। কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**72.**

লেভিতে খাদ্যশস্য সংগ্রহের পরিমাণ ৬০-এর দশকের থেকে কম হওয়ার কারণ সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**73.**

গণবন্টন ব্যবস্থা চালু রাখার জন্য উদ্বৃত্ত খাদ্য সংগ্রহের কি ব্যবস্থা সরকার নিয়েছেন এবং তার পরিমাণই বা কত তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**74.**

শিক্ষা কমিশনের প্রস্তাবগুলি গ্রহণ করার বিষয়ে রাজ্য সরকারের দ্বিধাগ্রস্ততার ব্যাপারে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**75.**

সাম্প্রদায়িকতাবিরোধী প্রচারে কোন কোন রাজনৈতিক দল পরোক্ষে সাম্প্রদায়িক দলকেই মদত দিচ্ছে, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**76.**

পশ্চিমবঙ্গে রেকর্ড পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হওয়া সত্ত্বেও গণবন্টন ব্যবস্থায় তার প্রতিফলন না ঘটার কথা মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেন নি;

**77.**

ভারতীয় সংবিধানে ঘোষিত ন্যূনতম নাগরিক অধিকার রক্ষার ব্যাপারে প্রশাসনিক ব্যর্থতার

কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**78.**

কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রায় ১ কোটি টাকার আর্থিক দুর্নীতি ধরা পড়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**79.**

কলকাতা হাইকোর্টে বিচারপতিদের শূন্য পদগুলি পূরণ না হওয়ায় বিচার-ব্যবস্থায় শৈথিল্য দেখা দিচ্ছে, এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**80.**

বৃহত্তর কলকাতায় সভা, সমাবেশ ইত্যাদি নানান কারণে যানজট ক্রমশঃ বেড়েই চলেছে, মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**81.**

পশ্চিমবঙ্গে ভয়াবহ বেকার সমস্যা সমাধানের জন্য কোনও সামগ্রিক পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**82.**

রাজ্যে ক্যান্সার রোগ চিকিৎসার সুযোগ সঙ্কুচিত হয়ে পড়ছে বিভিন্ন হাসপাতালে ক্যান্সার ইউনিট বন্ধ থাকার জন্য, মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**83.**

রাজ্যে ক্যান্সার রোগ চিকিৎসার সুযোগ সঙ্কুচিত হয়ে পড়ছে বিভিন্ন হাসপাতালে ক্যান্সার ইউনিট বন্ধ থাকার জন্য, মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**84.**

আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ভোট গণনার সময় নিরাপত্তার গ্যারান্টি-সংক্রান্ত ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**85.**

রাজ্যে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষক, অধ্যক্ষ নিগৃহীত হওয়াসহ অরাজকতা ক্রমশঃই বৃদ্ধি পাচ্ছে, এই সংক্রান্ত ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**86.**

কলকাতার হাসপাতালগুলিতে কাজের পরিবেশ না থাকা সত্ত্বেও প্রশাসন আজ পর্যন্ত কোনও সুব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**87.**

রাজ্যের বন্ধ শিল্প-কলকারখানাগুলি চালু করতে সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**87.**

দিল্লির ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স-এর অনুরূপ কোনও সংস্থা কলকাতা তথা এই রাজ্যে স্থাপিত না হওয়ায় চিকিৎসাশাস্ত্রে এই রাজ্য ক্রমশঃ পিছিয়ে পড়ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**88.**

কলকাতা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের অভব্য, উচ্ছৃঙ্খল আচরণের নানা ঘটনা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। কিন্তু তা রোধ করার জন্য যথেষ্ট কঠোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এই ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**89.**

মুর্শিদাবাদের সীমান্তবর্তী অঞ্চলগুলিতে দুর্বৃত্তদের বে-আইনি কার্যকলাপ রোধে সীমান্তে পাহারা জোরদার করা এবং সাধারণ মানুষদের সজাগ করে তোলার ব্যাপারে প্রচেষ্টার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**90.**

বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চরম অব্যবস্থার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**91.**

রাজ্য বিদ্যুৎ পর্ষদ গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারে পক্ষপাতমূলক আচরণ করছে কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**92.**

শিক্ষাব্যবস্থা ও সংস্কৃতির মান ক্রমশঃ নিম্নগামী। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**93.**

পশ্চিমবঙ্গের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার, নার্স এবং ৪র্থ শ্রেণীর কর্মচারিদের সংখ্যাল্পতা এবং ঔষধের অপ্রতুলতার জন্য রোগিরা সুচিকিৎসা লাভে বঞ্চিত হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই; এবং

**94.**

ভূমিসংস্কার এবং অধিগ্রহণে চলছে চরম গাফিলতি—মাননীয় রাজ্যপালের ভাষণে এর

কোনও উল্লেখ নেই।

**95-132.**

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**95.**

খোলা বাজারে জিনিসপত্রের দাম বৃদ্ধি এবং সীমান্তবর্তী জেলাগুলিতে বিনা বাধায় চালের চোরা কারবার চলছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**96.**

রাজ্যের বন্ধ হয়ে যাওয়া কল-কারখানাগুলির বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**97.**

রাজ্যের বেকার ও কর্মচ্যুত ব্যক্তিদের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**98.**

রাজ্যের ভবিষ্যৎ কর্মসংস্থানের সম্ভাবনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই;

**99.**

সারা রাজ্যে বিশেষতঃ সুন্দরবন অঞ্চল থেকে ব্যাপকহারে গাছ কাটা, কাঠ চুরি অব্যাহত রয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**100.**

রাজ্যের গ্রন্থাগারগুলিতে পাঠক-সংখ্যা ক্রমহ্রাসমান। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**101.**

রাজ্যের পঞ্চায়েত থেকে জিলা পরিষদ পর্যন্ত স্তরগুলিতে দীর্ঘদিন যাবত অডিট হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোনও উল্লেখ নেই;

**102.**

রাজ্যে পেট্রোল ও ডিজেল-চালিত গাড়ির ধোঁয়ায় পরিবেশ দূষণ সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**103.**

রাজ্যের আর্থিক সঙ্কটের সময়ে মাননীয় মুখ্যমন্ত্রীর বিভিন্ন সফর বাবদ প্রচুর অর্থ ব্যয়িত হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**104.**

উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ গঠনের বিষয়ে বিলম্বের সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**105.**

রাজ্য সরকার কর্তৃক আইনজীবীদের জন্য ওয়েলফেয়ার অ্যাক্ট চালু করার পর তা আইনজীবীদের স্বার্থে কতটা কার্যকরী হয়েছে তার মূল্যায়ন করা হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**106.**

সারা রাজ্যে রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মোট সংখ্যা ও বন্ধ হয়ে যাওয়া ক্ষুদ্র ও মাঝারি শিল্প সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**107.**

রাজ্যের বিড়ি-শিল্পে ফ্যাক্টরী আইন প্রয়োগের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**108.**

কল্যাণী ইণ্ডাস্ট্রিয়াল এস্টেটে সেডগুলি জবরদখল হয়ে থাকার বিষয়টির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**109.**

আদিবাসী সংস্কৃতি-চর্চাকেন্দ্র গঠন করা এবং আদিবাসী সংস্কৃতিকে রক্ষার জন্য অন্য কোনও পরিকল্পনার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**110.**

পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ সীমান্তবর্তী ৯টি জেলাতে আজও শুরু হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**111.**

১৯৮৯ থেকে বর্তমান আর্থিক বছর পর্যন্ত ১০০৭ কোটি টাকা রাজ্য সরকার কর্তৃক বিভিন্ন খাতে ব্যয়িত না হওয়ায় রাজ্যের যোজনা বরাদ্দ ক্রমশঃ কমানো হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নেই;

**112.**

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী সহ শিক্ষক, অধ্যাপক, অশিক্ষক কর্মচারিরা বেশির ভাগ ক্ষেত্রে অসহায় অবস্থায় রয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**113.**

রাজ্যের পৌরসভাগুলি পুর এলাকার পরিবেশকে সতেজ এবং সুস্থ রাখার জন্য তেমনভাবে সক্রিয় নয়। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**114.**

রাজ্যের হাসপাতালগুলিতে বহু মূল্যবান যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম অব্যবহৃত অবস্থায় পড়ে থাকে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**115.**

রাজ্যের সীমান্তবর্তী এলাকাগুলিতে রাস্তা তৈরির ব্যাপারে কোনও অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে না। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**116.**

আদালতে দুর্ঘটনাযুক্ত মামলাগুলি সুরাহা দীর্ঘদিন যাবত যথার্থভাবে না হওয়ায় বহু সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**117.**

রাজ্যে মুক্ত চিড়িয়াখানা স্থাপনের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**118.**

বিবেকানন্দ সেতু মেরামতের জন্য অবিলম্বে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নেই;

**119.**

ফুটপাতবাসি শিশু ও কিশোরদের জন্য কল্যাণ কেন্দ্র গঠন করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**120.**

আগামি পঞ্চায়েত নির্বাচনের জন্য আনুমানিক অর্থ ব্যয়ের পরিমাণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**121.**

রাজ্যে পঞ্চায়েত নিয়ে ট্রাইব্যুনাল গঠনের ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও

উল্লেখ নেই;

**122.**

রাজ্যের সরকারি ও বেসরকারি হাসপাতালগুলিতে চিকিৎসার মান ক্রমশঃ নিম্নাভিমুখী। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নেই;

**123.**

পঞ্চায়েতের শূন্য আসনগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে উপ-নির্বাচনের মাধ্যমে পূরণ করতে হবে এই মর্মে পঞ্চায়েত আইন সংশোধনের কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**124.**

গ্রাম বাংলায় সরকারের প্রশাসনিক কাজকর্মের অবনতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**125.**

রাজ্য সরকার মজুতদার, চোরাকারবারি ও ফাটকাবাজদের বিরুদ্ধে কোনও কার্যকরি ব্যবস্থা নিচ্ছেন না। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নেই;

**126.**

গ্রামীণ অর্থনীতির উন্নয়নের উদ্দেশ্যে প্রচলিত বিভিন্ন প্রকল্পে বরাদ্দকৃত অর্থ কিছু কিছু পঞ্চায়েত সঠিকভাবে নিয়োজিত করতে ব্যর্থ হয়েছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের কোনও উল্লেখ নেই;

**127.**

রাজ্যে বনসম্পদ রক্ষার জন্য কোনও নতুন পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নি;

**128.**

গত ২.১১.৯২ তারিখে মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়ায় পুলিশের গুলিতে নিহত ব্যক্তিবর্গ এবং উক্ত এলাকায় সমাজবিরোধীদের অবাঞ্ছিত কার্যকলাপ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**129.**

পশ্চিমবঙ্গে এক নৈরাজ্যকর আর্থ-রাজনৈতিক পরিস্থিতির উদ্ভব হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**130.**

রাজ্যে শিক্ষার প্রসার ও উন্নতি আশানুরূপ নয়। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ের উল্লেখ নেই;

**131.**

জনসাধারণের সুখ-সুবিধা ও স্বাচ্ছন্দ্যবিধান ও বিভিন্ন সমস্যা সমাধানে রাজ্যে সরকারের অকৃতকার্যতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**132.**

রেশন ব্যবস্থা সহ রাজ্যের সার্বিক খাদ্য পরিস্থিতির উন্নয়নে সরকারের অকৃতকার্যতার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**133-153.**

**Shri Somendranath Mitra :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**133.**

মহাকরণে সাংবাদিক-নিগ্রহের ঘটনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**134.**

রাজ্যে স্বল্প-সঞ্চয়ের পরিমাণ সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**135.**

রাজ্যের নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়গুলিকে রক্ষা করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**136.**

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য প্রচলিত মিড-ডে-মিল পরিকল্পনাটি সম্পর্কে রাজ্য সরকারের উদাসীনতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**137.**

বর্ধমান, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার জন্য পরিকল্পনা অথরিটি গঠনের প্রস্তাব সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**138.**

দক্ষিণ বাঁকুড়াতে আদিবাসি ও তফশিলি সম্প্রদায়ের বেকার যুবক-যুবতীদের জন্য ক্ষুদ্র ও কুটিরশিল্পের ইউনিট স্থাপনের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**139.**

রাজ্যের শহর ও গ্রামাঞ্চলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ প্রকল্পে রাজ্য সরকারের

অকৃতকার্যতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**140.**

রাজ্যে দুগ্ধ সরবরাহ অব্যাহত রাখার বিষয়ে রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**141.**

রাজ্যে খাদ্যশস্যের কালোবাজারি ও চোরাচালান বন্ধে রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**142.**

রাজ্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**143.**

রাজ্যের শিল্পক্ষেত্রে ধর্মঘট, হরতাল ইত্যাদি কারণে শ্রমদিবস নষ্টের পরিমাণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**144.**

রাজ্যের বিভিন্ন জায়গায় পুলিশের অত্যাচারের ঘটনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**145.**

রাজ্যে ক্রমবর্ধমান সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**146.**

মহাকরণে জনপ্রতিনিধিদের উপর আক্রমণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**147.**

কংসাবতী প্রকল্প বিশেষতঃ আপার কংসাবতী প্রকল্পটির অগ্রগতির বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**148.**

সুন্দরবনের নদীগুলির সংস্কারের বিষয়ে কোনও পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**149.**

উত্তরবঙ্গ ফুড প্রসেসিং ইউনিট গঠন করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**150.**

মুর্শিদাবাদ জেলায় ভৈরত নদীর সংস্কার করার পরিকল্পনার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**151.**

মেদিনীপুর জেলায় দুব্‌দা বেসিন ড্রেনেজ স্কীমের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**152.**

রাজ্যে স্পেশ্যাল কম্পোনেন্ট প্ল্যান্ট ও ট্রাইব্যাল সাব-প্ল্যানে ব্যয়িত অর্থের পরিমাণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই; এবং

**153.**

রাজ্যে প্রাথমিক বিদ্যালয়বিহীন গ্রামের সংখ্যার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**154-158.**

**Shri Sailaja Kumar Das :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**154.**

মেদিনীপুর জেলার কাঁথি ২ নং ব্লকের বসন্তিয়াতে প্রস্তাবিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**155.**

ভবিষ্যৎ কর্মসংস্থানের সম্ভাবনার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**156.**

মেদিনীপুর জেলার কাঁথি ১ নং এবং ৩ নং ব্লকে জল সরবরাহ প্রকল্পের ক্ষতিগ্রস্ত পাইপলাইনটি মেরামত করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**157.**

সাম্প্রতিককালে গঠিত "মহিলা কমিশনের" কার্যকারিতার বিষয়ে মাননীয় রাজ্যপালের

ভাষণে কোনও উল্লেখ নেই;

**158.**

মেদিনীপুর জেলার কাঁথি শহরে প্রস্তাবিত "দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার" ডিপো নির্মাণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**159.**

মেদিনীপুর জেলার "কেলেঘাই নদী" প্রকল্পের অগ্রগতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**160.**

মেদিনীপুর জেলার রুসুলপুরে, রুসুলপুর নদীর উপর সড়ক-সেতু নির্মাণ করার বিষয়ে কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**161-183.**

**Shri Nurul Islam Chowdhury :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে,—

**161.**

পশ্চিমবাংলায় নারী-নির্যাতন দিন দিন বেড়ে যাচ্ছে কিন্তু তা প্রতিরোধে স্বল্প-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি পরিকল্পনা গ্রহণের বিশেষ কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**162.**

অগভীর নলকূপে বিদ্যুৎ সরবরাহ করতে অপারগ হওয়ায় বিস্তীর্ণ জমির ফসল বছরের পর বছর নষ্ট হচ্ছে, এর প্রতিকারের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**163.**

পশ্চিমবঙ্গ তথা মুর্শিদাবাদ জেলায় আইনের শাসন বলতে এখন কিছুই নেই। হরিহর পাড়ার গণহত্যা সম্বন্ধেও মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**164.**

পশ্চিমবঙ্গে সমস্ত স্কুল-কলেজে নৈরাজ্য চলছে। কোথাও শিক্ষার পরিবেশ নেই। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**165.**

গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নের জন্য গ্রামীণ বৈদ্যুতিকরণের সুষ্ঠু পরিকল্পনা গ্রহণের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**166.**

রাজ্য সরকার গ্রামের দরিদ্র জনসাধারণের মঙ্গলের জন্য যে প্রতিশ্রুতির কথা বলে থাকেন কিন্তু তা পালনে ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**167.**

পশ্চিমবাংলার সমস্ত হাসপাতালে অরাজকতা চলছে। ডাক্তার, কর্মচারী, অ্যাম্বুল্যান্স, জীবন দায়িনী ঔষধ যথা স্যালাইন, অক্সিজেন-এর অভাবে গরিব মানুষ ন্যূনতম চিকিৎসা পাচ্ছে না। এর প্রতিকারের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**168.**

পশ্চিমবাংলার গ্রামগুলির উন্নয়নের জন্য পঞ্চায়েতের মাধ্যমে কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে এবং হচ্ছে। কিন্তু পঞ্চায়েত প্রধানরা এখনও পর্যন্ত তার হিসাব দিতে পারেন নি বা দেন নি। অনেক প্রধানের বিরুদ্ধে সরকারি টাকা তছরুপের অভিযোগ আছে। এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**169.**

লক্ষ লক্ষ শ্রমিক বিশেষ করে কৃষি-শ্রমিক যারা দিন-রাত মালিক ও দালাল শ্রেণীর লোক দ্বারা নিপীড়িত ও বঞ্চিত হচ্ছেন এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**170.**

পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ বেকার যুবকদের কিভাবে কর্ম-সংস্থান করা হবে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**171.**

গ্রামে-গঞ্জে যে Marketing Link Roadগুলি তৈরি হয়েছিল তা maintenance-এর অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। সেগুলি মেরামতের বিষয়ে কোনও পরিকল্পনা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**172.**

পরিচালন ব্যবস্থা ত্রুটিযুক্ত হওয়ায় পশ্চিমবাংলায় যে চিনি কলগুলিতে প্রতি বৎসরই প্রচুর সরকারি অর্থ লোকসান হচ্ছে তবুও বন্ধ চিনি কল ক্রয় করে সরকারি অর্থের অপচয় তথা মুষ্টিমেয় ব্যক্তির স্বার্থ রক্ষার প্রসঙ্গটির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**173.**

পশ্চিমবঙ্গে তথা মুর্শিদাবাদ জেলায় বিদ্যুৎবাহি তার, খুঁটি প্রভৃতি চুরির ফলে জনগণ অশেষ দুর্গতি ভোগ করছে কিন্তু তা বন্ধের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**174.**

লক্ষ লক্ষ টাকার সিমেন্ট (পারমিট) পঞ্চায়েতের মাধ্যমে চোরাপথে পাচার হচ্ছে; তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**175.**

সরকারি অর্থ পঞ্চায়েতের মাধ্যমে শাসকদলের খেয়াল খুশিমত খরচ হচ্ছে, ফলে গরিব মানুষ যেভাবে উপকৃত হচ্ছে না; এ কথার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**176.**

পশ্চিমবঙ্গের থানায় মন্দির-মসজিদ নির্মিত হলে, ভেঙে ফেলার সিদ্ধান্ত সরকার গ্রহণ করার পরেও তা কার্যকরি না হওয়ার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**177.**

বর্তমান সরকারের আমলে পুলিশ কর্মচারিদের মধ্যে বিভিন্ন রাজনৈতিক সংগঠন হওয়ায় তাদের মধ্যে সুসম্পর্কের অভাবে সাধারণ মানুষরা নিরাপত্তা থেকে বঞ্চিত হচ্ছেন। নিরীহ কর্মচারিরাও রাজনীতির শিকার হচ্ছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**178.**

রাজ্য পঞ্চায়েতের কাজের জন্য বরাদ্দকৃত কোটি কোটি টাকা অপব্যবহার হওয়ার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয় নি;

**179.**

পশ্চিমবাংলার গ্রামভিত্তিক গভির নলকূপ, জোড়বাঁধ, নদী জল উত্তোলন-প্রকল্প, ক্ষুদ্র সেচ প্রকল্প রূপায়িত না হওয়ার ফলে ব্যাপকভাবে জমির ফসল নষ্ট হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**180.**

পশ্চিমবাংলার সমবায় প্রতিষ্ঠানগুলি ক্রমশঃ ধ্বংসের দিকে যাওয়ার প্রকৃত কারণ অনুসন্ধান সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**181.**

ভূগর্ভস্থ জলকে চাষের কাজে ব্যবহারের পরিকল্পনা দীর্ঘদিন আগে নেওয়া সত্ত্বেও তার বাস্তব রূপায়ণ না হওয়ায় অনুন্নত ও শুষ্ক এলাকাগুলিতে আশানুরূপ ফসল হচ্ছে না। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও কারণ উল্লেখ করা হয় নি;

**182.**

ওয়াকফ্ সম্পত্তির জন্য একজন মন্ত্রী থাকা সত্ত্বেও ওয়াকফ্ বোর্ডের কাজকর্ম মুষ্টিমেয় স্বার্থান্বেষী দ্বারা পরিচালিত হয়। বিভিন্ন অভিযোগের দরখাস্ত করার পরও কোনও প্রতিকার

হয় না, মন্ত্রীর নির্দেশও সঠিক সময়ে পালন করা হয় না। এ-সবের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**183.**

পশ্চিমবাংলার যুব কল্যাণ কেন্দ্রগুলি রাজ্য সরকারের প্রচার কার্যালয়ে পরিণত হয়েছে। এর কোনও উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই।

**184-194.**

**Shri Sanjib Kumar Das :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**184.**

পশ্চিমবাংলার গরিষ্ঠ শাসকদল পরিচালিত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদগুলি দুর্নীতিতে ভরে গেছে। মহামান্য রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**185.**

সমবায় মন্ত্রী মহোদয়ের ঘোষণা থাকা সত্ত্বেও ওই দপ্তরের কর্মচারিরা সরকার ঘোষিত বেতন পান নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**186.**

সাংবাদিক নিগ্রহ ও পশ্চিমবাংলার ঐতিহ্য বহনকারি 'প্রেস কর্ণার' স্থানান্তরের ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**187.**

সেচের জলের অভাবে পশ্চিমবাংলার বোরো চাষের অবস্থা খুবই ভয়াবহ। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**188.**

পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবস্থা ভয়াবহ। রাজনৈতিক খুন, সংঘর্ষ বধূ হত্যা, নারী নির্যাতন আজ নিত্য-নৈমিত্তিক ঘটনা। মাননীয় রাজ্যপালের ভাষণে এ-সবের কোনও উল্লেখ নেই;

**189.**

পশ্চিমবাংলার বেকার সমস্যা ভয়াবহ রূপ নিয়েছে। কিন্তু এই সমস্যা সমাধানের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**190.**

কলকাতার সাম্প্রতিক সাম্প্রদায়িক দাঙ্গায়, দাঙ্গাবাজদের অনেককেই এখনও কেন গ্রেপ্তার করা যায় নি, সে সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**191.**

উপযুক্ত সংখ্যক শিক্ষকের অভাবে বহু সরকারি ও বেসরকারি স্কুল-কলেজে পড়াশুনার যথেষ্ট ক্ষতি হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ-সম্বন্ধে কোনও উল্লেখ নেই;

**192.**

কলকাতায় মহাকরণে স্বয়ং মুখ্যমন্ত্রীর ও তথ্যমন্ত্রীর সামনে গত ৭ই জানুয়ারি জনৈক মাননীয়া কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী ও জনৈক বিধানসভার সদস্য পুলিশের হাতে নিগৃহিত হন কিন্তু মাননীয় রাজ্যপালের ভাষণে এই ঘটনার কোনও উল্লেখ নেই;

**193.**

মাননীয় রাজ্যপালের ভাষণে হাওড়া জেলাসহ পশ্চিমবাংলার রাস্তাগুলির দুরবস্থা সম্বন্ধে কোনও উল্লেখ নেই; এবং

**194.**

মাননীয় রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার হাসপাতালগুলির দুরবস্থার কথা উল্লেখ করা হয় নি।

**195-198.**

**Shri Satya Ranjan Bapuli :** Sir, I beg to move that. The following be added at the end of the Address in reply, viz.:—

But regret that—

**195.**

there is no mention about the indiscipline in the Police Force;

**196.**

there is no mention about the Government's decision to shift the Press Corner in Writers' Buildings;

**197.**

there is no mention about the incident of arrest of former Union Minister and a Congress MLA at Writers Buildings by the Calcutta Police on January 7, 1993; and

**198.**

there is no mention about the failure of the State Government to control the militant trade unionism in the State Co-operative Housing Federation.

**199-216.**

**Shri Saugata Roy** : Sir, I beg to move that. The following be added at the end of the address in reply, viz.:—

But regret that—

**199.**

there is no mention about the supply of 14 Essential Commodities at a reasonable price through West Bengal Essential Commodities Supply Corporation Limited;

**200.**

there is no mention about the failure to check wastage and unproductive expenses in the office of the West Bengal Essential Commodities Supply Corporation Limited;

**201.**

there is no mention about the failure of the State Government to clear the backlog of promotion to the Scheduled Castes and Tribes in various categories of service in the West Bengal Essential Commodities Supply Corporation Limited;

**202.**

there is no mention about failure of the State Government to eradicate the corruptions in respect of deal of Masoor Chhati and Mustard Seeds in the year 1992-93 in West Bengal Essential Commodities Supply Corporation Limited;

**203.**

there is no mention about the cooperations extended by the Principal Opposition Party with the State Government in meeting the communal challenge;

**204.**

there is no mention of the fact that the State Government had to borrow money from a Private Financial Company;

**205.**

there is no mention about the assault on Pressmen at Writers' Buildings on January 7;

**206.**

there is no mention about the removal of the former Union Minister from the front of the Chief Minister's Chamber in Writers Buildings on January 7, 1993;

**207.**

there is no mention about the controversy between the State Government and the Coal India regarding payment of Coal cess and WBSEB's dues to Coal India;

**208.**

there is no mention about the failure of the State Government to proceed with the work of the Bakreshwar TPS on schedule;

**209.**

there is no mention about the failure of the Government to protect the eastern fringes of the city from encroachment by the promoters;

**210.**

there is no mention about the failure of the Government to ensure equitable distribution of land to the Middle Classes in Salt Lake;

**211.**

there is no mention about the Government's inability to re-open M/s. Metal Box—closed for several years;

**212.**

there is no mention about the future of the State Government to take advantage of the new industrial and economic policy of the Central Government to accelerate industrial development of the State;

**213.**

there is no mention about the expenditure incurred due to the Chief Minister's security arrangement;

**214.**

there is no mention about the non-availability of wheat from the

Ration Shops in the State;

**215.**

there is no mention about the increase in Hospital charges; and

**206.**

there is no mention about the reason of non-arrest of principal culprits of the riots in Tangra and Metiaburuz just after the riot.

**217-221.**

**Shri Atish Chandra Sinha :** Sir, I beg to move that. The following be added at the end of the Address in reply, viz:—

But regret that—

**217.**

there is no mention about the failure of the Government to take strong and deterrant actions against those responsible for initiating communal disharmony in Calcutta after the 6th Dec, 1992 incident at Ayodhya;

**218.**

there is no mention about the acute deteriorations of the general law and order situation in the State;

**219.**

no mention has been made about developing in Industrial Growth Centre at Farakka;

**220.**

no mention has been made about the plan of the State Government to protest the Public Undertakings in the State; and

**221.**

no mention has been made about the serious deterioration in the transmission and distribution system of electricity at various places of Kandi in Murshidabad District.

**222-231.**

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that. The following be added at the end of the Address in reply, viz:—

But regret that—

**222.**

there is no mention about the politician-police-criminal nexus in West Bengal;

**223.**

there is no mention about the deterioration in the general law and order situation in the State;

**224.**

there is no mention about the failure of the Government to identify the people behind the riots in West Bengal;

**225.**

there is no mention about the steps taken by the Government to enquire into the allegations made by some persons who were picked up during the riots in December last;

**226.**

there is no mention about the deplorable condition of roads in the State and the steps to repair them;

**227.**

there is no mention about the deplorable condition of Hospitals and Health Centres in the State;

**228.**

there is no mention about the acute problem of drinking water in Kharagpur and the steps to implement the Comprehensive Water Supply Scheme already sanctioned;

**Shri Gyan Singh Sohanpal** : Sir, I beg to move that, the following be added at the end of the Address in reply, viz:—

But regret that—

**229.**

there is no mention about the failure of the Government to prepare and present a time-bound action plan to tackle the growing problem of unemployment in the State;

**230.**

there is no mention about the steps taken towards the establishment of Industrial Training Institutes in West Bengal for imparting technical education to the boys and girls of the State; and

**231.**

there is no mention about the steps taken so far by the Government towards the establishment of a new Sub-Division in Midnapore District with its headquarter at Kharagpur.

**232-238.**

**Shri Ambica Banerjee :** Sir, I beg to move that. The following be added at the end of the Address in reply, viz.:—

But regret that—

**232.**

there is no mention about the delay in starting work of Haldia Petro-chemicals Project;

**233.**

there is no mention about the Government's liability to supply raw materials to small industries in Howrah;

**234.**

there is no mention about the failure of the Government to complete the construction of the connecting roads and flyovers on the Howrah side of the Vidyasagar Setu;

**235.**

there is no mention about the Government's failure to improve the services of Howrah General Hospital;

**236.**

there is no mention about the terrible financial crisis of the State;

**237.**

there is no mention about the controversy between the State Finance Minister and the Union Coal Ministry on mutual dues; and

**238.**

there is no mention about the incident of assault on former Union Minister at Writers' Buildings on January 7, 1993 by the Police.

**239-243.**

**Shri Sailaja Kumar Das :** Sir, I beg to move that. The following be added at the end of the Address in reply, viz.:—

But regret that—

**239.**

there is no mention regarding the increase of beds at the Contai Sub-Division Hospital;

**240.**

there is no mention of erosion of Digha seashore;

**241.**

there is no mention about the commencement of work of Contai Phase-II under Irrigation and Waterways Department;

**242.**

there is no mention about the progress of Subarnarekha Project; and

**243.**

there is no mention about the Godden Jubilee Celebration of the Quite-India Movement by the State Government.

**244-283.**

**Shri Mukul Bikash Maiti :** Sir, I beg to move that. উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলো যোগ করা হোক ঃ—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**244.**

রাজ্যের অসৎ সরকারি আমলাদের শাস্তিদানের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**245.**

কলকাতা মহানগরিতে সবুজ গাছপালা বিনষ্ট করার অপপ্রচেষ্টা সম্পর্কে মাননীয়

রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**246.**

সরকারি আমলাদের সরকারি সম্পদ অপচয়ের মাত্রাবৃদ্ধি সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**247.**

গবেষণার ক্ষেত্রে রাজ্যের রিসার্চ সেন্টারগুলির অবদানের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**248.**

রাজ্যের অর্থনীতির বর্তমান অবস্থা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**249.**

রাজ্যের বিভিন্ন হাসপাতাল চত্বরে অসামাজিক কার্যকলাপ বন্ধ করার বিষয়ে রাজ্য সরকারের ব্যর্থতা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**250.**

হাসপাতালগুলিতে প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করার বিষয়ে সরকারের ব্যর্থতা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**251.**

শিক্ষকদের অবসর গ্রহণের বয়ঃসীমা নির্ধারণের সমস্যা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**252.**

রাজ্যের বিভিন্ন জেলে বিচারাধীন বন্দিদের মৃত্যুর তদন্তের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**253.**

রাজ্যের গ্রামাঞ্চলে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**254.**

মেদিনীপুর জেলার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**255.**

রাজ্যের গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহ প্রকল্প রূপায়ণে রাজ্য সরকারের অকৃতকার্যতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**256.**

গ্রামীণ বৈদ্যুতিকরণের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**257.**

বিদ্যুৎ পরিস্থিতির অবনতির কারণে বিভিন্ন শিল্পে উৎপাদন ব্যাহত হওয়া সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**258.**

রাইটার্স বিল্ডিংস্থিত প্রেস কর্ণারটি স্থানান্তর করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**259.**

মদ বিক্রয়ের জন্য ঢালাও লাইসেন্স দিয়ে জনসাধারণকে মদ্যপানে উৎসাহিত করা হচ্ছে—এই বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**260.**

রাজ্যের পুলিশ কর্তৃক মহিলাদের অত্যাচারিত হওয়ার ঘটনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**261.**

রাজ্যের বিভিন্ন স্থানে জীর্ণ রাস্তাগুলো মেরামতের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**262.**

রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাগুলোর লোকসানের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**263.**

রাজ্যের বেকার সমস্যার সমাধানে ব্যর্থতা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**264.**

রাজ্যের জেলা পরিষদগুলো আয়ব্যয়ের হিসাব নিয়মিত পেশ করছে না। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ের কোনও উল্লেখ নেই;

**265.**

মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় বন্যার জল নিষ্কাশনের ব্যবস্থাটি ত্রুটিমুক্ত ক বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**266.**

রাজ্যের হাসপাতালগুলিতে চিকিৎসকদের নিরাপত্তা রক্ষায় ব্যর্থতার বিষয়ে মান রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**267.**

রাজ্যের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষকের শূন্যপদ পূরণের বিষয়ে মান রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**268.**

অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনসন ও গ্র্যাচুইটি যথা সময়ে ও যথাযথভাবে প্রদান ক ক্ষেত্রে ব্যর্থতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**269.**

রাজ্যের পুলিশ-প্রশাসন সর্বক্ষেত্রে নিরপেক্ষভাবে কাজ করে না—এই বিষয়ে কো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**270.**

প্রতিশ্রুতি অনুযায়ী প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার ক্ষেত্রে রাজ্য সরকারের ব্যর্থ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**271.**

রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীর বিভিন্ন সফর বাবদ অর্থব্যয় প্রসঙ্গে মাননীয় রাজ্যপা ভাষণে কোনও উল্লেখ নেই;

**272.**

সাম্প্রতিককালে পুরুলিয়ায় বন্যার্তদের সাহায্যার্থে হেলিকপ্টারের ব্যবস্থা করা হয় মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নেই;

**273.**

বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য নতুন শিল্প প্রতিষ্ঠার বিষয়ে মাননীয় রাজ্যপা ভাষণে কোনও উল্লেখ নেই;

**274.**

বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যয় করার ক্ষেত্রে রাজ্য সরকা

অকৃতকার্যতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**275.**

রাজ্যের অকেজো নলকূপগুলোর মেরামতের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**276.**

দি ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের বর্তমান আর্থিক অবস্থা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**277.**

সরকারি চাকরিতে বেআইনীভাবে নিয়োগের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**278.**

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক নিয়োগে দুর্নীতির অভিযোগ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**279.**

রাজ্য পুলিশের বিরুদ্ধে সমাজবিরোধী কাজে জড়িত থাকার অভিযোগ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**280.**

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের বৈষম্যমূলক আচরণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**281.**

শ্রমিক-কর্মচারি ইউনিয়নের অসহযোগিতায় রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি ব্যাহত হচ্ছে—এই বিষয়ের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**282.**

সেচের অভাবে খাদ্যশস্যের উৎপাদন আশানুরূপ হচ্ছে না—এই সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই; এবং

**283.**

রাজ্যের রেশন-ব্যবস্থার উন্নয়নে সরকারের অকৃতকার্যতার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**284-291.**

**Shri Deoki Nandan Poddar :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলো যোগ করা হোক :—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**284.**

গঙ্গানদীর ভাঙ্গন প্রতিরোধ করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**285.**

রাজ্যের তফশিলি ও আদিবাসী ছাত্রছাত্রীদের মাসিক বৃত্তি প্রদানের ব্যবস্থাটি অনিয়মিত হয়ে পড়ার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**286.**

দ্বারকেশ্বর-গন্ধেশ্বরী সেচ প্রকল্পটি কার্যকরী না হওয়ার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**287.**

রাজ্যের বহু স্বাধীনতা সংগ্রামী পেনশন পাচ্ছেন না। মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নেই;

**288.**

রাজ্যে বৃত্তিকর আদায়ে দুর্নীতির অভিযোগ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**289.**

রাজ্যে বর্তমান মরশুমের বোরো চাষ জলাভাবে নষ্ট হতে চলেছে, মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোনও উল্লেখ নেই;

**290.**

বন্যাকবলিত এলাকাগুলিতে বন্যা প্রতিরোধে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই; এবং

**291.**

অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিরা পেনসন, গ্র্যাচুইটি ইত্যাদি ঠিকমত পাচ্ছেন না—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নেই।

**292.**

**Shri Fazle Azim Molla :** উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলো যোগ করা হোক ঃ—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**292.**

রাজ্যের বে-সরকারি কলেজের অশিক্ষক কর্মচারিদের ১৯৭২ সাল এবং ১৯৮১ সালের বর্ধিত বেতন হারের বকেয়া টাকা দেওয়া হয় নি—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নেই;

**294.**

দীর্ঘদিন যাবত মাধ্যমিক সিলেবাসের অন্তর্ভুক্ত কর্মশিক্ষা বিষয়টির উপযোগিতা সম্পর্কে কোনও মূল্যায়ন করা হয় নি—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ে কোনও উল্লেখ নেই;

**295.**

বাঁকুড়া জেলার খাতড়াতে কেন্দ্রীয় আদিবাসী ছাত্রিনিবাস নির্মাণের পরিকল্পনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**296.**

দক্ষিণ ২৪-পরগনা ও মেদিনীপুর জেলার উপকূলবর্তী অঞ্চলে বাঁধ ও স্লুইস গেট মেরামতির জন্য বরাদ্দকৃত অর্থব্যয়ে রাজ্য সরকারের অক্ষমতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ করা হয় নি; এবং

**297.**

গঙ্গানদীর ভাঙ্গন রোধে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই।

**298-305.**

**Shri Atish Chandra Sinha :** Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**298.**

কান্দী ও বহরমপুরসহ পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের করুণ ও ভাঙাচোরা অবস্থার কিভাবে উন্নতি হবে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**299.**

শিক্ষা-বিষয়ে অশোক মিত্র কমিশনের রিপোর্ট কবে এবং কতখানি কার্যকরী করা হবে

তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**300.**

কান্দী থানার অন্তর্গত দ্বারকানদীর ওপরে গাঁতলা ব্রিজের কাজ কবে শুরু হবে এ ব্যাপারে পরবর্তী সরকারি পরিকল্পনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**301.**

প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ভবনগুলি মেরামতের অভাবে ভেঙে পড়ছে, সরকার এই পরিস্থিতির মোকাবিলা কিভাবে করবেন সে বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**302.**

কান্দী মহকুমার বন্যা প্রতিরোধের জন্য কান্দী মাস্টার প্ল্যান, সিদ্ধেশ্বরী নদীতে জলাধার তৈরি এবং ময়ূরাক্ষী ড্যামে Flood cushion রাখবার বিষয়ে কোনও সরকারি পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**303.**

গভীর নলকূপ, নদী [illegible] প্রকল্প অথবা মিনি ডিপ বসাবার স্থান নির্দিষ্ট করার ব্যাপারে প্রয়োজনের চেয়ে রাজনৈতিক দৃষ্টিভঙ্গীই বেশি গুরুত্ব পাচ্ছে এ বিষয়ে রাজ্য সরকারের মনোভাবের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে প্রকাশ পায় নি;

**304.**

কিছু কিছু শীর্ষ সমবায় প্রতিষ্ঠানে অচল অবস্থার সৃষ্টি হয়েছে এবং এই অবাঞ্ছনীয় পরিস্থিতি কিভাবে মোকাবিলা করা হবে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**305.**

পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে আম, লিচুবাগান কেটে ফেলা হচ্ছে এবং ক্রমশঃ এইসব ফলের উৎপাদন হ্রাস পাচ্ছে এবং সমস্যা প্রতিরোধে সরকারের কোনও উদ্যোগ ও ভূমিকার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**306-315.**

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that—উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ—কিন্তু দুঃখের বিষয়ে এই যে,—

**306.**

রাজ্যের চরম বিদ্যুৎ সঙ্কট সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**307.**

রাজ্য সরকারের চরম আর্থিক সঙ্কটের দরুণ এই রাজ্যের যাবতীয় উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে যাওয়া সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**308.**

পঞ্চায়েতে দুর্নীতির বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**309.**

ক্রমবর্ধমান চুরি, ডাকাতি, খুন, নারীনিগ্রহ প্রভৃতি অপরাধ দমনে প্রশাসনিক ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**310.**

রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা এবং উক্ত সঙ্কট নিরসনে রাজ্য সরকারের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**311.**

এই রাজ্যে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা এবং পাশ-ফেলপ্রথা পুনঃপ্রবর্তন করার সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন কিনা সে সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**312.**

অবসরপ্রাপ্ত বিদ্যালয় শিক্ষকদের দ্রুত পেনসন দেওয়ার ক্ষেত্রে সরকারি ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**313.**

রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্য-কেন্দ্রগুলির বেহাল অবস্থা সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**314.**

রাজ্যে রাস্তাঘাটের বেহাল অবস্থার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**315.**

রাজ্যে গণবন্টন ব্যবস্থার দুর্গতি এবং আভ্যন্তরীণ খাদ্য-সংগ্রহব্যবস্থা জোরদার করতে সরকারি ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই।

**316-376.**

**Dr. Manas Bhunia. :** Sir, I beg to move that—উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**316.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে গ্রামীণ হাসপাতালটি নির্মাণের কাজ বন্ধ হয়ে আছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**317.**

মেদিনীপুর জেলার সবং ব্লকের নলবাহী পানীয় জল সরবরাহ প্রকল্পটিতে অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ এবং লো-ভোল্টেজ থাকার জন্য পানীয় জল সরবরাহ করতে পারছে না—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**318.**

মেদিনীপুর জেলার সবং ব্লকের বিভিন্ন মৌজায় সেচের জলের অভাবে বোরো চাষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**319.**

যে সব শিল্প প্রতিষ্ঠান পরিবেশ দূষিত করছে, ওয়েস্ট বেঙ্গল পলিউশন কন্ট্রোল বোর্ড কেন তাদের বিরুদ্ধে আজও কোনও ব্যবস্থা নিতে পারে নি তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**320.**

রাজ্যের পর্যটন ব্যবস্থার প্রসার ঘটাতে ও সুন্দর করতে গত ১৬ বছরে রাজ্য সরকার কোনও ব্যবস্থা নিতে পারেন নি। মাননীয় রাজ্যপালের ভাষণে এ বিষয়ে কোনও উল্লেখ নেই;

**321.**

রাজ্যে লক্ষ্য লক্ষ্য ভূয়া রেশন কার্ডগুলি উদ্ধার করতে রাজ্য সরকারের ব্যর্থতার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**322.**

বৃহত্তর কলকাতাতে পার্কিং সমস্যা মেটাতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**323.**

বৃহত্তর কলকাতার বিভিন্ন নাগরিক পরিসেবার পরিচালনা ও রক্ষণা-বেক্ষণে বে-সরকারি সংস্থাকে কাজে লাগানোর সম্ভাবনা রাজ্য সরকার খতিয়ে দেখছেন, শহরের উন্নয়নমূলক কাজে গ্রাহকচার্জ ধার্য করার প্রস্তাবও রাজ্য সরকার রেখেছেন। মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**324.**

মেদিনীপুর জেলার সবং ব্লকের গ্রামীণ বৈদ্যুতিকরণ এবং কোনও সুনির্দিষ্ট কর্মসূচির

উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**325.**

রাজ্যে ব্যাপকভাবে ফলের গাছ রোপণের মাধ্যমে বন-সংলগ্ন অধিবাসিদের আর্থিক অবস্থা পরিবর্তনের পরিকল্পনা আজও কার্যকরি হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**326.**

রাজ্যে যথেষ্ট নূতন বনাঞ্চল সৃষ্টিতে ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**327.**

১৯৮৯ সাল হতে ইন্দিরা আবাসন প্রকল্প এই রাজ্যে কতটা কার্যকরি হয়েছে এবং রাজ্যের কত জন গৃহহীন দুঃস্থ মানুষের জন্য বাসস্থান হয়েছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**328.**

রাজ্যের আদালতগুলিতে বিদ্যুৎ বিপর্যয়ে আদালতের কাজ ব্যাহত হয়। এর বিকল্প কোনও ব্যবস্থা করা হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**329.**

রাজ্যে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে বহু পদ আজও শূন্য পড়ে আছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এই ব্যাপারে কোনও উল্লেখ নেই;

**330.**

শুশুনিয়া পাহাড়, অযোধ্যা পাহাড় এবং উত্তরবঙ্গের পাহাড়িয়া এলাকাগুলিতে বনসৃজন প্রকল্প কার্যকরি করা হয় নি, অথচ তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**331.**

প্রথাবর্হির্ভূত শিক্ষা প্রসারে কি ভাবে ব্যয় করা হয়েছে এবং এ ব্যাপারে রাজ্যের প্রগতির হিসাব আজও প্রকাশিত হয় নি অথচ মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**332.**

রাজ্যে পাট্টাপ্রাপ্ত জমিগুলিতে আদিবাসি ও তফশিলভুক্তচাষীরা ফসল উৎপাদনে কেন পিছিয়ে পড়েছে তার মূল তথ্য আজও প্রকাশিত হয় নি—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**333.**

প্রতি বছর বাঁকুড়া, মেদিনীপুর ও পুরুলিয়া জেলাগুলিতে বন্য হস্তিদের উপদ্রবে চাষের ক্ষয় ক্ষতি ও মানুষের জীবনহানি ঘটছে। এর প্রতিকার সম্বন্ধে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**334.**

পুরুলিয়া ও অযোধ্যা পাহাড়ে বৃক্ষচ্ছেদনের ফলে উক্ত পাহাড়ি অঞ্চলগুলিতে ভূমিক্ষয় ও পরিবেশগত ভারসাম্য নষ্ট হওয়ার বিপদ দেখা দিয়াছে—তা প্রতিরোধের কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**335.**

রাজ্যে সরকারি কাজে বাংলা ভাষা চালু করার ব্যাপারে সরকারি সিদ্ধান্ত দীর্ঘদিন ধরে কেন কার্যকরি হয় নি তার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**336.**

রাজ্যে কোন কোন শহরগুলি আরবান ল্যাণ্ড সিলিং অ্যাক্টের আওতাভুক্ত এবং উদ্বৃত্ত জমি কাদের মধ্যে বন্টন করা হয়েছে তার হিসাব সরকারিভাবে আজও প্রকাশিত হয় নি। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**337.**

বাংলা ভাষায় আইন-পুস্তকের ব্যাপারে রাজ্য সরকারের বক্তব্য কি তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**338.**

নিরক্ষরতা দূরীকরণের জন্য রাজ্য সরকার নতুন কি কি পদক্ষেপ নিয়েছেন এবং অষ্টম পরিকল্পনাতে রাজ্যে নিরক্ষরতা দূরীকরণের ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনাসহ পরিকল্পনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**339.**

গত পাঁচ বছরে এই রাজ্যে জওহর রোজগার যোজনা-খাতে কত টাকা কেন্দ্র বরাদ্দ এবং রাজ্য সরকার আনুপাতিক হারে দেয় টাকা দিয়ে সমস্ত টাকা ব্যয় করেছেন কি না তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**340.**

রাজ্যে মহিলা আদালত তৈরির ব্যাপারে রাজ্য সরকারের কোনও পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**341.**

পরীক্ষা-ব্যবস্থার অবনতি, স্কুল-কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যা এবং সাক্ষরতা অভিযানের পরিসংখ্যানগত ত্রুটির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**342.**

অবিভক্ত ২৪-পরগনা, বাঁকুড়াসহ সারা রাজ্যে সরকারি তহবিলের অপপ্রয়োগের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**343.**

বহরমপুর পৌরসভাকে রাজ্য সরকার আর্থিক সাহায্য বন্ধ করার ফলে পৌরসভাতে নিযুক্ত স্থায়ি কর্মচারিদের দীর্ঘদিন ধরে মাসিক বেতন প্রদান বন্ধ আছে। এই ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**344.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে ভুয়া ঘাটে কপালেশ্বরী নদীর উপর একটি সেতু নির্মাণের ব্যাপারে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**345.**

পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলায় ম্যালেরিয়া ও কালাজ্বর রোগের প্রাদুর্ভাব বাড়ছে তাতে মানুষ মরছে—এর প্রতিরোধে সরকারি পদক্ষেপের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**346.**

উত্তরবঙ্গের চা বাগিচার শ্রমিক ও তাদের পরিবারের লোকজনদের পঞ্চায়েত ও পৌর এলাকার মধ্যে নিয়ে এসে উন্নয়নের কর্মসূচির অংশীদার করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**347.**

উত্তরবঙ্গের জেলাগুলির সর্বস্তরের মানুষের উন্নয়নের জন্য সার্বিক কোনও পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**348.**

মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম জেলায় পানীয় জলের সমস্যা সমাধানের জন্য কোনও পদক্ষেপের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**349.**

সমগ্র পশ্চিমবঙ্গে মাটির নীচের জলস্তর আস্তে আস্তে ক্রমশঃ নেমে যাচ্ছে। এই বিষয়ে রাজ্য সরকারের চিন্তা-ভাবনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**350.**

পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে পরিবেশ ও চিকিৎসার মান একেবারেই খারাপ হয়ে গেছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**351.**

পশ্চিমবঙ্গে বেকার যুবক-যুবতীদের জন্য কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের বিভিন্ন পরিকল্পনাগুলি রাজ্য সরকার অনুদানের টাকা না দেওয়ার এবং ব্যাঙ্কগুলি সহযোগিতা না করার ফলে ব্যাহত হচ্ছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**352.**

পশ্চিমবঙ্গে ৫২ লক্ষ বেকার যুবক-যুবতীর বেকারত্ব দূরীকরণের সঠিক কোনও কর্মসূচির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**353.**

সমগ্র মেদিনীপুর জেলার অধিকাংশ ব্লকে পঞ্চায়েত সমিতির কর্মকর্তারা নিজ নিজ এলাকার উন্নয়নের জন্য বরাদ্দ অর্থ সঠিক ভাবে খরচ না করে দলীয় উন্নয়নে খরচ করছে। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**354.**

মেদিনীপুর জেলার ডেবরা ব্লকে কোনও কলেজ নেই—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**355.**

মেদিনীপুর জেলায় একটি মেডিক্যাল কলেজ স্থাপনের প্রস্তাব দীর্ঘদিন দরে বিবেচনাধীন—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**356.**

মেদিনীপুর জেলার বিভিন্ন ব্লকে গরিষ্ঠ শাসক দলের কর্মিরা অন্যান্যদের উপর মর্মান্তিক অত্যাচার করছে, বয়কট করছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**357.**

মেদিনীপুর জেলায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাবের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**358.**

মেদিনীপুর শহরে আজ অবধি ফায়ার ব্রিগেড স্টেশন তৈরি হল না—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**359.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে মাদুর চাষ এবং মাদুর শিল্পীদের উন্নয়নের জন্য কোনও কর্মসূচির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**360.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে খেলাধূলার উন্নয়নের জন্য কোনও কর্মসূচি রাজ্য সরকার আজও গ্রহণ করেন নি। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**361.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে অনেকগুলি প্রাথমিক বিদ্যালয় গৃহ ভেঙে পড়েছে—ছাত্র-ছাত্রীরা বিপন্ন—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**362.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে বিগত কয়েক বৎসরে নারী নির্যাতন এবং বধূহত্যার ঘটনা ভীষণভাবে বেড়ে গেছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**363.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে সংখ্যালঘু সম্প্রদায়ের দরিদ্র মানুষদের অর্থনৈতিক উন্নয়নের জন্য কোনও কর্মসূচির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**364.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে বড়চারা থেকে আদাসিমলা ঘড়িকা হয়ে ভূয়াঘাট পর্যন্ত মোরামের রাস্তাটি সবং পঞ্চায়েত সমিতি এবং মেদিনীপুর জেলা পরিষদ দীর্ঘ দিন ধরে মেরামত না করে ফেলে রেখেছেন। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**365.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে যে সমস্ত জুনিয়র হাইস্কুলগুলি দীর্ঘ দিন ধরে দক্ষতার সঙ্গে শিক্ষা দান করছে সেগুলিকে হাইস্কুল পর্যায়ে উন্নীত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**366.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে মহিলাদের উন্নয়নের জন্য রাজ্য সরকার কোনও কর্মসূচি গ্রহণ করেন নি—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**367.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে সামাজিক বনসৃজনের জন্য বরাদ্দ অর্থ সঠিকভাবে খরচ হচ্ছে না—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**368.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে আদিবাসি ও তফশিলি সম্প্রদায়ের দরিদ্র মানুষদের উন্নয়ন হচ্ছে না—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**369.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে মৎস চাষের উন্নয়নের জন্য মঞ্জুরিকৃত প্রায় ৮ লক্ষ টাকা কোন কর্তৃপক্ষ খরচ করবেন তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**370.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে গ্রামগুলিতে নলবাহি পানীয় জলপ্রকল্পের কোনও উল্লেখ নেই মাননীয় রাজ্যপালের ভাষণে;

**371.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে সবং থেকে মোহাড় রাস্তাটিকে পুরোপুরি পীচের করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**372.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে সবং-তেমাথানী এবং তেমাথানী-দেহাটী রাস্তাটির মেরামতির কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**373.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে কেলেঘাই কপালেশ্বরী নদীর মোহনায় সবং এবং ভগবানপুরের সঙ্গে যোগাযোগকারি একটি সেতু নির্মাণের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**374.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে সবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ৬টি পানীয় জলের নলকূপ খারাপ থাকায় হাসপাতালের রোগিরা পুকুরের জল পান করছে—এই ভয়াবহ অবস্থা প্রতিরোধের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**375.**

মেদিনীপুর জেলার সবং, পটাশপুর, ভগবানপুর, নারায়ণগড়, ময়না ব্লকের বন্যা নিয়ন্ত্রণ ও সেচের জন্য কেলেঘাই কপালেশ্বরী নদী প্রকল্পটি রূপায়ণের ব্যাপারে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**376.**

মেদিনীপুর জেলার সবং ব্লকে প্রায় ২০০০টি পানীয় জলের নলকূপের মধ্যে ৯৮৫টি নলকূপ অকেজো হয়ে পড়ে আছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**377-413.**

**Shri Pabir Banerjee :** Sir, I beg to move that—উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক ঃ— কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**377.**

পুলিশকে নিরপেক্ষ এবং কর্মনিষ্ঠ করে তুলতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**378.**

উত্তর ২৪-পরগনার গাইঘাটার জলেশ্বর গ্রামে সমাজবিরোধীদের অত্যাচারে বহু পরিবার ঘর ছাড়া হয়েছে। এদের নিজেদের গ্রামে ফিরিয়ে নিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**379.**

পশ্চিমবঙ্গে তফশিলিজাতি/উপজাতিদের উন্নয়নে রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**380.**

রাজ্যের অনগ্রসর এলাকাসমূহ উন্নয়নের কোনও পরিকল্পনার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**381.**

মহাকরণে ভেঙে দেওয়া প্রেস কর্ণার পূর্ব নির্দিষ্ট জায়গায় স্থাপন করা হবে কিনা; এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**382.**

রাজ্যের পঞ্চায়েতগুলিতে অনিয়ম, দুর্নীতি ও তহবিল তছরুপের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**383.**

পশ্চিমবঙ্গে তফশিলিজাতি/উপজাতিদের পারিবারিক রেশন কার্ড দেওয়া সম্পর্কে কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**384.**

রাজ্যে অপসংস্কৃতি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

385.

গ্রামীণ উন্নয়ন আশানুরূপ না হওয়ার জন্য রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

386.

রাজ্যে সমাজবিরোধীদের অত্যাচারে সাধারণ মানুষ অতিষ্ঠ। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

387.

পশ্চিমবঙ্গের হরিহরপাড়াতে পুলিশি অত্যাচারের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

388.

গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচির রূপায়ণে চূড়ান্ত অবহেলার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

389.

বন্ধ কারখানা চালু করা সহ রুগ্নশিল্পগুলিকেস পুনরুজ্জীবিত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

390.

রাজ্যে উগ্রপন্থী কার্যকলাপ বৃদ্ধি পাচ্ছে। কিন্তু এর প্রতিকারের ব্যাপারে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

391.

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব হয়, এর প্রতিকারের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

392.

হাসপাতালগুলিতে ওষুধপত্র ও খাদ্য সরবরাহ নিম্নমানের মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

393.

গাইঘাটার ঠাকুরনগরে স্বর্গীয় পি. আর. ঠাকুরের নামে একটি কলেজ স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

394.

রাজ্যে সেচের প্রসারে ব্যাপক পরিকল্পনা গ্রহণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের

ভাষণে নেই;

**395.**

গাইঘাটার পঞ্চায়েত সমিতি গাইঘাটার উন্নয়নে ব্যর্থ—এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**396.**

গাইঘাটা এলাকায় একটি সরকারি হাসপাতাল তৈরির কোনও প্রস্তাব মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**397.**

গাইঘাটা এলাকার খেজুর বাগানে যমুনা নদীর উপর সেতু নির্মাণের কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**398.**

বারাসত-বেড়িগোপালপুর রুটে সরকারি বাস চালানোর কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**399.**

বারাসত-গোবরডাঙ্গা রুটে সরকারি বাস চালানোর কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**400.**

বারাসত থেকে চাঁদপাড়া সরকারি "মিডি" বাস চালানোর কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**401.**

রাজ্যের হাসপাতালগুলি শোচনীয় অবস্থার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**402.**

পশ্চিমবঙ্গে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে সরকারি ব্যর্থতার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**403.**

রাজ্যে ভয়াবহ বেকার সমস্যা এবং তা নিরসনে রাজ্য সরকারের ব্যর্থতার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**404.**

পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে—এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**405.**

উত্তর ২৪-পরগনা জেলায় সাক্ষরতা কর্মসূচির টাকা যথাযথভাবে ব্যয় করা হচ্ছে না। এ বিষয়ের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**406.**

পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক দাঙ্গা প্রতিরোধে রাজ্য সরকারের ব্যর্থতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**407.**

পশ্চিমবঙ্গে স্কুল শিক্ষকদের দ্রুত পেনসন দেওয়ার ব্যবস্থা করতে সরকারি অক্ষমতার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**408.**

রাজ্যের শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য চলছে—তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**409.**

বনগাঁ কর্মবিনিয়োগ কেন্দ্রে যে চূড়ান্ত নৈরাজ্য চলছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**410.**

উত্তর ২৪-পরগনার গোবরডাঙ্গায় যমুনা নদীর উপর পাকা সেতু নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে সে বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**411.**

বনগাঁ মহকুমার "সাতভাই কালিতলায়" এখনও বিদ্যুৎ যায় নি—এ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**412.**

প্রশাসনকে দুর্নীতিমুক্ত করার বিষয়ে কোনও পদক্ষেপের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**413.**

গাইঘাটায় তফশিলি জাতি/উপজাতি অধ্যুষিত বিভিন্ন গ্রামে লোকদীপ প্রকল্পে বিদ্যুৎ না

পৌঁছানো সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

**414-417.**

**Shri Sadhan Pandey :** Sir, I beg to move that—The followings be added at the end of the Address in reply, viz:—

But regret that—

**414.**

no mention has been made about the excavation of the Maratha Ditch (Circular Canal).

**415.**

no mention has been made about the setting up of a Judicial enquiry after the recent riots in Calcutta, to find out the culprits;

**416.**

consideration on the part of the State Government for Privatization of Tourist Lodges in the State has not been mentioned;

**417.**

no mention about Employment Scheme.

**418-430.**

**Shri Bhupendra Nath Seth :** Sir, I beg to move that—The followings be added at the end of the Address in reply, viz:—

But regret that—

**418.**

there is no mention of the absolute sustenance of the Public Enterprises on Government subsidy although most of these enterprises are not loosing concerns;

**419.**

there is no mention regarding repair of different roads throughout the State;

**420.**

there is no mention of a Judicial prove into this communal riots in the State in the month of December, 1992;

**421.**

there is no mention of the support of the State Government to "Bandhs" and "Strikes" abusing administrative machinery including police;

**422.**

there is no mention of the inattention of the State Government for restoration of Bengali names of many important places instead of English names;

**423.**

there is no mention of the cess imposed on coal by the State Government;

**424.**

there is no mention of the activities of the militants and extremists in the State;

**425.**

there is no mention of the failure of the State Government in implementing the targets and objects envisaged during the 1st year of the eighth five-year plan;

**426.**

there is no mention of the supply of minimum nutritional requirements for the patients suffering from Tuberculosis in State Hospitals;

**427.**

there is no mention of the economic development of West Bengal;

**428.**

there is no mention of forcible adoption of the land of small and marginal farmers for plantation of new tea gardens in the Islampur Sub-Division of the Uttar Dinajpur District;

**429.**

there is no mention of the murder of a student in Nikharipara village of Dakshin Dinajpur District on the 25th January, 1993;

**430.**

there is no mention of the atrocities of police of the Behala P.S.

upon the persons arrested from Metiaburuz areas.

**431-438.**

**Smt. Sabitri Mitra :** Sir, I beg to move that—উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :—

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

**431.**

পশ্চিমবঙ্গ তথা মালদা জেলায় আইন-শৃঙ্খলার অবনতি ও মালদার গদাইচরে নির্যাতিতা মহিলার এখনো কোনও বিচার না পাওয়ার সম্বন্ধে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**432.**

রাজ্যে পঞ্চায়েতের কাজের জন্য কোটি কোটি টাকা অপব্যবহারের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**433.**

মালদা জেলার আড়াই ডাঙ্গায় মহানন্দার উপর ব্রীজ নির্মাণের সম্বন্ধে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**434.**

এই রাজ্যে মহিলাদের শিক্ষার প্রতি বিশেষ দৃষ্টি দিয়ে রাজ্য সরকারের কোনও পরিকল্পনা গ্রহণের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**435.**

পশ্চিমবাংলার বিপুল সংখ্যক বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে, মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**436.**

মডেল স্কুল নির্মাণের জন্য যে অর্থ রাজ্য সরকার পেয়েছেন তাতে সে অনুপাতে এই রাজ্যে মডেল স্কুলের সংখ্যা বৃদ্ধি হওয়ার কারণ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**437.**

রাজ্যে চুঙ্গি কর বন্ধের জন্য কেন্দ্র সরকার যে অভিমত ব্যক্ত করেছেন সে সম্বন্ধে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই; এবং

438.

মালদহ জেলায় রেশম শিল্পের উন্নয়নের ব্যাপারে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

439-450.

**Shri Abdus Salam Manshi :** Sir, I beg to move that—উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে,—

439.

খেলাধূলার মান উন্নয়নে প্রাথমিক স্তরে ফিজিক্যাল ট্রেনিং-এর শিক্ষক নিযুক্ত করার কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

440.

রাজ্য সরকার আজ পর্যন্ত পিয়ারলেস এবং রাজ্য সমবায় ব্যাঙ্ক হতে কি বাবদ কত টাকা ঋণ নিয়েছেন এবং পিয়ারলেসকে সুদসমেত কত টাকা ঋণ পরিশোধ করা হয়েছে—মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

441.

রাজ্যে তন্তুজীবীদের স্বার্থরক্ষাকল্পে অর্থনৈতিক সাহায্যদানের ব্যাপারে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

442.

রাজ্যে দুগ্ধসরবরাহ প্রকল্পে লোকসান বন্ধ করতে রাজ্য সরকারের কোনও উদ্যোগের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

443.

রাজ্যে পঞ্চায়েতিরাজের মাধ্যমে জওহর রোজগার যোজনা ও সুসংহত গ্রামোন্নয়ন প্রকল্পের লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার কারণ মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়নি;

444.

রাজ্য সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে বাজেটে অর্থবরাদ্দ করলেও ঐ খাতে বরাদ্দকৃত সব অর্থ ব্যয় হয় না। স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়গুলি আর্থিক অনটনে ভুগছে। মাননীয় রাজ্যপালের ভাষণে এ সম্বন্ধে কোনও উল্লেখ নেই;

445.

রাজ্যের পুরসভাগুলিতে বাড়ির মূল্য নির্ধারণের ব্যাপারে কোনও নিয়মনীতি মানা হয়

না—এ বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**446.**

বজবজ বিদ্যুতকেন্দ্রের জন্য বৃটিশ ঋণ পাওয়ার বিষয়টি কি পর্যায়ে আছে তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**447.**

কলকাতা শহরের জঞ্জালমুক্ত অবস্থা কেন করা যাচ্ছে না তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**448.**

তৃতীয় পে-কমিশনের রিপোর্ট কার্যকর করার কারণে ১৫ মাসের বকেয়া টাকা সুনির্দিষ্ট প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও, রাজ্য সরকার তাঁর কর্মচারিদের কেন জি.পি.এফ. থেকে তুলতে দিচ্ছেন না, সে সম্বন্ধে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**449.**

রাজ্যে পানীয় জলের সমস্যা সমাধানের উপায় সম্বন্ধে কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

**450.**

ফিজিক্যাল এডুকেশনের ট্রেনিংপ্রাপ্ত চাকুরিপ্রার্থিদের বিভিন্ন স্কুলে ফিজিক্যাল টিচারের পদে কত জনকে নিয়োগের সম্ভাবনা আছে এ সম্বন্ধে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**451.**

**Shri Manik Bhowmick :** Sir, I beg to move that—উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলো যোগ করা হউক ঃ—

কিন্তু দুঃখের বিষয় যে,—

**451.**

মেদিনীপুর জেলার তমলুক মহকুমার ময়না হতে মেচাদা বাসরাস্তা মেরামত ও উক্ত রাস্তায় সরকারি বাস চালানোর ব্যাপারে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**452.**

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর রাজনগর মৌজায় বিদ্যুৎ সরবরাহের কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**453.**

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর অন্তর্গত হরিদাসপুর বাজার হতে শ্রীরামপুর বাজার পর্যন্ত প্রস্তাবিত রাস্তাটির বাকি অংশের কাজ শুরু করার কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**454.**

মেদিনীপুর জেলার নাইকুড়ি ব্লক-১ (তমলুক)-এর শ্রীরামপুর-১ গ্রামপঞ্চায়েতের এলাকায় নলবাহী পানীয় জলসরবরাহ প্রকল্প সম্বন্ধে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**455.**

মেদিনীপুর জেলার কোলাঘাটে এস.বি.এস.টি.-র বাস ডিপো নির্মাণের বিষয়ে কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**456.**

তমলুক-১ (নাইকুড়ি) ব্লকের 'খোজারবেড়ি' রাস্তা মেরামতের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**457.**

তমলুক-২ ব্লকের 'হোগলা' গ্রামে মাতঙ্গিনী হাজরার 'জন্মভিটা' সংরক্ষণসহ উহার যোগাযোগকারি রাস্তাটি সংস্কার করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**458.**

পশ্চিমবঙ্গ বিধানসভা ভবনে "তাম্রলিপ্ত জাতীয় সরকারের" অমর সেনানী ও পশ্চিমবাংলার প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত অজয় মুখার্জির তৈলচিত্র স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**459.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের ময়না হতে মেদিনীপুর পর্যন্ত বাসরাস্তা মেরামতের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**460.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের পশ্চিমপার্শ্বে জেলা-শহরের সাথে যোগাযোগ-রক্ষাকারী 'চণ্ডিয়া' নদীর উপর পাকা সেতুটি মেরামত ও রক্ষণাবেক্ষণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**461.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের বিভিন্ন গ্রামে পানীয় জলের সঙ্কটের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**462.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের গড়ময়না প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**463.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে আট হাজার একশত পঞ্চাশ হেক্টর জমির বরোচাষ মরশুমে কংসাবতী ব্যারেজ থেকে সেচের জল না পাওয়ার বিপন্ন—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**464.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'ময়না বেসিন ড্রেনেজ' প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হবে—সে বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**465.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে বৈজ্ঞানিক পদ্ধতিতে পানচাষের বিষয়ে 'গবেষণাগার' এবং সরকারি উদ্যোগে পান 'ক্রয়কেন্দ্র' খোলার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**466.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ একেবারে থেমে আছে। মাননীয় রাজ্যপালের ভাষণে তার কোনও উল্লেখ নেই;

**467.**

ময়না ব্লকে চংরা গ্রামপঞ্চায়েতের 'তিলখোজা বৈকুণ্ঠ বিদ্যাপীঠ'-এর গৃহসংস্কার ও সম্প্রসারণের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**468.**

তমলুক-১ ব্লকের (নাইকুড়ি) 'নিকাসী' 'চনঘরপুর', ও হরিদাসপুরে দু'টি সুপার বাজার এবং গ্রামীণ কৃষি বাজার করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**469.**

৪১নং জাতীয় সড়কের 'নমতৌড়ি' স্টপেজে সরকারি বাসগুলি থামিবার ব্যবস্থা সহ একটি স্থায়ি ট্রাফিক কন্ট্রোল ব্যবস্থার কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**470.**

সাম্প্রদায়িক সম্প্রীতির মিলনক্ষেত্র ময়নাগড়ের রাসমেলাটিকে সরকারি উদ্যোগে, 'সার্বজনীন' মেলায় পরিণত করার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**471.**

ময়না ব্লকের ময়না-২ গ্রাম পঞ্চায়েতের "শ্যামগঞ্জ ত্রৈলক্যময়ী" বিদ্যালয়টিকে জুনিয়ার হাইস্কুল হ'তে হাইস্কুলে উন্নীত করার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**472.**

মেদিনীপুর জেলার ময়না ব্লককে 'কংসাবতী' ব্যারেজের সেচ এলাকার অন্তর্ভুক্ত করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**473.**

মেদিনীপুর ময়না ব্লকে বন্যার প্রকোপে প্রাথমিক বিদ্যালয় বাড়িগুলি ভেঙে পড়েছে। তার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**474.**

তমলুক ব্লক-১ (নাইকুড়ি) চর অন্তর্গত শ্রীরামপুর-১ গ্রামপঞ্চায়েতের মাদ্রাসাটিকে সরকারি অনুদান প্রদানের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**475.**

ময়না ব্লকে সামাজিক বনসৃজন প্রকল্পটিকে পুনর্জীবিত করার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**476.**

সার্বিক জনস্বার্থে ময়না ব্লকে সরকারি উদ্যোগে 'দুগ্ধ' ক্রয়কেন্দ্র স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**477.**

ময়না ব্লকে মৎস্য প্রজননের জন্য সরকারি উদ্যোগে একটি 'হ্যাচারী' স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**478.**

মেদিনীপুর জেলার কৃষি নির্ভরশীল এলাকা ময়না ব্লকে শস্যবীমা চালু করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**479.**

পশ্চিমবাংলার প্রাথমিক বিদ্যালয়গুলিতে পুনরায় ইংরাজি পড়ানো এবং পাশ-ফেল প্রথা চালু করার কোনও কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**480.**

তমলুক মহকুমা হাসপাতালের অব্যবস্থার এবং দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে

কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**481.**

তমলুক মহকুমার 'সাঁউতাল' চক থেকে নিকাসীবাজার পর্যন্ত খালটি সুসংহত সেচের জন্য সংস্কার প্রস্তাবের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**482.**

প্রশাসনিক কাজের সুবিধার জন্য রাজ্যের বৃহত্তম জেলা 'মেদিনীপুর'কে ভাগ করার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**483.**

ময়না ব্লকের ৬নং রামচক গ্রামপঞ্চায়েতের 'মড়াপুকুর' এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**484.**

তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর পদুমপুর-১ গ্রামপঞ্চায়েতের মির্জাপুর গ্রামের গ্রামবাসীগণ পরিচালিত 'বালিকা বিদ্যালয়'টিকে সরকারি অনুমোদনের কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**485.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'বাকচা' গ্রামপঞ্চায়েত এলাকার 'চন্ডিয়া' নদীর উপর কোনও সেতু স্থাপনের কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**486.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে 'অ্যান্টি রেবিজ' ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না। এর কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**487.**

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি) অন্তর্গত নীলকুম্বা গ্রামপঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে লক্ষাধিক টাকা তছরুপের অভিযোগ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**488.**

মেদিনীপুর জেলার প্রস্তাবিত 'ঘাটাল মাস্টার প্ল্যান' কার্যকরি করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**489.**

মেদিনীপুর জেলার পিংলো থানা এলাকায় সমাজবিরোধী কার্যকলাপের কোনও উল্লেখ

মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**490.**

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর অনন্তপুর পানীয় জল সরবরাহের প্রকল্পটি রূপায়ণের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**491.**

তমলুক-১ (নাইকুড়ি) ব্লকের শ্রীরামপুর-২ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পূর্বচরণদাসচব গ্রামে কিছু সংখ্যালঘু পরিবারের উপর সমাজবিরোধীদের অত্যাচারের ঘটনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**492.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের অন্তর্গত প্রাচীন মহিলা শিক্ষাকেন্দ্র 'ময়না বালিকা বিদ্যালয়ের' উন্নয়ন পরিকল্পনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**493.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের নৈছনপুর-১ গ্রাম পঞ্চায়েতের দেউলী গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের বিষয়ে কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**494.**

তমলুক মহকুমার 'পুরুষা' থেকে মেচাদা বাস রাস্তাটি মেরামত করে পুনরায় বাস চলাচলোপযোগী করে তোলার বিষয়ে কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**495.**

নন্দীগ্রাম ব্লক ৩-এর বিস্তীর্ণ এলাকায় কৃষিকাজে সেচের জন্য 'ডিপ-টিউবওয়েল' স্থাপনের বিষয়ে কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**496.**

'নন্দীগ্রাম ও ভগবানপুর' মাস্টার প্ল্যানের কাজ পুনরায় শুরু করার বিষয়ে কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**497.**

নন্দীগ্রাম ব্লকের 'দুনিয়া' 'পালাবনিয়া' 'মগরাজপুর' ও 'কুমিরমারী' খালগুলি সংস্কারের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**498.**

নন্দীগ্রাম ৩ ব্লকের চণ্ডীপুর বাজারে প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর আবক্ষমূর্তি স্থাপনের

বেদীটি সমাজবিরোধী কর্তৃক ভেঙে দেওয়া এবং পুনরায় সংস্কার করা সম্পর্কে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**499.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে 'পেপার মিল' স্থাপনের কোনও সরকারি প্রস্তাব বা উদ্যোগের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**500.**

উল্লেখযোগ্য সংখ্যক তফশিলি সম্প্রদায়ভুক্ত দরিদ্র পরিবার থাকা সত্ত্বেও সেখানে 'লোকদ্বীপ' প্রকল্পের মাধ্যমে কোনও বৈদ্যুতিক সংযোগ দেওয়া হয়নি—মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়ের কোনও উল্লেখ নেই;

**501.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে একটি 'স্টেডিয়াম' নির্মাণের কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**502.**

মেদিনীপুরের ময়না ব্লকে মহামারির আকারে ছড়িয়ে পড়া কলেরা, আন্ত্রিক রোগ প্রতিরোধে রাজ্য সরকারের উদাসীনতার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**503.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মানুষদের অর্থনৈতিক উন্নয়নের জন্য কোনও কর্মসূচির উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**504.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের স্বাস্থ্যকেন্দ্রগুলির দুরবস্থা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**505.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'ময়না কলেজের' নিজস্ব ভবন নির্মাণ ও উক্ত কলেজে বিভিন্ন বিষয়ে অনার্স কোর্স চালু করা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**506.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের শ্রীরামপুর ফেরী ঘাটে 'কংসাবতী' নদীর উপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**507.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে চণ্ডিয়া ও কংসাবতী এই নদী দুটির সংস্কারের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**508.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের জুনিয়র হাইস্কুলগুলিকে হাইস্কুলে উন্নীতকরণের বিষয়ে কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**509.**

মেদিনীপুর জেলায় ময়না ব্লকে পানীয় জল সরবরাহ প্রকল্প স্থাপনের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**510.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে 'সেন্ট্রাল বাসস্ট্যান্ড' তৈরির কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**511.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে ৩৩ কেভি বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণের প্রস্তাব সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**512.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে 'প্রশাসনিক ভবন' নির্মাণের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**513.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের মূলকেন্দ্র ময়না-১ গ্রাম পঞ্চায়েত ও সংলগ্ন এলাকাগুলিকে পৌর এলাকায় রূপান্তরিত করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**514.**

গত প্রায় দুমাস যাবত মেদিনীপুর জেলার তমলুক মহকুমার অধিবাসিদের এক বৃহৎ অংশ রেশন পাচ্ছেন না—মাননীয় রাজ্যপালের ভাষণে এর কোনও উল্লেখ নেই;

**515.**

গত ২৩শে আগস্ট, ১৯৯২ তারিখ মধ্যরাত্রে মেদিনীপুর জেলার ময়না থানার গোজিনা গ্রামে কিছু পুলিশ কর্মচারি কর্তৃক নারী নির্যাতনের ঘটনার কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

516.

গত নভেম্বর মাসে মেদিনীপুর জেলায় তমলুক মহকুমার 'ব্যবর্তার' হাটে যাত্রিবাহি বাসে বোমা বিস্ফোরণের ঘটনা সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

517.

মেদিনীপুর জেলার সরকারি দপ্তর থেকে দীর্ঘ দিন যাবৎ জনসাধারণ কোনও মৌজানক্সা পাচ্ছেন না—এই বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

518.

মেদিনীপুর জেলার ময়না ব্লকের জমিদারী বাঁধগুলি সংস্কারের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

519.

মেদিনীপুর জেলার ময়না ব্লকে বিভিন্ন মজে যাওয়া খালের পূর্ণাঙ্গ সংস্কারের বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

520.

তমলুক মাস্টার প্ল্যানের অন্তর্গত 'শঙ্কর আড়া' খালটি সংস্কার করে 'দোবান্দীর গোপাল' খালের মাধ্যমে কংসাবতী নদীকে যুক্ত করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

521.

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর অন্তর্গত 'পূর্বানুখা' প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে 'নার্স' এবং 'ফার্মাসিস্ট' পদে নিয়োগ ও উক্ত স্বাস্থ্যকেন্দ্রটিতে বিদ্যুৎ সংযোগের কোনও প্রস্তাবের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

522.

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর কাঁকুরখানা মৌজায় ডিপ টিউবওয়েলটির মেরামতের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

523.

মেদিনীপুর জেলার তমলুক ১নং ব্লকে চনশ্বরপুর থেকে রাজনগর পর্যন্ত রাস্তাটির নির্মাণের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

524.

মেদিনীপুর জেলার তমলুক ব্লক-১ (নাইকুড়ি)-এর অন্তর্গত খালিকা গড়চক বিদ্যালয়গৃহটি মেরামতের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**525.**

মেদিনীপুর জেলার তমলুক-১ (নাইকুড়ি) ব্লকের অন্তর্গত নীলকুণ্ঠা গ্রাম পঞ্চায়েতের খামারচক ও কষ্টিবাড় গ্রামে সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**526.**

মেদিনীপুর জেলার তমলুক ১নং ব্লকে বিভিন্ন খালের সংস্কারের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**527.**

মেদিনীপুর জেলার ময়না-মেদিনীপুর বাসরুটে অনিয়মিত বাস চলাচল এবং উক্ত বাসরুটে সরকারি বাসের সংখ্যা বৃদ্ধির বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**528.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের আড়ং কিয়ারানা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিক লাইন সংযোগের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**529.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'রামচন্দ্রপুর' প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি নিজস্ব ভবন নির্মাণ ও উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বৈদ্যুতিক লাইন সংযোগের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**530.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের ইজমালিচক যোগোদা সৎসঙ্গ ব্রহ্মচর্য বিদ্যালয়টিকে উচ্চ-মাধ্যমিক পর্যায়ে উন্নত করার বিষয়ে কোনও উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

**531.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকে প্রস্তাবিত প্রজাবাড় থেকে আড়ং কিয়ারানা পর্যন্ত পাকা রাস্তা নির্মাণের কাজ শুরু করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**532.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'বলাইপন্ডা' ও 'গড়সাকাৎ'-এ দুটি সুপার বাজার এবং গ্রামীণ কৃষি বাজার স্থাপন করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**533.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'পরমানন্দপুর জগন্নাথ ইনস্টিটিউশনে' খেলাধুলার উন্নতির জন্য 'মাল্টি-জিমন্যাসিয়াম' স্থাপন করার বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**534.**

মেদিনীপুর জেলার বিস্তীর্ণ এলাকায় চাষের মরশুমে কেরোসিন তেলের অপ্রতুল সরবরাহ সম্পর্কে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই;

**535.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের ২নং ভুএ্যাখালি প্রাথমিক বিদ্যালয় গৃহটির মেরামতের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই; এবং

**536.**

মেদিনীপুর জেলার ময়না ব্লকের "রামচন্দ্রপুর' রাইসুদ্দিন" উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ের গৃহটির মেরামতের বিষয়ে মাননীয় রাজ্যপালের ভাষণে কোনও উল্লেখ নেই।

The motions excepting 1, 2, 12, 16, 28, 40, 46, 60, 96, 97, 165, 183, 192, 196, 197, 199, 204, 206, 213, 217, 229, 231, 234, 259, 284, 331, 332, 375, 390, 416, 425, 441, 458 were then put and lost.

The motions 1, 2, 12, 16, 28, 40, 46, 60, 96, 97, 165, 183, 192, 196, 197, 199, 204, 206, 213, 217, 229, 231, 234, 259, 284, 331, 332, 375, 390, 416, 425, 441, 458 - were then put and a Division taken with the following results :

AYES

Abdul Haque, Shri
Abdul Quiyom Molla, Shri
Abu Ayes Mondal, Shri
Abul Basar, Shri
Abul Hasnat Khan, Shri
Acharya, Shri Prabhat
Adak, Shri Kashinath
Adhikari, Shri Nityananda
Bagdi, Shri Natabar
Bal, Shri Saktiprasad
Bandyopadhyay, Shri Debabrata
Basu, Shri Nihar Kumar
Bose, Shri Shyamaprasad
Baora, Shri Samir
Barman, Shri Debendra Nath
Barman, Shri Jogesh Chandra

Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Biswas, Shri Kali Prasad
Biswas, Shri Kamalakshi
Biswas, Shri Sushil
Bouri, Shri Angad
Bouri, Shri Haradhan
Chakrabarty, Shri Deb Narayan
Chakrabarty, Shrimati Kumkum
Chakrabarty, Shri Satyasadhan
Chakraborty, Shrimati Tania
Chatterjee, Shri Anil
Chattopadhyay, Shrimati Sandhya
Chattopadhyay, Shri Santasri
Chatterjee, Shri Tarun
Choudhury, Shri Bansa Gopal
Chowdhury, Shri Benoy Krishna
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Ananda Gopal
Das, Shri Atul Chandra
Das, Shri Debesh
Das Shri Jagadish Chandra
Das, Shri Nirmal
Das, Shri Soumindra Chandra
Das, Shri Trilochan
Das Gupta, Shrimati Arati
Das Mahapatra, Shri Kamakshyanandan
Deb, Shri Goutam
Deb, Shri Rabin
Deb, Shri Saral
Deb Sarma, Shri Ramani Kanta
Dey, Shri Lakshmi Kanta
Dhar, Shri Padmanidhi
Doloi, Shri Siba Prasad

Ganguly, Shri Shanti
Goala, Shri Rajdeo
Ghosh, Shri Biren
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Susanta
Goswami, Shri, Kshiti
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Hajra, Shri Sachindra Nath
Hajra, Shri Samar
Halder, Shri Krishna Chandra
Hembram, Shrimati Arati
Hore, Shri Tapan
Jahangir Karim, Shri Sk.
Jam-Adar, Shri Badal
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Kisku, Shri Lakshi Ram
Kujur, Shri Sushil
Let, Shri Dhiren
Mahata, Shri Kamala Kanta
Mehta, Shri Nishikanta
Majhi, Shri Nandadulal
Maji, Shri Pannalal
Maji, Shri Surendra Nath
Malik, Shri Shiba Prasad
Malik, Shri Sreedhar
Mamtaz Begum, Shrimati
Mamtaz Hassan, Shri
Mondal, Shri Bhadreswar
Mondal, Shri Kshiti Ranjan
Mandal Shri Prabhanjan Kumar

Mondal, Shri Rabindra Nath
Mondal, Shri Manik Chandra
Mondal, Shri Sailendranath
Manna, Shri Janmejoy
Mazumdar, Shri Dilip Kumar
Md. Ansaruddin, Shri
Md. Mahamuddin, Shri
Md. Nizamuddin, Shri
Minj, Shri Prakash
Mirquasim Mondal, Shri
Misra, Shri Surya Kanta
Mitra, Shrimati Jayasree
Mostafa Binquasem, Shri
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Manabendra
Mukherjee, Shri Nirmal
Munda, Shri Chaitan
Murmu, Shri Debnath
Murmu, Shri Maheswar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Sundar
Nath, Shri Madanmohan
Neogy, Shri Brajo Gopal
Omar Ali, Dr.
Oraon, Shri Jagannath
Paik, Shri Sunirmal
Pakhira, Shri Ratan Chandra
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Putatunda, Shrimati Anuradha
Ray, Shri Achintya Krishna
Roy, Shri Banamali
Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Narmada
Ray, Shri Subhash Chandra
Ray, Shri Tapan
Saha, Shri Kripa Sindhu
Sanyal, Shri Kamalendu
Sarkar, Shri Sisir Kumar
Sarkar, Shri Sisir
Sahis, Shrimati Bilasibala
Sen, Shri Dhirendra Nath
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, (Bose), Shrimati Kamal
Seth, Shri Lakshman Chandra
Shaw, Shri Prabin Kumar
Shaikh Khabiruddin Ahmed, Shri
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sinha, Shri Nirmal
Soren, Shri Khara
Sur, Shri Prasanta Kumar
Syed Nawab Jane Meeraza, Shri
Talukdar, Shri Pralay
Tirkey, Shri Monohar
Toppa, Shri Salib
Touab Ali, Shri

NOES

Abdul Mannan, Shri
Abu Hena, Shri
Abdus Salam Munshi, Shri
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Prabir
Bapuli, Shri Satya Ranjan
Basu, Dr. Hoimi
Bhunia, Dr. Manas
Chattopadhyay, Shri Shovan Deb

Chowdhury, Shri Jyoti
Das, Shri Sailaja Kumar
Das, Shri Sanjib Kumar
Gyan Singh Sohanpal, Shri
Lahiri, Shri Jatu
Maity, Shri Mukul Bikash
Motahar Hossain, Dr.
Mudi, Shri Anil
Mukherjee, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Poddar, Shri Deokinandan
Roy, Shri Saugata
Seth, Shri Bhupendra Nath
Sinha, Shri Atish Chandra
Zainal Abedin, Dr.

The Ayes being 24 and the Noes 141, the motions were lost.

The motion of Shri Nani Kar that—

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :—

"মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৫শে ফেব্রুয়ারি, '১৯৯৩ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।"

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4.56 p.m. till 11 a.m. on Friday, the 5th March, 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 5th March, 1993 at 11-00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 6 Ministers of State and 127 Members.

[11-00 — 11-10 a.m.]

**(Noise)**

**Shri Subrata Mukherjee :** Sir, on a point of order.

### POINT OF ORDER

**Mr. Speaker :** Yes, Mr. Mukherjee, what is your point of order.

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাই যে আপনি আমাকে বলার সুযোগ দিয়েছেন। স্যার, আপনি খুব গুরুত্ব সহকারে প্রেসের কথা ভাবেন, অন্তত আমি এটা বিধানসভায় লক্ষ্য করেছি। আমরা জানি প্রেস সংসদীয় রীতিনীতির একটা অংশ। আজকে আমরা দেখছি—এটা আমাদের দুর্ভাগ্য—প্রেস কর্ণার ভেঙ্গে দেওয়ার প্রতিবাদে বিধানসভায় আজকে কোনও সাংবাদিক আসেনি। সাংবাদিকদের একটা বড় অংশ যদি বাদ থাকে তাহলে সভা চালানো উচিত নয়। হাউস আপনি বন্ধ করুন। এটা আজকে কোনও মর্যাদার প্রশ্ন নয়, আমরা বার বার বলেছি হাউস চলাকালীন আপনারা প্রেস কর্ণার আবার চালু করে দিন। কিন্তু এটা বুদ্ধদেব বাবু মর্যাদার প্রশ্ন হিসাবে নিচ্ছে এবং এটাকে মর্যাদার প্রশ্ন নিয়ে ধুলিসাৎ করে দিচ্ছে সমস্ত বিষয়টা। ওদের এই প্রতিবাদ ভালো করে দেখা উচিত। প্রেসের সঙ্গে সরকারের একটা সংগ্রাম দীর্ঘদিন ধরে চলছে, এটা আমরা চাই না। একটা নীতি পৃথিবীতে চালু আছে, তার মধ্যে অন্তত শ্রেষ্ঠ নীতি হল সংসদীয় গণতন্ত্র। আজকে সংসদীয় গণতন্ত্র প্রেস ছাড়া হয় না। প্রেস মিডিয়া বিধানসভা, লোকসভার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। সেই প্রেসের একটা ঘটনাকে কেন্দ্র করে—প্রেস কর্ণার ভেঙ্গে দেওয়াকে কেন্দ্র করে—সরকারের সঙ্গে ওদের সংঘাত এমন একটা জায়গায় গিয়ে পৌঁছেছে যে বিধানসভার ভেতরেও তার প্রতিফলন হয়েছে। এতে কি আপনাদের সুনাম বাড়বে? তাদের এই মর্যাদাটা তাদের এই স্বীকৃতি দাবি। আপনি হাউস অ্যাডজর্ন করে দিন এবং ওদের প্রেস কর্ণার ফিরিয়ে দেওয়া হোক এই দাবি দুটো আপনি মেনে নিন। যদি আপনি এই দুটো মেনে নেন তাহলে অন্তত আজকে তাদের সম্মান দেখানো হয় এবং সর্বোপরি বিধানসভার প্রতি একটা সম্মান দেখানো হয়। আবার বলছি, আমাদের দুটো দাবি (১) প্রেস কর্ণার ফিরিয়ে দাবিকে আপনি স্বীকার করে নিন (২) আজকে হাউস অ্যাডজর্ন করে দিন। প্রেস যদি বিধানসভা বয়কট করে তাহলে সারা ভারতবর্ষের মানুষ তা জেনে যাবেন। সরকারের সঙ্গে সাংবাদিকদের সংগ্রাম

আজকে বিধানসভার ফ্লোরে এসে দাঁড়িয়েছে। এর জন্য দায়ী আপনি নয় বুদ্ধদেব বাবু। পবিত্র সংসদীয় গণতন্ত্রকে রক্ষা করার দায়িত্ব আপনাকে গ্রহণ করতে হবে এবং তা যতই নির্মম। হোক এটা করা আপনার কর্তব্য এবং আপনাকে সহযোগিতা করার দায়িত্বও আমরা নিচ্ছি। যদি এই হাউস বন্ধ করতে না পারে তাহলে মন্ত্রী এসে বলুক তাদের দাবি মেনে নেওয়া হচ্ছে। ইমারজেন্সির সময় আমরা প্রেস কর্ণারে চাবি দিয়ে দিয়েছিলাম, কিন্তু প্রেস কর্ণার ভেঙ্গে দিইনি, প্রেস কর্ণারকে গুড়িয়ে দিইনি। এমারজেন্সির সময়-পর্যন্ত যা করা হয়নি আজকে এমারজেন্সি নয়, এখন অঘোষিত এমারজেন্সি চলছে। গোঁয়ার্তুমি করে তিনি এই জিনিস করছেন যা খুব লজ্জার ব্যাপার সংসদীয় গণতন্ত্রে। আজকে সারা দেশের মানুষ জেনে যাবে যে সাংবাদিকরা বিধানসভা বয়কট করেছে। সুতরাং হাউসের মান মর্যাদা রাখার দায়িত্ব আপনার। সুতরাং আপনি হাউস বন্ধ করে দিন এবং বি এ কমিটির মিটিং ডাকুন, এটাই আমার অনুরোধ।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমত আমাদের জানা ছিল না যে আজকে প্রেস এই বিধানসভা বয়কট করছে। সরকারের সঙ্গে তাদের কোনও মত বিরোধ থাকতে পারে কিন্তু বিধানসভার সঙ্গে প্রেসের কোনও বিরোধিতা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সংসদীয় গণতন্ত্রে সরকার এবং বিধানসভার মধ্যে একটু পার্থক্য আছে। সরকার চালানো একটা কার্যনির্বাহী আধিকারিক, যদিও তারা নির্বাচিত জনপ্রতিনিধি। কিন্তু বিধানসভার যারা নির্বাচিত প্রতিনিধি, তাদের সঙ্গে উনাদের একটু মৌলিক পার্থক্য রয়েছে। আমাদের হাউসের সঙ্গে প্রেসের কোনও বিরোধ হয়েছে বলে জানা নেই। মাননীয় বিরোধি সদস্য যে কথা বললেন তিনি বিশেষ উদ্দেশ্য নিয়ে এই কথা বলছেন। আমি মনে করি আপনি এই বিষয়টা বিবেচনা করবেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পক্ষ থেকে সুব্রত মুখার্জি প্রথম দিকে তাঁর বক্তব্য উপস্থিত করেছেন। আমি শুধু এইটুকু বলতে চাই, বুদ্ধদেব বাবু এই হাউসে বললেন যে তিনি নাকি যে সিদ্ধান্ত নিচ্ছেন তার পক্ষে অধিকাংশ সাংবাদিকদের সমর্থন আছে। আমি জানি এই সম্পর্কে ভোটাভুটি হয়েছে এবং ভোটের ফলাফল হচ্ছে ১৩১-৩৮। এবং এই নতুন প্রেস কর্ণার বসানোর প্রশ্নে রাজ্য সরকারের তরফ থেকে তাদের যে বক্তব্য, সেই বক্তব্য অসার, সেটা প্রমাণিত হয়েছে। সেই কারণে ১৩১ এবং ৩৮ ভোটে অধিকাংশ সাংবাদিকদের মতামতের ভিত্তিতে যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে সেই সিদ্ধান্ত আমাদের মাধ্যমে প্রতিফলিত হয়েছে। অবিলম্বে প্রেস কর্ণার তাদের নিজেদের পুরানো জায়গায় ফিরিয়ে দিতে হবে। আমরা সাংবাদিকদের পক্ষে কোনও কেস টেক আপ করে কথা বলছি না। বুদ্ধদেববাবুর কথা মতো নতুন জায়গায় প্রেস কর্ণার হলে সাংবাদিকদের আপত্তি নেই, এই কথা ঠিক হলে আজকে আমরা যা দেখছি, এটা হবার কারণ নয়। সাংবাদিকরা নতুন জায়গায় প্রেস কর্ণারের বিরোধী তাই পুরানো জায়গায় প্রেস কর্ণার ফিরিয়ে দেওয়া হোক।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, আজকে কিছু সাংবাদিক বিধানসভা বয়কট করেছেন। অথচ আমরা জানি সাংবাদিকদের

সঙ্গে বিধানসভার কোনও বিরোধ নেই, লড়াই নেই। বিধানসভার বাইরে কারও বিরুদ্ধে তাদের কোনও লড়াই থাকতে পারে এবং এটা উচিত হতে পারে, বা অনুচিত হতে পারে, কিন্তু বিধানসভার সঙ্গে তাদের কোনও বিরোধ নেই। কাজেই তারা যে সিদ্ধান্ত নিয়েছেন তাতে আমরা দুঃখিত। আমি আশা করব বিধানসভাকে এবং গণতন্ত্রকে তারা মর্যাদা দেবেন, বিধানসভা অ্যাটেন্ড করবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন যে, গণতান্ত্রিক পরিবেশের অন্যতম শর্ত সংবাদপত্রের স্বাধীনতা। এখন সেদিক থেকে যে কোনও কারণেই হোক সাংবাদিকদের সঙ্গে, সংবাদপত্রে বন্ধুদের সঙ্গে আমাদের রাজ্য সরকারের সম্পর্কটা একটা সংঘাতের জায়গায় চলে গেছে এবং তাকে কেন্দ্র করে আমাদের বিধানসভার সঙ্গেও তাদের সম্পর্ক একটা সংঘাতের জায়গায় চলে যাচ্ছে। এটা কারও কাছেই কাম্য নয়, আপনার কাছেও নিশ্চয়ই কাম্য নয়। সুতরাং এটাকে প্রেসটিজ ইস্যু না করে সাংবাদিকদের প্রেস কর্ণারের দাবি সম্পর্কে যাতে একটা সমর্যদা সম্পন্ন মীমাংসা আসা যায় তার জন্য রাজ্য সরকার উদ্যোগী হোন, এই আবেদন আমি আপনার মাধ্যমে সরকারের কাছে রাখছি। তানাহলে সরকারের সঙ্গে প্রেসের সংঘাতের বিধানসভায়ও প্রতিফলন ঘটছে। এই অবস্থার অবসানের জন্য এবং সাংবাদিক বন্ধুদের সঙ্গে একটা সুসম্পর্ক গড়ে তোলার জন্য সরকার উদ্যোগ নিন। এটাই আমার বক্তব্য।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** স্পিকার স্যার, সংবাদপত্রের আমাদের বিধানসভার সঙ্গে কোনও বিরোধ হয়েছে, তা নয়, তা হয় নি। এখন বিষয়টা আমাদের অ্যানালাইসিস করে দেখতে হবে। তবে ওরা বিধানসভা বয়কট করে ঠিক করেন নি। সরকারের সঙ্গে তাদের যদি কোনও বিরোধ থেকে থাকে তাহলে আমার মনে হয় তা অ্যাক্রশ দি টেবল মিটিয়ে নেওয়াই উচিত। আমি মনে করি সেটাই বাঞ্ছিত হবে। এর বেশি বলার প্রয়োজন আছে বলে আমি মনে করি না।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আজকে এই সভার গুরুত্ব বিবেচনা করে এই প্রস্তাব উত্থাপনের সুযোগ দিয়েছেন। তার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। সংসদীয় গণতন্ত্রে সংবাদপত্র চতুর্থ স্তম্ভ, ফোর্থ পিলার অফ দি পার্লামেন্টারি ডেমোক্রেসি। আমরা খুবই উদ্বেগের সঙ্গে সেদিন আপনার অনুমতিক্রমে এই হাউসে এই বিতর্ক উত্থাপন করেছিলাম এবং বলেছিলাম সরকারের পক্ষ থেকে বিষয়টিকে জেদা-জেদি বা মান মর্যাদার প্রশ্নে নিয়ে যাবার কোনও যৌক্তিকতা নেই। তার উত্তরে মাননীয় তথ্য মন্ত্রী বলেছিলেন, "আমরা পদক্ষেপ নিচ্ছি। শ্রদ্ধেয় মন্ত্রী বিনয়বাবুর ঘরের সামনে প্রেস কর্ণার করে দিচ্ছি এবং আমার বিশ্বাস অধিকাংশ সাংবাদিক সেটা মেনে নেবেন।" তিনি আশা প্রকাশ করলেন যে, তার ঐ উদ্যোগ ফলপ্রসু হবে। কিন্তু আমরা গভীর বেদনার সঙ্গে দেখছি যে, সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে আজকের দিনটা একটা অন্ধকারময় কালো দিন। এতদিন যে জিনিসটা বাইরে ছিল আজকে তা বিধানসভার মধ্যেও প্রতিফলিত হচ্ছে সাংবাদিক বন্ধুরা নিজেদের আজকে বিধানসভার কার্যবিবরণীর সঙ্গে যুক্ত করেন নি। ইতিপূর্বে আমাদের বিধানসভা অনেক ঐতিহাসিক নজির সৃষ্টি করেছে। পশ্চিমবাংলার মন্ত্রীসভার কন্সটিটিউশনাল কমিটমেন্ট

অ্যান্ড অবলিগেশন রয়েছে বিধানসভার কাছে। মন্ত্রীসভার অন্যতম সদস্য বুদ্ধদেববাবু, তিনি তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী যে বক্তব্য রেখেছেন তারই রিফ্লেকশন-এ আজকে সাংবাদিকরা অনুপস্থিত এবং তাদের অনুপস্থিতির মধ্যে দিয়ে প্রমাণ হয়ে গেছে তার কথা সত্য নয়। যদি ধরেও নিই বুদ্ধদেববাবুর কথা সত্য যে, অধিকাংশ সাংবাদিকই তার গৃহীত ব্যবস্থা মেনে নেবেন, তাহলে এখানে আজকে আমরা কি দেখছি? আমরা দেখতে পাচ্ছি এবং এটা প্রমাণ হয়ে যাচ্ছে যে, অধিকাংশ সাংবাদিকই তার কথা মেনে নেন নি। তাই যদি হয় স্বাস্থ্যকর নজির হিসাবে আপনার মাধ্যমে মন্ত্রীসভার অন্যতম সদস্য মাননীয় বুদ্ধদেববাবুকে বলছি যে এর মর্যাদার স্বার্থে প্রতিহিংসা পরায়ণ পদক্ষেপ না নিয়ে কোনও রকম রাজনীতির রং বাছবিচার না করে সংসদীয় গণতন্ত্রের ঐতিহ্য, ইতিহাস এবং মর্যাদাকে আরও উজ্জ্বল রাখার জন্য আপনি এই বিধানসভার পবিত্রতা রক্ষার প্রধান রক্ষক, পৃষ্ঠপোষক এবং কাস্টোডিয়ান আপনি নির্দেশ দিন যাতে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পুনর্বিবেচনা করে এই অশোভনীয় বেদনাদায়ক নজির সৃষ্টিকারী মন্ত্রীসভার অন্যতম সদস্য মাননীয় বুদ্ধদেব বাবুর দ্বারা ঘটে গেল তা পুনর্বার না ঘটে, আমরা জড়িয়ে না পড়ি, পবিত্রতা রক্ষা হয় সাংবাদিক বন্ধুরা মর্যাদা পান, সার্বিকভাবে যারা এই সংসদীয় গণতন্ত্রের প্রতিষ্ঠানটিতে যুক্ত আছেন তারা যাতে কাজ করতে পারেন সেজন্য আপনার হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রী ননী কর :** স্পিকার স্যার, মাননীয় সুব্রতবাবু কংগ্রেস দলের নেতা সাংবাদিকরা নাকি উপস্থিত নেই, সেই প্রশ্নে আজকে তিনি বিধানসভা স্থগিতের কথা বলেছেন। স্থগিত হবে কি হবে না সে সিদ্ধান্ত আপনি নেবেন। আপনি আমাদের সাংবাদিকদের এবং ওদের রক্ষা করেন। আমার জিজ্ঞাসা যে সাংবাদিকরা বলার চেষ্টা করছেন যে সরকার তাদের গণতান্ত্রিক অধিকারের হস্তক্ষেপ করেছেন, সেই কারণে তারা আন্দোলন করছেন, বিধানসভা বয়কট করেছেন। কিন্তু আপনাকে না জানিয়ে তো বিধানসভা বয়কট করা কতটা রুচি সম্মত......

**শ্রী সুব্রত মুখার্জি :** রুচির প্রশ্ন তুলবেন না। ইট ইজ দেয়ার ডেমোক্রেটিক রাইট, রুচির প্রশ্ন ওঠে না।

(গোলমাল)

**মিঃ স্পিকার :** বসুন, বসুন,—বলতে দিন।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী ননী কর :** স্যার, এই যদি গণতন্ত্র হয়, স্যার, আমার একটা কথা যে মাননীয় সুব্রত বাবু একটা সময়ে যখন মন্ত্রী ছিলেন আপনার মনে পড়বে—উনি নিজে বললেন যে ওরা প্রেস কর্ণার ভেঙ্গে দেননি, তালা দিয়ে রেখেছিলেন সেই কথাটা বলেন নি, সাংবাদিকদের ধরে ধরে জেলে পুরেছিলেন, সংবাদপত্র সেনসার করেছিলেন শুধু সেন্সার নয়, তার সাথে সাথে ওদের হাতে যেটা ছিল সেই রেডিও সেখানে রবীন্দ্রনাথকে কথা বলতে দেন নি। এই অবস্থা হয়েছিল। ওদের কাছ থেকে গণতন্ত্রের শিক্ষা নিতে হবে। প্রেস কর্ণারটাকে ওখানে থেকে সরিয়ে আর একটা জায়গায় রাখার ব্যবস্থা করা হয়েছে, সাংবাদিকদের সংবাদ সংগ্রহের, ঢোকার, কোনও অসুবিধা নেই, শুধু বসার জায়গাটা একটু পরিবর্তন করা হয়েছে।

(গোলমাল)

সেখানে সাংবাদিকরা দলীয় লোক হিসাবে কাজ করেছিলেন—ওদের নেতৃ শ্রীমতী ব্যানার্জি—সাংবাদিকদের নিশ্চয় অধিকার আছে দল করার, তারা একসঙ্গে বিক্ষোভ দেখাচ্ছিলেন এবং সেই ঘটনাকে ঠেকাবার জন্য রাজ্য সরকার যেটা করেছিলেন সেটা ঠিকই করেছিলেন। সেই কারণে আমি বলব ওরা আপনাকে না জানিয়ে আজকে উপস্থিত না হয়ে ওরা যে কাজটা করেছেন এটা সঠিক হচ্ছে কিনা এটা আপনি দেখবেন। সাংবাদিকদের অধিকার আপনি এই বিধানসভায় দিয়েছেন আজকে সাংবাদিকরা বিধানসভার ছবি তুলে নিয়ে যাচ্ছে ওরা যখন গোলমাল করে তার ছবি তুলে নিয়ে যাচ্ছে, এই সুযোগ আপনি করে দিয়েছেন। সেখানে আপনার সঙ্গে ওরা কথা না বলে হঠাৎ তারা আজকে বয়কট করলেন— তাদের একটা অংশ, আর তাদের উপর ভিত্তি করে বিধানসভার কাজ বন্ধ করে দেবেন কি দেবেন না এটা আপনি ঠিক করবেন। এখানে বিধানসভার মর্যাদা কতখানি রক্ষিত হবে সেটা নিয়ে ভাবতে হবে। সুব্রতবাবু অতীতে সাংবাদিকদের গণতন্ত্রের অধিকারের উপর হস্তক্ষেপ করেছিলেন, এরা সাংবাদিকদের বিরোধী ছিলেন, গণতন্ত্রের বিরোধী ছিলেন, তারা আজকে উল্টো কথা বলছেন, সেইজন্য আজকে স্যার, আপনার দায়িত্ব ওদের হাত থেকে রক্ষা করা বাইরে এবং ভেতরে। ওরা সর্বনাশ করে দিচ্ছে। সেইজন্য আমি বলব সাংবাদিকদের যদি কোনও কথা থাকে ওরা যদি আপনার সাহায্য চায় তাহলে আপনাকে লিখুন। ওরা কেন বয়কট করছে। আপনার সঙ্গে তো ওদের কোনও বিরোধ নেই, আপনি তো ওদের এখানে অনেক জায়গা করে দিয়েছেন, জায়গা পরিবর্তন হলে যদি গণতন্ত্র চলে যায় তাহলে তো মুশকিলের ব্যাপার। স্যার, এদের নেতা ছিলেন এককালে (******) সেই ব্যাপারে উনি লিখেছেন রেগে গিয়ে, এই সুব্রতবাবুকে বলেছেন ডোন্ট টাচ মি, ওরা এখানে গণতন্ত্রের কথা বলছে আর ওদের কাছ থেকে গণতন্ত্র শিখতে হবে? এটা আমাদেরও লজ্জা, সম্ভবত বিধানসভার লজ্জা সব থেকে বেশি। গণতন্ত্র বিরোধী দল, গণতন্ত্র বিরোধী ব্যক্তি তারা যদি গণতন্ত্রের কথা বলে তাহলে আমাদেরকেই অবাক হতে হয়। এটা খুবই আশ্চর্যের ব্যাপার এটা খুবই অপমানকর। স্যার, ওরা আজকে যে গণতন্ত্রের নামে কুম্ভিরাশ্রু বর্ষণ করছে এটা থেকে আপনি আমাদের রেহাই দিন এবং আপনি এর একটা বিহিত করুন।

**মিঃ স্পিকার :** "সত্য বাপুলির জায়গা পরিবর্তন করে দিয়েছে ওরা" এটা বাদ যাবে।

**শ্রী নরেন হাঁসদা :** মিঃ স্পিকার স্যার, সংসদীয় গণতন্ত্রের সাংবাদিক বন্ধুরা অনুপস্থিত বিধানসভায় এটা আমাদের কাছে খুবই দুঃখের এবং লজ্জার। স্যার, আমার কাছে যেটা অবাক লাগছে সি পি এম তথা বামফ্রন্ট সরকারের যেটা ত্রুটি আছে সেটা তারা বলে না, অনেকটা আমাদের ভাষায় বলে—আমার বর যত খারাপই হোক না কেন, দিদির বর কুবজা। সি পি এম তথা বামফ্রন্ট সরকারের যেটা খারাপ লেগেছে ওরা সেটা বলছেন না। মাননীয় তথ্যমন্ত্রী প্রেস কর্ণারকে ভেঙ্গে দিয়ে তিনি গণতন্ত্রকে ধুলিসাৎ করেছেন, এটা বলছেন না, তিনি হচ্ছেন শুধু তথ্যমন্ত্রী নন, তিনি একটি বিশেষ উল্লেখযোগ্য দায়িত্বশীল মন্ত্রী। তিনি হাউসের কাছে সেদিন যেটা বলেছিলেন সেটা হল—অধিকাংশ সাংবাদিক আমার কথা মেনে

Note : [*Expunged as ordered by the Chair]

নেবেন এটা দায়িত্ব সহকারে বলছি। কিন্তু তথ্যমন্ত্রী সেদিন হাউসের কাছে অসত্য তথ্য পরিবেশন করেছিলেন। এটা আমাদের কাছে দুঃখের, লজ্জার। তাই আমার দলের পক্ষ থেকে বলছি, পুরাতন যে জায়গায় প্রেস কর্ণারটি ছিল সেই জায়গাতেই যেন সেটা ফিরিয়ে নেওয়া হয়। এতে গণতন্ত্রের ভিত মজবুত হবে। আমি পুনরায় আবেদন জানাচ্ছি, সরকার এই ব্যাপারে আর জল ঘোলা না করে এটা মেনে নিন। আজকে কেন সাংবাদিক বন্ধুরা এখানে না এসে এইরকম একটা অপ্রীতিকর পরিবেশ সৃষ্টি হবে? আমি তাই দাবি করছি, তথ্যমন্ত্রী যে অসত্য তথ্য পরিবেশন করেছেন সেটা তাকে বলতে হবে এবং পুরাতন জায়গায় প্রেস কর্ণারটিকে নিয়ে যাবার সিদ্ধান্ত ঘোষণা করতে হবে।

**শ্রী সমর হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভার শুরুতে যারা সংবাদ লেখেন তারা অনুপস্থিত ছিলেন বলে বিরোধী দলের সদস্য সুব্রত মুখার্জি মহাশয় একটা প্রস্তাব তুলেছেন যে, তাদের অনুপস্থিতির কারণে হাউস বন্ধ থাকুক। কিন্তু আমি বলব, ব্যক্তিগত স্বার্থে হাউস বন্ধ হয়ে যাক এটা উচিত নয়। বামফ্রন্ট সরকারের একটা নীতি আছে গত তিন তারিখে হাউসে প্রেস কর্ণার নিয়ে একটা প্রশ্ন উঠেছিল। সেই প্রশ্নের জবাবে বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় বলেছিলেন যে, প্রেস কর্ণারটি যে জায়গায় ছিল তার থেকে আরও ভাল জায়গায় দেওয়া হয়েছে এবং আরও সুযোগ সুবিধা দেওয়া হয়েছে, কিন্তু তা মানা হচ্ছে না। আমি আশা করব, এটা যে জায়গায় তথ্যমন্ত্রী পছন্দ করে দিয়েছেন সেটা ওরা মেনে নেবেন। মেনে নেওয়া উচিত, কারণ কোনও জিনিস চিরস্থায়ী থাকতে পারে না। তাই আমি বলছি, এই হাউস চলুক।

[11-30 — 11-40 a.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে সময় দিয়েছেন এইজন্য ধন্যবাদ। আপনার কাছে আমি সামান্য দুটি কথা নিবেদন করব। সভায় বুদ্ধদেববাবু আছেন। আপনি জানেন, ওল্ড ডেমোক্রাসিতে, ওল্ড পার্লামেন্টে স্পিকারের সঙ্গে একটা কাউন্সিল থাকে—অ্যাডভাইসরি কাউন্সিল। আবার অন্যান্য হাউসে, ইনক্লুডিং হাউস অফ কমনসে, অ্যাপার্ট ফ্রম অফিসিয়াল রিপোর্টারস একটা জার্নালিস্ট গ্রুপ থাকে। আপনি সেটা দেননি। ভারতবর্ষে, পশ্চিমবঙ্গে আমরা ডেমোক্রাসি নিয়ে গর্ব করি, কিন্তু ডেমোক্রাসির মানে কি? আমাদের এই দেশটা ৮৮ কোটি মানুষের এবং পশ্চিমবঙ্গ হচ্ছে সাড়ে ছয় কোটি মানুষের রাজ্য। দে হ্যাভ রিপোজড দেয়ার ট্রাস্ট অন আস। আমাদের তারা প্রতিনিধি হিসাবে এখানে পাঠিয়েছেন। আমরা এখানে কি করি এটা তাদের জানবার তাই অধিকার আছে। এটা জানাবার জন্য হাউস অফ কমনস অ্যাজ অলসো ইন লোকসভা অ্যান্ড সাম অফ দি অ্যাসেম্বলিজ এটা টেলিকাস্ট করছেন, ডাইরেক্ট লাইভ টেলিকাস্ট। আমাদের রাজ্যসভা এবং লোকসভার বিষয়টা এখানে পরের দিন টেলিকাস্ট করা হচ্ছে, অ্যাটলিস্ট কোয়েশ্চেন আওয়ার অ্যান্ড সাম অ্যাসপেকটাস অফ মেজর প্রসিডিংস। এটা পিপল হ্যাভ রাইট টু নো—জানবার অধিকার আছে তাদের বিকজ দে হ্যাভ সেন্ড আস। কিন্তু আমাদের এখানে সেটা জানাবার উপায় কি? এখানে এটা টেলিকাস্ট করবার উপায় নেই, অফিসিয়াল জার্নালও এখানে নেই। আনরিভাইসড প্রসিডিংস আপনার কাছ থেকে এক বছর বাদে আমাদের কাছে কারেকশনের জন্য আসে,

প্রেসার অফ ওয়ার্কের জন্য ওরা তার আগে করতে পারছেন না। সো উই আর ডিপেন্ড অন প্রেস। আওয়ার চিফ হুইপ অ্যান্ড ডেপুটি লিডার হ্যাভ রাইটলি অবজার্ভড দ্যাট ডেমোক্রাসি প্রেস ছাড়া চলে না, উইদাউট প্রেস ইট ইজ নট কমপ্লিট। এখানে কি হচ্ছে সেটা মানুষের জানবার অধিকার আছে। আপনি টেলিকাস্ট করতে পারছেন না, আপনার অফিসিয়াল গ্রুপ অফ জার্নাল নেই যা হাউস অফ কমনসে আছে, কাজেই এখানে কি হচ্ছে সেটা জানবার কোনও উপায় নেই আনলেস ইট অ্যাকমপ্যানিড বাই প্রেস। আপনার অ্যাডভাইসরি কাউন্সিল নেই, এদিকে আপনি পূর্ণাঙ্গ করতে চলেছেন! এখানে কোনও সদস্য কিছু আগে একে ব্যক্তিগত ব্যাপার বলে বলেছেন। কিন্তু উই আর অল রিপ্রেজেন্টেটিভস অফ দি পিপল। তার উপর আজকে আপনি বেসরকারি প্রস্তাবের উপর আলোচনার সুযোগ দিয়েছেন। কাজেই আজকের দিনের ব্যাপারটা আরও বেশি করে তাদের জানা দরকার। কাগজে বেরিয়েছে, অবশ্য তারা বাড়াবাড়ি করেছেন, এই হাউস একদিন বসতে নাকি ১.৫ লক্ষ টাকা চলে যায়। আমি সেটা অনেক হিসাব করেও ৫০ হাজারের বেশি করতে পারলাম না। যদি বেশি খরচ হয় সেই ব্যাপারে অঙ্কের হিসাবটা, অ্যালজ্যাবরা দিয়ে, ম্যাথেমেটিক্স দিয়ে মানুষকে বোঝানো, কিন্তু হাউসের সামনে এটা বাঞ্ছনীয় নয়। আপনি মানুষকে বলুন, মানুষ জানুক যে এখানে কি হচ্ছে। এখানে যেহেতু টেলিকাস্ট করার ব্যবস্থা নেই, অফিসিয়াল জার্নাল নেই, কোনও অ্যাডভাইসরি কাউন্সিল নেই, সুতরাং উই আর ডু ডিপেন্ড অন দি ইন্ডিপেন্ডেন্ট প্রেস। আর্টিক্যাল ১৯-তে এটা নিয়ে এনাফ অ্যাক্সেস দেওয়া হয়েছে। বুদ্ধবেবাবু এখানে আছেন, এটাতে প্রেসটিজ ইস্যু করার মতো কিছু নেই, কিম্বা আপনি অ্যাসাইনও করতে পারছেননা। এতদিন ধরে এই জিনিস চলার কোনও করাণ নেই। আপনি বলুন কি কারণে ইউ আর ডিনাই দেয়ার রাইটস আজকে সেজন্য আমি মনে করি উইদাউট প্রেস বিধানসভা চলতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য আপনার কাছে কনক্রিট সাজেশনস হচ্ছে, আপনি এখনই হাউস অ্যাডজর্ন করে দিন। ওপক্ষ এবং আমাদের পক্ষের সকলে উপস্থিত আছেন, কালচারাল মিনিস্টার আছেন, ইনফর্মেশন মিনিস্টার আছেন, প্রেসের দুই একজন প্রতিনিধিকে ডাকুন, পি টি আইকে ডাকুন, জার্নালিস্টদের একটা সংগ্রাম কমিটি আছে তাদের প্রতিনিধিকে ডাকুন, আজকে প্রসিডিংসটা বড় কথা নয়, ডেমোক্রাসিতে প্রেস হোস্টাইল হয়ে থাকতে পারে না। কাজেই আপনি এখনই হাউস অ্যাডজর্ন করুন এবং আলোচনায় বসুন। তা যদি না হয় তাহলে এই ভাবে হাউস চলতে পারে না। আই উইল অ্যাপিল টু ইওর গুড সেন্স যে হাউসবন্ধ রেখে আলোচনায় বসুন। মেস পার্লামেন্টারি প্র্যাকটিস নামক বইটিতে ২৩৭নং পাতায় এটা নিয়ে রেফারেন্স রয়েছে, সেখানে এর ফাংশন সম্পর্কে বলা আছে। আমি আশা করি ইউ উইল বি গাইডেড বাই দি স্ট্যাটিউট এবং কনভেনশন। সেখানে ডিউটিস আন্ডার এ স্ট্যাটিউট অনেক কিছু বলা আছে। অ্যাপার্ট ফ্রম দ্যাট আমি আপনার কাছে অনুরোধ করছি যে আপনি সেই সমস্ত কনভেনশন উইথড্র করবেন না, বিকজ ইট ইজ দি ফাংশন অব দি স্পিকার। আপনি শুধু ওদেরই নন, ইউ আর ফর দি হোল কান্ট্রি, ফর দি হোল ইন্সটিটিউশন, ইউ রিপ্রেজেন্ট দি ইন্সটিটিউশন। এই আবেদন আপনার কাছে আমি রাখছি থ্যাংক ইউ।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতকাল কাগজে দেখলাম

অ্যাকশন কমিটির একটি কথা। আজকে এখানে কয়েকজন সাংবাদিক বন্ধু আসেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে এই সংবাদ দিতে চাই যে কলকাতা শহরকে যে কয়টা কাগজ আছে তার মধ্যে স্টেটসম্যান, আজকাল প্রতিদিন, গণশক্তি, এরা এখানে এসেছেন, এরা থাকবেন। যারা আপনাদের মদত পাচ্ছে তারা আসেনি। আনন্দবাজার, বর্তমান, এরা আসেননি।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেরদিন সমস্যার কথা বলেছিলাম। সমস্যার সূত্রপাত হয়েছে রাইটার্স বিল্ডিংসের প্রেস কর্ণার নিয়ে। আমাদের বামপন্থী দল, আমাদের সরকার, আমরা কিছু নীতি, আদর্শ এবং শৃঙ্খলায় বিশ্বাস করি। সেটা মাননীয় জয়নাল আবেদিন সাহেব, আপনার পাশে যিনি বসে আছেন, মন্ত্রী ছিলেন, তাকে একটু বোঝার চেষ্টা করবেন। তিনি যখন মন্ত্রী ছিলেন তখন ওনার কাজ ছিল সংবাদকে সেনসর করা। কাজই আজকে আমাদের দয়া করে সংবাদপত্রের অধিকার, গণতন্ত্র এসব কথা বোঝাবেন না। প্রতিটি সংবাদ পত্র, প্রতিটি কাগজের সংবাদ সেনসর করাই ওরা কাজ ছিল। আমি সংশোধন করে বলছি জরুরি অবস্থার দুটি বছর ওনার একমাত্র কাজ ছিল কলকাতা শহরে প্রতিটি কাগজে রবীন্দ্রনাথ লিখতে পারবে কিনা, রবীন্দ্রনাথ লিখতে পারবে না, চিত্ত যেথা ভয় শূন্য হিয়া লিখতে পারবে না, স্টেটম্যান, আনন্দবাজার কেউ বাদ যায় নি। যার প্রতিদিন একমাত্র কাজ ছিল, তার ডিপার্টমেন্টের প্রতিটি অফিসারের প্রতিদিন কাজ ছিল একমাত্র স্পনসরসিপ করা তার কাছ থেকে আমরা গণতন্ত্র, সাংবাদিকদের অধিকার, স্বাধীনতা কোনও নীতি শিখতে চাই না।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

আমি এই কথা বলতে চাই সাংবাদিক বন্ধু এবং আলোকচিত্রীদের যে অ্যাকশন কমিটি আছে তাদের জয়নাল সাহেব চেনেন কিনা জানি না—আমি তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখেছি। আমি বিশ্বাস করি যে প্রেস কর্ণারের জায়গা নিয়ে এই বিরোধ থাকবে না, থাকা উচিত নয়। রাইটার্স বিল্ডিং-এ সাংবাদিকদের যে কোনও ঘরে ঢোকার, যে কোনও মন্ত্রীর সঙ্গে কথা বলার, যে কোনও অফিসারদের সঙ্গে কথা বলার, যে কোনও জায়গায় ঘোরাফেরার যে অধিকার ছিল সেটা আছে এবং থাকবে। কোনও অধিকার তাদের খর্ব করা হয় নি, এবং হবে না বলে আমি বিশ্বাস করি। আমরা এই ব্যাপারে পরীক্ষা দিয়েছি, অতীতে দিয়েছি এবং এখনও দিচ্ছি। আমরা কিছু নীতি এবং আদর্শে বিশ্বাস করি, আমরা কিছু আইন-শৃঙ্খলা মানি। আমরা বিশ্বাস করি অধিকার দূরীভূত হয় নি। অধিকারের সঙ্গে একটা দায়িত্ব বোধ থাকে, দায়িত্বের প্রশ্ন জড়িত থাকে। আমি তাদের কাছে বলেছি, অ্যাকশন কমিটির সম্পাদকের কাছে এই কথা বলেছি যে আপনাদের প্রেস কর্ণারের জায়গায় পরিবর্তন হবে। আমি বুঝতে পারছি না কেন রাইটার্স বিল্ডিং-এর প্রেস কর্ণারের জায়গায় নিয়ে আজকে এখানে অ্যাসেম্বলিতে নিয়ে আসা হল। আমি দায়িত্ব নিয়ে বলছি আজকে স্টেটম্যান, আজকাল, প্রতিদিন, গণশক্তি বয়কট করেনি। যারা বয়কট করেছেন কেন করেছেন আমি জানিনা। আমি জানি ভবিষ্যতে তারা এই বিরোধী যাবেন না।

(তুমুল গোলমাল)

(শ্রী সুব্রত মুখার্জি ঃ- গণশক্তি আবার কাগজ)

গণশক্তিকে আপনার পছন্দ না হতে পারে, গণশক্তি আপনাকে পছন্দ করে না, আপনার দয়ায় গণশক্তি চলে না। আপনারা চান না ওদের, গণশক্তি আপনাদের চায় না। আপনি চান আর না চান তাতে কিছু এসে যায় না। আমার অনুরোধ যে কাগজের লোক যারা আছেন তাদের খোলা মন দিয়ে মেনে নিতে দিন। আজকে জয়নাল সাহেব এখানে বসে আছেন, এই বিধানসভার বিরোধী দলের নেতা নির্বাচন নিয়ে, কি হয়েছিল সংবাদপত্র এবং সাংবাদিকদের দিকে তাকাতে লজ্জা করে না। আপনিও জানেন যে সেই অধিকার সাংবাদিকদের আছে। কোনও সংবাদপত্র আপনাকে সমর্থন করেন আর কোনও সংবাদপত্র আপনার বিরোধী পক্ষকে সমর্থন করেন। তাদের সেই অধিকার আছে। আমি শুধু আবেদন করব কোনও সংবাদপত্রের মালিকের মনে কি আছে আমার জানার দরকার নেই আমি সাংবাদিক বন্ধুদের কাছে আবেদন করি, আলোকচিত্র বন্ধুদের আবেদন করি সরকারের এই মনোভাবের সঙ্গে আপনারা সহযোগিতা করুন।. আমি বিশ্বাস করি যেভাবে আপনারা সহযোগিতা করছেন সেই ভাবে সহযোগিতা করবেন।

(গোলমাল)

[11-40 — 11-50 a.m.]

## RULLING FROM CHAIR

**Mr. Speaker :** This morning at the commencement of this House, some of the hon'ble members of the Opposition namely Shri Subrata Mukherjee, Dr. Zainal Abedin, Shri Abdul Mannan, Shri Sudip Bandyopadhyay and several others demanded that the House be adjourned for the day as reports appeared in the press that press will be boycotting to the sitting of the Assembly today. At that point of time the Press box was also almost empty. I allowed a debate on this topic as it concerned a very vital aspect of democratic institution, of press functioning. As Dr. Zainal Abeding has very ably drawn my attention in this connection, people have a right to know as to what is happening inside the Parliament, because they have no access to know other than through the media or Press. Bceasue we do not have any live telecast system here, nor have any subsequent telegraph system, as is the practice in the Lok Sabha and Rajya Sabha, where they telecast the question hour and some important portions of the proceedings over the morning telecast.

I would like to draw the attention of the Members here. Hon'ble Members of all sides have addressed. The Minister has replied that this House is not involved in any controversy between the Press and the

Government on this issue. This House never had any controversy as such with the Press—in pursuance of exercising the democratic rights of a section of the Press in pursuance of exercising any democratic right which it has chosen by getting the proceedings, as their rightful matter. This House is not concerned of that.

(Noise)

As such if a section of the Press has chosen to be absent to take down the proceedings of the House as an exercise of their democratic rights, that is their decision. They don't have to consult with me. It is a matter depending upon them. We have nothing to do it. The only question is, how this House is to guide itself? Will this House be guided by people who are not representatives of this House? Firstly, the business of this House will be decided by whom? By us or by those who are not members of the House? We will decide what will be the business in the Business Advisory Committee and allot time to do certain business? We take vote on it. How can they decide it? It cannot.

There are public gallery in where people are admitting and that is a system through which the people come to know about it. It is their option to know. If they want to know

(Noise)

There are public galleries. Public Gallery means that the representatives of the people have a right to know, what their members do here. Nobody can deprive them of the right of knowing. Please understand what I am saying. I talk of the procedure of law. Please understand the proceedings of law. If we cannot subject this. House to exchange matters already agreed by the House, the House would go under the control of some people who are not the members of the House. It cann't be. It should not be done. It should never be done. People have elected us. And the elected members are here. We issue the passes to them to cover the proceedings and nothing more than that. So we give the passes to them to come in and to see the proceedings and report. If they choose to come, they come. If they do not choose to come, they may not come. It is not as our business. Our business is what the Business Advisory Committee decides and it allots the time. As such I cannot accept the demand that the House is adjourned today.

## CALLING ATTENTION

I have received four notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Reported murder of a trader by an anti-social at Bangaon on 3.3.93 | : Shri Saugata Roy |
| 2. | Quota for Scheduled Castes & Scheduled Tribes women in the coming Municipal and Panchayat Elections | : Shri Nirmal Das |
| 3. | Alleged deplorable condition of the Mankundu Mental Hospital in Hooghly district. | : Shri Santasri Chatterjee |
| 4. | Non-completion of construction work of the Administrative Building at Suri in Birbhum district. | : Shri Tapan Hore |

I have selected the notice of Shri Santasri Chatterjee on the subject of 'Alleged deplorable condition of the Mankundu Mental Hospital in Hooghly district'.

The Minister-in-charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, this statement will be made on 12th March.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Health & Family Welfare Department to make a statement on the subject of alleged stalemate condition in Serampur Walsh Hospital of Hooghly district.

(Attention called by Shri Abdul Mannan on the 1st March, 1993)

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে, মাননীয় সদস্য শ্রী আব্দুল মান্নান হুগলি জেলার শ্রীরামপুর ওয়ালশ হাসপাতাল কোনও ওষুধপত্র এবং গজ ব্যাণ্ডেজ না থাকার বিষয়ে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছেন তার উত্তরে আমি বলতে চাই যে তার এই্‌ উক্তি যথার্থ নয়। প্রকৃত তথ্য হল এই যে বর্তমান আর্থিক বৎসরে ওষুধ ক্রয় ব্যবস্থার বিকেন্দ্রীকরণের ফলে এবং কিছু কিছু ক্ষেত্রে অনুমোদিত ওষুধ সরবরাহকারীদের জেলাগুলিতে ওষুধ সরবরাহে অসমর্থতার জন্য যদিও সাময়িকভাবে জেলার

হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নিয়মিত ওষুধ সরবরাহের কিছুটা অসুবিধার সৃষ্টি হয়েছে কিন্তু এই ধরনের ওষুধ অথবা গজ, ব্যান্ডেজ ইত্যাদির সরবরাহ পুরোপুরি বন্ধ হওয়ার মতো অবস্থার সৃষ্টি হয়নি। যাইহোক—সরকারি তরফে এই অবস্থায় আশু উন্নতির জন্য ইতিমধ্যেই কেন্দ্রীয় ঔষধাগারের (সেন্ট্রাল মেডিক্যাল স্টোরস) ভারপ্রাপ্ত উপ-স্বাস্থ্য অধিকর্তাকে জরুরি ভিত্তিতে ওষুধ ক্রয় এবং জেলার স্বাস্থ্যকেন্দ্রগুলি সহ রাজ্যের সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে অবিলম্বে সরবরাহের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আশা করা যায় এ ব্যাপারে সাময়িক যেটুকু অসুবিধার সৃষ্টি হয়েছে তার শীঘ্রই নিরসন হবে।

প্রসঙ্গত বলা যায় যে বর্তমানে শ্রীরামপুর ওয়ালশ হাসপাতালে ডেক্সট্রস ইনজেকশন নরম্যান স্যালাইন ইনজেকশন, ডেকাড্রন, সেফট্রন ট্যাবলেট, মেট্রনিডাজোল ট্যাবলেট ইত্যাদি ওষুধের এবং বিটি সেট, স্যালাইন সেট, কটন, ব্যান্ডেজ ইত্যাদি মজুত আছে। সরকার ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করায় হাসপাতালটি প্রয়োজনীয় অন্যান্য ওষুধপত্র ইত্যাদির সরবরাহও শীঘ্রই পাবে।

## PRESENTATION OF REPORT & ACCOUNTS

### Presentation of the Third and Fourth Reports of the Subject Committee on Public Works 1991-93

**The Chairman** (Shri Barindra Nath Koley) : Sir, I beg to present the Third and Fourth Reports of the subject Committee on Public Works, 1991-93.

### Annual Report of the West Bengal Surface Transport Corporation Ltd. for the years 1989-90 and 1990-91

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your permission, I beg to lay Annual Reports of the West Bengal Surface Transport Corporation Ltd. for the years 1989-90 and 1990-91.

### 30th Annual Report and Accounts for the year 1990-91 of the Electro-Medical & Allied Industries Ltd.

**Shri Patit Paban Pathak** : Sir, I beg to lay the 30th Annual Report and Accounts for the year 1990-91 of the Electro-Medical & Allied Industries Ltd.

### 67th Annual Report and Accounts for the years 1988-89 of the Westinghouse Saxby Farmer Ltd.

**Shri Patit Paban Pathak** : Sir, I beg to lay the 67th Annual Report and Accounts for the year 1988-89 of the Westinghouse Saxby Famer Ltd.

## Audit Report of the West Bengal Comprehensive Area Development Corporation for the year 1986-87

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the Audit Report of the West Bengal Comprehensive Area Development Corporation for the year 1986-87

## MOTION UNDER RULE 185

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that —

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে—

কেন্দ্রীয় রেলমন্ত্রক বর্তমান বছরের রেল বাজেটে যাত্রীভাড়া এবং মাসুল তীক্ষভাবে বৃদ্ধির প্রস্তাব করেছেন। এর ফলে সাধারণ মানুষ সরাসরি ক্ষতিগ্রস্ত হবেন এবং এর প্রভাবে ব্যাপক মূল্যবৃদ্ধি ঘটবে ; এবং

এই রেল বাজেটে অর্থ বরাদ্দের ক্ষেত্রে এ-রাজ্যের বিভিন্ন জেলার রেল প্রকল্পের (দিঘা-তমলুক, একলাক্ষী-বালুরঘাট, নামখানা-লক্ষ্মীকান্তপুর, ইত্যাদি) দীর্ঘ দিনের ন্যায্য দাবিগুলি এবং অর্ধসমাপ্ত মেট্রো ও সারকুলার রেলের অসমাপ্ত কাজ দ্রুততার সঙ্গে শেষ করার দাবিগুলি অবহেলিত হয়েছে ;

অতএব এই সভা রাজ্যের রেল প্রকল্পগুলির জন্য যথাযথভাবে বর্ধিত অর্থ বরাদ্দের বিষয়ে পুনর্বিবেচনা করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী আব্দুল মান্নান :** মিঃ স্পিকার স্যার, আজকে বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে পশ্চিমবাংলায় রেলওয়ে প্রকল্পগুলি রূপায়ণে রেল দপ্তরের যে গড়িমসি মনোভাব এবং রেলের মাসুল বৃদ্ধির ফলে সাধারণ মানুষের উপর যে অতিরিক্ত করের বোঝা চাপছে তারই পরিপ্রেক্ষিতে এখানে একটা প্রস্তাব নিয়ে আসা হয়েছে। স্যার, আমাদের সঙ্গে শাসক বামফ্রন্টের তফাৎ হচ্ছে যে আমরা এই রাজ্যের স্বার্থে, রাজ্যের উন্নয়নের স্বার্থে যেটা ন্যায্য মনে করি সেটা জোর গলায় বলি এবং রাজ্যের উন্নয়নের প্রশ্নে যেখানে জড়িত সেখানে রাজনৈতিক সংকীর্ণতার উর্ধ্বে উঠে কাজ করি। এই রাজ্যে রেল দপ্তরের কাজ করতে গিয়ে একজন বাঙালি রেলমন্ত্রী বরকত সাহেব অনেক বাধা পেয়েছিলেন আমাদের এই রাজ্যের একজন মন্ত্রী ও মন্ত্রীসভার সদস্যদের কাছ থেকে। তিনি বলেছিলেন ছয় মাসের মধ্যে সার্কুলার রেল চালু করবেন। এই কথা যখন তিনি ঘোষণা করলেন তখন আমাদের তৎকালীন পৌরমন্ত্রী মহাশয় বললেন পারবে না। তিনি ছয় মাসের মধ্যে সার্কুলার রেল চালু করে দিলেন। তখন উল্টাডাঙ্গা থেকে দমদম পর্যন্ত সার্কুলার রেল চলছিল। কিন্তু তখন আর বেশি তিনি চালু করতে পারেননি। কারণ আনঅথরাইজড অকুপেন্টস সেখানে ছিল। তাদেরকে রাজ্য সরকার সরাতে পারেননি। উপরন্তু আরেকজন মন্ত্রী আরও বেশি আনঅথরাইজড অকুপেন্টসকে সেখানে বসিয়ে দিলেন।

যাতে সার্কুলার রেল দমদম পর্যন্ত না যেতে পারে। সার্কুলার রেল সেদিন আমাদের কাছে স্বপ্ন ছিল, আজকে সেটা বাস্তবে রূপায়িত হয়েছে। সেইরকম মেট্রো রেল যখন চালু হল তখনও সেই রকম। ১৯৭২ সালে তৎকালীন প্রধানমন্ত্রী যখন মেট্রো রেলের শিলান্যাস করলেন তখন সেটা আকাশ কুসুম কল্পনা ছিল। সেই কল্পনা আজকে বাস্তবে রূপায়িত হয়েছে। কিন্তু তখনও অপপ্রচার চালানো হল কেউ মেট্রো রেলে চড়বেন না। মানুষকে আশাহত করবার জন্য তারা বললেন কেউ মেট্রো রেল চড়বেন না, মাটিতে ধ্বস নামবে, চাপা পড়ে মরবেন। কিন্তু আজকে সেটা পশ্চিমবাংলার মানুষের কাছে ব্যাপারটা স্পষ্ট হয়ে গেছে। মেট্রো রেল শুধু আজকে পশ্চিমবাংলার গর্ব নয়, সারা ভারতবর্ষের গর্ব। আমরা দেখলাম তমলুক-দিঘা রেল লাইন করবার জন্য রেলের পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে জমি চাওয়া হল, তারা টাকাও দিয়ে দিল। কিন্তু রাজ্য সরকার জমি সংগ্রহ করতে পারলেন না। আমরা দেখেছি রাজ্য সরকার নিজেদের দায়িত্ব পালন করতে পারেননি, প্রতি পদে তারা রেল কর্তৃপক্ষকে বাধা দিয়ে গেলেন। রাজ্য সরকার এটা কিরূপ মনোভাব নিয়ে চলছে।

আমরা যাই করি না কেন, দিঘাতে একটা রেলের গেস্ট হাউস করিয়াছিলেন বরকত সাহেব। তিনি চলে গেলেন, সেই গেস্ট হাউসের কার্পেট থেকে আরম্ভ করে জানালা কপাট পর্যন্ত খুলে নিয়ে চলে যাওয়া হল। কেন, পশ্চিমবাংলা কি ভারতবর্ষের মধ্যে নয়, এটা পশ্চিমবাংলার প্রতি অবমাননা নয়? বিধানসভা থেকে একটা সর্বদলীয় ডেলিগেশন ট্রি কেন্দ্রীয় রেলমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন। সেখানে প্রস্তাব করা হয়েছিল যে খড়গপুর থেকে শিয়ালদহ পর্যন্ত ট্রেন চালানো যায়। আন্দুলের কাছে একটা ইলেকট্রিফায়েড লাইন আছে, গুডস ট্রেন চলে, সেখানে দিয়ে সোজাসুজি ট্রেন চালানো যেতে পারে, ইনফ্রাস্ট্রাকচার আছে। সেটা ইয়ুজ করলেই চলে। ১৫ই জানুযারি, ১৯৮৫ সালে ঘোষণা করা হল যে চলবে। কিন্তু তারপর বরকত সাহেব চলে গেলেন, সেটা তুলে দেওয়া হল। আজকে মেচেদা খড়গপুর থেকে প্রচুর যাত্রী আসেন, তাদের হাওড়ায় নেবে বাস, ট্যাক্সি লঞ্চে করে শিয়ালদহ যেতে হয়, এক পয়সাও খরচ নেই, তবু এটাকে বাতিল করে দেওয়া হল পশ্চিমবাংলার প্রকল্প বলে। পাবলিকলি অ্যাসিয়োরেন্স করা সত্ত্বেও ভারতবর্ষের প্রধানমন্ত্রী শিলান্যাস করে গেলেন যে হাওড়া আমতা রেল লাইন করা হবে, কারণ মার্টিন রেল বন্ধ হয়ে গেছে। ১৮ কিলো মিটার মাত্র পথ সেটা পর্যন্ত এখনও হল না। বড়গাছিয়া পর্যন্ত মাত্র এখন চলছে। পশ্চিমবাংলা সম্পর্কে রেল বোর্ডের কি মনোভাব এটা থেকে বোঝা যাচ্ছে। পশ্চিমবাংলার এক মন্ত্রী রেল প্রোজেক্টগুলো করে গেলেন সেই প্রোজেক্টগুলো বাতিল হয়ে যাবে? আমরা যে রাজনীতিই করি না কেন, মানুষ হিসাবে আমরা পশ্চিমবাংলার মানুষ সবার আগে। সুতরাং পশ্চিমবাংলার প্রোজেক্টগুলো সম্পর্কে আমরা দাবি জানাব অবিচার বঞ্চনা হলে। আমরা বামফ্রন্টের এম এল এ মন্ত্রীদের মতো নয় যে রাজনৈতিক সংকীর্ণতার দৃষ্টিভঙ্গি নিয়ে চলব। দরকার হলে রেলমন্ত্রীর কাছে ধর্ণা দিতে হবে এবং যদি রেলমন্ত্রী এখানে আসেন তাহলে তাকে ঘেরাও করতে হবে। কারণ যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেইগুলো কেন বাস্তবায়িত হবে না? পশ্চিমবাংলায় নতুন কোনও রেল লাইন করা হচ্ছে না। বালুরঘাট সম্পূর্ণ বিচ্ছিন্ন জেলা, আমাদের হুগলি জেলার আরামবাগ, মেদিনীপুরের ঘাঁটাল এই সব জায়গা সম্পূর্ণ বিচ্ছিন্ন, কোনও রেল যোগাযোগ নেই। যে সব দ্রুতগামী ট্রেন এই রাজ্যে চলছিল, সেইগুলোর কোচগুলো সব

কনডেমড কোচ। ময়ূরাক্ষী প্যাসেঞ্জার সিউড়ি পর্যন্ত চলছিল রামপুরহাট হয়ে, সেটা এখন রামপুরহাটে পড়ে রয়েছে। পুরুলিয়া এক্সপ্রেস মাঝখানে বন্ধ করে দেবার ব্যবস্থা হয়েছিল। বর্তমানে চলছে। গৌড় এক্সপ্রেস একদম কনডেম কোচ দিয়ে চালানো হচ্ছে। ইছামতী এক্সপ্রেস তার অবস্থাও অত্যন্ত শোচনীয়। আবার শোনা যাচ্ছে বাঙ্গালোর মেট্রো রেল তৈরি করার ব্যবস্থা হচ্ছে। পশ্চিমবাংলায় য়ে, তৈরি হচ্ছে, গত ২০ বছরেও সেটা কমপ্লিট না করে আবার একটা নতুন করে ধরা হচ্ছে। করুন না, বাঙ্গালোর করুন। বম্বেতে করুন, আমাদের তাতে আপত্তি নেই, কিন্তু পশ্চিমবাংলোকে বঞ্চিত করে রেল উন্নয়ন অন্য জায়গায়, করলে পশ্চিমবাংলার মানুষ হিসাবে তার প্রতিবাদ করব। সুতরাং প্রয়োজন হলে রেলওয়ে দপ্তরের আমলা যারা পশ্চিমবাংলার বিরোধিতা করছে তাদের বিরুদ্ধে আমাদের বলার অধিকার আছে, যে কোনও পথে আমাদের প্রতিবাদ করা দরকার আছে। জন্ম থেকে শুনলাম ব্যান্ডেল কাটোয়া ডবল লাইন হবে, ইলেক্ট্রিফিকেশন হবে, কিন্তু তা হয়নি। বারাসত বসিরহাট ডবল লাইন হবে ইলেক্ট্রিফিকেশন হবে, সেই সব বিশ বাঁও জলে।

[12-00 — 12-10 p.m.]

বনগাঁ পর্যন্ত এই একই অবস্থা। স্যার, এই অবস্থা আজ নতুন কিছু নয়। যখন ভি পি সিং প্রধানমন্ত্রী ছিলেন তখন তার রেল মন্ত্রী যে রেল বাজেট পেশ করেছিলেন তাতে আমরা দেখেছিলাম তিনি পশ্চিমবঙ্গের এক একটি প্রকল্পের জন্য এক হাজার টাকা করে বরাদ্দ করেছিলেন। সেদিন কিন্তু ওরা, তাদের দলের এম পি-রা পার্লামেন্টে ভি পি সিং-কে গিয়ে কোনও কথা বলেন নি। ওরা বলেন নি যে, আপনি আমাদের বঞ্চিত করছেন, কারণ তখন সেটা ওদের বন্ধু সরকার ছিল। এখানেই ওদের সঙ্গে আমাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গির তফাত। ওরা সব সময় সংকীর্ণ দলীয় রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে চলেন। স্যার, মালদায় রেল লাইনের ওপর একটা ওভার ব্রিজ হল, মাননীয় মুখ্যমন্ত্রী সেই ওভার ব্রিজের ফিতে কাটতে গেলেন, উনি নিজে কোনও কিছু করতে পারনে না, কেউ কিছু করে দিলে উনি তার ফিতে কাটতে পারেন—কিন্তু যিনি ঐ ওভার ব্রিজটা করার উদ্যোগ গ্রহণ করেছিলেন সেই বরকত সাহেবকে ডাকার সৌজন্যটুকু পর্যন্ত ওরা দেখালেন না। বরকত সাহেব রেল মন্ত্রী থাকাকালীন ঐ ওভার ব্রিজ স্যাংশন করেছিলেন, অথচ ঐ ব্রিজ উদ্বোধন হবার সময় তাকে ওরা ডাকলেন না পর্যন্ত। স্যার, মেট্রো রেলের দমদম থেকে টালিগঞ্জ পর্যন্ত কাজের যা অবস্থা তাতে পুরোটা কাজ ২০০০ সালেও শেষ হবে না। এখনও কিছুটা আইনগত ব্যাপার আছে, জমি নিয়ে গোলমাল ছিল, সেটা এখনও রয়েছে। তারপরে টাকার অভাব আছে। গত বছর ১২৫ কোটি টাকা দেওয়ার কথা ছিল, সেটা দিতে পারেন নি। মৌখিকভাবে বলা হয়েছিল, কাজ করে যাও টাকা দিয়ে দেব। সেই টাকা কন্ট্রাক্টররা এখনও পায় নি। এরপর আর কাজ করবে কিনা সন্দেহ আছে। শুধু তাই নয়, লাইন পাতলেই হবে না ট্রেন চালাতে গেলে কোচের প্রয়োজন। সেই কোচ তৈরির কোনও ইনফ্রাস্ট্রাকচার এখনও পর্যন্ত তৈরি করা হয়নি। দমদম থেকে টালিগঞ্জ পর্যন্ত মেট্রো রেল চালাতে গেলে যে সংখ্যক কোচের দরকার তা নেই। একজিসটিং কোচ দিয়ে চালাতে চাইলে এক ঘন্টা অন্তরও একটা ট্রেন পাওয়া যাবে না। তাতে মেট্রো রেল মানুষকে সার্ভিসই দিতে পারবে না। সুতরাং ২০০০ সালের আগে মেট্রো রেল সম্পূর্ণভাবে চালু করা যাবে কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। সার্কুলার রেল

সম্বন্ধে আর একটা প্রস্তাব ছিল—প্রিন্সেপ ঘাট থেকে মাঝেরহাট পর্যন্ত এই প্রোজেক্টকে দীর্ঘায়িত করা হবে, দক্ষিণ ২৪-পরগনা শিল্পাঞ্চলের মানুষদের উপকার হবে। কিন্তু এখন দেখছি রেল দপ্তর সে ব্যাপারে নীরব। পশ্চিমবঙ্গে একমাত্র সাউথ ইস্টার্ন রেলওয়ে মেদিনীপুরের পর থেকে কিছুটা সুযোগ সুবিধা বৃদ্ধি করছে। এছাড়া সাউথ ইস্টার্নের বাকি অংশ এবং ইস্টার্ন রেলের বিস্তীর্ণ অঞ্চলে সুযোগ সুবিধা বৃদ্ধির কোনও প্রচেষ্টাই নেই। এমন কি সমান্যতম চিন্তা ভাবনা পর্যন্ত নেই। নৈহাটি থেকে বজ বজ এবং বনগাঁ থেকে বজ বজ পর্যন্ত ট্রেন চলাচলের ব্যবস্থা থাকা সত্ত্বেও ঠিকমতো ট্রেন সার্ভিস চালু করা হয় নি। সুতরাং শুধু প্রস্তাব গ্রহণ করে সর্বদলীয় প্রতিনিধি দল পাঠিয়ে কোনও কাজ হবে না। রেল দপ্তরের সামনে সর্বদলীয় ধর্নার ব্যবস্থা করতে হবে। রেল দপ্তরে অফিসারদের ঘেরাও করতে হবে। সেই আন্দোলনের দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় স্যার, আমি খুব খুশি যে আমাদের বিরোধী পক্ষ কংগ্রেস দল পশ্চিমবাংলার স্বার্থে একটা প্রস্তাব এখানে উত্থাপন করেছে। অতঃপর নিশ্চয়ই ওদের শুভ বুদ্ধির উদয় হয়েছে, আমি তার জন্য খুশি। স্যার, আপনি জানেন বর্তমান প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং রেলমন্ত্রী ক্ষমতায় আসার পর থেকে রেলের ভাড়া দারুন ভাবে বৃদ্ধি পাচ্ছে। গত ১৯৯২-৯৩ সালে আমরা দেখেছি বাজেটে বাড়তিই ইনকাম করার জন্য মাসুল সহ রেল ভাড়া বৃদ্ধি করা হয়েছিল তার থেকে আয় করা হয়েছিল ১৩৬৬ কোটি টাকা, আবার এই বছর প্রোপোজড বাজেটে তার উপর আরও বাড়াতে হবে, টাকাটাকে কত করা হয়েছে, না, ১৮৪৮ কোটি টাকা। আমাদের, সাধারণ মানুষের উপর কি ধরনের বোঝাটা রেলকে কেন্দ্র করে নেমে আসছে সেটা বোঝার প্রশ্ন আছে এবং এই ৩টি বাজেট এই রেল মন্ত্রী পেশ করেছেন এই অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর আমলে। ১৯৯১ সালে যখন প্রথম রেল বাজেট পেশ করেন তখন পুরানো আমলের ভাড়া এবং মাশুলের জন্য যে টাকা ধরা ছিল তার থেকে ১০ ভাগ বাড়ানো হল। ১৯৯২ সালে ১০ থেকে ১২ ভাগ বাড়ানো হল এবারে প্রোপোজড বাজেটে তার থেকেও আরও ১০ ভাগ থেকে ১২ ভাগ ভাড়া বাড়ানো হয়। সাধারণ মানুষ, সাধারণ যাত্রী এবং তাদের মালপত্রের উপর যা বাড়তে শুরু করেছে, এই ৩টি বাজেটের হিসাব যদি আমরা ধরি তাহলে দেখা যাবে যে এই ৩টি বাজেটে প্রায় ৩৩ ভাগ ভাড়া বেড়েছে। তার মানে ৩ বছরে এক তৃতীয়াংশ যা ভাড়া ছিল তার উপর বাড়তি ভাড়া হয়েছিল। গাড়ি বাড়ানোর কথায় বক্তব্য রাখার সময়ে তিনি ছোটখাট কথা কিছু বলেছেন, কাগজে তা লেখা হয়েছিল কিন্তু আমরা দেখেছি সাধারণ ক্ষেত্রে ৫ কিলোমিটার থেকে ১০ কিলোমিটারের ভাড়া ১০ পারসেন্ট বাড়ানো হয়েছে আবার ১১ থেকে ২৫ কিলোমিটার এর আমলে একবার ৫০ পয়সা, একবার ১ টাকা এবারে আবার আরও ১ টাকা, তার থেকে আরও নিম্নস্তরে বাড়ানো হয়েছে। ৪০ কিলোমিটারে যে ৫ টাকা ছিল ১৯৯১-৯২ সালে ৯ টাকা করা হয়েছে। হিসেব দেখলে বিভিন্ন স্ল্যাবে বাড়িয়ে দেওয়া হয়েছে। সাধারণ যাত্রী যারা মান্থলি টিকিট ব্যবহার করেন ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালকে ধরে যদি হিসাব করেন তাহলে তার আসার পর ৪৬ কিলোমিটার থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত ৯১ থেকে ১১৭ এবং ১২২ এইভাবে এক একটা স্ল্যাবে ১০, ১৫ থেকে ৩০ টাকা পর্যন্ত বাড়ানো হয়েছে। সাধারণ স্তরে যদি এইভাবে দেখি রেল ভাড়াকে এইভাবে বাড়ানোর চেষ্টা

হয়েছে। যাত্রী ভাড়া—আপনারা জানেন রিজার্ভেশনকে কেন্দ্র করে—বিভিন্নভাবে বাড়ানোর চেষ্টা হয়েছে। মেল এবং এক্সপ্রেসের ক্ষেত্রেও প্রতি বছর ৬ পারসেন্ট এইভাবে বাড়িয়ে ৭ এবং ১০ টাকা করা হয়। এইভাবে ধীরে ধীরে জায়গা বাড়ানো হয়েছে। রিজার্ভেশনের নতুন সেকশন করে—আগে ছিল ১০, তারপর হল ১৫ এবং তারপর হল ২০, এই ভাবে এক এক দিনের জন্য ছিল তার পর এবারে ২৫ পারসেন্ট হয়েছে। সামগ্রিকভাবে বাড়িয়ে দেওয়া হয়েছে। সাধারণ মানুষ যারা মান্থলি টিকিট হোল্ডার তাদের ক্ষেত্রে ধীরে ধীরে ভাড়াটাকে এমন একটা জায়গায় নিয়ে আসা হয়েছে, সাধারণ মানুষ যারা রেলে যাতায়াত করে তাদের উপর চেপে যাচ্ছে বা যাবে। ১৯৯১ সাল থেকে ধরলে বিভিন্ন ক্ষেপে এইভাবে বাড়ানো হয়েছে। ১৯৯১ সালে বাজেট পেশ করার সময় ১১ পারসেন্ট মাসুল বাড়ানো হয় তারপর কৌশলে এক-একটা স্ল্যাবে বাড়ালেন যাতে করে সেই ১১ পারসেন্টের উপরে আরও সাড়ে সাত পারসেন্ট বাড়লো।

[12-10 — 1-00 p.m.(Including adjournment)]

এবারের প্ল্যান বাজেটে আরও ১০ পারসেন্ট বাড়িয়ে দেওয়া হয়েছে। এবারের ঘোষণার দ্বারা তারা সাধারণ মানুষের নিত্য প্রয়োজয়নীয় জিনিসের উপর হাত দিয়েছেন। কয়লা থেকে শুরু করে বিভিন্ন জিনিসের দাম তারা বাড়িয়েছেন। মাসুল যা বাড়িয়েছেন সেটাও সাধারণ মানুষের উপর এসে চাপবে। আমরা দেখেছি, এই ব্যাপারে পশ্চিমবঙ্গের উপর অবিচার করা হয়েছে। আপনি জানেন, টাকা পরবর্তীকালে পেমেন্ট করা হয়, চার্জ পরে দেওয়া হয় ওদের ভাষায় টু পে বেসিস। এই টু পে বেসিসে কয়লার সারচার্জ যা ঘোষণা করা হয় সেটা অন্য ক্ষেত্রে ৫ পারসেন্ট হলেও কয়লার ক্ষেত্রে ১০ পারসেন্ট, অর্থাৎ কয়লার ক্ষেত্রে ৫ পারসেন্ট একস্ট্রা। এইভাবে ৫ পারসেন্ট বাড়িয়ে দেওয়া হল। এইভাবে পণ্য মাসুল বাড়িয়ে দেওয়া হয়েছে। নিজেরাও স্বীকার করেছেন যে, এরফলে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়বে কিছুটা। রেলওয়ে বোর্ডের চেয়ারম্যানও এটা স্বীকার করেছেন। আজকে পেট্রোলের লিটারে ৫ পয়সা, চিনির কেজিতে ২০ পয়সা, কেরোসিনের লিটারে ৪ পয়সা, গমের কেজিতে ১৫ পয়সা হারে যে মাসুল বাড়ানো হয়েছে তাতে সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে যাবে। আগে পণ্য মাসুলের ক্ষেত্রে সাধারণ মানুষ যেসব সুযোগ-সুবিধা পেতেন সেসব বাতিল করা হয়েছে এবং নিত্য প্রয়োজনীয় জিনিসের উপর সাবসিডিও বাতিল করে দিয়েছেন। এইভাবে রেলওয়ে বাজেটের মাধ্যমে সাধারণ মানুষের উপর যে বোঝা চাপিয়ে দিয়েছেন তাতে তাদের নাভিশ্বাস উঠবে। আমরা এর প্রতিবাদ করছি। কিছু নতুন রেলওয়ে প্রকল্প প্রাক্তন প্রধানমন্ত্রী এবং তদানিন্তন রেলওয়ে মন্ত্রী উদ্বোধন করেছিলেন এবং তারমধ্যে কিছু প্রকল্পের ক্ষেত্রে কিছু টাকাও খরচ করা হয়েছিল, কিন্তু পরে বাতিল করা হয়েছে। মেমারির ক্ষেত্রে এক সময় কিছু টাকা স্যাংশন করা হয়েছিল—২১ কোটির মতো টাকা দেওয়া হয়েছিল, কিন্তু পরে সেটা বাতিল করা হয়েছে। রেলওয়ে টেলি-ইন্টারলিঙ্কের জন্য স্যাংশন করা হয়েছিল ৯ কোটি টাকা। ১৯৮৭-৮৯ সালে এই টাকাটা দেওয়া হয়েছিল, কিন্তু সেটা বাতিল করা হল ১৯৯২-৯৩ সালে। গোলসাই ঝাপটার দল ১৯৮৬-৮৭ সালে স্যাংশন হয়েছিল এবং এতে ধরা হয়েছিল ১.৬১ কোটি টাকা। সেটা বাতিল হয়ে যায় ১৯৮৯-৯০ সালে। তারপরে ব্যান্ডেল-কাটোয়া ক্রসিং লাইন অ্যান্ড ডাবল লাইন, এর জন্য স্যাংশন হয়েছিল ২.৮১ কোটি টাকা।

কিছুটা কাজ হবার পরে সেটা বন্ধ হয়ে যায়। আসানসোলে ডিজেল শেড রিপেয়ারিং, সেটাকে জামালপুরে তুলে নিয়ে যাওয়া হল এবং তার ফলে সেখানে বহু লোক কাজ হারালো। তারপরে সার্কুলার রেল অর্দ্ধসমাপ্ত হয়ে আছে। এতে বিরাট টাকার প্রশ্ন নেই, প্রশ্ন হচ্ছে পোর্ট ট্রাস্টের জমি পাওয়া নিয়ে। আজকে যদি পোর্ট ট্রাস্টের জমি পাওয়া যায় তাহলে মাত্র ৫ কোটি টাকায় এই রেল তৈরি হয়ে যাবে। উনি সার্কুলার রেলের কথা বলেছেন। আমি কলকাতার মানুষ হিসাবে এই ব্যাপারে খুশি। সার্কুলার রেল ৫ কোটি টাকায় সম্পন্ন হয়ে যাবে, কিন্তু হচ্ছে না, পোর্ট ট্রাস্ট আটকাচ্ছে। ৫ কোটি টাকা বলা হয়েছে কিন্তু ৪০ কোটি টাকা পড়বে যদি উপর দিয়ে করতে হয়। মেট্রো রেল-এর কাজ যখন শুরু হয়েছিল ১৯৭২ সালে এবং ইন্দিরা গান্ধী উদ্বোধন করেছিলেন ১৯৭৭ সালে। এর জন্য বরাদ্দ ছিল ২৪০ কোটি টাকা, কিন্তু খরচ হয়েছে ১২ শত কোটি টাকা। বলা হয়েছে যে ১৯৯৫ সালে কাজ শেষ হবে। কিন্তু যেভাবে দ্রব্য মূল্য বৃদ্ধি হচ্ছে তাতে মনে হচ্ছে আরও ২ শত কোটি টাকার প্রয়োজন। কাজেই এটা কমিটমেন্ট মতো শেষ হতে পারেনি। আজকে যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে, আমি সেই প্রস্তাবকে সবান্তকরণে সমর্থন করছি। আমরা সকলে মিলে পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করার জন্য রেল বাজেটের যে চাপ, সেই চাপের বিরুদ্ধে মানুষকে সোচ্চার করার জন্য এই যে প্রস্তাব আনা হয়েছে, এই প্রস্তাবকে সমর্থন করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার মিলিত হব একটার সময়ে।

(At this stage the House was adjourned till 1 p.m.)

(After Adjournment)

[1-00 — 1-10 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার কোরাম নেই। মন্ত্রী দুজন মাত্র।

**মিঃ স্পিকার ঃ** হ্যাঁ, অনেক আছে। কোরাম আছে, বসুন। শ্রী শৈলজাকুমার দাস বলুন।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভাতে সর্বদলীয় যে প্রস্তাব রাখা হয়েছে রেলের উপর, এই প্রস্তাবের মধ্যে আছে সম্প্রতিকালে রেলবাজেটে যাত্রী ভাড়া এবং মাসুল ভাড়া বৃদ্ধির প্রতিবাদ এবং পশ্চিমবাংলায় কয়েকটি রেল প্রকল্প অতি সত্তর সম্পন্ন করার জন্য প্রস্তাব। আমি এই কথা বলতে চাই যে পশ্চিমবাংলার জনস্বার্থে বা জন কল্যাণের কোনও কাজ নিয়ে বা কোনও সমস্যা নিয়ে আমরা একমত হতে পারি। আমরা বিভিন্ন প্রশ্নের একমত হতে পারি এবং আলোচনা করতে পারি, এই প্রস্তাব একত্রে আনার মধ্যে দিয়ে আমরা এই কথা প্রমাণ করেছি। রেলভাড়া বৃদ্ধির ব্যাপারে নিয়ে আমরা যেমন ভাবে রেল মন্ত্রকের কাছে গভীর উদ্বেগ প্রকাশ করব তেমনি করে এই বিধানসভা থেকে রেল দপ্তরের মন্ত্রীর কাছে অভিনন্দন জানাব উত্তরবঙ্গের জন্য আলিপুরদুয়ার থেকে দিল্লি পর্যন্ত একটা এক্সপ্রেস চালু করার জন্য। আরও অভিনন্দন জানাব রাজধানী এক্সপ্রেস এখন যেটা সপ্তাহে ৫ দিন চলে এখন থেকে সেটা সপ্তাহে ৭ দিন চলবে বলে ঘোষণা করার

জন্য। আমরা যে প্রস্তাব এখানে নিয়েছি, রেলের কয়েকটি প্রকল্প যা দীর্ঘ দিনে আগে এখানে শুরু হয়েছিল সেই প্রকল্পগুলির জন্য এবারের এত অল্প টাকা ধার্য করা হয়েছে আমরা মনে করছি সেটা যথেষ্ট নয়। সেই টাকা আরও বৃদ্ধি করা দরকার। যেমন করে আমি জানি, দক্ষিণবঙ্গের মানুষ হিসাবে, দিঘা-তমলুক যে রেল প্রকল্প শুরু হয়েছিল ১৯৮৭ সালে সেটা একটা গুরুত্বপূর্ণ প্রকল্প। আমরা জানি দিঘা-তমলুক রেল প্রকল্পের একটা বিশেষ গুরুত্ব আছে। দিঘা আমাদের বিশেষকরে পশ্চিমবঙ্গের একটি বিশেষ পর্যটনকেন্দ্র এবং পর্যটন কেন্দ্রের মহকুমা হচ্ছে কাঁথি শহর। তারসাথে রেলপথের কোনও যোগসূত্র নেই। দিঘা-তমলুক প্রকল্পের যে টাকা কেন্দ্রীয় সরকার ধার্য করেছিল সেই টাকা দিয়ে কাজ করা সম্ভব হয় নি কারণ যেহেতু পশ্চিমবঙ্গ সরকার সময় মতো জমি অধিগ্রহণ করেনি। সেখানে শিথিলতা দেখা দিয়েছিল ফলে টাকা সময়মতো আসেনি। কালেকটরিতে টাকা পড়ে আছে, সেই কমপেনসেসনের টাকা দেওয়ার কোনও ব্যবস্থা হয় নি। দিঘা-তমলুক, একলাখি-বালুরঘাট, নামখানা-লক্ষীকান্তপুর প্রকল্পগুলো রূপায়িত হতে পারছে না। এর ফলস্বরূপ আমরা ১৯৯২ সালে অল পার্টি ডেলিগেশন কেন্দ্রে গিয়েছিলেন এবং কেন্দ্রে গিয়ে তৎকালীন রেলমন্ত্রীর সঙ্গে কথাও বলেছিলেন। তাতে দাবিও করা হয়েছিল যে এই প্রকল্পগুলো ঠিকমতো যাতে রূপায়িত হয়। আজকে কলকাতার সার্কুলার রেল বেশি দুর টানা যাচ্ছে না। তার কারণ কি আপনারা নিশ্চয় জানেন। আপনাদের আশ্রয়পুষ্ট লোকেরা সেখানে জমি দখল করে আছে এবং আপনারা জমি অধিগ্রহণ করতে পারছেন না। এরফলে সার্কুলার রেল আর বেশি দূর এগোতে পারছে না। তারপরে টিউব রেলের কথায় আসা যাক। এই টিউব রেল পশ্চিমবঙ্গের একটা আশ্চর্যজনক সৃষ্টি এবং এটা নিয়ে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রী কটাক্ষ করে বলেছিলেন যে এই টিউব রেল ভেঙ্গে যাবে এবং যেকোনও সময়ে এতে জল ঢুকে যাবে। কিন্তু আজ অবধি এই টিউব রেল ভালোভাবেই চলছে। সুতারং আপনাদের কাজ আপনারা ঠিকমতো করছেন না বলেই আজকে রেলপথগুলো ঠিকমতো রূপায়িত হতে পারছে না।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষ এবং সরকারি পক্ষ থেকে যে আজকে নন অফিসিয়াল রেজলিউশন মুভ করা হয়েছে সেই তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। এবং সমর্থন করে দু একটি কথা আপনার কাছে নিবেদন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রেল বাজেটে যেভাবে অতিরিক্ত ভাড়া এবং মাসুল বাড়ানো হয়েছে এটা না করে তারা টাকা অন্য উপায়ে আদায় করতে পারতেন। গত কয়েক বছর ধরে হাজার কোটি টাকার জিনিস রেলের চুরি হয়েছে। রেলের ফ্যান, ইকুইপমেন্টস প্রভৃতি একশ্রেণীর রেল কর্মচারির যোগসাজসে বাইরে চলে যাচ্ছে। ট্রেনের থেকে পাখা খুলে নিয়ে গিয়ে বাইরের কারখানাতে লাগানো হচ্ছে আবার সেগুলো ফিরে আসছে। এই যে ঘটছে এটা রেল কর্তৃপক্ষ জানেন। মাঝখানে আর পি এফ প্রভৃতি দিয়ে এই চুরি বন্ধ করার চেষ্টা করা হয়েছিল কিন্তু আবার যেই কে সেই অবস্থাতেই চলে এসেছে। একবার জর্জ ফার্নানডেজ যখন রেলমন্ত্রী ছিলেন তখন ব্যবস্থা নিয়েছিলেন এবং যারা জড়িত ছিল এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছিল। তারপরে আবার উপেক্ষিত। রেলে যে কয়েক হাজার কোটি টাকার জিনিস চুরি হচ্ছে তারজন্য ড্যামেজ পূরণ হিসাবে টাকা দিতে হচ্ছে। হাজার হাজার কোটি টাকার ড্যামেজ দিতে হচ্ছে।

বহু জিনিস নষ্ট হয়ে যাচ্ছে তারজন্য বড় বড় ব্যবসায়ীদের কাছ থেকে যে কোটি কোটি টাকার জিনিস কেনা হয়েছে তার ড্যামেজ দিতে হচ্ছে। আজকে যে টাকা আমাদের জনসাধারণের কাছ থেকে যাচ্ছে সেই ব্যাপারে বলব আজকে যদি চুরি বন্ধ করা যায়, আজকে যদি ড্যামারেজ না দিতে হয়, যদি একটা সুস্থ প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে এগুলি বন্ধ করা যায় তাহলে রেলের এই যে ডেফিসিট বাজেট, রেলের যে উন্নয়ন, যেখানে সারা ভারতবর্ষের এবং পশ্চিমবঙ্গের উন্নয়ন প্রকল্পগুলি আছে সেইগুলি আটকে যেত না। স্যার, আপনি এটাও জানেন আমরা গত ১৬ বছরে আমরা বিভিন্ন প্রকল্প নিয়ে যেমন, বি ডি আর যেটা বাঁকুড়া জেলায় আছে, সেই প্রকল্পর ব্যাপারে আমরা এখান থেকে একটা রেকমেন্ডেশন করেছিলাম, আমরা মেদিনীপুর থেকে আদ্রার লাইনের এক্সটেনশনের জন্য বলেছিলাম এছাড়া মেট্রো রেল, সার্কুলার রেল আছে সেইগুলির ব্যাপ্যারেও বলেছিলাম কিন্তু কোনও কমপ্লিট হয়নি। দিনের পর দিন তারা আজকে পশ্চিমবাংলাকে উপেক্ষা করছে, একসময়ে যখন মন্ত্রী ছিলেন গনিখান চৌধুরি মহাশয় তখন তিনি পশ্চিমবাংলার জন্য কিছু কাজ করেছিলেন। কিন্তু তার পরে যে যখন মন্ত্রী হয়েছেন তখন তিনি তার এলাকার উন্নতির জন্য কাজ করেছেন। এখন হায়দ্রাবাদের উন্নতি হচ্ছে, তাদের রেলওয়ে প্ল্যাটফর্ম হচ্ছে, ট্রেন হচ্ছে, নিশ্চয় হবে, কিন্তু সেটা শুধু মাত্র উত্তর ভারতে বা দক্ষিণ ভারতে হবে কেন? পশ্চিমবাংলার অর্থনৈতিক উন্নতি যেখানে রেল প্রকল্পের উপর নির্ভর করছে, সাধারণ মানুষের উপর নির্ভর করছে, সেখানে এখানকার অবস্থা এই রকমভাবে অবহেলিত হয়ে থাকবে কেন? পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর যদি যান তাহলে দেখবেন ব্রিটিশ আমলে যে প্ল্যাটফর্ম ছিল সেই প্ল্যাটফর্মই আছে, স্বাধীনতার দীর্ঘ ৪৫ বছর পরেও তার কোনও উন্নতি হয়নি। সাউথ ইস্টার্ন রেলওয়েতে যদি যান তাহলে দেখবেন খড়গপুর থেকে চক্রধরপুর পর্যন্ত যে রেল প্রকল্প আছে তারও কোনও নতুন ব্যবস্থা হচ্ছে না। রেল লাইনের উন্নতিকরা দুরের কথা, প্ল্যাটফর্মের উন্নতি করা দুরের কথা, যে রেল চলছে সেই রেলের কম্পার্টমেন্টে মানুষের ঢোকাই দুঃসাধ্য ব্যাপার হয়ে উঠেছে। রেলের মাসূল বাড়ছে ভাড়া বাড়ছে, অথচ যাত্রী সাধারণের সুযোগ কমে আসছে। ফার্স্ট ক্লাস, সেকেন্ড ক্লাস, আবার এ সি চেয়ার কার, এয়ার কন্ডিশনড এই যে ৪টি স্তর আছে এইগুলি সবই এক হয়ে গেছে। বর্ধমানের দিক থেকে কোলফিল্ড ব্ল্যাক ডায়মন্ড যেগুলি আসে সেইগুলির ব্যাপারে যে সুযোগ সুবিধা ছিল, বগির যে সংখ্যা ছিল তা কমিয়ে দেওয়া হয়েছে। রেলের জেনারেল ম্যানেজার তিনি কয়েকদিন আগে প্রিভিলেজ কমিটিতে এসেছিলেন, সেই সময় সুব্রত বাবুও সেখানে উপস্থিত ছিলেন, তাকে যখন বললাম এই রকম অবস্থা হচ্ছে কেন, তখন তিনি বললেন আমাদের পুরানো ইকুইপমেন্টস, মেনটেন করতে হচ্ছে, ফলে মেনটেনান্স ঠিকমতো হচ্ছে না। বাথরুম যদি দেখেন তাহলে দেখবেন সেকেন্ড ক্লাস থার্ড ক্লাস-এর বাথরুমের কি অবস্থা, সেখানে সুস্থ পরিবেশ নেই, মানুষের স্বাস্থ্যহানি হবার সম্ভাবনা রয়েছে, যে কোনও সময় সংক্রামক রোগ হতে পারে। অথচ দেখা হচ্ছে যাত্রী ভাড়া বাড়ছে, মাসূল ভাড়া বাড়ছে, কিন্তু কোনও নতুন প্রকল্প হচ্ছে না। হাজার হাজার টাকা রেল ভাড়া বৃদ্ধি হচ্ছে জিনিসের দাম বাড়ছে মাসূল বাড়ছে, আবার যাত্রী সাধারণের দুর্ভোগও বেড়ে চলেছে। আজকে প্রশাসনিক দুর্বলতার জন্য চুরি বাড়ছে, ড্যামারেজ বাড়ছে, এইগুলি দেখা বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে। পশিমচবঙ্গের অন্যতম সমস্যা হচ্ছে বেকার সমস্যা, আজকে যখন নতুন নতুন শিল্প গড়ছে ঠিক তখনই দেখা যাচ্ছে যাত্রী ভাড়া বাড়ছে, পণ্যের মাসূল বৃদ্ধি হচ্ছে। যদি যোগাযোগ

ব্যবস্থা বিচ্ছিন্ন হয় তাহলে কমিউনিকেশনের অভাবে শিল্প করা যাবেনা। রানীগঞ্জ-বাঁকুড়া এই লাইনে এই সরকার সাত লক্ষ টাকা দিয়ে একটা অ্যাসেসমেন্ট করেছিল, এটা ইকনমিকালি রিভাইবেল প্রোজেক্ট হবে কিনা, যখন কানাইলাল ভট্টাচার্য মহাশয় মন্ত্রী ছিলেন। তারপর রাণীগঞ্জ থেকে বাঁকুড়া লাইন কন্সট্রাকশন করা হয়েছে। আপনি জানেন স্যার, মেজিয়া তাপ বিদ্যুৎ প্রকল্প রূপায়িত হতে চলেছে। কিন্তু সেখানে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য রেলওয়ের কানেকশন করা দরকার আছে। ইস্টার্ন রেলের ট্রাফিক বাইফারকেশনের জন্যও এই লাইনটা প্রয়োজন আছে। শুধু অর্থনৈতিক উন্নতি নয়, ট্রাফিক প্রেসার কমাতেও এটা দরকার আছে। অল পার্টি ডেলিগেশন আমরা গত ১০ বছর ধরে দিয়ে আসছি। সেচের ব্যাপারে আমরা একবার অল পার্টি ডেলিগেশন দিল্লিতে গিয়েছিলাম, আমার মনে আছে মাননীয় সদস্য সুব্রত বাবুও আমাদের সঙ্গে গিয়েছিলেন। ফরাক্কার জলের জন্য তিনি দলের বিরুদ্ধে সেখানে গিয়ে বলেছিলেন এবং সেই মন্ত্রীর কাছ থেকে প্রতিশ্রুতি নিয়ে এসেছিলেন। কিন্তু ফরাক্কার সেই ৪০ হাজার কিউসেক জল এবং গঙ্গার ভাঙ্গনের ব্যাপারে এই রাজ্যকে তারা উপেক্ষা করেই চলেছে। আজকে এই রাজ্যের প্রতি তারা উপেক্ষা করেই চলেছে, এটা আমরা বার বার বলতে চেষ্টা করেছি। আমি আবার মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় পশ্চিমবঙ্গের রেলওয়ে প্রকল্পগুলিকে এই বাজেটে অগ্রাধিকার না দেওয়ায় এবং রেলের ভাড়া ও মাসুল বৃদ্ধির বিষয়ে বিধানসভায় সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ সম্মিলিতভাবে যে প্রস্তাব উত্থাপন করেছে এটা খুবই অন্তরের বিষয় এবং পশ্চিমবঙ্গের উন্নয়নমূলক কাজের স্বার্থে, গঠনমূলক কাজের স্বার্থে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ গুরুত্বপূর্ণ বিষয়ে সহযোগিতার হাতকে প্রসারিত করেন এবং রাজনীতির উর্ধ্বে ওঠেন তাহলে জনগণের ভালো হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রী আবার বাজেট পেশ করেছেন। এই রেলমন্ত্রী পরপর তিনটি বাজেট পেশ করলেন এবং পর পর তিনটি বাজেটেই আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ রেলপ্রকল্পগুলিকে তাদের বাজেট বরাদ্দ থেকে বঞ্চিত করা হয়েছে। আপনি জানেন, এই বিধানসভায় গত বছর এই সম্পর্কে দীর্ঘ এবং বিস্তারিত আলোচনা হয়েছে এবং সেই আলোচনার পরিপ্রেক্ষিতে আমাদের পরিবহনমন্ত্রীর নেতৃত্বে বিধানসভার সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লি গিয়ে রেলওয়ে মন্ত্রীর সঙ্গে সাক্ষাত করেন এবং পশ্চিমবঙ্গের প্রকল্পগুলি যাতে গুরুত্ব পায় তার জন্য দরবার করেছিলাম। সেই প্রতিনিধি দলে আমিও একজন সদস্য ছিলাম। তিনি বলেছিলেন পশ্চিমবঙ্গের প্রকল্পগুলি সম্বন্ধে অতিরিক্ত অর্থ বরাদ্দ করা সম্ভবপর নয়। আমরা বলেছিলাম সম দৃষ্টিভঙ্গি নিয়ে বাজেটে বরাদ্দগুলিকে পুনর্বিন্যাস করা হোক। এই বাজেটে এই বছর ৩১৯ কিলোমিটার নতুন রেলওয়ে লাইন চালু করা হবে। এরমধ্যে পশ্চিমবাংলার কোনও লাইন নেই। আবার ৯৩-৯৪ সালের বাজেটে সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় নতুন রেল লাইন চালু করার বিষয়ে নতুন প্রকল্প গ্রহণ করা হবে, তাতে ২০০ কিলোমিটার নতুন রেল লাইন এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে, তারমধ্যে পশ্চিমবাংলার জন্য কোনও রেল লাইন নেই। সুতরাং বর্তমানে রেল মন্ত্রী বারে বারে পশ্চিমবাংলাকে বঞ্চিত করে চলেছেন। আমরা সকলে জানি রেল ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের ক্ষেত্রে একটা বিরাট ভূমিকা

পালন করতে পারে, ঠিক তেমনি রাষ্ট্রের অর্থনৈতিক উন্নয়নে অস্বীকার করা যাবে না, অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেল পালন করে থাকে। সুতরাং পশ্চিমবাংলার যে রেল প্রকল্পগুলো স্বাধীনতার পর থেকে রয়েছে, যে সমস্ত প্রকল্পগুলোকে গ্রহণ করে সমাপ্ত করা হয়নি, সেই প্রকল্পগুলো রূপায়ণের যে এসটিমেট, তা বছরের পর বছর বাড়তে শুরু করেছে, সেই প্রকল্পগুলো গুরুত্বের ভিত্তিতে যদি রূপায়িত করার চেষ্টা না হয় তাহলে পশ্চিমবাংলা এই বঞ্চনার হাত থেকে মুক্তি পাবে না। আমাদের সন্দেহ ছিল রেল বাজেট কি হবে, তাই মুখ্যমন্ত্রী রেল বাজেট তৈরি হবার আগে ব্যক্তিগত ভাবে রেলমন্ত্রীকে চিঠি লিখেছিলেন, তিনি বলেছিলেন রেল বাজেট প্রিপেয়ার হচ্ছে, আমাদের পশ্চিমবাংলার যে রেল প্রকল্পগুলো, কেন্দ্রের আর্থিক বরাদ্দ বৃদ্ধি না হওয়ার জন্য ব্যাহত হচ্ছে, সেই সেই প্রকল্পে যাতে অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হয় তার ব্যবস্থা করুন এবং সেইগুলো যাতে তাড়াতাড়ি সম্পন্ন করা যায় তার জন্য উদ্যোগ গ্রহণ করুন। এই আদেবন জানিয়ে একটা চিঠি ১১ই ফেব্রুয়ারি লিখেছিলেন, সেখানে যে সমস্ত পরিকল্পনার কথা লিখেছিলেন—Extension of Metro Railway from Tollygunge to Garia, Circular Railway Calcutta, doubling up and conversion from diesel to electric, Complete remaining portion from Princep Ghat to Majerhat, Railway link—Tamluk-Digha, Balurhat-Eklakhi, Howrah-Amta, Dankuni-Siakhala, Burdwan-Katwa, Broadgage line between Lakshikantapur to Namkhana, Doubling lines between Duttapukur-Habra.

এর মধ্যে কিছু কিছু জায়গায় টাকা বরাদ্দ হয়েছে, যেমন ধরুন তমলুক দিঘা এই প্রকল্পে ১ কোটি টাকা ধার্য করা হয়েছে, একলাখি-বালুরঘাট প্রকল্পে ১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। আজকে মূল্য মানের ভিত্তিতে এই সব প্রকল্পে এক কোটি টাকা কোন কাজে আসে? একটা চালু প্রকল্প, তার যে ওয়ার্ক চার্জ এক্সপেনডিচার, তার ইঞ্জিনিয়ারিং যে সমস্ত কাজকর্ম, টি এ ইত্যাদি খাতে বছরে ৫০ লাখ টাকা চলে যায়। বাকি ৫০ লক্ষ টাকা দিয়ে সেই প্রকল্পে কোনও সাবস্ট্যানশিয়াল কাজ করা যায় না। এই এক কোটি টাকা দিয়ে কোনও ভাবে প্রকল্পটিকে বাঁচিয়ে রাখা হয়। জিইয়ে রাখা হয়। তার কাজকে সম্পন্ন করার দৃষ্টিভঙ্গি এটা নয়। মুখ্যমন্ত্রী তার চিঠিতে এটাও লিখেছিলেন, যে সমস্ত ক্ষেত্রে ল্যান্ড অ্যাকুইজিশনের ব্যাপার আছে, সেইগুলো সুরাহা হয়েছে, রেল দপ্তর কাজের দিকে এগোতে পারেন। তা সত্ত্বেও দেখলাম কোনও প্রকল্পে রেল দপ্তর এর কাছ থেকে সুবিচার পাওয়া যায়নি। তমলুক দীর্ঘ প্রকল্প সম্পর্কে বলতে চাই, গত ডিসেম্বরের শেষ দিকে আমি যখন দিল্লি যাচ্ছিলাম, তখন সেই প্লেনে শ্রী অজিত পাঁজা কেন্দ্রীয় মন্ত্রী, তিনিও যাচ্ছিলেন। তাকেও এই প্রকল্পের কথা বলেছিলাম, অজিত বাবু সঙ্গে সঙ্গে রেল মন্ত্রী জাফর শরিফকে চিঠি লিখেছিলেন যে তমলুক দিঘা প্রকল্পের জন্য অতিরিক্ত টাকা বরাদ্দ করুন। ১৯শে ফেব্রুয়ারি তিনি চিঠি দিয়েছিলেন। তিনি দুখানা চিঠি দিয়েছিলেন। সেই চিঠির কপি আমাকে তিনি পাঠিয়েছিলেন। তা সত্ত্বেও তমলুক দিঘা প্রকল্পের একই অবস্থা।

আজকে মেট্রো রেলের জন্য বরাদ্দ যেভাবে করা হচ্ছে তাতে তা দিয়ে ১৯৯৫ সালে মধ্যে মেট্রো রেলের কাজ সম্পন্ন করার যেকথা ভাবা হচ্ছে তা সম্ভব হবে না। এবারে সার্কুলার রেলের জন্য মাত্র ১ কোটি টাকা দেওয়া হয়েছে। অথচ কলকাতা শহরে যাত্রী

পরিবহন এবং ট্রাফিক কনজেশনের ক্ষেত্রে এই প্রকল্প দুটির খুবই গুরুত্ব রয়েছে। সুতরাং আমাদের দাবি এই প্রকল্প দুটির রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ বৃদ্ধির কথা পুনর্বিবেচনা করুন। এই দাবি জানিয়ে এখানে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তার সঙ্গে আমি সম্পূর্ণ সহমত পোষণ করছি। প্রয়োজনে এবিষয়ে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ সৃষ্টি করার জন্য অন্য ব্যবস্থা গ্রহণ করার দিকে আমাদের যেতে হবে, কেন না রাজ্যের স্বার্থ এর সঙ্গে জড়িত রয়েছে। এ বছর রেল বাজেট যে দিন পেশ করা হয়েছে তার পরের দিন 'ইকনমিক টাইমস'-এ আমরা দেখেছি—রেল দপ্তরের চুরি এবং পরিবহনকালীন রেলথেকে যে জিনিস পত্র চুরি হয় তার জন্য রেল দপ্তরকে বছরে দেড় হাজার কোটি টাকারও বেশি ক্ষতিপূরণ দিতে হয়। কোরাপশন বন্ধ হলে যে টাকার সাশ্রয় হবে তাতে আর যাত্রী ভাড়া এবং মাসুল বৃদ্ধি করে জনসাধারণকে ভারাক্রান্ত করার দরকার হবে না। অথচ আমরা দেখছি রেল দপ্তর সেদিকে লক্ষ্য না দিয়ে বছরের পর বছর যাত্রী ভাড়া এবং মাসুল বৃদ্ধি করে চলেছে। এই বৃদ্ধির ফল প্রকৃত পক্ষে সাধারণ মানুষদের ওপর প্রতিফলিত হচ্ছে। আমি এর তীব্র নিন্দা করছি। এ পথ সঠিক নয়। এই কথা বলে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে প্রস্তাবটা আনা হয়েছে, এটা শুধু মাত্র কোনও বিশেষ দলের প্রস্তাব নয়। রাজ্যের মানুষের যে মানসিকতা তৈরি হয়েছে, বিশেষ করে এবারের রেল বাজেটের পরিপ্রেক্ষিতে তারই প্রতিফলন হচ্ছে এই প্রস্তাব। আমি এ কথা মনে করি না যে, রেলে কোনও কাজ কোনও দিন হয় নি। আমি শুধু এটুকুই বলতে চাই, এ বারের বাজেটে আমরা বিশেষভাবে আশা করেছিলাম কেন্দ্রীয় রেল মন্ত্রক আমাদের রাজ্যের যে সমস্ত বড় বড় রেল প্রকল্পগুলি শুরু করেছিলেন সে সমস্ত প্রকল্পগুলির জন্য অন্তত প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবেন। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে রেল বাজেটে তা আমরা দেখলাম না। কাজ শুরু হওয়া প্রকল্পগুলি ছাড়াও এমন কিছু ঘোষিত প্রকল্প রয়েছে যা এখনও পর্যন্ত প্রস্তাবাকারে পড়ে আছে। এমন কি এ রাজ্যে এমন প্রকল্প রয়েছে যে প্রকল্প তদানীন্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী এসে উদ্বোধন করেছিলেন, পরবর্তীকালে আমরা দেখলাম সে প্রকল্প বাতিল করে দেওয়া হয়েছে। এটা আমাদের রাজ্যের মানুষের প্রতি প্রচন্ড বৈষম্যমূলক আচরণ বলে আমি মনে করি। আমি এখানে অনেক বক্তার সঙ্গেই একমত যে, রেলে যদি চুরি বন্ধ করা যায় তাহলে যাত্রী ভাড়া বাড়াবার দরকার হয় না। যাত্রী ভাড়া বাড়িয়ে রেলের আয় ব্যয়ের মধ্যে সমতা আনবার চেষ্টা, কোনও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির পরিচয় নয়। হয়ত চুরি কিছুটা থাকবে, কিন্তু ক্রমাগত সর্ব ক্ষেত্রে চুরি হতে থাকবে, কোনও লীকেজই বন্ধ হবে না, ডিপার্টমেন্টে মনিটরিং হবে না আর ক্রমাগত যাত্রী ভাড়া বাড়বে, এটা হতে পারে না। এর মধ্যে দিয়ে সমস্যার সমাধান করা যাবে না। কাজেই উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আগে থাকেই আমরা দাবি করছি। সম্প্রতি আমরা আরও লক্ষ্য করছি রেল মন্ত্রক থেকে বহু জায়গায় যে সমস্ত কাজ করা হচ্ছে সে সমস্ত কাজ প্রাইভেট সেক্টরকে দিয়ে করানো হচ্ছে। ফলে শ্রমিকের সংখ্যা কমছে এবং চুরি ও দুর্নীতি বাড়ছে। তবে আমি এ কথা বলছি না যে, চুরি এক মাত্র আমাদের রেল মন্ত্রকেই হয়। আমাদের রাজ্য

সরকারের বিদ্যুৎ, সেচ প্রভৃতি দপ্তরেও প্রচুর চুরি হয় এবং সে সমস্ত দপ্তরের চুরি বন্ধ করার কোনও উদ্যোগ আমরা লক্ষ্য করছি না। সে সমস্ত ক্ষেত্রেও চুরি বন্ধ করার জন্য চেষ্টা করতে হবে। যে সমস্ত লিকেজ রয়েছে তা রোধ করার জন্য কঠিন ব্যবস্থা নেওয়ার দরকার আছে। আমরা দেখছি রেল মন্ত্রকে রেক নিয়ে একটা বিরাট টাকার লেন-দেন অসাধু ব্যবসায়ীদের সঙ্গে চালিয়ে যাচ্ছে। এর ফলশ্রুতি হিসাবে প্রতি বছর যাত্রী ভাড়া বাড়ানো হচ্ছে। আমি এর প্রতিবাদ করছি। এক সময় আমরা সবকটি দল এখান থেকে দাবি করেছিলাম—মাসুল সমীকরণ করতে হবে।

[1-30 — 1-40 p.m.]

এটা পশ্চিমবঙ্গের মানুষের দাবি, দীর্ঘদিন থেকে সেই দাবি আংশিকভাবে কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছেন। এখন স্টিলের ক্ষেত্রে মাসুল সমীকরণ করা হয়েছে, আমি বার বার বলেছি যে যে কয়লার ক্ষেত্রে মাসুল সমীকরণ করতে হবে, মাসুল যদি বেড়ে যায় পশ্চিমবঙ্গের মানুষ যা খায় তার বেশিরভাগ এসেনসিয়েল কমোডিটিজ বাইরে থেকে আনতে হবে বিদেশ থেকে নয়, উত্তরপ্রদেশ, বিহার, গুজরাট এইসব জায়গা থেকে আনতে হবে। যে পরিমাণ মাসুল বৃদ্ধি করা হয়েছে এমন কি ১২ থেকে ১৫ পারসেন্টের মতো পর্যন্ত রাজ্যের মানুষকে দিতে হবে, ব্যবসায়ীরা পকেট থেকে দেবে না, রেল মন্ত্রকের কাছে আমাদের দাবি স্টিলে মাসুল সমীকরণ হয়েছে, কোলে সমীকরণ করা হোক। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে একটাও হচ্ছে না, আগের মতো আমাদের গুড়, মাত গুড় থেকে আরম্ভ করে অনেক কিছুই ইউ পি, বিহার, গুজরাট, মহারাষ্ট্র থেকে আনতে হয়, দামে বাড়বে, স্বাভাবিকভাবে মূল্য বৃদ্ধি হবে, হচ্ছে, এসেনসিয়েল কমোডিটিজ, নিত্যপ্রয়োজনীয় জিনিসে আমরা দেখতে পাচ্ছি প্রতিফলন ঘটেছে। গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি এবং এর প্রতিকার আমরা করতে চাই। রেল মন্ত্রকের কাছে দাবি করতে চাই পুনর্বিবেচনা করা হোক। আমি শুধু রেল মন্ত্রককেই দায়ী করিনি, এখানে বামফ্রন্ট সরকার, তার বন্ধু সরকার, জনতা সরকার ছিল এগুলি কিছু করে নি। একই ভাবেই চালিয়ে যাচ্ছে। এটা আলোচনার দরকার আছে। আশা করেছিলাম বলবেন, কারণ পশ্চিমবঙ্গের সঙ্কট সম্পর্কে কেন সরকার উদাসীন থাকে, আমরা মানুষের প্রতিনিধি, মানুষের জন্য কথা বলার দরকার আছে। কে বা কারা সরকারে আছে সেটা গৌণ ব্যাপার। আমরা প্রস্তাব রাখছি—আগে প্রস্তাব ছিল, মাননীয় প্রধানমন্ত্রী রেল প্রকল্প উদ্বোধন করে গেলেন—এটা খুবই দৃষ্টিকটু মাননীয় সদস্য মান্নান সাহেব বলেছেন কতকগুলি জায়গায় অফিস থেকে কার্পেট তুলে নেওয়া হয়েছে। বালুরঘাটে ১৯৮৪ সালে ৪০ কোটি টাকা বরাদ্দ ছিল, এখন সেখানে করতে গেলে ১৪০ কোটি টাকা খরচ হবে, বিরাট যোগাযোগের ব্যবস্থা কতকগুলি জায়গায় নষ্ট হয়েছে। লক্ষ্মীকান্তপুর, বজবজ, ফলতা দিঘা, তমলুক এই সমস্ত জায়গায় অবিলম্বে কাজ শুরু করার দাবি জানাচ্ছি। আর একটা কথা বলতে চাই, কাঞ্চনজঙ্ঘা ফার্স্ট ট্রেনের ভাল ভাল কম্পার্টমেন্ট নষ্ট হয়ে গেছে, তার মানে অন্য কোথাও চলে যাচ্ছে। আমাদের সরকার কে বলছি অন্য জায়গায় লোক চুরি করছে না, এই রাজ্যের লোকই করছে, আমরাই নষ্ট করছি, এইগুলি দেখা দরকার। বড়জোড়ায় ১৮ কি মি রাস্তা তৈরি হয়েছে। এখানে মেট্রোরেলের ব্যাপারে কেন্দ্রীয় সরকার যেমন করছেন না, সেজন্য আমি রাজ্য সরকারকেও অনুরোধ করব বিশৃঙ্খলা যা হচ্ছে সেটা দেখুন। কন্ট্রাক্টার লাইনে কাজ করতে পারছে না,

সিটুর নির্দেশে বন্ধ করে রেখেছে, লোহায় জং পড়ে যাচ্ছে ট্রেড ইউনিয়ন করে নষ্ট করছে, সুপার ট্রেনের কমপার্টমেন্ট ভাল করার কথা বলা হয়েছিল সেগুলি করা হয় নি, তবে কতকগুলি জায়গায় মডার্নাইজেশন করা হয়েছে। চক্ররেল যে পর্যন্ত করবার কথা গনিখান চৌধুরি ঘোষণা করেছিলেন এবং যে পর্যন্ত করেছিলেন, তার পর আর সেটা শেষ হয়নি। মেদিনীপুর-আদ্রা ইলেক্ট্রিফিকেশন এবং লক্ষ্মীকান্তপুর দাবিটিও রয়েছে। সবচেয়ে বেশি একটি কাজ করছেন, ১৮ মাসে ১৮ হাজার ফ্রি-পাশ দিয়েছেন। আমি এর বিরুদ্ধে বলছি এবং সর্বদলীয় এই প্রস্তাবটা যাতে পাস হয় তারজন্য বলছি।

**Mr. Speaker :** There is no amendment to the motion. The of Shri Shubrata Mukherjee that—

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে—

কেন্দ্রীয় রেলমন্ত্রক বর্তমান বছরের রেল বাজেটে যাত্রীভাড়া এবং মাসুল তীক্ষ্ণভাবে বৃদ্ধির প্রস্তাব করেছেন। এর ফলে সাধারণ মানুষ সরাসরি ক্ষতিগ্রস্ত হবেন এবং এর প্রভাবে ব্যাপক মূল্যবৃদ্ধি ঘটবে ; এবং

এই রেল বাজেটে অর্থ বরাদ্দের ক্ষেত্রে এ-রাজ্যের বিভিন্ন জেলার রেল প্রকল্পের (দিঘা-তমলুক, একলাক্ষী-বালুরঘাট, নামখানা-লক্ষ্মীকান্তপুর, ইত্যাদি) দীর্ঘ দিনের ন্যায্য দাবিগুলি এবং অর্ধসমাপ্ত মেট্রো ও সারকুলার রেলের অসমাপ্ত কাজ দ্রুততার সঙ্গে শেষ করার দাবিগুলি অবহেলিত হয়েছে ;

অতএব এই সভা রাজ্যের রেল প্রকল্পগুলির জন্য যথাযথভাবে বর্ধিত অর্থ বরাদ্দের বিষয়ে পুনর্বিবেচনা করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে। The motion was then put and agreed to.

## MOTION UNDER RULE 185

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাব সভায় পেশ করছি, পরে আমার বক্তব্য রাখব।

"এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, যেহেতু রাজ্য সরকার সমগ্র পশ্চিমবঙ্গের অগ্রগতিকে স্তব্ধ করে দিয়েছে ; যেহেতু রাজ্য সরকার তার ভ্রান্ত অর্থনৈতিক নীতির ফলে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ করতে ব্যর্থ হয়েছে যেহেতু রাজ্য সরকার ১৯৯২-৯৩ সালের আর্থিক যোজনার লক্ষ্যমাত্রা পূরণ করতে পারছে না ; এবং যেহেতু রাজ্যের মানুষ চরম অর্থনৈতিক সঙ্কটের সম্মুখীন এবং পাশাপাশি উন্নয়ন চূড়ান্তভাবে অবহেলিত ; অতএব এই সভা রাজ্য সরকারের উক্ত গৃহীত সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করছে এবং জনমুখী অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের দাবি জানাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ভয়ঙ্কর বিপজ্জনক অবস্থার মধ্যে আমরা কাটাচ্ছি এই রাজ্যে। সার্বিকভাবে অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়েছে। আমি আশা করব, এই প্রস্তাব গুরুত্ব

*দিয়ে সাধারণ মানুষ গ্রহণ করবেন"*

পরে আমি উত্তর দেব।

**Mr. Speaker :** There is no amendment to the motion.

[1-40 — 1-50 p.m.]

**শ্রী অমিয়কুমার পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব ডাঃ মানস ভূঁইয়া এবং অন্যান্যরা এনেছেন সেই প্রস্তাব সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গি থেকে উত্থাপিত হয়েছে এবং তারজন্য এই প্রস্তাবকে সমর্থন করবার কোনও প্রশ্ন ওঠে না। এটা বুঝতে কোনও অসুবিধা নেই, জাতীয় স্তরে যে নীতির দ্বারা এই দেশটা পরিচালিত হয়, একটি অঙ্গরাজ্য হিসাবে আমাদের রাজ্যের অর্থনীতিও তার দ্বারাই পরিচালিত হয়। স্বাভাবিকভাবে কেন্দ্রীয় স্তরে গৃহীত জনবিরোধী নীতি এবং সিদ্ধান্তের প্রভাব আমাদের রাজ্যেও পড়তে বাধ্য, অন্যান্য রাজ্যের ক্ষেত্রেও সেটা পড়তে বাধ্য। আমি ডাঃ ভূঁইয়াকে বলব, তিনি যখন জবাবি ভাষণ দেবেন তখন অনুগ্রহ করে জানাবেন যে, গত এক বছরে কেন্দ্রীয় সরকার কি কি উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছেন, কয়টি নতুন কারখানা হয়েছে, কোনও কোনও ক্ষেত্রে নতুন করে গত এক বছরে টাকা বরাদ্দ করতে পেরেছেন এবং সঙ্গে সঙ্গে এও বলবেন যে, মহারাষ্ট্র বা উত্তরপ্রদেশ কয়টি নতুন প্রোজেক্ট গ্রহণ করে তা কার্যকর করেছেন। আমরা এটা দেখেছি যে, গত ১৫ই আগস্ট প্রধানমন্ত্রী লালকেল্লা থেকে ভাষণ দিতে গিয়ে ভারতবর্ষের মানুষের কাছে করজোরে আবেদন করেছেন—আগামী তিন বছর আপনারা নতুন কোনও দাবি করবেন না, কারণ দেশটা একটা ভয়ঙ্কর অর্থনৈতিক সঙ্কটের মধ্যে দিয়ে চলছে। মার্চ মাসে বাজেট প্লেস করতে গিয়েও তিনি ভয়ঙ্কর অর্থনৈতিক সঙ্কটের কথা বলেছিলেন। এই অবস্থায় তাদের আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে ঋণ নেওয়া ছাড়া কোনও বিকল্প ছিলনা। যারা তাদের বাজেট বিবৃতি পড়েছেন, দেখবেন এসব কথা তাতে রয়েছে। সেজন্য আমি একথা বলতে চাই, যে মুখ দিয়ে আপনারা বন্দেমাত্রম উচ্চারণ করেন সেই মুখ দিয়ে আবার আই এম এফ-এর পদলেহন করেন।

যদি দেশের পরিস্থিতি খারাপ না হবে তাহলে কেন আপনারা বিশ্বব্যাঙ্ক, আই এম এফ-এর কর্তৃপক্ষের পায়ের তলায় গড়াগড়ি খাচ্ছেন? কাজেই সেই পরিস্থিতি আছে। এটাকে স্বীকার করে নিয়ে রাজ্যের অর্থনীতির কথাও আমাদের স্বীকার করে নিতে হবে। ১৯৯০-৯১ সালের ভারত সরকারের অর্থনীতির ক্ষেত্রে ইকনমিক গ্রোথ রেট ছিল ২.৫ পারসেন্ট। সেটা কমে এক বছরে অর্থাৎ ১৯৯১-৯২ সালে হল ১.২ পারসেন্ট। গ্রস ন্যাশনাল প্রোডাক্টে ১৯৯০-৯১ সালে ছিল ৫.২ পারসেন্ট, সেটা কমে ১৯৯১-৯২ সালে হল ১.৪ পারসেন্ট। আমি এটা ইকনমিক সার্ভের পেজ ১, টেবিল থেকে বলছি। সেই ইকনমিক সার্ভেতে বলছে এগ্রিকালচারাল প্রোডাকশন ১৯৯০-৯১ সালে ছিল ২.৭ পারসেন্ট, সেটা ১৯৯১-৯২ সালে হল মাইনাস ২.৮ পারসেন্ট। ইন্ডাস্ট্রিয়াল সিকনেস (এস এস ইউনিট) ১৯৯০-৯১ সালে ছিল ২,১৮,৮২৮, সেটা ১৯৯১-৯২ সালে হল ২,২১,৪৭২। ইকনমিক সার্ভের টেবিল ৬.৩, পেজ ১২৮ দেখলে দেখবেন যে অ্যানুয়াল গ্রোথ রেট অব দি আউট পুট অব ম্যানুফ্যাকচারিং সেক্টর কি হয়েছে। ফুড প্রোডাকশনে ১৯৯০-৯১ সালে ছিল ১২.৬০ পারসেন্ট, সেখানে

১৯৯১-৯২ সালে হল ০.২ পারসেন্ট। কটন টেক্সটাইল ১৯৯০-৯১ সালে ছিল ১২.৩০ পারসেন্ট, সেখানে ১৯৯১-৯২ সালে হল ১.৭ পারসেন্ট। জুট প্রোডাক্টে ১৯৯০-৯১ সালে ছিল ৪.৩০ পারসেন্ট, সেখানে ১৯৯১-৯২ সালে হল ২.৮ পারসেন্ট। উড অ্যান্ড উড প্রোডাক্টে ১৯৯০-৯১ সালে ছিল১২.১ পারসেন্ট, সেটা ১৯৯১-৯২ সালে হল ০.১ পারসেন্ট। লেদার প্রোডাক্টে যেখানে ১৯৯০-৯১ সালে ছিল ৩.২ পারসেন্ট সেখানে ১৯৯১-৯২ সালে হল মাইনাস ৪.৬ পারসেন্ট। কেমিকেলে ১৯৯০-৯১ সালে হল ০.৬ পারসেন্ট। তারপরে মেটালিক প্রোডাক্টে ১৯৯০-৯১ সালে ছিল .৪০ পারসেন্ট, সেখানে ১৯৯১-৯২ সালে এসে দাঁড়াল মাইনাস ৭.১ পারসেন্ট। নন-ইলেক্ট্রিক্যাল মেশিনারিতে ১৯৯০-৯১ সালে ছিল ৮.৭ পারসেন্ট, সেটা ১৯৯১-৯২ সালে হল মাইনাস ১.৩ পারসেন্ট। ইলেক্ট্রিক্যাল মেশিনারি অ্যান্ড অ্যাপ্লায়েন্সেস ১৯৯০-৯১ সালে ছিল ২২.৭ পারসেন্ট, সেটা ১৯৯১-৯২ সালে এসে দাঁড়াল মাইনাস ১৮.৭ পারসেন্ট। ট্রান্সপোর্ট ইকুইপমেন্টে ১৯৯০-৯১ সালে ছিল ৬.৩ পারসেন্ট, সেটা ১৯৯১-৯২ সালে হল মাইনাস ২.৪ পারসেন্ট। এই হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের গত এক বছরের ব্যর্থতা এবং ইকনমিক সার্ভেতে ক্রাইসিসের কথা বলা হয়েছে। তারপরে ভারী শিল্পের ক্ষেত্রে আমরা কি দেখছি? আউট পুট অব আয়রন অ্যান্ড স্টিল—১৯৯১-৯২ সালে সেলেবল স্টিল ছিল ১০.৫৭ মিলিয়ন টন, ১৯৯২ সালের ডিসেম্বর ৭.৫৯ মিলিয়ন টন। মনমোহন সিং বলেছেন মার্চের শেষে (১৯৯২-৯৩) ৮.২০ মিলিয়ন টন হতে পারে ফিনিশড স্টিল প্রোডাক্টে ১৯৯১-৯২ সালে ছিল ১৪.৩৩ মিলিয়ন টন, ডিসেম্বর ১৯৯২ সাল পর্যন্ত ছিল১০.৪৫ মিলিয়ন টন, মার্চের শেষে (১৯৯২-৯৩) ১০.১৯ মিলিয়ন টন হতে পারে।

ফার্টিলাইজার প্রোডাকশনের ক্ষেত্রে নাইট্রোজেন এবং ফসফেট সার মিলিয়ে এবারে গতবারের চেয়ে কমে গেছে। নাইট্রোজেন—পাবলিক সেক্টরে ১৯৯১-৯২ সালে ছিল ৩.০২ পারসেন্ট। ১৯৯২ সালে ডিসেম্বর পর্যন্ত ২.১৬ পারসেন্ট। ১৯৯২-৯৩ সালে ২.২২ পারসেন্ট হতে পারে। প্রাইভেট সেক্টরে ১৯৯১-৯২ সালে ছিল ২.৫৫ পারসেন্ট, ডিসেম্বর ১৯৯২ সাল পর্যন্ত ১.৮৮ পারসেন্ট এবং ১৯৯২-৯৩ সালে ১.১৬ পারসেন্ট হতে পারে। কো-অপারেটিভ সেক্টরে ১৯৯১-৯২ সালে ছিল ১.৭ পারসেন্ট, ডিসেম্বর ১৯৯২ সাল পর্যন্ত ১.২৮ পারসেন্ট, ১৯৯২-৯৩ সালে ১.২৯ পারসেন্ট হতে পারে।

ফসফেটে ১৯৯১-৯২ সালে ২.৫৬ পারসেন্ট, ডিসেম্বর ১৯৯২ পর্যন্ত ১.৯৮ পারসেন্ট, আর ১৯৯২-৯৩ সালে ১.৯৯ পারসেন্ট হতে পারে। আমি এগুলি ইকনমিক সার্ভে থেকে বলছি। টোটাল আউট স্ট্যান্ডিং লায়েবিলিটিস ১৯৯২-৯৩ সালে দেশি, বিদেশি এবং অভ্যন্তরীণ ক্ষেত্রে বেড়ে দাঁড়িয়েছে ৩ লক্ষ ৯৫ হাজার ৮৫৬ কোটি টাকা। আমাদের ইন্টারেস্ট লায়েবিলিটিস বেড়ে গেল। ১৯৯১-৯২ সালে যেখানে ছিল ২৭,২৫০ কোটি, সেটা ১৯৯২-৯৩ সালে হল ৩২,০০০ কোটি। এই হচ্ছে কেন্দ্রীয় সরকার এবং তার অর্থনীতির সঙ্কট বেড়ে যে অবস্থা হচ্ছে তার কিছু উল্লেখ করলাম। দ্বিতীয় যে কথা বলতে চাই, কেন্দ্রীয় সরকারেরর সেই সমস্ত নীতির ফলে রাজ্য সরকারের আয়ের ক্ষেত্রটা কমে যাচ্ছে। স্মল সেভিংসয়ে আমরা যে টাকা পেতে পারতাম, এই বাজেটে সুদের হার হেরফের করার জন্য সেটা হচ্ছে না। এজন্য কি আমাদের দেশে যে ন্যাশনাল ব্যাঙ্ক আছে, সারা দেশে যে পরিমাণ ইনভেস্ট করছে পশ্চিমবঙ্গে তা থেকে অনেক কম। এছাড়া আমরা দেখতে পাচ্ছি যে ফাইনান্সিয়াল ইন্সটিটিউট

আছে সেই ফাইনান্সিয়াল ইন্সটিটিউটগুলি মহারাষ্ট্রে যেখানে ১৩.৮ পারসেন্ট বিনিয়োগ করছে গুজরাটে ১০ পারসেন্ট বিনিয়োগ করছে সেখানে তারা পশ্চিমবাংলায় বিনিয়োগ করছে ৮ পারসেন্ট। তা সত্ত্বেও পশ্চিমবাংলা রিসোর্স মোবিলাইজ করার ক্ষেত্রে ৩৫ পারসেন্ট গত বছরের থেকে বেড়েছে। আমি ইকনমিক সার্ভে থেকে বলি আমাদের এই যে অ্যাসেসমেন্ট অফ ট্যাক্স এ্যাফর্ট-যেটা ইকনমিক রিভিউ-এ আছে—ট্যাক্স এ্যাফর্ট বলতে নাইন্থ ফিনান্স কমিশন যে হয়েছিল সেই নাইন্থ ফিনান্স কমিশন বলেছেন আমরা আমাদের রাজ্যে যে যে ক্ষেত্রে ট্যাক্স বসাতে পারে সেই ট্যাক্সেবেল ক্ষেত্রগুলি থেকে যে ট্যাক্স রেভিনিউ তুলেছি সেই ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি অন্ধ্রপ্রদেশ নরমাটিভ ট্যাক্সেবেল ক্যাপাসিটি যেটা তার ১০৩.৩৭ পারসেন্ট অ্যাচিভমেন্ট। সেই ক্ষেত্রে বিহার ৯৬.৫২ পারসেন্ট, গুজরাট ৮৮.৪৯ পারসেন্ট, হরিয়ানা ৯৭.৫৪ পারসেন্ট, কর্ণাটক ৯৬.৫২ পারসেন্ট, কেরালা ৯৬.২৯ পারসেন্ট, মধ্যপ্রদেশ ১০৪.৬৮ পারসেন্ট, মহারাষ্ট্র ৯৩.২৫ পারসেন্ট, উড়িষ্যা ১০৩.০৫ পারসেন্ট, পাঞ্জাব ৯৭.২৫ পারসেন্ট, রাজস্থান ১০৪.৬৮ পারসেন্ট, তামিলনাড়ু ৮৯.৩৮ পারসেন্ট, উত্তরপ্রদেশ ১০০.৪৩ পারসেন্ট, সেখানে পশ্চিমবাংলা ১১৪.৫২ পারসেন্ট। সম্পদ সংগ্রহের ক্ষেত্রে মেজর স্টেটগুলির মধ্যে পশ্চিমবাংলা সবচেয়ে উচ্চে আছে। পরিকল্পনা খাতে সেভেন্থ প্ল্যান প্রিয়ডে যে আউটলে ছিল তার মধ্যে ৪৭০০ কোটি টাকা খরচ করা হয়েছে। এইট্থ প্ল্যান প্রিয়ডে ১৯৯০-৯১ সালে ১২৯৮.৬৬ কোটি টাকা খরচ করা হয়েছে, ১৯৯১-৯২ সালে ১৭৩৩.৩৯ কোটি টাকা খরচ করা হয়েছে। এই হচ্ছে আমাদের রাজ্যের পারফরমেন্স, এটা বুঝতে হবে। অর্থনৈতিক নতুন রিফ্রেকশন থাকা সত্ত্বেও পশ্চিমবাংলা এগিয়ে চলেছে। এই কথা বলে প্রস্তাবে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় ১৮৫ ধারা অনুযায়ী মানস ভুঁইয়া যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের মাননীয় সদস্য তার বক্তব্যের শুরুতে আই এম এফ-এর কাছে ভারতবর্ষে কিভাবে মাথা বিকিয়েছে সেটা বললেন, তার জন্য ভারতবর্ষের কি অবস্থা সেটা বললেন। সেই সব কথা যতই বলুন পশ্চিমবাংলার অর্থনীতি কোনও জায়গায় পৌছেছে সেটা তিনি বললেন না। আমার ভাবতে ভাল লাগছে যে পশ্চিমবাংলার জনসাধারণ সেটা টের পেতে শুরু করেছে। ভারতবর্ষ হচ্ছে আই এম এফ-এর ফাউন্ডার মেম্বার। আই এম এফ-এর কাছে ভারতবর্ষে কি শর্তে কত টাকা ধার নিয়েছে সেইগুলি নানা রকমভাবে এখানে বলা হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্ট মাননীয় মুখ্যমন্ত্রীর সল্ট লেকের বাড়িতে সভা করেছেন। কারণ ১১টি প্রোজেক্ট ওয়ার্ল্ড ব্যাঙ্কের পশ্চিমবাংলা চলছে। তারা কি শর্তে এখানে করছেন সেই ব্যাপারে আমাদের প্রশ্ন আছে। এক সময় ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রেসিডেন্ট যাতে কলকাতার পদার্পণ করতে না পারে তার জন্য আপনারা কি করেছিলেন, কি ঘটনা ঘটিয়ে ছিলেন? পশ্চিমবাংলায় বন্ধ ডেকে দিলেন, ছাত্র যুবকদের লেলিয়ে দিয়ে ছিলেন যাতে ম্যাকনামারা কলকাতায় না আসতে পারে তার ব্যবস্থা করেছিলেন। এখন ওয়ার্ল্ড ব্যাঙ্কের বিভিন্ন প্রকল্প নিয়ে প্রতিদিন আলোচনা করছেন। পশ্চিমবাংলায় ১১টি মেজর প্রকল্পে ওয়ার্ল্ড ব্যাঙ্ক সরাসরি টাকা দিচ্ছে। আই এম এফ-এর কাছ থেকে ভারতবর্ষ কি শর্তে টাকা নিয়েছে সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার বারে বারে বলেছেন, ভারতবর্ষ বিক্রি করে না কি শর্তে সেটা আলোচনা হয়েছে। ভারতবর্ষের দায়িত্ব

সম্পর্কে সচেতন হয়ে তারা বাজেট তৈরি করছেন। পশ্চিমবাংলায় কি হচ্ছে? পশ্চিমবাংলার দিকে যদি আমরা দেখি তাহলে দেখবো চলতি বছরে ১৯৯২-৯৩ সালে পশ্চিমবাংলার যোজনা বরাদ্দ হয়েছিল ১৫০১ কোটি টাকার। এটা এখন কোথায় এসে দাঁড়িয়েছে? ৮০৭ কোটি টাকায়। এখন তাও হবে কিনা সন্দেহ আছে।

[1-50 — 2-00 p.m.]

একটা রাজ্য তার প্ল্যান আউটে লে বরাদ্দ করেও তার ৪০০ কোটি টাকায় পৌঁছাতে পারবে কিনা এইরকম একটা পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছে। আরও আশ্চর্যের কথা যে, রাজ্য সরকারের যে বাৎসরিক আয়, সেখানে ৪ হাজার ৭০০ টাকা কর্মচারিদের মাহিনা এবং ঋণ শোধ করতে প্রায় তার শতকরা ৯০ ভাগ বাড়িয়ে যাচ্ছে। সরকারি কর্মচারিদের মাইনে দিতে গিয়ে এবং ইন্টারনাল ডেবট এর ঋণ পরিশোধ করতেই টাকা ফুরিয়ে যাচ্ছে এবং ফলে রাজ্যের অর্থনৈতিক অগ্রগতি সম্পূর্ণ স্তব্ধ হয়ে গেছে। পশ্চিমবঙ্গের অর্থনীতি সম্পূর্ণভাবে ব্যাঙ্করাপ্ট হয়ে গেছে। কেন্দ্রীয় সরকার যে কোটি কোটি টাকা দিচ্ছেন সেই দপ্তর পাচ্ছে না। দপ্তরের মন্ত্রীদের ৫০ ভাগ টাকা পেতেও হিমসিম খেতে হচ্ছে। এরজন্য বার বার ক্যাবিনেট মিটিং হচ্ছে, মন্ত্রীদের সঙ্গে দফায় দফায় অর্থমন্ত্রীর মিটিং হচ্ছে এবং প্রত্যেকটি দপ্তরের মন্ত্রীর সঙ্গে আলাদা আলাদাভাবে আলোচনায় বসতে হচ্ছে, কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। আসলে বাজেট বরাদ্দের টাকা আপনারা দিতে পারছেন না। গত ১৬ বছরে আপনারা প্ল্যান আউটলে কোনও তৈরি করতে পারেন নি। রাজ্যের পরিকল্পনা সব কিছুই বন্ধ। ঘাটতিশূন্য বাজেট চমক দেখাতে গিয়ে সমস্ত দপ্তরের কাজকর্ম বন্ধ হয়ে গেছে। আবগারি শুল্ক, চুঙ্গিকর, বিক্রয় করের উপরে আরও কর আরোপ করবেন বলেছেন। তারপরে যোজনা বহির্ভূত খাতে কিছু দেবেন আর কিছু কমিয়ে দেবেন। এবং আপনার ব্যালেন্স ডেফিসিট করার পরিকল্পনা আছে, কিন্তু এত সব করেও এই বছরে জিরো ডেফিসিট বাজেট করতে পারবেন না। রাজ্যে দিক থেকে যা নির্দেশ তাতে দেখা যাচ্ছে আরও হাজার কোটি টাকার ঘাটতি পশ্চিমবঙ্গকে উপহার দিচ্ছেন। এরজন্য আবার নতুন করে ঋণ নিতে হচ্ছে এবং সেই ঋণ পরিশোধও করতে হবে। এরফলে আপনি জিরো ডেফিসিট বাজেট করতে আপনি সক্ষম হবেন না। আজকে যে বিরাট ঋণ হচ্ছে সেই ঋণ পরিশোধ করতে আগামীদিনে ঘাটতি শূন্য বাজেট করা সম্ভব হচ্ছে না। আমরা দেখছি ১৯৯০-৯১ সালে সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা যা ছিল তাতে অ্যাডিশনাল রিসোর্স মবিলাইজেশনের ক্ষেত্রে ১৩৭৭ কোটি টাকা কম হয়েছে। প্রতি বছর যে টারগেট থাকে সেই টারগেট থেকে ১৩৭ কোটি টাকা কম হয়েছে এবং সেই টাকাটা অ্যাডিশনাল রিসোর্স মবিলাইজেশন আপনারা করতে পারছেন না। যোজনাখাতে রাজ্যের বরাদ্দকৃত অর্থ খরচ করতে না পারায় আমরা দেখতে পাচ্ছি যে, বড় শিল্প, মাঝারি শিল্পে সমস্যা বেড়েছে এবং বেকারত্বের সংখ্যাও বেড়েছে, একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে। ডাঃ অসীম দাশগুপ্ত তার বাজেট বক্তৃতায় ২টি বছরেই দুই প্যারাতেই একই কথা উপস্থাপিত করেছেন। তিনি ১৯৯০-৯১ সালে বাজেট বক্তৃতায় ১৯ নং প্যারাতে বলেছেন যে, পশ্চিমবঙ্গের মোট নথিভুক্ত বেকারের সংখ্যা ৪০ লক্ষ এবং ১৯৯১-৯২ সালের বাজেট বক্তৃতায় বলেছেন পশ্চিমবঙ্গের বেকারের সংখ্যা বেড়ে হয়েছে ৫০ লক্ষ। অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতা থেকেই বলছি, তার বক্তৃতা অনুসারে দেখা যাচ্ছে যে, পশ্চিমবঙ্গে প্রতি বছরে ১০ লক্ষ করে বেকার

নথিভুক্ত হয়েছে। সুতরাং প্রতি ইয়ারে ১০ লক্ষ বেকার নথিভুক্ত হচ্ছে। আর রাজ্য সরকারের পক্ষ থেকে এমপ্লয়মেন্ট হচ্ছে কত—তা হচ্ছে ৮ থেকে ১০ হাজার করে গড়ে।

৫০ লক্ষ বেকারের কর্মসংস্থান-এর সুযোগ সৃষ্টি করতে কি যুগযুগ ধরে সময় লেগে যেতে পারে এটা অনুমান করা যায়। এই দেউলিয়া রাজ্য সরকার যোজনা কমিশনের পায়ে ধরে ১৫০১ কোটি টাকা থেকে কমিয়ে ৭০১ কোটি টাকা করলেন, আবার ৭০১ থেকে কমিয়ে ৪০০ করার কথা বলছেন, আবার ৪০০ থেকে কমে কোথায় গিয়ে যে দাঁড়াবে তা জানি না। আজকে রাজ্যের উন্নয়ন যেভাবে স্তব্ধ হয়ে গেছে তাতে বাংলার মানুষের কাছে রাজ্যের অর্থমন্ত্রীকে জবাবদিহি করতে হবে। আজকে বাংলার মানুষ পদে পদে উপলব্ধি করতে শুরু করেছে যে আরও বেশি এদের কাছ থেকে প্রত্যাশা করা যায় না। স্বল্প সঞ্চয় সম্পর্কে রাজ্য সরকার বার বার একটা অভিযোগ করছেন—আমি নিজেও ভেবেছিলাম অসীম বাবুর সঙ্গে এই ব্যাপারে আলোচনা করব—কেন্দ্রীয় সরকারের একটা সিদ্ধান্তের জন্য সারা ভারতবর্ষে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে দেড় হাজার থেকে দুই হাজার কোটি টাকা আর্থিক ক্ষতি হচ্ছে, পশ্চিমবাংলার জন্য সেখানে ক্ষতি হচ্ছে ৪৪৪ কোটি টাকা। ১৯৯১-৯২ সালে বাজেটে রাজ্য সরকারের আবগারি শুল্কের ক্ষেত্রে অতিরিক্ত পাওনা হয়েছে। ৫৬.২৫ কোটি টাকা, ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে পাওনা হয়েছে ৩৯.৪৭ কোটি টাকা। আমরা তো বার বার বলেছি পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে যোজনা কমিশনের কাছে চলুন, তাদের সঙ্গে আলোচনা করে দেখি স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যে নীট আয় তার শতকরা ৭৫ ভাগ রাজ্য সরকার পায় ঋণ হিসাবে, কিন্তু এই ঋণ কি ভাবে শোধ করবেন সেটা ভাবছেন না, কেবলমাত্র বলছেন, স্বল্প সঞ্চয়ের সুদের হার কমিয়েছে বলে ব্যাঙ্কগুলি আলাদা করে বন্ড ছাড়ছে, এসব না বলে কিভাবে ঋণ শোধ করবে সেটা না বলে এসব বলে আর চিৎকার করে কোনও লাভ নেই। আপনারা ঘাটতিশূন্য বাজেট দেখিয়ে চমক দেখিয়ে পশ্চিমবাংলার সর্বনাশ করেছেন। কেন্দ্রীয় সরকারের প্রকল্পে ম্যাচিং গ্রান্টের টাকা না দেওয়ার জন্য কোনও কেন্দ্রীয় প্রকল্প রূপায়িত হতে পারছে না, আজকে রাজ্য সরকার তো দেউলিয়া অবস্থায় সম্পূর্ণ দিক নির্দেশহীন হয়ে পিয়ারলেসের কাছ থেকে টাকা ধার নিয়ে চলছে, পিয়ারলেস যে টার্মস ডিকটেড করছে, রাজ্য সরকার সেই অনুযায়ী চলছে, এর চেয়ে কলঙ্কজনক ঘটনা আর কি আছে। ভারতবর্ষের কোনও রাজ্য সরকার নন-ব্যাঙ্কিং প্রতিষ্ঠানের কাছ থেকে ধার নিয়ে চলেনি, এখানে আপনারা যে কেলেঙ্কারি স্থাপন করেছেন, সেটা পশ্চিমবাংলার পক্ষে কলঙ্ক এবং রাজ্য সরকার আর্থিক অবস্থাকে যে জায়গায় নিয়ে গিয়েছেন তাতে সাধারণ মানুষ ক্ষুব্ধ, তারা মনে করছে এবং আমরাও মনে করছি রাজ্যের এই আর্থিক ক্ষেত্রে পরিচালনার দায় এই অর্থমন্ত্রীর হাতে থাকা নিরাপদ নয়, সেই কারণে এই অর্থমন্ত্রীর আজকে রাজ্যের অর্থমন্ত্রী হিসাব থাকার কোনও অধিকার নেই। তিনি নিজেকে পন্ডিত ব্যক্তি বলে মনে করছেন, আসলে তার হাতে পড়েই রাজ্যের অবস্থা দেউলিয়া হয়ে গেছে, সেইজন্য আর তার রাজ্যের অর্থমন্ত্রী হিসাবে থাকার কোনও অধিকার নেই, তাই আমরা তার পদত্যাগ দাবি করছি।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী নিমর্ল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কংগ্রেসি সদস্য ডাঃ মানস ভুঁইয়া

এবং তার সহযোগীরা যে প্রস্তাব মুভ করেছেন, সেই ব্যাপারে আমি বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি তারা বলেছেন, রাজ্য সরকার উন্নয়নের গতিকে স্তব্ধ করে দিচ্ছেন, এটা হওয়া উচিত ছিল কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তারা যদি এই ধরনের প্রস্তাব উত্থাপন করতেন তাহলে রাজ্যবাসী আনন্দিত হতেন। এবং তারা যাদের হয়ে প্রতিনিধিত্ব করছেন, তাদের মতামতকে আরও মুর্যাদা দিতে পারতেন। আমাদের রাজ্য যুক্তরাষ্ট্রীয় শাসন ব্যবস্থার একটি অন্যতম অঙ্গরাজ্য। আমাদের দেশের যে অর্থনীতি বিশেষ করে কেন্দ্রীয় সরকার সম্প্রতি ঘোষণা করেছেন বাণিজ্য নীতির ফলে গোটা দেশে যে অস্থিরতা দেখা দিয়েছে তাতে আমরা একটা চরম অর্থনৈতিক সঙ্কটের মধ্যে এসে পড়েছি, যার ফলে দেশ আজকে একটা চরম অর্থ সঙ্কটের মধ্যে পড়েছে। কেন্দ্রীয় অর্থনীতির ফলে আজকে জিনিসপত্রের দাম হু হু করে বাড়ছে, উন্নয়নের কাজ আজকে স্তব্ধ হয়ে যাচ্ছে। কারণ উন্নয়নের জন্য যা যা দরকার তার সমস্ত কিছুর দাম কেন্দ্রীয় সরকার বাড়িয়ে দিয়েছেন। যখন ফেব্রুয়ারি মাস আসে, তখন ভারতবর্ষের সমস্ত মানুষের মনের মধ্যে উদ্বেগ সৃষ্টি হয়। কারণ ফেব্রুয়ারি মাসের শেষের দিকে কেন্দ্রীয় সরকার বাজেট পেশ করেন। ইতিমধ্যে তারা যে বাজেট পেশ করেছেন, তাতে নিম্নবিত্তদের একেবারে সর্বনাশ করে ছেড়েছেন। সেখানে পশ্চিমবঙ্গ সরকার এই যে যুক্তরাষ্ট্রীয় অর্থনৈতিক ব্যবস্থা মধ্যে দাঁড়িয়ে, সীমাবদ্ধ সাংবিধানিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে রাজ্যবাসীর কল্যাণ এবং গতিকে ধরে রাখার জন্য যে চেষ্টা করছেন সেটার জন্য বরং বামফ্রন্ট সরকারের অভিনন্দন পাওয়া উচিত ছিল। রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কংগ্রেস এখানে অন্ধের মতো বিরোধিতা করে চলেছেন বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে। কারণ এখানে সাংঘাতিকভাবে উন্নয়ন চলছে। কিন্তু বামফ্রন্ট গভর্নমেন্ট কখনই বলছে না উন্নয়ন দারুণ হয়েছে। কংগ্রেসি বন্ধুদের বলি যেখানে সমালোচনা করা দরকার আছে সেখানে সমালোচনা করুন, কিন্তু সব জায়গায় অন্ধের মতো বিরোধিতা করবেন না। এবারের বাজেটে কেন্দ্রীয় সরকারের অর্থনীতির যে বহিঃপ্রকাশ ঘটেছে তাতে দেশের সর্বনাশ হয়ে গেছে। বাজেটের আগেই কেন্দ্রীয় সরকার কয়লা, কেরোসিন, চিনি প্রভৃতি দাম বাড়িয়ে দিলেন। এই বৃদ্ধির চাপে শুধু পশ্চিমবাংলার মানুষ নয়, গোটা ভারতবর্ষের মানুষ আজকে কুব্জ হয়ে যাবে। আজকে রাজ্য সরকার যেভাবে এগিয়ে চলার চেষ্টা করছেন সেইভাবে কেন্দ্রীয় সরকারেরও সহযোগিতা করা দরকার। কেন্দ্রীয় সরকারের রাজনৈতিক দল যে সমস্ত রাজ্যে ভারতবর্ষে শাসন ক্ষমতায় আছেন, সেই সমস্ত রাজ্যের মানুষের তারা সর্বনাশ করে দিয়েছেন। যেমন আসামের সর্বনাশ হয়ে গেছে, পাঞ্জাবের সর্বনাশ হয়ে গেছে, কাশ্মীরে রাষ্ট্রপতি শাসন চলছে, এইসবের জন্য আপনারা দায়ী। এখন পশ্চিমবাংলায় যে উন্নয়ন চলছে তার জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না, অথচ এখান থেকে কোটি কোটি টাকা তারা নিয়ে যাচ্ছেন। আপনারা কেন্দ্রীয় সরকারকে বলুন ২৫ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার নেবে, আর ৭৫ ভাগ টাকা রাজ্যের জন্য খরচ হবে। এই রকম করতে পারলে জনগণ আপনাদের সাথে আছে। এই রাজ্যের পাট থেকে কেন্দ্রীয় সরকার ৩০০ থেকে ৪০০ কোটি টাকা বিদেশি মুদ্রা অর্জন করে, চা থেকে ৫০০ কোটি টাকা বিদেশি মুদ্রা অর্জন করে। কিন্তু সেই উত্তরবঙ্গের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার দৃষ্টি দেন না। রাজীব গান্ধী যখন এখানে এসেছিলেন তখন বলেছিলেন 'পশ্চিমবঙ্গালকে সরকার উত্তরবঙ্গকে লিয়ে কুছ নেহি কিয়া হ্যায়'। কংগ্রেস যে শাসন করছে সেই শাসন আজকে মীর্জাফরের শাসনে পরিণত হয়েছে। আই এম এফ থেকে লোন নিয়ে, আপনারা খাল কেটে কুমির ডেকে

এনেছেন এবং ১৯৪৭ সালে যখন দেশ ভাগ হল, সেই দেশ ভাগের দায়িত্ব কংগ্রেসের এবং তার পরবর্তী কালে লক্ষ লক্ষ যে উদ্বাস্তু পশ্চিমবাংলায় এল তাদের পুনর্বাসনের কোনও ব্যবস্থা কি কংগ্রেস সরকার করেছে? এর জবাব তাদের দিতে হবে।

এবং জেনে রাখুন যারা প্রস্তাব এনেছেন, তাদের উদ্দেশ্যে বলছি আর মাত্র ৮০/৮৫ দিন আপনাদের অপেক্ষা করতে হবে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট গভর্নমেন্ট কিভাবে চলছে, তার অর্থনীতি, তার যে সদিচ্ছা, পরশ সর্বত্র পৌছে দেবার জন্য তার চেষ্টা সেই চেষ্টার প্রতি মানুষ আনুগত্য প্রকাশ করে কি করে না, সেটা ৮০/৮৫ দিন পরেই আগামী পঞ্চায়েত নির্বাচনে প্রমাণিত হবে। আগামী ৮০/৮৫ দিন পরেই ১৫টা পৌরসভার নির্বাচন, সেই নির্বাচনে পশ্চিমবাংলার জনগণ রায়ে দেবে। আপনাদের অপেক্ষা করতে হবে এবং নিশ্চিত ভাবে জেনে রাখুন পশ্চিমাবাংলায় আপনাদের স্থান নেই। কারণ আপনারা উন্নয়নে ব্যাপারে অন্ধ বিরোধিতা করে চলেছেন, যেখানে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করে কেন্দ্রীয় সরকারের যে অর্থনীতি, কেন্দ্রীয় সরকারের যে বাণিজ্য নীতি, কেন্দ্রীয় সরকারের যে সর্বনাশা মানুষ মারা নীতি, তার যে ঐ উন্নয়নের গতি স্তব্ধ করে দেবার জন্য সমস্ত পরিকল্পনা, তার বিরুদ্ধে এই পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষের সঙ্গে আপনারা সোচ্চার হোন, আপনাদের শুভ বুদ্ধির উদ্রেক হোক এই কথা বলে আপনারা যে প্রস্তাব এনেছেন, পশ্চিমবাংলার মানুষ সেটা প্রতিহত করবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় ডাঃ মানস ভুঁইয়া এবং কংগ্রেসের কতিপয় সদস্য যে প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা এখানে উত্থাপন করতে চাই। মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া যে কথা বলেছেন, আর্থিক সঙ্কটের কথা, আমি শুধু তার কাছে একটা আবেদন করব প্রথমে—আমি প্রথমে যে অনুরোধ করতে চাই, মাননীয় বিরোধী সদস্যদের কাছে যে আপনারা যে কথা বলেছেন অর্থনৈতিক সঙ্কটের প্রশ্নে, প্রথমে আপনাদের একটা বিষয় স্বীকার করে নেওয়া ভাল, সেই বিষয়টা হল এই, আপনারা যে বক্তব্য এখানে বলার চেষ্টা করছেন, মাননীয় সুদীপবাবু যে কথা বলেছেন যে ঘাটতি শূন্য বাজেটের জন্য নাকি, আমাদের রাজ্যে এই অবস্থা দাঁড়িয়েছে। আমি শুধু একটা তথ্য তাদের কাছে তুলে ধরছি।

আমাদের রাজ্যে ৮৪-৮৫ সাল থেকে ৮৯-৯০ সাল পর্যন্ত এই সপ্তম যোজনার পাঁচ বছরের পরিকল্পনা খাতে বরাদ্দের যে লক্ষ্য মাত্রা ছিল তা হচ্ছে ৪ হাজার ১২৫ কোটি টাকা। বাস্তবে তা অতিক্রম করে ১০৯ পর্যন্ত পূর্ণ করা সম্ভব হয়েছে এবং এটা সম্ভব হয়েছে, আমাদের রাজ্যের অর্থনীতিতে একটা পরিকল্পিত উদ্যোগ আছে বলে এবং সরকারের পক্ষ থেকে সেই পরিকল্পিত উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে। আমি পাল্টা আপনাদের কাছে এই প্রশ্ন রাখতে চাইছি যে ৯০ মাসের পর থেকে কি ঘটনা ঘটল সারা ভারতবর্ষের অর্থনীতির যার জন্য আমাদের রাজ্যের স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে এবং শুধু আমাদের রাজ্যের ক্ষেত্রে নয়, বামফ্রন্ট শাসিত যে রাজ্যগুলো নয়, তার বাইরেও যারা ছিলেন ৪০ শতাংশ করে তাদের উপর অর্থনৈতিক আঘাত দাবিয়ে আনা হল। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে সেখানে একটা বড় আঘাত হানা হয়েছে। আমি শুধু আপনাদের এই কথা জিজ্ঞাসা করি, যারা আপনারা বন্দেমাতরম

বলে দেশ মাতার বন্দনা করেন, আই এম এফ-এর শর্তের কাছে নির্লজ্জভাবে আপনারা আত্ম সমর্পণ করলেন, কি সেই শর্ত? আপনারা চিৎকার করে বলেন যে আপনারা আই এম এফ-এর শর্তের কাছে আপনারা মাথা নত করেন না। আই এম এফ শর্ত দিয়ে এই কথা বলেছিল যে আমাদের যদি এই ধরনের মিউচুয়াল ফান্ডগুলোর ক্ষেত্রে তাদের প্রাইভেটাইজেশনের দিকে যেতে না দেওয়া হয় তাহলে সেই ক্ষেত্রে আই এম এফ সেই শর্তে তারা ঋণ দিতে রাজি নয় এবং আপনারা একের পর এক মিউচুয়াল ট্রাস্টগুলোকে নষ্ট করে আমাদের রাজ্যের স্বল্প সঞ্চয়কে নষ্ট করে এই প্রাইভেটাইজেশনকে আপনারা উৎসাহিত করেছিলেন, সামগ্রিক ভাবে গোটা দেশের চিত্র ৪০ শতাংশ সারা রাজ্যগুলো ক্ষতিগ্রস্ত হল এবং আমাদের রাজ্যের উপর একটা বড় আঘাত নেমে এল এবং সেই আঘাতের ফলে আমাদের রাজ্যের বাজেটের ক্ষেত্রে আমাদের পরিকল্পনা খাতে তার ব্যয় বরাদ্দ তাকে ছাঁটাই করতে হল এবং এই ঘটনা প্রায় সারা ভারতবর্ষের চিত্রে ঘটেছে। আমার দ্বিতীয় কথা হল মাননীয় সদস্য সুদীপ বাবু বললেন একটু আগে যে আপনারা কেন পিয়ারলেসের কাছে গেলেন?

[2-10 — 2-20 p.m.]

আমরা পিয়ারলেস বা অন্য কোনও বিষয়ে কোনও সাফাই গাইতে চাই না। আমরা সরকার পক্ষ থেকে এ কথা বলতে চাই না যে, যে সঙ্কট নেমে এসেছে, যে অর্থনৈতিক সঙ্কটের সঙ্গে সারা ভারতবর্ষ অঙ্গাঙ্গিভাবে জড়িত তার থেকে আমরা মুক্ত আছি। আমাদের রাজ্যের জনগণের যে দাবি আছে, আমাদের জেলাগুলির যে উন্নয়নের প্রশ্ন আছে সেই দাবি এবং প্রশ্নে আমরা সকলের সঙ্গে সহমত পোষণ করি। কিন্তু আমি সবিনয়ে এই প্রশ্ন করি স্বাধীনতার পর কবে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর রাজ্যের পাওনা ২১৫ কোটি টাকা কেটে নিয়েছেন, যা বর্তমান কেন্দ্রীয় অর্থমন্ত্রী করেছেন? স্বাধীনতার পর প্রথম এই জিনিস হয়েছে। এবং এই কাজের তিনি লিখিত কোনও জবাব দিতে পারেন নি। আমাদের অর্থমন্ত্রী তাকে টেলিফোন করার পর তিনি টেলিফোনে এবিষয়ে প্রশ্নের উত্তরে একটা কথাই বলেছেন, আমার কোনও উপায় নেই, আমি আই এম এফ-এর কাছে যে শর্তে ঋণ নিয়েছি তাতে আমি আপনাদের বরাদ্দকৃত টাকা আর বরাদ্দ করতে পারছি না। আমি আপনাদের কাছে দৃঢ়তার সঙ্গে বলছি—লিখিতভাবে ২১৫ কোটি টাকার যোজনা পরিষদ থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেই টাকা কেটে দেওয়া হয়েছে। স্বাধীনতার পর, জওহরলাল নেহেরুর সময় থেকে কখনও এই জিনিস হয় নি। এখানে প্রবীণ সদস্য জয়নাল আবেদিন সাহেব আছেন, তিনি নিশ্চয়ই জানেন, তিনি বলুন এর আগে কখনও এই জিনিস হয়েছে কিনা? অবশ্য শুধু যে পশ্চিমবঙ্গ সরকারের ক্ষেত্রেই এই জিনিস হয়েছে, তা আমরা বলছি না। সামগ্রিকভাবে সমস্ত রাজ্যগুলির ওপর এই আঘাত নামিয়ে আনা হয়েছে। ২১৫ কোটি টাকা কেটে নেওয়ার পর আমাদের রাজ্যের পরিকল্পনা বরাদ্দ যা ছিল স্বাভাবিকভাবে তা কমে গেল। এটা তো আপনারা সকলেই অবগত আছেন। মাননীয় প্রবীণ সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব আশা করি এটা জানেন আমাদের পরিকল্পনা ছাঁট-কাট হওয়ার পেছনে সামগ্রিক সমস্যাটা কোথায়। তারপরেও আমরা কি দেখলাম? পরবর্তী পরিকল্পনার সময়েও ৭১ কোটি টাকা কাটা হল। আমরা বলছি, এক্ষেত্রে শুধু আমাদের রাজ্যকেই বঞ্চিত করা হয় নি, সারা ভারতবর্ষের প্রতিটি রাজ্যেকেই বঞ্চিত করা হয়েছে। সুতরাং আপনারা ঐ কথা বলবেন না যে. শুধ মাত্র পশ্চিমবাংলায় এই

অবস্থার সৃষ্টি হয়েছে। আপনারা গলার জোরে এই কথাই বলার চেষ্টা করছেন যে, পশ্চিমবাংলার উন্নয়ন বন্ধ হয়ে গেছে, আর সারা ভারতবর্ষের উন্নয়নের রথকে আপনারা খুব জোরে এগিয়ে নিয়ে যাচ্ছেন! আমি একটা তথ্য দিয়ে মানসবাবুকে এই কথা বলতে চাই যে, আপনি জোর গলায় একজিট পলিসি নিয়ে ঢাক পেটালেন, আপনারা জোর গলায় সারা ভারতবর্ষে প্রাইভেটাইজেশনের পক্ষে বক্তৃতা করছেন, তাহলে আপনাদের পলিসির মধ্যে দিয়ে জি ডি পি, গ্রস ডোমেস্টিক, প্রোডাক্ট ১.৪%-এর বেশি পাওয়া যাচ্ছে না কেন? মানসবাবু অনেক তথ্য দিলেন, অথচ বললেন না যে, গত বছর থেকে আমাদের শিল্পে যে মন্দা দেখা দিয়েছে তা পূর্বে কখনও দেখা যায় নি। এটাই তো হচ্ছে সবশেষ তথ্য। আজকে একজিট পলিসির জন্য বেকার ভাইদের মধ্যে হতাশা নেমে এসেছে। আপনাদের গৃহীত সর্বনাশা নীতির ফলে আগামী দিনে জনগণের সমস্যা আরও তীব্র আকার ধারণ করবে। প্ল্যান বাজেটে রুর‍্যাল ডেভেলপমেন্টের জন্য বলা হচ্ছে ৩২% ধরা হয়েছে! অথচ তার কোনও প্ল্যান অ্যালোকেশন নেই, কোনও পরিকল্পনা রচনা করা হয় নি। মাননীয় ধীরেশ ভট্টাচার্য বলেছেন, ওদের ঐ কথা, ওটা ভেগ্। মনমোহন সিং এক্সাইস ডিউটি এবং কাস্টম ফি কমিয়ে দিয়েছেন। এতে কি হবে? যে সমস্ত জিনিসে এটা করা হয়েছে তাতে কি ইনফ্রেশন কমবে? না বরঞ্চ ইনফ্রেশন বাড়বে। সারা ভারতবর্ষের অর্থনৈতিক মন্দা আরও ঘনিভূত হয়ে উঠবে। সুতরাং আপনাদের কতগুলো বস্তা পচা বুলির মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের বিরুদ্ধে বিষোদগার থেকে আপনারা বিরত হন। কৌশল করে পশ্চিমবঙ্গ বিরোধী যে সমস্ত কথা আপনারা বলছেন তাতে আমি আপনাদের বলি যে,—

তোমার সে আশায়
হানিব বাজ,
জিনিব যে তাকে রণে।।

পশ্চিমবাংলার মানুষ, পশ্চিমবাংলার পঞ্চায়েত অর্থনৈতিক ক্ষেত্রে আবার জোয়ার সৃষ্টি করবে, এই আশা প্রকাশ করে এই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রথমেই সরকারি পক্ষের সদস্যদের ধন্যবাদ জানাই যে, তারা এই প্রস্তাবের ওপর কোনও অ্যামেন্ডমেন্ট দেন নি। অর্থাৎ মানসিক দিক থেকে এবং অবাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে তিনি এই প্রস্তাবের সঙ্গে সহমত পোষণ করেন। তিন দলীয় রাজনৈতিক স্বার্থে এই পঙ্গু সরকারকে মরিয়া হয়ে বাঁচানোর চেষ্টা তার জন্য বিতর্কে অংশ গ্রহণ করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খুব ধৈর্য সহকারে সরকারি দলের মাননীয় সদস্যদের এবং মাননীয় মন্ত্রী শ্রী বংশগোপাল চৌধুরি মহাশয়ের বক্তব্য শুনলাম। দুঃখের বিষয় উনি গত বছরের ডেটাগুলি রেফার করেছেন, কিন্তু লেটেস্ট ফিগারগুলি দেন নি। ইনকমিক সার্ভে, মাননীয় অমিয়বাবু যে ডেটাগুলি বললেন ইকনমিক সার্ভে ১৯৯২-৯৩ এর ডেটা নয়, এগুলি সংশোধন করে নেবেন, এই মাসের এর উত্তরগুলি দিচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পাত্র বললেন কেন্দ্রীয় সরকারের গৃহীত অর্থনীতিতে দেশ পঙ্গু হয়ে যাচ্ছে, আমাদের কাছ থেকে ভারত সরকারের পক্ষ থেকে সম্প্রতি বাজেট

পাসের দিন যে ইকনমিক সার্ভে এসেছে তার থেকে কোট করে বলছি। টোটাল আই ডি পি BOP crisis is over and we are now having the reserve of 13,688 crores reserved stock. So, Indian economy is now in a sound position to combat any situation of the country under the able leadership of Dr. Manmohan Sinha and Prime Minister Shri P.V. Narasimha Rao......

১.২ থেকে বেড়ে হয়েছে ৪ পারসেন্ট, রেফার ইকনমিক সার্ভে ১৯৯২-৯৩, ইনফ্লেশন রেট ১৬.৭ পারসেন্ট ১৯৯১ সালের অগস্টে ছিল সেটা এখন দাঁড়িয়েছে ৭ পারসেন্ট, রেফার ইকনমিক সার্ভে ১৯৯২-৯৩, আই এন জি মাননীয় পাত্র মহাশয় একটু নোট করুন এটা বেড়েছে রেফার ইকনমিক সার্ভে ১৯৯২-৯৩ ইন্ডাস্ট্রিয়েল গ্রোথ রিমারকেবল ক্রস মাইনাস টু ফোর পারসেন্ট। এগ্রিকালচার প্রোডাকশন ৫ পারসেন্ট ইনক্রিজ হয়েছে ১৯৯২-৯৩ ব্যালেন্স অফ পেমেন্ট ক্রাইসিস has over and we are now having the reserve of a 13,688 crores.

এবারে আমি আমার প্রস্তাবে আসছি, এটা একটা বিপদজনক অবস্থা তাই গভীর সঙ্কটের মধ্যে দিয়ে রাজ্য চলছে, কেন চলছে, আমি আবার বলছি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের গৃহীত সিদ্ধান্ত সারা ভারতবর্ষে হাততালি যে মরিয়া প্রচেষ্টা সেখান থেকে এটার জন্ম। তিনি ম্যাসাচুয়াস ইউনিভার্সিটির পোস্ট ডক্টরেট, উনি আমেরিকান কনসেপ্টের ইকনমিস্ট বামপন্থী অর্থমন্ত্রী। কিন্তু বামফ্রন্ট মন্ত্রী সভার অর্থমন্ত্রী মহাশয় এই দুটি স্ববিরোধী অর্থনৈতিক এবং রাজনৈতিক অবস্থায় স্যানডুইচ হওয়ায় আমাদের এই যন্ত্রণার শরিক হতে হয়েছে। কেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথম থেকে বলি, এই বিপদজনক খেলাটা শুরু হয়েছিল সিক্সথ প্ল্যান থেকে। এই সরকারের সময়ে বারদ্দ ছিল ২৪৩২৭ কোটি টাকা, খরচ হয়েছিল ১০৬৬ কোটি টাকা, সিক্সথ প্ল্যানে করতে পারেন নি, তারপর সেভেন্থ প্ল্যানে প্রথম ধাপে রাজ্য ৩৫০০ কোটি টাকা পেয়েছিল, সিক্সথ প্ল্যানে খরচ করতে পারা যায় নি বলে সেভেন্থ প্ল্যানে যে ৭ হাজার কোটি টাকা হোত সেটা হল না। সেভেন্থ প্ল্যানে পাওয়া গেল মাত্র ৪১২৫ কোটি টাকা, ফলে আমরা আরও পিছিয়ে গেলাম, ১৯৯০-৯১ অ্যানুয়াল প্ল্যান আউট লে, যোজনা কমিশন মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলে ১৩২৮ কোটি টাকা হল, শেষ হল ১১৫০ কোটি টাকা, ১৭৭ কোটি ৩৫ লক্ষ টাকা খরচ করতে পারলেন না।

[2-20 — 2-30 p.m.]

১৯৯১-৯২ সালে অ্যানুয়াল প্ল্যান আউটলে ঠিক হয়েছিল ১৪৮৬ কোটি টাকা, পরে রিভাইজড করে ঠিক হল ১২৭৭ কোটি টাকা। কিন্তু সেটাও খরচ করতে পারলেন না, খরচ করলেন ৫৮৯ কোটি টাকা। ফলে রাজ্য এক ধাপ নেমে গেল। ১৯৯২-৯৩ আর্থিক বছরে আর্থিক যোজনা ১৫০১ কোটি টাকা ঠিক হয়েছিল। আমার কাছে লেটেস্ট ফিগার আছে, শুনলে আপনার চেয়ার নড়ে উঠবে সব কিছু যদি বলি। এই ফিগার থেকে দেখতে পাবেন, এই তাত্বিক অর্থমন্ত্রী কি বিপজনক অবস্থার মধ্যে নিয়ে গেছেন এই রাজ্যকে। এরা একটি পয়সারও অ্যাডিশনাল রিসোর্স মবিলাইজড করতে পারেননি। সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেছেন ৪০০ কোটি টাকা আজকে রি-অ্যাডজাস্ট না করতে পারার ফলে ১৯৯২-৯৩ সালে এই

৪০০ কোটিতেই শেষ হবে কিনা সন্দেহ দেখা দিয়েছে, এদিকে সারা ভারতবর্ষকে উনি হাত তুলে বলছেন জিরো ডেফিসিট বাজেট। কিন্তু এটা একটা বঞ্চনা, একটা ধাপ্পা। একটি একটি করে আমি হিসাব দিচ্ছি। ১৯৮৭-৮৮ সালে কত ঘাটতি দিয়ে শেষ হয়েছে? ২৬ কোটি ৩ লক্ষ টাকা দিয়ে শেষ হয়েছে। ১৯৮৮-৮৯ সালে ১০ কোটি ৫৮ লক্ষ টাকার ঘাটতি দিয়ে শেষ হয়েছে, ১৯৮৯-৯০ সালে ৯৩ কোটি ২৭ লক্ষ ঘাটতি দিয়ে, ১৯৯০-৯১ সালে জিরো ডেফিসিটি বাজেট—১৫ কোটি ৪৪ লক্ষ টাকার ডেফিসিট দিয়ে, ১৯৯১-৯২ সালে ৫৪ কোটি ৫৫ লক্ষ টাকার ঘাটতি দিয়ে শেষ হয়েছে। আর ১৯৯২-৯৩ বাজেট, আপনি জানেন, ৪২ কোটি টাকার ঘাটতি দিয়ে শুরু হয়েছে, বোধ হয় ৩০০-৪০০ কোটি টাকার ঘাটতি দিয়ে শেষ হবে। ফলে বাংলার উন্নয়ন আজকে স্তব্ধ হয়ে গেছে, বাংলার মানুষ আজকে পিছিয়ে পড়ছে। বাংলার উন্নয়ন আজকে স্তব্ধ পানীয় জল থেকে শুরু করে স্বাস্থ্য পরিষেবার কাঠামো সব চুরমার ৫২ লক্ষ বেকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে মাথা কুটছে, সেচ দপ্তরে বেতন দিতে কান্নাকাটি করছেন মন্ত্রী। প্রতিটি দপ্তর আজকে এইরকম একটা বিপজনক অবস্থার মধ্যে দাঁড়িয়েছে। যেখানে ৮০ ভাগ মানুষ গ্রামে বাস করেন সেখানে ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচি একটা গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ইনডেক্স। আজকে ভারতবর্ষের ২৫টি রাজ্য এবং ৭টি কেন্দ্রীয় শাসিত রাজ্যের মধ্যে ২০ তম স্থান নিয়েছে পশ্চিমবঙ্গ। যে পশ্চিমবঙ্গ এক্ষেত্রে চতুর্থ বা পঞ্চম স্থানে ছিল, আজকে নামতে নামতে ২০ তম স্থানে গিয়ে পৌছেছে। কর্মসূচি ইমপ্লিমেন্টেশন, গ্রাম উন্নয়ন—সর্বক্ষেত্রে ২০ তম প্লেস সিকিওর করেছে পশ্চিমবঙ্গ, এটা রাজ্যের লজ্জা, আপনার আমার লজ্জা। আজকে শুধুমাত্র দুই তিনটি ক্ষেত্র ছাড়া ২০ দফা কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে বেঙ্গলের পারসেন্টজ অফ পারফরমেন্ট হল ৩৯ পারসেন্ট, আর পোজিশন ২০ তম। ২৫টি রাজ্য এবং ৭টি কেন্দ্রীয় শাসিত রাজ্যের মধ্যে ওভারঅল পারফর্মেন্সের পারসেন্টেজ হচ্ছে ৩৯ পারসেন্ট, তাই এই প্রস্তাব নিয়ে এসেছিলাম। আমি আশা করেছিলাম মাননীয় অর্থমন্ত্রী এখানে এর উত্তর দেবেন এবং মন্ত্রী সভার গুরুত্বপূর্ণ আধিকারিকগণও এর উত্তর দেবেন। আজকে এই রাজ্য দেউলিয়া। আজকে এই রাজ্যে শিল্প, শিক্ষা, কৃষি, সেচ-ব্যবস্থা, গ্রাম উন্নয়ন বেকারত্ব দূরীকরণ, শিল্প পুনর্গঠন—সর্বক্ষেত্রে একটা ব্যর্থতা এসেছে, নেগেটিভ ফেজে চলছে রাজ্য। আজকে কেন্দ্রীয় সরকারের অনুসৃত অর্থনীতি, অনুসৃত শিল্পনীতি হচ্ছে একটা আর্থিক দিক নির্দেশ। এটা কোনও রাজনৈতিক লড়াই এর ব্যাপার নয়। রাজ্যের স্বার্থে আজকে আমাদের এই ব্যাপারে চিন্তা-ভাবনা করতে হবে। আমি তাই এই সভা থেকে আবেদন করব, এই প্রস্তাবের বিরোধিতা করবেন না, সাদরে গ্রহণ করে মন্ত্রী সভার উপর, তাত্বিক অর্থমন্ত্রীর উপর চাপ সৃষ্টি করুন, কারণ আজকে পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে। যেখানে আজকে বাংলার অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করেছেন, এমনিতেই ঘাটতিশূণ্য বাজেটের নামে ঋণে জর্জরিত করে ভিক্ষার পাত্র নিয়ে যোজনা কমিশনের কাছে হাত পেতে দাঁড়িয়েছেন। আজকে বাংলার অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করার চেষ্টা করেছেন। কাজেই আগামীদিনের ভবিষ্যতের জন্য, আগামীদিনের গ্রামবাংলা, গ্রামবাংলার মানুষের জন্য, আগামীদিনের পঞ্চায়েতের কাজকর্মকে রূপায়ণের জন্য, আগামীদিনের কর্মসূচিকে স্বার্থক ভাবে রূপায়ণের জন্য আমরা চাপ সৃষ্টি করতে চাই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে, অর্থমন্ত্রীর বিরুদ্ধে। কাজেই আগামীদিনে দিনে গ্রামবাংলার মানুষের কথা ভেবে আমাদের সঙ্গে এই প্রস্তাবকে আপনারাও সমর্থন করবেন, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Manas Bhunia that—এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য

করছে যে—

যেহেতু রাজ্য সরকার সমগ্র পশ্চিমবঙ্গের উন্নয়নের অগ্রগতিকে স্তব্ধ করে দিয়েছে ;

যেহেতু রাজ্য সরকার তার ভ্রান্ত অর্থনৈতিক নীতির ফলে অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ করতে ব্যর্থ হয়েছে ;

যেহেতু রাজ্য সরকার ১৯৯২-৯৩ সালের আর্থিক যোজনার লক্ষ্য মাত্রা পূরণ করতে পারছে না ; এবং

যেহেতু রাজ্যের মানুষ চরম অর্থনৈতিক সঙ্কটের সম্মুখীন এবং পাশাপাশি উন্নয়ন চূড়ান্তভাবে অবহেলিত।

অতএব এই সভা রাজ্য সরকারের উক্ত গৃহীত সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করছি এবং জনমুখী অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের দাবি জানাচ্ছে was then put and lost.

## MOTION UNDER RULE 185

**Shri Lakhsman Seth :** Sir, I beg to move that—

'এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে—

যেহেতু আন্তর্জাতিক অর্থভান্ডারের ঋণের শর্তাবলির কাছে আত্মসমর্পণ করে কেন্দ্রীয় সরকার সম্প্রতি চিনি এবং কয়লার দাম তীক্ষ্ণভাবে বৃদ্ধি করেছে ;

যেহেতু প্রস্তাবিত রেল বাজেটে ব্যাপক হারে যাত্রীভাড়া ও মাসুলের হার বৃদ্ধি করা হয়েছে ;

যেহেতু এর ফলে সাধারণ মানুষ সরাসরি ক্ষতিগ্রস্ত হবেন, এবং সর্বস্তরে উৎপাদন খরচ বৃদ্ধি এবং সামগ্রিক মূল্য বৃদ্ধির কারণে আরও ক্ষতিগ্রস্ত হবেন ;

যেহেতু এর ফলে কেন্দ্রীয় সরকারের নীতি এবং আন্তর্জাতিক শর্তাবলি দ্বারা সৃষ্ট আর্থিক সঙ্কটের বোঝা পুনরায় চাপবে সাধারণ মানুষের ওপর ;

অতএব এই সভা এই কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রশাসনিক মূল্য বৃদ্ধির এবং প্রস্তাবিত রেলভাড়া ও মাসূল বৃদ্ধির তীব্র বিরোধিতা করছে, এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই সিদ্ধান্ত ও প্রস্তাবগুলি প্রত্যাহারের দাবি জানাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আলোচনার পরে আমি আমার জবাবি ভাষণ রাখব।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য লক্ষ্মণ শেঠ ও অন্যান্যরা যে প্রস্তাব এখানে এনেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি। এই প্রস্তাব তারা অজ্ঞানতা বশত এনেছেন। আমি সেই ব্যাপারে দু'একটি মৌলিক কথা বলব। এটা ঠিক যে যেকোনও

জিনিসের দাম বাড়ানোর সিদ্ধান্ত কখনই জনপ্রিয় হতে পারে না। কিন্তু যারা সরকার চালান তাদের পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে তাল মিলিয়ে অনেক সময়ে জিনিসের দাম বাড়াতে হয়। পশ্চিমবঙ্গের রাজ্য সরকার গত ১৬ বছরে পাঁচবার বাসের ভাড়া বাড়িয়েছেন। ১০ বার দুধের দাম বাড়িয়েছেন, বিদ্যুতের দাম ৬ বার বাড়িয়েছেন। আমরা সমালোচনা করলেও এটা বুঝতে পারি যদি স্টেট ট্রান্সপোর্টে লোকসান বেড়ে যায়, যদি ট্রামে লোকসান বেড়ে যায়, কয়লার দাম বেড়ে যাওয়ার জন্য যদি বিদ্যুতের দাম বেড়ে যায়, যদি দুধ প্রোকিওরমেন্ট করতে পয়সা বেশি লাগে তাহলে দাম বাড়াতে হয়। মূর্খ বামফ্রন্টের সদস্যরা বাসের ভাড়া বাড়াতে হাততালি দিয়ে অভিনন্দন জানায়, আমরা সমালোচনা করলে, আন্দোলন করতে সেই আন্দোলনের উপর গুলি চালায়। আজকে প্রস্তাব আনা হয়েছে যে দাম কমাতে হবে। আপনি জানেন স্যার, ওরা না জানলেও যে দাম বাড়ার ব্যাপারে সারা পৃথিবীর দৃষ্টান্ত থেকে দেখা যেতে পারে যে এত দিন ধরে সোভিয়েত রাশিয়ায় যে মডেল ছিল সেটা হল পুরোপুরি নিয়ন্ত্রিত অর্থনীতি। দাম যাতে পুরোপুরি নিয়ন্ত্রণে থাকে, যাতে তার কোনও প্রভাব না পড়ে সেটা সোভিয়েত রাশিয়ায় চালু হয়। ২০ বছরের মধ্যে সেখানে মাংসের দাম বাড়েনি, মাইনে এক ছিল। ওরা সেখানে একটা কন্ট্রোল্ড অর্থনীতি গড়ে তুলে ছিল। দেখা গেল সেই কন্ট্রোল্ড ইকনমির মধ্যে ফাঁক ছিল এবং সোভিয়েত ভেঙ্গে পড়ল। সেই অর্থনীতির কোমরে কোনও জোর ছিলনা। আজকে কন্ট্রোল্ড অর্থনীতির বিপর্যয় দেখতে পাচ্ছি। চীনে অর্থনৈতিক ক্ষমতা নিয়ন্ত্রণে রেখে তারা আস্তে আস্তে পুরানো অর্থনীতির দিকে যাচ্ছে। বাজারের দাম, চাহিদা এবং যোগানের উপর দাম নিয়ন্ত্রণ হয় এবং সেখানে সরকারের একটা ভূমিকা থাকে। পুরোপুরি নিয়ন্ত্রণগত নয় তবুও সরকারের একটা ভূমিকা আছে। মডারেটিং ইনফ্লুয়েন্স সরকার সেখানে ব্যবহার করে। আমাদের ক্ষেত্রে এটা খুব গুরুত্বপূর্ণ যে সরকার কি ভূমিকা গ্রহণ করবেন। আমাদের দেশে কেন্দ্রীয় সরকার অনেক প্রতিষ্ঠান চালান যেগুলি লোকসানে চলে। সেখানে লোকসান হলে তার লোকসানের ভরতুকি কে দেয়? কেন্দ্রীয় সরকার বাজেট থেকে দেয়। আমরা দেখেছি যে আমাদের ভারতবর্ষে কেন্দ্রের বাজেটের একটা বড় অঙ্ক তিনটি খাতে চলে যায়। একটা হচ্ছে ডিফেন্স-প্রতিরক্ষা দ্বিতীয় হচ্ছে সাবসিডি—ভরতুকি, তৃতীয় হচ্ছে ইন্টারেস্ট—সুদ দিতে। আমরা ডিফেন্সের টাকা পয়সা কমাতে পারি না। কিন্তু ভরতুকি এবং ইন্টারেস্ট যদি বছরের পর বছর বাড়তে থাকে তাহলে দেখা যায় যে আমাদের আয়ের সাথে ব্যয়ের তাল রাখে না। তার ফলে বাজেট ডেফিসিট বৃদ্ধি পায়, বাজেট ঘাটতি বৃদ্ধি পায়, ফিসকাল ডেফিসিট, অর্থনৈতিক ঘাটতি এটা বৃদ্ধি পায়।

তার ফলে মুদ্রাস্ফীতি হয়, জিনিসপত্রের দাম বাড়ে। জিনিসপত্রের দাম বাড়লে সরকারের হাতে কৃত্রিম নিয়ন্ত্রণ রেখে যে টাকা ভরতুকি দেবে সেই টাকা আপনার বাজেট ডেফিসিট হয়ে আসছে এবং সেই ঘাটতির ফলে দেশে সামগ্রিক ভাবে ইনফ্লেশন বেড়ে যায়, মুদ্রাস্ফীতি বেড়ে যায়। মনমোহন সিং এসে যে কাজটা চিত্তাকর্ষকভাবে করতে পেরেছে তা হল তিনি বাজেট ঘাটতি কমিয়েছেন, ফিসকাল ডেফিসিট কমাবার কয়েকটি পদক্ষেপ নিয়েছেন। সেই পদক্ষেপের মধ্যে দিয়ে ভরতুকি কমানো হয়েছে। ভরতুকি কমানো কখনও প্রিয় হতে পারে না, কিন্তু সেখানে একটা সমতা রাখতে হয়। সারের উপর যদি ভরতুকি কমায় তাহলে সেই সারের উপর ভরতুকি কমানোর ফলে সারের প্রয়োজনীয় চাহিদা কমে যাবে না, সারের চাহিদার জন্য

কৃষি উৎপাদন কমে যাবে না। দামের চাপে পড়ে কৃষি উৎপাদন যাতে কমে না যায় এই ব্যালেন্স আনাই হচ্ছে অর্থনীতিবিদ্‌দের কাজ। আমি বলতে চাই মনমোহন সিং একই মূল্য রেখে একটা অসাধারণ কাজ করেছেন, সেটা আমি এর পর বলব। আজকে আপনারা জানেন সাবসিডি কয়েকটি খাতে নিয়ে থাকে, তার মধ্যে মেজর সাবসিডি হচ্ছে ফার্টিলাইজার।

সারের ক্ষেত্রে সাবসিডি যে দেওয়া হয় সেটা গত বছরে ইউরিয়াতে ১০ পারসেন্ট কম দেওয়া হয়েছিল এবং দেখা গেছে সারের ক্ষেত্রে সত্যিসত্যি অবটেক কমে যাচ্ছে। আরেকটি বড় সাবসিডি দেওয়া হয় পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম। আপনারা যে মার্কেট প্রাইজ মেকানিজিমের কথা বললেন তাতে একটা অসুবিধা হচ্ছে যে, দরিদ্রলোকদের এরদ্বারা প্রোটেক্ট করা যাচ্ছে না। তাই গত বছর থেকে ডঃ মনমোহন সিং ঘোষণা করেছেন যে ৪ লক্ষ গ্রামে পাবলিক ডিস্ট্রিবিউশন নেট ওয়ার্ক শুরু করবেন। এই বছরের ফুড সাবসিডির বাজেটটা পড়ুন তাতে দেখবেন ২৮ কোটি টাকার থেকে বেড়ে ৩৮ কোটি টাকা করা হয়েছে। ফুড গ্রেন্স প্রাইস এবং ফুড আর্টিকেল প্রাইস এটাকেও ঠিকমতো নিয়ন্ত্রণ রাখা হয়েছে। চালের দামটা নিয়ন্ত্রণে রাখার জন্যই এটা করা হয়েছে। কিন্তু একটা মজার ব্যাপার যে, চাল যারা তৈরি করেন তাদের কস্ট অফ প্রোডাকশন এখনও পর্যন্ত আমাদের দেশের ব্যুরো অফ এগ্রিকালচারাল প্রাইস কমিশন দাম স্থির করে দেয়। চাল এবং গমের সংগ্রহ মূল্যও ওরা ঠিক করে দেন। প্রোকিওরমেন্ট প্রাইসের এবং ইস্যু প্রাইসে যদি বাড়াতে হয় তাহলে সাবসিডি বাড়াতে হয় তাহলে এই সাবসিডি বাড়িয়ে দেওয়ার দরুন ঘাটতি বেড়ে যাচ্ছে। এই কারণে ডঃ মনমোহন সিং গত ৩ বছর ধরে ফিসক্যাল কারেকশন করার চেষ্টা করে আসছেন। আমি যেকথা আগে বলেছিলাম তা হচ্ছে যে, ৩টি জিনিসের দাম বাড়ছে। কত বাড়ছে এবং তার কি ইন্ডাস্ট্রিয়ল পারপাস সেটা বলে তারপরে জন্য জায়গায় যাচ্ছি। কয়লার দাম ৪২ থেকে ৪৬ পার টন বেড়েছে অর্থাৎ ১২.৮ পারসেন্ট বেড়ে গেছে। কিন্তু এতে মনে রাখবেন ডোমেসটিক কোক, সফট্ কোক এইসবের দাম বাড়ানো হয় নি। ইন্ডাস্ট্রিয়াল পারপাসে যে কয়লা ব্যবহৃত হয় তার দামই বেড়েছে। তারফলে ৩৬৪ পার টন কোল ইন্ডিয়া পাবে। ব্যুরো অফ ইন্ডাস্ট্রিয়াল কস্ট অ্যান্ড প্রাইস কমিশন কয়লার ইনপুট কস্ট বাড়িয়ে যাচ্ছে। এই টাকার দাবি যদি না বাড়ায় তাহলে কোল ইন্ডিয়াকে টাকা ফেরত দিতে হবে এবং সেখানে যাতে ফেরত দিতে না হয় তাই কয়লার দাম বাড়িয়েছেন। এতে সাধারণ মানুষের কি হবে? অনেকেই বলেছেন এতে জিনিসের দাম বাড়বে ইত্যাদি ইত্যাদি। পাওয়ারে প্রতি ইউনিটে ইলেক্ট্রিসিটি তৈরি করতে ২.৯ পয়সা বেশি খরচ হয়। আরেকটি ইমপ্যাক্ট হচ্ছে হোলসেল কনজিউমার প্রাইস ইনডেক্স। এখানে ইমপ্যাক্ট মোট বেড়েছে ২ পারসেন্ট। রেশনে যে জিনিসের দাম বাড়ানো হয়েছে তা কত বাড়ানো হয়েছে ৬.৯০ থেকে ৮.৩০ পয়সা। আমাদের চাষীরা গত এক বছর ধরে মার খেয়েছিল। হঠাৎ সুগারক্যানের দাম পড়ে গিয়েছিল, সুগারক্যান প্রোডাকশন ফল করে গিয়েছিল এবং সেক্ষেত্রে আগামী বছর সুগার ইমপোর্ট করতে হত। সেটা যাতে করতে না হয় সেইকারণে এই বছরে স্ট্যাটুটারি মিনিমাম প্রাইস অর্থাৎ এম এম পি ২০ পারসেন্ট করা হয়েছে। ২৬ থেকে ৩১ এটা করা হয়েছে। আরেকটা জিনিস করা হয়েছে সেটা হচ্ছে যে, লেভি অন ফ্রি সেলে যে মিলগুলো আছে তাতে যে সুগার ক্যান দেয় তাদেরকে ৮০ পারসেন্ট লেভি দিতে হবে। তাতে করে ক্যান গ্রোয়ারসরা বেশি দাম পাবে এবং ফলে

অনিবার্যভাবে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে দাম বাড়ানো হয়েছে। এবং এর দায়দায়িত্ব পুরোপুরি সরকারের উপরে বর্তেছে। আপনারা চোরকে বলবেন চুরি করতে আর গৃহস্থকে বলবেন সজাগ থাকতে। আপনারা চাষীরা যে জিনিস তৈরি করছেন তাদেরকে বলছেন দাম বাড়াতে আর রেশনে যখন দাম বাড়ছে তখন চিৎকার করছেন। আপনার প্রোকিওরমেন্ট প্রাইস বাড়লেই সেটা কনজিউমারদের উপরে এসে পড়বে এবং সেখানে ইমপ্যাক্ট যে হোলসেল কনজিউমার প্রাইস ইনডেক্স বাড়বে। লাস্ট রেশনে যেটা বেড়েছে, সেটা আমি আগেও বলেছি খুব বেশি বাড়েনি মাত্র ৪ পারসেন্ট এবং এটা খুবই মার্জিনাল।

[2-40 — 2-50 p.m.]

রেলের যে বাজেট প্লেস করা হয়েছে তাতে দেখা যাচ্ছে মান্থলি টিকিটের দাম বাড়ানো হয়েছে, অনেক ক্ষেত্রে দেখা যায় যে আবার ছাড় দেওয়া হয়, এবারেও হবে। শর্ট ডিসটান্সের উপর কিছু ছাড় দেওয়া হয় প্রতি বছরেই। রেলের যদি এটা না বাড়ানো হত তাহলে আবার সরকারকে সাবসিডি দিতে হত ওভারঅল সিক্স সেভেন পারসেন্ট রেলের ১০ শতাংশ ভাড়া বেড়েছে আন পপুলার ডিসিসন, যদি ওভারঅল দেশের লোককে দেখা হয় তাহলে আনপপুলার ডিসিসন নেওয়া ছাড়া কোনও উপায় নেই। এর ইমপ্যাক্ট কি দেখুন। কতগুলি জিনিসের দাম কমেছে। মুখ্যমন্ত্রী একটা চিঠি লিখেছিলেন হিন্দুস্থান মোটরস বন্ধ হয়ে যাচ্ছে, এক্সাইজ ডিউটি কমিয়ে দাও, মুখ্যমন্ত্রীকে সম্মান দেখিয়ে মনমোহন সিং এক্সাইজ ডিউটি কমিয়ে দিয়েছেন। ইন্ডাস্ট্রিতে রিসেশন চলছিল, এইগুলি সবই আমাদের দেশের ইন্ডাস্ট্রি এইগুলি বন্ধ হয়ে যেত, জিনিস বিক্রি হত না, কি কি জিনিসের দাম কমানো হয়েছে দেখুন টেক্সটাইলস,কফি, টি, ফ্যান, কাঁচ এইগুলিতে এক্সাইজ ডিউটি কমিয়ে দেওয়া হয়েছে ; কালার টিভি, এয়ার কন্ডিশন, কসমেটিক্স প্লাইউড এইগুলিতে দাম কমানো হয়েছে। এতে কি হবে, আপনার মূল লক্ষ্যটা থাকা উচিত প্রথম হচ্ছে কন্ট্রোল অন ইনফ্লেশন, দ্বিতীয় হচ্ছে কন্ট্রোল অন ব্যালেন্স অফ পেমেন্ট সিচুয়েশন, তৃতীয় হচ্ছে ইকনমিক গ্রোথ। সেই ইকনমিক গ্রোথটা দেখুন যেখানে আপনি প্লান ফান্ডে খরচ করতে পারছেন না, যেখানে ৫০ শতাংশ খরচ এখানে কমানো হয়েছে সেখানে মনমোহন সিং বাপের বেটা তিনি প্ল্যানের খরচ ৩২ শতাংশ বাড়িয়ে দিয়েছেন, রুরাল ডেভেলপমেন্টের জন্য বা গ্রামীণ উন্নয়নের জন্য ৬২ শতাংশ বাড়িয়ে দিয়েছে। আপনারা কথায় কথায় আই এম এফ-র কথা বলেন, আপনারা বুকে হাত দিয়ে বলুন তো ফরেন এক্সচেঞ্জ যদি শর্টেজ থাকে, ক্রাইসিস থাকে তাহলে আই এম এফ থেকে টাকা নেওয়া ছাড়া আর কি কোনও উপায় থাকে? মনমোহন সিং বলেছেন ইন্ডিয়া হচ্ছে আই এম এফ-এর ফাউন্ডার মেম্বার, যখন প্রয়োজন তখন নেওয়া হচ্ছে আবার যখন পারবে তখন শোধ দিয়ে দেবে। এর ফলে একটা উন্নয়ন দেখা দিচ্ছে এবং এই যে মনমোহন সিং যেটা অ্যাচিভ করেছেন সেটা হচ্ছে মিরাকেল। এই যে ফিসকাল ডেফিসিট এটা ৮.৪ পারসেন্ট ছিল অফ জি ডি পি সেই ফিসকাল ডেফিসিট কমানো হয়েছে ফাইভ পারসেন্ট অফ জি ডি পি ইন কারেন্ট ইয়ার। আপনারা ডেফিসিট কমানো সমর্থন করেন কিনা জানিনা তবে শুধু এখানেই নয় ইনফ্লেশন যেখানে ছিল ২১ শতাংশ জুন ৯১ তে সেখানে সেই ইনফ্লেশন ৬.৯ পারসেন্ট কমানো হয়েছে। আপনারা অনেক বললেন ইনফ্লেশন ব্রাজিলের মতো হয়ে যাবে, আর্জেন্টিনার মতো হয়ে যাবে, কিন্তু দেখুন ইনফ্লেশন ভারতবর্ষের মতো দেশে কমে দাঁড়িয়েছে

৬.৯ পারসেন্ট। গ্রোথ ইন ইন্ডাস্ট্রি অ্যান্ড এগ্রিকালচার যদি দেখেন এটা হচ্ছে গোটা দেশের ইকনমিক ইন্ডিকেটরস। গ্রস ন্যাশনাল প্রোডাক্ট কারেন্ট টার্মসে বেড়েছে ১৪ শতাংশ আর ৮৮ সালে হিসাবে দেখা যাচ্ছে ৪.২ শতাংশ বেড়েছে। ফুডগ্রেনস প্রোডাকশন বেড়েছে ৫.৭ শতাংশ, ইন্ডস্ট্রিয়াল প্রোডাকশন বেড়েছে ৪ শতাংশ, আর একটা ম্যাজিক মনমোহন সিং করেছেন, খাদ্যের দাম অ্যাকচুয়ালি কমতে শুরু করেছে। আমি আপনাদের আর একটা হিসাব দিই এটা শুনলে খুশি হবেন।

অ্যানুয়াল রেট অফ ইনফ্রেশন ডিউরিং ১৯৯১ টু ১৯৯২-৯৩, এখানে দেখা যাচ্ছে ফুড গ্রেইনের ক্ষেত্রে অ্যানুয়াল রেট অফ ইনফ্রেশন হচ্ছে ১.৬ পারসেন্ট। নন-ফুড আর্টিকেলস্-এ ৭.৯ পারসেন্ট, ওভার অল হচ্ছে ৬.৮ পারসেন্ট ইনফ্রেশন। ফেব্রুয়ারি মাসে জিনিসপত্রের দাম অ্যাকচুয়ালি যা কমেছে তা ভাবা যায় না। ডেফিসিট কমেছে এবং ইকনমিক ম্যানেজমেন্ট-এর মাধ্যমে দেশের মৌলিক পরিবর্তন করা সম্ভব হয়েছে। তবে দাম বাড়ানো এটা কখনই আমাদের পুপলার ডিসিসন নয়। এই জিনিসপত্রের দাম বাড়ানোর জন্যই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে আমাদের স্ট্রেইনদেইন করতে হবে। আজকে বিড়লারাও রেশনের চাল নিতে পারে, আবার একটা গরিব লোকও রেশনের চাল নিতে পারে। সেইজন্য দেখতে হবে আপার ইনকামের লোকেরা যাতে রেশনের সুবিধা না পায়। পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে আমাদের সাবসিডি দিয়ে চালাতে হয়। এটাকে স্ট্রেইনদেইন করতে হবে যাতে গরিব লোকেরা এর সুযোগ পায়। আই টি ডি পি, জওহর রোজগার যোজনা এইসব জায়গায় বিনা পয়সায় গরিব লোকেরা গম পাচ্ছে। পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম আমাদের স্ট্রেইনদেইন করতে হবে। পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম শুড গো টু দি পুওর অ্যান্ড দি নিডি। আজকে আমরা বলছি আমাদের ফরেন এক্সচেঞ্জ ১৪,০০০ কোটি টাকায় গিয়ে পৌছেছে। আমাদের ব্যালান্স অফ পেমেন্ট পজিশনটাকে আমরা অনেকটা ইমপ্রুভ করেছি। আমরা ইনফ্লেশনটাকে কন্ট্রোল করেছি, আমাদের গ্রোথ শুরু হয়েছে। শত্রুদের মুখে ছাই দিয়ে আবার বলছি, কিছু মানুষের অসুবিধা হয়েছে তার জন্য আমরা দুঃখিত, কিন্তু ইনফ্লেশনকে আমরা কন্ট্রোল করেছি এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, সৌগতবাবু যে কতগুলো তথ্য দিয়ে ইকনমিক সার্ভে থেকে কোট করে এখানে বক্তৃতা দিয়ে গেলেন। তিনি যা কোট করেছেন সেটা সঠিক। তিনি রেট অফ ইনফ্রেশন ৬.৭ পারসেন্ট বলেছেন, কিন্তু সেটা ম্যাথামেটিক্যাল ম্যানিপুলেশন ছাড়া আর কিছুই নয়। যদি অন্তত বিস্তৃতভাবে দেখেন এই যে রেট অফ ইনফ্রেশন যেটা দেখানো হয়েছে সেটা লাস্ট উইক অফ ডিসেম্বরের। ৫২ সপ্তাহের একটা হিসাব করে এখানে দেখানো হয়েছে। গত বছর ⁚.সুন ভালো হয়েছিল, যার ফলে রবিশস্যের ফলন ভালো হয়, রবি শস্যের সাপ্লাই ভালো হয়, ফলে জানুয়ারি মাসের ইনফ্রেশনটাকে ইকনমিক সার্ভের স্ট্যাটিসটিকালে দেখানো হয়েছে। সৌগতবাবু আপনি পেজ ৬৭টা একবার দেখুন। এপ্রিল ১৯৯২ থেকে অক্টোবরের এন্ডে পর্যন্ত যদি আপনি ধরেন, তাহলে দেখবেন ইনফ্রেশন রেট অ্যাকচুয়ালি হচ্ছে ১০.৪ পারসেন্ট। ৬.৭টা হচ্ছে একটা সপ্তাহের হিসাব। এটা

হচ্ছে একটা ম্যাথামেটিক্যাল ম্যানিপুলেশন। আর এই ইনফ্রেশন রেট যেটা কমেছিল তার কৃতিত্ব আপনাদের দলের সরকারের নয়। ফুয়েলের ইনফ্রেশন রেট ১৬.৮ পারসেন্ট, ম্যানুফ্যাকচারড গুডসের ক্ষেত্রে ইনফ্রেশন রেট হচ্ছে ১১ পারসেন্ট। তবে এটা ঠিক আপনাদের প্রধানমন্ত্রী খুব ভাগ্যবান। কারণ প্রকৃতির দয়া তার উপর ছিল। বৃষ্টি মোটামুটি ভালো হওয়াতে ফুড গ্রেইনসের প্রোডাকশন ভালো হয়েছিল। কিন্তু ম্যাথামেটিক্যাল ম্যানিপুলেশন দিয়ে মানুষকে বোকা বানানো যায় না।

আপনি একটা বিতর্ক আমাদের সঙ্গে করলেন যে দাম কমানোর ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের ভূমিকা কি থাকবে। আপনি বলছেন যে আমরা বলছি, সেন্ট্রাল গভর্নমেন্টকে আপনারা কন্ট্রোল করুন। আপনার বক্তব্য আধুনিক অর্থনীতিতে বড় জোর মনিটারিং এর রোল নেবে, টোটাল রোল নিতে পারে না। কিন্তু ঘটনা যেটা ঘটছে, সৌগত বাবু আপনি যা বলছেন সেটাও নয়, আমরা যা বলছি সেটাও নয়। সেন্ট্রাল গভর্নমেন্টের ইন্টারভেনশন হচ্ছে ইন নেগেটিভ ফ্যাশন। কিভাবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত দু বছরের বাজেটে এক্সাইজ ডিউটি বাড়ানো এবং কমানো অর্থাৎ সরকার জিনিসের দাম বাড়ানোর ক্ষেত্রে যে ভূমিকা বাজেটে নেয়, প্রধানত ডিউটির মাধ্যমে। গত বছর এক্সাইজ ডিউটিতে ২ হাজার ২১০ কোটি টাকা বাড়তি বসিয়েছিলেন, এবার ছাড় দিয়েছেন ১২৪৯ কোটি টাকা। অর্থাৎ দু বছরে বাজেটে সরকার দাম বাড়ানোর ক্ষেত্রে ট্যাক্স, বসিয়েছেন মাত্র ৯৬১ কোটি টাকা। প্রশংসার যোগ্য হয়েছে। আর ঠিক এই দু বছরের মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন এবং জেনে নিশ্চয়ই বিস্মিত যে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস হাইক এই দু বছরে হয়েছে ১৪ হাজার ৫৩৫ কোটি টাকা। একটা সরকার বাজেটে দু বছরে ট্যাক্স বসায় ৯৬১ কোটি টাকা আর বাজেট কে এড়িয়ে, পার্লামেন্টকে এড়িয়ে, জনগণকে এড়িয়ে দু বছরের সরকার দাম বাড়িয়ে দিয়েছে ১৪ হাজার ৫৩৫ কোটি টাকা। সরকার যা ট্যাক্স বসায়, তার মাত্র ৬.৬ পারসেন্ট হচ্ছে বাজেটে, আর বাকি ৯৩.৪ পারসেন্ট হচ্ছে পার্লামেন্টকে এড়িয়ে, অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস হাইক করে। এবং আপনি খুলুন সাত বা আট পৃষ্ঠায়, যেখানে প্রাইস বলা হয়েছে, সেখানে আপনি দেখুন আলাদা করে দেখানো হয়েছে, যেখানে এই সরকারি ফতোয়ার দাম বাড়ানোর ফলে ইনফ্রেশন এর উপর এফেক্ট পড়েছে ৫০ শতাংশের ওপর। অর্থাৎ এই মুহূর্তে যে রেট অব ইনফ্রেশন, তার ৫০ পারসেন্ট হচ্ছে কেন্দ্রীয় সরকারের অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস হাইকের জন্য। আপনার ঐ বই আমি কোট্ করছি, এই ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের ইন্টারভেনশন নেগেটিভ? আমরা আপনাদের হাত জোড় করে বলছি সোভিয়েত ইউনিয়ন হতে হবে না, চায়না হতে হবে না, মনিটার করতে হবে না, দোহাই এই নেগেটিভ ইন্টারভেনশন বন্ধ করুন। আমাদের চাষীরা গত বছর ক্ষেত ভরে ফসল ফলিয়েছে। আমাদের শ্রমিকরা কারখানায় যথেষ্ট মাল উৎপাদন করেছে। ইনফ্রেশন রেট ন্যাচারালি নামতো। নামলো না, ওদের ১৪ হাজার ৫৩৫ কোটি টাকার আই এম এফ এর কথা অনুযায়ী মনমোহন সিংহের ট্যাক্স তোলার কারণের জন্য উনি বলছেন আই এম এফ-এর কাছে তো যাবই, আমাদের আপত্তি নেই সৌগত বাবু। ফাউন্ডার মেম্বার যাবেন না? আমাদের আপত্তির জায়গাটা কনডিশন্যালিটি মানছিনা। কিসের কারণে ওখানে মাথাটা বিক্রি করে দিয়ে চলে আসছেন? বলছেন আমাদের অর্থনীতির অগ্রগতি ঘটেছে? আপনিও ইকনমিক সার্ভে খুলুন। আমরা ফর্মালি ইন ডেবট

ট্র্যাপ। নেট ইনফ্লো যা হচ্ছে, আমাদের ফরেন অ্যাসিস্ট্যান্স এবং এবং কমার্শিয়াল লোন, আমাদের নেট আউট ফ্লো তার থেকে গত বছর বেশি হয়েছে, আপনার ঐ ইকনমিক সার্ভেতে তার উল্লেখ আছে। স্যার বাইরে থেকে গত বছর যা ধার এবং সাহায্য পেয়েছি তার থেকে বেশি টাকা আমাদের বিদেশকে পুরানো ধার শোধ করতে চলে গেছে। আপনি আই এম এফ-এর কাছে পায়ের নখ থেকে মাথার চুল পর্যন্ত বিক্রি হয়ে আছেন, আপনার আদার কোনও সোর্স নেই আই এম এফ ছাড়া যাওয়া! গিয়েছিলেন তো, আপনাদের প্রধানমন্ত্রী গিয়েছিলেন তো জাপানে, শুকনো ফেরত আসতে হয়েছে। ওয়েস্ট জার্মানিতে ভিক্ষা পাত্র নিয়ে দাঁড়িয়েছিল, ফ্রান্সে গিয়ে ভিক্ষা পাত্র নিয়ে দাঁড়িয়ে ছিলেন, কেউ দেয়না। তার কারণ হচ্ছে একটা দেশ যে ফর্মালি ডেবট স্ট্যানে পড়ে গেছে, পুরানো ধার শোধ করার যার ক্ষমতা নেই, তাকে নতুন করে ধার কেউ দেয় না। একমাত্র আই এম এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক ছাড়া। উনি ফিসক্যাল ডেফিসিটের কথা বলছেন। আমি জানি না ৩২ হাজার কোটি টাকা থেকে ফিসক্যাল ডেফিসিটি লাফিয়ে উঠে গেল ৩৬ হাজার কোটি টাকায়। উনি বলছেন এতে আমাদের অগ্রগতি হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করব শুধু একটা কথা বলে, এক্সাইজে ছাড় দিয়েছেন, আমি সৌগতবাবুকে আর একবার বলব এবারের বাজেট আপনি ফলো করুন। ছাড় দেবার সবচেয়ে বেশি অ্যামাউন্ট এক নং হচ্ছে ক্যাপিট্যাল গুডস ইনক্লুডিং রেফ্রিজারেটার, এয়ার কন্ডিশনর—নাম্বার ওয়ান গুডস। দু নম্বর হচ্ছে মোটর ভিহিকলস এর পার্টস, তিন নম্বর হচ্ছে সুজুকি, টয়োটা, এরা তো জ্যোতি বসুর বন্ধু এবং তিন নম্বরে আইটেম হচ্ছে ইলেক্ট্রিক্যাল মেশিনারি ড্রাই সেলস, রেডিও অ্যান্ড টি ভি সেটস—গরিব মানুষের স্বার্থ দেখার জন্য ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে? এবং যে সর্বনাশটা এর মধ্যে করা হল—আমাদের স্মল সেভিংস ইউনিট ছিল, যাদের তৈরি করা মালের উপর এতদিন এক্সাইজ বসতো না, নতুন করে মনমোহন সিং সেই এক্সাইজ বসিয়েছেন ২০০ কোটি টাকার নতুন কর, উনি বসিয়ে দিয়েছেন স্মল সেভিংস ইউনিট এর ক্ষেত্রে। কাজেই স্যার যে বাজেট হয়েছে তা অতীতের কুৎসিত অর্থনৈতিক নীতির প্রতিফলন। মাথার চুল থেকে পা পর্যন্ত আই এম এফ-এর কাছে বিকিয়ে যাওয়া একজন অর্থমন্ত্রীর বাজেট এটা। তার ফলে জিনিসপত্রের দাম বাড়বে, শুধু একটাই প্রশ্ন আপনাদের কাছে, আজকে ৩২ শতাংশ প্ল্যানিং এর কমিটমেন্ট করেছেন। ইনকামে আপনাদের আসার কোনও জায়গা নেই। কাজেই আপনাদের কাছে বিনম্র জিজ্ঞাসা যে কে আগে পালাবে, আপনাদের গোটা মন্ত্রীসভাটা, না অর্থমন্ত্রী একাই, এটা একটু জানিয়ে দিলে আমাদের বুঝতে সুবিধা হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে লক্ষ্মীকান্ত দে এবং অন্যান্য সদস্যরা যে প্রস্তাব এনেছেন এই প্রস্তাবে সরকারি দলের যারা সদস্য আছেন, তারা এটাকে প্রস্তাব বললেও, আমার মনে হয় এটা প্রস্তাব নয়, এটা হচ্ছে সেই পুরানো দীর্ঘদিনের বস্তা পচা স্লোগান। বামপন্থীরা চিৎকার করে যে স্লোগানটি দেন, শুধু আজকে নয়, বহুদিন থেকে আপনাদের অভ্যাস, সেই বস্তা পচা স্লোগান ভাঙ্গা রেকর্ডের মতো বাজিয়ে চলেছেন। আমি একটু পিছনের দিকে যেতে বলতে চাই। বিশ্বব্যাঙ্ক অথবা আই এম এফ আগে—ভারতবর্ষের স্বাধীনতার পরে—তখন স্লোগান দিয়েছিলেন যে পি এল ৪৮০ থেকে ঋণ নিয়েছেন—তখন আপনাদের দল বিভক্ত হয়নি, কমিউনিস্ট পার্টি বিভক্ত হয়নি—কলকাতার

রাজপথের ধারে মিছিল দেখেছি, স্লোগান শুনেছি পি এল ৪৮০-র জন্য আমেরিকার কাছে দেশ বিক্রি হয়েছে এই বলে স্বাধীনতার পর থেকেই এই স্লোগান দিয়ে চলেছেন, বস্তা পচা স্লোগান। কিন্তু শত্রুর মুখে ছাই দিয়ে আমরা সেই পি এল ৪৮০-র ঋণ কড়ায় গন্ডায় শোধ করে দিয়েছি, যাঁতাকলে পিষ্ট হতে হয় নি। ভারতবর্ষ, ভারতবর্ষের জায়গাতেই দাঁড়িয়ে আছে। আমরা আমাদের ঋণ শোধ করে দিয়ে ভারতবর্ষকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে গেছি। পরবর্তীকালে যখন বিশ্বব্যাঙ্কের ঋণ নিয়েছিলাম তখন ঐ একই স্লোগান তুলেছিলেন। যেদিন ম্যাক্নামারা এসেছিলেন সেদিন দমদম এয়ারপোর্টে তাকে নামতে দেওয়া হয়নি, কলকাতায় রাজপথ বন্ধ করে দেওয়া হয়েছিল। আজকে প্রশ্ন করছি বামফ্রন্ট সরকারের আজকে যে ১১টি প্রকল্প চলছে বিশ্ব ব্যাঙ্কের টাকায়। লজ্জা করেনা আজকে বলতে পারছেন না, সেদিন প্রেসটন সাহেব কলকাতা শহরে কার সঙ্গে মিলিত হতে এসেছিলেন? মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায়ের সঙ্গে নয়, মাননীয় জ্যোতি বসু মহাশয়ের সঙ্গে আলোচনা হয়েছিল, কি শর্তে টাকা নিয়েছেন? আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় কলকাতায় রাস্তায় জলের কল বসছে না? শর্ত মেনে নিচ্ছেন না। কলকাতায় স্বরাজ মাজদা গাড়ি কিনেছিল বিশ্বব্যাঙ্কের কাছে নতি স্বীকার করেন নি? আই এম এফের কথা বলে বাজার গরম করার চেষ্টা করছেন। মাননীয় মানব বাবুকে দেখলে দুঃখ হয়, কথাগুলি বলে ওকে অপমান করেছেন, অপমান করেছেন ৮৬ কোটি ভারতবর্ষের মানুষ। আমরা বিশ্বব্যাঙ্ক এবং আই এম এফ, পি এল ৪৮০ থেকে ঋণ নেব ঋণ নিয়ে ভারতবর্ষের ৮৬ কোটি মানুষের জন্য যোগ্য জায়গা তৈরি করব। আজকে জিনিসের দাম বাড়বে, বেড়েছেও যথেষ্ট। যাইহোক ট্যাক্স বাড়লে মানুষের অসুবিধা হবে। আপনি বলুন, আপনার নিজস্ব অভিজ্ঞতা আছে, সারা পৃথিবীতে কমিউনিস্ট দেশগুলি যে কন্ট্রোল ইকনমি পরিচালিত করত জিনিসের দাম এক জায়গায় থাকলে—সবাই দেখেছেন, ইতিহাসে যা বলে—সেই কন্ট্রোল ইকনমি দেশের অর্থনীতিকে ধরে রাখতে পারেনি, দেশটা ভেঙ্গে পড়েছে কেন ভাঙ্গছে? কি জন্য লেনিন, গরবাচভ ধরে রাখতে পারেন নি, সোভিয়েত রাশিয়ার পতন ঘটছে।

[3-00 — 3-10 p.m.]

পাশাপাশি আজকে চিন দেশকে বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে দেশের উন্নয়ন করতে হচ্ছে। ভিয়েতনামকে বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে দেশের উন্নয়ন করতে হচ্ছে। তারা শুধু বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিচ্ছে তা নয়, আই এম এফ-এর সদস্য পদের জন্য দাবি জানাচ্ছে। মুদ্রাস্ফীতি রোধ করার জন্যই আজকে কেন্দ্রীয় বাজেটে ঘাটতির পরিমাণ কমিয়ে আনা হচ্ছে। আর এখানে রাজ্য সরকার জিরো ডেফিসিট বাজেটের নামে বছরবছর গিমিক দিচ্ছে। ঘাটতি শূন্য বাজেটের নামে এখানে যা করা হচ্ছে আসলে তা সত্য নয়। সুদীপবাবু তথ্য দিয়ে বলে গেছেন, আসলে ওটা একটা গিমিক্। মনমোহন সিং কেন্দ্রীয় বাজেটে ঘাটতির পরিমাণ কমাবার যে চেষ্টা করেছেন তা কেউ অস্বীকার করতে পারেন না। দেশে উৎপাদন বৃদ্ধির কথা মেনে নিয়েও মানববাবু বললেন—ভগবানের দয়ায় বৃষ্টি হয়েছে বলেই উৎপাদনে উন্নতি হয়েছে। তাই যদি হয় তাহলে ঐ কথা পশ্চিমবাংলার ক্ষেত্রেও প্রযোজ্য। পশ্চিমবাংলায়ও উৎপাদন বৃদ্ধি পেয়েছে ভগবানের দয়ায় এবং জ্যোতিবাবুর সেখানে সস্তা হাততালি নেবার কোনও সুযোগ থাকছে না।

দ্বিতীয়ত চাহিদা এবং সরবরাহের মধ্যে সমতার সম্বন্ধে সৌগতবাবু বলেছেন। সারা ভারতবর্ষে চাহিদা এবং সরবরাহের মধ্যে সমতা আনার জন্য নতুন করে সিস্টেম ইন্ট্রোডিউস করা হচ্ছে। এর মধ্যে দিয়ে দ্রব্য মূল্য বৃদ্ধির হার কমছে। অথচ এখানে মানববাবু এবং আরও অনেকে ইনফ্লেশনের কথা বলেছেন এবং অঙ্কের জাগ্লারির কথা বললেন। আমি পরিষ্কার বলছি, ১৯৯১ সালে যেখানে রেট অফ ইনফ্লেশন ছিল ১৬.৭% সেখানে থেকে তা বেড়ে বেড়ে ২১.৬% পর্যন্ত উঠেছিল। কিন্তু তা ৯২ সালের জুলাই মাসে ১২% থেকে ১৪% নেমে গেল এবং ৯৩ সালের জানুয়ারি মাসে তা ৬.৮% নেমে এসেছে। আজকে পরিকল্পনা মাফিক ভারতবর্ষের অর্থনীতিকে আসতে আসতে কন্ট্রোল করে আনা হচ্ছে এবং এর থেকে আসতে আসতে জিনিসপত্রের দাম কমিয়ে আনার চেষ্টা হচ্ছে। অর্থনীতিকে সাধারণ মানুষের গ্রহণ যোগ্য করা হচ্ছে। বাজেটে এমন কতগুলো জিনিসের ওপর কর ছাড় দেওয়া হয়েছে যেগুলো বেসিক ইন্ডাস্ট্রির কাজে লাগে। এরফলে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ বৃদ্ধি পাবে। ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ হলেই ইকনমি কন্ট্রোল হবে। মানুষের বেশ কিছু ভোগ্যপণ্যর ওপর কর ছাড় দেওয়া হয়েছে। এর ফল হিসেবে আমরা বুঝতে পারছি আপনারা যে দ্রব্য মূল্য বৃদ্ধি নিয়ে কটাক্ষ করছেন সেটা রোধ করা সম্ভব হচ্ছে। ইতিমধ্যেই অনেক জিনিসের দাম কমতে আরম্ভ করেছে এবং রেট অফ ইনফ্লেশন কমতে আরম্ভ করেছে। তাই আজকে যে প্রস্তাব আনা হয়েছে, এই প্রস্তাব একটা সস্তা স্লোগান বলে একে আমি সমর্থন করতে পারছি না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় লক্ষ্মীকান্ত দে মহাশয় এবং অন্যান্য মাননীয় সদস্যরা যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় সৌগতবাবু শিক্ষিত মানুষ, অনেক পড়াশুনা করেন, কিন্তু তিনি আজকে এখানে অঙ্কের অনেক জাগ্লারি করে অনেক কিছু বোঝাবার ব্যর্থ চেষ্টা করলেন। অবশ্যই আমি মনে করি আসল অবস্থাটা যে কি তা তিনি জানেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিং মহাশয় কিছু জিনিসে কর ছাড় দিয়ে খুব নাম করার চেষ্টা করেছেন। কিন্তু তিনি কাদের কর ছাড় দিয়েছেন? উচ্চ-মধ্যবিত্ত শ্রেণীর মানুষ যারা, যারা কথা বলতে পারে, যারা সৌগতবাবুর কন্সটিটিউয়েন্সির লোক তাদের ব্যবহার্য জিনিস-পত্রের ওপর কর ছাড় দিয়ে মনমোহন সিং নাম কিনতে চাইছেন। বাজেটের কর ছাড় দিলে কি হবে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস পলিসির সাহায্যে সাধারণ গরিব মানুষের প্রয়েজনীয় জিনিসপত্রের দাম ইতিপূর্বেই বৃদ্ধি করা হয়েছে। চা, কফির দাম ইতিপূর্বেই বাড়িয়ে দেওয়া হয়েছে। মানববাবু সঠিকভাবেই বলেছেন বাজেটকে বাদ দিয়ে যেভাবে জিনিসপত্রের মূল্য বৃদ্ধি ঘটানো হয়েছে এবং হচ্ছে তাতে বাজেটের আর বিশেষ কোনও মূল্য থাকছে না। আমরা চিরকাল দেখতাম যখন বাজেট হত তখন বাজেটের মধ্যে দিয়ে কর বৃদ্ধি এবং মূল্য বৃদ্ধির প্রশ্ন দেখা দিত। এখন বাজেটের বাইরেই মূল্য বৃদ্ধি ঘটছে। এবারে বাজেটের বাইরে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস পলিসির মাধ্যমে ১৪ হাজার কোটি টাকার মূল্য বৃদ্ধি ঘটানো হয়েছে। ওরা বাজেট বাড়িয়েছেন ৬০০০ কোটি টাকা। বাজেটে ফ্রিজের দাম কমিয়েছেন বলছেন। ফ্রিজের দাম কমলে সাধারণ মানুষের কি উপকরা হবে, রঙিন টি ভির দাম কমলে তাদের কি উপকার হবে! যে চিনির দাম ছিল কিলো প্রতি ৫.৩০ টাকা সেটা বেড়ে হল ৬.১০ টাকা, তারপর ৬.৯০ টাকা, কিন্তু তারপর এক লাফে করা হল ৮.১০

টাকা। আজকে গ্রামে চাষী এক কাপ চা ও রুটি খেয়ে মাঠে কাজ করতে যায়। আজকে গ্রামে গিয়ে বক্তৃতা দেবেন যে, চিনির দাম বাড়নো ঠিক হয়েছে! মানুষ কি জবাব দেন দেখবেন। সাধারণ কয়লার দাম বাড়েনি বলছেন, কিন্তু শিল্পে ব্যবহার্য কয়লার দাম বাড়াবার ফলে অন্যান্য জিনিসের দাম বাড়বে, বিদ্যুতের দাম বাড়বে। এক্ষেত্রে শতকরা ৩০ টাকা দাম বেড়েছে। আগে রেলওয়েতে ফার্স্ট ক্লাশ টিকিটের দাম বাড়তো, কিন্তু এখন সেকেন্ড ক্লাশ টিকিটের দামও বেড়েছে। মাসিক টিকিটের দামও বাড়ানো হয়েছে, প্ল্যাটফর্ম টিকিটের দাম বেড়েছে। আরও ফ্রেট যা বাড়ানো হয়েছে সেটা আরও ভয়াবহ। আজকে এক লিটার কেরোসিনে ভাড়া বাড়বে ৩ পয়সা, ডিজেল ৫ পয়সা, পেট্রোল ২৫ পয়সা। পেট্রোলের দাম লিটারে ১.১০ টাকা থেকে বেড়ে যদি ১৭ টাকা হয় তাহলে বাসের ভাড়া বাড়বে না? ডিজেলের দাম বাড়লে বাসের ভাড়া বাড়বে না? সারের দাম এক-তৃতীয়াংশ বাড়ানো হয়েছিল, এখন আরও বাড়ানো হয়েছে। এসবের দাম বাজেটের আগেই প্রশাসনিক অর্ডারে বাড়িয়ে দেওয়া হয়েছে। রেলওয়ে বাজেটে ভাড়া বেড়েছে, কিন্তু অ্যামিনিটিজ বাড়েনি। এইরকম একটা অপদার্থ সরকারকে আপনারা সমর্থন করছেন। যারা কৃষকের চায়ের কাপে হাত দিয়েছেন তারা আগামী পঞ্চায়েত নির্বাচনের তার জবাব পাবেন।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এখানে আনা হয়েছে, এই প্রস্তাবের সমর্থনে আমি বলছি। আপনি জানেন, এই সরকার তাদের বাজেটের আগে প্রাক-বাজেট মূল্যবৃদ্ধি যেভাবে করেছেন সেটা বিস্ময়ের। গত ১৬ই ফেব্রুয়ারি তারা ২২ পারসেন্ট মূল্যবৃদ্ধি ঘটিয়েছেন। যদিও তারা বলেছেন যে, সাধারণ কয়লার দাম বাড়বে না, তবুও শিল্পে ব্যবহার্য কয়লার দাম বেড়েছে এবং তার ফলে বিদ্যুৎ এবং ইঞ্জিনিয়ারিং শিল্পদ্রব্যের দাম বাড়বে। তারপর ১৭ই ফ্রেব্রয়ারি চিনির দাম ৬.৯০ থেকে ৮.৩০ টাকা কেজি করে দিলেন। আজকে লেভি চিনির সরবরাহ যেখানে ছিল ৪৫ পারসেন্ট, সেটাও কমিয়ে দিয়ে ৪০ পারসেন্ট করা হল অর্থাৎ খোলা বাজার থেকে বেশি মূল্যে আরও বেশি করে মানুষকে চিনি কিনতে হবে। কেরোসিন এবং রান্নার গ্যাস যা এতদিন পর্যন্ত সরকারি নিয়ন্ত্রণে ছিল, সেটাও বেসরকারি নিয়ন্ত্রণে তুলে দিয়ে তাদের ব্যবসা করবার সুযোগ করে দিলেন। এরফলে কেরোসিন এবং রান্নার গ্যাসের দাম ভয়ঙ্করভাবে বাড়বে। এছাড়া আপনি জানেন যে গত জানুয়ারি মাসে চালের দাম, গমের দাম বেড়েছে এবং আয়কর যারা দেন তাদের রেশনের আওতার বাইরে নিয়ে যাওয়া হয়েছে। যারা রান্নার গ্যাস পায় তারা রেশনে কেরোসিন তেল পাবে না। এই রকম একটা ব্যবস্থা সৃষ্টি করা হয়েছে। এগুলি কাদের স্বার্থে করা হয়েছে? এগুলি ভারতবর্ষের পুঁজিপতি শ্রেণীর স্বার্থে করা হয়েছে, আই এম এফ, বিশ্বব্যাঙ্কের স্বার্থে করা হয়েছে। আজকে কয়লা, গ্যাস, কেরোসিন তেলের ক্ষেত্রে যে ব্যবস্থা নেওয়া হয়েছে এটাকে ওরা বলছে অর্থনৈতিক স্কোর। আজকে রেল বাজেটে মারাত্মক ভাবে ভাড়া বাড়ানো হয়েছে এবং মাশুলে ছাড় কমিয়ে দেওয়া হয়েছে। এর ফলে প্রত্যেকটি জিনিসের দাম বাড়বে এবং তার ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে উঠবে। তার প্রতিবাদে এবং এই দাবির সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এই প্রস্তাবের সমর্থনে কয়েকটি কথা বলছি। কিছুক্ষণ আগে বিরোধী দলের মাননীয় সদস্য সৌগত রায় ইনফ্লেশনের হিসাব দিলেন এবং তারপরে ১৪ হাজার কোটি টাকার ফরেন এক্সচেঞ্জের কথা বলেন। কিন্তু তিনি বললেন না যে ৬০ হাজার কোটি টাকার ব্লাক মানি যেটা সারা ভারতবর্ষে ছড়িয়ে আছে, যেটার উপরে পারচেজিং পাওয়ার নির্ভর করে, যেটা কন্ট্রোল হলে দেশের ইনফ্লেশন আরও কমে সেই সব কথা উনি এখানে পরিষ্কার করে বললেন না। সমস্ত ফাঁকি ব্যাপারটা এখানে থেকে যাচ্ছে। কয়লার দাম ১২.৮ পারসেন্ট বেড়েছে, ২০ পারসেন্ট চিনির দাম বেড়েছে, এগুলি এরা অগণতান্ত্রিকভাবে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রসেসে করেছেন। তার সঙ্গে সঙ্গে আজকে যে রেল বাজেট তাতে ৪ বছরের হিসাব যদি দেখি তাহলে দেখব যে ১৯৯০-৯১ সালে রেলের ভাড়া বেড়েছে ১৭ শতাংশ। ১৯৯১-৯২ সালে হয়েছে ১৫ থেকে ২০ শতাংশ। ১৯৯২-৯৩ সালে হয়েছে ২০ শতাংশ। ১৯৯৩-৯৪ সালে হয়েছে ১০ শতাংশ। এবারে যে ১০ শতাংশ বলছেন, অ্যাকচুয়ালি যদি ফ্রাকশন করি তাহলে দেখা যাবে যে শ্লিপার কার ইত্যাদি করে আরও ৬ থেকে ৭ শতাংশ ভাড়া বৃদ্ধি পাবে। এই ৪ বছরের হিসাব থেকে দেখা যাচ্ছে যে প্রায় ৭০ থেকে ৭৫ শতাংশ রেলের ভাড়া বৃদ্ধি পেয়েছে। পার্লামেন্টকে এড়িয়ে গিয়ে এগুলি করা হয়ে হয়েছে। এছাড়া যা দেখছি তাতে চিনি, কয়লা এসবের দাম বেড়েছে। তারপরে সৌগত এইসব কথা বলে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এখানে যে প্রশ্নটা আসছে সেটা হচ্ছে, ওরা এই জিনিসটাকে দেশপ্রেমিক হিসাবে এবং সাধারণ মানুষের কল্যাণের জন্য ভেবেছেন। ওরা দেশটাকে ১৯৪৭ সালের আগে যে অবস্থায় ছিল সেই অবস্থায় নিয়ে যাবার চেষ্টা করেছেন। এটা আজকে বুঝতে হবে। রেলের ক্ষেত্রে আমরা শুনেছি যে বিশ্বব্যাঙ্কের একটা কথাবার্তা চলছে। বিশ্বব্যাঙ্ক রেলের জন্য টাকা দিতে রাজি হয়েছে, কয়েক লক্ষ ডলার ঋণ দেবে, কিন্তু এই ব্যাপরে দুটো শর্ত হয়েছে। একটা হচ্ছে, রেলের যে কর্মচারী আছে তার ৫০ পারসেন্ট ছাঁটাই করতে হবে। আর দ্বিতীয়টা হচ্ছে, কোথায় কোথায় রেল প্রকল্পগুলি হবে সেটা তাদের কাছে পরিষ্কার করে বলতে হবে। অর্থাৎ তাদের নির্দেশে আমাদের চলতে হবে, আমাদের কোনও স্বাধীনতা থাকছে না। এইভাবে দেখা যাচ্ছে যে বিশ্বব্যাঙ্কের যে পলিসি তাতে সাধারণ মানুষের পক্ষে এটা করা হবে, না মুষ্টিমেয় কিছু লোকের জন্য করা হবে, এটা চিন্তা করতে হবে। কারণ আবার সেই নীতি শুরু হয়ে গেছে। ওরা বলেছেন যে নিউ পলিসি নিয়ে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে ইন্ডাস্ট্রি করা হয়েছে। আজকে ১৪ হাজার কোটি টাকার ফরেন এক্সচেঞ্জের যে কথা বলা হয়েছে সেটা ফাঁকিবাজি ছাড়া আর কিছু নয়। বিশ্বব্যাঙ্কের কাছ থেকে যে ভাবে টাকা আনছেন এবং যে শর্তে আনছেন, সেই শর্তটা খুবই দুর্ভাগ্যজনক। কাজেই এই দুর্ভাগ্যেজনক অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা যে প্রস্তাব এনেছি, আশা করি এই প্রস্তাবের যে স্পিরিট সেটাকে বজায় রেখে, এটাকে সকলেই সমর্থন করবেন। মুষ্টিমেয় লোকের কথা ভেবে দেশটাকে বিদেশিদের হাতে বিক্রি করে দেবেন না। এই কথা বলে, ধন্যবাদ জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি সেটা সমর্থন করি। প্রস্তাবের বিপক্ষে

বলতে গিয়ে মাননীয় সৌগত রায় মহাশয় অর্থনীতির কতকগুলি বিষয় ব্যাখ্যা করেছেন। আমার শুনে খুব অবাক লাগলো তিনি কোথা থেকে অর্থনীতির পাঠটা নিয়েছেন, ভারতবর্ষে স্বাধীনতার পর নাকি নিয়ন্ত্রণ অর্থনীতি কায়েম হয়েছে। এটা সোভিয়েত রাশিয়ায় ছিল, চিনে ছিল। আমাদের এখানে পরিকল্পনা মানে হচ্ছে রাষ্ট্রায়াত্ত ক্ষেত্রে যেগুলি নাকি মূল মালিকাধীন সেই শিল্পপতিদের সাহায্যে করেছে। কেন্দ্রের ভারত সরকার ভারতবর্ষের দ্রুত উন্নয়নের জন্য সমাজতান্ত্রিক দেশগুলিতে যে ব্যবস্থা অবলম্বন করা হত সেটা করেনি। দ্বিতীয়ত আর একটা প্রশ্ন করি। অর্থনীতির যে কোনও ছাত্র জানেন একটা সরকার চালাতে গেলে তাকে কর ধার্য করতে হয় এবং কর ছাড়াও একটা সরকারের আয়ের বিভিন্ন উপায় আছে। অর্থনীতিবিদরা এই নিয়ে বিরোধিতা করেন নি যে একটা সরকার কর বসাবে না, বিরোধিতা করেন করটা কার উপর বসবে তা নিয়ে। অর্থনীতির ছাত্ররা জানেন যে এটা বলা হয় The heaviest burden should be on the broadest shoulder. চওড়া কাঁধের উপর ভার স্থাপন করতে হবে। দুর্বলের উপর যদি এটা করা হয় তাহলে তারা সেটা বহন করতে পারবে না, পঙ্গু হবে। এখন সকলে বলছেন যে বৈদেশিক বাণিজ্যিক ঘাটতি, তার জন্য ঋণ গ্রহণ করতে হবে। আমি জিজ্ঞাসা করি এত বড় ঘাটতি কবে থেকে শুরু হল? ১৯৭৫-৭৬ সালে আমাদের বৈদেশিক বাণিজ্যিক ঘাটতি এত পরিমাণে ছিল না। আমাদের দেশেও পরিকল্পনা করেছেন ২-৩-৪, কিন্তু হঠাৎ ৮০ দশকের গোড়া থেকে এত পরিমাণে ঘাটতি শুরু হল কেন এবং কেন সেই ঘাটতি মেটাবার জন্য আন্তর্জাতিক অর্থনৈতিক ভান্ডারের কাছে যেতে হল? সৌগতবাবু ঠিকই বলেছেন যে আন্তর্জাতিক অর্থনৈতিক ভান্ডার ছাড়া কে দেবে। কিন্তু আন্তর্জাতিক অর্থনৈতিক ভান্ডারের কাছে এত দিন যেতে হল না, আমাদের যখন খুব দূরবস্থা ছিল, যখন আমরা গরিব ছিলাম তখন যেতে হল না ৮০-র দশকে যেতে হল কেন? তার কারণ ৮০-র দশকে অর্থনীতির নতুন মোড় নিল। এত দিন যেগুলি আমরা আমদানি করিনি সেইগুলি আমদানি করতে শুরু করলাম। আমাদের দেশে কি পরিমাণ পেট্রোলিয়াম আমরা নিজেরা উৎপাদন করতে পারি সেই দিকে বিচার না করে আমরা আমাদের শিল্পকে, আমাদের যান-বাহনকে পেট্রোল এবং পেট্রোলিয়ামজাত দ্রব্যের উপর নির্ভরশীল করতে শুরু করলাম। তার ফলে আমাদের পেট্রোলিয়াম আমদানির প্রয়োজন এবং পেট্রোলিয়ামজাত জিনিসপত্রের আমদানির প্রয়োজন বেড়ে গেল। তার ফলে আমাদের ঘাটতি শুরু হল। ঠিক একই কাজ শুরু হল, আমরা বিলাস দ্রব্য আমদানি করতে শুরু করলাম। এত দিন পর্যন্ত আমরা যেগুলি উৎসাহ দিইনি ধনীদের প্রয়োজনে আমার সেইগুলি আমদানি করতে শুরু করলাম। হঠাৎ যদি আমরা ঠিক করি যে রঙিন টিভি ছাড়া চলবে না, হঠাৎ করে আমরা মনে করি যে ভিডিও ছাড়া চলবে না বা নরম দামী ছাড়া গাড়ি চলবে না, এত হয় না কারণ যেখানে অধিকাংশ লোক দারিদ্রসীমার নিচে বাস করে এবং যাদের আয় খুবই কম সেখানে যদি আমরা বলি যে নরম গাড়ি ছাড়া চলবে না, কখনই হতে পারে না। এগুলো কাদের স্বার্থে ব্যবহৃত হয়? গাড়ি আমাদের দরকার হতে পারে কিন্তু তারমানে এই নয় যে নরম গাড়ি হবে। এরফলে আমরা আজকে কি করলাম—আমরা আমাদের আমদানি নীতিকে পরিবর্তন করে বিলাসী দ্রব্য আমদানির উপরে জোর দিলাম। এতে আমাদের দেশের কোন কারখানাগুলোকে আমরা উৎসাহ দিলাম? বিলাস দ্রব্য উৎপাদনকারী কারখানাগুলোকে, এটাকেই অর্থনৈতিক ভাষাতে লাক্সারি গুডস অরিয়েন্টেড ডেভেলপমেন্ট বলে, এতে উন্নতি কিছু হবে না। এটা করার ফলে

উন্নতদেশগুলোর উপরে নির্ভরশীল হয়ে পড়ল। ভারত সরকার বিলাসী দ্রব্যের দামী যন্ত্রাংশ যেসমস্ত আছে সেগুলো তখন আমদানি করতে শুরু হল এবং এটা কাদের স্বার্থে ব্যবহৃত হবে? ভারতবর্ষের মাত্র ৭ থেকে ১০ শতাংশ লোকের স্বার্থে এটা করা হল। তাদের স্বার্থে বিপুল পরিমাণ ঋণ গ্রহণ করা হল। এই যে ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড থেকে ঋণ নেওয়া হল সেই ঋণ পরিশোধ করতে সুবিধা হত যদি এটা কৃষি উৎপাদন বা উন্নয়নমূলক কোনও কাজে নেওয়া হত। সেক্ষেত্রে দেশের অর্থনীতি মজবুত হত এবং একইসঙ্গে ঋণও পরিশোধ করা যেত। সেখানে কেন্দ্রীয় সরকার ঋণ নিয়েছেন কিসের জন্য বিলাসদ্রব্য উৎপাদনের জন্য এবং এতে কখনই অর্থনীতি শক্তিশালী হতে পারে না। এরফলে কি হল? ১৯৮১ সালের পর থেকে আমরা যখন বললাম ভারতীয় অর্থনীতিকে আরও কড়াভাবে চালাতে হবে ওরা তখন সেটা ভেঙ্গে চুরমার করে দিলেন। বিপুল পরিমাণ এই ঋণ নেওয়ার ফলে এটা গরিব মানুষের উপরে বর্তেছে। যাদের কাছ থেকে এই ঋণ নিয়েছেন তারা সুদ চাইছে, ঋণ ফেরত চাইছে না, ইন্টারেস্ট চাইছে। সেখানে এই ইন্টারেস্ট পেমেন্ট করতে গিয়ে আরও ঋণ করতে হচ্ছে এবং এটাকেই বলা হয় ডেবট ট্রাপ, এখানে এইকথা অনেকেই বলেছেন, শুধু বামপন্থীরাই নয়। এটা শুধু বামপন্থী নীতি নয়, অনেকেই বলেছেন এই ব্যাপারে। এমন কি ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে ঋণ নেবার ফলে নন-অ্যালায়েড কনফারেন্স যেটা হয়েছিল তাতে রাজীব গান্ধী প্রতিবাদ করেছিলেন। এমন কি ওয়াশিংটন যে নন অ্যালায়েড কনফারেন্স হয়েছিল সেই মিটিংয়ে ইন্টারন্যাশনাল অর্ডার এবং ইকনমিক অর্ডারের উপরে বলতে গিয়ে তিনি কি বলেছিলেন—তোমরা আমাদের কাছ থেকে যে জিনিস কিনছো তার ন্যায্য দাম দাও, অ্যাড দরকার নেই—নন অ্যালায়েড কনফারন্সে কংগ্রেস নেতারা যেকথা বলেছেন আমরাও সেই একই কথা বলেছি। সেখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধী যেকথা বলেছেন যে, দেশকে ডেবট ট্র্যাপে ফেলেছেন, আমরাও ঠিক সেই একই কথা বলছি। সেই নন-অ্যালায়েড কনফারেন্স সাউথ-নর্থ কনফ্লিকট যাতে আর না হয় এবং সাউথ কো-অপরেশন যাতে থাকে তাই নিয়ে হয়েছিল। সাম্রাজ্য দেশগুলোর কাছে আমরা যে জিনিস বিক্রি করি তারা সেই জিনিস নিজেরাই উৎপাদন করছে এবং তার থেকে লাভ করছে কলোনিয়াল পিরিয়ডে যেমন হয়েছিল আজকেও সেই জিনিস চলছে। যদিও এটা আমাদের পচাবুলি বলে আপনারা বলবেন কিন্তু এটাই বাস্তব। যেখানে সব জিনিসের দাম বাড়ছে সেখানে একটা রেফ্রিজারেটারের বা টি ভি-র দাম কমছে তাতে কি এসে যায়? ভারতবর্ষের অধিকাংশ মানুষ যা চায় খাদ্যদ্রব্য, সাধারণ শিক্ষা এবং স্বাস্থ্য, তা কি সস্তায় পাওয়া যাবে? তার কি কোনও বন্দোবস্ত করতে পেরেছেন? সেখানে কি দাম কমাতে পেরেছেন? ডিউরেবেল গুডস যেমন মোটর, টিভি মানুষ একবার কেনে, সেখানে ২০০ টাকা ছাড় কমল কি ৫০০ টাকা কমলো তাতে কিছু এসে যায় না। সেখানে চালের দাম, কয়লার দাম প্রতিটিতেই অর্থাৎ ১ কে জি তে ৫০ পয়সা করে বাড়ছে। গমের ১ কেজিতে ৫০ পয়সা এবং এইভাবে প্রতিটি ক্ষেত্রেই ৫০ পয়সা করে ট্যাক্স দিতে হচ্ছে। এতে গবির মানুষকে যে পরিমাণ ট্যাক্স দিতে হচ্ছে তা চিন্তা করুন। এই যে ডিউরেবেল গুডস যেমন টি ভি ইত্যাদি, এর দাম কমলে গরিব মানুষের কনজাম্পশনে কি লাগছে? এই যে এইসব জিনিসের উপরে ট্যাক্স কমানো হচ্ছে এত প্রকৃত গরিব মানুষের উপরে পরোক্ষভাবে কর চাপানো হচ্ছে। এরফলে দরকারি জিনিসের দাম বাড়ছে এবং গরিব মানুষরা বহন করছে। তারপরে সৌগতবাবু যেকথা বলেছেন তার উত্তরে আমি বলি যে,

ভারত সরকার ডিমান্ড ম্যানেজমেন্ট এবং সাপ্লাই ম্যানেজমেন্ট করতে পারছেন না। এটা করতে পারছেন না তার অন্যতম কারণ হচ্ছে ভারত সরকারের কর্তৃক সৃষ্টি বিপুল পরিমাণ ব্ল্যাক মানি প্যারালাল ইকনমিক তৈরি করেছে। সেখানে আপনারা বাজেটে কি করেছেন না করছেন তাতে কিছু এসে যায় না আপনারা জানেন স্ক্যাম কথাটা খুব অশ্লীল কথা। এই সুইন্ডলাররা ৩ হাজার কোটি টাকা ব্যাঙ্কগুলি থেকে নিয়ে নিল। ব্যাঙ্কগুলি থেকে অতি সহজে ব্যবসাদাররা টাকা পাচ্ছে এবং তার ফলে বাজারে মানি সাপ্লাই বেড়ে যাচ্ছে। কালডর বহুদিন আগে বলেছিলেন যে ডেফিসিট ফিনান্সিং ঐভাবে করা যায় না, তার কারণ হচ্ছে যে নোট ছাপাচ্ছেন সেই নোটের সঙ্গে আপনার যা উৎপাদন তার সঙ্গে যদি সম্পর্ক না থাকে তাহলে জিনিসের দাম বেড়ে যাবে এবং এটা হচ্ছে এতে গরিবদের উপর ট্যাক্সেশনটা আরও বাড়বে। বছরের পর বছর এই ডেফিসিট ফিনান্সিং করে ভারতবর্ষের মানুষের উপর বোঝা চাপাচ্ছেন, জিনিসপত্রের দাম বাড়ছে এটা যদি বন্ধ না হয়, মৌলিক নীতি যদি ভারত সরকার বা কেন্দ্রীয় সরকার না পাল্টায় গোটা বোঝাটা বহন করছে ভারতবর্ষের গরিব মানুষরা এবং সুযোগ দেওয়া হচ্ছে যাদের ব্যবসা আছে ভারতবর্ষের ৭ থেকে ১০ কোটি লোক যারা এই পরিকল্পনায় ফলে ঐ আমেরিকা ইংল্যান্ডের মতো তাদের ক্রয় ক্ষমতা হয়েছে, তাদের দিকে তাকিয়ে আজকে বাজেট তৈরি হচ্ছে। আর বাজেট তৈরি করে দিচ্ছে আই এম এফ। আপনারা জানেন আই এম এফ থেকে দুইভাবে লোন নেওয়া যায়। আপনি যখন ব্যবসার লোন নেবেন-ব্রিটেনের যে কনফারেন্স হয়েছে, মেম্বারশিপের শর্তই আছে, নতুন কোন কন্ডিশন নয়, সেটা হচ্ছে—স্ট্রাকচারাল চেঞ্জ হবে, নাহলে তাকে টাকা দেবে না। স্যার, স্ট্রাকচারাল চেঞ্জ মানে হচ্ছে ঐ সাম্রাজ্যবাদী দেশগুলি তারা লুণ্ঠনের জন্য যে শর্ত দেবে সেটা মেনে নিতে হবে। সেই শর্ত মেনে আজকে সাবসিডি তুলে নেওয়া হচ্ছে। কত সাবসিডি নেবেন সৌগতবাবু প্রশ্ন করেছেন, ভারত সরকার সাবসিডি দেয় এক্সপোর্টের জন্য-ধনীদের। চিনির দাম ইন্টারনালি বাড়ানো হচ্ছে, কিন্তু যারা এক্সপোর্ট করছে তারা কত সাবডিসি পাচ্ছে? ভারতবর্ষের ধনীক শ্রেণীকে তার শিল্পের জন্য, মুনাফার জন্য কত পরিমাণে ভারত সরকার সাবসিডি দিচ্ছে, কৈ সেটাতো কেউ বলেনি? তুলে নাও, গরিবকে যে সাবসিডি দেওয়া হচ্ছে, যে মানুষ দুই বেলা খেতে পায়না তাকে যে সাবসিডি দেওয়া হচ্ছে, এই রাষ্ট্রের কাছ থেকে যে মানুষ এক মুঠো অন্নের আশা করে, তার অন্ন কেড়ে নিয়ে ধনীদের সাবসিডি দেওয়া হচ্ছে, আপনারা এটাকে সমর্থন করেন? আমি বিশ্বাস করিনা আপনারা এটা সমর্থন করতে পারেন, কিন্তু কি করে করছেন? আমার মাঝে মাঝে কষ্ট হয়, আই এম এফ থেকে লোন নেওয়া হচ্ছে তার বিপদের জন্য। এটাও বলবেন না কেন, বিটানুর কনফারন্স-এ কি বলা হয়েছিল, স্ট্রাকচারাল চেঞ্জের মানেটা কি, আজকে সেইগুলিকেই তারা ইন্ট্রোডিউস করছে আমাদের দেশে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটার জন্য যে সময় নির্দিষ্ট আছে, তার মধ্যে শেষ হবে না, এটার জন্য আমি ১০ মিঃ সময় বাড়িয়ে দিচ্ছি, হাউসের অনুমতি নিয়ে।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** আমার আর মাত্র ২ মিঃ লাগবে, সুযোগ পেলে সমস্তটা আলোচনা করা যাবে। সৌগতবাবু একটা মজার কথা বললেন, একটা সরকারকে তো দাম বাড়াতেই হবে, এই দিব্যজ্ঞানের জন্য ধন্যবাদ। পশ্চিমবাংলাতে আমরা যে দাম বাড়িয়েছি এটা অ্যাকশন নয়, রি-অ্যাকশন কেন্দ্রীয় সরকার যে দাম বাড়িয়েছে তারই। পেট্রোল, ডিজেলের

দাম তাই আমরা বাড়াতে বাধ্য হয়েছি। আপনারা তাহলে আন্দোলন করেন কেন, আপনারা আন্দোলনে নামলে বলেন গুলি করে এত যখন জ্ঞান, সরকার দাম বাড়াতে বাধ্য হয়, তাই আমরা বাড়াই দিল্লি বাড়াচ্ছে বলেই বাড়াই, তখন আপনারা রাস্তায় যান কেন, জ্যোতি বসু জবাব দাও? একটা তো ন্যূন্যতম সততা থাকবে, আপনি যদি বিশ্বাস করেন একটা সরকার চালাতে গেলে দাম বাড়াতেই হয়, তখন এক টাকা হাসপাতালের জন্য সেই দাম বাড়িয়েছে, শোভনদেব বাবু নেতৃত্ব দিচ্ছেন ১ টাকা বাড়ানো চলবে না। কেন্দ্র যখন বাড়ায় তখন বলেন, না বাড়িয়ে চলবে কি করে, তাই বাড়াচ্ছে। বারবার করে এখানে একটা কথা বলছেন, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যান,—হ্যাঁ যাই, তার কারণ দিল্লিতে আপনারা ক্ষমতায় আছেন বলে। দিল্লিতে যেদিন আমরা থাকব, সেদিন যেতে হবে না, আপনারা আমাদের বাধ্য করছেন যেতে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা যে প্রস্তাব এনেছিলাম তাতে বিরোধী দলের মাননীয় সদস্যরা আলোচনা করেছেন। কিন্তু দুঃখের বিষয়, আজ অবধি তাদের স্মরণে নেই, ৯১ সালের লোকসভা নির্বাচনের সময় তাদের যে নির্বাচনী ইস্তাহার ছিল তাতে তারা বলেছিলেন তারা ক্ষমতায় এলে ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমিয়ে দেবে। ৮৮ সালের জুন মাসে জিনিসপত্রের দাম যে জায়গায় ছিল সেই জায়গায় নিয়ে আসবেন। জনগণের কাছে তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি তারা কিন্তু রক্ষা করলেন না, সুতরাং এদের কোনও নৈতিক অধিকার আছে ক্ষমতায় থাকার? আজকে আপনারা বলুন আপনাদের বাস্তব অভিজ্ঞতা কি? জিনিসের দাম আজকে ক্রমান্বয়ে বাড়ছে। জিনিসের দাম বাড়ার কারণ হচ্ছে ঘাটতি বাজেট। কি পরিমাণে ঘাটতি গত দশ বছরে বেড়েছে সেটা একটা ফিগার দেখলেই বুঝতে পারবেন। ১৯৮১-৮২ সালে ছিল ১৪০০ কোটি টাকা, ১৯৮২-৮৩ সালে ছিল ১৬৯৫ কোটি টাকা, ১৯৮৩-৮৪ সালে ছিল ৩৭৪৫ কোটি টাকা, ১৯৮৫-৮৬ সালে ছিল ৮২৬১ কোটি টাকা, ১৯৮৬-৮৭ সালে ছিল ৫,৮১৬ কোটি টাকা, ১৯৮৮-৮৯ সালে ছিল ৪,৭৫০ কোটি টাকা, ১৯৯০-৯১ সালে ছিল ৭২০৬ কোটি টাকা, ১৯৯১-৯২ সালে ছিল ৭৭১৯ কোটি টাকা, ১৯৯২-৯৩ সালে ছিল ৫৩৮৯ কোটি টাকা, এবং এই বছরে ঘাটতি ৪৫০০ কোটি টাকা। তার মানে প্রায় ১০ বছরে ৬০ হাজার কোটি টাকা ঘাটতি ছিল। এই ঘাটতির টাকাটা তারা জনগণের কাছ থেকে আদায় করেছেন এবং বিদেশ থেকে ঋণ করেছেন। এর ফলে আমাদের দেশে বিদেশের কাছে বিকিয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার তার ঘাটতি বাজেট পূরণ করে বিদেশ থেকে ঋণ করে ও টাকা ছাপিয়ে। এর ফলে আজকে জিনিসের দাম বাড়ছে। এটা তো গেল সরকারিভাবে জিনিসের দাম কিভাবে বাড়ছে। আবার কালোবাজারি ও ফাটকাবাজ যারা তাদের জন্যও জিনিসের দাম বাড়ছে। অনেক সময় দেখা যায় সরকার একটাকা কর চাপাচ্ছে কোনও জিনিসের উপর, কিন্তু জনগণকে দু'টাকা বেশি দামে সেই জিনিস বাজার থেকে কিনতে হচ্ছে। কালোবাজারিরা ও ফাটকবাজরা এইভাবে আমাদের দেশে জিনিসের দাম বাড়িয়ে চলছে। বামফ্রন্ট সরকার তার নির্বাচনী ইস্তাহারে বার বার বলেছে ১৪টা নিত্য প্রয়োজনীয় সামগ্রী গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে ভরতুকি দিয়ে সরবরাহ

করতে হবে। ভরতুকি দিয়ে এই জিনিসগুলো সরবরাহ করলে তবেই জনগণকে আমরা কিছুটা শান্তি দিতে পারবো। এইভাবে জিনিসের দাম কিছুটা কমতে পারে। কিন্তু সেই পথে আপনাদের কেন্দ্রীয় সরকার যায়নি, সেই পথে আপনারা যেতে পারেন না। গণবন্টন ব্যবস্থার মাধ্যমে জিনিস বিক্রি করলে ব্যবসায়ীদের গায়ে হাত লাগবে। এবারের বাজেটে অভ্যন্তরীণ শুল্ক কমানো হল, কিন্তু এর সুফল জনগণ পাবে না। অভ্যন্তরীণ শুল্ক কমানোর উদ্দেশ্য হল বড় বড় শিল্পপতিদের সুবিধা করে দেওয়া। বড় বড় শিল্পপতিদের কাছ থেকে আপনারা নির্বাচনের সময় টাকা নেন। তাই মনমোহন সিংয়ের বাজেট বলে দেয় যে নির্বাচন আগামী দিনে খুব শীঘ্রই হবে। কেন্দ্রীয় সরকারে অর্থনীতি ও বাজেট নীতির বিরুদ্ধে এখানে যে প্রস্তাব রাখা হয়েছে আশা করি আপনারা সকলে তা গ্রহণ করবেন ও সমর্থন করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Laskhman Chandra Seth that—

এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে,—

যেহেতু আন্তর্জাতিক অর্থভাণ্ডারের ঋণের শর্তাবলির কাছে আত্মসমর্পণ করে কেন্দ্রীয় সরকার সম্প্রতি চিনি এবং কয়লার দাম তীক্ষ্ণভাবে বৃদ্ধি করেছে ;

যেহেতু প্রস্তাবিত রেলবাজেটে ব্যাপক হারে যাত্রীভাড়া ও মাসূলের হার বৃদ্ধি করা হয়েছে ;

যেহেতু এর ফলে সাধারণ মানুষ সরাসরি ক্ষতিগ্রস্ত হবেন, এবং সর্বস্তরে উৎপাদন-খরচ বৃদ্ধি এবং সামগ্রিক মূল্য বৃদ্ধির কারণে আরও ক্ষতিগ্রস্ত হবেন ;

যেহেতু এর ফলে কেন্দ্রীয় সরকারের নীতি এবং আন্তর্জাতিক অর্থভাণ্ডারের শর্তাবলি দ্বারা সৃষ্ট আর্থিক সঙ্কটের বোঝা পুনরায় চাপবে সাধারণ মানুষেরই ওপর ;

অতএব এই সভা এই কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রশাসনিক মূল্য বৃদ্ধির এবং প্রস্তাবিত রেলভাড়া ও মাসূল বৃদ্ধির তীব্র বিরোধিতা করছে, এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই সিদ্ধান্ত ও প্রস্তাবগুলির প্রত্যাহারের দাবি জানাচ্ছে।

was then put and carried.

## MOTION UNDER RULE 185

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাব প্রথমে মুভ করছি। "যেহেতু রাজ্য সরকার ঢালাও ভাবে মদের দোকানের লাইসেন্স দেওয়ার প্রস্তাব গ্রহণ করেছে, যেহেতু ড্রাগ অ্যাডিকশন এবং ব্লু ফিল্মের প্রভাব শহর ও শিল্পাঞ্চলের সীমা অতিক্রম করে গ্রামে গঞ্জে সংক্রামক ব্যাধির মতো ছড়িয়ে পড়েছে, যেহেতু উপরোক্ত রাজ্যের যুব সমাজকে নৈতিক অধঃপতনের দিকে ঠেলে দিচ্ছে এবং সুস্থ সামাজিক জীবন যাত্রাকে বিপন্ন করে তুলছে, যেহেতু সরকারি কোষাগার পূরণ করতে অতিরিক্ত রাজস্ব সংগ্রহের

প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও কোনও দায়িত্বশীল সরকারের পক্ষে এমন কোনও পদক্ষেপ নেওয়া ঠিক নয় যাতে সমাজে অসামাজিক কার্যকলাপ বৃদ্ধি পায়, যেহেতু মদের দোকান খোলার ঢালাও লাইসেন্স না দিয়ে আবগারি বিভাগের নজরদারি ব্যবস্থাকে জোরদার করার মাধ্যমে সরকার অতিরিক্ত রাজস্ব সংগ্রহের বিকল্প ব্যবস্থা করতে পারে, এবং যেহেতু রাজ্য সরকারের এই প্রস্তাব আমাদের দেশের স্বদেশি যুগের মাদক দ্রব্য বর্জন আন্দোলন এবং স্বাধীনতা উত্তরকালের প্রগতিশীল আন্দোলনের ঐহিত্য বিরোধী। অতএব এই সভা, নতুন করে এই রাজ্যে সামাজিক অধঃপতন এবং সমাজবিরোধী কার্যকলাপ রোধ করতে, ঢালাও মদের দোকানের লাইসেন্স দেওয়ার সরকারি প্রস্তাব প্রত্যাহার করার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি।"

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রস্তাবটা উত্থপান করলাম, মাননীয় সদস্যদের বক্তব্য শোনার পর আমি আমার জবাবি ভাষণ দেব।

**Mr. Deputy Speaker :** There is no amendment to this motion.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্য সরকারের যে ঢালাও মদের দোকানের লাইসেন্স দেবার বিষয়ে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাবের বিতর্কে অংশ গ্রহণ করছি। স্যার, এটা ঠিকই যে সারা পৃথিবীতে যখন ড্রাগ অ্যাডিকশনের বিরুদ্ধে একটা আন্দোলন চলছে, ব্যাপক জনমত গড়ে তোলা হচ্ছে মাদকতার বিরুদ্ধে এবং মাদক দ্রব্য বর্জনের জন্য একটা অন্দোলন চলছে এবং শুধু স্বাধীনোত্তর যুগে নয়, প্রাক স্বাধীনতার যুগেও যখন আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামীরা স্বাধীনতা আন্দোলন অংশ গ্রহণ করার সঙ্গে ব্রিটিশের বিরুদ্ধে ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই এর প্রতীক হিসাবে সেদিন মদের বিরুদ্ধে আন্দোলনটাকে তীব্র করে তুলেছিলেন, আজকেও আমাদের রাজ্যে এবং কেন্দ্রে এবং সারা পৃথিবীর সুস্থ মস্তিষ্কের মানুষের সঙ্গে সুর মিলিয়ে আমাদের রাজ্য এবং কেন্দ্রের সমাজ কল্যাণ দপ্তর মাদকতার বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলছে এবং নেশার বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে গিয়ে মানুষকে বোঝানো হচ্ছে, কেন নেশা ক্ষতিকারক। ভারতবর্ষের যুবকদের নৈতিক মানের অধঃপতন ঘটাচ্ছে এই মাদক দ্রব্য, সেটা যখন বোঝাচ্ছে এবং রাজ্য সরকার বাজেটে একটা টাকা রাখছেন সেই সমাজ কল্যাণ দপ্তরকে টাকা দিচ্ছে, সেই ড্রাগ অ্যাডিকশনের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে এবং যারা ড্রাগ অ্যাডিকটেড তাদের সেই পথ থেকে সরিয়ে নিয়ে আসার জন্য কিভাবে স্বাভাবিক সুস্থ জীবনে ফিরিয়ে আনা যায় তার জন্য সাহায্য করা হচ্ছে। তখন অর্থমন্ত্রী শুধু মদের থেকে রেভিনিও বাড়াবার জন্য ঢালাও ভাবে মদের দোকানের লাইসেন্স দিচ্ছেন। মীন সাম্রাজ্যের সময় চিনের যুবকদের আফিং খাইয়ে বুঁদ করে রেখে দেওয়া হত যাতে সেই সব যুবকরা চিনের যে সমস্যা, অর্থনৈতিক সমস্যা বলুন বা অন্যান্য সমস্যা বলুন, সেই সমস্যা থেকে দূরে সরে থাকে। সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে না পারে সেই জন্য আফিং-এর মধ্যে তাদের ডুবিয়ে রাখা হত। সেই মিন্ সাম্রাজ্যের প্রতীক হিসাবে পশ্চিমবঙ্গে আজকে অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয়কে দেখতে পাচ্ছি। এরপরে হয়ত বিদ্যুতবাবু মন্ত্রী সভার পক্ষে উত্তর দেবেন এবং তিনি বলবেন রেভিনিউ বাড়াবার জন্য নতুন মদের দোকানের লাইসেন্স দিতে হচ্ছে।

[3-40 — 3-40 p.m.]

আমি জানি না এরপরে সাট্টার লাইসেন্স দিয়ে রেভিনিউ বাড়াবার চেষ্টা করা হবে কিনা! তবে আমি মনে করি বর্তমানে প্রচলিত প্রতিটি ক্ষেত্র থেকে যদি প্রকৃত পক্ষে সঠিকভাবে রাজস্ব আদায়ের চেষ্টা হত তাহলে আর নতুন করে মদের দোকানের লাইসেন্স দেবার প্রয়োজন হত না। আমাদের রাজ্যের ফাইভ স্টার হোটেল বার্ এবং অন্যান্য বার্‌গুলো রাত্রি সাড়ে ১০টা পর্যন্ত খোলা থাকে। বার্ অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট টাইম বাড়িয়ে দেবার প্রস্তাব দিয়েছিলেন। সরকার সেই প্রস্তাব মেনে নিতে পারতেন, তাতে কেউ আপত্তি করত না। বড় বড় হোটেল এবং বার্-এ সাধারণত বড় লোকের, ধনী ব্যক্তিরা স্ফূর্তি করতে যায়। বার্, রেস্টুরেন্টের টাইম বাড়িয়ে দিন, রেভিনিউর হার বাড়িয়ে দিন, রেভিনিউ আদায় অনেক বেড়ে যাবে। এই ব্যবস্থা না করে সরকার গ্রামের দরিদ্র মানুষের সুস্থ জীবন-যাত্রা আরও বেশি করে বিপর্যস্ত করার উদ্যোগ নিয়েছেন। ঢালাও মদের লাইসেন্স দানের মধ্যে দিয়ে মানুষের নৈতিক মানের আরও অবনতি ঘটাবার আয়োজন করা হয়েছে। এরমধ্যে দিয়ে সমাজে সমাজবিরোধী প্রবণতা বেড়ে যাবে। এখানে মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন এবং রাজ্যপালের ভাষণের মধ্যেও উল্লেখ করা হয়েছে—এ রাজ্যে নারী নির্যাতনের ঘটনা ক্রমশ বাড়ছে। সমাজ বিজ্ঞানীরা বলছেন, বেশির ভাগ অপরাধীরাই—যুবকরা—মাদক দ্রব্য সেবন করে অপরাধ সংঘটিত করে থাকে। এই অবস্থায় এ রাজ্যে আরও বেশি করে মানুষকে মাদকাসক্ত করার আয়োজন শুরু হয়েছে। এমনিতেই পশ্চিমবাংলা ড্রাগ পেডলারদের স্বর্গরাজ্য হয়ে গেছে। কলকাতায় এ সংক্রান্ত আন্তর্জাতিক চক্র যেভাবে সক্রিয় তা থেকে বোঝা যায় ড্রাগ পেডলাররা কলকাতাকে স্বর্গ রাজ্য মনে করে। এখানে সরকার তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থাই নিতে পারে না। এই অবস্থায় রাজ্য সরকার ঢালাওভাবে মদের দোকানের লাইসেন্স দেওয়ার মধ্যে দিয়ে যুব সমাজকে আরও বেশি করে নৈতিক অধপতনের দিকে ঠেলে দিচ্ছে। অতিরিক্ত রাজস্ব সংগ্রহের অনেক পথ আছে। আবগারি বিভাগের নজরদারি বৃদ্ধি, চুরি এবং দুর্নীতি বন্ধ করলেই রাজস্ব অনেক বেড়ে যাবে। বিভিন্ন ট্যাক্স, এন্ট্রি ট্যাক্স সঠিকভাবে আদায় করতে পারলে রাজস্ব অনেক বেড়ে যাবে, নতুন করে ঢালাওভাবে মদের দোকানের লাইসেন্স ইস্যু করার কোনও প্রয়োজন হবে না। এই প্রস্তাবের মধ্যে ব্লু ফিল্ম-এর উল্লেখ আছে। ব্লু ফিল্মের ভি ডি ও শো গ্রামাঞ্চলে ছেয়ে গেছে। পুলিশের নাকের ডগায় এ জিনিস হচ্ছে, পুলিশ কিছু বলছে না। বরঞ্চ তারা এ থেকে কিছু কিছু পয়সা আয় করছে। মাননীয় বিদ্যুতবাবু এরপর সরকারের পক্ষে উত্তর দেবেন, তিনি ইন্ডাস্ট্রিয়াল বেল্টের প্রতিনিধি, তিনি ভাল করেই জানেন ইন্ডাস্ট্রিয়াল বেল্টে প্রতিদিন মদ চোলাই নিয়ে কিভাবে গোলমাল হয়।

এমনিতেই সামাজিক অপরাধ বেড়ে যাচ্ছে। রাজ্যপালের ভাষণে নারী নির্যাতন নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। নারী নির্যাতন এবং সামাজিক অপরাধ যেখানে বেড়ে চলেছে সেখানে যাতে মানুষ কম ড্রাগ অ্যাডিকটেড হয়, বেশি মাদকাসক্ত না হয় তার জন্য সরকারের বিশেষভাবে সচেষ্ট হওয়া প্রয়োজন। তা না, উল্টে সরকার ঢালাওভাবে মদের দোকানের লাইসেন্স দিতে চলেছেন! এই সরকার একদিকে মাদক বিরোধী আন্দোলনের কথা বলছেন, অপরদিকে ঢালাওভাবে মদের দোকানের লাইসেন্স দিচ্ছেন। এই প্রসঙ্গে আমার চৌবাচ্চায় জল ভর্তির অঙ্কের কথা মনে পড়ে যাচ্ছে এবং সে গল্প আমরা সকলেই জানি— চৌবাচ্চার

একদিকের নল দিয়ে জল ঢোকানো হচ্ছে, আর এক দিকের নল দিয়ে জল ছেড়ে দেওয়া হচ্ছে, চৌবাচ্চাটা কতক্ষণে ভর্তি হবে? জীবনে ভর্তি হবে না অসীমবাবু সমাজকল্যাণ দপ্তরকে টাকা দিচ্ছেন সামাজিক অপরাধের বিরুদ্ধে আন্দোলন করার জন্য। প্রশাসনকে, পুলিশকে সেই আন্দোলনের সামিল হতে বলা হচ্ছে এবং এ নিয়ে বিভিন্ন সময়ে মিছিল, মিটিং করা হচ্ছে; আবার ঢালাওভাবে মদের দোকানের নতুন লাইসেন্স দেওয়া হচ্ছে। ফলে সমস্ত বিষয়টা চৌবাচ্চা ভর্তি করার গল্পের মতো হয়ে যাচ্ছে। এর থেকে এক কাজ করুন, রাজস্ব বেড়ে যাবে, সমাজ কল্যাণ দপ্তরের কাজও বাড়বে, কেউ আন্দোলন করতে পারবে না। যে টাকাটা স্যাংশন করেন সেই টাকাটা বন্ধ করে দিন। মাননীয় অসীমবাবু মদের লাইসেন্স আরও অন্তত কিছু কম দিলেও চলবে। আমি অনুরোধ করছি—বিরোধীদলের সদস্যরা বলছে বলে নয়—একটা সুস্থ মানসিকতা নিয়ে চিন্তা করুন, মদ আজকে সমাজে কিভাবে ক্ষতি করছে। মানুষকে মদ্যপ অবস্থার দিকে বেশি ঠেলে দেবেন না, আজকে যেখানে মাদকতার বিরুদ্ধে আন্দোলন হচ্ছে তাকে জোরদার করুন, মদের লাইসেন্স দেওয়ার যে নির্দেশ সেটাকে প্রত্যাহার করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু ঐ হ্যামলেটের মতো টু বি অর নট টু বি একটা অচলতার একটা বিভ্রান্তির মধ্যে থেকে একটা প্রস্তাব রচনা করে এই সভায় এনেছেন। প্রস্তাবটির কিছু অংশ অবশ্যই সাধু কিন্তু আপাতত নৈতিকভাবে মোড়কে সমস্যা উৎসকে চিহ্নিত করার সাহস দেখান নি, এবং দেখান নি বলেই সমস্যাটাকে বুঝতে না পেরে একটা বিপ্রতীপ সিদ্ধান্তে এসেছেন এবং তা এনে এই প্রস্তাবের আড়ালে আসলে কিছু রাজনীতি পরিবেশন করতে চাইছেন বলে আমাদের মনে হয়েছে। ব্লু ফিল্ম, ড্রাগ অ্যাডিকসন সংক্রামক ব্যাধির মতো ছড়িয়ে যাচ্ছে এটা যেমন তিনি বলতে চেয়েছেন, কিন্তু এটা বলার সাহস দেখান নি যে এব্যাপারে জনমত সোচ্চার। এ ব্যাপারে মিডিয়ার ভূমিকা সরকারের, এটাকে তিনি উল্লেখ করতে ভুলে গেছেন অথবা ইচ্ছে করে করেন নি। যখন মিস মেয় ভারত পরিদর্শন করে রিপোর্ট দিয়েছিলেন তখন গান্ধীজি দেখে বলেছিলেন যে এটা ড্রেণ ইনস্পেকটারের রিপোর্ট তিনি একটা অন্ধকার ছবির উপর আলো ফেলতে চেয়েছেন, ফেলে সমস্যাটাকে অন্য দিকে নিয়ে যাবার কথা ভাবছেন, আমরা এটাতে খুশি। আমি নিজে মদ খাইনা, এবং যতদূর জানি মাননীয় সদস্য দেবপ্রসাদ বাবুও খান না। কিন্তু বিষয়টাতে দেখা যাচ্ছে তিনি মদের বিরোধী নয়, মদের দোকানেরও বিরোধী নয়, কারণ পঞ্চম অনুচ্ছেদে এটা দেখতে পাচ্ছি যে, তিনি বলেছেন সরকারি ব্যবস্থাপনাটাকে আর একটু জবরদস্ত করে আর একটু ভিজিলেন্স বাড়িয়ে আবগারি শুল্ক বাড়ানো হোক। ইনি স্বীকার করেন আমাদের রাজ্যের আয়ের সমস্ত উৎস সীমিত। সাংবিধানিক কাঠামোর মধ্যে এক্সাইজ ডিউটি, তার মধ্যে একটা অংশ সেখান থেকে আয় আসা উচিত বলে তিনি মনে করেন, এর জন্য তাকে ধন্যবাদ। কিন্তু এই কর আদায়ের ক্ষেত্রে তিনি কি এটা বলতে চান—আমরা খবরের কাগজ খুললেই দেখি যে কান্ট্রি লিকার খেয়ে বিষ মদ খেয়ে শত শত মানুষ মারা যাচ্ছে। এটা ঘটেছে উড়িষ্যার ঐ কংগ্রেস দলের মুখ্যমন্ত্রী ছিলেন বেলু বলে তার কে একজন আছেন চুল্লুর ঢালাও ব্যবস্থা করে, তাতে মানুষ মারা যাওয়ার পশ্চিমবঙ্গে এসে লুকিয়েছিল,

*তাকে গ্রেপ্তার—জ্যোতিবাবুকে—সেখানে পাঠাতে হয়েছে। এইসব ঘটনা ঘটে আমরা জানি, এখন বিষয়টা যা দাঁড়িয়েছে, তিনি এটা চাইছেন যে সেখানে এসব চলুক, এভাবে প্রাণহানি হোক। লিকারের এই ব্যবসা যদি চলতে থাকে সরকারের কোনও নিয়ন্ত্রণ থাকবে না।* যে কোনও সভ্য দেশে গণতান্ত্রিক সরকারি নীতিতে চলেন, সরকারের উপর আমাদের আস্থা আছে আমরা জানি এই সরকার নিয়ন্ত্রণ বজায় রাখছেন, ঐ বেআইনি দিকটা যাতে চলতে না.পারে এইভাবে মানুষের প্রাণহানি হতে না পারে সেটাও দেখা সরকারের কর্তব্য। পাশাপাশি এটাও বোঝা দরকার যে এই ব্যবসাটা যদি বন্ধ করে দেওয়া যায় তাহলে সব মদের দোকান বন্ধ হলনা, কিছু চালু থাকল, আবার পাশাপাশি এটা দেখা গেছে যেখানে নতুন লাইসেনন্স দিলেই নৈতিকতার মান হু হু করে নেমে যাবে এবং বিশেষ করে যাদের টার্গেট করে বলছেন সেই যুব সমাজ এটা আমি একটু উল্লেখ করে বলতে চাই যে আমাদের যুব সমাজের ঐতিহ্য তাদের সংগ্রাম তাদের আত্মত্যাগ এসব বিবেচনার বিষয়। আমাদের দেশের যুবসমাজের বামপন্থীরা অবশ্যই বেশি নৈতিকতা ধরে রাখতে পেরেছেন, সেই সংগ্রামের মধ্যে থাকতে পেরেছেন, বিপদটা আসছে মাননীয় মান্নান সাহেবদের দিক থেকে এখন সেই ধোপার বাড়ি কাপড় কাচার কথা বলে তারপর চোখ টিপে তার দলের ক্যাডারদের লেবেল যা চলছে চালিয়ে যাও বলে নাগপুর কালচার চালু করবেন, সেই জাম্বুরি চালু করবেন বিপদটা আসছে ওদের দিক থেকে। সুতরাং আমরা এটা মনে করছি না যে মদের দোকান হলে বা লাইসেন্স দিলে যুব সমাজের নৈতিকতা মান হু হু করে নেমে যাবে এ রকম কথা নয়, বিশেষ প্রবৃত্তি, বিশেষ দৃষ্টিভঙ্গি থেকে কিছু মানুষ আছেন এবং এর সুবাদেই তারা সেখানে যান। এর জন্য যেটা দরকার সেটা সচেতনতার প্রচার, এর বিরুদ্ধে প্রচার সরকার করে থাকেন ভবিষ্যতে করবেন আরও বেশি করে করবেন বলে আমাদের বিশ্বাস আছে। গ্রামাঞ্চলে সাক্ষরতার অভিযান চলছে সে কথা বলছি। এর মধ্যে থেকে আমি বলতে চাই, এ সম্বন্ধে অসুবিধার কিছু নেই, কারণ আমরা অন্ধকারের বিরুদ্ধে লড়াই করি। উনি যদিও তিমির বিনাশ করতে গিয়ে তিমির বিলাশি হয়ে গেছেন। এই ব্যাপারে রাজনৈতিক দলগুলি এবং গণ-সংগঠনগুলিকে নিশ্চয়ই সতর্ক থাকতে হবে, তবে যারা সেখানে যান তারা যদি সঠিক ভাবে রেভিনিউ দিয়ে সরকারি রাজস্বের উপকার করেন তাতে আপত্তি থাকতে পারে না। এর মূল উদ্দেশ্য, রাজ্য কোষাগারে আঘাত করা এটাই আমি দেখতে পাচ্ছি এবং তারজন্য এর বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি :** (অনুপস্থিত।)

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই সভায় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় একটা প্রস্তাব এনেছেন। এই প্রস্তাবের যেটা মূল সুর, যেটা স্পিরিট সেটা আমরা বুঝি এবং এটা নিয়ে আশঙ্কা এবং উদ্বেগের কারণটা আমরা উপলব্ধি করি। তা সত্ত্বেও তিনি এখানে যেভাবে এবং যে ভাষায় এই প্রস্তাবটা এনেছেন সেটাকে সমর্থন করতে পারছি না। এটা ঘটনা যে আজকে শহরে বস্তিতে গ্রামাঞ্চলে নেশার প্রকোপ এমন উদ্বেগজনকভাবে বেড়ে গেছে তাতে আগামী দিনে এটা কি আকার নেবে এবং সমাজের কি তাতে ক্ষতি করবে সেটা ভাবলে শিউরে উঠতে হয়। আজকে লাইসেন্স প্রাপ্ত যে সমস্ত মদের দোকান আছে তার থেকে লাইসেন্স বিহীন মদের দোকানের সংখ্যা অনেক বেশি রয়েছে। সরকারের নজরদারি এবং খবরদারির ব্যবস্থা আছে ঠিকই, কিন্তু তা দিয়ে এগুলোকে নিয়ন্ত্রণ

করা যাচ্ছে না। ক্রমাগতভাবে এর সংখ্যা বেড়েই চলেছে। আজকে ব্যবসার স্বার্থে এমন সব জিনিস তৈরি হচ্ছে এবং পরিবেশন করা হচ্ছে যারফলে ঐ সমস্ত বিষাক্ত মদ খেয়ে অনেককে মৃত্যুর মুখে ঢোলে পড়তে দেখা যাচ্ছে। গ্রামের ক্ষেত্রে খামারে যারা কাজ করেন, ওয়ার্কিং ক্লাশ পিপল, বিভিন্ন সরকারি দপ্তরে খোঁজ নিয়ে দেখেছি যে গ্রুপ ডি স্কেলে যারা আছেন তাদের গড় আয়ু ৪৫-৫০ বছর, ৪৫-৫০ বছরের মধ্যে এরা মারা যাচ্ছেন। এর মূল কারণ হচ্ছে মদের প্রকোপ। এটা ঘটনা। আমরা দেখেছি বিগত কয়েক বছরে পশ্চিমবঙ্গে সমস্ত শ্রমজীবী মানুষের আয় বেশ কিছুটা বেড়ে গেছে, কিন্তু এই আয়ের রিফ্লেকশন ঘটেনি তাদের জীবনে, সেটা নেশার পেছনে ব্যয় হয়ে গেছে। এর সঙ্গে হাত ধরাধরি করে নানা সামাজিক অপরাধ ঘটছে। এটা যাতে নিয়ন্ত্রণ করা যায় সেটা সঠিকভাবে দেখতে হবে। কিন্তু দেবপ্রসাদবাবু তার এই প্রস্তাব যদি এইভাবে আনতেন যে যে সমস্ত নীতি সমাজকে কুঁরে কুঁরে খাচ্ছে তা নিয়ন্ত্রণে সরকার নেতৃত্ব দিন, তাহলে আমি সেটা সমর্থন করতাম। কিন্তু তিনি ভিন্ন একটা উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাব এনেছেন, যেটা পড়ে মনে হতে পারে যে সরকার একটা পরিকল্পনা অনুযায়ী এই পদক্ষেপ নিতে চলেছেন। আসল ঘটনা তা নয়। এই জিনিস চলছে, একে আটাকানো যাচ্ছে না। এই ঘটনায় মোটামুটি ভাবে সরকার বিপুল পরিমাণে শুল্ক থেকে বঞ্চিত হচ্ছে। কাজেই ঢালাও ভাবে দেওয়া হবে, এটাও ঠিক নয়। যেখানে প্রয়োজন আছে সেখানে দেওয়া হবে। যত্রতত্র দেওয়া হবে সে বিষয়ে উদ্বেগের কারণ নেই। উনি নিশ্চয়ই সেই বিষয়ে তথ্য পরিবেশন করবেন। আজকে কেউ সম্পর্কে আলোচনা চলছে। কিন্তু গ্রামাঞ্চলে নেশা ভয়ঙ্কর একটা দিকে চলে যাচ্ছে। কাজেই এর বিরুদ্ধে যাতে অভিযান চালানো হয় তার জন্য উদ্যোগ নোব কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিদ্যুৎকুমার গাঙ্গুলি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সভায় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এনেছেন, এটার আসল উদ্দেশ্য ভিন্ন। আমাদের মতো দেশে রাজ্য সরকারগুলির যে অবস্থা বিশেষ করে আমাদের রাজ্য সরকারের প্রতি যে দৃষ্টিভঙ্গি নিয়ে কেন্দ্রীয় সরকার চলছে সেই সব বিষয়গুলি বিচার—বিবেচনার মধ্যে না এনে, একটা সহজভাবে সস্তা জনপ্রিয়তা অর্জনের জন্য রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাবটি আনা হয়েছে। দেবপ্রসাদবাবু খুব ভাল করে জানেন যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের এই সম্পর্কে দৃষ্টিভঙ্গি কি এবং কিভাবে সেটাকে কার্যকর করা হচ্ছে। সাামাজিক ভাবে, অন্যান্য বিষয়ে আমাদের দৃষ্টিভঙ্গি কিভাবে কার্যকর হচ্ছে, কত সামাজিক সচেতনাতা বৃদ্ধি করে সংগ্রাম করা হচ্ছে, এগুলি তিনি জানেন। আমি প্রথমে একথা বলতে চাই, আমাদের অর্থমন্ত্রী জানিয়েছেন, এই যে অর্ডিন্যান্স নিয়ে আলোচনা হচ্ছে, দি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন ল'স অর্ডিন্যান্স, ১৯৯৩ এখানে যে কথাগুলি বলা হয়েছে, তার সঙ্গে এর সম্পর্ক নেই। কতকগুলি বিধিগত জটিলতা আছে সেগুলি দূর করার জন্য এই অর্ডিন্যান্স আনা হয়েছে। লাইসেন্স দেবার ক্ষেত্রে পর্যবেক্ষণ না করে, বিবেচনা না করে সরকার এই বিষয়ে সিদ্ধান্ত নেবেন না, একথা অর্থমন্ত্রী আমাদের জানিয়েছেন। এটা উনি উল্লেখ করেন নি। এই পশ্চিমবঙ্গে গত ২ বছরে একটা লাইসেন্সও দেওয়া হয়নি। শুধু মাত্র হোটেল রেস্তরাতে সামান্য কিছু দেওয়া হয়েছে। কিন্তু যখন কংগ্রেস এই রাজ্যে শাসন করেছে তখন হাজার হাজার লাইসেন্স দেওয়া হয়েছে এবং বড় পুঁজিপতিদের অবসান করে লাইসেন্স দেওয়া হয়েছে। আমাদের এগুলি সম্পূর্ণ বিবেচনার মধ্যে রাখা

হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার এটাকে সামাজিক ভাবে যেভাবে গ্রহণ করেছেন সেটা ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে নিতে পারেনি। আজকে রেভিনিউয়ের দিক থেকে এর সংখ্যাটাও অনেক বেশি। আমি সেই হিসাবের মধ্যে যাচ্ছি না। আমি শুধু একথা বলতে চাই যে গত ২ বছরে একটাও লাইসেন্স দেওয়া হয়নি। সরকারি অর্ডিনেন্সে যে কথা নতুন করে বলতে চেয়েছেন তার মাধ্যমে নতুন লাইসেন্স দেবার বিষয়টা গভীরভাবে বিবেচনা করে তাকে কার্যকর করা হবে। কিন্তু প্রস্তাবে যে কথা বলা হয়েছে সেটা আপাতদৃষ্টিতে আলোচনার স্বার্থে হলেও প্রকৃতপক্ষে একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় রাজ্য সরকারের আর্থিক অবস্থার উপরে যে সঙ্কোচন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে করা হচ্ছে এবং যে আঘাত করা হচ্ছে, আজকে স্বাধীনতার পরে ক্রমশ যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মৌলিক নীতিকে ভেঙ্গে রাজ্যগুলিকে পঙ্গু করে দেওয়া হয়েছে। একটা পৌর সভার যে আর্থিক ক্ষমতা থাকে তার থেকে খুব একটা বেশি নেই। আজকে রাজনৈতিক দিক থেকে, অর্থনৈতিক দিক থেকে বিশেষ করে অর্থনৈতিক দিক থেকে যে জায়গায় নিয়ে যাওয়া হয়েছে তাতে রাজ্যগুলি কিভাবে বাঁচবে।

[4-00 — 4-10- p.m.]

পরিকল্পনা কমিশন, আমাদের যে অর্থনৈতিক ন্যায়সঙ্গত দাবির যে প্রস্তাব সেই সম্পর্কে অবিচার করেছেন আপনারা জানেন। সেই জন্য পরিকল্পনার বিকেন্দ্রীকরণ চেয়েছিল। আমরা অর্থনৈতিক প্রতিষ্ঠানের ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার কথা বলেছি। ভারতবর্ষ বিশাল দেশ। আমাদের যে ন্যায়সঙ্গত দাবি সেটা না পেলে রাজ্যের অধিবাসীদের যে আশা-আকাঙ্খা তার সাথে তাল মিলিয়ে কাজ করা সম্ভবপর নয়। আমরা একটা কাঠামোর মধ্যে আছি, পশ্চিমবাংলা স্বাধীন নয়। পশ্চিমবাংলা যদি স্বাধীন এবং সার্বভৌম রাষ্ট্র হত তাহলে অনেক নীতি, অনেক কিছু করে দিতে পারতাম। আমরা এখন রাষ্ট্র কাটামোর মধ্যে বাস করছি যে অবস্থার মধ্যে থেকে আমাদের পরিকল্পনা মাফিক কাজ করা সম্ভবপর নয়। আমরা অনেক ব্যাপারে বিরোধিতা করেছি, কিছু প্রস্তাব দিয়েছি। আমাদের রাজস্ব সংগ্রহের প্রশ্ন আছে। এক দিকে কেন্দ্রীয় সরকার দীর্ঘ দিন মারাত্মক অবিচারের পথ নিয়েছে অন্য দিকে রাজ্য ন্যায় সঙ্গত দাবি করা সত্ত্বেও সেই দাবিগুলি মেটাচ্ছে না। আরও নতুন করে অধিকার কেড়ে নিচ্ছে। সেই জন্য আমরা বলেছি আমাদের যে পরিকল্পনা নীতি তাতে আমাদের অর্থনৈতিক প্রতিষ্ঠানের যে ক্ষমতা তার বিকেন্দ্রীকরণ করা দরকার। আমাদের রাজ্য সরকার তার যে সীমাবদ্ধ ক্ষমতা তার মধ্যে দাঁড়িয়ে যেটা করেছে, যেটাকে প্রয়োগ করেছে সেটা ভারতবর্ষের কোথাও নেই। কোনও জায়গায় নেই যে ভাবে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে পঞ্চায়েত স্তরে, জেলা স্তরে, পৌরসভার স্তরে। রাজ্য সরকারের গণমুখী কর্মসূচি আছে, সেই কর্মসূচিকে বাস্তবায়িত করতে গেলে টাকা পয়সার দরকার। সেই টাকা-পয়সা যাতে কমানো যায় সেই প্রচেষ্টা করছেন। রাজ্য সরকারের হাতে কি আছে? অকট্রয় এবং আবগারি ছাড়া রাজ্যের হাতে আর আয়ের ব্যবস্থা নেই। এই বিষয়ে ওরা নানা রকম প্রতিবন্ধকতার সৃষ্টি করছেন। বিভিন্ন ভাবে অসম নীতি চালু করে টাকা-পয়সা আদায় করার পথটা যাতে রুদ্ধ হয়ে যায়, সেটা যাতে না পাওয়া যায়, পথটা যাতে আরও সঙ্কীর্ণ হয়ে যায় সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার চেষ্টা করছেন। শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, গ্রাম উন্নয়নের ক্ষেত্রে, শহরের উন্নয়নের ক্ষেত্রে, গ্রামকে নগরস্তরে তোলার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার যে কর্মসূচি ঘোষণা করেছিল সেই কর্মসূচি

আমরা বাস্তবায়িত করছি। ভারতবর্ষের দিল্লির সরকার এবং অন্য কোনও রাজ্যের সরকার নির্বাচনে দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী সরকার চালায় নি। এই কথা দেবপ্রসাদ সরকার জানেন, কংগ্রেসের লোকেরা জানেন এবং সকলেই জানেন। এখানে কর্মসূচির ভিত্তিতে কাজ করতে গিয়ে বিশাল দায় ভার বহন করতে হচ্ছে। দিল্লির সরকারের যে আর্থিক নীতি, যেভাবে জিনিসপত্রের দাম বাড়াচ্ছেন, যে কর্মসূচি তারা নিচ্ছেন তাতে ১০ টাকায় জিনিস ৫০-৬০-১০০ টাকা হয়ে গেছে। সেই অবস্থা দাঁড়িয়ে, সেই পটভূমিকায় দাঁড়িয়ে এই জিনিস বিচার করতে হবে। আমাদের রাজ্যের যে চিত্র তা যে কোনও রাজ্যের তুলনায় ভাল আছে। আমরা ইচ্ছা করলেই টাকা আদায় করতে পারি না। তারজন্য দিল্লির অনুমোদন দরকার এবং ওদের যে দেয় সেই দেয় আদায়ের ক্ষেত্রেও বাধা সৃষ্টি করছে। নতুন নতুন আইন তৈরি করে বাধা সৃষ্টি করছে। এই দেশে একই কাঠামোর মধ্যে থেকে এই ধরনের পুঁজিবাদী রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে কোনও স্বাধীন রাজ্য গঠন করা যায় না। আন্তর্জাতিক পুঁজিবাদী দেশগুলিও রাজ্যগুলির ক্ষমতা দেওয়া হয়েছে, কিন্তু আমাদের এখানে সেইরকম কিছু নেই। এত কিছুই নয়, ক্রমশ দিনের পর দিন যেটুকু ক্ষমতা দিয়েছে তাও সঙ্কোচন করা হচ্ছে। সেই পটভূমিকায় দাঁড়িয়ে বামফ্রন্টের জনমুখী কর্মসূচিকে বাস্তবায়িত করার জন্য অধিক শক্তি আমাদের দরকার এবং তাতে যে জটিলতার সৃষ্টি হবে তাতে একটা কঠিন অবস্থার সৃষ্টি হয়েছে। সে ক্ষেত্রে সরকারকে বাস্তব সমস্ত দৃষ্টিভঙ্গি এবং কর্মসূচি গ্রহণ করতে হয়েছে। এইক্ষেত্রে অন্ধ্রপ্রদেশ-ইত্যাদি রাজ্যগুলির কথার মধ্যে যাচ্ছে না। তারও একটা হিসাব আমরা নিয়েছি। এক্ষেত্রে সরকার সামাজিক দৃষ্টিভঙ্গিতে সঠিকভাবেই এটি অনুসরণ করেছে এবং এক্ষেত্রে কিছু জটিলতা দূর করে সরলীকরণ করার চেষ্টা করেছেন। এতে পদ্ধতিতে কিছু অব্যবস্থা আছে, সেই ফাঁক ফোঁকর বন্ধ করার জন্য এই অর্ডিন্যান্স আনা হয়েছে। এই ব্যাপারে আশ্বাস দিতে পারি যে সামাজিক বিষয় সম্বন্ধে যারা সম্পূর্ণ সচেতন তারা উদ্দেশমূলকভাবে গালি দিতে চান দেবেন কিন্তু সত্যি যারা পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে চান এবং সামাজিক দৃষ্টিভঙ্গি বজায় রাখতে চান তাদের স্বার্থে এবং রাজ্যের সমস্ত মানুষের এই দৃষ্টিভঙ্গি বহাল রেখে এই অর্ডিন্যান্স আনা হয়েছে। এর যথাযোগ্য বিবেচনা করে এবং এর প্রয়োজনীয়তা মেনে এই অর্ডিন্যান্স আনতে বাধ্য হয়েছি। সুতরাং যারা আশঙ্কিত যে এর দ্বারা ক্ষতি হবে তা নয়, এই কথা বলে এই যে প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ, আজকে যে প্রস্তাব আমি এখানে উত্থাপন করেছি সেই প্রস্তাবের উপরে মাননীয় সদস্যরা আলোচনা করেছেন। সরকারি পক্ষের তরফ থেকে প্রস্তাবের বিরোধিতা করেছে। আমি বাস্তবিকই যখন সংবাদপত্রে এই ধরনের অর্ডিন্যান্সের খবর পেলাম তখন বিশ্বাস করিনি এবং তখন ভেবেছিলাম এই ধরনের একটা অর্ডিন্যান্স আসতে পারে নাকি আমি চিন্তা করেছিলাম। তথ্য ও সংস্কৃতিবান বুদ্ধদেব বাবু আছেন, আমি জানি না তার দৃষ্টিভঙ্গি এইরকম ছিল কিনা। তার সামনেই এইরকম একটা অর্ডিন্যান্স আসল আর তিনি তার কোনও ব্যবস্থা নিলেন না এটা ভাবতে পারছি না। বুদ্ধদেব বাবুর মতো মানুষ এই ধরনের অর্ডিন্যান্সকে মেনে নিলেন কোনও প্রতিবাদ করলেন না ভাবতে আশ্চর্য লাগছে। দীপক বাবুরা অনেক জুনিয়র তারা যদি এটা করতেন কথা ছিল। তারপরে বিদ্যুৎবাবুকে বুঝিয়ে দিলেন অসীমবাবু যে এটা সরলীকরণ করা হয়েছে। এক্সাইজ আইনের ৩০ এবং ৩৭

ধারাকে পরিবর্তন করে যেভাবে অ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে তাতে মদের উপরে ঢালাউ লাইসেন্স দিয়ে দেওয়া হয়েছে। আমি এই ব্যাপারে ব্যক্তিগতভাবে সরকারি জনপ্রতিনিধিদের সঙ্গেও আলোচনা করেছি, তারও এই ব্যাপারে খুব উদ্বিগ্ন, কিন্তু তাদের করার কিছু নেই। আমি অনেকগুলো অ্যামেন্ডমেন্ট পেয়েছিলাম, টাইম টু টাইম আমার কাছে এসেছিল, সেগুলো রিজেক্ট করেছি, কিন্তু এই যে প্রশাসনের উপরে এবং ডি এমের উপরে ঢালাউ অধিকার দিয়ে দেওয়া হল মদের লাইসেন্স দেওয়ার ব্যাপারে এটা মেনে নিতে পারছি না। এই প্রসঙ্গে একটি অদ্ভুত যুক্তি খাড়া করা হয়েছে, একটি হাস্যকর যুক্তি যে এরদ্বারা মদের দোকানের মালিকদের কাছ থেকে ঢালাউ মদ বিক্রির ফলে যথেষ্ট রেভিনিউ আদায় করা যাবে।

[4-10 — 4-20 p.m.]

তাহলে কি যুক্তিটা ঐ রকম যে, যেহেতু যদৃচ্ছ এই রকম মদের ব্যবসা চলছে বেআইনিভাবে সেখানে নজরদারি ব্যবস্থাটা তো দেখা একটা সরকারের দায়িত্ব তাহলে সেটা নিজেরা করবে না এটা বন্ধ করবে না। সেখানে কি এটা একটা যুক্তি হল ঢালাও লাইসেন্স দিয়ে দেব। এটা কি যুক্তি? আর্থিক প্রয়োজনীয়তা আছে নিশ্চয় আমি তো বলছি অর্থের প্রয়োজন আছে, কিন্তু সেই সঙ্কট নিরসনের জন্য এমন একটা পথ বেছে নেব এটা কোন যুক্তিতে আসে? আমাদের এই দেশে একটা সময় মাদকদ্রব্য বর্জন নিয়ে আন্দোলন হয়েছিল, দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের নেতৃত্বে ; পরবর্তীকালে প্রগতিশীল আন্দোলনে কেউ কোনও দিক দিয়ে জাস্টিফাই করতে পারেনি আর্থিক সঙ্কট, সুতরাং রেভিনিউ আর্ন করার জন্য এইরকম একটা পথ আমাকে বেছে নিতে হবে? আর্থিক সঙ্কট নিরসনের জন্য বিকল্প পথ যেতে হবে, কিন্তু এই রকম একটা শিল্পকে যেখানে আমি নিজে অ্যাডমিট করছি এবং যেখানে নারী নির্যাতন বাড়ছে, সরকারের নিজের অ্যাডমিনিস্ট্রেশন এখানে যুক্তির জন্য বলছেন, কিন্তু বাস্তবিক গ্রামে কি ফিল করেছেন, গ্রামাঞ্চলে ক্রমাগত এইগুলি বাড়ছে, সেটা ড্রাগ অ্যাডিকশনই বলুন, মদের নেশাই বলুন, আজকে ঘরে ঘরে এই সমস্যা হয়েছে, গ্রামাঞ্চলে আপনারা এটা ফিল করছেন না? এইভাবে যদি আজকে ব্যাপক লাইসেন্স দেওয়ার ব্যবস্থা হয় তাহলে কি পরিস্থিতির সৃষ্টি হতে পারে সেটা ভেবেছেন কি? এখানে আমি আর একটি জিনিস বলছি আবগারি বিভাগের যে নজরদারি ব্যবস্থা আছে, সেখানে যদি খোঁজ নেন তাহলে জানতে পারবেন ৩৫ মিলিয়ন লিটার বেআইনি মদ তৈরি হচ্ছে এবং সেটা ধরতে পারলে ৩০০ কোটি টাকা আয় করতে পারে সরকার। অথচ অসীমবাবু এই ঢালাও পারমিশন দিয়ে কত টাকা আয় করতে পারবেন? কিন্তু এই প্রক্রিয়াটার মধ্যে দিয়ে গেলে তো একটা রেসট্রিকশন এসেই যায়, এই রকম ভাবে তো আমরা এগুতে পারি। একদিকে যেমন আমরা আন্দোলন করব সঙ্গে সঙ্গে সরকারের দিক থেকে এটাকে রেস্ট্রিক্ট করার ব্যবস্থা নিতে হবে। এখানে মাননীয় পরিষদীয় মন্ত্রী আছেন, আমি আপনাকে বলছি, সি আই ডি আগাম হুঁশিয়ারি দিয়েছিল এখানে ল অ্যান্ড অর্ডারের প্রশ্ন আসবে আই এ এস আই পি এস তারা উদ্বেগ প্রকাশ করেছেন, এখানে অর্ডিনান্স যখন করা হল তখন ২ মাস থেকে তারা রেড সিগন্যাল দিয়েছিল যে মারাত্মক পরিস্থিতি হবে, আইন শৃঙ্খলার চরম অবনতি হবে। ইতিমধ্যেই ঠেকানো যাচ্ছে না ড্রাগ অ্যাডিকশনদের, এইভাবে যদি ঢালাও মদের লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করে তাহলে একটা মারাত্মক পরিস্থিতি সমাজের মধ্যে দেখা দেবে সমাজবিরোধী কার্যকলাপ দেখা

দবে, এক্সাইজ ক্রিমিনাল অ্যাকটিভিটিস বেড়ে যাবে। ফলে দেখা যাচ্ছে তারা গ্রীন সিগনাল দিয়েছে সি আই ডি-র রিপোর্টে আছে তারা ঢালাও লাইসেন্স দেওয়ার বিরোধী। অথচ এত কিছু থাকা সত্ত্বেও শুধু আর্থিক সঙ্কট নিরসনের জন্য এই রকম একটা অর্ডিনান্সের মধ্যে ঢুকিয়ে দেওয়া হল এবং আপনি দেখবেন ২২শে জানুয়ারি অর্ডিন্যান্স এবং ২৯শে জানুয়ারি অসীমবাবু প্রেস কনফারেন্স করেছিলেন, সেখানে কিন্তু অর্ডিন্যান্সের মধ্যে এই যে মদের দোকানে ঢালাও লাইসেন্স-এর ব্যবস্থা করা হয়েছে এটা অমিট করে চলে যাচ্ছে। বামফ্রন্ট সরকারকে কোনও অন্ধ বিরোধিতায় থেকে কোণঠাসা করার জন্য নয়, গোটা সমাজকে একটা মারাত্মক চরম অবস্থার দিকে নিয়ে যাবে, এটা নীতি নৈতিকভাবে প্রশ্ন মূল্যবোধের প্রশ্ন, আমি জানি এটা বক্তৃতা দিয়ে বোঝানোর ব্যাপার নয়। সর্বযুগে যারা প্রগতির ঝান্ডা বহন করে, উন্নত রুচি, সংস্কৃতি আর্দশ একে অনুপ্রাণিত করার জন্য চেষ্টা করে, যারা প্রগতিশীল শাসকশ্রেণী তারা যুব সমাজের সেই নৈতিক মানকে ভেঙে দেওয়ার জন্য এই সমস্ত অশ্লীল, যাত্রা, গান, থিয়েটার করবার জন্য যারা সাহায্য করবে নিশ্চয় সেখানে একটা দায়িত্বশীল সরকারের লক্ষ্য থাকে। নিশ্চয় এই ব্যাপারে দায়িত্ব আছে সরকারের। একটা শুভবুদ্ধিসম্পন্ন সরকারের কাছে এটা আশা করা যায় না। আমি মনে করি আজকে বামফ্রন্ট সরকার এই যে প্রস্তাব এখানে রেখেছে এটা জনস্বার্থ বিরোধী। যদি ভাবতাম এই অর্ডিনান্সের ফলে সরকারের ভাবমূর্তি উজ্জ্বল হচ্ছে, বাড়ছে, জনগণের ভালো হচ্ছে তাহলে এই প্রস্তাবটাকে সমর্থন করতাম। কিন্তু এটা গ্রহণ করার চেয়ে এটা বিবেচনা করাই আগে দরকার।

The motion of Shri Deba Prasad Sarkar

যেহেতু রাজ্য সরকার ঢালাওভাবে মদের দোকানর লাইসেন্স দেওয়ার প্রস্তাব গ্রহণ করেছে ;

যেহেতু ড্রাগ অ্যাডিকশন এবং ব্লু-ফিল্মের প্রভাব শহর ও শিল্পাঞ্চলের সীমা অতিক্রম করে গ্রামে-গঞ্জে সংক্রামক ব্যাধির মতো ছড়িয়ে পড়েছে ;

যেহেতু উপরোক্ত বিষয়গুলি রাজ্যের যুবসমাজকে নৈতিক অধঃপতনের দিকে ঠেলে দিচ্ছে এবং সুস্থ সামাজিক জীবনযাত্রাকে বিপন্ন করে তুলছে ;

যেহেতু সরকারি কোষাগার পূরণ করতে অতিরিক্ত রাজস্ব সংগ্রহের প্রয়োজনীয়তা থাকা সত্ত্বেও কোনও দায়িত্বশীল পক্ষে এমন কোনও পদক্ষেপ নেওয়া ঠিক নয় যাতে সমাজে অসামাজিক কার্যকলাপ বৃদ্ধি পায় ;

যেহেতু মদের দোকান খোলার ঢালাও লাইসেন্স না দিয়ে আবগারি বিভাগের নজরদারি ব্যবস্থাকে জোরদার করার মাধ্যমে সরকার অতিরিক্ত রাজস্ব সংগ্রহের বিকল্প ব্যবস্থা করতে পারে ; এবং

যেহেতু রাজ্য সরকারের এই প্রস্তাব আমাদের দেশের স্বদেশি যুগের মাদকদ্রব্য-বর্জন আন্দোলন এবং স্বাধীনতা উত্তরকালের প্রগতিশীল আন্দোলনের ঐতিহ্য বিরোধী।

অতএব এই সভা, নতুন করে এই রাজ্যে সামাজিক অধপতন এবং সমাজবিরোধী কার্যকলাপ রোধ করতে, ঢালাও মদের দোকানের লাইসেন্স দেওয়ার সরকারি প্রস্তাব প্রত্যাহার করার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছে।

was then put and vote and a division was taken with the following results :-

[4-20 — 4-21 p.m.]

NOSE

Abdul Quiyom Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Abul Basar, Shri

Acharya, Shri Maniklal

Adak, Shri Kashinath

Bose, Shri Shyamaprasad

Bhattacharjee, Shri Buddhadeb

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Kali Prasad

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shrimati Nirupama

Chowdhuary, Shri Subhendu

Das, Shri Debesh

Das, Shri Paresh Nath

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Dey, Shri Lakshmi Kanta

De, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Ganguly, Shri Bidyut

Ghatak, Shri Santi Ranjan

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Sundar

Halder, Shri Krishnadhan

Jamadar, Shri Badal

Jana, Shri Haripada

Jana, Shri Manindra Nath

Let, Shri Dhiren

Mahata, Shri Kamala Kanta

Majhi, Shri Bhandu

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Ganesh Chandra

Moitra, Shri Birendra Kumar

Mukherjee, Shri Dipak

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Nirmal

Naskar, Shri Subhas

Nazmul Haque, Shri

Pradhan, Shri Prasanta Kumar

Roy, Shri Mrinal Kanti

Saha, Shri Kripa Sindhu

Seth, Shri Lakshman Chandra

Sinha, Shri Prabodh Chandra

Unus Sarkar, Shri

AYES

Purkait, Shri Probodh

Sarkar, Shri Deba Prasad

ABST:-

Abedin, Dr. Zainal

Banerjee, Shri Prabir

Bhowmik, Shri Manik

Ayes being 02 and the Noes-48, and Absts-03 the motion was lost.

## Adjournment

The House was then adjourned at 4-21 p.m. till 11.00 a.m. on Thursday, the 11th March 1993 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Thursday, the 11th March, 1993 at 11-00 A.M.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 8 Ministers of State and 141 Members.

[11-00 — 11-10 a.m.]

## POINT OF ORDER

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, অনেকদিন পরে আজকে প্রথম এই অধিবেশনে প্রশ্নোত্তর শুরু হচ্ছে। এই প্রথম অধিবেশন শুরু হবার এতদিন পরে প্রশ্নোত্তর শুরু হল। বি.এ. কমিটিতে এ বিষয়ে আমাদের চিফ হুইপ সহ আমরা প্রশ্ন তুলেছিলাম, কিন্তু সেখানে আমরা আপনার সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য হয়েছিলাম। তবে আপনার কাছে আমার অনুরোধ ভবিষ্যতে যেন এ জিনিস আর না হয় সেটা আপনি দেখবেন। প্রথম দিন থেকেই যেন প্রশ্নোত্তর পর্ব শুরু হয়। আমাদের লিডার এবং আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি যে, যদি ভবিষ্যতে প্রথম দিন থেকে প্রশ্নোত্তর পর্ব শুরু না হয় তাহলে হাউসে আসব না। আজকে আমরা লক্ষ্য করছি যে, প্রশ্নগুলো এখানে এমনভাবে সাজানো হয়েছে তাতে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো শেষের দিকে চলে গেছে এবং বিশেষ গুরুত্বপূর্ণ নয় এমন প্রশ্নগুলো সামনের দিকে চলে এসেছে। ভেরি রেলেভেন্ট অ্যান্ড মোর ইমপর্টেন্ট কোয়েশ্চেনগুলোকে ম্যানিপুলেশন করে শেষের দিকে দিয়ে দেওয়া হয়েছে, যাতে সেগুলো আর হাউসে তোলার সময় না পাওয়া যায়। ভোটার লিস্ট তৈরির মতো জিনিস এখানেও করা হচ্ছে। জ্ঞানসিং সোহনপালের গুরুত্বপূর্ণ প্রশ্ন শেষের দিকে চলে গেছে। এটা কোনও গণতান্ত্রিক রীতি-নীতি বলে আমি মনে করি না। আপনি এইভাবে মুখ্যমন্ত্রী সেভ করতে চাইছেন, কিন্তু এটা ঠিক নয়। গুরুত্বপূর্ণ প্রশ্নকে বেশি এমফেসিস দেওয়া উচিত। মন্ত্রী আপনার প্রতি সন্তুষ্ট হবেন, কি হবেন না, দলে আপনার গুরুত্ব থাকবে, কি থাকবে না সেটা এখানে কোনও বিবেচ্য বিষয় হতে পারে না। প্রশ্নগুলো অ্যাডমিট হবার পর গুরুত্ব অনুযায়ী ১, ২, ৩ করে এখানে আসা উচিত। সেভাবে হলে আমাদেরও সুবিধা হয়। স্যার, আপনি দেখুন মুর্শিদাবাদে নিয়ে গুরুত্বপূর্ণ প্রশ্নকে গুরুত্ব দিয়ে প্রথম দিকে রাখা হয়নি। গুরুত্বপূর্ণ প্রশ্ন যথাযথ গুরুত্ব পেলে তাৎপর্যপূর্ণ হয়ে উঠতে পারে।

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Hon'ble Member Shri Subrata Mukherjee has raised a point of order. It is very unfortunate. He intends to say that some very important questions of some members have been posted later in the list and less important questions have been given preference. I think, every question is important to the member concerned. It is not for the Department to decide which question is more important and

which question is less important. We treat all questions equally of each and every member. We are not the persons to decide which is more important question and which is less important question. When questions are filed, they are treated as equally important. It is not for us to give preference to certain questions. As and when they are ready, we put them on List. We take them according to the List, and it is according to the List. To give a question even more importance means given importance to a member and not the question, which I refuse to do and I am not willing to do it.

## Starred Questions
## (to which oral Answers were given)

### মুর্শিদাবাদে সমাজবিরোধী কার্যকলাপ

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী আবু হেনা এবং শ্রী নূরুল ইসলাম চৌধুরি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিককালে মুর্শিদাবাদ জেলায় সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে;

(খ) সত্যি হলে—

(১) ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ (জানুয়ারি '৯৩ পর্যন্ত) খুনের সংখ্যা কত;

(২) তন্মধ্যে, রাজনৈতিক খুনের সংখ্যা কত; এবং

(গ) এই ঘটনা প্রতিরোধে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী আবু হেনা ঃ** তাহলে কি মাননীয় মুখ্যমন্ত্রী বলতে চাইছেন, ১৯৯০-৯১, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে মুর্শিদাবাদ জেলায় কোনও খুন হয়নি?

**শ্রী জ্যোতি বসু ঃ** প্রশ্নটা ঠিকমত রাখা হয়নি। বলা হচ্ছে, সাম্প্রতিককালে, সাম্প্রতিককালে মানে কি, ১ বছর, ২ বছর, ৩ বছর, না ১০ বছর? সেজন্য আমি সাপ্লিমেন্টারিতে এটুকু বলতে পারি, যে হিসাব আমার কাছে আছে তা থেকে বলতে পারি—যেমন, এখানে হিসাব আছে, মুর্শিদাবাদে ১৯৯০ সালে ১৯৭ জন, ১৯৯১ সালে ১৬২ জন, ১৯৯২ সালে ১৭৪ জন। এ বছর এখনও পাওয়া যায়নি, খবর সব আসেনি,

মৃত্যুর খবর এখন আসেনি। তারপর কতজন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত খুন হয়েছেন- ১৯৯০ সালে, ৬ জন, তারমধ্যে সি.পি.আই.এম ৪ জন, আর.এস.পি ২ জন। ১৯৯১ সালে ১৩ জন খুন হয়েছেন। তারমধ্যে সি.পি.আই.এম - ১০ জন, বি.জে.পি - ২ জন, কংগ্রেস-আই - ১ জন। ১৯৯২ সালে ৪৩ জন খুন হয়েছেন। তারমধ্যে সি.পি.আই.এম - ২০ জন, কংগ্রেস - ১০ জন, ফরওয়ার্ড ব্লক - ৪ জন, এস.ইউ.সি.আই - ৪ জন, আর.এস.পি - ৪ জন, সি.পি.আই - ১ জন। ১৯৯৩ সালে সি.পি.আই.এম - ১ জন। এই হচ্ছে হিসাব। এছাড়া কত অস্ত্র-শস্ত্র জোগাড় হয়েছে তার হিসাব চাইলে দিয়ে দেব।

**শ্রী আবু হেনা ঃ** হরিহরপাড়ায় গণহত্যার পর কতজন সমাজবিরোধী গ্রেপ্তার হয়েছে এবং কত অস্ত্রশস্ত্র জোগাড় হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** এটা হবে না, উনি কি করে বলবেন? এরজন্য নোটিশ দিতে হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ১ নম্বর প্রশ্নের উত্তরে বললেন, না। অর্থাৎ সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি পায়নি। কিন্তু উনি যে খুনের হিসাব দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি, ১৯৯১ সালে ১৬২ জন, ১৯৯২ সালে ১৭৪ জন। তাহলে দেখা যাচ্ছে খুনের সংখ্যা আগের থেকে বাড়ছে। যেখানে বাড়ছে সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় হিসাব দিচ্ছেন সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি পায়নি। কত খুন হলে সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি পাবে?

**শ্রী জ্যোতি বসু ঃ** যেখানে ৯৭ জন ছিল সেখানে ১৭৪ জন, সেইজন্য আমি বলেছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** সমাজবিরোধী কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে এই প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন — না, এটা আনন্দের কথা। সমাজবিরোধী কার্যকলাপ যাতে বৃদ্ধি না পায় তারজন্য এই দপ্তর থেকে প্রশাসনিক ব্যবস্থা কি কি গ্রহণ করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** প্রশাসনিক ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। এস.পির ব্যাপারে করেছি, নিচের তলায়ও করেছি যাতে এইসব জিনিস অনেক অনেক কমে যায়। এইটুকু বলতে পারি সাধারণভাবে।

**শ্রী সৌগত রায় ঃ** মুর্শিদাবাদের হরিহরপাড়ার ঘটনার পর এস.পিকে বদলি করা হয়েছিল এবং নতুন এস.পিকে সেখানে আনা হয়েছে। তার সময়ে সমাজবিরোধী কার্যকলাপ কিছুটা নিয়ন্ত্রণ হয়েছে। আমি সাম্প্রতিককালে সংবাদ পেয়েছি ঐ এস.পির সাথে স্থানীয় সি.পি.এম নেতার সঙ্গে গন্ডগোল হয়েছে এবং সেখানে এস.পিকে ক্ষমা চাইতে বলা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, ঐ এস.পিকে মুর্শিদাবাদে রাখা হবে, না ট্রান্সফার করা হবে ডি.ওয়াই.এফ.আইয়ের নেতাকে গ্রেপ্তার করার পরিপ্রেক্ষিতে?

**শ্রী জ্যোতি বসু ঃ** বর্তমান এস.পি ভাল কাজ করছেন।

**শ্রী সুভাষ বসু ঃ** সংবাদ পেলাম বর্তমানে হরিহরপাড়ার আইন-শৃঙ্খলা ফিরে এসেছে বলে কংগ্রেস-আই ওই অঞ্চলের স্থানীয় লোকদের নিয়ে ডি.জিকে উলুধ্বনি দিয়ে ঢাক বাজিয়ে বরণ করেছেন। আইন শৃঙ্খলা ফিরে না এলে এই জিনিস কি করে হয়?

[11-10 — 11-30 a.m.](including adjournment)

**শ্রী জ্যোতি বসু :** কোনও উত্তর নাই।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা আপনার কথা অনুযায়ি বুঝলাম যে মুর্শিদাবাদ জেলার বর্তমানে যিনি এস.পি. আছেন তিনি আসার পর ওখানে আইন শৃঙ্খলার উন্নতি হয়েছে। আমরা যে আশঙ্কাটার কথা বলছি সেটা সংবাদপত্রের সংবাদে দেখলাম যে ওখানকার এস.পি.কে বদলি করার কথা উঠেছে। এই সংবাদের সত্যতা সম্বন্ধে একটা জানতে চাইছি। এস.পি. যখন ভালভাবে কাজ করছেন তখন তাকে বদলি করার কথা কেন উঠছে সেটা একটু অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় সদস্য কি চান যে তাকে ওখান থেকে সরিয়ে দিই যদি না চান তাহলে আপনাদের কথামতো রেখেই দেব।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, ১৯৭২ থেকে ১৯৭৭ কংগ্রেস আমলে তখন কোনও কেস পুলিশ দায়ের করে নি এই যে মুর্শিদাবাদ এলাকায় তখন যেসব খুনগুলি হয়েছিল প্রশাসন থেকে কেস দায়ের করা তখন হয়েছিল কি?

**শ্রী জ্যোতি বসু :** ১৯৭২ থেকে ১৯৭৭ সালের কোনও হিসেব আমার কাছে নেই।

**Mr. Speaker :** I would like to inform the hon'ble members that Shri Kanailal Sarkar, former member of the Assembly, expired this morning. His dead body has come here. I will adjourn the House till 11-30 a.m. so that we can pay respect to him. The House will sit at 11-30 a.m.

(At this stage the House was adjourned till 11.30 a.m.)

[11-30 — 11-40 p.m.](After recess)

### পুরুলিয়ায় খনিজ পদার্থ

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) **শ্রী নিশিকান্ত মেহেতা :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-এর ডিসেম্বর পর্যন্ত পুরুলিয়া জেলায় কোন কোন খনিজ পদার্থের সন্ধান পাওয়া গেছে; এবং

(খ) ঐ খনিজ পদার্থগুলি উত্তোলনের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :**

(ক) পুরুলিয়া জেলায় ঐ সময় পর্যন্ত নিম্নোক্ত খনিজ পদার্থগুলির সন্ধান পাওয়া গিয়েছে, যথা :—

কয়লা, রক ফসফেট, চিনামাটি, ফায়ার ক্লে, চুনা পাথর, গ্রানাইট, পোজোলানিক ক্লে, অভ্র, কায়ানাইট, কোয়ার্টস, তামা, লিগনাইট, গ্রাফাইট, ব্যারাইট, ফেলসপার,

বিভিন্ন শ্রেণীর বালি, ইমারতি পাথর ইত্যাদি।

(খ) বিভিন্ন খনিজ পদার্থ উত্তোলনের জন্য রাষ্ট্রায়ত্ত সংস্থা ও বে-সরকারি মাসিক উভয়েই নিয়োজিত আছে। যেমন,

(১) কয়লা, স্টোয়িংস্যান্ড ঃ ই.সি.এল.

(২) রক ফসফেট, চিনামাটি ঃ পশ্চিমবঙ্গ খনিজ ফায়ার ক্লে, গ্রানাইট। উন্নয়ন ও বিপনন নিগম

(৩) কোয়ার্টজ ও ফেলসপার ঃ পশ্চিমবঙ্গ খনিজ উন্নয়ন ও বিপনন সংস্থা (WBMDTC) এবং বে-সরকারি মালিক।

(৪) মোল্ডিং স্যান্ড, অভ্র ঃ বে-সরকারি প্রতিষ্ঠান। চুনাপাথর, গ্রানাইট, ইমারতি পাথর ইত্যাদি

[11-30 — 11-40 a.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ওখান থেকে ১৯৯২ সালে যে খনিজ পদার্থ উত্তলিত হয়েছে আর্থিক দিক থেকে তার পরিমাণ কত? কত টাকার জিনিস ওখানে উত্তলিত হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** ওটার পুরো মূল্য কত সেটা ঠিক বলা যাবে না, কারণ ওটা দানা হিসাবে তোলা হয় তো।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ওখানে যে রক ফসফেট তোলা হচ্ছে তার থেকে মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশন এর মাধ্যমে কত টাকার সার তৈরি হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** রক ফসফেটের ব্যাপারে বাণিজ্যিক দিক থেকে প্রচেষ্টা নেওয়া হয়েছে, তবে সেক্ষেত্রে এখনও পর্যন্ত যা করা হয়েছে সেটা বেশি কিছু নয়।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** ঐ খনিজ পদার্থগুলি উত্তোলন করবার ফলে কত মানুষের কর্ম-সংস্থান হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** সেখানে বিভিন্ন কাজে অনেক শ্রমিক আছেন। সেখানে আমাদের মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে, ই.সি.এল. আছে। সংখ্যাটা তাদের কাছ থেকে সংগ্রহ করে দেওয়া যেতে পারে, কিন্তু এখনই সেটা দেওয়া সম্ভব নয়।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রী বলছিলেন যে, বেসরকারি সংস্থাকে গ্র্যানাইট ও অন্যান্য ক্ষেত্রে দায়িত্ব দেওয়া হয়েছে। এই দায়িত্ব দেবার পদ্ধতিটা কি? আপনি কি খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে ঐসব প্রাইভেট বিজনেসম্যানদের নিয়েছেন? এটা একটা লুক্রেটিভ বিজনেস। আজকে কর্ণাটক প্রভৃতি জায়গায় এই গ্র্যানাইটের বিজনেস জোরদার হয়েছে এবং সেখান থেকে এটা এক্সপোর্ট করা হচ্ছে। কিন্তু আপনারা এইরকম বিজ্ঞাপন দিয়েছেন সেটা তো উই হ্যাভ নট কাম অ্যাক্রস?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** গ্র্যানাইট উত্তোলনের পর তাকে রপ্তানিযোগ্য উচ্চমানের করবার

জন্য রাজ্য সরকার কতগুলো সিদ্ধান্ত নিয়েছেন। গ্র্যানাইট যেখানে যেখানে পাওয়া যায় সেখানে পুরোটাই রিজার্ভড করা হয়েছে এবং সেটা কেবলমাত্র ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশনের হেফাজতে দেওয়া হয়েছে। আমাদের এই মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশন কাগজে বিজ্ঞাপন দিয়েছেন একাধিকবার। বেসরকারি সংস্থাগুলোকে শুধু সেটা উত্তোলন, পালিশ করে রপ্তানি করা, কারখানা করা এইসব কাজ করবার জন্য বিজ্ঞাপন দেওয়া হয়েছে। সেটা এখন পরীক্ষা-নিরীক্ষা চলছে এবং সেটা চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি, নীতিগত সিদ্ধান্ত হয়েছে। তবে নীতিটা আমরা কার্যকর করবার দিকে যাচ্ছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পুরুলিয়ার রক ফসফেটেরে কথা বললেন। দক্ষিণবঙ্গের জমি রক ফসফেটের উপযোগি কিনা তা নিয়ে সয়েল টেস্টের প্রয়োজনীয় ব্যবস্থা করবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** সারের কাজে রক ফসফেট ব্যবহার করার জন্য ভালভাবে উদ্যোগ নেওয়া হয়েছে। এখন সেটা আমাদের কৃষি দপ্তরের অনুমোদনের জন্য অপেক্ষা করছে। তারপরে বাণিজ্যিক ভিত্তিতে দক্ষিণবঙ্গের সব জায়গায় করার ব্যাপারে চিন্তা করা যাবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে গ্রানাইড একটা এমন জিনিস, এটা দক্ষিণ ভারতের মূলত খনিতে পাওয়া যাচ্ছে এবং তার প্রচন্ড এক্সপোর্ট হচ্ছে জাপান, আমেরিকায়। ঐ সমস্ত রাজ্যগুলি থেকে আমাদের দেশ প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করছে। পশ্চিমবঙ্গের পুরুলিয়ায় এই গ্রেনাইড পাওয়া গেছে। কিন্তু রাজ্য সরকারের নিজস্ব উদ্যোগে মাটির তলা থেকে গ্রেনাইড বের করে তাকে রিফাইন করে, তারপরে তাকে বিদেশের বাজারে এক্সপোর্ট করার ক্ষেত্রে যে অর্থের সঙ্কুলানের প্রয়োজন সেটা আপনি জানেন। এই গ্রেনাইড দুই ধরনের পাওয়া যাচ্ছে। একটা হচ্ছে পিক গ্রেনাইড, আর একটা হচ্ছে গ্রীন গ্রানাইড। বিদেশে এর প্রচন্ড বাজার আছে। এটা রাজ্য সরকারের একক উদ্যোগে না করে প্রাইভেট মালিকানায় যৌথভাবে করা যায়। দক্ষিণ ভারতেও এইরকম একটা ব্যবস্থা আছে। কাজেই রাজ্য সরকার নিজে উদ্যোগ না নিয়ে যৌথ ভাবে এই বিষয়ে লীজ নিয়ে এগুলি উত্তোলন করার কোনও চিন্তা-ভাবনা করছেন কি?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, এই বিষয়ে সরকার সম্পূর্ণ ভাবে সচেতন। রাজ্য সরকার গ্রেনাইড উত্তোলনের জন্য, তাকে আমদানি করার জন্য নিজেরা কিছু ব্যবস্থা নিয়েছিল। কিন্তু সেটা যথেষ্ট নয়। বর্তমানে আমাদের যে ডিপো আছে তাকে এক্সপ্লোর করা হবে। সেজন্য আমরা বলেছি যে ১১টা মৌজায় গ্রেনাইড আছে সেই মৌজাগুলি সম্পর্কে রাজ্য সরকার গত নভেম্বরে একটা বিজ্ঞপ্তি জারি মৌজাগুলি সংরক্ষণ করছে। একমাত্র মিনারেল ডেভেলপমেন্ট ট্রেডিং কর্পোরেশন ছাড়া ঐ মৌজাগুলিতে আর কেউ হাত দিতে পারবেনা। রাজ্য সরকার এই কোম্পানিকে বলেছে যে আপনারা বেসরকারি সংস্থার সঙ্গে যুক্ত ভাবে কাজ করার চেষ্টা করুন। তারা একাধিক কাগজে বিজ্ঞাপন দিয়েছে। অনেকগুলি দরখাস্ত পাওয়া গেছে। সেগুলি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হচ্ছে। তারপরে এটাকে ব্যবসায়িক ভিত্তিতে যৌথভাবে গড়ে তোলার জন্য সিদ্ধান্ত অল্প দিনের মধ্যে নেওয়া যাবে বলে আশা

করা যায়।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পুরুলিয়ায় নদীর বালির সঙ্গে সোনার আকরিক পাওয়া যাচ্ছে, এটা কি সত্যি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** পুরুলিয়ায় সোনা পাওয়া যাচ্ছে, এটা ঠিক। সেই স্বর্ণ উত্তোলন বাণিজ্যিক ভিত্তিতে করা হবে কিনা, পূর্ণ ফলাফল এখনও পাওয়া যায়নি। তবে চেষ্টা চলছে। প্রথমে কিছু স্যাম্পেল বালি থেকে নিয়ে ক্যালকাটা ইউনিভার্সিটি ল্যাবরেটোরিতে দেওয়া হয়েছিল। সেখান থেকে যে রেজাল্ট দিয়েছে সেই রেজাল্টে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া কিছু আপত্তি করেছে। ওরা বলছে যে এতটা হতে পারেনা। আমাদের অনেক জায়গায় মিনারেল ডিপার্টমেন্ট আছে। সেখানেও এই স্যাম্পেল পাঠানো হয়েছে যেমন ন্যাশনাল মেট্রোলজিক্যাল ল্যাবরেটোরি, জামসেদপুর। সেখানে ১৫টি স্যাম্পেল পাঠানো হয়েছে। ভারত গোল্ড মাইনস, সেখানেও ১৫টা স্যাম্পেল পাঠানো হয়েছে। মিনারেল এক্সপ্লোরেশন কর্পোরেশন লিমিটেড, সেখানে ৬টি স্যাম্পেল পাঠানো হয়েছে। অ্যাটমিক মিনারেল ডিভিসন, ডিপার্টমেন্ট অব অ্যাটমিক এনার্জি, সেখানে ২০টা স্যাম্পেল পাঠানো হয়েছে। এদের রিপোর্টগুলিও আমাদের কাছে এসেছে। কিন্তু রিপোর্টগুলিতে বিরাট ফারাক আছে। অনেক ফারাক আছে — আমাদের কোনটা কমার্শিয়াল হয়, কোনটা কমার্শিয়াল হয় না। ১৯৮৪ সাল থেকে এইসব কার্যকলাপ চলছে। আমরা ন্যাশানাল মেটালার্জিক্যাল ল্যাবোরেটরি যেটা জামসেদপুরে আছে, ওদের সাথে একসাথে কাজ করার চেষ্টা করছি, তবে স্যাম্পেল টেস্টিং করার পরে কাজ করা পর্যন্ত। এটা প্ল্যান্ট করা পর্যন্ত ন্যাশনাল মেটালার্জিক্যাল ল্যাবোরেটরিকে দায়িত্ব দেওয়া হয়েছে। এই ব্যাপারে আলোচনা চলছে। তারপর বোঝা যাবে যে এখান থেকে বাণিজ্যিক ভিত্তিতে স্বর্ণ উত্তোলন ঠিক হবে কি ঠিক হবে না।

### মহাকরণে কেন্দ্রীয় মন্ত্রী নিগ্রহ

(অনুমোদিত প্রশ্ন নং *২৪) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ৭ই জানুয়ারি, ১৯৯৩ তারিখে মহাকরণের দোতালায় মুখ্যমন্ত্রীর কার্যালয়ের সামনে তৎকালীন এক কেন্দ্রীয় মন্ত্রীর পুলিশের হাতে নিগ্রহের ঘটনা ঘটেছিল;

(খ) সত্যি হলে, কি কারণে ঐ ঘটনা ঘটেছিল; এবং

(গ) ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে উক্ত মন্ত্রীকে গ্রেপ্তার এবং পরে গভীর রাত্রে ছেড়ে দেওয়ার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ঘটনার গুরুত্ব অনুযায়ী মন্ত্রীকে সি.আর.পি.সি. ১৫১ ধারায় গ্রেপ্তার করা হয়।

পরে লালবাজারে এনে তাকে ও তার কর্মি অপর পাঁচজনকে ছেড়ে দেওয়া হয়। কিন্তু বার বার অনুরোধ সত্ত্বেও তারা তৎক্ষনাৎ লালবাজার ছেড়ে যেতে অস্বীকার করেন। অবশেষে রাত্রি ১টা নাগাদ মন্ত্রী তার সমর্থকদের সঙ্গে লালবাজার ত্যাগ করেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি বললেন যে তাকে গ্রেপ্তার করা হয়েছিল এবং তারপর লালবাজারে সেন্ট্রাল লক-আপে রাখা হয়েছিল। তাকে বারবার বলা সত্ত্বেও তিনি যেতে রাজি হন নি। আমার প্রশ্ন হচ্ছে, কোন আই.পি.সি. ধারা মোতাবেক এটা করলেন; এবং সংশ্লিষ্ট কোন অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়েছিল? তার সঙ্গে সংশ্লিষ্ট কারা কারা ছিলেন; এবং কোনও কোনও পুলিশ অফিসার সেখান থেকে তাকে গ্রেপ্তার করেছিলেন এবং তাকে লালবাজার সেন্ট্রাল লক-আপে নিয়ে যেতে হয়েছিল কেন? পার্সোন্যাল পিয়ারবন্ড ছাড়া কিভাবে তাকে রাত্রি একটার সময় ছাড়া হয়েছিল এবং কি ভাবে তিনি বাড়ি গিয়েছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** তাকে ১৫১ সি.আর.পি.সি. ধারায় গ্রেপ্তার করা হয়েছিল যাতে আমার ঘরে প্রবেশ করতে এবং বেরোতে অসুবিধা না হয়। ওটা কাজের জায়গা। উনি ওখানে যাতে হুজ্জুতি না করতে পারেন তারজন্য ঐ ধারায় গ্রেপ্তার করা হয়েছিল। ওটা জোর জুলুম করার জায়গা নয়। তাকে বহুবার অনুরোধ করা হয় যে, আপনি নিজেই বলে এসেছেন যে আপনার চিফ সেক্রেটারির সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট আছে। চিফ সেক্রেটারি আপনাকে অনুমতি দিয়েছেন, আপনি এসেছেন। আপনি এসে চিফ সেক্রেটারির সঙ্গে কথা না বলে, সাঙ্গপাঙ্গ নিয়ে এসে সঙ্গে ২০ জন ফটোগ্রাফার ছিলেন, তাদের নিয়ে এসে আমার ঘরের সামনে বসে গেলেন। এটা চলতে পারে? তাকে দু তিন বার অনুরোধ করা হয়েছিল চলে যাবার জন্য। তিনি বললেন, আমি যাবো না। তখন ১৫১ ধারায় তাকে গ্রেপ্তার করা হল যাতে তিনি মিশ্চিফ না করতে পারেন। তারপর তাকে লালবাজারে নিয়ে যাওয়া হয়। সেখানে ও.সি.র ঘরে তাকে বসানো হয় এবং বন্ড দিয়ে তাকে ছেড়ে দেবার কথা বলা হয়। বলা হয় যে তিনি ঘরে যেতে পারেন। তিনি বলেন, না, যাবো না। তারপর পাঁচটা সাড়ে পাঁচটা থেকে একটা পর্যন্ত থাকার পর বোধহয় তিনি পরিশ্রান্ত হয়ে গিয়েছিলেন, তিনি তারপর বাড়ি গেলেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, তিনি নিজেই চলে গিয়েছিলেন। তাকে কিভাবে গ্রেপ্তার করা হয়েছিল এবং কি ভিত্তিতে ছেড়ে দেওয়া হয়? তিনি পার্সোনাল বন্ড নিলেন না কেন? না নিলে ছেড়ে দেওয়া হল কি করে? একজন মহিলাকে রাত্রি একটার সময় কিভাবে ছেড়ে দেওয়া হল? কি উদ্দেশ্য ছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** এক কথা কতবার বলবো? ওকে ওখানে সাড়ে চারটা পাঁচটা নাগাদ গ্রেপ্তার করা হয়। ও.সি.র ঘরে বসে ওকে সাড়ে পাঁচটার সময় বলা হয় যে তিনি যেতে পারেন, 'আপনি সই করুন, আমরা ছেড়ে দিচ্ছি।' উনি যাতে আর মিশ্চিফ করতে না পারেন সেজন্য লালবাজারে নিয়ে যাওয়া হয়। ওটা হেয়ার স্ট্রীট থানার আওতায় হলেও লালবাজারে নিয়ে যাওয়া হয়। কারণ লালবাজারটা কাছে আছে। এটা আইনে আটকায় না, নিতে পারে। তারপর সাড়ে পাঁচটা থেকে রাত্রি একটা পর্যন্ত উনি গেলেন না, লালবাজারে ছিলেন। তারপর

একটার সময়, হয়ত পরিশ্রান্ত হয়ে গিয়েছিলেন, তিনি বাড়ি চলে গেলেন। গান্ধী মূর্তির পাদদেশে গিয়ে পূজাটুজা না কি করে চলে গেলেন।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় জানাবেন কি, উক্ত প্রাক্তন মহিলা মন্ত্রী পুলিশকে কোনও নিগ্রহ করেছিলেন কিনা, তার অনুগামিরা পুলিশকে কামড়ে দেওয়া, লাথি, চড় ইত্যাদি কোনও ঘটনা ঘটিয়েছিল কিনা দয়া করে জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** উনি ৫ জন মহিলা পুলিশকে আক্রমণ করেছিলেন দৈহিক ভাবে, একজন পুরুষ পুলিশ কর্মির কড়ে আঙ্গুল কামড়ে দিয়েছিলেন এটা হয়েছিল খবর।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, ৫ জন মহিলা পুলিশ এবং একজন পুরুষ পুলিশকে ঐ মহিলা আক্রমণ করেছিলেন, ঘায়েল করে দিয়েছিলেন। আমি তাকে অনুরোধ করতে চাই এই সভাকে দয়া করে জানাবেন কি, কেন্দ্রীয় মন্ত্রীর এমন কি কোনও দৈহিক আঘাত সৃষ্টি করেছিলেন ঐ পুলিশ কর্মিরা যারজন্য তাকে চিকিৎসা নিতে হয়েছিল এবং তাকে ছেড়ে দেওয়া হয়েছে এর কি কোনও মেডিক্যাল রিপোর্ট আছে? আর যে পুলিশ কর্মিদের উনি আক্রমণ করেছিলেন তাদের ব্যাপারে কি কোনও ইনজুরি রিপোর্ট আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে যে তথ্য আছে, সেটা হল, সেই পুলিশকে তাদের কর্তৃপক্ষ বলেছে অফিসিয়ালি, আমাদের মেরেছে। তাদের নাম যদি জানতে চান নামও আমার কাছে আছে। এটা কি প্রয়োজন আছে? ৫ জন মহিলা পুলিশকে উনি আঘাত করেছিলেন, আর একজন পুরুষ পুলিশের কড়ে আঙ্গুল কামড়ে দিয়েছিলেন, এই হচ্ছে রিপোর্ট। ওদের যেটুকু যা চিকিৎসা করার করে ছেড়ে দেওয়া হয়েছে। এই মহিলা পুলিশকে প্রাক্তন মন্ত্রীর বিরুদ্ধে কোনও মামলা করেনি, যদিও তারা আক্রান্ত হয়েছিলেন।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের এখানে যে বর্ণনা দিলেন সেই ব্যাপারে আমি জানতে চাইছি, আপনি তো এই রাজ্যের মুখ্যমন্ত্রী, আপনি ব্যস্ত মানুষ আপনি কর্ণধার, মহারাজ। কিন্তু একজন কেন্দ্রীয় মন্ত্রী আপনার সঙ্গে দেখা করতে গেলেন ঠিক আছে, উনি চিফ সেক্রেটারির সঙ্গে না হয় অ্যাপয়েন্টমেন্ট করেছিলেন একজন বোবা কালা মেয়ে ধর্ষিতা হয়েছিলেন তাকে নিয়ে সেই মন্ত্রী আপনার সঙ্গে দেখা করতে গিয়েছিলেন, দেখা করলে কি অসুবিধা হত, আপনি তো একটি রাজ্যের মুখ্যমন্ত্রী, আপনি তো দেখা করতে পারতেন। আপনার কি বাধা সৃষ্টি হল, একজন বোবা কালা মেয়ে যে ধর্ষিতা হয়েছেন, তাকে নিয়ে উনি দেখা করতে গিয়েছিলেন আপনার সঙ্গে, আপনি দেখা করলেন না কেন?

[11-50 — 12-00 Noon.]

**শ্রী জ্যোতি বসু ঃ** উনি তো আমার সঙ্গে দেখা করতে যাননি, উনি গিয়েছিলেন চিফ সেক্রেটারির সঙ্গে দেখা করতে, নিচের পুলিশকে উনি ফাঁকি দিয়েছিলেন, আমি চিফ সেক্রেটারিকে জিজ্ঞাসা করেছিলাম, আমার সঙ্গে কি ওনার অ্যাপয়েন্টমেন্ট আছে, উনি বললেন না আমার সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট আছে, এবং আমি বলেছি আপনি আমার ঘরে সব দলবল নিয়ে আসুন। কিন্তু উনি ওখানে না গিয়ে আমার ওখানে দলবল নিয়ে এসে গিয়েছিলেন। কাজেই আমাদের

পক্ষে এই অসভ্যতার কাছে নতিস্বীকার করা, জোরজুলুমের কাছে নতিস্বীকার করা সম্ভব নয়।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমরা খুবই উদ্বিগ্ন ছিলাম এবং এখনও আছি। এই কেন্দ্রীয় মন্ত্রী, ভদ্রমহিলা, উনি এর আগেও পুলিশের গাড়িতে বোমা মেরেছিল, পুলিশের গায়ে আলকাতরা লাগিয়ে দিয়েছিল। এই ভদ্রমহিলা যে সমস্ত কাজ করে যাচ্ছে, তাতে আপনাদের কাছে কোনও খবর আছে কি যে এই ভদ্রমহিলা সুস্থ ও স্বাভাবিক কিনা। কারণ কোনও সুস্থ ও স্বাভাবিক মহিলা এই কাজ করতে পারেন না। এই ভদ্রমহিলা মেগালোমেনিয়াক কিনা এই রকম কোনও খবর আপনার কাছে আছে কি?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউ।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তার জবাব দিয়েছেন। কিন্তু একটা প্রশ্ন উনি এড়িয়ে যাচ্ছেন। একজন মহিলাকে যখন এতগুলো পুলিশ ধরে নিয়ে গেল এবং সেই সময় উনি মাথায় আঘাত পেলেন সেই সম্বন্ধে কোনও মেডিক্যাল রিপোর্ট আপনার কাছে আছে কি? জোর করে যখন তাকে তুলে নিয়ে যাওয়া হয়েছিল তখন তাকে নিগৃহীত করা হয়েছিল কিনা এটা আমরা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের কাছে যে রিপোর্ট আছে, তাতে বলা হয়েছে, উনি লালবাজারে গিয়ে বললেন, আমার শরীর খারাপ লাগছে, মাথায় ব্যাথা করছে। তখন ডাক্তার অভিজিৎ হাজরা, এম.বি.বি.এস, ডি.জি.ও, এম.ও, উনি সেন্ট্রাল লক আপে গিয়ে পরীক্ষা করলেন। উনি বললেন ওনার কিছু আঘাত লাগেনি। পরেরদিনও কোনও ডাক্তার বলেনি যে উনি আঘাত পেয়েছেন এবং উনি নিজেও বলেননি যে ওনার আঘাত লেগেছে, এইরকম কোনও রিপোর্ট আমাদের কাছে নেই।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, আমাদের দেশে এইরকম কোনও আইন আছে কি যে পুলিশের গালে চড় মারলে, পুলিশের গায়ে কালি মাখালে, মহাকরণে যখন তখন ঢুকে পড়লে, তিনি যতই ওজনদার ব্যক্তি হোন না কেন তার বিরুদ্ধে কোনও মামলা করা যাবে না।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউ।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি আমাদের প্রশ্নের উত্তরগুলি এড়িয়ে যাচ্ছেন, একজন সাধারণ মানুষ অপরাধ করলে যেভাবে সেটা গুরুত্ব পায়, প্রচার লাভ করে, একজন কেন্দ্রীয় মন্ত্রী অপরাধ করলে সেটাও শাস্তিযোগ্য অপরাধ হয়। আপনি এখানে বললেন যে কেন্দ্রীয় মন্ত্রীকে ১৫১ ধারায় গ্রেপ্তার করা হয়েছিল। পুলিশের আঙ্গুল কামড়ানোর জন্য তাকে অভিযুক্ত করা হল, কিন্তু সেই অভিযোগ নথিভুক্ত করা হল না কেন পুলিশের এজাহারে। আপনি জানেন এর আগে ১৬ই আগস্ট, ১৯৯০ সালে আপনাদের দলের লালু আলম তার মাথায় আঘাত করেছিল, তারপর তিনি সেদিনও মাথায় যন্ত্রনা বোধ করছিলেন। কিন্তু সেই কেন্দ্রীয় মন্ত্রীর চিকিৎসার জন্য কোনও নিউরোলজিস্ট বা অরথোপেডিক ডেকে চিকিৎসা করানো হল না কেন। একজন গাইনোকলজিস্টকে দিয়ে কেন তার চিকিৎসা করানো হল? কেনই বা তাকে রাত্রিরে ছেড়ে দেওয়া হল? তিনি পি.আর বন্ডে সই করেননি, পি.আর বন্ডে সই না

করে কোনও অপরাধিকে ছেড়ে দেওয়া যায় কি?

**মিঃ স্পিকার ঃ** আপনার মূল প্রশ্নটা করুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমার মূল প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় মন্ত্রী যদি অপরাধ করেই থাকেন তাহলে গ্রেপ্তার করার পর তার বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা নেওয়া হল না কেন এবং পি.আর বন্ডে সই না করেই তাকে ছেড়ে দেওয়া হল কেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেটা তো বললাম, উনি যে সমস্ত মিসচিভ করেছেন তারজন্য ১৫১ ধারায় তাকে গ্রেপ্তার করা হয়েছিল। উনি ওখানে বসে অসভ্যতা করছিলেন।

লালবাজারে ধরে নিয়ে যাবার পর সেইটা বন্ধ হয়ে গেল, আর তো ওকে গ্রেপ্তার করে রাখবার কোনও প্রয়োজন নেই, কাজেই ওকে ছেড়ে দেওয়া হল। উনি ৫।। টা থেকে ১টা পর্যন্ত বসে থাকলেন। লালবাজার ভাল লাগলে, সেখানে বসে থাকলে আমরা কি করতে পারি?

(তুমুল হট্টোগোল)

(একাধিক কংগ্রেসি সদস্য এই সময় উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

**শ্রী সাধন পান্ডে ঃ** মুখ্যমন্ত্রী মহাশয়কে 'অসভ্য' কথাটা উইথড্র করতে হবে।

(তুমুল হট্টোগোল)

**মিঃ স্পিকার ঃ** প্লিজ টেক ইয়োর সিট। শ্রী দিলীপ মজুমদার, আপনি আপনার প্রশ্ন করুন।

**শ্রী দিলীপ মজুমদার ঃ** (তুমুল হট্টোগোলের মধ্যে)

স্যার, আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে, মাননীয় যে কেন্দ্রীয় মন্ত্রী সম্পর্কে এখানে আলোচনা হচ্ছে, আমরা কিছুদিন পূর্বে খবরের কাগজে দেখেছিলাম।

(গোলমাল)

**(এই সময় মাননীয় সদস্য শ্রী সাধন পান্ডে এবং মাননীয় সদস্য শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয়কে মাননীয় স্পিকার মহাশয়ের আসনের সামনে দাঁড়িয়ে বলতে দেখা যায়)**

**শ্রী দিলীপ মজুমদার ঃ** স্যার, আমরা কিছুদিন পূর্বে খবরের কাগজে দেখেছিলাম যে এই কেন্দ্রীয় মন্ত্রীকে জনৈক ব্যক্তি তার বাড়িতে ঢুকে মারপিট করেছে। পুলিশ তাকে গ্রেপ্তার করার পর সে পুলিশের কাছে বলেছে যে আমি ঐ কেন্দ্রীয় মহিলা মন্ত্রী স্বামী.....

(গোলমাল)

(একাধিক কংগ্রেসি সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

**শ্রী সাধন পান্ডে ঃ** (নিজ আসন থেকে)

স্যার, মুখ্যমন্ত্রী অসভ্য বলবেন আর আমরা সহ্য করে যাব? ওকে এসব কথা অন্য জায়গায়

গিয়ে বলতে বলুন। এসব চামচেদের কাছে গিয়ে বলবেন। ওরা সব অসভ্যের দল। অসভ্য।

(গোলমাল)

**শ্রী দিলীপ মজুমদার :** জানোয়ারের দল। জানোয়ার।

**মিঃ স্পিকার :** মিঃ মজুমদার, প্লিজ পুট ইয়োর কোয়েশ্চেন।

**শ্রী দিলীপ মজুমদার :** স্যার, যে কেন্দ্রীয় মন্ত্রী সম্বন্ধে আলোচনা হচ্ছে, আমরা খবরের কাগজে দেখেছি যে কিছুদিন পূর্বে জনৈক ব্যক্তি ঐ কেন্দ্রীয় মহিলা মন্ত্রীর ঘরে ঢুকে তাকে কোমরের বেল্ট খুলে বেদম প্রহার করেছে। পুলিশ সেই ব্যক্তিকে গ্রেপ্তার করার পরে সেই ব্যক্তি পুলিশকে জানিয়েছে যে ঐ মহিলা মন্ত্রী আমার স্ত্রী, আমি ওর স্বামী।

**মিঃ স্পিকার :** নট অ্যালাউড।

**শ্রী দিলীপ মজুমদার :** পরে এ সম্পর্কে কি ঘটনা ঘটেছে? স্বামী-স্ত্রীর কোনও মিটমাট হয়ে গিয়েছে কিনা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি?

**মিঃ স্পিকার :** নট অ্যালাউড। শ্রী দেবনারায়ণ চক্রবর্তী বলুন।

(গোলমাল)

[12-00 — 12-10 p.m.]

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** (গোলমালের মধ্যে)

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, ঐ মন্ত্রী কামড়ানোর ফলে যাদের বিশেষ বিশেষ জায়গাতে কামড়েছেন তাদের ইনজেকসান নিতে হয়েছে কিনা এবং তাদের ডাক্তারের দ্বারা চিকিৎসা করাতে হয়েছে কিনা? মন্ত্রীর কামড়ানো মানে সাপের কামড়ানোর মতন বিষ। তাদের ইনজেকশন নিতে হয়েছে বলে কোনও রিপোর্ট আছে কিনা? তাদের জলাতঙ্ক রোগ হয়েছে কিনা? কামড়ে দেওয়ার জন্য অনেক সময় জলাতঙ্ক জাতীয় রোগ হয়। এ ক্ষেত্রে এরকম কোনও অসুখ কামড়ানোর জন্য কারো হয়েছিল কিনা এবং হয়ে থাকলে তারজন্য চিকিৎসা করতে হয়েছে হয়েছে কিনা, এটাই আমি জানতে চাইছি?

(নট অ্যালাউড)

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, এখানে মাননীয় সদস্য দিলীপ মজুমদার যে কথা বললেন তা আপনি রেকর্ডে রাখতে পারেন না। আঁপনাকে এক্সপাঞ্জ করতে হবে ইরেলেভেন্ট বলে। What is against parliamentary practice that must be expunged. এবং মাননীয় মুখ্যমন্ত্রী 'অসভ্য' শব্দটি ব্যাবহার করে যে মন্তব্য করলেন তা তাকে উইথড্র করতে হবে। তানাহলে আমরা হাউসে থাকব না।

(প্রচন্ড গোলমাল)

স্যার, আমি আগেই বলেছি এবং এখনো বলছি রুল ৩২৮ অনুযায়ী মুখ্যমন্ত্রী এখানে যা বললেন, তা বলা যায় না।.দু নম্বার কথা হচ্ছে, যিনি এই হাউসে নেই তার সম্বন্ধে দিলীপ

মজুমদার কুৎসিত ইঙ্গিত করে কথা বলতে পারেন না। পার্লামেন্টারি নর্মস অনুযায়ি এ জিনিস চলতে পারে না। লিডার অফ দি হাউস ঐ কথা বলতে পারেন না। আর দিলীপ মজুমদারের অনেক কৃতিত্বের কথাই আপনি জানেন। ওর সম্বন্ধে কথা বলতে আমি ঘেন্না বোধ করি। ওর ঐ কথা রেকর্ড করতে দিলে আমরা হাউসে থাকব না।

(গোলমাল)

**Mr. Speaker :** Dr. Abedin, you have drawn my attention to rule 328 which runs as follows :

328 - A member while speaking shall not -

(1) refer to any matter of fact on which a judicial decision is pending;

(2) make a personal charge against a member;

(3) use offensive expressions about the conduct or proceedings of Parliament or any State Legislature;

(4) reflect on any determination of the House except on a motion for rescinding it;

(5) reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution.

(6) use the President's or the Governor's name for the purpose of influencing the debate;

(7) utter treasonable, seditious, or defamatory words;

(8) use his right of speech for the purpose of obstructing the business of the House.

Now the question is that a member has put a question regarding certain incidents on a certain date involving a Central Minister. While replying that the minister referred the conduct of the concerned person. So how does it come under the rule.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, অসভ্য কথাটা পার্লামেন্টারি নয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি দুটি পয়েন্টে দৃষ্টি আকর্ষণ করছি। অ্যাসেম্বলিতে বলা যায় না। দি অনারেবল Chief Minister has been pleased to use this language. এই ল্যাঙ্গুয়েজ করা যায় না, unparliamentary word cannot be used in parliamentary decorum. The leader of the house is expected to answer in the proceedings from the place of dignity and discipline. আজকে আন-পার্লামেন্টারি শব্দ ব্যবহার করা হয়েছে। পৃথিবীর কোনও পার্লামেন্টে এই কথা ব্যবহার করে

না। এখানে যা বলেছেন That is totally irrelevant. It must not be a part of the record. You cannot allow it. While the Hon'ble Minister replying the question has used unparliamentary word. He cannot do it. আর অসভ্যতা That is not a parliamentary word. He can use vocabulary to express the incident within the parliamentary limit. He cannot go beyond the parliamentary limit.

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমরা এই সভার সদস্য, আমাদের সকলের অধিকার আছে বলার। বিরোধী দলের নেতা যা বললেন ডিগনিটি বজায় রেখে বলা উচিত ছিল। মাননীয় মুখ্যমন্ত্রী যাঁ বলেছেন এবং আমরাও যা শুনেছি, সেটা হচ্ছে, উনি বলেছেন, এইসব অসভ্যতা বরদাস্ত করব না। অসভ্য অন্য জিনিস, উনি চিহ্নিত করে অসভ্য বলেননি। বিরোধীদলের নেতা অসভ্য বলে হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এটা আন-পার্লামেন্টারি নয়। এইরকম আনডিগনিফায়েড কথা বলতে বিরোধী দলের কোনও নেতাকে আমি দেখিনি। সুতরাং এই কথা নিয়ে কোনও আলোচনা হতে পারে না।

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি প্রশ্নের উত্তরে এইসব বলিনি। আমাকে জিজ্ঞাসা করা হল সাপ্লিমেন্টারিতে যে, আপনি ওর সঙ্গে দেখা করলেন না কেন? আমি বললাম, জোর-জুলুমের কাছে এবং অসভ্য ব্যবহারের কাছে নতি স্বীকার করব না। এইসব নিশ্চয়ই অসভ্যতা। এটা কোনও আন-পার্লামেন্টারি কথা নয়। দ্বিতীয় কথা হচ্ছে, যিনি এখানে নেই তার সম্বন্ধে কোয়েশ্চেন করলেন কেন? যিনি এখানে নেই তার সম্বন্ধে যখন প্রশ্ন করলেন তখন উত্তর তো শুনতেই হবে। (নয়েজ)... (সৌগত রায় রোজ টু স্পিক) আপনি বলুন। আপনি তো ওর ফলোয়ার, (নয়েজ) (সেভেরাল কংগ্রেস-আই মেম্বার রোজ টু স্পিক।) কিন্তু সবাই তো ওর ফলোয়ার নন।

...(গন্ডগোল)...

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলে দিতে চাই, আমাদের মধ্যে ভাঙন ধরবার চেষ্টা করে কোনও সফলতা লাভ হবে না। কংগ্রেস এক এবং এক আদর্শে বিশ্বাসী। কংগ্রেস এক এবং অভিন্ন you will fail miserably.

[12-10 — 12-20 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, এটা নিয়ে কোনও মর্যাদার প্রশ্ন হওয়া উচিত নয়। পরবর্তীকালে রুলিং পার্টি থেকে ভুল বলা হচ্ছে। লিডার অফ দি হাউস রুচিহীন কথা বলতে পারেন না। এই কথা শ্রী রবীন মন্ডল মহাশয়কে বলুন। উনি কেন বললেন এর লোক, তার লোক এইসব কথা। এই কোয়েশ্চেনটা এনেছেন ডাঃ মানস ভুঁইয়া, মাননীয় সদস্য, প্রশ্নটা ন্যায্য এবং ভাল প্রশ্ন। প্রশ্নটা ক্লিয়ার করার জন্য তোলা হয়েছে, স্টার কোয়েশ্চেন, অ্যাডমিটেড হয়েছে। কোন হিসাবে কোনও মর্যাদার প্রশ্ন না তুলে হাউসে দাঁড়িয়ে বের্ফাস কথা বললেন। উনি অসভ্য কথাটা ব্যবহার করেছেন একজন মহিলাকে কেন্দ্র করে, ওনার ঘরে মা বোন নেই, আমরা যদি বলি তাহলে কেমন লাগে? উনি কি ইঙ্গিত করতে চাইছেন? ওনার কথাটা অত্যন্ত কুৎসিত এবং এ সম্বন্ধে কোনও ব্যবস্থা না গ্রহণ করলে আমরা হাউস করতে পারব

না, ইমপসিবল। একজন মহিলাকে অসভ্য বলে উনি কী ইঙ্গিত করতে চাইছেন। মেস প্র্যাকটিস কাউল অ্যান্ড সাকদেরে কি লেখা আছে আমি তা বলতে চাইছি না, এটাকে একটা কালচারের ব্যাপার এসে যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীর সম্বন্ধে আমাদের ধারণা ভাল, তবে আজকে যে কথাটা বলেছেন তা গ্রামার দেখে বিচার করা চলেনা, এটা রুচির প্রশ্ন, কাজেই এটা বাদ না দিলে আমি আমার দলের মাননীয় নেতাকে অনুরোধ করব হাউস বয়কট করার জন্য।

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় বলছেন 'অশালীন' বলা যায় কিনা? আপনার ব্যাপার, যা করণীয় আপনি তা করবেন, তবে উনি কথা বলছেন। দ্বিতীয় কথা হচ্ছে যে একটু আগে আমি বলেছিলাম যে, আপনি তার ফলোয়ার, এখন সেটা উইথড্র করে বলছি যে আপনারা সকলেই তার ফলোয়ার।

**মিঃ স্পিকার ঃ** ডঃ আবেদিন, একটু আগে আপনি যে ভাঙবার চেষ্টা করবেন না বলছিলেন তাতে আমার একটা গল্প মনে পড়ে গেল। একজন খুব গরিব বাবা বাজার থেকে তার ছেলের জন্য একটা খেলনা কিনে গরিব তো, কাজেই পুরনো খেলনা কিনেছিল ছেলেকে দিয়ে বলল সাবধানে খেলবে, যেন ভাঙে না। ছেলে বলল এটা তো আগে থেকেই ভেঙে আছে, আমি আর কি ভাঙবো?

### পুরুলিয়া চা-শিল্প

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৯) **শ্রী তপন হোড় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলায় চা-শিল্প স্থাপনের পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ ঐ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৪ সালের বর্ষা মরশুমের পর পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি ইতিমধ্যে অযোধ্যা পাহাড়ে চায়ের চাষ শুরু হয়েছে, কিনা এবং হয়ে থাকলে কত পরিমাণ জমিতে করা হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এখন রাজ্য সরকার অযোধ্যা পাহাড়ে ৮.১৫ একর জমিতে পশ্চিমবঙ্গের যে চা উন্নয়ন নিগমকে চা চাষের পরিকল্পনা করার জন্য ০.২২ জমিতে চেষ্টা করছেন এবং বীজ বপন করা হয়েছে। আশা করা যায় জুন, জুলাই মাসে বীজ বা চারা সম্পূর্ণভাবে প্রকাশিত হবে। পুরো কাজের সাফল্য ১৯৯৪ সালের বর্ষাকাল নাগাদ বুঝতে পারা যাবে।

**শ্রী সুভাষ গোস্বামী :** ঐ জায়গায় চায়ের মান কেমন হতে পারে সে সম্বন্ধে কোনও সমীক্ষা হয়েছে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** টি ডেভেলপমেন্ট কর্পোরেশন সমীক্ষা করেছেন, তাতে মনে হয় ভাল হবে।

**শ্রী সৌগত রায় :** পুরুলিয়ায় চা বাগান করবার দায়িত্বটা টি ডেভেলপমেন্ট কর্পোরেশড়, সমবায়, প্রাইভেট এন্টারপ্রেনিওর কাদের দেওয়া হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** চায়ের গাছ লাগানো এবং বাগান ডেভেলপমেন্ট করবার কাজ টি.ডেভেলপমেন্ট কর্পোরেশনকে দেওয়া হয়েছে।

**শ্রী সৌগত রায় :** ওখানে সমবায়ের কোনও ব্যাপার আছে কি? কারণ অযোদ্ধা পাহাড়ে চা বাগান সমবায়ের অধীনে হবে বলে কাগজে দেখেছি। বাগানটা টি ডেভেলপমেন্ট কর্পোরেশনের দায়িত্বে করছেন, নাকি অন্য কারো দায়িত্বে করছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** টি ডেভেলপমেন্ট কর্পোরেশনের চা বাগান প্রোজেক্ট আছে। তারা নর্থ বেঙ্গল থেকে চায়ের গাছ এবং বীজ এনে লাগাচ্ছেন। সমবায় দপ্তর করছেন শিরকাবাদে।

**শ্রী শীশ মহম্মদ :** অযোদ্ধা পাহাড়টা একটা ব্যাপক এরিয়া নিয়ে আছে। এই এরিয়ার মধ্যে কত একর জমিতে চা বাগান করবার পরিকল্পনা গ্রহণ করেছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এটা আগেই বলেছি যে,- রাজ্য সরকার ৮.১৫ একর টোটাল জমি দিয়েছেন টি কাল্টিভেশনের জন্য এবং তারমধ্যে ০.২২ একর জমিতে পাইলট প্রোজেক্টের কাজ চলছে।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় মন্ত্রী জানাবেন কি, এই পরিকল্পনা কবে কার্যকর হবে এবং কবে নাগাদ অযোদ্ধা পাহাড়ের চা বাজারে পাবো?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** ১৯৯৪ সালের বর্ষাকালে ফলটা বোঝা যাবে। এখন নর্থ বেঙ্গল থেকে ভাল ভাল চায়ের কলম এবং বীজ সেখানে লাগানো হচ্ছে। আগামী ১৯৯৪ সালের বর্ষাকালে বোঝা যাবে সেটা কতখানি ভায়াবেল হবে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** অযোদ্ধা পাহাড়ে যে জমিতে চা চাষের সিদ্ধান্ত হয়েছে সেই জমি পূর্বে কি অবস্থায় ছিল জানাবেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এটা জেনে বলতে হবে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### জওহর রোজগার যোজনা

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯০) **শ্রী আব্দুল মান্নান :** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার ১৯৮৯-৯০, ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ আর্থিক বছরগুলিতে "জওহর রোজগার যোজনা" প্রকল্প বাবদ কেন্দ্রের কাছ থেকে কত টাকা পেয়েছেন;

(খ) তন্মধ্যে, পঞ্চায়েতকে বরাদ্দকৃত অর্থের পরিমাণ; এবং

(গ) ঐ সময়ে রাজ্য সরকার কর্তৃক ম্যাচিং গ্রান্ট বাবদ দেয় অর্থের পরিমাণ?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত বছরগুলিতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিম্নলিখিত টাকা পাওয়া গেছে ঃ

| আর্থিক বছর | কেন্দ্রের কাছ থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| ১৯৮৯-৯০ | ১৭২৮৮.১৩ |
| ১৯৯০-৯১ | ১৫৮৫৬.৯২ |
| ১৯৯১-৯২ | ১০৪১৩.৯৪ |

(খ) পঞ্চায়েতকে বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ—

| আর্থিক বছর | কেন্দ্রের কাছ থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| ১৯৮৯-৯০ | ১৭২৮৮.১৩ |
| ১৯৯০-৯১ | ১৫৮৫৬.৯২ |
| ১৯৯১-৯২ | ১০৪১৩.৯৪ |

(গ) ঐ সময়ে রাজ্য সরকার কর্তৃক ম্যাচিং গ্রান্ট বাবদ দেয় অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ

| আর্থিক বছর | কেন্দ্রের কাছ থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| ১৯৮৯-৯০ | ৪৩২২.০৩ |
| ১৯৯০-৯১ | ৩৯৬৪.২৩ |
| ১৯৯১-৯২ | ২২৭৬.৩৬ |

## কলকাতায় দাঙ্গা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রী নটবর বাগদী, শ্রী প্রবীর ব্যানার্জি এবং শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯২ সালের ডিসেম্বর মাসে অযোধ্যায় ধর্মীয় ইমারত ধ্বংসের পরিপ্রেক্ষিতে কলকাতায় দাঙ্গার ঘটনায় ঃ—

*(১) নিহতের সংখ্যা ও সম্পত্তির ক্ষয়-ক্ষতির পরিমাণ কত;*

(২) কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ও কতজনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়েছে;

(৩) নিহতদের পরিবারবর্গকে কোনওরূপ আর্থিক সহায়তা দেওয়া হয়েছে কি না; এবং

(৪) গ্রেপ্তারকৃত ব্যক্তিদের থানার অভ্যন্তরে অত্যাচারের কোনও ঘটনা ঘটেছে কি না?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) নিহতের সংখ্যা কুড়ি এবং টাকার হিসাবে সম্পত্তির ক্ষয়-ক্ষতির পরিমাণ দু কোটি পঁচিশ লক্ষ উনসত্তর হাজার দুশত (২, ২৫, ৬৯, ২০০) টাকা।

(২) সাম্প্রদায়িক গোলযোগের সুনির্দিষ্ট ঘটনায় জড়িত থাকায় ৬২০ জনকে গ্রেপ্তার করা হয়।

(৩) হ্যাঁ।

(৪) না।

## Falta Export Processing Zone

*7. (Admitted question No. *333) **Shri Nasiruddin Khan and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) Whether it is a fact that Exports by various units at the Falta Export Processing Zone (FEPZ) during 1990-91 have been below the projections made while applying for licences; and

(b) if so,

(i) the total exports and the Projections;

(ii) the reasons why exports were below the projections; and

(iii) the steps taken/proposed to boost up Exports from FEPZ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :**

(a) Yes

| | 1990-91 | 1991-92 |
|---|---|---|
| Projections : | Rs.27.59 Crores | Rs.76.30 Crores |
| Exports : | Rs.25.39 Crores | Rs.28.27 Crores. |

The Development Commissioner, FEPZ, Govt. of India who is incharge of the Zone, reports that the major contributing factor for exports below projections has been the dislocation of exports to the erstwhile USSR.

(b) To boost up exports the following steps have been taken :—

(i) A work shop was organised jointly with the Bengal Chamber of Commerce and Industry and Foreign Trade Organisation (Eastern India) on 6.2.93 which was attended by the Chief Minister of West Bengal, Union Minister for Commerce and Industries Department, West Bengal. More than 200 delegates from a wide cross-section of the Industry participated in the work shop.

(ii) The Development Commissioner has advertised in the media for awareness of the Industrial Community about the infrastructural facilities available in the Zone and the incentives available for exports.

(iii) The Development Commissioner is also mailing promotional literature to various promotional agencies.

### পুরুলিয়া জেলায় আনন্দমার্গিদের কার্যকলাপ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) শ্রী অমিয় পাত্র ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি পুরুলিয়া জেলায় আনন্দমার্গিদের হিংসাত্মক কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে; এবং

(খ) সত্যি হলে, সরকার এই কার্যকলাপ প্রতিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### Modernisation of Jute Mills

*9. (Admitted question No. *298) **Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-charge of the Commerce & Industries Department be pleased to state—

(a) the number of Jute Mills in West Bengal which have so far opted for Modernisation/Diversification;

(b) the numbers of such Mills which appear to be adverse to Modernisation/Diversification; and

(c) the Policy/Contemplation of the State Government in this regard ?

**Minister-in-charge of the Commerce and Industries Department :**

(a) Seventeen.

(b) Not known.

(c) Jute being a Central subject, the State Govt, cannot have any independent policy of its own in the matter. However, State Govt. views on matters relating to jute are communicated to the Government of India as and when occasion arises.

### আসানসোল মহকুমাকে জেলায় রূপান্তর

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৩) **শ্রী মাণিকলাল আচার্য :** স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল মহকুমাকে পৃথক জেলায় রূপান্তরের কোনও পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, ঐ পরিকল্পনাটি কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আসানসোল মহকুমাকে পৃথক জেলায় রূপান্তরের কোনও পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

### মুর্শিদাবাদ সীমান্তে চোরাচালান

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী নুরুল ইসলাম চৌধুরি :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে মুর্শিদাবাদ জেলার সীমান্ত এলাকায় ব্যাপকহারে চোরাচালানের ঘটনা ঘটছে; এবং

(খ) সত্যি হলে, এই চোরচালান প্রতিরোধে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) সম্প্রতি চোরাচালানের ঘটনা হ্রাস পাচ্ছে। গত বছর ১০৩টি কেস রুজু করা হয়েছে, ১৩১ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

**আই.এ.এস, আই.পি.এস, ডব্লু.বি.সি.এস ও ডব্লু.বি.পি.এস-এ নিযুক্তি**

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৪০) **শ্রী সুকুমার দাশ ঃ** স্বরাষ্ট্র (কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে নিযুক্ত আই.এ.এস, আই.পি.এস, ডব্লু.বি.সি.এস ও ডব্লু.বি.পি.এস-দের মধ্যে মহিলা, মুসলিম ও তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষের সংখ্যা কত (আলাদাভাবে)?

আই.এ.এস. অফিসার

মহিলা - ১৯ জন, মুসলিম - ৬ জন, তফসিলি জাতি - ৩২ জন, তফসিলি উপজাতি - ১৪ জন।

আই.পি.এস. অফিসার

মহিলা - ৪ জন, মুসলিম - ১৩ জন, তফসিলি জাতি - ২৭ জন, তফসিলি উপজাতি - ১৩ জন।

ডাব্লু.বি.সি.এস.(এক্স) অফিসার

মহিলা - ৫৩ জন, মুসলিম - ৮২ জন, তফসিলি জাতি - ১৯৪ জন, তফসিলি উপজাতি - ৭৬ জন।

ডাব্লু.বি.পি.এস. অফিসার

মহিলা - ৪ জন, মুসলিম - ৮ জন, তফসিলি জাতি - ২০ জন, তফসিলি উপজাতি - ১৩ জন।

**প্রমোটার কর্তৃক প্রতারণার অভিযোগ**

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৮) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অ্যাসোসিয়েটেড কনস্ট্রাকশনের কর্ণধার কলকাতা শহরের বিভিন্ন আবাসন প্রকল্পে ফ্ল্যাটের মালিকানা দেওয়ার জন্য বিভিন্ন ব্যক্তির কাছ থেকে অগ্রিম বাবদ টাকা নিয়ে প্রতারণা করেছে বলে স্বরাষ্ট্র দপ্তরের কাছে একাধিক অভিযোগ এসেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত অসাধু প্রমোটারের বিরুদ্ধে রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত অসাধু প্রমোটারের বিরুদ্ধে দুটি ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে, তন্মধ্যে একটিতে ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়, পরে উনি জামিনে মুক্তি পান। অপর মামলাটির ক্ষেত্রে ঐ ব্যক্তি আগাম জামিনের জন্য আবেদন করেছেন। মামলা দুটির তদন্ত চলছে।

## Terrorists from States

*14. (Admitted question No. *347) **Shri Sibdas Mukherjee and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) Whether the State Government has received report(s) of Terrorists of other States taking shelter in West Bengal and forcibly collecting funds from businessmen in this State; and

(b) if so,

(i) the brief outlines of such reports; and

(ii) the steps taken/proposed to deal with this problem ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) There are reports of terrorists of other States taking occasional shelter in West Bengal and there are a few incidents of extortion of money from businessmen.

(b)

**(i) Brief outlines of incidents involving terrorists who have taken shelter in West Bengal :**

1. In January, (8-11), 1991, first terrorist action by three Sikh terrorists came to notice in Purulia. An encounter ensued in which all three terrorists were killed. The identity of all these three deceased was established beyond doubt and the Punjab Police confirmed that they were active member of K.C.F. (Jaffarwal group).

2. On November, 24, 1991, two suspected Sikh terrorists, namely, Gurlal Singh @ Lali and Bhupinder Singh were arrested from North 24-Parganas in Rajarhat P.S. area on charges of extortion.

3. One Devinder Singh was arrested on 15.7.92. He took shelter in his uncle's house Nachattar Singh at 1/2, Puddapukur Road, Calcutta.

4. A Police party from Onda P.S., Dist.–Bankura intercepted a Maruti Car which was used by some terrorists for escape after killing one policeman at Kharagpur. The occupants of the car Opened fire at the Police Party injuring one Sub-Inspector : In self-defence, police opened fire killing two terrorists while the third managed to escape.

5. On 3.9.92, at about 23.30 hrs., one Balbir Singh was killed by some miscreants at his place of a shelter at 9/2, Balaram Bose Ghat Road, a flat owned by Kulwant Singh and his family. One Balwinder Singh Pal has been arrested in the incident of murder of Balbir Singh in Bhowanipur P.S.

6. Two terrorists of Punjab, namely, (1)-Engraz Singh, and (2) Gurdev Singh (56 years) were arrested in the early hours of 30.10.92 from crossing of Diamond Harbour Road and Ekbalpur Lane. They came to Calcutta on 29.10.92 for taking shelter in the house of Lal Singh at 27/1/3B, Ekbalpur Lane. The terrorists belonged to KCF (Jaffarwal Group).

7. At about 15.00 on 5.2.92, one J.K.L.F. activist Ghulam Rasool (32), surrendered at Gurusaday Road, Military Camp. Ghulam Rasul came to Calcutta about a year back and took shelter at his father-in-law's place at Ijiorbagan, Darapara, P.S. Beniapukur. He subsequently moved over to 8/3, Topsia 2nd Lane, P.S. Tiljala. He was arrested in Bhowanipur P.S.

8. On 24.1.93, a Punjab Police Team acting on specific information raided a Dhaba at N.H.6, P.S. Domjur, Dist. Howrah, to apprehend Sukhwinder Singh Penta (KCF Jaffarwal Group) and an absconder Sujan Singh @ Fouji died.

9. On 19.2.93, Punjab Police Team acting on a specific information that one militant Rashpal Singh @ Kal (KCF Nagoke) and his associate Major Singh have taken shelter in Patipukur P.S. Lake Town, North 24-Parganas, raided the said house with the help of local police but the above two militants could not be traced.

10. Dilsher Singh Shera, a self styled Lieutenant General of

KCF came to Calcutta in October, 1990, and stayed here till 3rd week of November and got treated for his injured right arm. He stayed at 5B, Ashutosh Mukherjee Road, C/o. Gurpreat Singh, son of Darshan Singh at 13/2A. Raji Shankari Lane, P.S. Bhowanipore. He left Calcutta on 15.11.90. There is no information of any extortion of money in this case.

11. Golap Barooah, General Secretary of the United Liberation Front of Assam (ULFA) (37 years) @ Bhaijan @ Ahmed son of Late Surendra Nath Barooah of Vill. Khowang Kalwa, P.O. Khowang, P.S. Safua, Distt. Dibrugarh, Assam, was arrested from a Guest House within Tollygunj P.S. area on 18.11.91 along with 3 other ULFA sympathisers.

(ii) In order to effectively combat such illegal activities :

(a) An Anti-Terrorist Cell has been formed in the I.B. and also in the districts.

(b) Regular liaison is being maintained with the Police from other States.

(c) Apart from maintaining a constant watch over the activities of such elements, all the districts have been properly sensitized.

(d) The State is also disseminating all information regarding such activities in a regular manner.

**Rape cases**

*15. (Admitted question No. *370) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) the number of rape cases recorded by the police in the city/State during the year 1992;

(b) what was the position in 1989 and 1990 in this regard;

(c) the number of policemen involved in rape cases during the years under consideration i.e. 1989, 1990 and 1992;

(d) whether it is a fact that most of the rape cases involving policemen have ended in Final Report; and

(e) if so,

(i) the number of policemen facing trial; and

(ii) the number of cases ended in conviction ?

**Minister-in-charge of the Home (Political) Department :**

(a) In Calcutta City-38 In the State-615,

(b) During 1989, in Calcutta City-27 and in the State-469; During 1990, in Calcutta City-24 and in the State-480.

(c) During 1989, in Calcutta City-Nil and in the State-nil.

During 1990, in Calcutta City-nil and in the State-3. During 1992, in Calcutta City-6 plus one other in the rest of the State.

(d) No.

(e) (i) Six (6) Police personnel during the years under consider ation.

(ii) Nil.

**দামোদর সিমেন্ট কারখানা**

(অনুমোদিত প্রশ্ন নং *১৫৩) শ্রী নটবর বাগদী : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মধুকুণ্ডায় অবস্থিত দামোদর সিমেন্ট কারখানায় বিগত আর্থিক বছরে লাভ হয়েছে;

(খ) হয়ে থাকলে, তার পরিমাণ কত (টাকায়); এবং

(গ) বর্তমানে ঐ কারখানাটিতে দৈনিক উৎপাদনের পরিমাণ কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ও (খ) মধুকুন্ডায় অবস্থিত দামোদর সিমেন্ট কারখানায় বিগত আর্থিক বছরে কোনও লাভ হয়নি।

(গ) বর্তমান বৎসরের উৎপাদনের হিসাব করা হয় নাই তবে,

এ কারখানাটিতে ১৯৯১-৯২ সালে নিম্নলিখিত পরিমাণ বস্তু প্রতিদিন গড়ে উৎপন্ন হয়েছে -

গ্রানুলেটেড স্ল্যাগ - ৩৩৮ টন

সিমেন্ট - ২৯৫ টন।

### মুর্শিদাবাদে "জওহর রোজগার যোজনা"

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫) শ্রী আবু হেনা ঃ গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বৎসরে মুর্শিদাবাদ জেলায় জওহর রোজগার যোজনা বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত (আলাদাভাবে); এবং

(খ) তন্মধ্যে কত অর্থ খরচ করা সম্ভব হয়েছে?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ (জানুয়ারি '৯৩) আর্থিক বছরে জওহর রোজগার যোজনায় মুর্শিদাবাদ জেলায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ—

| আর্থিক বছর | কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থ | রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থ | মোট অর্থ |
|---|---|---|---|
| ১৯৯১-৯২ | ২৮৬.৬০ | ৭১.৬৫ | ৩৫৮.২৫ |
| ১৯৯২-৯৩ (জানুঃ ৯৩) | ৪৮৪.৫৬ | ১২১.১৫ | ৬০৫.৭১ |

(খ) মুর্শিদাবাদ জেলায় ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ জানুয়ারি ১৯৯৩ পর্যন্ত নিম্নলিখিত টাকা জওহর রোজগার যোজনায় খরচ করা হয়েছে ঃ

| আর্থিক বছর | মোট খরচের পরিমাণ (লক্ষ টাকা) |
|---|---|
| ১৯৯১-৯২ | ৮৪১.৬৫ |
| ১৯৯২-৯৩ (জানুঃ ৯৩) | ৬১২.১৫ |

### চাঁপদানিতে সংঘর্ষ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০) ডাঃ মানস ভুঁইয়া ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২ সালের নভেম্বর-ডিসেম্বর মাসে হুগলি জেলায় ভদ্রেশ্বর থানার অন্তর্গত চাঁপদানিতে সংঘর্ষের ঘটনায় নিহতের সংখ্যা কত; এবং

(খ) উক্ত নিহতদের পরিবারবর্গকে এ পর্যন্ত কোনও আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা এবং হয়ে থাকলে কতগুলি পরিবারকে তা দেওয়া হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩ (তিন) জন।

(খ) নিহত একটি পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে এবং বাকি দুইটি পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

**আই.আর.ডি.পি খাতে বরাদ্দ**

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯১) **শ্রী আব্দুল মান্নান ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত পাঁচ বছরে আই.আর.ডি.পি খাতে (১) কেন্দ্রীয় সরকার কর্তৃক দেয় অর্থের পরিমাণ কত; এবং

(২) ঋণ প্রাপকদের সংখ্যা কত?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) গত পাঁচ বছরে আই.আর.ডি.পি. খাতে কেন্দ্র সরকার কর্তৃক দেয় অর্থের মোট পরিমাণ ছিল ১৪,৩০,৫১,২,০০০ টাকা (ট্রাইসেম সমেত)।

(২) গত পাঁচ বছরে ঋণ প্রাপকদের সংখ্যা ছিল ১২,৯৫,৩১৬ পরিবার।

**Export Economic Zone**

*20. (Admitted question No. *302) **Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has received any suggestion from the Federation of Indian Chamber of Commerce and Industry (FICCI) regarding an Export Economic Zones in West Bengal; and

(b) if so,

(i) the brief outlines of the suggestions; and

(ii) the contemplation of the State Government in the matter?

**Minister-in-charge of the commerce and Industries Department**

(a) No.

(b) Does not arise

**Atrocities on Women**

*21. (Admitted question No. *332) **Shri Nasiruddin Khan and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the steps taken or proposed to be taken by the State Government to prevent atrocities on women; and

(b) the number of cases of atrocities on women recorded by the police in West Bengal during 1990, 1991 and 1992 ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) Special cells have been created in the C.I.D. to arrest crime against women. Besides registration of criminal cases, these cells arrange for counselling. Besides this, registration and investigation of offences regarding crime against women is done under the supervision of senior police officers. Police stations have been directed to maintain a close liaision with different voluntary social organisations in this regard. Special efforts are also being made to prosecute the offenders in the courts.

(b)

| 1990 | 1991 | 1992 |
|---|---|---|
| 4455 | 4282 | 4634 |

**Firing by Police**

*22. (Admitted question No. *371) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) on how many occasion the police resorted to firing in the State during last five years;

(b) the total number of persons killed and/or injured in the firings mentioned above;

(c) the total number of judicial enquiries ordered in this regard;

(d) the number of Enquiry Reports received so far by the Government; and

(e) the number of cases where the firing has not been found justified ?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 1084.

(b) Killed - 413 persons.

Injured - 630 persons.

(c) 3

(d) Nil.

(e) Nil.

**গ্রামীণ জলসরবরাহ প্রকল্প**

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৮-৮৯ থেকে ১৯৯১-৯২ আর্থিক বছরগুলিতে গ্রামীণ জল সরবরাহ প্রকল্প বাবদ রাজ্যের কোন কোন জেলা পরিষদকে কত টাকা করে বরাদ্দ করা হয়েছিল;

(খ) জেলা পরিষদগুলির কাছ থেকে ঐ অর্থ খরচের হিসাব (ইউটিলাইজেশন সার্টিফিকেট) পাওয়া গিয়েছে কিনা; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর 'না' হলে এবিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮৮-৮৯ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের অধীনে নলকূপ ইঁদারা ইত্যাদি খনন। পূনর্খনন। মেরামতি বাবদ জেলা পরিষদগুলিকে মোট ১৮৬৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল। জেলা পরিষদওয়াড়ি বরাদ্দকৃত অর্থের হিসাব নিচে দেওয়া হল ঃ—

| | জেলা পরিষদ | বরাদ্দকৃত অর্থের পরিমাণ (লক্ষ) |
|---|---|---|
| ১. | কুচবিহার | ৫৪.৫৮ |
| ২. | জলপাইগুড়ি | ১০০.১২ |
| ৩. | শিলিগুড়ি মহকুমা পরিষদ | ১৯.১৬ |
| ৪. | পশ্চিম দিনাজপুর | ৮২.১৪ |
| ৫. | মালদা | ১৫২.০৮ |
| ৬. | মুর্শিদাবাদ | ১৩.১০ |
| ৭. | নদীয়া | ৬৯.১২ |
| ৮. | উঃ ২৪ পরগনা | ১৮৫.৯২ |
| ৯. | দঃ ২৪ পরগনা | ২৮০.৩২ |
| ১০. | হাওড়া | ৪৭.০০ |
| ১১. | হুগলি | ৯৩.৬৬ |
| ১২. | মেদিনীপুর | ২৬২.৮৪ |
| ১৩. | বাঁকুড়া | ১৪৭.৯২ |
| ১৪. | পুরুলিয়া | ৮৬.৯০ |

| | | |
|---|---|---|
| ১৫. | বীরভূম | ৮২.০৮ |
| ১৬. | বর্ধমান | ১০০.০৬ |
| ১৭. | দার্জিলিং (১৯৮৮-৮৯ ১৯৮৯-৯০) | ১২.০০ |
| | | ১৮৬৯.০০ |

(খ) ১৯৮৮-৮৯ এবং ১৯৮৯-৯০ সালে বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব দার্জিলিং ব্যতিরেকে সব জেলা পরিষদ থেকেই পাওয়া গেছে। তবে ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালের বরাদ্দকৃত অর্থ খরচের পুরোপুরি হিসাব অনেকগুলি জেলা পরিষদের কাছ থেকে পাওয়া যায়নি।

(গ) যে যে জেলা পরিষদ অর্থ খরচের পূর্ণ বিবরণ পেশ করেনি, তাদেরকে ইতিমধ্যেই এই খরচের পূর্ণ বিবরণ পেশ করার জন্য অনুরোধ করা হয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Abdul Mannan on the subject of reported demolition of a Statue of Sm. Indira Gandhi at Muktaram Ghosh Street in Calcutta.

The subject matter of the Motion does not call for adjournment of the business of the House. Moreovar, the Member may also raise the matter through Calling Attention, Questions, Mentions, etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the motion as amended.

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন।

বিষয়টা হল কলকাতার মুক্তারাম ঘোষ স্ট্রীটে গতকাল ভোর রাতে একদল সমাজবিরোধী ও পুলিশ যৌথভাবে মহান নেত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি ভেঙে ফেলা। এটা শুধু ইন্দিরাজীর মূর্তি ভাঙা নয়, দেশের ঐক্য, সংস্কৃতি, কৃষ্টি এবং গণতান্ত্রিক ভাবধারাকে কলুষিত করা হয়েছে। অবিলম্বে অপরাধী পুলিশ এবং সমাজবিরোধীদের গ্রেপ্তার করা হোক এবং তাদের কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention, namely :

1. Acute crisis of drinking water in

| | | |
|---|---|---|
| Baidyabati of Hooghly district | : | Shri Abdul Mannan |
| 2. Defalcation of fund by the Pradhan of Nalikul Gram Panchayat in Tamluk Block No.1 of Midnapur district | : | Shri Manik Bhowmik |
| 3. Demolition of statue of Smt. Indira Gandhi at Muktaram Babu Street in Calcutta on 9.3.93 | : | Dr. Manas Bhunia |
| 4. Dilapidated condition of many roads in the State | : | Shri Sanjib Kumar Das |
| 5. Reported death of 19 persons in a lorry accident at Ratua in Malda on 9.3.93 | : | Shri Birendra Kumar Moitra |
| 6. Reported order of Supreme Court to wind up 38 factories in this State | : | Shri Lakshman Chandra Seth |

I have selected the notice of Shri Lakshman Chandra Seth on the subject of reported order of Supreme Court to wind up 38 factories in this State.

The Minister-in-charge may please make a statement, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 17th March, 1993.

**Laying of Report and Account :**

**Annual Report and Audit Report of the Damodar Valley Corporation for the year 1990-91.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Report and Audit Report of the Damodar Valley Corporation for the year 1990-91.

## MENTION CASES

**Mr. Speaker :** Now, the Mention Cases. Today, I have received 31 notices of Mention Cases.

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুভাষ বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী এবং ক্ষুদ্র সেচ এ জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

রাণাঘাটে যে চুর্ণী নদী আছে সেটা রাণাঘাটের উপর দিয়ে প্রবাহিত হয়। সেই নদীতে খেয়া চলাচল করে। হাজার হাজার মানুষ সেই খেয়াতে পারাপার হয়। কয়েকদিন আগে সেখানে খেয়া ডুবে গেছে এবং বহু ছাত্র তাতে ডুবেছে। সেজন্য ঐ চুর্ণী নদীর উপরে একটা কাঠের ব্রিজ তৈরি করার জন্য আমি আবেদন জানাচ্ছি। এই ব্যাপারে ওখানকার জনসাধারণ টাকা দিতে রাজি আছে। ঐ কাঠের ব্রিজ হলে সাধারণ মানুষ, ছাত্র-ছাত্রি সকলেই পারাপার হতে পারবে এবং রিক্সাও চলাচল করতে পারবে। এই কাঠের ব্রিজ হলে ঐ অঞ্চলের প্রায় ৭০। ৮০ হাজার মানুষের উপকার হবে। কাজেই এই বিষয়টা বিবেচনা করার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেওকিনন্দন পোদ্দার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের সামনে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর সামনে রাখতে চাই। গতকাল রাত প্রায় তিনটা নাগাদ কলকাতা পুলিশ এবং কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের যৌথ উদ্যোগে মুক্তারামবাবু স্ট্রীটে ইন্দিরা গান্ধীর মূর্তি ভাঙা হয়েছে। এই যে জঘন্য কাজ করা হল, এতে শুধু ভারতবর্ষ নয়, সারা পৃথিবীর মানুষ ধিক্কার করবে এই বামফ্রন্ট সরকারকে কারণ এদের রাজত্বে ইন্দিরা গান্ধীর মূর্তি ভাঙা হল। এই মূর্তি ভাঙলো কারা? এই মূর্তি ভাঙ্গা হল পশ্চিমবাংলা সরকারের পুলিশ, মার্কসবাদি কমিউনিস্ট পার্টি ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের যৌথ উদ্যোগে। স্যার, এর প্রতি ধিক্কার জানাবার ভাষা পাওয়া যাচ্ছে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে এই যে ঘটনা ঘটেছে, এই ঘটনা যাতে আর না ঘটে। এই কাজের দ্বারা পশ্চিমবঙ্গ সরকারের মুখে কালিমা লেপন করা হল। ইন্দিরা গান্ধী শুধু দেশের প্রধানমন্ত্রী ছিলেন না, তিনি কংগ্রেসের নেত্রিও ছিলেন। তিনি বিশ্বের কাছে এক মহান নেত্রি হিসাবে স্বীকৃতি অর্জন করেছিলেন। সেই ইন্দিরা গান্ধীর বুকে লাঠি মেরেছে এই মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সরকার, পুলিশ এবং কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন। আপনাদের সরকারকেও আজকে এই কাজের জন্য ধিক্কার দেওয়া উচিত পুলিশ এবং কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনকে।

**শ্রী রাজকুমার মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি একটি জরুরি বিষয়ের প্রতি। বিষয়টি হচ্ছে এই যে, গত দু বছর আগে দশভাগা খালের উপরে একটি স্লুইস গেট নির্মাণের জন্য একজন কন্ট্রাক্টরকে নিয়োগ করা হয়েছিল। তিনি কাজ করার জন্য সেখানে মালপত্র নিয়ে হাজির হন। কিন্তু অত্যন্ত নিকৃষ্ট মানের মালমশলা নিয়ে যাবার জন্য গ্রামবাসী তাকে অনুরোধ করেছিলেন যে তিনি যেন ঐ সমস্ত মালমশলা পরিবর্তন করে স্লুইস গেটের কাজ আরম্ভ করেন। তারপর উক্ত কন্ট্রাক্টর কাজ ছেড়ে দিয়ে চলে যান। আজ পর্যন্ত সেই স্লুইসটি তৈরি হয়নি। ফলে সেখানে যে কয়েক হাজার বিঘা জমিতে চাষ হতে পারত তা নষ্ট হচ্ছে। সেজন্য আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করব যাতে তিনি শীঘ্র ব্যবস্থা গ্রহণ করেন এবং বিষয়টি দেখেন। দশভাগা খালের উপরে ঐ স্লুইসটি যাতে তৈরি হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, হুগলির চাঁপদানিতে ডালহৌসি জুট মিল'এর যে মাঠ আছে সেটি স্বাধীনতার আগে থেকে শ্রমিকরা এবং তাদের ছেলেমেয়েরা

খেলাধুলা করে। চাঁপদানির ঐ মাঠটি শ্রমিকদের নিশ্বাস ফেলার একটা খোলা জায়গা। বর্তমানে কারখানার কর্তৃপক্ষ এক্সপ্যানসনের নাম করে ঐ মাঠটি দখল করার ষড়যন্ত্র করছে, যদিও তাদের অনেক ফাঁকা জায়গা আছে, আরও জমি আছে। সেই জায়গায় তারা এক্সপ্যানসন করতে পারে। সেটা না করে তারা ঐ মাঠটিকে নিয়ে নেওয়ার চেষ্টা করছে। এরফলে এলাকার মানুষের মনে উত্তেজনা দেখা দিয়েছে। শাসক এবং বিরোধী দলের লোকেরা ঐ মাঠটিকে দখল করে নেবার বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তুলেছেন। আগামী বুধবার ওখানে একটি সর্বদলীয় সভা তারা ডেকেছেন যাতে মিল কর্তৃপক্ষ ঐ মাঠটিকে নিতে না পারেন সে বিষয়ে আলোচনার জন্য। আমরা দুঃখের সাথে লক্ষ্য করছি, মিল কর্তৃপক্ষ এলাকার মানুষের কথা চিন্তা না করে মাঠটিকে দখল করার চেষ্টা করছে। কয়েকদিন আগে ওখানে মাননীয় মন্ত্রী প্রবীরবাবু গিয়েছিলেন। স্থানীয় লোকেরা তাকে এ সম্বন্ধে বলেছেন। ঐ মাঠটি যাতে মিল কর্তৃপক্ষ দখল করতে না পারে সেজন্য ব্যবস্থা নিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবেশ দাস** : স্যার, আমার দুর্ভাগ্য যে আমার এলাকায় রাষ্ট্রায়ত্ত একটি কারখানা আছে, যার নাম টায়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। এই কারখানায় ১৬০০ শ্রমিক কর্মচারী কাজ করে, তাদের জীবন বিপদাপন্ন, তাদের দীর্ঘশ্বাসে আকাশ বাতাস ভারি হয়ে উঠেছে। ১৯৮৪ সালে এই কারখানাটি জাতীয়করণ করবার পর শ্রমিক কর্মচারিরা বারেবারে দাবি করে এসেছে আরও কাজ চাই, উৎপাদন বাড়াতে হবে, আধুনিকীকরণ করতে হবে। কিন্তু এসব কিছুই করা হয়নি। বরং বছরে ৩০ কোটি টাকার উৎপাদন থেকে বর্তমানে ...

[12-30 — 12-40 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ** : মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে তথ্য সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ২১শে অক্টোবর ১৯৪৩ সালে সিঙ্গাপুরে ক্যাথে বিল্ডিং-এর সম্মুখের মাঠে এক ঐতিহাসিক সমাবেশ নেতাজি সুভাষচন্দ্র বসু আজাদ হিন্দ সরকার প্রতিষ্ঠার কথা ঘোষণা করেন। ১৯৯৩ সালে তার সুবর্ণ জয়ন্তী বর্ষে ২১শে অক্টোবরকে পরিপূর্ণ মর্যাদার সঙ্গে যাতে রাজ্য সরকার আজাদ হিন্দ সরকার প্রতিষ্ঠার সুবর্ণ জয়ন্তি উৎসব পালন করেন তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার কালিগঞ্জের দেবগ্রাম থেকে বল্লভপাড়া কাটোয়াঘাট এবং দেবগ্রাম থেকে মাটিয়ারি এই ২৪।২৫ কি.মি. রাস্তা এবং দেবগ্রাম থেকে কালিগঞ্জের মিরা পলাশির ২০।২২ কি.মি. রাস্তা মোটামুটি ৪৬ কি.মি. রাস্তা আমার এলাকায় পাকা রাস্তা আছে। দীর্ঘদিন ধরে এই ব্যাপারে বলার পরেও আজও সেই রাস্তা অবহেলিত হয়ে পড়ে আছে। আমি পর পর এই নিয়ে ৪টে অধিবেশনে এই ব্যাপারে বলেছি কিন্তু আজ পর্যন্ত ৪৬ কি.মি. রাস্তায় মাত্র ২ কি.মি. রাস্তা মেরামত হয়েছে। মানুষের চূড়ান্ত দুর্গতি হচ্ছে। এই রাস্তা দিয়ে মাননীয় সেচমন্ত্রী নিজে গিয়েছেন, এসেছেন, আপনাকেও অনুরোধ করছি এই রাস্তাটি নদীয়া এবং বর্ধমানকে সংযোগকারি রাস্তা, এই রাস্তা যদি মেরামতি না করা হয়, বিধানসভায় বসে আমাকে অনশন করতে হবে, এছাড়া রাস্তা নেই। তাই আমার আবেদন

অবিলম্বে এই রাস্তা মেরামতি করা হোক।

**শ্রী শীশ মহম্মদ :** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা গুরুত্বপূর্ণ। গণতান্ত্রিক পদ্ধতি অনুসারে আগামী ৩০শে মে পঞ্চায়েতি নির্বাচন পশ্চিমবঙ্গে হবে। যদি এটা আরও দেরি হত তাহলে গণতন্ত্র হরণ হত, সেদিকে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি রেখে ৩০ তারিখে নির্বাচন করছেন। কিন্তু তার একদিন পরেই হচ্ছে ইদুজোহা। সেইজন্য অনুরোধ করছি নির্বাচনটা হয় ৫ দিন এগিয়ে দিন, না হয় ৫ দিন পিছিয়ে দিন। যদি এটা না শোনেন তাহলে জানব এদের জয় জয়কারের সুযোগ এনে দেবে। আপনি ৫ দিন এগিয়ে দিন না হয় ৫ দিন পিছিয়ে দিন। ঐ সময় মুখিয়া ব্যক্তিরা নির্বাচন পরিচালনা করতে পারবে না, ভাল করে ভেবে দেখবেন, তলিয়ে দেখবেন, কি রেজাল্ট এতে হবে।

**শ্রী শিবদাস মুখার্জি :** (নট প্রেজেন্ট।)

**শ্রী মানিক ভৌমিক :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি আমার এলাকার একটি স্বাস্থ্যকেন্দ্রের অত্যন্ত দুরাবস্থার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ চাইছি। স্যার, ১৫ বছর ধরে যারা সকলের জন্য স্বাস্থ্য চাই এই শ্লোগান তুলে পশ্চিমবাংলার ক্ষমতায় এসেছিলেন আজকে তাদেরই রাজত্বে গ্রাম বাংলার মানুষকে বলতে হয় হাসপাতাল মানে হাসতে হাসতে পাতালে যাওয়ার রাস্তা। আমার এলাকায় অনন্তপুর ব্লক প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র, যার সামনেই আছে ভাগাড়, সেখানে যখন রুগিরা দেখাতে আসে তখন শকুনের ঠোক্কর খায়, কুকুরে কামড়ায় আবার হাসপাতালের পিছনেই শ্মশান, যেখানে আমরা প্রাকৃতিক দূষণের বিরুদ্ধে সম্মেলন করছি। ঐ স্বাস্থ্য কেন্দ্রটির পরিবেশ দিনের পর দিন দুষিত হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় থেকে সর্বস্তরের লোকের কাছে আপনার মাধ্যমে আমি আবেদন জানাচ্ছি অবিলম্বে দূষণ ব্যবস্থা রোধে একটা কার্যকর ব্যবস্থা নেওয়া হোক এবং ঐ কেন্দ্রটিকে প্রাচীর তুলে এলাকাটিকে ঘিরে রাখার দাবি আমি জানাচ্ছি।

**শ্রী আবু আয়েস মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আমার নির্বাচনী এলাকা মন্তেশ্বর ব্লকে, ফ্যামিলি এবং চাইল্ড ওয়েলফেয়ার প্রোজেক্টের অধীনে ছয়টি অফিস গৃহ আছে। দীর্ঘকাল ধরে এই অফিস গৃহগুলি সংস্কার হয়নি। বর্তমানে এই অফিস গৃহটির ছাদ এবং দেওয়াল খসে খসে পড়ছে। যে কোনও সময় একটা বড় ধরনের বিপদ ঘটে যেতে পারে। ছোট ছোট শিশুরা ওখানে প্রাথমিক শিক্ষা এবং পুষ্টি পরিচর্যার বিষয়ে আসে। তাই অবিলম্বে ঐ গৃহগুলির যাতে সংস্কার হয় তারজন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী সাধন পান্ডে :** মিঃ স্পিকার স্যার, আমরা ত্রিপুরার নির্বাচন নিয়ে অনেক হৈ চৈ করেছি। এই রাজ্যের একজন চিফ ইলেক্টোরাল অফিসারের পদ চার মাস ধরে খালি পড়ে আছে। চিফ ইলেকশন কমিশ্নারের কাছে যে সব নাম যাচ্ছে তিনি সেইসব নাম ফেরত পাঠিয়ে দিচ্ছেন। এমন একজন-এর নাম পাঠানো হয়েছে যিনি চিফ ইলেকশন কমিশনারকে না জানিয়ে বিদেশে চলে গেছেন। আমাদের আশঙ্কা থেকে যাচ্ছে এরফলে ভোটার লিস্টে ব্যাপক কারচুপির সম্ভাবনা সম্ভব হবে। আমরা জানতে চাই আমরা কি একজন স্তাবকের নাম পাঠাব, না এফিসিয়েন্ট লোকের নাম পাঠাব। চিফ ইলেকশন কমিশন বলেছেন এমন একজনকে

দায়িত্ব দিতে হবে, যিনি কোনও গুরুত্বপূর্ণ পদের দায়িত্বে নেই। তিনি শুধু নির্বাচন কমিশনারের কাজই করবে। এই প্রস্তাবটাকে আমাদের রাজ্য থেকে প্রত্যাখান করা হয়েছে। আমার মনে হয় এটা করলে ভোটার লিস্টে কারচুপি অনেক কম হবে। এই ব্যাপারে কালকেও অ্যালিগেশন এসেছে সংসদে এবং কেন্দ্রীয় মন্ত্রী সংসদে বলেছেন যে পশ্চিমবঙ্গের ভোটাল লিস্ট নিয়ে তদন্ত হবে। এটা সাংঘাতিক একটা ব্যাপার। আপনারা চিফ ইলেকশন কমিশনারের সঙ্গে সহযোগিতা করছেন না। তাই আমাদের দাবি একজন নির্ভীক ও নিষ্ঠাবান লোকের নাম পাঠানো হোক শেষন সাহেবের কাছে।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর পুরুলিয়া জেলাতে বন্যা হবার জন্য বাঁকুড়ার কংসাবতি জলাধারে জল রাখার জায়গা ছিল না। বন্যার জন্য পুরুলিয়ার মানুষদের অনেক দুর্গতি সহ্য করতে হয়েছিল কিন্তু বাঁকুড়ার চাষিদের সামনে চাষের একটা সম্ভাবনা তৈরি হয়েছিল। সঙ্গে সঙ্গে মেদিনীপুর ও হুগলির একটা অংশের চাষিদের সামনেও চাষের একটা সম্ভাবনা সৃষ্টি হয়েছিল। কিন্তু কংসাবতির স্থানীয় ইঞ্জিনিয়াররা সেই জল যথাযথভাবে ব্যবহার করতে পারলেন না। সেখানে কিছু জলের অপচয়ও হয়েছে। চাষিরা সেই সময় যে আশা নিয়ে কাজে নেমেছিলেন আজকে তারা প্রতিদিন আকাশের দিকে তাকিয়ে থাকতে বাধ্য হচ্ছেন কারণ রিজারভারে সেই পরিমাণে জল নেই যাতে ফসল বাঁচানো যায়। মাননীয় সেচমন্ত্রীর কাছে আমি দুটি বিষয় বলতে চাই—এক হচ্ছে, যেটুকু ফসল তৈরি হয়েছে তা বাঁচানোর জন্য রিজারভারে যে জল আছে তার কতটা চাষিদের দেওয়া যাবে সেটা দেখুন এবং দ্বিতীয়ত, ভবিষ্যতে যাতে জলের অপচয় না হয় তারজন্য দপ্তর যেন সতর্ক থাকেন।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে থেকে রাজ্যের সমস্ত সমবায় সংস্থার ধর্মঘট হচ্ছে এবং এই ধর্মঘটের ডাক দিয়েছেন বামফ্রন্টের প্রধান শরিক সি.পি.এমের সংগঠন সিটু। এর ফলে কো-অপারেটিভ ফেডারেশন, হাউসিং ফেডারেশন, সমবায়ের সব সংস্থার কাজ বন্ধ হয়ে গিয়েছে। স্যার, এ ব্যাপারে উল্লেখযোগ্য যেটা সেটা হচ্ছে, কিছুদিন আগে এই সমবায় ধর্মঘট কিভাবে এড়িয়ে যাওয়া যায় তা নিয়ে সি.পি.এমের একজন প্রথম সারির নেতা সমবায় মন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন। ওদের দুটি দাবি — হাউসিং ফেডারেশনের চিফ অফিসার চিত্তরঞ্জন ভট্টাচার্যকে সরাতে হবে এবং পে কমিটির নির্দেশকে কার্যকর করতে হবে। আমরা কাগজে পড়েছি যে মাননীয় মন্ত্রী সেই ফাইল মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছেন। সমবায়ের কর্মিদের মাহিনা বাড়বে কিনা তা মাননীয় মুখ্যমন্ত্রীর এবং রাজ্য মন্ত্রীসভার অর্ডারের অপেক্ষায় রয়েছে। স্যার, এই অবস্থার যদি সমবায়ে ধর্মঘট হয়ে যায় তাহলে রাজ্যের অসংখ্য মানুষ অসুবিধায় পড়বেন। সমবায়মন্ত্রী, তিনি ফরোয়ার্ড ব্লকের, তাকে সমস্যায় ফেলার জন্য সিটু সমর্থকরা এই ধর্মঘট ডেকেছেন। আমি মন্ত্রী মহাশয়কে বলব, এই সমবায় ধর্মঘট সম্পর্কে অবিলম্বে এই বিধানসভায় একটি বিবৃতি দিন। আমরা রাজ্য সরকারকে বলব, এ ব্যাপারে সত্বর ব্যবস্থা নিন। এটা দেখুন যেন এই সমবায় ধর্মঘটের জন্য এখানে সমবায় আন্দোলন যাতে ভেঙে না যায়। আর সঙ্গে সঙ্গে দেখুন, বামফ্রন্টের শরিকদের মধ্যে যে ফারাক রয়েছে সেটা যেন তীব্র না হয় ও বামফ্রন্টের ভাঙন যেন পরিষ্কার হয়ে দেখা না দেয়। মন্ত্রী মহাশয়,

আপনি কিছু বলুন। ফরোয়ার্ড ব্লকের মন্ত্রী বলে এই অত্যাচার হবে?

**শ্রী ভন্দু মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, ১৯৯২ সালে পুরুলিয়া জেলাতে যে বন্যা হয়েছিল সেই বন্যায় কংসাবতি ব্রিজ আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছিল। এর ফলে সেই লাইনে রেল চলাচল কিছুদিনের জন্য বন্ধ ছিল। বর্তমানে স্যার, সেই লাইনে ট্রেন চলাচল করছে কিন্তু এখনও হাওড়া থেকে চক্রধরপুর পর্যন্ত ট্রেন যাচ্ছে না, পুরুলিয়া পর্যন্ত যাচ্ছে। আমার দাবি, চক্রধরপুর পর্যন্ত যাতে ট্রেন চলে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কিছুদিন আগে অনেক জাঁকজমক করে দ্বিতীয় হুগলি সেতু উদ্বোধন করা হল। এই দ্বিতীয় সেতু নির্মাণের ক্ষেত্রে যে মাল মশলা ব্যবহার করা হয়েছে তাতে গ্রাউটিং-এর সরঞ্জাম অত্যন্ত নিম্নমানের বলে সম্প্রতি অভিযোগ পাওয়া গিয়েছে। এর ফলে স্যার, মারাত্মক অবস্থার সৃষ্টি হবে। আপনি জানেন স্যার, ১৫২টি কেবলের উপর এই সেতু নির্মিত। এই গ্রাউটিং-এর সরঞ্জাম অত্যন্ত নিম্নমানের হবার ফলে ২ কোটি ৩৯ লক্ষ টাকার মতন রাজ্য সরকারের ক্ষতি হচ্ছে। শোনা যাচ্ছে, এর ফলে এই সেতুতে একটা বিপদজনক অবস্থার সৃষ্টি হবে। আজ হোক, কাল হোক এই সেতু ভেঙে পড়তে পারে। আমরা শুনছি, এক বছর আগে ১৯৯২ সালের ফেব্রুয়ারি মাসে ভিজিলেন্স কমিশন এ ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। স্যার, এটা জনগণের অর্থে নির্মিত কাজেই জনস্বার্থে বিষয়টি দেখা অত্যন্ত জরুরি। এর প্রতিবিধানের জন্য রাজ্যসরকার কি করছেন সেটা আমরা জানতে চাই। কারণ যদি দুর্ঘটনা ঘটে তাহলে জনগণ ক্ষতিগ্রস্ত হবেন। তা ছাড়া যারা এর দুর্নীতির সঙ্গে জড়িত তাদের ধরার জন্য রাজ্যসরকার কি ব্যবস্থা নিয়েছেন সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আমি তা জানতে চাই। মন্ত্রী মহাশয়ের কাছে আমর দাবি, হাউসে জনস্বার্থ বিষয়টি সম্পর্কে বক্তব্য রাখুন। এই বিপদের হাত থেকে আগামীদিনে সেতুকে রক্ষা করার জন্য এবং এতবড় সর্বনাশের প্রতিবিধানের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন তা আমাদের জানান।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাধ্যমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা রামনগরের বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের বিষয়ে দীর্ঘদিন ধরে বেনিয়ম লক্ষ্য করা যাচ্ছে। বিশেষ করে কংগ্রেসিদের দ্বারা পরিচালিত পরিচালন কমিটিগুলি এই জিনিস ঘটাচ্ছে। কালিন্দি হাই স্কুলে নিয়ম বহির্ভূতভাবে একজন শিক্ষক নিয়োগ করা হয়েছিল। বিষয়টি রাজ্য সরকারকে জানানো হয়েছিল। মানিকাবাসন হাই স্কুলে তফসিলি জাতির জন্য সংরক্ষিত একটি শিক্ষকের পদে নিয়ম না মেনে শিক্ষক নিয়োগের প্রচেষ্টা চালানো হয়েছিল, রাজ্য সরকারের হস্তক্ষেপে তা এখন বন্ধ হয়েছে। তবে সেই প্রচেষ্টা এখনো চালানো হচ্ছে। গোবরা হাই স্কুলে একজন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ঐরকম ব্যাপার ঘটতে চলেছে। প্যানেল তৈরি করে ডি.আই. অফিস মেদিনীপুরে পাঠিয়ে দিয়েছে। এক্সচেঞ্জের মাধ্যমে যে লিস্ট করার কথা তা বাদ দিয়ে নিজেদের ক্যান্ডিডেটকে নেবার জন্য অন্যভাবে লিস্ট করেছে। আবার দেপাল হাই স্কুলে একজন শিক্ষক নিয়োগ করা হয়েছে বিনা ইন্টারভিউ-তেই। সেখানে আগের কমিটি একটা

প্যানেল অনুমোদন করে দিয়ে গেছিল, সেই প্যানেল এখনো ডি.আই. অফিসে পড়ে আছে। অতএব আমি বিষয়টি মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের নজরে আনছি এবং তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, ভিজিলেন্স থেকে বলছে দ্বিতীয় হুগলি সেতুতে নিম্নমানের মাল দেওয়া হয়েছে, ২.৭৬ কোটি টাকা রাজ্য সরকারকে ক্ষতিগ্রস্ত হতে হচ্ছে। স্যার, এর আগে রেল দুর্ঘটনার জন্য নৈতিক কারণে লাল বাহাদুর শাস্ত্রীকে পদত্যাগ করতে হয়েছিল। মাধবরাও সিন্ধিয়াকে বিমান দুর্ঘটনার জন্য পদত্যাগ করতে হয়েছে। ভিজিলেন্স ৭ জনের বিরুদ্ধে স্পেসিফিক অভিযোগ করেছে। জাপান থেকে গ্রাউটিং মশলা এসেছে, সেটা এমনই নিম্নমানের যে, হুগলির দ্বিতীয় সেতুর বিপদ হতে পারে। এতে বিপদের ঝুঁকি থাকছে। আমি বুদ্ধদেব-বাবুর সঙ্গে এ নিয়ে আজকে কথা বলেছিলাম। বুদ্ধদেববাবুর দপ্তর সম্পর্কে ভিজিলেন্স এরকম অভিযোগ করেছে এবং তারা ডিপার্টমেন্টকে এ সম্পর্কে অভিযোগ দায়ের করে থানার এফ.আই.আর. করতে বলেছে। সেই রিপোর্ট বুদ্ধদেববাবুর দপ্তরে পৌঁছেছে। উনি বললেন, 'এ সম্পর্কে তিনদিন পরে হাউসকে জানাব।' সরকারি দপ্তর সম্পর্কে সব সংবাদপত্রে নাহলেও কোন কোন গুরুত্বপূর্ণ সংবাদপত্রের প্রথম পাতায় এরকম একটা দুর্নীতির অভিযোগ প্রকাশিত হয়েছে? সরকারের পক্ষ থেকে এখনো পর্যন্ত কোথাও কোনও কন্ট্রাডিকশন দেওয়া হয়নি। ২.৭৬ কোটি টাকার ক্ষতির প্রশ্ন এখানে জড়িত। সুতরাং সত্যিই এটা ভিজিলেন্স সরকারকে জানিয়েছে কিনা তা জানতে আমরা আগ্রহি। এ নিয়ে ছেলে-খেলা না করে অবিলম্বে তদন্ত করা প্রয়োজন। এবং আমি মনে করি তদন্ত চলাকালীন পৌরমন্ত্রীর পদত্যাগ করা উচিত। কারণ তিনি দপ্তরের দায়িত্বে থাকলে তদন্ত কাজ ব্যাহত হবে। সুতরাং তিনি পদত্যাগ করে তদন্ত কাজকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করুন।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় তফসিলি জাতি এবং আদিবাসি কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার তফসিলি জাতি এবং আদিবাসি মানুষদের সার্টিফিকেট দেওয়ার জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। প্রচুর দরখাস্ত সেখানে জমা পড়ে আছে। দরখাস্তের সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্রের জেরক্স কপি দেওয়া সত্ত্বেও রেশন কার্ডের অরিজিনাল কপি, স্কুল লিভিং সার্টিফিকেটের অরিজিনাল কপি এবং ১৯৫৪ সালের আগের জমি রেজিস্ট্রেশনের দলিলের অরিজিন্যাল কপি চাইছে। স্বাভাবিকভাবেই তফসিলি জাতি এবং আদিবাসী লোকেরা ভীষণভাবে সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে হয়রানি হচ্ছে। এরজন্য সরকারি অনুদান এবং সরকারি সুযোগ-সুবিধা থেকে এই মানুষগুলি বঞ্চিত হচ্ছে। আগামী যে নির্বাচন আসছে তাতে সংরক্ষিত আসনে প্রতিদ্বন্দ্বিতা করার প্রশ্নে অবিলম্বে এই সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে আরও যাতে সরলীকরণ করা যায় সেই ব্যাপারে দৃষ্টি দেবেন। ১৯৫৪ সালের রেজিস্ট্রিকৃত দলিল চাওয়া হচ্ছে কিন্তু সেই রেজিস্ট্রিকৃত দলিল তাদের অনেকেরই নেই, অধিকাংশই ভূমিহীন মানুষ। দ্রুত সার্টিফিকেট যাতে প্রদান করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্র কাটোয়ার একটি গুরুত্বপূর্ণ সমস্যার কথা মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, আমার এলাকায় অজয় এবং ভাগিরথী এই দুটি নদীর ভাঙনের ফলে নদী তীরবর্তী বিস্তীর্ণ অঞ্চল নদীর গর্ভে চলে যাচ্ছে এবং তারসঙ্গে দুটি মিউনিসিপ্যালিটি এলাকা কাটোয়া এবং দাঁইহাটের বিস্তীর্ণ অঞ্চল বিপদাপন্ন হয়ে পড়েছে। বাঁধের কাছাকাছি ভাগিরথীর জল চলে এসেছে। আসন্ন বর্ষার আগে ভাঙন রোধ যদি না করা যায় তাহলে ভয়াবহ বিপদ দেখা দেবে। আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু অদ্যাবধি কোনও ব্যবস্থা গৃহীত হয়নি। পাশাপাশি ভাগিরথী এবং অজয়ের যে বাঁধ আছে সেই বাঁধগুলি কয়েক বছর ধরে সংস্কার হয়নি, যারফলে দুর্বল হয়ে গেছে। বাঁধগুলি বন্যার সময়ে ভেঙে ফসল এবং সম্পত্তি নষ্ট করার ক্ষেত্রে বিপদের কারণ হয়ে দাঁড়াবে। সুতরাং পুনরায় আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, নদীর এই ভাঙন রোধের জন্য প্রয়াজনীয় ব্যবস্থা নেওয়া হোক এবং বাঁধগুলি সংস্কার করার ক্ষেত্রে অর্থ মঞ্জুর করা হোক।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সরকারের এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বামফ্রন্ট সরকারের গুরুত্বপূর্ণ শরিকদলের রাজ্য সম্পাদক শ্রী নন্দদুলাল ভট্টাচার্য মহাশয় বিবৃতি দিয়েছেন যা খুবই উদ্বেগের সৃষ্টি করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বাবরি মসজিদ ভাঙনের যারা নায়ক সেই বিশ্বহিন্দু পরিষদ, আর.এস.এস. বজরং দল এবং শিবসেনা প্রভৃতি অধিকাংশ দলগুলিকে নিষিদ্ধ করা হয়েছে। আমি সংবাদ পেলাম, সি.পি.আই নেতা শ্রী নন্দদুলাল ভট্টাচার্য মহাশয় বলছেন, খোদ কলকাতায় আর.এস.এসের সাধারণ সম্পাদক, শেষাদ্রি এসে গোপনে বৈঠক করছেন রাজ্যের পুলিশ কর্তাদের সঙ্গে, সরকারি আমলাদের সঙ্গে এবং মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং কলকাতায় শ-দেড়েক সেন্টার তিনি খুলছেন। যে সংগঠনকে নিষিদ্ধ করা হয়েছে সেই সংগঠনের নেতা এই রাজ্যে এসে এই রাজ্যসরকারের মদতে এবং শাসকদল সি.পি.এমের মদতে, কর্তা-ব্যক্তিদের মদতে, পুলিশের মদতে, প্রশাসনের মদতে মিটিং করছেন এবং বহালতবিয়তে এই রাজ্যে পরিকল্পনা চালিয়ে যাচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য, তার জ্ঞাতসারেই এই ঘটনা ঘটছে কিনা? তাহলে বি.জে.পির সঙ্গে সি.পি.এমের মদত আছে। আর.এস.এস. বিশ্বহিন্দু পরিষদ যৌথভাবে কাজ করছেন। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বিবৃতি দিন যে এই ঘটনা অসত্য।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুরুলিয়া সীড ফার্ম ১০৫ একর জমির উপর আছে, সেখানে দুটি বড় বড় পুকুর এবং প্রায় ১৫০টি আম, জাম ইত্যাদি গাছ আছে। ঐ সীড ফার্মে প্রায় এখন ৮০ জন শ্রমিক কাজ করে, ওখানে ডিপ টিউবওয়েল, ট্রাক্টর, পাওয়ার টিলার সব আছে। ৮০ জন স্টাফ ১ জন ম্যানেজার, দুজন ড্রাইভার আছেন। প্রত্যেক মাসে ঐ শ্রমিক, ম্যানেজার এবং ড্রাইভারদের বেতন মিটিয়ে দেওয়া হয়, অথচ ঐ ১০৫ একর জমির মধ্যে এক ডেসিমেল জমিতেও ঐ সীড ফার্মে চাষ হচ্ছে না। শ্রমিকরা বার বার ম্যানেজারের কাছে দাবি করেছে কিন্তু ওখানে হাই ইলডিং ভ্যারাইটি, উচ্চ ফলনশীল পাট, ইত্যাদি অনেক সীড তৈরি করতে পারা যায়, তা হচ্ছে না। ম্যানেজারকে বললে তিনি বলেন

যে বেতন পাচ্ছে, কাজের কি প্রয়োজন আছে? পশ্চিমবঙ্গে এসবের অভাব আছে, এখন ম্যানেজার বা কিছু আমলার চক্রান্ত বা ষড়যন্ত্র কিনা অথবা সরকারের দুর্বলতা আছে কিনা সেটা দেখা দরকার। এই ফার্মকে প্রপারলি ব্যবহার করতে পারলে পশ্চিমবঙ্গে উন্নত মানের বীজ আমরা বেশি করে পেতে পারি। অনেক বীজ আমাদের বাইরের রাজ্য থেকে আনাতে হয়। এ ব্যাপারে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সীড ফার্মে যথাযথভাবে কাজ শুরু হয়।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার আলু কেনার জন্য ১.২৫ পয়সা কে.জি. দাম বেঁধে দিয়েছেন। অর্থাৎ ৭৫ টাকা বস্তা সেজন্য কৃষক সভার তরফ থেকে রাজ্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি। এইজন্য অভিনন্দন জানাচ্ছি যে আজকে আলু চাষিরা সর্বশান্ত হয়ে গেছে ঐ সারের দাম বাড়ার জন্য বৈঁচি সি.এ.ডি.পি.তে ৯৩ টাকা করে বস্তা দিয়ে আলু চাষিরা আলু কিনছে। কাজেই ৮০ টাকা বস্তা ধার্য না করলে কৃষকেরা যে পুঁজিটা জমিতে ঢেলেছে সেটা আর ফেরত পাবেন না। তাদের গতরের দাম তো পাওয়াই যাবে না, তবে পুঁজিটা যাতে ফেরত পায় সেজন্য মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। আর যদি আলু বিদেশে রপ্তানি করা যায় তাহলে আলু চাষিরা বাঁচতে পারে। কৃষকদের অর্থনীতি আজকে ধ্বংস হতে হতে শেষ হয়ে যাচ্ছে। এতে পশ্চিমবঙ্গে বৈদেশিক মুদ্রা আনতে পারে সেজন্য রাজ্য সরকার যাতে ভারত সরকারের কাছে যদি এটা জানাতে পারেন তাহলে আলু চাষিরা বাঁচতে পারে।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নেই তার কাছে একটি নির্দিষ্ট অভিযোগ উত্থাপন করতে চাই। আমাদের ওখানে আমাদের সি.এম.ও.এইচ. ১২ বছর ধরে আছেন। মালদার লোক মালদাতেই বসে আছেন। তিনি পক্ষপাতদুষ্ট হয়ে আমার নির্বাচনী এলাকায় একটার পর একটা অত্যাচার চালিয়ে যাচ্ছেন। আমি অনেকবার মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলেছি কিন্তু কোনও ফল হয়নি। মালদার কোনও হাসপাতালে ওষুধ নেই, আমাদের হাসপাতালেও ওষুধ নেই কিন্তু যেটুকু ওষুধ পাওয়া যায় তা আমাদের ওখানে পৌঁছায় না। দ্বিতীয় কথা একটা একটা ডাক্তারকে ধরে উনি সরিয়ে দিচ্ছেন। ডাক্তার ট্রান্সফার এবং রিলিজ করে দিচ্ছেন। সম্প্রতি কোনও মেডিক্যাল অফিসার নেই, হরিশচন্দ্রপুর সেখানে ৬৫ বেডের হাসপাতাল, হবদন নগরে ৩ মাস কোনও ডাক্তার যায় নি, তিনি জেনেশুনে তাকে সম্পূর্ণ বেতন দিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে যে, ঐ মেডিক্যাল অফিসার এত সাহস পায় কেমন করে? আমি বলায় বলেছেন যে উনি ফরওয়ার্ড ব্লক করেন করতে থাকুন। আমার প্রশ্ন হচ্ছে ডাক্তার বদলি করা হল, দুর্নীতির সঙ্গে জড়িত ৩ মাস চাকরি না করলেও তাকে বেতন দিচ্ছেন। এটা আমার নির্দিষ্ট অভিযোগ আমি একটা তদন্ত কমিটি করার জন্য সংশ্লিষ্ট অফিসার এবং সেক্রেটারিকে জানিয়েছিলাম, এখন আমার প্রার্থনা একটা তদন্ত কমিশন এ ব্যাপারে গঠন করা হোক। আমি হেলথ ডাইরেক্টর, সেক্রেটারি এবং মন্ত্রীকেও বলেছি এবং মন্ত্রীও স্বীকার করেছেন যে, আমার উপর অবিচার হচ্ছে। কিন্তু আমি বুঝতে পারছি না ব্যাপারটা কি? তার খুঁটির জোরটা কোথায়।

**শ্রী সুধীররঞ্জন দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি বন বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার বারাবনী ব্লকের মায়গ্রামের কাছে সরিষাতলিতে একটা বিস্তির্ণ বনাঞ্চল আছে যা ১২-১৩ কিলোমিটার বিস্তৃত। ঐ বনের নিচে কয়লা আছে এবং তাতে আগুন লেগে গেছে। ওখান থেকে বেআইনিভাবে কয়লা তোলা হয়। ঐ ফরেস্ট বীট অফিসার আছেন। এই ব্যাপারে তার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, ই.সি.এল. কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা নেওয়া হয়নি আগুন নেভাবার। ঐ অঞ্চলে বনাঞ্চল একেবারেই কম, তাই ঐ আগুন নিভিয়ে যাতে ঐ বনকে রক্ষা করার ব্যবস্থা করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার অ্যাডকোনগরে ইস্ট অ্যান্ড পেপার ইন্ডাস্ট্রিজ লিমিটেড কারখানাটিকে অনেক কষ্ট করে চালু করা গিয়েছিল, কিন্তু কর্তৃপক্ষের অসহযোগিতার ফলে সেখানে উৎপাদন ব্যাহত হচ্ছে। সেখানে কাঁচা মাল সরবরাহ করা হচ্ছে না। মালিকপক্ষ ঐ কারখানার শ্রমিকদের ই.এস.আই. এর ৬ লক্ষ টাকা এবং প্রভিডেন্ট ফান্ডের ৪০ লক্ষ টাকা জমা দেননি, উল্টে শ্রমিকদের বিরুদ্ধে অসত্য সব অভিযোগ করছেন। এই ব্যাপারে ঐ কারখানার সিটু অনুমোদিত ইউনিয়নের পক্ষ থেকে কর্তৃপক্ষকে চিঠি দেওয়া হয়েছে এবং তার কপি শ্রমমন্ত্রী এবং শিল্প-বাণিজ্য মন্ত্রীকেও দেওয়া হয়েছে। ঐ চিঠিতে বলা হয়েছে — বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ মনে করে আপনার মাধ্যমে অনুরোধ করছি, যদি মন্ত্রী উপস্থিত থাকেন তাহলে এ-ব্যাপারে বলুন, নাহলে এ-ব্যাপারে হস্তক্ষেপ করুন।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আমাদের মেদিনীপুর জেলায় শত শত প্রাথমিক স্কুলে শিক্ষকরা অবসর গ্রহণ করবার পর তাদের পদগুলি খালি পড়ে রয়েছে। অন্যান্য জেলাতেও বোধহয় এটাই হচ্ছে। আমি স্পেশ্যালি মেদিনীপুর জেলার কথা উল্লেখ করছি এই কারণে যে, আমি এমন কথা বলতে পারি যে, আমার নিজের কনস্টিটিউয়েন্সিতে এমন একটা স্কুল চলছে যে স্কুলে শিক্ষক যিনি ছিলেন তিনি অবসর গ্রহণ করবার পর স্কুলটি শিক্ষকবিহীন অবস্থায় চলছে। ঐ স্কুলের নাম ৭ নম্বর পাঠজালপাই। এইরকম অনেক স্কুল আছে। এই রাজ্যের বহু স্কুলে এইরকম ঘটনা ঘটেছে। আমি আপনার মাধ্যমে এই আবেদন করব যে অবসর গ্রহণ করার পরে সেই সমস্ত জায়গায় আবার নতুন শিক্ষক নিয়োগ করার জন্য। এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর প্রতি একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা লক্ষ্য করেছি যে এই রাজ্যের শিক্ষকরা নিয়মিত ভাবে বেতন পাচ্ছে না। তবে এই আর্থিক সঙ্কটের মধ্যেও অনিয়মিত হলেও তারা বেতন পাচ্ছেন। রাজ্যের শিক্ষকদের প্রভিডেন্টের টাকা ট্রেজারিতে জমা দেবার নিয়ম এবং এটা সরকারেরই নির্দেশ। কিন্তু দীর্ঘদিন ধরে সেই টাকা জমা দেওয়া হচ্ছে না এবং সরকারের শেয়ারও জমা দেওয়া হচ্ছে না। আবার যে প্রভিডেন্ট ফান্ডের টাকা, পূর্বে জমা ছিল সেগুলিও তুলে নেওয়া হচ্ছে ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে, এসব কি সরকারের

শেয়ারের টাকাও শিক্ষকরা তুলে নিচ্ছেন। একমাত্র মেদিনীপুরে এইরকম ভাবে প্রায় ১৫ কোটি টাকা সরকারের শেয়ার শিক্ষকরা তুলে নিয়েছেন। সারা রাজ্যের হিসাব যদি করা যায় তাহলে এর পরিমাণ দাঁড়াবে ২ শত কোটি টাকা। সরকারের এই শেয়ারের টাকাটা যদি আদায় করা যায় তাহলে একদিকে মেরন শিক্ষকদের বেতন দেওয়া যায়, অন্যদিকে সরকারেরও আর্থিক সঙ্কট অনেকটা দুর হয়। কাজেই আমি একই সঙ্গে শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সরকারের এই শেয়ারের টাকাটা তুলে আনার উদ্যোগ নেওয়া হোক। এটা করলে রাজ্যেরও অনেক উপকার হবে।

**মিঃ স্পিকার :** আজকে আমি ১৫টি জিরো আওয়ারের নোটিশ পেয়েছি। ১.১৫ মিনিট পর্যন্ত যে কয়টা করা যাবে তাই হবে।

## ZERO HOUR

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আর দুই সপ্তাহ পরে এই রাজ্যের মুসলিম সম্প্রদায়ের লোকেরা ঈদের উৎসব পালন করবেন। প্রতি বছর ঈদের আগে তারা ১২৯০ টাকা ম্যাকসিমাম হিসাবে একটা এক্স-গ্রাসিয়া পান। যারা মুসলিম কর্মচারী তারা পুজোর সময়ে নেন না, ঈদের সময়ে এটা তারা নেন। কিন্তু এবারে একই আর্থিক বছরে দু'বার হয়ে যাওয়ায় এটা দেওয়া যাবেনা বলে বলা হয়েছে এটা হলে এই কমিউনিটির লোকেরা যে এক্স গ্রাসিয়ার টাকা ঈদের সময়ে পান সেটা তারা পাবেন না। সেজন্য আমি অর্থমন্ত্রীকে অনুরোধ করব একটা উপায় বের করুন যাতে এই মুসলিম সম্প্রদায়ের লোকেরা ঈদের সময়ে এই টাকাটা পান। তারা যাতে ঈদের আনন্দে মেতে উঠতে পারেন সেই সুযোগ দেবার জন্য আমি আপনার মাধ্যমে তার কাছে এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী নন্দরানি দল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রী তথা জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি প্রতিকারের আশায়। আমার নির্বাচনী এলাকায় দীর্ঘদিন বৃষ্টি না হওয়ার ফলে ভূগর্ভস্থ জলের লেভেল ইতিমধ্যেই ৩০।৪০ ফুট নেমে গেছে। পানীয় জলের সঙ্কট সারা এলাকায় দেখা দিয়েছে, পাতকুঁয়ো, নলকূপগুলি শুকিয়ে গেছে, শ্যালো থেকে যে জল নেওয়া হতো সেগুলিও ইতিমধ্যে অকেজো হয়ে গেছে। সমস্যাটা অত্যন্ত গুরুতর আকার ধারণ করেছে। এই সম্পর্কে যদি দ্রুত ব্যবস্থা গ্রহণ কবা না যায় তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। কাজেই সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য।

(এই সময়ে স্পিকার শোভনদেব চট্টোপাধ্যায়ের নাম ডাকেন, কিন্তু তিনি সভায় উপস্থিত ছিলেন না।)

[1-10 — 1-20 p.m.]

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী গৌতম দেব এখানে উপস্থিত আছেন, তার জ্ঞাতার্থে জানাই যে, হাওড়া জেলার শ্যামপুর ২নং ব্লকে জলে যে আর্সেনিক

পাওয়া গেছে সে সম্পর্কে একটি তথ্য দিতে চাই। অল ইন্ডিয়া ইন্সটিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ ৪টি টিউবওয়েল পরীক্ষা করে দেখেছেন যে, দেওড়া, নেয়ার দেওড়া স্কুল .০৪ পি.পি.এম, দেওড়া, নেয়ার নকুল্যা রোড .০৬৯ পি.পি.এম, দেওড়া, নেয়ার আব্দুল পাড়া .০২ পি.পি.এম, এবং দেওড়া, নেয়ার এস.এন.কে.এ. হাইস্কুলে .০৫ পি.পি.এম, এই ধরনের আর্সেনিক পাওয়া গেছে। এই রিপোর্ট পাওয়ার পর ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে দিয়ে ঐ ৪টি টিউবওয়েলকে সীল করে দেওয়া সত্ত্বেও ওখানকার মানুষ যেহেতু অন্য কোনও জলের সোর্স নেই, সেজন্য ঐ সীল ভেঙে ঐ টিউবওয়েলের জল ব্যবহার করছে। মাননীয় মন্ত্রী মহোদয় এই বিষয়ে অবিলম্বে যথাযথ ব্যবস্থা না নিলে ওখানে বিপর্যয় ঘটতে পারে। আর একটি বিষয় হচ্ছে, শ্যামপুর এলাকায় আর কোনও জলের উৎসে আর্সেনিক আছে কিনা তা দেখার জন্য, যাতে কোনও বিপজ্জনক ঘটনা না ঘটে সেজন্য, মন্ত্রী মহাশয়ের কাছে আমি দাবি জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, 'পশ্চিমবঙ্গ' নয়, শুধু 'বঙ্গ' এই সিদ্ধান্ত রাজ্য সরকার নিতে চলেছে। এই বিষয়ে আমরা আপত্তি করছি না। আমাদের সমর্থন আছে। আমরাও নাম পরিবর্তনকে সমর্থন করতে আগ্রহী। তবে এটা বুঝতে পারি না, যখন এই হাউস চলছে তখন এইরকম একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হাউসে উপস্থাপিত না করে বিধানসভা চলাকালীন অবস্থায় সরকার এটি এখানে আনতে পারতেন কিভাবে সরকার সিদ্ধান্ত নিচ্ছেন? সরকার কি ভাবছেন, কিভাবে উপস্থাপিত হবে তা আমরা জানতে পারলাম না এখান থেকে। বঙ্গ প্রদেশ ১লা বৈশাখ থেকে নতুন ভাবে হয়ে যাবে, সমস্ত কিছু ঘোষিত হয়ে গেছে। যাইহোক, সভাকে বাইপাস করে যাওয়ার একটা প্রবণতা যে মন্ত্রীদের আছে তা আমরা বারবার করেই দেখতে পাই। আমাদের সংবাদপত্র পড়ে এই ধরনের সংবাদ জানতে হয়। তারপর দেখি হাউসে আলোচনা হয়। এই বিষয়ে মন্ত্রী পরে তার মতামত জানান। আমি মনেকরি, পশ্চিমবঙ্গের বদলে 'বঙ্গ' যে নাম সেটি সবদিক থেকে গ্রহণযোগ্য।

**শ্রী মহম্মদ আনসারুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরি এবং গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে কেরোসিন তেলের কোটা কেন্দ্রীয় সরকার কমিয়ে দিয়েছেন। শহরে চারশো গ্রাম করে যেখানে কেরোসিন তেল পাওয়া যায়, সেখানে গ্রামের জন্য ২৫০ গ্রাম করে নির্দিষ্ট আছে। বর্ত্তমানে পশ্চিমবঙ্গ জুড়ে উচ্চফলনশীল ধানের চাষ চলছে। সেচের জন্য ছোট ছোট যে পাম্পগুলি চলে তা চালাতে কেরোসিন তেল লাগে। চোরা বাজারে সাত টাকা থেকে পনেরো টাকায় তেল পাওয়া যাচ্ছে, যা সাধারণ মানুষের পক্ষে ক্রয় করা প্রায় অসম্ভব। লক্ষ লক্ষ যে ক্ষুদ্র কৃষক রয়েছে তাদের পক্ষে এটা ক্রয় করা অসম্ভব। গ্রামের কুটির শিল্প, দরজি, জুয়েলারির কাজকর্ম আজকে প্রায় বন্ধ হয়ে যাচ্ছে। এই শ্বাসরুদ্ধকর অবস্থায় রয়েছে এখন পশ্চিমবঙ্গের গ্রামগুলি। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকার এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য।

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনার নিশ্চয়ই দৃষ্টি আকর্ষিত হয়েছে, সাম্প্রতিককালে যে ভোটার লিস্ট তৈরি হল তাতে কলকাতা শহরে ভোটার সংখ্যা কমে গেছে। কলকাতার বিভিন্ন কেন্দ্রে, ২৩টি বিধানসভা কেন্দ্র এখানে আছে। তারমধ্যে ৪টিতে অল্প ভোটার বেড়েছে

আর ১৯টিতে কমেছে। আমার কেন্দ্র আলিপুর, সেখানে ৯,৫০০ ভোটার কমে গিয়েছে। সবচাইতে বেশি কমে গেছে জোড়াবাগানে — ১২,০০০ ভোটার কমিয়ে দেওয়া হয়েছে। আমরা জানি, এটা বুদ্ধি করে করা হয়েছে। কলকাতায় যেহেতু বেশি ভোট কংগ্রেস পায়, এম.পি. সীটগুলো কংগ্রেসের দখলে, তাই কলকাতার ভোটার লিস্ট তৈরিতে যারা এনুমারেটর, এদের রাজ্য সরকার নিযুক্ত করেন। যদিও নামকেবাস্তে নির্বাচন কমিশনের নাম থাকে, তারা ভোট কমিয়ে দিয়েছেন এবং এটা আরও বেড়ে যাচ্ছে তার কারণ যেকথা সভায় আগেই আলোচিত হয়েছে রাজ্যে দীর্ঘদিন কোনও মুখ্য নির্বাচনী অফিসার নেই লীনা চক্রবর্তী অসুস্থ হবার পর থেকে এখানে যারা আসছেন তারা কেউই থাকছেন না স্থায়ীভাবে অনেকে বিদেশে চলে যাচ্ছে, এই ব্যাপারটি নিয়ে অবিলম্বে দেখা দরকার।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মিঃ স্পিকার স্যার, আমি বেবি ফুডের একটি ভেজাল এবং দুর্নীতির ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। ডালমিয়া ইন্ডাস্ট্রি লিঃ রাজস্থানের ভরতপুরে আছে তাদের সঙ্গে সেন্ট্রাল ফুড রিসার্চ ল্যাবরেটরিজ আছে তাদের মিল্ক কেয়ার নামে একটি বেবি ফুড কলকাতায় আসছে। এবং এটা শ্যামবাজারের শঙ্কর ফার্মাসিতে এসেছে। এখন যা খবর বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে এথেকে বাজে রিঅ্যাকশন হচ্ছে, বাচ্চার ভোমেটিং হচ্ছে, ডেনজারাস কন্ডিশন হয়ে যাচ্ছে। সেকেন্ড হচ্ছে ১৯.১২তে ইন্ডিয়ান মেডিক্যাল স্টোর, রাজা মণীন্দ্র স্ট্রীটের ওখান থেকে ১ কে.জি.র একটা মিল্ক কেয়ারের টিন কেনে এবং তাতেও দেখা যাচ্ছে বাচ্চার একই অবস্থা হয়ে যাচ্ছে। তাই আমি যে বিষয়টা বলতে চাইছি সেটা হচ্ছে বেবি ফুডের নামে মিল্ক কেয়ার আসার পরে যখন দুর্নীতি, ভেজাল ফরেন পার্টিকালস দেখা যাচ্ছে তখন এটার ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং উপযুক্ত যে সমস্ত সংস্থা আছে তার দৃষ্টি আকর্ষণ করছি। যাতে বেবি ফুডের ব্যাপারে যে ভেজাল এবং আন্তর্জাতিক যে সমস্ত ব্যবস্থা যুক্ত আছে তাদেরও দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বিধানসভার সদস্যরা আইন করি কিন্তু সব আইন বুঝি না। কোনও কন্সটিটিউয়েন্সি মহিলার হবে, কোনটা শিডিউল্ড কাস্টের হবে সেটা আমরা সদস্যরা ভাল করে বুঝতে পারিনি। বি.ডি.ও.রাও বুঝতে পারেনি, এক বি.ডি.ও. একরকম করছেন, আর এক বি.ডি.ও. আর একরকম করছেন। আমাদেরই লজ্জা লাগছে, আমরা ভালভাবে বুঝতে পারছি না। আমি পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করব, আমাদের একটা পাঠ দিন, কি আইনে কন্সটিটিউয়েন্সিতে ভাগ করা আছে, কোনটা মহিলার হবে, কোনটা এস.সি.-র হবে, সেটা বুঝিয়ে দিন। আমরা যারা মুখ্য এম.এল.এ. আছি তাদেরকে একটু শিক্ষা দিন। আমি পঞ্চায়েতমন্ত্রীকে বলব উনি যদি পারেন উনি বলবেন, অথবা কোনও অফিসারকে বলুন, অথবা বাংলায় গাইডলাইন দেবার ব্যবস্থা করুন তাহলে ভাল হয়।

[1-20 — 2-00 p.m.](including adjournment)]

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আগে এই ব্যাপারে মান্নান সাহেবও উল্লেখ করেছেন। আমাদের ঈদলফিতর উৎসব আসতে আর মাত্র সপ্তাহ দুই বাকি। সুতরাং সরকারি কর্মচারী এবং স্কুল শিক্ষকদের যেমন এক্সগ্রাসিয়া দেন অ. · কথা হচ্ছে আমাদের

সরকারি কর্মচারী এবং স্কুলের শিক্ষকরাও এই বোনাস পেয়ে থাকেন, আমার আবেদন সরকারের কাছে এটা দেওয়ার জন্য বিবেচনা করতে বলব। এটা আমি বিবেচনা করতে বলব, যাতে এই ফেস্টিভেল আসার আগে, অন্তত দুই-তিন দিন আগে যাতে এই বোনাস দিয়ে দেওয়া হয়। যাতে তারা ছেলে-মেয়েদের জন্য জামা-কাপড় কিনতে পারে। তাদের এই বোনাস যাতে দেওয়া হয় সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2-00 — 2-10 p.m.] (After Adjournment)

## LEGISLATION

### The West Bengal Marine Fishing Regulation Bill

**Shri Kironmay Nanda :** Sir, I beg to introduce the West Bengal Marine Fishing Regulation Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kironmay Nanda :** Sir, I beg to move that the West Bengal Marine Fishing Regulation Bill, 1992, be taken into consideration.

স্যার, এই বিলের উদ্দেশ্য হচ্ছে, আমাদের সমুদ্রে, যেসব মৎস্যজীবী মাছ ধরতে যান তাদের স্বার্থ প্রটেক্ট করা। এই উদ্দেশ্য নিয়েই এই বিল আনা হয়েছে।

**Dy. Speaker :** There are circulation motions on this Bill given by Shri Deba Prasad Sarkar and Shri Abdul Mannan.

I now request Shri Deba Prasad Sarkar and Shri Abdul Mannan to move their motions.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion there on by 15th June, 1993.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon by 31st December, 1993.

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, এটা একটা নতুন বিল। আমরা তাই বলছি, এই বিলটার ব্যাপারে যদি ইলাবরেটলি ডিসকাশন করা হত এবং তারপর বিলটা নিয়ে আসা হত তাহলে ভাল হত। মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্য নিয়ে আমরা সন্দেহ করছি না বা আপত্তি করছি না, আমরা তাকে শুধু এটা বিবেচনা করে দেখতে বলছি। এই বিল নিয়ে আমাদের দলের পক্ষ থেকে যারা বলবেন তারা এর সমর্থনেই বলবেন কিন্তু যেহেতু এটা অ্যামেন্ডমেন্ট বিল নয়, নতুন বিল তাই আমরা চাই পারস্পরিক মতামত বিনিময় করে বিলটি আনা হোক। তা যদি হয় তাহলে আমরা মনেকরি যে উদ্দেশ্য নিয়ে মন্ত্রী মহাশয় বিলটা নিয়ে এসেছেন সেই

উদ্দেশ্য সাধিত হবে। আমি তাই বলব, এই বিলটা পেন্ডিং রেখে, বিস্তারিতভাবে আলোচনা করে তারপর বিলটা নিয়ে আসুন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** স্যার, আপনি জানেন, গত অধিবেশনে এই বিলটি আনার কথা ছিল এবং সেইজন্য বিলটি সার্কুলেটও করা হয়েছিল বিধানসভায় কিন্তু দুর্ভাগ্যবশত গত বিধানসভায় বিলটি গ্রহণ করা যায়নি ভারতবর্ষে অযোধ্যা ইস্যু নিয়ে অস্বাভাবিক পরিস্থিতির জন্য। মাননীয় সদস্যরা কি উদ্দেশ্য নিয়ে বিলটা আনা হয়েছে তা অবগত হয়েছেন। আমি আশা করব এই বিলের ব্যাপারে সকলে একমত হবেন কাজেই এই বিল স্থগিত রাখার কোনও প্রয়োজন আছে বলে আমি মনেকরি না। আমি এই প্রস্তাব গ্রহণ করতে পারলাম না।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মৎস্য মন্ত্রী মহোদয়, যে বিল এনেছেন আমি সরাসরি তার বিরোধিতা করছি না। কারণ এই বিলটা এখন আনা হলেও এই কাজটা নতুন নয়। আমি যদি বুঝে থাকি তাহলে উনি এর দ্বারা বিষয়টাকে মনিটরিং করতে চেয়েছেন। তবে কতগুলো প্রশ্ন এরমধ্যে রয়ে গেছে, সেগুলো আমি তুলে ধরতে চাই। মোটামুটিভাবে মৎস্য দপ্তরে কোনও কাজ হয়নি, একথা আমি যেমন বলছি না, তেমন আবার বহু জায়গায় যে পরিমাণ কাজ হওয়া উচিত ছিল সে পরিমাণ কাজ হয়নি। আমরা শুনতে পাচ্ছি মৎস্য দপ্তর ৬ বার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাইজ পেয়েছে। স্যার, আপনি জানেন ভারতবর্ষে একমাত্র পশ্চিমবঙ্গেই ট্রাডিশনালি মৎস্য চাষ হয় এবং এখানকার মানুষ ট্রাডিশনালি মাছ খায়। সুতরাং এ বিষয়ে ভারতবর্ষের অন্য কোনও প্রদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের কোনও তুলনা হয়না, ম্যাচ হয়না। স্বভাবতই এক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে প্রথম হওয়ার বিষয়ে আমার একটা গল্পের কথা মনে পড়ে যাচ্ছে। একটা ছেলে, সে ভাল লেখা-পড়া করে না। হঠাৎ একদিন স্কুল থেকে বাড়ি ফিরে তার বাবাকে বলল, 'বাবা, বাবা, আমি পুরস্কার পেয়েছি।' তার বাবা অবাক হয়ে তাকে জিজ্ঞাসা করলেন, 'তুই পুরস্কার পেলি কি করে?' সে বলল, 'আজ আমাদের স্কুলে ইন্সপেক্টর এসেছিলেন, তিনি আমাকে পুরস্কার দিয়েছেন। ইন্সপেক্টর জিজ্ঞাসা করেছিলেন, গরুর কটা পা? তা কেউ বলল-১২টা, কেউ বলল-১৫টা, কেউ বলল-১৬টা।' তার বাবা তাকে জিজ্ঞাসা করলেন, 'তুই কি বল্লি?' সে বলল, 'আমি বললাম, ৫টা পা। সেজন্য আমি ফার্স্ট প্রাইজ পেঁয়েছি।' মৎস্য দপ্তরের প্রাইজ পাওয়াটাও ঐরকম, গরুর পাঁচটা পা বলার মতো। যেহেতু ছেলেটি সবার চেয়ে কম বলে সঠিক উত্তরের কাছাকাছি বলেছিল সেহেতু সে প্রথম হয়েছিল। যেহেতু ভারতবর্ষের আর কোথাও বিশেষ মাছ চাষ হয় না সেহেতু আমাদের মৎস্য দপ্তর বছর বছর প্রথম প্রাইজ পাচ্ছে। আমাদের এখানে যারা মৎস্য চাষ করেন তারা মোস্টলি ট্রাডিশনাল মৎস্যজীবী। যুগ যুগ ধরে তারা এই কাজ করে আসছেন। তবে এই দপ্তরের মন্ত্রী মহাশয় প্রচারটা খুব ভাল করতে জানেন। প্রায়শই একটা স্টীল ছবি তুলে ধরে প্রচার করা হয় উনি পোনা মাছ ছাড়ছেন। তারপর সেগুলো কি হচ্ছে? পরবর্তী চিত্র খুবই হতাশাপুর্ণ। আমি এই হাউসে রসিকতা করে কিছুদিন আগে একটা কথা বলেছিলাম যে, বর্তমানে সবচেয়ে চালাক লোক মৎস্যমন্ত্রী হন। হাউসে কোয়েশ্চেন কম আসে। খবরের কাগজগুলো এই দপ্তর নিয়ে বিশেষ ঝামেলা ঝঞ্ঝাট করে না, অন্য দপ্তরের ক্ষেত্রে যা অনেক বেশি হয়। অথচ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই দপ্তর

প্রচুর টাকা পায়। এখন এই দপ্তরে কোটি কোটি টাকা আসছে। আমাদের সময় কেউ মৎস্যমন্ত্রী হতে চাইত না, জোর করে করা হত। দপ্তরের এই অবস্থা হলে হবে কি? বাজারে গেলে মাছ পাওয়া যায় না। যাও পাওয়া যায় তাও মূল্য আগুন। সাধারণ মানুষ তো চিংড়ি ভুলে গেছে। হ্যাঁ, চিংড়ি মাছ যারা চাষ করছে সে সমস্ত গরিব মানুষদের বর্তমানে অবস্থাটা কিছুটা উন্নত হয়েছে, মিডিলম্যানদের হাত থেকে তারা বেঁচেছে। এবিষয়ে অবশ্যই এ দপ্তরের প্রশংসা করতে হবে। আমি সে প্রশংসা করছি। কিন্তু তাই বলে মৎস্য ডিপার্টমেন্ট সর্বক্ষেত্রে একটা সাংঘাতিক কাজ করে ফেলেছে, এখনো সে কথা বলার সময় হয়নি। সে প্রশংসা আমি করতে পারলাম না। তা পাবার জন্য অবশ্যই ডিপার্টমেন্টকে এখনো অপেক্ষা করতে হবে। এই বিলের সাহায্যে সমুদ্রে যে সমস্ত মৎস্যজীবীরা মাছ ধরতে যান তাদের মনিটরিং করার ব্যবস্থা করা হচ্ছে। আইনের পেরিফেরির মধ্যে তাদের নিয়ে আসার চেষ্টা করা হচ্ছে। উদ্দেশ্যটা ভাল। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে কেন্দ্রীয় সরকারের অনুদানের মাধ্যমে জাপানের কাছ থেকে এবং বিভিন্ন দেশের কাছ থেকে ট্রলার কেনা হয়েছে, সে সমস্ত ডজন ডজন ট্রলারের আজকে কি অবস্থা? বহু ট্রলার মৎস্যমন্ত্রী উদ্বোধন করে জলে ভাসিয়ে দিয়েছেন, মাতলা দিয়ে ভেসে সেগুলো পদ্মা দিয়ে বাংলাদেশে চলে গেছে আর ফিরে আসে নি। কতগুলো ট্রলার আজ পর্যন্ত খোয়া গিয়েছে এবং সেগুলির মূল্য কত, এই হিসাব মন্ত্রীর এখানে দেওয়া দরকার বলে আমি মনেকরি। কারণ এই বিলের আওতার মধ্যে এটা পড়ে বলে আমি মনেকরি। সুতরাং ট্রলারগুলি খুব ভালভাবে ব্যবহৃত হচ্ছে বলে যে দাবি করা হয় তা ঠিক নয়। মাননীয় মন্ত্রী মহাশয় তো আর মাত্র দুবছর মন্ত্রিত্ব করছেন না, ১০/১২ বছর মন্ত্রিত্ব করছেন এবং এই একই দপ্তরের দায়িত্বে আছেন। সমুদ্রে মাছ ধরা আজকে কোনও নতুন ব্যাপার নয়। দীর্ঘদিন ধরেই এ জিনিস হয়ে আসছে। স্বভাবতই এত পরে কেন এই বিল নিয়ে আসা হচ্ছে, এ প্রশ্ন আমাদের মনে জাগছে। আমি দ্বিতীয় প্রশ্ন করি, কত এ পর্যন্ত রেজিস্ট্রেশন করা হবে? ট্রলার থেকে আরম্ভ করে, মেশিনওলা নৌকা থেকে আরম্ভ করে বিভিন্ন মৎস্যজীবীদের ক্যাটেগরিওয়াইজ জানতে চাইছি, রেজিস্ট্রেশনের ক্ষেত্রে কী করেছেন? সমুদ্রের মৎস্যীবীদের এখনকার অবস্থা কী? কাচিং-এর পরিমাণ কত এবং ফিশিং ইনপুট কত সেই সম্পর্কে নির্দিষ্টভাবে উল্লেখ করেননি এবং ভয়ঙ্করভাবে একটি কথার আমি প্রতিবাদ করব সেটা হচ্ছে শুধু যন্ত্রচালিত নৌকাগুলি নয়, এমন কোন নৌকাগুলি এই বিলের আওতার মধ্যে ধরেছেন। আপনি নিশ্চয়ই জানেন, এই নৌকাগুলি কাঠজোড়ো করে গভীর সমুদ্রে মাছ ধরতে যায়। কিন্তু এগুলিকেও এই বিলের পেরিফেরির মধ্যে ধরে নিয়েছেন। এটা যদি না ধরতেন তাহলে বুঝতাম আপনার উদ্দেশ্য সৎ। গরিব মৎস্যজীবী এরা। আপনি নিশ্চয়ই জানেন, রাণিরাসমনিকে। দেশের গরিব মানুষরা ডিঙি নৌকা করে মাছ ধরত। বৃটিশরা তাদের মাছ ধরতে দেবেনা বলে ঠিক করল এবং মাছ ধরার জন্য ট্যাক্স আরোপ করল। কিন্তু রাণিরাসমনি তাদের হয়ে অর্থাৎ গরিব মৎস্যজীবীদের হয়ে রুখে দাঁড়িয়েছিলেন। সেই দেশের মানুষ আমরা। সেই জায়গায় আপনি এইসব কোনগুলি। যেগুলি নৌকা নয় তাদের এই বিলের আওতার মধ্যে নিয়ে এসেছেন। আপনি পুরি এবং দিঘাতে দেখবেন, শয়ে-শয়ে মানুষ অর্থাৎ মৎস্যজীবীরা কতকগুলি কাঠ জড়ো করে সারারাত্রি গভীর সমুদ্রে মাছ ধরতে চলে যায়। তাদেরকেও এই আইনের পেরিফেরির মধ্যে নিয়ে এসেছেন। তারা প্রকৃত গরিব মৎস্যজীবী। অনেক সময় তারা দিনের পর দিন গভির সমুদ্রে মাছ না পেয়ে ফিরে আসে। মাছেদের যে

সময়ে ডিম ছাড়ার কথা সেই সময়ে আপনি মাছ ধরতে বারণ করেছেন। এটা খুবই ভালো কথা। কিন্তু কোন এরিয়ায়, কোন কোন জায়গায় এবং কোন কোন সময়ে তা কিন্তু এই বিলের কোনও জায়গায় উল্লেখ করেননি। এটা যে করেছেন আমি মনেকরি, ঠিকই করেছেন। যেমন ফরেস্টের ক্ষেত্রে, কোন সময়ে ডি-ফরেস্ট্রেশন করা দরকার, কোন সময়ে গাছ বসানো দরকার তার একটা সময় আছে। যেমন, জন্তু-জানোয়ার এবং পাখি শিকার করার ব্যাপারে ঠিক করে দেওয়া হয় এই সময় বিটস হবে সুতরাং এখন শিকার করা যাবে না। হ্যাঁ, বহু মাছ আমরা নষ্ট করে দিয়েছি। তার পরিপ্রেক্ষিতে আপনি এই বিল নিয়ে এসেছেন কিন্তু কোন জায়গায় এবং কিভাবে হবে সেই কথা এই বিলে উল্লেখ করেননি। মাছ ধরার ক্ষেত্রে কোয়ালিটিকে প্রায়রিটি দিতে হবে এবং তা করতে গিয়ে থ্রাস্ট অফ ফিস নষ্ট করে দিয়েছেন। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কিছু কিছু সুপারিশের কথা আপনি উল্লেখ করেছেন। কিন্তু ডিটেলস সুপারিশগুলি কি মৎস্য দপ্তর সম্পর্কে তার কথা উল্লেখ করেননি। এটা আমি আপনার কাছ থেকে জানতে চাইব। ফিশিং স্কীম ১৯৬১-৬২ সাল থেকে নেওয়া হয়েছে। সুতরাং তার ডিটেলস নিশ্চয়ই আপনার কাছে আছে, আশাকরি দেবেন। আর ফিনান্সিয়াল মেমোরান্ডাম জানতে চাইব। আপনি ধরেছেন ৭ লক্ষ ২৫ হাজার টাকা আপাতত। কিসের ভিত্তিতে? কেন সাড়ে ৭ লক্ষ নয়, কেন ১০ লক্ষ নয়, কেন এর চাইতে কম নয় সেটা আপনি উল্লেখ করেননি। আমার মনে হয় ২টি ভেসেলের ক্ষেত্রে ধার্য করেছেন। এটা পরিস্কার করে বলবেন। প্রয়োজনীয় ব্রেক-আপ দিয়ে দেবেন। তানাহলে এটা সম্পূর্ণ হবে না। এইসব প্রশ্নগুলির উত্তর যদি দিয়ে দেন তাহলে বিরোধিতা করার কিছু নেই। তারপর আপনি করেছেন, চিংড়ির ডিম যারা বিক্রি করত তাদেরকে মিডলম্যান অর্থাৎ দালালদের হাত থেকে রক্ষা করেছেন। তাতে যাতে ন্যায্য পয়সা পায় ডিসট্রেস সেল যাতে না হয় তার ব্যবস্থা করেছেন। কিন্তু চিংড়ির ডিম ধরতে গিয়ে বহু মাছের ডিম সর্বনাশ হয়ে গেছে বা যাচ্ছে তারজন্য কোনও সুব্যবস্থা করতে পেরেছেন কিনা সেটা জানাবেন। আমাদের উদ্দেশ্য ভাল, আমাদের সহকর্মিরা মাননীয় দেবপ্রসাদ বাবু একটা প্রশ্ন তুলেছেন যে এটাকে সারকুলেট করে জনমত যাচাই করে সামগ্রিকভাবে আবার নিয়ে আসা যায় কিনা? আমরা চাই যে মৎস্য দপ্তরের উন্নতি হোক, তবে মৎস্য দপ্তরের উন্নতি মানে এই নয় যে, কয়েকটি বাংলো করে দেওয়া, ইকলজিকেলের নাম করে মাছ চাষের ব্যবস্থা করা, নদীতে মাছ ছাড়া। নদীতে মাছ ছাড়ার বিপদ আছে, সবাই সততার সাথে কাজ করছে না। যদি ইরেগুলার কিছু হয়, নদীতে মাছ ছাড়ার ব্যাপারে যদি গন্ডগোল হয় তাহলে আপনি কি করে ধরবেন? আমি দীর্ঘদিন ধরে পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে আছি বলুন মাছের চারা ছাড়ার নাম করে ছাড়ল না, আপনার অফিসার যদি না ছেড়ে বলে যে ছেড়েছি, তাহলে কি আপনি গঙ্গায় ডুব দিয়ে সেই চারা খুঁজবেন? আপনি মনিটারিং করতে পারবেন কি? ইকলজির দিক যাই থাক আমাদের কাছে মনে হয়েছে এতে না উৎপাদন বাড়বে, না অন্য কিছু উন্নতি হবে। আপনার সুবুদ্ধির সুযোগ নিয়ে সর্বনাশ করে দেবে। এই সর্বনাশা দিকে আপনি যাবেন? সি.পি.এমের এক দল তো ভেড়ি লুঠ করেছে, ভেড়ি হচ্ছে মৎস্য সরবরাহের একটা বিশাল ব্যাপার। একদিন যদি ভেড়ির মাছ না আসে তাহলে কলকাতা মার্কেট একেবারে ড্রাই হয়ে যাবে, জিওমেট্রিকেল হারে দাম বাড়বে। এরমধ্যে ভেড়ির ব্যাপার নিয়ে দুভাগে ভাগ হয়ে যাচ্ছে দক্ষিণ ২৪ পরগনায়। আপনি ক্ষিতিবাবুকে তাড়িয়ে দিচ্ছেন, আজকে মাননীয় রবীনবাবু কিসের জন্য লড়াই করছেন? আপনি সি.পি.এম.

নন, আপনার লোকেরা ভেড়ি দখল করছে না। আপনার কাছে প্রশ্নগুলি রাখলাম, আশাকরি সদুত্তর দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী যে সামুদ্রিক মৎস্য শিকার নিয়ন্ত্রণ বিলটা এনেছেন সেটাকে পূর্ণ সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি মহাশয় বললেন, তার সমুদ্রের মৎস্য শিকারের ব্যাপারে অভিজ্ঞতাটা একটু কম, যারা উপকূলবর্তী এলাকার সদস্য তারা অন্ততপক্ষে ওতপ্রোতভাবে ঐ সমস্ত বিষয়গুলির সঙ্গে জড়িত। তাই আমাদের অভিজ্ঞতায় যারা সমুদ্রে মৎস্য শিকার করে তাদের ক্ষেত্রে একটা বিরাট আর্থ সামাজিক প্রেক্ষাপট রচনা করবে এবং তাতে দেখা যাবে যে এতে অনেক সুযোগ সুবিধা পাচ্ছে। গত ডিসেম্বর মাসে যে অযোধ্যাকান্ডয় বর্বরতা ঘটল, কেন্দ্রের জবুথবু নীতিহীন সরকার যার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না, তার ফলে গত অধিবেশনে এই বিলটি তিনি রাখতে পারলেন না, কয়েক মাস পিছনে আনতে হল। কয়েকমাসের মধ্যে দিয়ে মৎস্য শিকারিরা অনেকটা সুযোগ পেত। আমরা দেখছি আমাদের পশ্চিমবঙ্গে সাধারণত তফসিলি এবং তফসিলি উপজাতির যে মানুষ তার অধিকাংশই মৎস্য শিকারের সঙ্গে জড়িত থাকেন এবং আমরা যতদূর জানি তাতে আমাদের এখানে অন্ততপক্ষে ১,৮৫,৭৮৭ জন মানুষ সমুদ্রে মৎস্য শিকার করেন। বিভিন্ন ক্ষেত্রে আমরা দেখেছি যে, এখানে ১,১৮৮টি নন মেকানাইজড বোট এবং ১,৪১৪টি মেকানাইজড বোট দ্বারা মৎস্য শিকার করেন। এতে করে আমরা দেখেছি, বিগত ১৯৮৫-৮৬ সাল থেকে যুগান্তকারি সব ঘটনা ঘটে চলেছে মৎস্য শিকারের ক্ষেত্রে। ১৯৬৬ সালে কয়টি লোক এইরকম বোটে এবং যন্ত্রচালিত নৌকায় মৎস্য শিকার করতেন? এই বিলে আমরা জানি মৎস্য শিকারের ক্ষেত্রটা বিভিন্ন জোনে ভাগ করে দেবার ব্যাপারটা আছে। আমাদের অভিজ্ঞতায় দেখেছি, দাঁড়বাওয়া বোটগুলি যখন মৎস্য শিকার করে তখন সেইসব এলাকাতে মেকানাইজ বোটগুলি ঢুকে পড়ে তাদের জালগুলি ছিঁড়ে দেয় এবং হম্বিতম্বি করা হয়। এই আইনের দ্বারা সেটা নিয়ন্ত্রণ করা যাবে। আমরা দেখেছি, বাংলাদেশ থেকে মৎস্য শিকারিরা মেকানাইজ বোট নিয়ে নন-মেকানাইজ বোটের এলাকায় ঢুকে পড়ে বোম্বেটেগিরি করে। এর বিরুদ্ধে ব্যবস্থা নেবার বিষয়টা মাননীয় মন্ত্রী এই বিলে যুক্ত করতে চাইছেন এবং তারফলে আমাদের মৎস্য শিকারীরা উপকৃত হবেন। আমাদের ভারতবর্ষে সমুদ্র উপকুলের তটরেখা ৭,৫১৭ কিলোমিটার এবং তারমধ্যে পশ্চিমবঙ্গে রয়েছে মাত্র ১৭৬ কিলোমিটার। আমাদের পশ্চিমবঙ্গে ২৪ পরগনা এবং মেদিনীপুর জেলায় মাত্র ৬৪ কিলোমিটার রয়েছে মৎস্য ধরবার জন্য তটরেখা। গোটা ভারতবর্ষে যেখানে ৪ লক্ষের বেশি বর্গ কিলোমিটার কন্টিনেন্টাল সেলফ রয়েছে সেখানে পশ্চিমবঙ্গে রয়েছে মাত্র ১৭,০০০ বর্গ কিলোমিটার। কাজেই এই বিলে ঐ এলাকায় বোম্বেটেগিরি নিয়ন্ত্রণের ব্যাপারে যে গুরুত্ব দেওয়া হয়েছে তাতে মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে। অক্টোবর মাসের শেষে কিছু মাছের ব্রিডিং টাইম আসে। সেই সময় যদি তাদের ধরা হয় তাহলে মৎস্য উৎপাদন কমে। এই আইনের দ্বারা সেই সময় মাছ ধরাটা নিয়ন্ত্রণ করা যাবে। এই সময় মাছ ধরা নিষিদ্ধ করা হয়েছে। বিভিন্ন সময় আনরেজিস্টার্ড যে সমস্ত নৌকাগুলি মাছ ধরতে আসে সেগুলো ধরাছোঁয়ার বাইরে থেকে যায়। সবচেয়ে বড় সমস্যা হচ্ছে, সাইক্লোনের সময় মালিকপক্ষ মৎস্যজীবীদের

সমুদ্রে পাঠান। ১৯৮৮ সালে এইভাবে অনেক মৎস্যজীবী নৌকাসহ নিখোঁজ হয়ে গিয়েছিলেন। তাদের জোর করে সমুদ্রে পাঠানো হয়েছিল। তাদের ক্ষতিপূরণ দেবার ব্যাপারে অসুবিধা সৃষ্টি হয়েছিল। এই বিলের দ্বারা এটা নিয়ন্ত্রণ করতে সুবিধা হবে, কারণ লাইসেন্স দেবার ব্যাপারে বিভিন্ন কমিটি থাকবে। সবচেয়ে বড় কথা হচ্ছে আমাদের শঙ্করপুরে যে সমস্ত ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়েছে তাতে মৎস্য শিকার হবে এবং মৎস্য চাষের উন্নতির লক্ষ্য সেখানে পরিলক্ষিত হচ্ছে। সেখানে গড়ে ৩ লক্ষ টন থেকে ১০ লক্ষ টন মাছ নামে এবং আগামীদিনে সেগুলি আরও বাড়বে। সেখানে প্রায় ৫ শত ভেসেলস আছে। তারমধ্যে ১।। শত ভেসেলস থাকার ব্যবস্থা আছে এবং বিভিন্ন সময়ে এই ৫ শত ভেসেলসই ল্যান্ডিং করে। ওখানে বরফ রাখার জন্য স্টোরেজ তৈরি হয়েছে যাতে মৎস্য চাষিরা মাছ রাখার সুযোগ-সুবিধা পায় এবং তারা যাতে স্বয়ংসম্পূর্ণ হতে পারে। সেখানে যে বন্দরগুলি আছে, সেই বন্দরগুলিতে অন্ততপক্ষে মৎস্য শিকারি যথেষ্ট উপকৃত হয়েছে। আর একটা কথা হচ্ছে, মনোথিল জাতীয় যে জাল সেটাকে আইন বলে নিষিদ্ধ করা হয়েছে। এর ফলে দাঁড়বাহি নৌকা, আর মেকানাইজ বোটের মধ্যে সংঘাত হয় সেটা এড়ানো যাবে। এই বিলে কংগ্রেসিরা প্রোটিনের ডেফিসিয়েন্সিতে ভুগছেন সেটাও অনেকটা কমে যাবে। এই কথা বলে এই বিলকে আবার সমর্থন করে বিরোধী পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মৎস্যমন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল মেরিন ফিশিং রেগুলেশন বিল, ১৯৯২, যে বিল এনেছেন, তার অবজেক্ট অ্যান্ড রিজনে লক্ষ্যের কথা বলেছেন যে মৎস্য চাষিদের স্বার্থ সংরক্ষিত করার জন্য এই বিল। কিন্তু এই বিলের যে কনটেন্ট, যে প্রভিশন, এগুলি কিন্তু খুবই মারাত্মক এবং এটাতে তাদের স্বার্থে আদৌ রক্ষা করবে না বিরুদ্ধে যাবে সেটা মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য। প্রথম কথা হচ্ছে, এই বিলের যেখানে বলা আছে, সেকশন ৪, সাব-সেকশন ওয়ানে, দি স্টেট গভর্নমেন্ট - Section 4, Sub-section (1) : "The State Government may, having regard to the provisions of sub-section (2), by order notified in the official Gazette, regulate, restrict or prohibit the following matters : (a) The fishing in any specified area....." এই যে স্পেসিফায়েড এরিয়াতে ফিশিং জোন আছে, আপনারা এটা রেস্ট্রিক্ট করে দিচ্ছেন। এর তাৎপর্য কিন্তু মারাত্মক। কারণ স্পেসিফায়েড এরিয়া বলতে কি বোঝায়? আপনি সেকশন ২, সাব-সেকশন ওয়ানে বলেছেন যে স্পেসিফিক Section 2(i)-" "specified area" means such area in the sea along the entire coastline of the State, but not beyond territorial waters, as may be specified by the State Government by notification." এই যে টেরিটোরিয়াল ওয়াটার, আন্তর্জাতিক স্বীকৃতি, আমি যেটা জানি, যদি আমার জানাটা ঠিক না হয় তাহলে রেকটিফাই করে দেবেন, যে থ্রি নটিক্যাল মাইল্স অর্থাৎ ১.৮৫২ কে.এম × ৩ = ৩.৬ কে.এম-এর মতো দুরত্বের মধ্যে এনটায়ার জায়গায় সে মেকানাইজ হোক, আর নন-মেকানাইজ হোক, সমস্ত ফিশিং বোটগুলির ফিশিংকে আপনি এই জায়গায় রেস্ট্রিক্ট করছেন। ইফ ইট ইজ ফ্যাক্ট তাহলে এটা একটা ডেনজারাস ব্যাপার। ইট ইজ এ ভেরি ডেনজারাস প্রভিসন। কারণ

আমরা জানি যে, দেশি নৌকা যেগুলো যন্ত্রচালিত নয়, যেগুলো কমজোরি সেগুলো পর্যন্ত ২৫।৩০ কি.মি. পর্যন্ত সমুদ্রের ভিতরে গিয়ে মাছ ধরে। আর মেকানাইজড ভেসেলস যেগুলো, সেগুলো ৫০।৬০ কি.মি. পর্যন্ত গিয়ে মাছ ধরে। প্রাকটিক্যালি ৫।৬ কি.মি. এরিয়া যেখানে রেস্ট্রিক্ট করতে চাইছেন, এটা ফিশিংয়ের অযোগ্য কারণ এখানে এতো সমুদ্রের ঢেউয়ের প্রকোপ যে এটা মাছ ধরার অযোগ্য এটা যদি ঘটনা হয়, তাহলে কিন্তু এদের মারাত্মক পরিস্থিতি দেখা দেবে। এরফলে হাজার হাজার দেশি নৌকাকে ভিত্তি করে বা যেগুলো মন্ত্র চালিত নয় তাকে ভিত্তি করে যে মৎস্যজীবী তাদের জীবিকা নির্বাহ করে তাদের জীবনে সর্বনাশ ডেকে আনবে। আপনার কাছ থেকে এর পরিষ্কার ক্লারিফিকেশন চাইছি। আমি এর তীব্র বিরোধিতা করছি। দ্বিতীয় কথা হচ্ছে, এখানে সবচেয়ে বড় জিনিস, আপনি এই মৎস্যজীবীদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে এই যে বিলটি এনেছেন, আপনার স্টেটমেন্ট অবজেক্টস অ্যান্ড রিজনসে বলেছেন। কিন্তু তাদের সামনে আজকে একটা মস্তবড় বাধা যেটা, মৎস্যজীবীদের জলদস্যুদের আক্রমণের সম্মুখীন হতে হয়, সামুদ্রিক মাছ ধরার ক্ষেত্রে তাদের নিরাপত্তার যে মারাত্মক অভাব নিয়ত তাদের উপরে জলদস্যুরা আক্রমণ করে তার হাত থেকে রক্ষা করার জন্য কোনও নেসেসারি প্রভিসন, তারজন্য কোনও অ্যারেঞ্জমেন্ট'এর কথা কিন্তু আপনার বিলের মধ্যে নেই। আপনি যে জন্য এই বিলটি এনেছেন, নিশ্চয়ই সমস্ত যন্ত্র চালিত বা যন্ত্র চালিত না হোক সমস্তই লাইসেন্সড হওয়া দরকার, একটা রেস্ট্রিকশন থাকা দরকার, ইট ইজ এ রেকর্ড। এটা এইজন্য হওয়া দরকার যে নিরাপত্তার কারণে, যদি কোনও মৎস্যজীবী নিখোঁজ হয়ে যায়, তখন তাদের উদ্ধার করার ক্ষেত্রে এটার প্রয়োজনীয়তা আছে। কিন্তু যে সমস্ত ছোট ছোট মৎস্যজীবী, দেশি নৌকা চালক তাদের কাছ থেকে লাইসেন্সড হোক বা অন্যভাবে হোক কী আদায় করার চেষ্টা হয় তাহলে তা অত্যন্ত অবিচার করা হবে। গরিব মৎস্যজীবী, তারা কোনওমতে জীবিকা নির্বাহ করছে। তাদের লোন দিয়ে সাহায্য করতে হচ্ছে যেখানে, সেখানে আবার তাদের কাছ থেকে আপনি ফি নেবেন সচ্ছল বা অসচ্ছল যাইহোক না কেন এ হতে পারে? গরিব মৎস্যজীবীদের এই ফি'এর আওতা থেকে মুক্ত রাখা উচিত ছিল, সেটা কিন্তু আপনি করেন নি। এখানে আরও কতকগুলো ব্যাপার আছে। প্রথম পয়েন্ট, যেটা ডেনজারাস, যে রেস্ট্রিকশন করছেন একটা জায়গায়, আমি জানি না এর পিছনে কি কারণ আছে? আপনার কাছে বিষয়টি ঠিক ঠিক ভাবে উপস্থাপিত করেছে কিনা তা জানি না। আমার আশঙ্কা হচ্ছে যে, আমাদের উপকূলবর্তী মৎস্যজীবীদের মৎস্য শিকার-এর ক্ষেত্রে সমুদ্রে এই যে স্থান সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে এরিয়া এর পিছনে মাল্টি ন্যাশনাল'এর পুঁজি, তাদের সমুদ্রের উপরে একছত্র কর্তৃত্ব যেটা আছে তাকে রক্ষার জন্য এই সমস্ত মধ্যবিত্ত সাধারণ মৎস্যজীবীদের মৎস্য শিকারের এলাকাকে এইভাবে ছোট করে দিতে চাইছে। সেটাকে খার্ব করে দিতে চাইছে এবং সামহাউ অর আদার তারা আপনার ডিপার্টমেন্টকে মিসগাইড করছে কিনা আমি জানি না। ওয়ার্ল্ড ব্যাঙ্ক আপনাকে টাকা পয়সা দিয়ে সাহায্য করছে বলে একটা অ্যাডভান্টেজ নিয়ে এটা করছে কিনা আমি জানি না। এখানে ফিশিং-এর ক্ষেত্রে জালের কতকগুলি স্পেসিফিকেশন দিয়ে দিয়েছেন। এখানে আমি বলব যারা ছোট ছোট মৎস্যজীবী তারা খুব মার খেয়ে যাচ্ছে, কারণ হচ্ছে জালের ঐ ফাঁস যখন বড় ফাঁস হয়ে যাবে তখন ছোট মৎস্যজীবীদের পক্ষে অসুবিধা হয়ে যাবে তারা মাছ পাবেনা। এখন আপনারা জানেন মাছেদের নানারকম পলিউশন হয়, এই কারণে রেস্ট্রিকশন করতে যাচ্ছেন। আমি

মনেকরি যারা বড় বড় মৎস্যজীবী আছে যারা মৎস্যশিকার করে, যারা একেবারে জলের তলা থেকে জাল দিয়ে মাছ ধরে, তাতে সব ধরনের মাছ ধরা পড়ে। কিন্তু তাদের মার্কেট অনুযায়ী বিশেষ ধরনের মাছ যেমন চিংড়ি মাছ নাকি বলে, সেইগুলি তারা সমুদ্রে বেঁধে ফেলে দিয়ে যায়, তাতে কিন্তু মাছ দারুণ ভাবে নষ্ট হয়। এতে মাছের প্রজন্মের ক্ষতি হয়, এরজন্য কিন্তু ছোট ছোট মৎস্যজীবীরা দায়ী নয়। এই বিলে কতকগুলি প্রভিশন নেই, মৎস্য শিকারিদের স্বার্থে তাদেরকে ত্রাণ উদ্ধারের কার্যে, তাদের জন্য বিশেষ কিছু ব্যবস্থা, ক্ষতিপূরণ, ভর্তুকি, এমন কি সাধারণ বিমা পর্যন্ত এই মৎস্য শিকারিদের জন্য কোনও প্রভিসন এই বিলের মধ্যে দেখলাম না। এই বিলের ব্যাপারে আপনার ইনটেনশন ভাল থাকলেও জ্ঞাতসারে না হলেও অজ্ঞাতসারে এই বিলের মধ্যে এটা ঢুকে গিয়েছে, এইগুলি মৎস্যশিকারিদের উপকারের পরিবর্তে সর্বনাশ ডেকে আনবে। এই বিলটিকে গ্রহণ করার আগে আমি অনুরোধ করব সকলের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নিন। এই বিলে মৎস্য শিকারিদের স্বার্থের বিরুদ্ধে যে সমস্ত প্রভিসন আছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন দি ওয়েস্ট বেঙ্গল মেরিন ফিশিং রেগুলেশন বিল, ১৯৯২ এটাকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। এই বিল আমাদের দেশে এই প্রথম, বিশেষ করে যারা সমুদ্রে মাছ ধরতে যান তাদের জন্য, তাদের সুরক্ষিত করা এবং বিশেষ করে যারা মৎস্যজীবী। আজকে যারা নানাভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেড়, যারা জীবনের ঝুঁকি নিয়ে গভির সমুদ্রে মাছ ধরতে যান তাদের জীবনের গ্যারান্টি সহ সমস্ত ব্যবস্থাকে একটা বিধিবদ্ধ নিয়মে আনার জন্য মাননীয় মন্ত্রী এই বিল এনেছেন। স্বাভাবিক ভাবে মাননীয় বিরোধী দলের সদস্য সুব্রত মুখার্জি এটাকে সমর্থন জানিয়েছেন, যদিও সমর্থন করতে গিয়ে দু-একটি অপ্রাসঙ্গিক কথা বলার চেষ্টা করেছেন, বলেওছেন এই বিলের মধ্যে না গিয়ে। আমাদের যে ট্রাডিশনালি মাছ খাওয়া এবং মাছ-এর চাষ আমাদের রাজ্যে বহুদিন আগে থেকে ছিল এই কথা সত্য। কিন্তু মাছ খাওয়া এবং মাছ চাষ থাকলেওও বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষ আমাদের রাজ্যে অবহেলিত ভাবে ছিল। তাদের জীবন ধারণ এবং তাদের মৎস্য চাষের ক্ষেত্রে নানা বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে উন্নয়নের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার-এর এটা একটা সুদুর প্রসারি পরিকল্পনা এবং তাকে বাস্তবায়িত করার যে চেষ্টা সেই চেষ্টা আমরা গত কয়েক বছর ধরে লক্ষ্য করছি এবং তারই পরিণতি হিসাবে আমরা বার বার সারা ভারতবর্ষের মধ্যে মৎস্য চাষের ক্ষেত্রে, মৎসের বিভিন্ন উন্নত মানের উৎপাদনের ক্ষেত্রে আমরা সর্বোচ্চ স্থান অধিকার করে সারা দেশের মধ্যে আমাদের রাজ্য প্রথম স্থান অধিকার করার গৌরব লাভ করেছে। সেই কারণে এই মৎস্য চাষকে আরও সম্প্রসারিত করা এবং বৃহৎ সমুদ্রের মৎস্যজীবীদের মেকানাইজড বোর্ড এবং নন-মেকানাইজড বোর্ডের রেজিস্ট্রেশন না থাকার ফলে ঝড়, সাইক্লোনে তারা যে ক্ষতিগ্রস্ত হন এবং মৃত্যুজনিত কারণে ক্ষতিপূরণের সরকারি সুযোগ আমরা দিতে পারিনা। স্বাভাবিকভাবেই এই বিলের মধ্যে সেই ব্যবস্থাগুলিকে আনা হয়েছে। স্বাভাবিক কারণেই আমাদের রাজ্যের মৎস্য চাষিরা, মৎস্যজীবীকা জীবন-জীবিকা উন্নয়নের ক্ষেত্রে এই বিল বিশেষ একটা ভূমিকা পালন করবে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে শুধু একটা বিষয়ের প্রতি দৃষ্টি

আকর্ষণ করতে চাই। মৎস্য চাষের বিভিন্ন ক্ষেত্রে উন্নত মানের প্রথা অবলম্বনের ক্ষেত্রে আমাদের রাজ্যের মৎস্য চাষের ক্ষেত্রে উন্নতি হয়েছে এবং বছরে লক্ষ লক্ষ উৎপাদিত হচ্ছে। আজকে যেভাবে সমুদ্রকে বড় বড় ব্যবসায়িরা ব্যবহার করছে, তারা আজকে নানাভাবে সমুদ্র থেকে মাছ ধরে ব্যবসা করছেন, তাদের আমরা ধরতে পারছি না। গঙ্গায় ত্রিবেনী এবং বলাগড়ে ইলিশ মাছ উৎপাদিত হয়, কিন্তু আমরা দেখি সেখানে কিছু কিছু মৎস্যজীবী সেই মাছকে খুব ছোট্ট অবস্থায় খয়রা মাছ হিসাবে বাজারে বিক্রি করছে। স্বাভাবিক কারণেই বাজারে ইলিশ মাছের সরবরাহে বিঘ্ন ঘটছে। যেভাবে আজকে মৎস্য চাষের ক্ষেত্রে মৎস্যজীবীদের জন্য ব্যবস্থা করা হয়েছে, সমুদ্রে মাছ ধরা এবং উন্নত মানের ক্ষেত্রে আজকে যেভাবে এই বিলকে আনা হয়েছে তা অত্যন্ত সময়োপযোগী। আর ছোট ছোট ইলিশ মাছ যাতে ধরা বন্ধ হয় সেদিকে তিনি যাতে দৃষ্টি দেন তারজন্য অনুরোধ করছি। এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আজ এই সভায় যে 'দি ওয়েস্ট বেঙ্গল মেরিন ফিশারিস রেগুলেশন বিল, ১৯৯২ এনেছেন সাধারণভাবে আমি আমার দলের পক্ষ থেকে তাকে সমর্থন জানাচ্ছি। এই ধরনের একটা বিল আনা যে উচিত এর আগেই ভারত সরকার বিভিন্ন রাজ্যকে এটা জানিয়েছিলেন এবং সেই অনুযায়ী আমাদের রাজ্যসরকার এই বিলটা নিয়ে এসেছেন। স্যার, আপনি জানেন, পৃথিবীতে জনসংখ্যা যত বাড়ছে ততই মানুষ সমুদ্রের দিকে বেশি করে ঝুঁকছে তার খাবার সংগ্রহ করার জন্য পৃথিবীতে যত চাষযোগ্য জমি আছে আজ থেকে ৫০ বছর পরে সেই জমির পরিমাণ বাড়বে না। কিন্তু জনসংখ্যা অনেক বেড়ে যাবে। সুতরাং মানুষকে এখন নতুন করে স্বভাবতই সমুদ্রের দিকে দৃষ্টি দিতে হচ্ছে। মানুষকে দেখতে হচ্ছে কি করে সমুদ্রকে সম্পদ হিসাবে ব্যবহার করা যায়। অবশ্য তা শুধু খাবারের জন্য নয়, আপনারা জানেন, সমুদ্রের তলা থেকে পেট্রোল পাওয়া যাচ্ছে এবং অন্যান্য খনিজ পদার্থ তাও পাওয়া যাচ্ছে। সেখানে বিশেষ করে ভূতাত্বিক কারণে যে কনটিনেন্টাল সেল্ফ তৈরি হয়েছে ভারতবর্ষের উপকুলের চারিদিকে সেই কনটিনেন্টাল সেল্ফ মাছের বৃদ্ধির পক্ষে খুব সাহায্যকর। সুতরাং এই মেরিন ফিশিং-এর ব্যাপারে রাজ্যসরকার যে দৃষ্টি দিয়েছেন এটাতে নিশ্চয় সকলের সমর্থন থাকবে। এই বিলটা নিয়ে আসার উদ্দেশ্য হচ্ছে সমুদ্রে মাছ ধরার ব্যাপারে একটা নিয়ন্ত্রণ নিয়ে আসা। এটা ঠিকই যে এখনও পশ্চিমবাংলায় ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় মেরিন ফিশিং কম। তার কারণ উড়িষ্যা, তামিলনাড়ু, কর্ণাটক এমন কি মহারাষ্ট্র, গুজরাটের তুলনায় আমাদের উপকুল এলাকা খুব ছোট। মাত্র তিনটি বিধানসভা কেন-খেজুরি, রামনগর, সাগর সমুদ্রের উপকুলে অবস্থিত। এরফলে সমুদ্রে যারা মাছ ধরেন সেই মৎস্যজীবীদের সংখ্যাও দুলক্ষের কম। কেরলে এই সংখ্যা ২৫/৩০ লক্ষ। আপনারা যদি গোয়াতে বা কেরালায় যান তাহলে দেখবেন যে সমস্যাটা সব জায়গায় হচ্ছে সেটা হচ্ছে, পুরানো প্রথায় যারা মাছ ধরেন তাদের সংখ্যা মেকানাইজড বোট বা ছোট ট্রলার নিয়ে যারা মাছ ধরেন তাদের একটা সংঘাত হচ্ছে। এখন তো মাছ ধরার ব্যাপারে বড় বড় কোম্পানি এসে গিয়েছে। আপনারা জানেন, ভারতবর্ষের যেটা নটিক্যাল এরিয়া সেটা হচ্ছে থ্রি নটিক্যাল মাইল। এটা হচ্ছে ভারতবর্ষের এলাকা। এর

বাইরে বড় বড় বহুজাতিক কোম্পানিরা গিয়ে জাহাজ নিয়ে মাছ ধরছে। তাদের ক্ষেত্রে আন্তর্জাতিক আইন প্রযোজ্য হতে পারে। এক্ষেত্রে আমাদের খুব বেশি একটা করার কিছুউ নেই। তবে আমাদের যেটা এলাকা তারমধ্যে কিছুটা রেসট্রিকশন আনা যেতে পারে। অর্থাৎ ঐ দুটি অংশের মৎস্যজীবী যারা নন মেকানাইজড বোট নিয়ে মাছ ধরেন এবং যারা মেকানাইজড বোট নিয়ে মাছ ধরেন তাদের মধ্যে যে সংঘাত এবং সংঘর্ষ তা বন্ধ করার জন্য বা তাকে নিয়ন্ত্রণ করার জন্য একে একটা নিয়ম বা আইনের আওতার মধ্যে আনার জন্য মাননীয় মৎস্যমন্ত্রী চেষ্টা করেছেন। কারণ প্রায়ই আমরা দেখি যে পরস্পর পরস্পরের বিরুদ্ধে নানান ধরনের অভিযোগ করেন। এখানে সেকশন ফোরে সরকার এরিয়া বেঁধে দেওয়ার কথা বলেছেড়। কোন এলাকাতে নন মেকানাইজড বোট যাবে এবং কোন এলাকাতে মেকানাইজড বোট যাবে এটা সরকার হাতে নিলেন। সেকশান সিক্সে লাইসেন্সের ব্যবস্থা করলেন। তৃতীয়ত রেজিস্ট্রেশন অব ভেসেলের ব্যবস্থা করেছেন। আমি যদি ঠিক পড়ে থাকি তাহলে সেটা হচ্ছে এখানে বলা হচ্ছে, যাদের লাইসেন্স নেই তারা আর কোনওরকমে মাছ ধরতে পারবে না। তাদের উপর নানান রকমের পেনাল্টি বা ফাইন থেকে শুরু করে, সমস্ত ক্যাচ ধরে নেবার একটা ব্যবস্থা তারা করছে। এখন রেজিস্ট্রেশন অফ ফিশিং ভেসেলস হয়ে গেলে একটা প্রবলেম অবশ্যই হবে — স্যার, আপনার যদি গাড়ি থাকে তাহলে আপনি নিশ্চয়ই জানেন — সরকারি দপ্তরে গিয়ে মানুষগুলোকে হ্যারাসমেন্টের সম্মুখীন হতে হবে। এটা ঠিকই রেজিস্ট্রেশন না থাকলে কত নৌকা। মাছ ধরতে যাচ্ছে তার হিসাব থাকে না। প্রতি বছরই ঝড়ের সময়, সাইক্লোনের জন্য ওয়ার্নিং দিতে হয়। স্যাটেলাইটের মাধ্যমে যে পূর্বাভাস পাওয়া যায় তা ছড়িয়ে দেওয়া হয়। কিন্তু বর্তমানে ঐ অবস্থায় কত মৎস্যজীবী সমুদ্রে আছে সেটা বোঝা যায় না। আমাদের বঙ্গোপসাগর সাইক্লোন প্রোন এলাকা, অথচ আমাদের কাছে ঐ হিসাব থাকে না। কিন্তু আমাদের দেখতে হবে এই নতুন পদ্ধতির ফলে ফিশারম্যানদের ওপর সরকারি বুরোক্রাসি এবং লাল ফিতের অত্যাচার যেন না হয়। রেজিস্ট্রেশনের ব্যাপারটা ন্যূনতম ব্যাপার যেন হয় এবং লাইসেনসিং ফি যেন ন্যূনতম হয়, বিশেষ করে যারা নন-মেকানাইজড বোট তাদের ক্ষেত্রে। আমার মনে হয় সরকারের একটা লং টার্ম প্রোগ্রাম নেওয়া উচিত যে, আসতে আসতে আমরা সমস্ত নন-মেকানাইজড বোটকে মেকানাইজড করে দেব। এবং এবিষয়ে এখনই একটা স্পেশ্যাল স্কীম করা উচিত। গতবারে ফিশারিস মিনিস্টার বলেছিলেন তিনি তা করতে চান, কিন্তু তার টাকার অভাব আছে। একটা স্কীম করেছেন, Programme has been undertaken for introducing mechanised boat. The programme is being implemented by the fishermen cooperation society. আসতে আসতে লং টার্মে আর এই নন-মেকানাইজড বোট থাকবে না। যদিও ওরা খুবই স্কীলড, ওরা খুবই সাহসি, তবুও মেকানাইজড বোটের সঙ্গে কখনই দীর্ঘদিন ধরে নন-মেকানাইজড বোট নিয়ে প্রতিযোগিতা করা সম্ভব নয়। সুতরাং একটা ফ্রেসড প্রোগ্রাম দরকার। একজন সদস্য হিসাব দিলেন যে, আমাদের রাজ্যে ২ হাজার মতো নন-মেকানাইজড বোট আছে এবং ১৪১৪টি মেকানাইজড বোট আছে। আমি জানি না হিসাবটা ঠিক কিনা! এটা যদি ঠিক হিসাব হয় তাহলে কত বছরের প্রোগ্রামে আমরা এই নন-মেকানাইজড বোটগুলিকে মেকানাইজড করব সেটা আমাদের ভাবা দরকার। মেকানাইজড করতে গেলে ফিশিং হার্বার করার প্রয়োজন আছে। এখন আমরা দেখি কাটাম্যারালগুলো যেকোনওভাবে বালিতে তুলে

দিয়ে তারপর আসতে আসতে ১০/১২ জন ঠেলে গভীর জলে নিয়ে চলে যায়, কোনও ফিশিং হার্বার দরকার হয়না। আপনারা অনেকেই এ দৃশ্য পুরিতে বা দিঘার নিশ্চয়ই দুবেলা দেখেছেন। কিন্তু মেকানাইজড বোট ইন্ট্রোডিউস করলে ফিশিং হার্বারের প্রয়োজন। কমপক্ষে জলের মধ্যে একটা জেটি তৈরি করতেই হবে যাতে মেকানাইজড বোট ঢুকতে পারে। এখন পর্যন্ত মেকানাইজড বোটের জন্য ভাল জেটি শঙ্করপুর ফিশিং হার্বারে হয়েছে। আর কোথাও তা নেই। ফ্রেজারগঞ্জে জেটি তৈরি হচ্ছে বলা হচ্ছে, কিন্তু আমার ধারণা সেটা হতে এখনো ২/৩ বছর সময় লাগবে। কারণ সরকারের পক্ষ থেকেই বলা হয়েছে owing to financial constraints the State Government may not be able to complete the fishing harbour at Fragergunge within the scheduled time. গত বছর মন্ত্রীই এ কথা বলেছেন। আমাদের ফুলফ্রেজড ফিশিং হার্বার তিনটে পয়েন্টে হতে পারে, একটা হচ্ছে ফ্রেজারগঞ্জ, একটা শঙ্করপুরে, সেটা হয়েছে এবং আর একটা খেজুরিতে। মন্ত্রী বার বার বলেন হিসাবের জাগলারি করে বলেন আমাদের মাছের উৎপাদন হাইয়েস্ট পার মাইল-এর অফ কোস্টলাইন, আমাদের ক্যাচ হাইয়েস্ট! এটা খুব বেশি কৃতিত্বের বিষয় নয়। আমাদের কোস্টলাইন কতটুকু? কেরালা, গোয়া, অন্ধ্র, তামিলনাড়ুর তুলনায় আমাদের কোস্ট লাইন কতটুকু? আমাদের এখানে মেরিন ফিশারি ক্যাচ কতটুকু হয়? ভেরি স্মল অ্যামাউন্ট কমপেয়ার্ড টু কেরালা, গোয়া, তামিলনাড়ু, অন্ধ্র প্রদেশ। এখানে স্টেট গভর্নমেন্ট বড় ট্রলার কিনে নিজেরাই ইন এ বিগ ওয়ে এই ব্যবসায় ঢুকতে পারে। আজকে এই ফিশারিতে বড় বড় কোম্পানি এসে গেছে। তার আসার ফলে ডিপ সি-তে যে মাছ রয়েছে সেটা আমরা যাদের কথা বলছি তাদের ভেসেলস দিয়ে ধরা সম্ভব নয়, সুতরাং সেই মাছ থেকে আমরা যাতে বঞ্চিত না হই সেটাও দেখার দরকার আছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, এই আইন রেসট্রিকটিভ আইন। এই আইনে রেজিসট্রেশন, লাইসেন্স এবং তার যে পেনাল্টি, লাইসেন্স না থাকলে পেনাল্টি কিভাবে ধার্য হবে, কিভাবে পুরো মাছ ক্যাচ করলে কিভাবে ডিসপোজ্যাল হবে, কিভাবে অ্যাপিল করতে পারে এইসব ইলাবোরেট মেশিনারি অ্যাজ ফার অ্যাজ ফিশিং ইজ কনসার্ণ এই বিলের মাধ্যমে তৈরি করার চেষ্টা করা হয়েছে যেটা আমি মনেকরি উল্লেখযোগ্য অবদান। এরমধ্যে কোস্টাল মেকানাইজড ফিশিং স্কীম এই স্কীমের সঙ্গে মেরিন ইনফ্রস্ট্রাকচারের স্কীম করে পুরো সমুদ্রে মাছ ধরার ব্যাপারে আর একটা ফিশারিজ ডায়রেক্টোরেট-এর মধ্যে উইং তৈরি করা হয়েছে। কোস্টাল ফিশারমেন ভিলেজ যা আছে তাদের জন্য উন্নয়নের কাজকর্ম রয়েছে। মৎস্যদপ্তর ইন্দিরা আবাসন যোজনায় মৎস্যজীবীদের জন্য ঘর বানিয়ে দিয়েছেন। আমাদের দেখতে হবে ফিশিং পিপলদের কিভাবে উন্নতি করা যায়। মূল সমস্যা ফিসারম্যানদের, সেটা টেকেন কেয়ার অফ হয়নি। সুন্দরবন হচ্ছে প্রবলেমের জায়গা, প্রবলেম অফ পাইরেসি বোট, বোট শুদ্ধ সব কেড়ে নিচ্ছে। সেখানে মেরিটাইম ল নেই। বাংলাদেশ এবং ভারতবর্ষের বর্ডার এলাকা, সমস্যা সম্পূর্ণ রয়ে গেছে। সেখানে বি.এস.এফ প্রোটেকশন দিতে পারছে না। দ্বিতীয় প্রবলেম হচ্ছে, প্রবলেম অফ সিকিউরিটি। আমাদের এখানে যে ইনস্যুরেন্স স্কীম আছে ইন অপারেশন অফ ফিশারমেন সেই ইনস্যুরেন্স স্কীমগুলি যথেষ্ট নয়। হাই রিস্ক অফ বিজনেস এবং বিকজ অফ ন্যাচারাল আপহেভেলস প্রায়ই মানুষের জীবন বিপন্ন হয়। এই বিলে রেস্ট্রিকটিভ ক্লজ রাখা হয়েছে। টোটাল ইনস্যুরেন্স ফিশারমেনদের সিকিউরিটি দেবার জন্য কি ইনফ্রাস্ট্রাকচার মেরিন উইং-এ করেছেন সেটা যদি

বলে থাকত ফিশিং হারবারকে কন্ট্রোলে নেবার জন্য আইন করেছেন management and control of fishing harbour and fish landing centres. করেছেন ভবিষ্যত সম্ভাবনা সুন্দর, কিন্তু এটা থাকলে ভাল হতো। সবশেষে বলতে চাই, আমাদের এখানে মেরিন ফিশিং যথেষ্ট পশ্চিমবাংলায় ডেভেলপ করেনি। এর যে সুযোগ আছে, এর যে ব্যাপ্তি আছে, এর উপর যে ইকনমিক টার্ন-ওভার হতে পারে তা সীমিত হয়ে আছে। মাননীয় মৎস্যমন্ত্রী এরমধ্যেই তার দপ্তরের মাধ্যমে বিভিন্ন জায়গায় জয়েন্ট সেক্টরের হাতে দিয়ে দিচ্ছেন। ফিশারি ডিপার্টমেন্ট জমি দিয়ে দিচ্ছেন প্রাইভেট পার্টিকে, তারা মৎস্য চাষ করছেন। গত বছর রাজ্য সরকারের বাজেট ছিল এই দপ্তরের ৩১ কোটি টাকা। তার বড় অপারেশন নন-প্ল্যান এক্সপেনডিচারে চলে যাচ্ছে। এতে করে খুব বেশি কিছু ফিশারি করা যাবে না। তার কারণ নতুন বড় স্কীম নিতে গেলে ক্যাপিটাল ইনটেনসিভ হবে, অনেক খরচ সাপেক্ষ হবে। সুতরাং আমাদের দেখতে হবে কিভাবে আমরা এনকারেজ করতে পারি মেরিন ফিশিং-এর জন্য আরও অরগ্যানাইজেশনকে। রেস্ট্রিকটিভ ব্যবস্থায় এইসব মানুষগুলিকে নিয়ে আসা। এটা ঠিকই বর্তমানে যে নন-মেকানাইজড বোটগুলি চলে তাদের প্রোটেক্ট করা উচিত। কিন্তু লং-টার্মে দেখতে হবে আস্তে-আস্তে কিভাবে এগুলিকে মেকানাইজড করা যেতে পারে। এরজন্য সাফিসিয়েন্ট ব্যাঙ্ক লোন এবং অন্যান্য ব্যবস্থা কিভাবে নেওয়া যেতে পারে তা দেখতে হবে। এখানে দেখছি রাজ্য সরকার বলেছেন ২টি ভেসেল এরজন্য প্রোকিওর করবেন। আমি বুঝতে পারলাম না এই ভেসেলগুলি কি কোস্ট গার্ডেড ভেসেল হবে? বোটগুলি লাইসেন্স নিয়ে যাচ্ছে কিনা তা দেখার জন্য কি এই দুটি ভেসেল এই পারপাসে কেনা হবে? তানাহলে নতুন করে ভেসেল কেনার প্রয়োজন কি তা মাননীয় মন্ত্রী মহাশয় ব্যাখ্যা করে বলবেন। আমি আগেই বলেছি, আমাদের মৌলিক কোনও আপত্তি নেই। এরপরে যখন রুলস তৈরি করা হবে তখন দেখবো লাইসেন্স কি কি হবে, আরও ডিটেলস তারমধ্যে থাকবে। আমি আবেদন করব ব্যুরোক্রাসি যাতে না বাড়ে, গরিব মানুষ যাতে হ্যারাসড না হয় তা দেখবেন। গরিব মৎস্যজীবীদের যাতে সাহায্য করতে পারেন সেটাই মূল লক্ষ হওয়া উচিত। মৎস্যজীবীদের দিকে লক্ষ্য রেখে আগামী দিনে কাজে এগুবেন। আমার মনে হয় মেরিন ফিশিং-এর যে পোটেনসিয়াল পশ্চিমবাংলার কোস্টাল লাইনে আছে তা সফল হবে। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন দি ওয়েস্টবেঙ্গল এটা আমি সমর্থন করছি। এটা একটা বহু প্রতীক্ষিত বিল, এই বিষয়ে দ্বিমত পোষণ করার অবকাশ নেই। আমরা দিনের পর দিন দেখছি পশ্চিমবঙ্গে আমাদের এই রাজ্যে এই দপ্তরটির গুরুত্ব দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে এবং এটি লক্ষ্য করছি যে দপ্তর তার উপর ন্যস্ত যথেষ্ট দক্ষতার সঙ্গে পালন করে চলেছেন। আজকে এই বিলটি তারই একটা পদক্ষেপ। আমাদের রাজ্যে যেখানে লক্ষাধিক মৎস্যজীবীর স্বার্থ জড়িত আছে সেখানে সরকার নিছক দর্শক থাকতে পারে না, তাদের একটা দায়িত্ব থেকে যায়, বিশেষ করে আমরা যেখানে দেখছি যে সমগ্র কোস্টাল এরিয়া ধরে মৎস্য-জীবীদের একটা মুক্তাঞ্চল হয়ে ওঠে যদি সেটা মৎস্যজীবীদের পারস্পরিক স্বার্থ হানিকর কাজ

সেখানে চলতে থাকে তাহলে সেখানে সংঘাত, সংঘর্ষ অনিবার্য হয়ে দেখা যায়। একটা প্রশ্ন এসে যায়, তাই সেটাকে রেগুলেট করার একান্তই দরকার সেই উদ্দেশ্য নিয়েই এই বিলটি তিনি এনেছেন যাতে অন্তত-পক্ষে সংঘাত সংঘর্ষ এবং দরিদ্র মৎস্যজীবীদের স্বার্থ যথাযথভাবে রক্ষিত হয়। কিন্তু বিলের যে বিধান তিনি একটা দিয়েছেন সে ক্ষেত্রে ফিশিং ভেসল এর যারা মালিক তাকে ভেষল রেজিস্টারি করার জন্য দরখাস্ত করতে বলা হয়েছে রেজিস্টার্ড ফিশিং ভেসল আনতে বলা হয়েছে এবং রেজিস্টার্ড ফিশিং ভেসল যেগুলি আছে সেগুলিকে ফিশিংয়ের জন্য লাইসেন্স দিতে বলা আছে অর্থাৎ ফিশিং ভেসলের মালিকরা সরকারি নথিভুক্ত থাকতে পারে। কিন্তু সেই ফিশিং ভেসল রেজিস্টারি যারা মাছ ধরবেন সেই সমস্ত মৎস্যজীবী তাদের রেজিস্টার্ড সরকারি খাতায় থাকছে না সে ক্ষেত্রে একটা প্রশ্ন থেকে যাচ্ছে বিভিন্ন দুর্ঘটনা যেটা আমরা মাঝে মাঝে শুনি এবং দেখতে পাই প্রাকৃতিক দুর্যোগে অনেক সময় নৌকা ডুবি হয়ে যায়, মানুষ প্রাণ হারায় অনেক সময় সমাজবিরোধীদের অত্যাচার চলতে থাকে, ছিনতাই হয় খুনোখুনি হয় সে ক্ষেত্রে তাদের নিরাপত্তা কি থাকছে? বিলটিতে যে বিধান আছে যে সমস্ত মৎস্যজীবীদের আর কোথাও রেজিস্টার্ড থাকছে না শুধু ফিশিং ভেশল রেজিস্টার্ড করে এবং রেজিস্টার্ড ফিশিং ভেসলগুলিকে ফিশিংয়ের জন্য লাইসেন্স দেয়, এটার সমস্ত আইন কানুন লেখা আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইব যে কিভাবে তাদের স্বার্থটা রক্ষিত হবে? যারা সেই ফিশিং ভেশল নিয়ে মাছ ধরতে যাবেন এটা যদি না করতে পারা যায় তাহলে বিলটার উদ্দেশ্য সিদ্ধ হবে না। আমি জানিনা তারজন্য কোনও ইনসিওরেন্স স্কীম চালু আছে কিনা? সরকারের সেখানে কি ভূমিকা এবং দায়িত্ব? কিন্তু এটা স্বীকার্য যে এ রাজ্যে যদি মাছের উৎপাদন বাড়াতে হয় তাহলে এখন যথেষ্ট মনোযোগ দেবার দরকার আছে। নন মেকানাইজ বোটগুলিকে মেকানাইজ করার দরকার আছে। এতে শুধু মৎস্যজীবীদের স্বার্থই জড়িত নয়, মৎস্যের সঙ্গে যারা জড়িত তাদের ভাগ্যও এরসঙ্গে জড়িয়ে রয়েছে। তাই বিষয়টা উপেক্ষা করা উচিত নয়, যথেষ্ট গুরুত্ব দিয়ে এই ব্যাপারে ভাবতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় সেই ব্যাপারে গুরুত্ব দিয়ে মৎস্যজীবীদের স্বার্থ যাতে যথাযথভাবে রক্ষিত হয় তারজন্য বিলটা এনেছেন। তাই এই বিলকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী জন্মেজয় মান্না ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী সমুদ্রে মৎস্য শিকারের স্বার্থে যে বিলটা এনেছেন তাকে আমি সমর্থন করে দুই-একটি কথা বলছি। মৎস্য শিকার সম্প্রসারণের জন্য এই বিলটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিরোধী দলের মাননীয় সদস্য সুব্রতবাবু বিলটাকে সমর্থন করতে গিয়ে বলছিলেন যে, পশ্চিমবঙ্গ হচ্ছে একমাত্র মৎস্য শিকারিদের জায়গা এবং সেজন্য এই রাজ্য আগে ফার্স্ট হয়েছে। কিন্তু ওদের দীর্ঘকালীন ক্ষমতায় থাকাকালীন সময়ে এই ব্যাপারে কোনও উদ্যোগ আমরা দেখতে পাইনি। ওদের আমলে আমরা দেখেছি, কেউ মৎস্যমন্ত্রী হতে রাজি হতেন না, কারণ মৎস্য উৎপাদনের মাধ্যমে যে একটা ব্যাপক অংশের মানুষেরু অর্থনৈতিক কাঠামো গড়ে উঠতে পারে এই উপলব্ধি ওদের মধ্যে ছিল না। তাই মৎস্য শিকার এবং মৎস্য চাষের মাধ্যমে সমাজের একটি অংশের মানুষের যেখানে অর্থনৈতিক বুনিয়াদ গড়ে ওঠা সম্ভব সেই পরিকল্পনা তারা কখনও গ্রহণ করেননি। কিন্তু আমাদের বামফ্রন্ট সরকারের আমলে গ্রাম বাংলার অর্থনৈতিক বুনিয়াদ গড়ে

তোলবার ক্ষেত্রে মৎস্য চাষ এবং মৎস্য শিকার একটা বিশেষ গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে বসেছে। তাই বর্তমানে মৎস্য শিকারিরা সমুদ্রে যখন মৎস্য শিকার করতে যাচ্ছেন তখন যে সমস্ত সমস্যার সৃষ্টি হচ্ছে সেগুলো সমাধানের জন্য আজকে তিনি এই বিল এনেছেন। আজকে ছোট এবং গরিব মৎস্য শিকারি, যারা দাঁড়বাওয়া নৌকায় করে মৎস্য শিকার করতে যান, তাদের সঙ্গে বড় বড় মৎস্য শিকারি, যারা যন্ত্রচালিত নৌকা এবং ট্রলারে করে মৎস্য শিকার করেন, তাদের সঙ্গে প্রায়ই সংঘাত হয়। এর সমাধানের জন্য এই বিলের মাধ্যমে এলাকা চিহ্নিতকরণ এবং লাইসেন্স প্রথার ব্যবস্থা করা হচ্ছে। ছোট এবং বড় মৎস্য শিকারিদের মৎস্য শিকারের এলাকা চিহ্নিতকরণের ব্যবস্থা রয়েছে এতে। লাইসেন্স প্রথা চালু করার মাধ্যমে বে-আইনিভাবে মৎস্য শিকারের এলাকাতে ঢুকে পড়ে যারা বিঘ্ন সৃষ্টি করছে তাতে চিহ্নিত করা যাবে। সেক্ষেত্রে এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। মৎস্য শিকারিদের মধ্যে যারা মৎস্য শিকার করতে গিয়ে প্রাকৃতিক দুর্যোগে সমুদ্রে হারিয়ে যান এই বিলে তাদের ক্ষেত্রে সাহায্য করবে, তাদের স্বার্থ সংরক্ষিত হবে। কাজেই এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। আজকে এই বিল সম্পর্কে সাধারণভাবে বলা যায় যে মৎস্যজীবীদের মৎস্য শিকার কিভাবে নিরাপত্তার সঙ্গে হতে পারে, কিভাবে তাদের স্বার্থ সংরক্ষিত হতে পারে, মৎস্য উৎপাদন কিভাবে বাড়ানো যায় তার পরিপ্রেক্ষিতে এই বিল। এই বিল সমর্থন করতে গিয়ে একথা বলব যে এই মৎস্য দপ্তর কিভাবে উন্নয়ন করে এগিয়ে চলেছে, সমাজে গরিব মৎস্যজীবীদের কিভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে সারা পশ্চিমবঙ্গে সেটা তুলনামূলক ভাবে কিছু আলোচনা আমাদের এখানে হওয়া দরকার এবং জানা দরকার। আজকে মেকানাইজ বোট সম্পর্কে যদি বলা যায় তাহলে একথা বলা যায় যে ১১১৪ খানা মেকানাইজ বোট আজকে অপারেট করছে কোস্টাল বেল্টে যেটা ইতিপূর্বে ১৯৮১-৮২ সালে ছিলনা। এই বিষয়ে যে উন্নয়ন ঘটেছে সেটা আমরা দেখতে পাচ্ছি। দ্বিতীয় কথা হচ্ছে ১৯৮২-৮৩ সালে এই রাজ্যে একটাও মেকানাইজ বোট ছিলনা, একথা বলা হয়েছে। কিন্তু সবচেয়ে কম কোস্টাল বেল্ট হচ্ছে এই পশ্চিমবঙ্গে যার দৈর্ঘ্য হচ্ছে মাত্র ১৭৬ কিলোমিটার। অথচ পাশের রাজ্য উড়িষ্যা, সেখানে কোস্টাল বেল্ট হচ্ছে ১ হাজার ৪ কিলোমিটার। সেখানে উৎপাদন হয় মাত্র ৭৮ টন। গুজরাটের কথা যদি ভাবি তাহলে দেখা যাবে যে সেখানে ১৪ গুন বেশি কোস্টাল বেল্ট। সেখানে উৎপাদন হয় মাত্র ৫ হাজার টন। অথচ সেই তুলনায় পশ্চিমবঙ্গের কোস্টাল বেল্ট কম। এখানে উৎপাদন কম হয়েও ১ লক্ষ ৪০ হাজার টন উৎপাদন হচ্ছে। পশ্চিমবঙ্গের উৎপাদন ১ লক্ষ ৪০ হাজার টন। অতএব আমি বলব যে পশ্চিমবঙ্গের মৎস্য বিভাগের যে উন্নয়ন, বিভিন্ন দিক থেকে যে ডেভেলপমেন্ট করে চলেছে এটা নিশ্চয়ই অনস্বীকার্য নয়, এটা স্বীকার করতেই হবে। তারসঙ্গে একটি কথা বলি যেটি আগে ছিল না, পশ্চিমবঙ্গের কোস্টাল বেল্টে যারা মৎস্য শিকার করেন তাদের সুরক্ষার ব্যবস্থা ছিল না। মৎস্য শিকার করে অর্থ উপার্জন 'এরজন্য মৎস্যজীবীদের নৌকা নিয়ে সমুদ্রে ঘুরে বেড়াতে হতো, সেখানে তাদের নিরাপত্তার

ব্যবস্থা ছিল না। এই ব্যাপারে ডেভেলপমেন্ট এমন হয়েছে, এই দপ্তর বিশেষভাবে চিন্তা ভাবনা করছেন কিভাবে কোস্টাল বেল্টে রিভার পেট্রোলিং, পুলিশ সেন্টার করা যায়। এই ব্যাপারে আমি বিশেষ ভাবে জানি, আমার কাছে চিঠি আছে যাতে আমাকে মৎস্যমন্ত্রী বলেছেন মেদিনীপুরে একটি মেকানাইজড লঞ্চ দেওয়া হবে। হোম ডিপার্টমেন্টকে এরজন্য তাগাদা দিচ্ছেন যাতে এটি করা যায়। অতএব বিশেষভাবে বলা যায় যে, কোস্টাল বেল্টগুলিতে যে অরাজকতা সৃষ্টি হয়েছিল তা দমন করতে যেটা আগে হয়নি, এখন নতুন করে করার চেষ্টা হচ্ছে। অরাজকতা কিভাবে বন্ধ করা যায় সে সম্বন্ধে এই বিলের মধ্যে উল্লেখ আছে। সেজন্য এই বিলকে সমর্থন করা উচিত। সেজন্য এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবঙ্গ সামুদ্রিক মৎস্য নিয়ন্ত্রণ '৯২-এর একটি আইনের খসড়া বিধানসভায় পেশ করেছি যাতে এটি আইনে রূপায়িত হয় তারজন্য মাননীয় সদস্যদের সম্মতি চেয়ে। মাননীয় বিরোধী দলের সুব্রত মুখার্জি মহাশয় নীতিগতভাবে বিলটিকে সমর্থন করেছেন। তারজন্য তাকে ধন্যবাদ জানাই। তিনি কতকগুলি প্রশ্ন এখানে তুলেছেন, সেগুলির উত্তর তিনি চেয়েছেন। তার কতকগুলি প্রশ্নের উত্তর আমি দিচ্ছি। আমার মনে হয় তিনি বিলটি খতিয়ে পড়েন নি। যদি পড়তেন তাহলে যে প্রশ্নগুলি করেছেন তা তিনি করতেন না। এটি তার মনে নেই, তিনি প্রথমে বলেছেন যে, আমরা জাপান থেকে ট্রলার নিয়ে এসে মৎস্যজীবীদের দিয়েছি আর সেই ট্রলার বাংলাদেশে বা অন্য জায়গায় চলে যাচ্ছে, নিখোঁজ হয়ে যাচ্ছে, আমরা তার হিসাব রাখি কিনা। আমি তার উত্তরে জানাই, আমরা জাপান থেকে কোনও ট্রলার আনি না। আমরা এখানকার মৎস্যজীবীদের দিয়ে ট্রলার নয়, যন্ত্রচালিত যে নৌকা তৈরি করি সেগুলো দিই। মৎস্যজীবীরা সেগুলো ব্যবহার করেন। জাপান থেকে ট্রলার আনা হয়না। উনি দ্বিতীয় প্রশ্ন করেছেন, এত দেরি হল কেন, আমরা বিলটি কেন দেরিতে আনলাম। বিলটি আনার প্রয়োজন দেখা দিয়েছে বলে এখন এনেছি। যন্ত্রচালিত নৌকা নিয়ে মৎস্যজীবীদের অনেক অসুবিধা হচ্ছিল তারজন্য এই বিলটি আনা হয়েছে। উনি পাশাপাশি আবার বলেছেন, বিলটি এই অধিবেশনে পাস না করে সার্কুলেট করা হো'ক। আপনার বক্তব্যের মধ্যে কন্ট্রাডিকশন আছে। আপনি একবার বলছেন বিলটি এত দেরিতে আনলেন কেন, আবার বলছেন বিলটি এই অধিবেশনে পাস করাবার দরকার নেই, এটি সার্কুলেট করে দেওয়া হোক। আপনি বলেছেন ট্রলারগুলোর রেজিস্ট্রেশন করার কি দরকার। মেকানাইজড বোটগুলোর রেজিস্ট্রেশন করার জন্য প্রভিসন আগে ছিল না। সেজন্য এই বিলটি এনেছি, যাতে রেজিস্ট্রেশন করা যায়। দেশি নৌকাগুলোর রেজিস্ট্রেশন করার জন্য এটা আনা হচ্ছে। এটি দেশি নৌকার ফিশারম্যানদের স্বার্থে করা দরকার। দেশি নৌকা চালিয়ে যে সমস্ত ফিশারম্যানরা সমুদ্রে মাছ ধরতে যাচ্ছে তাদের তালিকা যদি আমাদের কাছে না থাকে তাহলে তাদের কি করে বিমার আওতায় আনব? তাদের পরিবারকে আমরা কিভাবে ক্ষতিপূরণ দেব? কি করে তার পরিবারকে আমি ক্ষতিপূরণটা দেব, কিভাবে আমি তার উপকার করব, যদি আমাদের কাছে তার তালিকা না থাকে। অতএব তাদের স্বার্থে আমাকেও রেকর্ডটা করতে হবে, মৎস্যজীবীদের স্বার্থেই এটা করতে হবে। এছাড়া আপনি

বলেছেন সাড়ে ৭ লক্ষ টাকা যেটা দেওয়া হয়েছে এর কি হবে। ২টি ভেসেলস গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দেবে, এই দুইটি ভেসেলস চালাবার জন্য এবং এটাকে ইমপ্লিমেন্ট করবার জন্য দক্ষিণ ২৪ পরগনায় এবং সাউথ ২৪ পরগনার মেদিনীপুরের সমুদ্র উপকূল যাতে আমরা এটা রিফর্মস করতে পারি তারজন্য আমাদের গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দেবেন বলেছেন। এই ভেসেলস চালাবার জন্য যে সমস্ত স্টাফ থাকবে তার মাইনে, তেল এই সমস্ত কিছুর জন্য সাড়ে ৭ লক্ষ টাকা তারা দেবেন বলেছেন। আর এখানে নদীতে যে সমস্ত মাছ ধরার কথা বলেছেন এইগুলির উত্তর আমি এখন দিচ্ছি না। আমার প্রশ্নোত্তরের দিন যখন আসবে তখন এইগুলির উত্তর আমি দিয়ে দেব। মাননীয় দেবপ্রসাদ সরকার মহাশয় যেটা বলেছেন সেটার ব্যাপারে আমি বলছি। নটিকালমাইলস সম্বন্ধে যেটা বলেছেন আমি সেটার সম্বন্ধে বলছি। বড় বড় ট্রলারের ব্যাপারে যা বলেছেন সেই ব্যাপারে বলি, এইগুলি কিন্তু ট্রলার নয়, এগুলি যন্ত্রচালিত নৌকা। ডেফিনেশনের তফাত আছে, গুনগত মানের তফাত আছে। আমাদের এখানে যেগুলি চলে এইগুলি যন্ত্রচালিত নৌকা, ট্রলারের লাইসেন্স আমরা দিইনা। কেন্দ্রীয় সরকার ট্রলারের লাইসেন্স দেয়। আমরা ট্রলারের লাইসেন্স বন্ধ করে দেবার জন্য কেন্দ্রীয় সরকারকে বলেছি। বহু ফিশারম্যান বে অফ বেঙ্গলে যান, কিন্তু সেখানে ফিশ গোল্ড-মাইন যেভাবে এক্সপ্লয়টেশন হচ্ছে তাতে বে অফ বেঙ্গল-এর মাছ কমে যাবে আমাদের ভারতবর্ষে। পশ্চিমবাংলার উপকূলে যেখানে এত মাছ আছে সেখানে যাতে আমাদের একটা ইকলজিক্যাল ব্যালেন্স হতে পারে সেইজন্য আমরা বারবার কেন্দ্রীয় সরকারকে বলেছি বড় বড় ট্রলার-এর ব্যাপারে যে সমস্ত লাইসেন্স দিচ্ছেন সেইগুলি বন্ধ করে দিন। বড় বড় ট্রলারের সঙ্গে আমাদের যন্ত্রচালিত নৌকায় যারা মাছ ধরেন তাদের সঙ্গে এদের সংঘাত দেখা দিয়েছে। আমাদের এলাকায় বড় বড় ট্রলারগুলি ঢুকে মাছ ধরছে ফলে এই সংঘাত দেখা দিচ্ছে। এইজন্যই আজকে এই আইনটা করা হয়েছে। আপ টু থার্টি মিটার ডেপথ পর্যন্ত যাতে কোনও বিগ ট্রলার আমাদের এখানে না ঢোকে এবং দেশি নৌকায় যারা মাছ ধরে তাদের যাতে স্বার্থহানি না হয় তারজন্যই এই আইনটা করা হয়েছে। এখানে জোন ঠিক করার ব্যবস্থা হয়েছে, যাতে কোনও কান্ট্রি বোট, মেকানাইজড বোট বা কোনও বড় ট্রলার না ঢুকতে পারে, যাতে আমাদের মৎস্যজীবীদের স্বার্থে কোনও আঘাত না করতে পারে তারজন্য এটা করা হয়েছে। প্রবোধবাবুর এলাকার বহু মৎস্যজীবী আছেন যারা সমুদ্রে মাছ ধরতে যান তারাও আমার কাছে ডেপুটেশন দিয়েছেন তাদের মৎস্যজীবীরা আক্রান্ত হচ্ছে, তাদের জাল কেটে দিচ্ছে, তাদের মাছ লুঠপাট করছে। এই বড় বড় ট্রলারগুলি যাতে এই ডেপথে না ঢুকতে পারে তারজন্যই আমরা রুলটা ফ্রেম করব। আর এটাও রুলে উল্লেখ করে দেব। আমাদের ওয়াটার এরিয়া যতটা ততটার উপরেই আমাদের আইন করতে হবে, তার বাইরে আমি অধিকার প্রয়োগ করতে পারিনা, আমার ইন্ডিয়ান টেরিটোরি যতটা তার উপরেই আমার আইনকে রেগুলেট করতে পারি, ইন্টারন্যাশনাল টেরিটোরির উপরে করতে পারিনা। আমাকে এটা ইন্টারনাল টেরিটোরির উপর করতে হবে। এখানে আইনে যেটা বলা আছে সেটা হচ্ছে সমুদ্রের যে গভীরতা ফিফটি মিটার ডেপথে প্রায় ২০০ ফুট, এখানে যাতে বড় বড় ট্রলার না ঢুকতে পারে ছোট ছোট মৎস্যজীবীদের স্বার্থ যাতে বিঘ্নিত না হয় মেকানাইজড বোট যাতে নিয়ে যেতে পারে তারজন্য এই আইনটা করা হয়েছে। এই বিলটা ফিশারম্যানদের স্বার্থেই আমরা করতে চাই। ফিশারম্যানদের স্বার্থকে নষ্ট করার জন্য এই বিল নয়। আপনাদের ধারনা

নেই, এই আইনটা আনলে তাদের স্বার্থ ক্ষুন্ন হবে না। সুব্রতবাবু এই বিলের সম্বন্ধে বলতে গিয়ে একটা গল্পের কথা বলেছেন, এই গল্প আমি সিদ্ধার্থ বাবুর মুখেও শুনেছি। এখানে সৌগত বাবু বললেন, যে কোস্টাল এরিয়ায় আমাদের রাজ্যে সবথেকে কম ফিসারম্যান মাছ ধরে। আমাদের এখানে দেড় লক্ষ ফিশারম্যান কোস্টাল এরিয়ায় মাছ ধরে, অন্য জায়গায় ১৫।২০ লক্ষ ফিশারম্যান মাছ ধরে। আমাদের এখানে মাছ ধরার এরিয়া হচ্ছে সমুদ্র উপকূলবর্তী এলাকায় ১৭৪ কিলোমিটার। যে পরিমাণে মাছ আমরা ধরি তা পশ্চিমবাংলার গড় উৎপাদনের সবচেয়ে বেশি। তার কারণ হচ্ছে আমরা যন্ত্র চালিত নৌকা মৎস্যজীবীদের দিই। ভারতবর্ষের আর অন্য কোনও রাজ্যে ফিশারম্যানদের জন্য কোনও স্কীম নেই। দেবপ্রসাদ বাবু এখানে বক্তৃতা দিতে উঠে বললেন ফিশারম্যানদের সাবসিডির কোনও উল্লেখ এই বিলের মধ্যে নেই। আমি তাকে বলি, এই বিলটা হচ্ছে একটা রেগুলেশন, এখানে এই ধরনের কোনও প্রভিসন উল্লেখ করা যায়না। ফিশারম্যানদের স্বার্থেই এই বিলটা আমরা প্রোভাইড করছি। প্রবোধবাবুকে জিজ্ঞাসা করবেন আমরা যে সমস্ত যন্ত্রচালিত নৌকা ফিশারম্যানদের দিয়েছি তা অন্য কোনও রাজ্য দেয়নি। পশ্চিমবাংলায় হচ্ছে একমাত্র রাজ্য যে গরিব ফিশারম্যানদের সমস্ত অর্থটাই ঋণ এবং ভরতুকির দ্বারা এই মেকানাইজড বোট কেনার জন্য সাহায্য করে। ফিশারম্যানদের জন্য একটা ওয়েলফেয়ার স্কীম করা হয়েছে। আর দু নম্বর কথা বলা হয়েছে, যে এই রেজিস্ট্রেশন আইনটা এনেছেন কেন? আনা হয়েছে, কারণ হচ্ছে ১৯৮৯ সালে দক্ষিণ ২৪ পরগনায় একটা সাংঘাতিক ঘূর্ণিঝড় হয়ে যায়। আমরা দেখতে গেলাম, তখন বহু ফিশারম্যানের কাছ থেকে শুনলাম যন্ত্রচালিত নৌকার মালিক যারা তারা ন্যাচারাল ক্যালামিটির সময়ও জোর করে ফিশারম্যানদের মাছ ধরতে পাঠায়। তারা বলে যে সমস্ত মৎস্যজীবীরা ফিশিং ভেসেলসে যাবে না, তাদের পরে আর মাছ ধরতে দেব না। মালিকরা জোর করে তাদের মাছ ধরতে পাঠান এবং তারই ফলশ্রুতি স্বরূপ ১৩৬ জন ফিশারম্যান নিখোঁজ হয়। দক্ষিণ ২৪ পরগনায় ১৯৮৯ সালে এই সাংঘাতিক ঘটনা ঘটেছিল। এই বিধানসভায় দাঁড়িয়ে আমি বলছি, কাউন্ট্রি বোটের জন্য এক টাকাও ফি নেওয়া হবে না ফিশারম্যানদের কাছ থেকে। তাদের স্বার্থেই এই লাইসেন্স দেওয়া হবে। ফিশারম্যানদের বিমার জন্য কোনও প্রিমিয়ামের টাকা তাদের দিতে হয়না, রাজ্য সরকারের পক্ষ থেকেই সেই প্রিমিয়ামের টাকা দেওয়া হয়। যদি তাদের কোনও ক্ষতি হয় তবে তারা টাকা পেয়ে যাবেন। মেকানাইজড বোটের ফিশারম্যানদের কখনও মালিক ন্যাচারাল ক্যালামিটির সময় মাছ ধরতে যেতে বাধ্য করতে পারবেন না এই বিলের মাধ্যমে। যদি করেন তাহলে তাদের লাইসেন্স বাতিল হয়ে যাবে। বোট আমরা সীজ করব। তার সাথে তাদের পানিশমেন্টও দেওয়া হবে। এই আইনের এটাই হচ্ছে উদ্দেশ্য। যে যে ফিশারম্যান এই বোটে যায় রেজিস্ট্রেশনের সময় তাদের একটা তালিকা আমাদের দিতে হবে। পরবর্তী বছরে রিনিউ করার সময় যদি আমরা দেখি কোনও নামের পরিবর্তন করা হয়েছে এবং মালিক নিজের ইচ্ছায় যদি এই পরিবর্তন করে থাকে তাহলে তাকে আমরা ছেড়ে দেব না। মালিকের দয়ার উপর ফিশারম্যানদের আমরা ছেড়ে দেব না। ঝড় ঝঞ্ঝার মধ্যে কোনও বোট ওনার যদি ফিশারম্যানদের বাধ্য করে যেতে তাহলে আমরা ছেড়ে দেবনা। এই উদ্দেশ্য নিয়েই এই বিলটা আমরা নিয়ে এসেছি।

[3-30 — 3-40 p.m.]

এই উদ্দেশ্য নিয়েই আমরা এই আইনটা প্রবর্তন করছি। আর পাইরেটসদের কথা, জলদস্যুদের কথা ওরা তুললেন। এই প্রসঙ্গে সুব্রতবাবুদের আমি বলি, কেন্দ্রীয় সরকারকে কয়েকবার আমি এ সম্পর্কে লিখেছিলাম কেন না কোস্ট গার্ড বা বি.এস.এফ-এর এটা দেখার কথা। বাংলাদেশের কথা এই প্রসঙ্গে উঠেছে। আমাদের ফিশারম্যানদের বোট আমাদের টেরিটরি থেকে বাংলাদেশের পুলিশ নিয়ে গিয়েছে এ খবর আমি পেয়েছি কিন্তু সেখানে কোথায় বি.এস.এফ, কোথায় কোস্টগার্ড? ঐ সমুদ্রের তটরেখা তো আমি নিয়ন্ত্রণ করব না, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ তো এটাকে নিয়ন্ত্রণ করবে না, এটা নিয়ন্ত্রণ করবে বি.এস.এফ। এটার নিয়ন্ত্রণের ভার কেন্দ্রীয় সরকারের হাতে। বাংলাদেশের রাইফেলস তারা যদি আমাদের বোটকে ধরে নিয়ে যায় তাহলে আমাদের ভারতবর্ষের বি.এস.এফ ওখানে কি করছে? তা ছাড়া ফিশারম্যানরা কি করে বুঝবেন যে কোনটা বাংলাদেশের সীমারেখা আর কোনটা ভারতবর্ষের সীমারেখা। আবার কখনও কখনও স্রোতের টানে বাংলাদেশের ভেতরে ঢুকে যেতে পারে। কিন্তু সেখানে ভারত সরকার থেকে এমন কোনও ব্যবস্থা নেই, একটা চিহ্ন পর্যন্ত নেই যাতে আমাদের ফিশারম্যানরা বুঝতে পারে যে আমাদের ইন্ডিয়ান টেরিটরি কতখানি। আমাদের এমন কোনও কোস্ট গার্ড সিস্টেম নেই যাতে আমাদের ফিশারম্যানদের বাইরে পাইরেটসরা ধরে নিয়ে গেলে তাদেরকে ছাড়ানো যায়। একটা কোস্ট গার্ড সিস্টেম পর্যন্ত নেই। আমি যখন কেন্দ্রীয় সরকারের কাছে টেলেক্স পাঠালাম হোম সেক্রেটারির মাধ্যমে এবং দিল্লিতে মিটিং-এ এটা তুললাম তখন তার উত্তর ওরা কি দিয়েছেন জানেন? ওরা বলছেন যে, কেন্দ্রীয় সরকারের কাছে এমন কোনও তথ্য নেই যে আমাদের সমুদ্রে আমাদের কোনও ফিশারম্যান পাইরেটসদের দ্বারা কোনওরকমভাবে নিগৃহীত হয়েছেন। এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কাছে নাকি কোনও তথ্য নেই অথচ কতবার এটা নিয়ে আমরা বলেছি, হৈ হট্টগোল হয়েছে, কতবার দিল্লিতে খবর পাঠিয়েছি, ওরা নাকি কোনও তথ্য পান নি। আমরা বার বার বলছি যে আমাদের কোস্ট গার্ডকে আরও শক্তিশালী করুন কারণ মূলত এই দায়িত্ব তাদের উপর বর্তায়। পাইরেটসদের ধরার ক্ষেত্রে আমাদের কিন্তু সেই ধরনের শক্তিশালি কোস্ট গার্ড ইউনিট নেই। আমাদের স্টেটে যাতে করে আমাদের সমুদ্রের উপকূলগুলিতে তারা পাহারা দিতে পারেন তারজন্য ব্যবস্থা করা দরকার। আমি আপনাদের অবগতির জন্য আরও জানাচ্ছি যে আমরা কি কি ব্যবস্থা নিতে চলেছি। অবশ্য আমাদের কোনও অহমিকা নেই। মানুষ আমাদের কাজ করার জন্য দায়িত্ব দিয়েছেন কাজেই যেটুকু সুযোগ আমরা পাচ্ছি সেইটুকু সুযোগ মৎস্যজীবীদের কল্যাণে লাগাবার জন্য আমরা চেষ্টা করছি। মানুষের ও সহযোগিতা নিয়ে আমরা কিছু কাজ করার চেষ্টা করছি। আমরা যেসব ব্যবস্থা করতে চলেছি সেগুলি আপনাদের সামনে আমি রাখছি। ফিশারম্যানদের যাতে হ্যারাসড হতে না হয়, সমুদ্রে কোথায় মাছ পাবেন তারজন্য এলোপাথাড়ি যাতে এদিক ওদিক ঘুরতে না হয় সেজন্য আমরা এ বছর থেকে যেটা প্রবর্তন করছি এবং আগামী বছর থেকে যেটা আমরা পুরোপুরি চালু করবো সেটা বলছি। কত নটিক্যাল মাইল দূরত্বে গেলে বা কোন দিকে গেলে কি ধরনের মাছ তারা সমুদ্রে পাবেন আমরা গ্রাপিং-এর মাধ্যমে তাদের সেটা দিয়ে দেব রিমোট কন্ট্রোল সেন্টার থেকে আমরা তাদের তথ্য পাঠাব। আমরা সুন্দরবন এবং দিঘায় দুটো

ফ্যাক্স বসিয়ে দিয়েছি আর কলকাতায় একটি ফ্যাক্স বসিয়েছি। সরাসরি স্যাটেলাইটে যে ফটো উঠবে তাতে মাছের এগজাক্ট লোকেশনটা জানা যাবে। যাতে মৎস্যজীবীদের কোনও অসুবিধা না হয়, বেশি তেল তাদের না পোড়ে, তারা যাতে হ্যারাসড না হন তার ব্যবস্থা আমাদের রাজ্যে আমরা করে ফেলেছি। আপনারা জানলে খুশি হবেন যে পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে আমরা এই ব্যবস্থা করতে পেরেছি। আমরা আরও একটা প্রোজেক্ট গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে পাঠিয়েছি, আমাদের ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইন্সটিটিউটের সঙ্গে কথাবার্তা হয়েছে, তারা একটা প্রোজেক্ট রিপোর্ট দিয়েছেন, আমরা সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাচ্ছি যে এখন যে সিস্টেম আছে, হায়দ্রাবাদে যে রিমোট কন্ট্রোল সিস্টেম থেকে আমাদের কাছে যে খবর আসে তাতে যদি আকাশে মেঘ থাকে তাহলে আমরা সেই তথ্য পাব না। তাহলে আমাদের যে মনসুন ফিশিং হয় সেই সময় মৎস্যজীবীদের এইসব তথ্য দিতে পারব না, সেইজন্য আমরা একটা রিমোট কন্ট্রোল সেন্টার এখানেই বসাতে চাইছি। এটা বসাতে পারলে মেঘ থাকলেও একজাক্ট লোকেশনটা আমরা দিতে পারব। ওরা একটা প্রোজেক্ট রিপোর্ট তৈরি করেছেন এবং ওরা রাজি হয়েছেন সেই রিমোট কন্ট্রোল সিস্টেম কি করে অপারেট করতে হয় তার টেকনিক্যাল দিকটা আই.এস.আই দেখবেন। আমরা সেই প্রোজেক্টটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে পাঠিয়েছি। এছাড়া গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে আমরা আরও একটা প্রোজেক্ট পাঠিয়েছি, সেটা হচ্ছে, ওয়ারলেস সিস্টেম সম্পর্কে। আমরা দুটি কোস্টে ওয়ারলেস বসিয়ে দিচ্ছি এবং প্রতিটি ফিশিং ভেসেলে — রেজিস্ট্রেশনের উদ্দেশ্যই হচ্ছে তাই—আমরা একটা করে ওয়ারলেস সেট দিয়ে দিচ্ছি। কোনও ভেসেল যদি বিপদে পড়ে, জলদস্যুদের দ্বারা আক্রান্ত হয়, মেশিন যদি নষ্ট হয়ে যায় বা কোনও হ্যাজার্ডসের মধ্যে পড়ে তাহলে ৫০ কি.মি. রেডিয়াসের মধ্যে ঐ ওয়ারলেস সেট কাজ করবে। ওখান থেকে তারা পাশের বোটকে জানাতে পারবে, তার থেকে আমরা আমাদের এখানে জানতে পারব এবং সেইভাবে আমরা সেই ভেসেলকে উদ্ধার করার জন্য ব্যবস্থা নিতে পারব। এ সম্পর্কে আমরা একটা স্কীম গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে সাবমিট করেছি। আমাদের সুন্দরবন এবং মেদিনীপুরে যেসব মৎস্যজীবী মাছ ধরেন তাদের জন্য ওয়ারলেস সেট আমরা বসাব আর প্রতিটি ভেসেলে আমরা একটা করে ওয়ারলেস সিস্টেম দিয়ে দেব যাতে করে তারা এই সুযোগটা পান। মৎস্যজীবীদের জন্য কল্যাণমূলক প্রকল্পের পাশাপাশি তাদের রুজিরোজগার যাতে বাড়ে সেটাও আমরা দেখছি। আপনারা এসব আইন করেন নি এবং এসব কাজ করেন নি। সুব্রতবাবু একটা কথা ব্যক্ত করলেন যে তাদের সময় কেউ মৎস্যমন্ত্রী হতে রাজি হতেন না। এর কারণ সাধারণ গরিব মৎস্যজীবীদের ওরা ছোট নজরে দেখতেন। ওরা ঐ গরিব মৎস্যজীবীদের এতই ছোট নজরে দেখতেন যে ছোটলোকদের দায়িত্ব বলে ওরা সেই দায়িত্ব নিতেন না। আমরা কিন্তু এদের ছোটলোক ভাবি না। আমরা ঐ দৃষ্টিভঙ্গি দিয়ে এই দপ্তরকে দেখি না যে, কেউ এই দপ্তর নিতে রাজি নয়। যে কথা সুব্রতবাবু বললেন। তারা ঐ দৃষ্টিভঙ্গি দিয়ে এই দপ্তর দেখতেন তাই তখন ঐ অবস্থা ছিল। ওদের সময়ে এই দপ্তরে কোনও পরিকল্পনা ছিল না, কোনও কর্মসূচি ছিল না, কোনও উদ্দেশ্য ছিল না। সুব্রতবাবুকে আমি বলব যে, একটা স্কীমের কথাও আপনারা বলতে পারবেন না যেটা কংগ্রেস আমলে তৈরি হয়েছিল আমরা বামফ্রন্ট তাকে এগিয়ে নিয়ে যাচ্ছি। যতগুলো স্কীম এখন চলছে সবকটা স্কীমই আমরা তৈরি করেছি। মৎস্য চাষের উন্নতির জন্য, মৎস্যজীবীদের কল্যাণের জন্য আমরা স্কীম করেছি এবং

এই আইনও হচ্ছে সেই উদ্দেশ্য নিয়ে। কেন্দ্রীয় সরকার যে আইন আমাদের এখানে ইন্ট্রোডিউস করার জন্য দিয়েছিলেন তার ওপরে আমরা আরও নতুন নতুন উদ্দেশ্য এই আইনের মধ্যে ঢুকিয়েছি। শুধু মাত্র কেন্দ্রীয় সরকারের আইন-টুকুই আমরা মেনে নিচ্ছি না, তার সাথে সাথে ফিশারম্যানদের কল্যাণে কিছু কিছু প্রভিসন আমরা রাখছি এবং বিশেষ করে রুলস-এর মধ্যে সেগুলো থাকবে, রুলস তৈরি হলে বিধানসভার সদস্যরা সেটা দেখতে পাবেন। রুলস তৈরি করার ক্ষেত্রে কারো যদি কোনও অভিমত থাকে তাহলে তা তিনি আমাদের নজরে আনতে পারেন এবং তা যদি কেউ আনেন তাহলে নিশ্চয়ই আমরা তা বিবেচনা করব। মৎস্যজীবীদের স্বার্থে প্রয়োজনে আমরা যে কোনও জিনিস পুনর্বিবেচনা করতে প্রস্তুত আছি। সেজন্য আমি মাননীয় সদস্য দেব প্রসাদবাবুকে বলি, বিচলিত হবার মতো কোনও কারণ নেই। মৎস্যজীবীদের স্বার্থ ক্ষুন্ন করে এমন কোনও প্রভিসন আমরা রাখব না। এই বিলের উদ্দেশ্যই হচ্ছে মৎস্যজীবীদের স্বার্থ পুরোপুরি সংরক্ষিত করা। মাননীয় সৌগতবাবু বললেন ফ্রেজারগঞ্জের জেটি নির্মাণ করতে এখনো আরও ৩/৪ বছর সময় লাগবে। আমি তার অবগতির জন্য জানাচ্ছি ১৯৯৩-৯৪ সালের মধ্যে ফ্রেজারগঞ্জ ফিশিং হার্বার-এর দ্বার মৎস্যজীবীদের কাছে খুলে দেব। শঙ্করপুরে মৎস্যজীবীরা যে সুযোগ সুবিধা পাচ্ছে সেই সুযোগ সুবিধা তারা এখানেও পাবেন। এই বছরের মধ্যেই আমরা সেটা চালু করব, এই আশ্বাস আমি দিচ্ছি। খেজুরিতে আরও একটা মৎস্য বন্দর তৈরি করার আমাদের পরিকল্পনা আছে। আমরা কেন্দ্রীয় সরকারের অনুমোদন চেয়েছি। যেহেতু ফিশারি কনকারেন্ট লিস্টে আছে সেহেতু সব ক্ষেত্রে রাজ্য সরকার একার ইচ্ছায় চলতে পারে না। কেন্দ্রীয় সরকারের অনুমোদনের দরকার হয় অনেকগুলি বিষয়ে। সে অনুমোদন না পাওয়া পর্যন্ত আমরা কাজ করতে পারি না। আমরা অনুমোদন চেয়ে পাঠিয়েছি। আমরা যে দৃষ্টিভঙ্গি দিয়ে মৎস্য দপ্তর পরিচালনা করছি, বামফ্রন্ট সরকার যে দৃষ্টিভঙ্গি নিয়ে চলছে সেই দৃষ্টিভঙ্গি গোটা ভারতবর্ষের কাছে দৃষ্টান্ত স্বরূপ। সুব্রতবাবু শুনলে অবাক হয়ে যাবেন কিছুদিন আগে দিল্লিতে একটা মিটিং হয়ে গেছে প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান, বর্তমানে কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী শ্রী প্রণব মুখার্জি বলেছেন, 'পশ্চিম বাংলার মৎস্যজীবীদের কল্যাণে, মৎস্য চাষ উন্নয়নের যে ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা গোটা দেশের কাছে একটা আদর্শ স্বরূপ। প্ল্যানিং কমিশনের রিপোর্টও এই কথা বলছে। আমরা বলছি না যে, আমরা সব কাজ শেষ করতে পেরেছি, কিন্তু এ কথা বলি যে, যে টুকু সুযোগ রয়েছে, যেটুকু সুযোগ আমরা পেয়েছি সেটুকুকে কাজে লাগিয়ে সরকারি দৃষ্টিভঙ্গি অনুযায়ী আমরা চেষ্টা করেছি এবং করছি সাধারণ মানুষকে এরসঙ্গে যুক্ত করে। সাধারণ মানুষের জীবন জীবিকার প্রশ্নকে অগ্রাধিকার দিয়ে আমরা এগিয়ে চলেছি এবং সেই উদ্দেশ্য নিয়ে আজকে আমরা এই বিল এনেছি। আমি আশা করব মাননীয় সদস্যরা এই বিলটিকে সমর্থন করবেন। আমি বিশেষভাবে আশা করব দেব প্রসাদবাবুও এই বিলটিকে সমর্থন করবেন। সুব্রতবাবুরা ইতিপূর্বেই সমর্থন করেছেন, কিন্তু কতগুলি প্রশ্ন তুলেছেন, আমি তার জবাব দিলাম। আশা করব দেবপ্রসাদবাবু সহ সকলেই এই বিলটিকে সমর্থন করবেন এবং বিলটিকে পাস করিয়ে দেবেন।

The Circulation Motions of Shri Deba Prasad Sarkar that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon by 15th June, 1993, and of Shri Abdul Mannan that the Bill be circulated for

the purpose of eliciting public opinion thereon by 31st December, 1993 were then put and lost.

The motion of Shri Kiranmay Nanda that the West Bengal Marine Fishing Regulation Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

### Clause 1

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 1 given by Shri Lakshmi Kanta Dey. He may move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 1, in sub-clause (1), for the figures, "1992", the figures "1993," be substituted. (amendment no.1)

**Shri Kiranmay Nanda :** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment no.1) was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Enacting Formula

**Mr. Deputy Speaker :** There is an amendment to Enacting formula given by Shri Lakshmi Kanta Dey. He may move the Enacting formula.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in the enacting formula for the word "Forty-third" the word "Forty-fourth" be substituted.

**Shri Kiranmay Nanda :** Sir, I accept the amendment to enacting formula.

The motion of Shri Lakshmi Kanta Dey was then put and agreed to.

The question that the enacting formula, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the West Bengal Marine Fishing Regulation Bill, 1992, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Inland Fisheries (Amendment) Bill, 1992.**

**Shri Kiranmay Nanda** : Sir, I beg to introduce the West Bengal Inland Fisheries (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kiranmay Nanda** : Sir, I beg to move that the West Bengal Inland Fisheries (Amendment) Bill, 1992, be taken into consideration.

**শ্রী কিরণময় নন্দ** : যে উদ্দেশ্য নিয়ে এই অর্ন্তদেশীয় ফিশারিজ আইন সংশোধন বিধানসভায় পেশ করেছি আপনারা সকলেই জানেন, গত বিধানসভার অধিবেশনে এই বিলটি পেশ করার কথা ছিল, কিন্তু যে কারণে মেরিন ফিশিং রেগুলেশন বিল আনতে পারিনি অযোধ্যা কান্ডের ঘটনার জন্য ঠিক একই কারণে এই বিলটিকেও বিধানসভায় আনতে পারিনি। এই কারণে দেরি হয়ে গেছে। আশাকরি, বিধানসভার সদস্যরা এই বিলটিকে সমর্থন করবেন।

**Mr. Deputy Speaker** : There are Motions for circulation of the Bill by Shri Abdul Mannan and Shri Saugata Roy. I now request Shri Mannan to move his motion.

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 31st December, 1993.

[3-40 — 3-50 p.m.]

**শ্রী আব্দুল মান্নান** : স্যার, আমি আগেও বলেছি, এখনও বলছি যে শুধু আইন প্রণয়ন করলে হবে না, মানুষকে সজাগ করবার দরকার আছে। আমরা বিধানসভায় আইন পাস করলাম কি আইন পাস হয়েছে তা অনেক মাননীয় বিধায়কও বলতে পারবেন না যে কি আইন পাস করলেন। যেখানে বিধায়কদের এই অবস্থা সেখানে জনসাধারণের অবস্থা আরও কঠিন। আমি সেজন্য বলছিলাম যে জনসাধারণকে আরও সজাগ করা হোক। একজিসটিং যে আইনগুলি আছে সেই আইনের মধ্যে দিয়ে আমরা ভূমিকা রক্ষা করতে পারছি না সেজন্য আরও কঠোর আইন আনতে হচ্ছে, সেই আইন প্রণয়ন করার আগে মানুষকে সচেতন করার জন্য আমি দ্বিতীয় বার বলছিলাম যে মন্ত্রী মহাশয় বিবেচনা করুন কি করবেন?

**মিঃ ডেপুটি স্পিকার** : মিঃ সৌগত রায়, আপনি আপনার মোশন মুভ করুন।

**Shri Saugata Roy** : Sir, I beg to move that the Bill be circulated for eliciting public opinion. by the 31st December, 1993.

**শ্রী কিরণময় নন্দ** : স্যার, আমি দেখছি যে ওরা কতকগুলি অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। অ্যামেন্ডমেন্ট দিয়েছেন আবার বলছেন যে পাবলিক ওপিনিয়নের জন্য বিলটাকে সারকুলেট করা হোক। আমি আপনাকে বলছি পাবলিক ওপিনিয়নের উপর ভিত্তি করে এই বিলটা

আনা হয়েছে, বিলটির উপরে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন আমি আপনাদের অ্যামেন্ডমেন্ট দেখেছি, আমার মনে হয় যেগুলি কভার করার দরকার ছিল সেগুলি কভার হয়ে গেছে।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয়, The West Bengal Fisheries (Amendment) Bill, 1992 এই বিলের বিতর্কে অংশ গ্রহণ করে কয়েকটি কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব। এমনিতে আমরা এই বিলের বিরুদ্ধে নয়, কিন্তু তার অবজেক্টস অ্যান্ড রিজনসে যেটা বলেছেন This has assumed a menacing proportion. সত্যিই এটা লাইন ব্যবহার করেছেন খুব মারাত্মক একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে। কিন্তু এই মারাত্মক অবস্থায় এসে দাঁড়ানোর কারণটা কি এবং আজকে এই অবস্থা হল কেন? উনি যদি আমাদের একটু হাই লাইট করেন একটু বলেন যে যে জলাভূমিগুলি ছিল সেই জলাভূমিগুলিকে যখন ভরাট করেছিলেন তখন তাতে কি কি বাধা পেয়েছেন তারজন্য কি কঠোর আইন আনতে হচ্ছে একটু হাই লাইট করলে সুবিধা হত। রুর‍্যাল এলাকায় ল্যান্ড রিফর্মস অ্যাক্টে বলা আছে যদি কোনও জমি তার কোয়ালিটি চেঞ্জ করে তার কনভারসান করতে গেলে জেলা অথরিটির একটা পারমিশন লাগে। যখন একে একে পুকুরগুলি ভরাট হয়ে যাচ্ছে তখড় ডিপার্টমেন্ট কী করেছিল? আজকে যখন এইরকম একটা বিল আনতে হচ্ছে তখন West Bengal Town and Country Planning Act, 1979 যেটা পাস করলেন সেটা ১৯৮৬ থেকে ইমপ্লিমেন্ট করেছেন, সেখানে কতকগুলি কথা পরিষ্কারভাবে বলা আছে ঐ আইনেতে বলা হচ্ছে যেসব জলাভূমি পুকুর ডোবা কোনওমতে বুজিয়ে ফেলা চলবে না। সেগুলি সাধারণ মানুষের প্রয়োজন ছিল, শহরের ময়লা জল নিকাশে সাহায্য করে, মাছ চাষের কাজ হয় কলকাতা শহরের সঙ্গে যুক্ত এই আইন প্রয়োগ করে অনেক জলাভূমি রক্ষা করতে পারতেন, ভেড়িগুলি সংরক্ষণ করতে পারতেন। মাননীয় বুদ্ধদেববাবু বসে আছেন, আপনি কি করবেন? মৎস্য দপ্তরের গুরুত্ব বেড়ে যাবে? আপনি ১৯৭৭ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত এই সরকারকে অনেক গালাগালি দিয়েছেন, তারপর দলে চলে গেলেন, যাবার পর একটা দপ্তর তো দিতে হবে তাই আপনাকে মৎস্য দেওয়া হয়েছে। আপনাকে একটা দপ্তর নিয়ে চলতে হবে, সেজন্য আপনাকে এই দপ্তরটা দিয়ে রাখা হয়েছে। আপনাদের একজন এম.পি. রয়েছেন, সেজন্য এটা আপনাকে দিয়েছেন, কিন্তু আপনার কিছু করবার নেই। আপনি পারবেন না বুদ্ধদেববাবুর বিরুদ্ধে লড়াই করতে। আজকে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করবার জন্য ১৩৭ একর জলা তার তাতে তুলে দেওয়া হয়েছে। পূর্ব কলকাতার ঝিলমিল অঞ্চলে আজকে ১৫০০ একর জলা জমি বুজিয়ে আবাসন মন্ত্রী থাকবার জন্য বাড়ি তৈরি করছেন। এসব আটকাতে পারবেন আপনি? এসব আইন করেও আজকে আপনার কিছু করবার নেই। ১৯৬০ সালে ১০ একর জমি নিয়ে সল্ট লেক তৈরি করা হয়েছিল, কিন্তু তারপর বলা হয়েছিল যে, ঐভাবে জলা জমি ভরাট করা ঠিক হয়নি। পূর্ব কলকাতার ধাপা অঞ্চলের ভেড়িগুলিতে যেখানে আগে মৎস্য চাষ হতো সেগুলো এক শ্রেণীর প্রমোটাররা কিনে নিয়ে বাড়ি তৈরি করে মুনাফা লুটবার চেষ্টা করছে, কিন্তু আপনি সেটা আটকাতে পারছেন না। এ-ব্যাপারে এই সরকারের অনেক মন্ত্রী মদত দিচ্ছেন, আবার কোনও কোনও মন্ত্রী গিয়ে সেখানে মিটিং করে বলছেন যে, জলা জমি ভরাট করতে দেওয়া হবে না। আজকে ঝিলমিল

অঞ্চলে ১৫০০ একর জলা জমি ভরাট করে বাড়ি করবেন আবাসন মন্ত্রী। যে কোনও রবিবার সকালে ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাস ধরে চলুন, দেখবেন জমিগুলোতে এখনও জল আছে, কিন্তু সেগুলোকে প্রমোটাররা প্লটে ভাগ করে ফেলে খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে মোটা টাকা লুটছে। কিন্তু আইন প্রয়োগ করবার নামে সরকার যদি সরকারি প্রকল্প তৈরি করবার নাম করে কলকাতা শহরের পরিবেশ দুষিত করেন তাহলে সাধারণ মানুষকে এই প্রবণতা থেকে কি করে রক্ষা করবেন? এই যে আইনটা এসেছে তাতে প্রমোটারদের বিরুদ্ধে কিছু কথা বলা আছে যে, কিভাবে তাদের পানিশমেন্ট দেবেন। কিন্তু একটি জিনিস দেখতে পাচ্ছি, যে মানুষটা একটা বাড়ি করবেন বলে জমি কিনছেন তার জমি আপনারা দখল করে নিচ্ছেন, কিন্তু যারা জমির ব্যবসা করে কোটি কোটি টাকা লুটছে তাদের বিরুদ্ধেও কি আইনটা প্রয়োগ হবে? মন্ত্রী মহাশয় বলেছেন যে, যে জমিগুলি ছয় মাসের বেশি জলের নিচে থাকবে সেগুলোর ক্ষেত্রে আইনটা প্রযোজ্য হবে। তিনি ১৭(বি)তে বলেছেন এটা। কিন্তু ছয় মাস পর জল শুকিয়ে গেলে কি হবে সেটা তিনি বলেননি এবং ওয়াইডার এরিয়া মেনটেনের কোনও প্রভিসন এতে রাখা হয়নি। এগুলো পুনর্খনন করে যাতে সারা বছর জল থাকে তার ব্যবস্থা যদি করতেন তাহলে মন্ত্রীর উদ্দেশ্য সাধু বলে মনে করতে পারতাম। আর একটা জিনিস আমরা দেখেছি যে এই জলাভূমি যেগুলি বোজান হয়, কলকাতা শহরে কর্পোরেশন এবং মফঃস্বলের মিউনিসিপ্যালিটিগুলি, এগুলির মিউটেশন দিয়ে দেয়, কনভার্শান করে দেয় এবং প্ল্যানও স্যাংশন করে দেয়। এগুলি সম্পর্কে ডিপার্টমেন্ট যদি কঠোর ব্যবস্থা নিতে না পারেন তাহলে দরকার হলে একটা টাস্ক ফোর্স করুন। অনেক ক্ষেত্রে দেখা যায় যে বিভিন্ন রাজনৈতিক দলের চাপেও বিভিন্ন পুকুর ভরাট হয়ে যাচ্ছে। যেখানে মাছ চাষ হচ্ছে সেই পুকুরগুলি ভরাট হয়ে যাচ্ছে এবং সরকারি প্রকল্প রূপায়ণের জন্য সেই পুকুরগুলি ভরাট করে নষ্ট করা হচ্ছে বা শিল্প করার জন্য ভরাট করে সেগুলি নষ্ট করা হচ্ছে। আমরা দেখেছি যে কোথাও কোথাও কমিশনারের চাপে বা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের চাপে বা কোনও রাজনৈতিক দলের হস্তক্ষেপের ফলে সেগুলি ভরাট হয়ে যাচ্ছে, এগুলি স্থানীয়ভাবে আটকানো যায়না। তখন এগুলি আটকাবার জন্য রাজ্যসরকার নিজস্ব একটা অর্গানাইজেশন তৈরি করতে পারেন। কিন্তু ডিপার্টমেন্টের কোন লোক করবে? এটা শুধু ফিশারি ডিপার্টমেন্ট তাদের অফিসারদের দিয়ে পারবেন না। কাজেই যদি একটা টাস্ক ফোর্স করেন, যদি একটা অর্গানাইজেশনের মতো করেন তাহলে তারা এগুলি সম্পর্কে খবর পেলে ব্যবস্থা নিতে পারেন। তাছাড়া লোকাল বডি যেগুলি আছে তাদেরও বেশি ক্ষমতা দিতে পারেন যাতে তারা এগুলি সম্পর্কে ব্যবস্থা নিতে পারেন। তাহলে আমার মনে হয় অনেকটা চেক দিতে পারবেন। মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তার সেকসান 17-A (4) - ''The management and control of such water areas including embankment or naturally or artificially depressed land holding may be transferred by the competent authority to any person..........'' এই যে এনি পার্সন যাকে নিচ্ছেন, এটাতে একটা চেক দেবার দরকার আছে। যাকে দেবেন তাকে তো একটা আন্ডারটেকিং দিতে হবে। আপনি কাউকে দিলেন। সে ৬ মাস পরে চুক্তিভঙ্গ করে চলে গেল, কারণ তার উপরে কোনও শর্ত আরোপ করেন নি। কাজেই যাকে আপনি দিচ্ছেন সে যাতে চুক্তি মানতে বাধ্য থাকে সেইরকম কিছু বাইন্ডিং তার উপরে আনতে হবে। আমরা দেখেছি যে একজন কে গোয়েঙ্কা,

সে হলদিয়া প্রকল্প করবেন বলে চুক্তি করলেন। তারপরে ৫ কোটি টাকা খরচ করে চলে গেলেন, তাকে কিছু করা গেলনা। সেইরকম ভাবে আপনি জলাভূমি বা পুকুর কাউকে দিলেন। তারপরে সে কিছুদিন পরে চলে গেল। আপনার আইনে কোনও ব্যবস্থা নেই যে তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করা যায়। সেজন্য মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, সেই বিল ইমপ্লিমেন্ট করতে গেলে যে বাধাগুলি আসবে সেগুলিকে আপনাকে দূর করতে হবে। সাধারণ মানুষের জন্য একদিকে যেমন জলাভূমি ভরাট করে তাদের গ্রহ সমস্যা মেটানোর চেষ্টা করছেন, তেমনি ভাবে সরকারি প্রকল্প রূপায়ণের নামে জলাভূমিগুলিকে দখল করে নেওয়া হচ্ছে। আমি নাম করছি না, আপনার নিজের ডিপার্টমেন্টও নয়, হাউসিং ডিপার্টমেন্টও এইরকম অনেক কাজ করেছে। হাউসিংয়েরও একটা প্রবলেম আছে। সেজন্য কাজেই অন্যান্য যে ডিপার্টমেন্টগুলি আছে সেগুলিকে আপনি কনভিন্স করাতে পারবেন কিনা সেটা দেখুন। সেই ডিপার্টমেন্টগুলি যদি এই কাজ করে তাহলে আটকাতে পারবেন। কাজেই সেটা যদি পারেন তাহলে এই বিলের উদ্দেশ্য সফল হবে, তানাহলে কিছু হবেনা। আপনার বিলে মোটামুটি ভাবে অনেক কিছু আপত্তিকর থাকলেও এতে একটা সৎ উদ্দেশ্য আছে। সেজন্য এটা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী বীরেন ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ইনল্যান্ড ফিশারিজ (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯১-৯২ নামে জনস্বার্থে যে বিল এই সভায় উত্থাপন করেছেন, আমি সেই বিলকে পূর্ণ সমর্থন করছি। কারণ এই বিলের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের রাজ্যের মৎস্য চাষ এবং মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং সঙ্গে সঙ্গে আমাদের রাজ্যের ব্যাপক মৎস্যজীবীদের কর্মসংস্থানের গ্যারান্টি এবং প্রাকৃতিক ভারসাম্যকে রক্ষার উদ্দেশ্যকে সামনে রেখে এই বিল তিনি উত্থাপন করেছেন। স্বাভাবিক ভাবে এই প্রস্তাবিত বিলের মাধ্যমে মৎস্য চাষের জন্য ব্যবহারযোগ্য এইরকম ৫ কাঠা বা তার উর্ধ্বের যে জলাভূমি আছে তাকে ভরাট করা, তার উপরে কিছু নির্মাণ করা বা তাকে সমতল করা, এগুলি নিষিদ্ধ করার জন্য এই বিল এনেছেন। আমরা দেখছি যে আমাদের রাজ্যের বিশেষ করে শহরাঞ্চলে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ি গোষ্ঠী, অর্থলোভি মানুষ প্রোমোটার ইত্যাদি লোকেরা ব্যাপকহারে জলাজমিগুলি ভরাট করে বাড়িঘর, কারখানা ইত্যাদি তৈরি করছে এবং তার ফলে আমাদের রাজ্যের মৎস্য চাষ ব্যাপক ভাবে ব্যাহত হবে। আর এর ফলে আমাদের রাজ্যে মৎস্য চাষ এবং মৎস্যের উৎপাদন ব্যহত হবে। আমাদের রাজ্যে প্রায় দেড় লক্ষাধিক মৎস্যজীবী পরিবার আছে যারা অন্তর্দেশীয় জলাভূমিতে মাছ ধরতে অভ্যস্ত। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনবিরোধী নীতির ফলে সর্বস্তরের মানুষের মধ্যে যখন নিদারুণ অর্থনৈতিক সঙ্কট দেখা দিয়েছে, সেই সময়ে গরিব এই মৎস্যজীবী সম্প্রদায়ের ব্যাপক সংখ্যক মৎস্যজীবী তারা নানা কারণে সমস্যার সম্মুখীন হচ্ছে। নদী, সমুদ্রে মাছ ধরার ক্ষেত্রে যে সমস্যার সম্মুখীন মৎস্যজীবীদের হতে হয় তা থেকে তারা যাতে মুক্ত হতে পারে তারজন্য এই বিল আনা হয়েছে। অন্তর্দেশীয় যে জলাভূমি, নদীনালা, খালবিল এগুলো যদি ব্যাপকভাবে ভরাট করা হয় তাহলে তারা কর্মহীন হয়ে পড়বে। অন্যদিকে মৎস্য চাষের ক্ষেত্রে যে অগ্রগতি আমাদের রাজ্যে ঘটেছে, মাছের উৎপাদন ও মাছের বীজ উৎপাদনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে আমরা

যে উল্লেখযোগ্য স্থানে অবস্থান করছি সেটা ক্ষতিগ্রস্ত হবে। মৎস্যচাষ যদি ক্ষতিগ্রস্ত হয়, মৎস্য উৎপাদনের মধ্যে দিয়ে আমাদের রাজ্যে স্বল্প পরিমাণে হলেও প্রোটিন সরবরাহ করার যে ব্যবস্থা আছে সেটা ব্যহত হবে। তার সাথে সাথে আর্থিক দিক থেকেও ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা রয়েছে। সেদিক থেকে এই বিল উল্লেখযোগ্য পদক্ষেপ। বামফ্রন্ট সরকার এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের নেতৃত্বে মৎস্য চাষের উন্নয়নে এক দিগন্ত খুলে গিয়েছে। বিগত কয়েক বছরে মৎস্য চাষে গ্রামোন্নয়ন'এর ক্ষেত্রে এক নতুন দিগন্ত উন্মোচন করেছেন বামফ্রন্ট সরকার। ভারতবর্ষের মধ্যে পরপর ছয় বছর মৎস্য উৎপাদনে ও মৎস্য বীজ উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম পুরস্কার লাভ করেছে। অগ্রগতির এই অভিযানকে অব্যাহত রাখতে গেলে জলাভূমি নষ্ট করে, জলাভূমিকে বুজিয়ে দেওয়া চলবে না। জলাভূমিকে বুজিয়ে দিয়ে প্রাকৃতিক ভারসাম্যকে নষ্ট করার যে প্রবণতা চারিদিকে দেখা যাচ্ছে, সেই পরিপ্রেক্ষিতে খুব সঠিক এবং সময়োচিত ভাবে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলটি এনেছেন। এটিকে স্বাভাবিক ভাবে আমাদের সকলেরই সমর্থন করা উচিত। এই আইনটিকে কার্যকর করার মধ্যে দিয়ে আমাদের রাজ্যে মৎস্যচাষ ও মৎস্য উৎপাদনে এবং প্রাকৃতির ভারসাম্য বজায় রাখার যে উদ্দেশ্যে এটি আনা হয়েছে তাকে আমরা রক্ষা করতে পারব। সেই কারণে মাননীয় মৎস্যমন্ত্রী পাঁচকাঠা বা তার অধিক জলাভূমি ভরাট ও নিষিদ্ধ করতে চেয়ে যে বিল উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি এই বিলকে নীতিগত ভাবে সমর্থন করছি। ওয়েস্ট বেঙ্গল ইনল্যান্ড ফিশারিজ (অ্যামেন্ডমেন্ট) বিল, '৯২-এর উদ্দেশ্যকে আমরা নীতিগত ভাবে সমর্থন করি। কিন্তু এর সঙ্গে আমার কয়েকটি অ্যামেন্ডমেন্ট আছে। সেই ব্যাপারে পরে বলব। বিলকে আরও শক্ত করার জন্য কি করা দরকার সেটা দেখতে হবে। এই বিলের মধ্যে ৫ কাঠা বা তদুর্ধ্ব কোনও জলাভূমি বা পুকুর বন্ধ করার বিষয়কে রেস্ট্রিকশনের মধ্যে নিয়ে যাওয়ার কথা বলা হয়েছে। এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনসে উনি স্বীকার করেছেন যে জলাভূমি, বিশেষ করে শহর এলাকায় পুকুর বুজিয়ে বাড়ি করা একটা বিপজ্জনক জায়গায় পৌঁছে গিয়েছে। শহর এবং শহরের প্রান্তে এটা ঘটছে। এতে একদিকে যেমন মাছ চাষ নষ্ট হয়ে যাচ্ছে, অন্যদিকে আমাদের যে পরিবেশগত ভারসাম্য যে ইকোলজিক্যাল ব্যালেন্স তা নষ্ট হয়ে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে প্রথমে স্মরণ করিয়ে দিই যে তার ক্ষমতার একটা লিমিটেশন আছে। এটা ঠিকই পুকুর বোজানো, পুকুর ভরাট করা, জলাভূমি ভরাট করার উপর একটা নিয়ন্ত্রণ উনি আনতে চাচ্ছেন তার ডিপার্টমেন্ট থেকে তার উদ্দেশ্য থেকে। কিন্তু এই জলাভূমি ভরাট করার সঙ্গে একটা বড় ব্যাপার জড়িত সেটা হচ্ছে, আর্বান এলাকায় যে অথরিটিগুলি আছে তাদের আলাদা আলাদা আইন আছে, সেখানে কিন্তু উনি যে রেস্ট্রিকশনের কথা বলছেন সেটা নেই। স্যার, আপনি জানেন কলকাতায় ক্যালকাটা টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট আছে, কলকাতায় একটা কর্পোরেশন আছে, আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করব, উনি কি চেক করেছেন কলকাতা কর্পোরেশনের কিছু কিছু ক্ষেত্রে পুকুর ভরাট করা যাবে তার অধিকার বোরো কমিটিগুলিকে দিয়ে আইন করেছেন আন্ডার দি টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট তার সঙ্গে এই বিলে সাজুজ্য আছে কিনা? মাননীয় মন্ত্রী জানেন যে

আজকে সবচেয়ে বড় সমস্যা কোথায়, আজকে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে কলকাতার পূর্ব প্রান্তে যে জলাভূমি আছে তা নিয়ে। স্যার, এটা নিয়ে আমি হাউসে বারবার বলেছি, আজকে কিভাবে মানুষের লোভ, সরকারের সহযোগিতায় কলকাতার ভারসাম্য নষ্ট হতে চলেছে। আমাদের যখন ব্রিটিশ প্রথম শহর তৈরি করেছিল তখন আমাদের পুরো শহরের স্লোপটা রেখেছিল, ঢালটা রেখেছিল পূর্বদিকে। পশ্চিমদিকে গঙ্গা, সেদিক টা উঁচু, খালটা হচ্ছে পূর্বদিকে, কলকাতার জল, কলকাতার সুয়ারেজ গিয়ে পড়ত পূর্ব কলকাতায়। পূর্ব কলকাতায় ছিল সল্ট লেক, একটা বিশাল জলাভূমি। প্রথম ডাঃ রায় পরিকল্পনা করেছিলেন যে জলাভূমি তিনি ভর্তি করবেন, তার দৃষ্টিভঙ্গি কি ছিল, তার দৃষ্টিতে ছিল কলকাতার উপর এত চাপ পড়ছে, চাপ কমাতে আর একটা শহর তৈরি করতে হবে। আর অন্যদিকে গঙ্গায় যে পলি পড়ছে, চাপ কমাতে আর একটা শহর তৈরি করতে হবে। আর অন্যদিকে গঙ্গায় যে পলি পড়ছে, প্রতিদিন ড্রেজিং হচ্ছে, পলিমাটি উঠছে, সেই পলিমাটি সদ্বব্যবহার করতে হবে। ডাক্তার রায় ডাচ এক্সপার্টদের ডেকে সারা রিক্লামেশন অফ ল্যান্ড এর ব্যাপারে অভিজ্ঞ রয়েছে তাদের দিয়ে প্রথম কাজ শুরু করেছিলেন বড় বড় পাইপে আমরা দেখেছি গঙ্গা থেকে পলি যাচ্ছে, সল্ট লেকের লবণ হ্রদ পূর্বদিকে তৈরি হল। '৭২ সাল পর্যন্ত লবণহ্রদের একটা সেফ ছিল, আপনারা কংগ্রেসের অধিবেশন করেছিলেন, কিন্তু আজকে ঐ সল্ট লেকে এবং তার আশপাশের অঞ্চলে প্রমোটার অসাধু ব্যবসায়ি এবং সরকারের দৃষ্টিভঙ্গি পড়েছে। সল্টলেকের পূর্বদিকে ছিল সেক্টর-১, তারপর হল সেক্টর-২, তারপর সেক্টর-৩, এখন সেক্টর-৪, ৫ নিয়ে আবার কল্পনা চলছে। সল্ট লেক ঘেঁষে যে ফিশারি আছে, ক্যাপ্টেন ভেরি নামে বিখ্যাত ফিশারি আছে এবং এই বিস্তীর্ণ ফিশারি নোভাগা গ্রাম থেকে একেবারে বানতলা পর্যন্ত এইগুলি বোজানোর চক্রান্ত চলছে। কেউই বলতে পারেনি এটা কারা করছে, প্রোমোটাররা করছে, আমরা কিছু জানিনা। এখানে সরকারের একটা ডিসপিউট আছে। স্যার, আপনি জানেন হাইকোর্টের জাজ উমেশ ব্যানার্জি যে রায় দিয়েছেন সল্ট লেকে জলাভূমির ব্যাপারে, কনসার্ন ফর ক্যালকাটা মামলা করেছি, এবং সেই মামলায় হাইকোর্টের জাজ রায় দিয়েছেন যে, বোঝাতে হবে কেন পূর্বদিকের জলাভূমি বোজানোর কথা বলা হয়েছে, তার সম্বন্ধে স্টেট গভর্নমেন্টকে কমপ্লিট ল্যান্ড ইউজ প্ল্যান আর্বানের এবং টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট এর ডিটেলস তারা চেয়েছে। কেউ বলেছে ওখানে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করবে, কেউ বলছেন পার্মানেন্ট একজিবিশন গ্রাউন্ড করবেন, কেউ বলছেন ওখানে চিড়িয়াখানা করবেন, সবার দৃষ্টি এখন ঐ কলকাতার ইস্টার্ন ফ্রিঞ্জে, যেখানে জমি সোনার মতো দামি। এই ল্যান্ড নিয়ে, জমি নিয়ে কোটি কোটি টাকার ব্যবসায় ওয়ার্ল্ড ট্রেড সেন্টার হবে, পার্মানেন্ট একজিবিশন্ গ্রাউন্ড হবে, এর সামনে দাঁড়িয়ে মৎস্যমন্ত্রী তার ক্ষুদ্র চেষ্টায় যা করেছেন তাতে উনি কতটা আটকাতে পারবেন কলকাতার ইস্টার্ন ফ্রিঞ্জের ডিগ্রেডেশন। স্যার, মূল যে সমস্যা সেটা হচ্ছে কলকাতার যে বায়োলজিক্যাল সাইড, ইউনিকিউ ইন দি ওয়ার্ল্ড, সুয়ারেজের জলটা যাতে ইস্টার্ন ফ্রিঞ্জে ঐ জলাভূমির পাশে গিয়ে পড়ছে তাতে যে ফিশারি গড়ে উঠেছে, তাতে যে মাছ কলকাতার সুয়ারেজ বড় হয়ে উঠতো, সেই মাছ আবার কলকাতায় আসত, কলকাতার লোকে খেত, আবার সুয়ারেজ চলে যেত সল্ট লেকে। কলকাতার এই যে একটা ন্যাচারাল বায়োলজিক্যাল সাইকেল, সেই ময়লা গিয়ে পড়ত, ইস্টার্ন ফ্রিঞ্জের, সেই ময়লা থেকে সার হতো, তারপর কপি হতো, তারপর সেটা কলকাতায় ফেরত আসত। এই যে ইকোলজিক্যাল

ব্যালান্স এটা আজকে নষ্ট হয়ে গেছে। সল্টলেকের একাধিক জলাজমি বুজিয়ে আজকে যে কাজ করা হচ্ছে, সেখানে সরকার নিরব দর্শক। কোন কোন জায়গায় সরকার এক্ষেত্রে অ্যাবেটর। এই হাউস মাননীয় পৌরমন্ত্রী বুদ্ধদেব বাবুর সঙ্গে আমার অনেক তর্ক-বিতর্ক হয়েছে। এই সম্বন্ধে আগে উনি কিছু বলতেন না, উনি বলতেন যেহেতু এটা সাবজ্যুডিস, সেইহেতু কিছু বলবো না। এটা এখন আর সাব-জ্যুডিস নয়। হাইকোর্ট থেকে রায় বেরিয়ে গেছে এবং এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকার সুপ্রিমকোর্টে কোনও কেস করেননি। ব্যাপারটা এই জায়গায় আটকে গিয়েছে, জলাজমি আজকে খতম হতে চলেছে। সেখানে মাননীয় মন্ত্রী মহাশয় কতটা করতে পারবেন আমি জানিনা। এর আগের অধিবেশনে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলটা এনেছিলেন, সেই বিলে কিছু কিছু ত্রুটি ছিল বলে এই বিলটাকে কিছু পরিবর্তন করে আনা হয়েছে পাঁচ কাঠার উপর জমি যা আপনি ভরাট করা আটকাবেন, সেখানে কাদের জমি, জমির মালিকানা কিরকম হবে, কারা নিতে পারবেন, কারা ভরাট করতে পারবেন তার উপর কোনও রেস্ট্রিকশন ছিল না। সুখের বিষয় এটা ইনকরপোরেট করেছেন। আগের যে বিলটা এসেছিল তার থেকে এটা টাইট কোনও সন্দেহ নেই। এটা ইনকরপোরেট করা দরকার ছিল। কিন্তু কলকাতায় বাড়ির জমির জন্য পুকুর বোজানো চলছে। আপনি জানেন স্যার, যেহেতু কলকাতা কর্পোরেশন এরিয়াকে অ্যাডেড এরিয়া বলা হয়। ১৯৮৫ সালে কলকাতা কর্পোরেশনে যে নতুন অ্যাডেড এরিয়ায় নির্বাচন হল, যাদবপুর, গার্ডেনরীচ, এই অ্যাডেড এলাকায় এই পুকুর বোজানোর সমস্যা খুব বেশি এবং এখানে এখন পুকুর বোজানোর কাজ চলছে। কাগজে দেখেছেন কিছুদিন আগে ঢাকুরিয়ার তেলিপাড়ায় লেনে সাত কাঠার একটা পুকুর বোজানো নিয়ে স্থানীয় লোকেরা দীর্ঘদিন ধরে আন্দোলন করছে, মেমোরান্ডাম দিচ্ছে, তাদের আন্দোলনে পুলিশ পর্যন্ত গেছে। শেষ পর্যন্ত তারা সেটা আটকেছে। কিন্তু কর্পোরেশনের যে আইন আছে তাতে আবার সেই পুকুরটা বোজানো যাবে। এখনো অবধি ফিশারিজ নিয়ে আইন বলবৎ হয়নি। কিন্তু পুকুর বোজানোর যে আইন কর্পোরেশনের আছে, তাতে ১০ কাঠা পর্যন্ত পুকুর তারা বোজাতে পারবে। বোরো কমিটির অথরিটি এই পুকুর বোজাতে পারবে। সেখানে ফিশারিসমন্ত্রী কি করবেন? এই একই সমস্যা বেহালায়। মাননীয় কুমকুম চক্রবর্তীর বিধানসভা কেন্দ্রের স্থানীয় লোকেরা বে-আইনি পুকুর বোঁজানোর ব্যাপারে সেখানে আন্দোলন করেছেন এবং শেষ পর্যন্ত কুমকুম চক্রবর্তীকে নিজে গিয়ে বলতে হয়েছে আমিও পুকুর বোজানোর বিপক্ষে। কলকাতা ফ্রিঞ্জ এলাকার সমস্ত অ্যাডেড এরিয়া এটা ফিশারি ডিপার্টমেন্ট একটা বিল এনে বন্ধ করতে পারবে না। যদি তার সঙ্গে ফুলেস্ট সাপোর্ট আরবান ডেভেলপমেন্ট মিনিস্ট্রির থাকে; যদি না টাউন অ্যান্ড কাউন্ট্রি প্ল্যানিং অ্যাক্ট ঠিকমতো মডিফায়েড হয়, যদি না কলকাতা পৌরসভা এবং অন্যান্য বর্দ্ধিষ্ণু পৌরসভা এই সম্পর্কে সচেতন না হয়। তাহলে এই পুকুর বোজানোর যে সমস্যা সেই সমস্যার সমাধান করা যাবেনা বলেই আমি মনে করি। তা সত্ত্বেও মন্ত্রী তার নিজের ক্ষমতার মধ্যে ফিশারি রাখার জন্য, ইকোলজিক্যাল ব্যালান্স রাখার জন্য যদি দেখি একটা পদক্ষেপ নিয়েছেন তবে আমি তাকে সমর্থন করব। কিন্তু কোন কোন জায়গায় ডিফিকাল্টিস রয়েছে। এখানে বলা হয়েছে, পাঁচ কাঠার বেশি পুকুর কেউ বোজাতে পারবে না। কিন্তু আবার বলা হয়েছে যে যদি দেখা যায় এইরকম কোনও জায়গায় পুকুর বোজানোর চেষ্টা করা হচ্ছে বা ফিশারি ডেস্ট্রয় করার চেষ্টা হচ্ছে তাহলে সরকার সেখানে এই আইনের মাধ্যমে সেই জায়গাটাকে টেকওভার করতে

পারবে। সেই জায়গাটা সরকারের উপর বর্তাবে। ব্যাপারটাকে আরও স্পষ্ট করে বলা উচিত যে পারপাসটা কি? আমি তাই বলছি, ক্লজ টু, ১৭(এ) সেখানে রয়েছে "That it is necessary for any public purpose so to do, he may, by order in writing." এখানে খুব স্পষ্টভাবে বলতে হবে, পাবলিক পারপাসটা কি? পাবলিক পারপাস আমি বলেছি, necessary for promotion of pisciculture, to check destruction of fisheries and to prevent environmental degradation." যে ব্যাপারটা উনি অবজেক্টস অ্যান্ড রিজিনসে বলেছেন যে মূলত তার উদ্দেশ্য হচ্ছে মাছের চাষ যাতে বন্ধ না হয় এবং পরিবেশের ভারসাম্য যাতে নষ্ট না হয় সেটা দেখা, এব্যাপারে আমার বক্তব্য হচ্ছে, একথাটা আরও স্পষ্টভাবে বলতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এই আইনে যে উনি সরকার থেকে কমপিটেন্ট অথরিটি যাকে নিয়োগ করবেন তারা এরকম জমি নিয়ে নিতে পারেন। ৫ কাঠার উপর পুকুর যেখানে সম্ভবনা আছে যে সেটা ভরাট হতে পারে সেখানে তারা নিয়ে নেবেন। এবার সেটা নিয়ে কি করবেন? বলছেন, সেই জমিটাই সরকার আর কোনও লোককে লিজ দিয়ে দিতে পারেন এই বলে যে তোমরা চাষ করো। এই লিজ দেবার ব্যাপারে তার থেকে কি রেন্ট আদায় করা হবে? একজন পুকুরের মালিক তার পুকুর বোজানো হচ্ছে, সরকার তার ম্যানেজমেন্ট নিয়ে নিলেন, নিয়ে তাকে একটা রেন্ট দেবেন, তারপর সেই জমিটা আর একটা রেন্টে আর কারুকে সরকার দিতে পারেন যে তুমি মাছ চাষ করো। এটা কত ভাড়ায় দেবেন? যত ভাড়া মালিককে দিচ্ছেন তার চেয়ে একটু বেশি ভাড়ায় দেবেন। একথাটা কিন্তু বিলে স্পষ্ট করে বলা নেই। ওর ফাইনান্সিয়াল মেমোরান্ডামে উনি বলছেন, 'The State Govt. will realise rent from the person to whom management of water areas will be entrusted for the purpose of pisciculture. "The rent receivable will be at a rate higher than the rent payable by the State Government for taking over of management." Line 42-43. রাজ্য সরকার যত রেন্ট ঐ পুকুরের মালিককে দেবেন তার থেকে বেশি রেন্ট আদায় করবেন। আমার বক্তব্য হচ্ছে, এটা অত্যন্ত পরিষ্কারভাবে বলা দরকার। লাইন ৪২, ৪৩তে তাই বলা দরকার যে at such rate as may be determined by the authority in the manner prescribed. এটা না বলে আমি বলছি যে At a rate higher than the rent payable by the state Government for taking over of management. এই জায়গায় দিতে হবে। তার কারণ, তাহলে সরকার এই আইনে বাধ্য থাকলেন, সরকার নিজে ইচ্ছা করলেও তারা যে রেন্ট দিচ্ছেন তার থেকে শস্তায় কারুকে দিতে পারবেন না। আমি স্যার, এই সরকার ম্যানেজমেন্ট নিয়ে আবার প্রাইভেট পার্টিকে দিয়ে দেবেন এর বিরুদ্ধে। যদি সরকার নন তাহলে একটা বডি করুন। সরকার এরকম পুকুর যেগুলি টেক ওভার করবেন সেগুলি দেখাশুনা করার জন্য সেই বডির হাতে এটা দেওয়া উচিত বলে আমি মনেকরি। কারণ সরকার যখনই একটা লোককে দেবেন তখন সেই দেওয়াটা ঠিখ হচ্ছে, না ভুল হচ্ছে বা দেবার ব্যাপার কোনওরকমে ফেভারেটিজম হচ্ছে কিনা এটা নিয়ে নানান রকমের প্রশ্ন উঠতে পারে। এটা তো কোনও জয়েন্ট সেক্টারের ব্যাপার নয়। সরকার যদি ম্যানেজমেন্ট অধিগ্রহণ করেন তাহলে সেখানে আমার স্পষ্ট বক্তব্য হচ্ছে সরকারের নিজের সেটা রান করানো উচিত। মাননীয় মন্ত্রী মহাশয় হয়ত বলবেন যে আমরা

তো জয়েন্ট সেক্টার করছি ফিশারিস সেক্টারে। আমার তাতে কোনও আপত্তি নেই। তবে আপনারা জয়েন্ট সেক্টার কিভাবে করছেন? আপনারা জমিটা দিচ্ছেন, সরকারের হাতে টাকা নেই, সেখানে প্রাইভেট পার্টিকে বলছেন যে জয়েন্ট সেক্টার হোক, তোমরা থাক, তোমরা চালাও, সরকার তোমাদের পার্টনার হবে। কিভাবে পার্টনার হবে? সরকার যে জমিটা দিচ্ছেন সেই জমির ভ্যালুতে সরকারের ইক্যুইটি আসবে। সরকার সেইটুকু পার্টনার হবে। আমার আপত্তি নেই। অনেক জায়গায় পিসিকালচার শুরু হয়েছে। গত কয়েকদিন আগে সুন্দরবনে এরকম জয়েন্ট সেক্টার ফার্ম দেখতে গিয়েছিলাম। সেখানে কিছু ইয়ং ছেলে সরকার থেকে জমি পেয়ে হেনরি আইল্যান্ড বলে একটা জায়গায় এরকম করেছে, ভালই করেছে। আমি বলছি, এই পুকুর একবার সরকার থেকে নিয়ে নিলেন, নিয়ে আর একটা মালিককে দিয়ে দিলেন—এটা গ্রহণযোগ্য হচ্ছে না। সেইজন্য আপনি যদি নিতে চান তাহলে—লাইন ৩৪/৩৫-এ 'transferred by the competent authority to any public undertaking under the administrative control of the State Government or any statutory body or local authority of any organisation in the public sector. তার মানে আমি চাই না যে এটা নিয়ে আবার একটা ফেবারেটিজম হোক কারণ তা হলে এটা নিয়ে নানান রকমের প্রশ্ন উঠবে। এটা বিরাট বড় কোন টাকার ব্যাপার নয়। আপনি যদি ১০০টা ওয়াটার বডি নিয়ে নেন তাহলে একটা ছোট অর্গানাইজেসন করে দিন। আপনাদের নিজেদের তো ফিশারিস ডেভেলপমেন্ট কর্পোরেশন আছে, সেটা লোকসানে চলছে, তাদের হাতে না হয় দিয়ে দিন। কিন্তু এটা প্রাইভেট পার্টিকে দিলে কি রেন্টে দিলেন, না দিলেন তা নিয়ে নানানরকমের প্রশ্ন উঠবে। এ ব্যাপারটা নতুন করে ওপেন হোক সেটা আমি চাই না।

[4-20 — 4-30 p.m.]

দ্বিতীয়ত আমি এইটুকু আপনার কাছে বলতে চাই যে, আমরা একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। এখানে বলেছেন, সরকার নিয়ে একটা ১০ বছরের জন্য, আর একটা ২৫ বছরের জন্য যে কোনও কাউকে দিয়ে দিতে পারেন। ধরুন আপনারা দিয়ে দিলেন, কিন্তু যে নিলো সে হয়ত ঠিকমতো মাছ চাষ করছে না বা ফিশারি ডেভেলপমেন্ট করছে না, তখন তাকে নোটিশ দিয়ে তার কাছ থেকে নিয়ে নেবেন এবং আর একজন লোককে বা সংস্থাকে দিয়ে দেবেন। এই যে ক্লজটা, এটার কোনও দরকার নেই। এটাই আমরা বলছি। আপনি এমন কাউকে বা এমন কোনও সংস্থাকে দিন যার বা যাদের ইন্টিগ্রিটি সম্বন্ধে সন্দেহ নেই। যাকে দিলে কোনও ঝামেলা হবে না তাকে দিন। তাহলেই আপনার এ ব্যাপারটা অনেক সহজ হবে। আমার মনে হয় তাহলে আপনি এখানে যে সমস্যা হতে পারে বলে মনে করছেন, সেই সমস্যার সমাধান হবে। লাস্টলি আমি বলছি, আপনাদের উদ্দেশ্য যদি পুকুর বোজানো বন্ধ করা হয় তাহলে দি ব্যান স্যুড বি এ ব্ল্যাকেনট ব্যান। কিন্তু এখানে ব্ল্যানকেটস একটা জায়গাতেই থেকে যাচ্ছে। সেটা ১৭(এ)(৯)-এ বললেন, যদি ডেভেলপমেন্টের একটা জায়গাতেই থেকে যাচ্ছে। সেটা ১৭(এ)(৯)-এ বলছেন, যদি ডেভেলপমেন্টের জন্য হয় — For the purpose of implementation of any development except with the prior

approval of the state Government in the Department of Fisheries. তার মানে এটাই বলার চেষ্টা করছেন যে, রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার বা কোনও কর্পোরেশন বা কোনও স্ট্যাট্যুটোরি বডি যদি কোনও জায়গায় কোনও জমি নেয়, কোনওরকম পুকুর বা আর্টিফিসিয়ালি ডিপ্রেসড ল্যান্ড নিতে চায় তাহলে তার পারমিশন থাকবে। আমি বলছি আপনারা যখন ব্ল্যানকেট ব্যান করছেন তখন সবটাই ব্ল্যানকেট ব্যানই করে দিন যে, নেওয়া যাবে না। অন্য অনেক যে জমি আছে, ল্যান্ড আছে তা থেকেই ডেভেলপমেন্ট প্রোজেক্ট করতে হবে, পুকুর যেরকম আছে পুকুরকে সে রকমই রাখতে হবে। তা না করে একটা জায়গায় আপনারা ক্ষমতা নিজের হাতে নিয়ে নিলেন যে, স্টেট গভর্নমেন্ট ইচ্ছে করলেই এ ব্যাপারে ছাড় দিতে পারে সরকারি সংস্থা বা স্বয়ংশাসিত সংস্থার ক্ষেত্রে। এই একটা ক্ষমতা আপনাদের হাতে থেকে যাচ্ছে। আমি মনেকরি যদি আপনাদের উদ্দেশ্যই হয় পুকুর বোজানো আপনারা বন্ধ করবেন তাহলে এই ক্ষমতা আপনাদের নিজেদের হাত থেকে ছেড়ে দেওয়া উচিত। নিজেদের হাত থেকে ক্ষমতা ছেড়ে দিন। তানাহলে এ-রকম ব্ল্যানকেট ব্যান করার দরকার নেই। পুকুরকে মৎস্য চাষ ছাড়া অন্য কোনও পার্পাসে ব্যবহার করা চলতে পারে না। ডোবা ইত্যাদি যে সব আছে, যেসব জায়গায় পাট ভেজানো হয় সেসব এর দ্বারা ক্ষতিগ্রস্ত হচ্ছে না। পাঁচ কাঠার ওপর যেসব পুকুর, সেখানে অনেকটাই জমি আছে সেখানে শুধুই মৎস্য চাষ করতে হবে। খুব বেশি হলে জল খাবার জন্য কেউ পরিষ্কার পুকুর রাখতে পারে এবং তা রাখলেও তা মৎস্য চাযের জন্য ব্যবহার করা যেতে পারে। লাস্টলি এই আইনে মন্ত্রী মহাশয় রেস্ট্রিক্টিভ ক্লজ, পানিশমেন্ট ক্লজ এনেছেন। যদি এই আইন কেউ না মানে, কেউ এই আইনকে উপেক্ষা করে কোনও জায়গায় জলাভূমি ভর্তি করে তাহলে কি হবে তা উনি বলছেন — রেস্টোর করে দিতে হবে। উনি বলেছেন They are to restore, within such period as may be specified in the notice, such water area including embankment or naturally or artificially depressed land holding, as the case may be, to its original condition at his own expense. কেউ যদি পুকুর বোজাবার চেষ্টা করে বা বোজায় তাহলে তার শাস্তি কি? প্রথমে তার আবার নিজের ক্ষমতায় পুকুর করে দিতে হবে, সরকার কোনও কিছু করবে না। তা যদি না করে তাহলে সরকার সেটাকে টেক ওভার করে নেবেন এবং সরকার নিজেই সেটাকে আবার পুকুরে পরিণত করে দেবেন। খুব ভাল কথা। তাও যদি কেউ না শোনে এবং বার বার আইন ভঙ্গ করে তাহলে কি কি পানিশমেন্ট হতে পারে? ২ লক্ষ টাকা জরিমানা হতে পারে কিংবা ২ বছর কারাদন্ড হতে পারে। হ্যাঁ, মাননীয় মন্ত্রী মহাশয় একটা বড় পদক্ষেপ নিচ্ছেন। কারণ এখন শহর এলাকায় জমির যা দাম হয়েছে এবং প্রোমোটরদের যেরকম ঝোঁক দেখা দিয়েছে—কিন্তু আজকে প্রোমোটররা স্বয়ং শাসিত সংস্থাগুলোর ওপর যেরকম প্রভাব বিস্তার করেছে তাতে এই আইনের ফলে ক্লাস শুরু হয়ে যাবে সিভিক অথরিটির সঙ্গে এবং রাজ্য সরকারের অন্যান্য যে দপ্তরগুলো আছে, যারা এই ব্যাপারগুলো দেখে তাদের সঙ্গে। আমি মনেকরি শুধু আইনই নয়, রাজ্য সরকারের একটা পলিসি পেপার রাখা উচিত যে, স্টেট গভর্নমেন্টের ভিউ কি? এই নিয়ে অনেক ডিবেট হয়েছে, মামলা হয়েছে, অনেক আলোচনা হয়েছে। স্টেট গভর্নমেন্টের ভিউ কি অন ওয়াটার বডিস? স্টেট গভর্নমেন্টের ভিউ কি অন রিক্লামেশন অফ পন্ডস? স্টেট গভর্নমেন্টের ভিউ কি অন রিক্লামেশন অফ ওয়েস্ট

ল্যান্ড? ল্যান্ড পলিসি অফ দি গভর্নমেন্ট কি? ল্যান্ড ডিস্ট্রিবিউশনের এবং ল্যান্ড ইউটিলাইজেশনের কি পলিসি? এটা পরিষ্কার করে বলা উচিত। মাননীয় বিনয় চৌধুরি মহাশয় এখানে রয়েছেন। আমি বলছি, গ্রামাঞ্চলের ৫ কাটা পুকুর বোজানো নিয়ে সমস্যা নয়, মূলত শহর এবং আধা-শহর এবং শহরের উপকণ্ঠের এইসব এলাকায় এই আইন সবটা কভার করে। সল্টলেকের আশে-পাশের শহরের উপরেও এই আইন কভার করে না, কারণ সেগুলি পঞ্চায়েতের অধীন। পঞ্চায়েতের অধীন এলাকাতে মাল্টিস্টোরেড বাড়ি তৈরি হচ্ছে। বাগুইহাটিতেও তাই হচ্ছে। কারণ পঞ্চায়েতের অধীন বলে। টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্ট যখন আসবে তখন অসুবিধা হবে। রবীনবাবু তো কত পাওয়ার ফুল বিধায়ক, কিন্তু মন্ত্রী মহাশয় আজকে যে আইন নিয়ে এসেছেন বেসিক্যালি এই আইনের উদ্দেশ্য সম্পর্কে দ্বিমত হব না। যেখানে জলা ভূমি আছে সেখানে মৎস্য চাষের জন্য ব্যবহার করা উচিত। পশ্চিমবাংলার মাছ পশ্চিমবাংলায় উৎপাদন করতে পারছেন না। আপনার ঐ প্রাইজের ঢক্কানিনাদে আসল জিনিস চাপা পড়ে যাচ্ছে। এখন আপনাকে চিল্কা থেকে, উত্তরপ্রদেশের এটোয়া থেকে মাছ আনতে হচ্ছে। উড়িষ্যা থেকে মাছ আনতে হচ্ছে। কারণ বেঙ্গল ইজ এ ফিশ ইটিং স্টেট। উত্তরপ্রদেশে যে মাছ হয়, ওখানকার বেশিরভাগ মানুষই মাছ খায় না, এখন অবশ্য মাছ ধরেছে। পশ্চিমবাংলায় মাছ বাড়াবার দরকার আছে। সরকার ক্ষমতা হাতে নিক পুকুর বোঁজানো চলবে না। পশ্চিমবাংলায় মাছ চাষ স্বয়ংসম্পূর্ণ করতে পারেন কিনা দেখুন।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তা আমি আন্তরিকভাবে সমর্থন করছি এবং আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি যে তিনি সাহসিকতার সঙ্গে সৎ উদ্দেশ্য নিয়ে এই বিল এনেছেন। আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই, তিনি যে অ্যামেন্ডমেন্ট করেছেন — ৩এ, এবং ১৭এ — এটা তিনি না করে চ্যাপটার ৪ করে পরের চ্যাপটার ৫ করতে পারতেন, তেমনি ১৭এ না করে ১৮ করা উচিত ছিল। এটা করে পরের ধারা বদলে দিতে পারতেন। এইসব গুরুত্বপূর্ণ ধারা, সাব-ধারা হওয়ার কথা নয়। যাহোক, তিনি ভাল বুঝেছেন বলেই করেছেন বা তার ডিপার্টমেন্ট করেছেন। আমি বলছি, তিনি যে বিল এনেছেন ভাল বিলই এনেছেন। এতে অনেক ভাল কথা আছে। আমার মনেহয় তিনি কলকাতা এবং আর্বান এলাকার কথা মাথায় রেখেই এই বিল এনেছেন, গ্রামের কথা, গ্রামের মানুষের ক্ষেত্রে এই বিলের মাধ্যমে ভাল হবে বলে আমার মনে হচ্ছে না। কেবল বিল্ডিং বা আদার পারপাসে ব্যবহারের জন্য এই জমি ব্যবহার করা যাবে না। আমি দেখছি, সলিড না করেও মাছ চাষ বন্ধ হয়ে যাচ্ছে। আমি দেখেছি, গ্রামে আগে ফ্লো অফ দি রিভারের জন্য মৎস্যজীবীরা খানা-খন্দর-এ মাছ ধরতো, কিন্তু জমিদাররা যাবার সময় সেইসব খানা-খন্দর বন্দোবস্ত দিয়ে চলে গেছেন। সেইসব জমি চাষের জমিতে পরিণত হয়ে যাচ্ছে। যে খাল দিয়ে জল যায় সেই খাল বাঁধ দিয়ে দেওয়া হচ্ছে। সেটা বন্ধ করার কোনও ব্যবস্থা নেই। এখানে এই অবস্থা হচ্ছে এটাতে রেকর্ডেড জায়গায় লেখা আছে যে খাল সর্ব সাধারণের ব্যবহার্য খাল সেটাকে বন্ধ করে দেওয়া হচ্ছে এই আইনে তার কোনও সুরাহা হবে না। এই কথা আগে বলেছি, উনি কলকাতা এবং সুবার্বের কথা ভাবছেন কিন্তু এর সঙ্গে গ্রামের যে খালগুলি বন্ধ করে দেওয়া হচ্ছে সে কথাটা ভাবা উচিত ছিল। এখন নূতন নূতন ব্যাপারে

পঞ্চায়েত যারা নেয় তারাও বন্ধ করে দিচ্ছে, মাছ চাষের জায়গা কোথাও হচ্ছে না। ইকলজিক্যাল ব্যালেন্স নষ্ট হচ্ছে। এই কথা ভাবা হয়নি, যে কথা উনি বলতে চেয়েছেন এর ইনফ্রাস্ট্রাকচার নেই, নিচের তলায় নেই যে ইনফ্রাস্ট্রাকচার আইনকে ইমপ্লিমেন্ট করবে সেই ইনফ্রাস্ট্রাকচার ফিশারি ডিপার্টমেন্টের নেই। আমরা দেখছি গ্রামের কো-অপারেটিভ নিয়ে নিয়েছে যেমন দেখা যাবে ৫টি কো-অপারেটিভের একজন একজিকিউটিভ অফিসার। সেই ইনফ্রাস্ট্রাকচার এর কাছে নেই এই ইনফ্রাস্ট্রাকচার বাড়াতে হবে। এই আইনটা অত্যন্ত সাহসি আইন। পশ্চিমবঙ্গ ছাড়া ভারতবর্ষের অন্য কোথাও হয়েছে বলে আমার জানা নেই। এই প্রসঙ্গে একটি মাত্র আইন যখন অ্যামেন্ডমেন্ট করতে চাইছেন তখন কি কি অ্যামেন্ডমেন্ট করতে চাইছেন সেটা এই প্রসঙ্গে করলে ভাল হত। এই আইনটা প্রেসিডেন্টস অ্যামেন্ট ফোর্টিনথ সেপ্টেম্বর ১৯৮৪ ফিশারম্যানের ডেফিনেশন যা আছে মূল বইয়ে ফিশারম্যান বলতে Fisherman means who is a caste by profession and in mainly ,engaged in culture or capture of fish. এখানে আমার মনে হয় এই ফিশারম্যান ডেফিনেশনটা একটু বদলানোর প্রয়োজন আছে। কোঅপারেটিভ সোসাইটিতে দেখছি কি ফিশারম্যান কো অপারেটিভ এখানে ফিশারম্যান বাই কাস্ট তা ছাড়া যারা ফিশারম্যান নয় তারা ব্যবসা করে. করার প্রভিসন থাকে ফিশারম্যান হতে পারে। যার কাছে টাকা আছে বেশি পয়সা আছে তারা ফিশারম্যান হয়ে যায়। এটার সম্বন্ধে ভাবনা চিন্তা করা উচিত। এটা চেঞ্জ করা উচিত। পরবর্তীকালে আরও অ্যামেন্ডমেন্ট করতে পারবেন। এগুলি যখন হচ্ছে এইগুলি সংশোধন করা উচিত ছিল। No person shall construct any dam, barrage, band or barrier or any kind what So-ever on aflowing river without making any provisions for fishermen or any such provision in such a manner as may be directed by the competent authority. বোধ করি খুব কঠিন হচ্ছে ফ্লোইং রিভারের যে ডেফিনেশন আমরা করি যে খাল দিয়ে জল চলে যায় বর্ষার সময়ে যা সেটাকে ফ্লোয়িং রিভার বলে। সেই ফ্লোইং রিভারের ডেফিনেশন টা বদলে ... এর ইনক্লুড করা উচিত ছিল। ফ্লোইং রিভার থাকার ফলে অনেক অসুবিধা হয়, এটা আমি আগে বলেছি। পরবর্তীকালে বিবেচনা করে দেখবেন। Chapter 2 Sub-section-5 বলেছেন কেউ যদি পয়জন দিয়ে নষ্ট করে তবে ২ হাজার টাকা জরিমানা হবে। আপনি জানেন না আগে অ্যামেন্ডমেন্ট হয়েছে কিনা এটা ১৯৮৪ সালে ছিল এক কুইন্টাল মাছের দাম ২ হাজার টাকা বর্তমানে গ্রামে একটা প্রবণতা দেখা দিয়েছে যে, কারো সঙ্গে ঝগড়া হলে তার পুকুরের মাছ গিয়ে নষ্ট করে দেওয়া হচ্ছে। কিন্তু এই আইন বলে এক কুইন্টাল মাছ নষ্ট করুক বা ... কুইন্টাল মাছ নষ্ট করুক, ২০০০ টাকার বেশি জরিমানা করা যাবে না। এটা বোধ হয় ঠিক হচ্ছে না। তবে আমি আপনাকে ধন্যবাদ দেব মৎস্য উৎপাদনে পশ্চিমবঙ্গে ... নিয়ে এসেছেন বলে। কিন্তু বর্তমানে মাছের ডিম যেভাবে ধরা হচ্ছে এবং নষ্ট করা হচ্ছে এই বিষয়টা অ্যামেন্ডমেন্টের মধ্যে থাকলে ভাল হত। তবুও আবার এই সাহসি অ্যামেন্ডমেন্ট আনার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী এখানে যে

ওয়েস্ট বেঙ্গল ইনল্যান্ড ফিশারিজ (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৩ যা উত্থাপন করেছেন এটার ব্যাপারে দ্বিমত করবার কিছু নেই। কিন্তু আজকে যেসব জলাভূমিগুলি আছে সেগুলো ভরাট করা হচ্ছে এবং সেখানে ঘরবাড়ি বা অন্য কোনও কনস্ট্রাকশন তৈরি করা হচ্ছে। এই কাজে আজকে অসাধু সব প্রমোটাররা জড়িত। এইদিকে লক্ষ্য রেখে মাননীয় মন্ত্রী এই সংশোধনী উপস্থাপন করেছেন। কিন্তু যেভাবে জনসংখ্যা বাড়ছে এবং শহরাঞ্চলে যেভাবে বাসস্থানের অভাব দেখা দিয়েছে তারই সুযোগ নিয়ে আজকে অসাধু ব্যবসায়িরা জলাভূমি ভরাট করে বিক্রি করার কাজে লিপ্ত হয়েছে। এরফলে একদিকে যেমন প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে, অপর দিকে তেমনি মাছের উৎপাদন ব্যাহত হচ্ছে। এটা বন্ধ করবার জন্য উনি অ্যামেন্ডমেন্টটা এনেছেন। কিন্তু আইনটা করবার পর এর প্রয়োগ যদি যথাযথ না হয় তাহলে এর উদ্দেশ্য যতই মহৎ হোক না কেন, তা কখনও পূরণ হবে না। আমি মন্ত্রী মহাশয়কে বলব, এই আইন প্রয়োগ করবার ক্ষেত্রে যে পরিকাঠামো দরকার সেটা যদি না করতে পারেন তাহলে কখনই আইনটার সুষ্ঠু প্রয়োগ করতে পারবেন না। আমরা জানি সাধারণ মানুষের স্বার্থে অনেক আইন আছে, কিন্তু সেগুলো কাগজে-কলমেই রয়ে গেছে, কারণ সেগুলো প্রয়োগ করবার জন্য যে প্রশাসনিক ব্যবস্থা অবলম্বন করা দরকার সেটা করা হয়নি। এইসব প্রমোটাররা কলকাতার উপকণ্ঠে ক্ষমতাসীন রাজনৈতিক শক্তির মদতে জমি ভরাট করে বিক্রি করে কোটি কোটি টাকা লুটে নিচ্ছে এবং তারজন্য আজকে এই ব্যাপারে সাধারণ মানুষের মনে নানা প্রশ্ন দেখা দিয়েছে। আমরা দেখতে পাচ্ছি, কলকাতার আশপাশ অঞ্চলের জলাভূমিগুলি হস্তান্তর হয়ে যাচ্ছে এবং ধীরে ধীরে সেগুলো ভরাট হয়ে তার উপব ঘরবাড়ি এবং কল-কারখানা করবার চেষ্টা হচ্ছে। আমি এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে শুধু শহরাঞ্চলের জলাভূমিগুলিই নয়, গ্রামাঞ্চলের জলাগুলিও আজকে ব্যক্তিগত অধিকারে চলে যাচ্ছে। এগুলির ক্ষেত্রে আপনি শহরের পাশে, কলকাতার পাশের জলাভূমিগুলির দিকে লক্ষ্য রেখে এই আইন করছেন। কিন্তু গ্রামাঞ্চলে যে জলাভূমি আছে সেগুলিও যাতে বন্ধ করতে না পারেন এবং যারা এই কাজ করবে তাদের ক্ষেত্রে আইন যাতে কঠোর ভাবে প্রয়োগ হয় এবং শাস্তির ব্যবস্থা যেটা করেছেন সেটাকে যদি কার্যে রূপ দিতে পারেন তাহলে এর সফলতা আসবে। আপনার এই আইনের মধ্যে যে উদ্দেশ্য আছে, যে উদ্দেশ্য নিয়ে এটা করতে চাচ্ছেন, একদিকে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা, জলাভূমি রক্ষণাবেক্ষণ, মৎস্য চাষ এবং মৎস্যজীবীদের কর্মসংস্থান ব্যবস্থা, এগুলি করতে চাচ্ছেন। কাজেই এটাকে যদি কার্যকর রূপ দিতে পারেন তাহলেই এর সফলতা আসবে। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বিলে যে সংশোধনের কথা বলা হয়েছে সেটা ছোট হলেও তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের রাজ্যে বিভিন্ন স্থানে পুকুর, ডোবা, ছোট ছোট জলাশয়গুলি ভরাট করা হচ্ছে বিভিন্ন উদ্দেশ্য নিয়ে। এইসব জলাশয়, পুকুর, খানা ইত্যাদি ভরাট হওয়ার ফলে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে আমাদের প্রতিদিনের খাদ্য তালিকায় অত্যন্ত প্রয়োজনীয় যে প্রোটিন ফুড মাছ, তার উৎপাদনে। সামুদ্রিক মাছ, বড় বড় খাল এবং বিলের মাছ ছাড়াও ৫ কাঠা, ১০ কাঠা এইরকম পরিমাণ পঞ্চায়েতের

জলাশয়গুলিতে সারা বছর জল না থাকলেও এইসব জলাশয়ে বহু মাছ জন্মায়। **(এই সময়ে বিরোধী পক্ষ থেকে বলতে থাকেন, উনি দেখে পড়ছেন।)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি দেখে পড়বেন না।

**শ্রী ধীরেন্দ্রনাথ মন্ডল ঃ** তাছাড়া এইসব ছোট জলাশয়গুলি প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার ক্ষেত্রে খুবই সাহায্য করে। বর্ষার জল যেমন এইসব জলাশয়গুলিতে পরিপূর্ণ হয় তেমনি অপ্রয়োজনীয় জায়গায় জল জমে যে ক্ষতি করে সেই ক্ষতির হাত থেকে বাঁচায় এবং পরিবেশ দূষণের হাত থেকেও রক্ষা করে। কাজেই এইসব ছোট ছোট জলাশয়গুলির খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। এইসব বিবেচনা করে ৫ কাঠা বা তার বেশি পরিমাণ জলাশয় ভরাট করার বিরুদ্ধে আইন সংশোধন করার জন্য যে বিল আনা হয়েছে তা অত্যন্ত সঠিক ভাবেই আনা হয়েছে। এগুলি বেশির ভাগ ঘটে পৌর সভার এলাকাগুলিতে। কারণ পৌরসভার জমিতে বেশি দাম সেজন্য সেখানে এগুলি বেশি ঘটে। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে আইনের ফাঁক দিয়ে এই ছোট এবং বড় জলাশয়গুলি ভরাট করার সুযোগ যাতে কেউ না পায় সেটা দেখা দরকার। তাছাড়া অর্থনৈতিক দিক থেকেও এই আইনের গুরুত্ব অত্যন্ত বেশি। সেই কারণে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি ওয়েস্ট বেঙ্গল ইনল্যান্ড ফিশারিজ (অ্যামেন্ডমেন্ট) বিল, '৯২কে সমর্থন করছি। দুটি কারণের জন্য আমি এটিকে সমর্থন করছি। ইকোলজিক্যাল ব্যালান্সের অভাবে আমাদের দেশে যেভাবে পরিবেশ দূষণ হচ্ছে সেজন্য, এবং সামাজিক কারণে এই যে বিলটি উনি এনেছেন এটিকে আমি সমর্থন করছি। আমি সৌগতবাবুর বক্তব্য অনেকক্ষণ মনোযোগ সহকারে শুনেছি। সন্দেহ প্রকাশের কোনও কারণ নেই। এর উদ্দেশ্য মহৎ। ত্রুটি পরে দেখা যাবে, কাজ করতে গিয়ে যদি দেখা দেয় তাহলে তখন তা দেখা যাবে। উনি কর্পোরেশন এরিয়ায় বসবাস করেন, আমিও কলকাতায় বাস করি। কলকাতাকে তো রক্ষা করা দরকার। কলকাতার বিভিন্ন এলাকায় পুকুর যেভাবে রেকলেসলি ভরাট করা হচ্ছে তা যদি ইমিডিয়েটলি বন্ধ করা না হয় তাহলে কালকে যদি কোথাও আগুন লাগে কলকাতা শহরের, শহরাঞ্চল পুড়ে গেলেও জল পাওয়া যাবে না - এইরকম অবস্থায় এসে দাঁড়িয়েছে। ইকোলজিক্যাল ব্যালান্স নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের কাছে এটিই বড় কথা নয়, বন শুধু পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করে না, জলও একইভাবে পরিবেশ দূষণকে রক্ষা করে এটি বৈজ্ঞানিক কারণ। পরিবেশ দূষণকে রক্ষা করার এই বিলটি আনা হয়েছে, আমাদের সকলেরই এটিকে সমর্থন করা উচিত। বিরোধীরা এটিকে সমর্থন করেছেন। মানবিক কারণেই এই বিলটিকে আনা হয়েছে। আমি এই দপ্তরকে ধন্যবাদ জানাই। বিলটির উদ্দেশ্য মহৎ। ত্রুটি যদি কিছু থাকে তা কাজ করার সময়ে দেখা যাবে, দরকার হলে পরে অ্যামেন্ডমেন্ট আনা যাবে। পাঁচ কাঠা জমিতে মাছ চাষ নিশ্চয়ই ভাল, কিন্তু তারজন্য যেটা করা দরকার তা হচ্ছে সেটি যাতে বজায় থাকে তারজন্য এই আইন-কানুন দরকার। ইস্টার্ন বাই পাসে, সৌগতবাবু বলছিলেন, জিওগ্রাফিক্যাল ব্যালান্স আমাদের নষ্ট হয়ে যাচ্ছে। এটিকে রক্ষা করার দায় দায়িত্ব আমাদের সকলেরই। সল্টলেকে, ইস্টার্ন বাইপাসে যেভাবে জলাভূমিকে নষ্ট করা হচ্ছে বাড়িঘর তৈরি করার জন্য, বাড়িঘর তৈরির প্রবণতা গ্রামাঞ্চলেও আছে. তবে সেখানে প্রবণতাটা অনেক কম। গ্রামে জায়গা জমি ভরাট করে

বাড়িঘর করে, পঞ্চায়েত এরিয়ায় বাড়িঘর করার প্রবণতা হঠাৎ করে কেউ করে না, সেখানে মানুষ কেবল নিজের প্রয়োজনে এটা করে। ইস্টার্ন বাইপাসে জলাভূমি বন্ধ করার একটা প্রবণতা দেখা দিয়েছে, যেগুলো মাছের ভেড়ি কতকগুলো হস্তান্তরিত হয়েছে ভরাট করার চেষ্টা চলছে। সেজন্য আমাদের সকলেরই এটা ভেবে দেখা দরকার। এই বিলটি কেন এসেছে তা আমরা বুঝতে পারি, এই বিলটি সবদিক দিয়ে মানবিক কারণে আনা হয়েছে। আমাদের এটিকে সমর্থন করা দরকার। এই বিল পাস হওয়ার ফলে আগামীদিনে পাঁচকাঠা বা তদুর্ধ্ব পুকুরগুলি বন্ধ করার প্রবণতা বন্ধ হবে। মাছ চাষের প্রবণতা যেটা কমে গিয়েছিল তা আবার বাড়বে। পুকুর বন্ধ করে বাড়ি তৈরি করার ফলে পরিবেশকে সাংঘাতিক ভাবে দূষিত করে তোলা হচ্ছিল, সেটা বন্ধ হবে। শহরাঞ্চলে বন নেই, এখানে জলাভূমি পরিবেশকে রক্ষা করবে। ভিক্টোরিয়ার মেমোরিয়াল হলের পাশে যদি কেউ বেড়িয়ে আসেন, লেকের পাশে একটু বেড়িয়ে আসেন তাহলে তিনি দূষণ মুক্ত হয়ে বেড়াতে পারবেন। কিন্তু শহরের মধ্যে ঢুকে গেলে দেখবেন দমটা বন্ধ হয়ে আসবে। ইকোলজিক্যাল ব্যালান্সকে রক্ষা করার জন্য সকলের স্বার্থে এটিকে সমর্থন করা দরকার। মানবিক কারণে এবং সামাজিক কারণে এই বিলটিকে আমি সমর্থন করি। আগামীদিনে যদি কিছু ত্রুটি বিচ্যুতি দেখা দেয় তাহলে আমরা তখন অ্যামেন্ডমেন্ট করার সুযোগ পাব। আপাতত সর্বনাশের হাত থেকে রক্ষা করার জন্য, সামাজিক বিপদকে রক্ষা করার জন্য, ইকোলজিক্যাল ব্যালান্সকে রক্ষা করার জন্য এবং পরিবেশকে রক্ষা করার জন্য এই যে বিলটি আনা হয়েছে, এটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আর্ন্তদেশীয় মৎস্য চাষ আইনে তার সংশোধনী এই বিলটা যা বিধানসভায় পেশ করা হয়েছে এটার ব্যাপারে আমি অত্যন্ত আনন্দিত যে মাননীয় বিরোধী দলের সদস্যরা এটাকে সমর্থন করেছেন। এই বিলটা আনার আগে আমরা অনেক আলোচনা করেছি, সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আলোচনা করেছি, মাননীয় পৌরমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের সঙ্গে কথা বলেছি এবং তিনি এই বিলটায় পরিপূর্ণভাবে সম্মতি দিয়েছেন যে কথা বার বার করে বলা হয়েছে। আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের সঙ্গে এই বিলটা নিয়ে সংঘাত দেখা দিতে পারে বিরোধী দলের সদস্যরা এটা বারবার বলার চেষ্টা করেছেন, তাদেরকে আমি বলি আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট এই বিলটায় তারা পুরোপুরি অনুমোদন দিয়েছেন। এই বিলটা আনার উদ্দেশ্য হচ্ছে আমরা চাইনা পশ্চিমবাংলায় জলাশয়গুলিকে নষ্ট করতে। এই আইনটা শুধুমাত্র কলকাতা শহরের জন্য নয়, শুধুমাত্র পৌর এলাকার জন্য নয়, এই আইনটা সারা পশ্চিমবাংলার জন্য। জলাশয়কে রক্ষা করার জন্য এই ধরনের বিল ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্যে প্রথম করল। ইনল্যান্ড ফিশারি অ্যাক্টে, ১৯৮৪ সালে এই বিধানসভায় আমরা যখন পাস করেছিলাম তারপর আজকে কেন্দ্রীয় সরকার তারা বলেছেন এই ধরনের আইন ভারতবর্ষের অন্যান্য প্রদেশগুলিতে হওয়া দরকার। আজকে আমরা যে সংশোধনী বিলটা এখানে আনলাম এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সঙ্গে আমরা আলোচনা করেছি, এই ধরনের বিল এই আইনসভায় এই প্রথম উপস্থাপিত হচ্ছে। অনেকে বলেছেন ফিশারি ডিপার্টমেন্টের যে ইনফ্রাস্ট্রাকচার আছে তাতে করে সারা পশ্চিমবাংলায়

এই ধরনের বিল কার্যকর হলে কিরকমভাবে কার্যকর করবে এটা শুধুমাত্র ফিশারি ডিপার্টমেন্টের নয়, এটা রাজ্য সরকারের আইন। এর কমপিটেন্ট অথরিটি শুধুমাত্র ফিশারি ডিপার্টমেন্ট নয়, কমপিটেন্ট অথরিটি হবে পঞ্চায়েত, পৌরসভা, ক্যালকাটা কর্পোরেশন যেখানে যেখানে যাদেরকে মনে করা হবে কমপিটেন্ট অথরিটি তাদেরকে সেখানে এটা কার্যকর করার জন্য অথরিটি দেওয়া হবে। যাদের সহযোগিতা নিয়ে আমরা এই আইনটাকে কার্যকর করতে পারব তারাই হবে সেখানে সেখানে কমপিটেন্ট অথরিটি। মাননীয় সদস্য সৌগতবাবু বলেছেন একটি পয়েন্ট ব্ল্যাঙ্ক আছে, এখানে লেখা উচিত জলাশয়কে অন্য কাজে লাগানো যাবে না, রেস্ট্রিকশনের জন্য, এখানে আইনটাকে রক্ষা করা হয়েছে সমস্ত দিক দিয়ে চিন্তা করেই এটা করা হয়েছে, যে উদ্দেশ্য নিয়ে আইন সেটা পুরোপুরি সফল হবে। আজকে আইনে কিছুটা ফ্লেকসিব্লিটি থাকবে, কোনও প্রকল্প গড়ে তুলতে গেলে, কোনও একটা জায়গায় জলাশয় প্রয়োজন হয়েছে, আমি যদি বলি এখানে কোনও ফ্লেকসিব্লিটি থাকবে না তাহলে প্রকল্প গড়ে উঠবে না। এই আইনের উদ্দেশ্য হচ্ছে প্রথমত জলাশয়গুলিকে অন্য কাজে ব্যবহার করা যাবে না, যত্রতত্র যেখানে খুশি ব্যবহার করা যাবে না, তাই বলে কোনও প্রকল্প যদি সেইরকম আসে, একটা আইনের জন্য সেটা আটকে যাবে, এইরকম কোনও রুল আইনের মধ্যে থাকা উচিত নয় বলে আমি মনেকরি, সেই উদ্দেশ্য নিয়েই এই আইনটা তৈরি করা হয়েছে। এখানে কলকাতা কর্পোরেশনের কথা বলা হয়েছে। আমাদের হাতে এমন কোনও আইন নেই, পশ্চিমবাংলায় এমন কোনও আইন নেই, যার সাহায্যে আমরা এই সমস্ত জলাশয়গুলিকে অন্য কাজে ব্যবহার করা রোধ করতে পারি। আমাদের রাজ্যে এই ধরনের কোনও আইন ছিল না। যে কারণেই আমাদের খুব অসুবিধা হচ্ছিল। এই ধরনের কাজে যারা লিপ্ত আছে তাদেরকে আমরা ঠেকাতে পারছিলাম না। এই ধরনের আইন আমরা বিধানসভায় আনছি, এই সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হওয়ার পর থেকে কিন্তু বিভিন্ন এলাকার মানুষ এই জলাশয়গুলি বন্ধ করে দেওয়া রোধ করছে। বেহালায় এইরকম একটা ঘটনা ঘটেছিল, ওখানে একটা বিশাল জলাশয় বন্ধ করে দেওয়ার চেষ্টা হয়েছিল এবং সেখানকার কাউন্সিলার, সেখানকার স্থানীয় মানুষের চেষ্টায় এই জলাশয় বোজানো রোধ করা যায় এবং তারা আমাদের কাছেও আসেন যাতে জলাশয় বোজানোটাকে বন্ধ করা যায়। কিন্তু আমাদের যে প্রচলিত আইন আছে তাতে জলাশয় বন্ধটাকে রোধ করা যায় না। কলকাতা হাইকোর্টের কথা আপনারা বলছেন, হাইকোর্ট যে রায় দিয়েছে তাতে আমাদের সদিচ্ছা থাকলেও সেই প্রচলিত আইনটাকে আমরা কাজে লাগাতে পারছি না। আমাদের যে একজিসটিং ল' আছে, ইনল্যান্ড ফিশারিস অ্যাক্ট, তাতে আমাদের অধিগ্রহণ করার যে ক্ষমতা আছে, আমরা সেই আইনের মাধ্যমেই জলাশয়টাকে অধিগ্রহণ করতে গেলাম। কিন্তু অধিগ্রহণ করার পর দেখতে পেলাম হাইকোর্ট থেকে ইনজাংশন জারি করা হল, বলা হল আমরা অধিগ্রহণ করতে পারব না। যারা জলাশয়টাকে বন্ধ করে দিয়ে বাসযোগ্য করে তুলতে চেয়েছিল তাদের ফেভারেই ইনজাংশন দেওয়া হল। আমরা নিজেরা ওখানে যখন অ্যাক্ট জারি করলাম তখন হাইকোর্ট থেকে ইনজাংশন জারি করা হল। আইনটা কার্যকর করতে গেলে বাধা অনেক জায়গা থেকে আসে, বাধা অনেক জায়গা থেকে আসবে। কিন্তু এই সমস্ত ক্ষেত্রে যারা অসুবিধা সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে জনমত সৃষ্টি করতে হবে। আইন তৈরি হলেই এই ধরনের প্রচেষ্টা বন্ধ করা যাবে না। কাউন্সিলার, এম.এল.এ সবাইকে সচেতন হতে হবে। আমার কাছে এই ব্যাপারে প্রত্যেকদিন অনেক

দরখাস্ত আসে, আমাদের দেখতে হবে আর অন্য কোনও জায়গায় এই ওয়াটার রিসোর্স তারা যেন বন্ধ করতে না পারে। আইনের ফাঁক দিয়ে যাতে কেউ বেরিয়ে না যায় সেটা আমাদের দেখতে হবে। তবে সরকারি তরফ থেকে কোনও ভালো কাজ করার জন্য যদি কোনও উদযোগ গ্রহণ করা হয় তাহলে সেখানে আমরা রিলাক্সেসেসন দেব। এই প্রভিসন আমরা আইনের মধ্যে রেখেছি। তবে ইনল্যান্ড ফিশারিস অ্যাক্টে আমরা পয়েন্ট ব্ল্যাঙ্ক রাখিনি। যে সমস্ত জলাশয়গুলি পড়ে থাকবে সেখানে মৎস্য চাষের একটা প্রচেষ্টা আমরা করছি। আমরা সমবায় সমিতি তৈরি করছি মৎস্য চাষ সম্বন্ধে। এই জলাশয়ে মৎস্য চাষের জন্য কারা দেবে টাকাটা? সেইজন্য আমরা সমবায় সমিতি তৈরি করছি, এই প্রচলিত আইনের মধ্যে সেই ব্যবস্থা আছে। কয়েকজন যুবক ফিশারম্যানকে নিয়ে গ্রুপ তৈরি করে তারা মৎস্য চাষ করবে, যদি সম্ভব না হয়, তাহলে কো-অপারেটিভ সোসাইটি করে মৎস্য চাষ হবে, তাও যদি সম্ভব না হয় তাহলে ফিশ প্রোডাকশন তৈরি করে তারা মৎস্য চাষ করতে পারবে, এই অধিকার তাদের দেওয়া আছে। এই সমস্ত অর্গানাইজেশন যেগুলো আছে তাদের সেখানে আমরা সাহায্য করব। যেখানে দেখব স্ট্যাটার্ড ওয়েতে তারা আছে, কো-অপারেটিভ করা যাচ্ছে না, কর্পোরেশন দেওয়া যাচ্ছে না সেখানে ইনডিভিজুয়ালি দেওয়া হবে। কোনও একজন ব্যক্তির হাতে তুলে দেওয়াটা আমাদের উদ্দেশ্য নয়। সমস্ত ব্যাপারটা আমরা যখন রুলস ফ্রেম করব তখন রাখব, এই ব্যাপারগুলো বিলের মধ্যে রাখা যায়না। এই ধরনের ভেস্টেড ওয়াটার কারা পাবে, সেটা মূল অ্যাক্টের মধ্যে বলে দেওয়া হয়েছে।

[5-00 — 5-10 p.m.]

অতএব আমাদের উদ্দেশ্য হচ্ছে যে, জলাশয়গুলিকে আমরা যাতে পুরোপুরি কাজে লাগাতে পারি। সেই কাজে লাগানোর উদ্দেশ্য নিয়েই এই আইন এসেছে। অনেকে বলেছেন যে একা মৎস্য দপ্তর এটা কি করে চালাবে? এটা শুধু মৎস্য দপ্তরের ব্যাপার নয়, এটা রাজ্য সরকারের ব্যাপার। আপনারা বললেন যে রাজ্য সরকারের এ ব্যাপারে একটা সুস্পষ্ট নীতি থাকা উচিত। আমাদের সেই সুস্পষ্ট নীতি হয় আপনাদের চোখে পড়ে নি অথবা চোখে পড়লেও সেটা আপনাদের মনে নেই। আমি, পৌরমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী বসে ঘোষণা করেছি যে জলাশয়গুলিকে আমরা পুরোপুরি উৎপাদনমুখি করে গড়ে তুলব, অন্য পারপাসে পারতপক্ষে একে ব্যবহার করব না। এগুলিতে যাতে ঠিকমতন পিসিকালচার হয় তা দেখা হবে। যেখানে পিসিকালচার ঠিকমতন হচ্ছে না, নানান রকমের লিটিগেশন আছে সেখানে আমরা প্রায়রিটি দেব কো-অপারেটিভ সেক্টারকে। কাজেই জলাশয় সম্বন্ধে সরকারের সুস্পষ্ট নীতি আছে। সেই নীতি আমরা আগেই ঘোষণা করেছি।

**(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ— হাউসে দেন নি।)**

হাউসে তো সব সময় ঘোষণা করা হয়না। তা ছাড়া সেই সময় হাউসও ছিল না। আপনারা যদি চান আমরা সেটা হাউসে সার্কুলেট করে দেব। তা ছাড়া আমাদের যখন ফিশারিসের বাজেট আসবে সেই সময় তা নিয়ে বিস্তারিতভাবে আলোচনা হবে। যাইহোক, পরিশেষে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, জলাশয়গুলিকে রক্ষা করার জন্য আমরা এই বিল এনেছি। আমাদের উদ্দেশ্য হচ্ছে, জলাশয়গুলিকে রক্ষা করার সাথে সাথে কি করে এগুলিকে উৎপাদনমুখি

করে গড়ে তোলা যায়। আমি আশা করি এ ব্যাপারে সকলের সহযোগিতা আমি পাব। এই প্রসঙ্গে আবার একটা কথা আপনাদের স্মরণ করিয়ে দিই যে যদি কোনও সরকারি প্রকল্প আসে বা বড় ধরনের উদ্যোগ আসে তাহলে সে ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে সেসব ক্ষেত্রে এই আইন বাধাস্বরূপ হয়ে দাঁড়াবে না। এই কথা বলে, এই বিল সকলে সমর্থন করবেন এই আশা নিয়ে এবং আপনাদের সকলকে আবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

## 33rd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 33rd Report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following.

| | | | |
|---|---|---|---|
| Friday, 12.3.93: | | | |
| Forenoon Session : | (i) | Motion under Rule 185 regarding Introduction of Family Court in the State.—Notice given by Smt.Kumkum Chakraborty and others .. | 1 hour. |
| | (ii) | Motion under Rule 185 regarding apprehension of unfair and alarm ing violence if counting of Panchayat Vote is allowed in the booths at dead hours of night.—Notice given by Shri Subrata Mukherjee and others .. | 1 hour. |
| Afternoon Session : | | The West Bengal Commission for Backward Classes Bill, 1993 (Introduction, Consideration and Passing) .. | 2 hours. |
| Tuesday, 16.3.93 : | (i) | The Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets) Bill, 1993 (Introduction, Consideration and Passing) .. | |
| | (ii) | The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992 (Introduction, Consideration and Passing).. | 2 hours. |
| Wednesday, 17.3.93: | (i) | The North Bengal University (Amendment) Bill, 1992 (Introduction, Consideration and Passing).. | 2 hours. |

(ii) The West Bengal College Service Commission (Amendment) Bill, 1992 (Introduction, Consideration and Passing) ..

There will be no question, mention and calling attention on 12th March, 1993.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে কথা, বি.এ. কমিটির মিটিং-এ বলেছিলাম এখন যেহেতু সেটা হাউসে এনেছেন সেইজন্য সেই কথাটা হাউসের মধ্যে বলার দরকার আছে বলে মনেকরি এবং তাই বলছি। The West Bengal Commision for Backward Classes Bill, 1993 এটা ১৫ই মার্চ শেষ হয়ে যাবে সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী। সুপ্রিম কোর্ট বহু আগেই এটা সরকারকে জানিয়েছিলেন এবং যথেষ্ট পরিমাণে সময় ও সুযোগ দিয়েছিলেন। আজকে এমন সময় এই বিলটা নিয়ে আসা হচ্ছে যাতে সমস্তরকম রীতি-নীতি, আইন লঙ্ঘন করা হচ্ছে। এ ক্ষেত্রে ন্যূনতম তিনদিন সময় পর্যন্ত দেওয়া হচ্ছে না মাঝখানে শনিবার, রবিবার থাকার জন্য। এমন কি সব বিলে ফিনান্সিয়াল মেমোরান্ডাম থাকে, এখানে সেটাও সংযুক্ত হয়নি। কোন বিল বে-আইনি হলে তা সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করা যায় তা আপনি জানেন। সুতরাং বে-আইনি বিল এনে নজির স্থাপন না করে সরকার ১০ দিন সময় নিন, সুপ্রিম কোর্টের কাছে পাঠিয়ে দিন। ওদের উকিল ওখানে আছেন, তারা হয়ত সুপ্রিম কোর্টের কাছে একটু বকুনি খাবেন, তবুও সময় পাবেন। সময় চেয়ে নিন। তানাহলে এটা যদি এখন জোর করে চাপিয়ে দেওয়া হয় তাহলে শুধু নজিরই খারাপ হবে না, বে-আইনি, সংবিধান বিরোধী বিল পাস হয়ে যাবে। এরপর আবার তিনদিন সময় পাবেন, যদিও মাঝে শনিবার এবং রবিবার পড়ে যাচ্ছে। স্বভাবতই আমি মনেকরি এটা এইভাবে জোর করে না এনে সুপ্রিম কোর্টে পাঠিয়ে দিন, আপনাদের উকিলরা কালকেই সময় নিয়ে নিক। ফ্যাক্স-এ আজই সমস্ত কিছু পাঠিয়ে দিন। নিশ্চয়ই টাইম পাওয়া যাবে এবং তারপর একটু ভাবনা চিন্তা করে ভাল করে বিলটা পাস করানো যাবে। এটাই আমি অনুরোধ করছি। এটা শুধু বিরোধী দলের বক্তব্য নয়, এটা সমগ্র হাউসেরই বক্তব্য হওয়া উচিত। তার কারণ বে-আইনি বিল পরে বিপদ সৃষ্টি করবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাস্তবিকই আগামী-কাল বিলটা আনতে চেয়ে নজির সৃষ্টি করা হচ্ছে। আমি অবশ্য এরজন্য একটা অচল অবস্থার সৃষ্টি হোক তা চাই না। কিন্তু সরকার পক্ষ, ট্রেজারি বেঞ্চকে একটু অ্যাডমোনিশ করা উচিত। এরকম একটা ক্যালাসনেস যেটা দীর্ঘদিন আগে সুপ্রিম কোর্ট বলে দিয়েছে, সেটা তাদের নজরে ছিল না! অন্তত তিনদিন আগেও এটা সার্কুলেট করা হলনা! এইরকম একটা পরিস্থিতির সৃষ্টি হল! এই ক্যালাসনেস অফ অ্যাডমিনিস্ট্রেশনকে আমি অ্যাডমোনিশ করার জন্য বলছি।

**Shri Gyan Singh Sohanpal :** Sir, in addition to what has been said by Hon'ble Member Shri Subrata Mukherjee and Shri Deba Prasad Sarkar, I have another submission to make. Sir, the introduction, consideration and passing of the Bill is an official business as it is a Gov-

ernment business. If you take it up, naturally we will expect that Questions-Answers, Mention Cases and other things will also be taken on that Session.

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সদস্যবৃন্দ একটি বিল সম্বন্ধে যে বক্তব্য উত্থাপন করেছেন তাতে একটা কথা ঠিকই যে কিছুটা তাড়াহুড়া করে বিলটা আনা হচ্ছে। একটু অসুবিধার জন্যই এটা হচ্ছে। তবে মাননীয় সদস্য জ্ঞানসিং সোহনপাল যে কথা বললেন সে প্রসঙ্গে আমি বলি যে, আপনি আগেই ঘোষণা করেছেন — আগামীকাল বিধান সভার দুটো পৃথক সেসন বসবে। প্রথমে নন-অফিসিয়াল মোশন-এরজন্য এটা সেসান এবং পরে ঐ বিলটি পাস করাবার জন্য একটা বিশেষ সেসন বসানো হবে। ইতিপূর্বে এখানে এরকম হয়েছে। এ নজির আছে। আপনি অনুমতি দিলে স্পেশাল সেসন বসানো যেতে পারে। একটু অসুবিধার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। আমি বিরোধী দলের মাননীয় সদস্যদের অনুরোধ করব এই পরিস্থিতিতে আগামীকাল তারা বিলটিকে আলোচনার জন্য গ্রহণ করবেন এবং পাস করবেন।

[5-10 — 5-20 p.m.]

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** After hearing Hon'ble Members Mr. Subrata Mukherjee, Mr. Deba Prasad Sarkar, Mr. Gyan Singh Sohanpal and Minister in Charge of Parliamentary Affairs Department, Mr. Prabodh Chandra Sinha, there is no doubt that there is some haste in bringing this Bill before this House. I do not know whether there is any undue delay on behalf of the Government or not. Another fact is that there is a time factor involved in this matter, i.e., by the 15th March, this Bill is to be passed by the Assembly. Hon'ble Chief Minister telephoned me and told me about certain difficulties. He also told me that he had received the opinion of the Advocate General on this matter. This Bill is to be passed by the Assembly for setting up of a Commission which cannot be done by Government Notification only. It is true that the Government does not intend to violate any direction of the Supreme Court. The Government wants to honour every decision of the Supreme Court. I feel that the Legislators here should pass the Bill which relates to the backward classes within the time. You all know that certain recommendations made by the Mandal Commission for the upliftment of Scheduled Castes, Scheduled Tribes and other backward classes, the Government had to scrutinise the recommendations. Then certain difficulties arose and the matter was referred to the Supreme Court — there are many things — all jumbled up. The Supreme Court directed the Government for setting up of a Commission for determining the factor as to who belongs to backward class and who does not belong. This has to be done by all the State Government of India. It has been

mentioned in the direction of the Supreme Court. The date has also been fixed by the Supreme Court. As per direction of the Supreme Court, it is incumbent that within certain time frame every state has to do it. Our state will also have to do it within that time. It is not incumbent on our state only, it is incumbent on all the states of India. I have spoken to Mr. Gyan Singh Sohanpal, Mr. Subrata Mukherjee, Mr. Deba Prasad Sarkar. I fully appreciate their view that reasonable and sufficient time should be given to them so that they can come prepare for debate. I entirely agree with you that this should be done. But when exigent situation demands then what can be done ? We have to pass this Bill with a short notice. It had also happened in this Assembly in the past when in a short notice a Bill had been taken into consideration. We have got such examples. So, I would request you all to do it in the best interest of our state, in the interest of the people belonging to the backward classes and also for giving proper honour to the directives of the Supreme Court. It is necessary for setting up of a Commission to determine who belong to the backward classes. But I would ask the Government to explain its position — why there is unreasonable delay ? The Government should explain the conduct. There should not be any unreasonable delay. As regards tomorrow's business I would say that in the Non-official day we do not do government business. It is our past precedent that we do not do it. But in this Assembly also we got more than one session in one day — We broke the sessions in two parts — one Non-official session and the other official session. Mr. Gyan Singh Sohanpal has pointed out that in the official session — Questions, Mentions etc. will also have to be taken up. We do not have questions in the non-official day. To drop the questions in the official session of tomorrow, I think, that is up to my discreation. I can do it. But I will do it on the consensus of the House. In the morning session of tomorrow, we will take up non-official business and in the special evening session we will take up this Bill. We will have a special session to-morrow only for this bill of having unusual importance. So, Hon'ble Members, we are having a special session tomorrow, to give it the importance it deserves. I think, all Members will agree to this.

(Shri Subrata Mukherjee rose to speak)

I have declared it as a special session. The second session would be a special session only for this Bill. I assure you that I would ask the Government to explain whether there is any laches on the part of the Government or not. I would ask the Government to explain its conduct, to explain why there is delay in bringing this Bill.

Now, I would request the Parliamentary Affaris Minister to move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the 33rd Report of the Business Advisory Committee, as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

## LEGISLATION

The motion of Shri Abdul Mannan that the Bill be circulated for the purpose of eliciting public opinion thereon by the 31st December, 1993 was then put and lost.

The motion of Shri Kiranmoy Nanda that the West Bengal Inland Fishing (Amendment) Bill, 1992, be taken upto consideration —was then put and agreed to.

### Clause - 1

[5-15 — 5-24 p.m.]

**Mr. Speaker :** There is an amendment to Clause of Shri Lakshmi Kanta Dey. The amendment is in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 1, in sub-clause (1), for the figures "1992", the figures "1993" be substituted.

**Shri Kiranmoy Nanda :** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment No.1) was then put and agreed to.

The question that Clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clause - 2

**Mr. Speaker :** There are amendment to clause 2 of Shri Abdul Mannan (Amendment Nos. 5, 6. 7), Shri Saugata Roy (Amendment Nos.9 to 15) and Shri Lakshmi Kanta Dey (Amendment No.16). The amendments are in order. I now request them to move their amendments.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move

5 that in clause 2 in proposed Chapter III (A in proposed Section 17A(1) (b), in line 5 after the words "any other purpose."

the words "without showing satisfactory ground to the competent authority." be inserted.

6 that in clause 2 in proposed Chapter IIIA in proposed Section 17A(2), in line 11, after the words "as the case may be."

the words "and shall serve a public notice in this connection at a suitable public place." be inserted.

7 that in clause 2 in proposed Chapter IIIA in proposed Section 17A(4), in line 3, after the words "to any person"

the words "who will give an undertaking publicly to continue the Fishery" be inserted.

**Shri Saugata Roy** : Sir, I beg to move

9 that in Clause 2 in proposed Chapter IIIA, in proposed Section 17A, in lines 23-24 for the words "necessary for any public purpose", the words "necessary for the purpose of promotion of pisciculture, checking of destruction of fisheries and prevention of environmental degradation" be substituted.

10 that in Clause 2, in proposed Chapter III, in proposed Section 17A, in line 24 after the words "by order in writing" the words "after giving prior notice to persons likely to be affected and giving them a reasonable opportunity to place their views" be inserted.

11 that in Clause 2, in proposed Chapter IIIA, in proposed Section 17A, in lines 34 - 35 for the words "transferred by the competent authority to any person" the words "transferred by the competent authority to any public undertaking under the administrative control of the State Government or any statutory body or local authority or any organisation in the public sector" be substituted.

12 that in Clause 2, in proposed Chapter IIIA, in proposed Section 17A, in lines 42 - 43 for the words "as such rate as may be determined by the authority in the manner prescribed" the words "at a rate higher than the rent payable by the State Government for taking over of management" be substituted.

13 that in Clause 2, in proposed Chapter IIIA, in proposed Section 17A, in lines 46 - 47 the words "or transferred to any person under sub section (4) for a period not exceeding 10 years at a time" be omitted.

14 that in Clause 2, in proposed Chapter IIIA, in proposed Section 17A, in lines 55 - 56 the words "or transferred to some other person for pisciculture" be omitted.

15 that in Clause 2, in proposed Chapter IIIA, in proposed Section 17A, in lines 69 - 70 the words "except with the prior approval of the State Government in the Department of Fisheries" be omitted.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 2, in the proposed Chapter IIIA, in the proposed section 17A,—

(1) in sub-section (1),—

(a) in clause (a), after the words "or artificially depressed land holding", the words and figures "measuring 5 cottahs or 0.035 hectare or more" be inserted;

(b) in clause (b),—

(i) the words, "which is suitable for being utilized in accordance with the prevailing norms of pisciculture," be omitted;

(ii) for the words "any other purpose.", the words "any other purpose, or" be substituted;

(c) after clause (b), the following new clause be inserted :—

(c) divide any water area including embankment or naturally or artificially depressed land holding as aforesaid into parts so as to make any such part measure less than 5 cottahs or 0.035 hectare for any purpose other than pisciculture or transfer any part of any such water area including embankment or naturally or artificially depressed land holding as so divided to any other person.";

(2) in sub-section (2),—

(a) in clause (b), for the words "filled up," the words "filled up, or" be substituted;

(b) after clause (b), the following new clause be inserted :—

"(c) any such water area including embankment or naturally or artificially depressed land holding is being, or is about to be, divided into parts, or any part of any such water area including embankment or naturally or artificially depressed land holding as so divided is being, or is about to be, transferred to any other person,";

(3) in sub-section (8), for the words "by a single person", the words "by any person or persons, either jointly or severally," be substituted.

(4) in sub-section (10), in clause (a),—

(a) in sub-clause (ii), for the words "solid land," the words "solid land, or" be substituted;

(b) after sub-clause (ii), the following new sub-clause be inserted :—

"(iii) divides any water area including embankment or naturally or artificially depressed land holding into parts for any purpose other than pisciculture or transfer any part of any such water area including embankment or naturally or artificially depressed land holding as so divided to any other person,".

**Shri Lakshmi Kanta Dey** : Sir, I beg to move that in Clause 2, in the proposed Chapter IIIA, in the proposed Section 17A, in sub-Section (4), after the words "proper utilization" the words "for pisciculture" be inserted.

**Shri Kiranmoy Nanda** : Sir, I accept the amendments (Amendment Nos. 2 and 16) of Shri Lakshmi Kanta Dey and only the amendment (Amendment No.9) of Shri Saugata Roy.

I do not accept the amendment Nos. 5 to 7 of Shri Abdul Mannan and the amendment Nos. 10 to 16 of Shri Saugata Roy.

The motions of Shri Lakshmi Kanta Dey (Amendment Nos. 2 and 16) were then put and agreed to.

The motions of Shri Saugata Roy (Amendment No.9) was then put and agreed to.

The motions of Shri Abdul Mannan (Amendment Nos.5 to 7) and Shri Saugata Roy (Amendment Nos. 10 to 15) were then put and lost.

The question that Clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Enacting Formula

**Shri Lakshmi Kanta Dey** : Sir, I beg to move that in the enacting formula, for the word "Forty-third", the word "Forty-fourth" be substituted.

**Shri Kiranmay Nanda :** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in the enacting formula, for the word "Forty-third", the word "Forty-fourth" be substituted was then put and agreed to.

The question that the Enacting formula, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the West Bengal Inland Fisheries (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5-24 p.m. till 11 a.m. on Friday, the 12th March, 1993. at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 12th March, 1993 at 11.00 a.m. (for Noon Session)

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 9 Ministers of State and 140 Members.

[11-00 — 11-10 a.m.]

**Obituary Reference**

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer the sad demise of Dr.Kanailal Sarkar a freedom fighter and an ex-member of this Legislative Assembly who passed away on 11-3-93. He was 82.

Shri Sarkar was born in January, 1911 at Aftab Mosque Lane, Calcutta. He had his education at Chetla Boys' H.E. School, Ashutosh College, St. Xaviers' College and R. G. Kar Medical College of Calcutta. He joined the non-cooperation movement and suffered imprisonment in 1930. Having passed the MBBS Examination, he joined a medical profession. He was also a lecturer of R. G. Kar Medical College, Calcutta. He was a Councillor from 1956 to 1972. He was elected a member of the West Bengal Legislative Assembly in 1971 and 1972. He was associated with many social activities. He was the Secretary of the Chetla Boys' High School, Chetla Girls' High School. He served the Standing Health and Bustee Improvement Committee of the Corporation of Calcutta for eight years as its Chairman.

In his death the State has lost an ardent social worker and a veteran politician.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage, all the Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceased.

**Adjournment Motion :**

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Saugata Roy on the subject of the political repercussion in the state of West Bengal consequent upon the imposition of President's Rule in Tripura.

The subject matter of the Motion does not warrant Adjournment of business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Question, Mention, etc.

I, therefore, withhold my consent. to the Motion.

The Member may, however, read out the text of the Motion as amended.

Dr. Zainal Abedin, an adjournment motion on the political repercussion in the State of West Bengal consequent upon the imposition of President's Rule in Tripura would it be in order ?

**Dr. Zainal Abedin :** Sir, it is not out of order either. Because India happens to be under one umbrella, i.e. the Indian Constitution. Accordingly, any repeal in any far-long state may have the repercussions in the other states. So the discussion should be confined to the repercussions only but not with the imposition of the President's Rule or the authority of the President. It should be only on the repercussions here, nothing more.

**Mr. Speaker :** But it is a subject of political repercussion only in the State of west Bengal consequent upon the imposition of President's Rule in Tripura.

**Dr. Zainal Abedin :** That is not the case here. Here it is only the effect. The effect can be discussed not the cause. We will not be discussing the cause. Only the effect will be discussed. In the past it has been discussed. In the past there has been President's Rule in nine states after the 1980 elections. The House was competent enough to discuss this. So it can be discussed.

**Shri Saugata Roy :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely.

The political repercussions of imposition of President's rule in Tripura in the State of West Bengal. The Left Front had demanded the same to ensure free and fair Assembly polls in Tripura. Naturally, the de-

mand for President's rule in West Bengal before the Panchayat elections arise to ensure that the Panchayat elections are fair.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| 1. Alleged deplorable condition of the Sabang Primary Health Centre of Midnapur district. | : | Dr. Manas Bhunia |
| 2. Acute crisis of drinking water in Barabani and Salanpur areas of Burdwan district. | : | Shri S. R. Das |
| 3. Reported out-break of Gastro-enterities in different district. | : | Shri Saugata Roy |
| 4. Alleged deplorable condition in Burdwan Sadar And other areas of Burdwan district due to non-supply of electricity by the D. V. C. | : | Shri Anjan Chatterjee |
| 5. Acute crisis of drinking water in Howrah Municipal area. | : | Shri Jatu Lahiri and Shri Sanjib Kumar Das |
| 6. Non-availability of sugar from the Ration Shops at Nadia district | : | Shri Abdus Salam Munshi |

I have selected the notice of Shri Abdus Salam Munshi on the subject of 'Non-availability of sugar from the Ration Shops at Nadia district'.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** The statement will be made on 19th March.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of alleged Peplorable condition of the Mankundu Mental Hospital in Hooghly district.

(Attention Called by Shri Santashri Chatterjee on 5th March, 1993)

**Shrimati Chayya Bera :** Sir, with your permission I like to state that Mankundu Mental Hospital in the district of Hooghly is a private institution running with 180 beds (male & female). A part-time Administrator had been posted by Govt. of West Bengal in June '82. Presently the Supdt. of Chandannagar Hospital is acting at the Administrator. Out of 180 beds, 60 beds are reserved by this Govt. and an amount of Rs. 7000/- per bed per annum is being paid to the hospital as grants-in-aid. Other organisations which have reserved beds in the hospital are Calcutta Municipal Corporation and Chandannagar Municipality. The amount paid by this Govt. during the last 3 years as per the occupancy of beds are as follows :—

1989-1990 — Rs. 3,42,826/-
1990-1991 — Rs. 3,02,337/-
1991-1992 — Rs. 2,68,163/-

No grant has been released for the current year as the organisation has failed to submit audited account for the last year.

The administrator was appointed to help the organisation in running its administration smoothly. Govt. had not taken over the institution.

## Motion under Rule 185

**Shrimati Kumkum Chakrabory :** Mr. Speaker, Sir, I beg to move that—

যেহেতু রাজ্য সরকার পারিবারিক আদালত গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করলেও এই সিদ্ধান্ত এখনও কার্যকর হয়নি ;

যেহেতু পারিবারিক সমস্যাগুলির দ্রুত নিষ্পত্তি ও মীমাংসার জন্য পারিবারিক আদালত গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ;

যেহেতু দেওয়ানি আদালতের সঙ্গে যুক্ত থাকায় বিভিন্ন সামাজিক সমস্যাজনিত মামলাগুলির মীমাংসা বিলম্বিত হয় ; এর ফলে সমাজে সাধারণ মানুষের স্বার্থ এবং বিশেষভাবে নির্যাতিতা মহিলাদের স্বার্থ চরমভাবে বিঘ্নিত হয় ;

অতএব এই সভা পারিবারিক আদালত গঠন করার সকল বাধা অতিক্রম করে অগণিত সাধারণ মানুষের স্বার্থ রক্ষাকল্পে অবিলম্বে এই রাজ্যে পারিবারিক আদালত গঠন করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে।

**Mr. Speaker :** There is no Amendment to this Motion.

[11-10 — 11-20 a.m.]

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা, শ্রীমতী কুমকুম চক্রবর্তী

১৮৫ যে মোশন দিয়েছেন, আমরা এর বিরোধিতা করছি না। কারণ এটাতে রাজ্য সরকারের ব্যর্থতা তুলে ধরেছেন বলে আমরা এর বিরোধিতা করছি না। স্যার, উনি ন্যায়-সঙ্গত এবং যুক্তিসঙ্গত ভাবে একটি দিক তুলে ধরেছেন। আমরা এর বিরোধিতা করছি না, পরন্তু আমরা ওকে ধন্যবাদ জানাচ্ছি। এই সরকার, দীর্ঘমেয়াদি যেটা গ্রহণ করা হয়ে গেছে সেটাকে ফেলে রেখে দিয়েছেন। কোনও পারিবারিক আদালত গঠন করা হচ্ছে না। বিভিন্ন রাজ্যে যখন পারিবারিক আদালত গঠন করা হয়ে গেছে তখন পশ্চিমবঙ্গের মতো গুরুত্বপূর্ণ রাজ্যে পারিবারিক আদালত গঠন করার জন্য রুলিং পার্টির পক্ষ থেকে চাপ সৃষ্টি করতে হচ্ছে—এই পর্যায়ে চলে গেছে। সুতরাং আমাদের বিরোধ নেই। এর সঙ্গে, এই প্রস্তাবের মধ্যে যদি এটা রাখা হত—যেমন, স্বামী-স্ত্রীর বিবাহ বিচ্ছেদ সেপারেশন, গৃহবধূর উপরে নির্যাতন, অ্যাডপশন অব চাইল্ড এই সমস্ত ব্যাপারগুলো মূল আদালতে থাকার ফলে আমরা দেখতে পাচ্ছি প্রায় ১৬ লক্ষ কেসে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে না এবং হেয়ারিং আফটার হেয়ারিং হয়ে যাচ্ছে—তাহলে ভাল হত। শুধু ক্যালকাটা হাইকোর্টে দেড় লক্ষ কেস পেন্ডিং হয়ে গেছে, আজকে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। আজকে এই পারিবারিক আদালতের প্রস্তাবকে মেনে একেবারে জরুরি ভিত্তিতে রূপায়িত করে এই আদালতের অধীনে সমস্ত কেসগুলোকে যেগুলো পেন্ডিং রয়েছে সেগুলোকে যদি ডিসপোজ করা যায় তাহলে সমাজের অনেক বেশি মানুষের উপকার হবে বলে আমার ধারণা। তবে কতকগুলো শর্ত আমাদের আছে যেগুলোকে এরমধ্যে মেনশন করতে পারলে ভাল হয়। এগুলো হচ্ছে কোর্টের প্রোসিডিওরকে আরও সিমপ্লিফায়েড করতে হবে। এই আদালতে আবার যদি ফেলে রাখার মতো নীতি গ্রহণ করা হয় তাহলে এই আদালতের উদ্দেশ্য সার্থক হবে না। সেদিকে লক্ষ্য রাখতে হবে। এটা রাজনৈতিক সংকীর্ণতা দোষে যেন দুষ্ট না হয়, এটা আমাদের দেখতে হবে। আমরা দেখতে পাচ্ছি কংগ্রেস সরকারের আমলে, ১৯৭২-৭৩ সালে যখন শুরু হয়েছিল, সেই সময়ে আমরা প্রথম—স্যার, আপনি আইনজীবী, আপনি জানেন যে—জুডিশিয়ারিকে সম্পূর্ণভাবে প্রশাসন থেকে বাইরে আনতে পেরেছিলাম। একটা স্বাধীন জুডিশিয়ারি, বিচার ব্যবস্থা আমরা তৈরি করতে পেরেছিলাম। ১৯৭৭ সালের পর থেকে আমরা দেখতে পাচ্ছি যে নানাভাবে বিচার ব্যবস্থাকে গলাটিপে ধরবার চেষ্টা করা হচ্ছে। কোনও কোনও জায়গা জুডিশিয়ারিকে ঠিকমতো পরিচালিত করতে গিয়ে পদস্খলন হচ্ছে। যে কারণে বহু সময়ে আমরা বলে থাকি, সাধারণ মানুষকে অনেক সময়ে বলতে হচ্ছে যে, গুড মানি গুড ল্য, গুড মানি গুড ব্যারিস্টার অ্যান্ড গুড মানি গুড জাস্টিস। স্যার, জাস্টিস বিক্রি হচ্ছে পশ্চিমবঙ্গের মতো জায়গায়, যেটা সমীচিন নয়। এই দিকটা গুরুত্ব দিয়ে দেখা দরকার। আইনে পারিবারিক জুরিসডিকশন—সিভিল এবং ক্রিমিনাল দুটোই যথেষ্ট অনিবার্য। পারিবারিক আদালত শুধু গঠন করলেই চলবে না, তার সঙ্গে দুটো জুরিসডিকশন এর মধ্যে রাখতে হবে। তা না হলে আবার অধিক সংখ্যক কেস পেন্ডিং হয়ে যাবে আর ক্রিমিন্যাল জুরিসডিকশন কতটা থাকা দরকার সেটা নির্দিষ্ট ভাবে রাখার দরকার আছে বলে আমার মনে হয়। তৃতীয়ত, এভিডেন্স অ্যাক্ট অব ইন্ডিয়ান পেনাল কোর্ড-এর সঙ্গে যেন কোনও সংঘাত বা কনফ্লিকট তৈরি না হয় এটা দেখতে হবে। এই তিনটি শর্ত—এখানে জুডিশিয়াল মিনিস্টার আছেন—মেনে নিয়ে যতটা সম্ভব, এই রুলিং পার্টির পক্ষ থেকে এটা দেখা দরকার, এই মামলাগুলো পেন্ডিং হয়ে থাকার ফলে আমাদের আর্থিক এবং সামাজিক কাজে যথেষ্ট অসুবিধা হচ্ছে।

স্বভাবতই আমি এই প্রস্তাবকে যেমন সমর্থন করছি, তেমনি অপরদিকে আমাদের শর্তগুলি আপনাদের কাছে রাখলাম। আমার একটা বিনীত অনুরোধ আপনারা এটাকে স্বার্থক করার জন্য এমন একজন জাজ দিন, আপনাদের কিছু পোষা জাজ আছে, রিটায়ার্ড পোষা জাজ আছে যাদের দিয়ে আপনারা কমিশনগুলি করান ; ওদের দিয়ে নয়, এমন একজন জাজকে নির্বাচিত করুন, দরকার হলে ডেপুটেশনে আনান, যদি এটাকে কলুষিত থেকে মুক্ত রাখতে চান, দরকার হলে জুডিশিয়ারি থেকে ডাইরেক্ট রিক্রুট করুন, হাইকোর্টের থেকে অ্যাপয়েন্টমেন্ট দিন। পারিবারিক আদালতে আপনাদের চাকর শ্রেণীর লোককে বসিয়ে দিলেন, আপনাদের পার্টি অফিস পাঠিয়ে দেবে এটা যেন না হয়। এই কয়েকটি পজিটিভ প্রস্তাব আমি এখানে রাখলাম। আমি আবার জোরের সঙ্গে বলছি, আপনাদেরকে আমি ধন্যবাদ জানাই, আপনাদের রুলিং পার্টির ভেতর থেকে মহিলা সদস্যদের ভেতর থেকে আজকে যে দাবি উঠেছে পারিবারিক আদালত গঠনের জন্য, এই ব্যাপারে বলব আপনারা দ্রুত সিদ্ধান্তে আসুন এবং আদালত তৈরি করুন। আজকে আমরা যদি বলতাম তাহলে বলতেন বিরোধী দল হিসাবে চাপ দিচ্ছে, ভালই হয়েছে রুলিং পার্টির ভেতর থেকে এই দাবিটা উঠে এসেছে। তাই আমাদের শর্তগুলি বিবেচনা করার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব এবং মাননীয়া সদস্য যে প্রস্তাব এনেছেন তাকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ১৮৫ এর উপর যে পারিবারিক আদালত গঠনের সম্পর্কে রেগুলেশন এনেছেন তাকে আমি পুরোপুরি সমর্থন জানাচ্ছি। যদিও কতকগুলি বিষয় আমার জিজ্ঞাস্য থেকে গিয়েছে। তবে আমি এটাকে পুরোপুরি সমর্থন জানাচ্ছি। এটা একান্ত হওয়া দরকার। তবে এর আগে আমাদের এখান থেকে পারিবারিক আদালত গঠন করবার জন্য একটা প্রস্তাব গ্রহণ করা হয়েছিল ; কিন্তু সিদ্ধান্ত হয়নি। আজকে মহিলাদের তরফ থেকে যে উদ্যোগ নিতে হচ্ছে এটা শুধু লজ্জার কথা নয়, মহিলাদের উদ্যোগী হতে হবে কেন? গভর্নমেন্ট যেখানে করেছে সেখানে এটা ইমপ্লিমেন্ট করা উচিৎ ছিল। আদালতে বিভিন্ন ধরনের কেস হয়, মামলা মোকদ্দমা হয়, কিন্তু পশ্চিমবাংলার মহিলাদের জন্য যে সমস্ত কেস হয় সেইগুলিকে একটু আলাদা দিকে রাখা উচিৎ। আমরা অত্যাচার অবিচার দেখেছি, অনেক মেয়েকে মেরে ফেলা হয়েছে, গলায় দড়ি দিয়ে ফেলে রাখা হয়েছে, মহিলারা তারা নির্যাতিত হচ্ছেন, তারা প্রোটেকশন পান না, বাবার দিক থেকেও পান না, শ্বশুর, শাশুড়ির দিক থেকেও পান না। সুতরাং সেদিক থেকে এই আইনটাকে কার্যকর করা অত্যন্ত বাঞ্ছনীয় বলে আমি মনে করি। তালি কিন্তু এক হাতে বাজেনা, দুই হাতে তালি দিলে তবেই বাজে। আমাদের ঔরঙ্গাবাদের ভেটেনারি সার্জেন তার স্ত্রী আজাদ ডাক্তারের সঙ্গে চলে গেল, এই ব্যাপারে গড়িয়াহাট থানায় ফোন করেছিলাম, মঞ্জু দাস বলে তার বাবা হরিশচন্দ্র রায় বাড়ি হচ্ছে শ্যামবাজারের ঔরঙ্গাবাদে, একজন বিড়ি মার্চেন্টের দাসের স্ত্রী যতীন বাগচি রোডে থাকে, ৮/১০ বছর ধরে এর সঙ্গে পার্শ্ববর্তী বাড়ির যুবকের কুরুচিপূর্ণ সম্পূর্ণ ছিল, তাকে গতকালকে থানায় ধরে নিয়ে যায়, এবং ১৯৬ নম্বরে নাকি একটা ধারায় তাকে আটকে রেখেছে, এটা লইয়ার যারা তারা ভাল জানেন, তাকে ছাড়া হবে না।

সুতরাং আমাদের এই দিকটাও দেখতে হবে। নারীদের উপর যে অত্যাচার হয় সেটাও আমাদের দেখতে হবে। পুরুষদের প্রতিও অনেক সময় অত্যাচার হয় সেদিকটাও আমাদের

লক্ষ্য করতে হবে। এই আইন তৈরি হওয়ার উচিত ছিল অনেক আগেই এবং সেদিক দিয়ে এই আইন অত্যন্ত বাঞ্ছনীয় বলে আমি মনে করি। এই বিলের সম্বন্ধে আর কিছু বলার নেই, এই বিলকে পুরোপুরি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-20 — 11-30 a.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা শ্রীমতী কুমকুম চক্রবর্তী যে প্রস্তাব নিয়ে এসেছেন তা প্রমাণ করে, বর্তমান সামাজিক কাঠামোর যে তীব্র সমস্যা চলছে তার প্রতি এই সরকার সজাগ কিংবা উদাসীন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আমি জোরের সঙ্গে সঙ্গে বলতে পারি, যে ভারত সরকার সমস্ত রাজ্যগুলিকে নির্দেশ দেওয়া সত্ত্বেও এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্য এই ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নেওয়া সত্ত্বেও পশ্চিমবাংলার মতো রাজ্য এই ক্ষেত্রে পিছিয়ে আছে। এটা লজ্জার, এটা দুঃখের, আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমরা যে সামাজিক কাঠামোর মধ্যে বাস করছি, আমরা সবাই অবহিত আছি গত ১৬ বছর এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির রাজত্বে আইন আদালত কোন পর্যায়ে গেছে। এই রাজ্যে নজির আছে যে কোর্টের মহামান্য বিচারকের বাড়িতে গিয়ে শাসিয়ে নির্দেশিত আদালতের রায়কে পাল্টাতে বলা হয়েছে, লোকসভার সদস্যর হুমকিতে। বলা হয়েছে তার স্ত্রীর হাতের শাঁখা ভেঙ্গে দেওয়া হবে। এই হুমকি দেখিয়ে আদালতের নির্দেশ এবং রায়কে পাল্টে দেওয়ার ক্ষমতা রাখেন এই মার্কসবাদী কমিউনিস্ট এম. পি.-রা। মাননীয় কুমকুম চক্রবর্তীকে আমার আবেদন আপনারা ভাবুন, এই পারিবারিক আদালত হলে এটা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির প্রেক্ষাপটে, কোনও পোষা বিচারকের এক্তিয়ারে নির্দেশ জারি হবে কি না। কারণ বামপন্থীরা যখন ক্ষমতায় এসেছিল তখন তারা প্রথমে ঘোষণা করেছিলেন দুটি জিনিস। এক নম্বর হচ্ছে পুলিশ প্রশাসনের ক্ষমতা দুমড়ে, মুচড়ে ভেঙ্গে দেওয়া। আর দুই নম্বর হচ্ছে জুডিসিয়ারিকে নাড়িয়ে দেওয়া। এই ১৬ বছরে পশ্চিমবঙ্গে পুলিশ বলে কিছু নেই, আর জুডিসিয়ারি, অর্থাৎ বিচার ব্যবস্থাটা এখন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অঙ্গুলি হেলনে চলছে—এবং চলবেও। না হলে তারা মার খাচ্ছে, না হলে বিচারকের বাড়িতে গিয়ে বলছে তোমার স্ত্রীর শাঁখা ভেঙ্গে দেওয়া হবে। এইসব জিনিস আজকে হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তাই অত্যন্ত উদ্বিগ্ন। কোর্টগুলিতে এখন প্রায় লক্ষাধিক মামলা ঝুলে আছে। এটা খুব উদ্বেগের বিষয়। তাই নিন্দার মধ্যে দিয়েও আমরা বলতে পারি এটা ভাল। যখন কোর্টগুলিতে লক্ষাধিক মামলা ঝুলে আছে তখন পারিবারিক আদালতের মধ্যে দিয়ে কেসগুলির মীমাংসা হতে পারে।

বর্তমানে সামাজিক কাঠামোতে, আমাদের কাছে যে তথ্য আছে তাতে দেখা যাচ্ছে যে মহিলাদের উপর নির্যাতন খুব বেড়ে গিয়েছে। এ ক্ষেত্রে বাংলার যে সুনাম ছিল সেই সুনাম আজকে ভূলুণ্ঠিত। শুধুমাত্র পশ্চিমবঙ্গে ডাউরি ডেথ হয়েছে ১৯৯১ সালে ৫৩৮টি। কি বিপদজনক অবস্থা দেখুন। আমরা সচেতনতার ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে নাকি এগিয়ে চলেছি কিন্তু দেখা যাচ্ছে মেয়েগুলি মারা যাচ্ছে, তাদের খুন করা হচ্ছে কিন্তু তার কোনও বিচার নেই। তারপর ক্রুয়েলটি বাই হাসবেন্ড অ্যান্ড রিলেটিভস—স্বামী এবং পরিবারের লোকজন দ্বারা অত্যাচারিত হয়েছেন ১ হাজার ৬০৮ জন মহিলা এখানে ১৯৯১ সালে। কি সিরিয়াস অবস্থা বুঝুন। এই ব্যাপারগুলি নিশ্চয় আমরা টেক আপ করতে পারি। তারপর যে সমস্যাটা আমরা প্রায়শই দেখছি সামাজিক স্তরে সেটা হচ্ছে বিবাহ-বিচ্ছেদ সম্পর্কিত সমস্যা দানা

বাঁধছে। এ ক্ষেত্রে সামাজিক সচেতনতার সঙ্গে সঙ্গে সমস্যাও বাড়ছে। এইসব ক্ষেত্রে এই আদালত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। স্যার, আমরা দেখছি, এখানে বিচার ব্যবস্থাকে সম্পূর্ণ রূপে গিলে ধরে তাকে স্তব্ধ করে দেবার প্রচেষ্টা চলছে। পাশাপাশি প্রশাসনিক কাটামোকে ভেঙ্গে ফেলা হয়েছে একদলীয় শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করার জন্য। থানাগুলি আজকে এখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অফিসে পরিণত তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে এবং পুলিশের ডি. জি. এস. পি.-কে বলতে হচ্ছে যে থানাগুলি কেস ডায়রি না নিলে তোমাদের সাসপেন্ড করা হবে। কেন এসব কথা বলতে হচ্ছে? তার কারণ, থানাগুলিতে কেস ডায়রি নেওয়া হচ্ছে না। আজকে এই অবস্থার মধ্যে বাংলার সমাজব্যবস্থা চলছে। এর বিরুদ্ধে আমাদের প্রতিবাদ রয়েছে এবং সেই প্রতিবাদ আমরা রাখছি। পাশাপাশি মাননীয় সদস্য যে কথা বললেন সেটাও গুরুত্ব দিয়ে বিবেচনা করে দেখতে হবে। পশ্চিমবঙ্গে ডেকাডারি গ্রোথ অব পপুলেশন ১.৭৫ ডিউরিং দি ইয়ার ১৯৮১-৯১। এখানে ফিমেল-মেল রেসিও হচ্ছে—হাজার পুরুষ ৯২৯ জন মহিলা। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি ডেনসিটি অব পপুলেশন—৭৬৬ পার স্কোয়ার কিঃ মিঃ। হাজার পুরুষের তুলনায় পশ্চিমবঙ্গে মহিলা কম ৭১ জন। স্যার, আমি মায়েদের প্রতি, মহিলাদের প্রতি, বোনেদের প্রতি একটি আবেদন রাখব তাদের একজন এক নং-এর সমর্থক হয়ে যে মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব যে কথা বললেন সেটাও কিন্তু উঠিয়ে দেওয়ার নয়। আজকে আইনগত দিক থেকে এটা ভাবতে হবে কারণ এ নিয়ে অনেক অপব্যাখ্যা হচ্ছে। অনেক সি. পি. এম নেতা মহিলাদের থানায় নিয়ে গিয়ে একটা করে কেস করিয়ে অনেক সামাজিক সমস্যার সৃষ্টি করছেন। এর ফলে সেখানে পারিবারিক ক্ষেত্রে আগুন জ্বলছে। আজকে ভাতের হাড়ির ভেতরে পর্যন্ত মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তাদের রাজনীতি ঢুকিয়ে দিয়েছেন। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তাদের পঞ্চায়েতের রাজনীতি গ্রামের লোকের বাড়িতে ঢুকিয়ে দিচ্ছেন। এই রাজনীতির ফলে সেখানে স্বামী, স্ত্রীর সম্পর্ক পর্যন্ত কলুষিত হচ্ছে, সামাজিক বিবর্তন উল্টে-পাল্টে দিচ্ছে, গ্রামের শান্তি নষ্ট করছে। পারিবারিক সমস্যার সমাধান নিরূপিত হচ্ছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অফিসে বসে। কাজেই এই বিপদজনক দিকটার প্রতি অবশ্যই নজর দিতে হবে। আমি এটা সমর্থন করেও তাই বলছি, মায়েদের প্রতি, বোনেদের প্রতি, মহিলাদের প্রতি যে অন্যায় হয় তার বিচার করতে হবে সঙ্গে সঙ্গে একথাও বলছি আইনের ফাঁক ফোকরের সুযোগে পুরুষ জাতির উপর যাতে অত্যাচার না হয় তাও দেখতে হবে। শ্রীমতী চক্রবর্তীর কাছে তাই আমার আবেদন, মাতৃজাতির প্রতীক হিসাবে এটা আপনাকে ভাবতে হবে।

[11-30 — 11-40 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি-বাবুর নেতৃত্বে এবং বামফ্রন্ট সরকারের নেতৃত্বে পলিটিক্যালাইজেশন অফ দি জ্যুডিসিয়ারি অনেকটাই সফল হয়েছে। স্যার, যেহেতু আপনি আইনজ্ঞ, আপনার অতীত আছে, বর্তমান আছে এবং আপনার বুকে যন্ত্রণা আছে সেহেতু আপনি নিশ্চয়ই আমার সঙ্গে এক-মত হবেন যে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির হাতে আমাদের জ্যুডিশিয়ারি যেন সম্পূর্ণভাবে ধ্বংস না হয়ে যায় তা আমাদের সকলকে দেখতে হবে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির চাকর-বাকরদের কিছু তালিকা করা আছে মাঝে মাঝে তাদের বিচার করতে

হাজির করা হয়, আমার বক্তব্য পারিবারিক আদালতের ক্ষেত্রে অন্তত তাদের যেন হাজির না করা হয়। এ ক্ষেত্রে বিচারক যেন হাই কোর্টের মাধ্যমে নিয়োগ করা হয়। ন্যায় বিচারের স্বার্থে উপযুক্ত বিচারপতিকে অবশ্যই দায়িত্ব দিতে হবে। রাজনৈতিক চিন্তা-ধারা অনুযায়ী যদি সিদ্ধান্ত গ্রহণ করা হয় তাহলে এর উদ্দেশ্য সার্থক হবে না, শুধু রাজনৈতিক উদ্দেশ্যই সার্থক হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক দেরিতে এটা এখানে আনা হলেও এটা এখানে আজকে আনার জন্য আমি আবার মাননীয়া সদস্যাকে ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে সরকারকে ধিক্কার জানাচ্ছি। কারণ এই সরকার বাংলার ঐতিহ্য, সংস্কৃতি, কৃষ্টিকে ধ্বংস করে চলেছেন। বহু বেদনা এবং দুঃখ নিয়ে সরকারের এই অপচেষ্টার বিরুদ্ধে আমার প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী কুমকুম চক্রবর্তীর আনা পারিবারিক আদালত গঠন সংক্রান্ত মোশনকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি দু' একটি কথা আজকের সভায় রাখতে চাইছি। ১৯৮৪ সালের আন্তর্জাতিক নারী বর্ষের ঠিক আগের বছর কেন্দ্রীয় সরকার পারিবারিক আদালত গঠনের বিষয়টিকে আইন সিদ্ধ করেন। পরবর্তীকালে আমরা দেখেছি দুটি রাজ্য, মহারাষ্ট্র এবং তামিলনাড়ুতে পারিবারিক আদালত স্বীকৃত হয়েছে। দুর্ভাগ্যজনক হলেও এ কথা আমাদের আজকে বলতে হচ্ছে যে কোনও অদৃশ্য কারণে যে পশ্চিম বাংলায় একটা গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত, যেখানে নারীর মর্যাদা সংরক্ষিত, যেখানে নারী নির্যাতিতা হলে নির্যাতিতা নারী থানায় গিয়ে কেস ডায়রি করতে পারে সেখানে আজও কেন পারিবারিক আদালত হয়নি। সুতরাং দেরিতে হলেও এ বিষয়ে আজকে এই সভায় একটা সঠিক প্রস্তাব উত্থাপিত হয়েছে। পারিবারি আদালতের কাউন্সিলিং নিয়ে মাননীয় বিরোধী সদস্যরা অনেক বক্তব্য রেখেছেন। তারা এ কথাও বলতে চেয়েছেন যে, এখানে জজদের নিয়ন্ত্রণ করা হয়। কিন্তু আমাদের অভিজ্ঞতা ভিন্ন কথা বলছে। আমরা কিছু দিন আগেই দেখেছি আমাদের হাই কোর্টের মাননীয় উকিলরা বিরোধিতা করেছেন জনৈক জজের। সেটা নিশ্চয়ই আমাদের সকলের স্মরণে আছে। পারিবারিক আদালত কাদের জন্য গঠন করার কথা বলা হচ্ছে, সমাজে নিষ্পেষিত, নির্যাতিত নারী জাতির জন্য। এই নির্যাতন শুধু ভারতবর্ষেই নয়, বা আমাদের মতো দেশগুলিতেই নয়, আজকে অতি উন্নতমানের ধনতন্ত্র বিরাজ করছে যে সব দেশে সেখানেও নারী নির্যাতনের ঘটনা ঘটছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে নির্যাতিতা নারিদের সাহায্য করার প্রশ্নে আমাদের ভারতবর্ষে যে আইন আছে তার ১২৫ নং ধারায় বলা আছে নির্যাতিতা নারীরা তাদের খোরপোষের জন্য মামলা করতে পারবেন। আমরা দেখছি ৩০৫ (বি) ধারায় এবং ৪৯৮ (এ) ধারায় নারীরা অ্যাটেমপ্ট টু মার্ডার বা অন্য কোনও দৈহিক নির্যাতনের বিরুদ্ধে মামলা করতে পারবেন। আমরা দেখছি এই কেসগুলো যখন হয় তখন কোর্টে দু পক্ষের দু'জন উকিল দাঁড়িয়ে বছরের পর বছর মামলা চালিয়ে যান। দীর্ঘদিন ধরে মামলাগুলি চলতেই থাকে, বছরের পর বছর কেটে যায়। এবং কার্যত যাদের ক্ষমতা বেশি, যারা ক্ষমতার প্রভাব বিস্তার করতে পারছেন, অর্থের অধিকারি যারা তারাই খানিকটা বিচার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করতে পারছেন। এটা অত্যন্ত দুঃখের বিষয়। সেখানে দাঁড়িয়ে আমি বলতে চাই, আমাদের রাজ্যের ক্ষেত্রে আমি শুনেছিলাম, গত বছর ব্যাঙ্কসাল কোর্টে পারিবারিক আদালত হতে যাচ্ছে, কিন্তু অত্যন্ত দুভার্গ্যজনক, সেই পারিবারিক আদালত হল না। শুনেছি, আমাদের উকিল মহাশয়দের একটা অংশ এর বিরুদ্ধে

মামলা করেছেন তাদের ব্যক্তিগত জীবিকার প্রশ্নে। কেননা, তাদের জীবিকায় যতটা খবর সংগ্রহ করেছি তাতে হাজারের উপর মামলা পশ্চিমবাংলার বিভিন্ন কোর্টে আটকে আছে। সেখানে দাঁড়িয়ে যারা মামলা করছেন তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা পশ্চিমবাংলার সরকারের উপর বর্তেছে এমন খবর নেই। স্বভাবতই এই পরিস্থিতিতে দাঁড়িয়ে কি করতে হবে? পারিবারিক আদালতকে কার্যকর করবার জন্য যথাযোগ্য উদ্যোগ নেওয়ার জন্য—মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন—আবেদন জানাব। যে কথা মাননীয় বিরোধীদলের সদস্যরা হাজির করেছেন, আমি বলব, সেখানে দাঁড়িয়ে সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে পশ্চিমবাংলার কথা চিন্তা করুন। পশ্চিমবাংলার সমাজসেব প্রতিষ্ঠানগুলি বা অন্যান্য কাউন্সিলিং-এর মধ্যে অনেক সমস্যা তারা মিটিয়েছে। আমি যতদূর খবর নিয়েছি এবং কথা সত্য, সবাইকে এখনও আইনের দরজায় যেতে হয়নি। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে আমি বলব, পারিবারিক আদালত করা দরকার প্রতিটি ব্লকে, প্রতিটি জেলায়। শুধু প্রতিটি ব্লক এবং জেলায় কেন মহানগরীর কেন্দ্রেও আজও আমরা পারিবারিক আদালত করতে পারিনি। কোনও অশুভশক্তি এর পিছনে শক্তিশালী হস্তক্ষেপ রেখেছে। আজকে নির্যাতিত নারিদের পাশে বিভিন্ন গণসংগঠন পাশে এসে দাঁড়িয়েছে এবং তার পাশাপাশি এসে দাঁড়িয়েছে বিভিন্ন থানা এবং পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনিক ব্যবস্থা। স্বভাবতই এদের পাশাপাশি দাঁড়িয়ে যদি আমরা পারিবারিক আদালত কার্যকার করতে পারি তাহলে অনেক সমস্যার দ্রুত সমাধান করবার ক্ষেত্রে অগ্রসর হতে পারব। এই বিশ্বাস রেখে এবং একে তরান্বিত করবার জন্য আহ্বান জানিয়ে এবং সকলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মায়ারাণী পাল :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে দু-একটি কথা বলতে চাই। এখানে মাননীয়া কুমকুম চক্রবর্তী যে প্রস্তাব রেখেছেন আমি তাকে সমর্থন করছি। আমাদের দেশে যারা স্বামী পরিত্যক্তা মহিলা তারা যাতে সুযোগ-সুবিধা পান তারজন্য আমি রাজ্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি। অনেক মহিলার আজকে পণের মাধ্যমে বিয়ে হচ্ছে, অথচ স্বামীরা তাদের দেখছেন না। দিনের পর দিন এদের সম্বন্ধে বলেও কোনও কাজ হচ্ছে না। এইজন্য রাজ্য সরকারের কাছে দাবি করছি এদের যেন সুযোগ-সুবিধা দেওয়া হয়। পারিবারিক আদালত হচ্ছে, কিন্তু কোনও কাজ হচ্ছে না। অবিলম্বে যেন পারিবারিক আদালতের কাজ করা যায় তারজন্য আমি রাজ্য সরকারের কাছে আবেদন করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ছায়া বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব পারিবারিক আদালত সম্পর্কে সেটা যাতে দ্রুত প্রতিষ্ঠা করা যায় তারজন্য যে যে প্রস্তবে আনা হয়েছে তার সপক্ষে দু-একটি কথা বলতে চাই। এই প্রস্তাব এখানে আনা হয়েছে এই কারণে, এটা কোনও সি. পি. এমের একার সমস্যা নয়, কোনও একটি রাজনৈতিক দলের সদস্যা নয়, এই সমস্যা একটা সামাজিক সমস্যা। এই সামাজিক সমস্যা নিয়ে আজকে চিন্তা-ভাবনা করা দরকার এবং সেই কারণে এখানে যারা জনপ্রতিনিধি এসেছেন পশ্চিমবাংলার বিভিন্ন রাজনৈতিক দল থেকে তাদের সজাগ এবং সচেতন হওয়া দরকার। এই সামাজিক সংকট নিয়ে তাদের একটু ভাবনা চিন্তা করা উচিত যে এই সংকট থেকে কি করে পরিত্রাণ পাওয়া যায় এবং আপনারা জানবেন যে রাজনৈতিক দলে আপনারা থাকুন না কেন, আপনাদের বাড়িতে মা, বোন সবাই

আছেন। এই সমস্যা আমাদের সমস্ত মা, বোনের সমস্যা। সেই উদ্দেশ্যেই পারিবারিক আদালতের প্রস্তাবকে এখানে আনা হয়েছে। দুজন বিরোধীদলের মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়া এবং শ্রী সুব্রত মুখার্জি মহাশয়ের বক্তব্য আমি খুব মন দিয়ে শুনেছি এবং আমার শুনে মনে হয়েছে যে তারা পারিবারিক আদালতের ব্যাপার নিয়ে বিন্দুমাত্রও মাথা ঘামাননি, আজকে যেহেতু এই বিধানসভায় প্রস্তাব রাখা হয়েছে, কিছু বলতে হবে তাই উঠে দাঁড়িয়ে এই কথা বলছেন। আপনাদের কথার উত্তর আমি দিতে পারি, কিন্তু উত্তর আমি এখন দোব না, স্বরাষ্ট্র দপ্তরের বাজেট আলোচনার দিনে মাননীয় মুখ্যমন্ত্রী আপনাদের বক্তব্যের উত্তর দেবেন কোথায় নারী নির্যাতন বেশি হয়। আমি মাননীয় দুইজন সদস্যকে বিনয়ের সঙ্গে এইটুকু অনুরোধ করব যে গত পয়লা জানুয়ারি ক্রাইম এগেনস্ট উত্তম্যান এর উপর একটি আলোচনা কেন্দ্রের স্বরাষ্ট্র দপ্তর থেকে করা হয়েছিল। দিল্লির বুকে যেখানে সমস্ত মহিলা সাংসদ আমন্ত্রিত হয়েছিলেন, সমস্ত মহিলা সংগঠন আমন্ত্রিত হয়েছিলেন এবং সেখানে আলোচনার উদ্বোধন করেছিলেন মাননীয় ভারতবর্ষের মন্ত্রী। সেই উদ্বোধনের লিখিত রিপোর্ট যা পেশ করা হয়েছিল তাতে তিনি কি বলেছিলেন তা বইয়ের তৃতীয় পৃষ্ঠা খুলে দেখবেন। যে অভিযোগ এখানে তুলেছেন পশ্চিমবঙ্গ সম্পর্কে সেই অভিযোগ ১৯৮৭ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত কোন রাজ্যে নারী নির্যাতন—ভারতবর্ষের বড় বড় রাজ্যের সঙ্গে যদি তুলনা করেন—ত্রিপুরা, হিমাচলের কথা বলছি না, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র প্রভৃতির রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের স্থান তাদের নিচে রয়েছে। আপনাদের বলব পাতাটা একটু খুলে দেখবেন। আজকে পারিবারিক আদালতে যা ১৯৮৪ সাল থেকে ভারতবর্ষের আইন তৈরি করেছিলেন সেই আইন তৈরি করতে বাধ্য করা হয়েছিল। বাধ্য করেছিলেন আমাদের সেই সমস্ত গণ এবং নারী সংগঠন। শুধু নির্যাতিতা মহিলা নয়, মহিলাদের সামাজিক অর্থনৈতিক বৈষম্য দূর করার জন্য মহিলারা লড়াই চালিয়েছে তার মধ্যে দিয়ে ১৯৮৪ সালে ভারতবর্ষে এই আইন করা হয়েছে। আমাদের অভিজ্ঞতা কি বলে। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখছি নারী বৈষম্য দূর করার জন্য যে আইন তৈরি হয়েছে—বৃটিশ আমলে ২/১টি আইন তৈরি হয়েছিল—বাল্য বিবাহ প্রথা রোধ করা ইত্যাদি হয়েছিল, কিন্তু বেশিরভাগ আইন স্বাধীনতার পরে তৈরি হয়েছে। সেই আইনগুলি নারীর মর্যাদা রক্ষার ক্ষেত্রে বৈষম্য দূর করার জন্য প্রযোজ্য হচ্ছে? বাজারের পণ্য হিসাবে পরিণত হচ্ছে? পশ্চিমবঙ্গের কথা বললেন হাইকোর্টে মামলা পড়ে রয়েছে, সারা ভারতবর্ষে ২ কোটি ২২ লক্ষ ঝুলন্ত মামলা রয়েছে, নিম্ন আদালতে ২ কোটি মামলা, হাইকোর্টে পড়ে রয়েছে ২০ লক্ষ সুপ্রিম কোর্টে ২ লক্ষ মামলা এই হচ্ছে ২ কোটি ২২ লক্ষ। এই মামলাগুলি পড়ে থাকার অনেক কারণ আছে এখানে অনেকেই আইনজীবী রয়েছেন, এইগুলি পড়ে থাকার একটা বড় কারণ হল ল কমিশনের ১২০তম রিপোর্ট দেখবেন, সেই রিপোর্টে বলা হয়েছে এখানে ভারতবর্ষের ১০ লক্ষ মানুষ পিছু ৫০ জন বিচারক থাকার কথা।

[11-40 — 11-50 a.m.]

কতজন বিচারক আছেন? এখন আছেন সাড়ে দশজন বিচারক। এটাই মামলা বিলম্ব হবার একটা বড় কারণ। আজকে আপনারা জানেন, স্বাধীনতার পর থেকে যে ধরনের জনবিরোধী নীতি নিয়েছেন ভারত সরকার, অর্থনীতি, শিল্পনীতি থেকে আরম্ভ করে সর্বক্ষেত্রে যে নীতি নিয়েছেন, তারফলে আজকে আমরা যে চরম দুর্দশার মধ্যে পড়ে রয়েছি তাতে

মহিলারা আরও সঙ্কটের মধ্যে পড়েছেন। এই সঙ্কট যত বাড়ছে সেই সঙ্কট ততই আমাদের মুল্যবোধকে হয় করছে। ফলে সমাজে সৃষ্টি হচ্ছে নানা সঙ্কট। সেখানে স্বামী-স্ত্রীর মধ্যে দ্বন্দ্ব বাড়ছে। পিতা-পুত্রের মধ্যে দ্বন্দ্ব বাড়ছে, বৃদধ পিতা-মাতার সঙ্গে উপার্জনশীল পুত্রের দ্বন্দ্ব বাড়ছে। এই দ্বন্দ্ব আজকে এমনভাবে বাড়ছে যার ফলে আজকে আমাদের প্রচলিত আদালতে যে বিচার-ব্যবস্থা রয়েছে তার মধ্যে দিয়ে এটাকে কাটিয়ে উঠতে পারা যাচ্ছে না। আর মহিলা, যারা আদলতে যাচ্ছেন, সেখানেও পুরুষদের পক্ষে পক্ষপাতিত্ব হয়ে যাচ্ছে। আর অর্দ্ধেক মহিলা, তারা আদালতে যেতেই পারছেন না। তবে বিচারের ব্যবস্থা করে শাস্তিমূলক ব্যবস্থা করাটাই পারিবারিক আদলতের উদ্দেশ্য নয়। এই সামাজিক সঙ্কটকে, পারিবারিক সঙ্কটকে যদি কাটিয়ে উঠতে হয় তাহলে লাগবে সহানুভূতিশীলতা, সমবেদনা, মানবিকতা। কারণ আপনারা জানেন যে, আদালতে দাঁড়িয়ে মহিলারা মুক্তভাবে বলতে পারেন না। তাই যারা গণ-সংগঠন করেন, যারা নারী আন্দোলনের সঙ্গে যারা যুক্ত তাদের যদি কাউন্সিলর হিসাবে পান তাহলে দেখা যাবে সহমর্মিতার সঙ্গে সেটা বিচার হবে। এটা বিবাহ বিচ্ছেদ করে দেওয়া নয় ; এর উদ্দেশ্য হল, কত বেশি করে পরিবারকে যুক্ত করতে পারা যায় সেটা দেখা। আপনারা জানেন, এক্ষেত্রে পারিবারিক বিষয়ে সিদ্ধান্ত নিতে, মীমাংসা করতে প্রচলিত আদালতগুলি অনেক বেশি সময় নেয়। আদালতগুলি বিষয়টা দশ-বারো বছরও ঝুলিয়ে রাখে। তাতে সঙ্কটের জটিলতা সৃষ্টি হয়। সেই জটিলতা দূর করবার জন্যই এই পারিবারিক আদালত। এই আদালতই পারে এই জটিলতার মীমাংসা করতে। সুব্রতবাবু এখানে শর্ত চাপাতে বলেছেন। তার বক্তব্য থেকে মনে হয়েছে, তিনি এর গভীরে যাননি। শর্ত কি চাপাবেন? এটা একটা কেন্দ্রীয় আইন। উনি যা বলছেন তাতে তো এর ব্যাপকতা বাড়বে না। তবে যে পেরিফেরির মধ্যে আমরা রয়েছি তাতে এটা রচিত হলেই যে সমস্ত মহিলারা সুবিচার পেয়ে যাবেন এমন ব্যাপার নয়। তবে যে অবস্থার মধ্যে মহিলারা পড়ে রয়েছে তাতে এই পারিবারিক আদালত সম্পর্কে সচেতনতা তৈরি করতে হবে। এরজন্য মহিলাদের প্রচুর আন্দোলন করতে হবে। কিন্তু রাজনৈতিক দলগুলি এই প্রচার আন্দোলনের সঙ্গে যদি যুক্ত না হন তাহলে পারিবারিক আদালত গঠনের স্বার্থকতা থাকবে না। রাজ্য সরকার ১৯৮৬ সালে আইনটা তৈরি করেছিলেন। সেটা তৈরি করবার পর জজের নামের তালিকাও তৈরি হয়ে গিয়েছিল হাইকোর্টের অনুমতি নিয়ে। এমন কি ব্যাঙ্কশাল কোর্টে কোথায় পারিবারিক আদালত বসবে সেই ঘরও যখন ঠিক হয়ে গিয়েছিল তখন আমরা গভীর দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি, হাইকোর্টের বার কাউন্সিল তার বিরোধিতা করেছেন। এই বার কাউন্সিলের যারা আইনজীবী তারা কারা? বার কাউন্সিলের সদস্য কারা? শুধু বার কাউন্সিলের সদস্যরাই নন, লইয়ার অ্যাশোসিয়েশনও তার বিরোধিতা করেছেন যাতে এটা দ্রুত স্থাপন করা না যায়। আপনারা জানেন যে হাইকোর্টের কিছু আইনজীবী আছেন, যারা আজকে চলে গেছেন হাইকোর্টে রিট পিটিশন দিয়ে। কেন এটা করা হয়েছে? এটা যাতে দ্রুত সম্পন্ন না হয়, যাতে ডিলে হয় তার জন্য। তারা ভাবছেন যে বেশির ভাগ আদালতের মামলা পারিবারিক সংক্রান্ত মামলা, যদি এই মামলা এই ভাবে নিষ্পত্তি হয়ে যায়, এই সামাজিক সংকটের সঙ্গে তারা নিজেদের জড়াতে চাচ্ছেন না। তারা তাদের পেশার কথা চিন্তা করে এসব করার চেষ্টা করেছেন। কাজেই আমি আপনাদের এই ব্যাপারে ভাবতে বলব। এই সংকটের আমরা কি করতে পারি সেটা চিন্তা করতে বলব। আপনারা জানেন যে শুধু রাজ্য সরকারের পক্ষে

কতটা করা সম্ভব। আমাদের মাননীয়া সদস্যা তানিয়া চক্রবর্তী বলেছেন যে আমরা চাই পারিবারিক আদালত ব্লকস্তর পর্যন্ত যাক যাতে গ্রাম-গঞ্জের মানুষ এর সুযোগ পায়। কিন্তু আমরা জানি যে কোনও রাজ্য সরকারের একার পক্ষে এটা করা সম্ভব নয়। আপনারা অন্যান্য রাজ্যে সরকারের কথা বলেছেন। আমি জানি মহারাষ্ট্র, তামিলনাডু, অন্ধ্র, উড়িষ্যা, আসাম এই সব রাজ্যে প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু কোথায় হয়েছে? কয়েকটি কেন্দ্রে অর্থাৎ দুই পাঁচটি জায়গার মধ্যে সীমাবদ্ধ আছে। রাজ্য সরকারের ক্ষমতা সীমাবদ্ধ। কেন্দ্র যদি পরিকল্পনা গ্রহণ না করে তাহলে শুধু রাজ্যের পক্ষে একা করা সম্ভব নয়। পারিবারিক আদালত বিচার করে শাস্তি দেবার জন্য নয়। পরিবারের শান্তি কি ভাবে ফিরিয়ে আনা যায়, সম্পর্ক কি ভাবে স্থাপন করা যায়, পারিবারিক সম্পর্ক কি ভাবে সুমধুর করা যায় তার উপরে জোর দেওয়া হবে। কাজেই আমি বলব যে পারিবারিক ব্যাপার নিয়ে যারা আদালতে চলে গেছেন, আপনাদের যদি কিছু করার থাকে তাহলে আপনারা সেটা করুন, তাদের বুঝিয়ে যাতে ফিরিয়ে আনা যায় সেই চেষ্টা করুন। রাজ্য সরকারও প্রস্তুত। কতটা পারিবারিক সম্পর্ক তৈরি করা যায় সেই ব্যাপারে আপনারাও চেষ্টা করুন, আমরাও চেষ্টা করছি। সকলে মিলে এই প্রয়াস চালানো দরকার। সেজন্য আমাদের তরফ থেকে এই যে প্রস্তাব আনা হয়েছে, তাকে আমি সমর্থন করছি এবং আপনাদেরও আমি ভাবনা-চিন্তা করতে বলছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পারিবারিক সম্পর্কিত যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, সেই প্রস্তাবের উপরে যে আলোচনা হল তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমি ধন্যবাদ জানাব বিরোধী দলের সদস্য বন্ধুদের যারা প্রায় অক্ষরে অক্ষরে এই বিষয়টা মেনেছেন। তবুও কিছু প্রথা মাফিক, নিয়ম মাফিক কিছু শর্ত আরোপ করার চেষ্টা তারা করেছেন। কিন্তু তাসত্ত্বেও এই বিষয়ের উপরে তাদের যে দৃষ্টি আকর্ষণ হয়েছে তার জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। আমি তাদের একথা বলব যে তারা যখন পারিবারিক আদালত নিয়ে আলোচনা করছেন তখন সারা ভারতবর্ষের মহিলাদের অবস্থা কি এই বিষয়ে তারা আগে চিন্তা করেননি। তারা কেবল পশ্চিমবঙ্গের মধ্যে তাদের ব্যবস্থা সীমাবদ্ধ রেখেছেন। আজকে অত্যন্ত দুঃখের কথা যে স্বাধীনতার পরে ৪৫ বছর পার হয়ে গেছে। ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের এই দেশ শাসন করত তখন তারা যে ভাবে বিচার ব্যবস্থার কথা ভাবত এখনও সেই ভাবে আমাদের বিচার ব্যবস্থা চলছে। একটা গণতান্ত্রিক দেশে মূল ভিত্তি হচ্ছে আইন প্রণয়ন করে প্রশাসনকে পরিচালনা এবং বিচারব্যবস্থাকে পরিচালনা করা। এই মূল ভিত্তি তারা পালন করেন। একটা সাম্রাজ্যবাদী শক্তি তাদের যে নীতি, তাদের যে পরিকল্পনা, তাদের যে সংকীর্ণতা, সেই ভাবে তারা পরিচালনা করেন। আমি একথা বলতে পারি যে আজকে ভারতবর্ষের যেখানে ১০০ জনের মধ্যে ৭৬ জন মহিলা নিরক্ষর, অভিশাপের মধ্যে দিন কাটান, যেখানে ভারতবর্ষের শতকরা ১৩ জন মহিলা কোনও ছোট, কোনও অসংগঠিত শিল্পের সঙ্গে যুক্ত, শতকরা ৮৭ জন মহিলা যারা এখনও সমাজের উৎপাদনের সঙ্গে যুক্ত নয়।

যে মেয়েটির জন্মগ্রহণের মুহূর্ত থেকে শুরু হয় সামাজিক লাঞ্ছনা, বঞ্চনা, অপমান এবং পরিণত বয়সে সে যদি তার সমস্ত জীবন কলঙ্কজনক অধ্যায় নিয়ে পার করে দিতে হয় সেই রকম একটা ব্যবস্থার জন্য দায়ী কারা? এই রাজ্য থেকে পারিবারিক আদালতকে কেবলমাত্র রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে যদি আমরা বিচার করি, যদি আমরা পরিকল্পনা গ্রহণ করি তাহলে এই আদালত ব্যাপকভাবে সাধারণ মানুষের মধ্যে নিয়ে যাওয়ার যে কর্মসূচি রাজ্য সরকার গ্রহণ করতে চান তা বাস্তবায়িত করা যাবে না। এখানে একটা রাজনৈতিক সদিচ্ছা থাকার প্রশ্ন আছে বলে আমি মনে করি। আমি এই কথা বলি যে, মাননীয় সদস্য বন্ধুরা কি বলবেন আমি জানিনা, পারিবারিক আদালত যখন ১৯৮৪ সালে ঘোষণা হয়েছিল তখন কি পরিস্থিতিতে, কি পরিপ্রেক্ষিতে হয়েছিল আপনারা জানেন। সমগ্র বিশ্বে নারী সমাজ আন্দোলন করেছিল সেই নারী সমাজ আন্দোলনের প্রতিশ্রুতি হিসাবে আন্তর্জাতিক নারী দশক-এর প্রস্তাব গ্রহণ করা হয় নারীর অধিকার সুরক্ষা করার জন্য। সেই প্রস্তাবের মাধ্যমে নারীর অধিকার স্বাক্ষর করতে বাধ্য হয়েছিল ভারত সরকার এবং সেই মুহূর্তে কতকগুলি সংশোধনী পার্লামেন্টে গৃহীত হয়েছিল। সেই সংশোধনীগুলি আপনারা আনতে বাধ্য হয়েছিলেন ডাউরি সিস্টেমের যে আইন ছিল সেখানে ডাউরি অ্যামেন্টমেন্ট অ্যাক্ট এবং ক্রিমিনাল প্রসিডিয়োর অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট এইগুলি ১৯৮৪ সালে গৃহীত হয়। কিন্তু বামফ্রন্ট সরকার এক মুহূর্ত দেরি না করে, সেই মুহূর্তে পারিবারিক আদালত কি করে কার্যকর করা যায় সেই বিষয় সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করেছে। শুধু তাই নয় আইন প্রণয়ন এবং আইন পরিচালনা করবার জন্য এখানে যে স্বেচ্ছাসেব সংগঠন আছে তাদের নিয়ে আলোচনা করেছে। যেহেতু পশ্চিমবঙ্গ সরকার একটি গণতান্ত্রিক সরকার, নারীর স্বাধিকারের প্রশ্নে মর্যাদা দেয়, নারী সমাজ প্রতিষ্ঠার আন্দোলনকে সমর্থন করে সেই জন্য এই সরকার প্রথমে গণতান্ত্রিক আইনজীবী সংঘ, পশ্চিমবঙ্গ স্বেচ্ছাসেবী সংগঠনদের নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় আলাপ আলোচনা করেন যাতে এই আইনকে কার্যকর করা যায়, যাতে সেই আইনকে ব্যাপকভাবে সাধারণ নির্যাতিত মানুষের কাছে নিয়ে যাওয়া যায় তার প্রচেষ্টা করেন। আমি আপনাদের জিজ্ঞাসা করতে চাই আপনারা কোথায় ছিলেন সেই দিন। আপনারা বলুন তো কোথায় কোনও জায়গায় সমাজের যে স্তরের প্রতিনিধিত্ব আপনারা করেন সেখানে দাঁড়িয়ে এই আদালত কার্যকর করার জন্য, নির্যাতিত নারীর স্বার্থ রক্ষা করার জন্য কোনও কথা বলেছেন? আপনারা আদৌ করেছেন কিনা এই বিষয়ে যথেষ্ট সংশয় আছে। ভারতবর্ষের রাষ্ট্র কাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা এই রাজ্যে ক্ষমতায় আছি, আমরা এখানে পারিবারিক আদালত প্রতিষ্ঠা করার চেষ্টা করেছি। ভারতবর্ষে তো অনেক কংগ্রেস শাসিত রাজ্য আছে সেখানে আপনারা কি করেছেন, মহারাষ্ট্রে আপনারা কি করেছেন? এখানে বসে আপনারা নারী কল্যাণ, নারী নির্যাতন নিয়ে কথা বলছেন। মাতৃ জঠরের ভ্রূণে নারী সন্তান হলে তাকে কিভাবে হত্যা করা যায় তার জন্য বৈজ্ঞানিক সুযোগ তাকে আপনারা প্রশংসা করছেন, উৎসাহিত করছেন। কি করে সেটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার ব্যবস্থা করছেন। এক বছরে মহারাষ্ট্রে ১৯৯০/৯১ সালে এই রকম ৪০ হাজার ভ্রূণকে হত্যা করা হয়েছে। এই রকম দৃষ্টিকোণ থেকে, এই রকম দৃষ্টিভঙ্গি থেকে নারী মর্যাদার প্রশ্নে, নারী স্বার্থ রক্ষার প্রশ্নে দরিদ্র মানুষের পক্ষে আপনারা আন্দোলন করতে পারবেন না এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা। এই অভিজ্ঞতা নিয়ে পশ্চিমবাংলায় যে পারিবারিক আদালত গঠন করবার দ্রুত প্রয়োজন সেই প্রয়োজনকে সামনে রেখে এই প্রস্তাব উত্থাপন করা হয়েছে।

এই যে পারিবারিক আদালত আটকে আছে সেই বিষয় সম্পর্কে আপনাদের দৃষ্টিভঙ্গি কি? বার অ্যাসোসিয়েশনের কোনও অশুভ শক্তি, আইনজীবীদের অশুভ শক্তি এর বিরোধিতা করছেন। নারীরা যাতে সামাজিক অধিকার নিয়ে বাঁচতে পারে, তারা পরিবারে যাতে সঠিকভাবে ফিরে যায় সেই জন্যই এই আদালত। যে সমস্ত স্বামী তাদের অধিকার পদদলিত করছে তাদের চিহ্নিত করুন।

[12-00 — 12-10 p.m.]

তাদের জনমানস থেকে বিচ্ছিন্ন করে আন্দোলন গড়ে তুলুন। এই কাজ করার জন্য এই প্রস্তাব আমাদের কাছে গুরুত্বপূর্ণ, এটি গুরুত্ব পাবে এই আশা আমি করি। সর্বশেষে আমি এই কথা বলব, গোটা ভারতবর্ষে নারী নির্যাতনের ঘটনা, সামাজিক অত্যাচারের যে ঘটনা তা থেকে বিচ্ছিন্ন হয়ে যদি আপনারা পশ্চিমবঙ্গকে দেখেন তাহলে পশ্চিমবঙ্গে সেই সজাগ সামাজিক আন্দোলন গড়ে তোলা সম্ভব নয়। আপনারা অনেক রিপোর্ট, অনেক পরিসংখ্যান দেখেছেন এবং পশ্চিমবঙ্গের বিধানসভায় আলোচনা করছেন। আপনারাই বলুন, এই পশ্চিমবঙ্গই পারে যেখানে বানতলার আসামীরা পালিয়ে যেতে পারে না, তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারে পশ্চিমবঙ্গ সরকার। নিহারবানুর ঘটনায় জড়িত আসামিরা আদালতে বেল পায় না, জামিন পায় না। তাদের আসামির কাঠগোড়ায় দাঁড়িয়ে জবাব দিতে হয়। এই পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ থেকে এই রাজ্য আলাদা নয়। ভারতবর্ষে যে আর্থ সামাজিক অবস্থা বিরাজ করছে তার আঁচ, তাহ দাহ পশ্চিমবঙ্গের জনজীবনকেও দহন করে। সেই অবস্থার মধ্যে দাঁড়িয়েও পশ্চিমবঙ্গ সরকার তার দায়িত্ববোধের পরিচয় দিয়ে এই নির্যাতিত মানুষের পাশে থেকেছে, দরিদ্রতম মানুষের পাশে থেকেছে, গণতন্ত্রপ্রিয় মানুষের পাশে থাকেন। সেই সরকারের কাছে আমরা দাবি করতে পারি, আবেদন করতে পারি যে পারিবারিক আদালতকে ব্যাপকতম মানুষের কাছে নিয়ে যাবার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। পশ্চিমবঙ্গের যে ঐতিহ্য, সেই ঐতিহ্য-এর উত্তরসূরী যেন আমরা হতে পারি। সেই রকম প্রস্তাবই আমরা রেখেছি। আমাদের দৃঢ় বিশ্বাস যে এই প্রস্তাবকে সমর্থন করার মধ্যে শুধুমাত্র যেন আনুষ্ঠানিক বিষয়টিই না থাকে, এটি নিয়ে ব্যাপক আন্দোলন যেন আমরা গড়ে তুলতে পারি, সেদিকে আপনারা দৃষ্টি দেবেন। এই প্রস্তাবকে কেবলমাত্র বিরোধিতা করা বা সমর্থন করা নয়, এই প্রস্তাবকে কার্যকর করার জন্য যে দায়িত্ব পালন করা দরকার, আশা করি আপনারা তা পালন করবেন। এই প্রস্তাবকে আপনারা সকলে গ্রহণ করবেন এই আবেদন আমি রাখি। পারিবারিক আদালত গঠনের ক্ষেত্রে যে বাধাগুলি আছে সেগুলি অতিক্রম করে কি করে এই আদালতকে অবিলম্বে কার্যকর করা যায় তারজন্য সত্বর ব্যবস্থা গ্রহণ করবেন, মাননীয় আইনমন্ত্রী তথা ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, it appears from rule 328 (vii) that A member while speaking shall not utter treasonable, seditious or defamatory words, মাননীয় সদস্যা কুমকুম চক্রবর্তী বর্ক্তৃতা দেবার সময় বলেছেন যে, আপনারা ভ্রূণ হত্যাকে শুধু সমর্থন করছেন না, তাকে উৎসাহিত করছেন। শাসকদলের পক্ষ থেকে এতবড় অসত্য কথা তিনি এখানে বলেছেন। স্যার, এই কথাটা এক্সপাঞ্জ করে দেওয়া উচিত। এটা কংগ্রেস পার্টির প্রতি সিরিয়াস অ্যাসপার্সান।

**মিঃ স্পিকার :** এটা পয়েন্ট অব অর্ডার হবে না।

The motion of Shrimati Kumkum Chakraborty that —

যেহেতু রাজ্য সরকার পারিবারিক আদালত গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করলেও এই সিদ্ধান্ত এখনও কার্যকর হয় নি ;

যেহেতু পারিবারিক সমস্যাগুলির দ্রুত নিষ্পত্তি ও মীমাংসার জন্য পারিবারিক আদালত গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ;

যেহেতু দেওয়ানি আদালতের সঙ্গে যুক্ত থাকায় বিভিন্ন সামাজিক মামলাগুলির মীমাংসা বিলম্বিত হয় ; এর ফলে সমাজে সাধারণ মানুষের স্বার্থ এবং বিশেষভাবে নির্যাতিতা মহিলাদের স্বার্থ চরমভাবে বিঘ্নিত হয় ;

অতএব এই সভা পারিবারিক আদালত গঠন করার সকল বাধা অতিক্রম করে অগণিত সাধারণ মানুষের স্বার্থ রক্ষাকল্পে অবিলম্বে এই রাজ্যে পারিবারিক আদালত গঠন করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে।

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Now I request Shri Saugata Roy to move his motion.

## MOTION UNDER RULE 185

**Shri Saugata Roy :** Sir, I beg to move that—

Whereas the Polls in 3 tier Panchayat Bodies may will be continued upto the late hours of night ;

Whereas the arrangement of illumination of polling booths and counting tables in far-flung areas are always inadequate and insecured too;

Whereas the Police Guards are absolutely insufficient and in some places are only left to one or two lathi bearing personnel of Home Guard ;

Wherease there is the participation, compulsorily of the female contestants in the proportion of a minimum of 30% as required by the status ;

Whereas it is necessary to ensure the impartiality of counting of votes ; and

Whereas the prevention of snatching or loothing of ballot boxes or ballot papers before or during counting of votes is necessary ;

This Assembly urges upon the Government to ensure that the

counting of votes of the 3 tier Panchayat Institutions be held in suitable premises in and around Block headquarters or Police Station headquarters on the next day after the poll, by bringing ballot boxes to the places under security cover and protecting the ballot boxes till the countings are over.

**Mr. Speaker :** There is no amendment to the motion.

**শ্রী সৌগত রায় :** মিঃ স্পিকার স্যার, আমি পঞ্চায়েতি নির্বাচনের ব্যাপারে বলি, যে প্রস্তাব আমাদের পক্ষ থেকে দেওয়া হয়েছে সেই প্রস্তাব এখানে রাখছি। পশ্চিমবাংলার শাসক দল কংগ্রেসের গণতন্ত্রের বিশ্বাসের সুযোগ নিয়ে একটা অগণতান্ত্রিক পঞ্চায়েতি ব্যবস্থা আমাদের উপর চাপিয়ে দিচ্ছে। স্যার, আমি এই প্রস্তাবটা মুভ করে দু-একটি কথা এখানে বক্তৃতা হিসাবে রাখছি। পশ্চিমবাংলার শাসকদল গণতন্ত্রের বিশ্বাসের সুযোগ নিয়ে একটা অগণতান্ত্রিক পঞ্চায়েতি ব্যবস্থা আমাদের উপর চাপিয়ে দিচ্ছে। আমরা এর আগে বলেছি ত্রিপুরায় রাষ্ট্রপতি শাসন নিয়ে যারা এত আগ্রহী পশ্চিমবাংলায় তাদের রাজি হওয়া উচিত। পঞ্চায়েতি নির্বাচনের সময় রাষ্ট্রপতি শাসনের ব্যবস্থা করা। বামফ্রন্ট সরকার থাকলে এখানে কোন নিরপেক্ষ পঞ্চায়েতি নির্বাচন হবে না। আমাদের দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন যে প্রস্তাব দিয়েছিলেন দেশে অযোধ্যা কাণ্ডের পর যে সাম্প্রদায়িক আবহাওয়া রয়েছে সেই সাম্প্রদায়িক আবহাওয়া কমা না পর্যন্ত পঞ্চায়েতি নির্বাচন কিছু দিনের জন্য পিছিয়ে দেওয়া হোক। আমাদের তরফ থেকে গণতান্ত্রিকভাবে যে দাবি করা হয়েছিল সেই দাবি ওরা বাতিল করে দিয়েছে এবং তাতে পশ্চিমবাংলার সাম্প্রদায়িক শক্তির উত্থান হবে। আর. এস. পি. দল থেকে প্রতিবাদ করা হয়েছিল যে একসাথে পঞ্চায়েতি নির্বাচন এবং পৌরসভা নির্বাচন ৩০শে করা উচিত নয়। আর. এস. পি. দল হচ্ছে বামফ্রন্টের শরীক দল অথচ শুধুমাত্র একক সি. পি. এম. যারা ৩৬ পারসেন্ট ভোট পেয়েছে ওরা ওদেরকে উপেক্ষা করে জোর করে পঞ্চায়েতি নির্বাচনকে চাপিয়ে দিয়েছেন। রাজীব গান্ধী যখন পঞ্চায়েতি বিল এনেছিলেন তখন তার তিনটি মূল কথা ছিল। এক হচ্ছে পঞ্চায়েতি নির্বাচনকে বাধ্যতামূলকভাবে সংবিধান সংশোধন করা, দুই হচ্ছে, পঞ্চায়েতের সমস্ত ব্যয় কন্ট্রোলার অ্যাণ্ড অডিটর জেনারেলকে দিয়ে পরীক্ষা করা হোক, তিন হচ্ছে, পঞ্চায়েতি নির্বাচন কমিশনের মাধ্যমে করা হোক। যাতে সারা ভারতবর্ষে পঞ্চায়েতি নির্বাচন-এর একটা ইউনিফর্মিটি থাকে। আমাদের এই দাবি ওরা মানেননি। তার কারণ ওরা চাননা পঞ্চায়েতি নির্বাচনের সঠিকভাবে পরিস্ফীত হোক। আজকে পশ্চিমবাংলায় যে নির্বাচন হচ্ছে তার দিকে আপনারা একটু তাকিয়ে দেখবেন। পঞ্চায়েতি নির্বাচন ৪৯ হাজার বুথে নির্বাচন হচ্ছে, ৬৮ হাজার আসনে, ৬১৫টি হচ্ছে জেলা পরিষদ, আর ৯৫৫০টি হচ্ছে পঞ্চায়েত সমিতি, ৫৮ হাজার গ্রাম পঞ্চায়েত এইগুলি নির্বাচন হবে। এর মধ্যে ৩৪ শতাংশ মহিলা প্রার্থী আছেন। তার মানে ২০ হাজার মহিলা প্রার্থী নির্বাচিত হবেন, তার মানে ১ লক্ষ মহিলা প্রার্থী সারা পশ্চিমবাংলায় থাকবেন। পঞ্চায়েতি নির্বাচনের জন্য সময় হচ্ছে ৮ ঘণ্টা অর্থাৎ ৪৮০ মিঃ সকাল সাড়ে ৭টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত। এই পঞ্চায়েতি নির্বাচনে একজনকে তিনটি ভোট দিতে হবে। ১৯৯১ সালে বিধানসভা ও পার্লামেন্ট ইলেকশনে ২টি ভোট দিতে সময় লেগেছিল ১ মি; তার মানে এবারে তিনটি ভোট দিতে সময় লাগবে দেড় মিনিট। অথচ সময় আছে ৪৮০ মিঃ, দেড় মিনিট করে যদি ভোট দিতে সময় যায় তাহলে

৩২০ জন ভোট দিতে পারবে। তার ফলে কি হবে এক একটা পঞ্চায়েতের বুথে হাজার করে যদি ভোটার থাকে আমরা ধরে নিই তাহলে ৭০০।৮০০ জন যদি ভোট দিতে আসে, সেক্ষেত্রে সময় লাগবে অনেকখানি, মানে রাত্রি ৭।৮টা হয়ে যাবে কিংবা আরো বেশি হয়ে যেতে পারে।

অনেক সময় ভোট হতে কোথাও ১২টা কোথাও ১টা বেজে যায়। এর ফলে অনেক জায়গাটা ভোট গণনা করতে ভোর ৫টা বেজে যায়। যখন রাত্রিতে ভোট গণনা হচ্ছে তখন বুথের বাইরে একজন পুলিশ ও একজন হোমগার্ড দাঁড়িয়ে আছে। তারপর আসে গ্রামের বিদ্যুতের প্রশ্ন। কোথাও লণ্ঠন জ্বেলে ভোট গণনা করা হয় এবং তার বাইরে সি. পি. এমের সমর্থকরা লাঠি হাতে দাঁড়িয়ে আছে। আমাদের প্রস্তাব এই গণনাটা বুথে যাতে না হয়, এটা ব্লকে করা হোক। সেটা থানায়ও হতে পারে ব্লকের হেড কোয়ার্টারে হতে পারে, স্কুলেও হতে পারে। আমরা দেখেছি পার্লামেন্টের ভোটের সময় ১৩০।১৪০।১৫০টা বুথের ব্যালট বক্স একটা জায়গায় নিয়ে এসে একটা সিকিওরড্ অবস্থায় গণনা হয়। স্থানীয় সি. পি. এমের গুন্ডারা, সমাজ বিরোধিরা, ডাকাতরা, লুঠেরা তারা ভোটের ফলাফল পাঠাতে পারে না। আমরা দেখেছি গ্রাম পঞ্চায়েতের রেজাল্টকে পাল্টে দেওয়া হয়। প্রিসাইডিং অফিসার, যিনি ছোট একজন অফিসার, তাকে দিয়ে সেই রেজাল্টকে পাল্টে দেওয়া হল এবং পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদেও রেজাল্ট ও সেই সিটগুলোকে চেঞ্জ করে দেওয়া হয়, পরিবর্তন করে দেওয়া হয়। গভীর রাত্রে, মধ্য রাত্রে বাইরে মাত্র একজন হোমগার্ড ও একজন পুলিশ রেখে, সি. প. এম ক্যাডারদের রেখে কোনদিন সঠিক গণনা হতে পারে না। তাই আমরা এই প্রস্তাব এনেছি, যদি আপনারা না মানেন তাহলে এই বিধানসভার অধিবেশন আমরা বয়কট করব কি না, আমরা পঞ্চায়েত নির্বাচনে অংশগ্রহণ করব কিনা সেটা আমাদের চিন্তা করতে হবে। তাই বলছি, এই অগণতান্ত্রিক পদ্ধতিতে ভোট মানা যায় না। শুনছি বিনয়বাবু নাকি দায়িত্ব দিয়ে কাশী চলে যাবেন। যদি কোনও গণতান্ত্রিক লোক থেকে থাকে তাহলে আমাদের এই প্রস্তাবকে তারা মেনে নেবেন। যেখানে ৩০ শতাংশ মহিলা ভোটে প্রার্থী হবে, সেখানে তারা ভোর চারটে পর্যন্ত বুথে থাকবেন কি করে, তাদের প্রতিনিধিই বা কে থাকবে? তাই কাউন্টিং সিস্টেমকে পরিবর্তন করার দাবি রেখে, আমি আমার প্রস্তাব পেশ করছি।

**শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ভোটের উপর যে প্রস্তাব আনা হয়েছে, আমি তার বিরোধিতা করছি। ওরা পঞ্চায়েত ভোটটাকে বানচাল করার অভিসন্ধি নিয়ে এই প্রস্তাবটাকে এনেছেন। তাই আমি এর বিরোধিতা করছি। পঞ্চায়েত নির্বাচনের পর বুথের অভ্যন্তরে গণনা এটা নতুন কিছু নয়, গ্রাম-বাংলার মানুষ এইভাবেই ভোটের ফলাফল দেখতে অভ্যস্ত হয়ে গেছে। কারণ বিগত ১৯৭৮, ১৯৮৩ এবং ১৯৮৮ সালে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনগুলিতে বুথে বুথেই গণনা হয়েছে এবং তার ফলাফলের ব্যাপারে আপনারা কোনও অভিযোগ হাজির করতে পারেননি। এই ধরনের কোনও অভিযোগ যদি আপনারা হাজির করতে পারতেন তাহলে বুঝতাম দৃষ্টান্ত আছে তাই এই মোশন আনা হয়েছে। আপনারা পরাজয় নিশ্চিত জেনেই রণে ভঙ্গ দিতে চাইছেন এবং নির্বাচনটাকে বানচাল করে দিতে চাইছেন।

[12-10 — 12-20 p.m.](including adjournment)

আপনাদের যে প্রস্তাব, সেই প্রস্তাব অনুযায়ী গণনা পুলিশ হেড কোয়ার্টারের নিকটবর্তী স্থানে করতে হবে। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে শত শত, হাজার হাজার প্রার্থী এবং তাদের এজেন্টদের নির্বাচনের পরের দিন আবার পুলিশ হেড কোয়ার্টারের পাশে টেনে এনে জড়ো করা এবং তারপর গণনার কাজ শুরু করা এটা যুক্তির দিক থেকেও যেমন ঠিক নয় তেমনি বাস্তবতার দিক থেকেও সঠিক বলে আমি মনে করি না। বরং এটা পরিশ্রমসাধ্য এবং ব্যয়বহুল বলেই আমি মনে করি। আপনারা রাত্রি জাগার কথা বলছেন। লোকসভা, বিধানসভার নির্বাচনের গণনার কাজ তো অনেক রাত্রি পর্যন্ত চলে, তাহলে এ ক্ষেত্রে বাধা কোথায়? আর সাধারণ নির্বাচনের সঙ্গে তো পঞ্চায়েতের নির্বাচনের অনেক তফাত। কারণ পঞ্চায়েত নির্বাচনে যারা ভোট দেন এবং প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করেন তারা সেই বুথ এলাকায় সেই গ্রামেই থাকেন এবং রাত্রিও জাগতে তারা অভ্যস্ত। গ্রামে এমনিতেই সারা রাত্রি ব্যাপি নানান অনুষ্ঠান, উৎসব ইত্যাদি হয় এবং রাত জেগেই গ্রামের মানুষরা সেইসব উৎসব পালন করেন কাজেই রাত্রি জাগার কথাটা ঠিক খাটে না। তা ছাড়া পঞ্চায়েত নির্বাচন তো গ্রামের মানুষের কাছে একটা উৎসবের মতন। কাজেই আবার বলছি যে রাত্রি জাগার কথাটা ঠিক খাটে না। তারপর আপনারা মেয়েদের নিরাপত্তা এবং অসুবিধার কথা বলেছেন। এসব কথা কিন্তু আপনাদের মুখে শোভা পায় না। কারণ আপনাদের জেনে রাখা ভাল যে আপনাদের আমলে এ সম্পর্কে পশ্চিমবঙ্গে একাধিক মহাভারত রচিত হয়েছে। পশ্চিমবঙ্গের দুজন সাংবাদিক— একজন, সুখরঞ্জন সেনগুপ্ত, তার লেখা 'সিদ্ধার্থশংকর রায়—সিদ্ধি ও নির্বান এবং অপর সাংবাদিক শ্রী শ্যামল চক্রবর্তী, তার লেখা—'ছাত্র ও যুব কংগ্রেস-কীর্তি ও কেলেংকারি—এই বইগুলি বাজারেই পাওয়া যায় কিনতে, সেগুলি পড়বেন এবং তাহলেই বুঝবেন আপনাদের সময় এখানে নারীদের নিয়ে কি মহাভারত রচিত হয়েছিল। এই প্রসঙ্গে বলি, অন্য মেয়েদের কথা ছেড়েই দিন, আপনাদের নিজেদের দলের সভানেত্রী শ্রী আভা মাইতির কথা মনে নেই? তার বস্ত্র কেড়ে নিয়েছিলেন, বস্ত্র ছিঁড়ে দিয়েছিলেন। আভা মিত্র কোনরকমে একটি বস্ত্র সংগ্রহ করে নিজের লজ্জা নিবারণ করেছিলেন। এসব আমার কথা নয়, সবই লিপিবদ্ধ করা আছে। তারপর আপনারা পুলিশ, গুণ্ডাদের কথা বলেছেন। এসব কথাও আপনাদের মুখে মানায় না। তা ছাড়া শুধু পুলিশ ও হোমগার্ডরা মানুষকে নিরাপত্তা দেয় না, তারজন্য দরকার গ্রামের মানুষের সহযোগিতা। পশ্চিমবঙ্গের গ্রাম-বাংলার মানুষ সে ব্যাপারে সংগ্রামের পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ। কারণ গণতন্ত্রকে তারা অনেক মূল্য দিয়ে ফিরে পেয়েছেন। অনেক অনেক সংগ্রামের মধ্যে দিয়ে তারা গণতন্ত্রকে এখানে ফিরে পেয়েছেন কাজেই পশ্চিমবাংলায় গণতন্ত্রকে রক্ষা ক্ষেত্রে এক একজন সংগ্রামী সৈনিক হিসাবে আজ তারা কাজ করে চলেছেন। আপনাদের প্রস্তাবের আমি বিরোধিতা করছি এবং পরিশেষে বলছি, পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আজ আর কায়েমী স্বার্থের রক্ষক নয়, পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আজ সংগ্রামী মানুষের হাতিয়ার। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত আজ সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার হাতিয়ার। ৬ তারিখে অযোধ্যার ঘটনার পর তাই আপনারা দেখেছেন যে গ্রামবাংলা কি রকম শান্ত ছিল। কাজেই গ্রামবাংলার মানুষ সে পরীক্ষায় পরীক্ষিত। আমি তাই মনে করি যে, মানুষের প্রতি বিশ্বাস থাকলে এই প্রস্তাব আপনারা আনতেন না। আমি এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** এখন বিরতি, আবার আমরা মিলিত হ'ব ১-টার সময়।

(At this stage the House was adjourned till 1-00 p.m.)

[1-00 — 1-10 p.m.](After Adjournment)

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে ১৮৫ নং রুল অনুযায়ী যে মোশন দিয়েছি তার মধ্যে কোনও বিশেষ ব্যাপার নেই। আমি আশা করেছিলাম সরকার পক্ষ মোশনটাকে স্বীকার করে নেবেন। তবে আপাত দৃষ্টিতে স্বীকার করে না নিলেও নীতি-গতভাবে মোটামুটি স্বীকার করে নিয়েছেন, যার জন্য কোনও অ্যামেন্ডমেন্ট দেননি। স্যার, অ্যামেন্ডমেন্ট না দেওয়ার অর্থই মোশনের উপর নতুন করে বিতর্কের অবকাশ না রেখে মোশনটিকে পাস করে দেওয়া। স্যার, আমরা কোনও সংকীর্ণ দলীয় রাজনৈতিক স্বার্থে এই মোশন উত্থাপন করিনি। আমি মনে করি এই মোশনটি মেনে নিলে সকলের উপকার হবে। আমরা কি অস্বীকার করতে পারি দীর্ঘদিন জাতীয় পর্যায়ে আলোচনার পরিপ্রেক্ষিতে ত্রি-স্তরে পঞ্চায়েতী-রাজ স্বীকৃত হয়ে লোকসভায় এবং রাজ্যসভায় পাশ হয়ে গেছে, আর ১২-টা বিধানসভা ওটা পাস করলেই সরকার পক্ষের এখানে আজকে আর অন্য কোনও বক্তব্য রাখার অবকাশ থাকত না। সেটা ১২-টা বিধানসভায় পাস না হওয়ার সুযোগ নিয়ে এখানে সরকার তড়িঘড়ি পঞ্চায়েত নির্বাচন ডেকে দিয়েছেন। মহাভারত কি অশুদ্ধ হয়ে যেত যদি জাতীয় পর্যায়ে এক প্যাটার্নে পঞ্চায়েতি-রাজ চালু হ'ত? আমার পূর্ববর্তী বক্তা সৌগত রায় পরিষ্কার-ভাবে বলে গেছেন দেশের গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে আজকে ১/২ টাকা নয়, পঞ্চায়েতের হাতে নেহেরু যোজনা এবং অন্যান্য খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোটি কোটি টাকা আসছে এবং খরচ হচ্ছে। কিন্তু খরচগুলো দেখছে কে? দেখার কোনও লোক নেই। এর জন্যই পঞ্চায়েতগুলো দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। জাতীয় পর্যায়ের আইনে এ বিষয়ে কি বলা আছে? যেমন রাজ্য সরকারগুলোর হিসাব-নিকাশ এ. জি. দেখাশোনা করবেন। এটা কি খারাপ জিনিস? আজকে এখানে ২২/২৩ হাজার আসন মহিলাদের জন্য সংরক্ষিত করা হচ্ছে। এটা জাতীয় পর্যায়ের আইন থেকে গ্রহণ করা হয়েছে। এদের যেটা যেখানে পছন্দ হবে, সেটা সেখানে গ্রহণ করবেন, যেটা পছন্দ হবে না সেটা বর্জন করবেন, এই হচ্ছে নীতি। আমি মনে করি জাতীয় পর্যায়ের কমপ্রিহেনসিভ অ্যাক্টটা গ্রহণ করলে সমস্ত ব্যাপারটা অনেক বেশি গণতান্ত্রিক হ'ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওদের বলি, ওরা এক সময় চিৎকার করে বলতেন—আমরাই ভারতবর্ষের এক মাত্র রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থাকে সার্থক করতে পেরেছি। জাতীয় ব্যবস্থা চালু হবার পর ওদের ঐ বক্তব্য রাখার সুযোগ আর থাকবে না। আমি পঞ্চায়েত মন্ত্রীকে জিজ্ঞাসা করি কেন আপনারা রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে কাগজে-কলমে পঞ্চায়েতরাজ নির্বাচনের তারিখ ঘোষণা করে দিলেন? এখনও পর্যন্ত এ বিষয়ে কি কোনও রাজনৈতিক দলকে কোনও কিছু জানিয়েছেন? আমরা সংবাদপত্রের মাধ্যমে জানতে পারলাম সর্বদলীয় বৈঠক হবে ডিলিমিটেশনের ব্যাপারে।

এখন পর্যন্ত কোনও রাজনৈতিক দল জানে না কোথায় কোথায় শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব প্রার্থী এবং কোথায় কোথায় মহিলা প্রার্থী দিতে হবে? এখন পর্যন্ত ডেলিমিটেশনের কোনও ব্যবস্থা হল না? আমি পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই,

[**] করার একটা সীমা থাকে। আমরা এটা বরদাস্ত করব না, রাজনৈতিক কৃচ্ছ্রতা বরদাস্ত করতে রাজি নই। যার জন্য চরম ব্যবস্থা নিতে চলেছি। পঞ্চায়েতি রাজ ব্যবস্থা মধ্যে আমরা দেখতে পাচ্ছি আমাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে যে নির্বাচনের দিন রাত্রি দেড়টা দুটো বেজে যায় এবং এটা হিসাব কষে দেখিয়ে দিয়েছি, ৩টি করে ভোট দিলে যত মানুষ নির্বাচনে অংশগ্রহণ করে তাতে গণনার কাজ শেষ হতে অনেক রাত্রি হয়ে যায় আর রাত্রি হলে ডাকাতগুলি বেরোয়। দুনিয়ার যত অপরাধ শুরু হয় রাত্রিবেলা। এইসব ডাকাতরা রাত্রির জন্য অপেক্ষা করে থাকে কখন ১২/১টা বেজে যাবে। এটা আমাদের অভিজ্ঞতা। এই ডাকাতগুলির হাত থেকে বাঁচার জন্য এই মোশন এনেছি। গণনার সময় প্রার্থিদের কাছ থেকে ব্যালট কেড়ে নিয়ে নেয় এবং বলে দেয়, যান, গণনা হয়ে গেছে, সি. পি. এম. প্রার্থী জিতে গেছে, আপনি বাড়ি চলে যান। তারই জন্য এম. এল. এ. এবং এম. পি.-দের ক্ষেত্রে যে ব্যবস্থা আছে—এক জায়গায় সমস্ত ব্যালট বক্স নিয়ে যাওয়া হোক এবং সেখানে নিয়ে গিয়ে গণনা করলে সুবিধা হবে। সেটা করলে ব্যালটে [**] করার সুযোগ হবে না। আপনারা বলছেন, গ্রামের মহিলা, মা-বোনদের প্রোটেকশন থাকবে। কি করে থাকবে? গ্রামের সাধারণ মানুষ যত ছিটিয়ে যাবে আপনাদের গুন্ডামি, রাহাজানি করার তত সুযোগ বাড়বে। যার জন্য আমি যেটা করতে বলছি, সেটা আপনাদের পক্ষেও সুবিধা হবে, অবাধ স্বাধীন গণনা করা হবে। যারা গণনার কাজ করেন এই সমস্ত সরকারি, আধা-সরকারি কর্মচারিরা আপনাদের লাঠির ভয়ে চুপ করে বসে থাকেন। তাদের বাঁচাবার জন্য এবং গণতান্ত্রিক পদ্ধতিকে মজবুত করার জন্য আমি বলছি, থানায় ভোট গণনা করুন। থানা আমাদের নয়। বি. ডি. ও. অফিস আমাদের নয়, বি. ডি. ও. অফিসে ভোট গণনা করুন। অথবা বড় স্কুলে বা কলেজের মধ্যে গণনা করুন। মহকুমা সাব-ডিভিসন অফিসে গণনা করুন। এঁগুলি সব আমাদের নয়, সরকারি-আধা-সরকারি প্রতিষ্ঠান। এইখানে গণনার ব্যবস্থা করুন। কেন্দ্রীয় পর্যায়ে গণনা করুন, সেন্ট্রালাইজ ওয়েতে গণনা করুন। এম. এল. এ. এবং এম. পি.-এর মত একটা ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে গণনার ব্যবস্থা করুন। ২২/২৩ হাজার মা-বোনদের অসম্মানের ভয় পাচ্ছি। এই পদ্ধতি অবলম্বন করলে এদের রক্ষা করা যাবে। মানুষ বাঁচলে, মা-বোনরা বাঁচলে এবং তাদের সম্মান থাকলে তবেই কংগ্রেস এবং কমিউনিস্ট বাঁচবে। সেটাকে আপনারা উড়িয়ে দেবার চেষ্টা করছেন। অবশ্য আমি খুশি যে আপনারা এই মোশনের উপর কোনও অ্যামেন্ডমেন্ট দেননি এবং আশা করি, আপনারা একে সমর্থন করবেন। আমি এই মোশানে মূল জায়গায় আপত্তি করেছি। আমি এমনকি আপনাদের সাধুবাদ জানিয়েছি নির্বাচন যথাসময়ে করার জন্য। কিন্তু সামান্য একটু পরিবর্তন চাচ্ছি গণনার ক্ষেত্রে।

কংগ্রেস একটা রাজনৈতিক দল, নির্বাচনে কখন হারব, কখন জিতব। আমরা ইতিহাসের প্রয়োজনে জন্মেছি, যতদিন ইতিহাস থাকবে, হাজার চেষ্টা করলেও আমাদের লোককে খুন করেও শেষ করতে পারবেন না। গণতান্ত্রিক এই ব্যাভিচার, গণতন্ত্রের টুঁটি টিপে মারবার যে এই চক্রান্ত আমরা তার বিরোধিতা করব। তাই সর্বসম্মতভাবে এই মোশান পাস করবার চেষ্টা করছি। আমরা যা মনে করি যে, গণতন্ত্র এবং সংসদীয় গণতন্ত্র থাকলে আমরা থাকব। তাই সকলে একবাক্যে আমাদের এই যে গণনার প্রস্তাব এটাকে মেনে নিন, এটা মেনে নিলে

Note * Expanged as ordered by the Chair.

আজকে শুধুমাত্র আপনারা যে ত্রিস্তর পঞ্চায়েতি রাজ চালু করেছেন এবং কেন্দ্রীয় সরকার যে নূতন আইন এনেছে সেটা মজবুত হবে এবং আপনাদের কাজের ভার অনেক লাঘব হবে। গণনার নূতন পদ্ধতিতে আজকে মহারাষ্ট্রের মতো একটা বড় রাজ্যে যেখানে জাতীয় পর্যায়ে এই আইন মেনে নেওয়া হয়েছে শুধুমাত্র একটা পরিবর্তন দরকার ছিল সেটা বয়েস। সেটারও পরিবর্তন হয়ে যাচ্ছে, সেটাও আজকে সাকসেসফুল হবে। গণনার দ্বারা ওরা আজকে ত্রি-স্তর পঞ্চায়েত চালু করে দিচ্ছে। সেই রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থা সাকসেসফুল হবে এবং সাবসিকোয়েন্টলি ল্যান্ড এবং ল্যান্ড রিফর্মস সেখানে সাকসেসফুল হবে এবং অনেক প্রসপরাস হবে। আমাদের চেয়ে তারা অনেক বেশি এগিয়ে যাবে। আমরা অর্থনৈতিক এবং সামাজিক দিক থেকে অনেক পিছিয়ে যাব সেটা হতে পারে না। মাননীয় মিনিস্টার ছিলেন, উনি ভদ্রলোক তাই পালিয়ে গেলেন, একজনকে বসিয়ে দিয়ে গেলেন। অপর দিকে আমাদের বিরোধী বন্ধুরাও এর বিরোধিতা করছেন, সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। আমি নাম করতে চাই না। মাননীয় আর. এস. পি.-র বন্ধুরা বসে রয়েছেন। বামফ্রন্ট কমিটির বৈঠকে ফরওয়ার্ড ব্লক বলেছিলেন, মাননীয় কৃপাসিন্ধুবাবু বলতে পারবেন। এটা অত্যন্ত সায়েনটিফিক গণনার ব্যবস্থা, সেন্ট্রালাইজড করে গণনা হোক, এই কথা বলা হয়েছে। আপনারা সব উড়িয়ে দিলেন, বিরোধী দল বলে কংগ্রেসকে উড়িয়ে দিলেন, এস. ইউ. সি.-কে উড়িয়ে দিলেন, পার্টি করতে করতে একেবারে একদলীয় শাসন ব্যবস্থার প্রবর্তন করতে চলেছেন। একদলীয় শাসনব্যবস্থায় ত্রি স্তর পঞ্চায়েত করা যায় না। ত্রি-স্তর পঞ্চায়েত রাজ সার্থক করার জন্য নির্বাচন হচ্ছে, সে ভার মানুষের উপর ছেড়ে দিন। একটা জাতীয় পর্যায়ে পঞ্চায়েতি রাজের নূতন কমপ্রিহেনসিভ আইনকে গ্রহণ করুন। বিচ্ছিন্নভাবে দু-একটা দিক দিয়ে গ্রহণ করবেন না। অপরদিকে সেন্ট্রালাইজড করতে পারছি, এই গণনার ব্যবস্থা অত্যন্ত বিজ্ঞান ভিত্তিক, সেটা স্বীকার করে নেওয়া হোক। আমি দীর্ঘ বক্তৃতা করতে চাই না, শেষ করার আগে বলতে চাই যে আমরা যে প্রস্তাব এনেছি তার উপর কোনও অ্যামেন্ডমেন্ট নেই, তাই ধরে নিতে পারা যায় যে এর বিরোধিতা না করে এটা সর্বসম্মতি ক্রমে পাস করানো হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বক্তব্য আমাদের কয়েকটা কথা বলেছেন, রাসকেল, জোচ্চোর, গরু ইত্যাদি। এইগুলি পার্লামেন্টারি ওয়ার্ড কিনা জানি না বা এইগুলি হাউসের মধ্যে বলা যায় কিনা জানি না ওর এইসব কথা থেকেই দলটা যে কত অসভ্য সেটা বোঝা গেল।

**মিঃ স্পিকার ঃ** প্রসিডিংস দেখব, থাকলে বাদ যাবে।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধীদলের পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে এবং তার উপর আলোচনা করতে গিয়ে মাননীয় বিরোধী সদস্যরা পঞ্চায়েত রাজ এবং সেই পঞ্চায়েত রাজের সাফল্য সম্পর্কে নানা কথা বলেছেন এবং জাতীয় পর্যায়ে পঞ্চায়েতের যে আইন আনা হয়েছে সে ক্ষেত্রে তারা কিছু কিছু কার্যকর ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন এটা তাড়াহুড়োর ব্যাপার নয়। সারা ভারত পঞ্চায়েতিরাজ স্থাপনের কথা সংবিধানে পরিষ্কারভাবে উল্লেখ থাকা সত্ত্বেও এর আগে তার সফলতা আমরা

লক্ষ্য করিনি। পরবর্তীকালে বামফ্রন্ট সরকার আসার পর পঞ্চায়েতি-ব্যবস্থাকে কার্যকর করা হয়েছে এবং তারফলে আজকে পশ্চিমবঙ্গে গ্রামীণ উন্নয়ন এবং গ্রামীণ মানুষের জীবন ও জীবিকার ক্ষেত্রে একটা সুদুর প্রসারি সফলতা এসেছে। তাই আজকে যে নতুন আইন রচিত হচ্ছে এবং যাকে সামনে রেখে আগামী পঞ্চায়েত নির্বাচন হবে, আমি আশা করব এর ফলে সাধারণ খেটে খাওয়া মানুষের জন্য যেসব কল্যাণমূলক কর্মসূচি নেওয়া হয়েছে তা সঠিক রূপ পাবে। এইসব কল্যাণমুলক কর্মসূচি গ্রহণ করবার ফলে জনগণ বারবার শুধু যে বামফ্রন্ট সরকারকেই ক্ষমতায় অধিষ্ঠিত করেছেন তা নয়, বিভিন্ন পঞ্চায়েত এবং পৌরসভা নির্বাচনেও বামফ্রন্টকে জয়ী করেছেন। স্বাভাবিকভাবে আগামী ৩০শে মে যে পঞ্চায়েত নির্বাচন হবে সেই নির্বাচনেও পশ্চিম বাংলার খেটে খাওয়া সাধারণ মানুষ আবার বামফ্রন্টকে ক্ষমতায় নিয়ে আসবেন এবং তারফলে রাজ্যের গ্রামীণ উন্নয়নের কাজ আরও দ্রুততার সঙ্গে সম্পন্ন হয়ে মানুষের উন্নতি সাধিত হবে। এখানে এক মাননীয় সদস্য কেন্দ্রের জাতীয় আইন অনুযায়ী পঞ্চায়েতের অ্যাকাউন্ট এ. জি. বেঙ্গলকে দিয়ে আউট করাবার কথা বলেছেন। আমরা অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখছি, গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিগুলি তাদের নিজেদের অ্যাকাউন্ট দ্রুততার সঙ্গে অডিট করাতে পারলেও জেলা পরিষদের অ্যাকাউন্টের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, ১৯৮২ থেকে ১৯৮৪ সালের অ্যাকাউন্ট-এর অডিট এখনও অনেক জেলায় সম্পন্ন করা যায়নি। স্বাভাবিকভাবে আমি তাদের সঙ্গে একমত, বামফ্রন্ট সরকারের বাজেটের ৫০ ভাগ টাকা গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে খরচ করবার যে সিদ্ধান্ত সেই অধিক সংখ্যক টাকা খরচ করবার বিষয়ে যদি এ. জি. বেঙ্গলের মাধ্যমে অডিট করানো না হয় তাহলে প্রতি বছর কাজের শেষে যে পরীক্ষা-নিরীক্ষা তা কখনও দ্রুততার সঙ্গে সম্পন্ন করা যাবে না। তবে আজকে যে আইন রচিত হচ্ছে এবং যাকে সামনে রেখে আগামী পঞ্চায়েত নির্বাচন হবে তাকে অবশ্যই সমর্থন করি। পাশাপাশি একটি বিষয়ে উল্লেখ করব এবং আলোচনায় অংশ নিয়ে মন্ত্রীর কাছে আবেদন করব। যে পদ্ধতিতে নির্বাচন হবে সেটা সঠিক হলেও ভোট গণনার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়ে এটা ভাবা যায় কিনা, কেননা পঞ্চায়েত নির্বাচনের পর গণনার ক্ষেত্রে যেভাবে হয় এবং নির্বাচনকে সামনে রেখে গ্রাম বাংলায় যে উৎসাহ উদ্দীপনা সৃষ্টি হয়, তাকে সামনে রেখে যে উত্তেজনা সৃষ্টি হয়, সেই পরিস্থিতিতে নির্বাচন সমাপ্তির পর অধিক রাতে বিভিন্ন কেন্দ্রে ভোট গণনার ব্যাপারটা থাকে বলে আমাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছি, আইন-শৃঙ্খলার ক্ষেত্রে অবনতি ঘটেছে, বুথে নানা অশান্তির সৃষ্টি হয়েছে। তাই ভোট গণনার বিষয়টা বুথে না করে যদি ব্লক হেডকোয়ার্টার বা বিশেষ এলাকাভিত্তিক কোনও জায়গায় স্থিরিকৃত করে সেখানে এই গণনার বিষয়টা রাখতে পারি তাহলে মনে হয় আইন-শৃঙ্খলাজনিত সমস্যাটা দূর হবে। আজকে পশ্চিমবঙ্গের মানুষের কল্যাণ সাধনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের যে কর্মসূচি তাকে যেমন বিকেন্দ্রীকরণ করতে পেরেছেন, গণতান্ত্রিকরণ করতে পেরেছেন, তেমনি আগামী দিনে বামফ্রন্টের নীতি সঠিকভাবে করবার স্বার্থে বিশেষ করে ভোট গণনার বিষয়টা ভাবতে পারেন কিনা, এক্ষেত্রে পরিবর্তন করতে পারেন কিনা এটা মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব। এই বিষয়টা আমাদের দলের পক্ষ থেকে আমি এখানে রাখছি। আজকে এই পঞ্চায়েতি রাজ ব্যবস্থার মাধ্যমে বামফ্রন্ট সরকার যে ভূমিকা নিয়েছেন সেটা সারা ভারতবর্ষের কাছে একটা দৃষ্টান্ত এটা উল্লেখ করতে পারি। সেক্ষেত্রে এই ব্যাপারটাকে যদি আর একটু চিন্তা-ভাবনার মধ্যে এনে পঞ্চায়েতি রাজ

ব্যবস্থাকে প্রয়োগ করবার ক্ষেত্রে যে সিদ্ধান্ত নিয়েছেন, যে সক্রিয় ভূমিকা নিয়েছেন তাকে আরও গণতান্ত্রিক করবার জন্য মন্ত্রী মহাশয়কে এটা বিবেচনা করবার জন্য অনুরোধ রেখে শেষ করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ১৮৫-তে যে মোশন এসেছে তার এটা অন্তত পরিষ্কার হল যে বামফ্রন্ট সরকারের নিজেদের দলগুলির মধ্যে এই ব্যাপারে কোনও ঐক্যমত প্রতিষ্ঠিত হয়নি। নির্বাচনের পরে ভোট গণনা কোথায় হবে এটা একক ভাবে সি. পি. এম.-এর সিদ্ধান্ত। সি. পি. এম. দলের এই সিদ্ধান্ত তাদের শরিক দলগুলি সহ পশ্চিমবঙ্গের বিরোধী দলগুলির উপরে জোর করে চাপিয়ে দিয়েছেন। একটু আগে ,এই বিষয়ে ফরোয়ার্ড ব্লকের সদস্যারা বক্তব্য রাখলেন। এটা দেখে আমরা আশ্বস্ত হয়েছি যে পশ্চিমবঙ্গে এই বিরাট নির্বাচনযজ্ঞে সি. পি. এম. যে কায়দায় ভোট গণনা পদ্ধতি কুক্ষিগত করার চেষ্টা করছেন এবং বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে একটাও অ্যামেন্ডমেন্ট না আসার জন্য এটা বোঝা যায় যে এটার প্রতি প্রচ্ছন্ন সমর্থন না হলেও পরোক্ষ সমর্থন থেকে যাচ্ছে। আমি আগে হাউসে বলেছিলাম যে পশ্চিমবঙ্গে এই মুহূর্তে পঞ্চায়েত নির্বাচন করা উচিৎ কিনা এটা সর্বাগ্রে ভাবা উচিৎ। কারণ হিসাবে বলেছিলাম যে ৬৮ হাজার আসনে ৫ লক্ষ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। এই ৫ লক্ষ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলে তার মধ্যে শতকরা ৩০ থেকে ৪০ আসনে বি. জে. পি. প্রার্থী দেবে। বি. জে. পি.-র মতো একটা দল গ্রামের অভ্যন্তর পর্যন্ত যেভাবে সাম্প্রদায়িকতাকে টেনে নিয়ে যাবে সেটা প্রতিহত করা একান্ত প্রয়োজন। আমরা দেখেছি যে এদের একজিকিউটিভ কমিটি সভা ডেকেছে কলকাতা শহরে। পশ্চিমবঙ্গের উপরে এরা আলাদা সভা করার চেষ্টা করছে। বি. জে. পি.-র নেতারা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়েছিল। তারা ফিরে এসে বলেছে যে এপ্রিলের ১১ তারিখে ব্রিগেড সভা করতে দেওয়া হবে কিনা তা মুখ্যমন্ত্রী ১৭ তারিখে দিল্লি থেকে ফিরে এসে জানিয়ে দেবেন। পরে বুদ্ধদেববাবু প্রেস কনফারেন্স করে বলেছেন যে বি. জে. পি.-কে সভা করতে দেওয়া হবে না। সেই সূত্রে আমরা একথা বলতে চাই যে ভারতীয় জনতা পার্টির এই আগ্রাশন নীতির বিরুদ্ধে আমাদের সোচ্চার থাকতে হবে। তার কারণ গ্রামে গ্রামে বি. জে. পি.-ও প্রার্থী দেবে। এর আগে আমি যে বক্তব্য রেখেছিলাম তাকে ভুল বলা হয়েছিল। আমি বলেছিলাম যে বি. জে. পি.-র মধ্যেও মহিলা প্রার্থী থাকবে। সাম্প্রদয়িকতার প্রশ্নে সাধারণত মহিলারা দূরে থাকেন। কিন্তু বি. জে. পি. প্রার্থী হিসাবে মহিলা প্রার্থী আসবে এবং তাদেরও সাম্প্রদায়িকতার সামিল করা হবে। গণতান্ত্রিক বিধিব্যবস্থায় সি. পি. এম. কিভাবে ভোট করেন তা আমরা সকলেই জানি। আমরা বারবার বলেছি যে নির্বাচনের পরে ব্যালট বাক্স একটা জায়গায়, সেটা থানা হোক বা ব্লক অফিস হোক, নিয়ে গিয়ে গণনা করা হোক। কিন্তু সেটাতেও বিপর্যয় আসতে পারে। কাজেই পঞ্চায়েত নির্বাচন পিছিয়ে দেওয়া যায় কিনা সেটা চিন্তা করা দরকার। যেভাবে বি. জে. পি. শাসিত ৪টি রাজ্যকে ভেঙ্গে দেওয়া হয়েছে, সেখানে কংগ্রেস এবং বামফ্রন্ট এক সঙ্গে নির্বাচন না করার পক্ষে মত দিয়েছেন। কেননা, সেখানকার জনগণ এমন ভাবে ইমোশন্যালি চার্জড হয়ে আছেন যে সঠিকভাবে পলিটিক্যাল সিচুয়েশন সম্পর্কে পরিষ্কার অ্যাসেসমেন্ট নাও করা যেতে পারে। সেই কারণে আমরা বলেছি যে পঞ্চায়েত নির্বাচন

পিছিয়ে দেওয়া হোক।

এই দাবি যদি অগ্রাহ্য হয় তাহলে এই ভোট গণনার কাজ বি. ডি. ও. অফিসের অভ্যন্তরে কিংবা থানার অভ্যন্তরে করা হোক বৃহত্তর গণতন্ত্রের স্বার্থে।

**শ্রীমতী নন্দরাণী দল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, পঞ্চায়েত নির্বাচনে ভোট গণনার কাজ বুথে হবে না ব্লক হেড কোয়ার্টার্সে হবে এই সংক্রান্ত বিষয়ে সৌগতবাবু যে মোশন উত্থাপন করেছেন তার আমি তীব্র বিরোধিতা করছি। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন কোন অবস্থার পরিপ্রেক্ষিতে বুথে ভোট গণনার ব্যবস্থা করা হয়েছে। ১৯৭২ সালে পশ্চিমবাংলায় কংগ্রেস নির্বাচনকে প্রহসনে পরিণত করেছিল, এবং সেটা গ্রামের মানুষ দেখেছে। ফলে নির্বাচন সম্পর্কে গ্রামের মানুষের আস্তা হারিয়ে গিয়েছিল। আমরা দেখেছি যে ১৯৭৭ সালে যখন লোকসভা এবং বিধানসভার নির্বাচন হয়েছিল গ্রামের মানুয ভোট শেষ হয়ে যাবার পর ব্যালট বক্সের সাথে এস. ডি. ও. এবং ডি. এম. অফিসে এসেছে এবং সারা রাত তারা পাহারা দিয়েছে পরের দিন ভোট গণনা শুরু হওয়া পর্যন্ত। আমরা জানি পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর জনগণকে যে প্রতিশ্রুতি দিয়েছিল তা হল পঞ্চায়েত নির্বাচন করব। ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন সংগঠিত হয় এবং জনগণের আন্দোলন এবং সংগ্রামের যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতাকে পাথেয় করে বুথে ভোট গণনা শুরু হয় এবং সেটা কার্যকর হয়। তারপর জনগণের মধ্যে আস্থা ফিরে আসে নির্বাচন সম্পর্কে। এই সিদ্ধান্তের ফলে ওই আস্থা জনগণের মধ্যে ফিরে এসেছে, এই সিদ্ধান্ত সহায়ক হয়েছে, ফলপ্রসূ হয়েছে। আমি বলতে চাই ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন আগে ৩ বার হয়েছে অতীতে এবং সেটা সাফল্যের সাথে হয়েছে। নির্বাচনের মধ্যে দিয়ে, ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে গ্রামের নির্বাচিত পঞ্চায়েত সুচারু রূপে গ্রামোন্নয়নের কাজ করতে সমর্থ হয়েছে। কংগ্রেস নির্বাচনী বৈতরণী পার হত জমিদার, জোতদার, পুঁজিপতি এবং মহাজনদের হাত ধরে। আন্দোলন এবং সংগ্রামের মধ্য দিয়ে, গ্রাম উন্নয়ন প্রশ্নে কাজ গৃহীত হওয়ার মধ্যে দিয়ে এই শক্তি গ্রামে কোণঠাসা হয়ে গিয়েছে। কংগ্রেস কোনঠাসা হয়ে গিয়েছে বলে তারা আজ আতঙ্কগ্রস্থ হয়েছে যদি বুথে ভোট কাউন্টিং হয় তারা জিততে পারবে না। বুথে হলেও জিততে পারবে না হেড কোয়াটার্সে হলেও জিততে পারবে না। বামফ্রন্ট সরকার পঞ্চায়েত নির্বাচনে পশ্চিমবাংলায় আবার জিতবে এবং গ্রামের মানুষ তাদের অধিকার সুরক্ষা করতে পারবে। মোশনের মধ্যে একটা সংশোধন করার জন্য আবেদন রাখব। সেখানে যে মহিলাদের জন্য ৩০ শতাংশ সংরক্ষণের কথা বলা হয়েছে সেটা সঠিক নয়। বামফ্রন্ট সরকারের যে ঐতিহাসিক সিদ্ধান্ত সেই সিদ্ধান্তকে আমি একজন মহিলা বিধায়ক হিসাবে অভিনন্দন জানাই। আজকে মোশনে যে ৩০ শতাংশ বলা আছে তা নয় সেখানে বলা আছে কম করে একের তিন অংশ। একের তিন অংশে আসন সংরক্ষণের কথা বলা আছে। তারা যে মোশন এনেছেন সেটা সংশোধন করে নিতে অনুরোধ করব। যে সম্পর্কে ওনারা ভীত হচ্ছেন যে বুথে যদি ভোট গণনা হয় তাহলে দুজন হোমগার্ড এবং ২ জন পুলিশ দিয়ে নিরপত্তা বজায় থাকবে না, এটা যথেষ্ট নয়। ২ জন হোম গার্ড এবং ২ জন পুলিশ দিয়ে শান্তিপূর্ণ নির্বাচন হবে না এটা আমি বিশ্বাস করি না।

আমরা বিশ্বাস করি পশ্চিমবাংলার জনগণ এবং সদিচ্ছার উপরে। এটা হচ্ছে রাজনৈতিক সদিচ্ছা। কিন্তু এই রাজনৈতিক সদিচ্ছা কংগ্রেসের কোনওদিন ছিল না আজও নেই। আজকে ত্রিপুরায় আপনারা প্রশাসনিকভাবে ফয়দা তুলতে চেয়েছিলেন। ত্রিপুরার জনগণ নাকে ঝামা ঘসে দিয়েছেন, কংগ্রেসকে বাধ্য করেছেন ত্রিপুরায় রাষ্ট্রপতি শাসন জারি করতে। কংগ্রেসি বন্ধুরা ত্রিপুরায় যে কাজ করতে চেয়েছিলেন সেই কাজ পশ্চিমবাংলায় আর করতে পারবেন না। '৭২ সালের অভিজ্ঞতা এটা প্রমাণ করে দিয়েছে যে আপনারা আর ফিরে আসতে পারবেন না। জনগণের যে অভিজ্ঞতা হয়েছে সেই অভিজ্ঞতার উপরে আস্থা রাখি। ভোট গণনার জন্য স্কুলগুলি সম্পর্কে যে অভিযোগ আনা হয়েছে—সেই স্কুলগুলো নাকি উপযুক্ত নয়—তা ঠিক নয়। বামফ্রন্ট সরকারের আমলে গ্রামাঞ্চলের স্কুলগুলি সম্পর্কে আপনাদের ঠিক ধারণা নেই। সৌগতবাবুর স্কুলগুলি সম্পর্কে সঠিক ধারণা নেই। এখন সেই সমস্ত স্কুলগুলো অনেক উন্নত হয়েছে। আপনারা গ্রামের মানুষের কাছে শিক্ষার আলো পৌঁছে দিতে চাননি। যে স্কুলবাড়িগুলো আছে সেগুলোতে কোনও অসুবিধা হবে না। মহিলা ভোটারের প্রতি আপনারা সহানুভূতি জানাচ্ছেন, বলছেন যে মহিলা ভোটারের একজনেরও নিরাপত্তা থাকবে না। আপনারা একজন মহিলার নিরাপত্তার কথাই শুধু ভাবেন। বারবার তাকে রক্ষা করার কথা ভাবেন। তার নাম হচ্ছে মমতা ব্যানার্জি। কিন্তু ৭২ সালে গীতা চক্রবর্তীর উপরে সোনারপুরে কি ঘটনা ঘটেছিল তা ভাবেন না। আপনাদের সঙ্গে একজন মহিলা ছিলেন, তামিলনাড়ু মুখ্যমন্ত্রী—তিনি আপনাদের ছেড়ে দিয়ে চলে গেছেন। গ্রামের মহিলাদের বামফ্রন্ট সরকারের প্রতি আস্থা আছে। সেজন্যই বলছি, নির্বাচন হবে এবং ভোট গণনা বুথেই হওয়া উচিত বলে আমি মনে করি। তাই এই মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে আপনার মাধ্যমে আমাদের দলের তরফ থেকে যে মোশন আনা হয়েছে যে বুথে ভোট গণনা হবে কি হবে না, আপনারা বলছেন হবে, আমরা বলছি হবে না, এরই উপরে কিছু বলতে চাই। আমরা এখানে নিরাপত্তার অভাব আছে বলে মনে করি। হোমগার্ড ও একটি করে লাঠি দিয়ে বুথ প্রোটেকশনের ব্যবস্থা করছেন, এটা দিয়ে কি নিরাপত্তা রক্ষা করা সম্ভব? আমরা মনে করছি যে, এটা দিয়ে সম্ভব নয়। আমরা গ্রামবাংলা থেকে নির্বাচিত হয়ে এসেছি। ১৯৭৩ সালে এই পঞ্চায়েতে নির্বাচনের বিষয়টি এনঅ্যাক্টসেপ্ট হয়। আপনারা ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন করেছিলেন এবং বিপুল ভাবে জয়লাভ করে খুব উল্লসিত হয়েছিলেন। আমাদের তিক্ত অভিজ্ঞতা আছে। ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর আপনারা যারা ক্রিমিন্যাল, যারা জেলখানায় ও হাজতে ছিল তাদের পলিটিক্যাল প্রিজনার্স হিসাবে গণ্য করে ছেড়ে দিয়ে রিওয়ার্ড দিয়েছিলেন। তাদের রিওয়ার্ড দিলেন এই বলে যে, তুমি পঞ্চায়েতের নির্বাচনে দাঁড়াও এবং পঞ্চায়েতের প্রধান হও। যারা ডাকসাইটে ক্রিমিন্যাল তারা যদি নির্বাচনে দাঁড়ান তাহলে সাধারণ মানুষের নিরাপত্তা থাকে কিনা সেটাই হচ্ছে প্রশ্ন। যারা জেলখানায় ছিল, যারা ডাকসাইটে ক্রিমিন্যাল তারা যদি আপনাদের সরকারি তৎপরতায় ছাড়া পেয়ে নির্বাচনে দাঁড়ায়, তাদের হাতে রিভালবার দিয়ে যদি পঞ্চায়েতের নির্বাচন করান হয় তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়ায়? আমরা জানি যে, পঞ্চায়েতের নির্বাচন যখন হয়, বুথগুলি কোথায় হয় তা মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এখানে আছেন, আপনাকে তদন্ত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

বেশির ভাগ বুথ জঙ্গল এলাকায় নির্দ্ধারিত হয় স্কুলে স্কুলে হওয়ার কথা, কিন্তু দেখা যায় স্কুলে হচ্ছে না। একটা ভাল মাঠে চট দিয়ে ঘিরে সেখানে ভোট হয়। সেখানে বাইরে থেকে সব দেখা যায়, কারা ভোট দিচ্ছে, কোন দিকে দিচ্ছে আর তার আশপাশে সমস্ত ক্রিমিনালরা থাকে, তারা লক্ষ্য রাখে কে কাকে ভোট দিচ্ছে। অতএব এই বুথগুলি যে প্রটেকটিভ এলাকায় নয় এবং সেখানে ক্রিমিন্যালদের যে আড্ডাখানা থাকে এটা সকলেই জানে। আর বুথগুলি তিনটের পর থেকে এদের দখলে চলে যায়। এবং এরা টোটাল বুথগুলি ক্যাপচার করে নেয়। আপনাদের শরিকদলগুলি এটা স্বীকার করে নিয়েছে। তাই বলছি শুধু হোমগার্ড দিয়ে ঐ বুথে নির্বাচন হতে পারে না, আরও বেশি সেখানে প্রোটেকশন দরকার। সেখানে যে টেনশন থাকবে তার জন্য মা বোনেরা বা মহিলারা দাঁড়িয়ে যে ভোট দেবে সেখানে যাওয়াটাই তাদের পক্ষে সম্ভব নয়, যদি না অ্যান্টি সোশ্যাল মুভমেন্ট বন্ধ না করা যায়। নির্বাচনের সময় আপনারা অনেক পুলিশ দেন, তাই বলব এবারেই নির্বাচনে ই. এফ. আর., বি. এস. এফ. দেওয়া দরকার। সমস্ত ধরনের ঘটনার জন্য ডিসপোজাল করার ব্যাপারে ডি. এম., এস. ডি. ও.-কে ডাকা হয় এটা আমরা দেখেছি। যারা এই সমস্ত নির্বাচনে যায় যারা পোলিং এজেন্ট হয় তারা রাত্রে কোথায় থাকবে তার কোনও ব্যবস্থা থাকে না। অনেক সময় ব্যালট বক্স ছিনতাই হয়, ভোটের কাগজপত্র ছিঁড়ে দেয়। তাই এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার, পুলিশ দেওয়া দরকার, শুধু হোমগার্ড দিলে হবে না, বুথের প্রোটেকশন দেওয়া দরকার, অ্যান্টি সোশ্যালরা যাতে ব্যালট বক্স ছিনতাই করতে না পারে বা কোনও রকম অসুবিধা সৃষ্টি না করতে পারে। যারা কাউন্টিংয়ে থাকে তাদেরকে এই সমস্ত ক্রিমিনালরা ভয় দেখায় ফলে তারা ঠিক ঠিক ভাবে কাউন্টিং করতে পারে না। যদি দেখা যায় কংগ্রেস জিতছে সঙ্গে সঙ্গে কাউন্টিংকে রিকাউন্টিং করতে বলা হয়, যতক্ষণ না সি. পি. এম পার্টি জিতছে, এই জিনিস আমার এলাকায় অনেকগুলি ঘটেছে। সেইজন্য আমার অনুরোধ ভোট গণনাটা বুথে না করে এটা ব্লক অফিসে বা এস. ডি. ও. অফিসে করা হোক।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতি নির্বাচনের ভোট গণনা প্রসঙ্গে যে প্রস্তাব মাননীয় সদস্যরা উত্থাপন করেছেন আমি সেই প্রসঙ্গে প্রথমেই বলতে চাই যে প্রস্তাব এখানে এসেছে এটাকে আমি সমর্থন করতে পারছি না। সমর্থন করতে পারছি না এই কারণে, এখানে যে রোগ-এর কথা বলা হয়েছে রোগটা ঠিক, কিন্তু তার নিরাময়ের যে বিধান দিয়েছেন বা ব্যবস্থা করেছেন সেটা ঠিক নয়। এই কথা ঠিক যে পঞ্চায়েতি নির্বাচন সমস্ত নির্বাচনের মতো, পঞ্চায়েতি নির্বাচনও সামগ্রিক নির্বাচন প্রক্রিয়াটা যাতে এমন একটা পরিবেশের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন যাতে সুষ্ঠু ও অবাধ নির্বাচনের পরিবেশ বহাল থাকে। সেদিক থেকে আজকে পশ্চিমবাংলার অন্যান্য রাজ্যের মতো অবাধ ও সুষ্ঠু নির্বাচনের যে আদর্শ পরিবেশ আছে এই কথা আমি মনে করি না এবং পঞ্চায়েতি নির্বাচনও তার ব্যতিক্রম নয়। কিন্তু এই কথা ঠিক যে এমন একটা পরিবেশ সৃষ্টি হয় সেখানে যারা ভোটার তারা স্বাধীনভাবে তাদের পছন্দমতো প্রার্থিদের ভোটদানের ক্ষেত্রে যে উপযুক্ত পরিবেশ দরকার স্বাধীন পরিবেশ দরকার সেটা থাকে না।

তাদের উপর চাপ সৃষ্টি হয় এবং কৃত্রিমভাবে জবরদস্তিভাবে তাদের ইচ্ছার বিরুদ্ধে তাদের সেখানে ভোট দিতে হয়। এই রকম কিছু কিছু পরিবেশ সেই সময় সৃষ্টি হয়। ফলে

ভোট গণনা শুধু নয়, ভোট দেওয়ার ক্ষেত্রেও উপযুক্ত পরিবেশ থাকে না। তাহলে শুধু ভোট গণনাটা বুথ থেকে অন্য জায়গায় নিয়ে গেলেই সুষ্ঠ ও অবাধ নির্বাচন হয়ে গেলেও, রোগ নির্ণয়ের পথটা কিন্তু ঠিক নয়। যথাযথভাবে ভোটাররা ভোট দিতে পারবে না, শাসকদলের লোকেরা চাপ সৃষ্টি করবে এবং ভোট গণনাটা বুথে না করলেই কি সুষ্ঠ ও অবাধ নির্বাচন হবে। ফলে এটা কারেক্ট মেথড নয়। আমার মতো হচ্ছে অবাধ এবং সুষ্ঠ নির্বাচনের চেয়ে সমগ্র নির্বাচন প্রক্রিয়াটা যাতে সুষ্ঠভাবে সম্পন্ন হয় তার জন্য উপযুক্ত পরিবেশ যাতে সৃষ্টি হয় তার দায়িত্ব সরকারকে নিতে হবে এবং অতীতের অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে এর অভাব আছে। একথা আমরা আবার বলছি, এই যে ব্যালট বক্সগুলো বুথে বুথে গণনা, এটা গণতান্ত্রিক মঞ্চ থেকে আমরাই নিয়ে এসেছিলাম। যারা নবীন সদস্য তারা হয়ত এটা জানেন না। পশ্চিমবাংলায় বুথে বুথে ভোট গণনার এই যে পদ্ধতি এটা পশ্চিমবাংলায় চালু হয়েছিল আইন সংশোধন করে এবং এই বিধানসভায় আমাদের দলের পক্ষ থেকে আমরা এই ব্যাপারে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছিলাম এবং তখন পঞ্চায়েত মন্ত্রী ছিলেন বিনয় চৌধুরি মহাশয় এবং তিনি এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ করেছিলেন। ফলে গণতান্ত্রিক মঞ্চ থেকে বুথে বুথে ভোট গণনার যে দাবি রাখা হয়েছিল এবং এখন ব্লকে সরিয়ে নেওয়ার যে দাবি রাখা হচ্ছে সেই প্রস্তাবকে আমরা সমর্থন করতে পারছি না। কিন্তু এই রাজ্য সরকারের কাছে আমাদের দাবি, ভোট গণনা থেকে শুরু করে সমগ্র নির্বাচন প্রক্রিয়াটি যাতে অবাধ এবং সুষ্ঠ পরিবেশে হয় সেটাকে এনসিওর করার দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হবে এবং ভোট গণনার ক্ষেত্রে যে সমস্ত আশঙ্কাগুলোর কথা বলা হয়েছে সেই আশঙ্কা যাতে দূর হয় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এই কথা বলে আমি এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** দেখা যাচ্ছে যে এই প্রস্তাবটির উপর আলোচনার সময় আরও বাড়াতে হবে। তাই আধঘন্টা সময় বাড়িয়ে দিলাম।

(সদস্যদের সম্মতিক্রমে হাউসের সময় আরও আধঘন্টা বৃদ্ধি পায়)

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা বলছেন যে এই প্রস্তাবের উপর অ্যামেন্ডমেন্ট নেই কেন? আমি প্রথমেই তার জবাবে বলছি, যেখানে গ্রাংগ্রীন হয় সেখানে পুরোটাই বাদ দিতে হয়, জোড়াতাপ্পি দিয়ে তা হয় না। সেইজন্য আমরা মনে করি যে পুরোটাই পরিত্যাজ্য, আমি এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, এই প্রসঙ্গে আমার প্রথম কথা হ'ল, ওরা বোধহয় জানেন না যে এই যে বুথে বুথে ভোট গণনা এবং ফলাফল ঘোষণার যে ব্যবস্থা এটা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচন বিধি যা ১৯৭৪ সালে প্রণীত তারমধ্যেই আছে। এটা বোধহয় ওরা জানেন না সেইজন্য আমাকে একটু ওদের খেয়াল করিয়ে দিতে হচ্ছে। দ্বিতীয় আর একটা কথা যেটা ওরা জানেন না বলে মনে হচ্ছে এবং আমাকে খেয়াল করিয়ে দিতে হচ্ছে সেটা হচ্ছে, নির্বাচন কমিশন বহুদিন ধরেই একথা বলে আসছেন যে—প্রায় ৫/৬ বছর হবে—যে বুথে বুথে কি করে ভোট গণনা করা যায়। যাতে খরচ কমানো যায় তারজন্য এ প্রস্তাব নিয়ে বহুদিন ধরেই আলোচনা হচ্ছে। স্যার, আমরা একবিংশ শতাব্দীর দিকে এগুচ্ছি আর ওরা আমাদের উনবিংশ

শতাব্দীর দিকে ফিরিয়ে নিয়ে যেতে চাইছেন। পঞ্চায়েতের নির্বাচনের ব্যাপারে আমাদের রাজ্যের যা সাফল্য তা নজিরবিহীন এবং এটা একটা রেকর্ড। পঞ্চায়েতের নির্বাচনের ব্যাপারে অন্য আর একটা রাজ্যের নাম বলতে পারবেন না যেখানে এইভাবে ত্রিস্তরের নির্বাচনে একদিনে এত সংখ্যক প্রতিনিধি সরাসরি নির্বাচিত হন। কোনও রেকর্ড নেই। রাজনৈতিক দলগুলি তাদের প্রতীক নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন এরকম কোনও রেকর্ড নেই। এরকম কোনও রেকর্ড নেই যেখানে এইরকম করে বুথে বুথে ভোট গণনা হয় এবং তার ফল ঘোষণা করা হয় এবং একটাও খুনখারাপি হয় না। এ ব্যাপারে আমরা এখানে একটা দৃষ্টান্ত স্থাপন করেছি। ওরা সেটা নস্যাৎ করে দিয়ে আবার পেছনের দিকে ফিরিয়ে দিতে চান। স্যার, এই প্রসঙ্গে আমরা একটা গল্পের কথা মনে পড়ে গেল। মাঝে মাঝে যখন আমার সময় হয় তখন আমার ছোট্ট মেয়ের সঙ্গে আমাকে দাবা খেলতে হয়। যখনও হারতে আরম্ভ করে তখন বলে, না, ইন্টারন্যাশনাল রুলে খেলা হবে না, এবারে পুরানো রুলে খেলতে হবে। তারপর সে দাবার ঘুঁটি ফেলে দিয়ে চলে যায়। ওদের অবস্থাও স্যার, ঠিক তাই। যদি ওরা দেখেন যে রুলস অনুযায়ী খেলা যাচ্ছে না, তখন অনেক কিছু বলতে আরম্ভ করেন। স্যার, আর একটা কথা যেটা আমি আগেও বলেছি এবং আবার বলছি, সেটা হচ্ছে, সকালবেলাতে যদি কাকের ডাক শোনেন তাহলে বুঝবেন যে ভোর হতে যাচ্ছে, যদি কোকিলের ডাক শোনেন তাহলে বুঝবেন যে বসন্তকাল এসে গিয়েছে এবং যদি ব্যাঙ-এর ডাক শোনেন তাহলে বুঝবেন যে বর্ষাকাল এসে গিয়েছে। ঠিক তেমনি কংগ্রেসের মুখে যদি শোনেন যে রিগিং হবে, ছিনতাই হবে তাহলে বুঝবেন যে ওদের পরাজয়ের মরশুম এসে গিয়েছে। ওরা খুঁজে খুঁজে বি. জে. পি.-র একটা জুজু বার করেছেন। এসব জুজুর ভয় অন্য জায়গায় দেখাবেন। ওরা সাম্প্রদায়িকতার একটা ব্যাপার বার করেছেন এবং সেই ভয় দেখাচ্ছেন এবং বলছেন যে ভোট করবেন না। তারপর বলে ফেলেছেন যে, যদি আমাদের কথা না শোনেন তাহলে আমরা খেলায় নেই এবং নির্বাচনে আমরা অংশ গ্রহণ করব কিনা সেটা আমরা ভেবে দেখব। বোঝাই যাচ্ছে যে কিসের জন্য এসব কথা বলছেন। স্যার, ওরা যে সমস্ত বক্তব্য ওদের মোশনের মধ্যে রেখেছেন সে সম্পর্কে আমাকে বাধ্য হয়ে দু/চার কথা বলতে হচ্ছে। ইলেকশনের নোটিফিকেশন হয়ে গেল গত ১০ই মার্চ আর ১২ তারিখে ওরা এই প্রস্তাব নিয়ে আসছেন। তাহলে তো রুলসের পরিবর্তন করতে হবে। এতদিনে ওদের সময় হল প্রস্তাব নিয়ে আসার। তারপর দেখলাম, মহিলাদের জন্য ওদের খুব চিন্তা। যুক্তি হিসাবে ওরা যা বলেছেন তাতে দেখলাম মহিলাদের জন্য ওরা খুব চিন্তিত। ওদের চিন্তা হলে মহিলাদের বলি, আপনারা খুব সাবধানে থাকবেন কারণ এটা আপনাদের চিন্তার বিষয়। ওরা মহিলাদের জন্য এতই চিন্তিত যে প্রস্তাবে লিখেছেন যে শতকরা ৩০ ভাগ আসন মহিলাদের জন্য—এটা ছাপার অক্ষরে লিখেছেন। এক তৃতীয়াংশের কথা আমরা বারবার বলছি কিন্তু ওরা সেটা বুঝতে পারছেন না। এক তৃতীয়াংশ মানে অঙ্ক কষলে কি হয় সেটা একটু চিন্তা করতে বলছি। ওরা কত ঘন্টা, কত মিনিট ইত্যাদি নিয়ে অনেক কিছু বললেন কিন্তু এই অঙ্কটা বুঝতে চাইছেন না। ওরা শ্রী রাজীব গান্ধীর কথা বলেছেন, পার্লামেন্টে এটা পাস করা হয়েছে ইত্যাদিও বলেছেন। এই প্রসঙ্গে আমি বলি, আমরা এটা আগে পাস করেছিলাম এই বিধানসভায় তারপর এটা ওখানে, রাজ্যসভায় পাস হয়েছে। আমরা আগে এটা করেছি।

এটা দুর্ভাগ্যের বিষয় যে, ওদের আমাকে বলে দিতে হয় ওখানে কি পাস হয়েছে, ওরা জানেন না। মানসবাবু নিশ্চয়ই স্বীকার করবেন, উনি এই সব দাবি নিয়ে আমার কাছে গিয়েছিলেন, কথা-বার্তা হয়েছিল। তারপর আমি বলেছিলাম, আপনি ওটা দেখুন যেটা কেন্দ্রে পাস হয়েছে। উনি বলেছিলেন, 'না, ওটা আমরা ভাল করে দেখি নি' আমি বলেছিলাম, আপনাদের কাছে কপি নেই, আপনাদের দিল্লিতে লোকজন নেই, তারা আপনাদের কপি দেননি, আপনারা যদি না পেয়ে থাকেন আমি আপনাদের একটা জোগাড় করে দেব। এই তো অবস্থা। যাই হোক আপনারা ১/৩ অংশের ব্যাপারটা একটু ভাল করে জেনে নিন। আর যেটা আমরা করেছি সেটা মেয়েদের সুবিধার জন্যই করেছি। এটা তো সাধারণ বুদ্ধির ব্যাপার, এতে যুক্তি তর্কের কি আছে তা আমি বুঝতে পারছি না। যদি বুথেই কাউন্টিং হয়, গণনা হয়, ফলাফল ঘোষণা হয় তাহলে তো মেয়েদের সুবিধাই হবে, আর ব্লকে যেতে হবে না। কোনটা সুবিধা, ব্লকে যাওয়া, না গ্রামের বুথে? নিরাপত্তার অভাব হবে কেন, কিসের ভিত্তিতে এই সব কথা বলছেন? আর একটা কথা বলা হ'ল যে, ব্যালট বাক্স ছিনতাই হবে, লাঠি বন্দুক দেখিয়ে ব্যালট বাক্স নিয়ে চলে যাবে। তাহলে সমাধান? আমি আপনাদের বলছি এই সব আপনারা করবেন না, ব্যালট বাক্স ছিনতাই করবেন না, লুঠ করবেন না, তাহলেই সমাধান হয়ে যাবে। আর আপনারা যদি তা করেন তাহলে তার জন্য আমাদের ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে আমাদের নজির আছে, রেকর্ড আছে। আমরা তিনবার নির্বাচন করেছি, এ জাতীয় কোনও ব্যবস্থা নেওয়ার দরকার হয়নি। আর ও-সব করলে কেউ পার পাবে না। বুথে ভোট গোনা হয়, বৈধভাবে, নিরপেক্ষভাবে এবং শান্তিপূর্ণভাবে হয়। এবারেও তাই হবে, কোনও আশঙ্কার কারণ নেই। আপনারা ওসব না করলে কিছুই হবে না। তারপর এখানে মিথ্যার আশ্রয় নেওয়া হ'ল, বলা হ'ল,—সর্বদলীয় বৈঠক কোথায় হচ্ছে কেউ জানে না। আমি যত দুর জানি আজকেই ডাকা হয়েছে, স্টেট পঞ্চায়েত ইলেকশনস অফিসার, যিনি নির্বাচনের দায়িত্বে আছেন তিনি ডেকেছেন। বাংলা ভাষায় ওটা ছাপা হয়েছে, উদাহরণ দিয়ে, দৃষ্টান্ত দিয়ে সব বুঝিয়ে দেওয়া হয়েছে কোনটা শিডিউল কাস্ট হবে, কোনটা শিডিউল ট্রাইবস হবে, কোনটা মহিলাদের সিট হবে। বাংলার ছাপিয়ে ৬ দিন আগে এই বিধানসভার সেটা বিতরন করা হয়েছে। সব পলিটিক্যাল পার্টিগুলোকে দেওয়া হয়েছে এবং ব্লকে ব্লকে পাঠানো হয়েছে। কেউ না পেয়ে থাকলে আমার কাছে চাইবেন আমি পাঠিয়ে দেব। সর্বদলীয় বৈঠকে ভাল করে অঙ্ক-টঙ্ক বুঝে আসবেন। তারপর নিরাপত্তা ইত্যাদির গল্প তো অনেক বার হয়ে গেল, তবুও কেন বার বার বলা হচ্ছে আমি বুঝতে পারছি না। আর একটা গল্প বার বার বলা হচ্ছে এবং আজকেও বলা হ'ল—নির্বাচন অবাধ এবং নিরপেক্ষ হবে না আমাদের এখানে যে সব কর্মচারী নির্বাচনের দায়িত্বে আছেন তারা যত দিন দায়িত্বে থাকবেন। তাইলে কি করতে হবে? বাইরে থেকে কর্মচারী নিয়ে আসতে হবে? ওদের মতে আমাদের পুলিশ ইত্যাদি যারা আছেন তারা সবাই বামপন্থী হয়ে গেছেন, ওরা থাকলে অবাধ নির্বাচন হবে না, বাইরে থেকে সব নিয়ে আসতে হবে। এর পরে ওরা হয়ত বলবেন পশ্চিমবঙ্গের জনগণ ভোট দিলে অবাধ ও নিরপেক্ষ ভোট হবে না, ভোটারও বাইরে থেকে নিয়ে আসতে হবে। তাহেল কি করলে অবাধ ও নিরপেক্ষ ভোট হবে? আর একটা কথা উনি বললেন, কিন্তু কেন বললেন আমি জানি না। বিধানসভায় যখন নির্বাচিত হয়েছেন, তখন নিশ্চয়ই নির্বাচনের সময় বুথে বুথে গিয়েছেন—বিধানসভার বুথ, আর পঞ্চায়েতের বথ কি আলাদা নাকি? বিধানসভার

যখন ভোট হয়েছিল তখন কি জঙ্গলের মধ্যে চট ঘিরে ভোট হয়েছিল? এসব কি বললেন। নির্বাচন কমিশন প্রণীত ভোটার লিস্ট এবং ঘোষিত বুথে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয়। তারপর বলা হল বুথে দু' একজন লাঠিধারি লোক রেখে কিভাবে নিরাপদে ভোট হবে? এটাই ওদের মুশকিল, সব চেয়ে বড় মুশকিল। ওরা শুধু লাঠির উপর নির্ভর করতে পারছেন না। স্টেন-গান, এ. কে. ৪৭, কমান্ডো, ই. এফ. আর. বি. এস. এফ., এই সব ওদের দরকার হয়। তা ঐ সব করেও তো নিজেদের নিরাপত্তা সংরক্ষিত করতে পারছেন না। তাই ওদের বলি, একটু মানুষের উপর, জনগণের উপর আস্থা রাখুন, তাদের উপর বিশ্বাস রাখুন। এবং তাদের উপর বিশ্বাস করুন। তাদের বাদ দিয়ে এইসবের উপর বিশ্বাস করলে নিরাপত্তা দিতে পারব না। এইসব অধিকার সচেতন মানুষ তারাই সবচেয়ে বড় গ্যারান্টি। তাদের উপর বিশ্বাস করেই অবাধ, নিরপেক্ষ, শান্তিপূর্ণ নির্বাচন করা যায়, জনগণই সবচেয়ে বড় গ্যারান্টি। তাদের উপর বিশ্বাস করুন, তাদের উপর আস্থা রাখুন। আপনারা মানুষের উপর আস্থা রাখতে পারছেন না। এত বড় দৃষ্টান্ত পশ্চিমবাংলায় হয়েছে, এই যে নির্বাচন সেটা পশ্চিমবাংলার মানুষেরই বড় সাফল্য। আপনারা তো জিতেছেন কিছু কিছু জায়গায়। গত পঞ্চায়েত নির্বাচনেও জিতেছেন এবং ভোট পান। বি. জে. পি. যাতে ভোট না পায় আপনারা জিতুন, লড়াই করুন, ময়দান থেকে লড়াই ছেড়ে পালাবেন না। মানুষের উপর আস্থা রাখুন, বিশ্বাস রাখুন তাহলে ঠিক-ঠিকভাবে করতে পারব। বাকি যা সব প্রশ্ন ছিল তা আমাদের মাননীয় সদস্যরা বলেছেন আর এদের জন্য বেশি কি বলার থাকতে পারে? বাকি যে প্রশ্নগুলি থাকছে তার জবাব মে মাসের ৩০ তারিখে যে নির্বাচন হবে শান্তিপূর্ণ, অবাধ এবং নিরপেক্ষ, সেই নির্বাচনের রায়ের ঘোষণার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষ জবাব দেবেন। সেই জবাবের জন্য আপনারা অপেক্ষা করুন। বিরোধীপক্ষের সদস্য যে মোশন এনেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে প্রস্তাব নিয়ে এসেছি সেই প্রসঙ্গে মাননীয় সদস্যরা তার সপক্ষে বক্তব্য রেখেছেন। আমি এতক্ষণ ধরে বিভাগীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্রের বক্তব্য শুনছিলাম। তিনি যে কি বলতে চাচ্ছেন তা বুঝতে পারলাম না। [*******] আপনার মনে নেই—লোকসভা এবং রাজ্য সভায় আপনাদের দলের নেতারা, আপনাদের দলের লোকসভার সদস্য পঞ্চায়েত রাজ্য বিলে এই রিজারভেশন ইস্যুতে আমাদের প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর স্বপ্নের বিরুদ্ধে ভোট দিয়েছিলেন? তা না হলে এই বিল ৫ বছর আগেই আসত। শুধু অন্ধ রাজনৈতিক বিরোধিতার কারণে এই বিলের বিরোধিতা করলেন লোকসভা এবং রাজ্যসভার ভিতরে। আপনারা আঁতকে উঠেছিলেন কেন? অডিটর জেনারেল যে কোনও মুহূর্তে চুরির হিসাব করতে পারে। ঐ আইনে সেটা ছিল। আপনারা আঁতকে উঠেছিলেন কেন? সরাসরি পঞ্চায়েতের প্রধান, জেলা পরিষদের সভাধিপতি, পঞ্চায়েত সমিতিকে সরাসরি নির্বাচনে অংশ নিতে হবে বলে আঁতকে উঠেছিলেন। কোটি কোটি টাকার সম্পত্তি চুরি হচ্ছে। [******] ফরওয়ার্ড ব্লক সদস্য মহাশয়দের কাছে আমরা কৃতজ্ঞ, ওনারা বুঝেছেন বিবেকের যন্ত্রণা, তাই মুক্ত কণ্ঠে সি. পি. এমের বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। হ্যারিকেন নিয়ে, লাঠি, টাঙি নিয়ে সাধারণ মানুষগুলির মুখ বন্ধ করে ভোট হয়েছিল। [******]

* Expanged as ordered by the Chair.

**মিঃ স্পিকার ঃ** ওগুলি বাদ যাবে, অ্যালিগেশন এগেনস্ট মিনিস্টার, এটা হয় না।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** আমি ওর কথাটা বাদ দিলাম, ওর দলের নেতৃত্বে ঘরে আগুন দেওয়া হয়েছে, লুঠ হয়েছে। মাননীয়া সদস্যা আপনি জানেন, ১৯৮৮ সালে পঞ্চায়েত নির্বাচনে আপনার পুরনো জায়গা ঘাটালে কংগ্রেস প্রার্থিদের দড়ি দিয়ে বেঁধে পা চাটিয়েছিল, নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর সই করিয়ে জমি লিখিয়ে নিয়ে, নির্বাচন বয়কট করিয়ে মানুষকে মারিয়ে অত্যাচার করিয়ে গণতন্ত্রের বিনাশ করেছিলেন, আজ আপনারা গণতন্ত্রের কথা বলছেন? তাই আমরা আজকে সার্থকভাবেই দাবি করছি মানুষের নিরাপত্তা রক্ষার জন্য নির্বাচনের স্যান্টিটি রক্ষার জন্য বুথ থেকে তুলে নিয়ে এসে ব্লকে বি. ডি. ও. অফিসে থানায় নির্বাচন কাউন্ট করা হোক। তাতে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। কেন এটাকে রাজনীতির জেদাজেদিতে নিয়ে যাচ্ছেন? যদি ভেবে থাকেন আপনি জিতবেন তাহলে চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন। বি. ডি. ও. অফিসে থানার মধ্যে যেখানে মানুষ কথা বলতে ভয় পাবে না সেখানে ব্যবস্থা করুন। ৬৮ হাজার পঞ্চায়েতে একচেটিয়া আপানাদের অত্যাচার, আপনাদের খলনায়কদের ব্যভিচারের হাত থেকে মানুষ নিরাপত্তা পাবে। আর. এস. পি. সি. পি. আই. মুখ খোলেন নি, ফরওয়ার্ড ব্লক মুখ খুলেছেন, আমরা আশা পোষণ করব যে বিবেকের দিকে তাকিয়ে গণতন্ত্রের অধিকারকে সভায় প্রতিষ্ঠা করার জন্য বাংলার পঞ্চায়েতি রাজকে সুষ্ঠুভাবে পরিকাঠামো প্রতিষ্ঠার জন্য নির্বাচন গণনাকে বুথ থেকে সরিয়ে অন্য জায়গায় করা হোক। এই দাবি রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** জোচ্চুরি বাদ যাবে।

The Motion .of Shri Saugata Roy that—

Whereas the Polls in 3 tier Panchayat Bodies may well be continued up to the late hours of night;

Whereas the arrangement of illumination of polling booths and counting tables in far-flung areas are always inadequate and insecured too;

Whereas the Police Guards are absolutely insufficient and in some places are only left to one or two lathi bearing personnel of Home Guard;

Whereas there is the participation, compulsorily of the female contestants in the proportion of a minimum of 30% as required by the statutes;

Whereas it is necessary to ensure the impartiality of counting of votes; and

Whereas the prevention of snatching or looting of ballot boxes or ballot papers before or during counting of votes is necessary;

This Assembly urges upon the Government to ensure that the

counting of votes of the 3 tier Panchayat Institutions be held in suitable premises in and around Block headquarters or Police Station headquarters on the next day after the poll, by bringing ballot boxes to the place under security cover and protecting the ballot boxes till the countings are over.

was then put and a division taken with the following results—

**NOES**

Abul Basar, Shri

Adhikari, Shri Nityananda

Basu, Shri Nihar Kumar

Bose, Shri Shyamaprasad

Basu, Shri Subhas

Baora, Shri Samar

Barman, Shri Debendra Nath

Bera, Shrimati Chhaya

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshi

Borui, Shri Angad

Chakraborty, Shri Shyamal

Chakraborty, Shrimati Tania

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjec, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chatterjee, Shrimati Santi

Chowdhury, Shri Subhendu

Das, Shri Ananda Gopal

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishnaprasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shri Santi
Ghatak, Shri Santi Ranjan
Ghosh, Shri Sunil Kumar
Goswami, Shri Subhas
Hazra, Shri Samar
Hazra, Shri Sundar
Id. Mohammed, Shri
Jahangir Karim, Shri Sk.
Jamadar, Shri Badal
Jana, Shri Haripada
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Konar, Shrimati Maharani
Majhi, Shri Bhandu
Majhi, Shri Nandadulal
Majhi, Shri Raicharan
Malakar, Shri Nanigopal
Malik, Shri Shib Prasad
Mamtaz Begum, Shrimati
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sailendranath
Mazumder, Shri Dilip Kumar
Md. Ansaruddin, Shri
Md. Mahamuddin, Shri
Md. Yakub, Shri
Misra, Shri Surya Kanta
Mitra, Shri Biswanath
Mitra, Shrimati Jayasree
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Manabendra
Murmu, Shri Maheswar

Naskar, Shri Sundar
Nath, Shri Madanmohan
Nazmul Haque, Shri
Pakhira, Shri Ratan Chandra
Putatunda, Shrimati Anuradha
Roy, Shri Mrinal Kanti
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Subhas
Sarkar, Shri Nayan
Seth, Shri Lakshman Chandra
Shaw, Dr. Pravin Kumar
Sinha, Shri Prabodh Chandra

AYES

Abedin, Dr. Zainal
Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Adhikari, Dr. Tarun
Bandyopadhayay, Shri Sudip
Basu, Dr. Hoimi
Bhowmik, Shri Manik
Das, Shri Sailaja Kumar
Gyan Singh Sohanpal, Shri
Hansda, Shri Naren
Lahiri, Shri Jatu
Maity, Shri Mukul Bikhash
Md. Abul Karim Choudhury, Shri
Mitra, Shri Somendra Nath
Mukherjee, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Roy, Shri Saugata
Sarkar, Shri Deba Prasad

Seth, Shri Bhunpedra Nath

Ayes being 19 and Noes 67 the motion was lost.

**Adjournment**

The House was then adjourned at 2.07 p.m. till 2.30 p.m. on 12th March, 1993 at the Assembly House, Calcutta.

[2-30 — 2-40 p.m.]

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 12th March, 1993 at 2-30 p.m. (AFTER NOON SESSION)

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 9 Ministers of State and 140 Members.

## POINT OF ORDER

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রে দুর্বল সরকার থাকলে সি. পি. এম পুরোপুরি সুযোগ গ্রহণ করেন এবং ডাবল স্ট্যান্ডার্ড পলিসি এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি নেন। এটা ভি. পি. সিংহের সময়েও করেছেন এবং সকলের সময়ে করছেন। আজকে ত্রিপুরার জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে। তবে আমরা বিশ্বাস করি যে আপনারা সেখানে হারবেন। যদিও আপনারা চেষ্টা করছেন যে এই ভাবে রাষ্ট্রপতি শাসন জারি করে আপনারা হয়ত জয়লাভ করবে। আপনারা জেনে রেখে দিন যে ত্রিপুরার লোক এই রাষ্ট্রপতির শাসন জারি করাটা ভাল চোখে দেখেনি। আবার আপনারা চেষ্টা করছেন যাতে ব্লাক মেল করে কেন্দ্রের কাছ থেকে আরও কিছু আদায় করা যায়। আমি বলি কেন্দ্রে যদি দুর্বল সরকার হয়, কেন্দ্রের কংগ্রেস সরকার যদি দুর্বল হয় তাহলে বি. জে. পি. বাড়বে। বি. জে. পি. বড় হলে যে আক্রমণ হবে সেটা আপনারা চাইছেন। আপনারা বোতল থেকে যে বুত বের করেছিলেন, সেই ভুত আপনাদের ঘাড়ে চাপবে। বি. জে. পি.-র বিরুদ্ধে আপোষহীন সংগ্রাম আমরা করি। আমরা বিশ্বাস করি ভারতবর্ষের বুকে একমাত্র কংগ্রেস দলই কেন্দ্রে শক্তিশালী এবং গতিশীল সরকার গঠন করতে পারে। এটা আর কোনও রাজনৈতিক দলের পক্ষে করা সম্ভব নয়। এটা গত কয়েকবারে প্রমাণ হয়ে গেছে। আজকে কেন্দ্রে যদি কংগ্রেস সরকার না থাকে, কেন্দ্র যদি দুর্বল হয় তাহলে রাজ্য সরকার দুর্বল হয় এবং তাতে সি. পি. এম.-র সুবিধা হবে না, দেশের অর্থনীতি ধ্বংস হয়, দেশ শ্মশানে পরিণত। আমি মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে বলব যে আপনারা কালো হাত তুলে নিন। এই যে আবার চেষ্টা করছেন কেন্দ্রের কাছে গিয়ে—ভি. পি. সিংহের সময়ে যা করেছেন—প্রধানমন্ত্রীর কাছে বলে আবার কিছু আদায় করার এতে আপনারা ব্যর্থ হবেন। পশ্চিমবঙ্গের মানুষ বিদ্রোহ ঘোষণা করবেন। কংগ্রেসের কর্মীরা বিদ্রোহ করবে, আগুন জ্বলবে। এটা বোঝার ক্ষমতা আপনাদের নেই। পশ্চিমবাংলার স্বার্থে যদি মনে করেন যে কেন্দ্রকে দুর্বল করলে আপনাদের সুবিধা হবে তাহলে আমি বলব, আপনারা বি. জে. পি.-কে বড় করতে চাচ্ছেন, কংগ্রেসকে ছোট করার চেষ্টা করছেন। কংগ্রেস ছোট হলে সারা ভারতবর্ষে একটা

অশুভ লক্ষ্যণ দেখা দেবে। আর বি. জে. পি.-র বিরুদ্ধে আমরা যেটা দিল্লিতে দেখিয়েছি, তারা বলেছেন যে সভা-সমিতি করতে দেবেন না। আবার দেখছি যে সেই বি. জে. পি. এখানে এলে তাকে অভ্যর্থনা করার পুলিশ দিচ্ছেন, বি. জে. পি.-র পদলেহন করছেন। আপনারা চেষ্টা করছেন যে পশ্চিমবঙ্গের মানুষকে আপনারা ধোঁকা দেবেন। পঞ্চায়েত নির্বাচনের আগে যদি সাহস থাকে তাহলে ত্রিপুরার মুখ্যমন্ত্রী যেমন পদত্যাগ করেছেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীও পদত্যাগ করুন।

আপনারা পঞ্চায়েত নির্বাচনের আগে সাহসের পরিচয় দিন, আপনাদের সাহসের পরিচয় চাই, ফেয়ার পঞ্চায়েত নির্বাচন হোক। আমাদের মানস ভুঁইয়া যে কথা বললেন যে আপনারা যদি নিরপেক্ষ নির্বাচন চান—নিরপেক্ষ নির্বাচন কোনও দিন হয়নি, ভয় দেখিয়ে মারধোর করে নির্বাচন করেন আপনারা—তাহলে আসুন যদি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর সাহস থাকে তাহলে তিনি পদত্যাগ করুন এবং পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠু নির্বাচন, নিরপেক্ষ নির্বাচন করুন। এই আবেদন আমি আপনারা মাধ্যমে রাখছি।

**শ্রী মহম্মদ আনসারুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা পয়েন্ট অফ অর্ডার তুলে মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় বক্তৃতা করলেন। উনি কোন আসন থেকে বক্তৃতা করলেন? ওটা কি ওনার আসন সেটা আমি জানতে চাই। ১৬ বছর এম. এল. এ. হয়েছি, যে যার আসন থেকে বক্তৃতা করতে হয়, আপনি তো দেখছি আপনার আসন থেকে বক্তৃতা করছেন না। আপনি কি আগেকার আসন থেকে উৎখাত হয়ে গেছেন? মাননীয় স্পিকার মহাশয় ওনার আসন কোনটা সেটা আপনার কাছ থেকে জানতে চাইছি।

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পিকার স্যার, সত্যবাপুলি মহাশয় বক্তৃতা করার ব্যাপারে উনি ঠিকই বলেছেন। আপনি যেখানে অনুমতি দেবেন সেখান থেকেই উনি বলতে পারেন এই বিষয়ে কোনও সন্দেহ নেই। ওনার জন্য ওদের দল কোনও জায়গা সুপারিশ করেছেন সেটা জানিনা। এই প্রশ্ন যাতে বার বার না ওঠে তার জন্য ওনার সিট নাম্বারটা বলে দিলে ভাল হয়। আমার কথা হচ্ছে উনি বলেছেন যে ত্রিপুরার জনগণের মতের বিরুদ্ধে সেখানে ৩৫৬ ধারা হয়েছে। আপনি ত্রিপুরার ঠিকাদারি নিয়েছেন বোধ হয়। আমরা ৩৫৬ ধারার চিরকাল বিরোধী, আজও বিরোধী। কিন্তু মুশকিল হচ্ছে আমরা কন্সটিটিউশন মানি, আমরা কন্সটিটিউশন সংশোধন করার কথা বলেছি, আমরা ৩৫৬ ধারা বাতিল করার কথা বারে বারে বলেছি। এই রকম কোথাও নেই যে এই রকম অন্যায় করার জন্য, বলৎকার করার জন্য মন্ত্রী রাজ্যে থাকবে, অ্যাসেম্বলি পিরিয়োড শেষ হয়ে যাওয়ার পরেও গভর্নমেন্ট চালিয়ে যা খুশি তাই করবে তাকে ভেঙ্গে দেওয়ার কোনও বাধা নেই। তবে আমরা ৩৫৬ ধারা প্রয়োগের আমরা বিরোধী। এই কারণে বিরোধী যে ৮২ ভাগ ৩৫৬ ধারা প্রয়োগ করা হয়েছে অন্যায় ভাবে। প্রতিটি বার কংগ্রেস তার নিজের স্বার্থে, জনগণের মতের বিরুদ্ধে প্রয়োগ করেছে। পশ্চিমবাংলায় বারে বারে করেছে, আমরা বিরোধিতা করেছি। আজকে ওরা বাধ্য হয়ে করেছেন। নির্বাচন কমিশনার বলেছেন নির্বাচন ওরা করতে পারবেন না, সেইজন্য পেছিয়ে দিয়েছেন। উনি আইনজীবী উনি বলেছেন পঞ্চায়েত নির্বাচনের আগে চিফ মিনিস্টারকে পদত্যাগ করতে হবে। কোন আইনে এটা আছে? উনি বটতলার উকিল তাই বলেছেন। ওনার আসনের কোনও ঠিক

নেই, এক এক জায়গা থেকে এক এক রকম কথা বলছেন। উনি পুরানো লোক, ওনার যাতে ভুল না হয় তার জন্য আপনি ওর জায়গা ঠিক করে দিন। তাতে ওনাদের সুবিধা আমাদেরও সুবিধা। ৩৫৬ ধারা পশ্চিমবাংলায় অপপ্রয়োগ হয়েছে, ত্রিপুরায় সুপ্রয়োগ হয়েছে এটা আমাকে বলতে হয়, এটাই হল সাবমিশন।

(Noise)

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Please, please. I will request the members to keep in mind the rules of the House. The members are requested to speak and address the House from the seats allotted to them. Because then it becomes very difficult for the reporters also to identify the members. Members are identified by their seat numbers and also from the allotted places.where they are given to sit down. We generally don't take a notice of these things. Quite often, the members speak from different places also. But it is a good practice to speak from the seats allotted to them. I hope the Members will keep this in mind and stick to this rule.

[2-40 — 2-50 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমাদের এই হাউসে সরকারপক্ষের মাননীয় সদস্যরা এবং বিরোধীপক্ষের সদস্যরা বারবার একটি দাবি করেছিলেন, মাননীয় অর্থমন্ত্রীও সেটি মেনে নিয়ে এই হাউসে প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেটি হচ্ছে, নেতাজি সুভাষচন্দ্রের রচনাবলি সরকার প্রকাশ করবেন। আজকে গোটা ভারতবর্ষের যে অবস্থা, সাম্প্রদায়িক শক্তি যে ভাবে মাথা চাড়া দিয়ে উঠছে, ঠিক প্রাক-স্বাধীনতা যুগে এই রকম ভাবে সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিয়ে ওঠার চেষ্টা করেছিল। নেতাজি সুভাষচন্দ্রের আজাদ হিন্দ ফৌজ যে ভাবে গঠন করা হয়েছিল, নেতাজির আদর্শে সেদিন ধর্ম নিরপেক্ষ মানুষের কাছে পাথেয় ছিল। মানুষের দাবি থাকা সত্ত্বেও রাজ্য সরকার কেন নেতাজি রচনাবলি প্রকাশ করতে দ্বিধা করছেন জানিনা। এটা হয়ত কারণ হতে পারে যে, তারা এক সময়ে নেতাজিকে 'কুইসলিন' বলেছিলেন। এক সময়ে নেতাজিকে কুকুর বলেছিলেন। আবার এক সময়ে নেতাজিকে দেশদ্রোহী বলেছিলেন। জনসমক্ষে নেতাজির কর্মজীবন প্রকাশিত হয়ে পড়বে, এই ভয়ে ভীত হয়ে এটা করতে পারেন, তারা রচনাবলি প্রকাশ করছেন না। অথবা অন্য কারণেও এটি করতে পারেন। মার্কসবাদী কমিউনিস্ট পার্টিকে ঐতিহাসিক সত্য যেটি সেটিকে মেনে নিতে হবে। আমাদের যে স্বাধীনতা তা এই ঐতিহাসিক সত্যের ফল। আজকে রাজ্যের কংগ্রেস সম্বন্ধে মানুষের মনে বিরূপ ধারণা সৃষ্টি করা হয়, তাহলেও ইতিহাসকে অস্বীকার করা যায় না। সেই ঐতিহাসিক সত্যকে মেনে নিয়ে রাজ্য সরকারের উচিৎ হবে নেতাজী সুভাষচন্দ্রের রচনাবলিকে প্রকাশ করে যুবকদের কাছে আরও সহজ করে দেওয়া। তারা জানতে পারুক ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনকে সফল করার জন্য কিভাবে নেতাজি তার জীবন এবং আদর্শকে সামনে রেখে লড়াই করেছিলেন। সেটি তুলে ধরা হোক এবং নেতাজির রচনাবলিকে প্রকাশের ব্যবস্থা করা হোক।

**শ্রী সুভাষ বসু :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল সাড়ে নয়টার সময় আমাদের যুবনেতা কমরেড বিপ্লব সরকার শক্তিনগর থেকে যখন আসছিলেন তখন কয়েকজন সশস্ত্র সমাজবিরোধী তাকে তাড়া করে গুলি করে হত্যা করেছে ঘরের মধ্যে ঢুকে। তাকে নৃশংস ভাবে হত্যা করেছে। এরা কংগ্রেসের মদতপুষ্ট। ঐসব সমাজবিরোধীরা পালিয়ে এসে নিজাম প্যালেসে এদের আশ্রয়ে আছে। অবিলম্বে এদের গ্রেপ্তার করা হোক। শক্তিনগরে যে সন্ত্রাস চলছে তা বন্ধ করা হোক। এইভাবে ওরা শান্তিপুরে বিধান বসুকে খুন করেছে। এইভাবে কংগ্রেস নির্বাচনের আগে সন্ত্রাস সৃষ্টি করে চলেছে, খুনের পর খুন করে চলেছে। মুখ্যমন্ত্রীকে কঠোর ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

## LEGISLATION

### The West Bengal Commission for Backward Classes Bill, 1993.

**Mr. Speaker :** I have received a notice from Shri Saugata Roy under Rule 73 (1), expressing his intention to oppose the introduction of the Bill.

**Mr. Speaker :** Now, Mr. Saugata Roy, under rule 73(1)—"If a motion for leave to introduce a Bill is opposesed."—motion for leave to introduce, if the Minister wants leave to introduce. Now, I draw the attention to rule 66—"The Governor may order the publication of any Bill (together with the Statement of Objects and Reasons and the financial memorandum, if any, accompanying it) in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill. In that case it shall not be necessary to move for leave to introduce the Bill, and, if the Bill is afterwards introduced, it shall no be necessary to publish it again." So, the question is, that the Minister has not asked for leave to introduce the Bill. So rule 73(1) is not attracted. So your notice is out of order and irregular.

**Shri Saugata Roy :** I wanted to oppose the introduction of the Bill itself. As you know in the Parliament, it is not necessary to oppose the motion for leave to introduce the Bill as such. Any Bill which is being introduced can be opposed at the introduction stage. At this stage, I am wanting to draw your attention to the fact that for certain technical reasons, we think it fit to oppose the introduction of the Bill as such.

**Mr. Speaker :** It is right that there are differences in the procedure of Parliament where you were for quite some years. In Parliament what they do is that you get a whole stack of the Bills and they

sick leave for introduction of the Bill in the House and they take the leave and then they introduce the Bill later on. But in our House the practice has been, the consent of the Governor is first taken, and then the Bill as such is introduce in the House. Slight variations in the procedure. In Parliament there the introduction for leave is not sought first, first leave of the House is taken then it is introduced on. That's why ? In Parliament all the Bills at the initial stage are stacked. So leave to introduce formerly is given and once leave is taken then later-on they introduce. Some Bill may not be introduced also at all if it lapses in usual course, even though the leave has been obtaine. This House has published the consent of the Governor taken earlier and generally leave is not taken in this House, it is only introduced at this stage because consent of the Governor was taken earlier. In this case, that has also been done, the consent of the Governor has been taken, permission has been taken. So there is no necessity for leave being taken in this House.

**Shri Saugata Roy :** Sir, in that case, is there any scope in this House for opposing the introduction of Bill?

**Mr. Speaker :** There is no question. You cannot oppose the introduction of the Bill.

**Shri Saugata Roy :** Because normally in Parliamentary practice, Sir, opposition to a Bill can be made at the introduction stage. So, it is very common practice. I can quote from the Kaul & Sakhder. I don't think it is necessary.

**Mr. Speaker :** I would like to know about the opposition to introduction of a Bill—opposition to leave to introduce the Bill which can be done. Yes, kindly quote from Kaul and Sakhder.

**Shri Saugata Roy :** Sir, if I may read Kaul & Sakhder, Page-468. I am reading from page 468. "A Bill is not included in the list of business for introduction until copies of the Bill have been made available to members at least two days before the day on which it is proposed to be introduced. This requirement is waived by the Speaker in respect of Appropriation Bills, Finance Bills and such sacred bills are not included in the list of business. In the case of other bills, if the Minister concerned gives adequate reasons in memorandum for consideration of the Speaker as to why the bill is proposed to be introduced without copies being made available to members, the Speaker may permit introduction of the Bill without prior circulation or after circulation fo a shorter period."

All I want to mention is that no such memorandum is present with the Bill.

**Mr. Speaker** : If such a memorandum is to be given that has to be given to the Speaker, not to you.

**Shri Saugata Roy** : That will not be circulated ?

**Mr. Speaker** : No, no.

**Shri Saugata Roy** : Has such a memorandum been placed ?

**Mr. Speaker** : I have spoken to them. I made a statement in the House yesterday.

**Shri Saugata Roy** : You only said that the Chief Minister had spoken to you over telephone. But here it is specific that the Minister concerned gives adequate reasons in the memorandum for consideration of the Speaker as to why the Bill is proposed to be introduced without copies being available to Members two days in advance. Such a memorandum has been given to you. You mentioned that the Chief Minister had spoken to you, but you did not mention anything about the memorandum.

**Mr. Speaker** : No, question. A memorandum may be a written document, it may be a word of the mouth. It is not necessary that it would always be in the form of a letter. There has been a communication.

**Shri Saugata Roy** : I have been under the impression that a memorandum......................

**Mr. Speaker** : No necessarily. ...(noise)...

There has been a communication between the Chief Minister and myself, and I have also told the Minister to make a statement in the House as regards the delay. I have also told the Minister—thet you make a statement today as regards the delay. He will explain the delay.

**Shri Saugata Roy** : Sir, the Minister neither made any statement, nor any statement has been submitted.

**Mr. Speaker** : That would be done at the appropriate time. We have not started the business as yet.

**Shri Saugata Roy** : May I go to the next point ? Rule 67(3) says—'The period of notice of a motion for leave to introduce a Bill

under this rule shall be fourteen days unless the Speaker allows the motion to be made at shorter notice.' That has been made, Sir, already? You did not say anything, Sir.

**Mr. Speaker :** Mr. Roy, which rule you quoted ?

**Shri Saugata Roy :** I quote from rule 67(3)—your own book. That's why at this stage.....

**Mr. Speaker :** That is for 'leave to introduce.' It is no 'leave to introduce.' I am sorry. That Governor has already given his permission, there's no notice necessary now. It is only introduction of the Bill. You are mixing up the issues....

**Shri Saugata Roy :** I am saying that the procedure is totally wrong. We should oppose the introduction of the Bill at the first stage.

**Mr. Speaker :** No, no. There's nothing wrong. There has been no such procedure.

**Shri Saugata Roy :** That's why we are opposing first at the introduction stage. We may later consider in the interest of the backward class whether we can waive this. ...(noise)... I have quoted sufficient material for you to judge whether the Bill can be introduced at this stage. I don't think neither it has been available two days before it is being debated, nor it has been given fourteen days' notice, although the House started on the 25th of February, 1993. You please inform us this.

**Mr. Speaker :** Very well, Mr. Subrata Mukherjee, please.

[2-50 — 3-00 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, আমি মোটামুটিভাবে সৌগত রায় যা বললেন সেটাকেই আমি সাবস্টেন্ট করতে চাই। এই ধরনের খারাপ নজির আপনি করবেন না। এমন কিছু মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না। আপনারা যে অবহেলা ও উদাসীনতা এই দুর্বল শ্রেণীর জন্য দেখিয়েছেন তা বলার নয়। সুপ্রিম কোর্ট থেকে যে ডেট দেওয়া হয়েছে সেটার সময়ও প্রায় উত্তীর্ণ হয়ে এসেছে। আপনারা নুতনভাবে এই বিলটা পেশ করুন। আপনি যে রুলিং দেবেন, হোয়াট এভার রুলিং ইউ মে গিভ, এতে বড় রকমের কিছু অসুবিধা হবে না। আপনি কাউল অ্যান্ড শাকদেরের পার্ট টু ৬০৮ পাতায় দৃষ্টি আকর্ষণ করুন ও আপনি এ. আর. মুখার্জির বইয়ের ২৩০ পাতাটা একবার দেখুন। সেখানে পরিষ্কার বলা আছে "The procedure of giving notice of motion for leave to introduce a bill is usually dispensed with in the case of Government bills. The rules of some of the State Legislatures provide that the Head of the state may direct any bills to be published in the official gazette, although no motion

for leave to introduce the bill has been made, and that if a bill is so published it is not necessary to move for leave to introduce the bill. This procedure resorted to by the Government.

In the Indian parliament and in some State legislatures, the Presiding officer, and not the Head of the State, may on a request made to him direct the publication of any bill, and on publication being made leave of the House is not necessary for the introduction of the Bill." স্যার, এখানে আমার মূল বক্তব্য হচ্ছে যেহেতু এটা গভর্নমেন্ট বিল সেই হেতু এই পারমিশনটা গভর্নরের কাছ থেকে আসে। এই বিলের দুটো অংশ আছে। একটা অংশ যেটা পাবলিশ নেই। পাবলিশ অলওয়েজ মিস প্রিন্টেড। অক্সফোর্ড ডিকশনারি বলছে, আপনি পাবলিশ কথাটার মানে দেখুন।

যেখানে পাবলিশড কথাটার মানে পরিষ্কার ভাবে বলছে, Printed material distributed for Sale. The bill distributed yesterday is not at all printed and therefore it is meaningless and without financial statement, without objective. Tell me Sir, is it a bill ? Only preamble and the subject is there. মিনিস্টারের নাম নেই, অবজেকটিভ নেই। অবজেকটিভ মাস্ট, তার সঙ্গে ফাইনান্সিয়াল মেমোরান্ডাম থাকবে। Therefore, the bill distributed yesterday to the members is absolutely irregular. Today only you distributed the printed material. আর আমরা কি ভিত্তিতে আজকে এক্ষুনি এই বিলটা পেয়ে এর উপর আমাদের বক্তব্য রাখব? Is it not a force ? According to rule 66 as mentioned by my friend Shri Saugata Roy and as mentioned in Kaul and Sakhdher "The speaker may after the publication of a bill in the gazette although no motion for leave to introduce it in the House has been made. আজকে এখানে একটা বিল নিয়ে এসে, আপনি প্রিন্টিং অর্ডার দিতে পারেন বা প্রিন্টেড হয়ে এসেছে উইদাউট ইয়োর অর্ডার, How can it be a bill ? আমি লাস্ট বাট নট দি লিস্ট একটি রুলের উল্লেখ করছি। রুল ৬৪, অব লোকসভা, সেখানে বলছে, Rule 64 of Loksabha the bill is published along with the Statement of objects and Reasons, the memorandum Regardng delegation of Legislative power and the financial memorandum etc. এর কোনওটাই এই বিল হবার আগের মুহূর্ত পর্যন্ত ছিল না। এই বিলটা যদি আজকে নিয়ে আসেন We can go up to the Supreme Court even. আমরা কিন্তু এর বিষয়বস্তু সম্বন্ধে খুব একটা আপত্তি করছি না। আমরা আপত্তি করছি বিলটা বিধিসম্মতভাবে আনা হচ্ছে না বলে এবং বিলটার ঠিকমতো ইনট্রোডাকশন হচ্ছে না বলে। বিলটাও ঠিকমতোন অনুমতি দেওয়া হচ্ছে না বলে। স্বভাবতই আমি বলব, একটা বেআইনি বিল আমাদের উপর চাপিয়ে দিতে চাইছেন। আমি এখানে দুটি স্টেজের কথা বলেছি যার কোনওটাই এখানে মানা হয়নি। সুতরাং আপনার কাছে অনুরোধ করব, এই বিলটা আজকে প্রত্যাহার করে নেওয়া হোক। এই প্রত্যাহারের জন্য কিছুই করতে হবে না, মিনিস্টার বললেই হবে। আমরা বলছি, এটা নিয়ে আমাদের একটু ভাববার সময় দেওয়া হোক। বিলটার গুরুত্ব আপনারা ছোট করে দেখতে পারেন আমরা কিন্তু তা করছি না। মন্ডল

কমিশনকে যারা সমর্থন করে এসেছিলেন আপনি তাদের ব্যর্থতা ঢাকবার জন্য আজকে জোর করে স্পেশ্যাল সেশন করে দিয়েছেন। মন্ডল কমিশনের প্রবক্তা ছিলেন ভি. পি. সিং—সুপ্রিম কোর্ট এখানে দীর্ঘ তিন মাস সময় দিয়েছে এবং সেই সময় ১৫ তারিখে শেষ হয়ে যাচ্ছে আর আপনি তিন দিনও আমাদের বিলটা পড়তে দেবেন না? এ সম্পর্কে আপনি হাউসের একটা নজির দেখান যেখানে তিন দিন সময় দেন নি তাহলে আমরা চুপ করে বসে যাব। এটা একটা নূতন বিল, এটা অ্যামেন্ডমেন্ট বিল নয়, নিউ বিল ইন্ট্রোডিউস করা হচ্ছে অথচ সেখানে তিন দিন সময় দেওয়া হচ্ছে না। আমার জিজ্ঞাস্য, এই কু-নজির আপনি স্থাপন করবেন কেন? ফর হোয়াট? এতে তো সরকার পড়ে যাবে না, কনস্টিটিউশনও ডেডলক হয়ে যাবে না তাহলে ফর হোয়াট, কি রিজিনে, কার স্বার্থ রক্ষা করার জন্য এটা করছেন? এতে মন্ত্রীরা সুপ্রিম কোর্টের কাছে একটু বকুনি খাবেন, তাতে তো মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না আর অন দি কন্ট্রারি আপনাকে এরকম একটা নজির সৃষ্টি করতে হবে। আপনি যদি গায়ের জোরে করে দেন তাহলে এটা একটা নজির হয়ে যাবে। আপনি তিন দিনও সময় দিলেন না, তাহলে কিসের উপর আমরা বক্তৃতা করব? স্যার, we want Justice from you. একটা ২০ পাতার বিল আজকেই আপনি ডিস্ট্রিবিউট করলেন এবং এটা সেই বিল যাতে অনুন্নত শ্রেণীর কথা আছে; পিছিয়ে পড়া মানুষদের কথা আছে, সেই বিলটা না পড়ে আমরা এর সম্পর্কে কি করে বলব? কবে আমরা অ্যামেন্ডমেন্ট দেব? আজকের ফার্স্ট সেশনেই আপনি এটা ধরিয়ে দিয়েছেন, এই প্রিন্টেড বিলটা যেটা তিন দিন আগে দেবার কথা ছিল। স্বভাবতই একদিকে কনভেনশন ব্রেক করছেন তিন দিন সময় না দিয়ে অপর দিকে আইন এবং বিধিমতো এটা আসছে না। রুল ৬৬ এবং অন্যান্য যেগুলো আছে স্টেপ বাই স্টেপ একটাও মানা হচ্ছে না। স্বভাবতই আই বেগ টু ইউ, আপনি বিলটা স্থগিত রাখুন। পুনরায় সুষ্ঠুভাবে ডিস্ট্রিবিউট করা হোক এবং তার আগে সুপ্রিম কোর্টের কাছ থেকে সময় নেওয়া হোক। এই পরিস্থিতিতে সুপ্রিম কোর্টের কাছ থেকে সময় নিতে অসুবিধা হবে না এবং এটা একটা গুড, ডিসেন্ট নজির সৃষ্টি হবে। হ্যাঁ, যদি বুঝতাম এতটা ডেডলক্ অবস্থা সৃষ্টি হতে চলেছে, আপনাদের কিছু করার নেই তাহলে নিশ্চয়ই এটা মেনে নিতাম। সুতরাং আমার অনুরোধ মন্ত্রী মহাশয় এটাকে মর্যাদার প্রশ্ন হিসাবে নেবেন না। স্যার আমরা ডিবেট্ করতে চাই উইথ দি মিনিস্টার, আপনি বিচারক হিসাবে থাকুন। যদি ওঁর বক্তব্যে যথেষ্ট যুক্তি থাকে তাহলে নিশ্চয়ই আমরা ওঁর বক্তব্য মেনে নেব, ওঁর যুক্তি মেনে নেব। আর যদি উনি কোনও যুক্তি দেখাতে না পারেন, আমাদের বক্তব্যে যদি যথেষ্ট যুক্তি থাকে তাহলে আপনি বিচার করে বলবেন কি হবে। আপনি হুইসিল দিয়ে ডিবেট শুরু করে দিন, লেট আস ফাইট এমংষ্ট আওয়ারসেলভস। রুলিং পার্টির বন্ধুরা এবং আমরা আইন মাফিক বক্তব্য রাখি, আপনি বিচার করুন। দিস ইজ্ মাই সাবমিশন।

**মিঃ স্পিকার ঃ** Now, Mr. Dinesh Chandra Dakua, you make yours submission. First you let us know what was the reason for delay. Why do you come at the last moment? Why cannot you come a bit earlier?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় স্পিকার মহাশয়, বিলটা ইন্ট্রোডাকশনের আগেই বাধা

এসেছে। বাধার মূল পয়েন্টই হচ্ছে বিলটা অনেক দেরিতে ইন্ট্রোডাকশন করা হচ্ছে। হ্যাঁ, নিশ্চয়ই, এটা আমরা মেনে নিচ্ছি। সাধারণভাবে যে পদ্ধতিতে বিল এখানে উত্থাপিত হয়ে থাকে সেই পদ্ধতিতে এটা হচ্ছে না এবং দেরিতে হচ্ছে, এটা আমরা স্বীকার করছি। কিছুটা নিয়মের বাইরেই যাচ্ছে। কিন্তু এর কিছু কারণ আছে। গত নভেম্বর মাসের ১৫ তারিখ সুপ্রিম কোর্টের জাজমেন্ট হয়। তারপরে অথোরাইজড্ কপি অফ দি জাজমেন্ট অফ্ দি সুপ্রিম কোর্ট পেতে আমাদের একটু সময় লেগেছে। প্রায় মাস খানেক সময় লেগেছে। মাস খানেক পরে আমরা কপি পেয়েছি। অথোরাইজ্ড প্রিন্ট কপি পাওয়ার পর এটা আমাদের গভর্নমেন্টে নোটিফাই করার কথা Whether Act is to be made, or can be done otherwise — that was the question. It is a legal question. On this point, naturally we have to take legal opinion. সে জন্যও আমাদের এক মাস সময় গেছে। সুপ্রিম কোর্টের যে জাজমেন্ট সেই জাজমেন্ট অনুযায়ী নিশ্চয়ই কমিশন গঠন করতে হবে এবং তার জন্য আমাদের সরকার নিশ্চয়ই প্রস্তুত আছেন। কিন্তু বিধানসভা থেকে যে একটা নতুন আইন পাস করতে হবে, এই সিদ্ধান্তে আসতে আমাদের সময় লেগেছে। সুপ্রিম কোর্ট বলেছে গভর্নমেন্ট ক্যান মেক্ এ নোটিফিকেশন। কিন্তু আর্টিকেল ৩৪০ অনুযায়ী এ বিষয়ে আইন পাস করতে হবে। আণ্ডার আর্টিকেল ৩৪০ অফ্ দি কনস্টিটিউশন, আণ্ডার সেকশন ১৬(৪), সেকশন (১৫)৪ অফ্ দি কনস্টিটিউশন করতে হবে। এই সমস্ত ধারায় আমরা এটা করতে পারি বলে জাজমেন্ট লেখা আছে। আমরা এ বিষয়ে ওপিনিয়ন নিয়েছিলাম এবং আমাদের বলা হয়েছে, উই হ্যাভ টু মেক সাম অ্যাক্ট। এখন সেই এ্যাক্ট করতে হচ্ছে এবং সে জন্যই আপনাদের কাছে এই বিলটা এসেছে। আমি সভাকে জানাচ্ছি যে, নিশ্চয়ই আমাদের পদ্ধতিগত কিছু ত্রুটি হয়েছে। ভাল কাজ করতে গিয়ে যদি ত্রুটিকে বড় করে দেখি তাহলে সঠিক কাজ হয় না। কাজেই মূলত ব্যাকওয়ার্ড ক্লাসদের আইডেনটিফাই করার জন্য আমরা কমিশন নিযুক্ত করতে চলেছি। ইটসেলফ ইন সাবস্টন্স এটা ভাল কাজ। আই হ্যাভ এক্সপ্লেন্ড দি ম্যাটার সেইজন্য বলছি, এই পদ্ধতিগত ত্রুটি-বিচ্যুতির জন্য এটা দেরি হয়েছে, এটাকে গ্রহণ করুন, ব্যাকওয়ার্ড ক্লাসদের জন্য কমিশন নিযুক্ত করে আমরা এগিয়ে যাই। যে ত্রুটি হয়েছে আমি অ্যাডমিট করে নিচ্ছি এবং এটা নিশ্চয়ই হাউস ক্ষমা করে নেবেন।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় স্পিকার, আমাদের ঝাড়খণ্ড পার্টি দীর্ঘদিন থেকে অবহেলিত পশ্চাৎপদ মানুষের স্বার্থে মণ্ডল কমিশনের রিপোর্ট কার্যকর করা হোক এই দাবি নিয়ে আন্দোলন করছে। আমি লক্ষ্য করছি, এই পশ্চিমবাংলার সরকার তথা সি. পি. এম. দল এই আন্দোলনকে বিগতদিনে কখনও আখ্যা দিয়েছেন সাম্প্রদায়িকতা, কখনও আখ্যা দিয়েছেন বিচ্ছিন্নতাবাদ। এরজন্য আন্দোলন করতে গিয়ে গ্রামে-গঞ্জের বেশ কিছু ছেলে, নওজোয়ান খুন হয়েছে। এইসব ছেলেরা বিভিন্ন জায়গায় গণ জাগরণ-এর আদোলন করেছে। ঠিক সেই সময়ে বামফ্রন্ট সরকারের পুলিশ তাদেরকে গ্রেপ্তার করেছে। আমার গুরুত্বপূর্ণ দাবি হচ্ছে, আদিবাসী, অবহেলিত অগণিত পশ্চাৎপদ মানুষের স্বার্থ জড়িত এই বিলের সাথে। সেটা আজকে এই অল্প সময়ের মধ্যে পাস না করার জন্য আবেদন জানাচ্ছি। এরজন্য যথেষ্ট পরিমাণ সময় দেওয়া হোক এবং আলোচনা হোক। এই গুরুত্বপূর্ণ বিল এত সহজভাবে, এত অল্প সময়ের মধ্যে পাস করা যুক্তিযুক্ত হবে বলে মনে করি না। মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দিন, কার স্বার্থে এত দেরি করা হয়েছে? কাদের স্বার্থে এত বিলম্ব করা হয়েছে তারজন্য

উপযুক্ত কারণ দেখান। সুপ্রীম কোর্ট ৩ মাসের মধ্যে কমিশন করার জন্য যে রায় দিয়েছেন, যে নির্দেশ দিয়েছেন বামফ্রন্ট সরকার এতদিন ধরে কিছু করেননি কেন? ঘুমোচ্ছিলেন? যেখানে এতবড় জটিল সমস্যা, যেখানে অগণিত আদিবাসী পশ্চাৎপদ মানুষের স্বার্থ জড়িত সেখানে কোনওরকমে পাস করার কেন চক্রান্ত তা আমি মানতে পারছি না। সাধারণ মানুষের স্বার্থে, অনুন্নত পিছিয়ে পড়া মানুষের স্বার্থে এই বিল প্রত্যাহার করার জন্য অনুরোধ করছি। ঝাড়খন্ড পার্টি দীর্ঘদিন ধরে এই ইস্যু নিয়ে আন্দোলন করছে। সুতরাং তাদের স্বার্থে এই বিলটি প্রত্যাহার করে নিন এবং মন্ত্রী মহাশয়কে তিরস্কার করুন, কেন তিনি সুপ্রিম কোর্টের রায়কে মানেননি? তাঁকে তিরস্কার করার জন্য আবেদন জানাচ্ছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বিজনেস অ্যাডভাইসারি কমিটির মিটিংয়ে এই নিয়ে আলোচনা হয়েছিল। একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে আমরা যা বুঝলাম, যে কথাটা ওনারা শুনলেন না, যে এক মাস আগে এটা পাওয়া গেছে। সেই সময়ে বিধানসভার অধিবেশন ছিল না, এই বিধানসভা ডাকা হয় নি। পরবর্তীকালে যখন ঠিক হল যে সুপ্রিম কোর্টের মর্য্যাদা দিতে হবে কিভাবে নোটিফিকেশন হবে, বিল হবে না আইন হবে এই রকম যখন লিগ্যাল ইমপ্লিফিকেশন হল তখন অ্যাডভোকেট জেনারেলের মতামত নেওয়া হলে তিনি বললেন যে আইন করতে হবে, নোটিফিকেশনের দরকার নেই। সেজন্য প্রসেস করে বইটা ছাপিয়ে নিয়ে আসতে দেরি হয়েছে। গতকাল বিজনেস কমিটিতে মাননীয় সুব্রতবাবু এবং মানস ভুঁইয়া মহাশয় কথাটা তুলেছিলেন, এই কথাটাই হয়েছিল। সময় সংক্ষেপ, যেহেতু আগামী ১৫ তারিখের মধ্যে ফয়সালায় আনতে হবে সেজন্য আজকে বিজনেস কাট্‌ল করে এটা করা হোক। আমি আপনার কাছে অনুরোধ করব এটা মেনে নিন, প্রটেস্ট করবেন না। গুরুত্বপূর্ণ বিলের মর্য্যাদা রক্ষার জন্য চেষ্টা করুন। আমাদের ত্রুটি আমরা স্বীকার করে নিয়েছি তারপর আর কি বলার আছে?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মন্ত্রী মহাশয় যে বক্তব্য রাখলেন আমি তা শুনলাম। আপনার নির্দেশ সরাসরি ছিল, আপনার রুলিংয়ে আপনি বলেছিলেন যে একটা স্পেশ্যাল সেশন করবেন, তা স্টার্ট করেছেন। দ্বিতীয় কথা সরকার পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট করবেন তাতে আমরা কনভিনসড্ হয়ে যাব।

**মিঃ স্পিকার ঃ** না, উনি এক্সপ্ল্যানেশন দেবেন, আপনারা কনভিনসড্ হবেন কি হবেন না, সেটা আপনার ব্যাপার।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** উনি করলেন কি? কনটেনস্টের ভিতরে গেলেন। এর ভিতরে কি বক্তব্য আছে তার ভিতরে গেলেন। আমি বলছি গতকাল যে বিলটি এখানে সারকুলেট করেছেন সেই বিলটিতে কোন অবজেক্টস আছে, ফিনান্সিয়াল মেমোরান্ডাম আছে, আপনার সিগনেচার আছে? যখন কোন আইন প্রিন্ট করে সারকুলেট করা হল তার ভিতরের ডিটেলস্ দেওয়ার কথা নয়। আমরা বিলের বিরোধিতা করছি না, পরে কি করব না করব জানি না। কিন্তু এতে কন্‌ষ্টিটিউশন তো ডেডলক হবে না, আপনার সরকার পড়ে যাবে না, ইট ইজ

নট এ মানিবিল। এটা পাস না হলে কি সরকার পড়ে যাচ্ছে? সেখানে কি কোন প্রভিসন আছে যে এটা পাস না হলে গভর্নমেন্ট কোলাপস্ হয়ে যাবে। সুপ্রীম কোর্টের নির্দেশ নিয়ে আসুন, সুপ্রীম কোর্ট সময় দিতে বাধ্য। ৩ দিনে সুযোগ পাওয়া যায়, কেউ পান না। যদি ভাবের ঘরে চুরি না করেন তাহলে একজনও কি বলতে পারবেন—মাননীয় রবীনবাবু জানেন, পুরোটা পড়েছেন? এর মধ্যে আপনার সিগনেচার নেই, এই বে-আইনি বিলের টোটাল ব্যাপার জানেন moreover, repeatedly we put up this question. This is a amendment. This is serious in nature because it is a separate bill. It is a comprehensive bill. আমরা রুল ৬৬ বলেছি, এ. আর. মুখার্জির লোকসভার প্রিসিডেন্ট কনভেনশন তুলে ধরেছি, এখানকার কনভেনশন তুলে ধরেছি। মাননীয় সৌগতবাবুরা আমার কথার একটা উত্তর দিতে পেরেছেন? আউট রাইট? মাননীয় রবীনবাবুর কাছে অনুরোধ করছি যে সুপ্রীম কোর্টের কাছে চলে যান, Is not it a bad precedent once for all. খারাপ নজির হবে না। চিরকাল কেউ থাকে না, আমরা ১৯৭২ সালে ভুল করেছিলাম কাজেই চিরকাল কেউ থাকে না। তখন খুব খারাপ নজির হয়ে যাবে। কন্সটিটিউশন ডেডলক্ হয়ে যাবে না। সুপ্রীম কোর্টের কাছ থেকে টাইম নিয়ে চলে আসতে পারবেন। ইট ইজ নট এ সিম্পল থিং, সুপ্রীম কোর্টের জাজ আপনাদের উকিলকে একটু বকতে পারেন।

একটা ব্যাড প্রিসিডেন্ট হয়ে থাকবে আজকে জোর করে যদি এটা পাস করান। যে সমস্ত প্রশ্ন আমাদের এখান থেকে উত্থাপিত হয়েছে তার উত্তর পাই নি। যদি উত্তর পাই তো ভেবে দেখব। আর উত্তর যদি না পাই তাহলে অনুরোধ করব টু প্রোটেক্ট দি ডিগনিটি অফ দি হাউস, টু প্রোটেক্ট অল দি রাইটস্ অফ দি মেম্বারস অফ দি হাউস।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিল নিয়ে মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং শ্রী সুব্রত মুখার্জি ইন্ট্রোডাকশন স্টেজে লিগ্যাল পজিশন উত্থাপন করে বলেছেন যে, এটা জাস্টিফায়েড হচ্ছে না। এটা বলবার কোন কারণ নেই, কারণ মাননীয় মন্ত্রী এক্ষেত্রে ত্রুটি স্বীকার করেছেন। ইট ইজ ফ্যাক্ট যে, দুইদিন আগে বিলটা সার্কুলেট করা উচিত ছিল। তিনি পয়েন্ট আউট করে বলেছেন যে, কালকে যেটা সার্কুলেট করা হয়েছিল তাতে ফিনান্সিয়াল মেমোরাণ্ডাম ছিল না। নিশ্চয়ই এটা ত্রুটি। তবে আমি আপনাদের কাছে বলব, অনারেবল স্পিকার যখন এটা হাউসের বিবেচনার জন্য রেখেছেন, যখন এটা ১৫ই মার্চের মধ্যে সুপ্রিম কোর্টের কাছে পাঠাতে হবে এবং আমাদের এখানে হাউস যখন সুপ্রিম, তখন ত্রুটি থাকা সত্ত্বেও সেটা ওয়েভ করতে পারেন। অনারেবল স্পিকার যখন এটা সার্কুলেট করেছেন তখন আমাদের কাছে তার গুরুত্ব আছে। আর এটা ১৫ই মার্চের মধ্যে পাঠাতে হবে ব্যাকওয়ার্ড ক্লাশকে আইডেন্টিফাই করে প্রসিড করার স্বার্থে। এখানে বিরোধী পক্ষের লার্গেড সমস্ত সদস্যরা রয়েছেন, কাজেই বৃহত্তর স্বার্থে এটা নিয়ে এখানে আলোচনা করে পাস করা উচিত। বি. এ. কমিটিতেও বিলটা নিয়ে আলোচনা হয়েছে। কাজেই ফর দি বেটার ইন্টারেস্ট এটা পাস করা হোক এই আবেদন আমি বিরোধী পক্ষের কাছে রাখছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশটা চলে ইণ্ডিয়ান কনস্টিটিউশনের নির্দেশে এবং হাউসটা চলে আমাদের রুলস এবং কনভেনশনের উপর। রাজ্যে তো এই

সরকারের আমালে কোন আইন নেই, বে-আইনি সমস্ত কিছু হয়ে চলে যাচ্ছে।

[3-20 — 3-30 p.m.]

এটা অরাজকতা। আমি আপনার কাছে জানতে চাই, এখানে ৬৭(৩)-য়েতে যে প্রভিসন আছে, আমাদের সৌগত রায়, সুব্রত এগুলি দক্ষতার সঙ্গে প্লেস করেছেন। গভর্নমেন্টের তরফ থেকে উনি দয়া ভিক্ষা চাওয়া ছাড়া আর কোন কনভেনসিং আর্গুমেন্ট দিলেনা যে কেন এরা এই বিল আনতে চেয়েছেন? উনি ভিক্ষা চেয়েছেন যাতে এটা ওয়েভ করি। কিসের জন্য? এই আন্দোলন আজকের নয়। অ্যাজ ফর ব্যাক অ্যাজ ১৯৮৯ তখন থেকে এই আন্দোলন বিরাট আকারে চলছে সারা ভারতবর্ষে। নরেন হাঁসদা, ঝাড়খন্ড পার্টির পক্ষ থেকে অ্যাবলি এই বিষয়ে অনেক কথা বলেছেন। আমরা দেখছি যে সরকারের যে অ্যাটিচ্যুড হওয়া উচিত ছিল সেটা এখানে নেই। এটা শুধু ব্যাক ওয়ার্ড ক্লাশের বিষয় নয়। ভারতের বাইরেও ইট শোজ দি অ্যাটিচুড অব দি গভর্নমেন্ট টুওয়ার্ডস দি ব্যাকওয়ার্ড ক্লাসের। এরা এটা অ্যাভয়েড করতে চেয়েছেন। আমরা সেখানেই আপত্তি করেছি। শুধু একটা বিলে ভুল হয়েছে কিনা, অপচয় হচ্ছে কিনা, এটা কথা নয়। ইট শোস দি অ্যাটিচুইড অব দি গভর্নমেন্ট। দে ওয়ান্টেড টু অ্যাভয়েড দি লেজিসলেশন অল টুগেদার। এটার জন্য কমিশন তৈরি করতে হবে ফর আইডেন্টিফিকেশন অব দি ব্যাকওয়ার্ড ক্লাসেস। এটা ওরা করতে চায় না। এখানেই আমাদের আপত্তি। এটা বে-আইন কাজ। এটা কোন আইনে নেই, নাইদার ৬৬, নর ৭৩, কোনও আইনে নেই, এটা আপনি করতে পারেন না। লেট দেম গো টু দি সুপ্রীম কোর্ট অর আদার হেভেন। আমরা এটা মেনে নিতে রাজি নই। যদি আপনি এটা করেন তাহলে উই হ্যাভ সাম অবজেকশন এবং যদি আনা যায় উই উইল ব্রিং এ নো কনফিডেন্স মোশন এগেনস্ট দিস গভর্নমেন্ট।........(গোলমাল)............মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি অ্যালাউ করেন, আমরা নো কনফিডেন্স মোশন আনব। বিফোর দিস বিল ইজ ডিসকাশড ফর দিস গ্রস নেগলিজেন্স অব দি গভর্নমেন্ট, দিস ক্যালাস গভর্নমেন্ট, উই প্রোপোজ এ নো কনফিডেন্স মোশন এগেনস্ট দিস গভর্নমেন্ট........(গোলমাল)..........আমরা এই বে-আইনি কাজ হতে দিতে পারি না। এই বিল আনার সমর্থনে মন্ত্রী কোন সন্তোষজনক আর্গুমেন্ট দিতে পারেন নি। এই মন্ত্রীকে ট্রেনিংয়ে পাঠান, না হয় চীফ মিনিস্টারকে এখানে এসে এক্সপ্লেন করতে বলুন এর কি কারণ আছে, অর লে দি অ্যাডভোকেট জেনারেল কাম অ্যাণ্ড এক্সপ্লেন হোয়াট ইজ দি লিগ্যাল পজিশন। এটা আমরা জানতে চাই, এটা আমাদের দাবি। গভর্নমেন্ট বেকায়দায় পড়ুক বা না পড়ুক সেটা আমরা দেখবো না। আমরা চেষ্টা করবো গভর্নমেন্টকে বেকায়দায় ফেলতে। আমরা বে-আইনি কাজ করতে দেব না। আমরা সেজন্য নো কনফিডেন্স মোশন মুভ করতে চাই। আপনি আমাদের বলুন যে অন হোয়াট গ্রাউন্ড আপনি এটা ওয়েভ করবেন?

## RULING FROM CHAIR

**Mr. Speaker:** The West Bengal Commission for Backward Classes Bill, 1993, has been slated for introduction, consideration and passing today. The time has been allotted for this – two hours. Honourable Member, Shri Saugata Roy has given a notice under Rule 73 (1) of the Rules of Procedure and Conduct of Business the West Bengal Legislative Assembly. He wanted to oppose the introduction of the Bill by

the Honourable Minister-in-Charge of the Bill, Shri Dinesh Chandra Dakua. The Rule 73 (1) reads as follows —

"If a motion for leave to introduce a Bill is opposed, the Speaker, after permitting, if he thinks fit, a brief explanatory statement from the member who moves and from the member who opposes the motion, may, without further debate, put the question:

Provided that where a motion is opposed on the ground that the Bill initiates legislation outside the legislation competence of the House, the Speaker may permit a full discussion thereon." And he goes on other motions. The Minister at the moment here does not seeking leave of the House to introduce the Bill. His motion in the House would be for introduction of the Bill because under rule 66 of our rules — "The Governor may order the publication of any Bill (together with the Statement of Objects and Reasons and the financial memorandum, if any, accompaying it) in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill. In that case it shall not be necessary to move for leave to introduce the Bill, and, if the Bill is afterwards introduced, it shall not be necessary to publish it again." It should be found that here because the Governor has ordered publication of the Bill, it is no longer necessary under Rules of Procedure to take leave of the House to introduce the Bill. My attention has been drawn by Hon'ble Member, Shri Saugata Roy, to page 468 of Kaul & Sakhdher. Certain provisions relating to introduction of the Bill which are followed in the Lok Sabha have been mentioned. I am aware that the Lok Sabha convention is, the Bills are first taken for leave to introduce then they are taken into the House and they are later on again introduced. But we don't follow that convention in this House. In this House, permission of the Governor has always been taken and then Bills are only introduced in the House and the leave is sought for from this House to introduce the Bill. There is slight procedural variation from the Lok Sabha and this House. Now the question is that when leave is not sought for whether introduction of the Bill can be objected to or not at this stage?

I am again from the Opposition bench reminded by Hon'ble Shri Saugata Roy, to page 469 of Kaul & Sakhdher. "By convention, the motion for introduction is not opposed," — but it relates to Lok Sabha, not to this House. Now if we go by convention then the introduction cannot be opposed. — "But there have been occasions when motions for introduction of Government Bills were opposed in the House. The members who wishes to oppose must write in advance (before the commencement of the sitting) to the Secretary-General and if two or

more members write, the Speaker calls the member whose intimation was received first in point of time and on one occasion, the Speaker has also permitted a member other than member who opposed the motion for introduction of the Bill.'' Now what happens then is when that opposition to introduction is given, member is called upon to speak, is heard, a debate takes place and the matter is decided. Shri Saugata Roy has spoken, a debate has taken place. We can put it to vote. There is nothing more than that. This is the procedure. There is nothing else. I hope, that is the convention. This is the Lok Sabha & convention. If he wants to refer to it, I would remind Mr. Saugata Roy also, what he has referred to me. If he is willing to go by that procedure, I am willing to go for it. I am only reminding Mr. Saugata Roy about the procedure which he wants......(noise)........The question is that technically the introduction cannot be opposed because leave has already been sought for by the Governor. When the Governor has granted permission the Bill has been printed and circulated. .....(noise)........ Now the Hon'ble Shri Subrata Mukherjee referred to me to page 233 of A R. Mukherjee, 3rd edition. Now this also, i.e., the page 233, refers to the same thing. All are, 'leave to introduce ; not the matters relating to introduction. It has two phases ; one is leave to introduce, and one is introduction. The first phase is completed, because the leave to introduce the matter has been completed by the Governor by his granting permission to print the Bill and getting it circulated. That part is completed. Now the second part is here — introduction part. We are not concerned with the leave to introduce any more. That is a closed chapter. We are concerned with the second part now, the introduction of the Bill ; to how far that is legally valid or not valid ? The Hon'ble Member from Jharkhand Party — Hon'ble Shri Naren Hansda — he has also made his own statement. In the fairness, in support of the contention made by the Members of the Opposition, I have to be critical of the Government also, because the Government has not fairly explained as to why there was such an undue delay. And there has been delay in the circulation of the Bill. The Bill could have been circulated. We did circulate some xerox and cyclostyled copies yesterday, but the printed copy could not be circulated yesterday, because the printed copy was made available at the very late part of the day and it could not be made available to all Members yesterday. So we got it done by our Secretariat, cyclostyled some xerox copies, and they were made available to Members. But this is not a very happy situation and the Government is not expected to act in that manner. The Government should have been more alert, they have got their own machinery. At least the Bill could have been circulated yesterday to all the Members—printed

Bills—where they could have had a better opportunity to understand it, read it and could give their comments or criticisms. But coming to the entire crux of the question—coming to the entire crux of the question—the matter is urgent, because the Supreme Court has fixed the 15th of March as the date by which the Commission has to be set up and notified. There is paucity of time and pressure. Mr. Mukherjee has mentioned about applying for extension of time, do certain things and the other things, which are not relevant to us. Before us we have got an issue that 15th of March is the date by which the Commission for Enquiry into other Backward Classes has to be set up by the State as per direction of the supreme Court and Supreme Court's direction should be honoured by every State Government under thhe Constitution. It is incumbent that the State Government acts according to the judgement and directions of the Supreme Court, and we, as Members of the State Legislature, should see that the direction of the Supreme Court is honoured inspite of the lapses of the State Government. It is our commitment to honour the direction of the Supreme Court because we are here as part of the Constitution. The Legislature, the Executive and the Judiciary are the three wings of the State. We are one wing of the State. We can't negate another wing of the State. It is also a very important wing of the State. It is incumbent for us to see that these three wings co-ordinate themselves. One wing has been negligent. There have been certain failings but that does not mean that because one wing has failed these other wings should also fail and not carry out its duties and functions. It is incumbent upon us also to see that these obligations are fulfilled. As such, yes, Mr. Subrata Mukherjee ?

[3-30 — 3-40 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আপনার রুলিং আপনি দেবার আগে আমি বলতে চাই যে, আপনি তো রুলিং দেবেনই এবং সরকার পক্ষের হয়েই দেবেন, আমরা জানি। স্যার, আমি বারবার করেই বলছিলাম যে, মহাভারত অশুদ্ধ হবে না, গভর্নমেন্টও পড়ে যাবে না, কোনও ডেড-লকও হবে না, শুধু সুপ্রিম কোর্টের কাছ থেকে একটা ডেট চেয়ে নেওয়া। আমি কোনও কনটেনশনে যেতে চাইছি না, আপনার রুলিং প্রত্যেকটি আমরা পড়েছি। পড়ার পরে আমরা অনুরোধ করব, হোয়াটএভার রুলিং ইউ মে গিভ, গায়ের জোর আমরা মানব না, আপনি 'কাউল অ্যান্ড সাকদের'-এর পার্ট-টু, এর ৪৬২ পেজে চলে যান।

আপনি দেখবেন কোনও রুলিং আপনার এর পরে খাটে না। "If the minister concerned gives adequate reasons in a memorandum for consideration of the speaker as to why the bill is proposed to be introduced without copies being made available to members the speaker may permit introduction of the bill without the prior circulation or after the circulation

for a shorter period." This is the basic point. আমরা অনবরত চেঁচিয়ে যাচ্ছি। স্যার, আমি তো পেজ ৪৬৮ থেকে পড়লাম রুলিং আপনি যাই দিন ক্যান ইউ অ্যাভয়েড দিস লাইন? আপনি যা বললেন অ্যাডিকোয়েট রিজিনস যদি না আনেন ভালমতো প্রিন্টেড আকারে যদি না নিয়ে আসতে পারেন, যদি কনভিন্স না করতে পারেন is it possible to make use of a shorter period ? আপনি শর্ট অফ পিরিয়ড করবেন কি করে, হাউ? যদি Convincing argument in favour of the shorter period by the speaker. কোথায় করতে পেরেছেন? আমি বারে বারে মনে করিয়ে দিচ্ছি পেজ ৪৬৮-এর কাউল অ্যান্ড সাকদার ইফ দি "minister concerned gives adequate reasons in a memorandum" give adequate reasons with memorandum, we will consider it. On the basis of there memorandum he can only make some rulling or consider shorter period otherwise he cannot do that. You can by your own right and by so many members—but otherwise you cannot with subsequent powerful arguments. This is my point.

**Mr. Speaker :** Mr. Mukherjee, that again relates to leave to introduce. When the bill has already been printed with the permission of the Governor the leave to introduce part is closed. We are not concerned with that. It is automatically closed. It is now only the part of being introduced. I find that the minister can legally introduce the bill. But it is a very bad precedent. I again say it is a very rare case, it is a very rare case. I will allow it because of the exigency of the circumstances. It should never have been and the Government has to take a very serious note of it. I will allow it only because we have deadline of the 15th March. It should not be allowed in other ordinary circumstances. It should never bed allowed. Now Mr. Saugnta Roy move your opposition. We have to put that to vote.

**Shri Saugata Roy :** I beg leave to oppose the introduction of the West Bengal Commission for Backward Classes Bill, 1993. I still want to tell you Sir, that we are not satisfied with the explanation given by the minister in the House of the reasons for delay in circulating the bill, for reasons for not giving us adequate time to read and prepare for such an important bill. He has mentioned that he had to seek legal opinion but he has not mentioned whose legal opinion he has sought. In case it was the opinion of the Advocate General that is sought he should be called to the House. Let him say why the Advocate general was delayed in bringing forward this Bill since the Supreme Court has already said 15th of March to be the last date. This House was in equated on 25th of February. It is more than 16 days. Who sufficient time—14 days was not given for the purpose is not clear to me. I introduce the bill, not on point of principle but totally on point of procedure where the Government has totally failed in its responsibility to

satisfy the members on the procedural issue. Advocate general or any authority has not come forward to say why they are introducing the bill at this late stage which is in the interest of the backward classes. Is it not an example of the neglect of the backward classes by the State Government ? That is why I seek leave to oppose the introduction of the West Bengal Commission for Backward Classes Bill, 1993.

The motion of Shri Saugata Roy seeking a motion of objection to the introduction of the West Bengal Commission for Backward Classes Bill, 1993 was then put and lost.

....(at this stage Hon'ble Member Shri Naren Hansda went to Speaker's podium)...

...(noise)...

...(at this stage Hon'ble Member Shri Naren Hansda walked out of the Chamber)...

**Shri Dinesh Chandra Dakua :** Sir, I beg to introduce the West Bengal Commission for Backward Classes Bill, 1993.

...(Secretary then read the Title of the Bill)...

**Shri Dinesh Chandra Dakua :** Sir. I beg to move that the West Bengal Commission for Backward Classes Bill, 1993, be taken into consideration.

[3-40 — 3-50 p.m.]

স্যার, এটা জানা আছে যে আমাদের ১৯৫০ থেকে শিডিউল কাস্ট ও শিডিউল ট্রাইবস বলে যে কিছু ব্যাকওয়ার্ড ক্লাসকে লিস্টেড করা হয়েছে গোটা ভারতবর্ষে। কিন্তু আরও কিছু ব্যাকওয়ার্ড ক্লাসকে লিস্টেড করতে পারে রাজ্য সরকারগুলি এটা বলা আছে সংবিধানের মধ্যে। এটা সকলেরই জানা আছে, ১৯৫০ সালের পর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত, এই বিরোধী পক্ষ যখন শাসন করেছিল তখন পশ্চিমবাংলায় তারা কোনও ব্যাকওয়ার্ড ক্লাসকে লিস্টেড করেনি। আমরা এখন চেষ্টা করছি, এই ব্যাকওয়ার্ড ক্লাসের অন্তর্ভুক্ত যে লোকগুলো আছে তাদের বেনিফিট দেওয়ার জন্য আমরা চেষ্টা করছি। ভারতবর্ষের কথা আলাদা, কিন্তু অন্তত পশ্চিমবাংলায় সোশ্যাল হারমোনি আছে। গরিব মানুষগুলো যাতে আরও উন্নত হতে পারে এই ১৫ বছর ধরে আমরা সেই প্রচেষ্টা করেছি। এই সময় আমরা দেখলাম সুপ্রিম কোর্ট থেকে একটা সিদ্ধান্ত এসেছে যে ব্যাকওয়ার্ড ক্লাসের লোকগুলোকে আরও উন্নত করবার চেষ্টা করা হয়েছে। আমাদের এখানে জাতপাতের কোনও ব্যাপার নেই। পশ্চিমবাংলার অবস্থা রেনেসাঁ। আমরা পশ্চিমবঙ্গ সরকার এই যে পভার্টি অ্যালিভেশন স্কীমগুলো নিয়ে দরিদ্র মানুষের মধ্যে বেশির ভাগই ব্যকওয়ার্ড ক্লাসের উন্নয়নের চেষ্টা আমরা করছি। এই পরিপ্রেক্ষিতে ওদের আইডেন্টিফিকেশনের প্রয়োজন ছিল না।

সোশ্যাল সায়েন্টিস্ট, অমুক এক্সপার্ট, তমুক এক্সপার্ট এই সমস্ত লেখা আছে। সুপ্রিম কোর্ট যেভাবে ডাইরেকশন দিয়েছে আমরা সেই ভাবেই কমিশন নিযুক্ত করতে চলেছি। এখানে আইনগত প্রশ্ন যেটা আছে যে whether a separate Act is necessary or whether according to the direction of the Supreme Court, the Government can set up a commission which was the main thinking within the Government. এখানে আলটিমেটলি আমরা দেখতে পেলাম যে একটা অ্যাক্ট ইজ নেসেসারি। আমরা সেটা পেশ করছি, আশা করি সকলে সেটা সমর্থন করবেন। আমরা আশা করছি, ব্যাকওয়ার্ড ক্লাসের যে উন্নয়ন, আমরা অন্য কোনওভাবে without identifying the backward class. এখানে আমরা we have been continuing to identify the backward class. এই আইডেনটিফিকেশন যে হবে সেটা স্পেশ্যাল আইডেনটিফিকেশন হবে। কংগ্রেস আমলে এরজন্য কোনও কমিশন আপনারা করেননি, আমরাও এতদিন করিনি। ৫০ সন থেকে দুই আমলেই এটা করা হয়নি, এখন এটা আমরা করতে চলেছি। আমি আশা করি এই বিলটা সকলেই সমর্থন করবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে আমাদের আপত্তির কোনও কারণ নেই কিন্তু এই সরকারের attitude towards backward class. এতে আমাদের ঘোরতর আপত্তি আছে, আমরা এর নিন্দা করছি, একে ধিক্কার জানাচ্ছি। স্যার, আমরা দেখেছি, এদেরই মদতে তিন ঠ্যাং ওয়ালা, তিন মাথাওয়ালা একটা সরকার দিল্লিতে হয়েছিল as far back as 1989. তাদের কার্যকলাপ আমরা জানি। আমার প্রথম জিজ্ঞাস্য, ওদের কাছে, আপনাদের এখানে বলতে হবে যে একথা আপনারা অস্বীকার করেন কিনা যে পশ্চিমবঙ্গে ব্যাকওয়ার্ড ক্লাস নেই। There is no necessity to set up a commission to identify the backward class. একথা সরকারের তরফ থেকে বলা হয়েছিল কিনা তার স্পেসিফিক জবাব আমি চাই। আপনারা বলবেন, একথা বলেছিলেন কিনা যে পশ্চিমবঙ্গে ব্যাকওয়ার্ড ক্লাসেস নেই, এখানে তাদের আইডেনটিফাই করার প্রশ্নও নেই এবং তার জন্য কোনও কমিশন করার প্রশ্ন নেই—এসব প্রশ্নের জবাব আপনাদের দিতে হবে। You wanted to avoid to set up the Commission. এই অ্যাটিচুড আপনাদের ছিল বলেই আজকে স্পিকার মহাশয়কে ভিক্ষা চাইতে হয়। কৃষ্ণচন্দ্র হালদারের মতোন সদস্যকে ভিক্ষা চাইতে হয় এই কথা বলে যে আপনারা এটা ওয়েভ করুন। আজকে আপনারা টাটা বিড়লার দালালি করতে গিয়ে গরিব মানুষদের কথা ভুলে গিয়েছেন। আশা করি আমি যেসব প্রশ্ন উত্থাপন করলাম তার স্পেসিফিক জবাব আপনারা দেবেন। এই প্রসঙ্গে আর একটি কথা বলি। আপনারা জানেন আমাদের এখানে বিহারের খানিকটা অংশ এসেছে পুরুলিয়ায় ইসলামপুর সাবডিভিসনে। সেখানে সেম ক্লাস, সেম পারসন এখানে এসে সেই একই ক্লাস আর হচ্ছে না। এই যে সোশ্যাল ডিসক্রিমেশন এতে সোশ্যাল টেনশনের জন্ম দিচ্ছে। আপনাদের কি এগুলি আইডেনটিফাই করার দরকার নেই? আপনারা কি শুধু ইলেকশন কমিশন বলে ছেড়ে দেবেন। তাহলে আর্টিকেল ৩৪০-র ইমপ্লিকেশনটা কি? আজকে এটার প্রয়োজন কি? আর্টিকেল ৩৪৬-এর কথা আজকে বলা হচ্ছে। কিন্তু এখানে সোশ্যাল প্রটেকশনকে আপনারা বাদ দিয়ে দিয়েছেন পলিটিক্যাল গেইনের জন্য এখানে স্টেট রিঅর্গানাইজেশন অ্যাজ ফার ব্যাক অ্যাজ ১৯৮৬। সুপ্রিম কোর্টের নির্দেশ না থাকলেও অ্যাজ প্যার আর্টিকেল ৩৪৯—আপনারা

তো সরকারে আছেন ১৭ বছর, সুপ্রিম কোর্টের কথা ছেড়ে দিন, এটা কেন কম্পালসন মনে করেননি যে কমিশন হওয়া দরকার? দীনেশবাবু শিডিউল্ড কাস্টের মন্ত্রী, ওকে দিয়ে বিল এনেছেন। আগেই কেন এটা করলেন না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনারা করেছিলেন?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনারা তো এসে গেছেন ১৭ বছর হয়ে গেল। আপনারা যে সোশ্যাল টেনশন নিয়ে এসেছেন তা আমরা কখনও আনিনি। সুপ্রিম কোর্ট হুইপ করছে, এখন তাই কান্না-কাটি করে বিল নিয়ে এসেছেন। কেন নিজেরা আগে আনেননি? স্যার, ওরা বলেন যে, ওরা এর প্রবক্তা। আজকে গোটা পশ্চিম বাংলায় ল্যাক অফ ফাইনান্সিয়াল প্রোগ্রেস, ল্যাক অফ গ্রোথ অফ ইকনমি গোটা পশ্চিম বাংলাটাকে ব্যাকোয়ার্ড বানিয়ে দিয়েছেন। এখানে কোনও গ্রোথ নেই। ইকনমিক গ্রোথের যা ন্যাশনাল অ্যাভারেজ এখানে তা নেই। সেই জি. ডি. পি. এখানে নেই। আমাদের এখানে পার ক্যাপিটা জি. ডি. পি.-ও তা নেই। আমি ইতিপূর্বে এ কথা বলেছি, কিন্তু মুখ্যমন্ত্রী এবং ফিনান্স মন্ত্রী কোনও উত্তর দেননি। আপনারা গোটা রাজ্যকে ব্যাকোয়ার্ড বানিয়ে দিয়েছেন। রাজ্যকে আজকে ব্যাকোয়ার্ড থেকে ফরোয়ার্ডে নিয়ে আসতে কি ব্যবস্থা হচ্ছে? কিছু না। উই লিভ ইন এ প্লেন ইকনমি। আপনাদের ৮ম পরিকল্পনার সাইজ ছিল ১০,০০০ কোটি টাকার। অথছ উড়িষ্যা হাফ অফ ওয়েস্ট বেঙ্গল, ওদেরও ৮ম পরিকল্পনার সাইজ হচ্ছে ১০,০০০ কোটি টাকা। আপনারা কিসের জন্য ১৭ বছর ক্ষমতায় আছেন? সেই ১০,০০০ কোটি টাকার মধ্যে প্রথম বছরেই ১,৪০০ কোটি টাকা খরচ করতে পারেননি এবং দ্বিতীয় বছরে ২৫% খরচ করতে পারেননি। আমরা কোথায় যাচ্ছি। গোটা দেশটাই ব্যাকোয়ার্ড হয়ে যাচ্ছে না? এখন আপনারা ব্যাকোয়ার্ড কথা বলছেন। হাউ উইল ইউ ইমপ্রুভ দেয়ার কন্ডিশন? এটা একটা দিক, অন্য দিক হচ্ছে আপনাদের প্রবণতা—কম্পোজিশন অফ দি কমিশন বলে এই বিলে যা বলে রেখেছেন তা ভেগ, কোনও কিছু স্পেসিফিক করেননি। আপনারা আপনাদের তাঁবেদার মানুষদের নিয়ে আসবেন। আপনাদের চরিত্রই এটা। আপনারা কমিটেড জ্যুডিশিয়ারি চান। আপনাদের টেন্ডেন্সিই হচ্ছে এটা। দি একজিকিউটিভ পাওয়ার অফ দি স্টেট ওয়ান্টস এ কমিটেড জ্যুডিশিয়ারি অ্যান্ড অল জাজমেন্টস ইন ফেভার অফ দি একজিকিউটিভ অ্যান্ড অফ দি স্টেট। এটাই আপনারা চাইছেন। এখানে আমাদের বন্ধুরা বলেছেন, আপনারা জজ, ম্যাজিস্ট্রেটদের রাত্রিবেলা ছুরি দেখিয়ে ভয় দেখান এবং ভয় দেখিয়ে রায় বদল করে নেন। আমরা জানি ভল্লুক-টল্লুকদের আপনারা নামকাওয়াস্তে ধরেই আবার ছেড়ে দেন। অবশ্য আমরা জানি সি. পি. এম. বেঁচে আছে সমাজবিরোধীদের জন্য সমাজ বিরোধীদের ছাড়া আর কাউকে বিশ্বাস করতে পারে না। আপনারা ১৭ বছর ধরে মানুষের উপকারের জন্য কি ব্যবস্থা নিয়েছেন? সেটা তো এই বিলে বলা নেই। কি প্রোগ্রাম আপনাদের আছে? হোয়াট ইজ দি প্রোগ্রাম? আপনারা কি প্রয়োজন মনে করছেন? আপনাদের ২০ জন ক্যাবিনেট মন্ত্রী আছেন, আর ১৫ জন স্টেট মন্ত্রী আছেন, তাদের মধ্যে ব্যাকোয়ার্ডদের সংখ্যা কত? কি পারসেন্টেজ? মন্ত্রিসভায় ব্যাকোয়ার্ডদের কোনও প্রাধান্য নেই। ইন মাই ডিস্ট্রিক্ট ২৭% এবং ওয়েস্ট বেঙ্গলে ২৫% শিডিউল্ড কাস্ট মানুষের বাস। আর শিডিউল্ড ট্রাইবদের হিসাব ঝাড়খন্ডি বন্ধু দিয়ে এখান থেকে চলে গেছেন, তাদের সংখ্যা ৬%। আপনাদের অ্যালোকেশন কি? শুধু বাজেট অ্যালোকেশন দিয়েই হয় না। হোয়ার ফ্রম

দি মানি উইল কাম? ফাইনান্সিয়াল ইনস্টিটিউশন আছে, ব্যাঙ্ক আছে। তাদের রিপোর্ট কি? ব্যাকোয়ার্ড ক্লাসের ফাইনান্সিয়াল প্রোগ্রেসের জন্য, ইকনমিক প্রোগ্রেসের জন্য, কোয়ালিটি অফ লাইফ-এর জন্য কি আপনাদের চিন্তা ভাবনা আছে? এই আইনের মধ্যেমে সে সব কথা কিছুই বলা নেই। এখানে শুধু নিয়ম রক্ষা করছেন। শুধু কমিশন করার কথা বলছেন। দি স্কোপ অফ দি রিভিসনে বলছেন, ১০ বছরে রিভিসন হবে। আপনারা এটা সময়মতো করলে এতক্ষণে সেকেন্ড রিভিসন হ'ত। এটা করেননি। অথচ সেই অ্যাপোলজি আপনাদের নেই, থাকা উচিত ছিল। আপনারা প্রথম থেকেই ব্যাকোয়ার্ড ক্লাসের দরদি সেজে থাকবার চেষ্টা করেছেন, কিন্তু প্রকৃত পক্ষে তাদের জন্য কিছুই করেননি। আজকে আপনাদের সার্ভিসে তাদের কি পজিশন—ইভেন ২% রিপ্রেজেটেশন আছে কি?

এদের সার্ভিসের ক্ষেত্রে ক্লাস সার্ভিসের জন্য কত পারসেন্ট ব্যাকওয়ার্ড ক্লাস আছে? ক্লাস টু সার্ভিসের ক্ষেত্রে কত পারসেন্ট রিপ্রেজেনটেশন আছে? ক্লাস-থ্রি সার্ভিসের ক্ষেত্রে কত পারসেন্ট রিপ্রেজেনটেশন আছে? ক্লাস ফোর সার্ভিসের ক্ষেত্রে কত পারসেন্ট রিপ্রেজেনটেশন আছে? এটা তো সার্ভিসের ব্যাপারে বললাম। এবার এডুকশনের ক্ষেত্রে বলি, এডুকেশনে এদের জন্য কি প্রোগ্রেস করতে পেরেছেন? জেনারেল এডুকেশনে এদের প্রোগ্রেসের জন্য কোনও ইনস্টিটিউশন আছে? টেকনিক্যাল এডুকেশনের ক্ষেত্রে এদের জন্য কি ব্যবস্থা করেছেন? শিডিউল কাস্টস, ব্যাকওয়ার্ড ক্লাস অ্যান্ড আদার কমিউনিটিস ও. বি. সি. এদের জন্য এডুকেশনের ক্ষেত্রে কি ব্যবস্থা রেখেছেন? What is the Privilege ? What is the facility you extend to them? আজকে ব্যাকওয়ার্ড ক্লাসের লোকগুলো সার্টিফিকেট নেওয়ার জন্য ভিক্ষা করে বেড়াচ্ছে, পঞ্চায়েতের কাছে গিয়ে দাঁড়াচ্ছে। আপনাদের কোনও মেশিনারি নেই সার্টিফিকেট দেওয়ার জন্য they belong to Scheduled Caste they belong to Scheduled Tribe. এরজন্য সি. পি. এমকে প্রণামি দিতে হবে তবে সার্টিফিকেট পাবে, অফিসাররা সার্টিফিকেট দেবে। এই যে সামাজিক বটলনেক তৈরি করে রেখেছেন সেটা দূর করছেন না কেন? এদের এগুবার জন্য কোনও ব্যবস্থা নেবেন না? স্টামবেল হয়ে আছে, স্ট্যামবেলিং ব্লক। চাকরিতে রিপ্রেজেনটেশন নেই, টেকনিক্যাল এডুকেশনে কোনও ব্যবস্থা নেই। ব্যাঙ্ক ন্যাশনালাইসড হয়েছে, ফিনান্সিয়াল ইনস্টিটিউশন আছে। Both co-operative and West Bengal Financial Corporation. এইসবের মাধ্যমে ব্যাকওয়ার্ড ক্লাসদের জন্য কি চেষ্টা করেছেন? কুটির শিল্প বাঁচবার জায়গা। এই কুটির শিল্পে বেনিফিট দেবার জন্য খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রি থেকে কতখানি সাপোর্ট দেবার ব্যবস্থা করেছেন? They want to bring an improvement in the quality of the life of the backward Classes. এই কথা কেন এই বিলে বললেন না? You need not identify unless you can render service to them. You want to bring a qualitative change in the life at the backward class. এই কথা বিলে কোথাও বলা আছে, বলুন? You want to change their vocation, you want to make reservation for them. এই কথা কেন বললেন না? আপনারা বলে যাচ্ছেন আমরা সুপ্রিম কোর্টের নির্দেশ মানছি, আইনের নির্দেশ মানছি, কিন্তু এই কথা বললেন না, আপনাদের সদিচ্ছা আছে এই মানুষগুলির উন্নতি চান you want to change thair vocation, you want to make reservation for them. আমরা দেখেছি, পার্লামেন্টরি অ্যাসেম্বলি এবং কোনও কোনও

জায়গায় রিজারভেশন আছে। এর ফলে হয়েছে মনিটোরিং-এর অভাবে ভার্টিকাল এই বেনিফিট পারকোলেট করে। যে লোক এম. পি. বা এম. এল. এ. হল তার নিজের পরিবার উঁচু হল এবং তার সাঙ্গপাঙ্গরা উঁচু হল, বেনিফিটেড হল, কিন্তু হরাইজেন্টাল বেনিফিট বা কোনও একটা জোন বেনিফিটেড হল কিনা সেটা খুঁজে বের করতে হবে না? হরাইজেন্টাল বেনিফিট, একটা জোন—শিডিউল কাস্টস, শিডিউল ট্রাইবস তারা যাতে বেনিফিটেড হয়—এই পারকোলেশন অফ দি বেনিফিটের ব্যবস্থা করেননি। যারা পিছিয়ে পড়া মানুষ তাদের কিছু কনসেশন দেওয়া দরকার, তাদের সাপোর্ট দেওয়া দরকার। গভর্নমেন্টের কোনও পরিকল্পনা আছে? এইসব শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের সাপোর্ট দিচ্ছেন? দিচ্ছেন না। এর সঙ্গে আজকে আমি বলতে চাইছি, নোনশিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইব ছাড়াও এই সমাজে Because of the preponerance of the Left Front Government of last 17 years. অনেক মানুষ ব্যাকওয়ার্ড হয়ে গেছে। এদের দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আপনি কমিশন করছেন, It is not an identification question alone এদের জন্য প্রোগ্রাম নেওয়ার প্রশ্ন আছে, এদের জন্য সার্ভিস দেবার প্রশ্ন আছে, এদের জন্য রিজারভেশনের প্রশ্ন আছে, তা না হলে কিছুই হয় না। এইসব জিনিসগুলি করতে গেলে কো-অর্ডিনেশনের দরকার। এই কো-অর্ডিনেশন করার জন্য আপনাদের কোনও মেশিনারি নেই। Unless coordination is possible সম্ভব নয়। এখানে লেজিসলেশন করে কমিশন করে দিলেই শেষ হবে না। Further will be necessary এই সব মানুষগুলির কাছে কিছু বেনিফিট পৌছানো দরকার। কোন আইডেন্টিফাই করেছেন ফর rending certain benefits to them এই খবর দরকার। এখানে বুদ্ধদেববাবু আছেন। উনি প্রচারের মন্ত্রী, প্রচারের জন্য ২ কোটি টাকার বাজেটে ৪ কোটি টাকা ব্যয় করেন। শিডিউল কাস্ট, ব্যাকওয়ার্ড ক্লাসদের মঙ্গলের জন্য, এদের বেনিফিট দেবার প্রশ্নে কি প্রচারের ব্যবস্থা আছে? মানুষগুলি জানবে কি করে, যারা বেনিফিসিয়ারি তারা জানবে কি করে? সরকার থেকে আমার জন্য এই উদ্যোগ নেওয়া হয়েছে ফর পারকুলেশন অফ দি ইনফরমেশন এই মানুষের কাছে কি মেশিনারি ডিসিমিনেশন অফ দি ইনফরমেশন তত্টা প্রচার করবেন, তাদের কাছে পৌছাবে কি করে, আপনার কাছে কি ব্যবস্থা আছে? নেই ; জিরো Because you had been totally indifferent to their progress and benefits so long কিছু করেননি। এটা ভাবতে অনুরোধ করি। লেট দেম বি কনসাস এইগুলি করতে গেলে সাহিত্যের প্রয়োজন আছে, একটু জ্ঞানের প্রয়োজন আছে, একটু ফিডারের প্রয়োজন আছে, একটু ফিডার দেওয়ার প্রয়োজন আছে। এদের শিক্ষা কেমন, এদের জন্য সাহিত্য, ইতিহাস মানুষের জানা দরকার। কি করে হল, কেন পড়ে আছে, আজকে শিক্ষার মাধ্যমে জানা দরকার, চেতনার দরকার। আপনাদের ইভলিউশন করা উচিত, ডারউইন বিশ্বাস করা উচিত, যখন কমিউনিজম করছেন এভলিউশন এদের কাছে পৌছে দেওয়া হয়। এদের জন্য এই বেনিফিট? আমি আপনাদের অনুরোধ করব আইন করে—বে-আইনি করে এনেছেন, আপনারা বলুন না, চুরি, চামারি করতে সময় চলে যাচ্ছে এটা করুন। আপনাদের বিরোধিতা করছি না, পদ্ধতির বিরোধিতা করছি। ঝাড়খন্ডিরা বিলের কথা বলতেন, তিনি রেগে চলে গেলেন ওয়াক আউট করে। আমরা তো পার্টিশিপেট করতে চাই, we wanted to help the Government. We are not the enemies to the Government on this point,

on this legislation. কিন্তু আপনি সাপ্লিমেন্ট করুন, আজকে সুযোগ রয়েছে, ভাবুন, অপোজিশন কথা বললে কোনও কথা আসে না, আজকে আপনাদের সোশ্যাল টেনশন থাকবে? থাকার কথা নয়। আপনাদের কার্যকালে আপনাদের হিসেব থেকে দেখতে পাচ্ছি আপনারা ১ লাখ ৮৬ হাজার নিয়োগের কথা ঘোষণা করেছেন, তার মধ্যে এস. সি. ৯৫০, মুসলিম ৪৫০, কেন এই ডিস্ক্রিমিনেশন? আপনাদের অ্যাপয়েন্টেন্টে রিজারভেশন আপনারা মানেন না, কোনও কথা নেই, রিজারভেশনের খবর দিন, ফিগার দিন, এত অ্যাপয়েন্টমেন্ট এবং এর মধ্যে এত এস. সি. যদি কোথাও কন্ট্রিডিক্ট করি তাহলে বলুন ডাঃ জয়নাল আবেদিন স্পোক দিস। মিঃ দীনেশ ডাকুয়া, আজকে আমরা জানতে চাই পাবলিক আন্ডারটেকিং নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টে—ডিসেম্বর মাসে যখন সেশন বসেছিল—ট্রান্সপোর্ট মিনিস্টারকে বলেছিলাম ১২৬ নয়, একটা মাইনরিটি থেকে নিন, অথবা এস. সি. ব্যাকওয়ার্ড ক্লাস থেকে। উনি বললেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ করছে। ইউ ক্যান টেম্পার ইট, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কি করবে, পুলিশের ডি. জি. আপনাদের দেখে ভয় করছে। হাইকোর্টের জাজ, ডিস্ট্রিক্ট ম্যজিস্ট্রেটকেও হামলা করছেন। আপনাদের দেখে ওরা কাঁপছে, তাহলে এসব মানুষ তো আরও কাঁপবে। কিছু বলতে পারে না, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে আপনারা যা বলবেন তাই মেনে নেবেন। ওরা যদি চিহ্নিত হয় যে এরা সি. পি. এম নয় লয়েলটি টু সি. পি. এম. যাদের নেই, সেখানে যারা ডিস্ক্রিমিনেশন করছেন এটা বেশিদিন চলতে পারে না। এই বিরাট মানুষগুলিকে আইডেন্টিফাই করুন। কাকে কাকে নেবেন, মানুষকে পার্টি কন্সিডারেশনের উপর নেবেন? সি. পি. এম. না হলে নেবেন না? সি. পি. এম. ছাড়া ভাল লোক নেই এই মনোভাবটা প্রথম থেকে ধরে আছেন। সি. পি. এম. করে বড় লোক হবার জন্য, মানুষ খুন করার জন্য ভালুক, ঝুননু এই রকম মতলববাজ সি. পি. এম. ছাড়া ভাল লোক আছে, যারা নিষ্ঠার সঙ্গে কাজ করে তাদের আইডেন্টিফাই করুন, হাইকোর্টের জাজ, চেয়ারপার্সনদের আইডেন্টিফাই করুন। দেয়ার কন্ডিশন অফ সার্ভিসকে আকর্ষণীয় করুন, তাদের ভালমন্দ দেখার জন্য কমিশন সেটা আপ করুন, তারা কোন টাইমের মানুষ সেটা দেখুন, কমপ্যারিজন করুন, আমরা তো শেখার জন্য আছি।

যে রাজ্যগুলি এই কমিশন সেট-আপ করেছেন, তদের ওয়ার্কিং প্রফরমা এনে তা ইন্ট্রোডিউস করুন। তবে একটি জিনিস বলছি, এখানে যেন সি. পি. এম. এর দলবাজি মাথা চাড়া দিয়ে না ওঠে। এখানে হেড ইন দি ওয়েটিং বুদ্ধদেববাবু আছেন, এখানে এই একটি জায়গায় উনি যেন দলবজি না নিয়ে আসেন এই অনুরোধ করছি। ধন্যবাদ।

**শ্রী ননী কর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, যে বিলটা এখানে উত্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন করছি। বিরোধী দলের নেতা আবেদিন সাহেব মুখে সমর্থন না করলেও এর বিরোধিতা করেননি। আপনি জানেন, এই যে শিডিউল্ড কাস্ট, এটা কোনও কাস্টই নয়। যে কাস্টের নামগুলি কনস্টিটিউশনে রাখা আছে সেগুলিই শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব। জয়নাল সাহবেকে জিজ্ঞাসা করছি, আদার ব্যাকওয়ার্ড ক্লাস, যারা পিছিয়ে পড়ে আছেন তাদের সবাইকে এর মধ্যে নিতে বাধা ছিল কোথায়? কোনও অসুবিধা ছিল না। ধর্মীয় এবং সামাজিকভাবে যে সমস্ত শ্রেণী পিছিয়ে পড়ে রয়েছে তাদের নামগুলি সংবিধানে রাখতে কোনও অসুবিধা ছিল না। তবে সেটা না রেখে ভালই করেছেন। ১৯৫০ সালে,

আপনি জানেন, ভারতবর্ষের সংবিধান গ্রহণ করা হয়েছিল। সেই সংবিধানের ৩৪০(২) ধারাতে কমিশন নিয়োগ করবার কথা বলা হয়েছিল। তাদের কাজ ছিল, যারা পিছিয়ে পড়ে রয়েছেন তাদের উন্নতির স্বার্থে সুপারিশ করা। ওরা অন্যতম সংবিধান রচয়িতা বলে জগজীবন রামের জন্মশতবর্ষ উদযাপন করেছেন। সেই সময় শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য সংরক্ষণটা ১০ বছরের জন্য ১৯৬০ সাল পর্যন্ত করা হয়েছিল। উদ্দেশ্য ছিল, যারা সামাজিকভাবে অর্থাৎ সোশ্যালি, ইকোনোমিক্যালি এবং এডুকেশনালি পিছিয়ে ছিলেন তাদের দশ বছরের মধ্যে এগিয়ে নিয়ে আসা হবে। কিন্তু দশ বছর পর কি ঘটনা ঘটল? ১৯৬০ সালে এসে সেটা আরও ১০ বছর বাড়ানো হল, তারপর আরও ১০ বছর বাড়িয়ে ১৯৮০ করা হল, তারপর আরও ১০ বছর বড়িয়ে ১৯৯০ করা হল এবং গত বছর সেটা বাড়িয়ে ২০০২ পর্যন্ত করা হল। কাজেই ওদের ১০ বছর আজকে ৫২ বছরে পরিণত হয়েছে।

সেখানে তারা এখন বোঝাতে চেয়েছেন যে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের জন্য কিছু হল না। কেন এই সব কথা বলছেন? জয়নাল সাহেব বহু পুরানো সদস্য। উনি আমাদের বিরোধী দলের নেতা, উনি যদি এই সব কথা বলেন তাহলে লোকেরা মনে করবে যে বিরোধী পক্ষের বক্তব্যের মধ্যে আবোল-তাবোল বেপি, তাহলে আমাদেরও একটু অসুবিধা হয়। ওরা বলছেন যে টেকনিক্যাল পয়েন্টে ওদের আপত্তি, মূলে আপত্তি নেই। ওরা বলছেন যে মৌলিক আপত্তি আছে। আপনি মনে করে দেখুন, প্রথম যখন মোরারজি ভাই ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি একটা কমিশন করেছিলেন, মন্ডল কমিশন। মোরারজি ভাইয়ের সরকার টিকে থাকল না। এবারে মন্ডল কমিশন যখন তার রিপোর্ট দিলেন তখন শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন। তিনি মন্ডল কমিশনের রিপোর্টের একটা পাতাও উল্টে দেখেন নি। তারপরে রাজীব গান্ধী প্রধানমন্ত্রী হলেন। তিনিও একটা পাতাও উল্টে দেখেননি। তারপরে যখন ভি. পি. সি.ং ভারতবর্ষের প্রধানমন্ত্রী হলেন, যাকে নিয়ে ওদের বড় জ্বালা, তিনি মন্ডল কমিশনকে কার্যকর ঘোষণা করলেন। আর যেই করলেন একদিকে বি. জে. পি. আর একদিকে ওরা সকলে মিলে এমন কান্ড ঘটিয়ে দিলেন যার ফলে ভি. পি. সিং আর বেশি দিন প্রধানমন্ত্রী থাকতে পারলেন না। এটাই হচ্ছে ঘটনা যে ওরা কখনই এই জিনিস করতে চাননি। আমি সেজন্য এই কথাটা ওদের মনে করিয়ে দিতে চাই, ওরা এই সরকারের ১৬ বছরের কথা বলছেন, তখন উনি বোধ হয় এই বিধান সভায় ছিলেন, ১৯৮০ সালে সেন্ট্রাল গভর্নমেন্টের যে রিপোর্ট, রিপোর্ট অন ব্যাকওয়ার্ড ক্লাস কমিশনের, সেই রিপোর্ট আমি উল্লেখ করছি। ১৯৮০ সালে কমিশন একটা তৈরি হয়েছিল। সেটা কিসের জন্য, না কি করা উচিৎ তার জন্য। আমাদের মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় ছিলেন। সেই কমিশনে যা বলা হয়েছিল আমি সেটা পড়ে দিচ্ছি—"Proverty and low levels of living standard rather than Caste should in our opinion be the most important Criteria for identifying backwardness." অর্থাৎ ব্যাকওয়ার্ডনেসটা এরা কখনও মনে করেন নি। পশ্চিমবঙ্গে আজকে যে সরকার তারা গোড়া থেকেই বলেছে যে শুধু জাতপাতের প্রশ্নেই ব্যাকওয়ার্ড হবে না। ব্যাকওয়ার্ড হবে যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে আছে, যারা শিক্ষার দিক থেকে পিছিয়ে আছে, তারা ব্যাকওয়ার্ড হবে। কাজেই জাতপাতের দিক থেকে ব্যাকওয়ার্ড খুঁজে লাভ নেই। কিন্তু এটাই ওরা খুঁজে ছিলেন। ভারতবর্ষের সংবিধানে ঐ জাতপাতের প্রশ্ন তুলে ব্যাকওয়ার্ড বলা হয়েছিল ঐ শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড

ট্রাইবসদের এবং তাও গোটা ভারতবর্ষে এক রকম নয়। আমি আপনার জানার জন্য বলছি, আপনি জানেন যে আমাদের পশ্চিমবাংলায় নমঃশুদ্ররা হল শিডিউল্ড কাস্ট। অন্ধ্রপ্রদেশে নমঃশুদ্ররা শিডিউল্ড কাস্ট নন। আমাদের এখানকার উদ্বাস্তু যারা ওখানে গেছে তাদের শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট দেওয়া হয়নি। তখন ওদের সরকার ছিল। ওরা শিডিউল্ড কাস্টের জন্য অনেক মাতামাতি করছেন। আমি আপনাকে একটা ছোট্ট ঘটনার কথা বলি। আপনি জানেন একটা সময়ে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী ছিলে শংকরানন্দজি। তাকে বলা হত উত্তর প্রদেশের রচয়িতা। সেজন্য তিনি মারা যাবার পরে তার একটা আবক্ষ মূর্তি হয়। আর সেই আবক্ষমূর্তির আবরণ উন্মোচন করার জন্য নিয়ে যাওয়া হয় বাবু জগজীবন রামকে। কিন্তু জগজীবন রাম সেই মূর্তির আবরণ উন্মোচন করে দিল্লি ফিরে আসার আগেই সেই মূর্তিকে গঙ্গাজল দিয়ে শোধন করা হল। কারণ কি? না, বাবু জগজীবন রাম হচ্ছেন মুচির ছেলে। কংগ্রেস রাজত্বে একজন উপ-প্রধানমন্ত্রী গিয়ে একজন মুখ্যমন্ত্রীর আবরণ উন্মোচন করাটা নিষ্ঠার কাজ হল না। সে জন্য তাকে গঙ্গাজল দিয়ে শোধন করা হল। এই হচ্ছে ওদের চিন্তাধারা। ওরা সেই সব নিয়ে এখানে বক্তৃতা করেন। আর পশ্চিমবঙ্গের কথা বলি যা নিয়ে ওদের এত রাগ। পঞ্চায়েত ইলেকশন নিয়ে ওদের খুব আপত্তি। কেন জানেন? আমাদের এই পশ্চিমবাংলায় শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস তাদের শতকরা ২৮ ভাগ মানুষকে জমি দেওয়া হবে, গরিব মানুষদের শতকরা ৫৫ ভাগ জমি দেওয়া হয়েছে। অর্থাৎ শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসরা বেশি উপকার পেয়েছে, যা তাদের সংখ্যা তার থেকে বেশি সুযোগ পেয়েছে এবং তার সঙ্গে আরও যে ৪৫ ভাগ মানুষ যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে আছে, সেখানে মুসলমান হতে পারে, হিন্দুরা হতে পারে, খৃষ্টান হতে পারে, বৌদ্ধ হতে পারে, এমন কি হিন্দুদের মধ্যে ব্রাহ্মণ পারে যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে আছে তারাও সাহায্য পেয়েছে। এই কাজ করেছে পঞ্চায়েত। সেজন্য আজকে ওদের রাগ। পশ্চিমবঙ্গে ওরা এই জাতপাতের প্রশ্ন তুলে কাজ করেছে, অতীতে কখনও এই রকম রিজার্ভেশনের কথা ভাবা হয়নি।

সমস্ত সময় ভাবতে হয়েছে অর্থনৈতিক দিক থেকে পেছিয়ে পড়া, লেখাপড়ার দিক থেকে পেছিয়ে পড়া মানুষগুলির জন্য। সার্বিক শিক্ষার জন্য সাক্ষরতা প্রকল্পের চেষ্টা করেছি। তাতে ওদের গাত্রদাহ। এটা নিয়ে ওরা অনেক খারাপ কথা ব্যবহার করেছে। জেলায় জেলায় লেখাপড়ার দিক থেকে পেছিয়ে পড়া মানুষদের স্বাক্ষরতার দিকে নিয়ে এসেছি। আমাদের উদ্দেশ্য পেছিয়ে পড়া মানুষগুলোকে সামনে নিয়ে যেতে হবে। সেই দিক থেকে বিষয়টা বিচার বিবেচনা করে বলতে হবে আমরা ভাবিনি একটা কমিশন করে গরিব মানুষগুলোকে ধরে জাতপাতের মধ্যে ঢোকাতে হবে। যে সব রাজ্য এটা করেছে তারা কিছু করতে পারেনি। আসল বিষয় হচ্ছে ভূমিসংস্কার। অর্থনৈতিক দিক থেকে পেছিয়ে আছে, লেখাপড়ার দিক থেকে পেছিয়ে আছে, সব দিক থেকে পেছিয়ে আছে এই শিডিউল্ড কাস্ট। একটার সঙ্গে একটা মিলে গিয়েছে। এই সমস্ত মানুষগুলোকে যদি সামনে আনতে হয় তাহলে এর একমাত্র ঔষধ হচ্ছে ভূমিসংস্কার এবং সেটা প্রয়োগ করার চেষ্টা হচ্ছে পশ্চিমবাংলায়। আমাদের এখানকার পঞ্চায়েত ব্যবস্থা, আমাদের এখানে ভূমি সংস্কার দেখবার জন্য ভারতবর্ষের অন্য জায়গা থেকে বিভিন্ন রাজ্য থেকে আসছে, ভারতবর্ষের বাইরে থেকেও আসছে কি ভাবে

এতগুলো বছর ধরে এই ভাবে মানুষের উন্নতি করার জন্য গ্রামের মধ্যে এই রকম উদ্যোগ সৃষ্টি করা যায়। এটা আমরা করতে চাই এবং করেছি। সুপ্রিম কোর্ট আমরা মানি, ওনারা মানতে চান না, মানার দায় দায়িত্ব নেই বলেই ওনারা এই সব বলেছেন। আমাদের দায়িত্ব আছে, সুপ্রিম কোর্ট বলেছে একটা কমিশন করতে হবে। সেইজন্য কমিশন করা হচ্ছে এবং কমিশন করা হবে। এই কথা আমি আপনার মাধ্যমে সকলকে বলছি, বিশেষ করে ওদের বলছি পেছিয়ে পড়া মানুষদের জন্য চিন্তাভাবনা পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার করছে, আমরা যারা বামপন্থী তারা করছেন, সি. পি. আই.-এম যারা তারা করছেন। এই সব কথা কল্পনার মধ্যেও আনতে পারবেন না জয়নাল আবেদিন সাহেবরা। সেই জন্য এই বিল পেশ করার প্রশ্নে ওনারা এত বিতর্ক করলেন। পঞ্চায়েতের প্রশ্নে ওনারা দারুণ আতঙ্কিত। এই কারণে যে নিচের তলার মানুষ আজ জেগে উঠেছে, তারা রাজনীতিগত ভাবে বামপন্থিদের দিকে চলে এসেছে। যারা এখানে বিভেদপন্থী, সাম্প্রদায়িক লোক তারা আর ভাগ বসাতে পারবে না। তাই ওরা ভয়ে আশঙ্কিত, আতঙ্কিত। তার জন্য এই বিল যাতে এখানে ইন্ট্রোডিউস না হয় তার চেষ্টা করেছিলেন। আমি এই কথা বলব এই যে বিল যেটা এখানে আনা হয়েছে এটা সঠিক কাজ করা হয়েছে। এই বিষয়টা কোর্টের অর্ডারে নয় যে কাজ এত দিন ধরে করা হচ্ছিল নিচের তলার মানুষদের সাহায্য করার জন্য সেটাই করা হচ্ছে। নিচের তলার মানুষ যারা পিছিয়ে আছে, তারা যদি মনে করে পিছিয়ে পড়ছি তারা দরখাস্ত করবেন, তাদের লিস্ট করা হবে। আমি আপনার মাধ্যমে এবং ওদের মাধ্যমে কেন্দ্রের কাছে বলতে চাই, তারা অন্তত এটা ভাবেন, বিভিন্ন রাজ্যে আদার ব্যাকোয়ার্ড ক্লাস হিসাবে এই শিডিউল্ড কাস্টদের জন্য বিশেষ করে নির্দিষ্ট ব্যবস্থা করেন এটা চায় পশ্চিমবঙ্গ সরকার। এটা আগামী দিনে গোটা ভারতবর্ষে হবে এবং এই ভাবেই চলতে হবে। এই ভাবে চলবার ভরসা নিয়ে আর একবার বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই মুহূর্তে পশ্চিমবাংলায় সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে একটা খুব খারাপ নজির হয়ে থাকল। আমাদের পক্ষ থেকে অনেক দিন ধরে যে কথাটা বলার চেষ্টা করে ছিলাম, যে সংখ্যা গরিষ্ঠতার জোরে সব কিছুকে নস্যাৎ করে দিয়ে যারা পেছিয়ে পড়া মানুষ তাদের উপকার করার নাম করে শুধু ক্ষমতা দখল করার নামে তাদের বিরুদ্ধে হীন চক্রান্ত করা হয়েছে। এটা সংসদীয় রাজনীতিতে একটা খুব খারাপ নজির হয়ে থাকল।

আমার জানতে ইচ্ছা করে, সরকারি দলের সদস্যরা আছেন, আপনারা বুকে হাত দিয়ে একটা কথা বলতে পারবেন, যারা শ্রেণীহীন শোষণহীন সমাজ গড়ে তোলার কথা বলে এসেছেন, ক্লাসলেস সোসাইটির কথা বলে এসেছেন। যারা মানুষের আশীর্বাদ নিয়ে পশ্চিমবাংলার এই বিধানসভায় এসেছেন—অত্যন্ত করুণা হয়—তাদের আজকে ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন বিল, '৯৩ পাস করতে হচ্ছে। যারা শ্রেণীহীন, শোষণহীন, এই কথা বলে এসেছেন ক্লাসলেস সোসাইটি গড়বেন, স্পেসিফিক এই কথাটা বলে এসেছেন, তাদের আজকে এই ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য কমিশনের কথা বলতে হচ্ছে। আজকে আপনাদের বিবেকের কাছে জ্বালা ধরবে। আপনাদের জিজ্ঞাসা করি, মার্কসবাদী পার্টির নাম করে সারা পশ্চিমবাংলায় ১৪ বছর ধরে কি প্রবঞ্চনা করে এসেছেন? আজকে পশ্চিমবাংলাকে কোন জায়গায় নিয়ে গেছেন? আমি

কমিশনের মধ্যে ফিরে আসছি। আজকে একটা কথা বলতে হয় যে, পশ্চিমবাংলায় এই কমিশনের মাধ্যমে পিছিয়ে পড়া মানুষ যারা অর্থনৈতিক ক্ষেত্রে পিছিয়ে পড়েছে, যারা পড়াশোনার ক্ষেত্রে পিছিয়ে পড়েছে, তাদের নতুন করে নিরূপণ করতে হবে। সেজন্য দায়দায়িত্ব পালনের জন্য একটি কথা বলছেন। কিন্তু বিগত ১৫ বছরে পশ্চিমবাংলায় যারা পিছিয়ে পড়া মানুষ আছেন, সমাজের যারা অবহেলিত মানুষ তাদের আইডেন্টিটি মুছে ফেলার জন্য এই সরকার অত্যন্ত হীনভাবে চেষ্টা করছেন। এখানে অনেক মাননীয় সদস্যকে বলতে শুনেছি, এখানে যে পিছিয়ে পড়া মানুষ আছেন, শিডিউল্ড কাস্টস, শিডিউল্ড ট্রাইবস মানুষ আছেন, শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট দেবার নাম করে সারা পশ্চিমবাংলায় প্রশাসনিক ক্ষেত্রে যে প্রবঞ্চনা চলছে, তাতে অসংখ্য তরতাজা যুবকতে শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট না পাওয়ার জন্য বঞ্চিত হতে হচ্ছে। তাদের আইডেন্টিটি দিচ্ছেন না, আবার বামুন বলে নিজেদের মেয়েকে বিয়েও দিচ্ছেন না। এই যে দোটানা অবস্থায় পড়েছিল মানুষগুলো, তাদের বলা হচ্ছে '৫০ সালের দলিল দিতে হবে। শিডিউল্ড কাস্ট মানুষের মধ্যে কতজনের ঐ সালের দলিল আছে? অত্যন্ত সুপরিকল্পিত ভাবে তাদের আইডেন্টিটিকে মুছে ফেলার চেষ্টা করা হচ্ছে। এই অবস্থায় তারা যাবে কোথায়? আমি মেদিনীপুরের মানুষ, আমি বিশেষভাবে জানি, ঝাড়গ্রাম ইত্যাদি জায়গায় যে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন হচ্ছে তার কারণ কি? ঐ অঞ্চলের মানুষের দাবি দাওয়াকে, তাদের ন্যায্য পাওনাকে বিকৃতভাবে উপস্থাপিত করে বঞ্চিত করার চেষ্টা করা হচ্ছে। আজকে শিডিউল্ড ট্রাইবস সম্প্রদায়ের মানুষ তাদের ন্যূনতম যে আইডেন্টিফিকেশন, তাদের যে সার্টিফিকেট দেবার কথা তা ১৫ বছর ধরে প্রবঞ্চনা করা হচ্ছে। এই অবস্থা চলতে থাকলে আগামী দিনে সমাজের বুকে একটা ভয়ঙ্কর সমস্যা হিসাবে দেখা দেবে। পশ্চিমবাংলায় শিক্ষার ক্ষেত্রে আজকে তফসিলি ছাত্র-ছাত্রিদের স্টাইপেন্ড দেবার কথা আছে। কিন্তু দেখা গেছে যে, পরিবারের দুজন ছেলেমেয়ে থাকলে তবেই তাদের স্টাইপেন্ড দেওয়া হচ্ছে। তার বেশি থাকলে স্টাইপেন্ড দেওয়া হচ্ছে না। বাড়ি থেকে তিন কি. মি. দূরে হোস্টেল হলে তার হোস্টেল গ্রান্ট বন্ধ করে দেওয়া হচ্ছে। শিডিউল্ড কাস্টের একটা সেকশনকে, তাদের আর্থিক দিক থেকে, শিক্ষার দিক থেকে এগিয়ে নিয়ে গিয়ে তাদের যদি স্ট্যান্ডার্ড পজিশনে পৌঁছে দিতে পারি এবং পরবর্তীকালে আরও মানুষকে ব্যাকওয়ার্ড ক্লাসের মানুষ বলে নিরূপণ করতে চাই, তাহলে কি সত্যিকারের পরিবর্তন ঘটবে? এখানে যারা পিছিয়ে পড়া মানুষ আছেন, আগে তাদের উন্নতি ঘটাতে হবে, তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটাতে হবে।

আজকে কত পারসেন্ট শিডিউল কাস্ট লোকেরা পড়াশুনা করছেন সেটা যদি বিচার করেন তাহলে বুঝতে পারবেন শিক্ষাটা তাদের মধ্যে কোথায় বা কোন জায়গায় রয়েছে। আজকে ভূমিসংস্কারের কথা বলছেন, পশ্চিমবাংলায় গ্রাম পঞ্চায়েতগুলি শাসক দলের দখলে আছে। সেখানে ভূমিহিনদের যে পাট্টা দেওয়া হচ্ছে তফসিলি সম্প্রদায়ের মানুষ যারা পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষ যারা, তাদের কতখানি মর্যাদা দেওয়া হয়েছে, তাদের কত পারসেন্ট মানুষকে পাট্টা দেওয়া হয়েছে সেটা যদি আমরা বিশ্লেষণ করি তাহলে বুঝতে পারবেন একটা চরম অব্যবস্থা ঐ জায়গায় রয়েছে। আজকে মন্ডল কমিশনের নাম করে সারা ভারতবর্ষের মানুষের মনে একটা বিভ্রান্তি আনতে চেয়েছিলেন তারা মানুষের ক্ষতি করেছে এবং সেই সাথে সাথে মতবাদে উদ্বুদ্ধ হয়ে যারা কাজ করতে এসেছিল তারা চরম অবমানিত হচ্ছে আজকে

মেদিনীপুর জেলার একটা অংশ ক্রমশ উত্তেজিত হয়ে উঠছে, আগামী দিনে জেলা প্রশাসন নয়, রাজ্য প্রশাসনের উপর এর খারাপ আবহাওয়া আসবে। মাননীয় মন্ত্রী মহাশয়, এই বিলটা পাস করার আগে যদি ব্যাপক আলোচনার সুযোগ দিতেন তাহলে ভাল করতেন। যেহেতু এটা একটা স্পর্শকাতর বিষয়। এই স্পর্শকাতর বিষয়টি আমাদের সকলের কাছে সমস্যা, এই সমস্যাকে আমরা সদস্যরা যদি আরও সময় নিয়ে আরও ব্যাপকভাবে বিস্তারিত আলোচনা করতে পারতাম বা সুযোগ পেতাম তাহলে ভাল হত। মাননীয় মন্ত্রী মহাশয়, শিডিউল কাস্ট কমিশনের নাম করে, ব্যাকওয়ার্ড ক্লাসের নাম করে এই বিলকে যে ভাবে উপস্থিত করেছেন তাতে যারা ব্যাকওয়ার্ড ক্লাস আছে তাদেরকেই অবহেলা করেছেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই বিলটাকে সমর্থন করছি, তবে কতকগুলি কথা বলার প্রয়োজন আছে। সেইজন্য বলছি। কারণ এটা যত সহজ মনে করছি বিলটা পাস হয়ে যাবে কিন্তু ইমপ্লিমেন্ট করতে তত সহজ হবে না। এটা ভাল ভাবে আমাদের মনে রাখা উচিৎ। পশ্চিমবাংলায় আমাদের একটা ঐতিহ্য আছে, আমরা ইকনমিক ক্লাস স্ট্রাগলের ব্যবস্থায় বরাবর বিশ্বাস করি। আমি ১২ বছর থেকে রাজনীতি করছি, প্রথম থেকেই ইকনমিক ক্লাসটায় আমরা বিশ্বাস করি এবং এখনও আমাদের সেটা এগিয়ে নিয়ে যাওয়ার পথ। কিন্তু মাঝে এসে গেছে ক্লাসের সঙ্গে কাস্ট। অবশ্য যদি আমরা স্ট্যাটিস্টিক্স খতিয়ে দেখি তাহলে এই কথা ঠিকই আপার ক্লাস হিন্দু যারা আছেন তাদের নাম করে বলা ভাল; ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ এরাই সরকারের ক্ষমতায় দখল করে বসে আছে, তাই এরা উঠতে বাধ্য হয়েছে। কিন্তু সেই সঙ্গে সঙ্গে মনে রাখতে হবে এটা নাম নিয়ে এই ও. বি. সি.-র নাম নিয়ে রিঅ্যাকশনারি বা অ্যাফ্লুয়েন্ট ক্লাসরা এগিয়ে যাবে কিনা এটা দেখার প্রয়োজন আছে। আমরা যে কথাটা বলি সেটা আমাদেরকে মনে রাখতে হবে পৃথিবীর রাজনীতির পরিপ্রেক্ষিতে থার্ড কান্ট্রির রাজনীতির পরিপ্রেক্ষিতে এটা দেখা দরকার।

প্রথম রাজনীতির ক্ষেত্রে ইকনমিক ক্লাসটাই হচ্ছে আমাদের একমাত্র ক্লাস। অন্য কোথাও কিন্তু ঠিক এই রকম ধরনের ক্লাস ফ্যাক্টার নেই। চীনে যদি দেখেন সেখানে ৯৫ পারসেন্ট হচ্ছে হ্যান্স। কিন্তু হিন্দু সোসাইটির মধ্যে একটা যে তফাৎ গড়ে উঠেছে এটার সম্বন্ধে অনেক ভাবনা-চিন্তার দরকার আছে। সুপ্রিম কোর্ট ডিরেকশন দিয়েছেন, আমরা নিশ্চয় এটা মানব শ্রদ্ধার সঙ্গে। কিন্তু অ্যাকচুয়াল এফেক্টটা কি হবে সেটা ভাবা খুব প্রয়োজন। আমি আপনাদের কাছে বলছি দুটো পাশাপাশি ব্যাপার এটা নিয়ে প্রথম তুলেছিল কর্ণাটক এবং বিহার। বিহারের একটা সময় ছিল, বহুদিন আগের কথা আমি বলছি—বিহারের আজকে চিফ মিনিস্টার হচ্ছে একজন গোয়ালা সম্প্রদায়ের লোক—আগে একজন মাত্র পার্লামেন্টিরিয়ান ছিল শিবপ্রসাদ মন্ডল আরেকজন তখনকার চিফ মিনিস্টার ছিল শ্রী কৃষ্ণ সিং। আমাদের পশ্চিমবাংলায় এটা একটা মুশকিলের ব্যাপার, সোশাল জাস্টিস বলতে গিয়ে, সোশ্যাল ইন জাস্টিস আবার না হয়ে যায় এটা আমাদের ভাবতে হবে। কারণ ইকনমিক ক্লাসকে যদি আমরা বাদ দিয়ে দিই ও কাস্ট বেসিসে এই সমাজকে ভাগ করতে যায় তাহলে কিন্তু আমাদের দুর্দিন আসবে। এটা আমাদের নিশ্চয় ভাবতে হবে। কিন্তু এটাকে রিকনসাইল কিভাবে করা যায় এই কথাটার উপর নির্ভর করছে সেই কমিশনটা। আমি আবার আপনাদের

বলছি আই বিলিভ ইন কাস্ট স্ট্রাগল অফ ইকনমিক ফ্যাক্টর, এটা পরিষ্কারভাবে আপনারা জেনে নিন। আমাদের এক নম্বর এনিমি ছিল কংগ্রেস, এখন খানিকটা ডাইভার্ট করছে বি. জে. পি.-কে কমব্যাট করার জন্য। তেমনি মেইন ইকনমিক ক্লাস এটাকে আমাদের মাথায় রেখে আমাদের ভাবনা-চিন্তা করতে হবে। তা যদি না করা হয়, তাহলে ওড়িষ্যা বা অন্য জায়গায় যে রকম হয়েছে, সেই রকম হবে, তারা এইসব ভাবনা-চিন্তা করেনি। সেখানে স্টুডেন্ট যারা, তারা বিরোধিতা করতে লাগল। কাজেই ব্যাপারটা সহজ নয়, আমাদের ভাবতে হবে। শিডিউল কাস্ট বা শিডিউল ট্রাইবসদের ৪০ বছর অ্যাডভানটেজ দেওয়া হয়েছে।

কিন্তু অ্যাজ এ ক্লাস অ্যাজ এ সোসাইটি তারা কি খুব বেশি এগিয়ে যাচ্ছে? এসব ব্যাপারগুলি আজকে ভেবে দেখতে হবে। অর্থাৎ, ইমপ্লিমেন্টেশন অ্যান্ড প্র্যাকটিবিলিটি একথাগুলি সব সময় ভাবতে হবে। আজকে শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবসদের বলছি যে অমুক দেব, অমুক দিয়েছি কিন্তু সত্যিকারের অ্যাজ এ সোসাইটি তাদের কি তুলতে পেরেছি? আজকে ও. বি. সি. এদের কথা বলছি কিন্তু একে ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে হবে। এইসব ব্যাপারে আমার মনে হয় যে কমিশন ফরমেশন হবে সেই ফরমেশনটা হচ্ছে পারসোনেল এই কমিশনে কারা থাকবে তার উপর নির্ভর করবে। কারণ যদি পারসোনেল অব দি কমিশন, তারা বায়াস্ট হয় তাহলে কিন্তু যে কাজ করতে যাচ্ছি সেই কাজ করা হবে না। বরং দেবতা গড়তে গিয়ে বানর হয়ে যাবে। কাজেই আমার কথা হচ্ছে, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল যদি সত্যিকারের এটার সম্বন্ধে খুব ভালভাবে চিন্তা ভাবনা করেন তাহলে যে পারসোনেলকে এই কমিশনের অথরিটি করবেন তাদের ভালভাবে যাচাই করে দেখা দরকার। তাদের বায়াস পয়েন্টটা দেখে, চিন্তা করে যদি করেন তাহলে অনেকটা ভালভাবে হতে পারে। আমার কথা হচ্ছে, এখানে মূল সুরটা রাখতে হবে ইকনমিক সাম্যের উপর। সেই ইকনমিক ক্লাসের বিরুদ্ধে যে ফাইট তার উপর এটা চলা উচিত। তবে কাস্টের ব্যাপারে যে বিরাট তফাৎ হয়ে গিয়েছে অর্থাৎ সমস্ত চাকরি ঐ ব্রাহ্মন—মুখার্জি, ব্যানার্জি, চ্যাটার্জিরা আর ঘোষ, বোস এই সবের মধ্যে, এ ব্যাপারে যদি চিন্তা ভাবনা না করা যায় তাহলে মেজরিটি অব দি লোককে তাদের অধিকারে বর্তানো যাবে না। যেমন আমি আগেই বলছিলাম যে আমাদের মেন এনিমি কংগ্রেস কিন্তু আজকে বি. জে. পি.-র যে অবস্থা সেই বি. জে. পি.-কে কমব্যাট করার জন্য আমাদের এগিয়ে যেতে হবে। ক্লাস এনিমি যেমন কংগ্রেস, ঠিক ক্লাস এনিমি নয়, অন্য একটা এনিমি, তেমনি ইকনমিক ক্লাসের কথা চিন্তা ভাবনা করে ক্লাস স্ট্রাগলের ভিত্তিতে কাস্ট যারা আছে তারা মেজরিটি কিনা এগুলি চিন্তা ভাবনা করতে হবে এবং চিন্তাভাবনা করার জন্য যে কমিশন গভর্নমেন্ট করবেন সেই কমিশনের অথরিটি—পারসোনেলদের যদি ঠিকমতোন রাখা না যায় তাহলে যত যাই আমরা ভাবি না কেন কিছুই করা যাবে না। এটা আলটিমেটলি একটা ক্যায়াসে পরিণত হবে এবং সোশ্যাল জাস্টিস দেবার পরিবর্তে সোশ্যাল ইনজাস্টিস এসে যাবে। তাই ভাবনা চিন্তা করে এ ব্যাপারে এগুতে পারলে আমরা অনেক এগিয়ে যেতে পারব। অন্যান্য স্টেট-এর চেয়ে আমাদের বেসিসটা ভাল হবে। এই বেসিসে বিহার, কর্ণাটক এরকম কয়েকটা জায়গা আছে আমরা দেখেছি তাদের কি রকম অবস্থা। তার করবে At any cost, but they have no concept of economic class, আমি তাই আবার এই-টুকু বলে বক্তব্য শেষ করছি

যে, ইকনমিক্ ক্লাসের কথা চিন্তা করা দরকার। আজকে কাস্ট একটা ফেনোমেনান হয়ে গেছে। সেটাকে ইউজ করে রিজার্ভেশনের সুযোগ নিয়ে সব সুবিধাগুলো দখল করছে। সেগুলোকে কি ভাবে ইর‍্যাডিকেট করা যায় সেটা নির্ভর করবে কি রকম পার্সন দিয়ে এই কমিশন হবে তার উপর। তাই ঠিক পার্সন দিয়ে যাতে আমরা কমিশন করতে পারি তা দেখতে হবে। এই চিন্তা ভাবনা শুধু 'মন্ডল কমিশন'-এর নয়, 'কর্পুরি ঠাকুর কমিশনে'-রও ছিল। তাদেরও কতগুলো পয়েন্ট ছিল। কিন্তু সেগুলোই সব নয়। যেমন বিহারে দেখুন, কর্ণাটকে দেখুন, আরও অন্য জায়গায় দেখুন যে, এই ফেনোমেনান যা একটা ডিস্ক্রিপেন্সি। এটাকে কি ভাবে আমরা বমব্যাট করতে পারি, এটাই হবে আমাদের মূল কথা এবং আমি মনে করি সে হিসাবেই এটা আনা হয়েছে। আর অন্যান্য ক্ষমতা যা দেওয়া হচ্ছে তা কিছু নয়। কারণ ওগুলো থাকবেই অ্যান্সিলারি হিসাবে। তাই আমি বলছি যে, এই ভাবে চিন্তা করে আমাদের এটা পাস করা উচিত। এটাই আমি মনে করি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকোয়ার্ড ক্লাসেস বিল, ১৯৯৩ নিয়ে মূল আলোচনা শুরুর আগে বিলটা যে ভাবে আনা হয়েছে সে ভাবে আনা যায় কিনা তা নিয়ে বেশ কিছুটা বিতর্কের এখানে সৃষ্টি হয়েছে। এ কথা ঠিক যে সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে যে ভাবে সার্কুলেশন করে সময়মতো বিলটি আনা উচিত ছিল সে ভাবে মাননীয় মন্ত্রী শিডিউল কাস্টস ও শিডিউল্ড ট্রাইবস দপ্তরের দায়িত্বে থেকেও সময়মতো উত্থাপন করতে পারেননি। এ বিষয়ে মাননীয় স্পিকার বলেছেন যে, পরবর্তীকালে এ রকম ব্যাপার আর যাতে না হয় তা তিনি দেখবেন। যাই হোক 'মন্ডল কশিন'-এর সুপারিশক্রমে ব্যাকোয়ার্ড ক্লাসের সংরক্ষণের বিষয় নিয়ে বিলটি এসেছে। ইতিমধ্যেই ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ব্যাকোয়ার্ড ক্লাসের বিষয় নিয়ে, ব্যাকোয়ার্ড ক্লাস, তফসিলি জাতি, উপজাতি এবং উচ্চ-বর্ণের হিন্দুদের মধ্যে সংঘর্ষ হয়ে গেছে। সংরক্ষণ নীতিকে কেন্দ্র করে বহু প্রাণ নষ্ট হয়েছে। বহু ধন সম্পত্তি ধ্বংস হয়েছে। অনেক ছাত্র আত্ম-বলি দিয়েছে। এতে যতই ব্যাকোয়ার্ড ক্লাসের উন্নতির কথা বলা হোক না কেন, এই সংরক্ষণ নীতির পেছনে একটা রাজনৈতিক উদ্দেশ্য আছে। সেটা হ'ল—ব্যাকোয়ার্ড ক্লাসের জন্য সংরক্ষণের নামে ভোটের বাক্সে তাদের সমর্থন পাবার একটা ইচ্ছা সুক্ষ্ম ভাবে কাজ করে গেছে। 'মন্ডল কমিশন'-এর সুপারিশের ভিত্তিতে ব্যাকোয়ার্ড ক্লাসের মানুষদের জন্য সংরক্ষণের মধ্যে দিয়ে তাদের বোঝাবার চেষ্টা করা হ'ল যে, তাদের জন্য বিরাট কিছু করা হচ্ছে, অতএব ভোটের বাক্সেস তারা যেন সমর্থন করেন। যাই হোক, একদিকে ব্যাকোয়ার্ড ক্লাসের জন্য সংরক্ষণের কথা বলা হচ্ছে, অপরদিকে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে দীর্ঘদিন ধরে বহু শূন্য পদ পড়ে রয়েছে। চাকরিতে লোক নিয়োগ করা বন্ধ করে দেওয়া হয়েছে। শূন্য পদ থাকা সত্ত্বেও মানুষ চাকুরি পাচ্ছে না, কোথাও লোক নিয়োগ করা হচ্ছে না। যেখানে লোক নিয়োগ করা যাচ্ছে না সেখানে সংরক্ষণের কথার কোনও মূল্য থাকছে না। অপরদিকে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে চাকরি বা কাজ পাওয়া সবক্ষেত্রে সংকুচিত হয়ে আসছে। এই রকম ক্ষেত্রে সম্প্রদায়গত, জাতপাত ভিত্তিতে সংরক্ষণ করে মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করে, মানুষকে দুটি শ্রেণীতে ভাগ করে দেওয়ার ফলে উচ্চ বর্ণ এবং নিম্ন বর্ণের মধ্যে দাঙ্গা সংগঠিত হচ্ছে। সুতরাং এইসব ক্ষেত্রে সংরক্ষণ নীতি হওয়া

দরকার—অর্থনৈতিক দিক থেকে, সামাজিক দিক থেকে যারা ব্যাকওয়ার্ড তাদেরকে সংরক্ষণ নীতির মধ্যে আনা দরকার। কংগ্রেস সরকার দীর্ঘদিন ধরে কেন্দ্রে ক্ষমতায় আছে, মাঝখানে একবার জনতা দল ছিল। তারা এই যে সংরক্ষণ নীতি নিয়েছেন, এই নীতির মধ্যে দিয়ে বিভাজন ঘটিয়েছেন উচ্চবর্ণ এবং নিম্নবর্ণের মধ্যে। সত্যি সত্যি যদি এদের কাজ দেবার চেষ্টা করা হয় তাহলে শ্রমভিত্তিক যে উৎপাদন—কলকারখানায় গড়ে তুলে তার মধ্যে দিয়ে যাতে কাজ পায় সে ব্যাপারে সচেষ্ট হতে হবে এবং সঠিক সংরক্ষণ নীতি চালু করা দরকার বলে আমি মনে করি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভাগীয় মন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকওয়ার্ড ক্লাসেস বিল, ১৯৯৩ সালে যেটা এই সভায় উপস্থাপন করেছেন আমি তার সমর্থনে দু-চারটে কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বিস্মিত হয়ে গেলাম—যখন এইরকম একটা বিলে যে বিলের সঙ্গে অনুন্নত শ্রেণীর মানুষের স্বার্থ জড়িত এবং যে বিলের কন্টেন্টের সঙ্গে বিরোধীদলের কোনও বিরোধ নেই—এইরকম একটা বিলে শুধু টেকনিক্যাল কারণে কংগ্রেসিরা ইন্ট্রোডাকশনে বাধা দিলেন। এতে করে তাদের কি মানসিকতা প্রকাশ পাচ্ছে—এটা রেকর্ড হয়ে থাকুক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সব সময়ে বলে থাকি ক্লাস-লেস সোসাইটির কথা। কিন্তু সমাজ বিভক্ত হয় বিভিন্ন শ্রেণীর মানুষের জন্য। আজকেও দেশে অগ্রসর শ্রেণী এবং অনগ্রসর শ্রেণীর মধ্যে দাঙ্গা হয়ে থাকে। এটা আমরা দেখতে চাই না। কিন্তু এটা সত্য, আমাদের চাওয়া না চাওয়ার উপর সব কিছু নির্ভর করে না। আমাদের যারা সংবিধান প্রণেতা, আমাদের যারা রাষ্ট্র নায়ক যারা রাষ্ট্রের নেতৃত্ব দিয়েছেন তাদের যে উদ্দেশ্যই থাক, কিন্তু সেই উদ্দেশ্য সফল হয়নি। চার দশক পরেও আজ আমাদের এই কথা বিবেচনা করতে হচ্ছে এই সমস্ত অনুন্নত শ্রেণী যে তিমিরে ছিল তার পরিবর্তন ঘটানো যায়নি, যার জন্য নতুন করে ভাবতে হচ্ছে যে সমস্ত চিহ্নিত কাস্ট এবং ট্রাইব আছে তাদের বাইরেও এমন কিছু মানুষ থেকে গেছে যারা বিভিন্ন দিক দিয়ে—শিক্ষা, সংস্কৃতি এবং অর্থনৈতিক দিক থেকে, সামাজিক দিক থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে আছে। তাদের চিহ্নিত করে সমাজে যাতে আপলিফট করা যায়, অগ্রসর শ্রেণীর সঙ্গে এক আসনে বসানো যায় সেই উদ্দেশ্যে একটা কমিশন নিয়োগ-এর কথা এখানে বলা হয়েছে। এর সঙ্গে বিরোধিতা করার কোনও প্রশ্ন নেই। কমিশন কিভাবে সেই সমস্ত অনগ্রসর শ্রেণীকে চিহ্নিত করবেন এটা তাদের বিচার-বিবেচনার বিষয়। কিন্তু এই বিল সম্পর্কে আমার কয়েকটি প্রশ্ন আছে যার কোনও উত্তর এই বিলের মধ্যে আমি পাচ্ছি না। প্রথমত, এই কমিশন যেটা করা হচ্ছে এর একজন চেয়ারপার্সন থাকবেন, একজন সোশ্যাল সায়েন্টিস্ট—এমন দুজন ব্যক্তি স্পেশ্যাল—এই কমিশন সম্বন্ধে যাদের নলেজ আছে ব্যাকওয়ার্ড ক্লাস সম্বন্ধে, একজন মেম্বার সেক্রেটারি থাকবেন এই কমিশন একটা কি পার্মানেন্ট কমিশন, মেয়াদ কত বছর? এই কমিশনটা হল কোথাও আলোচনা নেই, এই কমিশনকে কত দিনের মধ্যে রিপোর্ট দিতে হবে? তালিকা তৈরি করতে হবে, ব্যাকওয়ার্ড ক্লাসকে চিহ্নিত করতে হবে, তাদের কোনও সময় সীমা দেওয়া হয়নি শুধু বলা আছে প্রত্যেকটি মেম্বার ৩ বছর নমিনেটেড হবেন। কোনও কারণে কোনও মেম্বার যদি রিজাইন করেন তার মৃত্যু ঘটে যায় তাহলে সেই ক্যাজুয়েল ভেকেনসি নীতিগতভাবে কারা পাবে, তাকে কত বছরের জন্য নিয়োগ করা হবে

সেটা বলা নেই। আগেরটা যদি ধরে নেওয়া হয় যে ৩ বছর থাকবেন, এটা কি স্থায়ী কমিশন? আর একটি জায়গায় বলা আছে এই কমিশন তার কাজ করার পরে প্রতি ১০ বছর অন্তর রাজ্য সরকার ইচ্ছা করলে তার সম্বন্ধে রিভিউ করতে পারবেন। নূতন লিস্ট ইনক্লুশন করতে পারবেন, এক্সক্লুশন করতে পারবেন। স্বাভাবিকভাবে সেই ইনক্লুড, এক্সক্লুড করার জন্য কমিশনকে কনসালট করতে হবে, তাহলে কি কমিশনটা থেকে যাচ্ছে? এটা আমাকে একটু পরিষ্কার ভাবে বলবেন। আর একটি জায়গায়, এই কমিশনে যারা সদস্য থাকবেন বা কর্মীবৃন্দ যারা থাকবেন তাদের স্যালারি অ্যালাওয়েন্স অ্যান্ড পেনশন এর সম্বন্ধে একটা কথা বলা আছে। এখানে পেনশন স্থায়ী কর্মচারিদের হয়, কিন্তু ৩ বছরের জন্য যারা মেম্বার নিযুক্ত আছেন তাদের কি করে পেনশন হয়? এটা আমার বোধগম্য হচ্ছে না। এই বিলের যে অবজেক্টস লেখা আছে সেই অবজেক্টস বা উদ্দেশ্য এটা পরিষ্কার নয়, শুধু মাত্র লেখা আছে, "In compliance with the direction of the Supreme Court of India to the effect, inter alia, that a body be constituted at the State level to examine the complaints of wrong inclusion or non-inclusion of groups, classes and sections in the lists of other backward classes, it has been decided to constitute a statutory body to be called the West Bengal Commission for Backward Classes and to provide matters connected therewith or incidental thereto." এই জন্য কি কমিশনটা হচ্ছে? সুপ্রিমকোর্ট বলছে বলে কমিশনটা হচ্ছে, আর কোনও উদ্দেশ্য নেই? নিশ্চয়ই উদ্দেশ্যটা অন্য। উদ্দেশ্য সেই সমস্ত ব্যাকওয়ার্ড ক্লাসকে চিহ্নিত করে তাদের সমাজে প্রতিষ্ঠিত করার জন্য যে সুযোগ সুবিধা দেওয়া আছে তার মাধ্যমে তাদের উন্নতি করা হবে। কিন্তু কিছু উদ্দেশ্য অস্পষ্ট থেকে গেছে, তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে নজর দিতে হবে। কমিশন যাতে তার কাজ ত্বরান্বিত করে, অনেক কাজ বাকি আছে, অ্যাক্ট, রুলস পাস করাতে হবে, মেম্বার কাদের করা হবে ঠিক করতে হবে, কর্মচারী নিয়োগ করতে হবে, কমিশন কাজ শুরু করবে, বলা বাহুল্য অফিসের মধ্যে সীমাবদ্ধ থাকবে না, বিভিন্ন জায়গায় যাতে বিভিন্ন সেকশন অফ পিপলের সঙ্গে যোগাযোগ করা হবে, সামাজিক অবস্থা বুঝতে হবে, কাজটা দীর্ঘমেয়াদি কাজ, আমরা যদি নাকি বিলম্ব করি তাহলে যে সুযোগ সুবিধার কথা বলছি, তাদের সুযোগ সুবিধা দেবার কথা ভাবছি তারা সেই সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হয়ে যাবে। যদি অযথা বিলম্ব ঘটে যায় তাই কমিশন যাতে নির্দিষ্ট সময় সীমার মধ্যে তার তালিকা প্রস্তুত করতে পারে তার উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, যে বিল মাননীয় মন্ত্রী মহাশয় এখানে নিয়ে এসেছেন আমরা সেই বিলের বিরোধিতা করছি না, তার কারণ সুপ্রিম কোর্টের একটা নির্দেশ অনুযায়ী এই বিলটি সরকার নিয়ে এসেছেন, একটা সাংগঠনিক প্রয়োজন মেটাবার জন্য। কিন্তু এই বিল আনাকে কেন্দ্র করে আজকে আগে যে হাউসে বিতর্ক হল তার থেকে রাজ্য সরকারের মনোভাব to other backward classes খুব স্পষ্ট হয়ে গেছে এবং আমি মাননীয় মন্ত্রীকে এই other backward classes সমস্যা নিয়ে তার কনটিনিউড নেগলেক্ট সম্পর্কে স্পেসিফিক প্রশ্ন জিজ্ঞাসা করব। আমি আশা করি মাননীয় মন্ত্রী উত্তর দেবেন। আমি আগে হাউসে বলেছি সুপ্রিম কোর্টের জাজমেন্ট যাতে বলা হয়েছে ৪ মাসের মধ্যে সমস্ত ব্যাকওয়ার্ড ক্লাসদের

জন্য কমিশন করতে হবে। সেটা করে দেওয়া হয়েছিল?

সেটা দেওয়া হয়েছিল ১৬ই নভেম্বর ১৯৯২ সালে। ১৬ই নভেম্বরের পরে ছোট্ট একটা সেশন হয়েছিল এবং তারপর আবার ২৫ তারিখ থেকে বিধানসভার অধিবেশন হচ্ছে। চার মাসের ডেড-লাইন যখন শেষ হচ্ছে তার ঠিক দুই দিন আগে বিলটা নিয়ে এলেন। আমরা পয়েন্ট আউট করছি, বিধানসভার নিয়ম ভেঙ্গে সংখ্যাগরিষ্ঠতার জোরে আজকে বিলটা আনলেন, কারণ বিলটা আনতে গেলে ১৪ দিনের নোটিশ দিতে হত এবং দুই দিন আগে প্রিন্টেড বিলটা সদস্যদের কাছে পৌছানো দরকার ছিল। কিন্তু সেটা করেননি। এটা তারা অসতর্কভাবে করেছেন তা নয়, ডেলিবারেটলিই করেছেন। আর এটাই বামফ্রন্ট সরকারের অ্যাটিচ্যুড টুওয়ার্ডস দি আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস সিগনিফাই করে। আপনি পুরানো লোক, ইতিহাসটা আপনার জানা আছে। তবুও রিপিট করি। আমাদের সংবিধানে বলা আছে

"Nothing in this article shall prevent the State from making any provision for the reservation of appointments or posts in favour of any backward class of citizens which, in the opinion of the State, is not adequately represented in the services under the State." সুতরাং ইক্যুয়ালিটি বিফোর দি ল' রক্ষিত হচ্ছে না আদার ব্যাকওয়ার্ড ক্লাসের ক্ষেত্রে। ৩৪০শে বলা হল—"The President may by order appoint a Commission consisting of such persons as he thinks fit to investigate the conditions of socially and educationally backward classes within the territory of India and the difficulties under which they labour and to make recommendations as to the steps that should be taken by the Union or any State to remove such difficulties and to improve their condition." কিন্তু আমরা এই আলোচনা মন দিয়ে যা শুনলাম তাতে আদার ব্যাকওয়ার্ড ক্লাস বলতে শিডিউল্ড কাস্টরা ব্যাকওয়ার্ড ক্লাস নয়, তারা হচ্ছেন অন্যান্য পশ্চাদপদ শ্রেণী। আর এই পশ্চিমবঙ্গে অন্যান্য পশ্চাদপদ শ্রেণীর ক্ষেত্রে বামফ্রন্ট সরকার নেগলেক্ট করেছেন এই হচ্ছে আমাদের অভিযোগ। আমার অন্য লোকের কাছে যাবার দরকার নেই। যখন মন্ডল কমিশন নিয়ে শুরু হয়েছিল, আমি মন্ডল কমিশনের রিপোর্ট থেকে পড়ছি, আপনি জানেন, সঠিকভাবে যদি পশ্চিমবঙ্গে তাদের চিহ্নিত করা যায়, যেমন বিহারে যাদব, কুর্মী, চামাড় এরা হচ্ছে শিডিউল্ড কাস্ট, মন্ডল হচ্ছেন শিডিউল্ড ট্রাইব, তেমিনি পশ্চিমবঙ্গে তাদের যদি আইডেন্টিফাই করা যায় তাহলে হাঁড়ি, বাগদি এরা শিডিউল্ড কাস্ট এবং সাঁওতাল, মুন্ডা এরা শিডিউল্ড ট্রাইব হবেন। আমাদের এখানে তিলি, তাম্বুলি, সতগোপ—এদেরকেও শিডিউল্ড কাস্ট বলা হয়। কিন্তু এদের স্বার্থ রাজ্য সরকার দেখছেন না। মন্ডল কমিশন ১৯৮০ সালের ৩১শে ডিসেম্বর যে রিপোর্ট দিয়েছেন তাতে বলা হয়েছে—"The States and Union Territories which have never prepared a list of OBCs or taken any separate action for their upliftment are : Andaman and Nicobar Island; Arunachal Pradesh, Chandigarh; Dadra and Nagar Haveli, Goa, Daman, and Diu, Lakshamdweep; Madhya Pradesh; Manipur; Mizoram, Nagaland; Sikkim; Tripura and West Bengal. মন্ডল কমিশন রিপোর্টে আইডেন্টিফাই করেছিলেন এদের

ব্যাকওয়ার্ড ক্লাস বলে, কিন্তু সেটা আইডেন্টিফাই করবার চেষ্টা করেননি এখানে। এক্ষেত্রে গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল কিছুই করেননি। শ্রী বিনয় চৌধুরি মহাশয়কে দিয়ে ১. ৮. ১৯৮০ তারিখ থেকে একটি কমিটি হয়েছে। উনি আগুরি সম্প্রদায়ের মানুষ। এই আগুরি ব্যাকওয়ার্ড ক্লাস হিসাবে রিজার্ভেশন পেলে তার ক্লাশেরই উপকার হত। তার কমিটি বলেছিলেন—"to study whether it was ncessary to invoke Powers Vested in the State Government under articles 15(4), 16(4) and 29 (2)" August 30, 1980. ঠিক মণ্ডলের রিপোর্ট-এর আগে এই কমিটি রিপোর্ট সাবমিট করেছিল। তাতে বলা হয়েছিল The Committee recommended that poverty and low levelled standard rather than caste should be the most important criteria for identifying the backwardness. তার মানে ওরা পুরো প্রবলেমটা অ্যাভয়েড করে গেলেন, বললেন যে পভার্টি অ্যাণ্ড লো লেভেল। আমাদের দেশে কাস্ট অ্যাণ্ড ক্লাস নিয়ে ডঃ লোহিয়াও অনেক লিখেছিলেন এবং যা নিয়ে গান্ধীও দীর্ঘদিন বলে গেছেন। এই ট্রেডিশন্যাল প্রবলেমটা মার্কসিস্টরা স্বীকার করেন না এবং তার ফলে ওদের সরকার বারবার এই প্রবলেমটা অ্যাভয়েড করে যাচ্ছেন। মণ্ডল স্পেসিফিক্যালি বলেছিলেন হোয়্যার অ্যাজ রিভোল্ট — আপনি জানেন যে ভারতবর্ষের অন্যান্য জায়গাও এই ব্যাকওয়ার্ডের রিভোল্ট হয়েছে এবং সবচেয়ে ইমপর্টেন্ট রিভোল্ট হয়েছে তামিলনাডুতে অ্যান্টি ট্র্যাডিশন্যাল এবং এটা করেছে যারা তারা হচ্ছে আদার ব্যাকওয়ার্ড ক্লাসের লোক। কাজেই তামিলনাডুতে বহুদিন আগে রিজার্ভেশন হয়েছে। মহারাষ্ট্রে বহুজন সমাজের আন্দোলন কারা করেছে? ব্রাহ্মণদের বিরুদ্ধে মারাঠারা লিড করেছে। কর্ণাটকেও হয়েছে। উত্তরপ্রদেশ এবং বিহারের অনেক পরে এসেছে। কিন্তু উত্তরপ্রদেশ, বিহার, কর্ণাটক এবং তামিলনাডুতে এই ব্যাকওয়ার্ডদের রিজার্ভেশন সম্পর্কে সবচেয়ে এগিয়ে আছে। ওয়েস্টবেঙ্গল পুরোপুরি একটা কমিশন করেন নি সুপ্রীম কোর্টের জাজমেন্টের আগে। অথচ দেখুন, কতগুলি স্টেট কমিশন করেছে। কাকা সাহেব কালেকার যখন প্রথম কমিটি করেছিলেন, সেটা নেহেরু কাকা সাহেবকে দিয়ে করিয়েছিলেন ১৯৫২ সালে। তারপরে বলা হয়েছিল যে স্টেটগুলি ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন করতে পারে। কে কে করেছেন? টেন গভর্নমেন্ট হ্যাজ সেট আপ ১৫ কমিশন। অন্ধ্রপ্রদেশ, বিহার, গুজরাট, জম্মু অ্যাণ্ড কাশ্মীর, কেরালা, মহারাষ্ট্র, পাঞ্জাব, ইউ.পি., তামিলনাডু এবং কর্ণাটক—এরা সকলেই কমিশন করেছে। ৮টি স্টেট, They have notified the list of other backward classes. আসাম, দিল্লি, হরিয়ানা, হিমাচল প্রদেশ, উড়িষ্যা, পণ্ডিচেরী, মেঘালয়, এবং রাজস্থান। ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্ট কখনও ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন করেন নি। এখনও পর্যন্ত তারা ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য কোন লিস্ট তৈরি করেন নি। এবারে দেখুন, বিলটা এসেছে সুপ্রীম কোর্টের বাধ্যবাধকতার ফলে। সুপ্রীম কোর্ট বলেছে, A body be constituted at the State level to examine the complaints of wrong inclusion or non-inclusion of groups, classes and sections in the lists of other backward classes. সে জন্য স্ট্যাটিউটোরি কমিটি তৈরি করা হল। রংলি ইনক্লুশন, নন-ইনক্লুশন—আপনারা তো কোনদিন ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য কমিশন করেন নি, কোন লিস্টও করেন নি। আপনারা মার্কসীয় দৃষ্টিভঙ্গি থেকে ব্যাকওয়ার্ড ক্লাস এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাসের প্রবলেমটা অ্যাভয়েড করে গেছেন। আজকে সুপ্রীম কোর্ট করেছে, তাই চাঁদ সওদাগর যেমন বামহাতে

মনসা দেবীকে পূজা দিয়েছিল, সেই রকমভাবে আপনারাও বা হাতে একটা কমিশন তৈরি করলেন। এই ব্যাপারে এক ভদ্রলোক একটা ইন্টারেস্টিং তথ্য দিয়েছেন। তিনি বলেছেন যে পশ্চিমবঙ্গে যে ২৫ জন পূর্ণ মন্ত্রী আছেন কিন্তু তার মধ্যে অনগ্রসর শ্রেণীর একজনও নেই। ব্রাহ্মণ আছেন ১১ জন। ৪০ শতাংশ জনসংখ্যার ৩.৫ পারসেন্ট, অথচ এরা বলছেন যে গরিবদের রিপ্রেজেন্ট করেন। They have no representative of the backward class in their ministry. আপনাকে ৩ দিনের মধ্যে ব্যাকওয়ার্ড কমিশনের চেয়ারম্যানের নাম ঘোষণা করতে হবে। কাজেই আমি জানতে চাই যে কাকে আপনারা ব্যাকওয়ার্ড কমিশনের চেয়ারম্যান করছেন? এখানে কি বলা হয়েছে? আপনি বলেছেন যে একজন চেয়ারম্যান হবেন, একজন সোশ্যাল সায়েন্টিস্ট হবেন, দুই জন মেম্বার হবেন, একজন মেম্বার সেক্রেটারি হবেন। আপনি সেই কমিশন গঠন করার ক্ষেত্রে ব্যাকওয়ার্ড ক্লাসের কি রিপ্রেসেন্টেটিভ দিয়েছেন, সেটা না জানা পর্যন্ত এই বিল পাশ করতে দেওয়া মানে কনস্টিটিউশনাল রিকোয়ারমেন্ট ফুলফিল করতে দেওয়া, আমিও বাম হাতে আপনাকে পুজো দেব। You are not sincere either identifying or improving the lot of the backward classes. এর আগে যে লিস্ট ছিল তারপরে আপনারা কিছু করতে পারেন নি।

আমি সেইজন্য বলছি যে পশ্চিমবাংলায় এই total problem of other backward classes have been totally neglected. এবং যে জন্য পশ্চিমবাংলা যতই গর্ব করুক না কেন গ্রামে শহরে কাষ্টইজম দূর হয় নি এবং সোশ্যাল The social rehabilitation we should have been taken place in the villages. সেখানে আপনাদের রেভলিউশন হয় নি। আমি বলছি যে ভি. পি সিং যে মণ্ডল কমিশনের রিপোর্ট ইমপ্লিমেন্ট করার চেষ্টা করেছিলেন সেটা কারেক্ট নয়। কেন নয়? তার কারণ হচ্ছে ভি. পি. সিং মণ্ডল কমিশনের রেকমেন্ডেশন সবগুলি নেন নি। উনি জাস্ট দেবীলাল যেহেতু ৯ই আগস্ট একটা র‍্যালি করেছিল সেই দেবিলালকে কাউন্টার করার জন্য উনি ওনার পরামর্শদাতাদের বুদ্ধিতে একটা রেকমেন্ডেশন ফর ব্যাকয়োর্ড ক্লাস যে ২৭ পারসেন্ট, মণ্ডল কমিশন হিসাব করে বলেছিল ব্যাকোয়ার্ড ক্লাস হচ্ছে ২৭ পারসেন্ট পপুলেশানের, যেহেতু শিডিউল্ড কাস্ট অ্যাণ্ড শিডিউল্ড ট্রাইব ২২.৫ পারসেন্ট রিজারভেশন আছে সেইহেতু ব্যাকোয়ার্ড ক্লাসের জন্য ২৭ পারসেন্ট রিজারভেশন করা উচিত। উনি শুধু সেন্ট্রাল গভর্নমেন্টের ক্ষেত্রে ইমপ্লিমেন্ট করেছিলেন। আপনারা ভি. পি. সিংকে সমর্থন করেছিলেন উইদাউট থিংকিং। শুধু একটা চাকুরির রিজারভেশন যেখানে চাকুরির ক্ষেত্রে এতো বেকার আছে, অতো অভাব আছে, It may lead to social unrest and turmoil. সেটা আপনারা ভাবেন নি। আপনারা ভি. পি. সিংকে সমর্থন করেছিলেন। দেশে আগুন জ্বলেছিল, আপনারা দেখেছেন গায়ে আগুন লাগিয়ে ছেলেরা মারা গিয়েছিল। তারপর নরসীমা রাও যখন সরকারে এসেছেন প্রথম নরসীমা রাও went back to the Karpori Thankur's formula. নরসীমা রাও সরকার মণ্ডল কমিশনের উপর এটাই ডিভিসন দিয়েছিলেন যে ইকনমিক ক্রাইটেরিয়ান ফর ব্যাকোয়ার্ড ক্লাস এটা হবে, এই ক্ষেত্রে ইকনমিক ক্রাইটেরিয়ান সুড বি ইমপর্টেন্ট এ্যাণ্ড সুড বি কনসিডার্ড। আদার ব্যাকোয়ার্ড ক্লাস যাতে সুযোগ না পায় সেটা দেখতে হবে। আমাদের দুর্ভাগ্য যে নরসীমা রাও সরকার যে সিদ্ধান্ত নিয়েছিল সেই সিদ্ধান্ত সুপ্রীম কোর্ট স্ট্রাইক ডাউন করেছেন, টেকনিক্যালি ইট হ্যাজ

ডান বাই কন্সিটিটিউশান। আমাদের ভারতবর্ষের যে কন্সটিট্টিউশান গোষ্ঠির ভিত্তিতে যে ক্লাস ডিভিশান আছে সেটাকে স্বীকার করে সুপ্রিম কোর্ট গোইং বাই দি ল অফ দি ল্যাণ্ড। তাই নরসীমা রাও সরকারের সিদ্ধান্ত স্ট্রাইক ডাউন করেছে, আমি জানতে চাই আপনাদের কাছে কি আপনারা ব্যাকোয়ার্ড ক্লাস কমিশনের মেম্বার করেছেন? তারা কোন ক্লাসের আমরা জানতে চাই। আমি জানতে চাই আপনাদের কাছে কত দিনের মধ্যে আপনারা আদার ব্যাকোয়ার্ড ক্লাসের লিস্ট করবেন। আমি জানতে চাই অন্যান্য রাজ্যের তুলনায় আপনারা মণ্ডল কমিশনের কোন রেকমেন্ডেশনগুলি ইমপ্লিমেন্ট করবেন। আমরা তো ১০টি রাজ্যের কথা বললাম যেখানে রিজারভেশন করেছে। আপনারা কোন ক্রাইটেরিয়ানে মণ্ডল কমিশনের যে রেকমেন্ডেশন আছে সেইগুলি ইমপ্লিমেন্ট করবেন? আমি আপনাদের অ্যাকিউজ করতে চাই যে আপনার সরকার ডেলিবারেটলী আদার ব্যাকোয়ার্ড ক্লাস প্রবলেমটা নেগলেক্ট করেছেন, সাইড ট্রাক করার চেষ্টা করেছেন। মানুষকে বোকা বানিয়ে রেখেছেন। আমি আপনাদের কাছে সুস্পষ্ট স্টেটমেন্ট অফ ইনটেন্ট চাই। কংগ্রেসের স্টেটমেন্ট অফ ইনটেন্ট ক্লিয়ার। নরসীমা রাও এবং তাঁর সরকার যে সিদ্ধান্ত নিয়েছে যে আমরা চাই রিজারভেশন হোক উইথ ব্যাকনেস অ্যাজ ক্রাইটেরিয়ান অ্যাণ্ড ইকনমিক ক্রাইটেরিয়ান কিপিং দ্যাট ইন প্রায়রিটি। আমি আপনাদের কাছে সুস্পষ্ট বক্তব্য এই ব্যাপারে চাই তবে এই বিলকে সমর্থন করার কথা ভাবব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের বিষয়ে প্রথমেই আমি প্রবীণ সদস্য মাননীয় জয়নাল আবেদিন সাহেবের যে আশঙ্কা ছিল এবং এখনও নিশ্চয়ই আছে আশঙ্কা সেই ব্যাপারে বলবো যে এই গরিব মানুষ এবং পশ্চাদপদ মানুষগুলির জন্য আমরা কি করেছি, কি হতে পারে বা কি করব। এই প্রসঙ্গে শুধু আমি একটা কথা বলতে চাই যে পশ্চিমবাংলায়—সৌগতবাবু যে কথা বলেছেন সেটা আমার জানা আছে — এবং আরো কয়েকটি রাজ্যে এখনও ব্যাকোয়ার্ড ক্লাস বলে আইডেনটিফাই হয় নি, কিছু রাজ্যে হয়েছে। পশ্চিমবাংলায় যদিও এইভাবে আইডেনটিফাই হয় নি যে অমুক ক্লাস তমুক ক্লাস এইভাবে। কিন্তু এই ক্লাসের লোকগুলি সরকারিভাবে আমরা যাই জানি না কেন, সরকারিভাবে নাম নথিভুক্ত না থাক এই কমিউনিটির লোকগুলো এডুকেশনালি এবং ইকনমিক্যালি ব্যাকোয়ার্ড।

[5-10 — 5-23 p.m.]

এডুকেশনালি ব্যাকোয়ার্ড যারা হয়, তাদের হঠাৎ দু-একটা ব্যতিক্রম থাকতে পারে। কিন্তু সাধারণতঃ সোশ্যালি ব্যাকওয়ার্ড যারা তারাও একই সঙ্গে পড়ে। সোশ্যাল ব্যাকওয়ার্ডনেস বলে হিন্দু সমাজে ল্যাডার সাজান আছে। তাদের নিচের দিকে যে অংশটা আছে তারা সোশ্যালি ব্যাকওয়ার্ড। তাদের জল অচল, এই সমস্ত কথা চালু আছে। আজকে পশ্চিমবাংলায় নিশ্চয়ই অতটা বোঝা যায় না। আজকে যে পরিবেশের মধ্যে, বিশেষ করে রেনেশাঁর যে প্রভাব পড়েছে তাতে পশ্চিমবাংলা আর দক্ষিণ ভারত এক নয়। আম্বেদকারের এই কথাটা মাননীয় সদস্যদের নিশ্চয়ই জানা আছে যে, একজন বিলেত ফেরত বড় চাকুরি নিয়ে হোটেলে এসেছেন, তাঁকে সেই সময়ে, ১৯৪৮ সালে, হোটেল থেকে বের করে দেওয়া হয়। ঐ সময়ে তিনি যদি কলকাতায় আসতেন, তাহলে নিশ্চয়ই এই ঘটনা ঘটত না। তাঁকে বরদার হোটেল

থেকে-বের করে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলার ক্ষেত্রে আপনারা এই কথাটা স্বীকার করবেন যে সমাজে জাতপাতের যে ছোঁয়াছুঁয়ির বিচার তা গোটা বাংলায় আগে ছিল। কিন্তু গোটা বাংলা আর পশ্চিমবাংলা এক নয়। এটা সেমিনার নয় যে এইভাবে কথা বলা যাবে। আমাদের এখানে ব্রহ্মান্য ব্যবস্থা পশ্চিম থেকে পূর্বে আসে। এটা তখন ম্লেচ্ছ দেশ ছিল, পুঁথিপত্রে বলা ছিল। এই ম্লেচ্ছ ব্যবস্থা, বর্ণভেদ ব্যবস্থা এখানে তেমনভাবে চালু করতে পারেনি। ১৮১৭ সনের একটা রিপোর্ট আমি দেখেছি—প্রেসক্রাইবড কাজকর্ম করতে হত। অমুকের কাজ অমুক করতে পারবে না। বেঙ্গলে সেই ব্যবস্থা ছিল না, যেটা ছিল সেটা লুজলি ছিল, জাতিভেদ ব্যবস্থাটা চালু করেছে। কিন্তু পশ্চিম ভারতে যা পেরেছে তাম্রলিপ্ত এবং পাটলিপুত্রের উপরে কাজ করতে গিয়ে ডাঃ ভূপেন দত্ত এটা দেখেছেন, তাঁর বইতে একথা লেখা আছে—এখানে তেমনভাবে ছিল না। তবে চালু করেছিল। রামমোহনের ব্রাহ্মবাদের যে কুফল, পালদের আমলে নয়, তার পরবর্তী সময়ে এটা করেছেন। বল্লাল সেনের আমলে করেছে। সেনদের আমলে এটা পেরেছিল। আমি শুধু এই কথা বলতে চাই, যেভাবে গোটা ভারতবর্ষ ছোঁয়াছুঁয়ি ইত্যাদি ছিল সেই জিনিস, ব্রহ্মাহ্নবাদ বা জাতপাতের যে খারাপ দিক, আর্য সভ্যতা ও হিন্দু সভ্যতার ভাল দিক যাই থাকুক না কেন, মন্দ দিকও আছে। পণ্ডিতরা বলেন, জাতি ভেদের মন্দ দিক একটা আছে। এই মন্দ দিকটা বাংলায় নেই। দিল্লির কাছাকাছি অযোধ্যায় যেমন চালু করেছিল, ওখানে প্রভাবটা .পড়েছিল অনেক আগে। সেখানে প্রভাবটা পড়েছিল, এখানে সেইভাবে পড়ে নি। আর একটা কথা আমাদের জানা দরকার, সোশ্যাল সীমানা-করণের চেষ্টা করা হয়েছে। এখানে ভক্তিবাদ উঠেছিল, পাঁচশ বছর আগে চৈতন্য এসেছিলেন। প্রায়শ্চিত্তের ভয়ে নিচু জাতের লোক ধর্মান্তরিত হত। তাঁদের যাতে ধর্মান্তরিত না হতে হয় সেজন্য ব্রাহ্মণ ঠাকুরদের প্রেসক্রাইবড ব্যবস্থা মুকুব করেছিলেন।

উনি শাস্ত্র দিয়ে প্রমাণ করলেন কিছু করতে হবে না এই সমস্ত আর ভক্তিকার্লট যেসব জিনিস হচ্ছে বড় জাতির জন্য নয়, তার দৃষ্টিতে যে অত ভক্তি করবে সে তত উঁচু জাতের হবে, এই সমস্ত প্রেসক্রিপশন তার ছিল। ঐ বৈষ্ণবজীর একটা প্রভাব ছিল, কবিরদের একটা ভাব ছিল, এই সমস্ত ছিল এই বাংলায়। আজকে এই অবস্থার মধ্যে বাংলার জলবায়ুতে এইভাবে একটা সমীকরণের আবহাওয়া ছিল। যেমন ব্রাহ্মণ্যবাদ-বাদীদের মনুর একটা বড় প্রভাব ছিল যে ভাগ করা আর এই অন্যভ্রস্ট একটা ছিল, তবে সমনীকরণ করা বা একীকরণ করা দুটো ফোর্সই বাংলায় কাজ করে এসেছে। এবং তার ফলে এখানে তার পরবর্তী সময়ে দেখা গিয়েছে রেনেসাঁ মুভমেন্ট এখানে হয়েছে। রেনেসাঁ মুভমেন্ট হওয়ার পর তার পরে আরো এই জাতপাত ব্যবস্থাটা হাল্কা হয়ে গেছে আরো লঘু হয়ে গেছে। এই বাস্তব পরিপ্রেক্ষিতে বাংলায় যদি বিরোধিপক্ষ অস্বীকার করে যে রেনেসাঁস-এর কোনও ফল নেই, ব্রাহ্মণের কোনও এফেক্ট হয়নি, বিদ্যাসাগরের কোনও এফেক্ট হয়নি তাহলে নিশ্চয় ঐভাবে বোঝা ঠিক হবে না। এখন সেই হিসাবে আমরা আদার ব্যাকওয়ার্ড কমিটি তৈরি করি আইডেন্টিফাই করা উচিত কিনা। ১৯৬৫-তে আপনারা না করেছেন, ঐপক্ষ না করেছে, তারপর আর ঐটা হয়নি। '৫০ থেকে '৭৭ পর্যন্ত আজকে যদি মণ্ডল বলে থাকেন '৮০-'৮১তে পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করেননি, পশ্চিমবঙ্গ মানে কি তারা এটা বোঝাচ্ছেন '৭৭-এর পরে যারা এসেছে তারাই ; নিশ্চয় '৫০ থেকে '৭৭ পর্যন্ত যারা ছিলেন তাদেরও মণ্ডল

সাহেব মিন করেছে। কাজেই প্রশ্নটা হচ্ছে বেঙ্গলের যে কালচার সেই কালচার নিয়ে, কিন্তু ঐটার অতটা প্রয়োজন আপনারা বোধ করেননি, যা অন্যদিকে করছেন। আর আমরা বোধটা অন্যদিকে করছি যে এই সমস্ত সমাজের লোকদের নিয়ে যেভাবে আমরা দারিদ্র দূরীকরণের ও নিরক্ষরতা দূরীকরণের দিকে চলেছি এর বেনিফিট কারা পেয়েছে। আজকে যদি বলি দারিদ্র দূরীকরণের বেনিফিট অর্থাৎ আই. আর. ডি. পি. বেনিফিট, আমাদের নানা রকমের বেনিফিটগুলি এই সমস্ত বেনিফিট কারা পেয়েছে? এই সমস্ত বেনিফিট যারা পেয়েছে তারা প্রধানত আমরা মনে করি সোশ্যাল ব্যাকওয়ার্ড যারা তারা অলরেডি এই সমস্ত বেনিফিট পেয়েছে। সুপ্রীম কোর্ট বলেছেন আমরা কমিশন তৈরি করেছি এবং এই কমিশন আরো আইডেন্টিফিকেশনে সাহায্য করবে, নিশ্চয়, সেই সাহায্য আমরা গ্রহণ করবো। এই কমিশন সন্দেহ প্রকাশ করছে, সেটা কি করা যাবে, আমরা নিশ্চয় যে ধরনের পণ্ডিত ব্যক্তিদের নিয়ে করার কথা বলা আছে, সেই পণ্ডিত ব্যক্তিদের নিয়ে আমরা করবো। তবে জাজ সম্বন্ধে যে কথা বলা হয়েছে, ঐ কথার মানে স্যাটিসফাই করতে পোরবো না, তবে আমরা সোশ্যাল সাইন্টিস্ট, জাজ ইত্যাদি যে কথা বলা আছে, সেই সমস্ত কোয়ালিফাইড লোকদের নিয়ে করবো, এই কয়টি কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

The Motion of Shri Dinesh Chandra Dakua that, the "West Bengal Commission for Backward Classes Bill, 1993" to be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 & 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 3

**Mr. Deputy Speaker :** There is amendment to Clause 3 given by Shri Lakshmi Kanta Dey. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in Chapter II in clause 3(1), in line 2 and in the Marginal Note the word "State" be omitted.

**Shri Dinesh Chandra Dakua :** I accept the amendment.

The Motion of Shri Lakshmi Kanta Dey that "In Chapter II, in clause 3(1), in line 2 and in the Marginal Note the word "State" be omitted was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 to 18 and the Preamble**

**Mr. Deputy Speaker :** There are no amendments to Clauses 4 to 18 and the Preamble.

The question that clauses 4 to 18 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Dinesh Chandra Dakua :** Sir, I beg to move that the West Bengal Commission for Backward Classes Bill, 1993. as settled in the Assembly, be passed.

The motion of Shri Dinesh Chandra Dakua that the West Bengal Commission for Backward Classes Bill, 1993, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5/23 p.m. till 11-00 a.m. on Monday, the 15th March, 1993 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 15th March 1993 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 5 Ministers of State and 150 Members.

[11-00 — 11-10 a.m.]

**মিঃ স্পিকার** : ডাঃ আবেদিন, আপনি কিছু বলতে চেয়েছেন, বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্রেজারি বেঞ্চ এখানে আছেন, আমরা আলোচনা করার সুযোগ পেয়েছি। সম্প্রতি বোম্বেতে শনিবার যে ঘটনা ঘটেছে, এ সিরিজ অব পাওয়ারফুল ব্লাস্ট, আমরা এটাকে দেশের কাছে একটা অ্যালার্ম হিসাবে চিহ্নিত করতে চাই। যারা এটা সংগঠিত করিয়েছেন, এই ঘটনা ঘটিয়েছেন, আমরা সেন্ট্রাল গভর্নমেন্টকে অনুরোধ করতে চাই এই হাউসে স্ট্রংলি এক মত হয়ে যে সোর্সটাকে আইডেন্টিফাই করে তার উপযুক্ত প্রতিকার করা যাতে দেশবাসীর মনে কনফিডেন্স আসে এবং অল ন্যাশনাল ফোর্সেস উড কাম টুগেদার টু কন্ট্রোল দিস ডিসরাপটিভ ফোর্স টু ডিস্ট্যাবিলাইজ দি ইউনিটি অ্যান্ড ইন্টেগ্রিটি অব ইন্ডিয়া। কোয়েশ্চেন আওয়ার হয়ে যাক। বিনয়বাবু এখানে আছেন, ১৬৯-য়েতে একটা প্রস্তাব উনি আনুন। আমাদের তরফ থেকে এটা আমরা সাপোর্ট করব এবং পসিবল দি হোল হাউস এবার অল পলিটিক্যাল বেরিয়ার সাপোর্ট করবে। এটা প্রস্তাবাকারে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার কাছে পাঠানো হোক এবং যারা আহত হয়েছেন তাদের প্রতি সহানুভূতি জানিয়ে একটা প্রস্তাব আনা হোক।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** : এই রকম একটা প্রস্তাব ড্রাফট করা হচ্ছে, কোয়েশ্চেন আওয়ারের পরে হবে।

**মিঃ স্পিকার** : কোয়েশ্চেন আওয়ারের পরে হলে মেনশন আওয়ার ড্রপ করে দিতে হয়। তাহলে দেয়ার উইল বি নো মেনশন আওয়ার।

## Starred Questions
## (to which oral answers were given)

### সবং ব্লকে চিংড়ি মাছের চাষ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩২) **ডাঃ মানস ভূঁইয়া** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯২ সালে মেদিনীপুর জেলার সবং ব্লকে চিংড়ি মাছ চাষের জন্য বিশেষ কোনও প্রকল্প অনুমোদন করা হয়েছে কিনা ;

(খ) হয়ে থাকলে, (১) কি ধরনের প্রকল্প ও কত পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে ;

(২) মৎস্য দপ্তর ও মেদিনীপুর জেলা পরিষদ এ প্রকল্পে পৃথক পৃথকভাবে কত পরিমাণ অর্থ দিয়েছেন ; এবং

(৩) এই অর্থের মধ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের পরিমাণ কত?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) মৎস্য বিভাগ থেকে কোনও প্রকল্প অনুমোদন করা হয়নি।

(খ) ১। প্রশ্ন ওঠে না।

২। মৎস্য দপ্তর থেকে অর্থ মঞ্জুরের কোনও প্রশ্ন ওঠে না।

৩। প্রশ্ন ওঠে না।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই, কারণ সম্প্রতিকালে আমার বিধানসভা এলাকায় চিংড়ি মাছের চাষ হচ্ছে। ১৩ নং অঞ্চলের বিষ্ণুপুরে একটা বৃহৎ প্রকল্প গ্রহণ করা হয়েছে। মৎস্য মন্ত্রী হিসাবে এটা তার জানা উচিত। এটা যদি মৎস্য দপ্তর থেকে না হয়ে থাকে তাহলে কারা এটা করেছে সেটা জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** কতকগুলি পরিকল্পনায় সরকার থেকে অর্থ মঞ্জুর করা হয়, আর কিছু কিছু ডিস্ট্রিক্ট প্ল্যান থেকে মঞ্জুর করা হয়। আপনি যখন বললেন তখন আমি খবর নিয়ে জানাব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মন্ত্রী মহাশয়ের প্রশ্নোত্তর থেকে দেখা যাচ্ছে যে জেলা পরিকল্পনা থেকেও মৎস্য চাষ করা হচ্ছে। এটা যখন মাছের ব্যাপার তখন এটা গবাদি পশু দপ্তরের অধীনে নয় বা স্বাস্থ্য দপ্তরের অধীনে নয়। মন্ত্রী মহাশয়কে আমি স্পেসিফিক প্রশ্ন করতে চাই যে আপনার দপ্তরে এই ধরনের কোনও খবর আছে কি না, যদি না থাকে তাহলে কেন নেই, এই বিষয়ে কত অর্থ মঞ্জুর করা হয়েছে, সেটা জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমি এই প্রশ্ন পাবার পরে খবর নিতে শুরু করেছি। খবর পেলে আমি জানিয়ে দেব।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে শিউড়িতে এই রকম একটা মৎস্য প্রকল্প নেওয়া হয়েছিল, সেটা আছে না অঙ্কুরেই বিনষ্ট হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই প্রশ্নের সঙ্গে এটা আসে না। আপনি শিউড়ি ব্লকের বিষয়ে আলাদা প্রশ্ন করবেন আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোনও জেলা যদি মৎস্য চাষের অন্তর্ভুক্ত হয়, মৎস্য চাষের ব্যাপার থাকে, সেই ক্ষেত্রে ফিশারিজ ডিপার্টমেন্টের কাছে ডেটিং-

এর কোনও ব্যাপার আছে কিনা, অনুমতি নিতে হয় কিনা, জানাতে হয় কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই ধরনের প্রকল্পে জেলায় যে সমস্ত আমাদের অফিসাররা থাকেন, তারা, সেখানে যে কমিটি আছে সেখানে থাকেন এবং সেই কমিটিতে আলোচনা হয়। এই ধরনের প্রকল্প জেলা পরিষদ গ্রহণ করতে পারে, আইনে অসুবিধা নেই।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, চিংড়ি মাছ নিয়ে অনেক পরিকল্পনা হচ্ছে, পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে যে বই পাই তাতে নানা ভাবে দেখা যায় অনেক পরিকল্পনা হচ্ছে চিংড়ি মাছ চাষের জন্য এবং সেটা এক্সপোর্ট করার ব্যাপারে। আমার প্রশ্ন হচ্ছে চিংড়ি মাছ চাষ সম্পর্কে কোনও জেলায় কোনও পরিকল্পনা এখনও পর্যন্ত নিয়েছেন কিনা, হয়ে থাকলে কোনও পরিকল্পনা রূপায়িত হয়েছে কিনা।

**শ্রী কিরণময় নন্দ ঃ** একটা স্পেসিফিক প্রশ্ন করা হয়েছে সবং ব্লক সম্বন্ধে, এই প্রশ্নের উত্তর আমি দেব কি করে। আপনি যদি স্পেসিফিক প্রশ্ন ওই ব্যাপারে করেন তাহলে আমি উত্তর দিতে পারি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলায় মৎস্য দপ্তর থেকে কতগুলি মৎস্য চাষের পরিকল্পনা নেওয়া হয়েছে জানাবেন কি? আমি প্রশ্নটা করেছি মেদিনীপুর জেলা সম্পর্কে, নিশ্চয়ই এই ব্যাপারে উত্তর দেবেন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মানসবাবুর প্রশ্নটা ছিল সবং ব্লকের। সেখান থেকে আপনারা জানতে চাইবেন প্রথমে মেদিনীপুর জেলা, তারপর পশ্চিমবঙ্গ তারপর সারা ভারতবর্ষ সম্পর্কে প্রশ্ন। এর উত্তর তো আমি দিতে পারব না। শৈলজাবাবুর প্রশ্নের উত্তর আমি দিতে পারি কিন্তু দেব না, স্পেসিফিক প্রশ্ন করলে উত্তর দেব।

### সাক্ষরতা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২) শ্রী নটবর বাগদি ঃ শিক্ষা (বয়স্ক শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ৩১. ১. ৯৩ পর্যন্ত কয়টি জেলাতে সাক্ষরতার কাজ সম্পূর্ণ হয়েছে; এবং

(খ) সাক্ষর জ্ঞান সম্পন্নদের জন্য সরকারের পরবর্তী কর্মসূচি কী?

**শ্রীমতী অঞ্জু কর ঃ**

(ক) উক্ত তারিখ পর্যন্ত এ রাজ্যে মোট ৪টি জেলাতে সার্বিক সাক্ষরতার কাজ সম্পূর্ণ হয়েছে। এছাড়া আরও ৩টি জেলায় সার্বিক সাক্ষরতার কাজ আংশিক শেষ হয়েছে।

(খ) সাক্ষরজ্ঞান সম্পন্নদের জন্য রাজ্য সরকার সাক্ষরতা উত্তর কর্মসূচি গ্রহণ করেছেন যাতে নব সাক্ষরগণ তাদের অর্জিত সাক্ষরতা ও জ্ঞান বজায় রাখতে পারেন

এবং তা তাদের দৈনন্দিন কাজে প্রয়োগ করতে পারেন।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়া জানাবেন কি, আপনি যে বললেন কয়েকটি জেলাতে আংশিক স্বাক্ষরতা কাজ হয়েছে, এই গুলি কোন জেলা? এই বছর নূতন করে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের সহায়তায় কোন্ কোন্ জেলাকে নিরক্ষরতা মুক্ত করার জন্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** যে সমস্ত জেলায় আংশিক স্বাক্ষরতার কাজ চলছে সেই জেলা হচ্ছে মেদিনীপর, উত্তর ২৪-পরগনা এবং কুচবিহার। এই তিনটি জেলা আংশিক সাক্ষরতা হয়েছে। বাকি যেখানে কাজ চলছে সেটা আমি জানাচ্ছি এই বছর পুরুলিয়া, নদীয়া দুটি জেলাতে কাজ শুরু করেছি এবং তার সঙ্গে মালদা জেলা আছে। এই তিনটি জেলাতে সার্বিক সাক্ষরতার কাজ এই বছর শুরু করেছি।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া বললেন পুরুলিয়া এবং নদীয়া জেলায় সার্বিক সাক্ষরতার কাজ হাতে নিয়েছেন। এই কর্মসূচি রূপায়ণ, অর্থাৎ পঠন-পাঠনের যে কর্মসূচি সেটা কবে থেকে কার্যকর হচ্ছে, কোন্ মাস থেকে হচ্ছে?

[11-10 — 11-20 a.m.]

পুরুলিয়া এবং নদীয়া এই দুটি জেলায় প্রাথমিক যে কাজ সেগুলো আমাদের সম্পূর্ণ হয়েছে। পুরুলিয়া জেলায় সার্ভের কাজ শেষ হয়েছে। সেখানে কেন্দ্রীয় জাতীয় সাক্ষরতা মিশন টিম এসে কাজ দেখে গেছেন। তারা এরপর যে ভাবে অনুমতি দিয়েছেন আমরা সেইমতো কাজ শুরু করব। আগামী এপ্রিল মাসের প্রথম দিকে আমাদের রাজ্যস্তরে যে সভা হবে সেখানে আমরা দিনক্ষণ স্থির করব। নদীয়াতে ইতিমধ্যে আমাদের স্বেচ্ছাসেবি ট্রেনিং, মাস্টার ট্রেনার এবং ট্রেনিংয়ের প্রচার প্রস্তুতি ইত্যাদির কাজ শেষ হয়েছে। সেখানে কেন্দ্র খোলার কাজ এখন চলছে।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া জানাবেন কি যে, হাওড়া জেলায় সাক্ষরতার ক্ষেত্রে বর্তমান অবস্থা কি এ এবং এ পর্যন্ত ঐ জেলায় কত টাকা খরচ করা হয়েছে?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** হাওড়া জেলায় এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকার এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা এবং রাজ্য সরকার ২৭ লক্ষ টাকা দিয়েছেন। ঐ জেলায় কাজকর্ম শুরু হয়েছে। কিন্তু অগ্রগতির ক্ষেত্রে আপনারা জানেন যে, ডিসেম্বরের ৬ তারিখে যে ঘটনা ঘটেছে, অযোধ্যায় বাবরি মসজিদ ভাঙার ঘটনা, তা আমাদের কাজের গোটা পরিবেশকে ক্ষতি করে দিয়েছে। প্রশাসন এবং পঞ্চায়েত এলাকার সাম্প্রদায়িক সংপ্রীতি রক্ষার কাজে ব্যস্ত হয়ে পড়েছে। সামগ্রিকভাবে সারা রাজ্যে সাক্ষরতার কাজ ক্ষতিগ্রস্ত হয়েছে। কাজেই এই কাজে আমরা কিছুটা পিছিয়ে পড়েছি, তবে এটা সাময়িক। এটা কাটিয়ে উঠে আমরা অগ্রগতি ঘটানোর চেষ্টা করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়া নিশ্চয়ই অবগত আছেন যে আন্তর্জাতিক মান অনুযায়ী কোনও জেলাকে সম্পূর্ণ সাক্ষর জেলা হিসাবে জাতীয় সাক্ষরতা মিশন ঘোষণা

করেন। পশ্চিমবঙ্গে ইতিমধ্যে কয়েকটি জেলাকে তারা এই ভাবে সম্পূর্ণ সাক্ষর জেলা হিসাবে ঘোষণা করেছেন, এতে আমরা নিশ্চয়ই আনন্দিত। সাক্ষরতার যে কর্মসূচি বিভিন্ন জেলায় পালিত হচ্ছে তাদের ক্ষেত্রে রাজ্য সরকারের আমাদের কী অভিজ্ঞতা? জনসাধারণকে যুক্ত করে এই সাক্ষরতা কর্মসূচি নেওয়ার ক্ষেত্রে সরকার কী পরিমাণে নিয়েছেন?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** সাক্ষরতার কর্মসূচিকে রূপায়িত করার জন্য আমাদের যে পরিমাণ অগ্রগতি হয়েছে তা প্রশ্নের উত্তরে আমি প্রথমেই জানিয়েছি। আমাদের এটা মনে রাখতে হবে যে, সাক্ষরতার পরে সাক্ষরোত্তর যে সর্মসূচি তা গোটা ভারতবর্ষে কোথাও শুরু হয়নি। আমরা এই জায়গায় পরীক্ষামূলক স্তরে আছি। সেই হিসাবে সাক্ষরতার পরবর্তী যে কর্মসূচি, সাক্ষরতার ধারাবাহিকতা রক্ষ_করা, সেটা রক্ষার ক্ষেত্রে আমরা কাজকর্ম করে যাচ্ছি প্রথম পর্যায়ে স্বেচ্ছাসেবকদের মধ্যে যে আগ্রহ ও আন্তরিকতা দেখা দিয়েছিল, দলমত নির্বিশেষে সর্বস্তরের মানুষের সহযোগিতা আমরা প্রথম পর্যায়ে যতখানি পেয়েছিলাম, দ্বিতীয় পর্যায়ে ঠিক ততখানি সহযোগিতা পাচ্ছি না। কাজেই, এই অবস্থা সত্ত্বেও যে চারটি জেলাতে সাক্ষরতার পরবর্তী কর্মসূচি যেটা আমরা শুরু করেছি, আমাদের কাজকর্ম সেই জায়গাতে চলছে। এই প্রসঙ্গে আমি বিশেষ করে উল্লেখ করতে চাই যে, সাক্ষরোত্তর সময়ের যে কর্মসূচি, সেখানে বিশেষভাবে উল্লেখ করতে হয়, এমন ভাবে গোটা রাজ্যে সাক্ষরতার প্রতি আগ্রহ এবং পরিবেশ সৃষ্টি হয়েছে, যার ফলে প্রাথমিক স্তরে ছাত্রছাত্রিদের ভর্তির সংখ্যা বেড়েছে—অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। সেখানে এমন সমস্যা হয়েছে যে, অতিরিক্ত বিদ্যালয় গৃহ, অতিরিক্ত শিক্ষক, অতিরিক্ত আসবাবপত্র এইসব দিক থেকে যতটা প্রয়োজন তা আমরা দিতে পারছি না। কাজেই এইসব দিক থেকে আমরা বলতে পারি এটা আমাদের একটা বিরাট সাফল্য।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি বললেন যে বাবরি মসজিদ ভাঙ্গার ফলে হাওড়া জেলায় কাজের ব্যাহত হচ্ছে, আমার প্রশ্ন হচ্ছে, এই বাবরি মসজিদ ভাঙ্গার আগে হাওড়া জেলার কত পারসেন্টের সাক্ষরতা হয়েছে এবং তার কোনও রেকর্ড আছে কিনা?

**শ্রীমতী অঞ্জু কর ঃ** আপনি স্পেসিফিক প্রশ্ন করলে স্পেসিফিক উত্তর পাবেন। তবে আপনাকে বলে রাখি যে, গত ৬ই ডিসেম্বরের ঘটনাতে সামগ্রিকভাবে গোটা রাজ্য ক্ষতিগ্রস্ত হয়েছে। এই যে সাক্ষরতার বিষয়টি, এটি সম্পূর্ণভাবে স্বেচ্ছা এবং শ্রমের ব্যাপার, পয়সা দিয়ে কিছু করার নয়। গত কয়েকমাস ধরে সমস্ত প্রতিষ্ঠান এবং স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানগুলি এই ব্যাপারে ব্যস্ত ছিলেন, ফলে কত পারসেন্ট সাক্ষর হয়েছে তা এই মাঝপথে বলা সম্ভব নয়। কেন্দ্রীয় কমিটি, জাতীয় সাক্ষরতা মিশন এখানে এসে সার্ভে করে রিপোর্ট দেন, তাদের রিপোর্ট অনুযায়ী কত পারসেন্ট সাক্ষর হল সেটা জানা যায়। সুতরাং এখন থেকেই বলা সম্ভব নয়।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয়া মন্ত্রী মহাশয়া দয়া করে জানাবেন কি, এই যে সাক্ষর জেলা বলে ঘোষণা করা হয় কোনও একটি জেলাকে এর ক্রাইটেরিয়া কি এবং যে সমস্ত জেলাগুলিকে সাক্ষর জেলা বলে ঘোষণা করা হয়েছে সেখানে কি এই ক্রাইটেরিয়া ফুলফিল হয়েছে কিনা?

**শ্রীমতী অঞ্জু কর :** আমাদের এই ক্রাইটেরিয়া দু রকমের, একটা হচ্ছে ইন্টারনাল ইভ্যালুয়েশন এবং আরেকটি হচ্ছে সিলেবাস পাঠক্রম। সেখানে ৩-টে বই পড়ানো হয়। প্রথম পাঠ, দ্বিতীয় পাঠ এবং তৃতীয় পাঠ। যে এই ৩টে পাঠই সমাপ্ত করবে তার মান অনুযায়ী সে লিখতে, পড়তে পারবে এবং গণিতেরও কিছু ছোটখাটো অঙ্ক করতে পারবে। এর মাধ্যমেই কতটা সাক্ষর হল সেটা জানা যাবে।

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই সার্বিক সাক্ষরতা প্রকল্পে আমার একটি প্রশ্ন হল যে, মেদিনীপুর জেলায় অক্টোবর মাসে সার্বিক সাক্ষরতার জন্য ৭ কোটি ৪৪ লক্ষ টাকা খরচ হয়েছে। এতে সারা পশ্চিমবঙ্গের টোটাল কত খরচ হয়েছে এবং এতে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার কত পারসেন্ট দিয়েছেন এবং মেদিনীপুর জেলার জন্য কত পারসেন্ট দিয়েছেন সেটা একটু বলুন।

**শ্রীমতী অঞ্জু কর :** সারা রাজ্যে খরচ যা হয়েছে তাতে কেন্দ্রীয় অংশ হচ্ছে ২৬ কোটি ৭৯ লক্ষ ২৭ হাঁজার। রাজ্যের অংশ হচ্ছে ৮ কোট ৪ লক্ষ টাকা এবং মেদিনীপুরের ক্ষেত্রে ৫ কোটি ও কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের ১ কোটি টাকা খরচ হয়েছে।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, সংবাদপত্রে এবং আপনার ভাষণেও শুনেছি যে এতগুলো জেলাকে সাক্ষর বলে ঘোষণা করা হল। এত সার্বিকভাবেই আমরা আশা করতে পারি যে সরকারি এবং আধা সরকারি যে সমস্ত সংস্থা আছে তাতে যেসব ৪র্থ শ্রেণীর কর্মচারী আছে তারাও সাক্ষর হবেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে যে, অনেক জেলাতে যেকানে সাক্ষর জেলা বলে ঘোষণা করা হচ্ছে সেখানকার সরকারি ৪র্থ শ্রেণীর কর্মচারিরা এখনও পর্যন্ত টিপ সই দিয়ে মাইনে তুলছেন আমার প্রশ্ন এই রকম কত সংখ্যক কর্মচারী আছেন দয়া করে একটু জানাবেন কি?

**শ্রীমতী অঞ্জু কর :** আপনি যে প্রশ্নটি করেছেন সেটি একটি উল্লেখযোগ্য বিষয়। এইরকম আমরাও দেখেছি কিন্তু আমরা কোনও সময়েই বলি না যে পূর্ণ সাক্ষর। এটা সব সময়ে মনে রাখতে হবে যে শতকরা ৮০ ভাগ, সেটাই হচ্ছে এন. এল. এম.। এই নর্মসে রিচ করতে পারলেই আমরা সাক্ষর বলে ঘোষণা করব। এটা ঠিক করে দেয় কেন্দ্রীয় সরকারের টিম এবং আমরা কখনই বলি না যে সেন্ট পারসেন্ট সাক্ষর হয়ে গেছে।

যে জেলাগুলি ইতিমধ্যে সাক্ষর হয়েছে সেই জেলাগুলির প্রতি আমাদের বিশেষ নজর আছে। ভোটারলিস্ট করার সময় তখন আমরা জেলাগুলিকে বলে দিয়েছি যে দেখবেন যেন প্রতিটি জেলাতে টিপ সহি না হয়। আপনি যেটা বলতেন এটা কিছু কিছু জায়গাতে আমাদের নজরে এসেছে। এই রকম থাকলে আমি সবাইকে বলব আমরা তো সবাইকে এই ক্যাম্পের আওতায় আনতে পারিনি, সাক্ষর বললেও কিছু কিছু মানুষ এখনও রয়ে গেছে যারা টিপ সহি দিচ্ছেন। আমরা এই জন্য সকলের সহযোগিতা চাচ্ছি, রাজনৈতিক দলমত নির্বিশেষে আমরা সাহায্য চাচ্ছি। যেহেতু এটা সামাজিক সমস্যা। সেইজন্য আমরা সকলকে আহ্বান জানাচ্ছি। কাজেই আমি আপনাদের কাছে আহ্বান জানাব যারা এই টিপ সহি দিচ্ছেন অথচ একটু আধটু লিখতে জানে কিন্তু ইতস্তত করছেন নানা রকম সংকোচের জন্য তাদের ব্যাপারে

আমাদের নজর রাখতে হবে। আমি কোনও কোনও জায়গায় দেখেছি পোলিং অফিসাররা ভোটের সময় তারা উৎসাহিত করেন যাতে টিপ সহি দেন, কারণ সহি করতে অনেক সময় চলে যায়, সেইজন্য আমি বলব এই ব্যাপারটা আমাদের নজরে তো এসেছে, আপনারাও এই ব্যাপারে খোঁজ খবর রাখুন এটা আমি অনুরোধ জানাচ্ছি।

**বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের শ্রমিক কর্মচারিদের দান**

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য শ্রমিক কর্মচারিগণ একদিনের বেতন, রক্ত বিক্রয় এবং অন্যান্যভাবে কত টাকা দান করছেন ; এবং

(খ) ঐ টাকা কিভাবে খরচ করা হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) ৫ কোটি ২২ লক্ষ (পাঁচ কোটি বাইশ লক্ষ) টাকার বেশি।

(খ) উক্ত টাকা ব্যাঙ্কে "ফিক্সড" ডিপোজিট করে রাখা হয়েছে।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি, যে টাকাটা উঠেছে এটা এই প্রোজেক্টের জন্য নামমাত্র বললে ভুল হয়, উল্লেখযোগ্যও নয়। এর আগে আমরা জানি সোভিয়েত ইনিয়নের সঙ্গে যে চুক্তি হয়েছিল সেটাও পরবর্তীকালে কার্যকর করা যায়নি। আমরা আবার শুনছি জাপানি সংস্থা ও. ই. সি. এফ.-এর সঙ্গে এই প্রকল্পের সার্থক রূপায়নের জন্য একটা চুক্তি করা হচ্ছে, মাননীয় প্রধানমন্ত্রী যখন বিদেশ গিয়েছিলেন কিছুদিন আগে তখন মাননীয় মুখ্যমন্ত্রী তাকে অনুরোধ করেছিলেন এই ব্যাপারটা দেখার জন্য। এই জাপানি সংস্থার সঙ্গে যে চুক্তি হচ্ছে এটা কি পর্যায়ে আছে এবং তারা কি কি শর্ত আরোপ করছেন জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শর্তগুলি আমার কাছে নেই, তবে এখনি যেটা বলতে পারি সেটা হচ্ছে এটা আলোচনার স্তরে আছে। পরে কয়েকটি প্রশ্ন আছে এই ব্যাপারে তখন বলব। জাপানি সংস্থার সঙ্গে ১৭ তারিখে এই ব্যাপারে দিল্লিতে আলোচনা হবে এবং ওদের একটা টিম আসছে এটুকু বলতে পারি।

**শ্রী আবদুল মান্নান ঃ** টোটাল প্রোজেক্ট কস্ট কত পড়বে এবং রক্তদান বা সংগ্রহ এই কর্মসূচি এখনও অব্যাহত আছে কিনা জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** টোটাল প্রোজেক্ট কস্ট পার মেগাওয়াটে ৩.২৫ কোটি টাকা গুণ করে আমরা করি। এটা হছে ২১০ এর ৫টি ইউনিট অর্থাৎ ১,০৫০। সুতরাং ৩০০ কোটি টাকার বেশি। রক্তদান অথবা এই সংগ্রহ যেটা বলছেন এটা স্বেচ্ছা সংগ্রহ, এটা এখনও কিছু কিছু আসছে। তবে এটা জনসাধারণের পার্টিসিপেশন, এতে গভর্নমেন্টের কোনও পার্টিসিপেশন নেই। সুতরাং আমাদের পক্ষে এখনি বলা মুশকিল এটা কতদিন চলবে। তবে এখনও কিছু

কিছু রক্ত আমাদের কাছে আসছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় বিদ্যুৎমন্ত্রী আপনার কাছে আমরা বারেবারে বলেছি বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ব্যাপারটা অনেকটা জয়নাল আবেদিন সাহেব যে রকম বলেছিলেন বাবরি মসজিদের ব্যাপারটা দেখিয়ে যেমন বি. জে. পি. ভোট করে তেমনি বক্রেশ্বরকে দেখিয়ে আপনারা ভোট করেন। সোভিয়েত ইউনিয়নের সঙ্গে যে চুক্তি হয়েছিল, এখন সেটা শেষ হয়ে গিয়েছে, এখন জাপানি সংস্থা আসছে।

এক সময় আমাদের কেন্দ্রের বিদ্যুৎ মন্ত্রী ছিলেন বসন্ত শাঠে। তিনি বলেছিলেন কেন্দ্রের সঙ্গে যৌথ প্রকল্প করুন বক্রেশ্বর সম্পন্ন হয়ে যাবে। আপনারা বিদেশের কাছে বার বার দরবার করছেন এবং তারা নাকে দড়ি দিয়ে ঘোরাচ্ছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ উদযোগে বক্রেশ্বর সম্পন্ন করার কথা রাজ্য সরকার বিবেচনা করছেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বিদেশি সংস্থার সঙ্গে যে আলাপ-আলোচনা হয়েছে এটা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেও তাদের সাহায্য নিয়েই হয়েছে। আর কেন্দ্রীয় সরকার যদি যৌথ উদ্যোগে প্রস্তাব করেন তাহলে নিশ্চয় আমরা বিবেচনা করব। আর আপনি যে প্রস্তাবের কথা বললেন সেটা কেন্দ্রীয় সরকারের বহু পুরনো প্রস্তাব। নতুন কোনও প্রস্তাব আমাদের কাছে নেই।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি অনুগ্রহ করে জানাবেন কি, আপনি ২৬ নম্বর প্রশ্নের উত্তরে জানালেন, জনসাধারণের কাছ থেকে একদিনের বেতন নিয়ে এবং রক্ত বিক্রি করে কত টাকা রাজ্য সরকার পেয়েছে। আমার প্রশ্ন হচ্ছে কোনও ঐতিহাসিক পটভূমিতে রাজ্য সরকারকে এই অর্থ এবং রক্তের জন্য আবেদন করতে হয়েছে?

**ডাঃ শঙ্করকুমার সেন ঃ** প্রকল্পটা যখন রাজ্য সরকার নেন এবং তার জন্য কেন্দ্রের কাছে যখন বার বার দরবার করেন তখন কেন্দ্রীয় সরকার বার বার নানাভাবে ঘোরান। যখন আমরা কোনও রকম সাহায্য পাচ্ছি না কেন্দ্র থেকে, তখন রাজ্যের জনসাধারণ একদিনের বেতন রক্ত ইত্যাদির মাধ্যমে পাঁচ কোটি টাকা তোলেন, যদিও তিন হাজার কোটি টাকার কাছে এই পাঁচ কোটি টাকা কিছুই নয়। কিন্তু এই প্রোজেক্ট সম্বন্ধে জনসাধারণের পার্টিসিপেশনই বড় ব্যাপার বলে আমাদের কাছে মনে হয়েছে। এক বোতল রক্ত মানুষের কাছে অমূল্য, নিজের কাছে অত্যন্ত দামি বলে মনে হয়। কিন্তু তারা দেখিয়েছে এক বোতল রক্ত দিয়ে একটা প্রকল্পের প্রাণও বাঁচাতে পারে, তাই এটা আমাদের কাছে দামি মনে হয়েছে। তাই এই প্রকল্পটাকে আমরা মাথায় তুলে রাখতে চাই।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বিভিন্ন সময় বক্রেশ্বর নিয়ে যে সমস্ত বিবৃতি দিয়েছেন, তাতে আমাদের এই প্রকল্পের অবস্থাটা বুঝতে একটু অসুবিধা হচ্ছে। জানুয়ারির ১০ তারিখে খবরের কাগজে বেরোল কে. এ. ভি.-র সঙ্গে কি কথাবার্তা হয়েছে। জার্মানির কোম্পানি বেসড ইন বার্লিন, তারা নাকি বক্রেশ্বরে হেলপ করবেন। আবার এখানে বললেন ও. ই. সি. এফ. থেকে ঋণ নেওয়া হবে। কিন্তু আবার সমস্যা হচ্ছে জাপান যে টার্বাইন সাপ্লাই করবে, তার সঙ্গে এ. পি. এলের বয়লারের মিল খাবে না। তাছাড়া আরও দেখা

যাচ্ছে যে খরচ ৯০০ কোটি টাকা থেকে বেড়ে ১,৫০০ কোটি টাকায়ও দাঁড়াতে পারে বলে শোনা যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার মূল প্রশ্ন বক্রেশ্বর সম্পর্কে বিদেশি ঋণ এবং এই প্রোজেক্টের কস্ট এবং কোন অবস্থায় এই প্রোজেক্টটা আছে সেটা বলুন।

**ডঃ শঙ্করকুমার সেন :** বক্রেশ্বরে পাঁচটা ইউনিট হবে। আমরা ভারত সরকারের পাওয়ার ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে এটাকে দুটো ভাগে ভাগ করছি। তারমধ্যে একটা পার্ট ও. ই. সি. এফকে দেব আরেকটা পার্ট আমরা কিভাবে করব সে বিষয়ে আলোচনা হয়েছে জাপানি সংস্থার সঙ্গে এবং এখনও আলোচনা চলছে। তাছাড়া অন্যান্য অর্গানাইজেশনের সঙ্গেও আলোচনা চলছে। আলোচনা শেষ না হওয়া পর্যন্ত কিছু বলা যাচ্ছে না।

[11-30 — 11-40 a.m.]

**শ্রীমতী মহারাণী কোনার :** স্যার, এখানে বিরোধীপক্ষের প্রশ্ন ছিল যে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য শ্রমিক কর্মচারিগণ একদিনের বেতন, রক্ত বিক্রয় এবং অন্যান্যভাবে কত টাকা দান করেছেন এবং ঐ টাকা কি ভাবে খরচ করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, শ্রমিক কর্মচারিগণ একদিনের বেতন এবং জনসাধারণ ব্লাড দিয়ে যে বিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন আজকে যারা এই প্রশ্ন তুলেছেন সেই বিরোধীপক্ষ তার বিরোধিতা করেছিলেন কিনা? তারা রক্ত তো দেন-ই নি উপরন্তু গ্রামেগঞ্জে এর বিরোধিতা করেছিলেন এবং সেইজন্যই আজকে সন্দেহের মন নিয়ে প্রশ্ন করছেন কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্য যে প্রশ্ন করেছেন তার উত্তরে আমি বলতে পারি, আমি অন্তত এই হাঁউসের মধ্যে কিছু কিছু বক্রোক্তি বক্রেশ্বর সম্বন্ধে শুনেছি। বাইরে বিরোধিতা হয়েছে কিনা আমার জানা নেই।

**শ্রী জটু লাহিড়ি :** আমরা জানি যে এর আগে কেন্দ্রীয় সরকার যৌথ প্রকল্পের মধ্যে দিয়ে এই প্রকল্প করতে চেয়েছিলেন এবং তারপর সোভিয়েট রাশিয়ার উদ্যোগের কথা এসেছে এবং সেটা ভেস্তে গিয়েছে। তারপর এখন জাপানের সঙ্গে আলোচনা চলছে। বলা হচ্ছে যে ৫টি ইউনিট করতে গেলে ৩ হাজার কোটি টাকার মতোন খরচ হবে। লোকের কাছে রক্ত নিয়ে, ভিক্ষা নিয়ে ৫ কোটি টাকা তুলেছেন। একটা কথা আছে যে ভিক্ষা মেগে দুঃখ ঘোচে না। আমার প্রশ্ন, এই প্রকল্প সঠিকভাবে কবে শেষ হবে এবং এই প্রকল্পে কারা অংশ নিচ্ছেন তা জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন :** আলাপ আলোচনার মধ্যে দিয়ে টাই-আপ-এর চেষ্টা যেগুলি হচ্ছে সেগুলি পুরো না হলে আপনার দুটি প্রশ্নের কোনওটাই উত্তর দেওয়া সম্ভব নয়।

**শ্রী দেবেশ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মোট কত মেগাওয়াট বিদ্যুৎ বক্রেশ্বর থেকে তৈরি হবার কথা এবং পশ্চিমবঙ্গে এখন যে পরিমাণে বিদ্যুৎ তৈরি হয় সেটা তার কত পারসেন্ট?

**ডঃ শঙ্করকুমার সেন :** বক্রেশ্বর পুরোপুরি কমপ্লিট হলে ১০৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা তৈরি হবে। যে প্রোগ্রাম, যেটা সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটি অ্যাপ্রুভ

করেছে। পশ্চিমবঙ্গে বর্তমানে আমাদের ডেলি ২ হাজার মেগাওয়াটের বেশি উৎপাদন করছি। এসব নিয়ে বলতে পারেন যে বর্তমানে যা উৎপাদন করা হচ্ছে তার ৫০ পারসেন্টের মতোন পরে আসবে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্রেশ্বর নিয়ে বিরোধীপক্ষের সদস্যরা যেভাবে কথা বলছেন বিশেষ করে সুদীপবাবু তাতে মনে হচ্ছে ওরা চান না যে বক্রেশ্বর এবং হলদিয়া পশ্চিমবঙ্গ সরকার এখানে বাস্তবে রূপায়িত করুক। বিরোধীপক্ষ যারা কেন্দ্রীয় সরকারের আছেন তাদের অনেকে এখানে বলছেন যে আমরা নাকি জাপানের কাছে ভিক্ষাপাত্র নিয়ে যাচ্ছি। কেন্দ্রীয় অর্থমন্ত্রী তো ভিক্ষাপাত্র নিয়ে আই. এম. এফ. ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যাচ্ছেন এইভাবে তো তারা দেশটাকে ঋণের জালে জড়িয়ে দিচ্ছেন—ডেবট ট্রাপ। আমি স্যার, সেই সব শ্রমিক কর্মচারীকে অভিনন্দন জানাচ্ছি যারা নিজেদের রক্ত এবং একদিনের বেতন দিয়ে ৫ কোটি টাকা তুলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, কতদিনের মধ্যে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্প শুরু করার মতোন অবস্থায় আসবে এবং জাপানের সঙ্গে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আমাদের চুক্তি শেষ হবে এবং এর কাজ কবে আরম্ভ করতে পারবেন জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ও. ই. সি. এফ.-এর যে ফান্ডিং এজেন্সি, এদের সঙ্গে যেভাবে কথা হয়, অনেকগুলো ধাপে কথা হয় এবং একটা ধাপের কথা গত ফেব্রুয়ারি মাসে হয়ে গেছে। আর একটা যেটা বললাম, আগামী ১৭ তারিখে ফারদার ডিসকাশন হবে এবং এতে জাপানি গভর্নমেন্টের প্রতিনিধিরা থাকবেন। আমরা জুলাই মাসের মধ্যে এই প্রোজেক্ট সম্পর্কে একটা পূর্ণাঙ্গ চিত্র পাব বলে আশা করি।

### পারিবারিক আদালত

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্য সরকার কর্তৃক পারিবারিক আদালত চালু করার কাজ এখন কোনও পর্যায়ে আছে?

**শ্রী আবদুল কোয়ায়ুম মোল্লা ঃ**

পারিবারিক আদালত আইনের ২৩নং ধারা অনুযায়ী রাজ্য সরকার প্রস্তাবিত নিয়মাবলির বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে আনীত একটি মামলা বিচারাধীন থাকায়, নিয়মাবলি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা যায়নি। এমতাবস্থায় এ বিষয়ে অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া সম্ভব হচ্ছে না।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ** আদালতে বিচারাধীন হয়ে পড়ে রয়েছে। অনেক সময় দেখা যায় সরকারি উদ্যোগে মামলার ক্ষতি হয়। আপনার দপ্তরে থেকে দ্রুত নিষ্পত্তি করা হয় না।

**শ্রী আবদুল কাইয়ুম মোল্লা ঃ** আমরা উপযুক্ত ব্যবস্থা নিয়েছি যাতে দ্রুত মামলা নিষ্পত্তি করতে পারা যায়।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** কতদিন ধরে এই মামলা চলছে এবং কি কি উদ্যোগ নিয়েছেন?

**শ্রী আবদুল কাইয়ুম মোল্লা ঃ** এটা সেপ্টেম্বর থেকে শুরু করেছি আমরা এটা উদ্বোধন করে প্রস্তুতি নিয়েছি। তখন থেকে এই মকর্দমা শুরু হয়েছে এবং যা করার রাজ্য সরকার করেছে। নির্দিষ্ট দিনটা কি করে বলব। প্রায় ছয় মাস হল চালু হয়েছে।

**শহরাঞ্চলের উদ্বৃত্ত জমি**

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৬) শ্রী শৈলজা কুমার দাস ঃ ২৩শে মার্চ, ১৯৯২ তারিখের প্রশ্ন নং *২৪৩ (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৮)-এর উত্তর উল্লেখপূর্বক ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯৩ সালের ৩১-শে জানুয়ারি পর্যন্ত আরবান ল্যান্ড সিলিং অ্যাক্ট '৭৬-এর আওতায় প্রাপ্ত উদ্বৃত্ত জমির পরিমাণ কত ; এবং

(খ) সেই উদ্বৃত্ত জমি কোন কোন কাজে ব্যবহৃত হচ্ছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) ১৭,৮৫,৭৯৩.০৮৬ বর্গমিটার।

(খ) উদ্বৃত্ত জমি সরকারের বিভিন্ন দপ্তর, বিভিন্ন পৌরসভা, সরকারি পরিচালনাধীন সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, সমাজ সেবামূলক প্রতিষ্ঠান, ইত্যাদি সংস্থাকে ৩,২২,৯৩৫.৪৬ বর্গ মিটার জমি বন্টন করা হয়েছে। তাছাড়াও বেশ কিছু প্রস্তাব আবেদন সরকারের নিকট বিবেচনাধীন রয়েছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই আর্বান সিলিং অ্যাক্টে পশ্চিমবাংলায় কোন কোন জেলায় চালু হয়েছে এবং এই জমি যা হাতে এসেছিল, তা বিতরন করার পরে এখন কত জমি আনপার হাতে আছে?

**মিঃ স্পিকার ঃ** কোন কোন জেলায় চালু হয়েছে, এই প্রশ্ন হয় না। এটা নোটিফিকেশনে আছে। আপনি অন্য কোনও ফ্যাক্ট জানতে চান তো বলুন। এই বিষয়ে শিডিউলে অনেক তথ্য পাবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** অ্যাক্টের শিডিউলে আছে কোথায় কোথায় হবে এবং এমনি জেলা ওয়ারি যেগুলো করা হয়েছে সেইগুলো বলে দিচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এইগুলো বলতে হবে না।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে ১৭ লক্ষ স্কোয়ার মিটার এর উপর জমি আর্বান অ্যাক্টের আওতায় এনেছেন, এটা কোন কোন শহরে কত জমি অধিগ্রহণ করা হয়েছে এবং তিন লক্ষের ভিতর কোন কোন শহরে কত জমি দেওয়া হয়েছে, এটা জানতে চাই।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** শহরের সম্পর্কে জানতে হলে স্পেসিফিক প্রশ্ন দিতে হবে। এক একটা জেলার হিসাব দিতে পারি যেটা বন্টন করা হয়েছে।

কলকাতায় হচ্ছে ৫ লক্ষ ৩৪ হাজার ৬০৩.৩৭ বর্গ মিটার। বারাসাতে হচ্ছে ১ লক্ষ ৩৮ হাজার ৪৬৫.৪৩ বর্গমিটার, ব্যারাকপুরে হচ্ছে ২ লক্ষ ৪০ হাজার ১২৫.২৫ বর্গমিটার। কল্যাণীতে হচ্ছে, ২ হাজার ৪৭৫.৮৫৯ বর্গ মিটার। আলিপুরে হচ্ছে ১ লক্ষ ৬২ হাজার ৯৮৯.৯২ বর্গমিটার, হাওড়াতে হচ্ছে ৯৮ হাজার ২৮৫ বর্গমিটার, উলুবেড়িয়াতে হচ্ছে ৩ হাজার ৪৩৬.০৬ বর্গমিটার, শ্রী রামপুরে ১ লক্ষ ১৬ হাজার ৩৬৫.৩৭ বর্গমিটার। চন্দননগরে ৪৬ হাজার ৫২৫.২৫ বর্গমিটার। হুগলীতে ২ লক্ষ ১৪ হাজার ৫২৫.২৫ বর্গমিটার। দুর্গাপুরে ১ লক্ষ ৪০ হাজার ৩১২.১২ বর্গমিটার এবং আসানসোলে হচ্ছে ৮৮ হাজার ৭৬.৫৫ বর্গমিটার। মোট ১৭ লক্ষ ৮৫ হাজার ৭৯৩.০৮৬ বর্গমিটার।

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, গ্রামীণ এলাকায় জমি পুনরুদ্ধারের জন্য সরকার যে প্রচেষ্টা এবং পদক্ষেপ নিয়েছেন, শহর এলাকায় আরবান সিলিং অ্যাক্টের অধীনের মধ্যে সেই প্রচেষ্টা দেখছি না, বিশেষ করে কলকাতা শহর এবং অন্যান্য শহরগুলিতে। এক্ষেত্রে সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন ত্বরান্বিত করার জন্য? আরবান সিলিং অ্যাক্টে যে সমস্ত জমি অধিগ্রহণ করা হচ্ছে তাকে সুষ্ঠুভাবে বিলি বন্টন করার ক্ষেত্রে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** প্রশ্ন হচ্ছে, চেষ্টা এখনও হচ্ছে শহরে। কিন্তু এটা আপনি এবং সবাই জানেন, এখানে এর বিরোধিতা যাঁরা করছেন তাঁরা অত্যন্ত বেশি টাকার মালিক এবং আজকাল দেখা যাচ্ছে, ব্যবসা-বাণিজ্য সমস্ত জায়গায় নানারকমের অস্থিরতার দরুন যত চোরা টাকা অর্থাৎ ব্লাক-মানি—শুধু এখানে নয়, ভারতবর্ষের অধিকাংশ শহরে—তাঁরা রিয়েল এস্টেটের উপর ইনভেস্ট করার জন্য উঠে পড়ে লেগেছে। সুতরাং এটা করা কঠিন, কিন্তু চেষ্টা যে হচ্ছে তা নয়। চেষ্টা হচ্ছে এবং তারজন্য এতটা হয়েছে এবং খানিকটা চেষ্টা আছে এটাকে সুষ্ঠুভাবে করার জন্য। যেটা এতদিন ল্যাণ্ড রিফর্ম ডিপার্টমেন্টের সাথে অন্তর্ভুক্ত ছিল, বেশ কিছুদিন হল সেটা আমরা আরবানে আরো ডিটেলে দিতে পারি সেইজন্য ট্রান্সফার করে দেওয়া হয়েছে এবং অলরেডি স্টার্ট করা হয়েছে যাতে আরো খবরা-খবর নিয়ে ডিটেল করা যায়। আর একটা জিনিস আছে, গ্রামাঞ্চলে গণ-সংগঠন যুক্ত, কৃষক সভা যুক্ত আছে এ ব্যাপারে। তেমনি শহরে ঠিক সেইভাবে উদ্যোগ নেবার জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমার আবেদন থাকল, আপনারা সকলে—এই জিনিসটা যেহেতু অত্যন্ত পাওয়ারফুল এবং বলা যেতে পারে বিশাল টাকার মালিক যাঁরা তারা নানাদিক থেকে বিরোধিতা করছে, সেইজন্য সকলের সহযোগিতা যদি সর্বতোভাবে পাওয়া যায় তাহলে নিশ্চয়ই আরো অনেক বেশি ফল লাভ করা যাবে।

**শ্রী মহম্মদ নিজামুদ্দিন :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতায় বহু জমি যেটা ভেস্ট হবার কথা এবং মালিকদের রিটার্ন না জমা দেবার কথা সেটা তারা দিচ্ছেন না। কিন্তু জনগণ উদ্যোগ নিয়ে যখন জমা দিচ্ছেন যে, এই জমি ভেস্ট হওয়া উচিত সে সমস্ত ক্ষেত্রে প্রসেস অনেক দিন ধরে চলছে। ইতিমধ্যে মালিক পক্ষ বেআইনিভাবে ঐ সমস্ত জমি ছোট ছোট প্লট করে বিক্রি করে দিচ্ছেন। এই প্রসেস চলাকালীন সময়ে মালিকপক্ষকে আটকানোর

কোনও মেশিনারি আছে কিনা জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এই নিয়ে অনেক চেষ্টা হচ্ছে। প্রশ্ন হচ্ছে একই। যেগুলো নিয়ে ভেস্টিং প্রসেস চলছে সেসব জানিয়ে দেওয়া হয়েছে বিভিন্ন জায়গায়, কিন্তু তা সত্ত্বেও মালিকরা এইসব জিনিস করে যাচ্ছেন। এরজন্য আরও আইনগত ব্যবস্থা নিতে হবে। বিষয়টা নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী শ্রীমতি শীলা কলের সঙ্গে মিটিংও হয়েছে এবং তাঁকে এক্ষেত্রে যে আইনের সংশোধন দরকার সেটা এবং অন্যান্য এভরিথিং বলা হয়েছে। তিনি এখানে আসার আগেই বিষয়টা রেজলিউশন আকারে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছিল, কারণ এটা আমরা এখান থেকে সংশোধন করতে পারি না। তারপর থেকে এই ব্যাপারে আমরা চেষ্টা করে যাচ্ছি, কারণ আইনটার সংশোধন দরকার আছে। এই আইনের মধ্যে এত ত্রুটি আছে যে, সেটা বন্ধ করা না হলে মুশকিল হবে। সেকেণ্ডলী, রেজিস্ট্রেশন করা বন্ধ রেখে ডিসপোজ অফ বন্ধ করা—সেটা কিন্তু করা হয়নি। এই ব্যাপারে আমি মাঝখানে চেষ্টা করেছিলাম, কিন্তু জুডিশিয়াল ডিপার্টমেন্ট সেটা তিন-চার মাস বন্ধ রাখবার পর আর কথা শোনেননি। ওরা বলেছেন, 'আমাদের কাছে এলে আমরা তা রেজিস্ট্রি করব। হাইকোর্টও হয়েছে এই রেজিস্ট্রির ব্যাপার নিয়ে। সেজন্য আরবান সিলিং অ্যাক্টে যেসব দুর্বলতা রয়েছে সেগুলো কমপ্রিহেন্সিভ অ্যামেণ্ডমেন্টের মাধ্যমে করতে হবে। কিন্তু সেটা কেন্দ্রীয় সরকার না করলে করা যাবে না। সেজন্য আমরা চেষ্টা করছি। একটা গোলমাল হয়ে রয়েছে সেন্ট্রাল গভর্নমেন্টের। একমাত্র তামিলনাড়ু এটা করেছেন।

**শ্রী মহম্মদ নিজামুদ্দিন ঃ** এইরকম একটা জমির কাগজপত্র আমি আপনাকে দিয়ে দিচ্ছি। যাতে সেটা দখল না হয় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** ঐ ডিপার্টমেন্টটা ট্রান্সফার্ড হয়েছে আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টে। ওটা আপনি সেখানে দিয়ে দিন।

### বি. আই. এফ. আর.-এর বিবেচনাধীন রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থা

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যের কতগুলি রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানা বি. আই. এফ. আর.-এর পাঠানো হয়েছে ; এবং

(খ) কোন কোন কারখানা সম্পর্কে বি. আই. আর.-এর সিদ্ধান্ত পাওয়া গেছে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের কর্তৃত্বাধীন কোনও শিল্প সংস্থার বি. আই. এফ. আর.-এর নিকট প্রেরিত হয় নাই।

তবে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গে অবস্থিত তাহাদের কর্তৃত্বাধীন ১৪টি শিল্প সংস্থা বি. আই. এফ. আর.-এ প্রেরণ করিয়াছেন।

(খ) উল্লিখিত ১৪টি কেন্দ্রীয় শিল্প সংস্থার মধ্যে বি. আই. এফ. আর. নিম্নলিখিত ১২টির প্রাথমিক শুনানি গ্রহণ করিয়া উহাদের পুনরুজ্জীবনে জন্য প্রকল্প রচনা করিবার নির্দেশ দিয়াছেন ঃ—

(১) ভারত অপথ্যালমিক গ্লাস লিঃ,

(২) সাইকেল কর্পোরেশন অফ ইন্ডিয়া লিঃ,

(৩) হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশন লিঃ,

(৪) টায়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিঃ,

(৫) ন্যাশনাল ইনস্ট্রুমেন্টস লিঃ,

(৬) স্মিথ স্ট্যানসিস্টীট ফার্মাসিউটিক্যালস লিঃ,

(৭) বেঙ্গল কেমিক্যালস অ্যান্ড ফামাসিউটিক্যালস লিঃ,

(৮) ওয়েবার্ড (ই) লিমিটেড,

(৯) বিক্কোলরি লিঃ,

(১০) ভারত ব্রেক্স অ্যান্ড ভালবশ্ লিঃ,

(১১) মাইলিস অ্যান্ড অ্যালায়েড মেশিনারি কর্পোরেশন লিঃ,

(১২) ভারত প্রসেস অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারস লিঃ,

নিম্নোক্ত বাকি দুটির প্রাথমিক শুনানির দিন ধার্য হয়েছিল যথাক্রমে ঃ

(১) ব্রেথওয়েট অ্যান্ড কোম্পানি লিঃ—১১. ৩. ৯৩

(২) বেঙ্গল ইমিউনিটি কোং লিঃ—৯. ৩. ৯৩, যে ক্ষেত্রে ব্রেথওয়েটের খবর না পেলেও বেঙ্গল ইমিউনিটি সম্পর্কে যতদূর খবর আছে এর শুনানি শুরু হয়েছে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি তালিকা পেশ করলেন, সবই আমাদের রাজ্যের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ শুনানির ক্ষেত্রে। আমার প্রশ্ন হচ্ছে, রাজ্য সরকার বি. আই. এফ. আর.-এর কাছে কি ধরনের ভূমিকা গ্রহণ করেছেন সেটা জানাবেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** রাজ্য সরকারের পক্ষ থেকে প্রতিটি ক্ষেত্রে যেটা বলা হয়েছে, রাজ্য সরকারের আয়ত্তাধীন যেগুলি দেওয়া সম্ভব, সেগুলি প্রকল্প রূপায়িত বলে গৃহীত হলে রাজ্য সরকার গ্রহণ করবেন এবং সাহায্য করবেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আমাদের রাজ্যে এন্. টি. সি.

আই.-এর ১৪টি সুতোকলে ভয়ঙ্কর সংকটজনক অবস্থায় আছে। এই সম্পর্কে বি. আই. এফ. আর.-এর কাছে কেস রেফার হয়েছে কিনা বা কি কথাবার্তা হয়েছে যদি বলেন?

**শ্রী পতিতপাবন পাঠক :** এই ব্যাপারে বিস্তৃত তথ্য আমার কাছে নেই। আপনি যদি বলেন তাহলে তথ্য সংগ্রহ করে জানাতে পারব।

**শ্রী মহঃ নিজামুদ্দিন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ফার্টিলাইজার প্রোমোশন অ্যান্ড এ্যাগ্রিকালচারাল রিসার্চ ডিভিসন, এটা ১লা এপ্রিল থেকে বন্ধ করে দেবার জন্য নোটিশ দিয়েছে। এটা কি বি. আই. এফ. আরে পাঠিয়ে তাদের অনুমতি নিয়ে করা হয়েছে, না নিজেদের খুশি মতো বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে?

**শ্রী পতিতপাবন পাঠক :** এটা আমার জানা নেই, আমি খবর সংগ্রহ করে পরে জানাতে পারব।

**শ্রী জটু লাহিড়ি :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি একটু আগে ১২টা শিল্প সংস্থার নাম জানালেন যাদের বি. আই. এফ. আরে পাঠানো হয়েছে। আপনি জানেন যে ইন্ডিয়া মেশিন কারখানাটি, যেটাতে কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ তুলে নিয়েছে। আমাদের কাছে খবর ছিল যে এটাও বি. আই. এফ. আরে গেছে। আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে, এই কারখানাটি বি. আই. এফ. আরে আদৌ গেছে কিনা এবং এটা খোলার ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানাবেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন, উনি নিজেও জানেন যে বহুদিন পূর্বে বি. আই. এফ. আরে ছিল, এই মামলা খারিজ হয়ে গেছে। বি. আই. এফ. আর লিকুইডেশন করার নির্দেশ দিয়েছেন।

### Navodaya

***30.** (Admitted question No. *1262) **Dr. Tarun Adhikari and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the State Government has any information about the relative position of West Bengal in the matter of implementation of the Centrally aided 20-Point Programmes in India during 1990-91 and 1991-92;

(b) If so,

(i) the relative position of West Bengal;

(ii) the areas of inferior performance of West Bengal compared to other States, if any ; and

(b) the steps taken/proposed to be taken/to improve the position?

**Shri Benoy Krishna Chowdhury :**

Yes

**Relative position on the basis of State Score Card**

| | Year | |
|---|---|---|
| | April 90-March 91 | April 91-March 92 |
| West Bengal | 19th | 20th |
| Tripura | 19th | 24th |
| Assam | 21st | 18th |
| Bihar | 16th | 15th |

It is mentioned that relative position/Rank of the State has been different in different months. In 1990-91 the State was ranked 7th in August 90 and 6th in October, 1990. Again in 1991-92 the State secured 12th rank in August '91, 6th in July 91 and 7th in June 91.

| | Areas of Inferior performance of West Bengal (% of achievement) | | Relative position of other States (% of achievement) Tripura | | Assam | | Bihar | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 90-91 | 91-92 | 90-91 | 91-92 | 90-91 | 91-92 | 90-91 | 91-92 |
| 1B. JRY | 75 | 64 | 106 | 38 | 103 | 108 | 100 | 87 |
| 7A. Drinking Water problem (VLG) | 54 | 35 | 51 | 70 | 68 | 89 | 364 | 23 |
| 8D. Immunisation of children | 85 | 78 | 58 | 39 | 81 | 69 | 81 | 41 |
| 9H. F. P. Sterilisation | 62 | 81 | 70 | 27 | 29 | 26 | 47 | 30 |
| 11A S. C. Familes | 51 | 38 | 85 | θ | 71 | 80 | 95 | 59 |
| 11B. S. T. Families | 52 | 50 | 61 | 0 | 92 | 138 | 98 | 106 |
| 14B. Construction Assistance | 11 | 1 | 52 | 12 | 106 | 153 | — | — |
| 14D. E. W. S. Houses | 44 | 0 | 121 | 28 | 65 | 37 | 88 | 4 |
| 14E. L. I. G. Houses | 0 | 0 | 171 | 47 | 35 | 4 | 54 | 0 |
| 19A. Villages Electrified | 101 | 67 | 50 | 7 | 33 | 50 | 35 | 148 |
| 19 B. Punpsets energised | 110 | 43 | 53 | 17 | 34 | — | 55 | 136 |
| 19d. Bio-gas plants | 80 | 69 | 113 | 220 | 49 | 82 | 64 | 104 |

The 20-Point Programme implementing Department monitor their own performance. Development & Planning Department also requested programme implementing Departments to better their

performance. Secretary, Development & Planning Department has recently requested D.M's and Sabhadhipati of the Zilla Parishad to actively monitor and review the programme.

Minister-in-charge, Development & Planning Department also held a meeting to ensure better performance of this programme by giving appropriate instruction in this regard.

**শ্রী সৌগত রায় ঃ** এত ডিটেলস আপনাকে দিতে হবে না, কোন্ কোন্ জায়গায় পারফরমেন্স খারাপ সেটা বলুন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা হচ্ছে এমন ব্যাপার যে, এটা নিয়ে যা বলেছেন এই র‍্যাংকিংটা এক এক মাসে এক এক রকম হয়। র‍্যাংকিং ধরে রিয়েল পারফরমেন্স বোঝা যায় না। আর একটা জিনিস বুঝতে হবে যেটা আমি বার বার বলার চেষ্টা করেছি সেটা হচ্ছে আমাদের এখানে, ত্রিপুরা এবং কেরালা ছাড়া অন্য অধিকাংশ জায়গায় এই সমস্ত কাজ জেনারেলি কন্ট্রাকটারদের দিয়ে করানো হয়। তার ফলে কন্ট্রাকটারদের দিয়ে দিল তারপর সেন্ট পারসেন্ট হয়ে গেল। কিন্তু সেখানে আপনি ফিল্ডে গেলে কিছুই দেখতে পাবেন না। আমি একবার বলেছিলাম রুর‍্যাল ডেভেলপমেন্টের যিনি মন্ত্রী ছিলেন তার কাছে এই ব্যাপারে, তিনি নিজে এটা স্বীকার করেছেন। মাত্র দুদিন আগে, আগে তিনি ফিনান্স ডিপার্টমেন্টে ছিলেন, এখন রুর‍্যাল ডিপার্টমেন্টে এসেছেন, মিঃ ঠাকুর তিনি এসে ঘুরে গিয়েছেন এবং সমস্ত কিছু দেখেছেন এবং দেখে প্রশংশা করেছেন। আরও কিছু কিছু ডেভেলপমেন্ট কি ভাবে করা যায় সেই সব কথা বলেছেন, অডিটের দিকের কথা বলেছেন। পারফরমেন্সের দিক থেকে আমি বলছি ফরেন বলুন, আমাদের দেশে বলুন প্রত্যেককে একটা কথা স্বীকার করতে হচ্ছে ইন দি ফিল্ড অফ ভেরিফিকেশন দেখা যাবে যে আমাদের বেস্ট পারফরমেন্স।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন, উনি প্রবীণ লোক, ওনার সঙ্গে আমি একমত হতে পারলাম না। লোকসভায় একটি আনস্টার্ড কোশ্চেন ২৯. ৭. ৯২ তারিখে এই ব্যাপারে ডিটেল্ড ইয়ার ওয়াইজ পারফরমেন্স রয়েছে। এখানে মন্ত্রী মহাশয় বলতে গিয়ে ওয়েস্ট বেঙ্গলের যে পারফরমেন্স সেটা ১৯তম, ২০তম জায়গা অবস্থান করছে ২৫টি রাজ্যের মধ্যে বলেছেন। এখানকার যে পারফরমেন্স সেই ইনফিরিয়ার পারফরমেন্স সেটাকে ইমপ্রুভ করার জন্য কি করেছেন সেটা জানতে চেয়েছি। যেমন জওহর রোজগার যোজনা ১৯৯১-৯২ সালে অ্যাচিভমেন্ট হয়েছে ৬৪ পারসেন্ট। SSI Units—74%, Drinking Water—35%, Community Health Centre—3%, Primary Health Centre—20%, Scheduled Castes Family Assistance—38%, Scheduled Tribes Family Assistance—51%, Indira Abashan Yoyona—52%, Pump Set energised—40%, Bio-gas Plan—17%. টোটাল অ্যাচিভমেন্ট হচ্ছে ওয়েস্ট বেঙ্গলে ৭৬ পারসেন্ট। কয়েকটি ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যেমন জওহর রোজগার যোজনা, ইন্দিরা আবাসন যোজনা, কমিউনিটি হেলথ সেন্টার এই সব ক্ষেত্রে পশ্চিমবাংলার র‍্যাংকিংটা, পারফরমেন্সটা খুব খারাপ, অন্যান্য স্টেটের থেকে অনেক নিচে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছি যে, যে এলাকায় ১৯৯১-৯২ সালে এই সমস্ত ক্ষেত্রে আমাদের পারফরমেন্স

খুব খারাপ সেখানে পারফরমেন্স ইমপ্রুভ করার ক্ষেত্রে কি করেছেন? জওহর রোজগার যোজনা, Indira Abashan, Communit Health Centre, Scheduled Castes Family, Assistance, Scheduled Tribe Assistance এবং পাম্প সেট এনারজাইসড এইগুলির জন্য আপনি কি করেছেন? এত পুয়োর পারফরমেন্স ইমপ্রুভ করার জন্য আপনি কি করেছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এখানে ২-৩টি জিনিস ভাল করে বোঝা দরকার। প্রথম হচ্ছে ইয়ারলি পারফরমেন্স ইমপর্টেন্ট সেই দিক দিয়ে এখানে যেগুলি হচ্ছে একেবারে শেষ দু বছরে। কিন্তু তার আগে যদি দেখেন, অর্থাৎ আমি বলছি '৮৯ এই রকম সময়ে যদি দেখা যায়, তার আগে থেকে দেখা যাবে জওহর রোজগার যোজনা, আই. আর. ডি. পি. ইত্যাদি যেগুলিতে এমপ্লয়মেন্ট জেনারেট করে, সেগুলোতে ১৫০ পারসেন্ট, ১২৫ পারসেন্ট হয়েছে। এর আগে এই হাউসে এই সমস্ত বিবরণ আমি দিয়েছি। আপনারা এটা জানেন যে, গত দু বছর ধরে আমাদের খানিকটা ফিনান্সিয়াল খারাপ অবস্থার দরুন টাকা রিলিজ করতে অসুবিধা হয়েছে। যেগুলো দেখাচ্ছেন ৯০ পারসেন্ট কিম্বা ৬৪ পারসেন্ট, এটা এই সময়ে। কিন্তু দু বছর আগে দেখবেন ১১০, ১১৫, ১২৫, এমনকি ১৫০ পারসেন্ট পর্যন্ত হয়েছে। এখন যেগুলো হচ্ছে—একটু ডিফিকালটিজ আছে—সেটা ওরাও জানেন, এই রকম ধরনের যে ২০-২৫টি পয়েন্ট থাকে, তারমধ্যে কোনওগুলোতে ওয়েটেজ থাকবে, কোন গুলোতে ওয়েটেজ থাকবে না, এটা ঠিক করতে হবে। তা না হলে সামগ্রিক এভ্যালুয়েশন হয় না। অনেক ইনসিগনিফিক্যান্ট আইটেম যা আমাদের এখানে সম্ভব নয়, সেগুলোকে ধরে এটা করা হয়েছে।

## Starred Questions

### (to which written answers were laid on the Table)

### রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিধানসভার বিল

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬০) **শ্রী আবুল বাসার :** ১লা জুন, ১৯৯২ তারিখে *৮৮৪ (অনুমোদিত প্রশ্ন নং *৭১৯)-এর উত্তর উল্লেখে আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্য বিধানসভা কর্তৃক গৃহীত এবং রাষ্ট্রপতির সম্মতির জন্য প্রেরিত কোন কোন বিলে ৩১শে জানুয়ারি, ১৯৯৩ পর্যন্ত রাষ্ট্রপতির সম্মতি পাওয়া যায় নি?

**আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

রাজ্য বিধানসভা কর্তৃক গৃহীত এবং রাষ্ট্রপতির সম্মতির জন্য প্রেরিত নিম্নলিখিত বিলগুলিতে ইং ৩১. ১. ১৯৯৩ পর্যন্ত রাষ্ট্রপতির সম্মতি পাওয়া যায় নি :—

| Sl. No. | Short Title | Bill No. | Date of Passing |
|---|---|---|---|
| 1. | The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1981. | 37 of 1981 | 10.9.81 |

| | | | |
|---|---|---|---|
| 2. | The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1984. | 27 of 1984 | 23.4.84 |
| 3. | The Calcutta University (Amendment) Bill, 1984. | 9 of 1984 | 29.3.84 |
| 4. | The West Bengal Housing Board (Amendment) Bill, 1986 | 24 of 1986 | 17.9.86 |
| 5. | The Limitation (West Bengal Amendment) Bill, 1986. | 26 of 1986 | 17.9,86 |
| 6. | The Siliguri Municipal Corporation Bill, 1989. | 28 of 1989 | 12.5.90 |
| 7. | The Asansol Municipal Corporation Bill, 1989. | 29 of 1989 | 12.5.90 |
| 8. | The Chandernagore Municipal Corporation Bill, 1989. | 30 of 1989 | 12.5.90 |
| 9. | The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1992. | 6 of 1992 | 25.6.92 |
| 10. | The West Bengal Correctional Services Bill, 1992. | 7 of 1992 | 3.6.92 |
| 11. | The West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) (Amedndment) Bill, 1992. | 12 of 1992 | 3.4.92 |
| 12. | The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College & Hospital (Taking over of Management and Subsequent acquisition) (Amendment) Bill, 1992. | 22 of 1992 | 23.6.92 |
| 13. | The Limitaion (West Bengal Amendment) Bill, 1992. | 24 of 1992 | 25.6.92 |
| 14. | The West Bengal Clinical Establishments (Amendment) Bill, 1992. | 23 of 1992 | 23.6.92 |
| 15. | The Midnapore Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquistion) (Amendment) Bill, 1992. | 25 of 1992 | 23.6.92 |

| | | | |
|---|---|---|---|
| 16. | The Calcutta Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquistion) (Amendment) Bill, 1992. | 28 of 1992 | 23.6.92 |
| 17. | The D. N. De Homoeopathic Medical College and Hospital (Taking over of Management) and Subsequent Acquisition) (Amendment) Bill, 1992. | 29 of 1992 | 23.6.92 |
| 18. | The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1992. | 32 of 1992 | 30.11.92 |
| 19. | The India Belting and Cotton Mills Limited (Acquistion and Transfer of Undertakings) Bill, 1992. | 34 of 1992 | 4.12.92 |

**বিদ্যুৎ পর্ষদের নিকট কোল ইণ্ডিয়ার প্রাপ্য**

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত পশ্চিমবঙ্গ রাজ্যে বিদ্যুৎ পর্ষদের কাছে কোল ইণ্ডিয়ার প্রাপ্য টাকার পরিমাণ কত ; এবং

(খ) গত তিন বছরে টাকা বাকি থাকার জন্য কোল ইণ্ডিয়া কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে কয়লা সরবরাহ বন্ধ করে দেওয়ার কোনও ঘটনা ঘটেছিল কি ; এবং

(গ) ঘটলে, কবে নাগাদ ঐ ঘটনা ঘটেছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | | কোটি টাকা |
|---|---|---|
| (ক) | ই. সি. এল. | ৯৭.১২ |
| | বি. সি. সি. এল. | ৬.৪১ |
| | মোট | ১০৩.৫৩ |

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

### লোক আদালত

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০) **শ্রী আবু আয়েস মণ্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে (৩১শে জানুয়ারি, ১৯৯৩ পর্যন্ত) কতগুলি লোক আদালত অনুষ্ঠিত হয়েছে ; এবং

(খ) এর ফলে মোট কতজন লোক আর্থিক সাহায্য পেয়েছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) একটি।

(খ) ৬৬ জন।

### German Assistance for Bakreswar Project

*34. (Admitted question No. 303) **Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has received any offer from a German Firm to bring in Credit for the Bakreswar Thermal Power Project ; and

(b) if, so,

(i) the details thereof; and

(ii) the contemplation of the Staté Government in this regard?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, জার্মান সংস্থা M/S. KAB এবং HAUSLAGE-এর কাছ থেকে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প রূপায়ণের জন্য একটি প্রস্তাব মেসার্স এ. বি. এল.-এর মাধ্যমে পাওয়া গিয়েছে।

(খ) (১) বক্রেশ্বরে দুইটি ২১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন টার্বো জেনারেটর এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি সরবরাহের ব্যাপারে এই প্রস্তাব প্রযোজ্য।

(২) প্রস্তাবটি বিশদভাবে খতিয়ে দেখা হচ্ছে।

### হাইকোর্টে বিচারকের শূন্য পদ

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২) **শ্রী তপন হোড় :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, '৯৩ তারিখে কলকাতা হাইকোর্ট কজন বিচারকের পদ শূন্য আছে ; এবং

(খ) এই শূন্য পদ পূরণে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৪ জন।

(খ) এ ব্যাপারে রাজ্য সরকারের কিছু করণীয় নেই।

## Additional Land for Tea Plantation

*36. (Admitted question No. 692) **Shri Sobhandeb Chattopadhyay and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Land Revenue Department be pleased to state—

(a) whether the State Government has received request(s) from entrepreneurs for allotment of additional land for extending plantation area of Tea in Terai and its adjoining areas in North Bengal ;

(b) if so,

(i) the brief details of such request ; and

(ii) the contemplation of the State Government in the matter?

**Minister-in-charge of the Land and Land Reforms Department :**

Upto 11-12-92, 112 request for extension of tea plantations were received by the District Magistrate, Jalpaiguri from managements of existing tea gardens and for new tea plantations including individual entrepreneurs. Similar requests have also been received from districts for Darjeeling and Uttar Dinajpur.

These requests include those for extension of existing tea garden as well as for plantation in new areas. The proposals also include both tea garden land resumed under section 6(3) of the West Bengal Estates Acquisition Act as well as other lands. All these petitions are being processed.

(ii) Government Orders are being passed on individual cases on merits as per guidelines framed for this purpose.

### সাঁওতালডি পাওয়ার স্টেশন

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৪) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাঁওতালডি পাওয়ার স্টেশনে কয়টি ইউনিট বর্তমানে চালু আছে ; এবং

(খ) এ ইউনিটিগুলিতে কত পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হচ্ছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তিনটি ইউনিট চালু আছে, ১, ৩ এবং ৪ নং ইউনিট।

(খ) গড়ে প্রতিদিন ২৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে।

### Gas Turbines

*38. (Admitted question No. *308) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the performance of the gas turbines (set up at Calcutta, Haldia and Siliguri), during the last two years; and

(b) whether there is any proposal to set up a 300 MW Combined Cycle Gas Turbine Station in North Bengal ?

**শ্রী বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গত দুই বৎসর অর্থাৎ ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২-তে কলকাতা হলদিয়া এবং শিলিগুড়িতে অবস্থিত গ্যাস টারবাইনগুলি নিম্নোক্ত পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করেছে ঃ—

**১৯৯০-৯১**

| | | |
|---|---|---|
| কলকাতা (কসবা) | ১২.৭৩৮ | মিলিয়ন ইউনিট |
| হলদিয়া | ৯.৪৫৭ | ,, |
| শিলিগুড়ি | ১.৩৬২ | ,, |

**১৯৯১-৯২**

| | | |
|---|---|---|
| কলকাতা (কসবা) | ২৫.২৪৮ | মিলিয়ন ইউনিট |
| হলদিয়া | ৫.৭২১ | ,, |
| শিলিগুড়ি | ৬ | ,, |

(খ) হ্যাঁ। এ বিষয়ে একটি প্রস্তাব সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রীর কাছে পাঠানো হয়েছে।

### হুগলি জেলার বালিখাদ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬০০) শ্রী শিবপ্রসাদ মালিক ঃ ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী হুগলি জেলায় কতগুলি বালিখাদ আছে ; এবং

(খ) উক্ত বালিখাদে মোট জমির পরিমাণ কত?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অনুমোদিত ৩৭টি।

(খ) ২৮৪.৬০ একর।

### Financial assistance from Power Finance Corporation

*40 (Admitted question No. *344) **Shri Sibdas Mukherji and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

the amount of financial assistance so far sought/obtained by the West Bengal State Electricity from the Power Finance Corporation for modernizing power plants and machineries and improving Urban Power Distribution network ?

**শ্রী বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| বছর | পি. এফ. সি. থেকে কি পরিমাণ আর্থিক সাহায্য চাওয়া হয়েছিল (টাকা) | পি. এফ. সি. অনুদান (টাকা) |
|---|---|---|
| ১৯৮৮-৮৯ | ২,২৭১১,০০০.০০ | ৬৭,১৯,০০০.০০ |
| ১৯৮৯-৯০ | ৮,৮৫,১৬,৪০০.০০ | ৭,৫৬,০২,১৭৬.০০ |
| ১৯৯০-৯১ | ১১,১১,৮৫,০০০.০০ | ১১,১৫,৮৫,১৪৩.০০ |
| ১৯৯১-৯২ | ১১,৬২,৩৪,০০০.০০ | ১০,৫৫,৫১,৮৪৫.০০ |
| | ৩৩,৮৬.৪৬,৪০০.০০ | ২৯,৯৪,৫৮,১৬৪.০০ |

| | টাকা |
|---|---|
| নবীকরণ এবং আধুনিকাকরণ খাতে | ১০,২৩,৩২,৯৯৯.০০ |
| সিস্টেম ইমপ্রুভমেন্ট খাতে | ১৯,৭৪;২৫,১৬৫.০০ |

### বিশ্বব্যাঙ্কের সাহায্য ফিশারি ও হ্যাচারিতে

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৭) শ্রী সুভাষ নস্কর ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্ক-এর আর্থিক সহায়তায় রাজ্যে কোথায় কোথায় মৎস্যচাষের ফিশারি এবং হ্যাচারি তৈরি হচ্ছে; এবং

(খ) ফিশারি এবং হ্যাচারিগুলি তৈরি হওয়ার পরে উহা মৎস্যজীবী সমিতিকে হস্তান্তর করার বা সরকারের নিজ দায়িত্বে পরিচালনা করা ব্যাপারে কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ঐ সংক্রান্ত একটি বিবরণী উপস্থাপিত হইল।

(খ) বিলগুলির ক্ষেত্রে মৎস্য চাষের দায়িত্ব নির্ধারিত মৎস্যজীবী সমিতিগুলির উপর দেওয়া হবে। চিংড়ি চাষের ক্ষেত্রে ৭০ শতাংশ এলাকা দরিদ্র মৎস্যজীবীদের মধ্যে সমিতির মাধ্যমে চাষের জন্য হস্তান্তর করা হবে এবং অবশিষ্ট ৩০ শতাংশ জমি যথাযথ উদ্যোগকারিদের বন্টন করা হবে। তবে উভয় ক্ষেত্রেই জমির মালিকানা রাজ্য মৎস্য দপ্তরের নিকট থাকবে।

**Statement reffered to in reply to Clause 'Ka' of Starred Question No. *41**

তারকা চিহ্নিত ৯০৭ নং প্রশ্নের 'ক' অংশের উল্লিখিত বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় রাজ্যের বিভিন্ন স্থানে প্রস্তাবিত ফিসারি ও হ্যাচারির তালিকা ঃ—

বিল ফিশারি

| | |
|---|---|
| ১। দেকল<br>২। কল | হুগলি জেলা |
| ৩। পলদা<br>৪। বালুকা<br>৫। ছাড়ি গঙ্গা<br>৬। বারোবিল | নদীয়া জেলা |
| ৭। বালুন<br>৮। ভান্ডারদহ | মুর্শিদাবাদ জেলা |
| ৯। গড়াইনদীর চড়া<br>১০। ঘোড়াডোবা বিল | কোচবিহার জেলা |
| ১১। গেট্রেপোল<br>১২। সিন্দ্রলি | |

১৩। আকাইপুর
১৪। কুন্ড্রীপুর
১৫। গোপালনগর
১৬। আঙ্গাইল
১৭। বেরাবারি

} উত্তর ২৪ পরগনা জেলা

**নোনা জলে চিংড়ি চাষের হ্যাচারি**

১। দিঘা, ২। দাদনপাত্রবাড়, ৩। নয়াচর, ৪। ক্যানিং এবং ৫। দিঘির পাড়।

ঐ ছাড়া চিংড়ি বীজ উৎপাদনের জন্য দিঘার উপকূলবর্তী এলাকায় হ্যাচারি স্থাপনের প্রকল্প গৃহীত হয়েছে।

**আগামী দিনে অতিরিক্ত বিদ্যুৎ**

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৬) **শ্রী সুব্রত মুখার্জি** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আগামী কয়েক বছরের মধ্যে পশ্চিমবঙ্গে অতিরিক্ত বিদ্যুৎ নিয়ে সমস্যা দেখা দিতে পারে ; এবং

(খ) বর্তমানে এই রাজ্যে (১) বিদ্যুতের চাহিদা কত ; (২) কত পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হচ্ছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

(ক) ইহা সত্য নহে।

(খ)

(১) বর্তমানে এই রাজ্যে বিদ্যুতের সর্বোচ্চ (পিক ডিম্যান্ড) অনিয়ন্ত্রিত চাহিদা গড়ে ২,২০০ মেগাওয়াট দামোদর উপত্যকা বাদে।

(২) এই রাজ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ, (পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগম, দুর্গাপুর প্রোজেক্ট ও সি. ই. এস. সি.-র গড় উৎপাদন ১,৯০০ মেগাওয়াটের মতো।

**দক্ষিণ দিনাজপুর জেলার তপন দিঘির সংস্কার ও উন্নয়ন**

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮১) **শ্রী খারা সরেন** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ দিনাজপুর জেলার তপন থানায় তপন দিঘির সংস্কার ও উন্নয়নের জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে ;

(খ) সত্যি হলে, মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) কবে নাগাদ ঐ প্রকল্পের কাজ শুরু করা হবে বলে আশা করা যায়?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

*43 Heldover

### গ্রামীণ বৈদ্যুতিকরণ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭২) শ্রী সুশান্ত ঘোষ ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে (৩১শে জানুয়ারি '৯৩ পর্যন্ত) সারা রাজ্যের মোট কতগুলি মৌজাতে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে মেদিনীপুর জেলার মৌজার সংখ্যা কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বৎসরে ৩১শে জানুয়ারি, '৯৩ পর্যন্ত সারা রাজ্যে ২৮৫টি মৌজাতে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে।

(খ) তন্মধ্যে মেদিনীপুর জেলায় ১৫৭টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে।

### ব্যাণ্ডেল ও সাঁওতালডিহি বিদ্যুৎ কেন্দ্রের নবীকরণ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪০) শ্রী ব্রজগোপাল নিয়োগি ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যাণ্ডেল ও সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্রের নবীকরণ ও আধুনিকীকরণ প্রকল্প প্রথম পর্যায়ে কবে শেষ হয়েছে ও কত টাকা ব্যয় হয়েছে ;

(খ) উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের কাজ কবে শুরু হয়েছে ও কবে শেষ হবে এবং কত টাকা খরচ হবে ; এবং

(গ) ব্যান্ডেল ও সাঁওতালডিহি তাপবিদ্যুৎ কেন্দ্রে নবীকরণ ও আধুনিকিকরণের ফলে বিদ্যুৎ উৎপাদন কত পরিমাণ বাড়বে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ব্যান্ডেল ও সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্রের নবীকরণ ও আধুনিকীকরণ প্রথম পর্যায়ে ফেব্রুয়ারি ১৯৯৩ শেষ হয়েছে।

ব্যান্ডেল ১,৬৫০ লক্ষ টাকা এবং সাঁওতালডিহি তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য ১৭৫৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(খ) দ্বিতীয় পর্যায়ে সাঁওতালডিহির কাজ পাওয়ার ফাইনান্স কর্পোরেশনের কাছ থেকে প্রয়োজনীয় ঋণ অনুমোদন হলে শুরু হবে। ইতিমধ্যে পর্ষদের নিজস্ব আয় থেকে কিছু কিছু কাজ করা হচ্ছে। এজন্য মোট ৬৫ কোটি টাকা খরচ হবে বলে মনে করা হচ্ছে।

দ্বিতীয় পর্যায়ের ব্যান্ডেলের সংশোধিত স্কীম কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা পাওয়ার ফাইনান্স কর্পোরেশনের কাছে অনুমোদন এবং অর্থের জন্য এ বছরের জুন মাসের মধ্যে পাঠানো হবে। এরজন্য মোট খরচ ধরা হয়েছে ২০০ কোটি টাকা।

(গ) নবীকরণ ও আধুনিকিকরণের পরে ব্যান্ডেলের পি. এল. এফ. ৬০.।. এবং সাঁওতালডিহির পি. এল. এফ. ৫০.।. হবে বলে আশা করা যাচ্ছে।

*49. Heldover

## বিদ্যুৎ চুরি

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৮) ডাঃ দীপক চন্দ ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

রাজ্য বিদ্যুৎ পর্ষদ লাইন 'ট্যাপ' করে বিদ্যুৎ চুরি রুখতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্য বিদ্যুৎ পর্ষদ 'লাইন' ট্যাপ করে বিদ্যুৎ চুরির রুখতে বিভিন্ন ব্যবস্থা নিয়েছে ঃ যেমন—

(ক) প্রতিটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসের ভারপ্রাপ্ত আধিকারিকদের এ ব্যাপারে শতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। বিদ্যুৎ চুরির কোনও ঘটনা নজরে এলে তৎক্ষণাৎ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে, সহায়ক যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম বাজেয়াপ্ত করার এবং সঙ্গে সঙ্গে থানায় আইন অনুযায়ী অভিযোগ লিপিবদ্ধ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) এ ব্যাপারে উক্ত আধিকারিকদের পঞ্চায়েত, জেলা পরিষদ ও স্থানীয় জনসাধারণ, এবং থানার সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রেখে চলার জন্য বলা হয়েছে।

(গ) যে কোনও সংবাদের ভিত্তিতে পর্ষদের কেন্দ্রীয় তদারকি বাহিনী (সেন্ট্রাল ভিজিলেন্স কোয়ার্ড) কর্তৃক বিভিন্ন এলাকায় বিনা নোটিশে অনুসন্ধান করে অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারিদের বিরুদ্ধে আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করার ব্যবস্থা আছে।

(ঘ) পর্ষদের সদর দপ্তর থেকেও এ ব্যাপারে জেলা কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে চলা হয় এবং প্রয়োজন অনুসারে তাদের সহায়তা নেওয়া হয়।

(ঙ) বিদ্যুৎ চুরির বিরুদ্ধে পর্ষদের পক্ষ থেকে এর বিপদ সম্পর্কে জনসাধারণকে সতর্ক করে মাঝে মাঝে প্রচার অভিযান চালানো হয়ে থাকে।

**মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র**

***৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭১) শ্রী গৌতম রায়চৌধুরি : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

**সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী মেজিয়া তাপবিদ্যুৎ প্রকল্পের অগ্রগতি কিরূপ?**

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ডি. ভি. সি. থেকে প্রাপ্য তথ্য অনুযায়ী প্রকল্পটির অগ্রগতি নিম্নরূপ :—

(১) বাস্তব অগ্রগতি :—

| | |
|---|---|
| প্রথম ইউনিট : | ৩৫% (প্রায়) |
| দ্বিতীয় ইউনিট : | ২৪% ” |
| তৃতীয় ইউনিট : | ১৮% ” |
| সার্বিক অগ্রগতি : | ২৬% |

(২) খরচের হিসাবে আর্থিক অগ্রগতি :

| | | |
|---|---|---|
| (ক) মার্চ ১৯৯২ পর্যন্ত | ৪৫০.৫৩ | কোটি টাকা (প্রায় ৩৫%) |
| (খ) এপ্রিল, '৯২ থেকে জানুয়ারি '৯৩ পর্যন্ত | ১০৯.৫৭ | কোটি টাকা |

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have receivd one notice of Adjournment Motion from Shri Saugata Roy on the subject of reported attack on the President of Howrah District Yuba Congress near Bator Mor in Howrah by some anti-socials yesterday.

The subject matter of the motion does not call for adjournment of the business of the House. Moreover the members may draw the attention of the Minister concerned through Question, Calling Attention, Mention, etc.

I therefore, withhold my consent to the motion. The member may, however, read out the text of the motion as amended.

**শ্রী সৌগত রায় :** স্যার, গতকাল একটা খুব সিরিয়াস ঘটনা ঘটেছে। মানুষ দিনের বেলা আহত হচ্ছে, আক্রান্ত হচ্ছে। এইজন্য আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, this

Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely : The attack on the President, Howrah District Youth near Bator Mor in Howrah, yesterday by some anti-socials. He has seriously injured and under treatment at S. S. K. M. Hospital. A bondh was observed in Howrah yesterday and a demonstration is to be held before D. M's office to-day. The culprits have got to be arrested.

স্যার, আমি এই হাউসে দাবি করছি যে ৪৮ ঘণ্টার মধ্যে এইসব কালপ্রিটদের গ্রেপ্তার করতে হবে। যদি গ্রেপ্তার না করা হয় তাহলে কঠিন আন্দোলন গড়ে তুলব। এটা যে পার্টির হোক, তাদের অ্যারেস্ট করতে হবে।

(গোলমাল)

## Calling Attention

**Mr. Speaker :** I have received 5 notices of Calling Attention, namely :

| | | |
|---|---|---|
| 1. Alleged murder of a youth leader of the major ruling party in Shaktinagar, Krishnanagar, Nadia on 11. 3. 1993 | : | Shri Saugata Roy |
| 2. Reported out-break of Gastro-enterities and Cholera in Moina Block of Midnapur district | : | Shri Manik Bhowmik |
| 3. Alleged deplorable condition of Tamluk Sub-divisional Hospital of Midnapur district | : | Shri Manik Bhowmik |
| 4. Alleged deplorable condition of Sabong Primary Health Centre of Midnapur district | : | Dr. Manas Bhunia |
| 5. Non-renewal of lease of 55 high plots at Western Duars under the Jalpaiguri Zilla Parishad | : | Shri Nirmal Das |

I have selected the notice of Shri Saugata Roy on the subject of Alleged murder of a youth leader of the major ruling party in Shaktinagar, Krishnagar, Nadia on 11. 3. 93.

The Minister in charge may please make a statement to-day if possible or give a date.

**Shri Probodh Sinha :** The Statement will be given on the 19th instant.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I request the Minister-in-charge of Irrigation and Waterways Department to make statement on the subject of alleged non-availability of Irrigation facility to the 'Boro cultivation' in Moina Block of Midnapore District.

(Attention Called by Shri Manik Bhowmick on 2.3.93

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

ময়না ব্লক কংসাবতী সেচ এলাকার বাইরে। এক্ষণে কংসাবতী নদী দিয়া প্রতিদিন ১,০০০ একর ফুট পরিমাণে জল ছাড়া হইতেছে। মেদিনীপুরে বোরো চাষে ব্যবহৃত হইবার জন্য। সেই জল পশ্চিম মেদিনীপুর ভুক্তি বিভিন্ন এলাকায় চাষের কাজে সরবরাহ করিতেছেন। বর্তমানে কংসাবতী জলাধারে মোট ১,২০,০০০ একর ফুট জল আছে, তাহার মধ্যে কংসাবতী সেচ লোকায় রবি চাষের জন্য আগামী ৮ই মার্চ তারিখ পর্যন্ত প্রায় ৫২,৫০০ একর ফুট জল লাগিবে এবং আনুমানিক ৬০,০০০ একর ফুট জল ব্যবহার যোগ্য নয়। অতএব দেখা যাইতেছে যে মাত্র ৭,৫০০ একর ফুট উদ্বৃত্ত জল নদী মারফৎ পাঠানো যাইতে পারে যদি সেচ ও কৃষি উপসমিতি অনুমোদন করেন। ইহা ছাড়া দীর্ঘ ৮০। ৯০ কি. মি. দূরত্বে নদী ও খাল মারফৎ সামান্য পরিমাণ জল পাঠানোও প্রায় অসাধ্য। মেদিনীপুর জেলার জন্য বরাদ্দ ৮০,০০০ একর ফুট জলের মধ্যে ৪৫,০০০ একর ফুট জল দেওয়া হইয়াছে বাকি জলও দেওয়া হবে পশ্চিম মেদিনীপুর ভুক্তির চাহিদা অনুযায়ী।

**Mr. Speaker :** Now, I request the Minister-in-Charge, Irrigation and Waterways Department to make a statement on the Subarnarekha Barrage Project (Attention called by Shri Lakshman Chandra Seth and Dr. Manas Bhunia on 4. 3. 93).

**Shri Debabrata Bandyopadhyay :** Mr. Speaker, Sir, I am presenting before this House the following statement on the Calling Attention Notice given by Shri Lakshman Seth, M. L. A. and Dr. Manas Bhunia, M. L. A.

The Subarnarekha Barrage Project was considered to be acceptable by the Planning Commission in its 38th meeting of the Advisory Committee on Irrigation, Flood control and Multipurpose Projects held on 27/01/1988. Planning Commission also directed the State Government to make a reference to the Department of Environment and seek their clearance before acceptance letter is issued by the Planning Commission.

Reference was made and clearance was sought for from the Department of Environment in April, 1988. During the past five years such clearance could not be obtained in spite of series of correspondences with Department of Environment during this intervening period. Last of such correspondence from the State to the Department of Environment was made on 9th January, 1993. The reply of the same from the Department of Environment is awaited.

After obtaining 'Go-ahead' order in the month of February, 1992 from the Irrigation & Waterways Department of State of West Bengal arrangement for starting the preliminary works of Subarnarekhas Project was made and accordingly two Divisions have been engaged for detail survey of the Project, arrangement for lands and construction of office building etc. There is a provision of Rs. 2.00 crores in the revised allotment of 1992-93 against which a sum of Rs. 28.50 lakh have been spent. There is practically no scope for spending the balance fund in this financial year as environment clearance of the Project is still awaited.

There is a provision of Rs. 5.50 crores in the approved Annual Plan of 1993-94. The amount would be inadequate as the environment clearance is expected any moment. Once the environment clearance is received such an important Project should start with top gear with adequate relase of fund for the same.

| | |
|---|---|
| Estimated Cost | Rs. 226.82 Crores |
| Main component | Construction of a 30-bay barrage across the river Subarnarekha at Bhosraghat (P. S. Keshiary) in dist. Midnapur including canal system of about 49 km length (main and branch) |
| Benefitted Area | 99848 Hectares (Kharif)<br>30776 Hectares (Rabi) |
| | Covering Blocks in Dist. Midnapur<br>(a) Danton I &II<br>(b) Potashpur<br>(c) Egra I & II<br>(d) Narayangarh<br>(e) Bhagwanpur-I<br>(f) Contai-I<br>(g) Mohanpur |

**Processing for Environmental Clearance**

i) Report on Ecological Aspects of the Project submitted in April, 1988;

ii) Again submitted with Reply Note in June, 1988. Further modifications suggested by Environmental Appraisal Committee, Government of India on 21/09/1988.

iii) Again by incorporating modifications the modified report submitted in May, 1990. The report sent back for further modification by Ministry of Environment & Forests, Government on India in August, 1990.

iv) On receipt of vetted catchment area treatment plan map from Ministry of Environment & Forests only in July 19.2, the re-modified report (the fourth in the series) has been sent and received by the same Ministry on 12th January, 1993.

There has been neither any observation nor any clearance from the Ministry of Environment till now.

## RESOLUTION UNDER RULE 169

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to move the resolution under Rule 169 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

This House views with serious alarm the recent series of explosions in Bombay causing heavy loss of lives and extensive damage to property and also sees in this heinous act an attempt to destabilize the country and calls upon the people of India at large and West Bengal in particular to be alert and further co-ordinate their efforts against this heinous attempt to destabilize the country and to disturb the peace and progress of the country.

This House also calls upon the Government of India through the State Government to take appropriate steps to trace out the culprits and forces involved in this heinous crime so that the confidence of the people is restored and security and integrity of our country is guaranteed.

This House also expresses its deep sympathy with the families of the bereaved and with those that have been injured in this explosions.

[12-10 — 12-20 p.m.]

মিঃ স্পিকার স্যার, আপনি জানেন বোম্বেতে একদিনে প্রায় ১৩টি জায়গায় যে ধরনের এক্সপ্লোশন হয়েছে অর্ডিনারি নয়, ভারতবর্ষে এই ধরনের জিনিস যে হচ্ছে আর. ডি এক্স যেটা বলা হচ্ছে এই রকম নানা ধরনের এই কার বোম্ব ব্যবহার করে কোনও জায়গায় গ্রেনেড ব্যবহার করে, কোনও জায়গায় অন্য জিনিস ব্যবহার করেছে, এই ভাবে তারা ভীষণ ক্ষতি করছে। ইতিমধ্যে দেখা গিয়েছে ২৯৯ জন-এর ডেথ হয়েছে, আবার অনেকের মৃত্যু হয়েছে সেইগুলি ক্রমশ হয়ত বেরুবে। তাছাড়া পুলিশ রিপোর্টে যা পাওয়া গিয়েছে তাতে দেখা যাচ্ছে সমস্ত দিক থেকেই এইটা ক্ষতিকারক এবং যে জায়গাগুলিকে বেছে নেওয়া হয়েছে এটা ভয়ঙ্করভাবে ড্যামেজ করার জন্যই এটা তারা করেছে। এখনও পর্যন্ত যা দেখা যাচ্ছে তারা সঠিক ভাবে করতে পারেনি। সেইজন্য হাউসের তরফ থেকে বিশেষ কোনও দলকে পরিষ্কারভাবে চিহ্নিত করা উচিত নয়। কিন্তু যেই করে থাকুক তারা যে একটা বিরাট উদ্দেশ্য নিয়ে করেছে এটা সমস্ত দেশের পক্ষে একটা ভয়ানক দিক। এর আগে আপনারা দেখেছেন নিউ ইয়র্কে সেখানকার যে বড় হাউস সেখানে তারা নিচের তলার দিকে এই রকম ঘটনা ঘটিয়েছিল আর বার্লিনেও এই রকম ঘটনা ঘটেছিল। আর একদিনে এতগুলি জায়গায় এই রকম ঘটনা আর কোথাও হয়নি। এটা একটা ভয়ানক ইঙ্গিত এবং সেই ইঙ্গিতটা আমরা পরিষ্কারভাবে অনুভব করছি এটা ব্যক্ত করা উচিত। সেইজন্য এর প্রতিবাদ জানানো বা নিন্দা করার কোনও ভাষা নেই। এই ধরনের ঘটনার মাধ্যমে মানুষ এত ভীষণ ক্ষতিকারক জিনিস ঘটাতে পারে এটা একটা ভয়ঙ্কর ভাবে ভয়ানক ভাবে উদ্বেগের জিনিস হয়েছে। সেইজন্য এটা শুধুমাত্র প্রতিবাদ করলেই হবে না এর মূল যে সূত্র সেটাকে খুঁজে বার করতে হবে। এবং তার বিরুদ্ধে যাতে দেশের সর্বত্র মানুষকে সজাগ সচেতন করে এটার প্রতিবাদ করা যায় এবং সরকারের তরফ থেকেও সমস্ত ব্যবস্থাগুলি নেওয়া যায় তার জন্য আমাদের চিন্তা করতে হবে। আজকে শোনা গেল তারা ইন্টারপোলের কাছ থেকে সাহায্যে নিচ্ছেন এবং তারা খুব দ্রুত সত্বর ব্যবস্থা নিচ্ছেন যাতে এর কোনও পুনরাবৃত্তি আর কোথাও না ঘটতে পারে তার সুনিশ্চিত ব্যবস্থা করা দরকার। যে শক্তি এই জিনিসগুলি করছেন তারা যদি আমাদের দেশের অভ্যন্তরের কারো সাহায্য পেয়ে থাকে তাহলে পরে তাদের আমরা চিহ্নিত করে যাতে সমাজ জীবন থেকে এই ধরনের জিনিসকে সম্পূর্ণভাবে নির্মূল করতে পারে তার জন্য আমাদের উদ্যোগ নিতে হবে। আমি বেশি কথা না বলে শুধু এটুকু বলতে চাই, এখানে বলাও আছে, আমাদের এই হাউস থেকে ২৯৯ জন মানুষ মারা গিয়েছেন এবং অসংখ্য মানুষ প্রায় হাজারের উপর ভীষণভাবে আহত হয়েছেন, অনেকে মারাও যেতে পারেন তাদের প্রতি আমাদের আন্তরিক সমবেদনা জানাই এবং তাদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আমি এই প্রস্তাব রাখছি। আশাকরি সকলে এই ব্যাপারটি নিয়ে সমর্থন করবেন এবং এখান থেকে আমরা একমত হয়ে এই প্রস্তাব আমরা করতে পারি, প্রস্তাব পাঠাতে পারি। আমরা সকলের স্বার্থ দেখে নিয়ে আমরা এটাকে ড্রাফট করেছি, এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমে আপনাকে এবং ট্রেজারি বেঞ্চকে ধন্যবাদ জানাচ্ছি যে এই রকম জাতীয় গুরুতর ঘটনায় আমরা একমত হতে পেরেছি

এবং আপনি সুযোগ করে দিয়েছেন ১৬৯ ধারায় এই বোম্বের ঘটনার উপর প্রস্তাব গ্রহণ করার জন্য।

আমরা আউরাইট এই ঘটনার তীব্র নিন্দা করি। আমরা অনুরোধ করি যদি প্রয়োজন হয়—প্রয়োজন তো নিশ্চয় আছে—ন্যাশনাল ইন্টিগ্রেশন কাউন্সিলের মিটিং করে, দেশব্যাপী যে আতঙ্ক সূচিত হয়েছে এই আতঙ্ক দূর করার চেষ্টা করা উচিত। অনেক সংবাদপত্র এবং সংস্থা এগিয়ে এসেছে আমাদের সিকিউরিটি এবং আমাদের ইন্টেলিজেন্সির উপর কটাক্ষ করার জন্য। আমরা মনে করি এই কুৎসিত ঘটনায় দুর্যোগ ঘনিয়ে আসে জাতীয় জীবনে। কিন্তু ভারতবর্ষের ঐক্যের শক্তি এতবেশি প্রবল যে কোনও রকম এই ধরনের ঘটনা—এত ওয়েল প্লান্ড, এত ব্যয় বহুল ষড়যন্ত্র ভারতবর্ষের ঐক্যকে বিনষ্ট করতে পারবে না ; ভারতবর্ষের মনোবলকে চূর্ণ করতে পারবে না। মহারাষ্ট্রের পিপলদের প্রতি আমাদের সলিডারিটি জানাই, সারা দেশের কাছে আমাদের এই সভার কাছ থেকে আহ্বান জানাতে চাই to maintain our unity and internal Vigilance, to maintain our independence and freedom. আজকে একটা অপশক্তি এই কাজগুলো করছে। দূরভিসন্ধিমূলক কোনও শক্তি যেন এটাকে ঘুরিয়ে দিতে না পারে সেইজন্য কেন্দ্রীয় সরকারের বিভিন্ন এজেন্সি তাদের সর্তক হতে হবে। কারণ এখানে মতলববাজ কিছু ফোর্স আছে। আমি রাজ্য সরকারকে অনুরোধ করব এখানে আমাদের আরও ব্যাপক প্রচারের প্রয়োজন আছে। এই আতঙ্ক দূর করার জন্য। কলকাতা বা দিল্লিতে এই ধরনের ঘটনা ঘটানো অসম্ভব নয়। যে কোনও মেট্রোপলিটন সিটিতে, জনবহুল শহরে এই জাতীয় ঘটনা অসম্ভব বলে মনে হয় না। রাজ্য সরকারের যে এনফোর্সিং এজেন্সি আছে, সিমেন্টিং এজেন্সি আছে, ইন্টেলিজেন্স এজেন্সি আছে এগুলিকে একটু সতর্ক এবং তৎপর করে তুলনেব এবং ব্যাপক প্রচার করবে। আমরা কালকে শুনলাম মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী এবং সরকারের নেতা ঘোষণা করছেন বোম্বে হ্যাজ রিটান্ড টু ইটস নর্মালসি। পশ্চিমবাংলার তরফ থেকে,. আমাদের অ্যাসেম্বলির তরফ থেকে আমরা ঘোষণা করতে চাই, we extend our sympathies, and we share the sorrows of those people killed and injured. এবং এই সরকার এবং পিপলদের প্রতি আমরা সলিডারিটি জানাই এবং এই সরকারকে অনুরোধ করি এবং ভারত সরকারকে অনুরোধ করি জাতীয় এবং আন্তর্জাতিক যে ষড়যন্ত্রকারি শক্তিই এই ব্যাপারে জড়িত থাকুক না কেন তাদেরকে চিহ্নিত করে, জনসম্মুখে তাদের আইডেন্টিফাই করে তাদের উপযুক্ত পানিশমেন্টের ব্যবস্থা করতে হবে। রিউমার মঙ্গারিং যাতে না হয় তার ব্যবস্থা করতে হবে। আজকে এই দোষীদের চিহ্নিত করতে গিয়ে উইচ হান্টিং যেন না হয়। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারকে এই ব্যাপারে তৎপর হতে হবে। প্রকৃত দোষী ধরা পড়ুক শাস্তি পাক। স্পেকুলেশন অ্যান্ড সারমাইজ যেন না হয়। আমাদের পিস অ্যান্ড হারমোনি,·পিস অ্যান্ড প্রোগ্রেস যেন বজায় থাকে তা দেখতে হবে। আমরা অর্থনৈতিক সংস্কার করেছি, আমরা এগিয়ে যাচ্ছি। এগুলো ব্যহত করার যদি কোনও চক্রান্ত থাকে, ভারতের অভ্যন্তরীন শক্তি যদি সেই চেষ্টা করে তবে সেটা আমরা অতিক্রম করতে পারব। স্পিকার মহাশয় আপনাকে ধন্যবাদ এবং সরকারকে ধন্যবাদ গোটা ভারতবর্ষকে সতর্ক হবার আইন জানানোর জন্য। We should be in vigilance-internal Vigilance to subvert any disruptive forces.

আমি এই আশা করে, আপনাদের স্যার, ধন্যবাদ জানিয়ে, সরকারকে ধন্যবাদ জানিয়ে, ভারতবাসীর প্রতি শুভেচ্ছা জানিয়ে এবং যারা আজকে লাইফের সঙ্গে ফাইট করছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করে আমার কথা শেষ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরি মহাশয় এই মাত্র সভায় গত ১২ই মার্চ বম্বেতে যে বিস্ফোরণ ঘটেছে তার নিন্দা করে যে প্রস্তাব উত্থাপন করলেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমার প্রথম কথা হ'ল, গত ১২ই মার্চ বম্বেতে যে ঘটনা ঘটেছে তা কোনও বিক্ষিপ্ত বা বিচ্ছিন্ন ঘটনা নয়। স্যার, আমাদের দেশের স্থিতিশীলতাকে নষ্ট করার জন্য এবং বিপন্ন করার জন্য সাম্রাজ্যবাদী শক্তি যে লাগাতার চেষ্টা চালিয়ে যাচ্ছে আমি মনে করি বম্বের ১২ই মার্চের ঘটনা তারই অঙ্গ এবং দেশের স্থিতিশীলতাকে বিপন্ন করার জন্যই এই ধরনের মারাত্মক বিস্ফোরণ সেখানে ঘটানো হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় ইতিমধ্যেই বলেছেন যে এর ফলে ২৯৩ জনের প্রাণ নষ্ট হয়েছে এবং হাজার হাজার মানুষ তারা এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষছেন। স্যার, এর মাধ্যমে দেশের অর্থনৈতিক বিপন্ন করার চেষ্টা করা হয়েছে। স্যার, এটা লক্ষ্যণীয় যে আক্রমণের কেন্দ্রবিন্দু হচ্ছে স্টক এক্সচেঞ্জ, ইন্ডিয়ান এয়ারলাইন্স, ব্যাঙ্ক প্রভৃতি। সেখানে আমরা প্রত্যক্ষ করেছি যে, যাদের প্রাণনাশ হ'ল, যাদের জীবনদীপ নিভে গেল তাদের মধ্যে অনেকে এইসব সংস্থার কর্মী এবং তা ছাড়া অনেক সাধারণ মানুষও রয়েছেন। এমন কি সাংবাদিক, যাদের জীবনদীপ নিভে গিয়েছে তারাও তাদের মধ্যে আছেন। আজকে স্যার, গোটা দেশের মানুষের স্বার্থে পশ্চিমবঙ্গ বিধানসভায় যে প্রস্তাব এসেছে তাকে আমি স্বাগত জানাচ্ছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব আজকে এই সভায় এনেছেন আমরা চাই সকলে এক যোগে যাতে এই সভা থেকে সেই প্রস্তাব গ্রহণ করতে পারি এবং এই ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ ও ধিক্কার জানাতে পারি। স্যার, তবে পাশাপাশি একথাটাও বলতে চাই যে এই ঘটনার বিরুদ্ধে মানুষ যখন সোচ্চার হয়েছেন তখন কয়েকদিন আগে গত ৬ই ডিসেম্বরের পর প্রথমবার এবং জানুয়ারিতে আবার দ্বিতীয়বার বম্বেতে দাঙ্গা সংগঠিত করার ব্যাপারে যাদের মূল ভূমিকা ছিল সেই শিবসেনা দল, তাদের সম্পর্কে আরও কঠোর হওয়া দরকার এবং এই সুযোগে সেটা আমাদের বক্তব্যের মধ্যে রাখা দরকার। দেশের স্থিতিশীলতা, ঐক্য এবং সম্প্রীতি রক্ষার স্বার্থে মানুষকে সংগঠিত করার প্রয়াসের সঙ্গে সঙ্গে শত্রুকেও চিহ্নিত করা দরকার। সাম্রাজ্যবাদী শক্তি, বিচ্ছিন্নতাবাদী শক্তি, মৌলবাদী শক্তি এবং সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে মানুষকে ঐক্যবদ্ধ করে তাদের দৃষ্টি যদি এ দিকে নিবদ্ধ করা না যায় তাহলে কিন্তু এই প্রতিবাদ প্রতিবাদের আকারেই থাকবে, কাজেই সে দিকে বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া দরকার। আমি স্যার, আমার আলোচনাটা সেদিকে দৃষ্টি রেখেই করতে চাই। স্যার, আমরা জানি, ১২ তারিখের ঘটনার প্রতিবাদে সারা বিশ্বের মানুষ সোচ্চার হয়েছেন। এখানে কিন্তু আমরা লক্ষ্য করছি যে প্রচার মাধ্যমগুলি বিশেষ করে সরকারি প্রচার মাধ্যমগুলি যারা এই দেশকে বিপন্ন করার জন্য, দেশের ঐক্যকে বিপন্ন করার জন্য ৬ই ডিসেম্বরের ঘটনার জন্য মূলত দায়ী তাদের কথাই প্রচার করছে। বিশেষ করে বি. জে. পির ক্ষেত্রে আমরা এই জিনিস দেখছি। স্যার, বম্বের মানুষ যারা বিস্ফোরণে আহত হয়েছেন তাদের পাশে দাঁড়াবার জন্য গতকাল ডি. ওয়াই. এফ. আই. তরফ থেকে কলকাতার নন্দনে যে রক্তদান শিবির হয়েছিল এবং তাতে ১৭৫ জন রক্ত দান করেছিলেন ও সেমিনার হয়েছিল তার প্রচার কিন্তু আকাশবাণীতে নেই। কিন্তু যারা

দেশের মানুষকে বিভক্ত করার চেষ্টা করছেন তাদের কথা প্রচার করা হচ্ছে আকাশবাণীতে, দূরদর্শনে।

সেদিক থেকে আমার বক্তব্য হচ্ছে এই ভাবে আজকে যেমন এই প্রস্তাব আমরা গ্রহণ করছি এবং বম্বের বিস্ফোরণের প্রতি জানাচ্ছি তেমনি ভাবে ওখানকার মানুষরা যারা নিহত হলেন এবং যারা আক্রান্ত হলেন, তাদের প্রতি সমবেদনা জানিয়ে, তাদের প্রতি শোক জানিয়ে এবং কলকাতা থেকে একটা ধিক্কার সংগঠিত হোক এই অধিবেশন থেকে এই প্রস্তাব রাখছি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রবীণ মন্ত্রী বিনয়বাবু যে প্রস্তাব এনেছেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপোযোগী। ভারতবর্ষকে যারা খন্ড বিখন্ড করতে চায়, ভারতবর্ষের অর্থনৈতিক উন্নয়ন যারা স্তব্ধ করে দিতে চায়, দেশের মাটিতে এবং ভারতবর্ষের বাইরে, সেই শক্তি কতটা সক্রিয় হয়ে উঠেছে, ১২ই মার্চ বম্বে শহরের ঘটনা তার প্রমাণ। প্রধানমন্ত্রী নরসিমা রাও এর নেতৃত্বে একটা গভীর অর্থনৈতিক সংকটের মধ্যে তার দৃঢ় পদক্ষেপে, তার গৃহীত অর্থনৈতিক কর্মসূচি এবং গৃহীত বিভিন্ন সিদ্ধান্তে যখন এগিয়ে যাবার শপথ নিচ্ছেন, ভারতবর্ষ যখন তার সুযোগ্য নেতৃত্বে সমস্ত রকম বিভেদকামী শক্তি, প্রতিক্রিয়াশীল শক্তি, সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে মোকাবিলা করছেন, যখন তার নেতৃত্বে অর্থনৈতিক পুনর্গঠনের ক্ষেত্রে যুগান্তকারী কতকগুলো সিদ্ধান্ত এই কেন্দ্রীয় বাজেটে ঘোষিত হয়েছে, ঠিক সেই মুহূর্তে ভারতবর্ষের বাণিজ্য কেন্দ্র, ভারতবর্ষের বাণিজ্য নগরী, ভারতবর্ষের বাণিজ্যের প্রাণ কেন্দ্র বম্বেতে এই ধরনের বিস্ফোরণ আমাদের দিক নির্দেশ করে দেয় যে সেই শক্তি ভারতবর্ষকে আঘাত করতে চায়, যে শক্তি ভারতবর্ষকে অগ্রসর হতে দিতে চায় না। যে শক্তি ভারতবর্ষকে টুকরো টুকরো করতে চায়, খন্ড বিখন্ড করতে চায়, সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করতে চায়। এই ধরনের বিস্ফোরণ আগে কখনও ঘটেনি ভারতবর্ষের মাটিতে। যে সমস্ত তথ্য সংবাদপত্রে বেরোচ্ছে, যে সমস্ত ঘটনা আমাদের মাননীয় মন্ত্রী সংবাদপত্রের বিবৃতির মাধ্যমে বলেছেন, তা দেখে আমরা খুবই শঙ্কিত যে আমাদের দেশের পাশের রাষ্ট্র পাকিস্তানের একটা প্রচ্ছন্ন এবং প্রত্যক্ষ মদত রয়েছে এবং তার সঙ্গে যুক্ত রয়েছে আন্তর্জাতিক চক্রান্ত, নিশ্চিতভাবে সেই শক্তি সক্রিয় ভারতবর্ষের মাটিতে, যে শক্তি ভারতবর্ষ আজকে স্তব্ধ করে দিতে চায় প্রতিটি ক্ষেত্রে। আজকে এই ঘটনায় আমরা মর্মাহত, আমরা বেদনাহত, আমরা স্তম্ভিত। বাংলার এই পবিত্র বিধানসভা থেকে আপনার অনুমতি সাপেক্ষে আমরা এই প্রস্তাব গ্রহণ করতে চলেছি, এটাও যুগান্তকারি। আমরা দেশবাসীর কাছে আবেদন করব, এবং আমরা মহারাষ্ট্র সরকারের কাছে দৃষ্টি আকর্ষণ করে তাদের বলব যে এই মুহূর্তে, এই সংকটময় মুহূর্তে আজকে আমাদের যে পদক্ষেপ নেওয়া দরকার, তা আমরা নিচ্ছি, তার পাশে বাংলার মানুষের সমবেদনা, বাংলার মানুষের সহানুভূতি, বাংলার মানুষের সমর্থন তাদের পাশে আছে এবং থাকবে। আগামী দিনে এই ধরনের ঘটনাগুলোকে আজকে প্রতিভাত করার জন্য, চিহ্নিত করার জন্য প্রশাসনিক ক্ষেত্রে যে পদক্ষেপ নেওয়া দরকার তা আরও দৃঢ় ভাবে, আরও তীব্রতার সঙ্গে নেওয়া দরকার, সেই বিষয়ে আরও ক্ষীপ্র গতিতে যে সরকারকে সচেতন হতে হবে, পাশাপাশি রাজনৈতিক দলমত নির্বিশেষে আমাদের মানুষকে এক হয়ে বলতে হবে, সেই সাম্রাজ্যবাদী শক্তি, সেই বিভেদকামী শক্তি, সেই সাম্প্রদায়িক শক্তি, যারা আজকে সক্রিয়, দেশের মাটিতে থেকে এবং বিদেশের যারা গ্রাহক হিসাবে,

প্রতিনিধি হিসাবে চিহ্নিত হয়ে ভারতবর্ষকে ভাঙতে চাইছে, দলমত নির্বিশেষে সবাইকে সেই শক্তিকে চিহ্নিত করতে হবে, সেই সময় এসেছে। আজকে তাই অত্যন্ত সংকটজনক মুহূর্তে মহারাষ্ট্র সরকারের পাশে এবং মহারাষ্ট্রের সমস্ত স্তরের মানুষের পাশে বাংলার মানুষের এই সহানুভূতি, বাংলার মানুষের এই সমর্থন এবং আমাদের যদি কিছু করণীয় থাকে আমি সরকারকে আপনার মাধ্যমে অনুরোধ করব এবং আমরাও—একটা বিষয় আছে আজকে শেষে, আপনি যদি প্রস্তাব দেন, পশ্চিমবঙ্গ থেকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে, পশ্চিমবঙ্গের মানুষের পক্ষ থেকে, পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষের কাছ থেকে, পশ্চিমবাংলার মানুষের পক্ষ থেকে এবং রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে আমরা যদি এই বিপন্ন মানুষের পাশে দাঁড়িয়ে কিছু করার সুযোগ থাকে, সেই প্রস্তাব গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে দাবি জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

[12-30 — 2-40 p. m.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়াকে অনুরোধ করব, এটা বোধ হয় ঠিক হবে না এই মুহূর্তে আপনি যেভাবে স্পেসিফাই করেছেন পাকিস্তানের নামে। কারণ আপনি জানেন, কিছু কিছু সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় সংগঠনের পক্ষ থেকে সংখ্যালঘুর ঘাড়ে চাপিয়ে দিয়ে বিস্ফোরণ ঘটানোর জন্য ব্যবহার করা হচ্ছে এবং তারাই পাকিস্তানের নাম বলছে। যদি তদন্তে প্রমাণিত হয় পাকিস্তানই এই ঘটনার পিছনে তাহলে নিঃসন্দেহে আমরা বলবো। কিন্তু এইভাবে বললে আরলি স্টেজ হয়ে যাবে। এইভাবে পাকিস্তানের নাম স্পেসিফাই করলে এই ঘটনার জন্য দায়ী—তাহলে মূল উদ্দেশ্য স্ট্রেনদেন করবে না। আমি আপনার মাধ্যমে মানসবাবুর কাছে এই অনুরোধ রাখলাম।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখিত সব ব্যাপারে মানববাবু সাম্প্রদায়িকতার ভূত দেখছেন। মেডিক্যাল টার্মে একটা কথা আছে, প্রিকনসাস পিউবার্টি। ডাঃ আবেদিন এটা জানেন। উনি সব ব্যাপারে আগ বাড়িয়ে সাম্প্রদায়িকতাকে চিহ্নিত করে যদি ভূত দেখেন—সেটা ঠিক হচ্ছে না। এটা পরিষ্কার, ভারতবর্ষের যারা অগ্রগতি চায় না পাকিস্তান তারমধ্যে অন্যতম শত্রু, ভারতবর্ষের যারা অগ্রগতি চায় না মার্কিন সাম্রাজ্যবাদ অন্যতম শত্রু। আমি ইন্টারপোলের ডায়রেক্টর নই, আমি সি. বি. আইয়ের ডায়রেক্টর নই। আমি সংবাদপত্রে দেখেছি এবং প্রশাসনের পক্ষ থেকে যে সমস্ত কথাবার্তা হচ্ছে তাতে আমার মনে হয়েছে, আমার ধারণা হয়েছে, আমাদের পাশের রাষ্ট্র সারা পাঞ্জাবের খালিস্তানিদের মদত দিচ্ছে, যারা কাশ্মীরের উগ্রপন্থীদের মদত দিচ্ছে সেই রাষ্ট্র হচ্ছে পাকিস্তান। পাকিস্তান ভারতবর্ষকে আক্রমণ করতে চায় এবং তাদের মদত দিচ্ছে সাম্রাজ্যবাদ। নিশ্চিতভাবে তারা ভারতবর্ষের অগ্রগতি চায় না। তারা এই সুযোগটা নিচ্ছে। তারা বিভেদপন্থায় বিশ্বাসী, সাম্প্রদায়িকতাবাদে বিশ্বাসী, তারা ভারতবর্ষকে ভাঙতে চায়, টুকরো-টুকরো করতে চায়। তাদের চিহ্নিত করে প্রতিহত করতে হবে এবং ধিক্কার জানাতে হবে।

**মিঃ স্পিকার ঃ** আমি মাননীয় সদস্যদের এইটুকু বলতে চাই, একটা গুরুতর ঘটনা ঘটে গেছে, সিরিয়াস। আমাদের দেশের পক্ষে বিপদ। আমি এই হাউসের অল পার্টি কনসেনসাস নিয়ে ডিবেট করেছি। এই ডিবেট করছি দুটি কারণে, মহারাষ্ট্রে এত লোকজন মারা গেছে—

এটা বেদনাদায়ক ব্যাপার, ঘটনাটা খুবই সিরিয়াস। দেশের ন্যাশনাল ইনটিগ্রিটি, দেশের সিকিউরিটি অ্যাট রিস্ক। এখন তদন্ত চলছে। গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া ইনভেস্টিগেশন করছে, ইন্টারপোল করছে এবং অন্য এজেন্সিরাও করছে। এতে কারা ইনভলভ্, কারা ইনভলভ্ নয়—এখনও সঠিকভাবে খবর পাওয়া যাচ্ছে না। যখন ইনভেস্টিগেশন চলছে তখন আমাদের দিক থেকে, হাউসের দিক থেকে কখনো এইভাবে সিদ্ধান্তে আসা ঠিক নয়। আমি বলব, এইভাবে বলা ঠিক হবে না। ইনভেস্টিগেশন চলছে, তাদের রিপোর্ট মানুষের সামনে আসবে। কি হবে, না হবে তখন ঠিক হবে। আমরা মানুষের কাছে আবেদন করছি অ্যাপিল ফর্মে, যেহেতু ইনভেস্টিগেশন করতে পারছি না, আমাদের রিসোর্সের নেই, মিন্‌স নেই, কিন্তু অন্য এজেন্সি তো তদন্ত করছে এবং তারা কমপিটেন্ট, তাদের প্রতি আমাদের বিশ্বাস আছে, ভরসা আছে। আমি নিশ্চয়ই এটা বিশ্বাস করি, যারা এই ঘটনা ঘটিয়েছে তারা আমাদের দেশের শত্রু, দেশেরই হোক আর বিদেশেরই হোক, যাইহোক। এই ঘটনার পিছনে নিশ্চয়ই ভারতীয়রা ইনভলভ্ আছে। নানারকম সম্প্রদায়ের মানুষ থাকতে পারে। এই ঘটনায় যারা আহত হয়েছে, যারা মারা গেছে তাদের প্রতি দুঃখ এবং সমবেদনা জানাব এবং ভারত সরকারকে এই ব্যাপারে সতর্ক থাকার জন্য বলবো এবং যাতে ভালভাবে তদন্ত হয় এবং তদন্তের পর অপরাধীদের সনাক্ত করে যেন গ্রেপ্তার করা হয় আর কঠোর শাস্তি দেওয়া হয়।

ভবিষ্যতে যাতে আমাদের রাজ্য সতর্ক থাকে, যাতে দেশটা সতর্ক থাকে সে ব্যাপারে নাগরিকদের এবং আমাদের সবার দায়িত্ব রয়েছে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকারের পক্ষ থেকে শ্রদ্ধেয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় এবং বিরোধী পক্ষের নেতা ডাঃ জয়নাল আবেদিন এটাকে সমর্থন করেছেন। আজ সকালে আপনার চেম্বারে মোটামুটিভাবে এই প্রস্তাব নিয়ে আসবার সিদ্ধান্ত হয়েছে। আমাদের এই পশ্চিমবঙ্গ বিধানসভার ঐতিহ্য আছে যে, যখনই দেশে কোনও সঙ্কট এসেছে, বিপদ এসেছে, দেশের বাইরে থেকে কোনও সাম্রাজ্যবাদি শক্তির পক্ষ থেকে দেশের ঐক্য, সংহতি এবং অগ্রগতির বিরুদ্ধে যখন আক্রমণ এসেছে, আমরা মিলিতভাবে তার বিরুদ্ধে দাঁড়াতে পেরেছি। যেখানে একসঙ্গে ১৩টি জায়গায় বিস্ফোরণের ঘটনা ঘটেছে। একই ধরনের বিস্ফোরণের ঘটনা কয়েক দিন আগে ঘটে গেছে আমেরিকান ট্রেড সেন্টারে। ভারতবর্ষে আজকে অনেক ঘটনা ঘটেছে। আজকে পাঞ্জাবে, কাশ্মীরে যে ধরনের সব বিস্ফোরক ডিভাইস ব্যবহার করা হচ্ছে সেটা আগে কখনও প্রয়োগ করা হয়নি। এর পেছনে একটা আন্তর্জাতিক সাম্রাজ্যবাদী চক্রান্তর কথা আজকে সকলেই বলেছেন, আমরাও বলছি। আজকে এটা ঠিক কথা, কেন্দ্রীয় সরকার তাদের অর্থনৈতিক নীতির দ্বারা আমাদের দেশটাকে ঋণ-জালে জড়িয়ে ফেলছেন। কিন্তু সেটা এখানে আলোচনার বিষয় নয় এবং সেটা তুলতেও চাইছি না। এখানে সঠিকভাবেই মানববাবু বলেছেন যে, বিরোধী পক্ষের হুইপ ডাঃ মানস ভুঁইয়া মহাশয়ের আগে থেকে ঐভাবে বলাটা সঠিক হয়নি। আজকে প্রস্তাবের স্পিরিট হচ্ছে, মহারাষ্ট্রের বোম্বাই শহরে যে শোচনীয় হিনিয়াস ক্রাইম সংগঠিত হয়েছে এবং যার ফলে ৩০০-এর উপর মানুষ মারা গেছেন এবং যেখানে আরও মৃত্যু হতে পারে, ৮০০ মানুষ গুরুতরভাবে আহত হয়েছেন, তাদের প্রতি আমাদের সমবেদনা জ্ঞাপন। তাদের দ্রুত আরোগ্য লাভটাও আমাদের কাম্য। আর এই ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদেরও সতর্কতার প্রয়োজন আছে। এক্ষেত্রে দলমতনির্বিশেষে

সকলের সতর্কতা অবলম্বন করা উচিত। আজকে শুধু দোষারোপ করাটা ঠিক হবে না, কিন্তু এটা ঠিক যে, কেন্দ্রীয় গোয়েন্দা দপ্তরকে আর একটু ভিজিলেন্ট হওয়া দরকার ছিল। আজকে আমাদের এখানেও সর্বত্র গোয়েন্দা দপ্তরকে সতর্ক থাকতে হবে। কেন্দ্রীয় সরকার আজকে দায়িত্বটা ইন্টারপোলকে দিয়েছেন। কিন্তু আমাদের এখানে গোয়েন্দা দপ্তরকে যেমন ভিজিলেন্ট হতে হবে, সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের পক্ষ থেকেও সতর্কতা অবলম্বন করতে হবে, কারণ যে ধরনের ঘটনা ঘটে গেছে এই ধরণের ঘটনা আগে কখনও ঘটেনি। সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ, সব দলের মানুষরা আমরা বিভিন্ন এলাকায় থাকি। আমরা যদি কখনও এইরকম কাজের কথা জানতে পারি তাহলে সঙ্গে সঙ্গে সেটা সরকারের গোচরে আনতে হবে। এই পরিস্থিতিতে আমি বলব, জাতীয় সংহতির বিপদ হিসাবে দেশের অভ্যন্তরে যেসব মৌলবাদী শক্তিগুলি রয়েছে—সংখ্যাগুরু এবং সংখ্যালঘু সাম্প্রদায়িক শক্তি—যারা গোপনে সাম্রাজ্যবাদীদের চক্রান্তের অংশীদার হচ্ছে, তাদের বিরুদ্ধে জাতীয় চেতনা গড়ে তোলা দরকরা আছে। এইসব চক্রান্তের বিরুদ্ধে ন্যাশনাল ক্যাম্পেন দরকার আছে। আজকে ঐ শক্তি যেভাবে আমাদের দেশকে টুকরো টুকরো করবার চক্রান্ত করছে তার বিরুদ্ধে জাতীয় ঐক্য গড়ে তুলে এগোতে হবে। এটাই হচ্ছে প্রস্তাবের মর্মকথা। আমি আশা করব, কারো প্রতি দোযারোপ না করে সঙ্কটের সময় জাতীয় ঐক্য এবং সংহতিকে শক্তিশালী করবার স্বার্থে কাজ করতে হবে।

[12-40 — 12-50 p.m.]

আমাদের বিরোধী পক্ষের মাননীয় নেতা ডাঃ জয়নাল আবেদিন মহাশয় যে প্রস্তাব করেছেন যে জাতীয় সংহতি পরিষদের একটা সভা ডেকে সরকার এবং জনসাধারণের মধ্যে ঐক্যবদ্ধভাবে সচেতনতা গড়ে তোলার ব্যবস্থা করতে হবে। এই প্রস্তাবকে সর্বান্তকরণে গ্রহণ করে আমাদের বিধানসভা থেকে তাদের প্রতি সহমর্মিতা জানাচ্ছি এবং সাম্রাজ্যবাদী চক্রান্তের বিরুদ্ধে আমরা সজাগ এবং দলমতের উর্ধ্বে উঠে সংগ্রামে প্রস্তুত আছি। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পাণ্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিনয়বাবু যে প্রস্তাব এনেছেন, সেটা আমি সমর্থন করছি। স্যার, আজকে অত্যন্ত দুর্ভাগ্য যে এইরকম একটা ঘটনা আমাদের দেশে ঘটেছে। কিন্তু যারা রাজনীতির আঙিনায় আছেন তারা জানেন যে এই টেরোরিস্টরা কাশ্মীর, পাঞ্জাবে আক্রমণ চালিয়েছিল। গত দুই, তিন বছর ধরে ভারত সরকার আর্মি অপারেশন করে যে প্রেসার ক্রিয়েট করেছে তার ফলে ওরা ওখান থেকে সরে গিয়ে ভারতবর্ষের অন্যান্য জায়গায় ওদের আক্রমণের লক্ষ্য নিয়ে যাচ্ছে। যারা এটা করেছে ওরা এটা পরিকল্পিতভাবেই করেছে এবং ভারতের অর্থনীতিকে কিভাবে ভেঙে দেওয়া যায় সেই চেষ্টা করেছে। ওরা দেখলো যে একটা রায়টে বোম্বের অর্থনীতিতে দেড় হাজার কোটি টাকা লোকসান হয়েছে। ওরা দেখলো যে ভারতের ঐ একটি জায়গায় ৭ থেকে ১০ দিন গোলমাল হলে ১।। হাজার কোটি টাকা নষ্ট হয় তাহলে এই ইকনমিক জোনে যদি আক্রমণ করা যায় তাহলে ভারতের অর্থনীতিকে পঙ্গু করা যায়। সেজন্য এটাই আক্রমণের লক্ষ্য ছিল। তবে একটা জিনিস, একটা ঘটনা আমাদের হাউসে অ্যাপ্রিসিয়েট করতে হবে। এই যে দাঙ্গা লেগেছিল, এই দাঙ্গা থেকে প্রথমে মানুষ চিন্তা করেছিল, যারা বোম্বে পুলিশ ফোর্শ চালায় এবং বোম্বের মন্ত্রীরা, যেটা একটা দাঙ্গা পরিস্থিতি আবার তৈরি হবে। এটা বলতে দ্বিধা নেই

যে হিন্দু-মুসলমান মিলিতভাবে এই সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য মোকাবিলা করেছে। তারা কোন রকম দাঙ্গা হতে দেয়নি। মুসলিম এলাকাতেও দেখা গেছে, যেটা আনন্দবাজার কাগজে খুব সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে, যে হিন্দু-মুসলমান এক হয়ে এটাকে প্রতিরোধ করেছে। এই প্রস্তাবের জন্য আমি হাউসে মন্ত্রীকে এবং আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ন্যাশনাল ইন্টিগ্রেশন কমিটির মিটিংয়ে মুখ্যমন্ত্রী যান। আমার মনে হচ্ছে, দু-দুটো প্রধানমন্ত্রী মারা গেলেন, বোম্বেতে এই রকম ঘটনা ঘটেছে, অযোধ্যায়ও এই রকম একটা ঘটনা ঘটল, ইনটেলিজেন্স নেট ওয়ার্ক আমাদের দেশে ঠিক মত হচ্ছে না। এটা যদি ঠিক থাকত তাহলে হয়ত এই জিনিস ঘটতো না। আজকে যদি ইনটেলিজেন্স নেট ওয়ার্ক ঠিক না থাকে তাহলে আমাদের এখানে মুখ্যমন্ত্রীর উপরেও আক্রমণ হতে পারে। কাজেই এই ইনটেলিজেন্স নেট ওয়ার্ককে আরো শক্তিশালী করা দরকার। সেজন্য আমি একটা সাজেশনস দিচ্ছি যে একটা প্রস্তাব আনা হোক ন্যাশানাল সিকিউরিটি কাউন্সিল দিল্লিতে তৈরি করার জন্য। প্রধানমন্ত্রী এবং সমস্ত মুখ্যমন্ত্রীদের নিয়ে যদি একটা ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল গঠিত হয় তাহলে আমার মনে হয় এতে ভারতের পক্ষে অত্যন্ত ভাল হবে। কেননা, ভেরিয়াস ভোসিফেরাস ফোর্সেস আর প্লেইং, ভেস্টেড ইন্টারেস্টেড ফোর্সেস আর প্লেইং, তারা চাচ্ছে দেশটাকে টুকরো টুকরো করে দিতে। তাদের পরবর্তী আক্রমণ কোথায় হবে আমরা জানি না। সেজন্য মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করবো যে ন্যাশনাল ইন্টিগ্রেশন কাউন্সিল যেটা আছে, সেই কাউন্সিলের মতো একটা ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল করা হোক। যদিও এই প্রস্তাব ভারত সরকারের কাছে ছিল কিন্তু এটা করা হয়নি। কাজেই আমি বলব যে ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল শুড বি রিভাইজড্, দিস প্রোপোজাল সুড বি রিভাইজড্। এটা করা হলে আমার মনে হয় এই রকম ইমার্জেন্সির ক্ষেত্রে দেশের বিভিন্ন জায়গায় মোকাবিলা করা যাবে। আর যারা মারা গেছে, আমরা তাদের জন্য মর্মাহত, পশ্চিমবাংলার এই ব্যাপারে ঐতিহ্য আছে। বোম্বে টাকা পাঠানোর কোনও মানে হয় না, তাদের কাছে টাকা আছে। রক্ত কেউ কেউ পাঠিয়েছেন, ভাল কথা, যদি লাগে নিশ্চয়ই আমরা এগিয়ে যাব।

[12-50 — 1-00 p.m.]

তাই আমি আমার তরফ থেকে বলছি যে, পশ্চিমবাংলার মানুষ আমরা বোম্বেতে ৩৬০ জনের মতো মানুষ মারা গেছে তা কাগজে দেখেছি। যাঁরা আহত হয়েছেন বা যাঁদের ক্ষতি হয়েছে তাঁদের সবার প্রতি আমি সহমর্মিতা প্রকাশ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, আজকে আমি প্রথমেই আপনাকে, মাননীয় বিনয়বাবুকে এবং বিরোধী দলনেতা ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে ধন্যবাদ জানাই বোম্বেতে যে মর্মন্তুদ ঘটনা ঘটেছে তাকে নিন্দা করতে আমাদের এই বিধানসভায় প্রস্তাব নিয়ে আসার জন্য। সাম্প্রতিককালে ভারতবর্ষে এই ধরনের ঘটনা ঘটেনি। একই স্বার্থে তের জায়গায় ভারতবর্ষের প্রধান বাণিজ্যিক শহরে বিস্ফোরণ ঘটেছে। একই সাথে বিস্ফোরণ ঘটার ফলে ২৫৫ জন মানুষ মারা গিয়েছেন এবং এক হাজারের বেশি মানুষ আহত হয়েছেন। আজকে আমাদের এটা ভেবে আতঙ্কিত হতে হচ্ছে যে আন্তর্জাতিক সন্ত্রাসবাদ যা আগে ভারতবর্ষে ছিল না তা ভারতবর্ষে এসেছে। এর আগে আমরা শুনেছিলাম, ফেব্রুয়ারি ২৬ তারিখে নিউ ইয়র্কের ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের বেসমেন্টে এই ধরনের একটা বোমা বিস্ফোরণ হয়েছিল। কিন্তু গত ১২ তারিখে যে বোমা

বিস্ফোরণ হয়েছে তা সব ঘটনাকে ছাড়িয়ে গেছে। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা খুব স্পষ্টভাবে বলতে চাই যে, আজকে এখান থেকে ঘোষণা করতে হবে যে কোনওভাবে সন্ত্রাসবাদের কাছে মাথা নিচু করব না। সন্ত্রাসবাদ দেশের মধ্যে যে ভয়ের মনস্তত্ত্ব ছড়াবার চেষ্টা করছে, সাইকোলজি অব টেরর ছড়াবার চেষ্টা করছে, গণতান্ত্রিক ভারতবর্ষ সর্বশক্তি দিয়ে তাকে রোধ করবে এবং আজকের দিনে সন্ত্রাসবাদের ফলে যাতে কোন ধরণের ঘটনা না ঘটে ভারতবর্ষের ফল-আউট হিসাবে, সেটা আমাদের দেখতে হবে। এটা অত্যন্ত স্পষ্ট যে, এই ঘটনার পিছনে বিদেশি হাত আছে। তার কারণ যে আর. ডি. এক্স এক্সপ্লোসিভ ব্যবহার করা হয়েছে, এই ধরণের আর ডি এক্স এক্সপ্লোসিভ নিউ ইয়র্কে ব্যবহার করা হয়েছে। এর আগে এল. টি. টি. ই. এটা ব্যবহার করেছে। এখন নানা রকম তদন্ত চলছে। আপনি যে কথা বলেছেন যে, ইন্টারপোল এবং বিভিন্ন রাষ্ট্রের কাছে আমরা অ্যাপ্রোচ করেছি তাদের সাহায্যের জন্য। সুতরাং এই ব্যাপারে এখনও প্রত্যক্ষভাবে দায়ী করা ঠিক হবে না। এটা অত্যন্ত স্পষ্ট, যারা এই ঘটনা ঘটিয়েছে তাদের উদ্দেশ্যে অর্থনৈতিক রাজধানিতে এই ধরনের ঘটনা ঘটিয়ে আমাদের অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙে দেওয়া। আমাদের অর্থনীতিকে দুর্বল করে দেওয়া। তাদের উদ্দেশ্য ভারতবর্ষ যাতে এই ঘটনার ফলশ্রুতি হিসাবে সাম্প্রদায়িক দাঙ্গা লাগে তার উদ্যোগ সৃষ্টি করা। আমি অত্যন্ত আনন্দিত যে, বোম্বে শহরে পরপর দুবার দাঙ্গা হয়েছে, আমরা দেখেছি, জানুয়ারি মাসের দাঙ্গায় রাজ্য সরকার ঠিকমতন ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি ; কিন্তু এবারে রাজ্য সরকার মোটামুটি তাড়াতাড়ি ব্যবস্থা নিয়েছেন ; তার ফলে বোম্বেতে আর কোনও ঘটনা ঘটেনি। প্রধানমন্ত্রী ২৪ ঘণ্টার মধ্যে সেখানে উপস্থিত হয়েছেন এবং স্বরাষ্ট্র মন্ত্রীও সেখানে গিয়েছেন। এই তাড়াতাড়ি ব্যবস্থা নেবার জন্য আমরা নিশ্চয়ই মহারাষ্ট্র সরকারকে অভিনন্দন জানাব। আজকে মহারাষ্ট্রে যে ঘটনা ঘটেছে এটা সারা ভারতবর্ষের পক্ষে চূড়ান্ত ক্ষতি। এই রকম ঘটনা যাতে আর না ঘটতে পারে সেটা আমাদের দেখতে হবে। আমরা আতঙ্কিত, শিবসেনা প্রধান বাল থ্যাকারের একটি বিবৃতি দেখে। তিনি বলেছেন যে, আমরা রিভেঞ্জ নেব, প্রতিশোধ নেব। কে বাল থ্যাকারে? আমরা কিছুদিন আগে দেখেছি, দেশে রায়টের ফলে বহু মানুষ প্রাণ হারিয়েছেন। এখন তিনি আবার রিভেঞ্জ নেবার কথা বলছেন। আমি বলব, এই ধরনের উত্তেজনাপূর্ণ কথা বলার বাল থাক্যারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। শিব সেনার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি উঠেছে। আমরা দেখেছি টেররিস্টদের হাতে ইন্দিরাজিকে প্রাণ দিতে হয়েছে।

আমরা দেখেছি সন্ত্রাসবাদীদের হাতে রাজীব গান্ধীকে প্রাণ দিতে হয়েছে। কিন্তু এই যে ঘটনাগুলোতে সাধারণ মানুষ, নিরীহ মানুষকে প্রাণ দিতে হয়েছে। আজকে ওদের প্রতি সহানুভূতি জানাই এবং হাজার হাজার যে মানুষ আহত হয়েছে, তাদেরকে রক্ত দেওয়ার দরকার, আমরা সারা পশ্চিমবঙ্গের মানুষ তার পেছনে আছি। সারা ভারতবর্ষের মানুষের সমর্থন এবং সহানুভূতি তাদের প্রতি আছে এই কথা স্পষ্টভাবে বলার প্রয়োজন আছে। আমি রাজ্য সরকারকে অনুরোধ করব যে রাজ্যের এই ব্যাপারে তৎপর থাকার দরকার, পশ্চিমবঙ্গে এই ধরনের ঘটনা ঘটেনি বলে আত্মসন্তুষ্টি থাকার কোন অবকাশ নেই। আমাদের রাজ্যের প্রশাসনকে তৎপর থাকতে হবে এবং কোনরকম উগ্রপন্থী কার্যকলাপের ফলে নিরীহ মানুষ যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেইদিকে নজর রাখতে হবে। বোম্বাই শহরে যে বোমা বিস্ফোরণ ঘটল এর নিন্দার

কোনও ভাষা নেই। যারা সন্ত্রাসবাদী কাপুরুষ, তাদের প্রত্যক্ষভাবে লড়াই করার ক্ষমতা নেই, নিরীহ মানুষকে হত্যার মাধ্যমে তাদের উদ্দেশ্য সিদ্ধ করছেন। ওই সন্ত্রাসবাসীদের উদ্দেশ্যে কোনওভাবেই সিদ্ধ হবে না। সন্ত্রাসবাদীরা পরাজিত হবেনই এবং গ্রেপ্তারও হবেন। তাদের চক্রান্তের মূল ঘাঁটি উৎপাটিত করা হবে। এখানে যে প্রস্তাব আমরা একসঙ্গে আনতে পেরেছি এরজন্য আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরি মহাশয় যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাবকে সমর্থন করছি। আমরা সবাই বলেছি যে এটা খুব খারাপ সময়ের মধ্যে দিয়ে আমরা চলেছি, এই সময়ের মধ্যে নানা রকম খারাপ ঘটনা ঘটছে। কিন্তু তারমধ্যে এটি অত্যন্ত জঘন্য ঘটনা, বিশ্বের ইতিহাসে নজিরবিহীন ঘটনা। বোম্বাই শহরের ঘটনা সারা ভারতবর্ষের মানুষকে স্তম্ভিত করেছে। এই ধরনের ঘটনা যা বোম্বাইতে ঘটেছে তা প্রধানত জনবহুল এলাকাতেই ঘটানোর চেষ্টা করা হয়। এর থেকেই স্বভাবতই সাধারণ মানুষের ধারণা হতে পারে যে আমরা কাদের হাতে রয়েছি। একদল মানুষ পরিকল্পিতভাবে বহু মানুষকে হত্যা করেছেন, জনবহুল জায়গা বেছে নিয়ে সেখানে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করে রিমোট কন্ট্রোলের ইত্যাদির মাধ্যমে বারবার বিস্ফোরণ ঘটিয়ে মানুষকে হত্যা করছে। এতে বহু মানুষকে আহত করেছেন। এর থেকে আমাদের সহজেই মনে হতে পারে যে, এরা সর্বত্র মরণ ফাঁদ পেতে রাখার চেষ্টা করছে। আজকে ভারতবর্ষের নিরাপত্তা ব্যবস্থা যাদের হাতে নিয়ন্ত্রিত তাদের হাত থেকে সরে যাচ্ছে। একটার পর একটা ঘটনার থেকে আমরা দেখতে পাচ্ছি যে, এদের হাতে একদল মানুষ খুন হচ্ছে। আমরা দেশের গণতন্ত্রের কথা বলি, পার্লামেন্টের কথা বলি এবং সরকার এই নিরাপত্তার জন্য পুলিশ, সৈন্য-বাহিনীর জন্য বহু অর্থ ব্যয় করেন। কিন্তু সর্বক্ষেত্রে আমরা দেখছি ওদের অনুপ্রবেশ। সর্বক্ষেত্রেই ওদের প্রভাব লক্ষ্য করা যাচ্ছে এবং একটি পরিকল্পিতভাবে ওই সন্ত্রাসবাদী শক্তি সমস্ত জায়গা দখল করতে চাইছে। এর থেকেই মনে হতে পারে যে জার্মানিতে রাইজ অফ দি থার্ড রেকের সময়ে এই ধরণের পরিস্থিতির সৃষ্টি হয়েছিল। আজকে ভারতবর্ষের গণতন্ত্রকে বিপন্ন করার চেষ্টা করা হচ্ছে। আজকে ভারতবর্ষের গণতন্ত্রকে ফ্যাসিবাদি কায়দায় শাসন কায়েম করতে চাইছেন। এইভাবে একটা বাণিজ্যিক নগর, বাণিজ্যিক রাজধানিকে অর্থাৎ বোম্বাই শহরকে আক্রান্ত করা হয়েছে। এর ফলে অর্থনীতির উপরে একটা বড় ধরনের আক্রমণ করা হচ্ছে এবং দেশের মানুষকে আহত, নিহত করে গণতন্ত্রের বুনিয়াদকে ধ্বংস করা হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলার পরিস্থিতির অন্য রাজ্যের তুলনায় ভালো বলেই যে এখানে ঘটবে না, এই অবস্থার স্থিতাবস্থা বজায় থাকবে একথা বলা যায় না। অতীতের ঘটনাগুলিতেই আমরা দেখেছি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আমরা যুক্তিসঙ্গত সহযোগিতা পেয়েছি। কিন্তু তাই বলে এখানেও যে ঘটবে না একথা বলা যায় না। কেননা এই উগ্রপন্থীর দল সারা ভারতবর্ষের মত এখানেও নিশ্চয় ঘোরাঘুরি করছেন।

[1-00 — 1-10 p.m.]

আমাদের কলকাতা শহরেও হয়ত তারা আছেন, এখানে যে পরিকল্পনা হচ্ছে না তা আমি বলব না। তবে এটা ঠিক, আমাদের এই রাজ্য হচ্ছে সীমান্তবর্তী রাজ্য, এখানেও সীমান্ত দিয়ে বহু লোক যাতায়াত করেন, আমাদের এই দিকেও নজর দেওয়া দরকার। বোম্বে

শহরে যদি যান্ তাহলে সেখানে দেখবেন বহু মানুষ সেখানে আসে, পাশ্চাত্য দেশের টেকনোলজি সেখানে আসে, সেখানে পাশ্চাত্য দেশের টেকনোলজি ব্যবহার হচ্ছে সেখানে কৃত্তকৌশল ব্যবহার হচ্ছে, সেখানে ছেলেমেয়েরা এইগুলি ব্যবহার করতে পারে, সেখানের শহরে যেহেতু পাশ্চাত্য ব্যবহার হচ্ছে তাই সেখানের শহরগুলিতে তারা বসবাস করতে পারে। তাই আজকে এই জিনিসটা দেখা দরকার। আগামি দিনে যেন দিল্লিতে, মাদ্রাজে, কিংবা কলকাতায় এই জিনিস না ঘটতে পারে। এই ব্যাপারে সমস্ত রাজনৈতিক দল যত নির্বিশেষে আমাদের এক জায়গায় আসা দরকার ; এই ধরণের সঙ্গে যারা যুক্ত যারা নিরাপত্তা বিঘ্নিত করছে তাদেরকে আমরা যাতে চিহ্নিত করতে পারি। এবং ক্যাম্পের মাধ্যমে আমরা যেন এর বিরুদ্ধে বলতে পারি, সেইদিকে আমাদের নজর দেওয়া দরকার। তাই পুনরায় এই ব্যবস্থাকে আন্তরিকভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী বিনয়বাবু ১৩ তারিখে বোম্বে শহরের উপর্যুপরি বিভিন্ন জায়গায় যেভাবে বোমায় তিন শতাধিক মানুষ মারা গিয়েছেন এবং সহস্রাধিক মানুষ আহত অবস্থায় আছেন এটা দুঃখজনক ঘটনা। আগামী দিনে আমাদের আরো সতর্কতামূলক ব্যবস্থা এই ব্যাপারে নিতে হবে ; ভারতবর্ষের ঐক্য এবং সংহতি রক্ষা করার জন্য। আহত মানুষদের তাদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জানাবার জন্য যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে এটা খুবই সময়োপযোগী। যে শক্তি এই ঘটনা ঘটিয়েছে সেই ব্যাপারে কেন্দ্র এবং মহারাষ্ট্র সরকার ইতিমধ্যে তাদেরকে খুঁজে বার করার জন্য সর্বতোভাবে চেষ্টা করছেন। প্রয়োজনবোধে তারা ইন্টারপোলার সাহায্য নেবার কথাও বলেছেন। সংবাদপত্রে বা বিভিন্নভাবে খবর ছড়াচ্ছে যে এই ঘটনার সঙ্গে বৈদেশিক শক্তি বা আমাদের দেশের অন্তর্ঘাতমূলক কোনও শক্তি এই সমস্ত ঘটনা ঘটাচ্ছে। সেইজন্য আগামী দিনে এই ব্যাপারে আমাদের আরো সর্তকতামূলক ব্যবস্থা নেওয়া দরকার। এই শক্তি যাতে শুধু বোম্বাই শহরে নয়, ভারতবর্ষের বিভিন্ন শহরে এই ধরণের ঘটনা ঘটাতে না পারে জঘন্যতম কাজ না করতে পারে সেইজন্য এই শক্তির বিরুদ্ধে আমাদের ঐক্যমত হয়ে লড়াই করতে হবে। এই ঘটনায় যারা নিহত হয়েছেন এবং আহত হয়েছেন তাদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জানানো দরকার, ইতিমধ্যে মহারাষ্ট্র সরকার ক্ষতিপূরণ দেবার কথা ঘোষণা করেছেন এবং সঙ্গে সঙ্গে তাদের অর্থনৈতিক পুনর্বাসন যাতে দেওয়া হয় তার জন্য আবেদন জানাব। ইতিমধ্যে কিছু লোক সন্দেহজনক ভাবে অ্যারেস্ট হয়েছে বলে সংবাদপত্রে প্রকাশ হয়েছে, এই ব্যাপারে আরো কঠোরভাবে তদন্ত হওয়া দরকার এবং যারা প্রকৃত অপরাধী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার। আগামী দিনে যাতে এই ধরণের শক্তি আর মাথাচাড়া না দিতে পারে, সেই দিকে লক্ষ্য রাখা দরকার। এই শক্তি ভারতবর্ষের ঐক্য ও সংহতিকে নষ্ট করতে চাইছে, একে প্রতিহত করা দরকার। পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের পক্ষ থেকে আজকে যে প্রস্তাব এখানে এসেছে সেটাকে আমি সমর্থন করছি এবং আহত ও নিহতদের পরিবারবর্গের প্রতি আমার সমবেদনা জানাচ্ছি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে বিধানসভায় মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় যে প্রস্তাব এনেছেন বোম্বাইয়ের ঘটনার উপরে আমি সেই প্রস্তাবকে সমর্থন করি। গত ১২ই মার্চ বোম্বাইয়ে যে বিস্ফোরণ ঘটল তার পদ্ধতি একটু সুদূরপ্রসারী পরিকল্পনা

এবং ষড়যন্ত্র এর মাধ্যমে ফুটে উঠেছে। সেখানে ৩০০ উপর লোক মারা গেছে এবং ১১০০ উপর লোক আহত হয়েছে এবং অনেকে মৃত্যুর সঙ্গে এখনও লড়াই করছে। এই ঘটনা নিন্দা করার কোনও ভাষা আমাদের নেই। কিন্তু আমাদের সেটা বুঝতে হবে, যে এই ধরনের ঘটনা কারা করেছেন সেটা এখনো আইডেন্টিফাই করা যায়নি, কেউ বলছে পাকিস্তান জড়িত আছে, কেউ বলছে স্ক্যাম-এর সঙ্গে জড়িত আছে। কিন্তু এখন এনকোয়ারি চলছে তখন আমরা কেউ এই ব্যাপারে কিছু বলতে চাই না। ভারত সরকারের বিশেষজ্ঞরা এটা খুঁজে বার করবে যে এটা কারা করছে। যারা করছে তারা ভারতের শত্রু। সেই শত্রুদের সম্বন্ধে সারা ভারতবর্ষের মানুষকে সজাগ হতে হবে। এই ঘটনা ভারতবর্ষের যে কোনও রাজ্যেই ঘটতে পারে, সেইজন্য আমাদের সতর্ক থাকতে হবে। এই ঘটনা থেকে আমাদের বুঝতে হবে যে ভারতের সামনে বিপদটা কি? শুধু ভারতের অর্থনীতি নয়, ভারতের স্বাধীনতা এবং সার্বভৌমত্বকে ক্ষুন্ন করবার জন্য এই সমস্ত ঘটনা ঘটছে। প্রচুর টাকা এই ঘটনা করার জন্য ব্যয় হয়েছে, প্রচুর মস্তিস্ক এর জন্য ব্যয় করা হয়েছে, সর্বাধুনিক যন্ত্র ব্যবহার করা হয়েছে। পশ্চিমবঙ্গের জনসাধারণ যেন এই বিষয়ে সতর্ক থাকে তার জন্য আমরা আবেদন জানাই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় বোম্বাইয়ের ঘটনা সম্পর্কে যে প্রস্তাব নিয়ে এসেছে সেই প্রস্তাবকে আমাদের দলের পক্ষ থেকে সমর্থন জানাই। এটা ঠিকই যে আন্তর্জাতিক ষড়যন্ত্রকারীরা ভারতবর্ষের সংহতিকে ভাঙবার জন্য বহুদিন ধরে সচেষ্ট হয়েছে। বিভিন্ন সময়ে সাম্প্রদায়িকতাকে তারা উস্কে দিয়েছে। গত বছরের শেষের দিকে তারা ভারতবর্ষে একটা অশান্তির দাবানল জ্বেলেছিল। সারা ভারতবর্ষের ধর্ম নিরপেক্ষ এবং গণতান্ত্রিক মনোভাবাপন্ন মানুষের কাছে এই ষড়যন্ত্রকারিরা একটা চ্যালেঞ্জ ছড়িয়ে দিয়েছিল। ভারতবর্ষের মানুষ সেই চ্যালেঞ্জকে মোকাবিলা করে দেশের সংহতিকে রক্ষা করার চেষ্টায় অগ্রণী।

[1-10 — 1-20 p.m.]

বেশ কিছু দিন ধরে কাশ্মীর এবং পাঞ্জাবে আন্তর্জাতিক ষড়যন্ত্রকারিরা চেষ্টা করে চলেছেন এই দুটি রাজ্যকে ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন করার। সেখানেও ভারতবর্ষের মানুষের মোকাবিলা করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ। কিন্তু গত শুক্রবার বম্বের বুকে যে ঘটনা ঘটেছে স্বাধীনতার পরে এত বড় চ্যালেঞ্জ ভারতবর্ষের বুকে কোনদিন উপস্থিত হয়নি। আমরা দেখতে পারছি যে এই ঘটনাকে কেন্দ্র করে বিভিন্নরকম উস্কানিমূলক কথাবার্তা কেউ কেউ বলছেন। আজকে এগুলি থেকেও আমাদের সাবধান থাকতে হবে। ঐ ঘটনায় যারা মারা গিয়েছেন তাদের প্রতি আমরা সহানুভূতিশীল এবং তাদের পরিবারবর্গের প্রতি যেমন আমাদের সমবেদনা জানাচ্ছি তেমনি যারা আহত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করছি। যদিও আমরা জানি যে মহারাষ্ট্র সরকার এবং ভারত সরকার এ ব্যাপারে খুবই সক্রিয় ভূমিকা নিয়েছেন এবং সেখানে তারা প্রশংসনীয় ভূমিকা নিয়েছেন এবং তা নিয়ে তারা তাদের দায়িত্বপালন করছেন পরিস্থিতির মোকাবিলার জন্য। আমরাও আজকে এই বিধানসভা থেকে এ ব্যাপারে সর্বসম্মতিক্রমে প্রস্তাব নিচ্ছি। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি আপনাকে বলব, ভারতবর্ষের মানুষের কাছে, পশ্চিমবঙ্গের মানুষের কাছে একটা দৃষ্টান্ত স্থাপন করতে, আসুন, আমরা বিধায়করা কিছু একটা করি। আমার প্রস্তাব হচ্ছে, সেখানে রক্তের জন্য যাদের চিকিৎসার

কাজ ব্যাহত হচ্ছে তাদের জন্য আমরা বিধায়করা বা জনপ্রতিনিধি যারা আছি একদিন রক্ত দান করি। আপনি স্যার, অনুগ্রহ করে এই ব্যবস্থাটা যদি করে দেন তাহলে ভাল হয়। সেই রক্তদান শিবিরে এখানকার বিভিন্ন রাজনৈতিক দলের বিধায়করা স্বেচ্ছায় রক্তদান করুন এবং সেই রক্ত বম্বেতে সেইসব আহত মানুষদের জন্য পাঠিয়ে দেওয়া হোক। এটা করা হলে পশ্চিমবঙ্গের ঐতিহ্য, সংস্কৃতির সঙ্গে সঙ্গতিপূর্ণ কাজ করা হবে এবং তাদের প্রতি পশ্চিমবঙ্গের মানুষ যে সহানুভূতিশীল সেটা আরো বেশি করে তুলে ধরা যাবে। আপনার কাছে স্যার, আবার তাই অনুরোধ জানাব যে আপনি এই রক্তদান শিবিরের ব্যবস্থা করে দিন। স্যার, এই প্রস্তাবের উপর বলতে গিয়ে আমি আর একটি বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করব। বম্বের ঘটনা ঘটেছে বলে এবং তার আমরা মোকাবিলা করতে পারছি বলে যেন আত্ম সন্তুষ্টিতে না ভুগি। কারণ তাহলে বিচ্ছিন্নতাবাদী শক্তি, যড়যন্ত্রকারী, যারা ভারতবর্ষের সংহতি, সার্বভৌমত্ব বিনষ্ট করতে চায় তাদের কিন্তু সুবিধা হয়ে যাবে। কাজেই আত্ম সন্তুষ্টিতে না ভুগে তাদের সম্বন্ধে আমাদের সদা সতর্ক দৃষ্টি রাখতে হবে। এ ব্যাপারে প্রশাসন যেমন ব্যবস্থা নেবেন তেমনি রাজনৈতিক দলগুলিকে সক্রিয় ভূমিকা নিতে হবে। কিন্তু দুঃখের সঙ্গে দেখছি, রাজনৈতিক দলগুলি সেই ভূমিকা পালন করতে পারছেন না। আপনারা বলেছেন যে এটা রাজনৈতিক বিরোধিতার ব্যাপার নয়, ঠিকই, কিন্তু রবীনবাবুর যা বক্তৃতা শুনলাম সেটা অন্যান্য দিনের মতো তিনি বক্তৃতা করলেন এবং বক্তব্য রাখতে গিয়ে রাজনৈতিক বক্তব্য তুলে ধরলেন। আপনাদের সঙ্গে আমাদের রাজনৈতিক বিরোধিতা থাকবে, আপনারা আমাদের বিরুদ্ধে বলবেন, আমরা আপনাদের বিরুদ্ধে বলব কিন্তু যেখানে দেশের সংহতি, সার্বভৌমত্বের প্রতি চক্রান্তকারিরা চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়েছে সেখানে তার মোকাবিলা করতে গেলে রাজনৈতিক সঙ্কীর্ণতা থাকলে হবে না। সেই রাজনৈতিক সঙ্কীর্ণতাকে ত্যাগ করে কঠোর মনোভাব নিয়ে যড়যন্ত্রকারীদের বিরুদ্ধে লড়াই করতে হবে। তার থেকে পিছিয়ে এসে আমরা যদি রাজনৈতিক সঙ্কীর্ণতার মধ্যে পড়ে থাকি তাহলে যে শত্রুর বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে তার আমরা মোকাবিলা করতে পারব না। এর ফলে বরং সেই শত্রুই শক্তিনাশিনী হবে। মাননীয় সদস্যদের কাছে আমার তাই আবেদন, এ ক্ষেত্রে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে চলবে না। আসুন, কঠোর মনোভাব নিয়ে আমরা এর বিরুদ্ধে রুখে দাঁড়াই।

পরিশেষে; আমি আবার আবেদন করব আপনি অন্তত রক্তদানের একটা ব্যবস্থা করুন। বিধায়কদের মধ্য থেকে এবং সেই রক্ত যাতে বম্বের মুমূর্ষু রোগিদের কাছে পৌঁছে দেওয়া যায় সেই ব্যবস্থা করুন। এই কথা বলে এই সরকারের প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয়কে আমি অভিনন্দন জানাই এই ধরনের প্রস্তাব আনার জন্য। গত ১২ই মার্চ বম্বের ১৩টি জায়গায় এক সঙ্গে যেভাবে বিস্ফোরণের ঘটনা ঘটলো, এটা শুধুমাত্র ভারতবর্ষেই নয় পৃথিবীর ইতিহাসে এই ধরনের ঘটনা বিরল। গত ১২ই মার্চ যে ঘটনা ঘটলো এটা সমগ্র দেশবাসীর কাছে একটা বিপদজনক সংকেত। আমাদের দেশ বৃহৎ গণতান্ত্রিক দেশ। আমাদের দেশের ঐতিহ্যকে ধ্বংস করার জন্য একটা চক্রান্ত চালাচ্ছে কিছু মৌলবাদী শক্তি এবং সাম্রাজ্যবাদী শক্তির মদতে এটা ঘটছে। তারা চাইছে আমাদের দেশকে দুর্বল করে দিতে। শুধু দুর্বল নয়,

তারা চাইছে আমাদের দেশকে টুকরো টুকরো করে দিতে। যখন দেশের মধ্যে একটা মৌলিক সমস্যা দেখা দিয়েছে, যার বিরুদ্ধে ভারতবর্ষের জনমত সংগঠিত হচ্ছে, সেদিক থেকে মানুষের মনকে সরিয়ে আনার জন্য দেশের মধ্যে নানা রকম ঘটনা ঘটানো হচ্ছে। গত ৬ই ডিসেম্বর বাবরি মসজিদের ঘটনা ঘটলো, এটা আমাদের দেশের কোন বিচ্ছিন্ন ঘটনা নয়, এটা আমাদের দেশের ঐতিহ্যকে আঘাত করার জন্য, আমাদের দেশকে টুকরো টুকরো করে দেবার জন্য, আমাদের দেশকে বিশ্বের কাছে হেয় প্রতিপন্ন করবার জন্য করা হয়েছে। বম্বেতে যে ঘটনা ঘটল, এই ঘটনার উদ্দেশ্য হচ্ছে আমাদের দেশকে কিভাবে দুর্বল করে দেওয়া যায়, কীভাবে টুকরো টুকরো করে দেওয়া যায়। গোটা দেশবাসীর সামনে আজকে নানা প্রশ্ন দেখা দিয়েছে। দেশের সার্বভৌমত্ব রক্ষা করতে পারবো কি না, গণতান্ত্রিক ঐতিহ্যকে রক্ষা করতে পারব কিনা সেই প্রশ্ন আজকে দেখা দিয়েছে। আজকে সমস্ত ধর্ম নিরপেক্ষ এবং গণতন্ত্র প্রেমী জনগণ সংঘবদ্ধ হচ্ছে, এই বিপদজনক পরিস্থিতির মোকাবিলা করার জন্য। আজকে বম্বে শহরের ঘটনায় যারা প্রাণ হারিয়েছেন, তাদের পরিবারের সকলকে সমবেদনা জানাই এবং যারা আহত হয়ে হাসপাতালে আছেন, তাদের আরোগ্য কামনা করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি আনীত সরকারি প্রস্তাবকে আমাদের বিরোধী দলের নেতার সমর্থনের মধ্যে দিয়ে এখানে সমস্ত রাজনৈতিক দলের ভাবনা-চিন্তা প্রতিফলিত হয়েছে। কিন্তু আমরা আতঙ্কিত এবং যে বিষয়টা আজকে ভাবিয়ে তুলেছে, সেই বিষয়টা আজকে হাউসে আলোচনা করা দরকার। আমরা গতকাল দেখলাম বম্বেতে বাল-থ্যাকারে যা বলেছেন, কলকাতার আনন্দবাজারের এক প্রতিনিধির কাছে, যেটা আজকে কাগজে বেরিয়েছে, বদলা নেবার যে প্রচ্ছন্ন হুমকি তিনি দিয়েছেন এবং তার থেকেও আরও মারাত্মক ঘটনা হলো, এল. কে. আদবানি যেভাবে বাল থ্যাকারের সঙ্গে রুদ্ধ দ্বার কক্ষে বৈঠক করছেন দেড় ঘণ্টা ধরে, এই সম্পর্কে আমাদের ভাববার কারণ আছে। আমরা এই সভার মধ্যে যত রেখে ঢেকে আলোচনা করি না কেন, দুটো বিষয় নিয়ে মানুষের মধ্যে চিন্তাধারা আলোড়িত হচ্ছে সংবাদপত্রের মাধ্যমে এবং একটা ধারণাকে সৃষ্টি করানো হয়েছে যে ভারতবর্ষের যে অর্থনৈতিক বাজার, তাকে সম্পূর্ণভাবে বিপর্যস্ত করে দেবার একটা বৈদেশিক চক্রান্ত, এই কথা বলার চেষ্টা হচ্ছে কোনও কোনও মহল থেকে। কলকাতায় এমন এমন উত্তেজনা প্রবণ এলাকায় এই প্রচার করার চেষ্টা করা হচ্ছে। বম্বে শহরে যেহেতু কিছুদিন আগে দাঙ্গা হয়েছিল, তাতে মুসলমানদের প্রাণহানি হয়েছিল, তার জন্য একটা পাল্টা বম্বে শহরের বুকে একটা আঘাত হানা হয়েছে এমন করে যাতে বম্বেকে শিক্ষা দেওয়া হলো ভারতবর্ষের মধ্যে এবং সেটার মধ্যে দিয়ে এমন একটা ঘটনার রঙ চড়ানো হচ্ছে কোনও কোনও মহল থেকে—

[1-20 — 1-30 p.m.]

যার কু-প্রভাব আজকে নিজেদের মধ্যে, কলকাতা শহরের কোনও কোনও মানুষের মুখে এই কথা শুনে আতঙ্কিত হচ্ছি। এইরকম একটা ঘটনায় আত্ম-সন্তুষ্টি থাকার কারণ নেই যে বোম্বে শহর স্বাভাবিক হয়ে গেছে। একইদিনে ১৩টি স্থানে বোমা পড়াটা বিচ্ছিন্ন ঘটনা নয়। বোমা নিক্ষিপ্ত হওয়ার পর আমরা সমস্ত কলকাতার মানুষ নিরাপদ—ভিক্টোরিয়ায় বেড়াতে যাচ্ছি, নিউ-মার্কেটে বাজার করছি, গঙ্গার ধারে বেড়াতে যাচ্ছি, দ্বিতীয় হুগলি সেতু দেখতে

যাচ্ছি—কিন্তু দুর্ঘটনা যে ঘটবে না নিঃসন্দেহে তার গ্যারান্টি কোথায়? সেইজন্য নিরাপত্তা রক্ষার প্রশ্নে—আজকে ভারতবর্ষের বুকে যে ঘটনা ঘটে গেছে এতে নিশ্চিতভাবে বলা যায় দেশের মধ্যে যারা উগ্রপন্থ তাদের মধ্য থেকে যে এই ঘটনা ঘটেনি এটাই বা অবিশ্বাস করি কেমন করে। সত্যর যদি অপলাপ করি বা ঢেকে রাখবার চেষ্টা করি তাহলে ঘটনা অন্যদিকে মোড় নিতে পারে। সাম্প্রদায়িক দলগুলি এখনও সক্রিয়ভাবে চেষ্টা করবে। বাল থ্যাকারের মতন মানুষরা এই ঘটনাকে কেন্দ্র করে বোম্বে শহরের বুকে আবার অশান্তির সৃষ্টি করবার চেষ্টা করবে। যে কারণে আজকে বেদনা প্রকাশ করা হচ্ছে সেটা এর মধ্যে সীমাবদ্ধ না রেখে সৌগত রায় যে কথা বলেছেন—বাল থ্যাকারকে গ্রেপ্তার করা ছাড়া এই মুহূর্তে আর অন্য কোনও বিকল্প থাকতে পারে না। পশ্চিমবাংলার বিধানসভায় আজকে এই নজির স্থাপন নিশ্চয়ই আমরা করতে পারি, আমরা সমস্ত বিধায়করা রক্তদান কর্মসূচি আপনার নেতৃত্বে করতে পারি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলির কাছে নিঃসন্দেহে এটা গ্রহণযোগ্য হয়ে থাকুক। আব্দুল মান্নানও এই প্রস্তাব দিয়েছেন। আজকে এই ধরনের একটা প্রস্তাব উত্থাপন করে সমস্ত দল এটাকে সমর্থন করতে সক্ষম হয়েছে। এর পাশাপাশি আত্ম-সন্তুষ্টির মনোভাবে—মহারাষ্ট্র সরকার সহ বিভিন্ন রাজ্যসরকারগুলি না ভোগেন। আত্ম-সন্তুষ্টির মনোভাব পরিত্যাগ করে পরিস্থিতি সম্পর্কে সজাগ এবং সচেতন থাকুন। একটা প্রবাদ আছে বাঙালি আজ যা চিন্তা করে আগামীদিনে ভারতবর্ষ তাই চিন্তা করবে। এই চিন্তাধারায় দেশবাসীকে এই মুহূর্তে সচেতন করবার জন্য আমরা এই বিধানসভা থেকে উদ্যোগ নিতে চাই এবং আপনার মাধ্যমে শুধু কেন্দ্রীয় সরকারের কাছে নয় প্রতিটি রাজ্য সরকারের কাছে এই স্পিরিট পৌঁছে দিতে চাই—আমরা উদ্বিগ্ন এবং আশা করব, সংঘবদ্ধ প্রচেষ্টার দ্বারা ভারতবর্ষে যারা বিচ্ছিন্নতাবাদী এবং সাম্প্রদায়িক শক্তিগুলি এই অস্থিরতার দিকে ঠেলে দিতে চাইছে তাদের মোকাবিলা করতে একইরকম ভাবে আজকে এই সভা থেকে যে মনোভাব আমরা ব্যক্ত করলাম আগামীদিনে তার যাতে প্রতিফলন হতে পারে এই মনোভাব রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয় যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১২ মার্চ বোম্বে শহরে যে ঘটনা ঘটে গেছে তা শুধু মর্মন্তুদ এবং দুঃখজনক নয়, আমাদের কাছে যথেষ্ট বিপদজনক ইঙ্গিত বহন করছে।

গত কয়েক বছর ধরে আমরা দেখতে পাচ্ছি ভারতের বিভিন্ন সীমান্তবর্তী রাজ্যগুলিতে উগ্রপন্থী কার্যকলাপ ব্যাপক হারে বেড়ে গেছে, যার ফলে ভারতবর্ষের জাতীয় সংহতি এবং অখণ্ডতার প্রশ্নে একটা মস্ত বড় প্রশ্নচিহ্ন দেখা দিয়েছে। আমরা এটা নিয়ে ভাবিত। আজকে এসব উগ্রপন্থী কার্যকলাপের ক্ষেত্রে বিভিন্ন সাম্প্রদায়িক শক্তির মদত আছে। বিদেশ থেকে নানা প্রকার অস্ত্রশস্ত্র আজকে উগ্রপন্থিদের হাতে আসছে এই তথ্য সরকারের কাছে আছে। গত ৬ই ডিসেম্বর যে ঘটনা ঘটেছিল এবং তারফলে গোটা ভারতবর্ষে নতুন করে একটা উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হয়েছিল, কিন্তু সেই পরিস্থিতি থেকে দেশটা স্বাভাবিকতার দিকে যেতে শুরু করেছিল। কিন্তু দুঃখের বিষয়, বোম্বেতে দ্বিতীয় দফায় যে ঘটনা ঘটল তার পরিপ্রেক্ষিতে একথা না বলে উপায় নেই যে, আমাদের ইনটেলিজেন্স এজেন্সির আগাম সংবাদ

সংগ্রহ করবার ক্ষেত্রে কিছু ঘাটতি থেকে যাচ্ছে। একটা দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব যেমন জনগণের ঐক্য এবং সংহতির উপর নির্ভর করে তেমনি দেশকে রক্ষা করতে গেলে ইন্টেলিজেন্স এজেন্সির কাজ যদি আরও তীক্ষ্ণ এবং খবরদারির সঙ্গে পরিচালিত না হয় তাহলে এই ধরনের বিপজ্জনক পরিস্থিতি এড়ানো সম্ভব নয়। তাই আজকে দেশের সার্বভৌমত্ব এবং স্বাধীনতা রক্ষা করবার স্বার্থে ভারতবর্ষের সমস্ত শ্রেণীর নাগরিককে ভেদাভেদ ভুলে গিয়ে ঐক্যবদ্ধভাবে এই পরিস্থির মোকাবিলা করতে হবে। আমরা দেখেছি, অতীতে ভারতবর্ষে যখন বৈদেশিক আক্রমণের সম্মুখীন হয়েছে তখন সমস্ত শ্রেণীর নাগরিক ভারতবর্ষের অখন্ডতা রক্ষা করবার জন্য এগিয়ে এসেছেন। আমি আশা করব, ভারতবর্ষের সেই প্রাণশক্তি পুনরায় প্রকাশ ঘটবে এবং মৌলবাদি শক্তি যারা বিদেশি শক্তির সহযোগিতায় নিয়ে দেশের সংহতি নষ্ট করবার উদ্যোগ গ্রহণ করেছে তারা ব্যর্থ হবে। আজকে বোম্বেতে যে সমস্ত ব্যক্তি প্রাণ হারিয়েছে তাদের প্রতি আমি গভীর সমবেদনা জ্ঞাপন করছি এবং যারা আহত হয়েছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করছি। যারা আজকে এই কান্ড ঘটিয়েছে, এই প্রস্তাবের মাধ্যমে আমি তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বনের জন্য আবেদন করছি এবং অনুরোধ করছি, এই ব্যাপারে কোনওরকম শিথিলতা যেন না দেখানো হয়। যারা এই কাজ করেছে তারা ভারতবর্ষের বন্ধু নয়, শত্রু। তারা ভারতবর্ষের ক্ষতি করবার চেষ্টা করেছে, অগ্রগতি ব্যাহত করবার চেষ্টা করেছে। আজকে এর বিরুদ্ধে সংঘবদ্ধ হতে হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মী দে** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১২ তারিখের ঘটনাকে কেন্দ্র করে যে রেজলিউশন এখানে আনা হয়েছে ১৬৯ ধারায়, আমি তার পরিপ্রেক্ষিতে একটি বিষয়ে মাত্র বলতে চাই। প্রথমে যখন ঘটানার কথা শুনি, আমি বিশ্বাস করতে পারিনি যে, এইরকম ঘটনা বোম্বে শহরের বুকে কখনও ঘটতে পারে। মনে হোল যেন গৃহযুদ্ধ শুরু হয়ে গেছে। বিভৎস সে ঘটনা, মানুষের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ আলাদা আলাদাভাবে নিয়ে এসে তা টি. ভি.-তে দেখানো হয়েছে যা ভাববার মতো ব্যাপার নয়। আমরা এর বিরুদ্ধে সকলে মিলে শুধুমাত্র প্রতিবাদ করছি তা নয়, জনমত গড়ে তোলবার জন্য আবেদন রাখছি। আজকে ভারতবর্ষের সংহতি যারা নষ্ট করতে চাইছে সেই বিচ্ছিন্নতাবাদী সাম্প্রদায়িক শক্তি এই কাজ করেছে, তা না হলে এই ধরনের ঘটনা ঘটতে পারত না।

আজকে আমরা কাগজে দেখেছি যে বাজাজ কোম্পানির একটা স্কুটার ধরা পড়েছে, যে স্কুটার মডেল এখনও বাজারে চালু হয়নি। সেই স্কুটারের মধ্যে ১০ কেজি.-র মতো বোমার মশলা ছিল যাতে করে বিরাট একটা ধ্বংস কার্য হতে পারত যদি স্কুটারটা চালু হত। আজকে এই রকম একটা অবস্থা এখানে বিরাজ করছে। এটা একটা ভয়ের ব্যাপার, কেবল মাত্র একটা বোমা নয়, যে কোনও জায়গায় এই রকম ঘটনা ঘটতে পারে। আজকে এই ধরনের ঘটনা যারা ঘটাচ্ছে তাদের বিরুদ্ধে খালি জনমত গঠন করার প্রশ্ন নয়, কঠোর হাতে এর মোকাবিলা করার প্রশ্ন আছে। কিন্তু দুঃখের ব্যাপার ভারতবর্ষের কিছু বিচ্ছিন্নতাবাদী শক্তি, সাম্প্রদায়িক শক্তি আছে, বালথ্যাকারের মতো এমন কিছু মানুষ যে ইররেসপনসিবল বক্তব্য রাখছে, সেই বক্তব্যে এই বিচ্ছিন্নতাবাদি শক্তিকে মাথাচাড়া দিতে সাহায্যে করছে। কারণ এই রকম রটেছে যে শেয়ার কেলেঙ্কারির ব্যাপারে নাকি কাগজপত্র ছিল। আমরা

যদিও বিশ্বাস করছি না যেহেতু সরকার ব্যবস্থা করছেন। আমরা বলছি যে আরও দ্রুততার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করা হোক এবং কঠোর ব্যবস্থা গ্রহণ করে মানুষকে সচেতন করা উচিত। আজকে এই প্রস্তাব আনার মাধ্যমে সেটাও আমাদের চিন্তা করতে হবে। আমরা পশ্চিমবঙ্গের মানুষকে সচেতন করতে চাই। ইতিমধ্যে ভারতীয় যুব ফেডারেশন রক্ত দিয়েছে এবং সেটা পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে। এটা আজকে নিশ্চয়ই ধন্যবাদের ব্যাপার। ইতিমধ্যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যুব ফেডারেশনের মাধ্যমে রক্ত সংগ্রহ করা হবে এবং সেটা পাঠানো হবে। আমি একটি কথা বলতে চাই যে ভারতবর্ষের ঐক্য বিনষ্ট হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এই ঐক্য যারা বিনষ্ট করছেন, তারা দেশি শক্তিই হোক, বা বিদেশি শক্তিই হোক, ভারতের সমস্ত মানুষকে এই সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে, এই সন্ত্রাসবাদী কার্যকলাপের বিরুদ্ধে ঐক্যবদ্ধ করার প্রশ্ন এসে দাঁড়িয়েছে। কাজেই এই যে প্রস্তাব আনা হয়েছে, এটা সময়মতো আনা হয়েছে। আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব বোম্বের ব্যাপারে তুলেছেন, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। আজকে যে ঘটনা ঘটেছে এটা অত্যন্ত দুঃখজনক। ১২ তারিখে বোম্বেতে পরিকল্পিতভাবে যে ঘটনা ঘটেছে, সেই ঘটনাকে আমরা সকলেই নিন্দা করছি। এটা সত্যি একটা নক্কারজনক ঘটনা। কিন্তু একটা জিনিস আমাদের মনে রাখতে হবে যে এমন একটা সময়ে রিমোট কন্ট্রোলের সাহায্যে ১৩টি জায়গায় একই রকমভাবে বিস্ফোরণ হল এবং তাতে বহু মানুষ প্রাণ হারিয়েছে, বহু মানুষ এখনও মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এমন একটা অবস্থা চলছে যেটা আমরা ভাবতে পারছি না। আজকে ভারতবর্ষের মধ্যে এই রকম একটা ঘটনা ঘটল, কলকাতার মতো জায়গায় এই রকম ঘটনা ঘটবে না, এটা আমরা ভাবতে পারছি না। তাই আজকে যারা পরিকল্পিত ভাবে এই কাজ করেছে সেই সমস্ত লোককে কঠোর ভাবে শাস্তি দিতে হবে। তাদের যে কোনও ভাবে চিহ্নিত করতে হবে, সেটা দেশি শক্তিই হোক, আর বিদেশি শক্তিই হোক, তাদের চিহ্নিত করে কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। সেই সঙ্গে যে সমস্ত পরিবারের লোক যারা মারা গেছে তাদের প্রতি আমি সমবেদনা জানাচ্ছি এবং যারা অসুস্থ হয়ে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন, তাদের সহানুভূতি জানাচ্ছি যাতে তারা তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন হাঁসদা :** মাননীয় স্পিকার স্যার, গত ১২ই মার্চ বম্বে শহরে যে বেদনা দায়ক ঘটনা ঘটেছে সেই প্রসঙ্গে প্রবীণ মন্ত্রী বিনয়বাবু যে প্রস্তাব এনেছেন আমাদের দলের পক্ষ থেকে পূর্ণ সমর্থন করছি। এই সরকারকে এবং স্পিকার মহাশয় আপনাকেও ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে এই ঘটনায় যারা নিহত হয়েছে তাদের শোক সন্তপ্ত পরিবারকে সমবেদনা জানাচ্ছি। বম্বে শহরে যারাই এই ঘটনা ঘটাক না কেন তারা নিশ্চয়ই ভারতবর্ষের সংহতি এবং ঐক্যের পক্ষে বিরাট শত্রু। এই ঘটনায় একটা জিনিস পরিষ্কার হয়ে গিয়েছে যে আমাদের দেশের গোয়েন্দা বিভাগ কতখানি অসহায় এবং দুর্বল এবং অন্য দিকে প্রকাশ পেয়েছে আমাদের ওই শত্রু কতখানি শক্তিশালী। তারা যে সুনিপুণভাবে এই ঘটনা ঘটিয়েছে তার থেকে এটাই প্রমাণ হয়। যাই হোক আমাদের দেশের অখন্ডতাকে যারা বিনষ্ট করতে

চেয়েছে শক্তিশালী মনোভাব নিয়ে তাদের উপযুক্ত শাস্তি বিধানের ব্যবস্থা করতে হবে। যারা আমাদের দেশের ঐক্যকে বিনষ্ট করতে চায়, যারা আমাদের দেশের অখন্ডতা এবং সংহতিকে নষ্ট করতে চায় তাদের শক্তিশালী মনোভাব নিয়ে প্রতিহত করতে হবে। জাতীয় সংহতি এবং ঐক্যের প্রশ্নে সরকার যা যা সিদ্ধান্ত নেবে তাতে আমার দল এবং আমি সেটা সমর্থন করব। ঘটনায় জড়িত ব্যক্তিদের শাস্তি পাবে এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** স্যার, প্রথমে আমি একটা সংশোধনের কথা বলছি। শেষ দিকে যেখানে "With the families of the bereaved" আছে সেখানে বিরিভড আছে সেখানে ডিসিজড এটা আনার কথা বলছি। আমি প্রথমেই বিভিন্ন দলের মাননীয় সদস্যরা যে এই প্রস্তাবকে সমর্থন করেছেন তার জন্য তাদেরকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আর একটা কথা বলছি কোনও আত্মসন্তুষ্টির কথা কোথাও বলা হয়নি এর ভেতর। আমরা জানি অবস্থাটা খুব ভয়াবহ। এখন যেটা দরকার সেটা হল হার্ডওয়ার্ক। ইংরাজিতে একটা কথা আছে হার্ডওয়ার্ক ডাজ নট ব্রেক। কথা হচ্ছে এখন হার্ড ওয়ার্ক দরকার। আসল কথা হচ্ছে ভারতবর্ষ এবং পশ্চিমবাংলার জনগণের মধ্যে অধিকাংশ মানুষকে যাতে তারা এই বিপদের বিভিন্ন দিক সম্বন্ধে জানতে পারে সেটা দেখতে হবে। তার বিভিন্ন দিকগুলি চিহ্নিত করে বিপদ সম্পর্কে বিশেষভাবে অবস্থিত করতে হবে। এই ব্যাপারে প্রতিরোধের জন্য সমস্ত মানুষকে সজাগ এবং সচেতন করতে হবে। শুধু সজাগ এবং সচেতন করলে হবে না, তাদের সংগঠিত এর বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে হবে। সরকার পক্ষ থেকেও এই দায়িত্ব নেওয়া দরকার। এই যে বলা হচ্ছে বাল থ্যাকারে-এর আগে যে ঘটনা ঘটে গিয়েছে সেই ব্যাপারে কেন্দ্রের হোম ডিপার্টমেন্টের মিনিস্টারের তো ব্যবস্থা নেওয়ার কথা। তিনি নেননি। যেহেতু সরকারের কর্তব্য আপনারা বলেছেন—কিন্তু প্রতিটি দলই জাতীয় পর্যায়ে দিল্লিতে আছে। যারা করেছে বলা হচ্ছে সুনির্দিষ্ট ভাবে কারা করেছে, কি করেছে এইগুলি যখন জানা যাবে তখনই তার এগেনস্টে ডেফিনিটলি সমস্ত কর্মসূচি নেওয়া যায়, তার আগে যায় না। সেইজন্য কখন কোন কথাটা বলা সমিচীন সেট বুঝতে হবে। শুধু তাই নয় এই ব্যাপারে আত্ম অনুসন্ধান করতে হবে।

[1-40 — 2-15 p.m.] (Including Adjournment)

কারণ মানুষের অধিকাংশের ভেতরে নানা কারণে নানা প্রচার নানাভাবে তাদের চিন্তা চেতনায় যেগুলো দেখা দিয়েছে সেগুলোকে আমাদের দূর করতে হবে। আমাদের দেখতে হবে কেন মানুষ এই সমস্ত'র ভিকটিম হচ্ছে। সেজন্য অনেক গভীরে গিয়ে এটা করতে হবে। এটা এত সহজ কাজ নয়। সেজন্য সমস্ত দিক থেকে, মানুষের চিন্তা চেতনায় নানা ধরনের প্রচার মাধ্যমের ভিতর দিয়ে অনেক বিষ যা ঢুকেছে তা আস্তে আস্তে দুর করতে হবে। তারজন্য ব্যাপকভাবে একটা কর্মসূচি নেওয়া দরকার। কাজকর্মকে সংগঠিত করা দরকার। এখানে যে ঐক্যের মনোভাব নিয়ে এটা করলেন—ওখানে ঘটনার যে পরিধি এবং বিপজ্জনক যে ইঙ্গিত তা উপলব্ধি করলে আমাদের ঐক্যবদ্ধ ভাবে কাজ করা উচিত। দেশের সামগ্রিক বিপদের বিরুদ্ধে আমাদের সকলকেই ঐক্যবদ্ধ ভাবে এবং দৃঢ়ভাবে, একেবারে নিচের দিক থেকে সমস্ত মানুষকে সংগঠিত করে এগিয়ে আসার জন্য আমি আহ্বান জানাই। এখানে এই একটা প্রস্তাব নিয়েই আমাদের কর্তব্য শেষ হল না। এই প্রস্তাবে অন্তর্নিহীত বাণী যদি আমাদের ভিতরে

ঢুকে থাকে, তাহলে আসুন, আমরা পশ্চিমবাংলার সাড়ে ছয় কোটি মানুষকে সবদিক থেকে প্রস্তুত করি। এই কথা বলে আপনাদের আবার ধন্যবাদ দিয়ে এই প্রস্তাবটিকে সর্বান্তকরণে গ্রহণ করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Benoy Krishna Chowdhury that

This House views with serious alarm the recent series of explosions in Bombay causing heavy loss of lives and extensive damage to property and also sees in this heinous act an attempt to destabilite the country and calls upon the people of India at large and West Bengal in particular to be alert and further co-ordinate their efforts against this heinous attempt to destabilite the country and to disturb the peace and progress of the country.

This House also calls upon the Government of India through the State Government to take appropriate steps to trace out the culprits and forces involved in this heinous crime so that the confidence of the people is restored and security and integrity of our country is guaranteed.

This House also expresses its deep sympathy with the families of the deceased and with those that have been injured in this explosions —was then put and agreed to.

**Mr. Speaker :** There will be no Zero Hour today.

(At this stage the House was adjourned till 2.15 p.m.)

[2-15 — 2-25 p.m.](After Adjournment)

## LEGISLATION

### The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill, 1972, as reported by the Select Committee

**Shri Goutam Deb :** Sir, I beg to move that the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill, 1972, as reported by the Select Committee, be taken into consideration.

**Mr. Deputy Speaker :** Now there is a motion for circulation of the Bill by Shri Saugata Roy. I call upon Shri Saugata Roy.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আপনি কিছুটা সময় দিন, উনি কিছুক্ষণের মধ্যেই এসে পড়বেন। ওনার বক্তব্য পরে রাখবেন।

**ডেপুটি স্পিকার ঃ** এটা হয় না। সার্কুলেশন মোশনটা তো আগেই মুভ করতে হবে। এখানে ওনার বক্তব্য উনি পরে রাখতে পারেন না, মোশনটা মুভ করার দরকার আছে। আমি সৌগতবাবুকে দেখতে পেলাম না। সেইজন্য হিজ মোশন ইজ নট মুভড। এখন আলোচনা শুরু হবে, প্রথম বক্তা হচ্ছেন শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়, ওনাকে বলতে অনুরোধ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়....

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে এই বিলটি সিলেক্ট কমিটির পক্ষ থেকে প্লেস করা হয়েছে এবং মাননীয় সুদীপবাবু ওই কমিটির মেম্বার। যেহেতু সিলেক্ট কমিটির পক্ষ থেকে এই বিলটি পেশ করা হয়েছে সেইহেতু নৈতিকভাবে সুদীপবাবুর এই বিলের উপরে আলোচনা করার অধিকার নেই। তবে উনি একটা নোট অফ ডিসেন্ট আছে এবং সেই নোট অফ ডিসেন্টের বাইরে আর কোনও সাবজেক্টে বলতে পারবেন না। কেননা উনি সিলেক্ট কমিটির মেম্বার এবং এখানকার হাউসের যা নিয়ম আছে বা কনভেনশন অনুযায়ী যারা সিলেক্ট কমিটিতে থাকেন তারা বলতে পারবেন না। সুতরাং সুদীপবাবুর বলা উচিত নয়।

**ডেপুটি স্পিকার ঃ** আমাদের এখানকার অনুযায়ী নিয়ম আছে সিলেক্ট কমিটিতে যারা থাকেন তারাও বলতে পারেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য উনি বোধ হয় নিয়মটা ঠিক জানেন না, বোধহয় জানতেন না এই ব্যাপারে স্পিকারের রুলিং আছে। এই বিষয়ে বলা আছে, সিদ্ধান্ত আছে। নোট অফ ডিসেন্ট সুদীপবাবু দিয়েছেন এবং সিলেক্ট কমিটিতে থাকলেও বলা যাবে, এই বিষয়ে স্পিকারের রুলিং আছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আজকে এখানে মাননীয় মন্ত্রী শ্রী গৌতম দেব যে বিল এখানে উপস্থাপিত করেছেন, এই বিষয়ে আমি বলব আমাদের সিলেক্ট কমিটিতে ১৪টি সভা হয়েছে এবং সেখানে মন্ত্রী মহোদয় আমাদেরকে যথেষ্ট বলার সুযোগ দিয়েছেন এবং আলাপ আলোচনার ভিত্তিতে মতামত ব্যক্ত করেছেন। এবং সেই মতামত ব্যক্ত করার পরে এখানে বিলটা উপস্থাপিত করা হয়েছে। এই বিলের বিরোধিতা কোনও পর্যায়ে আমরা করছি না, আমাদের কিছু মিনিট অফ ডিসেন্ট দিয়েছি, ক্লজ বাই ক্লজ অ্যামেন্ডমেন্ট দিয়েছি, স্বভাবতই সেইগুলি নিয়ে বিচার বিবেচনা করার দায়িত্ব বা সিদ্ধান্ত মন্ত্রী মহোদয় নেবেন। স্যার, এই বিলটা মূলত এসেছে প্রোমোটারদের দৌরাত্মকে রোধ করতে। স্যার, আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের ১৬ বছরের পরে তাদের ঘুম ভাঙছে প্রোমোটারদের দৌরাত্ম সম্পর্কে কিছু করা উচিত। এই ১৬ বছরে পশ্চিমবাংলায় কলকাতা শহরে এবং হাওড়া শহরকে অসাধু প্রোমোটাররা স্বর্গ রাজ্য বানিয়ে ফেলেছে। এবং কলকাতা শহর আজকে কংক্রিট জাঙ্গল সিটিতে পরিণত হয়েছে। কলকাতা শহরে অসাধু প্রমোটারদের দৌরাত্ম দাপট হাওড়া শহরের বুকে প্রমোটারদের দৌরাত্ম দাপট একটা বিশেষ শ্রেণীর উদ্ভাবনা হল

যেটা সি. পি. এম.-র নেতৃত্বাধীন বামফ্রন্টের আমলে মানুষ জানতে পারল—এটা কেন হল, সেটা দেখা দরকার। আজকে কলকাতা শহরকে এই প্রমোটাররা কিভাবে কিনে ফেলল এই ব্যাপারে আমরা অনেক আগেই বলেছিলাম প্রমোটারদের নিয়ন্ত্রণে রাজ্য বিল আনতে হবে, এমনিতে কর্পোরেশনের বিল্ডিং রুলস আছে, মিউনিসিপ্যালের ক্ষেত্রেও আছে, এটা হচ্ছে সামগ্রিক রাজ্যের মানুষের প্রশ্ন, মানুষের মাথা গোঁজার জন্য, বাড়ি খোঁজার জন্য এই ব্যাপারে একটা নিয়ন্ত্রণ থাকা দরকার। আমাদের পশ্চিমবাংলায় নুতন করে অন্তত ২০ লক্ষ ইউনিট শেল্টার প্রয়োজন, পশ্চিমবাংলার গ্রামে ১৪ লক্ষ ইউনিট প্রয়োজন, যার মাধ্যমে আমাদের এই সমস্যার কিছুটা সমাধান হতে পারে। কিন্তু আমরা জানি রাজ্য সরকারের ক্ষমতা হচ্ছে সীমিত, লিমিটেড ক্যাপাসিটি। রাজ্য সরকারের পক্ষে এই বিরাট স্থান সংকুলান যে তাদের পক্ষে করা সম্ভবপর নয় এটা মানুষও বোঝে, আমরাও বুঝি। সেই কারণেই মানুষকে ছুটে যেতে হয় প্রমোটারদের কাছে এবং সেই প্রমোটাররা সুযোগ গ্রহণ করে। এটা উপলব্ধি করতে পেরে মানুষদের কিভাবে ঠকাচ্ছে, নানা রকমভাবে তাদেরকে প্রলোভন দেখিয়ে—এই রকম হচ্ছে এটি রাজ্য সরকার উপলব্ধি করতে পেরেছেন বলেই একটা পুরানো আইন ছিল এই পশ্চিমবাংলায় এবং সেটি তারা উপলব্ধি করছেন যে এই আইনকে পরিবর্তন করতে হবে এবং নূতন একটা বিল এনে আর একটা নুতন আইন করবার চেষ্টা করছেন। তাহলে প্রমোটারদের ক্ষেত্রে হয়ত কিছুটা নিয়ন্ত্রণে আনা যাবে। আগের আইনটা এইক্ষেত্রে সাফিসিয়েন্ট ছিল না এটা মন্ত্রী নিজেও আবার স্বীকার করেছেন যখন সিলেক্ট কমিটির বৈঠক হয়েছে এবং তিনি এও বলেছেন সেইজন্য এই পুরনো আইনকে বাতিল করতে হচ্ছে। সেইজন্য আমরা দেখছি প্রমোটারদের কাছ থেকে যারা বায়ারাস তারা মূলত ফ্লাট কিনছে কিন্তু প্রমোটারদেরকে যদি আমরা পুরোপুরি নিয়ন্ত্রণ করতে চাই এবং বিলের যদি আজকে উদ্দেশ্য হয় তাদের দলে অর্থাৎ সি. পি. এম.-র কব্জায় আনবার একটা চেষ্টা বা প্রবণতা থাকে তাহলে বিলের সার্থকতা থাকে না।

প্রোমোটারদের এই ইন্ডাস্ট্রি ওয়ার্ক—এটাকে ইন্ডাস্ট্রি বললে অত্যুক্তি হয় না—এই ইন্ডাস্ট্রির ক্রমবর্ধমান চাহিদা মিন্যুট অফ ডিসেন্ট এর ক্রম বর্ধমান চাহিদার কথা আমরা যদি স্মরণ রাখি এবং আমরা দেখি যে রাজ্য সরকার এই ব্যাপারে অধিকতর তৎপর হচ্ছে তবে এর কিছুটা সুরাহা হতে পারে। কিন্তু আমাদের এই প্রোমোটারদের দুভাবে ভাগ করতে হবে। একটা হচ্ছে অসাধু প্রোমোটার, আরেকটা হচ্ছে আইন-কানুন মেনে যারা কাজকর্ম করেন সেই ধরনের প্রোমোটার। সরকারের পরিকল্পনা আছে ৫৬ হাজার ইউনিট উনি গৃহনির্মাণ করবেন পশ্চিমবাংলায়। তাহলে বিলের মূল উদ্দেশ্য ব্যহত হয়ে যায়। সেক্ষেত্রে দুটো ক্লারিফিকেশন করতে হবে। একটা হচ্ছে অসাধু প্রোমোটর যারা তাদের কিভাবে শায়েস্তা করা যায়। যে প্রোমোটাররা অসাধু প্রোমোটার হিসাবে আছে, কিছু মানুষের কাছে তারা ব্লাক লিস্টেড হয়ে গেছে। যদিও সরকারের কাছ থেকে তাদের শাস্তি দেবার তৎপরতা আমরা কিছুই লক্ষ্য করছি না। এইরকম ভাবে বিভিন্ন জায়গায় অসাধু প্রোমোটারদের আমরা উপলব্ধি করতে পারছি। আমরা জানি যে মন্ত্রী মহাশয় বলেছেন, দুর্নীতি গ্রস্থ প্রোমোটারদের হাত থেকে রাজ্যবাসীকে রক্ষা করার জন্যই এই বিল আনা হয়েছে। আমরা জানি যে হাউসিং ইন্ডাস্ট্রি একটা গ্রোয়িং ইন্ডাস্ট্রি। কিন্তু আমাদের দেখতে হবে আমাদের মিনিউট অফ ডিসেন্ট বুরোক্রেটিক প্রেসারের

কাছে বিধিনিষেধের অন্তরায় হয়ে না দাঁড়ায়। বিলে আরেকটা জায়গায় বলা হয়েছে, প্রোমোটাররা যদি সময় মতো ফ্ল্যাট না দেন তাহলে টাকা ফেরৎ দেওয়া হবে। স্যার, যখন টাকা দিয়ে বাড়ি কেনা হয় মধ্যবিত্তই হোক বা নিম্নমধ্যবিত্তই হোক, লেনদেন যখন হয় তখন সাদা টাকা দিয়েই বাড়ি কেনেন। কিন্তু আমরা দেখি কেউ রেজিস্ট্রেশন যখন করে তখন ইনকাম ট্যাক্স ফাঁকি দেবার জন্য বাড়ির দামকে কম করে দেখানো হয়। ধরুন বাড়ির দাম যদি এক লক্ষ টাকা হয় তাহলে সেটাকে ৪০ হাজার টাকা দেখানো হয় রেজিস্ট্রেশন করবার সময়। বাকি ৬০ হাজার টাকা কালো টাকা হয়ে যায়। কোনও প্রোমোটার যখন এই রকমভাবে টাকা-পয়সা সংগ্রহ করতে থাকেন এবং প্রোমোটার সময়ে বাড়ি করতে না পারার জন্য যদি প্রোমোটার সেই ৪০ হাজার টাকা ফেরৎ দিতে চায়, তখন তার নিরাপত্তা ব্যবস্থা কোথায় থাকবে। সুতরাং টাকা ফেরৎ দেওয়ার প্রশ্ন চলবে না। এই ব্যাপারে স্টিক হতে হবে এবং প্রোমোটাররা যাতে মানুষকে ঠকাতে না পারেন সেটা দেখতে হবে। আপনি জানেন আপনাদের দলের সঙ্গে প্রোমোটারদের যোগসাজস আছে। থানাতে প্রোমোটারকে ধরে নিয়ে যাওয়া হয়েছে, ও. সি. থানায় এসে দেখে প্রোমোটার থানা থেকে চলে গেছে।

অর্থাৎ এদের ঔদ্ধত্য এদের সমস্ত ব্যবস্থাটাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানোর যে প্রবণতা সে সম্পর্কে আমরা যদি প্রথম থেকে সজাগ এবং সচেতন না হই তাহলে আমার মনে হয় প্রোমোটারদের দৌরাত্ম্য রোধে কার্যকরি ব্যবস্থা আমরা গ্রহণ করতে পারব না। এই বিল যদি আমরা আরও আগে আনতে পারতাম তাহলে এমন অবস্থার মুখোমুখি আমাদের হতে হত না। আজকে যে কোনও ব্যাপারেই দেখছি যে প্রোমোটারদের নাম উঠছে। বাজারে আগুন লাগছে, একটার পর একটা বাজার পুড়ছে আর তারপর সেই পুড়ে যাওয়া বাজারের ব্যাপারে প্রোমোটারদের সঙ্গে সরকারের চুক্তি হয়ে যাচ্ছে, লিজ হয়ে যাচ্ছে। কলকাতা শহরে দাঙ্গায় বস্তি পুড়ছে আর মানুষ আঙ্গুল তুলে বলছে যে এ প্রোমোটারদের কাজ। বস্তিতে বস্তিতে আগুন লাগিয়ে সেখানে আবার নতুন করে বাড়ি করবার তারা পরিকল্পনা করছে। অর্থাৎ এইভাবে প্রোমোটারদের মানুষ একটা জায়গায় এনে দাঁড় করিয়ে দিয়েছে। তাদের কাজকর্মের জন্য বা কৃতকর্মের জন্য মানুষ তাদের এমন একটা জায়গায় চিহ্নিত করে দিয়েছে যে এরা ডিস অনেস্ট এবং আনস্ক্রুপুলাস। কিন্তু এই বিলের উদ্দেশ্য কখনও এটা হওয়া উচিত নয় যে আমাদের পশ্চিমবঙ্গ সহ সারা দেশের বিভিন্ন জায়গায় যখন নতুন নতুন করে হাউসিং ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে এবং তাকে কেন্দ্র করে একটা দিক নির্দেশ সূচিত হচ্ছে তখন এই হাউসিং ইন্ডাস্ট্রিকে অবস্ট্রাকশন করা। আমরা আমাদের মিনিটস অব ডিসেন্টে এক জায়গায় বলেছি যে এই বিল যাতে নতুন করে গৃহ নির্মাণের ক্ষেত্রে অন্তরায় না হয়ে দাঁড়ায়। That is why, we had suggested an amendment for self-regulation of promoters instead of case to case registration for each new house to be constructed. The amendment, we had suggested that there should be an one time Registration of promoters, together with a code of conduct for one promoters. Any violation of the Code of Conduct could be punishable. This would have shortened the Bill and made it less cumbersome. আমরা একথা আমাদের মিনিটস অব ডিসেন্টে উল্লেখ করেছি। এখানে আমাদের সুযোগটাকে গ্রহণ করতে হবে। আমাদের কেন্দ্রীয় সরকার তারা এই গৃহ সমস্যাকে নিয়ে খুব সচেতন

হয়ে পড়েছে। তারা ভাবছেন যে সত্যি করে মানুষের মাথা গোঁজার ঠাঁই কি করে হতে পারে। আপনারা জানেন যে আমাদের যৌথ পরিবারগুলি ভেঙ্গে পড়েছে। একটা যৌথ পরিবারে অনেক মানুষ বাস করতেন কিন্তু এখন পরিবারগুলি ভাগ হয়ে যাবার ফলে আলাদা আলাদা করে প্রত্যেকে ঘর চাইছে। তা ছাড়া আপনারা জানেন যে যারা প্রবাসী ভারতীয় বা বাঙালি তারাও ঘর চাইছেন বা বাড়ি চাইছেন। বিজ্ঞাপনগুলি লক্ষ্য করলেই দেখবেন যে প্রবাসী বাঙালি বা ভারতীয়দের জন্য বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে এবং তাদের জন্য আলাদা অ্যালটমেন্ট রাখা হচ্ছে বিভিন্ন জায়গায় সরকারি উদ্যোগে যে সব পরিকল্পনা হচ্ছে তাতে। কারণ আমাদের দেশের সঙ্গে যারা স্বত্ত্বা ছিন্ন করে একদিন বিদেশে চলে গিয়েছিলেন তারা আবার দেশে ফিরে আসতে চাইছেন। দেশে ফিরে থাকার জন্য তারা বাড়ি চাইছেন বা মাথা গোঁজার একটা ঠাঁই চাইছেন। সুতরাং এ সম্পর্কে রাজ্য সরকারকে উদ্যোগ নিতে হবে। আমাদের ন্যাশনাল হাউসিং পলিসি যেটা হচ্ছে তার সম্পূর্ণ সুযোগ নিতে হবে। তাছাড়া ন্যাশনাল হাউসিং ব্যাঙ্ক যেটা আছে তার সুযোগ আমাদের পরিপূর্ণভাবে গ্রহণ করতে হবে। কেন্দ্রীয় নগর উন্নয়ন দপ্তর এ সম্পর্কে পুরো সচেতন। ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের উদ্দেশ্য কি সেটা বলছি। With a view to augmenting the flow of institutional finance to Housing sector, National Housing Bank was set up as a subsidiary to Reserve Bank of India in july, 1988. The Ministry is closely involved with the various initiatives of National Housing Bank for mobilising resources and channelising funds within the frame work of the National Housing Policy, the Bank is operating a Home Loan A/c Scheme as announced in the Budget of 1989-90 for mobilization of savings from the general public linked to guaranteed loans and preferential allotment of a house. To popularise the scheme the State Housing Board/Agencies have been asked by the Ministry to give preference to the members of this scheme in allotment of house plot by the public .agencies.

অর্থাৎ ন্যাশনাল হাউসিং ব্যাঙ্কের যে মূল উদ্দেশ্য এবং সারা ভারতবর্ষে যে সমস্যা নিয়ে কেন্দ্রীয় সরকার যে ভাবে উদ্বিগ্ন হয়ে পড়েছে তাতে আমার মনে হয় যে এই রাজ্যে দেরিতে হলেও একদিকে প্রমোটারদের দৌরাত্ম নিয়ন্ত্রণের জন্য আজকে এখানে যে বিল আনতে চাইছেন এবং তার পাশাপাশি রাজ্য সরকার চেষ্টা করছেন নতুন করে গৃহ নির্মাণের ব্যাপারে আরও কিছু উদ্যোগ গ্রহণ করতে—আমাদের স্যার, একটা প্রচলিত কথা আছে, বাংলার মানুষ বাড়ির জন্য খুব উৎকণ্ঠিত—আমাদের চলতি কথা আছে সাহেবের গাড়ি, মুসলমানের হাঁড়ি আর বাঙালিদের বাড়ি। এই তিনটতে প্রচলিত কথা, একজন ভোজন রসিক মুসলমান, তার বিরিয়ানি, মাংস খাবার প্রবণতা, বাঙালির প্রবণতা হচ্ছে একটা বাড়ি করা, আর একজন সাহেবের প্রবণতা হচ্ছে হ্যাট পরে গাড়ি চড়া। সেই কারণে বাঙালির এই যে গৃহ সমস্যা এই গৃহ সমস্যা থেকে একটা পরিস্থিতির উদ্ভব হয়েছে তার ফলে রাজ্য সরকারকে বাধ্য হয়ে এই পরিস্থিতির মোকাবিলা করতে হচ্ছে। আমাদের সৌভাগ্য পশ্চিমবাংলায় গৌতমবাবুর মতো মানুষ হাউসিং মিনিস্টার হিসাবে উদ্যোগ নিচ্ছেন কিন্তু বুদ্ধদেববাবু নগর উন্নয়ন মন্ত্রী এই প্রোমোটারদের অত্যাচার রোধ করতে এই দরবারে দাঁড়িয়ে আজ পর্যন্ত কিছু করলেন না। এই প্রোমোটাররা কি ভাবে অত্যাচার করছে, তারা কি ভাবে কলকাতা শহরকে

লুঠ করছে, তারা কি ভাবে শহরের মধ্যে অনুপ্রবেশ ঘটাচ্ছে, আজকে কিছু কিছু প্রোমোটার মতোপোলাইজ করবার চেষ্টা করছে, কলকাতার প্রোমোটার গ্রামের মধ্যে গিয়ে হাত সম্প্রসারিত করছে কিন্তু বুদ্ধদেববাবু তার দপ্তরের মাধ্যমে কিছুই করছেন না। বুদ্ধদেববাবুর দপ্তর সম্পর্কে কোনও কাজ তিনি করছেন না। তার একমাত্র কাজ হল ডিফ্যাক্টো হোম মিনিস্টার হিসাবে কাজ করা, সব সময় চিফ মিনিস্টারের সঙ্গে ফুসফুস করে কথা বলছেন, ডিফ্যাক্টো হিসাবে কোন এস. পি.-কে কোথায় বদলি করবেন, কোন অফিসারকে কোথায় বদলি করবেন এই নিয়ে ব্যস্ত আছেন। তার নিজের দপ্তর সম্পর্কে কোনও খবর তিনি রাখেন না, তার দপ্তরের কাজ সম্পর্কে কোনও ধ্যান ধারণা তার নেই। প্রতি মুহূর্তে মুখ্যমন্ত্রীকে নির্দেশ দিচ্ছেন অফিসার বদলির ব্যাপারে। কিন্তু নিজের দপ্তর নগর উন্নয়ন দপ্তর সম্পর্কে কোনও উন্নয়নমূলক কাজ তিনি করছেন না। যদি হাউসিং মিনিস্ট্রির সঙ্গে কোঅর্ডিনেশন থাকত তাহলে অনেক কাজ হতে পারত। আজকে কলকাতা শহরে অসাধু প্রোমোটারদের দৌরাত্ম এত ঘটত না। আজকে কলকাতা শহরে ১০ হাজার ইল্লিগ্যাল কনস্ট্রাকশন হয়েছে। সরকার পক্ষ থেকে তার জন্য কোনও দায়িত্ব নেওয়া হয়নি। আজকে অসাধু প্রোমোটার তাদের লাভের প্রত্যাশা বাড়তে বাড়তে এমন জায়গায় গেছে, সেটাকে টেনে নামাতে গিয়ে আর একটা বিল নিয়ে তিনি এসেছেন। আমরা বিলের বিরোধিতা করতে চাই না, তবে যে কথা বলতে চাই, কি রকম নিন্দনীয় ভাবে এক সঙ্গে প্রোমোটারদের সঙ্গে এক সঙ্গে পুলিশ অফিসার এবং শাসক দলের মধ্যে যে অশুভ আঁতাত গড়ে উঠেছে, যে আনহোলি অ্যালায়েন্স, আনহোলি নেকসাস গড়ে উঠেছে, এবং যেটা বিরাজ করছে তাকে গোড়া থেকে ভাঙতে হবে। তা যদি না করেন তাহলে কিছু হবে না এবং একটা ব্যাপার, যদি আবার আমলা তন্ত্রের উপর নির্ভর করা হয়, তাহলে সমস্যা আরও জটিল আকার ধারণ করবে। সেই জন্য অসাধু প্রোমোটারদের দৌরাত্মের নামে যাতে যারা প্রকৃত অর্থে সৎ প্রমোটার, যারা নিয়ম কানুন মেনে বাড়ি নির্মাণ করছেন, তাদের সঙ্গে অসহযোগিতা করার কোনও কারণ থাকতে পারে না।

আজকে এই প্রমোটারদের সম্পর্কে মানুষের যে অবিশ্বাস তৈরি হয়ে গেছে—একটা চুক্তি করে টাকা নিচ্ছে, দেড় বছর, ২ বছর বা ৩ বছর পরে যখন আবার বাড়ির পজেশন নিতে যাচ্ছে তখন তাকে অর্ধ সমাপ্ত বাড়ি পজেশন দিয়ে দেওয়া হচ্ছে, সম্পূর্ণ বাড়ি পজেশন দেওয়া হচ্ছে না। সেই কারণে আমি বারবার বলছি, প্রমোটারদের নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে আপনি যে বিল এনেছেন এবং আমরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি এবং যা নিয়ে সিলেক্ট কমিটিতে ক্লজ বাই ক্লজ ডিসকাশড করেছি এবং বিধানসভার অভ্যন্তরেও যে উদ্বিগ্নের কথা বারবার বলছি সেই সব কথা স্মরণে রেখে আপনি যে কতকগুলি সিদ্ধান্ত নিয়েছেন বিলে, যেমন, নির্মাণকার্যে নিচু মানের সরঞ্জাম ব্যবহার করা হলে অথবা অন্য কোনও ভাবে আইনের লঙ্ঘন করা হলে রেজিস্ট্রেশন বাতিলের ব্যবস্থা থাকবে। (২) নির্মাণ কার্য সরেজমিনে খতিয়ে দেখার জন্য আগে থেকে না জানিয়ে যে কোনও সময়ে সাইডে যাবার অধিকার থাকবে সরকারের নিজস্ব কর্তৃপক্ষের এবং (৩) বাড়ি নির্মাণ ও ফ্ল্যাট হস্তান্তর-এ ইচ্ছাকৃত দেরি হলে অগ্রিম বাবদ ক্রেতার জমা দেওয়া টাকার উপর প্রমোটার ক্ষতিপূরণ বার্ষিক ১২ শতাংশ হারে সুদ দিতে বাধ্য থাকবে। এইরকম অনেকগুলি কথা বিলের মধ্যে উল্লিখিত হয়েছে। কিন্তু নতুন তরুণ মন্ত্রী হিসাবে আপনি শুভ উদ্যোগ নিয়ে যতই চেষ্টা করুন না কেন

আপনার দল প্রমোটারদের কাছে বিক্রি হয়ে গেছে। অসাধু প্রমোটারদের কাছ থেকে টাকা নিয়ে আপনার দলের নির্বাচন কার্য পরিচালনা হচ্ছে। তাদের কাছ থেকে চাঁদা-পত্র নেওয়া হচ্ছে। আমি বারবার সভায় দাঁড়িয়ে বলেছিলাম নিউ মার্কেট থেকে শুরু করে বিভিন্ন বাজারে আগুন লাগার পর অসাধু প্রমোটারদের স্বার্থে বাজারগুলি তুলে দেওয়া হয়েছিল—১৯৮৭ সালে বিধানসভার নির্বাচনের আগে তাদের কাছ থেকে কোটি-কোটি টাকা লেনদেন করে আপনাদের দলীয় তহবিল হয়েছে। সুতরাং তাদের ইচ্ছার বিরুদ্ধে এত সহজে আইনের বেড়াজালে কি করে আটকাবেন? আপনি ভয়ে গুটিয়ে যাবেন। যাইহোক, এদের বিরুদ্ধে ভিজিলেন্ট আই রাখতে হবে। জনপ্রতিনিধিদের বক্তব্য, তাদের মতামত, তাদের অভিযোগ শুনতে হবে। এমনিতেই তো প্রোমোটারদের সঙ্গে পুলিশ কমিশনার, জয়েন্ট পুলিশ কমিশনারের সাথে হবনসিং-এর কথা সংবাদপত্রে দেখতে পাচ্ছি। এইসব ক্ষেত্রে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সব ঘটনা ঘটে যাবার পর আপনি নতুন করে উদ্যোগ শুরু করেছেন। আপনার এই উদ্যোগ আমলাতান্ত্রিক ব্যবস্থার বেড়াজালে আটকে গিয়ে মাঝপথে যেন বন্ধ হয়ে না যায়। এ ব্যাপারে আপনি নিশ্চয়ই সচেষ্ট থাকবেন এবং গৃহস্থ মানুষ যাতে অত্যন্ত সহজ শর্তাবলিতে গৃহের ব্যবস্থা করার সুযোগ করে দেওয়া যায় তার সুনির্দিষ্ট এবং স্পষ্ট সংবাদ পরিবেশন করে এই সভাকে আপনি আশ্বস্ত করবেন যাতে সাধারণ মানুষ অনুভব করতে পারে রাজ্য সরকার দীর্ঘ ১৬ বছর পরে কুম্ভকর্ণের মতোন ঘুমিয়ে উঠে হঠাৎ দেশে গৃহ সমস্যা আছে এটা অনুভব করে প্রোমোটারদের কিছুটা যদি নিয়ন্ত্রণ করা না যায় তাহলে সমস্ত ব্যাপারটা বাঞ্চাল হয়ে যেতে বসবে।

[2-45 — 2-55 p.m.]

সুতরাং বেটার লেট দ্যান নেভার। অনেক বিলম্ব হয়েছে। বিলম্ব হলেও আপনাদের উপলব্ধি হয়েছে। সে কারণে প্রমোটারদের দৌরাত্ম বিরোধী যে বিল এনেছেন তার উপর আমাদের সৌগত রায় কতগুলি অ্যামেন্ডমেন্ট যা এনেছেন তা নিয়ে কোনও ভোটাভুটি বা মত পার্থক্যে যেতে চাই না। সেগুলো নিয়ে আপনি আলোচনা করুন। আমাদের কাছে মিনিটস অফ ডিসেন্ট আছে। তরুণ মন্ত্রী হিসাবে আপনার কাছে এটকু বিশ্বাস, আপনার সিনিয়র এবং মহামান্য প্রভাবশালী মন্ত্রীগণ, পশ্চিমবঙ্গে বিরাট বিরাট যাদের পরিচিতি, তারা যে কাজ করতে পারেননি সেই কাজে আপনি উদ্যোগ নিয়েছেন এবং সফল হবেন। সেক্ষত্রে আপনার দপ্তরের সঙ্গে নগর উন্নয়ন দপ্তরের সংযোগসাধন করুন, সমন্বয় করুন। শুনছি বুদ্ধদেববাবু নগর উন্নয়ন দপ্তরের দায়িত্ব নাকি অশোক ভটাচার্যের হাতে ছেড়ে দেবেন। ছেড়ে দিলে দিন, তাহলে বাংলার মানুষ স্বস্তির নিঃশ্বাস ফেলবেন, কারণ তাহলে ঐ দপ্তর উদাসিনতার হাত থেকে রক্ষা পাবে। আপনি নগর উন্নয়ন দপ্তরের সঙ্গে বসুন, সমন্নয়সাধন করুন, কারণ প্রমোটারদের দৌরাত্ম বিরোধী বিল্ডিং রুলস কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলোতে আছে। তাই কাজটা যৌথভাবে করুন। আজকে উদ্যোগ যা গ্রহণ করেছেন সেটা নানা প্যারাফার্ণেলিয়ার মধ্যে পড়ে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখুন। এই বিল আনবার পর প্রমোটার দৌরাত্ম বিরোধী যে উদ্যোগ নেওয়া হবে তাতে আপনাদের পার্টি এবং পার্টি ক্যাডাররা যেন সরকারি আমলাদের কাজের বাধা হয়ে না দাঁড়ায়। এমনিতেই আমলাতন্ত্রের গলা টিপে ধরে রেখেছেন, নিজেদের বলবার কিছু নেই। সমস্ত আমলারা আজকে পার্টি ডিক্টেট টার্মসের উপর চলছেন।

আজকে যখন আমলাতন্ত্রের হওয়া উচিত ছিল কমিটেড ব্যুরোক্র্যাসি টু দি গভর্নমেন্ট, সেটা না হয়ে হয়েছনে কমিটেড ব্যুরোক্র্যাসি টু দি সি. পি. এম. পার্টি ইটসেল্ফ। আজকে সি. পি. এম. পার্টির কাছে ব্যুরোক্র্যাসি যেভাবে আত্ম সমর্পন করেছেন সেক্ষেত্রে অফিসারদের কে ভরসা দেবে? কাজেই এক্ষেত্রে দলের ক্যাডাররা যদি তাদের কাজকর্মে অসুবিধা সৃষ্টি করে, সেক্ষেত্রে তাদের অন্তত একটা নির্দেশ দিয়ে দেবেন। ক্যাডারদের নির্দেশে এই বিলে সমস্ত দিকগুলি যেন নির্ধারিত না হয়। সেজন্য আবার বলছি, এতদিন পরে যখন একটা উদ্যোগ আপনি গ্রহণ করেছেন কলকাতা, হাওড়া এবং মফস্বল শহরসহ গ্রাম বাংলার ক্ষেত্রে তখন সেখানে নতুন করে হাউসিং প্রোজেক্ট শুরু হোক। গৃহ সমস্যা একটা জাতীয় সমস্যা, পশ্চিমবঙ্গও এই সমস্যার বাইরে নয়। বাংলার এই সমস্যার সঙ্গে আমরা যখন অঙ্গাঙ্গিভাবে জড়িত তখন এই ব্যাপারে একটা সুনির্দিষ্ট পরিকল্পার কথা উপস্থিত করুন। প্রমোটার দৌরাত্মবিরোধী যে বিল এখানে উপস্থাপন করেছেন সেটা সময়োপযোগী, কিন্তু সময়মতো এনেছেন বলে মনে করি না। এক্ষেত্রে ভয়ঙ্কর দেরি হয়ে গেছে এবং তারফলে ক্ষতিটা মারাত্মক জায়গায় গিয়ে পৌছেছে। তা সত্ত্বেও এই বিলটা এনেছেন। আমরা মিনিটস অফ ডিসেন্ট এবং অ্যামেন্ডমেন্ট যা দিয়েছি সেগুলো আপনি বিবেচনা করবেন এই প্রত্যাশা রাখছি।

**শ্রী নির্মল মুখার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী গত ১৯৯২ সালের জুন মাসে বিলটা এনেছিলেন এবং পরবর্তী এই বছরে সিলেক্ট কমিটির মাধ্যমে সমৃদ্ধ হয়ে হাউসে এসেছে। আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানিয়ে জানাতে চাই, আমাদের কারও কারও ধারণা ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং পশ্চিমবঙ্গে মিউনিসিপ্যালিটিগুলি যা আছে সেই সমস্ত স্ট্যাট্যুটারি বডিগুলির মধ্যেই বোধ হয় এই বিলটার অ্যাকটিভিটি সীমাবদ্ধ। কিন্তু মোটেই তা নয়। এই বিলের অ্যাকটিভিটি সারা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে। এই যে বিলটা আনা হয়েছে এটা আইনে পরিণত হলে কারও কারও মধ্যে আশঙ্কা, এই লোকাল অথরিটি এবং গভর্নমেন্টের মধ্যে ওভারল্যাপিং এর কোনও আশঙ্কা আছে কিনা? এর মধ্যে ওভার ল্যাপ হওয়ার আশঙ্কা আছে কিনা। আমি এই বিলে যা বুঝেছি তাতে ওভার ল্যাপিংয়ের কোনও আশঙ্কা নেই। অপর দিকে এই বিল অত্যন্ত পরিপূরক এবং সময়োপযোগী হয়েছে। লোকাল অথরিটির যে বিল্ডিং রুল আছে তাকে এটা সাহায্য করবে। কাজেই এই বিল সময়োপযোগী হয়েছে। তার কারণ বিল্ডিং অ্যাক্টিভিটিজ, এটা একটা ইন্ডাস্ট্রি পর্যায়ে পড়ে। একটা ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্ট নির্ভর করে তার পরিকাঠামো, পরিবেশ প্রস্তুতির উপরে। পশ্চিমবাংলায় বিল্ডিং অ্যাক্টিভিটিজের যে ইনফ্রাস্ট্রাকচার আছে অর্থাৎ পরিষেবা গত পরিবেশ, সেটা যথেষ্ট উন্নত পর্যায়ে আছে তাই কেবল মাত্র মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন এলাকায় নয়, এই রকম গোটা পশ্চিমবাংলায় আমরা দেখছি যে বিল্ডিং অ্যাক্টিভিটিজ যে ভাবে এক্সপ্যান্ড করেছে সেটা ১০/১৫ বছর আগে ছিল না। আজকে বিল্ডিং অ্যাক্টিভিটিজ যত ডেভেলপমেন্ট করছে, আমি মনে করি ব্যক্তিগত উদ্যোগে বাড়ি তৈরি করা একটা প্রধান কারণ। আমরা দেখেছি যে সরকারের পক্ষ থেকে বিল্ডিং ডাইরেক্টরেটের মাধ্যমে, হাউসিং বোর্ডের মাধ্যমে এবং কলকাতায় সি. আই. টি.-র মাধ্যমে এই বিল্ডিং অ্যাকটিভিটিজ হয়। এছাড়া এখন নূতন একটা বিষয় যুক্ত হয়েছে সেটা হচ্ছে প্রোমোটার। বহু মানুষ আছে, উচ্চবিত্ত হতে পারে, মধ্যবিত্ত হতে পারে, যারা নিজেরা

জমি কিনে বিল্ডিং তৈরি মধ্যে যে হ্যাজার্ড হয় তার মধ্যে যেতে চান না। তারা সরকারের মাধ্যমে বাড়ি কিনতে চায়, বা প্রোমোটারের মাধ্যমে বাড়ি কিনতে চায়। এর ফলে প্রোমোটারদের অ্যাক্টিভিটিজ পশ্চিমবাংলায় ডেভেলপমেন্ট করেছে অন্যান্যদের মতো। কেন্দ্রীয় সরকার এই প্রোমোটারদের সম্পর্কে রেগুলেটরি অ্যাক্ট ইত্যাদি বিষয়ে চিন্তা-ভাবনা করছে। পশ্চিমবাংলায় মাননীয় মন্ত্রী মহাশয়ও সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করে এই বিল এনেছেন। আমি মনে করি যে কর্পোরেশন, পশ্চিম বাংলায় যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে, তাদের নিজস্ব বিল্ডিং রুলস আছে। কিন্তু সেই বিল্ডিং রুলে সীমাবদ্ধতা আছে। একজন জমির মালিক, রাইজড পারসনকে একটা বিল্ডিং প্লান জমা দেবে। সেই অথোরাইজড পারসন তার আইনের চৌহদ্দির মধ্যে দেখবে যে সেটা ঠিক আছে কিনা। যদি বিল্ডিং প্লান ঠিক থাকে এবং সেটা গ্রহণযোগ্য হয় তাহলে সেটা স্যাংশন দেওয়া হবে। তারপরে সেই স্যাংশন লিমিটেড মধ্যে মালিক কাজ করছে কিনা সেটাও দেখার এক্তিয়ার আছে। কিন্তু যে সমস্ত প্রোমোটার পর্দার অন্তরালে কাজ করেন তাদের ধরার ক্ষেত্রে বিল্ডিং রুলে সেই ভাবে কিছু নেই। মাননীয় মন্ত্রী মহাশয় যে ভাবে বিলটা এনেছেন, তিনি প্রোমোটারদের রেগুলেট করতে চেয়েছেন। প্রোমোটারদের মধ্যে দুটো অংশ আছে—সাধু এবং অসাধু। প্রোমোটারদের রেগুলেট করতে গিয়ে কে সাধু প্রোমোটার, আর কে অসাধু প্রোমোটার সেটা আমাদের খোঁজার প্রয়োজন নেই। আমরা জানি তারা ব্যবসা করতে এসেছেন, লাভ করতে এসেছেন। এই লাভ যখন তারা করবেন তখন যারা পার্চেজার, যারা কিনবেন তাদেরস্বার্থের পরিপন্থী যাতে না হয়, তারা যাতে সর্বশান্তের পথে না যায় সেটাকে মন্ত্রী মহাশয় রেগুলেট করতে চেয়েছেন। তার সঙ্গে সঙ্গে আর একটা জিনিস হচ্ছে, সাব-স্ট্যান্ডার্ড কোয়ালিটি অব মেটেরিয়্যাল। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, যেটা লোকাল অথরিটির যে বিল্ডিং রুল আছে তাতে সেই ভাবে পড়ে না। প্রোমোটার যদি সাব-স্ট্যান্ডার্ড মেটেরিয়াল দিয়ে বাড়ি তৈরি করে তাহলে স্ট্যাবিলিটি অব দি বিল্ডিংয়ে ক্ষেত্রে একটা বিপদের জায়গা থাকে। কারণ যিনি বাড়ি কিনবেন আগামীদিনে তাকে বিপদের মধ্যে পড়তে হতে পারে।

[2-55 — 3-05 p.m.]

তাই একজন যিনি ফ্লাট কিনবেন তিনি না হয়ে সরকার তার স্বার্থগুলি দেখবেন। কি স্বার্থ? এই জমিতে কোনও লিটিগেশন আছে কিনা, জমির মালিকানা পরিপূর্ণ ঠিক আছে কিনা। দ্বিতীয় হচ্ছে যে, প্রোমোটার হিসাবে যিনি রেজিস্ট্রেশন করছেন সেই প্রোমোটারের অর্থনৈতিক দিকটা দেখবেন। কি ভাবে তিনি বাড়ি তৈরি করবেন। কালো টাকার পাহাড় দিয়ে বাড়ি তৈরি করবেন না কি পদ্ধতিতে বাড়ি তৈরি করবেন এই ফাইনান্সিয়াল ক্যাপাসিটি যাচাই করার অধিকার এই বিলের মাধ্যমে সরকারের উপর বর্তাবে। প্রোমোটারদের ধরার কোনও সুযোগ না থাকার জন্য এটা করা হয়েছে। অনেকে টাকা অ্যাডভান্স করেছে ৩ থেকে ১০ বছর বাদেও সে বাড়ি পেল না, মধ্যবিত্ত মানুষ ঘুরে বেড়াচ্ছে। এটাকে এখন কঠোর ভাবে রেগুলেট করা হয়েছে যাতে কোনও প্রোমোটার কোনও পারচেজারকে ঠকাতে না পারে। এই বিলের প্রধান বিষয় হচ্ছে যারা বাড়ি কিনতে যাচ্ছে, ফ্লাট কিনতে যাচ্ছে তাদের স্বার্থ সুরক্ষা করা যেটা আমাদের মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের বিলের মধ্যে সেই ভাবে সুরক্ষা করার রক্ষাকবচ নেই। এই বিল আগামী দিনে বিল্ডিং অ্যাক্টিভিটির ক্ষেত্রে পশ্চিমবাংলায়

যথেষ্ট সহায়ক হবে। পরের বিষয় হচ্ছে পেনাল প্রভিসন। এই পেনাল প্রভিসনটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তার কারণ আইনে যদি কঠোরোতম ব্যবস্থা না থাকে, কেবলমাত্র স্বর্গীয় চিন্তা-ভাবনা করলে হবে না। যেটা 'ডিজায়ার' মাননীয় সুদীপবাবুর নোট অফ ডিসেন্টের মধ্যে প্রকাশিত হয়েছে যে রেগুলেশন ঠিক নয়। আমাদের দেশের শিল্পের সামনে দরজা-জানালা খুলে দেওয়া হয়েছে। বিল্ডিং অ্যাক্টিভিটি যদি শিল্প হয়, পশ্চিমবাংলায় সেই শিল্পের ক্ষেত্রে দরজা-জানালা খুলে দেওয়া হয়েছে। লাইসেন্স রেগুলেশন কিছু নেই শুধু মাত্র আন্ডারটেকিং-এর ভিত্তিতে প্রোমোটাররা ব্যবসা করে যাবে। অদ্ভুত যুক্তি। অর্থাৎ তারা সব জায়গায় বলতে চাইছেন 'খুলে-খালে দে মা, লুটে-পুটে খাই'। নোট অফ ডিসেন্ট যেটা সুদীপবাবু এবং সৌগতবাবু দিয়েছেন তাতে দেখতে পাচ্ছি তারা বলছেন, ওই রকম দরজা-জানালা খুলে দাও, আইনের কোনও ব্যাপার নেই, কেবলমাত্র আন্ডারটেকিং-এর ভিত্তিতে প্রোমোটাররা কাজ করবে এবং রেজিস্ট্রেশন ওয়ান টাইম করবে। একজন প্রোমোটার তার ব্যবসায়িক জীবনে ৫০ থেকে ১০০টা বাড়ি তৈরি করবেন, রেজিস্ট্রেশন তিনি একবার করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় তার বিলে রেখেছেন যে প্রতিটি বাড়ির ক্ষেত্রে তাকে রেজিস্ট্রেশন করতে হবে। এটা অত্যন্ত সঠিক বলে আমি মনে করি। একটা বাড়িতে তিনি যদি ডিফল্ট করেন সেই ডিফল্ট করার কারণে তার পেছনে যথেষ্ট কারণ না থাকে, সারকামস্টেন্সিয়াল সমস্ত এভিডেন্স না থাকে, তিনি যদি সাব-স্ট্যান্ডার্ড মেটিরিয়াল দিয়ে বাড়ি করেন, অথবা ডিভিয়েশন করে বাড়ি করেন এবং সেটা যদি ডেঞ্জারাস ফর হিউম্যান হ্যাবিটেশন হয় তাহলে সেটা শাস্তি যোগ্য অপার বলে চিহ্নিত হবে এবং শাস্তি হবে। মাননীয় সুদীপবাবু এবং সৌগতবাবু তাদের নোট অফ ডিসেন্টের মধ্যে দিয়ে এটা হালকা এবং দুর্বল করে দিতে চেয়েছেন। তারা একটা খাঁচার কথা বলেছেন, একটা আইনের খাঁচার কথা বলেছেন। খাঁচার চারিদিকে যে কাঠামো থাকে সেটা শক্ত সামর্থ করতে হয় যাতে খাঁচা থেকে পাখি পালিয়ে যেতে না পারে। ওনারা খাঁচা রাখতে বলেছেন কিন্তু তার চারিদিকে যে কাঠামো থাকে সেটাকে অপলকা করে রাখতে বলেছেন যাতে খাঁচা থেকে পাখি পালিয়ে যেতে পারে। সুতরাং খাঁচা অত্যন্ত শক্তিশালী করতে। যদি খাঁচা শক্তিশালী করতে হয় তাহলে তার কাঠামোকে শক্তিশালী করতে হবে। মাঝে মাঝে ওনারা কাজুরিয়া-বাজুরিয়া ইত্যাদি বলেন আবার অন্য দিকে বলেন দরজা-জানালা খুলে দাও ওদের বন্ধুদের সুযোগ করে দেবার জন্য। একজন ড্রাইভার যখন ড্রাইভিং লাইসেন্স নিতে যায় তখন তাকে বলা হয় তোমার গাড়ির সামনে যত গাড়ি থাকবে বা অন্য মানুষ থাকবে জানবে তারা সবাই অসাবধানে চলছে, একমাত্র তুমি সাবধানে আছ, সেই ভাবে সাবধানে তোমাকে গাড়ি চালাতে হবে।

যাতে কোনও অ্যাক্সিডেন্ট না হয়। তেমন ভাবে যখন কোনও আইন তৈরি হয় তখন আমাদের বিবেচনা করতে হবে, যাদের জন্য আইন—প্রতিটি মানুষই আইন ভাঙতে পারেন, তাই আইন যাতে ভাঙতে না পারে সেজন্য আইনের প্রতিটি পদক্ষেপ নিশ্ছিদ্র হওয়া দরকার। নিশ্ছিদ্র ভাবে আইন তৈরি করতে হবে। আমি মনে করি, বিলের মধ্যে নিশ্ছিদ্র করা উচিত, এই বিলের মধ্যে সেই প্রয়াস আছে। তার মানে এটা সম্পূর্ণ নিশ্ছিদ্র, ঐ গীতা, বেদ বা কোরাণের মতো অপরিবর্তনীয় এটা মনে করি না। আমাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে যদি ভবিষ্যতে কোনও ফাঁক ফোকর দেখতে পাই তাহলে, আগামী দিনে তখন এই বিলকে

জনস্বার্থে আবার অ্যামেন্ডেড হতে পারে। সুতরাং, অপরিবর্তনীয় বলে আমি মনে করি না এটাকে। পরের বিষয় হল, এখনে কালো টাকার কথা এসেছে। সৌগতবাবু বা সুদীপবাবুরা কালো টাকার বিষয়টি বেশ ভাল বোঝেন। এটা একজন মধ্যবিত্ত মানুষ যার হার্ড আর্ন্ড মানি, তার কালো টাকা কোথা থেকে আসবে? তিনি যখন অ্যাডভান্স করবেন—৪০ পারসেন্ট বা ১০ পারসেন্ট, তার হার্ড আর্নড মানি যখন জমা দেবেন, তখন তার একটা রিসিট থাকবে। আইনের মধ্যে এটা আছে, যদি দেখা যায় যে স্টিপুলেটেড পিরিয়ডের মধ্যে তাকে ফ্লাট দিতে পারছে না, পরে যদি কোনও কারণে সেই বাড়িটি সমাপ্ত না করতে পারে, তাহলে যে ডিলে হবে তারজন্য ইন্টারেস্ট দিতে হবে। ব্যাঙ্ক রেট অব ইন্টারেস্ট দিতে হবে। যদি আদৌ না দেওয়া যায় তাহলে ঐ টাকাটা রিফান্ডেড হবে উইথ ইন্টারেস্ট। সুদীপবাবুর মাথায় কালো টাকার খেলা ঢুকেছে। গোটা ভারতবর্ষকে কালো টাকা দিয়ে যে ভাবে ঢেকে দিয়েছে, তাতে একজন মানুষ-এর মধ্যে কালো টাকা গন্ধ, কালো টাকা দিয়ে বাড়ি নিতে চায় এটা দেখতে পেয়েছেন। এই কালো টাকা প্রোমোটার্স করেন। কালো টাকাকে রুখবার যথেষ্ট ব্যবস্থা, শক্তিশালী ব্যবস্থা প্রনয়ণ করা হয়েছে এই বিলের মধ্যে দিয়ে। পশ্চিমবঙ্গে হাঙর-ভাঙররা ঢুকে মধ্যবিত্ত মানুষের সর্বনাশ যাতে করতে না পারে সেজন্য যথেষ্ট সেফগার্ড এই বিলের মধ্যে আছে বলে আমি মনে করি। সেই ভাবেই এটাকে দেখার চেষ্টা করেছেন। পরের বিষয় হচ্ছে, আমি মন্ত্রী মহাশয়কে আবেদন করব, এই বিলে একটি দুটি দিক আছে যেটা একটু বিবেচনা করে দেখার প্রয়োজন আছে। সেটা হচ্ছে এই যে, এনি কমপ্লেন্যান্ট, সে পার্চেজার হতে পারে, একজন পাবলিক হতে পারে—জনস্বার্থে কমপ্রেন করতে হবে—সেই কমপ্লেন্যান্টের কমপ্লেন যদি ফলস বলে প্রমাণিত হয় তাহলে তার শাস্তির ব্যবস্থা, এবং যদি দেখা যায় প্রোমোটার সাব-স্ট্যান্ডার্ড কোয়ালিটির মেটেরিয়াল দিয়ে বাড়ি করেছে অথবা ডিভিয়েট করেছে তাহলে তার শাস্তি হওয়া উচিত। প্রোমোটারের শাস্তি যেটা আছে তার সাথে আমি সহমত পোষণ করি। কমপ্লেন্যান্টের কমপ্লেন ঠিক হলে তার শাস্তির ব্যবস্থা থাকা উচিত। দেখা দরকার কি ভাবে কমপ্লেন্যান্টকে হ্যারাজমেন্টের শিকার হতে হয়েছে এবং আইনে কঠোরতম শাস্তির বিধান যাতে থাকে তারজন্য চিন্তা-ভাবনা করা দরকার। সবশেষে একটা কথা বলি—একটা চিঠি, যেটা মন্ত্রী মহাশয়ের কাছে সার্কুলেট হয়েছে, ওপেন লেটার, আমার কাছেও এসেছে, এটা প্রোমোটার্স' অ্যাসোসিয়েশন অব ক্যালকাটা দিয়েছেন। এই চিঠির প্রতিটি ধারায় যে সমস্ত কথা বলেছেন তাতে পরিষ্কার বোঝা যায় যে তারা প্রমাদ গুণছেন। তাই এই চিঠিটা মন্ত্রী মহাশয়কে দিয়েছেন। মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় যে যে আশঙ্কার কথা প্রকাশ করেছেন, তাদের নোট অব ডিসেন্টের লাইনে লাইনে সেই কথাই প্রতিফলিত হয়েছে।

[3-05 — 3-15 p.m.]

তাই কাজুরিয়া, বাজুরিয়ার কথা যারা বললেন তারাই কাজুরিয়া, বাজুরিয়ার কোলে থাকেন। সুদীপবাবু যেখান থেকে জেতেন সেখানে কাজুরিয়া দৌরাত্ম খুব বেশি এবং সৌগতবাবুর জায়গা আলিপুর, বেকার রোডে এই কাজুরিয়ার, বাজুরিয়ার প্রতিপত্তি। সেই কারণেই আজকে তাদের হয়ে মাননীয় বিরোধী দলের সদস্যরা প্রমাদ গুনছেন যে এই ঘটনার সঙ্গে প্রোমোটার্স অ্যাসোসিয়েশন অফ ক্যালকাটার মিল থাকাতে সঠিক জায়গায় ঘা পড়েছে। আগামী সময়ে

পশ্চিমবঙ্গের এই বিলটি পশ্চিমবঙ্গের প্রোমোটার্সদের অ্যাক্টিভিটির ক্ষেত্রে খুব সাহায্য করবে সেই কারণে এই বিলটিকে সমর্থন করে বিরোধীপক্ষ থেকে আনীত এই বিলকে অসার করে দেওয়ার জন্য যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তার বিরোধিতা করছি।

**শ্রী জটু লাহিড়ি :** স্যার, আজকে গৌতমবাবু যে বিল এনেছেন, দি ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং রেগুলেশন অফ প্রোমোশন অফ কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটার্স বিল, ১৯৯২ আনা হয়েছে সেই বিলটিকে অনেক আগেই আনা উচিত ছিল। এর থেকে বড় কথা হচ্ছে যে, আমরা সবাই জানি যে আজকে প্রোমোটার্সদের দৌরাত্মের মূল কারণ হচ্ছে প্রচন্ড গৃহ সমস্যা। আপনারা ১৬ বছর ধরে ক্ষমতায় আছেন, খরগোশের মতো গর্তের মধ্যে মুখ ঢুকিয়ে, ভাবছেন যে কেউ দেখতে পাবেন না কিন্তু সবাই দেখতে পাচ্ছে। তবে এটাই ভাল যে আজকে গৃহ সমস্যার ফলে প্রোমোটার্সদের ব্যবসার দৌরাত্ম্য এবং এটাই যে মূল কারণ সেটা সরকার বুঝতে পেরেছেন। সুতরাং আপনারা মুখে যতই কমিউনিজমের কথা বলুন না কেন এবং যতই কমিউনিস্ট বলে চিৎকার করুন না কেন কমিউনিজিমের সম্বন্ধে আপনাদের জ্ঞানই নেই। আমরা তো দক্ষিণ পন্থী নই, কিন্তু ওনারা যে কি ওনারা নিজেরাই জানেন না। তাই আজকে নতুন করে যা বলেছেন যে বেসরকারি মালিকানায় বা যেভাবেই হোক না কেন এই বিলটিকে যে নিয়ে এসেছেন এবং অর্থ উপলব্ধি করতে পেরেছেন এরজন্য স্বাগত জানাই। আমরা মুখে যাই বলি না কেন আজকে আবাসন প্রকল্পই প্রোমোটার্সদের ব্যবসার উৎপত্তির মূল কারণ সেই বিষয়ে সন্দেহ নেই। আজকে এই আবাসন প্রকল্প সাধারণ মধ্যবিত্তদের গৃহ সমস্যা সমাধানের ক্ষেত্রে ব্যর্থ হয়েছে এরফলে এই আবাসন প্রকল্পের সাথে সাথে বেসরকারি প্রকল্পগুলোও এগিয়ে এসেছে। আগে যে মূল সমস্যা ছিল বা বাধা ছিল ভাড়া বাড়ির দিক থেকে সেটা এখনও আছে। প্রোমোটারদের কন্ট্রোল করতে গেলে গৃহ সমস্যার সমাধান করতে হবে। আজকে গৃহ সমস্যা একটা বাস্তবোচিত সমস্যা। শুধু আইন করে সমস্যার সমাধান করা যাবে না সাথে সাথে বেসরকারি ক্ষেত্রে যে সমস্ত মানুষ তাদের নিজেদের কিছু উদ্বৃত্ত অর্থ দিয়ে ভাড়া বাড়ি তৈরি করবেন তারা যাতে ন্যায্য ভাড়া পান ভাড়াটিয়াদের কাছ থেকে সেই দিকটা দেখতে হবে। সেই সঙ্গে সঙ্গে বাড়িওয়ালারাও যাতে উৎখাত করতে না পারেন সেইভাবে আইন তৈরি হলে প্রোমোটার্সরা কন্ট্রোলে আসবেন। এই প্রসঙ্গে জানাই যে, সরকারি যে সমস্ত আবাসন প্রকল্প রয়েছে, সেখানে ভাড়ার যে হিসাব রয়েছে তা সেই ভাড়ার ঠিকমতো দিচ্ছে না। এইচ. আই. টি.-র চেয়ারম্যানের সঙ্গে কথা হচ্ছিল, তাতে তিনি বলেছেন যে এই প্রকল্পের আওতায় যে সমস্ত আবাসন আছে সেখান থেকে ভাড়া ঠিকমতো পাওয়া যাচ্ছে না।

আজকে কেউই নিতে চাইছে না, কারণ বিনা ভাড়া, বিনা পয়সায়, ইলেক্ট্রিসিটি ভোগ করছে, জল ভোগ করছে, এক পয়সাও ভাড়া দেয় না ফলে আর সরকারি আবাসন প্রকল্প আমাদের পক্ষে চালানো সম্ভব নয়, এই কথা সরকারের দায়িত্বশীল ব্যক্তিরা বলছেন। এই ব্যাপারটা যদি আপনারা সমাধান না করেন তাহলে প্রমোটারদের দৌরাত্ম্য থাকবে, মানুষ ঘরবাড়ি তৈরি করার জন্য যেখানে সুযোগ পাচ্ছে না সেখানে তারা তো এই সমস্ত প্রমোটারদের কাছে যাবেই। আপনারা জানেন সঞ্চয়িতা পিয়ারলেস এই সমস্ত বেসরকারি সঞ্চয়ের ক্ষেত্রে যে সমস্ত প্রতিষ্ঠান আছে যারা মানুষকে চিট করে তেমনি প্রমোটাররাও এক দুটো ইনস্টলমেন্ট

নিয়ে চিট করে। আপনারা আইন অনেক করেছেন, আইনের মাধ্যমে প্রমোটারদের আপনারা কন্ট্রোল করবেন, কর্পোরেশন, মিউনিসিপ্যালিটিতে বাড়ি তৈরি করার ক্ষেত্রে অনেক আইন আছে কিন্তু সেই আইনগুলি সঠিকভাবে পালিত হয় না, তার সঙ্গে আপনার যে দুর্নীতির আবর্ত তৈরি করেছেন প্রতিটি ক্ষেত্রে আপনাদের ক্যাডাররা ঠিক জায়গায় জায়গায় বসে আছে এবং তারা দুর্নীতি করে বেআইনি ভাবে বাড়ি তৈরিতে মদত দিচ্ছেন। যে ভাবে নিম্ন মানের মাল দিয়ে বাড়ি তৈরি হচ্ছে এইগুলি কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি থেকে দেখার জন্য লোক আছে, কিন্তু তারা দেখে না। প্রমোটারদের ক্ষেত্রে আপনি বলেছেন যদি নিম্ন মানের মাল দেয় সেক্ষেত্রে আপনি শাস্তি দেবেন। আবার তার সঙ্গে সঙ্গে আপনি বলেছেন টাইম লিমিট অফ ওয়ান ইয়ার ফ্রম দি ডেট অফ পেমেন্ট অফ ফি অ্যাজ স্টেটেড অ্যাবাভ হ্যাজ বিন ফিক্সড করে রেকর্ডিং অফ ডিসিসন দি ডিসপিউট অন ডিফেক্টিভ কনস্ট্রাকশন, একটা লোক সে যদি ফ্ল্যাট ওনার হয়, ফ্ল্যাট পজেশন নেবার পর ফ্ল্যাট তৈরির ব্যাপারে সে যদি প্রমোটারের বিরুদ্ধে কমপ্লেন করে যে নিম্ন মানের মাল দিয়েছে সেইক্ষেত্রে ডিসিসন নিতে সময় লাগবে বিচার করতে, সিদ্ধান্ত নিতে সময় লাগবে ১ বছর, দেখা যাবে ১ বছরের মধ্যে সেই বাড়ি তৈরি হয়ে গেছে এবং সেই প্রমোটার ফ্ল্যাট ওনারকে বলবে তুমি পজেশন নাও। সুতরাং এক বছরের মধ্যে আপনি যে সিদ্ধান্ত নিতে বলেছেন সেই জিনিস এক বছরের মধ্যে হবে না। আজকে যে দীর্ঘ সময় লাগছে কমপ্লেন করতে সেইক্ষেত্রে যারা ফ্ল্যাট চাইছেন তারা ডিপ্রাইভ হবেন। আর একটা জিনিস আপনারা বলছেন যারা ফ্ল্যাট চাইবেন তারা যদি নিম্ন মানের মাল-এর ব্যাপারে কোনও রকম কমপ্লেন করে তাহলে ফি দিতে হবে, যদি দেখা যায় কমপ্লেনটা সঠিক হয় তাহলে সে ফিসটা ফেরৎ পাবে। আর যদি কমপ্লেনটা ফলস হয় তাহলে পানিশমেন্ট হতে পারে। আজকে বামফ্রন্ট সরকার ১৬ বছর ধরে সরকারের থেকে তারা উন্নতি না আনুক তার দুর্নীতির ক্ষেত্রে একটা সাম্যবাদ এনে দিয়েছে। আজকে পুলিশে আমরা দেখেছি সেখানে পয়সা তোলা থেকে আরম্ভ করে কি কাজ না হয়, ওনারশিপ ফ্ল্যাট যারা কিনছে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে আমরা দেখেছি সেখানে কোনও রকম কমপ্লেন করে কোনও লাভ হয় না, কারণ ঐ সমস্ত জায়গায় যে সমস্ত আমলারা রয়েছে, তাদেরকে বিত্তবান, ধনিক শ্রেণীর প্রমোটাররা পয়সা দিয়ে মুখ বন্ধ করে দিয়েছে, তাই প্রমোটারদের বিরুদ্ধে যদি কোনও কমপ্লেন হয় তাহলে সেটা ফলস কমপ্লেন হয়ে যাবে। তাই বিলটার ব্যাপারে যদি আপনারা সঠিক ব্যবস্থা না নেন তাহলে এটাকে সঠিক কার্য রূপায়িত করা যাবে না।

আমরা দেখতে পাই কলকাতা কর্পোরেশনে, হাওড়া কর্পোরেশনে আইন অনেক আছে। ল্যান্ড সিলিং অ্যাক্ট আছে, তাতে বলা হয়েছে সাত কাঠার বেশি জায়গা কেউ রাখতে পারবে না। কিন্তু হাওড়া বা অন্য জায়গায় দেখা যাচ্ছে সাত কাঠার অনেক বেশি জায়গা তারা ভোগ করছে, বিক্রি করছে, বাড়িঘর করছে। আপনাদের আইন থাকা সত্ত্বেও আপনারা কোনও ব্যবস্থা নিতে পারেননি। হাওড়ায় এই রকম বাড়ির সংখ্যা দু হাজরের মতো। সব আইনকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে এই বাড়িগুলো হয়েছে। দুর্নীতির পঙ্কে আবদ্ধ আপনার কর্মচারিরা। এমনকি যে সমস্ত মাল্টি স্টোরিড বিল্ডিং প্রোমোটাররা করছে, কর্পোরেশন তাদের থেকে ট্যাক্স পর্যন্ত পাচ্ছে না। আপনারা প্রোমোটারদের জন্য বিল আনছেন, কিন্তু যাদের দিয়ে এই কাজটা

করাবেন, এই কাজটা করার যাদের উপর দায়িত্ব থাকবে তারা যদি সঠিকভাবে তাদের দায়িত্ব পালন না করেন তাহলে তাদের বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা নেবেন। সুদীপবাবু বলেছেন, একটা বাড়ি তৈরি করতে গেলে একটা কালো টাকা, সাদা টাকার প্রশ্ন আছে। আমরা জানি সঠিক মূল্য দেখিয়ে যদি রেজিস্ট্রেশন করানো হয় তাহলে ট্যাক্স অনেক বেশি পড়ে যায়। সেইজন্য আমার সাজেশন যে বাড়িটা রেজিস্ট্রেশন হবে সেই বাড়ির একটা ফিক্সড দাম থাকবে, সেখানে বায়ার কত দাম দিচ্ছে, কত টাকা দিচ্ছে এটা বিচার্য বিষয় হবে না। যদি এই রেটটা ফিক্সড থাকে তাহলে প্রোমোটাররা বাধ্য থাকবে বাড়ি তৈরি করতে তা না হলে সঞ্চয়িতার মতো অনেক প্রোমোটারস গ্রুপ তৈরি হবে, যারা বাড়ি তৈরি করার নাম করে দু-একটা কিস্তি নিয়ে বাড়ি তৈরি করবেন না। এই সঙ্গে সঙ্গে আরও দেখতে হবে যে আমলাদের উপর আপনারা দায়িত্ব দিচ্ছেন তারা যাতে ঠিকভাবে কাজ করে সেটা দেখতে হবে। যখন বাড়ির প্ল্যান স্যাংশন করাতে হয়, প্ল্যান স্যাংশন করানোর সময় যত তলা বাড়ি তার ক্ষেত্রে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির সুপারভিসন থাকে। মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের লোকেরা দেখবে প্ল্যান অনুযায়ী বা এস্টিমেট অনুযায়ী কাজ করা হচ্ছে কি না। যদি তারা কাজ দেখত তাহলে কাজটা অনেক সহজ হয়ে যেত। তারা যাতে দুর্নীতিগ্রস্থ না হয় সেটা আপনাদের আরও ভাল ভাবে দেখতে হবে।

হাওড়াতে এইচ. আই. টি.-র যে বিশাল জমি নেওয়া রয়েছে সেই জমি ডাঃ বিধানচন্দ্র রায় নিয়েছিলেন হাওড়ার মানুষদের জন্য স্টেডিয়াম করবেন বলে এবং হাওড়ার মানুষদের গৃহ সমস্যার সমাধান কল্পে আবাসন প্রকল্প করবেন বলে। কিন্তু দেখা যাচ্ছে আজকে সরকার সেখানে ব্যবসা শুরু করেছেন। সেখানে সরকার নিজে প্রমোটারি ব্যবসাকে সাহায্য করছেন। হাওড়ার এইচ. আই. টি.-র অধিগ্রহণ করা জমি—১৯৬২/৬৩ সালে যা অধিগ্রহণ করা হয়েছিল—সেই জমি কর্পোরেশন নিজে ফাটকাবাজি করে নিলাম করে বিক্রি করছেন। যারা বলছেন কালো টাকার খেলা হয় না তাদের বলছি, এ ক্ষেত্রে যে জমির দাম দেখানো হচ্ছে কর্পোরেশনের খাতায় তার চেয়ে অনেক বেশি টাকায় সেই জমি বিক্রি হচ্ছে এবং সেই অবৈধ টাকা আপনাদের ক্যাডারদের মধ্যে লেনদেন হচ্ছে। এই বিলটা খুবই ভাল, এই বিলকে যদি সঠিকভাবে কাজে রূপায়িত করতে চান তাহলে ঐ আমলাচক্র এবং কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটিতে যারা এই বিলটা রূপায়ন করবেন তাদের মধ্যে একটা সমন্বয়সাধন করুন। বাড়ি তৈরি থেকে শুরু করে ওনার, যারা ফ্ল্যাট পাবেন তারা যাতে কোনওভাবে ডিপ্রাইভড না হন এবং কাজ যাতে সঠিকভাবে হয় সে দিকে নজর রাখুন। তা না হলে ঐ সঞ্চয়িতা বা ঐ রকম সংস্থায় টাকা রেখে সাধারণ মানুষরা যেমন ডিপ্রাইভড হয়েছেন এ ক্ষেত্রেও তাই হবেন। এই বলে এই বিলকে সমর্থন করে এবং আমাদের তরফ থেকে যে অ্যামেন্ডমেন্টগুলি দেওয়া হয়েছে সেগুলি গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। পরিশেষে আবারও বলছি যে এই বিলের মাধ্যমে যাতে সাধারণ মানুষের স্বার্থ সুরক্ষিত হয় সে ব্যবস্থা করুন।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমি প্রথমে বিরোধীপক্ষ কর্তৃক আনীত সংশোধনী বা সংযোজনগুলির বিরোধিতা করছি। স্যার, এই বিল আমি মনে করি যে উপযুক্ত সময় আনা হয়েছে। আজকে যে হারে এবং যে ভাবে বিল্ডিং

তৈরির কাজ বা কনস্ট্রাকশনের কাজ হচ্ছে সেখানে দেখা যাচ্ছে যে প্রোমোটাররা কোনও রকম আইন-কানুন না মেনে এবং এমন কি ইঞ্জিনিয়ারিং ও টেকনিক্যাল বিষয়গুলিও ফলো না করে তারা কাজ করে যাচ্ছেন। বিশেষ করে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত সম্প্রদায় যারা আছেন এবং বস্তি এলাকায় ঠিকা প্রজা যারা আছেন সেই সমস্ত গরিব হার্ট ওনারদের নানান রকমের প্রলোভন দেখিয়ে এই প্রোমোটাররা যেভাবে কাজ করে যাচ্ছেন তা সত্যিই চিন্তার বিষয়। স্যার, যারা ইঁট, চুন, সুরকি, বালি সাপ্লাই করে তারাও দেখছি আজকে হঠাৎ করে প্রোমোটার হয়ে গিয়েছেন। এমন কি যারা রাজমিস্ত্রি তারাও দেখছি, বস্তি এলাকায় বাড়িওয়ালা বা বাড়িওয়ালিকে বুঝিয়ে সেখানে কনস্ট্রাকশনের কাজ আরম্ভ করে দিচ্ছে।

এই বিলটার মাধ্যমে আমরা এইগুলোকে বন্ধ করতে পারব, এই বিশ্বাস আমার আছে। কারণ আজকে আমরা দেখতে পাই, আমাদের বর্তমান সরকার যে সব আইন করেছেন ঠিকা প্রজা এবং মিউনিসিপ্যাল কর্পোরেশনের বিল্ডিং আইনের অনেক সংশোধন করে বিশেষত বস্তি অঞ্চলে 'জি' প্ল্যাস টু স্যাংশন দেওয়া হয়েছে। তাসত্ত্বেও দেখা যায় এই রকম প্রোমোটাররা তারা সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত বাড়ির মালিকদের নানা ভাবে প্রলোভন দেখায়, কারণ তাদের কোনও নিজস্ব পুঁজি খাটাতে হয় না। ফ্ল্যাট সিস্টেমে বাড়ি তৈরি করব বলে টাকা নিয়ে ঐ যারা মাল মশলা বিক্রি করত, তারা ফ্ল্যান্টের ব্যবস্থা করে দেবে বলে ফাঁদে ফেলছে। এই ভাবে দিনের পর দিন একটা সমস্যা আমাদের দেখা দিয়েছে। সেইজন্য এই বিলের মাধ্যমে প্রোমোটারদের যে রেজিস্ট্রেশনের কথা উল্লেখ করা হয়েছে, এটা সঠিক ভাবে করা হয়েছে এবং আরও একটা বিষয়, যেটা কমপ্লেন্যান্টের ব্যাপার উল্লিখিত হয়েছে, যে কোনও কমপ্লেন হলে, কোনও অভিযোগ হলে তার তদন্ত করা হবে। কিন্তু মিথ্যা প্রমাণিত হলে তাদেরকে জরিমানা এবং শাস্তি বিধানের ব্যবস্থা এই বিলে আছে। এটা ঠিক, বিরোধী দলের সদস্যরা এটার বিরোধিতা করছেন, জানি না কি উদ্দেশ্য উনারা কেন এটা বিরোধিতা করছেন, কারণ এটা যে আরও সঠিকভাবে হয়েছে—যে অভিযোগ আসবে তার সঠিক তদন্ত করা যাবে, হয়রানি হবে না, এই সম্পর্কে উল্লেখ আছে। সাথে সাথে এটাও দেখেছি, অনেক জায়গায় প্রোমোটাররা বিল্ডিং এর যে রুলস, নিয়ম আছে সেইগুলো তারা অনেক সময় জানেন না। বিরোধী সদস্যরা বিরোধিতা করতে গিয়ে দু একটি কথা বলেছেন যে সুপারভিসন বিল্ডিং ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে হওয়ার সেই সুপারভিসন তারা করেন না। স্যাংশন প্ল্যান অনুসারে যদি সে না কাজ করে তাহলে সেখানে ডিভিয়েশনের প্রশ্ন দেখা যায়, তাহলেই আইন মাফিক ব্যবস্থা গ্রহণ করা হয়। এখন বিশেষ করে গত কয়েক বছর ধরে লক্ষ্য করছি যে হারে শহরাঞ্চলে বেআইনি বাড়ি তৈরি করার প্রবণতা দেখা দিয়েছিল, যে হারে বিভিন্ন ভাবে হঠাৎ গজিয়ে ওঠা প্রমোটার দেখা দিয়েছিল, যে কথা আগে বললাম, যারা মাল মেটিরিয়্যাল সাপ্লাই করেন, যারা রাজ মিস্ত্রি, তারাও প্রমোটার সেজে বাড়ি তৈরি করার দিকে ঝুঁকে পড়েছিল। সেই ক্ষেত্রে এই বিলটা আজকে যাজকে যা এখানে উপস্থাপিত হয়েছে, এই বিলকে সমর্থন এই জন্য আমি জানাচ্ছি যে এই বিলের মাধ্যমে আমরা কতকগুলো নিয়ম বেঁধে দিচ্ছি, সেই নিয়মগুলো প্রমোটারদের মেনে চলতে হবে এবং সঠিকভাবে আমরা এগিয়ে এই কাজগুলো যাতে সঠিক ভাবে হয় সেটার দিকে আমরা লক্ষ্য রাখতে পারব এবং যাতে কোনও অসুবিধা না হয় তার জন্য বিলে সেই সমস্ত বিষয় উল্লেখ করা হয়েছে। স্বাভাবিক ভাবে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অফ প্রোমোশন অফ কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটারস) বিল, ১৯৯২, যেটা এই সভায় পেশ করা হয়েছে তাকে আমি সমর্থন করছি। আমরা সকলেই জানি, আমাদের দেশে বর্তমানে যে সমস্ত সমস্যাগুলি রয়েছে তার মধ্যে অন্যতম বার্নিং সমস্যা, জ্বলন্ত সমস্যা হচ্ছে খাদ্য এবং বস্ত্রের পরেই বাসস্থান। এতটুকু নীড়, এতটুকু বাসার জন্য সভ্য মানুষ যেমন চেষ্টা করে, তেমনি ভাবে আমরা দেখেছি, প্রকৃতির জগতে জীব-জন্তু থেকে আরম্ভ করে পশু-পাখি সকলেই নিজেদের বাসার জন্য, বাসায় ফিরে যাবার জন্য চেষ্টা করে। প্রকৃতপক্ষে আমাদের দেশ স্বাধীন হওয়ার পরে এটা প্রতিশ্রুতি ছিল মানুষের ন্যূনতম যা প্রয়োজন সেই ন্যূনতম প্রয়োজন মেটানোর জন্য আমাদের যারা রাষ্ট্রের ক্ষমতায় আছেন তারা পরিকল্পনা নেবেন এবং সেই পরিকল্পনা বাস্তবায়িত হবে। কিন্তু আমরা লক্ষ্য করলাম সপ্তম পরিকল্পনা আমাদের দেশে শেষ হয়েছে। আমরা অষ্টম পরিকল্পনার মধ্যে দিয়ে চলেছি। এই অষ্টম পরিকল্পনায় দোরগোড়ায় যখন চলছে তখনও আমরা বলতে পারব না আমাদের দেশে যে সমস্ত জ্বলন্ত সমস্যা রয়েছে তার সামান্য পূরণ করা গেছে। আমি বলব। এই যে অব্যবস্থা এই অবস্থার জন্য দায়ী হচ্ছে আমাদের কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা সেই পরিকল্পনাই দায়ী। প্রকৃতপক্ষে সাধারণ মানুষের প্রচেষ্টায় এবং তাদের আত্মত্যাগের ফলেই আমাদের দেশ স্বাধীন হল। কিন্তু এই স্বাধীন ভারতবর্ষে আজও বলা যেতে পারে ওয়ান-থার্ড মানুষ নিজেদের বাস্তু ভিটা, নিজেদের বাসস্থানের সন্ধান পায়নি। এরজন্য দায়ি হচ্ছে কেন্দ্রীয় সরকারের যে পলিসি, কেন্দ্রীয় সরকারের যে নীতি বিশেষ করে বাসস্থান সংক্রান্ত যে নীতি এবং তারজন্য দায়ী আমাদের দেশকে যারা পরিচালনা করেছেন দীর্ঘ ৪৫/৪৬ বছর। প্রকৃতপক্ষে তারা বড়লোকদের স্বার্থ দেখেছেন। আমাদের দেশে যে বর্তমান ব্যবস্থা, যে আর্থ সামাজিক পরিস্থিতি তাতে করে নিজের আর্থিক উদ্যোগে অনেকের পক্ষে বাসযোগ্য গৃহ-নির্মাণ করা সম্ভব হয়নি। সেইজন্য শিকার হচ্ছে এইসব প্রোমোটারদের কাছে। এখন দেশে একটা ব্যবস্থা চলছে, প্রোমোটাররা আলটিমেটলি নেপথ্যে থেকে দেশকে পরিচালনা করছেন। বিরোধীদের এতক্ষণ বস্তাপচা বক্তৃতা শুনে মনে হয়েছে তারা ভাবের ঘরে চোর। ভাবের ঘরের চোরেরা সেই জায়গা থেকে সরে এসে মানুষকে বিভ্রান্ত করার জন্য নানারকম মুখোরোচক কথা বলার চেষ্টা করছেন। আমরা যে ব্যবস্থার মধ্যে দিয়ে চলেছি সেই ব্যবস্থায় ধনিক শ্রেণী সৃষ্টি করেছে। তাদের সৃষ্ট ব্যবস্থায় নিম্নমধ্যবিত্ত মানুষরা শিকার হচ্ছে এবং তাদেরই উপর নির্ভর করতে হচ্ছে। কংগ্রেসিরা দীর্ঘ ৪৫/৪৬ ক্ষমতায় থেকে কতটুকু বাসস্থানের সমস্যার সমাধান করতে পেরেছেন? আমরা যথেষ্ট উদ্যোগ নিয়েছি। সাধারণ মানুষ যখন এইসব প্রোমোটার এবং কনট্রাক্টরদের হাতে পড়ে যাচ্ছে তখন এইসব প্রোমোটার এবং কনট্রাক্টররা লাগাম বিহীনভাবে যা তা করছেন। এটা যে শুধু পশ্চিমবাংলায় করছেন তা নয়, এই প্রোমোটাররাজ ভারতবর্ষের সর্বত্র বিরাজ করছে। আমরা দিল্লির কাহিনী জানি, আমরা সাম্প্রতিক বোম্বেতে যে মর্মান্তিক মারণযজ্ঞ হয়েছে তার কাহিনীও জানি।

আমরা এটা জানি যে, সমস্ত স্টেট ক্যাপিটালে প্রমোটার এবং কনট্রাক্টরদের নিয়ন্ত্রণ করবার জন্য আইন-কানুন আছে, কিন্তু সেইসব আইনের ফাঁক-ফোঁকর দিয়ে তারা মানুষের সর্বনাশ করছে। তাই আজকে হাউসিং ডিপার্টমেন্ট যে সময়োপযোগী বিলটা এনেছেন তাকে সমর্থন না করবার কোনও কারণ নেই। আমি আশা করব, এই আইন পাস হবার পর রাজ্য

সরকার তাদের বিরুদ্ধে যথাপোযুক্ত ব্যবস্থা নেবেন। এখানে বলা হয়েছে যে, প্রমোটার এবং কন্ট্রাক্টররা নিম্ন মানের মাল-মশলা ব্যবহার করে থাকেন। এটা ঠিক কন্ট্রাক্টররা নিম্ন মানের মাল মশলা ব্যবহার করে থাকেন। এটা ঠিক, কন্ট্রাক্টর এবং প্রমোটাররা জনগণের কল্যাণের জন্য কাজ করছে এটা মনে করার কোনও কারণ নেই। তাদের চেষ্টাই হল, কত বেশি লাভ করা যায় এবং তারা তাদের ইনভেস্টমেন্টের ৫০ পারসেন্ট লাভ করেন, ম্যাটিরিয়ালসও দেন নিম্ন মানের। আজকে আইন যেটা করা হচ্ছে সেটা শুধু কলকাতায় নয়, সারা পশ্চিমবঙ্গে কার্যকর করা হবে। আজকে আমরা দেখছি, কলকাতা মহানগরী একটা জতুগৃহে পরিণত হয়েছে। এই অবস্থায় এই মহানগরীকে যদি মানুষের বাসযোগ্য করে গড়ে তুলতে হয় তাহলে নতুন বাড়ির প্ল্যান ডিপার্টমেন্টের চিন্তা-ভাবনা করে স্যাংশন করা দরকার।

এরপর আমি মাননীয় মন্ত্রীকে কোয়ালিটি কন্ট্রোলের ব্যাপারে একটা অনুরোধ করব। আমাদের কোয়ালিটি কন্ট্রোল বলে একটা ডিপার্টনমেন্ট রয়েছে। কাজেই তাদেরকে বেশি করে ইনভলভড করিয়ে যাতে কোয়ালিটি কন্ট্রোলের ব্যাপারটা গুরুত্ব দিয়ে দেখা হয় তার ব্যবস্থা করতে হবে, তা না হলে এই আইন থাকলেও সেটা যারা দেখাশুনা করবেন তারা যেহেতু আমাদের এই সমাজেরই জীব তারা সেটা না দেখেই গ্রীণ সিগন্যাল দিয়ে দেবেন। সেজন্য ডিপার্টমেন্টাল কো-অপারেশন, বিশেষ করে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টগুলির মধ্যে সেটা থাকা দরকার, কারণ আগামী দিনে বাড়িগুলি যাতে নাগরিকদের মৃত্যুর কারণ না হয় সেটার দিকে লক্ষ্য রাখতে হবে। তাই আমি কোয়ালিটি কন্ট্রোলের উপর জোর দিতে বলছি।

স্যার, এখানে বিরোধী বন্ধুরা অনেক বিরোধিতা করে থাকেন। কিন্তু আমাদের তরুণ মন্ত্রী আজকে একটা ভাল বিল এনেছেন, তাই আমি আশা করব, এক্ষেত্রে তারা মন্ত্রীর সঙ্গে সহযোগিতা করবেন ; নেপথ্যে থেকে প্রমোটার-রাজকে মদত না দিয়ে প্রকৃতপক্ষে প্রমোটার-রাজের বিরুদ্ধে যে বলিষ্ঠ আইনটা উত্থাপিত হয়েছে তাকে সর্বসম্মতিক্রমে পাস করাবেন। আমাদের রাজ্যে সরকারি উদ্যোগে যত বেশি গৃহ সমস্যার সমাধান হয় সেই উদ্যোগ নিতে হবে। তবে কোনও রাষ্ট্রীয় ব্যবস্থায় এই সমস্যা সম্পূর্ণভাবে দূর করা সম্ভব নয়। তবে এক্ষেত্রে কন্ট্রোলটা সরকারকে রাখতে হবে। এই বিলে সেটা কন্ট্রোল করা যাবে বলে একে সমর্থন জানিয়ে শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অব প্রোমোশন অব কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোশন) বিল ১৯৯২, যেটা এসেছে, সেই বিলের উপরে আলোচনায় অংশ গ্রহণ করার মধ্যে দিয়ে আমি মনে করি আপাত দৃষ্টিতে এই বিলটা যারা বাড়ি কিনবে অর্থাৎ ক্রেতাদের রক্ষা কবচ, আর প্রোমোটারদের নিয়ন্ত্রণ করার জন্য আনা হয়েছে। বিলের কারণ মন্ত্রী মহাশয় বিলের মধ্যে বলেছন যে প্রোমোটারদের দৌরাত্বে সাধারণ মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছে, কলকাতা শহরে দুর্নীতিগ্রস্ত প্রোমোটারদের কার্যকলাপ বারবার প্রমাণিত হয়েছে। সারা ভারতবর্ষের মানুষ দেখেছে যে তাদের কার্যকলাপের ফলে কি ভাবে বাড়ি ভেঙ্গে পড়ছে, মানুষের মৃত্যু হচ্ছে এবং অন্য দিকে বহু মানুষের কাছে টাকা নিয়ে প্রোমোটাররা সেই সমস্ত সাধারণ মধ্যবিত্ত মানুষের উপরে কি অত্যাচার করছে। আজকে এগুলি থেকে বাঁচার জন্য একটা সুন্দর আইন প্রণয়নের চেষ্টা তিনি করেছেন। এটা ঠিক যে বিগত বেশ কিছু বছর ধরে কলকাতা এবং

কলকাতা শহরতলির হাওড়া এবং কিছু কিছু গ্রাম, যে সমস্ত জেলা শহরগুলি আছে সেখানে এই ধরনের প্রোমোটাররা অবাধে রাজত্ব চালিয়ে যাচ্ছেন যার ফলে বহু মানুষ তাদের কাছে লঙ্ঘিত হচ্ছে, এমন কি এই প্রোমোটারদের খপ্পরে পড়েছে বেশ কিছু কো-অপারেটিভ হাউসিং। তারাও আজকে সর্বশান্ত হতে বসেছে। সেই কো-অপারেটিভগুলি বাড়ি তৈরি করাতে গিয়ে বিপদে পড়েছেন। সেই কো-অপারেটিভের লাইসেন্স ক্যান্সেল হয়ে যাচ্ছে। তারা ঠিক সময়ে বাড়ি করতে পারছেন না, যারা বাড়ি কিনবেন, যারা শেয়ার হোল্ডার, তারা সেই কো-অপারেটিভের বিরুদ্ধে কেস করছেন। কো-অপারেটিভের হাতে, রাজ্য সরকারের হাতে এমন কোনও ক্ষমতা নেই যা দিয়ে সেই প্রোমোটারদের নিয়ন্ত্রণ করা যেতে পারে। সেজন্য এই বিলের মাধ্যমে অনেক জায়গায় সেগুলি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করা হয়েছে। এখানে আমি কয়েকটি প্রশ্ন করতে চাই। আপনি দয়া করে ক্লজ ১২টা একটু দেখুন। এই বিলকে বামফ্রন্টের বন্ধুরা সমর্থন করেছেন, আমিও সমর্থন করছি। কিন্তু ক্লজ ১২-তে এমন কিছু লেখা আছে যার ফাঁক দিয়ে এই প্রোমোটাররা বেরিয়ে যাবে, আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন না। আমি এটা পড়ে দিচ্ছি, এটা দেখলে বুঝতে পারবেন। এখানে বলা হয়েছে, "Any promoter who fails to comply with, or contravenes, any of the provisions of this Act or the rules made thereunder, or any purchaser or other person who gives false information with regard to unlawful or defective construction or use of sub-standard materials for investigation, shall, on conviction, be punished with imprisonment for a term, not being less than three months, which may extend to three years". একজন লোক, একজন প্রোমোটার বাড়ি করছেন। তিনি ভুল করছেন, কি সাব-স্ট্যান্ডার্ড মাল দিচ্ছেন ইত্যাদি সম্পর্কে যিনি পারচেজার, তিনি খবর দিতে গিয়ে—হি ইজ নট এ টেকনিক্যাল ম্যান—বললেন যে সাব-স্ট্যান্ডার্ড সিমেন্ট দিয়েছে। সেটা যদি ফলস প্রমাণিত হয় তাহলে সেই লোকটাকে ৩ বছর যদি জেল দেওয়া হয় তাহলে ইনফর্মেশন দেবে না, জানলেও ভয়ে দেবে না।

বাতিল হয়ে গেছে শুনে খুশি হলাম, কারণ এখান দিয়ে অনেক প্রেমোটার পালিয়ে যাবার চেষ্টা করতে পারে। ক্লজ ৯ থেকে ১১ এ এবং বি দুটি ভাগ আছে। সেখানে বলা হচ্ছে If the promoter delays the construction of the flat beyond the specified period without any prima facie reason therefor. এই যে প্রাইমাফেসি, এই প্রাইমাফেসি বলতে কি বলা হচ্ছে? সে আপনাকে যদি বলে কাট, ইঁট, পাথর সিমেন্ট স্টিল পাচ্ছে না সেই গুলি চিহ্নিত করে জাস্টিফাই করবে কে? এখানে আইনে ত্রুটি থেকে যাবে, একজন প্রোমোটার এক হাজার বার সুযোগ গ্রহণ করবে। এখানে কিছু কিছু সুযোগ করে দিয়েছেন যাতে প্রোমোটাররা আপনার হাতের বাইরে চলে যেতে পারে। প্রাইমাফেসির ব্যাপারটা এখানে কনক্রিট নয়। আমি বিলের বিরোধিতা করছি না, আপনার সমালোচনা করছি না, আপনাকে কিছু সাজেশন দিতে চাইছি। যে উদ্দেশ্য সামনে রেখে আপনি বিল এনেছেন, দেরিতে হলেও যে বিল এনেছেন যার মাধ্যমে প্রোমোটারদের কন্ট্রোল করা যেতে পারে। আমার কয়েকটি প্রশ্ন আছে সেইগুলি আপনি একটু ভাল করে দেখবেন। ক্লজ-৭-এর তলার দিকে আপনি বলেছেন যে একজন প্রোমোটার যদি বাড়ি করে সেই বাড়ি করার পর

যদি দেখা যায় সে কোনও ত্রুটি করেছেন এবং সেটা যদি পয়েন্ট আউট করা হয় তাহলে তাকে আপনি ১ বছর সময় দিচ্ছেন সেটা অল্টার করার জন্য। এটা মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনে যে আইন আছে তার সঙ্গে সংঘাত হচ্ছে। নির্মলবাবু কর্পোরেশনে আছেন, উনি ভাল জানেন এবং আমার চেয়ে ভাল জানেন কলকাতা কর্পোরেশনের এলাকায় কনস্ট্রাকশনে যদি ডিভিয়েশন হয় তাহলে সেখানে স্টপ ওয়ার্ক নোটিশ দেওয়া হয় এবং সেই স্টপ ওয়ার্কের নোটিশের ভিত্তিতে কেস হয় এবং হেয়ারিং হয়। সেই জায়গায় ভুল করতে বা অন্যায় ভাবে কনস্ট্রাকশন করলে সেটা ভেঙ্গে দেবার আইন আছে। আপনি বলছেন বাড়ি করতে গিয়ে সে যদি ভুল করে, ডিভিয়েশন করে, অন্যায় করে তাহলে তাকে আপনি ১ বছর সময় দিচ্ছেন, বাড়ি না ভেঙ্গে আপনি ১ বছর সময় দিচ্ছেন যাতে সে রেকটিফিকেশন করতে পরে। এখানে একটা কনট্রাডিকশন থেকে যাচ্ছে মিউনিসিপ্যাল এরিয়ায় আপনার আইনের সঙ্গে এবং মিউনিসিপ্যালিটির আইনের সঙ্গে। এই কনট্রাডিকশনের ব্যাপার ভাববার জন্য অনুরোধ করছি। আইনের মধ্যে যদি দুর্বলতা থাকে তাহলে সেই দুর্বলতার সুযোগ তারা গ্রহণ করতে পারে। আইন থাকতে হবে, আইন না থাকলে মানুষ বেপরোয়া হয়ে উঠবে। আইন সঠিকভাবে কাজে লাগানোর জন্য যে পুলিশ প্রশাসন সেই প্রশাসন যথেষ্ট সৎ কিনা সেটা চিন্তা করতে হবে। ক্যালকাটা কর্পোরেশনে কিছু আইন আছে, আবার নূতন বিল্ডিং রুল করেছেন। আমি একটা উদাহরণ দিচ্ছি। একটা চিঠি আমার কাছে আছে, সেই চিঠিটা হচ্ছে একটা বেআইনি কনস্ট্রাকশনের ব্যাপারে বামফ্রন্ট-এর একজন নেতা বলেছেন। কিশোর কোঠারি এবং কমল কোঠারি একটা বেআইনি বাড়ি করছিল। সেই বেআইনি বাড়ি তৈরির ব্যাপারে বামফ্রন্টের দুজন নেতা পরিদর্শন করতে গিয়েছিলেন। অভিযোগ আনলেন যেখানে বাড়ি হচ্ছে সেখানে বাড়ি রাখা যায় না। গৌতমবাবু, সেখানে আবার একটা বাড়ি করছে।

আমরা কাছে ঠিকানা আছে, ৮২/৮৫, নেতাজি সুভাষ রোড। এই বিল্ডিং সম্পর্কে কমপ্লেন করেছে। সাংবাদিক ছবি তুলেছে বলে গুলি করে দেবে বলে শাসিয়েছে। ক্যালকাটা কর্পোরেশনের কর্মীকেও শাসিয়েছে। কর্পোরেশনের একজন এমপ্লয়ি, অজয় দে, তিনি ডেপুটি পুলিশ কমিশনারের কাছে অভিযোগও করেছেন। আইন তো আছে। তাহলে ১০ হাজার বেআইনি বাড়ি হল কেন? সেই রকম দুর্নীতিমুক্ত প্রশাসন কি আপনার হাতে আছে? এই অবস্থায় আপনি যদি পারেন তাহলে আপনাকে সাধুবাদ দেব। আমার যে বক্তব্যগুলো এখানে বললাম, আপনি সেই অনুযায়ী যদি পরিবর্তন করতে পারেন তাহলে ভাল হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মদনমোহন নাথ :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, যে বিল আজকে মাননীয় আবাসন মন্ত্রী এখানে এনেছেন—দি ওয়েস্ট বেঙ্গল (রেগুলেশন অব প্রোমোশন অব কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রোমোটার্স) বিল, ১৯৯২—সেই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য এখানে পেশ করছি। আজকে বর্তমান অবস্থায় আমরা দেখছি, কলকাতা ও তার চারপাশে যে ভাবে জনসংখ্যা বাড়ছে, যে ভাবে মানুষ এই অঞ্চলে ঘরের সমস্যা নিয়ে ব্যতিব্যস্ত হচ্ছে তাতে সমস্যাটা, হাউসিং-এর সমস্যার সমাধানের জন্য উদ্যোগ নেওয়া দরকার। সেটা সরকার পক্ষ থেকে নেওয়া হয়েছে, এটা আমরা জানি। কিন্তু জনসংখ্যা যে হারে বাড়ছে তাতে সরকার পক্ষ থেকে আবাসন দপ্তর, আমরা জানি হাউসিং-এর ব্যবস্থা করেছে। সেই

ভাবে ফ্ল্যাট তৈরি করে এবং ভাড়া দেওয়া হচ্ছে। কিন্তু এটা প্রয়োজনের তুলনায় কম। তাই, প্রোমোটাররা, যারা বাড়ি তৈরি করার দায়িত্ব নিচ্ছে, তারা যদি সঠিক ভাবে দায়িত্ব গ্রহণ করতে পারে তাহলে সেই ব্যাপারে তাদের সাহায্য করা উচিত এবং উৎসাহিত করা উচিত। আমরা দেখছি, আজকে এই আবাসন সমস্যার সমাধানের জন্য বিভিন্ন, জায়গায় জায়গা জমি নিয়ে প্রোমোটাররা যে বিজনেস করছে সেটা সাধুভাবে করলে আমাদের সমস্যার সমাধান হতে পারে। আবাসন-এর দরকার আছে। মানুষ মাথা গোঁজার ঠাঁই খুঁজছে। সারা জীবন ধরে কাজ করে যে পয়সা মানুষ জমায় তা দিয়ে সে একটা বাসস্থান পেতে চায়। নিজে জমি কিনে ঘরবাড়ি তৈরি কারা তার পক্ষে অসম্ভব। সেই ক্ষেত্রে প্রোমোটারদের সাহায্য নেবার দরকার হচ্ছে। আমরা বলি প্রোমোটারদের এই অঞ্চলে সুযোগ নিতে দেব না। কিন্তু আমরা তাদের সাহায্য নিয়ে কাজ করতে চাই। এই আবাসন সমস্যা আজকে এমন জায়গায় দাঁড়িয়েছে, প্রোমোটারদের ব্যবসা এমন ভাবে বেড়েছে তাতে দেখা যাচ্ছে যে অসাধু প্রোমোটাররা দলে দলে ঢুকে পড়েছে। তাদের লাভের হার এমন জায়গায় পৌঁছেছে যে, এই দুর্নীতির মধ্যে দিয়ে সাধারণ মানুষকে ঠকাবার চেষ্টা করছে। এই বিলের প্রধান উদ্দেশ্য হচ্ছে, যে সমস্ত সাধারণ মানুষ সারাজীবন চাকুরি করে সেই পয়সা দিয়ে একটি বাসস্থান খুঁজছে তাদের সেই সমস্যার সমাধানের জন্য চেষ্টা করা দরকার। এইক্ষেত্রে প্রোমোটাররা সাহায্য করতে পারে, সেজন্য তাদের সাহায্য করা দরকার। হাউসিং ডিপার্টমেন্টে যেটা পারছে না সেটি প্রোমোটাররা করতে পারে।

এই অসাধু প্রোমোটার্সরা যেভাবে ঠকানোর চেষ্টা করছেন তা আমরা সবাই জানি। এই প্রোমোটার্সদের বহু লক্ষপতি, কোটিপতি মানুষ রয়েছেন। যারা গৃহ চাইছেন তারা সারা জীবনের সমস্ত সঞ্চয় প্রোমোটার্সদের হাতে তুলে দিচ্ছেন কিন্তু সেইগুলো যদি আত্মসাৎ হয়ে যায় তার কোনও ব্যবস্থাই এতদিন নেওয়া যাচ্ছিল না। এখন এই রুলস করে সেটা বন্ধ করা যাবে। এই ব্যাপারে সিলেক্ট কমিটিতে যে মিনিটস অফ ডিসেন্ট নোট সুদীপবাবু দিয়েছেন তাতে বলেছেন One must see that too may restrictions do not stifle the natural or cause unnecessary delay in growth of the Housing Industry. এই যে বিলটি করা হয়েছে এতে অসাধু ব্যবসায়িদের অ্যাক্টিভিটি দমন করার জন্য করা হয়েছে এই একজিস্টিং রুলসের উপরে নির্ভর করতে হবে। তারফলে সমস্ত স্যাংশন্ড প্ল্যান করতে, ডিটেলস স্পেসিফিকেশন এবং কনস্ট্রাকশন জন্য এস্টিমেটেড এক্সপেন্ডিচার ইত্যাদি দিতে হবে। একটা জায়গায় মাননীয় বিরোধী দলের সদস্য বললেন যে যারা বাসা তৈরি করার জন্য টাকা দিচ্ছেন তাদের হাতে কালো টাকা আছে। তাদের হাতে কালো টাকা থাকবে কি করে? কালো টাকার টার্ন কোটিপতি প্রোমোটারদের হাতে চলে যাচ্ছে। সুতরাং এই যে ক্লজ অ্যাড করা হয়েছে ফিনান্সিয়াল এস্টিমেটেড এক্সপেন্ডিচার এতে ফিনান্স কিভাবে করবেন সেটা আপনি ঠিক করবেন। এই যে বিল এনেছেন এতে সঠিকভাবে কালো টাকা বন্ধ করার ব্যবস্থা কারা হচ্ছে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে যে বিল মাননীয় মন্ত্রী এনেছেন ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং (রেগুলেশন অফ প্রোমোশন কনস্ট্রাকশন অ্যান্ড ট্রান্সফার

বাই প্রোমোটার্স) বিল, ১৯৯২, এটি অনেক আগেই আসা উচিত ছিল। দীর্ঘদিনের অভিজ্ঞতার থেকে দেখা গেছে যে, সাধারণ মানুষরা গৃহ সমস্যায় জর্জরিত, তারা একটা বাসা চায়। কিন্তু তাদের করবার কিছু নেই, ফলে তারা প্রোমোটারদের উপরে নির্ভরশীল হয়ে পড়েছেন। প্রোমোটাররা সাধারণ মানুষের কাছ থেকে টাকা নিয়ে সেই টাকাতে সাব স্ট্যান্ডার্ড মেটিরিয়ালস অর্থাৎ নিম্ন মানের মালপত্র দিয়ে বাড়ি তৈরি করছেন ফলে বাড়িগুলো খুব সহজেই ভেঙ্গে পড়ছে। সাধারণ মানুষের টাকা নিয়ে তারা নয়ছয় করছেন। এইভাবে অসাধু প্রোমোটার্সরা বিভিন্ন ক্ষেত্রে ধরাও পড়েছে এবং দেখা গেছে যে এই বাড়ি ভাঙার ফলে বহু মানুষের জীবন হানিও হয়েছে। সেই কারণে উপযুক্ত সময়ে এই প্রোমোটার্স বিল এসেছে। সাধারণ মানুষের গৃহ সমস্যার সুযোগ নিয়ে ইতি মধ্যেই বহু প্রোমোটার্স ব্যাপক অসাধু ব্যবসা শুরু করেছেন। আমরা দেখছি বিশেষ করে কলকাতা এবং হাওড়াতেই এই অসাধু ব্যবসায়িদের উপদ্রব। তবে জেলাতেও এই প্রোমোটার্সরা কিছুটা প্রভাব বিস্তার করতে সক্ষম হয়েছেন। এই যে নিম্ন মানের মেটিরিয়ালস দিয়ে বাড়ি তৈরি এবং এই যে রাতারাতি বাড়িগুলো হচ্ছে এগুলো ঠেকানোর কোনও ব্যবস্থা এতদিন ছিল না। সুতরাং এই যে প্রবলেম ছিল যাতে অসাধু ব্যবসায়িরা সাধারণ মানুষকে বঞ্চিত না করতে পারে তাদের প্রতি দৃষ্টি রাখার জন্য এই বিলটি আনা হয়েছে। এবং এরফলে আশা করব প্রোমোটার্সরা সরকারি আইনকানুন না মানলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া যাবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল বিল্ডিং রেগুলেশন অফ প্রমোশন অফ কন্সট্রাকশন অ্যান্ড ট্রান্সফার বাই প্রমোটারস বিল, ১৯৯২। এই বিল তিনি এখানে উপস্থিত করেছেন এবং এই বিলটা সিলেক্ট কমিটিতে আলোচনার মধ্যে দিয়ে এটা সংশোধিত আকারে এখানে উপস্থিত হয়েছে। এই বিলটা বহু পূর্বে আমাদের আলোচনা কর উচিত ছিল দেরিতে হলেও যে এই বিলটা এখানে এসেছে এই বিলটা সেইদিক দিয়ে সমর্থনযোগ্য এবং সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। অগ্রেকে আবাসন সমস্যা আমাদের পশ্চিমবঙ্গে বিশেষ করে শহর এবং শহরতলি এলাকায় এটা একটা ভয়ঙ্কর রূপ নিয়েছে এবং এই সুযোগে অসাধু প্রমোটাররা তারা আবাসনের সুযোগ নিয়ে নানা রকম ভাবে গৃহনির্মাণ করতে গিয়ে সাধারণ মানুষকে ঠকাচ্ছেন। আমাদের এখানে দেখেছি কিছুদিন আগে কুন্দলিয়া গৃহ নির্মাণ করছিলেন সেই গৃহ নির্মাণ নিম্নমানের জিনিসপত্র দিয়ে তৈরির ফলে সেখানে ভেঙে পড়ে এবং বেশ কিছু মানুষের জীবনহানি ঘটে। এই রকম ঘটনা আরও কয়েকটি ঘটে, তাই সরকারের পক্ষ থেকে এই বিলটা আনার প্রয়োজনীয়তা এসে পড়েছে, তাই প্রমোটারদের নিয়ন্ত্রণ করা প্রয়োজন এবং যে প্রমোটাররা সাধারণ মানুষের নিম্ন মধ্যবিত্ত মানুষের টাকা ফাঁকি দেয় তাদেরকে নিয়ন্ত্রণ করা একান্ত প্রয়োজন হয়ে পড়ায় এই বিলটা এখানে আনা হয়েছে। প্রমোটাররা অনেক জায়গায় বেআইনি ঘরবাড়ি তৈরি করে তাদেরকে নিয়ন্ত্রণ করা প্রয়োজন, এটা অনুভব করে যে সমস্ত বিধিব্যবস্থা রুলের মধ্যে আছে সেটাকে যথাযথভাবে কাজ করে সেটা দেখা দরকার, এটা না করতে পারলে প্রমোটারদের নিয়ন্ত্রণ করা যাবে না। প্রমোটারদের হাতে প্রচুর পরিমাণে কালো টাকা আছে, এই কালো টাকা তারা আবাসন করার ক্ষেত্রে খরচ করছে এবং তারা বেআইনিভাবে প্ল্যান বহির্ভূত

কন্ট্রাকশন করছে, সেইজন্য যে অনুমতির প্রয়োজন সেটা তারা ঐ টাকার দ্বারা আমলাদেরকে নিজস্ব কন্ট্রোলের মাধ্যমে করছে। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব এখানে যে বিলটি আজকে এনেছেন এটাকে বাস্তবে প্রয়োগ করলে যদি কোনও ত্রুটি থাকে পরবর্তীকালে সেই ত্রুটিকে প্রয়োজনে সংশোধনী করা যেতে পারে। এই বিলের মধ্যে যে সমস্ত ধারা এবং উপধারা প্রয়োগ সেগুলি যদি বাস্তবিক কার্যকর হয় তাহলে এই যে প্রমোটাররা যারা সাধারণ মানুষকে ঠকাচ্ছেন তারা আর এটা করতে পারবেন না এই আশা রেখে বিলটার প্রতি গুরুত্ব দেওয়ার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**श्री लगनदेव सिंह :** मिस्टर डिप्टी स्पिकर सर, आपके सामने हमारे मंत्री महोदय ने जो विल पेश किए है, मैं इसका समर्थत करता हू। आप सभी जानते है कि सेलेकट कमिटि में इसपर अच्छी तरह विचर-विर्मश होने के वाद इसे लाया गया है। इसमे जो असुविधा थी उन सारी असुविधाओं पर आलोचना हुई और जो असुविधा थी उसे दूर कर दिया गया, चेञ्ज कर दिया गया। और यही कारण है कि कांग्रेसीवन्धु को वोलने का मौका नही मिल रहा है, वो विरोध किए हैं लेकिन उनके विरोधिता मे विशेष कुछ नही है।

इसके पहले भी प्रमोटर के लिए कानून था मगर उन कानूनों कोन कारगर ढंग से लागू किया जाता था नहीं सही पँजीशन अमल मे लाया जाता था। और कानून पालनकरने के लिए किसी तरह की अंकुश नही था। कानून की पावन्दी नही था। अन-आँथोराइज्ड कन्सट्रकसन धाढ़ल्ले से होता था। और यही कारण है कि इस विल को एमेन्ड कर इस नए विल मे कोशिश की गई है एसे कन्सट्रकसनको रोकने के लिए, इसके साथही प्रमोटर के सही कन्सट्रकसन को वढ़ावा भी दिया गया है। इसमे प्रमोटर को इसके आजादी भी दी गई है और साथ ही साथ कानूनी पावन्दी भी निभाने की पुरजोर कोशिश भी किया गया है। साथ-ही-साथ इस विल मे सखती से निपटने की बात कही गई है। हमारे विरोधी वन्धु इस बिल का पढ़े वगैर आलोचना किए। उनका इरादा नेक नही है और डाइभर्ट करना चाहते है। विल पेश होन के पहले सेलेकट कमिटि में विचारार्थ थी जिसमे कांग्रेस के भी सदस्य है, उसकी रिपोर्ट के वाद जो डिसेन्ट नोट तैयार हुआ, इसमे जो टेकनीकल भूल थी उसके एक्सेप्ट की है और इसके उपर कढ़ाई से कन्ट्रोल किया जाएगा। एक नई कमिटि का गठन करने का प्रस्ताव है जो म्युनिसिपलकारपोरेशन के काम काज पर निगरानी रखोगी। जो कलकत्ता म्युनिसिपल कॉरपोरेशन, हावड़ा म्युनिसिपल कांरपोरेशन व बंगाल म्युनिसिपल एक्ट इन एक्ट के तहत जो कन्सट्रकसन होता था, उनसे अधिकांशतः अनअथोराइज्ड कन्सट्रकसन होता था। वड़े-वड़े विल्डिंग कुकुरमुत्ते की तरह जहाँ-तहाँ वढ़ रहे थी। सारा सहर

अम्ब्रेला की तरह ढका हूआ था। डिपार्टमेन्ट एसे बिलिडिंग पर रोक लगा सकेगी। और एक सिमिलिएरीटी ला सकेगी।

साथ-ही-साथ देखते है बिल मे और भी अनेक सुविधा है। प्रमोटर्स से परचेजर जो है जो पलेट खरीदते है। प्रमोटर परचेजर से पलेट के नाम पर एडभांस ले ते है, एडभांस मे कुछ पैसा देना है और धीरे-धीरे वकि बाकी रुपया देता है। जैसे ही जिस जगह पलेट बन रहा है, पलेट खरीदते वाले का पोपुलेशन वड़ता है। या जमीन का दाम बढ़ जाता है। अब प्रमोटर परचेजर को कन्ट्रेकट के समय जो एग्रीमेन्ट होता है उसके मुताबिक पलेट देने मे आना-कानी करते हैं। एडभांस के समय एग्रीमेन्ट मे जिस पलेट का बिक्री होना तय हूआ था स्ववायर फीट और अधिक रुपये की मांग करते हैं। और पलेट देने मे आना-कानी करते हैं। एसी घटना हावड़ा म्युनिसपिल कॅारपोरेशन मे, कलकत्ता म्युनिसपल कॅारपोरेशन मे अनेको देखने को मिली है। जो पलेट के लिए एडभान्स दिए थी उन्हे पलेट नही मिलता है। तरह-तरह की कानूनी अड़चेन सामने खाड़ा कर देते हे। एडभान्स देते है लेकिन कोई कानूनी पावन्दी नही होने के कारण प्रमोटर तरह तरह से प्रचेजर कि पेरशान करते है। हावड़ा म्युनिसिपल कॅारपोरेशन, कलकात्ता म्युनिसपल कॅारपोरेशन बंगाल म्युनिसिपल कॅारपोरेशन मे बिल्डिंग के लिए जव कानून वनाया जा रहा है। एस विल पास हो जाने पर बिल्डिंग मे कही लाभ ना होने पर प्रमोटर के खिलाफ किसी प्रकार की जनकारी होने पर, कि कोई कन्सट्रकशन ठीक नही रहा है। अनअैथराइज्ड कन्स्ट्रकसन है डिफेक्टिव है तो डिपार्टमेन्ट के आंफिसर जाकर और उसके उपर कदम उठा सकते हैं। जो इसके पहल नहीं था। जो म्युनिसपलिटी इस तरह की खामियाँ देखती वह उसपर अंकुश लगाने के लिए स्वतंत्र है। इसके साथ ही प्रमोटर के लिए भी गौतम देव ने कोशिश की है, उन्हे भी कुछ सुविधा देने की वात की है। म्युनिसिपलिटी मे कॅारपोरेशन मे इस तरह की सुबिधा को देखकर प्रमोटर इन्डस्ट्रीज की और आर्कषित हूआ है। और अनेक बिलिडिंग बनोनका काम जारी भी है।

इस बिल के पस हो जाने से मिडिल क्लास के लोगे की अधिक लाभी है। बिलिडिंग बनाने के समय जो प्रमोटर जिसमे कुछ डिसओनेस्ट है उनके विस्ट लोगों को कानुनी सहयोग मिलेगा। उनके प्लान गड़वड़ न हो इसके उपर कदम उठाने के लिए, इसके उपर अंकुश लगाने के लिए सरकार यह कदम इस बिल के माध्यम से उठाने के बारे मे सोच रही है। अब परचेजर को अधिक परेशनी नहीं होगी और बिल्डिंग वेचते समय प्रमोटर मनमानी न कर सके, सिमिलियारिटी ऐसा कदम उठाएगी

की सही माहौल मे काम करते हुए पलेट मे उन्हे सुख-सुविधा मिल सके। साथ-ही-साथ जो इन्सयोरेन्स की बात है। बिलिडंग बनाने समय प्रमोटर कोई भी इमपोज ९०% तक और परचेजर के साथ किसी तरह की घटना घती है। यदि कोई दुर्धटना होने पर परचेजर को परसेन्टेज मिल सके तथा प्रमोटर के उपर अंकुश लगाया गया है और भविष्य मे राहत भी मिल सके एसा प्रावधान भी इस बिल में है। मिडिल क्लास के लोग इसका भरपूर लाभ उठा पाएगें। इसी के साथ इस बिल का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त करता हूँ।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল এখানে পেশ করা হয়েছে এবং যে বিল নিয়ে আলোচনা চলছে সেই উদ্দেশ্য সম্বন্ধে বাকি সদস্যরা যেভাবে বলেছেন আমি ঠিক সেইভাবে এটা বুঝতে রাজি নই। প্রোমোটারদের ক্ষেত্রে আইন-কানুন কি হবে সেটার চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ এই বিলের, যেটা আমাদের প্রধান আলোচনার বিষয় হওয়া উচিত তা হল ক্রেতাদের চরিত্র কি হবে। যে সামাজিক এবং রাজনৈতিক সমস্যার মধ্যে দিয়ে আমরা যাচ্ছি বিশেষত কলকাতা, হাওড়া এবং শিলিগুড়ি এই তিনটি গড়ে উঠা শহরাঞ্চলে—তিনটি শহরেই স্যার, আপনি যদি হিসাব নেন দেখবেন দ্রুত গতিতে ডেমোগ্রাফিক্যাল কমপোজিশন এই তিনটি শহরের পাল্টে যাচ্ছে। যারা এই পুরানো শহরগুলোর, পুরানো বাসিন্দা ছিলেন, তারা তাদের জমি এবং বাড়ি ধরে রাখতে পারছে না, দ্রুত গতিতে শহর ছেড়ে তাদের চলে যেতে হচ্ছে মফস্বলে। একটা অন্ধ অর্থনৈতিক শক্তির সামনে দাঁড়িয়ে কলকাতা, হাওড়া এবং শিলিগুড়ির ডেমোগ্রাফিক্যাল কমপোজিশন পাল্টে যাচ্ছে। আমি এই রাজনৈতিক সতর্কতার বিষয়টি উচ্চারন করতে চাই, এটা সবার কাছে গ্রহণযোগ্য একটা রাজনৈতিক বিষয় যে বম্বে শহরে শিবসেনার মতো সংগঠনের এই মাথাচাড়া দেবার পেছনে যে সামাজিক কারণটি আছে তা হল দ্রুত গতিতে আমাদের দেশের অর্থনৈতিক স্নায়ুকেন্দ্র বম্বে শহরের ডেমোগ্রাফিক্যাল কমপোজিশনটা পরিবর্তন হয়ে যাওয়া, অর্থনীতির বিকাশের সাথে সাথে একটা শহরের ডেমোগ্রাফিক্যাল কমপোজিশন পাল্টাবেই, ঠেকিয়ে রাখতে পারবেন না। কিন্তু সরকারের ভূমিকা কি হবে এই ক্ষেত্রে, সরকারের দৃষ্টিভঙ্গি এই ক্ষেত্রে কি হবে, যারা কলকাতা, হাওড়া বা শিলিগুড়ি মতো দ্রুত গতিতে বেড়ে উঠা শহরগুলোর আদি বাসিন্দা ছিলেন, তাদেরকে আমরা শহরের মধ্যে রাখবার চেষ্টা করব? বা শহর এর যে দিকে এক্সটেন্ডেড হচ্ছে সেদিকে রাখবার চেষ্টা করব? না কি একটা অন্ধ অর্থনৈতিক শক্তির সামনে অসহায়ের মতো আমরা ছেড়ে দেব এই শহরগুলোর পুরানো বাসিন্দাদের, দ্রুত গতিতে এই শহরগুলোর ভিতরকার জনসংখ্যাগত পরিসংখ্যানটা পরিবর্তন করার দিক থেকে। যে দৃষ্টিভঙ্গি থেকে, যে সামাজিক দৃষ্টিভঙ্গি থেকে এই আইন করা হয়েছে, আমি মনে করি সরকার পুরানো ডেমোগ্রাফিক্যাল কমপোজিশন ধরে রাখবার ক্ষেত্রে একটা চেষ্টা করেছেন, এই কারণে এই বিল প্রধানত প্রথম সাধুবাদ পায়। স্যার, কি হবে? পুরানো বাড়ির মালিকরা, পুরানো জমির মালিকরা শহর বা শহর সংলগ্ন অঞ্চলগুলিতে তাদের সামনে একটা অকল্পনীয় পরিমাণের দর হেঁকে জমির উপর থেকে অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। অভাবের সামনে দাঁড়িয়ে মানুষ তার পুরানো জমির উপর অধিকার রাখতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আমি যেটা জিজ্ঞাসা করতে চাই, এই টাকার উৎসটা কোথায়? কোনও উৎস থেকে এই টাকা আসছে, যার সামনে দাঁড়িয়ে পুরানো বাসিন্দারা ধরে রাখতে পারছে না তাদের অধিকার বা নুতন করে যে সমস্ত বাড়িগুলো উঠছে, যে পরিমাণের দাম সেই ফ্ল্যাট এর করা হচ্ছে, সাধারণ মধ্যবিত্ত মানুষ, যারা এই শহরগুলো মেরুদন্ড এতদিন পর্যন্ত ছিল, তারা সেই নতুন জায়গায় আসতে পারছে না। আপনি যদি বিবেচনা করতে চান, আপনি দেখবেন যে শক্তির সামনে মাথা নিচু করে চলে আসতে হচ্ছে, সেই শক্তিটা হচ্ছে কালো টাকা। আপনি জানেন এই প্রমোটারের ব্যবসা ভয়ানক ভাবে ফুলে ফেঁপে উঠছে। এটা কিন্তু প্রমোটাররা এফিসিয়েন্টলি কাজ করছে, তার জন্য নয়। এই ব্যবসায় পেছনে প্রচুর মানুষ আসছে ক্রেতা হিসাবে যথেষ্ট পরিমাণে টাকা নিয়ে এবং যে টাকার পরিমাণ তারা আনছেন, মধ্যবিত্ত একান্ত ভাবে টিকে থাকবার, মাথা গোঁজবার একটা ঠাঁই খুঁজছেন, এরা প্র্যাকটিক্যালি এই প্রমোটার বিজনেসের ডিমান্ডটা তৈরি করে না। ডিমান্ড তৈরি করে কালো টাকার মালিকরা, যারা বেশি দামে শহরের স্নায়ুকেন্দ্র এবং শহর বেড়ে উঠা অঞ্চলগুলোর উপর নিজের অধিকার করায়ত্ব করতে চাইছে, কাজেই প্রশ্নটা যদি ডেমোগ্রাফিক্যাল কমপোজিশনকে আপনি কিছুটা পুরানো জায়গায় রাখতে চান, প্রমোটার ব্যবসার ক্ষেত্রে এই কালো টাকার লেনদেন আপনাকে বন্ধ করতে হবে এবং আইনে সেই কথাটা আছে এবং কংগ্রেসের প্রধান আপত্তির জায়গা হল এটা এই আইনের অনেকগুলো ধারা উপধারার মধ্যে এই বিতর্কের কথাটা লুকিয়ে নেই। বিতর্কের মূল কথাটা লুকিয়ে আছে, আমি মনোযোগ দিয়ে সৌগতবাবু এবং সুদীপবাবুর নোট অব ডিসেন্ট শুনেছি এবং মাননীয় সদস্য নির্মল মুখার্জি সিটি ডেভেলপার্স ফোরামের যে ওপেন লেটারের কথা উল্লেখ করেছেন, তা পড়েছি। সরকারের সঙ্গে মূল বিরোধের জায়গাটা হচ্ছে এই, এই প্রোমোটারদের বিজনেসে কালো টাকার লেনদেন হবে কি হবে না, এটাই হচ্ছে মৌলিক প্রশ্ন। ঘুরিয়ে কথাটা বলেছেন সাধনবাবু, সাধারণ ভাবে সিলেক্ট কমিটির সামনে যে কেউ যদি কালো টাকা দিয়ে দেন, সুদীপবাবুও বলেছেন কেউ যদি কালো টাকা দিয়ে দেন, তারপর যদি প্রমোটার ফ্ল্যাট না দেয়, টাকা ফেরৎ দেবার সময় যে ব্ল্যাক মানিটা দিয়েছে সেটা ফেরৎ পাবেন কি করে? আচ্ছা বলুন তো সুদীপবাবু, এই সমস্যাটা প্রধানত কার? আপনি উদাহরণ হিসাবে বললেন একজন বাঙালি সরকারি কর্মচারী যিনি রিটায়ার করেছেন, তার কাছে কালো টাকা সমস্যা? তিনি কালো টাকা নিয়ে বাড়ি কিনতে গেছেন, এটা কি বাস্তব? নাকি কিছু অসাধু ব্যবসায়ী যাদের হাতে কোটি কোটি টাকায় আপনাদের অর্থনৈতিক নীতির দৌলতে হাজার হাজার কোটি কালো টাকা জমাচ্ছে, সমস্যাটা তাদের?

আচ্ছা বলুন তো সুদীপবাবু—এই সমস্যাটা প্রধানত কাদের? আপনি উদারহণ হিসাবে অনেক কথা বললেন। একজন বাঙালি সরকারি কর্মচারী যিনি রিটেয়ার করেছেন তার কাছে কি কালো টাকার সমস্যা? তিনি কি অনেক কালো টাকা নিয়ে বাড়ি কিনতে গেছেন? কিন্তু এটাই বাস্তব—যারা আপনাদের অর্থনৈতিক নীতির দৌলতে হাজার হাজার কোটি কালো টাকা জমিয়েছে সমস্যা হচ্ছে তাদের। আসলে তাদের স্বার্থ রক্ষা করার জন্য আপনারা আপত্তি করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে অর্থনৈতিক নীতি নিয়ে দেশ চলছে তাতে কালো টাকা জমানোর মহান দেশপ্রেমিকদের দুর্নীতিতে পরিণত করেছেন। যারজন্য আজকে চলে এল গোল্ড বন্ড স্কীম। সোনা কোন টাকা দিয়ে কিনছেন এর উত্তর আপনাকে দিতে হবে না। এটা

সরকারের কাছে জমা রাখলে সেই সোনার মূল্য এবং তার সুদের উপর যে সুদ হবে তা সাদা টাকায় রূপান্তরিত করা হবে। এই যে কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতি সেই অর্থনৈতিক নীতিকে যারা সমর্থন করেন তারাই আজকে এই বিল নিয়ে উঠে-পড়ে লেগেছেন কালো টাকার মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাব যে তিনি সঠিক জায়গায় আঘাত করেছেন, ভীমরুলের চাকে আঘাত করেছেন। কালো টাকার লেনদেনটা বন্ধ কি করে হবে? আমরা সেই জায়াগায় আটকে গেছি। একথা জোরের সঙ্গে বলতে হবে—কলকাতা, শিলিগুড়ি এবং হাওড়ার পুরানো ডেমোগ্রাফিক্যাল কম্পোজিশন রক্ষা করার জন্য কালো টাকার লেন-দেন যদি সরকার বন্ধ করতে চায়—আমাদের প্যারোকিয়াল বলে গালাগালি দিলেও এই জায়গাতে আমাদের আটকে থাকতে হবে। ঠিক বোম্বেতে যা হয়েছে—কলকাতা, হাওড়া এবং শিলিগুড়িকে ঐ জায়গায় দাঁড় করিয়ে দিতে পারি না। ওদের আপত্তিটা কোথায়? যখন সব কিছু রিলাক্স করে দেওয়া হয়েছে তখন কেন আইন হচ্ছে, প্রোমোটারদের বাঁধবার চেষ্টা করা হচ্ছে। এক্ষেত্রে সিটি ডেভেলপরাস' ফোরাম থেকেও ওঁরা এক কাঠি ছাড়িয়ে গেছেন। সুদীপবাবু, এঁরাও কিন্তু এক্ষেত্রে এটা দাবি করে না? আজকে ডেভেলপমেন্টের ক্ষেত্রে নতুন করে রেজিস্ট্রেশন করতে হবে। ওনাদের আপত্তি নেই, কিন্তু এক্ষেত্রে কংগ্রেস এম.এল.এদের আপত্তি আছে। আমি কংগ্রেসি বিধায়কদের জিজ্ঞাসা করতে চাই, রাজনৈতিকভাবে আপনারা কি প্রোমোটারদের এই বাড়-বাড়ন্তকে নিয়ন্ত্রণ করার প্রশ্নে সৎ আছেন? যদি সৎ থাকেন তাহলে আপনারাই বলুন, আপনাদের একজন প্রাক্তন বিধায়কের ভাইয়ের বে-আইনি বাড়ি কর্পোরেশন যখন ভাঙতে গেল, তখন তিনি কাগজে ছবি হলেন—আপনারা তখন ক্রিটিসিজ্‌ম করলেন না কেন? কলিন্স লেনে যে বাড়িটা ভেঙে পড়লো—এটা খুবই দুঃখজনক ঘটনা—বহু মানুষ মারা গেল—সেই বাড়ির প্রোমোটার যিনি তিনি একজন স্থানীয় প্রভাবশালী কংগ্রেস নেতা। কখনো সমালোচনা করেছেন? একজন প্রাক্তন বিধায়কের ভাই যিনি দাঙ্গায় ২ দিন আগে গ্রেপ্তার হলেন, ঐ সুদীপবাবুর কনস্টিটুয়েন্সির মধ্যে তিনি একজন প্রভাবশালী বে-আইনি প্রোমোটার—তাকে কেন সেফগার্ড করা হচ্ছে তা আমি জানি না। আপনারা খুব ভালভাবেই জানেন, কিভাবে প্রোমোটাররা ব্যবসা করেন। তাদের আটকানোর চেষ্টা যাতে না করা যায়, তারা যাতে সুপার প্রফিট করতে পারে তার গ্যারান্টি করার চেষ্টা, অন্যদিকে কালো টাকাকে সাদা পথে চালু যাতে করতে পারে তার চেষ্টা করা—রাজনৈতিকভাবে এই বিলের অন্য কোনও প্রশ্নে বিরোধিতা না করতে পেরে এই জায়গায় এসে এইসব কথাবার্তা বলে রাজনৈতিক দেউলিয়াপনার পরিচয় দিচ্ছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি অনুরোধ করব, আপনার এই আইনের মধ্যে আছে—কোনও একজন প্রোমোটার তিনি কোনও একটি কনস্ট্রাকশানের জন্য আবেদন করার পর নির্দিষ্ট সময়ের মধ্যে সেই আবেদনকে ডিসপোজ করতে হবে—এটা আইনে বলা আছে। আপনাকে সাধুবাদ জানাই, মন্ত্রী হিসাবে অ্যাডমিনিস্ট্রেশনের উপর আপনার এই আস্থা—এটাই প্রমাণিত হচ্ছে নির্দিষ্ট সময়ের মধ্যেই ডিসপোজ-অফ করতে হবে।

প্রশ্নটা আসছে, যদি কোনটা ডিসপোজ অফ্ না হয় সে ক্ষেত্রে কি হবে? তাহলে কি ধরে নেওয়া হবে যে, আবেদনটা অনুমোদিত হয়ে গেছে? আমি এই বিষয়ে মন্ত্রীকে সতর্ক করতে চাই, যখন আইনটা প্রয়োগ করবেন তখন এই বিষয়ে রক্ষাকবচ রাখতে হবে। একটা নির্দিষ্ট সময় কেটে যাবার পর যদি কোন আবেদনপত্র অনুমোদিত না হয় তাহলে সময়ে

দোহাই দিয়ে যেন সেটা অমোমেটিক্যালি অনুমোদিত হয়েছে এটা ধরে নেওয়া না হয়। সেটা করা না হলে সময় ব্যয় করিয়ে দেবার অশুভ প্রবণতা সৃষ্টি হতে পারে বলে আমি মনে করি, কারণ প্রশাসনের মধ্যে একটি অংশে এখনও দুর্নীতি রয়েছে। তাই আপনার মাধ্যমে সভার কাছে আবেদন করতে চাই, পশ্চিমবঙ্গে প্রমোটার ব্যবসার ক্ষেত্রে কিছু নিয়ন্ত্রণ আরোপ করাটা সঠিক এবং রাজনৈতিকভাবে সেটা প্রয়োজন, এই আইনে সেটাই বলা হয়েছে। আজকে কালো টাকার হাত থেকে কলকাতা, হাওড়া এবং শিলিগুড়ির রিয়াল অ্যাস্টেট বিজনেসকে বাঁচাতে হবে। কালো টাকার প্রতিযোগিতায় সাধারণ মানুষ পেরে উঠবেন না সরকার তা জানেন এবং তারই জন্য আইনটা প্রয়োগ করবার চেষ্টা করছেন। আজকে কলকাতা শহরে কল্যাণ সিং এর মিটিংয়ে যারা টাকা নিয়ে ছুটে যায় সেই প্রদীপ কুন্দুলিয়ার মতো লোকেদের কালো টাকার স্রোতকে আপনি বেঁধে দিয়েছেন, কারণ সরকার চান কলকাতা থাকুক মধ্যবিত্তদের হাতেই। আজকে কালো টাকার অসম প্রতিযোগিতায় সরকার পিছিয়ে যাবেন, তারজন্য আপনি কালো টাকার লেনদেনের পথে বাধা সৃষ্টি করেছেন, কিন্তু এতে আপত্তি হচ্ছে সৌগতবাবু, সুদীপবাবুর এবং সিটি ডেভেলপার ফোরামের। কিন্তু জানবেন, এরজন্য পশ্চিমবঙ্গের মানুষ আপনাকে আশীর্বাদ করবেন। আজকে কালো টাকার যোগান বন্ধ করে দেখুন যে, রিয়াল এস্টেটের দাম কমে কিনা। আজকে ডেমোগ্রাফিক কমপোজিশন রক্ষা করবার জন্য কলকাতাসহ হাওড়া এবং শিলিগুড়ির ক্ষেত্রে যে প্রচেষ্টা চলছে তাতে নতুন করে একটা দিক প্রতিফলিত হবে এবং তারজন্য আমি এই বিলকে সমর্থন করছি। আশা করছি, রাজ্যের মানুষের সামনে এই রাজ্যের রাজনৈতিক চরিত্র সম্পর্কে নতুন করে উৎসাহ তৈরি করবে, এই বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আসলে আজকে খুব বেশি বক্তৃতা বোধ হয় আমার দেবার অবকাশ নেই, তার কারণ এই বিল নিয়ে আলোচনার জন্য যে সিলেক্ট কমিটি তৈরি হয়েছিল সেই সিলেক্ট কমিটিতে আমি একজন মেম্বার ছিলাম এবং সাধারণত নিয়ম হচ্ছে, যাঁরা সিলেক্ট কমিটির মেম্বার থাকেন তাঁদের বক্তব্য তাঁরা সিলেক্ট কমিটিতেই রাখেন। তাই আমার বক্তব্য রাখবার কোনও সুযোগ নেই। কিন্তু যেহেতু সিলেক্ট কমিটিতে আমাদের সদস্য সংখ্যা কম, সেজন্য অ্যামেন্ডমেন্ট দেবারও কোনও সুযোগ ছিল না। তাই আমি কিছু বক্তব্য রাখছি। এর আগে তরুণ বিধায়কের বর্ক্তৃতা শুনছিলাম। আমি অকালপক্কতা শব্দটা ব্যবহার করতে চাই না, কিন্তু আমি জানি না তাঁর বক্তৃতায় পাণ্ডিত্য, না অকালপক্কতা প্রকাশ পেয়েছে। মাননীয় মন্ত্রীর একটা ক্লাশ নেওয়া উচিত ছিল তাঁদের দলের বিধায়কদের নিয়ে এই বিলের উপর বক্তব্য রাখার আগে।

তার আগে মাননীয় বিধায়ক মানববাবু আমাদের কিছু লেকচার দিয়েছেন। প্রোমোটারদের কন্ট্রোল করা হবে কখন? না, যখন বামফ্রন্ট সরকারের ১৬ বছর পূর্ণ হল। কখন? না, যখন পশ্চিমবঙ্গের কলকাতা শহর থেকে শুরু করে মফস্বলের ছোট ছোট শহরে প্রোমোটাররা ছেয়ে গেছে। কখন? না, যখন কলকাতা শহরে কুন্দলিয়াদের বাড়ি ভেঙ্গে ১৪টি লোক, বাঙ্গুরের বাড়ি ভেঙ্গে ৫টি লোক, কলিন স্ট্রিটের বাড়ি ভেঙ্গে ৬৫টি লোক মারা গেছে। কখন? না, যখন রোজ খবরের কাগজে বের হচ্ছে যে আজকে তপোবন হাউসিং ফিনান্স এত লোকের টাকা নিয়ে পালাল, সল্ট লেকে এত টাকা নিয়ে পালাল, লেক টাউনে একটা

হাউসিং কোম্পানি এত টাকা নিয়ে পালাল তখন এদের বুদ্ধির উদয় হচ্ছে যে প্রোমোটারদের নিয়ন্ত্রণ করা দরকার। এদের কথা শুনে মনে হচ্ছে যে ১৯৭৭ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত প্রোমোটারদের কোনও সমস্যা ছিল না। ১৯৭৭ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত এখানে অন্য সরকার ছিল। বামফ্রন্ট সরকারের বক্তব্য শুনে একজন সাংবাদিক নাকি লিখেছেন সেটা আমার খুব ভাল লেগেছে। তিনি লিখেছেন যে ওরা মঙ্গল গ্রহে থাকেন, মাঝে মাঝে হঠাৎ পশ্চিমবঙ্গে আসেন। মানববাবু বোধ হয় এখানে ছিলেন না, হঠাৎ এসে দেখছেন যে প্রোমোটাররা কি ভীষণ কাণ্ড করছেন, তাই এদের বিরুদ্ধে, কালো টাকার বিরুদ্ধে সংগ্রামকে জোরদার করার জন্য একটা আইন আনা দরকার। আজকে এটা ওদের হঠাৎ মনে হয়েছে। মন্ত্রী মহাশয় ভাল লোক। আমি তাকে স্মরণ করিয়ে দিতে চাই যে আপনি যদি আইন আনতে চান তাহলে আইনটা অনেক আগে আনা উচিত ছিল। কারণ এর মধ্যে বহু বহু বে-আইনি কাজ হয়ে গেছে, এর আগে বহু মানুষ বাড়ি থেকে বঞ্চিত হয়েছে। আমি গৌতমবাবুকে উত্তর দিতে বলব যে, এই আইন আনার প্রোভোকেশন কি? আমার কাছে আপনার গত বছরের বাজেট স্পিচে আছে, যদি আপনার কনটেমপ্লেশন ছিল যে এই রকম একটা আইন আনা দরকার সেটা আপনার বাজেট স্পিচের কোনও জায়গায় দেখতে পাচ্ছি না। ২৫শে মার্চ, ১৯৯২ সালে আপনি এই রকম একটা আইন আনার ইচ্ছা প্রকাশ করবেন। তারপরে আইনটা এসেছিল। আপনার মনে আছে, আমি সেই সিলেক্ট কমিটিতে ছিলাম। ১৯৯২ সালের ১১ই জুন এই বিলটা এসেছিল। তার মানে ১১ই জুনের আগে আপনি জানতেন না যে এই রকম একটা আইন আনবেন। সুতরাং বামফ্রন্ট সরকার পুরোপুরিভাবে প্রোমোটারদের উপর একটা নিয়ন্ত্রণ আনতে চান, এটা বলা বোধ হয় ঠিক হবে না। স্যার, এটা আপনাকে বলা দরকার এবং হাউসকেও বলা দরকার যে পশ্চিমবঙ্গে কি হয়েছে গত ১৫।১৬ বছরে। এই প্রোমোটার কথাটা হচ্ছে ইংরাজি কথা। এটা প্রায় বাংলা হয়ে গেছে। আমরা ১৯৭৫, ৭৬, ৭৭ সাল পর্যন্ত প্রোমোটারের ব্যাপারটা শুনিনি। আমরা কখনও কখনও শুনেছি যে বিজনেস প্রোমোটার হয়। কিন্তু প্রোমোটার বলে একটা জিনেটিক টার্ম বাংলা ভাষায় প্রবেশ করে যাবে, এটা বামফ্রন্ট সরকারের আগে আমাদের জানা ছিলনা। কলকাতায় মাল্টি স্টোরিড ফ্লাট আগেও হয়েছে। কিন্তু কখনও প্রোমোটাররা মাল্টি স্টোরিড বাড়ি আগে তৈরি করেনি। কংগ্রেসের আমলে প্রথম কো-অপারেটিভ কয়েকটি মাল্টি-স্টোরিড বাড়ি তৈরি করা শুরু করে। তখন এটা পুরোপুরি আর্বান হাউসিং কো-অপারেটিভ সোসাইটি মুভমেন্ট ছিল। ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত কয়েকটি লোক মিলে আগে একটা কো-অপারেটিভ ফর্ম করত এবং তারা কো-অপারেটিভ সোসাইটি বাড়ি তৈরি করার উদ্যোগ নিত এবং তারা অ্যাপেক্স ব্যাংক থেকে লোন পাইয়ে দিত সদস্যদের। তারা তখন বাড়ি তৈরি করতো কন্ট্রাক্টরকে দিয়ে। এই প্রোমোটারের ব্যাপারটা হচ্ছে বামফ্রন্টের অবদান পশ্চিমবঙ্গের মানুষের কাছে, কলকাতার মানুষের কাছে। এই ১৬ বছর রাজনৈতিক মৌরসিপাট্টায় থাকার ফলে এই প্রোমোটারদের ব্যাপারের সঙ্গে আপনাদের একটা নেক্সাস গড়ে উঠেছে। ১৬ বছর ক্ষমতায় থাকার জন্য যারা টাকা উপার্জন করে তাদের সঙ্গে একটা নেক্সাস গড়ে উঠেছে এবং এটা বিভিন্ন লেভেলে দেখা যাচ্ছে। যেমন—আলিপুরে আপনাদের বাড়ি তৈরি হচ্ছে, সেই বাড়ি ফতেপুরিয়রা করছে।

(শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ সৌগতবাবু, বড় সিটিতে কোন জায়গায় নেই?)

স্যার, আমি এই বামফ্রন্টের অবদানের আগে অন্য রাজ্যের কথা বলব। আমার পরম শ্রদ্ধেয় গান্ধিবাদী বিনয়বাবু একটা প্রশ্ন তুলেছেন, আমি পরম শ্রদ্ধার সঙ্গে তাঁর প্রশ্নের জবাব দেব। বম্বে আর একটা শব্দ চালু আছে, কলকাতার শব্দ নয়, বম্বে প্রোমোটার শব্দ চালু নেই, বম্বেতে যে একটা শব্দ চালু আছে সেটা হলো—বম্বেতে কি রকম জলি মেকার, যারা মেকার টাওয়ার বানিয়েছে। অজস্র বাড়ি বানিয়েছে, রাহেজার মতো বড় বাড়ি বানিয়েছে। আনসান এই রকম হচ্ছে বম্বেতে। দিল্লিতে নিজেরা জমি কিনে বাড়ি তৈরি করে, ওদের এত টাকা আছে যে ওদের অ্যাডভান্স নেবার প্রয়োজন বোধ হয় না। বম্বেতে শুধু বম্বে কো-অপারেটিভ হাউসিং-এর মাধ্যমে যা বাড়ি হয়েছে, আপনাদের মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নেতৃত্বে পরিচালিত সরকার তার ১০০ ভাগের এক ভাগ কনস্ট্রাকশন এখানে করতে পারত তাহলে প্রোমোটারদের এই রমরমা হত না। আপনারা ১৬ বছরে কো-অপারেটিভ মুভমেন্ট বন্ধ করে দিয়েছেন। বম্বে গিয়ে বিনয়বাবু দেখে আসুন, আমি আপনার সঙ্গে যাবো, ট্যাক্সি-মেন্‌স ইউনিয়ন কি বাড়ি বানিয়েছেন। কো-অপারেটিভ মুভমেন্টে গৌতমবাবু এসেছেন। পশ্চিমবাংলায় কো-অপারেটিভ মুভমেন্ট টোটালি ফেল করল, আবার হাউসিং কো-অপারেটিভ ডেভলপ করতে পারলেন না। তার ফলে বড় এবং ছোট সার্করা পশ্চিমবাংলার কলকাতার নগর জীবনে প্রবেশ করলো। তাহলে প্রোমোটার কথাটা এলো কি করে এবার দেখা যাক। আগে ছিল ইনডিভিজুয়াল লোক বাড়ি বানাতো, কনট্রাক্ট দিতে, বাড়ি তৈরি হল। অনেক সময় নিজেরা দাঁড়িয়ে বাড়ি বানাতো, লেবার কন্ট্রাক্ট শুধু দিতে, বাড়ি তৈরি হত। তারপর হলো কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে বাড়ি বানানো, কন্ট্রাক্টরকে দিত কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে। এই প্রোমোটার কনসেপ্টাই একেবারে নতুন। প্রোমোটার কনসেপ্ট কি? যে নতুন বাড়ি বানাচ্ছে সে কোন রকমে একটা জমি বায়না করছে, অনেক সময় কিনছেও না, তারপর বাড়ির যে প্লান করছে, সেই প্লানের স্যাংশন করে নিচ্ছে। এবার ফ্লাটের জন্য টাকা নিচ্ছে অ্যাডভান্স, তারপর সে মাছের তেলে মাছ ভাজছে। সেই অ্যাডভান্সের টাকা নিয়ে সে আস্তে আস্তে বাড়ি তৈরি করছে। তার মানে গোটা জিনিসটা হচ্ছে প্রোমোটার কি? প্রোমোটার হচ্ছে ইনিসিয়ালি মানি ইনভেস্ট করবে এবং প্রোমোটার ইনিসিয়ালি টাকা ইনভেস্ট করার পর সে অন্যদের টাকায় ফ্লাট তৈরি করে একটা বড় লাভ করবে। দু-ধরনের প্রোমোটার গজিয়ে উঠেছে। প্রোমোটার শুধু কলকাতায় নয়, কলকাতায় আছে, হাওড়ায় আছে, ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় আছে, বর্দ্ধমানে গিয়ে পৌঁছেছে, আসানসোলে গিয়ে পৌছেছে। পশ্চিমবাংলায় প্রতিটি শহরে দু-ধরনের প্রোমোটার এসেছে। এক ধরণের প্রোমোটার হচ্ছে বড় প্রোমোটার, যাদের সঙ্গে সরকার ধরুন আপনাদের সঙ্গে ভাল লেনদেন আছে। ধরুন ফতেপুরিয়া, বড় প্রোমোটার, নিউ মার্কেটে বাড়ি তৈরি করেছে। আপনাদের কর্পোরেশনকে টাকা দিতে হয় নি। ফতেপুরিয়ার টাকা লাগিয়ে কেউ নিউ মার্কেটে বিল্ডিং করছে, ফতেপুরিয়া নিউ মার্কেটের দোকান বিক্রি করছে, ফতেপুরিয়া কর্পোরেশনকে কিছু টাকা দিয়েছে। সুতরাং প্রোমোটারের জমি না হলেও অন্য লোকের জমিতে বাড়ি তৈরি করতে পারে। এই ধরুন বাজুরিয়া, অরুন বাজুরিয়া নিউ আলিপুর মার্কেটটা, ল্যান্সডাউন মার্কেটটা তৈরি করেছে আপনারা জানেন। যুগল কিশোর কাজুরিয়াকে কর্পোরেশন সত্যনারায়ণ পার্কটা লিজ দিয়েছে, সেখানে মাটির তলায় একটা মার্কেট তৈরি করে ইচ্ছামতো প্রিমিয়ামে দোকান বিক্রি করেছে, তারপর কর্পোরেশনকে টাকা দিয়েছে। এই সব হাওয়ার সময় মানববাবুদের মনে ছিল না ব্লাক মানি ট্রানজাকশন হচ্ছে? এই সব হওয়ার সময় বামপন্থীদের মনে ছিল

না ওদের উপর নিয়ন্ত্রণ হারাচ্ছেন? একটা সরকার অফিসিয়ালি প্রোমোটারদের সঙ্গে চুক্তি করছেন নিজেদের প্রপার্টি ডেভেলপ করার জন্য। এল. আই. সি.-র কাছে যায় নি ; হাডকো'-র কাছে যায় নি, কেন্দ্রীয় সরকারের হাউসিং ডেভেলপমেন্ট ফিনান্স কর্পোরেশনের কাছে যায় নি, ডিরেক্টলী ফতেপুরিয়া বাজুরিয়া, কাজুরিয়া, কুণ্ডলিয়ার কাছে গেছে। এখন ওনারা বলছেন যে আমরা নাকি কালো টাকার ধারক ও বাহক। আমি শুধু সিম্পলি একটা বথা বলতে চাই সত্যিই তো গৌতমবাবু পশ্চিমবাংলার মানুষের বাড়ির যা চাহিদা আপনাদের সরকারের ক্ষমতা নেই তা মেটাবেন। আপনার হাউসিং-এর টোটাল বাজেট হচ্ছে ক্যাপিটাল আউটলে অন হাউসিং ১৪ কোটি টাকা। পশ্চিমবাংলায় বছরে ১৪০০ কোটি টাকা হাউসিং-এ লাগছে, আপনি ১৪ কোটি টাকা দিয়ে কিছু করতে পারবেন না। আপনার শহরে যে হাউসিং বোর্ড রয়েছে যেটা সেই হাউসিং বোর্ডের একটা হিসাব দেখলাম এইট ফাইভ ইয়ার প্লানে আপনি বাড়ি তৈরি করবেন ২০ হাজার ডুয়েলিং ইউনিট। আপনার দরকার ২৩ লক্ষ, আপনি তৈরি করছেন ২০ হাজার।

তাহলে এখন নতুন যে কনসেপ্টটা এলো, প্রোমোটাররা দু'রকমের, একটা হচ্ছে বড় মাছ, কুমীর। এই রকম বড় প্রোমোটার কলকাতায় আছে। ফতেপুরিয়া, বিলানিয়া, অমুক তমুক একশোটা এই রকম আছে, কিন্তু বাড়িতে এদের টাকা মারার ব্যাপার নেই। ট্রানজাকশনটা কালো টাকাতে হয়। আলিপুরে এখন বাড়ির গোয়িং রেট হচ্ছে তিন হাজার টাকা স্কোয়ার ফিট। একটু ভাল এলাকায়, বালিগঞ্জ, সাউথ অব পার্কস্ট্রীট এই সব জায়গায় পনেরশো টাকা স্কোয়ার ফিটের কম নয়। তারমানে এক হাজার স্কোয়ার ফিটের ফ্ল্যাট তিরিশ লাখ, বত্রিশ লাখ টাকা হতে পারে। সেখানে এই বিলটির কোনও জায়গায় ফ্ল্যাটের দাম নিয়ন্ত্রণের কোনও কথাই বলা হয়নি। প্রোমোটারদের কন্ট্রোল করছেন, কিন্তু ফ্ল্যাটের দাম নিয়ন্ত্রণ করার কোনও কথা বলেছেন? না, বলেন নি। আবার একদম নিম্ন মধ্যবিত্ত এলাকায় তিনশো টাকা স্কোয়ার ফিট, আড়াইশো টাকা স্কোয়ার ফিট, এখনও এই রকম এলাকা পাবেন। আলিপুরে, বালিগঞ্জে, ওল্ড বালিগঞ্জে সোনার দাম হচ্ছে জমির দাম। সেখানে জমির দাম দশ লাখ কাঠা হতে পারে, কুড়ি লাখ কাঠা হতে পারে, পঞ্চাশ লাখ টাকা কাঠাও হতে পারে। সেখানে আপনারা, আপনার দপ্তরে আগে ছিল, এখন নাকি বুদ্ধদেববাবুর দপ্তরে আছে আর্বান ল্যাণ্ড সিলিংটা, সেখানে আপনারা কোনও রকম নিয়ন্ত্রণ করার চেষ্টা করেন নি। যে জমিগুলো সার্প্লাস ল্যাণ্ড সেগুলোকে ব্যবহার করে কি করে আর্বান হাউসিং করা যায় তা করার চেষ্টা করেন নি। তার ফলে প্রোমোটার ব্যাপারটা, একদিকে হাউসিং অ্যাডিকোয়েট দিতে বামফ্রন্টের ব্যর্থতা এবং অন্যদিকে ইনোভেটিং প্ল্যানিংয়ের অভাব, এতেই প্রোমোটার ব্যাপারটার জন্ম। তার ফলে কি হচ্ছে এখন? মধ্যবিত্তদের বাড়ি চাই। তাদের নিজেদের জমি কেনার ক্ষমতা নেই। কলকাতা শহরের মধ্যে কোনও জায়গায়, আর্বানে একশোটা ওয়ার্ডে এক লাখ টাকা কাঠার কমে জমি নেই। তাদের দু'কাঠা জমি কেনার ক্ষমতা নেই। তার ফলে একটা জমিতে চারতলা, পাঁচতলা হচ্ছে। আলিপুরে, বালিগঞ্জে ফ্ল্যাট আছে। এখন সব এলাকায় তাই ফ্ল্যাট তৈরি হচ্ছে। কেউ পাঁচকাঠা জমি বায়না করে সেখানে একটা ফ্ল্যাট তৈরি করছে। সে কিন্তু একদিক থেকে একটা সামাজিক পারপাস সার্ভ করছে। আপনি কোনও ফ্ল্যাট দিতে পারছেন না, সরকার কিছু দিতে পারছে না, কো-অপারেটিভ সেক্টরে তৈরি করতে পারছে না যেখানে, সেখানে সে ফ্ল্যাট তৈরি করছে। কিন্তু প্রবলেমটা কোথায়? প্রবলেমটা হচ্ছে এর মধ্যে অসংখ্য চীট ঠগ্

এবং ফ্লাই বাই নাইট অপারেটর, যারা কোনওদিন কিছু করেনি তারা ঢুকে যাচ্ছে, হঠাৎ করে তারা প্রোমোটার হয়ে যাচ্ছে। একটা জমি বায়না করছে, মধ্যবিত্ত লোকেদের কাছ থেকে তারা টাকা নিচ্ছে। তারপর তাদের জীবন্তসমাধি হয়ে যাচ্ছে। এটা ঠিক যে, এই মধ্যবিত্ত মানুষ যারা প্রোমোটারদের কাছে টাকা দিচ্ছে, তাদের বাঁচাবার জন্য একটা আইনের দরকার ছিল, একটু নিয়ন্ত্রণ করার দরকার ছিল। দুর্ভাগ্যবশত এতদিন পরে সেটা বামফ্রন্ট সরকারের খেয়াল হল যে কোনও প্রোটেকশন, কোনও সিকিউরিটি দেওয়া যায় কিনা। শুধু ডিটেকটিভ ডিপার্টমেন্টের কাছে ফ্রড কেস আছে দু-তিনশো। যে সমস্ত লোকেরা বাড়ির জন্য টাকা জমা দিয়েও বাড়ি পায়নি, এই রকম ফ্রড কেস রয়েছে। এখন এই রকম ঘটনা ঘটছে। এরা কি করছে? এরা টাকা নিচ্ছে, তারপর দেখা যাচ্ছে যে টাকা নিয়ে তাদের অনেকে বাড়ি তৈরি না করে পালিয়ে যাচ্ছে। বাঙালি লোক এই যে প্রোমোটার এদের নিজেদের কোনও টাকা নেই। তারা ভেবেছিল যে মাছের তেলে মাছ ভাজা হবে। কোন কারণে যদি ফ্ল্যাটটা আটকে যায় তাহলে তাদের টাকা এর ফলে ব্লকড্ হয়ে যাচ্ছে না। বাড়ি কমপ্লিট হচ্ছে না। কিছু ফ্ল্যাট যা কমপ্লিট হচ্ছে, সেখানে ফ্ল্যাট পেতে প্রোমোটারদের সাথে যারা টাকা দিয়েছে তাদের নতুন ফ্ল্যাট পাওয়ার জন্য মামলা চলছে, অসংখ্য মামলা চলছে। এমন ঘটনা ঘটছে যে, একই প্রোমোটার একই ফ্ল্যাট চারজনকে বিক্রি করেছে। এই ধরণের ঘটনা অসংখ্য ঘটছে। এই সবের ফলে মধ্যবিত্তরা চূড়ান্ত সাফারিংয়ের মধ্যে আছে। এখন এটার উপরে একটা নিয়ন্ত্রণ আনতে হবে। কিন্তু এই নিয়ন্ত্রণ আনার ক্ষেত্রে একটা কথা মনে রেখে ব্যালান্স আনতে হবে, সেটা হচ্ছে বড় বড় কথা বলা নয়। আপনারা এইসব আটকাতে পারেন নি, কালো টাকার ট্রানজাকশন বেড়েছে অথচ আপনারা তা আটকাতে পারছেন না। দাম নিয়ন্ত্রণ করার কোনও প্রভিসন এই বিলে আনতে পারেন নি, ভবিষ্যতেও পারবেন না। আপনারা জমির দাম কন্ট্রোল করে আর্বান ল্যাণ্ড-এর দাম কন্ট্রোল করার কোন চেষ্টা এখনও পর্যন্ত করতে পারেন নি, ভবিষ্যতেও করতে পারবেন না। আপনারা আর্বান ল্যান্ড স্পেকুলেশন এবং সেই ল্যান্ড স্পেকুলেশন, ব্লাক মানি হয়ে যায়। একে আগেও প্রিভেন্ট করতে পারেননি, এখনও করতে পারছেন না। এতবেশি ল্যান্ড নিয়ে স্পেকুলেশন দিল্লিতেও হয় না, বোম্বেতে হয় না, ম্যাড্রাসে হয় না, ব্যাঙ্গালোরে হয় না। আপনি অন্য জায়গায় রেকর্ড এনে দেখুন, দেখবেন যে হোয়াট ইজ দি নেচার অব কমপ্লেন্ট অব অর্ডিনারি পিপল হু গো টু বাই এ ফ্লাট?

আপনারা পশ্চিমবঙ্গের নেচারটা দেখুন। পশ্চিমবঙ্গের অনেক একুইট এবং গভর্নমেন্ট লেবেলে আগে তার কোনও ইন্টারভেনশন ছিল না। ৩-৪টি বাড়ি ভেঙ্গে যাবার ফলে বুদ্ধদেববাবুর টনক নড়েছে এবং কর্পোরেশনে বিল্ডিংয়ের রুলস করেছেন, এটা কে স্টিফার করেছেন কিন্তু এতে কি হয়েছে? গভর্নমেন্ট যখন কড়া ব্যবস্থা নিতে যান তখনই bureaucratisation of the whole system. তারফলে অনেস্ট প্রোমোটাররা অনেস্টলি বাড়ি প্রসেস করতে চাইলেও কাজ হয় না এবং যাদের বাড়ির দরকার তারাও সময়মতো বাড়ি পায় না, ডিলেড হয়ে যায়। অর্থাৎ ওভারঅল কন্ট্রোল আপনাদের নেই। তারপরের প্রসেসের ক্ষেত্রে এই যে বিল্ডিং প্ল্যান এরক্ষেত্রেও কর্পোরেশনের জমি হলেও পয়সা না দিয়ে কর্পোরেশনের প্ল্যান স্যাংশন হয় না। একটা প্ল্যান স্যাংশন করতে মিনিমাম ১০ বছর তো সময় লাগবেই এবং পয়সা দিয়েই এটা হয়। আপনারা ক্লজ অফ রেজিস্ট্রেশন নিয়ে এলে কি

হবে এতে হোল টেম্পো অফ হাউস বিল্ডিং উবে যাবে। সুতরাং পরে কাজটাই স্লোড ডাউন হয়ে যাচ্ছে। গৌতমবাবু এই যে রেজিস্ট্রেশন করছেন এটা বুঝিয়ে দিতে হবে, আইনটা ভাল করে বুঝিয়ে দিতে হবে যে কিসে রেজিস্ট্রেশন হবে কি হবে না। এটায় বলা আছে যে বেশি দিন ফেলে রাখা যাবে না এবং ৯০ দিনের মধ্যে আপনাকে জমা দিতে হবে তখন হয়ত আপনি প্ল্যানের স্যাংশন নাও পেতে পারেন। কপিটা যে আপনি জমা দিলেন তারপরে যখন প্ল্যানের স্যাংশন হবে তখন আপনি আবার জানাবেন যে প্ল্যান স্যাংশন হয়ে গেছে এবং এই প্ল্যানের স্যাংশন হবার পরে রেজিস্ট্রেশন কনসিডার হবে। আপনি যে এখানে ৩ মাস সময় বলছেন এটা হচ্ছে that becomes the theoretical process of registration. কিন্তু ডিউ টু ডিলে ইন প্ল্যান স্যাংশন এটা করতে অনেকদিন ডিলে করে দেবে। তাতে কি হবে? এই যে হাউস বিল্ডিং করার টেম্পো এটা ক্ষতিগ্রস্ত হয়ে যাবে এবং দেরি হয়ে যাবে। আজকে গৌতমবাবু, সমস্ত সেক্টর থেকে এই বাড়ি তৈরি করার ব্যাপারে টাকা ঢালছে। এল. আই. সি. বাড়ি করার জন্য টাকা ধার দিচ্ছে। হাউসিং ডেভেলপমেন্ট ফিনান্স কর্পোরেশন এটি একটি কেন্দ্রীয় সরকারের সংস্থা, এরা বাড়ি করার জন্য টাকা ঢালছে এবং পিয়ারলেস পর্যন্ত হাউসিং করার ব্যাপারে টাকা ঢালছেন। কারণ ওদের মধ্যে একটা আইডিয়া এসেছে যে হাউসিং হচ্ছে একটা লাভজনক ব্যাপার। এমন কি প্রত্যেকটি ব্যাঙ্ক ও হাউসিংয়ের জন্য সাবসিডিয়ারি দিচ্ছেন। কারণ আজকে সবাই জানেন যে হাউসিং ইজ দি ইন্ডাস্ট্রি অফ দি ফিউচার। সেক্ষেত্রে আমি যেকথা বলতে চাই সেটা হচ্ছে যে, প্রোমোটারদের ধরার জন্য ইন্ডিভিজুয়াল বাড়ি রেজিস্ট্রেশন না করে আপনারা প্রোমোটারদের রেজিস্ট্রেশন করুন। এবং ওয়ান টাইম রেজিস্ট্রেশন করে একটা কোড অফ কন্ডাক্ট করে দিন, একটা জুডিশিয়াল বোর্ড এবং কোয়াশি জুডিশিয়াল বোর্ড করতে পারেন। সেখানে কমপ্লেন্ট করলে তার বেসিসে স্টেটমেন্ট চাইবেন। প্রত্যেকটি বাড়ির ডুয়েলিং ইউনিট যেমন ৪ তলার বাড়ি করার জন্য প্রোমোটারকে রেজিস্ট্রেশন করতে হবে এবং ১৪ তলার ক্ষেত্রেও একই প্রযোজ্য, এরফলে হোল প্রসেসটাই ডিলে করে দেবে। আজকে সারা ভারতবর্ষে ডিলাইসেন্সিং হচ্ছে, ডিরেগুলেশন হচ্ছে, আপনিও আস্তে আস্তে রেজিস্ট্রেশন তুলে দিন। তার মানে আমি এইকথা বলছি না যে প্রোমোটারদের সমস্যার সমাধান হয়ে গেল তবে হ্যাঁ, স্টেট কন্ট্রোল করে পুয়োর পারচেজারদের প্রোটেক্ট করতে হবে। তারমানে এই নয় যে পারচেজারদের প্রোটেক্ট করতে গিয়ে পুরো জিনিসটাই স্লো ডাউন করে দেবেন। মানববাবু এবং সুব্রতবাবু যে কথা বলেছেন যে ব্ল্যাক মানির কথা এটা ঠিকই, কারণ অ্যাকচুয়াল বাড়ি যে টাকায় রেজিস্ট্রেশন সেটা তো অ্যাকচুয়াল প্রাইস নয়। কেননা ডিউটি এত হাই যে ওই অ্যাকচুয়াল প্রাইসটা দেখানো হয়নি। সরকারি কর্মচারিরা যে নিজের টাকায় বাড়ি করেন তখন পুরো দামটা কখনওই দেখান না। যেমন ১ লক্ষ রেট ফ্ল্যাটের হলে ২০ হাজার টাকা কমিয়ে দেখাবে কারণ তাতে স্ট্যাম্প ডিউটি কম হবে। স্ট্যাম্প ডিউটি কম হলে ট্যাক্স কম হবে। স্ট্যাম্প ডিউটি কম শুধু ব্ল্যাক মানি ওয়ালারাই দেয় না, হোয়াইট মানি যাদের তারাও হাই স্ট্যাম্প ডিউটি দেন না। সেখানে কম প্রাইস দেখাবেন। এখন একটা প্রশ্ন এসেছে যেটা সুব্রতবাবু তুলেছেন সেটা হচ্ছে যে, যদি প্রোমোটার সময়মতো বাড়ি না দেন তাহলে কি সব টাকাটাই ফেরৎ দেবেন? এই ব্যাপারে সুব্রতবাবু যেকথা বলেছেন সেটা হচ্ছে যে, ধরুন আপনি একটা ফ্ল্যাট কেনার জন্য প্রোমোটারকে টাকা দিয়ে দিলেন কিন্তু পরে আপনাকে যে ফ্ল্যাট দিল সেই ফ্ল্যাট আপনার পছন্দ হল না

তখন আপনাকে টাকা ফেরৎ দেবে না। তার বদলে প্রোমোটার বলবে উত্তর দিকের ফ্ল্যাট নিতে আর আপনি হয়ত বলবেন দক্ষিণ দিকের ফ্ল্যাট নিতে অর্থাৎ তার মানে হল যে প্রোমোটার বিনি পয়সায় ফ্ল্যাট রেখে দিলেন, তার ইন্টারেস্টও দিলেন না। এই ব্যাপারে আপনার উল্টো আইনে বলার দরকার ছিল যে যাকে ফ্ল্যাট দেওয়ার কথা তার যদি পছন্দ না হয় তাহলে তাকে he is at liberty to sell the flat. আসলে সেখানে মৌলিক কিছু অসুবিধা আছে এবং সেই কারণে আমরা লার্জ নাম্বার অফ অ্যামেন্ডমেন্টস দিয়েছি। আমরা জানি যে গৌতমবাবু সৎ উদ্দেশ্য নিয়ে কাজ করছেন সেই কারণে আমরা এই অ্যামেন্ডমেন্টস এনেছি। হাউসিং ডিপার্টমেন্ট আগে কাজ কম ছিল, এখানে বুরোক্রেসিদের একটা অসাধারণ জায়গা ছিল। সেখানে গৌতমবাবু একজন ইয়ং অ্যাক্টিভ লোক, তিনি এসে হাউসিং ডিপার্টমেন্টে শুধু ফ্ল্যাট তদারকি করা ছাড়াও অন্যান্য কাজে হাত দিয়েছেন। আগে হাউসিং ডিপার্টমেন্ট বছরে ৫০-১০০-২০০টি ফ্ল্যাট করতেন আর পুরনো বাড়িগুলো মেন্টেন করতেন। এখন হাউসিং ডিপার্টমেন্ট পুরো ব্যাপারে দায়িত্ব নিয়েছে এবং আপনার ইনফ্রাস্ট্রাকচার আছে সেই কারণে দু-একটি জিনিস বলতে চাই সেটা গৌতমবাবুর গ্রহণ করা উচিত বলে মনে করি। তার (১) কমপ্লেন্ট ফ্রম দি পারচেজারস এটা আমি অন্য লোককেও কমপ্লেন করতে পারি।

আমি তাই সাজেস্ট করছি ক্লজ থ্রিতে কমপ্লেন্ট ফ্রম পারচেজার এর জায়গায় কমপ্লেন্ট ফ্রম এনি পার্সন, যে কোনও ব্যক্তি কমপ্লেন্ট করতে পারবে, তার বন্ধু করতে পারে, আপনি কেন ইনভেস্টিগেটিং করবেন না। দ্বিতীয়ত একটি জায়গায় আপনার লেখার ভুল আছে বিফোর দি ডেট অফ কমেনসমেন্ট অফ সাচ বিল্ডিং, এখানে বিফোর দি কমেন্সমেন্ট অফ সাচ বিল্ডিং, ক্লজ ৩(১) লাইয়িং থ্রি অ্যান্ড ফোর যেটা বলা আছে, এটার কন্সট্রাকশনটা আপনি একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের উপর ভার দিচ্ছেন দেখার জন্য। আর একটা কথা হচ্ছে অ্যাপ্রকসিমেট সাইজ অফ ফ্ল্যাট আপনার এখানে মেনশন নেই, ক্লজ ২ অ্যান্ড ৩য়ে অনেক জায়গায় ফ্ল্যাট, সুইমিং পুল আন্ডার গ্রাউন্ড পার্কিং দেয়, আপনার এখানে মেনশন রাখা উচিত ফ্ল্যাট ছাড়া আর কি সুযোগ তারা দিচ্ছে। পার্কিং স্পেস আছে কিনা, কমন রিক্রিয়েশন হল আছে কিনা, সুইমিং পুল আছে কিনা এটা অ্যাপ্লিকেশনের মধ্যে থাকা উচিত আপনি এই ব্যাপরাটা দেখার জন্য একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের হাতে না দিয়ে আপনি থ্রি ম্যান-বডি করুন, তাতে হায়ার জুডিশিয়াল থেকে কাহকে রাখুন, হেলথ সার্ভিস ডিপার্টমেন্ট থেকে কোনও অফিসারকে রাখুন, তার সঙ্গে হাউসিং ডিপার্টমেন্টের কোনও ইঞ্জিনিয়ারকে রাখুন। এই যে রেজিস্টেশন রিফিউজির ব্যাপারে আপনি একটা ট্রাইবুনাল তৈরি করেছেন সেখানে জুডিশিয়াল অফিসার লোককে রাখুন, এটা ন্যায়সঙ্গত হবে, বিল্ডিং ট্রাইবুনাল ন্যায়সঙ্গত হলে জুডিসিয়াল সার্ভিসের লোককে দিয়ে ট্রাইবুনাল করুন এবং সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন করুন। এবং ট্রাইবুনালে হায়ার জুডিশিয়াল সার্ভিসের আর একজন অফিসার থাকুক আই. এ. এস. অফিসার, এতে আমার আপত্তি নেই। আমি সেইজন্য বলছি গৌতমবাবুর উদ্দেশ্য খারাপ নয়, স্যার, আপনি দেখবেন বেসিকালি যদি হাউসিং-এর কন্সট্রাকশন বন্ধ করে দেয়, যেমন বুদ্ধদেববাবু মাঝে ১ বছর বন্ধ করে দিয়েছিলেন তার ফলে কি হল প্রমোটারদের লাভ হল, তারা বেশি দামে মাল্টি স্টোরেড বিল্ডিংগুলিকে পরবর্তীকালে বিক্রি করে দিল, যেহেতু নিম্ন মধ্যবিত্ত মানুষদের গৃহের একটা সমস্যা রয়েছে সেই সুযোগটা তারা নিল। একটাকে প্রোটেক্ট

করতে গিয়ে দেখা যায় টোটাল বিল্ডিং অ্যাক্টিভিটি টেম্পো নষ্ট হয়ে যায়. সেইজন্য বলছি যাতে বিল্ডিং কনস্ট্রাকশনটা চলতে থাকে, অ্যাট দি সেম টাইম চিটেড লোকে না হয় এটা দেখতে বলব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং অ্যামেন্ডমেন্ট মুভ করছি।

**শ্রী গৌতম দেব :** মাননীয় স্পিকার মহাশয়, এমনিতে অনেকক্ষণ আলোচনা হল এবং সরকার পক্ষ তো বটেই বিরোধী পক্ষও যে কথা বললেন তাতে এই রকম একটু ধরে নেওয়া যায় যে সাধারণভাবে এই বিলকে তারা সমর্থন করছেন, এটা নিশ্চয় আনন্দের কথা। সৌগত রায়, সুদীপ বন্দ্যোপাধ্যায়, সাধন পান্ডে বিশেষ করে কংগ্রেস দল ও এস. ইউ. সি. তারা সিলেক্ট কমিটিতে ছিলেন এবং দীর্ঘ আলোচনা সেখানে বেশ কিছুদিন ধরে হয়েছে এবং তারা যে সমস্ত অ্যামেন্ডমেন্ট সেখানে রেখেছিলেন, সেইগুলি সেখানে আলোচনা হয়েছে এবং বেশির ভাগই গ্রহণ করা হয়েছে যে সমস্ত কাগজপত্র আমি দেখলাম।

এখানে যেটা আমরা আলোচনা করছি এটা আলোচনার বিষয় নয় সকলেই বোঝেন। এদিক থেকে আমি বরং নতুন। এই রকম আইন বলে আমার দেশটেশ পাল্টে দেব এটা কখনও সম্ভব নয়। তবে এটা একটা নতুন জিনিস একটা উদ্দেশ্য নিয়েই রাখা হয়েছে। এই হাউসিং নিয়ে আরও অনেক কিছু কাজ আমাদের করতে হবে, যে ক্ষেত্রে আমাদের অনেক অসুবিধা আছে আমরা জানি। গভর্নমেন্ট যদি বাড়ি না করে, সাধারণ মানুষ যদি বাড়ি করতে না পারে তাহলে কি করে প্রোমোটারদের আটকানো যাবে। সেইজন্য আমরা চেষ্টা করছি এবং সেটা সকলের সহযোগিতার বিষয়। আমরা এর মধ্যেই অনেকটা শুরু করেছি, প্রায় ৫০ হাজার ফ্ল্যাট বাড়ি আমরা কলকাতা ও তার আশেপাশে বানাবার পরিকল্পনা নিয়ে এগোচ্ছি বিশেষ করে মধ্যবিত্ত মানুষের জন্য। ৩০ লক্ষ, ৪০ লক্ষ টাকা দিয়ে যারা ফ্ল্যাট বাড়ি কেনেন তাদের কথা নিয়ে আমরা ভাবছি না। সাধারণ মধ্যবিত্ত মানুষের জন্য আমাদের এই কাজ করতে হবে, সেই রকম স্কীম নিয়েই আমরা এগোচ্ছি। গ্রামের দিকে মানুষ যাতে বাড়ি করতে পারেন, জমি নিয়ে, লোন নিয়ে, পরবর্তীকালে বিল্ডিং ম্যাটিরিয়ালস নিয়ে সেই ব্যাপারে কিছু কিছু উদযোগ আমরা শুরু করেছি। আমি খুশি যে এবারে আমরা সাড়ে এগারো হাজার কোটি টাকার মতো, গ্রামের মানুষ, যারা ই. ডবলু. এস. অর্থাৎ ইকোনমিকাল উইকারসেকশন সেইরকম সাড়ে নয় হাজার মানুষকে আমরা সাহায্য করেছি। তারা নিজের বাড়ি নিজে তৈরি করে নেবে। বাড়ি সবাইকে করে দেওয়া যাবে না, তারা যদি সাহায্য পান—তারা একটা জমি পেতে পারেন, জমি নিজেরা জোগাড় করলেন, তখন যাতে লোন পেতে পারেন, সেই জন্য আমাদের নজর দিতে হবে। প্রোমোটাররা যতই বাড়ি করুক সারা ভারতবর্ষে এখনও বেশিরভাগ মানুষ আছে যারা নিজেদের বাড়ি নিজেরা করেন। নিজের বাড়ি নিজেরা করেন যারা সেই সংখ্যাটার কাছে প্রোমোটারদের বাড়ি তৈরির সংখ্যাটা কিছুই নয়। সেই যে উদযোগ সেটাকেও আমাদের মদত দিতে হবে। সরকারি উদযোগটাকে আমাদের বাড়াতে হবে, সেই ব্যাপারে আমরা বেশ কিছু পদক্ষেপ নিয়েছি। এই পদক্ষেপগুলিকেই সামনে রেখেই এই যে আইনটা এটা আমাদের দেখা দরকার, এই ব্যাপারে আমরা সচেতন। সমাজতন্ত্রে সম্ভব নয়, এটা পশ্চিমবাংলায় আমরা করে তুলব। সেইসব ভেবেই আমরা এই তৈরি করব। সেইজন্য আমরা পরিষ্কার করে রেখেছি, হোয়াট আর দি মেইন অবজেকটিভ। আপনারা দেখবেন এইমস অ্যান্ড অবজেকটিভ অফ দি বিলে এটা বলা হয়েছে সকলে বলেছেন, বিশেষত যারা সাধারণ মানুষ,

যারা ফ্লাট কেনেন, সাধারণ পারচেজার—৩০ লক্ষ, ৪০ লক্ষ টাকা দিয়ে যারা ফ্লাট কেনে তাদের কথাটা ভাববার সময় আমরা পাইনি—তারা প্রোমোটারদের কাছ থেকে ফ্লাট কিনতে বাধ্য হচ্ছে না। তারা যে সমস্ত অসুবিধার সম্মুখীন হচ্ছেন—আমরা যা বুঝেছি, শুনেছি তারই ভিত্তিতে আমরা কতগুলো গার্ড এখানে রাখবার চেষ্টা করেছি। এটাই হচ্ছে আইনের প্রধান উদ্দেশ্য। এই সমস্ত জিনিসগুলোই সিলেক্ট কমিটিতে বিস্তারিতভাবে আলোচনা করেছি। সৌগতবাবু এসব জানেন, উনি কিছুদিনের জন্য ভারতবর্ষের মন্ত্রীও ছিলেন আমরা অন্য স্টেট গভর্নমেন্টের কাছে চিঠি দিয়েছিলাম, আমরা জানতে চেয়েছিলাম কিন্তু কোনও কাগজপত্র আসেনি। অন্য কোনও রাজ্যের এই রকম কোনও কাগজপত্র নেই। বোধ করি রাজ্য হিসাবে আমরাই এটা প্রথম করছি।

এখানে যখন শ্রীমতী শীলা কল, দিল্লির মন্ত্রী, এইসব আরবান ডেভেলপমেন্টের মন্ত্রী এসেছিলেন তখন তার সাথেও আমাদের আলোচনা হয়েছিল। আমরা বলেছিলাম,—আমরা যখন আইনটা প্রায় তৈরি করে ফেলেছি সিলেক্ট কমিটিতে তখন দিল্লি থেকে একটা আসল—সেটা কি বলবেন, তার কি ব্যাখ্যা দেবেন জানি না, তারা এখন বলছেন যে বিভিন্ন রাজ্যে এইসব প্রোমোটারদের যে দাপাদাপি হচ্ছে এ ব্যাপারে সমস্ত রাজ্যে একটা আইন হওয়া দরকার। এরকম একটা মডেল হলে কি রকম হতে পারে এটা দেখে আপনারা কমেন্টস পাঠান। কিছুদিন হল তারা এটা পাঠিয়েছেন। ৪০/৪৫ পাতার একটা জিনিস, এটা পরবর্তীকালে দেখে নেবেন। তার আগে আমরা যেটা করেছি সেটা নিয়ে বলছি। যে কোনও কারণেই হোক বাইরের কেউ এটা করেন নি, এখানে এটা আমরা করেছি। কিছুদিন আগে আসাম গভর্নমেন্ট একটা চিঠি পাঠিয়েছেন এই বলে যে প্রোমোটার বা এইসব ব্যাপারকে ঠেকাবার জন্য আপনারা কি করছেন তার যদি সমস্ত কাগজপত্র পাঠান তাহলে আমাদের সুবিধা হয়। যেটুকু আমাদের পক্ষে দেওয়া সম্ভব তা আমরা দিয়েছি। বিধানসভায় যেটা নিয়ে আলোচনা হবে সেটা আর কি করে দেব? যেমন অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট যেটা আমাদের বিধানসভায় পাস করা হয়েছে এবং রাষ্ট্রপতি যার উপর সম্মতি দিয়েছেন সেটা আমরা পাঠিয়ে দিয়েছি এবং অন্যান্য কাগজপত্র পাঠিয়ে দিয়েছি। সেখানে তো কংগ্রেসের সরকার, সেখানে আমরা পাঠিয়ে দিয়েছি। যাইহোক, যে কোনও কারণেই হোক এটা তারা করতে পারেননি বা করেননি। কুম্ভকর্ণের ঘুম, নয় কি তারমধ্যে আমি যাচ্ছি না, যেটা বাস্তব ঘটনা সেটা কোথায় কি আছে আমি কি করে বন্ধ করব? এ তো আমার পক্ষে সম্ভব নয়। পশ্চিমবঙ্গ সরকারের একটা ছোট্ট ডিপার্টমেন্ট এই হাউসিং ডিপার্টমেন্ট, এই ছোট্ট ডিপার্টমেন্ট দেশের ব্ল্যাকমানির দাপাদাপি কি করে একা বন্ধ করবে? এ ব্যাপারে নিয়ে তো সবাইকে ভাবতে হবে। তা ছাড়া এ তো শুধু পশ্চিমবাংলার একার ব্যাপার নয়, এ তো সারা ভারতবর্ষের ব্যাপার। তাহলে আপনারা কি করতে বলছেন? আমরা একটা নতুন আইন করছি—আমাদের দেশে নতুন, আমাদের রাজ্যেও নতুন, এক্ষেত্রে তো আমরা খোলামেলা আলোচনা করেছি। তাহলে এ ব্যাপারে আপনারা সাজেশন দিন, আমরা আলোচনা করি, সম্ভব হলে ঢুকিয়ে নেব। আপনাদের অনেক অ্যামেন্ডমেন্ট তো গ্রহণ করেছি। আমরা তো ৭ দিন ১০ দিন ধরে সিলেক্ট কমিটিতে আলোচনা করেছি, সেখানে ঠিক কি লাইনটা ঢোকালে এটা হতে পারে তা বলুন। আমরা যা বুঝেছি তাতে সবাই মিলেই তো এই আইনটা করেছি। কাজেই কোথায় কতটা ব্ল্যাকমানি আছে তার হিসাব নিয়ে কি করে কি আইন আমি করব? এতো আমি একটা করতে পারি

না, আর আমাদের এখানে একা তা করা সম্ভবও নয়। কিন্তু ব্ল্যাক মানিকে হোয়াইট মানি ধরে নিয়ে একটা তো আইন করা যায়। আমরা অন্য কারণে এইসব জমিজমা ধরছি আপনারা জানেন। এই তো গতকালই আমাদের ধরতে হয়েছে একটা জমি। ধরতে মানে সেই জমির দখল নিয়েছি। জমিটা ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাশের ধারে। সেই জমিটা গতকাল সকাল ১০।। আমাদের হাউসিং ডিপার্টমেন্ট দখল নিয়েছে। ২ কোটি ৩১ লক্ষ টাকা আমরা জমা দিয়েছি সরকারের কাছে। এখন সাদার কালো মিললে পরে ওই-টা হয়ত যে ভদ্রলোক প্রোমোটার কিনে রেখেছিলেন তার দাম ১০/১২ কোটি টাকা হবে। বাজারের যে দাম এখানে শুনছি বা দেখছি তাতে ঐ দাম সাদা, কালো মিলে হবে আর সেখানে আমরা ৩/৩।। কোটি টাকা দিয়ে নিচ্ছি। তার ৮০ পারসেন্ট, ২ কোটি ৩১ লক্ষ টাকা আমরা কালকে দিয়ে দিয়েছি, সরকারের কাছে এবং বাকিটাও আমরা দিয়ে দেব। আমরা কালকে জমিটার দখল নিয়ে নিয়েছি। ২০ বিঘা জমি, তিন ইনটু ২০ সমান ৬০, তার মানে প্রায় ১ হাজার ২০০ কাঠা জমি। এক লক্ষ টাকা করে বাইপাশের ধারের জমির কাঠা হলে প্রায় ১২ কোটি টাকার মতোন দাম হবে, সেটা আমরা ৩ কোটি টাকা দিয়ে নিয়ে নেব। এই অবস্থায় দাঁড়িয়ে এ ছাড়া আর কি কারা যাবে, এ ছাড়া আমরা আর কিছু করতে পারি না। তাতে কিছু ব্ল্যাক মানি কার কি আছে, কার কি গেল, এতে তো কিছু করা যাবে না। যার গেল গেল। কার কোথায় কি ব্ল্যাক মানি আছে তার হিসাব আমি কি করে রাখব। রেজিস্ট্রি যা করেছেন, বড় প্রোমোটার, যা দেখিয়েছেন কাগজপত্র তাতে যা পাবার পাবেন, সেটা নিয়ে বাড়ি চলে যাবেন। জমি কালকে আমরা নিয়ে নিয়েছি, সেখানে আমরা বাড়ি বানাব মধ্যবিত্ত, স্বল্পবিত্তদের জন্য। এখন আরও জমির দরকার এই কলকাতায় এবং কলকাতার আশেপাশে। এখন সব জমি তো ধরাও যায় না এবং সব জমি ধরার মতো পয়সা কড়ি বা সমস্ত কিছু আমাদের নেই কিন্তু জমি আমাদের ধরতে হবে বাড়ি করার জন্য। এই জমি দরকার হলে প্লট প্লট করে আমরা দিয়ে দেব মধ্যবিত্তদের যে আপনারা বাড়ি করে নিন এবং সেখানে আমরা বাড়ি করব। এইভাবে বিভিন্ন পদ্ধতিতে আমাদের এগুতে হবে। আর ব্ল্যাকমানি আটকানো—এসব তো আমরা একা করতে পারব না। তারপর ঐ যে সব ৩০ লক্ষ টাকা দামের ফ্ল্যাট কেনা বেচা হচ্ছে এবং তার যে সমস্ত রেজিস্ট্রির ব্যাপার ট্যাপার সে নিয়ে তো বাজেট স্পিচে এই বিধানসভার ফ্লোরে দাঁড়িয়ে অনেক কথা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন এবং সেসব আপনারা জানেন। সেখানে গ্রাম শহরে জমি, ফ্ল্যাট কেনা বেচার ব্যাপারে রেজিস্ট্রিতে যে আন্ডার ভ্যালু করা হচ্ছে সে ব্যাপারে কি করা যায় তারজন্য তো এর্কোট নেওয়া হয়েছে আপনারা জানেন। এ ব্যাপারে অর্থদপ্তর যে সিরিয়াসলি চেষ্টা করছেন সেটা আপনারা জানেন। তা ছাড়া এটা তো হাউসিং ডিপার্টমেন্ট করতে পারবেন না প্লাস হচ্ছে, আবার বলছি একটা অংশ যারা ৩০/৪০/৫০ লক্ষ টাকা দিয়ে ফ্ল্যাট কিনছেন, সেখানে আমাদের তো এতবড় কনসার্ন এটা নয়। আপনারা জানেন যে ঐ পোর্ট ট্রাস্টের জমি নিয়ে এত কথাবার্তা হ'ল—আপনাদের মন্ত্রী শ্রী টাইটলারের কাছে গেলাম, সেখানে তারা পোর্ট ট্রাস্টের জমি সারপ্লাস আছে বলছেন। যে ফ্ল্যাট আপনি করছেন তার দাম হবে ৩০ লক্ষ টাকা সব চেয়ে যেটার দাম বেশি, সেটার উপর স্ট্যাম্প ডিউটি পড়বে, আর মিনিমাম যেটা হবে সেটার দাম হবে ১০ লক্ষ টাকা, সেটার উপর স্ট্যাম্প ডিউটি পড়বে। পশ্চিমবাংলার কোনও লোকটা ঐ বাড়িগুলোতে থাকবে? তাকে বলা হল। উনি অনেক কিছু বললেন যে এটাকে বাধা দেবেন না, এন. আর. আই.

এর লোক আসবে, টাকা আসবে, পার্টের কিছু লাভ হবে, এই টাকা আমি ক্যালকাটার পোর্টের ডেভেলপমেন্টের জন্য দেব। আমি বললাম, যাই আপনি করুন, ক্যালকাটা পোর্টের ডেভেলপমেন্টের জন্য দিলে পরেও এখানে তিন হাজার ফ্ল্যাট আপনি বানাবেন পোর্ট ট্রাস্টের পক্ষ থেকে আমাদের সারপ্লাস জমিতে, এক আমলে ১০০ বছর আগে পোর্ট করবেন বলে নিয়েছিলেন, আজকে সেটা সারপ্লাস হয়ে গেল, আইন মতো ফেরৎ দেওয়া উচিৎ, সেই জমিতে আপনি বিল্ডিং প্রমোশন করবেন, যদিও এটা পোর্ট ট্রাস্টের প্রাথমিক কাজের মধ্যে পড়ে না, সেখানে ৫০০ সাধারণ লোক থাকতে পারবে না? যাই হোক শেষে অনেক আলাপ আলোচনা করবার পর মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করেছেন, আলোচনা করেছেন, আমরা সেখানে আলোচনা করেছি। তাও রাজি হচ্ছিলেন না, ৪০০/৫০০ ফ্ল্যাট আমরা সেখান থেকে বার করব ঠিক করেছিলাম। এটা করে তবে তো পেলাম? পেয়েছি, সেটা তো আমিই বলছি, পেয়েছি। কাগজে বেরিয়ে গেল এক রেল মন্ত্রীর নামে যে তিনি সারা ভারতবর্ষে বিশেষ করে পশ্চিমবাংলা এবং এই সমস্ত জায়গায় রেলের যে সমস্ত সারপ্লাস ল্যান্ড আছে, সেই ল্যান্ডগুলো তিনি বেচে দেবেন। এইগুলো রেলের লাগবে না, এই টাকা দিয়ে রেলের উন্নতি করতে হবে। শুনে আমরা গেলাম, কয়েকজন এম. পি. নিয়ে জাফর শরিফ তার কাছে গেলাম। দিল্লিতে তিনি রেল মন্ত্রী। বলা হল আপনি জমি, সারপ্লাস জমি ডিসপোজ অফ করবেন? উনি বললেন হ্যাঁ, এই সব টাকা নিয়ে আমি রেলকে ভাল করে চালাব। আপনি প্রমোটারদের তো দেবেন, আপনি স্টেট গভর্নমেন্টকে এর একটা অংশ অন্তত দিন যাতে আমরা এখানে কিছু সাধারণ লোকের জন্য বাড়ি করতে পারি। উনি বললেন স্টেট গভর্নমেন্ট হলে পরে সাধারণ দামটাই দেবে। আমি বাইরে বেচলে অনেক দাম পাব। এই সব যা বলছেন সাদা কালো এই সব মিলে। সেই জন্য স্টেট গভর্নমেন্টকে দিলে তো আমার পারপাস সার্ভ হবে না। আমরা বললাম এটা কি বলছেন? এই পর্যন্ত আমরা বুঝতে পারি, এটা সমাজতন্ত্র নয়, কিছু টাকা পয়সা আপনাদের দরকার আছে। কিন্তু আপনার ৫০০ বিঘা জমি যদি বেরোয় রেলওয়ের সারপ্লাস, আপনি ১০০/১৫০ বিঘা জমি ইয়ার মার্ক করতে পারেন না যে স্টেট গভর্নমেন্ট নিক, দামটা যা আমাদের ন্যায্য এখানে সেটা দেব। আর বাকি কি করছেন, অনেক জিনিসই তো করছেন ঠেকাতে পারছি না—

(শ্রী সৌগত রায় ঃ অকশন করে তো বিক্রি হবে?)

অকশনের মানে কি দাঁড়াল আপনি বলুন, আপনি তো বলছেন সাধারণ মানুষকে রাখতে এবং সৌগতবাবু আপনি এটা জানেন, মানব মুখার্জি যে ভাবেই বলুক, আপনি পশ্চিমবাংলার সেন্সাস রিপোর্ট যদি দেখেন, পশ্চিমবাংলার সেন্সাস রিপোর্টে এবারে একমাত্র কলকাতা বাদে আর সমস্ত জেলাতে পপুলেশন বেড়েছে। কলকাতার পপুলেশন অ্যাভারেজ বাড়েনি, বরং কোথাও পপুলেশন কমেছে। সেন্সাস রিপোর্ট ৯০-৯১টা একটু পড়ুন।

(ভয়েস—পালিয়ে যাচ্ছে।)

পালিয়ে যাচ্ছে এবং এই সময় পপুলেশন বেড়ে গেছে কোথায়, সেন্সাস রিপোর্ট বলছে নর্থ ২৪ পরগনার ফ্রিঞ্জে, সাউথ ২৪ পরগনার ফ্রিঞ্জে, অর্থাৎ ১০ বছর ১৯৮১ থেকে ১৯৯১-তে কলকাতা থেকে এক দল মানুষ চলে যাচ্ছে। সেখানে আপনি বলুন আমাদের

কোনও একটা পদ্ধতি থাকবে না? আমরা সরকার শুধু মিউট স্পেক্টেটার? আমরা খালি দেখব শুধু, আমাদের কোনও ব্যবস্থা থাকবে না যে এই মানুষকে এখানে রাখতে হবে। সেই রাখার ব্যবস্থাটা কি আপনি বলুন। সেই জন্য জমি আমাদের ধরতে হবে। এবং কিছু লোককে সমস্ত প্রমোটার সরে যাওয়া, ব্যবসা বাণিজ্য বন্ধ, এটা কোনও কাজের কথা নয়, এটা করাও যাবে না, করার কোনও দরকার এই মুহূর্তে নেই, কিন্তু আমাদের সাধারণ মানুষকে আমাদের রাখার ব্যবস্থা করতে হবে এবং বাড়ি ভেঙে পড়ল, মানুষ মারা গেল, স্বাভাবিকভাবে সকলে চেঁচামেচি করলেন তাহলে তার জন্য কতকগুলো মেজার তো আমাদের নিতে হবে? কতদূর শেষ পর্যন্ত পাওয়া যাবে আমি জানি না। এটা তো একটা ডিপার্টমেন্টের ব্যাপার নয়, সকলে মিলে চেষ্টা করতে হবে। এটা একটা ডিপার্টমেন্টের ব্যাপার নয়। একটা আইন করে এটা হয় না। এটা সকলকে সাহায্য করতে হবে। বাড়ি ভেঙে পড়ে গেল, তাহলে এই ঘটনার যাতে রিকারেন্স না হয় তার জন্য আইনে আমরা কতকগুলো প্রভিসন রেখেছি, কীভাবে বাড়ি করছে, সয়েল টেস্ট করেছে কি না, মেটিরিয়ালসগুলো কি দেওয়া হচ্ছে, টাইম টু টাইম ইঞ্জিনিয়াররা যেতে পারবেন, নট নেসেসারিলি হাউজিং ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ার যাবে, আমি জানি হাউসিং ডিপার্টমেন্টের খুব ছোট ডিপার্টমেন্ট। সেই জন্য আমরা এইভাবে রেখেছি, আমরা সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টকে আমরা এক একটা জোনে দরকার হলে অথরাইজ করতে পারব যাতে জিনিসটা আমরা সেইভাবে করতে পারি। সুতরাং সেই জন্য আমি বলছি, এই ইম্পিটেশনের বিষয়টা, কারণ আমি আশা করছি নিশ্চয়ই এখানে কিছু আপনাদের বলতে হয়, আর এই ব্যাপারে তো কোন সন্দেহ নেই, আলাপ-আলোচনা করে আমরা একটা করেছি, দু-একটা ভুল বেরোতে পারে। সিলেক্ট কমিটিতে আপনারা দেখেছেন সেইভাবে আলাপ-আলোচনা করে আমরা ঠিক করে নিয়েছি। কিছু অ্যামেন্ডমেন্টও দিয়েছি, সরকার পক্ষ থেকেও কিছু অ্যামেন্ডমেন্ট আছে, এত কিছু করার পরেও দেখা যাচ্ছে তার মধ্যে বেশি কয়েকটি অ্যামেন্ডমেন্ট নেবার মতো অ্যামেন্ডমেন্ট। সুতরাং এইভাবে তো আমাদের পারফেকশনের দিকে যেতে হবে? আইনে সমস্ত নেই বলে আইন যখন কার্যকর করতে যাব—তারপর নতুন জিনিস আসলে আর রাস্তা নেই, ফলপ্রসু হয়ে গেল, আর কোনওদিন পরিবর্তন হবে না—এইভাবে করতে পারি না। বেসিক কোয়েশ্চেন হচ্ছে, ইনটেনশন অফ দি গভর্নমেন্ট। এটা বোঝার বিষয়। এই বিল—আপনারা জানেন—যেটা সৌগতবাবু উল্লেখে করেছেন—ঘটনাচক্রে বুদ্ধদেববাবুর ঐ ডিপার্টমেন্ট থেকে এই আইনের ড্রাফট পাইলট হয়েছিল। ঘরদোর ভেঙে যাওয়ার ফলে এক্স চীফ সেক্রেটারি তরুণ দত্তের চেয়ারম্যানশিপে একটি কমিটি হয়েছিল। সেই ডিপার্টমেন্ট থেকে এই সমস্ত জিনিস হয়। পরবর্তীকালে হাউসিং ডিপার্টমেন্ট থেকে পাইলট করেছি এবং সেটা তৈরি করে এইভাবে এনেছি। আর ৩ মাসের কথা নয়, ৩ মাস এখানে লেখা আছে, ৩ মাস হচ্ছে মিনিমাম। অর্থাৎ একটা মানুষ ৭ মাস আগেও জমা দিতে পারেন। কিন্তু মিনিমাম ৩ মাসের মধ্যে জমা দিতে হবে। বেশি সময় জমা দিতে হবে। এখানে আছে দেখবেন, অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করেছি, আজকে আমরা কতকগুলি জিনিস চাচ্ছি, প্রোমোটারদের রেজিস্টার করার জন্য যেখানে এমন কতকগুলি ডকুমেন্টে দিতে হবে যেটা রাজ্য সরকারের আরো ৪টে দপ্তর থেকে সংগ্রহ করতে হবে। একটা মানুষ অনেস্টলি সংগ্রহ করার চেষ্টা করলেও কিন্তু ৩ মাসের আগে পারবে না। ভারত সরকার যে ড্রাফ্‌ট দিয়েছিল সেটা দেখে আমরা কতকগুলি জিনিস ঢুকিয়েছি। ফলে যেহেতু এটা একটা নতুন বিল আমরা

খোঁজ-খবর নিয়েছি। সারা ভারতবর্ষের ক্ষেত্রে নতুন। দিল্লির গভর্নমেন্ট খসড়া করেছেন, মডেল করার চেষ্টা করছেন। এটা সেইজন্য সিলেক্ট কমিটিতে ভালভাবে আলোচনা হয়েছে। এখানে যা আলোচনা হল, মূল স্পিরিটটা সবাই অ্যাকসেপ্ট করেছে। আগামীদিনে এটা ইমপ্লিমেন্ট করা কঠিন কাজ—এটা আমি বুঝতে পারছি। সেইজন্য কয়েকজন সরকারি অফিসার রাখা হয়েছে, সবাই মিলে করতে হবে। পশ্চিমবাংলার মাননীয় বিধায়করা এর বাইরে যেতে পারেন না, তাঁরা দায়িত্বশীল জনপ্রতিনিধি। কলকাতা এবং বাইরের জেলার যে সমস্ত মাননীয় বিধায়করা আছেন সকলে মিলিতভাবে এই নতুন আইনটিকে কার্যকর করতে হবে। মাননীয় সদস্যদের কোনও ভূমিকা থাকবে না তা হতে পারে না। সবাই মিলে নিশ্চয়ই আমরা করব এবং এটা প্রয়োজনীয় জিনিস। সুতরাং এইভাবে গ্রহণ করবার জন্য আমি সকলের কাছে আবেদন করছি।

The motion of Shri Goutam Deb that the West Bengal Building (Regulation of promotion of Construction and Transfer by promoters) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

## Clause - 1

**Mr. Deputy Speaker:** There is an amendment to Clause 1 of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 1). The amendment is in order. I request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that in clause 1, in sub-clause (1), for the figures "1992", the figures "1993" be substituted.

**Shri Goutam Deb:** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 1) was then put and agreed to.

The question that Clause 1 'as amended' to stand part of the Bill was then put and agreed to.

## Clause - 2

**Mr, Deputy Speaker:** There is one amendment to Clause 2 of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 2). The amendment is in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that in clause 2, for sub-clause (g), the following sub-clause be substituted:-

(g) "Registrar" means the Registrar as defined in the West Bengal Co-operative Societies Act, 1983.'

**Shri Goutam Deb:** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 2) was then put and agreed to.

The question that Clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause - 3

**Mr. Deputy Speaker:** There are amendments to Clause 3 of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 3) and Shri Saugata Roy (Amendment No. 10 to 15). The amendments are in order. I now request them to move their amendments.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that in clause 3, in sub-clause (1), in lines 3 to 5, for the worlds "at least ninety days before the date commencement of the constitutuion of such building in such area, "the words" at least ninety days before the date of commencement of the construction of such building in such area," be substituted.

10. **Shri Saugata Roy:** Sir, I beg to move that in clause 3(i), line 3+4, for the words "before the date commencement of the constitution of such building" the words" before the commencement of the construction of such building, be substituted.

11. I also beg to move that in clause 3(1), line 15-16, for the words "complaint from any purchaser", the words "complaint from any person" be substituted.

12. I also beg to move that in Sub Clause (1) of Clause 3 for the words (Proviso) starting with "Provided that not withstanding anything" and ending with" "building so warrants" the following words be substituted:

"Provided that notwithstanding anything contained in this Act or in any other Law for the time being in force, in the case of any building under construction, on the date immediately before the date of coming into force of this Act, by the promoter, a Board consisting of one Member of the West Bengal Higher Judicial Services, one Member of the West Bengal Health Services and an officer of the State Government, not below the rank of Executive Engineer, as the State Government may appoint, shall have access to the site of such building at any time of the day without prior intimation to the promoter for investigation of any complain from any person with regard to objectionable or unlawful or defective construction or use of sub-standard materials, and such

Board may, at the conslusion of such investigation, bring to the notice of the promoter the defects of construction, if any, for rectification within such period as may be specified. If the promoter fails to rectify the defects within the period as aforesaid, the Board may declare such building to be unsafe or dangerous for human habitation, if the construction of such building so warrnts.''

Provided further that if any building is so declared to be unsafe or dangerous for human habitation the Promoter shall be liable to pay reasonable compensation to the Purchaser."

13. I also beg to move that in Clause 3(2) (c), line 2 after the words "the approximate size of each flat" the words "and the facilities including common facilities likely to be made available to the purchasers by the promoter" be inserted.

14. I also beg to move that in Clause 3(2) (J), line 3 & 4 for the words "Provided that no advance payment or deposit shall be taken by any promoters before his name is registered under sub-section (5)," the following words be substituted :—

"Provided that no advance payment or deposit or money in any form shall be taken by any promoter before the promoter is granted permission to construct building under sub-section (5) of section 3".

15. Sir, I also beg to move that in Clause 3 after Sub Clause (4) (e) the following new Sub—Clause be added as (f) :

"(f) the certificate of registration granted previously for construction of any other building was cancelled under Section 4 of this Act;"

**Shri Goutam Deb :** Sir, I accept the amendment of Shri Lakshmi Kanta Dey and also accept the amendment of Shri Saugata Roy bearing Nos. 10, 13 and 15 but I do not accept the amendments bearing Nos. 11, 12 and 14 of Shri Saugata Roy.

The motions of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 3) and Shri Saugata Roy (Amendment Nos. 10, 13, and 15) were then put and agreed to.

The motions of Shri Saugata Roy (Amendment Nos. 11, 12 and 14). were then put and lost.

The question that Clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Clause - 4

**Mr. Deputy Speaker :** There is an amendment to Clause 4 of Shri Lakshmi Kanta Dey and Shri Saugata Roy. The amendment are in order. I now request them to move their amendments.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that in sub-clause (2) of Clause 4 for the words in the Proviso the following words be substituted : "Provided that no certificate of registration shall be cancelled without giving the promoter an opportunity of being heard by a Tribunal, headed by a Judicial Officer having experience of not less than seven years in the West Bengal Higher Judicial Services or by an Officer of the Indian Administrative Services not below the rank of a Deputy Secretary, as the State Government may constitute."

**Shri Goutam Deb :** Sir, I do not accept the amendment.

The motion of Shri Saugata Roy was then put and lost.

**Shri Lakshmi Kanta Dey :** Sir I beg to move that in clause 4, in sub-clause' (1), after the existing proviso, the following proviso be added.

"Provided further that, if the promoter cannot complete the construction of such building within the total period of five years for circumstances beyond his control, he may make an application to the State Government for extending the period of validity of the certificate of registration for construction of such building, and the State Government may, on receipt of such application, extend the said period of five years by such further period as it thinks fit."

**Shri Goutam Deb :** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 21) was then put and agreed to.

The question that Clause 4 'as amended' to stand part of the Bill was then put and agreed to.

## Clauses 5 to 8

The question that Clauses 5 to 8 do stand part of the Bill was then put and agreed to.

## Clause - 9

**Mr. Deputy Speaker :** There is amendment to Clause 9 given by Shri Lakshmi Kanta Dey. The amendment is in order and I now re-

quest Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that "in clause 9, (a) in the marginal note, the words "or company or society" be omitted;

(b) in lines 1 & 2, for the words "As soon as a minimum number of persons required to form a co-operative society or society", the words "If a minimum number of persons required to form a co-operative society" be substituted ;

(c) in lines 5 & 6, the words ''or Society (Styled a association of apartment owners), as the case may be,'' be omitted,'

(d) in lines 7 & 8, the words "or society, as the case may be" be omitted;

**Shri Goutam Deb:** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 4) was then put and agreed to.

The question that Clause 9, as amended, to stand part of the Bill was then put and agreed to.

**Clause - 10**

There is amendment to Clause 10 given by Shri Lakshmi Kanta Dey. The amendment is in order and I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that "in clause 10, in lines 3, the words "or society as aforesaid" be omitted;

**Shri Goutam Deb:** I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 5) was then put and agreed to.

The question that Clause 10, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clause - 11**

The question that Clause 11 do stand part of the Bill was then put and agreed tc

**Clause - 12**

There is amendment to Clause 12 given by Shri Lakshmi Kanta

Dey (amendment No. 6 & 22) and Shri Saugata Roy (amendment No. 18). Now I request both of them to move their amendments.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that "in clause 12, in line 2, for the words "flase" the word "false" be substituted (amendment No. 6).

Sir, I also beg to move that (a) the words beginning with "or any purchaser" and ending with "sub-standard materials for investigation", be deleted. (b) after Clause 12, the following new Clause 12A be inserted—

"12A. Any purchaser or other person giving information with regard to unlawful, defective or unauthorised construction of any building, or use of substandard materials in the construction of any building, on the basis of which an investigation has been made and subsequently found to be false, baselss and malafide shall, on conviction, be punished with fine which may extend to five thousand rupees." (Amendment No. 22)

**Shri Saugata Roy :** Sir, I beg to move that "In Clause 12, lines 2 & 3 the words "or any purchaser or other person who gives false information with regard to unlawful or defective construction or use of sub-standard materials for investigation, "be omitted."

**Shri Goutam Deb :** Sir, I accept the amendment of Shri Lakshmi Kanta dey and of Shri Saugata Roy.

The motions of Shri Lakshmi Kanta Dey (Amendment No. 6 & 22) was then put and agreed to.

The motions of Shri Saugata Roy (Amendment No. 18) was then put and agreed to.

The question that Clause 12, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Clause - 13

**Mr. Deputy Speaker:** There is no amendment to Clause No. 13.

The question that Clause 13 do stand part of the Bill was then put and agreed to.

## Clause - 14

**Mr. Deputy Speaker:** There is one amendment to Clause 14 by Shri Saugata Roy (Amendment No. 19). The amendment is in order.

**Shri Saugata Roy:** Sir, I beg to move that—in Clause 14 the following be inserted as sub clause (3)

"(3) All rules made under this Act shall be laid for not less than fourteen days before the State Legislature as soon as possible after they are made and shall be subject to such modifications as the State Legislature may make during the session in which they are so laid. Any modification of the said rules made by the State Legislature shall be published in the Official Gazette, and shall unless some latter date is appointed by the State Government come into force on the date of such publication."

**Shri Goutam Deb:** Sir, I don't accept the motion of Shri Saugata Roy.

The motion of Shri Saugata Roy was then put and lost.

The question that Clause 14 do stand part of the Bill was then put and agreed to.

**Clause - 15**

**Mr. Deputy Speaker:** There are amendment to Clause 15 by Shri Saugata Roy (20) and Shri Lakshmi Kanta Dey (23) respectively. The amendment are in order.

**Shri Saugata Roy:** Sir, I beg to move that in Clause 15 the following be inserted as sub clause (3)

20. "(3) Notwithstanding anything contained elsewhere in this Act, the provisions of this Act relating to the complaints regarding unlawful or defective construction or use of sub standard materials or failure to give possession of the flat within the stipulated period specified in the agreement shall apply to the buildings constructed for sale or transfer by any Department of the State Government or the Central Government or of any other State Govenrment or by the West Bengal Housing Board or by the Housing and Urban Development Corporation.", was then put and lost.

**Shri Goutam Deb:** Sir, I don't accept the motion of Shri Saugata Roy.

The motion of Shri Saugata Roy (Amendment No.20) was then put and lost.

**Shri Lakshi Kanta Dey:** Sir, I beg to move that in Clause 15 after sub-clause (2), the following be inserted as sub-clause :—

23. "(3) Notwithstanding anything contained in this foregoing pro-

visions of this section, if the State Government is of the opinion that the operation of any of the provisions of this Act causes undue hardship, or circumstances exist which render it expedient to do so, it may exempt by a general or special order, any class of persons or areas from all or any of the provisions of this Act, subject to such terms and conditions as it may impose."

**Shri Goutam Deb:** Sir, accept the motion of Shri Lakshmi Kanta Dey.

The motion of Shri Lakshmi Kanta Dey that—in Clause 15 after sub-clause (2), the following be inserted as sub-clause :—

"(3) Notwithstanding anything contained in this foregoing provisions of this section, if the State Government is of the opinion that the operation of any of the provisions of this Act causes undue hardship, or circumstances exist which render it expedient to do so, it may exempt by a general or special order, any class of persons or areas from all or any of the provisions of this Act, subject to such terms and conditions as it may impose." was then put and agreed to.

The question that Clause 15, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clause 16 and the Preamble**

**Mr. Deputy Speaker:** There are no amendment to Clause 16 and the Preamble.

The question that Clause 16 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Enacting Formula**

**Mr. Deputy Speaker:** There is one amendment to the Enacting Formula by Shri Lakshmi Kanta Dey which is in order.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that in the enacting formula, for the word "Forty-third", the word "Forty-fourth" be substituted.

**Shri Goutam Deb:** Sir, I accept the motion of Shri Lakshmi Kanta Dey.

The motion of Shri Lakshmi Kanta Dey that in the enacting formula, for the word "Forty-third", the word "Forty-fourth" be substituted was then put and agreed to.

The question that the Enacting Formula, as amended, do stand part

of the Bill was then put and agreed to.

**Shri Goutam Deb :** Sir, I beg to move that the West Bengal Building (Regulation on promotion of construction and Transfer by promotions) Bill, 1992 as settled in the Assembly, be passed.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, থার্ড রিডিংয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের একটু দৃষ্টি আকর্ষণ করছি। আপনি পেন্যাল প্রভিসন যেটা করেছেন, যার মূল উদ্দেশ্য আপনি প্রোমোটারদের সম্বন্ধে একটুখানি ব্যবস্থা নিতে যাচ্ছেন। কিন্তু আপনাকে the whole principle of this Act has failed. আমি ফ্যালাসিটা বুঝিয়ে দিচ্ছি। ১২টা পড়ুন, সেখানে আছে—"Any person who fails to comply with, or contravenes, any of the provisions of this Act or the rules made thereunder shall, on conviction, be punished with imprisonment for a term, not being less than three months, which may extend to three years." আপনি প্রোমোটারকে ধরতে গেলে অবস্থাটা কি দাঁড়াবে? সিক্সথ মানথস আপটু থ্রি ইয়ার্স ইজ বেলঅ্যাবল। আপনি প্রোমোটারকে একটু কঠিনভাবে ধরতে চেষ্টা করুন। এতবড় অ্যাক্ট করার পরে দেখা যাবে সে থানা থেকে ছাড়া পেয়ে যাচ্ছে। অর্থাৎ যে পারপাসে এটা করতে যাচ্ছেন সেটা ফেল করে যাবে। এটাকে আপনার করা উচিত কথা, সেটা আপনার থাকছে না। এটা আপনি একটু ভাবুন। এবারে আপনি আসুন ১৫-তে। ১৫, ক্লজ-২-তে লক্ষ্মীবাবু যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, ১৫, ক্লজ-৩ ইজ কমপ্লিটলি কন্ট্রাডিক্টরি টু ক্লজ টু। কন্ট্রাডিকটরি হচ্ছে, বুদ্ধদেববাবু, আপনি আছেন, আপনি পড়ে দেখুন। সেখানে বলা হল "(3) Notwithstanding anything contained in this foregoing provisions of this section, if the State Government is of the opinion that the operation of any of the provisions of this Act causes undue hardship, or circumstances exist which render it expedient to do so, it may exempt by a general or special order, any class of persons or areas from all or any of the provisions of this Act, subject to such terms and conditions as it may impose."

**মিঃ ডেপুটি স্পিকার :** সত্যবাবু, আপনি এটা ভাল করে পড়ুন। এই ক্লজটা পড়ে দেখুন।

**শ্রী গৌতম দেব :** আমরা স্টেট গভর্নমেন্টের পক্ষ থেকে আগেই দিয়েছি। পরে যেটা দিয়েছেন সেটা দিল্লির সরকার। দিল্লির গভর্নমেন্ট মডেলটা দেরিতে পাঠিয়েছেন। পরের প্যারাগ্রাফটা দিল্লির সরকারের।

The motion of Shri Goutam Deb that the West Bengal Building (Regulation of Promotion of construction and Transfer by Promoters) Bill, 1992 as settled in the Assembly be passed, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.35 p.m. till 11 a.m. on Tuesday, the 16th March, 1992 at Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 16th March, 1993 at 11-00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) 19 Ministers, 9 Ministers of State, and 152 Members.

[11-00 - 11-10 a.m.]

## OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Dr. Bhupen Bijali, an ex-member of this Legislative Assembly who passed away on 13th March, 1993. He was 65.

He elected a member of the West Bengal Legislative Assembly in the year 1972 from the Maheshtala Assembly Constituency as a Congress candidate. He was a popular medical practitioner of the locality.

In his death, the State has lost a sincere social worker and a veteran politician.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members stood in their seats and observed two minutes silence)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved family of the deceased.

## Starred Questions
## (to which oral answers were given)

### মাদকের বিরুদ্ধে অভিযান

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭) ডাঃ মানস ভুঁইয়া ঃ ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে সরকারি স্তরে এবং বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার দ্বারা মাদকাসক্তি ও ড্রাগের বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছে ;

(খ) সত্যি হলে—

(১) এই উদ্দেশ্যে ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ আর্থিক বছরগুলিতে কি পরিমাণ অর্থ স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে বরাদ্দ করা হয়েছে? এবং

(২) উক্ত অর্থের মধ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের অনুপাত কিরূপ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ**

(ক) হ্যাঁ, সত্যি।

এই উদ্দেশ্যে ১৯৯০-৯১ আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৩৭.৪৩ লক্ষ টাকা এবং রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৭ হাজার (সাত হাজার) টাকা এবং ১৯৯১-৯২ আর্থিক বৎসরে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ৪৯.৬৩ লক্ষ এবং ৫ হাজার (পাঁচ হাজার) টাকা।

উক্ত অর্থের মধ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের অনুপাত নিম্নরূপ ঃ-

| ১৯৯০-৯১ | ১৯৯১-৯২ |
|---|---|
| ১ : ৫৪৩ | ১ : ৯৯২ |

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ১৯৯০-৯১ সালের বরাদ্দকৃত কেন্দ্রীয় অর্থের পরিমাণ ৩৭.৪৩ লক্ষ টাকা এবং রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৭ হাজার টাকা এবং ১৯৯১-৯২ সালের আর্থিক বৎসরে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৪৯.৬৩ এবং ৫ হাজার টাকা। মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই ২টি আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় কত স্বেচ্ছাসেবী সংস্থা এই ড্রাগ অ্যাডিকশনের বিরুদ্ধে পশ্চিমবঙ্গে কতকগুলি ড্রাগ অ্যাডিকশন সেন্টার এবং কাউন্সিলিং সেন্টার করেছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** কেন্দ্রীয় সরকারের মঞ্জুরীকৃত বিভিন্ন স্বেচ্ছাসেবী যে সমস্ত পরামর্শদান কেন্দ্র এবং নিরাময়কেন্দ্র আছে সেগুলো হচ্ছে—

নিরাময় কেন্দ্র

১) বিবেকানন্দ এডুকেশন সোসাইটি

২) হলদিয়া সমাজ কল্যাণ পর্ষদ

৩) সেন্টার ফর সাইকোলজিক্যাল টেস্টিং অ্যান্ড রিসার্চ

৪) স্যার সৈয়দ গ্রুপ অফ স্কুল

৫) বিকাশ ভারতী ওয়েলফেয়ার সোসাইটি

৬) ইন্ডিয়ান মাইন থিয়েটার

৭) ইন্ডিয়ান পাপেট থিয়েটার

৮) অগ্রদূত সংঘ

৯) গণ অর্কেস্ট্রা

এছাড়া আছে

১) বিবেকানন্দ এডুকেশন সোসাইটি

২) হলদিয়া সমাজ কল্যাণ পর্ষদ

৩) ইন্সটিটিউট অফ সাইকোলজিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ

৪) দি ক্যালকাটা সামারিটন

৫) ইউমেন্স কো-অর্ডিনেটিং কাউন্সিল হিউম্যান ডেভেলপমেন্ট

৬) হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড রিসার্চ ইন্সটিটিউট

৭) ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ হিউম্যান ওয়েলফেয়ার এবং প্রবুদ্ধ ভারতী শিশু তীর্থ।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, স্বেচ্ছাসেবী সংস্থাগুলি নির্মাণকরণ করলেন, এবারে আপনি যদি জানান এই বিষয়ে রাজ্য সরকার সরাকরি স্বেচ্ছাসেবী সংস্থাকে বাদ দিয়ে সরাসরি রাজ্য সরকার ডি-অ্যাডিকশন সেন্টার এবং কাউন্সিলিং সেন্টার প্রতিষ্ঠা করেছেন কিনা এবং সেক্ষেত্রে স্বেচ্ছাসেবী সংস্থাগুলি এবং রাজ্য সরকারের সমন্বয়ের কি ব্যবস্থা রয়েছে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** প্রথমে বলি এটা হচ্ছে একটা জাতীয় সমস্যা এবং এই জাতীয় সমস্যা মোকাবিলা করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এবং রাজ্য সরকারের পক্ষ থেকে বিভিন্ন যে সমস্ত সমাজসেবামূলক সংগঠন আছে সেই সমস্ত সংগঠনকে আমরা অর্থ দিয়ে থাকে এবং বিভিন্ন সংগঠনকে যে অর্থটা আমরা দিই এবং সেটা রাজ্য সরকার তাদেরকে দিয়ে মিটিং করায় এবং মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে পশ্চিমবাংলায় ড্রাগের যে ব্যাপকতা দেখা দিয়েছিল, সেই ড্রাগের ব্যাপারটা যথেষ্ট পরিমাণে কম হয়েছে এবং পাড়ায় পাড়ায় বিভিন্ন জায়গাতে সেখানে প্রচারের মাধ্যমটাকে অনেক বৃহত্তর করা হয়েছে

এবং বিভিন্ন ক্লাব বিভিন্ন গণ-সংগঠনকে এতে যুক্ত করা হয়েছে—করে এই কাজটা করা হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমি প্রশ্নের উত্তরটা পেলাম না। মাননীয় মন্ত্রী মহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি, ড্রাগ অ্যাডিকেশনের এই ভয়াবহ অবস্থার পরিপ্রেক্ষিতে ডি-অ্যাডিকশন সেন্টার এবং কাউন্সিলিং সেন্টার রাজ্য সরকার সরাসরিভাবে কোথায় কোথায় প্রতিষ্ঠা করেছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এটা রাজ্য সরকারের পক্ষে করা সম্ভব হয়নি, এটা স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে করা হয়ে থাকে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, আমার সাপ্লিমেন্টারি হল, সরকারি স্তরে এবং স্বেচ্ছাসেবী সংগঠন যেটা আছে এটা জয়েন্টভেঞ্চার কি না আমি বুঝতে পারলাম না। আমার যেটা প্রশ্ন সেটা হচ্ছে সরকারি স্তর থেকে ড্রাগ অ্যাডিকশন-এর ব্যাপারে কি করা হয়েছে, এটা তো সামাজিক সমস্যা, জাতীয় সমস্যা, সরকারি স্তর থেকে গত আর্থিক বছরে ৯০-৯১ এবং ৯১-৯২ এই ২টি বছরে অভিযান চালিয়ে হেরোইন জাতীয় কোনও দ্রব্য আটক করা হয়েছে কিনা এবং আন্তর্জাতিক ক্ষেত্রে এর অর্থনৈতিক যে মূল্য তার হিসাব আছে কিনা বলবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এটার জন্য নোটিশ দিতে হবে। তবে আমি যেটুকু বলতে পারি আমরা বিভিন্ন সময়ে এই ব্যাপার নিয়ে স্টেটমেন্ট করেছি। হেরোইন-এর ব্যাপকতা যেভাবে দেখা দিয়েছিল বিভিন্ন জায়গায় সেই পরিপ্রেক্ষিতে পুলিশ এবং গণ সংগঠনের মাধ্যমে আমরা বিভিন্ন জায়গায় হেরোইন আটক করি, বিভিন্ন জায়গায় যে ক্লাব আছে, গণ সংগঠন আছে, স্বেচ্ছাসেবী সংগঠন আছে সেইগুলিকে নিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা এই ধরনের ব্যবস্থায় হেরোইন ধরেছি। প্রচুর গ্রেপ্তারও করা হয়েছে, কাজেই সেটা আমরা করে থাকি। এছাড়াও আমরা সরকারের পক্ষ থেকে পশ্চিমবাংলার সরকারের পক্ষ থেকে আপনারা জানেন একটা সার্ভে আমরা করে ছিলাম, এছাড়া বিভিন্ন জায়গাতে আমরা পুস্তক বের করেছি, কি ভাবে একে প্রতিরোধ করা সম্ভব সেটা নিয়ে আমরা বইও ছেপে দিয়েছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমার কথা হচ্ছে এটা হাইপোথেটিকালি উত্তর নয়, এই যে প্রশ্নটা এটা রিলেটেড, এটার ইনফর্মেশন জানাবার জন্য আপনি তৈরি করে আনবেন।

**মিঃ স্পিকার ঃ** I have not allowed you আপনি অনুমোদন না নিয়ে বলে যাচ্ছেন, একটা অনুমোদন তো নিতে হয়।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় মানসবাবুর প্রশ্নের উত্তরটা ঠিকমতো দিলেন না। আমার প্রশ্ন হচ্ছে যেকোনও বে-সরকারি সংস্থা রাজ্য সরকারের কাছে অনুমতি চাইলে ও অর্থ সাহায্য চাইলেই কি আপনারা সাহায্য করবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** যদি কোনও ভলান্টেয়ারি অর্গানাইজেশন ভাল কাজ করে এবং তাদের যদি রেজিস্ট্রেশন থাকে এবং সরকারের কাছে যদি তারা সাহায্য চান তাহলে রাজ্য

সরকারের পক্ষ থেকে এনকোয়ারী করার পর আমরা তাদের অর্থ দিই। তাছাড়া রাজ্য
সরকারের পক্ষ থেকে এনকোয়ারী করার পর আমরা তাদের অর্থ দিই। তাছাড়া রাজ্য
সরকারের পক্ষ থেকে হাসপাতালেও আমাদের কিছু বেড আছে। যেমন নীলরতনের, পুল সেন্টার হাসপাতালে, ভবানীপুর হাসপাতালে, বহরমপুর হাসপাতালে এইরকম বেডের ব্যবস্থা করা হয়েছে।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি ড্রাগ বিরোধী এই অভিযানের ফলে সমাজের কতখানি লাভ হয়েছে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** একথা আমি আগেও বলেছি, আবার বলছি, মাননীয় সদস্য নিশ্চয় স্বীকার করবেন মানুষের যদি গণচেতনা বৃদ্ধি করা যায় তাহলে এইগুলোকে প্রতিরোধ করা সম্ভব। কলকাতা এবং বিভিন্ন জায়গাতে বিভিন্ন গণসংগঠন আছে, ক্লাব আছে, বিভিন্ন জায়গাতে পুলিশের সাহায্য নিয়ে এই ধরনের কাজগুলো করা হচ্ছে বলে ব্যাপকতা নিশ্চয় কমে গেছে। এটা আপনারা নিশ্চয় স্বীকার করবেন।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কেন্দ্রীয় সাহায্য এবং রাজ্য সাহায্যের অর্থনৈতিক একটা হিসাব দিলেন। আপনার কাছ থেকে আমি জানতে চাই, মাদকাশক্তি একটা বিরাট ব্যাপার। এখানে কেন্দ্র একা যেভাবে ম্যাচিং গ্রান্ট দিয়েছে ৪৯ লক্ষ ৫ হাজার ও ১১ লক্ষ ৭ হাজার। সেখানে আপনাদের ম্যাচিং গ্রান্টের প্রোপোরশন কত?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড। এটা হবে না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন শুধু ড্রাগের ব্যাপার নয়, মাদকাশক্তির ব্যাপারেও আপনি বলেছেন এবং কতগুলো ভলান্টেয়ারী অর্গানাইজেশনকে দিয়ে আপনি কিছু ব্যবস্থা নিয়েছেন। ভলান্টেয়ারী অর্গানাইজেশনগুলো গণচেতনা সৃষ্টি করতে হবে ও অ্যান্টি ড্রাগ মুভমেন্ট তৈরি করতে হবে। কিন্তু যে সমস্ত ভলান্টেয়ারী অর্গানাইজেশনগুলো টাকা নিচ্ছে কিন্তু খরচ করছে না বা অন্যভাবে খরচ করছে বা এই ব্যাপারে ফল্‌স রিপোর্ট দিচ্ছে এসব বিষয়গুলো ভেবে পঞ্চায়েতগুলোকে ইনভলভড্ করা যায় কিনা সেই ব্যাপারে চিন্তা করেছেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমি যে কথাটা বলেছি, বিভিন্ন জায়গাতে যারা এই কাজে এগিয়ে আসছে তাদের আমরা বিভিন্নভাবে সাহায্য করবার জন্য চেষ্টা করছি। এতে পঞ্চায়েতও আসতে পারে, আবার পৌরসভাও আসতে পারেন, আবার বিভিন্ন গণসংগঠনও আসতে পারে, আবার বিভিন্ন প্রতিষ্ঠানও আসতে পারে। আমরা মনে করি এটা একটা জাতীয় সমস্যা। দু-তিনটে ভলান্টেয়ারী অর্গানাইজেশনের পক্ষে এটা করা সম্ভব নয়। তবে নিশ্চয় আমরা আমাদের সাধ্যমতো চেষ্টা করব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যখন উত্তর দিলেন প্রথম দিকে তখন গভর্নমেন্টের পক্ষ থেকে ডি-অ্যাডিকশনের কোনও উল্লেখ তিনি করেননি। স্বেচ্ছাসেবী সংস্থাগুলোকে তিনি এই কাজে এগিয়ে আসার জন্য উৎসাহ দেওয়া হচ্ছে বলে বললেন। কিন্তু আমি

জানতে চাই, ডিটকসিকেশন কাম কাউন্সেলিং সেন্টার কিম্বা অ্যান্টি ড্রাগ কনফারেন্স এই ধরনের সেমিনার করতে গেলে সংস্থাগুলোর যে টাকা লাগে তার কত পারসেন্ট রাজ্য সরকার দেন ও কত পারসেন্ট কেন্দ্রীয় সরকার দেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** আমাদের টাকাটা এইভাবে দেওয়া সম্ভব নয়। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন যারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পান, তারা টাকা পাবার পর রাজ্য সরকারের পক্ষ থেকেও আমরা তাদের সাহায্য করি। যেমন ধরুন একটা সংগঠনকে বলা হল তারা এই ছাপবে এই ব্যাপারে। অর্থাৎ পশ্চিমবাংলায় বইটা ছাপবার দায়িত্ব হয়ত তাদের উপর দেওয়া হচ্ছে, হয়ত পোস্টার তাদের কোথাও ছাপাতে হচ্ছে। আবার হয়ত সরকারের পক্ষ থেকে বই-টা ছাপিয়ে দেওয়া হচ্ছে। তারপর সেমিনার করার ব্যাপারে হয়ত তাদের দায়িত্ব দেওয়া হচ্ছে, সার্ভে করার ব্যাপারে আছে। এইভাবে করার ব্যাপার আছে।

**শ্রী মনোহর তিরকি :** মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিসংখ্যান দিলেন তাতে মোটামুটি শহরের স্বেচ্ছাসেবী সংস্থা যাদের আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে তাদের ব্যাপারটা বললেন। আমার প্রশ্ন, আমাদের এই রাজ্যে কোন্ কোন্ জেলাতে ড্রাগ অ্যাডিক্টের সংখ্যা বেশি প্রভাব আছে তা জানাবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** কলকাতা বা তার পার্শ্ববর্তী জায়গাতে এটা কিছু পরিমাণ বেশি আছে এবং অন্যান্য জায়গাতে এ ব্যাপারে একটা সার্ভে করার চেষ্টা চলছে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এটা একটা জাতীয় সমস্যা। আমরাও স্বীকার করি যে এটা একটা জাতীয় সমস্যা। কলকাতা শহর তো ড্রাগ পেডলারসদের স্বর্গরাজ্যে প্রায় পরিণত হয়ে গিয়েছে। যারা মাদকাসক্ত তাদের মানসিক পরিবর্তনের জন্য স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে টাকা দেওয়া হচ্ছে এবং সেখানে কেন্দ্রীয় সরকারই মূলত টাকাটা দিচ্ছেন। রাজ্য সরকার দুটি আর্থিক বছরে মোট ১২ হাজার টাকা দিয়েছেন। আমার কথা হল, মাদকাসক্ত হবার আগের যে সমস্ত ড্রাগ থেকে তারা মাদকাসক্ত হয় সেগুলি যদি পাওয়ার রাস্তা বন্ধ করা যায় তাহলে স্বেচ্ছাসেবী সংস্থাগুলির কাজ অনেক কমে যায়। স্যার, ছোটবেলাতে একটা অঙ্কের কথা মনে পড়ে যাচ্ছে যে একটা চৌবাচ্চাতে একটা নল দিয়ে জল ঢুকছে এবং দুটি নল দিয়ে জল বেরিয়ে যাচ্ছে তাতে যেমন চৌবাচ্চা কোনওদিনই ভর্তি হবে না ঠিক তেমনি একদিকে এইসব কথা বলছেন অন্যদিকে যেভাবে ঢালাও মদের দোকানের লাইসেন্স দেওয়া হচ্ছে এখানে তার সঙ্গে একটা সামঞ্জস্যপূর্ণ হচ্ছে কিনা এবং সমাজকল্যাণ দপ্তর থেকে এরজন্য......

**মিঃ স্পিকার :** নো স্পিচ, আপনার অতিরিক্ত প্রশ্ন করুন।

**শ্রী আব্দুল মান্নান :** ঢালাও-মদের লাইসেন্স যেভাবে পশ্চিমবঙ্গে দেওয়া হচ্ছে, আমার প্রশ্ন, এর বিরুদ্ধে সমাজকল্যাণ দপ্তর থেকে রাজ্যের অর্থ দপ্তরে কোনওরকম বক্তব্য রাখা হয়েছে কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** এ সম্পর্কে আমার জানা নেই।

**কম মূল্যে ধান বিক্রি**

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫) **শ্রী খারা সারেন ঃ** কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, দক্ষিণ দিনাজপুর জেলার কৃষকেরা তাদের উৎপাদিত ধান সরকারি নির্ধারিত মূল্য থেকে কম মূল্যে বিক্রি করতে বাধ্য হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, সরকারি মূল্য না পাওয়ার কারণ কি?

**শ্রী কলিমুদ্দিন সামস্ ঃ**

(ক) "হ্যাঁ।"

দক্ষিণ দিনাজপুর জেলায় সাধারণ শ্রেণীর ধানের দাম সরকারি পরিপোষক মূল্য থেকে কিছু কম মূল্যে ডিসেম্বর ৯২, জানুয়ারি, ফেব্রুয়ারি ৯৩ মাসে বিক্রয় হয়েছে।

(খ) খাদ্য দপ্তর থেকে সংবাদ সংগ্রহ করে জানা গেছে, রাজ্যে খাদ্য দপ্তর ধান সরকারি পরিপোষক মূল্যে ক্রয় করা শুরু করলেও গুণগতমান অনুযায়ী ধান পাওয়া যাচ্ছে না। খাদ্য দপ্তর এ বিষয়ে বিস্তারিত আলোকপাত করতে পারেন।

দক্ষিণ দিনাজপুরে অর্ডিনারি চাল কিছু বিক্রি হয়েছে যেখানে স্টান্ডার্ড কোয়ালিটির চাল পাওয়া যায়নি। এর ফলে বাধ্য হয়ে সাপোর্ট প্রাইস থেকে নিচে এই চালটা বিক্রি হয়েছে।

**শ্রী মনোহর তিরকি ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি, সরকার ন্যায্য দানে কেনার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী কলিমুদ্দিন সাম্স ঃ** এটা ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টের ব্যাপারে। এফ. সি. আই- এর মাধ্যমে এটা করা হয়। আমরা শুধু সাপোর্টিং প্রাইসটা ঠিক করে দিই। যখন সাপোর্টিং প্রাইসের প্রশ্নটা এসেছিল তখন আমরা সাপোর্টিং প্রাইসটা ঠিক করে দিয়েছিলাম। সাপোর্টিং প্রাইসেও কোয়ালিটির চাল যেহেতু পাওয়া যায়নি সেইজন্য সাপোর্টি প্রাইসের থেকে কম দামে সেখানে কেনা হয়েছে। কি করে কেনা হয়েছে, না হয়েছে এটা ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্ট বলতে পারবেন, এটা আমার কনসার্ন নয়। আমরা সাপোর্টিং প্রাইসটা ফিক্স করে দিই।

(এই সময় মাননীয় মন্ত্রী শ্রী নরেন্দ্রনাথ দে বলতে ওঠেন।)

**মিঃ স্পিকার ঃ** আপনি বললে সাপ্লিমেন্টারি কোয়েশ্চেয়ের ব্যাপারেও আমাকে ফেস করতে হবে।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন কৃষি বিপন্ন দপ্তরের মন্ত্রীর কাছে, সেই বিষয়টা আমার কিছু জানা আছে বলে বলছি। ধানের দাম একটা সময় এসেছিল, সাপোর্ট প্রাইসের নিচে কোথাও কোথাও ধান বিক্রি হচ্ছে রাজ্য সরকারের কাছে এই রকম খবর আসে। বিষয়টা ভাবিয়ে তোলে এবং এই সম্পর্কে ব্যবস্থা নেবার জন্য আমরা খাদ্য দপ্তর থেকে প্রত্যেক জেলায় ৫ লক্ষ, দু লক্ষ, এই রকম করে ডি এম এর কাছে টাকা পাঠিয়ে দিই, যাতে সাপোর্ট প্রাইসের নিচে ধানের দাম না চলে যায়। সাপোর্ট প্রাইসে গভর্নমেন্ট কো-অপারেটিভের মাধ্যমে ধানগুলো কিনতে পারে তার জন্য ব্যবস্থা করা হচ্ছে। দিনাজপুরের কিছু কিছু জায়গায় ২৭০ টাকা সাপোর্ট প্রাইস, তার নিচে ২৫০/২৫৫/২৬০ টাকা ধান বিক্রি হচ্ছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি এবং সেখানে যে ধানটা বিক্রি হচ্ছে, এটা এফ সি আই এর যে নর্মস আছে, যে স্ট্যান্ডার্ড আছে, তার নিচে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন, পশ্চিমবাংলার জেলাগুলোতে সরকারি দপ্তরের পক্ষ থেকে ডিসট্রেস সেল বন্ধ করার কতগুলো ডি পি এজেন্টে নিয়োগ করা হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন হয় না।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** আমার প্রশ্ন হচ্ছে মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে, মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন যে দক্ষিণ দিনাজপুরের জেলা শাসককে নির্দেশ দেওয়া হয়েছে এবং কিছু টাকা সেখানে পাঠানো হয়েছে, কম মূল্যে যাতে ধান বিক্রি বন্ধ হয়। কম মূল্যে যাতে বিক্রি না হয় তার জন্য কত টাকা পাঠিয়েছেন এবং আগামী বছর এই জাতীয় খাতে কম দামে ধান বিক্রি না হতে পারে, সেইজন্য বিভিন্ন জেলায় জেলা শাসকদের নির্দেশ এবং ফান্ডস দেবেন কি না?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহার প্রশ্নের উত্তরে আমি আবার জানাচ্ছি যে, যখন আমাদের কাছে এই খবর আসে যে কিছু কিছু জায়গায় ধানের দাম সরকার নির্ধারিত মূল্যর থেকে নিচে চলে যাবার প্রবণতা দেখা দিচ্ছে তখন রাজ্য সরকারের পক্ষ থেকে এই উদ্যোগ নেওয়া হয় যাতে কৃষকদের কোনওরকম ক্ষতি না হয় তার জন্য নির্ধারিত মূল্য দিয়ে সে সব ক্ষেত্রে সরকার নিজেই ধান কিনবে। সেজন্য জেলা শাসকদের কাছে নির্দেশ এবং টাকা পাঠানো হয়েছে। সঙ্গে সঙ্গে জেলা শাসকদের এ কথাও বলা হয়েছে যে, তাঁরা হাটে হাটে গিয়ে খবর নেবেন যে, কোথাও ২৭০ টাকার নিচে দাম নেমে যাচ্ছে কিনা। তবে সৌভাগ্যের বিষয়, এখন পর্যন্ত এরকম কোনও ঘটনা ঘটেনি। দিনাজপুরের যে ঘটনার কথা বলা হচ্ছে সেটা—ময়েসচার এবং ফরেন পার্টিকেল ইত্যাদি সংক্রান্ত যে স্ট্যান্ডার্ড নির্দিষ্ট করে দেওয়া আছে, সেই স্ট্যান্ডার্ড পর্যন্ত দামে—২৭০ টাকার নিচে নামে নি। তাই কেনাও হয়নি। আমাদের কেনার ব্যবস্থা আছে। জেলা পরিষদ, কো-অপারেটিভ সোসাইটি প্রভৃতিকে বলা আছে যেখানে দাম ২৭০ টাকার নিচে নামবে সেখানে সরকার কিনবে, এরকম ব্যবস্থা তৈরি আছে।

**শ্রী নির্মল দাস :** মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, দক্ষিণ দিনাজপুরকে বলা হয়েছে উত্তর বাংলার শস্য ভান্ডার এবং আপনি স্বীকার করলেন যে, সেখানে সাপোর্ট প্রাইসের নিচে চাল বিক্রি হচ্ছে। আবার এফ সি আই সেখানে পচা গম এবং অখাদ্য চাল, যা অনেক সময় গো-খাদ্যও নয় তাই সরবরাহ করছে। এ অবস্থায় রাজ্য সরকার এফ সি আই-এ অনুরূপ কোনও ফুড কর্পোরেশন গঠনের পরিকল্পনা গ্রহণ করছেন কি?

**মিঃ স্পিকার :** এ প্রশ্ন ওঠে না।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, তিনি কিছু টাকা এ বিষয়ে ডি এস-দের দিয়েছেন। এখন সেটা তো হেড কোয়ার্টার থেকে ডাউনস্ট্রিমে যেতে হবে, সেখানে হোয়াট ইজ দি গাইডলাইন অফ্ দি গভর্নমেন্ট? ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কি গাইডলাইন অনুযায়ী চাল কিনবেন? এই গাইড লাইনটা জানাতে হবে, এ সম্পর্কে উই আর নট ইন দি নো, আমরা এখনও কিছুই জানি না।

**শ্রী নরেন্দ্রনাথ দে :** ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের টাকা দেওয়ার সঙ্গে সঙ্গে এ বিষয়ে আমরা একটা প্রেস রিলিজও করেছি এবং তাতে নির্দেশ দেওয়া আছে—ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের নির্দেশ দেওয়া হয়েছে সভাধিপতি এবং কো-অপারেটিভ-এর সঙ্গে যোগাযোগ করে এ বিষয়ে উদ্যোগ নিতে।

## Rabindra Sarani

*55. (Admitted Question NO. *229) **Shri Deoki Nandan Poddar** : Will the Minister-in-charge of the Urban Development be pleased to state—

(a) whether the State Government has any programme for repairing Rabindra Sarani in Calcutta;

(b) if so, the steps taken so far in the matter?

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) Calcutta Minicipal Corporation has taken up the repairing work of Rabindra Sarani.

(b) The Calcutta Municipal Corporation has taken up the programme of repairing Rabindra Sarani phase-wise. For last two years, repairing of Rabindra Sarani has been done extensively. During 93-94 there is programme of further repairing.

[11-30 — 11-40 a.m.]

**Shri Deoki Nandan Poddar** : Will the Minister-in-Charge be pleased to state about the portion of the Rabindra Sarani which has been repaired so far including the length of the road and also the cost thereof?

**Shri Buddhadeb Bhattacharjee :** You see the total length of the Rabindra Sarani is almost 5 kms. Last year, i.e. 1992-93, we have repaired—so far my knowlegde goes—5,200 Sp.M. and for this year of 1993-94, our programme for repairing is 10,000 Sq. M. And we have already allotted Rs. 5 lakhs for that. Actually we need Rs. 45 lakhs to repair the whole road of the Rabindra Sarani. It is a 5 K.M. length road. This is our problem.

**Shri Deoki Nandan Poddar :** Will the Minister-in-Charge kindly say the details of the programme to be undertaken for further repairing?

**Shri Buddhadeb Bhattacharjee :** I have told that we have already allotted Rs. 5 lakhs for this year. The work will start very soon.

**Shri Deoki Nandan Poddar :** Sir, for the year 1993-94, you have allotted only Rs. 5 lakhs. Is it very sufficient?

(No reply)

(Noise)

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ৪৫ লক্ষ টাকার কথা বললেন। এর মধ্যে কলকাতা পৌরসভা তার নিজস্ব ফান্ড থেকে কত টাকা দিচ্ছেন, রাজ্য সরকার কত টাকা দিচ্ছেন এবং কেন্দ্রীয় সরকার কত টাকা দিচ্ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা সবই কলকাতা কর্পোরেশনের রাজ্য সরকারের কোনও ব্যাপার নয়। কেন্দ্রীয় সরকার এক পয়সাও দেয় না।

**Shri Subrata Mukherjee :** Sir, my supplementary is that money which has been alloted for the repairing of the Rabindra Sarani—whether it is sufficient or not ?

**Shri Buddhabed Bhattacharjee :** We need Rs. 45 lakhs. But we have actually allotted Rs. 5 lakhs. We are also concerned for this.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ট্রাম কোম্পানির কাছ থেকে টাকা নিচ্ছেন না কেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি জানেন না, জেনে রাখুন, দুটি লাইনের মাঝখানে যে রাস্তা আছে সেই রাস্তার জন্য টাকা ওঁরা দেন। দুটি টাকা মিলিয়ে এটা করা হচ্ছে। আসছে বছরের জন্য ৪৫ লক্ষ টাকার যেটা প্রয়োজন তার মধ্যে ২০ লক্ষ টাকা ট্রাম কোম্পানি দিয়েছেন আর ২৫ লক্ষ টাকা সি এম সির। যেখানে ৪৫ লক্ষ টাকা দরকার সেখানে আমরা দিতে পেরেছি ৫ লক্ষ টাকা। আরও টাকার প্রয়োজন, টাকা থাকলে আমরা আরও বেশি দেব।

**শ্রী সুব্রত মুখার্জি :** নর্থে যাবার জন্য ওয়ান অফ দি মোস্ট ইমপর্টান্ট রোড ইজ রবীন্দ্র সরণি এবং আমার কনস্টিটুয়েন্সির মধ্যে পড়ে। আপনি এটার জন্য কি প্রাইওরিটি দেবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্যদের এই কথাটা বুঝতে আমার অসুবিধা নেই।

**Mr. Speaker :** No debate is going on. You ask your question.

(Noise)

The question is that the road is very important. Repairing is also necessary. The minister has given the replies as to what they can afford and how much money they have allotted. There can be no further clarification on this.

(Noise)

**Shri Subrata Mukherjee :** Sir, you go through the Rule 52 (2) at page 30. The question is specific. Rule 52 (2) says—"Any member when called by the Speaker may ask a supplementary question for the purpose of further elucidating any matter of fact regarding which an answer has been given এটা আমার ক্ষেত্রে শুধু না, মানস ভুঁইয়া পশ্চিম দিনাজপুরে ডিসট্রেস সেলের ব্যাপারে যখন প্রশ্ন করলেন এবং সেটা ইমপর্টেন্ট এবং রেলিভন্ট প্রশ্ন ছিল, তখনও আপনি অ্যালাউ করলেন না।

**Mr. Speaker :** I have not allowed it. There is nothing in the question. I have not allowed you supplementary. I am sorry.

**শ্রী জ্ঞানসিং সোহান পাল :** স্যার, আমার কোনও সাপ্লিমেন্টারি নেই, উত্তর দেবার সময় হি হ্যাজ ইউসড সার্টেন ওয়ার্ডস সো ফার মাই নলেজ গোজ, এটা বলেছেন। আমরা জানতে চাই রেকর্ড কি বলছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি এ কথাটি বলেছি এই কারণে যে সি এম সি একটা অটোনমাস বডি, যদি বলেন, ডিটেলস আমার কাছে আছে। আমার কাছে যে পেপার্স পাঠানো হয়েছে তাতে ওটা বলছে, এটাই ঘটনা।

**সরকারি বাস ও মিনিবাসের সংখ্যা**

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯) **শ্রী অমিয় পাত্র :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য পরিবহন সংস্থা :—সি এস টি সি, এস বি এস টি সি, এন বি এস টি সি ও সি টি সি-এর বাস ও মিনিবাসের মোট সংখ্যা কত (পৃথক পৃথক ভাবে) ; এবং

(খ) চলতি বছরের ৩১শে জানুয়ারি পর্যন্ত কোন সংস্থায় কি পরিমাণ আর্থিক লাভ বা ক্ষতি হয়েছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) সি এস টি সি-র

| | |
|---|---|
| বড় বাসের সংখ্যা | ১১৮৩ |
| মিডি বাসের সংখ্যা | ৫১ |
| মোট | ১২৩৪ |

এস বি এস টি সি-র

| | |
|---|---|
| বড় বাসের সংখ্যা | ৪৩৮ |
| মিডি বাসের সংখ্যা | ১৪৯ |
| মোট | ৫৮৭ |

এন বি এস টি সি-র

| | |
|---|---|
| মোট বাসের সংখ্যা | ৯৪৭ |

সি টি সি-র

| | |
|---|---|
| বড় বাসের সংখ্যা | ২০ |
| মিডি বাসের সংখ্যা | ২০ |
| মোট | ৪০ |

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—এস টি সি'র বাসগুলি অধিকাংশ অনিয়মিত চলে, এগুলি নিয়মিতভাবে চালাবার জন্য চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, আমরা সাম্প্রতিক গত ৬ মাস, এক বছর যাবৎ একটু আর্থিক সঙ্কটের মধ্যে আছি—এ জন্য একটু অনিয়মিত হচ্ছে। আমার ধারণা দু মসের মধ্যে এটা কাটিয়ে উঠে সমস্ত কর্পোরেশনেই নিয়মিত বাস বার করতে পারব।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—সাউথবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কতগুলি বাস কেনা হয়েছে, কতগুলি বাস আছে এবং কতগুলি রাস্তায় চলছে?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** সাউথ বেঙ্গলে ফুয়েল ইউটিলাইজেশন হচ্ছে ৭০ পারসেন্ট। এটা ১৯৯১-৯২ সালের হিসেব। এক্ষেত্রে অল ইন্ডিয়া স্ট্যান্ডার্ড হচ্ছে ৮৫ পারসেন্ট। আমরা এর থেকে নিচেতেই আছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** কতগুলো বাস নতুন কিনেছেন এবং কতগুলো রানিং কন্ডিশনে রয়েছে এটাই আমি জানতে চেয়েছি। সংখ্যা না জানালে পারসেন্টেজের হিসেব কি করে করব?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এটা নিশ্চয়ই জানে, আজকে যে বাস রাস্তায় বেরোয় সেটা আগামীকাল নাও বেরোতে পারে। সেজন্যই বলছি, ইয়ারলি অ্যাভারেজ হচ্ছে ৭৫ পারসেন্ট।

**মিঃ স্পিকার ঃ** শ্যামলবাবু উনি জানতে চাইছেন কটি বাস কেনা হয়েছে এবং কটি বাস রাস্তায় নামছে।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এটা বলতে গেলে বলতে হবে, এই বছর কটি কিনেছি এবং তারমধ্যে কটি নামছে, গত বছর কটি কিনেছি এবং তার মধ্যে কটি নামছে এইভাবে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে টাকা পেয়ে সাউথ বেঙ্গলের জন্য একবার বাস কিনেছেন।

**মিঃ স্পিকার ঃ** শ্যামলবাবু, আপনি নেক্সট কোয়েশ্চেন ডেটে একটা স্টেটমেন্ট সার্কুলেট করে দেবেন যে, প্রতি বছর কয়টি করে বাস কিনেছেন, তারমধ্যে কয়কটি রাস্তায় বেরোচ্ছে এস বি এস টি সি-তে এবং কয়টি ফ্লোট করেছে।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** উনি বলছেন, কেন্দ্রীয় সরকারের টাকায় নাকি বাস কেনা হয়েছে। কিন্তু সেটা কখনই কেনা হয়নি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী যে চিত্র তুলে ধরলেন সেটা ভয়াবহ। আমি জানতে চাই, ১৯৯০-৯১, ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ আর্থিক বছরগুলিতে ক্ষতির পরিমাণটা ক্রমশ যখন বাড়ার দিকে তখন এটাকে ভায়াবেল করা যাবে কিনা এবং এর থেকে মুক্ত হবার জন্য কি ব্যবস্থা করেছেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই অবহিত রয়েছেন যে, ভারতবর্ষে মাত্র দুটি লং ডিস্টেন্স কর্পোরেশন ছাড়া সব কর্পোরেশনই লোকসানে চলে ; সিটি বাসের ক্ষেত্রেও পৃথিবীতে এমন কোনও স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন নেই যারা শহরে বাস চালান অথচ সেটা ভায়াবেল। বোম্বেতে ইলেকট্রিসিটি বোর্ডের টাকায় বাস চলছে। সেখানে ইলেকট্রিসিটির লাভের টাকায় বাস চলে। এর মধ্যেও আর্থিক দিক দিয়ে যাতে কিছুটা উন্নতি করা যায় তারজন্য একটা চেষ্টা আমাদের এখানে চলছে। সারা ভারতবর্ষে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এবং ট্রান্সপোর্ট মিনিস্টাররা মিলিত হয়ে দলমত নির্বিশেষে এই বিষয়ের উপর গুরুত্ব দিয়েছেন।

কিন্তু সেখান থেকে যেসব পরামর্শ উপস্থিত করা হয়েছে তার সবগুলি গ্রহণযোগ্য নয়। প্রথম পরামর্শ হচ্ছে, বাসে যখন লোকসান চলছে তখন ওটা প্রাইভেটের হাতে তুলে দাও। আমরা তাতে রাজি হইনি এবং কংগ্রেস শাসিত রাজ্যগুলিও এর প্রতিবাদ করে গেছেন।

দ্বিতীয় প্রস্তাব এসেছে, ভাঙ্গা, খারাপ রাস্তাগুলো সারাই করবার ব্যাপারে। এর মধ্যে ন্যাশনাল হাইওয়ে এবং স্টেট হাইওয়ে আছে। ন্যাশনাল হাইওয়েটা কেন্দ্রীয় সরকারের এবং স্টেট হাইওয়েটা রাজ্য সরকারের দায়িত্বে। এই দুটোর অবস্থাই অত্যন্ত খারাপ। কাজেই এক্ষেত্রে সবটাই দেখতে হবে।

তৃতীয় প্রস্তাবে ফুয়েল এফিসিয়েন্সী বাড়াবার কথা বলা হয়েছে। কিন্তু আমাদের এখানে টেকনোলজি খুবই দুর্বল—১৯৪০ সালের। কেন্দ্রীয় সরকারের নির্দেশ অশোক লেল্যান্ড এবং টাটা বলেছে যে, তারা ১৯৯৫ সালের মধ্যে এমন ফুয়েল এফিশিয়েন্ট ইঞ্জিন তৈরি করবেন যাতে ডিজেলের সাশ্রয় হয়।

চতুর্থ প্রস্তাবে ভাড়া বাড়াবার কথা, কষ্ট এফেকটিভ করবার কথা বলছেন। এই ব্যাপারে একটা ন্যাশনাল ট্যারিফ কমিশন করবার প্রস্তাব এসেছে। আমরা এই ব্যাপারে কোনও মত দিইনি। এ ব্যাপারে সেখানে সমস্ত রাজ্যই মত দিয়ে গেছেন। আমরা আলোচনা করে মতামত জানাব। এই গাইড-লাইনে সারা দেশে একরকম ভাড়া হবে।

**শ্রী আবুল হাসনাৎ খান ঃ** মাননীয় মন্ত্রী মহশয়, সি এস টি সি, এস বি এস টি সি, সি টি সি এই সমস্তগুলি লাভজনক হচ্ছে না এবং লাভজনক করার জন্য কিছু সাজেশন দেওয়া হয়েছে। আমি আপনার কাছে জানতে চাচ্ছি যে এই সংস্থাগুলি লাভজনক করার জন্য শ্রমিকসংখ্যা হ্রাস করার কোনও সিদ্ধান্ত সরকারের আছে কি না?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমরা কেন্দ্রীয় সরকারের ঐ নীতির বিরুদ্ধে। শ্রমিকদের চাকুরি থেকে ছাড়িয়ে দেব, তা আমরা করছি না। রাষ্ট্রীয় পরিবহনের সংখ্যা বাড়িয়ে ক্রমে সংখ্যা কমানোর চেষ্টা করছি। উদাহরণস্বরূপ বলতে পারি যে ৪ বছর আগে উত্তরবঙ্গের স্টেট ট্রান্সপোর্ট বাস পিছু কর্মীর সংখ্যা ছিল ১৭, সেটা এখন কমিয়ে ৯ করা হয়েছে। দক্ষিণবঙ্গের বাস পিছু কর্মী সংখ্যা ছিল ১৩, সেটা এখন দাঁড়িয়েছে ৮। আর কলকাতায় এটা ছিল ১৮, এখন মেনে দাঁড়িয়েছে ৪। আমরা নতুন নতুন বাস কিনে ডিপোগুলিকে মডার্নাইজ করে কর্মীদের রাখতে পারছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি লসের কথা বললেন। আমি জানতে চাচ্ছি, সি এস টি সি, এস বি এস টি, এন বি এস টি সি, এবং সি টি সি—এতে চলতি আর্থিক বছরে এর অ্যাকিউমুলেটেড লস কত যাচ্ছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এটার জন্য নোটিশ দিতে হবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, একটা বাস চালানো মানে বছরে ২।। লক্ষ টাকা লস। তাহলে এই ২।। টাকায় নতুন বাস কেনা যায়। আপনি সেটা করছেন না কেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** ২।। লক্ষ টাকায় নতুন বাস হয় না। এটা ১০ বছর আগে হত। যেহেতু আমাদের উদ্দেশ্য সরকারি বাস বাড়ল, লোকসান হলে কতটা কমানো যায় সেটা দেখা। আমরা সেদিক থেকে ইমপ্রুভমেন্টের চেষ্টা করছি। আমি কুচবিহার থেকে ঘুরে এসেছি। সেখানে সি আই টি ইউ এবং আই এন টি সি—এই দুটো ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে আমরা বসেছিলাম, সুব্রতবাবু তার সভাপতি ছিলেন। আমরা সকলে মিলে একমত হয়েছি যে এর ইমপ্রুভমেন্ট করতে হবে। আমাদের যে ত্রুটি আছে সেগুলি দূর করতে হবে। সুতরাং এটাই হচ্ছে বাস্তব যে রাষ্ট্রীয় পরিবহন রাখব এবং তার ভরতুকি দিতে হলে দেব।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি হিসাব দিলেন যে'এই সমস্ত বাসে লস হচ্ছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এক একটা বাসে কত কর্মচারী আছে এই কর্মচারী বাড়বার জন্য কি লস হচ্ছে? কারণ প্যাসেঞ্জারতো হচ্ছে, তাহলে লস কেন হবে? কাজেই এটা ভাল করে দেখা যাতে লাভ হয়। সেইরকম কোনও ব্যবস্থা করবেন কি?

(নো রিপ্লাই)

**শ্রী মনোহর তিরকে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পরিসংখ্যান দিলেন বিভিন্ন স্টেট বাসের এবং তার লসের পরিমাণের। আমি পার্টিকুলারলি নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের কথা জানতে চাচ্ছি। ওখানে প্রায় ৯।। শত বাস আছে এবং লোকসানের টাকাও অনেক কম, ৬ কোটি ১৯ লক্ষ মতো বললেন। নর্থ বেঙ্গলে লাভজনক অনেক রুট আছে, সেই সমস্ত রুটে বাস চালোনো যায়। জোড়াই, আলিপুরদুয়ার ওখানে বাস ডিপো আছে। কাজেই এই রুটে বাস বেশি দিলে লাভজনক হতে পারে। কাজেই এই বিষয়ে কি আপনি চিন্তা করবেন?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** জোড়াই এবং আলিপুরদুয়ারে বাস লাভে চলে না। আপনি যদি চান আমার সঙ্গে আলোচনা করবেন, আমি বিস্তারিত ভাবে আপনাকে বলে দেব।

**মহাকরণে প্রেস কর্ণার**

***৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭) শ্রী দেবপ্রসাদ সরকার ও শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মহাকরণে প্রেস কর্ণারটি ভেঙ্গে দেওয়ার কারণ কি ;

(খ) উক্ত প্রেস কর্ণারটি যথাস্থানে পুনঃপ্রতিষ্ঠা করার বিষয় নিয়ে সাংবাদিক প্রতিনিধিদের সাথে রাজ্য সরকারের কোনও আলোচনা হয়েছে কি না ; এবং

(গ) আলোচনা হয়ে থাকলে তা কতদূর ফলপ্রসূ হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) মহাকরণে প্রেস কর্ণারটি স্থানান্তরিত করার প্রয়োজন দেখা দেয়। তাই এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) সাংবাদিক প্রতিনিধিদের সঙ্গে আলোচনা হয়েছে এবং হচ্ছে।

(গ) আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানও হয়েছে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** স্যার, আমি আমার সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা এই যে কোয়েশ্চেনগুলি করি এই কোয়েশ্চেনগুলির রিপ্লাই ফর ইনফরমেশন করি, নট ফর ডিসইনফরমেশন। স্যার, আমি যে কোয়েশ্চেনগুলি করেছি তার উত্তরগুলি থেকে বুঝতে পারবেন আমরা কোনও স্পেশিফিক উত্তর পাইনি। এখানে প্রশ্ন করা হয়েছে মহাকরণের প্রেস কর্ণারটি ভেঙে দেওয়ার কারণ কি? তিনি উত্তর দিলেন স্থানান্তরিত করার প্রয়োজন দেখা দেয় তাই এই ব্যবস্থা নেওয়া হয়েছে। অল ভেগ অ্যানসার। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার সাপ্লিমেন্টারি করার আগে জিজ্ঞাসা করতে চাই এই ব্যাপারে। আমি ইনফরমেশন চাই, ডিস-ইনফরমেশন চাই না। এটা কি ইনফরমেশন দেওয়া হল?

**Mr. Speaker :** Mr. Sarkar, you know in the Parliamentary Practice the member has the right to put questions. What the reply will be, that totally depend on the minister. The speaker cannot direct the minister in this matter. You can put supplementary questions. It is the ministers capability to evade the questions, if possible.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** স্যার, আপনি প্রোটেকশন দিলেন। আমি আমার সাপ্লিমেন্টারি করছি। এই যে প্রেস কর্ণারটি ভেঙে দেওয়া হল, ফর দি ফোর ডেকাডস এই প্রেস কর্ণারটি আছে সেটাকে ভেঙে দেওয়া হল সেই সম্পর্কে সারা পশ্চিমবাংলার মানুষের কাছে প্রশ্ন এবং আমাদের এই বিধানসভার কাছে প্রশ্ন এর কারণটা কি? স্থানান্তরিত করার যুক্তিগ্রাহ্য, সুনির্দিষ্ট এবং সন্তোষজনক কারণ আমরা জানতে চাই। কি কারণে এই প্রেস কর্ণারটি ভেঙে স্থানান্তরিত করার প্রয়োজন হল তার যুক্ত গ্রাহ্য, সুনির্দিষ্ট এবং সন্তোষজনক উত্তর চাই।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমার উত্তরের মধ্যে তা ছিল। আমি জানি না মাননীয় সদস্যকে খুশি করতে পারব কিনা। তিনটি কারণ আছে। একটা কারণ হচ্ছে পরিবর্তনের মাধ্যমে সাংবাদিকদের অধিকার, সাংবাদিকদের সংবাদ সংগ্রহ করা বা সংবাদ জানার ব্যাপারে, রাইটার্স বিল্ডিং-এর ভেতর প্রয়োজনে তাদের গতিবিধির উপর কোনওরকম হস্তক্ষেপ বা নিয়ন্ত্রণ করতে সরকার চায়নি বা করেনি। একজন সাংবাদিকও বলতে পারবেন না। যে সাংবাদিকদের অধিকার, সাংবাদিকদের মৌলিক অধিকার, সংবাদ জানার অধিকার, সংবাদ সংগ্রহ করবার জন্য রাইটার্স বিল্ডিং-এ গতিবিধি উপর তাঁদের সরকার নিয়ন্ত্রণ করেছে। আজকে প্রেস কর্ণার কোথায় থাকবে এর উপর সাংবাদিকদের অধিকার নির্ভর করে না। প্রেস কর্ণারটি যে জায়গায় ছিল সেই জায়গায় থেকে স্থানান্তরিত করার প্রয়োজন ছিল। চার দশক ধরে......

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি :** আপনি আসল তথ্য বলুন, পাশ কাটিয়ে যাচ্ছেন কেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি আসছি সেই প্রসঙ্গে, আমি উত্তর দিচ্ছি, যদি কোনও প্রশ্ন থাকে আপনি পরে করবেন।

(গোলমাল)

এটা অনেকদিন ধরে আমরা উপলব্ধি করছিলাম, বর্তমান প্রেস কর্ণার যেটি ছিল—মাননীয় সদস্য একটি কথা বলেছেন, চারদশক ধরে যেটি আছে, সেই পরিপ্রেক্ষিতে বলছি, চার দশক ধরে পৃথিবীতে যা কিছু আছে, ভারতবর্ষে আমাদের যা কিছু আছে তা বাঁচিয়ে রাখা যায় না। পৃথিবীতে নতুন নতুন ভাবনা আসে, নতুন নতুন চিন্তা করতে হয়। এখানে, মুখ্যমন্ত্রীর ঘরের সামনে আমাদের রাইটার্স বিল্ডিংসে সাধারণ অবস্থাটা যা ছিল, এই প্রেসটি কখনই বাঞ্ছিত ছিল না। সেখানে নানারকম ডেপুটেশন আসে। নানারকম নেতৃত্বে আসেন। কেন্দ্রীয় মন্ত্রীরা আসেন, নানারকম ব্যক্তিরা ওখানে আসেন। সেখানে নিরাপত্তার প্রশ্নটি একটি গুরুতপূর্ণ প্রশ্ন। সেটি শুধু মুখ্যমন্ত্রীয় নয়। ঐ রকম এলাকায়, ভারতবর্ষে দিল্লির সরকার'এর ক্ষেত্রে, কোনও রাজ্যে, ভারতবর্ষের কোনও রাজ্যে কোথাও এইভাবে মুখ্যমন্ত্রীর ঘরের সামনের এলাকা এই রকম নিরাপত্তাহীন অবস্থায় ছিল না, থাকতে পারে না। এইজন্য আমরা মনে করেছি যে, জায়গাটি পরিবর্তন করা দরকার। দ্বিতীয়ত, এই প্রশ্ন সাংবাদিকদের নয়। আমি অ্যাকশন কমিটির সঙ্গে আলোচনার সময়ে খোলাখুলিভাবে বলি যে সাংবাদিকরা সব সময় আমাদের বন্ধু। তাঁরা আমাদের ঘরে যে কোনও সময়ে আসেন, মুখ্যমন্ত্রীর ঘরে আসেন। আমরা নিরাপত্তার বিপদটি সাংবাদিকদের কাছ থেকে অনুভব করছি। সেই সুযোগ আছে যে কোনও অবাঞ্ছিত ব্যক্তির, সে মুখ্যমন্ত্রীর ঘরের সামনে সেই সুযোগ নিতে পারেন। এই অবস্থা চলতে পারে না।

(গোলমাল)

এই সময়ে কংগ্রেস বেঞ্চ থেকে অধিকাংশ সদস্যকে একযোগে উঠে বলতে শোনা যায় 'অবাঞ্ছিত ব্যক্তি কারা?'।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি :** কারা অবাঞ্ছিত, এটা বলুন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** কারা অবাঞ্ছিত তা সারা দেশের চেহারা দেখে বুঝতে পারছেন না? আপনি বোম্বে দেখে বুঝতে পারছেন না? বোম্বে দেখে, পাঞ্জাব দেখে, অযোধ্যা দেখে অবাঞ্ছিত কারা বুঝতে পারছেন না? মাননীয় স্পিকার মহাশয়, আপনার অবগতির জন্য আমি জানাচ্ছি যে, নতুন যে প্রেস কর্ণার আমরা তৈরি করেছি—সুব্রতবাবু, আপনার বোঝা উচিত অবাঞ্ছিত কারা, অযোধ্যার দিকে তাকান, বোম্বের দিকে তাকান—

(গোলমাল)

স্যার, আপনার অবগতির জন্য প্রশ্নের উত্তরে আমি এও জানাচ্ছি, নতুন প্রেস কর্ণারটি আমাদের তৈরি হয়ে গেছে। সেই পুরানো প্রেস কর্ণারের থেকে অনেক ভাল প্রেস কর্ণার, জায়গা বেশি এবং আমি বিশ্বাস করি, বেশিরভাগে সাংবাদিক বন্ধু এবং বেশিরভাগ আলোকচিত্রী শিল্পী নতুন এই প্রেস কর্ণারটি স্বেচ্ছায় মেনে নেবেন এবং সেই প্রেস কর্ণারে কাজ হবে।

### বন্যায় ত্রাণ

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭) **শ্রী নটবর বাগদী** ঃ ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলায় বিগত বন্যায় ক্ষতিগ্রস্তের জন্য ত্রাণ ও কল্যাণ কার্যে সরকার কত টাকা মঞ্জুর করেছেন?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

পুরুলিয়া জেলায় বিগত বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য ত্রাণ ও কল্যাণ সরকার এ পর্যন্ত—

১। ত্রাণ আনুসঙ্গিক খরচা বাবদ ৮,০৫,০০০ টাকা (আট লক্ষ পাঁচ হাজার)

২। গৃহনির্মাণ বাবদ ৭,৯৯,২০০ টাকা (সাত লক্ষ নিরাব্বই হাজার দুশো)

মঞ্জুর করেছেন। এ ছাড়াও এ জেলায় ত্রাণ কার্যের জন্য—

| | |
|---|---|
| জনস্বাস্থ্য কারিগরি বিভাগকে | ৯২.২৭ লাখ |
| সেচ ও জলপথ দপ্তরকে | ৬০.০০ লাখ |
| পূর্ত বিভাগকে | ৪০.০০ লাখ |
| কৃষি বিভাগকে | ১৫.০০ লাখ |
| প্রাণী সম্পদ বিকাশ বিভাগকে | ২.০০ লাখ |
| এবং পৌর বিষয়ক বিভাগকে | ৫.৯০ লাখ |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগকে | ৭.০০ লাখ |

অর্থাৎ মোট ২,২২,১৭,০০০ টাকা (দুই কোটি বাইশ লক্ষ সতেরো হাজার) আবণ্টন করা হয়েছে।

### দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের নিয়োগ

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **শ্রী প্রবীর ব্যানার্জি** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১ সালের অক্টোবর থেকে ১৯৯৩ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনে বাসের ড্রাইভার এবং কন্ডাক্টর পদে মোট কতজনকে নিয়োগ করা হয়েছে ; এবং

(খ) এই নিয়োগ রাজ্যের বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে হয়েছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ড্রাইভারের সংখ্যা ৯৪ জন

কন্ডাক্টরের সংখ্যা ৯৬ জন

(খ) সমস্ত নিয়োগ বিভিন্ন কর্ম বিনিয়োগ সংস্থার মাধ্যমে নেওয়া হয়েছে।

**বন্যায় ক্ষতি**

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) **শ্রী নিশিকান্ত মেহতা ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অক্টোবর ১৯৯২-তে পুরুলিয়া জেলায় যে বন্যা হয়েছিল তার সামগ্রিক ক্ষয়ক্ষতির পরিমাণ কত ;

(খ) কত লোক ঐ বন্যায় মারা গেছেন ;

(গ) কতগুলি ঘরবাড়ি ধ্বংস হয়েছে ; এবং

(ঘ) এখন পর্যন্ত কি কি সরকারি অনুদান বন্যার্তদের দেওয়া হয়েছে?

**ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আনুমানিক ১০ কোটি টাকা।

(খ) ১৫ জন।

(গ) ২২৭০টি।

(ঘ) ১। আনুসঙ্গিক ত্রাণ খরচ বাবদ ৮ লক্ষ ৫ হাজার টাকা।

২। গৃহনির্মাণ বাবদ ৭ লক্ষ ৯৯ হাজার ২০০ টাকা।

ত্রিপল ৪,৪৫০ টি। ধুতি ৬,৭৫০৯ টি।

শাড়ি ৬,৭৫০ টি। শিশুপোষাক ৬,৭৫০ টি।

বিশেষ খয়রাতি সাহায্য হিসাবে—

(এ) গম ৫০ মেট্রিক টন।

(বি) চাল ১৫০ মেট্রিক টন।

এবং গুঁড়ো দুধ ৫ মেট্রিক টন।

সরকারি অনুদান হিসাবে বন্যার্তদের দেওয়া হয়েছে।

এছাড়া ত্রাণ কার্যের সঙ্গে যুক্ত কয়েকটি দপ্তরকে ঐ জেলার বন্যায় ত্রাণ কার্যের জন্য মোট ২,২২,১৭,০০০ টাকা (দুই কোটি বাইশ লক্ষ সতেরো হাজার টাকা) আবণ্টন করা হয়েছে।

## Alleged Ill Treatment in Jail Custody

*61. (Admitted Question No. *338) **Shri Saugata Roy** and **Shri Sibdas Mukherjee :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the State Government has received reports/allegations from persons arrested in connection with the recent communal disturbances being treated badly by a section of Jail wardens while in Jail custody :

(b) if so,—

(i) brief outlines of the reports/allegations ; and

(ii) the steps taken/proposed by the Government in this regard ?

**Minister-in-charge of the Home (Jails) Department :**

(a) No.

(b) Does not arise.

## পরিবহন পরিকাঠামো

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জাপানি আর্থিক সাহায্যে কলকাতায় পরিবহন পরিকাঠামো গড়ে তোলার পরিকল্পনাটি এখন কোন অবস্থায় আছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

(ক) (১) গত ১০ই ফেব্রুয়ারি ও ই সি এফের ফ্যাক্ট ফাইন্ডিং মিশনের সঙ্গে সচিব পর্যায়ের এই বৈঠক দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। মিশন জাইকার প্রতিবেদন সম্বন্ধে আলোচনা করেন এবং বিভিন্ন দপ্তরের প্রয়োজনীয় সম্মতিগুলি দেখেন এবং রাজ্যস্তরে অর্থসংস্থান যে করা হয়েছে এবং অষ্টম যোজনায় যে প্রকল্প গুচ্ছটি নেওয়া হয়েছে সে বিষয়ে অবহিত হন। পরবর্তী পর্যায়ের বৈঠক এপ্রিল অথবা মে মাস নাগাদ হতে পার এবং সিদ্ধান্ত ১৯৯৩ সালের মাঝামাঝি নাগাদ আশা করা যেতে পারে।

## Expenditure on Relief during recent Communal Disturbances in Calcutta

*63. (Admitted Question No. *335) **Shri Nasiruddin Khan and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Relief and Welfare (Relief) Department be pleased to state—

(a) the total expenditure incurred on providing relief and assistance to the persons affected during the recent communal disturbances in Calcutta ;

(b) Basis and considerations on which relief and assistance were disbursed by the Government ; and

(c) the assistance received and/or likely to be received by the State Government from Centre and/or Private agencies for such relief works ?

**Minister-in-charge of the (Relief) Department :**

(a) Rs. 84.98 lakhs were sanctioned by the Relief Deptt. for providing relief to the affected persons during the communal disturbances in Calcutta including areas under Metiabruz Police Station.

(b) Basis and consideration for relief and assistance were as follows :

i) for each death case Rs. 20,000/- from State fund and Rs. one lakh from Prime Minister's Relief Fund.

ii) for each injury case Rs. 500/-.

iii) for each damaged/destroyed shop/godown Rs. 200/- from State Fund and Rs. 2000/- from Prime Minister's Relief Fund.

iv) House Building Grant @ Rs. 2000/- for each household.

(c) Rs. 46.00 lakhs have been received from Prime Minister's Relief Fund for the entire state out of which 29.18 lakhs have been expended towards relief in Calcutta including areas under Metiabruz P.S.

## ব্রডকাস্টিং কাউন্সিল অব ইন্ডিয়ার নিয়মবিধি

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৬) **শ্রী আবু আয়েস মন্ডল** ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জাতীয় সংহতি ও ধর্মনিরপেক্ষতা বজায় রাখার ক্ষেত্রে ব্রডকাস্টিং কাউন্সিল অব ইন্ডিয়ার নিয়মবিধি সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছে কি না ; এবং

(খ) থাকলে, এ সম্পর্কে রাজ্য সরকারের ভূমিকা কি?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকারের কোনও ভূমিকা নেই।

## ট্রাম রুট বিলোপের সিদ্ধান্ত

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৬) **শ্রী আবদুল মান্নান** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতার ট্রামরুটগুলি ক্রমে ক্রমে তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ;

(খ) এসপ্ল্যানেড—জোকা ও এসপ্ল্যানেড। বি বি ডি বাগ-বিধাননগর রুট দুটিতে কবে ট্রাম চালু হয়েছে এবং কত টাকা ব্যয় হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতার ট্রাম সবগুলি ক্রমে ক্রমে তুলে দেওয়া হবে এমন কোনও সিদ্ধান্ত সরকারের নেই।

(খ) বিড়লা তারামন্ডল—বি বা দি বাগ রুটটি সম্প্রতি বন্ধ করা হয়েছে।

(গ) এসপ্ল্যানেড—জোকা রুটে ৩১-১২-৮৬ থেকে ট্রাম চালু হয়েছে এবং এর জন্য খরচ হয়েছে ৬৬০ লক্ষ টাকা। এসপ্ল্যানেড—বি বা দি বাগ বিধাননগর রুটে ট্রাম চালু হয়েছে ১৭-৪-৮৫ থেকে এবং এর জন্য খরচ হয়েছে ৩৮০ লক্ষ টাকা।

## অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৫) শ্রী .তপন হোড় : ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন বৃদ্ধি হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বিভিন্ন স্তরে বৃদ্ধি কিরূপ?

**ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। কেন্দ্রীয় সরকার ২/১০/৯২ তারিখ হইতে অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকাদের সামাজিক ভাতা যথাক্রমে ১২৫ টাকা এবং ৯০ টাকা হারে বৃদ্ধি করেছেন।

(খ) অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের বেতন বৃদ্ধির হার নিম্নরূপ :—

(ক) অঙ্গনওয়াড়ি কর্মীদের ক্ষেত্রে :

| যোগ্যতা | বর্তমান সাম্মানিক ভাতা | ২।১০।৯২ তারিখ হতে বর্ধিত ভাতা |
|---|---|---|
| ১। নন ম্যাট্রিক | ২২৫ | ৩৫০ |
| ২। নন ম্যাট্রিক ৫ বছরের অভিজ্ঞতা সহ | ২৫০ | ৩৭৫ |
| ৩। নন ম্যাট্রিক ১০ বছরের অভিজ্ঞতা | ২৭৫ | ৪০০ |
| ৪। ম্যাট্রিক | ২৭৫ | ৪০০ |
| ৫। ম্যাট্রিক ৫ বছরের অভিজ্ঞতাসহ | ৩০০ | ৪২৫ |
| ৬। ম্যাট্রিক ১০ বছরের অভিজ্ঞতা | ৩২৫ | ৪৫০ |
| (খ) সহায়িকাদের ক্ষেত্রে : প্রত্যেক | ১১০ | ২২০ |

## Rehabilitation for the people of affected Houses during Communal Disturbances

*67. (Admitted Question No. *341) **Shri Sibdas Mukherjee** : Will

the Minister-in-charge of the Relief and Welfare (Relief) Department be pleased to state—

(a) whether the Government has drawn-up any programme of rehabilitation of those persons whose houses were burnt or completely destroyed during the recent communal disturbances in Calcutta ;

(b) if so,

(i) brief outlines of the programme ; and

(ii) the steps taken/proposed in this matter ?

**Minister-in-charge of the Relief and Welfare (Relief) Department :**

(a) Yes.

(b) Government has sanctioned Rs. 27.30 lakhs towards rehabilitation of the affected persons in Calcutta including areas under Metaibruz P.S. by granting ex-gratia payment @ Rs. 2000/- for each family for their damaged houses. Besides, fund on account of contingent expenditure was also sanctioned to D.M., South 24-Pgs. and Commissioner of Police, Calcutta for immediate restoration work.

অঙ্গনওয়াড়ি সেন্টার

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬) শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ ত্রাণ ও কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমান অঙ্গনওয়াড়ি সেন্টারের সংখ্যা কত ;

(খ) ঐ সেন্টারগুলিতে সহায়িকা ও অঙ্গনওয়াড়ি কর্মীদের সংখ্যা কত? এবং

(গ) বৎসরে কত সংখ্যক শিশু ঐ সেন্টারগুলি থেকে উপকৃত হচ্ছে?

**ত্রাণ কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ২০০টি সুসংহত শিশুবিকাশ প্রকল্পের অনুমোদিত অঙ্গনওয়াড়ি সেন্টারের সংখ্যা ২৮,৭০০।

(খ) অনুমোদিত অঙ্গনওয়াড়ি কর্মীর সংখ্যা ২৮,৭০০।

(গ) বছরে প্রায় ১৬ লক্ষ ৯১ হাজার ৮৭৩ শিশু ঐ সেন্টারগুলি থেকে উপকৃত হচ্ছে।

### দক্ষিণ দিনাজপুর জেলায় হিমঘর

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬) শ্রী খারা সরেন ঃ কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) দক্ষিণ দিনাজপুর জেলায় কৃষকদের স্বার্থে হিমঘর তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে,

(১) কোনও স্থান নির্দিষ্ট করা হয়েছে কি না ;

(২) বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(৩) কবে নাগাদ কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না, নেই।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

(৩) প্রশ্ন ওঠে না।

### Proposal to Curb the Power of Police to Seize Trucks etc. on Highways

*70. (Admitted Question No. *340) **Shri Sibdas Mukherjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) whether the State Government has any proposal to curb the powers of police to check and/or to seize documents to trucks of the Highways and other roads in the West Bengal; and

(b) if so,—

(i) the brief outlines of the proposal ;

(ii) the steps taken/proposed by the State Government ; and

(c) the recommendations of the Inter-State Transport Development Council in this regard, if any ?

**Minister-in-charge of the Transport Deptt.**

(a) No.

(b) Does not arise.

(c) The Transport Development Council in its meeting of 22.1.93 recommendationed that goods vehicles coming from outside the States may be checked for documents and load as far as possible at the Border points only. Since we do not have any Border Check Post the question of checking only at Border Check Post does not arise in our State.

The T.D.C. also recommended strick enforcement of legal provisions regarding overloading and enhancement of fines in this regard.

The T.D.C. noted that State Govt. would be free to deal with violations of provisions of the Motor Vehicles Act./Rules.

The State Govt. would also consider the desirability of issuing instructions prohibiting the police from road checking of motor vehicles. The State Govt. does not consider such an action to be desired.

কোনায় ট্রাক টার্মিনাস

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোনায় প্রস্তাবিত কেন্দ্রীয় ট্রাক টার্মিনাস প্রকল্পটি কতদিনে রূপায়িত হবে বলে আশা করা যায়?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কোনায় প্রস্তাবিত কেন্দ্রীয় ট্রাক টার্মিনাস প্রকল্পটির সঙ্গে জড়িত বিভিন্ন বিষয়, প্রকল্পটির জমি অধিগ্রহণ, আর্থিক সংস্থান, পরিচালন পদ্ধতি, প্রকল্পটি চালু হয়ে যাবার পর তার রক্ষণাবেক্ষণ ইত্যাদি পর্যালোচনা করে দেখা হচ্ছে। কতদিনে প্রকল্পটি রূপায়িত হবে তা নিরূপণ করতে আরও সময়ের প্রয়োজন।

[12-00 — 12-10 p.m.]

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of adjournment motion. The first is from Shri Saugata Roy on the subject of alleged

death of a person in police firing at Kotsila in Purulia on 15.3.93 and the second is from Shri Abdul Mannan on the subject of alleged failure of the State Government in reopening the closed industries of the State.

The subject matters of the motions do not warrant adjournment of business of the House. Moreover, the members may invite the attention of the Minister concerned on the subject through questions, Calling Attention, Mentions, etc.

I, therefore, withhold my consent to the motions.

One member may, however read out the text of this motion as amended.

(Noise)

**Shri Saugata Roy :** The Assembly do now adjourn its business to a definite matter of urgent public importance and of recent occurrence, namely the death of a person in police firing in Purulia yesterday during the bandh called by the Jharkhandis. The agitators blocked railway lines and after the Officer-in-Charge, Jhalda was hit by an arrow. Police chased them with lathis and fired alarming to the people at large.

## Calling Attention

**Mr. Speaker :** I have received twelve notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Demand for upgradation of Durgapur Sub-divisonal Hospital | : Shri Tarun Chatterjee |
| 2. | Reported out-break of Gastro-enterities in South 24-Parganas district | : Shri Sobhan Deb Chatto-Padhyay, Shri Dipak Mukherjee, and Smt. Anuradha Putatunda |
| 3. | Reported violation of a section of college teachers of the institution of D.P.I. for singing attendance register | : Shri Santasri Chatterjee |
| 4. | Deplorable condition of Sabong Primary Health Centre of Midnapore district | : Dr. Manas Bhunia |
| 5. | Alleged detection of arsenic in drin- | |

| | | |
|---|---|---|
| | king water at different places of the State | : Shri Abdus Salam Munshi |
| 6. | Alleged disruption of bus services in Moina to Midnapore town route | : Shri Manik Bhowmik |
| 7. | Reported outbreak of Gastro-enteritics at different places of the State | : Shri Nirmal Das |
| 8. | Non-completaion of the work of Shantipur bypass of Nadia district | : Shri Ajoy De |
| 9. | Reported attack on the Youth congress President of Howrah district on 14.3.93. | : Shri Abdul Mannan |
| 10. | Dilapidated condition of different roads in Nadia district | : Shri Biswanath Mitra. Shri Sunil Kumar Ghosh, Shri Nani Malakar and Shri Benoy Krishna Biswas |

I have selected the notice of non-completion of the work of Shantipur Bypass of Nadia district.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The statement will be made on 19th March, 1993.

### Laying of Reports and Accounts

**31st Annual Report and Audited Accounts of the Kalyani Spinning Mills Limited for the year 1990-91**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the 31st Annual Report and Audited Accounts of the Kalyani Spinning Mills Limited for the year 1990-91.

**32nd Annual Report and Audited Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1989-90**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission.

I beg to lay the 32nd Annual Report and Audited Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1989-90.

**3rd Annual Report and Audited Accounts of the Teesta Fruit and Vegetables Processing Limited for the year 1988-89.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission I beg to lay the 3rd Annual Report and Autited Accounts of the Teesta Fruit and Vegetable Processing Limited for the year 1988-89.

## STATEMENT UNDER RULE 346

**Shri Shyamal Chakraborty :**

Mr. Speaker, Sir,

With your kind permission, I rise to make a statement on revision ot taxi fares.

Hon'ble Members will kindly recall that a steep hike in the prices of petroleum products, effected by the Central Government, compelled us to revise the fares of passenger transport vehicles on 26the September, 1992. Taxi fares were at that time increased by 20%. Representative of Taxi Asscoiation, however, have been constanly representing to Government that the fare increase effected in September. 1992, was inadequate considering that the price of disel alone had gone up by more than 50% from a level of Rs. 4.20 per ltr. (in August, 1990, when fare was revised) to Rs. 6.43 (in September, 1992 when the last fare increase was effected). Besides prices of other lubricants, like motor oil, break-oil, gear oil, etc. and of tyres and spares had aslo increased substantilly in the intervining period. Considering all aspects, the Government has decided to allow upward revision in taxi fare. For the first two kilometres or part thereof, there will be no change and the existing fare of Rs. 6/- will continue. For subsequent 200 metres or part thereof, the existing rate of 60 paise will be revised to 70 paise. The new rate of waiting charge per two minutes and 12 seconds will be 70 paise in place of the existing rate of 60 paise. A table covering distances upto 5 kilometres is annexed to illustrate the changes that are proposed to be made in the fare structure.

| K.M. | Existing Fare (Rs.) | Proposed Fare (Rs.) |
|---|---|---|
| Upto 2 K.M. | 6.00 | 6.00 |
| 2.2 | 6.60 | 6.70 |
| 2.4 | 7.20 | 7.40 |

| K.M. | Existing Fare (Rs.) | Proposed Fare (Rs.) |
|---|---|---|
| 2.6 | 7.80 | 8.10 |
| 2.8 | 8.40 | 8.80 |
| 3.0 | 9.00 | 9.50 |
| 3.2 | 9.60 | 10.20 |
| 3.4 | 10.20 | 10.90 |
| 3.6 | 10.80 | 11.60 |
| 3.8 | 11.40 | 12.30 |
| 4.0 | 12.00 | 13.00 |
| 4.2 | 12.60 | 13.70 |
| 4.4 | 13.20 | 14.40 |
| 4.6 | 13.80 | 15.10 |
| 4.8 | 14.40 | 15.80 |
| 5.0 | 15.00 | 16.50 |

## Mention Cases

**Mr. Speaker :** I have with me 46 mentions. Mention will close at exactly 1.00 hour. As many as will be covered will be taken. There will be no second call. Now Shri Santashri Chatterjee.

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সি এম ডি এ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহু চেষ্টার পর হুগলি জেলার কোন্নগর রেল স্টেশনের নিচে একটা আন্ডার পাস স্কীম সি এম ডি এ মঞ্জুর করেন। মাননীয় মুখ্যমন্ত্রী নিদে উদ্যোগ নিয়ে এটা পাস করান। তারপর রেলের কাজ এতদিনে শুরু হয়ে যাওয়ার কথা কিন্তু এতদিন হয়ে গেল সেই আন্ডার পাস এর কাজ কেন এখনও শুরু হল না সেটা বুঝতে পারলাম না। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে একটু দৃষ্টি দেওয়ার জন্য, রেলের সঙ্গে যদি কোনও মতপার্থক্য হয়ে তাকে তাহলে সেটার ব্যাপারে কথা বলা উচিৎ। জনসাধারণের প্রচন্ড অসুবিধা হচ্ছে এবং তারা অশেষ দুর্গতির মধ্যে পড়েছে, গাড়ি চলাচলেরও অসুবিধা হচ্ছে তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে আমার অনুরোধ সি এম ডি এ মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে একটু নজর দেওয়ার জন্য বা ব্যাপারটি নিয়ে দেখার জন্য বলুন।

**শ্রী নরেন হাঁসদা ঃ** (ওয়াজ নট প্রেজেন্ট)

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল কৃষ্ণনগর ফ্লাওয়ার মিল বিগত ১৯৯৫ সাল থেকে বন্ধ হয়ে আছে এর মালিক ছিলেন হরিপ্রসাদ কানোরিয়া, বর্তমান মালিক ডব্লিউ বি এফ সি আর এর মূল দায়িত্বে আছেন অর্থ দপ্তর। স্যার, ১৯৯১ সালের ২৪শে জুন ডবলিউ বি এফ সি কাগজে বিজ্ঞাপন দেয় এই মিল বিক্রি করার জন্য। কিছু আবেদন পত্র জমা হল কিন্তু কোন অদৃশ্য কারণে সেটা তোলা হল না, ঐ মালিকও চালায় না, ফলে শ্রমিক কর্মচারিদের অশেষ দুর্গতির মধ্যে পড়তে হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এর একটা মীমাংসা হয়।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে এখনও গণতান্ত্রিক কাঠামো বজায় আছে। যে কোনও নাগরিকেরই, যে কোনও রাজনৈতিক দল করার অধিকার আছে। কিন্তু আমরা দেখেছি চুঁচুড়া ব্যান্ডেল-বাঘখাল এই বাস রুটে ২৩৪ জন কর্মচারী আছে তার মধ্যে ২০০ জন সিটু করতে অস্বীকার করেন। তারা আই এন টি ইউ সি-র সমর্থক, সেই জন্য সেই বাস কর্মচারিদের মারধর করা হয়েছে এবং জোর করে তাদের সিটু পতাকা ধরতে বাধ্য করা হচ্ছে। পরিবহনের জন্য সেখানে যে বে-সরকারি বাসগুলো চলে সেগুলোতে সিটুর পতাকা টাঙ্গাতে বাধ্য করা হচ্ছে। এই ব্যাপারে প্রশাসনের পক্ষ থেকে একবার বসা হয়েছিল এবং তখন বলা হয়েছিল যে রাজনৈতিক দলেরই তিনি সমর্থক হোন না কেন কোন দলের পতাকা বইতে তাকে বাধ্য করা হবে না। কিন্তু আজ পর্যন্ত সেই নির্দেশ কার্যকর করা হয়নি। খাদ্যমন্ত্রী নরেন দের ওটা কন্সটিটুয়েন্সি, তার দলেরও চার, পাঁচ জন সমর্থক সেখানে আছেন, কিন্তু তিনিও এই ব্যাপারে কিছু করতে পারছেন না। তাদেরও জোর করে সি পি এমের পতাকা বইতে বাধ্য করা হচ্ছে। সে যে রাজনৈতিক দলের লোক হোক না কেন জোর করে যেন কাউকে পতাকা বইতে বাধ্য করা না হয়।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে চন্দননগরের রূপলাল নন্দী মেমোরিয়াল ক্যানসার রিসার্চ সেন্টারটির অবহেলার জন্য যে চরম দূরবস্থার সৃষ্টি হয়েছে তার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ক্যানসার রিসার্চ সেন্টারটিতে ৩০টি শয্যা আছে। এটি সি এন সি আই (চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যানসার ইন্সটিটিউট-এর একটি শাখা) ১৯৭৮ সালে তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী মাননীয় ননী ভট্টাচার্য ও হুগলি জেলার অপর তিন মন্ত্রীর উপস্থিতিতে সি এন সি আই-এর ডিরেক্টর ডাঃ জয়শ্রী রায়চৌধুরি এই হাসপাতালে এপিডোমিওলজি বিভাগ উদ্বোধন করেন। ক্যানসার রোগ সম্পর্কে জনগণকে অবহিত করা, শিক্ষিত করা, প্রাথমিক স্তরে এই রোগটা চিহ্নিত করাই এর উদ্দেশ্য। এর ক্লিনিকাল কেমোথেরাপি এই হাসপাতালে শুরু হয়। ৩০টি বেডে প্রায়ই রোগীতে ভর্তি থাকত। কিন্তু আজ হাসপাতাল উঠে যাওয়ার অবস্থায়। এই সেন্টারটির মেডিক্যাল সুপারিনটেনডেন্ট প্রায় সাত বছর ধরে নেই। এখানে মোট আটটি পদ শূন্য আছে। জেনারেল

মেডিসিন, অ্যান্টি ক্যানসার ড্রাগস সাপ্লাই করা হয় না, সাজসরঞ্জাম পাঠানো বন্ধ হয়ে আছে। রাত্রে কোনও ডাক্তার থাকে না। অফিস কোয়ার্টারে দুর্নীতির আড্ডা চলে। এক শ্রেণীর কর্মচারী মদ ও সাট্টার ব্যবসা খুলেছেন, এই বিষয়ে আমার কাছে অভিযোগ এসেছে। এই সেন্টারের ইনচার্জ যে ডাক্তারবাবু আছেন, তিনি এই ব্যাপারে উদাসীন, অযোগ্য। বর্তমানে রোগী ভর্তি হয় না। যাদের অন্তিম অবস্থা তাদের আত্মীয়-স্বজন এখানে ভর্তি করে দিয়ে যান। বর্তমানে সকলে এটিকে ডেথ সার্টিফিকেট ইস্যুয়িং সেন্টার হিসাবে মনে করে। এই সি এন সি আইকে সমগ্র নর্থ ইস্টার্ন রিজিয়নের হেডকোয়ার্টার করতে চাইছে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার। তখন এর শাখা একটি হাসপাতালে চরম অবহেলা দেখা দিয়েছে এবং এর জন্য ওঠে যেতে বসেছে। যখন রাজ্য সরকার জেলায় একটি করে ক্যানসার ডিটেকশন সেন্টার করবার কথা ভাবছেন, তখন চন্দননগরের মতো জায়গায়, তিন বিঘার মতো জায়গায় বিরাট অট্টলিকা, বাগান খোলা জায়গা নিয়ে এই হাসপাতালটি উঠে যেতে বসেছে। এই হাসপাতাল যাতে সুষ্ঠুভাবে চলে সে বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই স্যার, আজকে মার্চ মাসের ১৬ তারিখ, এখনও পর্যন্ত নদীয়া জেলার মাধ্যমিক শিক্ষকরা বেতন পাননি। মেদিনীপুরেরও সেই অবস্থা। স্যার আমরা জানি যে সরকারি কর্মচারী এবং পুলিশরা যদি মাসের শেষের দিনটা শনিবার, রবিবার পড়ে যায় তাহলে তারা ২৮/২৯ তারিখেই তাদের বেতন পেয়ে যান অথচ বিভিন্ন জেলাতে বিশেষ করে নদীয়া এবং মেদিনীপুরের মাধ্যমিক শিক্ষক এবং অন্যান্য শিক্ষকদের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে আজ মার্চ মাসের ১৬ তারিখ হয়ে গেলেও তারা তাদের বেতন পাচ্ছেন না। স্যার, আপনি জানেন যে সরকার মাস পয়লা শিক্ষকদের বেতন দেওয়ার কথা ঘোষণা করেছেন অথচ আজ ১৬ তারিখ হয়ে গেলেও তারা বেতন পাচ্ছেন না আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে মার্চ মাসে বাজেট পেশ করা হয় এবং পাস করা হয়। ফলে স্কুলের মাধ্যমিক শিক্ষকরা মার্চের বেতন এপ্রিল মাসের শেষের দিকে গিয়ে পান। মার্চের বেতন এপ্রিলের প্রথমেই যাতে তারা পেতে পারেন সে ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী রাইচরণ মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত সংবেদনশীল বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন, কর্মরত অবস্থায় কোনও সরকারি কর্মচারী মারা গেল বা স্কুলের শিক্ষক মারা গেলে তার স্ত্রী অথবা তার ছেলের চাকরি পাওয়ার কথা। কিন্তু এ ক্ষেত্রে আইন আছে যে দু বছরের মধ্যে যদি ডিমান্ড প্লেস করা না হয় তাহলে সেই মৃত কর্মচারির স্ত্রী অথবা পুত্র চাকরি পায়না। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক কারণ যে কর্মচারীটি মারা গেলে সেই সময় অর্থাৎ কর্মচারীটির মৃত্যুর সময় তার ছেলের বয়স হয়ত ১০/১২ বছর অথবা ছোট পুত্র রেখে এবং আগেই স্ত্রী বিয়োগ হয়ে তিনি মারা গেলেন। এখন তার ছেলেটি যখন ১৮ বছর বয়সের হবে এখন যা আইন তাতে সে আর চাকরির ডিমান্ড করতে পারবে না। ফলে অসহায় হয়ে বেকারত্বের

জ্বালা নিয়ে তাকে ঘুরে বেড়াতে হবে। তাই প্রস্তাব, এই দুবছর সময় সীমাকে আরও বাড়ানো হোক।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মানতাং স্পিকার গোংকে জোহার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনীকেন্দ্র বীনপুর এক ও দু নং-এর একটি জরুরি সমস্যা সমাধানের জন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীনপুর এক এবং দু নং এলাকা সেচ-সেবিত এলাকা হিসাবে ঘোষিত হবার পর থেকে অন্যান্য বছরের মতোন এ বছরও সেখানকার চাষীরা বাড়ির গহনা বন্ধক দিয়ে অথবা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে বোরো চাষ করেছেন। কিন্তু পরে দেখা যাচ্ছে পরবর্তীকালে কংসাবতী সেচ এলাকা থেকে এ অঞ্চলে সেচের ব্যবস্থা হচ্ছে না ফলে চাষীদের বাড়িতে কান্নাকাটি পড়ে গিয়েছে। আজ হাজার হাজার একর জমির বোরো চাষ নষ্ট হবার মুখে। আপনার মাধ্যমে তাই স্যার, মাননীয় সেচমন্ত্রীর কাছে দাবি রাখছি যে বীনপুর এক ও দু নং ব্লকে ব্যাপক থেকে ব্যাপকভাবে সেচের জল দিয়ে হাজার হাজার একর জমির বোরো ধান যাতে রক্ষা করা যায় এবং চাষীদের দুর্ভোগের হাত থেকে রক্ষা করা যায় তারজন্য অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পাঠাগার দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বামফ্রন্ট সরকার পাঠাগারের ব্যাপারে উদ্যোগ নেওয়ার ফলে সব জায়গাতে যাতে লোকে সেল্ফ স্টাডি করতে পারেন সেই ব্যবস্থা করেছেন এবং বাংলার ছাত্র সমাজ ও সাধারণ মানুষ এ ব্যাপারে এগিয়েও এসেছেন। বর্তমানে শনিবার এবং রবিবার ছুটি থাকার জন্য ছাত্র এবং অন্যান্য মানুষ যারা অবসর সময় পড়াশুনা করতে চান তারা সে সুযোগ পাচ্ছেন না।

সেইজন্য মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে আমার এই অনুরোধ যে অবিলম্বে পাঠাগারগুলিকে শনিবার এবং রবিবার পুনরায় চালু করার ব্যবস্থা করা হোক।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি যে ঘটনার কথা আজকে উল্লেখ করব, এই ব্যাপারে আমাদের প্রত্যেককে সচেতন হতে হবে। এটা এমন একটা সাবজেক্ট যেটা আমাদের প্রত্যেক পার্টিতেই ঘটে থাকে। কিছু দিন আগে লেফ্ট ফ্রন্টের একজন নেতাও এই ব্যাপারে বলেছেন যে তাদের একজন দায়িত্বশীল কর্মী দুর্বৃত্তদের আঘাতে প্রাণ হারিয়েছেন। গত দুদিন আগে আমাদের কংগ্রেসের একজন অত্যন্ত দায়িত্বশীল কর্মী, জেলার যুব কংগ্রেসের সভাপতি, তিনি যখন রাস্তা দিয়ে যাচ্ছিলেন, তখন তাকে একদল সশস্ত্র দুর্বৃত্ত যারা হাওড়ার ব্রান্ডেড ক্রিমিন্যাল্‌স তাকে মারাত্মকভাবে আঘাত করে। যার ফলে তিনি এখন অত্যন্ত প্রিকরিয়াস কন্ডিশন এস এস কে এম হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এই ব্যাপারে পি সি সি সভাপতি মাননীয় সোমেন মিত্র, বিধায়ক সুব্রত মুখার্জি এবং দলের অন্যান্য প্রত্যেকটি উচ্চ স্তরের নেতৃবৃন্দ এই ঘটনাকে কন্ডেম করেছেন এবং বলেছেন, যারা এটা করেছে, তাদের সঙ্গে আমাদের দলের কোনও সম্পর্ক নেই। যারা এটা করেছে, তার দুষ্কৃতকারী এবং এই সব দুষ্কৃতকারী যে দলেরই হোক, তাদের যে কোনওভাবে শাস্তির ব্যবস্থা করতে হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে আমার বিনীত নিবেদন—এই

ব্যাপারে আমি গতকাল তথ্যমন্ত্রী বুদ্ধদেববাবু এবং মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মাননীয় জ্যোতি বসুর দৃষ্টি আকর্ষণ করেছি—আমি বলতে চাই যারা এই কাজ করেছে, তারা যে পার্টিরই হোক না কেন তাদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং মাননীয় বুদ্ধদেববাবু এখানে উপস্থিত আছে, তিনি বলুন তিনি এই ব্যাপারে ব্যবস্থা নেবেন। যদি হাওড়া পুলিশ এই ব্যাপারে হস্তক্ষেপ না করে এবং আশু ব্যবস্থা না হয় তাহলে আমি এই বিধানসভায় দাঁড়িয়ে ঘোষণা করছি, আমরা হাওড়া জেলার প্রশাসনকে অচল করে দেব। মাননীয় বুদ্ধদেববাবু আপনি এখানে আছেন, আমি এই সম্পর্কে কিছু বলুন যারা দোষী তাদের শাস্তি বিধান হবে কি না।

**শ্রী পদ্মনিধি ধর :** স্যার, অম্বিকাবাবু যে অনুরোধ করলেন, সেই অনুরোধ আমিও করছি। স্যার, গত ২২শে ফেব্রুয়ারি 'মহাকরণ অভিযান'-এর নাম করে সুব্রতবাবু ওপর যে হামলা হাওড়ার কংগ্রেসি গুন্ডা বাহিনী করেছিল তার বদলা হিসাবে হাওড়ার যুব কংগ্রেসের সভাপতিকে ছুরি মারা হয়েছে, ভোজালি মারা হয়েছে। এ ঘটনা ঘটনার পর আমরা দেখলাম হাওড়ার সাউথ ইস্টার্ন রেলকে ঘন্টা ধরে অচল করে রাখা হয়েছিল এবং বেশ কয়েকটি অঞ্চলে রাস্তায় বাস বন্ধ করে দেওয়া হয়েছিল। অম্বিকাবাবুর মতো আমিও সরকারের কাছে অনুরোধ করছি অবিলম্বে এবিষয়ে তদন্ত করা হোক এবং দোষীদের শাস্তি বিধানের ব্যবস্থা করা হোক। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে বাধ্য হচ্ছি যে, গোটা রাজ্যের বিভিন্ন জায়গায় ওঁরা নিজেদের মধ্যে এই জিনিস ঘটনাচ্ছেন, যার দায় ভার এসে সরকারের ওপর ন্যস্ত হচ্ছে এবং ওঁরাই আবার রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে এখানে চিৎকার করছেন! ওঁরা এ জাতীয় ঘটনা ঘটিয়ে জনজীবন যাতে বিপর্যস্ত করে তুলতে না পারেন তাঁর জন্য আমি সরকারকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী প্রবীণ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি গাইঘাটা থানার মোড়ে অবিলম্বে একটা সরকারি হাসপাতাল স্থাপন করা হোক। এ এলাকার মানুষদের এখন পর্যন্ত চিকিৎসা সংক্রান্ত অসুবিধার সম্মুখীন হতে হলে হয় কলকাতায় আসতে হয়, না হয় বনগাঁয় যেতে হয়। স্যার, সব চেয়ে মজার ব্যাপার হচ্ছে, রাজ্য সরকারের তিন মন্ত্রী রাম নারায়ণ গোস্বামী, প্রশান্ত শূর এবং কান্তি বিশ্বাস—তিনবার ভিত্তি প্রস্তর স্থাপন করে ঘোষণা করেছেন ওখানে হাসপাতাল প্রতিষ্ঠিত হবে। অথচ ওখানে এখন পর্যন্ত কোনও কাজ হয়নি। ৮৭ সালে প্রশান্ত শূর এবং শেষবার ৯১ সালে কান্তি বিশ্বাস ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন, ওখানে কংগ্রেসের অঞ্চল প্রধান সাড়ে চার বিঘা জমি কিনে দিয়েছেন, জমি এবং অন্যান্য প্রভিসন থাকা সত্ত্বেও সমস্ত বিষয়টা আজকে ফার্স হয়ে দাঁড়িয়েছে। ওখানে এখন পর্যন্ত কোনও কাজ শুরু হয়নি। এই অবস্থায় আমি দাবি করছি অবিলম্বে হাসপাতাল স্থাপন করা হোক।

**শ্রী শিবপ্রসাদ দোলুই :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—বর্ধমান থেকে আরামবাগ পর্যন্ত যে রাস্তাটি আছে সেটি সহ দক্ষিণবঙ্গের বেশিরভাগ রাস্তাই আজকে অবস্থা খুবই খারাপ হয়ে পড়েছে। সমস্ত রাস্তার পিচ চটে গেছে, মাঝে মাঝেই গর্তের সৃষ্টি হয়েছে এবং প্রায়ই দুর্ঘটনা ঘটছে। এরপরে যে কোনও মুহূর্তে বড় রকমের দুর্ঘটনা ঘটতে পারে। তাই বাস মালিকরা হুমকি দিচ্ছে,—রাস্তা মেরামত

না করা হলে তারা বাস বন্ধ করে দেবে। আমার বক্তব্য বর্ষার আগেই রাস্তাগুলো মেরামত করার ব্যবস্থা করা হোক এবং সে উদ্দেশ্যেই আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের প্রতি আপনার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, বাবরি মসজিদ ভেঙে পড়ে যাবার পরে দিল্লিতে বি জে পি যে র‍্যালি করতে চেয়েছিল, প্রধানমন্ত্রী নরসিমা রাও তা বন্ধ করে দিয়েছিলেন। কারণ সরকারকে বিদেশি অ্যাম্বাসীগুলো বলেছিল,—বিজেপি র‍্যালি করলে, তার থেকে অনেক ঘটনা ঘটতে পারে। দায়িত্ব-জ্ঞানহীন কাজকর্ম অযোধ্যায় হয়েছে। কিন্তু স্যার, একটা প্রশ্ন সারা ভারতের মানুষের কাছে রাখতে চাই, এই বি জে পি পার্টি, কি যে কোনও রাজনৈতিক দলই হোক তাদের বিরুদ্ধে আপনারা ব্ল্যাঙ্কেট ব্যান অন মিটিংস করতে পারেন কিনা? আজকে প্রশ্ন মাননীয় মন্ত্রী বিনয়বাবুর কাছে—সেই পার্টির প্রতিনিধি বা যে কোনও পার্টির প্রতিনিধি যখন প্রশ্ন করেছেন, তিনি উত্তর দিয়েছেন—কোড অফ কনডাক্ট যদি মানা হয় তাহলে সেই পার্টি নির্বাচনে দাঁড়াতে পারে, মিটিং করতে পারে। কিন্তু আর একজন মন্ত্রী—মাননীয় মুখ্যমন্ত্রী তিনি ঘর থেকে বেরিয়ে বলেছেন র‍্যালি করতে দেব না। গণতান্ত্রিক দেশে এটা কখনও বরদাস্ত করা যেতে পারে না। আমি পরিষ্কারভাবে বলছি, নকশালবাদী, কি বি জে পি, কি যে কোনও রাজনৈতিক দলকে র‍্যালি করতে দিতে হবে। (গন্ডগোল) আমাকে দাবিয়ে রাখা যাবে না। অমি বলছি, কোড অফ কনডাক্ট দিয়ে র‍্যালি করতে দিতে হবে। তা না হলে ব্ল্যাঙ্কেড ব্যান করতে দেওয়া যাবে না। আমি গণতন্ত্রের স্বার্থেই বলছি। গণতান্ত্রিক দেশে যেখানে আপনি একটা রাজনৈতিক দলকে ব্যান না করে তাকে আটকাতে পারেন না। কোড অফ কনডাক্ট দিয়ে তাকে র‍্যালি করতে দিন। এই বি জে পিকে বাড়িয়েছেন আপনারাই, একের পর এক পদক্ষেপ নিয়েছেন। গণতন্ত্রের স্বার্থেই এই কথাটা বললাম। মুখ্যমন্ত্রী বলেছেন, এইসব চলবে না, বরদাস্ত করা হবে না এই রাজ্যে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনার কাছে আমার একটিই প্রশ্ন, ওনার প্রশ্নের উত্তর দেওয়ার কিছু নেই। আমি ধীর, স্থিরভাবে এবং নিশ্চিতভাবে বলছি, বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে আমরা বি জে পিকে র‍্যালি করতে দেব না। আপনার কাছে শুধু একটিই প্রশ্ন রাখছি, আমি যতদূর জানতাম, এই হাউস-এ বি জে পির কোনও সদস্য নেই। মাননীয় সদস্য কি দল ত্যাগ করেছেন?

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের এই রাজ্যে মুসলিম সমাজ রমজান মাস পালন করছেন। মহেশতলা এবং বজবজ এলাকায় গত ৩ সপ্তাহ ধরে রেশনে চিনি ছিল না। তবে চিনি এসেছে শুনেছি। বরাবরই রাজ্য সরকার এই মাসগুলিতে চিনির বাড়তি বরাদ্দের ব্যবস্থা করেন। কিন্তু কেন্দ্রীয় সরকার খোলাবাজারে যে চিনির ব্যবস্থা করেছেন এবং রেশনে চিনির দাম বাড়িয়ে তাতে এই কষ্টের দিনেও, এই উৎসবের দিনে তাদের মুখে যাতে হাসি ফুটে ওঠে তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, শেষের সপ্তাহগুলিতে যাতে চিনির বরাদ্দ বাড়ানো যায় এবং সরবরাহ সুনিশ্চিত রাখা যায় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই মন্ত্রী সভা এবং বিশেষ করে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটি গুরুতর অর্থনৈতিক অপরাধ ঘটে গেছে আমার জেলার কাঁথি মহকুমার ট্রেজারিতে। স্যার, আপনার স্মরণ আছে আমি কতকগুলি চুরির বিষয়ে আলিপুর নজরথ সংক্রান্ত বিষয়ে অভিযোগ করেছিলাম, তারপর কি হয়েছিল আপনার জানা আছে। আজ এই হাউসে আমি তথ্য দিয়ে আপনার সামনে উপস্থিত করছি যে, কাঁথি মহকুমা ট্রেজারিতে একটি সরকারি চেক এ/১৪, ৭৯৬৮৩ ডেটেড ৩১-৩-৯২ তারিখে ৫০৪ টাকার চেককে অলটার করে ১২,০০৪ করা হয়েছে। এমনি করে প্রায় ৮/৯টি চেক আছে, আর একটি অ্যাকচুয়ালি ১৩ হাজার টাকার চেককে প্রায় ৭০ লক্ষ করে ফরজারি করে টাকা তোলা হয়েছে with permission and signature of the Assistant Treasury officer সেখানে একটি ৩১ বছর ধরে কর্মে নিযুক্ত সরকারি কর্মচারী আছে যিনি ২৮ বছর সাসপেন্ড হয়েছিলেন তিনি ৩১ তারিখে কাজে যোগদান করার সঙ্গে সঙ্গেই তাকে দিয়ে ১৩ হাজার টাকার চেককে ৭০ লক্ষ টাকা করা হয়। এইভাবে সরকারি উন্নয়নের অর্থ ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা—একটা ছোট মহকুমা ট্রেজারিতে যদি এই রকম হয় একটা হেডে এই অর্থ তছরূপ হয় তাহলে সারা পশ্চিমবঙ্গে কতগুলি টাকা এই রকম জালিয়াতি হচ্ছে এই সরকারের রাজত্বে তা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি। সেখানকার অফিসার জয়েন্ট সেক্রেটারি ফিনান্সের কাছে একটি নোট পাঠিয়েছেন।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন আগামী পয়লা এপ্রিল থেকে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছেন। এতে করে প্রায় ১১০০ লোকের চাকরি যাচ্ছে। শুধু তাই নয়, ভারতবর্ষের ক্ষেত্রেও একটা প্রভূত ক্ষতি হতে চলেছে। এই ফার্টিলাইজার অ্যান্ড এগ্রিকালচার রিসার্চ ডিভিসনের গত ১৭ বছর ধরে কৃষির বিভিন্ন ধরনের উন্নতির বিষয়ে গবেষণা করছে এবং ভারতবর্ষের হাজার হাজার চাষীর কাজে লেগেছে সেই গবেষণা এবং তাদের সাহায্যও হয়েছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কমিটি এবং ডিভিসন-এর প্রশংসা করছেন। কিন্তু এখন আই এম এফের স্বার্থে এই কৃষি গবেষণা বন্ধ করে দেওয়া হচ্ছে। আন্তর্জাতিক বাজারে কৃষির ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্র মার খাচ্ছে তাই ভারতবর্ষের চাষের উন্নত প্রযুক্তির ব্যাপারে এবং ভারতবর্ষের কৃষির উন্নতি যাতে না হতে পারে তার জন্য চেষ্টা করছে আর এই কংগ্রেস মার্কিন যুক্তরাষ্ট্রকে খুশি করার জন্য একে বন্ধ করে দিচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে প্রায় ১৭ বছর আগে বারুইপুরে জলসরবরাহের জন্য ওভারহেড ট্যাঙ্ক তৈরি করা হয়েছিল। তখন কংগ্রেসের পৌর সংস্থা ছিল। চেয়ারম্যান শ্রী ললিতমোহন রায়চৌধুরি ওটা করেছিলেন এবং রাস্তার উপর দু-একটা কলও করেছিলেন। এখন সি এম ডি এ হয়েছে, বামফ্রন্ট পরিচালিত পৌর সংস্থা, সেই ওভার হেড ট্যাঙ্ক করতে পারেননি, রাস্তার কলগুলিতে ভাল জল্ল পড়ছে না। বারুইপুরে জলসঙ্কট বাড়ছে। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি, ব্যাপারটি অবিলম্বে হস্তক্ষেপ করে যেন বারুইপুরের জল সঙ্কট দূর করেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভাকেন্দ্র নন্দীগ্রাম ৩নং ব্লকে ব্যাপক হারে কলেরা দেখা দিয়েছে। সেখানকার ৯টি গ্রামে কোনও টিউবওয়েল কাজ করছে না এবং তারফলে গ্রামবাসীদের আজকে পুকুরের জল খেতে হচ্ছে। হাঁসচড়া, ফুলবাড়ি, বড়াম, আবাসবাড়ি, ধঞ্চাবাড়ি, শিমূলবাড়ি, মাজনাবেড়িয়া, আটাত্তর, রামপুর, কুল্লাপাড়া, বাটনান, গড়বেড়িয়া দলবাড়, পায়রাচালি, ট্যাংরাখালি, বোরেজ ইত্যাদি গ্রামগুলিতে কলেরার প্রকল্প অত্যন্ত বেড়েছে। এড়েয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১০টি বেড। এই অবস্থায় রোগীদের সেখানে শেডের নিচে রাখা হয়েছে। সেখানে স্যালাইনও ঠিকমতো পাওয়া যাচ্ছে না। ফলে যে রোগীর ১০-১২ বোতল স্যালাইন দরকার তাকে ২-৩ বোতল দেওয়া হচ্ছে। সেখানে ব্লিচিং এবং হ্যালোজেন ট্যাবলেট পর্যন্ত নেই। ফলে যে কোনও মুহূর্তে সেখানে মৃত্যু হার বেড়ে যেতে পারে। যাতে অবিলম্বে তমলুক মহকুমা হসপিটালের সেটার থাকা স্যালাইন, হ্যালোজেন ট্যাবলেট এবং ব্লিটিং পাউডার বিপন্ন মানুষের সাহায্যার্থে পাঠানো হয় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জাতীয় আন্দোলনের সংগ্রামের ইতিহাসের স্মৃতিচারণ করবার জন্য একটি কথা বলছি। রাজ্য সরকার পশ্চিমবঙ্গের নাম পরিবর্তন করে বঙ্গ করতে যাচ্ছেন এবং সঙ্গে সঙ্গে জাতীয় সংস্কৃতি এবং ঐতিহ্যকে তুলে ধরবার চেষ্টা করছেন। আমার বক্তব্য হচ্ছে, আমাদের রাজ্যের তমলুক মহকুমার ৪২-এর আন্দোলনে একটি ইতিহাস আছে, একটি সংগ্রামের ইতিহাস আছে। এই সংগ্রামের ইতিহাসকে জাতীয় ইতিহাস স্থান দিতে হবে। কিন্তু এ-পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার জাতীয় আন্দোলনের ইতিহাস এবং ৪২-এর ভারতছাড় আন্দোলনের বিভিন্ন ইতিহাস যা স্বর্ণাক্ষরে লিখিত সেই ইতিহাসকে তুলে ধরবার কোনও চেষ্টা করেছেন বলে জানি না। আমার পয়েন্ট হচ্ছে, রক্তক্ষয়ী বিপ্লব না করলেও ইচ্ছা থাকলে সেই চেষ্টা করা যায়। এই ব্যাপারে অনেক আবেদন-নিবেদন করেছি। আজকে একটা ছোট নিবেদন রাখছি পঞ্চায়েত মন্ত্রীর কাছে। তমলুকের জাতীয় সরকারের সতীশচন্দ্র সামন্ত এবং মহিশাদলের গোপালপুর গ্রামের মাতঙ্গিনী হাজরার সংগ্রামের ইতিহাস আপনি জানেন। সতীশচন্দ্র সামন্ত জন্ম গ্রহণ করেছিলেন কাঁকড়দা গ্রামে। আমার নিবেদন, আজকে কাঁকড়দা গ্রাম পঞ্চায়েতের নাম পাল্টে সতীশচন্দ্র সামন্তের নামে এবং গোপালপুর গ্রাম পঞ্চায়েতের নাম পাল্টে মাতঙ্গিনী হাজরার নামে নামকরণ করা হোক, কারণ বঙ্কিমচন্দ্র, বিদ্যাসাগর প্রমুখ মনীষীদের নামে নামকরণের নজির রয়েছে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন বৃষ্টি না হবার ফলে খরা আরম্ভ হবার সঙ্গে সঙ্গে গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। জলস্তর নিচে নেমে যাবার ফলে টিউবওয়েল জল উঠছে না। তাই পানীয় জল হিসাবে পুকুর ও খালবিলের জল ব্যবহার করায় সেখানে আন্ত্রিক রোগ দেখা দিচ্ছে। শ্যালো ও ডিপ টিউবওয়েলের মাধ্যমে ভূগর্ভস্থ জল তোলার ফলেই আজকে জলস্তর নিচে নেমে গেছে। প্রকৃত খরা আরম্ভ হলে আরও তীব্র জলকষ্ট দেখা দেবে। তাই পানীয় জলের ব্যবস্থা করার জন্য জনস্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অনিল মোদি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের তমলুক দুই নম্বর ব্লকের নারায়ণ দাড়, আসতারা, ঢলহরা ইত্যাদি গ্রামে ভীষণ কলেরার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। প্রায় শতাধিক রুগীর তমলুক দুই নম্বর ব্লকের হাসপাতালে এখনও চিকিৎসিত হচ্ছে। কিন্তু তাদের কোনও রকম স্যালাইন বা অন্যান্য ঔষধ দেওয়া হয়নি। পানীয় জলের ভীষণ অভাব দেখা দিয়েছে। তাছাড়া ব্লিচিং পাউডার এবং আরও অন্যান্য জিনিস যেগুলি প্রয়োজন সেগুলি পর্যাপ্ত পরিমাণে পাওয়া যাচ্ছে না। এক একটা রুগী প্রতি ৫০/৬০টা স্যালাইন লাগে, এগুলি সমস্ত রুগীদের দিতে হচ্ছে, হাসপাতালে স্যালাইন নেই। আমি এই বিষয়ে আশু ব্যবস্থা নেবার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মন্তেশ্বর বিধানসভা কেন্দ্রে পরশুরী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘ ৬ বছর ধরে কোনও ডাক্তার নেই। সি এম ও এইচ-এর সঙ্গে বারে বারে যোগাযোগ করা হলে তিনি প্রতিশ্রুতি দেন যে ব্যবস্থা নেওয়া হচ্ছে কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হয় না। এইভাবে তিনি বছরের পর বছর কাটাচ্ছেন। এর ফলে মানুষের মনে অসন্তোষ ক্রমশ বাড়ছে। বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। কাজেই অবিলম্বে যাতে এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নিয়োগ করা হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ঘটনাটি অত্যন্ত চাঞ্চল্যকর। গত কয়েকদিন আগে কাগজে প্রকাশিত হয়েছে এই খবর। বর্তমানে পশ্চিমবঙ্গে মাধ্যমিক পরীক্ষা চলছে। সেই মাধ্যমিক পরীক্ষাকে কেন্দ্র করে এই খবর বেরিয়েছে যে গত বছর মাধ্যমিক পরীক্ষাতে ছাত্রছাত্রীদের যে সংখ্যা ছিল তার থেকে ৪০ হাজার কম ছাত্রছাত্রী এবারে পরীক্ষা দিয়েছে। বামফ্রন্ট সরকার বলেছেন যে শিক্ষা খাতে তারা অনেক টাকা বাড়িয়েছেন। সেই টাকায় নতুন বিদ্যালয় খুব কম হয়েছে। সেই টাকার অধিকাংশ চলে গেছে বিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিদের মাইনা দিতে। স্কুলের অভাবে ছাত্রছাত্রীরা পড়ার সুযোগ পাচ্ছে না। তার প্রতিফলন হচ্ছে মাধ্যমিক পরীক্ষায় ছাত্রছাত্রীর সংখ্যা এত কম। আমি এই বিষয়টি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের ইন্দাস, খোসবাগে পি ডবলিউ ডি-র রাস্তার উপর দিয়ে দেওখাল বয়ে গেছে। বর্ষাকালে ঐ রাস্তা দিয়ে বাস, ট্যাক্সি যাতায়াত করতে পারে না, সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। ফলে স্কুলের ছাত্রছাত্রীরাও স্কুলে যাতায়াত করতে পারে না। তাছাড়া কোনও রুগীকে যদি হাসপাতালে নিয়ে যাওয়ার দরকার হয় তাকে নিয়ে যাওয়া যায় না। কাজেই এই দেওখালের উপরে একটা সেতু তৈরি করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা উল্লেখ করতে চাই, আজকে যে দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করা হয়েছে যে বি জে পিকে ১১ই এপ্রিল কলকাতায় সমাবেশ করতে দেওয়া হবে না, এটা আমি সমর্থন করছি। কারণ সমগ্র ভারতবর্ষে সাম্প্রদায়িক শক্তি যেভাবে প্রভাব বিস্তার করে চলেছে, ভারতবর্ষের বি জে পি দলের যে ভূমিকা তার প্রতি দ্ব্যর্থহীন কণ্ঠে আমি প্রতিবাদ করতে চাই। কিন্তু বি জে পি দল একটা কথা বারবার বোঝাতে চেষ্টা করেছে যে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাদের কথা হয়েছিল, মুখ্যমন্ত্রী দিল্লি থেকে ফিরে এলে আবার তার সঙ্গে তারা বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে বি জে পির মাথুর সাংবাদিক সম্মেলন করে একটা উগ্র বিবৃতি দিয়েছেন। আমি বুদ্ধদেববাবুর কাছ থেকে শুনতে চাই যে মুখ্যমন্ত্রী দিল্লি থেকে ফিরে এলে বি জে পি নেতারা তার সঙ্গে দেখা করে পুনরায় ঐ আবেদন জানাবেন কিনা?

[12-50 — 1-00 p.m.]

মাননীয় মুখ্যমন্ত্রী এবং বুদ্ধদেববাবুর মতের মধ্যে কোনওরকম দ্বিমত সিদ্ধান্ত না হয়ে সরকার যাতে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেন যাতে ১৪ই এপ্রিল তারিখে বি জে পি সমাবেশ না করতে পারেন। তাঁরা যেন এই ব্যাপারে অবিচল থেকে পশ্চিমবাংলার মানুষকে আশ্বস্ত করেন। মাননীয় মুখ্যমন্ত্রী এবং বুদ্ধদেববাবুর মধ্যে এই ব্যাপারে দ্বিমত হলে সেটা মানুষের কাছে আশঙ্কার কারণ হবে। আর একটু বলি নেতাজি ইনডোর স্টেডিয়ামের বি জে পি সমাবেশ করার জন্য সরকারের কাছ থেকে অনুমতি চেয়েছে। নেতাজি ইনডোর স্টেডিয়ামে বি জে সমাবেশ করলে পশ্চিমবাংলায় ব্যাপক উত্তেজনা সৃষ্টির আশঙ্কা রয়েছে। আমার দাবি আগামী দিনে নেতাজি ইনডোর স্টেডিয়ামে বি জে পিকে সমাবেশ করতে দেওয়া অনুমতি থেকে সরকার বিরত থাকুন।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিল্প এবং বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়া জেলায় একটি গুরুত্বপূর্ণ শিল্পের কথা বলতে চাই। পুরুলিয়া জেলার মধুকুন্ডায় একটা সিমেন্ট ফ্যাক্টরি আছে। এখানে যে সিমেন্ট তৈরি হয় তার যে মান, ভারতবর্ষের অন্যান্য কারখানায় যে সিমেন্ট উৎপন্ন হয় তার মধ্যে অন্যতম। আজকে আমরা দেখতে পাচ্ছি এই সিমেন্ট ফ্যাক্টরিতে যে ম্যানেজমেন্ট আছে তাঁদের পরিচালনগত ত্রুটি থাকার জন্য এই ফ্যাক্টরিকে সিক ইন্ডাস্ট্রি বলে অবহিত করছে। এই সিমেন্ট ফ্যাক্টরিকে এ সি সি কোম্পানির হাতে তুলে দেবার প্রচেষ্টা শুরু করছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যাতে তিনি হস্তক্ষেপ করেন এবং পরিচালনগত যে ত্রুটি আছে সেটা এড়ানো যায়। আরও আবেদন করব ম্যানেজিং কমিটি যে উদ্যোগ নিয়েছে সেটা বন্ধ করার তিনি যেন ব্যবস্থা করেন।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের সামনে তুলে ধরতে চাই। আমাদের মালদা জেলায় একটা ডেলি লটারি চালু আছে যেটা সেখানে চলতি

কথায় সাট্টা বলে। এই ডেলি টিকিটের বিক্রির ব্যাপারে স্টেট গভর্নমেন্ট পারমিশন দিয়েছে সিকিম গভর্নমেন্টকে মনে হয়। তার ফলে মালদাতে প্রায় ১৪-১৫ লক্ষ টাকা ডেলি চলে যাচ্ছে এই ডেলি লটারিজ টিকিটে। মালদার ব্যবসায়ীরা আজকে দিশেহারা। ছাত্ররা তাদের টিচারকে টাকা না দিয়ে এই ডেলি লটারিজ কাটছে। টিচাররা ডেলি লটারিজ টিকিট কাটছে তাদের প্রভিডেন্ট ফান্ড থেকে টাকা তুলে, বাড়ির মায়েরা তাদের বাড়ির টাকা দিয়ে এই টিকিট কাটছে তার ফলে স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়ার সৃষ্টি হচ্ছে। শুধু তাই নয় আবার দেখা গেছে দুটি ছেলে তার মধ্যে একজন সি পি এম পার্টি করে, সে অনেক টাকা দিয়ে সাট্টার টিকিট কেটেছিল এবং সে এই টিকিট কাটার ফলে প্রচুর টাকা হেরে গিয়েছে। তারপর সে এই অবস্থা সামলাতে না পেরে রেলে মাথা দিয়ে প্রাণ দিয়েছে। মালদা জেলায় অর্থনীতি অচল হয়ে পড়েছে। জিনিসপত্রের দাম কমে গিয়েছে, মানুষ বাজারে যাচ্ছে না, মানুষ কেনাকাটা করছে না, দোকানদাররা হাহাকার করছে। এই ডেলি লটারিজের মাধ্যমে যদি ১৫ লক্ষ টাকা মালদা থেকে চলে যায় তাহলে মালদার কি অবস্থা হবে? স্টেট গভর্নমেন্ট কি এর থেকে কমিশন নিচ্ছে এটা আমাদের প্রশ্ন। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে বলব এই ডেলি লটারিজ টিকিট বন্ধ করা উচিত। তা না হলে মানুষ বিভ্রান্ত হয়ে পড়বে। এই টিকিট বিক্রি করা বন্ধ করে দিলে মালদার সমস্ত মানুষ উপকৃত হবে, সারা পশ্চিমবাংলার মানুষ উপকৃত হবে।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের অর্থমন্ত্রী এবং পরিকল্পনা উন্নয়ন দপ্তর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ তারিখে রাজ্যের মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির ওয়েস্টার্ন ডুয়ার্স মার্কেটের হাট প্লটে যে হাজার হাজার মানুষ বসবার করেন তাঁরা একটি স্মারকলিপি পাঠিয়েছেন। তাঁদের হাট প্লটের লীজ পিরিয়ড চলে যাওয়ার দরুন একদিকে রাজ্য সরকার কোটি টাকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। অপরদিকে হাট প্লটের শর্ত সেই অনুযায়ী রাজ্য সরকার স্বত্ব দেবেন বলে ইতিমধ্যে ঘোষণা করেছেন। সেইভাবে নির্দেশ গেছে। সম্প্রতি জেলা পরিষদ অধিকার পাবার দরুন জটিলতা সৃষ্টি হয়েছে। আমি মনে করি, ওখানে যারা বসবাস করছে তাদের কাছ থেকে উন্নয়নের জন্য রাজস্ব সংগৃহীত হবে এবং অন্যদিকে ৬০-৭০ বছর ধরে যে সমস্যা সেটার সমাধান হবে যদি এই হাট প্লট অবিলম্বে পজেসরদের মধ্যে ডিস্ট্রিবিউট করা যায়। উন্নয়ন অব্যাহত রাখার জন্য এবং সরকারের রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে চিহ্নিতকরণের কথা যে ভাবে বলা হচ্ছে সেদিকে লক্ষ্য রেখে অবিলম্বে এটি ডিস্ট্রিবিউট করার ব্যবস্থা হোক।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৩ই মার্চ, শনিবার পুরুলিয়ার ২নং ব্লকে ঝাড়খন্ডী আক্রমণে সি পি এম কর্মী অঙ্কুর বাউড়ি খুন হয়েছেন। উক্ত আক্রমণে আরও ৬ জন আহত হয়েছেন, তাদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। এই আক্রমণকারীরা নরেনবাবুর দলের কেউ হতে পারে। ওখানকার কয়েকজন মহিলা দুবকিডি জঙ্গলে শুকনো পাতা ও কাঠ আনতে গেলে ঝাড়খন্ডীরা তাদের তাড়া করে। ঐ সময়ে একজন সি পি এম কর্মী সাইকেলে করে যাওয়ার সময়ে ঝাড়খন্ডীদের সামনে পড়ে যান। তাঁকে ওরা আটক করে রাখে। ঐ মহিলাদের মারফৎ ঐ আটক রাখার সংবাদ নডিহা গ্রামে পৌঁছুলে গ্রামের সাধারণ মানুষ উক্ত

সাইকেল আরোহীকে উদ্ধারের জন্য ঐ জঙ্গলে ছুটে আসে। ঐ সময়ে ঝাড়খণ্ডীরা অস্ত্রশস্ত্র, বোমা ইত্যাদি অস্ত্রের দ্বারা আঘাত করে। এর ফলে অঙ্কুর বাউড়ি মারা যায়। এইভাবে পুরুলিয়া জেলাতে গতকাল থেকে ঝাড়খণ্ডী মুক্তি মোর্চা এক অবরোধ শুরু করেছে। আমাদের পশ্চিমবাংলায় এখন পরীক্ষা চলছে। ওদের অবরোধের ফলে বাস মালিকরা বাস চালাতে সাহস পাচ্ছে না। পরীক্ষা যাতে বন্ধ হয় তারজন্য ঝাড়খণ্ডীরা এইভাবে সন্ত্রাস চালাচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে দৃষ্টি আকর্ষণ করছি, অঙ্কুর বাউড়িকে যারা খুন করেছে, যাঁরা খুনের সঙ্গে যুক্ত তাদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী অজয় দে** : মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি সমস্যার প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ফুলিয়া উপনগরী আছে, সেখানে প্রায় ৩০-৪০ হাজার মানুষের বাস। শান্তিপুর পুলিশ স্টেশন থেকে ১০-১২ কিলোমিটারের দূরত্ব। ফুলিয়া উপনগরীতে শান্তিপুর ব্লক অফিস যেটা অধুনা পঞ্চায়েত সমিতির অফিস অবস্থিত, তাছাড়া পলিটেকনিক সেন্টার এবং গ্রাম সেবক ট্রেনিং সেন্টার অবস্থিত রয়েছে। দীর্ঘদিন ধরে এখানকার মানুষের দাবি যে এখানে একটা পুলিশ আউট পোস্ট হোক। প্রশাসনিক দিক থেকে এখানকার মানুষ অনেক পিছিয়ে রয়েছে, সেই কারণে তাদের দাবি যে পুলিশ আউট পোস্টের ব্যবস্থা করা হোক। এই ব্যাপারে সরকারি দিক থেকে এনকোয়ারি পর্যন্ত হয়ে গেছে কিন্তু ব্যাপারটা একেবারে ধামা চাপা হয়ে রয়েছে। কোনও সমস্যা হলে ১০-১২ কিলোমিটার দূরে এসে শান্তিপুরে এসে জানাতে হচ্ছে। এর ফলে খুব অসুবিধার সৃষ্টি হচ্ছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে অবিলম্বে সরকারি পর্যায়ে যে এনকোয়ারি হয়ে রয়েছে তার ব্যবস্থা করে ওখানে পুলিশ আউট পোস্টের ব্যবস্থা করা হোক।

**শ্রী ধীরেন সেন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, শোনা যাচ্ছে যে, আমাদের রাজ্য থেকে অন্য রাজ্যে বিদ্যুৎ সরবরাহ করা হবে। যার ফলে আমাদের রাজ্যের কোনও কোনও জেলায় বিশেষ করে বীরভূম, বর্ধমান এবং পুরুলিয়াতে আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে সিস্টেমে নিয়ে আসা হয়েছে। যার ফলে অনেক জায়গায় বিদ্যুৎ বন্ধ হয়ে যাচ্ছে। কোথাও বা আধঘন্টা, কোথাও বা ১ ঘন্টা বিদ্যুৎ থাকছে না। সামনে এখন মাধ্যমিক পরীক্ষা, উচ্চমাধ্যমিক পরীক্ষা এবং বাৎসরিক পরীক্ষা এই অবস্থাতে এই বিদ্যুৎ যাতে না যায় এবং এর যাতে অবসান ঘটে তার ব্যবস্থা করুন। অন্ততপক্ষে কিছু দিন যাতে বিদ্যুৎ বন্ধ থাকে তার ব্যবস্থা করুন।

**শ্রী শিশিরকুমার সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় মাধ্যমিক পরীক্ষা চালু হয়েছে। দূরদর্শনে কিছুদিন আগে শুনলাম যে এই মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য স্পেশ্যাল বাসের ব্যবস্থা করা হয়েছে। এই খবরটি শুনে খুব আনন্দ হল যে, এই প্রথম পাবলিক পরীক্ষায় বসতে যাচ্ছেন তাদের জন্যে বাসের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আমার এলাকা

মুর্শিদাবাদ জেলায় কিছু প্রাইভেট বাসের মালিকরা চক্রান্ত করে সরকারি বিরোধী মনোভাব গড়ে তোলার জন্য পরীক্ষা শুরু হবার কিছুক্ষণ পরে বাস ছাড়ছেন এবং পরীক্ষা শেষ হবার পরে বেশ দেরিতে বাস ছাড়ছেন। এর ফলে এই সমস্ত ছাত্র-ছাত্রীরা খুবই অসুবিধার মধ্যে পড়ছে। এই ব্যাপারে জেলাশাসক স্তরে ব্যবস্থা নিয়েও কিছু করতে পারেনি। সেই কারণে আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই প্রাইভেট বাস মালিকদের সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী মানিক মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত বর্ষায় পর্যাপ্ত পরিমাণে বৃষ্টির অভাবে এবং তার পরবর্তী সময়ে দীর্ঘদিন যাবৎ বৃষ্টিপাত না হওয়ার নদী নালা পুকুর জলাশয়গুলি প্রায় শুকিয়ে যাচ্ছে। ভূগর্ভস্থ জলের স্তর ক্রমশ নেমে যাচ্ছে। বীরভূম জেলায় সর্বত্র পানীয় জলের তীব্র সঙ্কট দেখা দিয়েছে। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া লাভপুর ব্লকে একটা গ্রামীণ জল সরবরাহ প্রকল্পর অনুমোদন পাওয়া গিয়েছে। জলসরবরাহ পাইপ ও অন্যান্য মালপত্র প্রায় ৪ মাস আগে পৌঁছে গিয়েছে। কিন্তু এই প্রকল্পর কাজ এখনও শুরু হয়নি। তাই অতি সত্বর যাতে এই প্রকল্পর কাজ শুরু হয় তার জন্য আপনার মাধ্যমে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শালিব টোপ্পো ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুদিন আগে আসামে যে গন্ডগোল হয় যার ফলে কিছু লোক পশ্চিমবাংলায় চলে আছে এবং তাদের জন্য বিভিন্ন জায়গায় ক্যাম্প করা হয়। বিশেষ করে জলপাইগুড়ি জেলায় ৪টি জায়গায় এবং কুচবিহার জেলায় ১টি জায়গায় ক্যাম্পে কয়েক হাজার মানুষ থাকে এবং তার জন্য সরকারের তরফ থেকে রেশনের ব্যবস্থা ছিল, চিকিৎসার ব্যবস্থা ছিল, কিন্তু ইদানিং দেখা গেল সেই রেশন ব্যবস্থা বন্ধ করে দিয়েছে, যে চিকিৎসার সুযোগ সুবিধা পেত সেটাও বন্ধ করে দিয়েছে। যার ফলে জলপাইগুড়ি জেলায় ভাঙ্গি এক নম্বর ক্যাম্প এবং ২ নম্বর ক্যাম্প মিলিয়ে ৬০ জন মারা গিয়েছে চিকিৎসার অভাবে। আসামে যখন কংগ্রেস সরকার ছিল তখন তারা কিছুই করেননি।...........

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে—পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের আমলে এই ১৬ বছরে অনেক রাস্তাঘাট হয়েছে, ব্রিজ কালভার্ট অনেক হয়েছে। কিন্তু মুর্শিদাবাদ জেলা ও নদীয়া জেলার জলঙ্গী নদীর বকসীপুর ঘাট-এর উপর যদি একটা ব্রিজ হয় তাহলে ভাল হয়। এতে ২টি জেলায় সংযোগের যে অসুবিধা আছে সেটি তাহলে দূর হয়। সেই কারণে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্রিজটা যাতে আর্থিক বছরে তৈরি করার পরিকল্পনা নেওয়া হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ স্পিকার স্যার, আপনি জানেন কলকাতার ঐতিহ্যসম্পন্ন কলেজ প্রেসিডেন্সি কলেজের ১৬৫তম বার্ষিক উদ্‌যাপন হচ্ছে। ১৮১৭ সালে এটি হিন্দু কলেজ

হিসাবে প্রতিষ্ঠিত হয়েছিল এবং এখন কয়েকদিন ধরে যে অনুষ্ঠান চলছে তার উদ্বোধন করেছেন স্বয়ং রাষ্ট্রপতি শঙ্কর শর্মা। রাষ্ট্রপতি সেদিন তাঁর বক্তৃতায় প্রাক্তন কৃতী ছাত্রদের নাম উল্লেখ করেছেন। যার মধ্যে আছে মেঘনাদ সাহা, সত্যেন বোস, অর্মত্য সেন, সুখময় ঘোষ থেকে আরম্ভ করে জ্যোতি বসু, সিদ্ধার্থশঙ্কর রায় সবার নাম তিনি উল্লেখ করেছেন যারা প্রেসিডেন্সি কলেজের ছাত্র ছিলেন। আমি সেদিন প্রেসিডেন্সি কলেজে গিয়েছিলাম। [*****]

**Mr. Speaker :** Mr. Roy, you are making allegation against the Chief Minister. You cannot do it. I am sorry. It cannot be allowed. The portion of the speech making allegation against the Chief Minister will go out of the record.

[1-10 — 1-20 p.m.]

**শ্রী ব্রজগোপাল নিয়োগী :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার পোলবা ব্লকে একটাও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় নেই। এখানে প্রায় আড়াই লক্ষ লোক বাস করে। এখানকার ছেলে-মেয়েরা মাধ্যমিক পাস করার পরে পড়ার কোনও সুযোগ পায়না উচ্চ মাধ্যমিক স্কুল না থাকার জন্য। অবিলম্বে সেখানে দুটো উচ্চ মাধ্যমিক স্কুল করা হোক। তা নাহলে হাজার হাজার মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীরা পড়ার সুযোগ পাচ্ছে না। বামফ্রন্ট সরকার যখন শিক্ষাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, সেই জায়গায় হুগলি জেলার পোলবা ব্লকে ১২ ক্লাশের কোনও স্কুল নেই। আমি আশা করব শিক্ষমন্ত্রীর কাছ থেকে এই ব্যাপারে উত্তর। আর আগে আমরা মেনশন করলে তার উত্তর পেতাম, কিন্তু এখন আমরা আর উত্তর পাইনি।

**শ্রী সুভাষ সোরেন :** মাননীয় স্পিকার স্যার, আমার বিধানসভা কেন্দ্র নয়াগ্রামের হাসপাতালের ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নয়াগ্রাম এলাকায় বালিকা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির ঘর না থাকার জন্য চিকিৎসা সম্ভব হচ্ছে না। গোপীবল্লভপুর-নয়াগ্রাম স্বাস্থ্যকেন্দ্রটির ঘর না থাকার জন্য চিকিৎসা সম্ভব হচ্ছে না। গোপীবল্লভপুর-নয়াগ্রাম স্বাস্থ্যকেন্দ্রটির সাহায্য বৃদ্ধি করার জন্য আমি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রতনচন্দ্র পাখিরা :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, যে প্রায় ছয় মাস ধরে বৃষ্টি না হওয়ার ফলে সারা মেদিনীপুর জেলায় জল সঙ্কট দেখা দিয়েছে এবং নদী-নালা খালবিলের জল শুকিয়ে গেছে। আমার নির্বাচনী কেন্দ্র ঘাটালে বেশিরভাগ এলাকায় বোরো চাষ হয়। যদিও জলের অভাবে এবারে বোরো চাষ কম হয়েছে ও যা হয়েছে তাও শুকিয়ে যাচ্ছে। নলকূপগুলির জল এমনভাবে নিচে নেমে যাচ্ছে যে এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নিত্যানন্দ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়

Note [* Expunged as ordered by the Chair]

পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েতের প্রাক-নির্বাচনী সময়ে একটা সংবাদ ১৪ তারিখের ওভারল্যান্ড খবরের কাগজে বেরিয়েছে। সেখানে বলা হয়েছে পঞ্চায়েত ব্যবস্থায় এবার থেকে গ্রামসভা সংযোজিত হচ্ছে। প্রকৃতপক্ষে এখন পঞ্চায়েতে চারটি স্তর হবে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যে যখন এই রূপান্তরটা হচ্ছে তখন এই বিষয়ে প্রচারের একটা দিক এবং বিশ্লেষণের একটা দিক তুলে ধরে এই চলতি অধিবেশনে যদি একটা বিবৃতি দেন তাহলে আমরা এই ব্যাপারে অবহিত হতে পারব। মাননীয় মন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে একটু গুরুত্ব দেবেন।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিল্প বাণিজ্য মন্ত্রী এবং মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনীকেন্দ্রে মধ্যে রামনগরে দাদনপাত্র বাড়ে একটি বৃহৎ লবন তৈরির কারখানা আছে। স্যার, এই কারখানাটি শুধু কাঁথি মহকুমাতেই নয়, পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ লবনের কারখানা। এই কারখানাটির নাম হচ্ছে বেঙ্গল সল্ট কোম্পানি। স্যার, এই কারখানাটির এখন রুগ্ন অবস্থা। সেখানে প্রায় ২শো শ্রমিক কর্মচারী কাজ করেন এবং প্রায় ১৬শো একর জায়গা নিয়ে এই লবন কারখানাটি গড়ে উঠেছে। স্যার, বর্তমানে সেখানে যা অবস্থা চলছে তা হচ্ছে শ্রমিকরা তাদের বোনাস, কয়েক মাসের বেতন পাচ্ছেন না। সেখানকার উৎপাদন ক্রমহ্রাসমান। অবিলম্বে এই কারখানাটির ব্যাপারে সরকারকে হস্তক্ষেপ করার অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৪ই মার্চ আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে বড়সাউতা গ্রামপঞ্চায়েতে সেখানকার গ্রামপঞ্চায়েতের প্রধানের উপর কংগ্রেসিরা এবং তার সঙ্গে নানুর থানার সেকেন্ড অফিসার অতর্কিতে ঝাঁপিয়ে পড়েন এবং তাকে আহত করার চেষ্টা করলেন। স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার গঠিত হবার পর গ্রামপঞ্চায়েতের পক্ষ থেকে বিভিন্ন জায়গাতে বৃক্ষরোপন করা হয়েছে। সেই হিসাবে বড় সাউতা গ্রামপঞ্চায়েতেও সেখানকার প্রধান গাছ লাগিয়েছিলেন। এখন সেই গাছগুলি বিক্রি করার জন্য যখন প্রধান বিভিন্ন জায়গায় আলাপ আলোচনা মাধ্যমে এগিয়ে যাচ্ছেন তখন সমাজবিরোধী এবং কংগ্রেসি গুন্ডারা প্রধানকে আক্রমণ করার চেষ্টা করেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবি, অবিলম্বে ঘটনাটির তদন্ত করে দোষী অফিসার এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী লক্ষীরাম কিস্কু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকায় দীর্ঘদিন ধরে একটি পাকা রাস্তারকাজ শুরু হয়েছিল কিন্তু দু বছর ধরে সেই রাস্তা তৈরির কাজ বন্ধ হয়ে আছে। আমার অনুরোধ সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে অবিলম্বে ডাবরা হইতে ডাঙরদি পর্যন্ত পাকা রাস্তাটির কাজ শুরু করা হোক।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরি বিষয়ের প্রতি আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকারের একজন কর্মচারী, তার নাম শ্রীমতী ভারতী শর্মা, তিনি ১৯৬৫ সালে অর্থ বিভাগের এল ডি অ্যাসিস্টেন্ট হিসাবে অ্যাপয়েন্টমেন্ট পান।

গত ৫/৬ বছর ধরে তাকে কোনও কাজ দেওয়া হয়নি এবং তাকে ডিঙ্গিয়ে অনেক জুনিয়ারকে প্রমোশন দেওয়া হয়েছে। এর প্রতিবাদে তিনি গত ২৪শে মার্চ, ১৯৯২ থেকে রাইটার্স বিল্ডিং-এ ইন্ডিভিজুয়াল সত্যাগ্রহ করে যাচ্ছেন। আজ প্রায় এক বছর হতে চলল এই ঘটনা চলছে। প্রতিদিন পুলিশ তাকে অ্যারেস্ট করেন এবং কখনও হেয়ার স্ট্রিট থানাতে এবং কখনও লালবাজারের নিয়ে যান এবং তারপর ছেড়ে দেন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলছি এ ভদ্রমহিলা এক বছর ধরে প্রতিবাদ করে যাচ্ছেন এবং মহাকরণে প্রতিদিন সত্যাগ্রহ করে যাচ্ছেন এবং সরকার সেখানে যে অমানবিক কাজ করে যাচ্ছেন তার আমি প্রতিবাদ জানাচ্ছি। আমার দাবি, অবিলম্বে এই ভদ্রমহিলা যাতে কাজ করতে পারেন তার ব্যবস্থা করা হোক।

**মিঃ স্পিকার ঃ** সাধারণ ইন্ডিভিজুয়াল কেস হাউসে তোলা যায় না। এটা নিয়ম নয়।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরি বিষয় এই হাউসের সকলের অবগতির জন্য জানাচ্ছি। মেদিনীপুর জেলার ময়না থানা আজকে একটা গভীর সঙ্কটের মধ্যে পড়েছে, এই সম্পর্কে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কালাহান্ডির দুর্ভিক্ষের কথা বলে যারা পশ্চিমবাংলা থেকে চাঁদা তুলে কালাহান্ডিতে পাঠিয়েছেন, তাদের সুপরিকল্পিত চক্রান্তে, সি পি এম পরিচালিত জেলা পরিষদ এর চক্রান্তে ময়না থানার ৮ হাজার হেক্টর বোরো ধানের জমির ধান শুকিয়ে গেছে। আমি শুকিয়ে যাওয়া ধানের কিছু নমুনা আপনার কাছে জমা দিচ্ছি। ৮ হাজার ২৫০ হেক্টর বোরা জমির ধান একেবারে শুকিয়ে গেছে জলের অভাবে, সুপরিকল্পিত ভাবে সেখানে সেচের জল দেওয়া হচ্ছে না।

**শ্রী নন্দরানী দল্ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মাধ্যমিক পরীক্ষা চলছে। মেদিনীপুর সহ সর্বত্র সন্ধ্যায় পর প্রায় দেড় ঘণ্টা দুঘণ্টা লোডশেডিং থাকার ফলে ছাত্রছাত্রীরা পরীক্ষা পড়া করতে পারছে না। এই অসুবিধা দূরীকরণের আবেদন বিদ্যুৎমন্ত্রীর সামনে রাখছি।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই বিধানসভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কয়েকদিন ধরে পুরুলিয়া জেলায় ঝাড়খন্ডীদের সন্ত্রাস চলছে। গত ১২ই মার্চ এ ঝাড়খন্ডী দলের গুন্ডারা আমাদের দলের কমরেড অঙ্কুর বাউড়িকে হত্যা করেছে। এই ঝাড়খন্ডীরা মিটিং করতে পারেন, কিন্তু তা না করে সন্ত্রাস সৃষ্টি করে নিরীহ মানুষকে হত্যা করছে। এই প্রসঙ্গে বলতে চাই আমরা দেখেছি এই সংঘর্ষে মদত জোগাচ্ছে বিরোধী কংগ্রেস আই সদস্যরা। তারা রাতের অন্ধকারে জঙ্গলের মধ্যে তাদের সঙ্গে যোগাযোগ করে এই সন্ত্রাস সৃষ্টিতে মদত জোগাচ্ছে। তার বিরুদ্ধে আশু ব্যবস্থা গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক পরীক্ষা চলছে, মাদ্রাসা পরীক্ষাও শুরু হয়েছে গতকাল থেকে, শান্তিপূর্ণভাবে পরীক্ষা চলছে। কিন্তু আমরা একটা বিশেষ

বিপদের মধ্যে আছি। রাজারহাট-এ পাথর ঘাটায় কয়েকদিন আগে আমাদের একজন কমরেড কংগ্রেসি গুন্ডাদের দ্বারা খুন হয়েছেন। ওখানে একটি মাত্র রুট, ২১১ নং বাস চলে। আজকে সাত আটদিন ধরে এই বাস চলছে না। এর ফলে পরীক্ষার্থী এবং জনসাধারণের অসুবিধা হচ্ছে, গ্রামের মানুষের অসুবিধা হচ্ছে। আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি, আপনি আগামী ২৪ ঘন্টার মধ্যে পরিবহন মন্ত্রীকে দিয়ে এ বাস চালু করার জন্য উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী সৌগত রায় :** স্যার, একটু আগে আমাদের সদস্য সাধন পান্ডে বি জে পি-র প্রস্তাবিত র‍্যালি সম্পর্কে যে মতামত প্রকাশ করেছেন আমি তার সঙ্গে একমত হতে পারছি না এবং আমি তার বিরোধিতা করছি। আমি এই হাউসে আমাদের দলের পক্ষ থেকে বলেছিলাম এবং আমরা চ্যালেঞ্জ দিয়েছিলাম যে, যে সাহস নরসীমা রাও সরকার দেখিয়েছে গত ২৫ তারিখ বি জে পি-র র‍্যালিকে বন্ধ করে দিয়ে সেই সাহস পশ্চিমবঙ্গ সরকার দেখান, বিগ্রেড প্যারেড গ্রাউন্ডে তাদের র‍্যালি বন্ধ করে দিন। পশ্চিমবঙ্গ সরকার সেই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন। কিন্তু একটা জিনিস আশ্চর্য লাগছে, এই ব্যান করার সিদ্ধান্ত মুখ্যমন্ত্রীর মুখ দিয়ে ঘোষিত হয়নি। কথাটা আমাদের কাছে এসেছে তথ্য মন্ত্রী বুদ্ধদেববাবুর মুখ থেকে, যদিও তিনি রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী নন। বি জে পি নেতারা মুখ্যমন্ত্রীর ঘর থেকে বেরিয়ে এসে বলেছেন, 'দিল্লি থেকে ফিরে এসে সিদ্ধান্ত নেব।' আমরা চাই রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী নিজে স্পষ্ট করে এই সিদ্ধান্ত নিন, তাহলে আমরা পশ্চিমবাংলার প্রতিটি গণতন্ত্র প্রেমী, ধর্মনিরপেক্ষ মানুষ এই সিদ্ধান্তকে স্বাগত জানাব। এ রাজ্যে সাম্প্রদায়িকতার কোনও স্থান নেই, এটা বিশেষ করে তাঁকে বলতে হবে। মুখ্যমন্ত্রীকে এই ঘোষণা করতে হবে। আমি আমার এই বক্তব্য হাউসের রেকর্ডে রাখছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অ্যাডভোকেট অ্যাস্টের ৩০ ধারার প্রস্তাবিত সংশোধনের প্রতিবাদে বার কাউন্সিলের আহ্বানে রাজ্যের আইনজীবী সম্প্রদায় কর্মবিরতি পালন করতে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত সংশোধন মানুষের গণতান্ত্রিক এবং আইন গত অধিকার খর্ব করতে চাইতে। সে জন্য বার কাউন্সিলের নেতৃত্বে সারা ভারতের আইনজীবীরা আগামী ১৯শে মার্চ তারিখে সারা ভারতবর্ষে কর্মবিরতি পালন করবে। আমাদের দেশে জনগণের যে কটি মৌলিক অধিকার আছে তার অন্যতম হচ্ছে, আইনগত প্রশ্নে এবং বিচারের সব আইনজীবী নিয়োগ করা। গণতন্ত্রের স্বার্থে অ্যাডভোকেট অ্যাক্টের ৩০ ধারা চালু থাক, এই দাবি বার কাউন্সিল জানাচ্ছে এবং আমিও আপনার মাধ্যমে জানাচ্ছি।

**শ্রী নরেন হাঁসদা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় জ্যোতিবাবু এবং এই হাউসের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন ইন্ডিয়ান কমিউনিস্টরা ভারতবর্ষের স্বাধীনতার আগে নেতাজি সুভাষকে 'কুইসলিং' বলেছিলেন। পরবর্তী সময়ে ওঁরা ওঁদের মন্তব্য এবং নীতি পাল্টেছিলেন। স্যার, আপনি জানেন আমরা দেশের অনুন্নত মানুষের স্বার্থে 'মন্ডল কমিশন'-এর রিপোর্ট কার্যকর করার জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন করছি। স্যার, আপনি জানেন জ্যোতিবাবু এক সময় বলেছিলেন, আমাদের পশ্চিমবাংলায় ও বি সি বলে কিছু নেই। কিন্তু এখন শ্রীভগবান, মঙ্গলময় জ্যোতিবাবুকে

বুদ্ধি দিয়েছেন, তাই এখন তিনি আর সে কথা বলছেন না এবং কয়েকদিন আগে এই বিধানসভা সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করেছেন—ও. বি. সি. তালিকা প্রস্তুতের জন্য কমিশন গঠন করা হবে। স্যার, আমরা জানি ভারতবর্ষের পবিত্র সংবিধানের তিনধারা বলে ভারতবর্ষে সাংবিধানিক চৌহদ্দির মধ্যে ২৬টি জেলাকে নিয়ে ঝাড়খন্ড রাজ্য একদিন প্রতিষ্ঠিত হবে। দীর্ঘদিন ধরে আমরা এই দাবি জানিয়ে আসছি, কিন্তু কমিউনিস্টরা আমাদের বিরোধিতা করছেন। আমরা এটাও জানি কমিউনিস্টদের যেমন নেতাজীর সম্পর্কে এবং মন্ডল কমিশনের সম্পর্কে সিদ্ধান্ত পরিবর্তিত হয়েছে তেমন ঝাড়খন্ড রাজ্য সম্পর্কেও পরিবর্তন হবে। আমি বিশ্বাস করি তাঁরা এখন পৃথক ঝাড়খন্ড রাজ্যের বিরোধিতা করছেন, কিন্তু আগামী দিনে আমাদের এই দাবিকে সমর্থন করবেন।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় স্পিকার স্যার, একটু আগে আমাদের দলের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং মাননীয় সদস্য শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় আপনার দৃষ্টি আকর্ষণ করে যে কথা বলেছেন আমি তাঁদের সঙ্গে একমত। আমরা জানি, আজকে ভারতবর্ষে যে কোনও রাজনৈতিক দলেরই সভা করার অধিকার আছে। কিন্তু সেই গণতান্ত্রিক অধিকার নিয়ে যদি সেই পার্টি ভারতবর্ষের সংস্কৃতিকে ধ্বংস করতে চায়, ভারতবর্ষের ঐতিহ্যকে ধ্বংস করতে চায় এবং ভারতবর্ষের মধ্যে সাম্প্রদায়িক রাজনীতি নিয়ে আসে, ভারতবর্ষে মানুষের মধ্যে হানা-হানি করার চেষ্টা করে তাহলে সেই রাজনৈতিক দলকে সেই গণতান্ত্রিক অধিকার দেওয়া উচিত নয়। সেই রাজনৈতিক দলের ব্যাপারে আমাদের আতঙ্ক এবং আশঙ্কা অনেক আগেই ছিল। কিন্তু ভারতের কমিউনিস্টরা অনেক দেরিতে বুঝতে পারেন। ১৯৮৯ সালে যদি বুঝতেন তাহলে আমাদের এই অবস্থায় পড়তে হত না। এর আগে ৬ ডিসেম্বর আমি শুনলাম বি. জে. পিকে সভা করতে দেওয়া হবে না। কিন্তু দেখলাম, বি. জে. পি. ঠিকই সভা করেছেন এবং সেই সভায় কল্যাণ সিং দাঁড়িয়ে এই পশ্চিমবাংলার বুকে এমন কিছু কথা বলেছেন যে শুনে লজ্জায় পশ্চিমবাংলার মানুষের মাথা হেট হয়ে যায়। সেদিনও এই সরকার কোনও ব্যবস্থা নিতে পারেননি। ভারত সরকার বোট ক্লাবে যেভাবে ব্যবস্থা নিতে পেরেছেন ঠিক তেমনিভাবে ব্যবস্থা নেওয়া হোক। আমি বলতে চাই, শুধু বি. জে. পি. নয়, আমাদের দেশের মধ্যে হিন্দু মৌলবাদী শক্তি যেমন দেশের শত্রু, ঠিক তেমনি মুসলিম মৌলবাদীরাও দেশের শত্রু। শুধু হিন্দু মৌলবাদী শক্তিকে যদি আক্রমণ করি, মুসলিম মৌলবাদী শক্তিকে যদি সমানভাবে আক্রমণ না করি তাহলে আর একটি শত্রুকে আমরা বাড়তে দেব। সেই শত্রুর ব্যাপারে আমাদের সজাগ হতে হবে। আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, আমরা কোথাও যেন পিছিয়ে না পড়ি। রাজ্য সরকারকে আরও কঠোর হতে হবে। রাজ্য সরকার মুখে এক কথা বলেন আর কাজে আর এক জিনিস করেন। আপনারা বি. জে. পির সভাবন্ধ

করলেন, ঠিক সেইরকম জামাতে-ই-ইসলামী সভ্যদের কার্যকলাপ বন্ধ করবেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখছি কিছু হয়নি। তাই বলছি, মৌলবাদী শক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক—এই আবেদন আমি রাখছি।

**মিঃ স্পিকার :** এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২টার সময়।

(At this Stage the House was adjourned till-2-00 p.m.)

[2-00 — 2-10 p.m.](After adjournment)

## LEGISLATION

### The Ganges Printink Ink Factory Limited (Acquisition and Transfer of Assets Bill, 1993)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে বলতে চাই যে, আজকে আমাদের বিধানসভা চলছে, এই সময়েতে গতকালকের একটা সুন্দর রেজলিউশন নেওয়া হয়েছে যেটা মাননীয় বিনয়বাবু নিয়েছিলেন এবং হাউসে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। আজকে আমার একটা বক্তব্য আছে সেটা হল যে, যে মিনিস্টারের বিল তিনি এখানে উপস্থিত নেই। আপনি হাউসকে ১৫ মিনিট অ্যাডজোর্ন করে দিয়ে ঘরে ফিরে আসুন। মাননীয় মন্ত্রী রাইটার্স বিল্ডিংসে খেতে গেছেন, খেয়ে বিশ্রাম নিয়ে আসবেন। আপনি দেখুন একজনও নেই। আপনি আইনজ্ঞ এবং হাউসে বহুদিন ধরে আছেন, এইভাবে হাউসকে অবজ্ঞা করার ইতিহাস বোধহয় কোনওদিন নেই, এই প্রথম।

**মিঃ ডেপুটি স্পিকার :** সুব্রতবাবু আপনি কি বলছেন?

**শ্রী সুব্রত মুখার্জি :** আমি কিছুই বলছি না, বলছি বিজনেস স্টার্ট করতে বলুন, অথবা হাউস অ্যাডজোর্ন করুন।

**মিঃ ডেপুটি স্পিকার :** এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়দের বার বার বলা হয়েছে। এটা ঠিক নয়। আপনারা বসুন।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইট ইজ অ্যান ইনসাল্ট টু দি হাউস। আমাদের কোনও লাটসাহেব আছে যে হাউস কে অবমাননা করে বিজনেসটাকে পেন্ডিং রেখে বাইরে ঘুরবেন। মিনিস্টারেরা বাইরে ঘুরবেন? আপনি ওঁকে প্রোটেকশন দেবেন। আপনি যদি স্ট্রিকচার না দেন উই উইল নট টেক পার্ট ইন দি ডিবেট। আমরা হাউসে বসব না। আমরা কি স্লেভ নাকি?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিনিস্টার মহাশয়রা ভবিষ্যতে ঠিক সময় হাউসে আসবেন এবং হাজির থাকবেন।

(প্রচন্ড গোলমাল)

(এই সময় সত্য বাপুলি মহাশয়কে বিশেষভাবে কিছু বলতে দেখা যায়)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সত্যবাবু, আপনাকে তো প্রথমেই বলতে দিয়েছি। সুব্রতবাবুও বলেছেন। আবার কি বলতে চাইছেন বলুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** যেহেতু দ্বিতীয়বার বলতে ডেকেছেন তারজন্য আপনাকে ধন্যবাদ এর আগে এই ব্যাপারে শুধুমাত্র সুব্রতবাবুই নন, আমাদের দলের পক্ষ থেকে বারবার বলা হয়েছে এবং স্পিকার মহাশয়ও বলেছেন, কিন্তু মন্ত্রীরা রাইটার্স বিল্ডিং এর ঠান্ডা ঘরে বসে বসে আপনার কথা ওঁদের কানে যাচ্ছে না। এই বিধানসভা বন্ধ করে দিন। যে বিধানসভার মান মর্যাদা মন্ত্রীরা দেন না সেটা থাকা, না থাকা একই কথা। আমরা মাত্র ৪২ জন, কিন্তু আমাদের বারবার এই ব্যাপারে সরকারকে কান মূলে বলতে হচ্ছে যেখানে সবাই জনতার প্রতিনিধি হিসাবে এখানে এসেছেন এবং সরকার চালাচ্ছেন। এরা ন্যূনতম দায়িত্বও পালন করছেন না। এই ব্যাপারে অনেকবার ওঁদের বলা হয়েছে, কিন্তু তবুও ওদের কোনও কান্ডজ্ঞান হচ্ছে না। তাই মন্ত্রীকে দেরিতে আসার জন্য ক্ষমা চাইতে হবে আগে, তারপর বিলের আলোচনা।

(তুমুল গোলমাল)

(এই সময় অনেক মাননীয় কংগ্রেস সদস্যকে একসঙ্গে বলতে দেখা যায়)

**Mr. Deputy Speaker :** Now please let me say. Please take your seats, Please take your seats. I am on my legs. Dr. Zainal Abedin Please take your seat.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি তো জাস্টিস দেবেন মিঃ ডেপুটি স্পিকার! Why are you defending the Ministers ? The Minister should be expelled from the House. (noise)

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্রবীরবাবু, আপনি বিলটা ইন্ট্রোডিউস করুন।

(তুমুল গোলমাল)

**Shri Prabir Sengupta :** Sir, I beg to introduce the Ganges printing Ink Factory Limited (Acquisition and transfer of Assets) Bill, 1993.

(Secretary then read the title of the Bill)

**মিঃ ডেপুটি স্পিকার :** প্রবীরবাবু, আপনি কনসিডারেশন মোশনটা মুভ করুন।

[2-10 — 2-20 p.m.]

**Shri Prabir Sengupta :** Sir, I beg to move that the Ganges Printing Ink Factory limited (Acquisition and transfer of Assets) Bill, 1993, be taken into consideration.

**Mr. Subrata Mukherjee :** (Though Mr. Mukherjee was present in the house he did not start discussion then)

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা ইররেসপনসিবল অপোজিশনকে আমরা দেখছি।

(গোলমাল)

(এই সময়ে মাননীয় অধ্যক্ষ মহাশয় আসন গ্রহণ করেন)

**ডাঃ জয়নাল আবেদিন :** Sir, on a point of order.

**মিঃ স্পিকার :** Dr. Abedin, what is your point of order ?

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একাধিকবার এখানে সেন্সার করেছেন মন্ত্রীদের উপস্থিত থাকার জন্য, রুলিংও দিয়েছে, কিন্তু তারা থাকেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, You are not listening. The other minister is taking your attention.

আপনার সঙ্গে কথা বলতে গেলে ওরা এসে আপনার কানে ফিস ফিস করে কথা বলবেন। They do not know behaviour. They do not know parliamentary etiquette. এখানে বিল ইজ টু বি ইন্ট্রোডিউসড। যে মন্ত্রী বিল ইন্ট্রোডিউস করবেন সেই মিনিস্টার ইজ অ্যাবসেন্ট। তিনি এইভাবে হাউসকে অবহেলা করতে পারেন না। You have

not a single word. Mr. Dy. Speaker was conducting the proceeding of the house. He has not uttered a single word against the minister. The minister has not apologised. এখানে কি চলছে? আজকে বিল আছে। আপনি বি. এ. কমিটিতে ডিসাইড করেছেন। পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার এখানে প্রস্তাব এনেছেন আমরা অ্যাপ্রুভ করেছি। প্রোগ্রাম ইজ নোন, কিন্তু তাসত্বেও মিনিস্টার হাউসে আসেননি। এই অরাজকতা আর কতদিন চলবে? কাজেই হি উইল হ্যাভ টু অ্যাপোলাইজ। তা যদি না করেন তাহলে হাউস চলতে পারেনা।

(এই সময়ে বিরোধী পক্ষের কিছু সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

**মিঃ স্পিকার ঃ** প্লীজ টেক ইওর সীটস। এটা ঠিক কথা, আমি হাউসে চেম্বারে বসে শুনছিলাম। ডেপুটি স্পিকার খুব জাস্টিফায়েবলি বলেছেন যে মন্ত্রীদের সময় মতো আসা উচিত। উনি আসতে বিলম্ব করেছেন। আমরা অ্যাক্সপেক্ট করছি উনি হাউসের কাছে দেরিতে আসার জন্য ক্ষমা প্রার্থনা করবেন। দেরি হলে এটাই নিয়ম। তবে বিরোধীদের এটা বোঝা উচিত যে গভর্নমেন্টকে আক্রমণ করতে গেলে আরও বেটার মেটেরিয়াল নিয়ে আক্রমণ করা উচিত। মন্ত্রীর দেরি হল কিনা, কোনও মন্ত্রী আছে কিনা, এটাই একমাত্র গ্রাউন্ড হওয়া উচিত নয়, আরও ভাল গ্রাউন্ড খোঁজা উচিত।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে এসেই বলেছি যে আমার আসার সময় আমাদের কয়েকজন এম. এল. এ আমার ঘরে ঢুকে যান। তখন আমি কি করব? সেইজন্য দেরি হয়েছে। এ ছাড়া এই রিসেসের আগে আমি এখানে ছিলাম। কিন্তু যখন রিসেস হল তখন আমার একটা ইমপ্রেশন হল অ্যাজেন্ডা যেভাবে দেওয়া আছে—রিসেসের পর লেইং অফ রিপোর্টস আছে মেনশনের পর। এটা যে হয়ে গেছে সেটা আমি জানব কি করে? আমি এখানে এসে যখন জিজ্ঞাসা করলাম যে এটা হয়ে গেছে? তখন আমি জানতে পারলাম যে হ্যাঁ হয়ে গেছে। আমি প্রথমেই বলেছি যে দেরি হয়ে যাওয়ার জন্য আমি দুঃখ প্রকাশ করছি। কি কারণে হয়েছে সেটা আমি আগেই বলেছি।

**মিঃ স্পিকার ঃ** যাই হোক উনি যখন দুঃখ প্রকাশ করেছেন তখন এটা ছেড়ে দিন।

We will now take up the business of the House. Let us take up the Bill afresh. I will now request the Hon'ble Minister to introduce the Bill.

**Shri Prabir Sengupta :** Sir, I beg to introduce the Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets) Bill, 1993.

(Secretary then read the title of the Bill)

**Shri Prabir Sengupta :** Sir, I beg to move that the Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets) Bill, 1993, be taken into consideration.

আজকে যেটা আলোচনার বিষয় সেটা হচ্ছে যে, ১৯৭৮ সালে গ্যানজেস প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরী লিমিটেড এই সংস্থাটা লিকুইডেশনে চলে যায়। এই সংস্থাটি লিকুইডেশনে যাবার পর উইন্ড আপ কথাটা আসে। তখন সরকার দেখল এতগুলো শ্রমিক সব বেকার হয়ে যাবে, কাজ থাকবে না? সেইজন্য হাইকোর্ট'কে বলা হয় যে কো-অপারেটিভ করে চালাবার অধিকার দেওয়া হোক। এখানে যে শ্রমিকরা কাজ করেন সেই শ্রমিকের সংখ্যা হচ্ছে ১৪৯ জন। এর অফিস বিভিন্ন জায়গায় আছে, দিল্লি, বম্বে, মাদ্রাজ এই সমস্ত জায়গায়। আমরা একটা অংশ অধিগ্রহণ করতে যাচ্ছি, সেটা হল পশ্চিমবাংলার হাওড়া এবং কলকাতায় যে অংশ আছে সেটা নেওয়ার জন্য প্রস্তাব করা হয়েছে। এটাই হচ্ছে আমার সংক্ষিপ্ত বক্তব্য।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যে গ্যানজেস প্রিন্টিং ফ্যাক্টরী লিমিটেড অধিগ্রহণ করার জন্য যে বিল নিয়ে এসেছেন এই বিলে আপত্তিকর কিছু নেই, আমরা সমর্থন করছি সরাসরি। কিন্তু আমার কতকগুলি প্রশ্ন ওনার কাছে রাখছি, আশা করি তিনি জবাব দেবেন। স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে বিষয়ে সেটা হল ঃ—

(এই সময় শ্রী সুব্রত মুখার্জি নিজ সিটে বসে পড়েন)

[2-20 — 2-30 p.m.]

স্যার, আপনিও এই হাউসের সদস্য, আমিও এই হাউসের একজন সদস্য। আপনি যদি আকাশের দিবে তাকিয়ে বসে থাকেন তাহলে মেম্বারকে অপমান করা হয়। আমি আশা করব আপনি হিউমিলিয়েট করবেন না। ইউ হ্যাভ নো রাইট টু হিউমিলিয়েট দি মেম্বার্স। আমি যখন বক্তৃতা করব তখন আপনি যদি আকাশের দিকে তাকিয়ে থাকেন তাহলে মেম্বারকে অপমান করা হয়।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** স্পিকার মহাশয় আপনার নাম ডেকে গিয়েছেন, আপনি বলুন, আপনাকে তো কেউ বাধা দেয়নি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলটির বিরোধিতা করছি না, আমরা সরাসরি একে সমর্থন করছি। কিন্তু আমার সুনির্দিষ্ট কয়েকটি জিজ্ঞাসা রয়েছে যেটা আশা করব মন্ত্রী মহাশয় উত্তর দেবেন। এই ফ্যাক্টরিটা ১৯৭৮ সালে উইন্ডআপ হয়ে

যায় এবং তারপর থেকে আজকে ১৯৯৩ সাল হল, এতদিন পরে সরকারের নিদ্রাভঙ্গ হল যে এটাকে অধিগ্রহণ করতে হবে? আমরা, আই. এন. টি. ইউ. সি.র পক্ষ থেকে বহুবার ডেপুটেশন দিয়েছি। এমনকি ওদের দল সি. আই. টি. ইউ.'এর পক্ষ থেকে এবং যৌথভাবে আবেদন করা হয়েছে। আমরা ক্রমাগত বলছি যে এটাকে সরকার থেকে অধিগ্রহণ করা হোক। ১৪৯ জন যেখানে স্টাফ ওয়ার্কার রয়েছে সেখানে এটাকে অধিগ্রহণ করতে ১৯৭৮ সাল থেকে ১৯৯৩ সালের মাঝামাঝি পর্যন্ত লাগল? এর কারণটা উনি জানেন। রাজ্য সরকার কলকাতা হাইকোর্টের একটা অনুমতি নিয়ে সি. আই. টি. ইউ.'এর দ্বারা এটাকে পরিচালনা করতে থাকেন দীর্ঘদিন ধরে। আজকে অ্যাসেট্স, অন্যান্য যে মেসিন ইত্যাদির যে অবস্থা হয়েছে তাতে কেন সরকার আবার অধিগ্রহণ করল? ফিনান্সিয়াল মেমোরেন্ডাম আপনি দিয়েছেন, তাতে প্রায় ১৯ লক্ষের মতো টাকা ১৮ লক্ষ ৭৬ হাজার টাকা—এই সামান্য টাকায় উনি এটাকে চালাতে পারবেন না। এটাকে চালাতে গেলে আরও অর্থের দরকার হবে। সেই অর্থ না দিয়ে এটাকে অধিগ্রহণ করলে অন্যগুলোকে যে ভাবে অধিগ্রহণ করেছেন—স্টেট পাবলিক সেক্টরগুলো আস্তে আস্তে ধ্বংস হয়ে যাচ্ছে, সেই অবস্থায় দাঁড়াবে। আপনি এখানে ব্রেক-আপটা দেননি। ১৮ লক্ষ ৭৬ হাজার টাকা, শুধু একটা লাম্প সাম মানি দিয়ে দিচ্ছেন। তারপর উৎপাদনকে ঠিক রাখতে কি পরিমাণ খরচ, এর মার্কেটিং আছে কিনা এ সম্পর্কে একটি অক্ষরও আপনি জানাচ্ছেন না। আপনি এর অবজেক্টস্ জানাচ্ছেন না। আপনি ফিনান্সিয়াল মেমোরেন্ডামে যেটা জানাচ্ছেন, আপনার কাছে থেকে জানতে চাই, ১৪৯ জনের ভবিষ্যৎ কি? এই টাকায় ভবিষ্যৎ রক্ষা করা যাবে কিনা? প্রোডাকশন এবং মার্কেটিং ঠিকমতো চালাতে পারবে কিনা? অধিগ্রহণ করার পর ম্যানেজমেন্ট কাদের দিয়ে চালাবেন? আপনি কৃষ্ণা গ্লাসকে অধিগ্রহণ করে নিয়েছেন, আমরা সমর্থন করেছি। কৃষ্ণা গ্লাসে আপনি দেখবেন, গত ৬ মাস ধরে বসিয়ে বসিয়ে মাইনে দেওয়া হচ্ছে। এখানে যাঁরা সি. আই. টি. ইউ. ইউনিয়ন করেন তাঁরা বলবেন। আমরা বারে বারে বলেছি। এখানে পতিতবাবু আছেন, ওঁকে আমরা বলেছি যে, বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন কেন? প্রত্যেক মাসে বসিয়ে বসিয়ে মাইনে দিচ্ছেন। গভর্নমেন্টের টাকা কি গৌরী সেনের টাকা? প্ল্যানিং যদি ঠিকমতো না থাকে, আল্টিমেটলি বসিয়ে বসিয়ে মাইনে যা দেওয়া হচ্ছে, প্রোডাকশন ছাড়া বছরের পর বছর বেতন দেওয়া কিন্তু সম্ভব নয়। আজকে আপনি কি সেই জায়গায় নিয়ে যেতে চান? আমি একটা উদাহরণ দিয়ে বলি, হেল্‌থ মিনিস্টার 'মেয়ো হাসপাতাল'কে নিয়ে নিলেন। কেন্দ্রীয় সরকার যখন ঐ মেয়ো হাসপাতালকে অধিগ্রহণের কথা বলেছিলেন তখন বলেছিলেন, না, এটা রাজ্য সরকার চালাবে। আজকে ওখানে একটা ফুটো পয়সা বিনিয়োগ করতে পারেন? গঙ্গার ধারে যেখানে গাড়ি রাখার জন্য বেআইনি ব্যবসা চলছে, গরু ছাগল গিয়ে খাটাল করে ফেলেছে ওখানে।

সুতরাং আমি যে কথা আগেই বলেছি যে, আপনারা পার্টির লোক দিয়ে এই স্টেট

পাবলিক সেক্টরগুলিকে চালানোর চেষ্টা করেছেন। যেমন কৃষ্ণা গ্লাস সোমনাথ চ্যাটার্জিকে দিয়ে কিছুদিন চালানোর চেষ্টা করা হল, তিনি চলে যাবার পর আবার কাকে দিয়ে চালাবেন এবং কাকে পাঠাচ্ছেন সেটা আমাদের এখানে স্পষ্ট করে জানিয়ে দিন। আপনার পার্টির লোক দিয়ে চালাবেন নাকি সত্যিকারের ম্যানেজমেন্টে যাঁরা আছেন, যাঁদের মার্কেটিং সম্বন্ধে জ্ঞান আছে তাদের দিয়ে চালাবেন? কোনও পেশার মানসিকতায় এটা চালাবেন সেটা আমাদের জানিয়ে দিন। আমরা দাবি করছি যে এই পেশার মানসিকতার লোক দিয়ে এটি অধিগ্রহণ করার পর তাদের দিয়ে চালাতে হবে এবং সেটা এখানে আমাদের কাছে ঘোষণাও করতে হবে এই আশা আমি রাখছি। আমার আরেকটি প্রশ্ন হচ্ছে যে, অনেক সময়ে আমরা দেখছি বিশেষ করে বিট্রানিয়া ইঞ্জিনিয়ারিং কারখানা অধিগ্রহণ করার পরে সেখানকার লোকেদের ছাঁটাই করা হল না, কিন্তু তারপরে অধিগ্রহণের পরে ব্যাপক হারে শ্রমিক ছাঁটাই করা হল। সুতরাং মডার্নাইজেশন করার নাম করে বহু লোক ছাঁটাই করা হল, সেই কারণে আমার প্রশ্ন একটি লোককে ছাঁটাই করলেও সেটা আমাদের জানাতে হবে। কেননা অতীতের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে স্যাক্সবি কারখানা যখন অধিগ্রহণ করা হল তখন ব্যাপক হারে ছাঁটাই হয়েছিল। সুতরাং সেইকারণে আমার প্রশ্ন ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং কারখানা এবং আরও কয়েকটি কারখানার মতো এখানে এই হাওড়াতে অবস্থিত এই ইন্‌ক কারখানাটি অধিগ্রহণ করার পরে শ্রমিক ছাঁটাই করবেন কিনা আমাদের স্পষ্ট করে জানিয়ে দিতে হবে। তাছাড়া ভারতবর্ষের একটি বড় কারখানা, নাম করা কারখানা সুলেখা কারখানা যেটি কলকাতার উপরে অবস্থিত, এতে টোটাল ওয়ার্কাস অ্যান্ড স্টাফ মিলিয়ে ৫২৭ জন, এই কারখানাটি বহু আবেদন-নিবেদন সত্ত্বেও, আজ ৩-৪ বছর কি তারও বেশি বছর খোলা সম্ভব হয়নি। সরকারের পক্ষ থেকে এই সুলেখা কারখানাটি খোলার কোনও পদক্ষেপই নেই। যেহেতু কালির কারখানার অধিগ্রহণের কথা বলা হয়েছে সেইহেতু আমি বলছি যে, এই সুলেখা কারখানাটি এর চেয়েও বেশি গুরুত্বপূর্ণ কারখানা। এই ব্যাপারে বহু প্রস্তাবও দেওয়া হয়েছে এবং সুলেখা কোম্পানির বহু জমি সোদপুরে এবং যাদবপুরে রয়েছে। ওই জমি যদি মালিকপক্ষকে বিক্রি করতে দেওয়া হয় এবং বাধ্যতামূলকভাবে সেই জমির টাকায় যাতে কারখানা খোলার ব্যবস্থা করা হয় তাহলে এরদ্বারা বহু শ্রমিক কর্মচারি উপকৃত হবেন। এটা যদি ম্যানডেটরি হিসাবে কারখানাটিকে প্রোটেকশন দেন তাহলে এর থেকে ১০-১২ কোটি টাকা উঠে আসতে পারবে এবং ৫২৭ জন শ্রমিকের রুজি-রোজগার হতে পারে। হাওড়ার কারখানাটিকে অধিগ্রহণ করছেন ভাল কথা কিন্তু সেই সঙ্গে সঙ্গে সুলেখা কারখানাটি অধিগ্রহণ করা উচিত। আজকে স্টেট পাবলিক সেক্টরগুলো বেনিয়মে চলছে, আপনারা মিনিমাম ওয়েজেসও দিতে পারছেন না। আপনাদের পক্ষে দেওয়া সম্ভব হচ্ছে না। মিনিমাম ওয়েজেস অর্থাৎ ন্যূনতম বেতন সেটাও আপনারা দিতে পারছেন না। আপনাদের ফিনান্সিয়াল মেমোরান্ডামে তার ব্যাপারে একটি কথারও উল্লেখ নেই। তাছাড়া প্রভিডেন্ট ফান্ড, ই এস আই বাবদ যে টাকা পাওয়ার কথা তা দেবেন কিনা

তার কোনও উল্লেখ নেই। ১৯৭৮ সালের পর থেকে সিটু ইউনিয়ন এদের প্রাপ্য অর্থ নিজেরাই খেয়ে ফেলছে এবং শ্রমিকরা বঞ্চিত হচ্ছেন। সুতরাং শ্রমিক কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ড, ই এস আই এবং অন্যান্য দেয় অর্থ আপনারা ফিরিয়ে দিতে পারবেন কিনা সেটা জানাবেন। তাছাড়া যাদের কাজ শেষ হয়ে গেছে অর্থাৎ রিটায়ার্ড লোকেদের জায়গায় আবার নতুন করে নেবেন কিনা সেটাও ভাবতে অনুরোধ করছি। ১৯৭৮ সালের পর থেকে প্রায় ৫০ পারসেন্ট লোক রিটায়ার করে গেছে, তার জায়গায় নতুন লোক নিয়োগ না করেন তাহলে কার্যত ওয়ার্ক লোড আরও বেশি বৃদ্ধি পাবে। এবং এটি অধিগ্রহণ করার পরে শ্রমিকরা যাতে তাদের প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি ঠিকমতো পান সেইদিকটা দেখবেন। তাছাড়া রিটায়ার্ড লোকেরা যাতে রিটায়ারমেন্ট বেনিফিট পান সেটা দেখবেন। রিটায়ার্ড করে গেছেন এমন বহু লোককে রিটায়ার্ড বেনিফিট এখনও দেননি, তারা যাতে অধিগ্রহণ করার পরে এর সুযোগ পায় সেই দিকটা দেখবেন।

[2-30 — 2-40 p.m.]

যদি আরও বেশি টাকা লাগে তাহলে দিতে হবে, টাকার সেখানে প্রয়োজনীয়তা আছে, অধিগ্রহণ করলে তার অ্যাসেট যেমন তেমন, তেমনি লিকুইডেশনও তার নিতে হবে। শ্রমিক কর্মচারিদের যে দাবি সেটাও আপনাকে নিতে হবে এটার ইঙ্গিত উনি দেননি। শুধু অধিগ্রহণ ছাড়া আর ১৮ লক্ষ ৭৬ হাজার টাকা ছাড়া তার ব্রেক আপ পর্যন্ত উনি দেননি। সেইজন্য এই প্রস্তাবগুলি আমি এখানে রাখলাম। বিশেষ করে সুলেখা ইঙ্ক সম্পর্কে আমাদের যেটা প্রস্তাব ছিল এই কারখানাটি একটি বাঙালি প্রতিষ্ঠান, এটা আজকে বন্ধ হয়ে আছে, প্রায় সাড়ে ৫০০ ওয়ার্কার এখানে আছে, এদের সম্পর্কে আপনারা যদি কোনও সঠিক চিন্তা-ধারা করে থাকেন এবং সেটা বলেন তাহলে এই অধিগ্রহণের বিলটার সম্পর্কে আমার আপত্তি থাকবে না। যদি আপনারা সেন্ট্রাল পাবলিক সেক্টার নিয়ে কথা বলেন তাহলে স্টেট পাবলিক সেক্টর নিয়েও আমাদের কিছু বলার আছে, ওদের ট্রেড ইউনিয়ন সম্পর্কে আমার অনেক কিছু বলার আছে। আজকে যদি ন্যূনতম মজুরি না দেয়, প্রভিডেন্ট ফান্ডের টাকা না দেয়, প্রভিডেন্ট ফান্ডের টাকা খেয়ে ফেলে সেইক্ষেত্রে অধিগ্রহণের যখন কথা ওঠে তখন আমাদের ঐ ঘর পোড়া গরুর মতো সিঁদুরের মেঘ দেখলে যেমন ভয় হয় তেমনি আমাদেরও ভয় হয় ঠিক চলবে তো? আমি জানি ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, ম্যাকিনটোশ বার্ন, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, এদের সম্পর্কে জানি বলেই সচেতন করে দিতে চাই অধিগ্রহণের জন্য অধিগ্রহণ করলেই হবে না, রাজনীতির জন্য যেন অধিগ্রহণ না হয়' এটা হচ্ছে শ্রমিক কর্মচারিদের রুটি রুজির প্রশ্ন। আমি আপনার কাছে কতকগুলি প্রশ্ন রাখলাম, এই প্রশ্নগুলির জবাব আমি আপনার কাছে থেকে চাচ্ছি, এই বলে বিলটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, দি গ্যাঞ্জেস প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরী লিঃ অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার অফ অ্যাসেটস বিল '৯৩ এটা মন্ত্রী মহাশয়, এখানে উপস্থাপিত করেছেন। এই বিলকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বিল আনার পিছনে যে কারণগুলি বর্তমান, সেই কারণগুলি আমি আপনার সামনে একটু উপস্থাপিত করতে চাই। গ্যাঞ্জেস প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরী লিঃ এটা এক সময় এশিয়ার মধ্যে সর্বশ্রেষ্ঠ কালি উৎপাদক হিসাবে পরিগণিত ছিল। কিন্তু ভারতবর্ষের শাসক শ্রেণী তারা তার অর্থনীতি এবং শিল্পনীতি ভারতে পুঁজিবাদী গঠন করার স্বার্থে যে ভাবে পরিচালনা করেছেন তার ফলশ্রুতি কিছু কিছু কলকারখানার মতো এই কারখানাটিও দুর্বল হয়ে পড়েছিল এবং মালিকরা তারা এই কারখানাটি ৭৮ সালে ক্লোজ করে দেয়, ক্লোজ ফ্যাক্টরী হিসাবে পরিগণিত হয়। এই কারখানার যা শ্রমিক ছিল এখন বর্তমানে ১৫০ জনের মতো শ্রমিক কর্মচারি আছেন কলকাতার হেড অফিসে এবং আমাদের হাওড়া জেলার শিবপুর এলাকায়। এই গ্যাঞ্জেস প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরী লিঃ এই দুইটি মিলে ১৫০-এর মতো শ্রমিক কর্মচারি সেখানে আছেন, এরা কর্মচ্যুত হয়ে পড়েন এবং এটাকে ওয়াইন্ড আপ করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে মালিক পক্ষ এবং হাইকোর্টও এই ব্যাপারে '৭৮ সালে একটা নির্দেশ দেন। কলকাতার হাইকোর্ট নির্দেশ দিলেন যখন তখন ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি গঠন করেন এবং এটাকে তারা রেজিস্ট্রি করেন। এবং তারপর তারা হাইকোর্টের কাছ থেকে লাইসেন্সী হিসাবে নিজেদের রেজিস্ট্রি করান এবং ১৯৯০ সালে এই কোম্পানি ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটিতে তারা ২৫ হাজার টাকা করে এই অ্যাসেট রেন্ট দিয়ে এই কালি উৎপাদন অব্যাহত রাখে এবং বর্তমানে এই টাকার পরিমাণ কমে ১৫ হাজার টাকা করা হয়েছে। এখন আমরা দেখতে পাচ্ছি যে হাইকোর্টের কাছে তাদের এই লাইসেন্সকে রিনিউ করতে হয় এবং এর ফলে একটা স্টেডি প্রোডাকশন, স্মুথ রানিং অফ দি ফ্যাক্টরি, এটা করা সম্ভব হচ্ছে না। তাই ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি তারা যদি এটাকে অধিগ্রহণ করেন, জাতীয়করণ করেন তারজন্য তারা সরকারের কাছে এটা উপস্থাপন করেন। সেই অনুযায়ী স্টেট গভর্নমেন্ট বিভিন্ন খাতে তাদের অর্থনৈতিক সাহায্য দিয়ে বর্তমানে রাজ্য সরকার ব্যাঙ্কের গ্যারান্টার হিসাবে দাঁড়িয়ে ২ কোটি ১৫ লক্ষ টাকা ক্যাপিটাল এই কারখানা পরিচালনার জন্য দেওয়া হয়েছে। ব্যাঙ্কের কাছ থেকে ঋণ হিসাবে এই টাকাটা নেওয়া হয়েছে এবং পশ্চিমবঙ্গ সরকার তার গ্যারান্টার হয়েছে। যদি সুন্দরভাবে এই ফ্যাক্টরি পরিচালনা হতে পারে এবং এখানকার উৎপাদনকে বৃদ্ধি করা যেতে পারে এবং এখানকার কর্মচারিদের চাকরি যদি স্থায়ি থাকে এবং নতুন বেকার যুবকদের যদি এখানে চাকরি দেওয়া যায় এই উদ্দেশ্য নিয়েই এই বিল মন্ত্রী মহাশয় এনেছেন। সুব্রতবাবু আই. এন. টি. ইউ. সি করেন, কিন্তু মাঝে মধ্যে কেন্দ্রীয় সরকার সিক ইন্ডাস্ট্রিগুলো বন্ধ করে দিচ্ছেন এবং আরও ৬৫ হাজার কারখানা রুগ্ন হয়ে যাবে। এই হল কেন্দ্রীয় সরকারের শিল্প নীতি এবং যে শিল্পগুলো বেঁচে আছে সেগুলোর অবস্থাও ভয়াবহ। সেগুলোকে লাভজনক

করে তুলতে একজিট পলিসি তারা সেখানে শুরু করছে, গোল্ডেন শেক হ্যান্ড তারা শুরু করেছে। সামান্য কিছু টাকা দিয়ে সেখানকার শ্রমিক-কর্মচারিদের কমিয়ে দেওয়া হচ্ছে। সেখানে বিদেশ থেকে কম্পিউটারাইজড, সফিসটেকেটেড মেসিন এনে তারা চেষ্টা করছে পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করবার জন্য পুঁজিপতিদের স্বার্থেই কেন্দ্রর কংগ্রেস সরকার পরিচালিত হয়। মুনাফা কি করে আরও বাড়ানো যায় সেই ব্যাপারে তারা চিন্তা-ভাবনা করে। কিন্তু বামফ্রন্ট সরকার ঠিক তার বিপরীত। শ্রমিক-কর্মচারিদের স্বার্থেই আজকে বামফ্রন্ট সরকার আছে, খেটে-খাওয়া মানুষ শ্রমজীবী মানুষ তাদের স্বার্থেই তারা কাজকর্ম করছে।

সুব্রতবাবু জিজ্ঞাসা করছেন যে সুলেখা কোম্পানি বন্ধ কেন? এ কথাটা তো আপনার কেন্দ্রীয় সরকারকে জিজ্ঞাসা করা দরকার। কেন্দ্রীয় সরকারের তো অনেক টাকা আছে, টাকা ছাপাবার কারখানাও আছে, বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফ থেকে ঋণ নেওয়ার অধিকারও আছে কিন্তু রাজ্য সরকারগুলির তো তা নেই। তাহলে কেন কেন্দ্রীয় সরকার রুগ্ন কারখানাগুলির ব্যাপারে ব্যবস্থা নিয়ে লক্ষ লক্ষ কর্মচারির বাঁচার ব্যবস্থা করে দেবেন না? সুব্রতবাবুরা মাঝে মাঝে শিল্প ধর্মঘটে অংশ গ্রহণ করেন আই. এন. টি. ইউ. সি. অংশ গ্রহণ করেন, এটা শ্রমিক কর্মচারিদের বিভ্রান্ত করার জন্য করেন কিনা জানি না। তাদের মধ্যে এ ব্যাপারে কতটুকু সততা এবং নিষ্ঠা আছে আমি জানি না কারণ তা যদি থাকত তাহলে নিশ্চয় তারা এখানে শুধু বক্তৃতা করার পরিবর্তে কেন্দ্রীয় সরকারকে বলতেন যে পশ্চিমবঙ্গের ব্যাপারটা দেখুন। শুধু পশ্চিমবঙ্গ নয়, মহারাষ্ট্র, গুজরাটের কি অবস্থা? এই যে এন. টি. সি'র লক্ষ লক্ষ শ্রমিক ছাঁটাই হয়ে যাচ্ছেন সে ব্যাপারটা তো বলতে পারতেন। সারা ভারতবর্ষে এই যে পৌনে তিন লক্ষ কারখানা বন্ধ এবং তারমধ্যে পশ্চিমবঙ্গের কারখানাওআছে, যে সব কথা বলছেন না কেন কেন্দ্রীয় সরকারকে?

(**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ১৯ তারিখে ধর্মঘট ডেকেছি।)

only to Create illusion.

ইলিউশন সৃষ্টি করার জন্য করেছেন।

(শ্রী অম্বিকা ব্যানার্জি) বিল সম্বন্ধে বলুন।

আপনার গাত্রদাহের কোও কারণ নেই, বিল সম্বন্ধে বলেছি এবং বলব। এমন কথা হ'ল, সুব্রতবাবুরা এই যে সমস্ত লোক দেখানো আন্দোলন করছেন এতে কংগ্রেসের মধ্যে কেউ কেউ আছেন যারা তাকে এটা আনপার্লামেন্টারি কিনা জানিনা—তরমুজ বলে আখ্যা দেন—বাইরে সবুজ ভেতরে লাল। এইসবের জন্যই কিনা জানিনা ২২ তারিখে মঞ্চ ভেঙ্গে তাকে নিগৃহীত করার চেষ্টা হয়েছিল এবং তার প্রতিক্রিয়াতে যিনি এখন চিৎকার করছেন

হাওড়া জেলার কংগ্রেসের সভাপতি, তিনি এই কাজটা করিয়েছিলেন এটা সমস্ত কাগজে দেখেছি। তারজন্যই আমরা দেখতে পেলাম যে তার প্রতিক্রিয়া ঘটল, ওখানকার যুব কংগ্রেসের সভাপতিকে খুন, ভোজালি দিয়ে টেনে দেওয়া। এটা কোন জায়গায় ঘটল? ঘটল এর আগে সুব্রতবাবুদের দলের যিনি সভাপতি ছিলেন যাকে ডিসচার্জ করে, যাকে আসন থেকে সরিয়ে দিয়ে, বর্তমানে যিনি আহত হয়েছেন, যিনি এসেছেন সেখানে। তারপর ওরা সেখানে বিশৃঙ্খলার সৃষ্টি করলেন ৭ ঘন্টা ধরে অম্বিকাবাবুরা সাউথ ইস্টার্ন রেল বন্ধ করে রাখলেন। জনগণের বিরুদ্ধে আপনারা যুদ্ধ ঘোষণা করতে পারেন কিন্তু আমরা বলব, তা না করে এই বিল সমর্থন করুন এবং শ্রমিক কর্মচারিরা যাতে খেয়ে পরে বাঁচতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয় যে 'দি গাঞ্জেস প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরি লিমিটেড (অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার অব অ্যাসেটস) বিল, ১৯৯৩ এনেছেন এ সম্বন্ধে কয়েকটি কথা বলছি। স্যার, ১৯৭৫ সাল থেকে এই ইঙ্ক ফ্যাক্টরি কর্মীরা চেষ্টা চালিয়ে যাচ্ছেন এটা টেক ওভার করার জন্য। দেরিতে হলেও এটা অধিগ্রহণ করার যে প্রস্তাব এসেছে তা আমি সমর্থন করছি। স্যার, আপনি জানেন, বর্তমানে বেকারত্ব দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এবং সেই সঙ্গে সঙ্গে অভাব অনটনের যুগ চলে এসেছে, তার থেকে অন্তত কিছুটা রেহাই যাতে পেতে পারে এই কনসিডারেশনে এই বিলকে সমর্থন করছি। যদিও কোম্পানির ভেতরে এত দূরবস্থা, এত মিস-ম্যানেজমেন্ট, লায়েবলিটি এবং এত করাপশন এর ভেতরে রয়েছে, সেদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে দু-একটি কথা বলতে চাই। এই বিলের আট নং অনুচ্ছেদে বলেছেন ট্রান্সফার অব অ্যাসেট্স অব দি কোম্পানি ফ্রম দি একজিস্টিং গভর্নমেন্ট, সেখানে আমি আমাদের মাননীয় সদস্য সুব্রত মুখার্জির কথা অনুসরণ করে বলতে চাই যে গেজেট আপনি দিয়েছেন, সেটা এত ভেগ যে তার থেকে কিছুউই বোঝা যায় না। এতে অনেক ভুল তথ্য রয়েছে এবং বাইরে থেকে যে তথ্য পেয়েছি, সেটা আপনি দিতে সমর্থ হননি। তাই আমার সাজেশন হল, অধিগ্রহণ করার আগে যে বিরাট লায়েবিলিটি কোম্পানির রয়েছে, সে সম্বন্ধে কে দায়িত্ব নেবে সেটা ভাল করে ভাববেন। এখানে বিভিন্ন শ্রেণীর শ্রমিক কর্মচারি কাজ করেন তাদের মধ্যে সিটু আছে, আই. এন. টি. ইউ. সি. আছে তাই ট্রান্সফার অব অ্যাসেট্স অব দি কোম্পানি ফ্রম দি একজিসটিং গভর্নমেন্টের পরিপ্রেক্ষিতে বলতে চাই, তখন এমপ্লয়িদের যে লায়েবিলিটি ছিল সেটা কে দেবে? এটা আপনাদের ভাবতে বলছি। কেননা এমন কিছু জিনিস, যেটা না দিলে সরকারি নিয়মে পেনালাইজ হয় এবং ক্রিমিন্যাল প্রসিডিংস ড্র করা যায়। যেমন প্রভিডেন্ট ফান্ড, সেখানে টাকার পরিমাণ হল ১৩ লক্ষ ৫০ হাজার টাকা। গ্রাচুয়িটির পরিমাণ হল ১৭ লক্ষ ২৮ হাজার টাকা। কমপালসারী ডিপোজিট স্কীম ৫২ হাজার টাকা, স্যালারি প্রায় ৬ লক্ষ ৬৭ হাজার টাকা। এই লায়েবিলিটি কে নেবে? লিকুইডেশনে যখন

গেলে তখন ব্যাঙ্ক ওভার ড্রাফট ছিল ২০ লক্ষ টাকা। ইনকাম ট্যাক্স আউটস্ট্যান্ডিং ছিল ১ লক্ষ ৬৯ হাজার টাকা, এছাড়া আরও কতকগুলো ব্যাপার ছিল, যেমন আনক্লেম্‌ড ডিভিডেন্ট ইত্যাদি। সেল্‌স ট্যাক্স বাকি ছিল ৪ লক্ষ ২৪ হাজার টাকা, এটা আফটার লিকুইডেশন। সান্ড্রি ক্রেডিটার্স কিছু ছিল, গরিব মানুষের টাকা, সেটা কে দেবে? লিভ স্যালারি, মেডিক্যাল ইত্যাদিতে ৫ লক্ষ টাকার মতো ছিল। এছাড়া গ্রাচুয়িটি এবং অন্যান্য অনেক জিনিস ছিল, সব মিলিয়ে টোটাল দাঁড়াল ৬৯ লক্ষ ৬৭ হাজার টাকা। আমি পরিষ্কারভাবে জানতে চাই, আপনি এই সমস্ত লায়েবিলিটি নেবেন তো?

[3-00 — 3-10 p.m.]

এটা লিকুইডিশনে গেলেও বছরে ১৫ হাজার টাকা ভাড়া দিতে হচ্ছে। এই টাকাটা অন্তত বাঁচবে। আমি মন্ত্রী মহাশয়ের জ্ঞাতার্থে বলতে চাইছি, যে কোনও রাজনৈতিক উদ্দেশ্যে আপনি এটা নিন না কেন, এই কোম্পানি কোনও দিনই ভায়েবল হবে না। এখানে এক সময় অনেক কর্মি কাজ করতেন। 'গ্যাঞ্জেস ইন্‌ক' এক সময় সারা ভারতবর্ষের এক নং ইন্‌ক কারখানা ছিল। সেই সুন্দর কারখানাটি তিল তিল করে নষ্ট হয়ে গেল। মিস্-ম্যানেজমেন্ট, কোরাপ্ট ম্যানেজমেন্ট এবং লেবারর্দের ওয়ার্ক কালচার নষ্ট হয়ে যাওয়ার ফলে 'গ্যাঞ্জেস ইন্‌ক'-এর মতো একটা সুন্দর কারখানাকে লিকুইডিশনে যেতে হ'ল। বর্তমানে সেটা গভর্নমেন্টের ঘাড়ে চেপে রয়েছে। আমি যতদুর জানি এর আগে যিনি ম্যানেজিং ডাইরেক্টর ছিলেন তিনি বিভিন্ন সোর্স থেকে ফাইনান্সিয়াল অ্যাসিস্টেন্স হিসাবে ২০ কোটি টাকা এনেছিলেন, কিন্তু সেই ২০ কোটি টাকা কি ভাবে খরচ হয়ে গেল তা কেউ জানেন না। কারখানাটি আজ ১১ বছর কো-অপারেটিভ-এর হাতে আছে, আজ পর্যন্ত সদস্যদের কাছে ব্যালেন্সশীট দেওয়া হয়নি। প্রতিটি কর্মি নিশ্চয়ই এই কো-অপারেটিভ সোসাইটির সদস্য এবং প্রত্যেকেরই হিসাব-নিকাশ জানার অধিকার আছে। কিন্তু স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন গত ১১ বছর ধরে কো-অপারেটিভ সোসাইটির কোনও সাধারণ সভা বা মিটিং হয় নি। কোনও ব্যালান্সশীট কর্মিরা দেখবার সুযোগ পায়নি। সুতরাং 'গ্যাঞ্জেস ইঙ্ক'-এর অ্যাকচ্যুয়াল পজিশন কি তা সাধারণ কর্মিরা জানে না। সিটুর নেতৃত্ব সেটাকে চালাচ্ছেন এবং এ অঞ্চলের বহু কলকারখানায় তাঁরা শ্রমিকদের বিভিন্ন আন্দোলনের নেতৃত্ব দিচ্ছেন। সে সমস্ত কারখানায় যে নেতারা মালিকদের গলা চেপে ধরে গ্র্যাচ্যুইটি, প্রভিডেন্ট ফান্ড থেকে শুরু করে বিভিন্ন দাবি দাওয়া আদায় করছে সেই নেতারাই নিজেদের পরিচালনাধীন গ্যাঞ্জেস ইঙ্ক কারখানা শ্রমিকদের কোনও সুযোগ-সুবিধাই দিচ্ছেন না। যে লোক অন্য জায়গায় নেতাগিরি করছে সে লোক নিজের জায়গায় শ্রমিকদের ন্যূনতম চাহিদাটুকুও মেটাচ্ছে না। এ কথা ঠিক আজকে ওখানে টাকা ঢালতে না পারলে—ট্যাক্স বাদ দিয়ে অন্তত ২৫/৩০ লক্ষ টাকার ক্যাপিটল ইনভেস্টমেন্ট যদি না হয়, র' মেটিরিয়াল কেনার জন্য যদি টাকা না দেওয়া হয়, খানিকটা মডার্নাইজেশন

যদি না হয়, তাহলে আর কারখানাটি চলবে না, একদম বন্ধ হয়ে যাবে। সুব্রতবাবু ইতিমধ্যেই বলেছেন যে, সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়ে পড়েছে। টালমাটাল অবস্থার মধ্যে শ্রমিকরা দিন কাটাচ্ছে। এখানে অতীতে অনেক অভিজ্ঞ সেল্‌স-ম্যান ছিলেন, তাঁরা বেশিরভাগই চলে গেছেন। তাঁরা নিজেরাই এক-একটা ব্যবসা শুরু করে দিয়েছেন। তাঁদের মধ্যে দু'একজন খুব ভাল ব্যবসা করছেন। তাদের এক একজনের টার্নওভার গ্যাঞ্জেস ইনকের টার্ন ওভারের চেয়ে বেশি। এটা মন্ত্রী মহাশয়ের জেনে রাখা উচিত। গাঞ্জেস ইনকের কোয়ালিটির যে সুনাম ছিল তা আজ সম্পূর্ণভাবে বিধ্বস্ত হয়ে গেছে। কারণ এ সব কোম্পানিতে কোয়ালিটি কন্ট্রোল করার জন্য ভাল কেমিস্ট দরকার, তা এখন আর নেই। স্টেজ বাই স্টেজ যে ইন্সপেকশন দরকার, তা এখন আর হচ্ছে না। সাধারণ কর্মিরা একদম ফ্রাসট্রেটেড হয়ে গেছে। তাঁদের কোনও কিছুতেই আর ঝোঁক নেই। হঠাৎ হঠাৎ অর্ডার আসে এবং কর্মিদের বলা হয়,—এখনই দিতে হবে। প্রত্যেক জিনিস প্রস্তুত করার জন্য একটা নির্দিষ্ট সময়ের প্রয়োজন হয়, একটা সাইকেলের প্রয়োজন হয়, সে সময় না দিলে কোয়ালিটি নষ্ট হয়ে যায়। এখানে কোয়ালিটি নষ্ট হয়ে গিয়ে প্রায় ৫০ লক্ষ টাকার মাল ফেরত এসেছে। এর জন্য দায়-দায়িত্ব কার? এর ফলে কোম্পানির লোকসানের পরিমাণ এমন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে, সেটা কোম্পানির অ্যাসেট-এর চেয়েও বেশি এবং সেটা এখন লায়েবিলিটি হয়ে আছে। আমি খানিকটা তুলে ধরতে চাই। এখানে একটা দেওয়া আছে অ্যাসেটস লিস্ট। এখানে দেখা যাচ্ছে বিল্ডিং যখন পারচেজ করা হয়েছিল তখন তার ভ্যালু ছিল ৪ লক্ষ ৪৯ হাজার ৯৯৩ টাকা। আমি বুঝতে পারছি না। বিল্ডিং-এর যেখানে বর্তমান দাম অ্যাপ্রিসেয়েট করছে, সেখানে বুক ভ্যালু দেখানো হয়েছে ৩০ হাজার ৮০০ টাকা। কেন এইভাবে দেখানো হল আমি জানি না। ডেপ্রিসেয়েশন হয়, যেমন ফারনিচারের ক্ষেত্রে দেখাতে পারেন যে, হ্যাঁ ডেপ্রিসিয়েশন দেখানো হয়েছে, কিন্তু সেই হারে এখানে দেখানো উচিত নয়। ডেপ্রিসিয়েশন হলেও ভ্যালু হওয়া উচিত ছিল। গ্যাঞ্জেস ইঙ্ক-এ ৫ লক্ষ ৩৪ হাজার টাকার ফারনিচার দেখানো আছে। আমি জানি না, এইসব রেকর্ড আপনার কাছে আছে কিনা? সেটা এখানে দেখানো হয়েছে ১ লক্ষ ১ হাজার টাকা। মেশিনারির ক্ষেত্রে আমি বুঝলাম ডেপ্রিসিয়েশন হয়। ৮ লক্ষ ২৮ হাজার টাকার মেশিন। সেটা এখানে দেখানো হয়েছে ১ লক্ষ ৭৩ হাজার ৩৭০ টাকা। এই যে ডেপ্রিসিয়েশন এটা স্টান্ডার্ড ডেপ্রিসিয়েশন করেছেন, কিন্তু আমার কথা হচ্ছে, যে সব মেশিনারি আছে সেগুলি অলমোস্ট স্ক্রাব। এই কারখানাকে ঠিকভাবে যদি চালু করতে হয় তাহলে মডার্ন মেশিনারি কিনতে হবে, এগুলি এমন কিছু কস্টলি মেশিন নয়। মডার্ন মেশিন এখানে কিছু কিছু আছে। সেগুলিকে কিছু কিছু কাজে লাগতে পারে। এ ছাড়া কিছু মেশিন আছে যেগুলি অবসোলেট হয়ে গেছে। সেগুলিকে রিপেয়ার করে চালু করতে পারলে গেইন করবেন। ল্যান্ডের দাম ২০ গুন বেড়ে গেছে। এখানে ভ্যালু দেখানো হয়েছে ৪২ হাজার ৮৯৮ টাকা। আমরা তো দেখছি সাহেবদের যুগে আছি। এটা এখন কয়েকগুণ ভ্যালু হবে। এই যে গেঁড়াকল এটা আমি বুঝতে পারলাম

না। এর সাথে সাথে আরও অনেক ল্যান্ড আছে, যেমন বেলগাছিয়ার ল্যান্ড, এখানে ভ্যালু দেখানো হয়েছে ২ লক্ষ ২৫ হাজার টাকা। কিন্তু সেটা এখানে দেখানো হয়েছে ২ লক্ষ ২৫ হাজার টাকা। আমি এর মানেটা বুঝতে পারলাম না। বোটানিক্যাল গার্ডেনের কাছে মস্ত বড় ল্যান্ড আছে। আমি জানি, তার ভ্যালু হবে ২০ লক্ষ টাকা। কিন্তু এখানে কিছু লেখা নেই। সুতরাং এখানে ল্যান্ডের ব্যাপারে বিভ্রান্ত করা হয়েছে। আপনার এখানে ল্যান্ড প্রপার্টি যা দেখানো হয়েছে বর্তমান ভ্যালু ধরলে তার চেয়ে ২০ গুণ দাম বেশি হবে। এখানে এইভাবে কেন দেখানো হল আমি জানি না। হাইকোর্টের অর্ডারের কথা নিশ্চয়ই আপনার জানা আছে। এর আগে ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্টের কাছ থেকে টাকা নিয়েছেন, বিভিন্ন ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছ থেকে টাকা নিয়েছেন। এখানে যখন জিজ্ঞাসা করেছিলাম—ফিনান্সিয়াল ইনস্টিউশনের কাছ থেকে টাকা নিতে পারছেন না কেন? আর জবাবে পরিষ্কার বলেছেন কয়েক কোটি টাকা নিয়েছেন। এখন গ্যাঞ্জেস প্রিন্টিংকে এমন একটি জায়গায় নিয়ে গেছেন, আর কোনও ফিনান্সিয়াল ইনস্টিটিউশন টাকা দেবে না। যেহেতু ওয়েস্টবেঙ্গল গভর্নমেন্ট গ্যারেন্টার ছিল সেইজন্য এই টাকা পেয়েছেন, কিন্তু বর্তমানে আর টাকা দেবে না। সুতরাং চালাবেন কিভাবে? এই কথা চিন্তা করে অধিগ্রহণ করুন। এখানে দেখানো হয়েছে লোন ওভারড্রাফ্ট টেকেন। এলাহাবাদ ব্যাঙ্ক থেকে টাকা নিয়েছেন, ইউনাইটেড ইন্ডাস্ট্রিয়াল ব্যাঙ্ক থেকে টাকা নিয়েছেন অর্থাৎ লোন নিয়েছেন, এ ছাড়া ফিনান্সিয়াল ইনস্টিটিউশন-এর কাছ থেকেও লোন নিয়েছেন। সেগুলির ক্যাশ লোন হচ্ছে ৮ লক্ষ ৩৭ হাজার টাকা। টার্ম লোন ৩৬ লক্ষ টাকা। আর টার্ম লোন দ্বিতীয়বারে নিয়েছেন ১৭ লক্ষ ৯৮ হাজার টাকা। আপনার টার্ম লোন ১৭ লক্ষ ৯৮ হাজার টাকা। দ্বিতীয় বারে লোন ফ্রম গভর্নমেন্ট অফ ওয়েস্টবেঙ্গল ১৩ লক্ষ ৫৫ হাজার। এই রকম করে স্টক ইন ট্রেড ইত্যাদি সব রকমে আমরা কি দেখছি? আপনার অ্যাকুমুলেটেড লস আড়াই কোটি টাকার উপর এবং যা শুনছি—আমরা ভিতরের ব্যাপার জানিনা—ব্যালান্স শীটে যা দেখতে পাচ্ছি আপনার অ্যাসেটের চেয়ে লায়াবিলিটি আড়াই-তিন কোটি টাকা বেড়ে যাচ্ছে। আপনি সরকারি অধিগ্রহণ করলে কিছু লোককে আইনত ফাঁকি দিতে পারবেন কিন্তু এথিকেলী সেটা ভেরি রং বলে মনে করি। যদি পুরনো লায়াবিলিটিগুলিতে ছুঁড়ে ফেলে দেন তার মধ্যে প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ই. এস. আই. ইনক্লুডিং মাইনে বাদ দিলেও দু থেকে আড়াই কোটি টাকার মতো এবং আজকে যে টার্ন ওভারে যে লোন আছে সেই লোকের তুলনায় আপনার টার্ন ওভার নাম মাত্র। একটা ছোট স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ এক কোটি টাকার বেশি সেল হয়, অনেক স্মল স্কেল ইন্ডাস্ট্রি আছে আপনার ওখানে যতদূর শুনেছি ৮০টা লোক কাজ করছে, বহু লোক ছাঁটাই হয়ে গেছে ৮০/৮৫ জন আছে এত বেশি ওভারহেড আপনার হেড অফিসে আপনি গেছেন, দেখলে আমার মনে হয় হেড অফিসে কিছু না হলেও ৫০ কোটি টাকা মিনিমাম টার্ন ওভার না হলে তাদের ঐ স্ট্যান্ডার্ডের অফিস হয় না। ৮০/৮৫টা লোক যেখানে ফ্যাক্টরিতে কাজ করে

সেখানে ৩০/৩৫ হেড অফিসে কাজ করে। আপনার হেড অফিস যদি প্রফেশনাল ম্যানেজমেন্ট না নিয়ে আসেন বেটার কেমিস্ট না আনেন তাহলে আপনার quality control and in every stage proper inspection. কোয়ালিটি কন্ট্রোল যদি না করতে পারেন তাহলে ইউ আর ডুম। আমরা জানি যদিও ৫০ লক্ষ টাকার বেশি না আসে কোম্পানির লোকসান হয় রেপুটেশন নষ্ট হচ্ছে যাদের জন্য রেপুটেশন নষ্ট হচ্ছে পুট দেম ইন্টু ট্যাঙ্ক। যদি সরিয়ে দিতে না পারেন তাহলে এই কোম্পানি ভায়াবেল হতে পারে না। যে কোম্পানি তাতে তার টার্ন ওভার, টোটাল টার্ন ওভার যে ওয়েজেস আছে ১২ টু ৩০ পারসেন্ট আপনার ওয়েজেস হচ্ছে আবার ৩০ পারসেন্ট, কোম্পানিকে বাঁচাবেন কি করে? দুটো রাস্তা আছে। একটা হচ্ছে absolutely professional management ওভার হেডহলে এফিসিয়েন্ট ম্যানেজমেন্ট রাখতে হবে। এর সঙ্গে একজন শ্রমিক ছাঁটাই না করে আমরা জানি গ্যাঞ্জেস ইংকের শ্রমিকরা যে ইউনিয়নই করুক না কেন তারা অত্যন্ত দক্ষ। আমি জিজ্ঞাসা করেছিলাম তোমাদের মাল কি করে রিজেক্টেড হয়? তারা বলল আমাদের কাছে অর্ডার নিয়ে আসে, র-মেটিরিয়েলস আমাদের এখানে ল্যাবরেটরিতে থাকা সত্ত্বেও টেস্ট করার লোক নেই। তারপর রিসাইকেল করার যে সময় দরকার সেটা দেওয়া হয় না। মিকসিং হিটিং এর যে টাইম দরকার সেটা যদি না দেন তাহলে কোয়ালিটি স্বাভাবিকভাবেই নিম্নমানের হবে। এর সঙ্গে সঙ্গে রিজেকশন মেমোর যে রিপোর্ট আসছে তার কোনও কারণ আছে কিনা দেখুন। কোনও সময় কোয়ালিটি রিজেকশন হচ্ছে, কোথাও বিক্রি বেশি করার জন্য ৫ প্যাকেটের জায়গায় ১০ প্যাকেট মাল দেওয়া হচ্ছে। কোনও জায়গা থেকে অর্ডার না পেলেও মাল পাঠিয়ে দেওয়া হচ্ছে সে মাল ফেরত আসছে, তাতে আপনার এক্সাইজ ডিউটি লাগছে। ফ্রাইট নিয়ে আসতে হচ্ছে, এর জন্যই কোম্পানির প্রচুর লোকসান হচ্ছে।

এইসব গ্যাপ যদি ভরাট না করতে পারেন, বিশেষ করে ওভার হেড যদি কমাতে না পারেন, টেকনিক্যাল লোক যদি না থাকে, যদি ওয়ার্কারদের ঠিকভাবে কাজে লাগাতে না পারেন, ঠিকমতো র-ম্যাটেরিয়ালস যদি ওয়ার্কারদের সরবরাহ করতে না পারেন, যদি অর্ডার না এনে দিতে পারেন, তাহলে কি করে কোম্পানিটা বাঁচবে? ঐ কোম্পানির নাকি বাজারে ৩০।৪০ লক্ষ টাকা পাওনা আছে। টাকাটা ৮-১০ বছর ধরে পড়ে আছে, রিয়েলাইজ করতে পারছেন না। এসব বন্ধ করতে পারলে কোম্পানিটা আবার ভায়াবেল হবে। এই কথা বলে অধিগ্রহণের প্রস্তাবকে সমর্থন করে, প্রস্তাবটা আনার জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী মনোহর তিরকি :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী 'দি গ্যাঞ্জেস প্রিন্টিং

ইঙ্ক ফ্যাক্টরী লিমিটেড' অধিগ্রহণ বিল যা এখানে এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গির পার্থক্যটা পরিলক্ষিত হয়েছে। আজকে তাঁরা যখন নতুন শিল্পনীতি এবং বিদায় নীতি চালু করেছেন তখন এখানে কি করে একটি ইন্ডাস্ট্রিকে বাঁচাতে হয় সেই দৃষ্টিভঙ্গিটা প্রতিষ্ঠিত হয়েছে। কি করে একটা ইন্ডাস্ট্রিকে ভায়াবেল করা যায়, শ্রমিকদের বাঁচানো যায় সেটা প্রতিষ্ঠিত হয়েছে। এই কোম্পানিকে ১৯ লক্ষ টাকা দেওয়া হয়েছিল। এখানে ১৫০ জন শ্রমিক কাজ করেন। তবে কি করে একটি কারখানা বন্ধ হয় সে ব্যাপারে চিন্তাধারা থাকা উচিত, তা না হলে ম্যানেজমেন্ট হাতে নেবার কিছুদিন পরে আবার সেটা বন্ধ হয়ে যেতে পারে। কারণ অতীতেও দেখেছি, অনেক কারখানা অধিগ্রহণের পর আবার সেটা আস্তে আস্তে বন্ধ হয়ে গেছে। আজকে মালিকপক্ষকে যে টাকা-পয়সা দেওয়া হবে সেক্ষেত্রে অ্যাসেসমেন্টটা যেন ঠিকমতো করা হয়। আশা করি সরকার এই ব্যাপারে নজর রাখবেন। উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে এইরকম একটি কারখানা—পাইওনিয়ার ভেনার (প্রাইভেট) লিমিটেড, সেটা তিন বছর হল বন্ধ হয়ে রয়েছে। ঐ কারখানায় ২১০ জন কাজ করেন। তিন বছর ধরে চেষ্টা করবার পরও কিছু হল না। ঐ কারখানার ৫ জন শ্রমিক না খেতে পেয়ে মারা গেছেন। ঐ কারখানাকে সরকার পক্ষ থেকে ৭০ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, লেবার কোর্টে কেসও হল এবং স্থানিয় এন্টারপ্রেনিওররা চেষ্টাও করলেন, কিন্তু ওয়েস্ট বেঙ্গল ফিনান্স কর্পোরেশন কোনও রকম সাহায্য করেননি। কোনও ইন্ডাস্ট্রি চালাবার ক্ষেত্রে ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি অবশ্যই থাকবে, কিন্তু মডার্নাইজেশনের নামে শ্রমিক ছাঁটাই যাতে না হয় সেটা দেখতে হবে। তবে কোয়ালিটির দিকে অবশ্যই নজর রাখতে হবে। আজকে এই প্রিন্টিং ইঙ্ক কারখানার কর্মচারিরা যাতে তাদের গ্র্যাচুইটি এবং প্রভিডেন্ট ফান্ডের টাকা পান এবং তাদের সার্ভিস কনটিনিউটি যাতে বজায় থাকে সেটা দেখতে হবে। তবে সরকার যেমন তাদের সঙ্গে সহযোগিতা করবেন, ঠিক তেমনিভাবে তাদেরও সরকারের সঙ্গে সহযোগিতা করতে হবে। আবার পশ্চিমবঙ্গ সরকার যাতে সারা ভারতবর্ষের কাছে নজির সৃষ্টি করতে পারে। সিক ইন্ডাস্ট্রি নিয়ে সরকারি পরিচালনায় আজকে লাভজনক করে তুলেছে, শ্রমিক কর্মচারিরা আজকে বেঁচে থাকতে পারছে, এই যে প্রচেষ্টা নেওয়া হয়েছে, সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন, তার জন্য তাকে এবং বামফ্রন্ট সরকারকে আমি অভিনন্দন জানাচ্ছি। অম্বিকাবাবুর বক্তৃতা আমি শুনেছি। অম্বিকাবাবু যে শ্রেণীর প্রতিনিধিত্ব করেন তাতে তিনি খুশি হতেন এই কারখানাটা উঠে গেলে। কিন্তু এখানে বলার অসুবিধা আছে, কারণ প্রেসের লোক আছে, শ্রমিকরা আছে, তারা শুনতে পাবেন, এলাকায় ফিরে যেতে পারবেন না। তাই, শেষ করেছেন অভিনন্দন জানিয়ে। উনি যে অভিনন্দন জানিয়ে শেষ করেছেন তারজন্য আমি তাকে অভিনন্দন

জানাচ্ছি। উনি বলেছেন যে কারখানাটি রুগ্ন হয়ে গেল। কি করে হচ্ছে? আপনি জানেন যে এটা আগরওয়ালাদের কারখানা ছিল। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনেক টাকা মেরে দেবার পরে এই কারখানাটি দুর্বল হয়। আপনাদের কেন্দ্রীয় সরকার আইন করেছেন—ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, কোম্পানি'স অ্যাক্ট, এই সব আইন আপনারা করেছেন এবং তাতে মালিকদের চুরি-চামারি করার ব্যবস্থা পর্যাপ্ত পরিমাণে রেখে দিয়েছেন। আর যে ব্যবস্থা আছে তার জন্য মালিকরা যে দায়ি তার জন্য রিজার্ভ ব্যাঙ্কের যে স্ট্যাটাস পেপার আছে তাতে বারবার বলা হয়েছে যে কারখানা শ্রমিকদের জন্য উঠে গেছে। এইরকম কারখানার সংখ্যা হচ্ছে একশো ভাগের দুই ভাগ। আর মালিকদের জন্য, তাদের দুর্নীতির জন্য রুগ্ন হয়েছে, এই রকম সংখ্যা হচ্ছে ৯৮ শতাংশ। এই গ্যাঞ্জেস প্রিন্টিং ইঙ্ক ফ্যাক্টরী লিমিটেড, এই ধরনের একটা কারখানা। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অভিনন্দন জানাবো, সেখানে যে সংখ্যাই কাজ করুক না কেন, একে রক্ষা করার জন্য। শ্রমিকদের পক্ষে থাকার যে দৃষ্টিভঙ্গি, সেই শ্রেণী দৃষ্টিভঙ্গি থেকে বামফ্রন্ট সরকার পরিচালিত হচ্ছে। এর জন্য ওদের গাত্রোদাহ হতে পারে, ওরা চিৎকার করতে পারেন, নেগেটিভ দিক তুলে ধরে এই বিলের উদ্দেশ্যকে নষ্ট করার চেষ্টা করতে পারেন। কিন্তু এই যে জনকল্যাণমূলক কাজ, শ্রমিকদের পক্ষে দাঁড়ানোর যে কাজ তাকে অন্য দিকে নিয়ে গিয়ে বিভ্রান্ত করতে পারবেন না। এখানে সুব্রতবাবু অএনক কথা বলেছেন। উনি জানেন যে বজবজ নিউ সেন্ট্রাল জুট মিল, এটা কো-অপারেটিভের মাধ্যমে চলে। উনি সেই মিলের একজন ডাইরেক্টর। সেখানে রাজ্য সরকার ইকুইটি যা দেবার দিয়েছেন। রাজ্য সরকারের যে ব্যাঙ্ক গ্যারান্টি দিয়ে সাপোর্ট দেওয়া দরকার ছিল সেটা তারা দিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের যেটা দেবার কথা ছিল জুট রি-কনস্ট্রাকশন ফান্ড থেকে, সেখানে এক পয়সাও দেননি। মিলটা খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, শ্রমিকদের পয়াস পাওনা হচ্ছে। ওদের মধ্যে লড়াই আছে, ঝগড়া আছে। সুব্রতবাবু ডাইরেক্টর বলে শোভনদেববাবুর গায়ে জ্বালা আছে। সেদিন গেট মিটিং করে ওনাকে গালাগাল দিয়ে এলেন। শ্রমিকদের বোনাস কেন পড়ে আছে, আমি সেই সব কথায় যেতে চাইনা। এখানে মন্ত্রী মহাশয় যে ব্যবস্থা রেখেছেন সেটা এই বিলের মধ্যে আছে। এর মধ্যে প্রশংসনীয় পদক্ষেপ ও গোটা দৃষ্টিভঙ্গি থেকে তিনি এই ব্যবস্থা রেখেছেন। এই কোম্পানিটাকে প্রয়োজনে জয়েন্ট সেক্টর কোম্পানিতে রূপান্তরিত করা যাবে যদি টার্মস অ্যান্ড কন্ডিশনে সেই রকম ব্যবস্থা থাকে এবং পরিচালনার স্বার্থে সেইভাবে এটাকে রূপান্তরিত করা যাবে। আর দেরির কথা যেটা উঠেছে, এটাও আপনারা জানেন, ১৯৮২ সালে আই. এন. টি. ইউ. সি ঐ কারখানার কো-অপারেটিভে জেতার পরে সব তছনছ করে দিয়েছেন। কারা সেই সময়ে দুর্নীতির আশ্রয় নিয়েছিলেন? কেন কারখানাটি এই অবস্থায় গেল? এইসব কথা কিসের জন্য বললেন? এটা নষ্ট করে দেবার পরে, আপনি জানেন যে কংগ্রেস (আই) পরিচালিত ঐ কো-অপারেটিভকে সুপারসীড করে আজকে কোর্ড তৈরি করা হয়েছে এবং সেখানে মানোন্নয়নের জন্য যোগ্যতার সঙ্গে কাজকরার পরে, সরকার তাকে

অ্যাকটিভ সাপোর্ট দেবার পরে এই কোম্পানির মার্কেট বাড়ে এবং আপনারা জেনে রাখুন যে কলকাতা এবং উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন দিকে এই কোম্পানির এখনও মার্কেট আছে, কোরেস কোম্পানি বাজার দখল করেছে। গ্যাঙ্গেজ প্রিন্টিং ইঙ্ক এর নাম আছে, গুডউইল আছে, সেটা যাতে আরও বাড়ে আরও যাতে দক্ষ লোক এখানে আসতে পারে, তার পরিচালনার সুবিধা হয়, তার জন্য কো-অপারেটিভ স্ট্যাটাস থেকে তাকে ন্যাশনালাইজ স্ট্যাটাসে নিয়ে গেলে আরও দক্ষ টেকনিসিয়ান পাওয়া যাবে। এখানে শ্রমিকরা নিজেদের মধ্যে দক্ষতা অর্জন করার জন্য ডেভেলপ করেছেন এবং এইসব করে এটাকে টিকিয়ে রাখার চেষ্টা করছেন যা হাইকোর্ট বন্ধ করে দিয়েছিল, যা আপনারা বন্ধ করে দিয়েছিলেন।

তাদের থেকে বাঁচিয়ে উনি শ্রমিকদের রক্ষা করেছেন। শ্রমিক দরদী বামফ্রন্ট সরকার যাতে এটা আরও বেশি দিন বাঁচতে পারে তার জন্য শ্রমিকদের স্বার্থে কারখানাটি অধিগ্রহণ করেছেন। কারখানাটির যাতে শ্রীবৃদ্ধি ঘটানো যায় তার জন্য নানারকম ব্যবস্থা রেখেছেন। আপনাদের তো এই সব কথা বলা সাজে না, কংগ্রেসের তো এই সব কথা বলা সাজে না। কারখানা লোকসানে চলছে বলে সেই অজুহাতে কারখানার শ্রমিকদের তামা তুলসি পাতা ধরিয়ে বিদায় করে দিচ্ছেন। আপনারা একটা বি. আই. এফ. আর করে রেখে দিয়েছেন, সেখানে পাঠিয়ে দিচ্ছেন এবং কারখানাগুলি নষ্ট করে দিচ্ছেন। এর জন্য আপনাদের নীতিই দায়ি। ১০ বছর ধরে ধ্বংস হওয়ার মুখে দাঁড়িয়েছে। সমস্ত কিছু ধ্বংস করে দিচ্ছেন আই. এম. এফ বিশ্ব ব্যাঙ্কের কাছে দাসখত লিখে। উদার আমদানি নীতি করেছেন, তার মধ্যে এই কারখানা বেঁচে আছে, টিকে আছে এই পশ্চিমবাংলায় এতে আপনাদের গর্ববোধ হয় না? যে শ্রমিকরা আজ সংগ্রাম করে এটাকে বাঁচিয়ে রেখেছে তাদের আপনি দুর্নীতিগ্রস্ত বলছেন? তারা অক্ষম, তারা কাজ করে না বলছেন? তাদের বিরুদ্ধে অভিযোগ আনছেন, সি. আই. টি. ইউ-র উপর দোষারোপ করছেন? এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে, কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে দাঁড়িয়ে এই রকম একটা পদক্ষেপ বামফ্রন্ট সরকারের ক্ষুদ্র কুটির শিল্প দপ্তর নিচ্ছে যাতে শ্রমিকদের বাঁচিয়ে রাখা যায়। আপনাদের যে দিন কে রাত করার যে প্রবণতা সেই পার্থক্য মানুষের মধ্যে প্রকাশ পেয়ে গেছে, মানুষ আপনাদের চিনতে পেরেছে। মাথার উপর প্রখর রৌদ্র, চোখের উপর হাত রেখে দিনকে আপনারা রাত বলতে পারেন, এটা বলা আপনাদের পক্ষেই সম্ভব। আজকে আপনারা এখানে দাঁড়িয়ে সি. আই. টি. ইউ-এর নিন্দা করছেন? ১৯৮২ সালে নির্বাচনে জেতবার পর কারখানা নষ্ট করেছেন কেন? কো-অপারেটিভের মাধ্যমে কারখানা গড়ে উঠছে, কেন্দ্রীয় সরকারের সাপোর্ট নেই কেন আপনাদের জবাব দিতে হবে। ১৯ তারিখে ধর্মঘট ডেকেছেন, কি জবাব দেন সেখানে দেখব। বিধানসভার ভেতরে এরকম কথা বলবেন আর বাইরে অন্যরকম কথা বলবেন? মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি সঠিকভাবে এই কারখানা পরবর্তীকালে যাতে জয়েন্ট সেক্টরে নিয়ে যাওয়া যায়

তার ব্যবস্থা রেখেছেন। কেন্দ্রীয় সরকারের আক্রমণকে মাথায় রেখে বিল পেশ করেছেন এর জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই কারখানাটির মডার্নাইজেশনের জন্য আপনাকে চেষ্টা করতে হবে। এই কারখানা যাতে দক্ষতার সাথে পুরো বাজার পেতে পারে তার জন্য যোগ্য নেতৃত্ব তৈরি করে কারখানাটি পরিচালনা করা যায় সেটা দেখতে হবে। বুঝিয়ে দিতে হবে এই কারখানা পশ্চিমবাংলার সম্মান রক্ষা করতে পারে। প্রিন্টিং ইঙ্কের বাজার আছে, গ্যাঞ্জেস ইঙ্কের নাম আছে, তার গুড উইলকে সম্বল করে আমাদের এই পশ্চিমবাংলার এই ইউনিটকে পুনর্জীবিত করে নূতন দৃষ্টান্ত স্থাপন করতে পারবেন। আশা করি এই কাজে আপনি যোগ্যতার সঙ্গে নেতৃত্ব দিতে পারবেন। কারণ বামফ্রন্ট সরকারের শ্রমিক দরদি দৃষ্টিভঙ্গি আছে এবং এটা আছে বলেই এটা করতে পারা যাবে এই বিশ্বাস আমাদের আছে। আপনি কো-অপারেটিভ থাকা সত্ত্বেও ব্যাঙ্ক গ্যারান্টি দিয়েছেন বাঁচিয়ে রাখবার জন্য। আজকে আপনি ন্যাশনালাইজ করে কারখানাটিকে রক্ষা করতে এই বিল এনে আপনি আমাদের কৃতজ্ঞভাজন হয়েছেন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বিলটা মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই কথা ঠিক যে ১৫ বছর আগে এই কারখানা বন্ধ হয়ে গিয়েছিল। বাহাদুর আপনি, অনেক কষ্টে যে পশ্চিমবাংলায় এই কারখানাটি চলছে, তার জন্য ধন্যবাদ দিতে হবে। সুব্রতবাবু অনেক কথা বলেছেন। গাড়ির আগে ঘোড়া যেতে দিলেন। আগে কারখানা বন্ধ হয়েছে আপনাদের সময়, এখন খোলা হচ্ছে, চলছে এবং জাতীয়করণ হচ্ছে। আগে এটা চলুক তারপর দেখা যাবে কি সমস্যা, তারপর তার প্রতিকার হবে। মাননীয় বিধায়ক ধর এই কারখানাটির ব্যাক গ্রাউন্ড সুন্দরভাবে বর্ণনা করেছেন। অম্বিকাবাবু যা বললেন, উনি সমর্থন করলেন এবং মূল্যবান পরামর্শ দিলেন। কিন্তু ওঁর এখনও বিশ্বাস হয়নি যে মজুরদের সেই ক্ষমতা আছে কারখানা চালানোর। বামফ্রন্ট সরকার চেষ্টা করবেন যাতে এটা চলে, জাতীয়করণ করছেন সেজন্যই। আমার বক্তব্য হচ্ছে, এই যে অবস্থার মধ্যে শ্রমিকরা চলছে এবং চারিধারে যে ভাবে সঙ্কট দেখা যাচ্ছে, তারমধ্যে পশ্চিমবঙ্গ সরকার এটাকে ন্যাশনালাইজ করছে। অনেক বাধা বিপত্তি আসবে, আমি কিছু আশাবাদী, আমি আশা করি যে শ্রমিকদের সাহায্যে, বামফ্রন্টের সাহায্য নিয়ে দ্রুতগতিতে এটি এগিয়ে চলবে। কারণ এই কারখানার সুনাম আছে, কোয়ালিটি কন্ট্রোল হলে, দক্ষ ম্যানেজমেন্ট হলে, অপচয় না হলে এই কারখানার ভবিষ্যৎ আছে। আমি আশা করি এটি সফল হবে। তাই আমি আশা করব, সকলে মিলে আমরা ঐক্যবদ্ধভাবে এই যে বিলটি এসেছে, এটিকে সমর্থন করব। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এখানে যাঁরা বলেছেন, সরকার

পক্ষ এবং বিরোধীপক্ষের সকলেই এই বিলটিকে সমর্থন করেছেন। সেজন্য খুব বিশেষ একটা কিছু বলার নেই। কিন্তু যেহেতু কয়েকটি কথা এখানে উঠেছে, সেজন্য আমি সংক্ষেপে শুধু দু-একটি কথা বলব। আমাদের মাননীয় সদস্য সুব্রত মুখার্জি এক্সটেম্পোর কিছু কথা বলেছেন, কিছু জানতে চেয়েছেন। এখন প্রশ্ন হচ্ছে, উনি জানেন যে পশ্চিমবঙ্গ সরকারের শিল্পনীতি বা শ্রমিকনীতিটা কি এবং দিল্লির সরকারের শিল্পনীতি বা শ্রমিক নীতি কি। দিল্লির সরকার সিদ্ধান্ত করছেন কত কারখানা বন্ধ করা যাবে, কত শ্রমিককে ছাঁটাই করা যাবে। নানা কায়দা-কানুন করে কারখানা ওঁরা বন্ধ করে দিচ্ছেন। এটা উনি জানেন, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার শ্রমিকদের পক্ষে, জনসাধারণ, খেটে খাওয়া মানুষের পক্ষে—এই সরকার ছাঁটাইয়ের বিরুদ্ধে। ভারত সরকারের যে শিল্পনীতি এবং অন্যান্য যে নীতি, তাঁদের অর্থনীতির বিরুদ্ধে এই বামফ্রন্ট সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন বক্তব্য রেখেছেন, বিকল্প প্রস্তাব রেখেছেন। কিন্তু দিল্লির সরকার তা শোনেন নি এবং আমাদের রাজ্যে যাঁরা কংগ্রেস করেন তাঁরা তাঁদের পদ রাখার জন্য পশ্চিমবঙ্গের স্বার্থের কথা না ভেবে, জনসাধারণের স্বার্থের কথা না ভেবে, দিল্লিতে যিনি অর্থমন্ত্রী আছেন তিনি রাজনীতি করতে করতে অর্থমন্ত্রী হননি, চাকরি করতে করতে অর্থমন্ত্রী হয়েছেন, তাঁর রাজনৈতিক কোনও অভিজ্ঞতা নেই, তাঁর বিরুদ্ধে একটি কথাও বলছেন না। অথচ আমাদের কাছে জিজ্ঞাসা করছেন ছাঁটাই করা হবে কিনা? পশ্চিমবঙ্গ. সরকার ছাঁটাই করে না। যাঁরা হাজার হাজার, লক্ষ লক্ষ লোককে ছাঁটাই করছেন, শ্রমিকদের বেকার করছেন, তাঁদের বিরুদ্ধে কিছু বলবেন না। আই. এন. টি. ইউ. সি. কখনও কখনও আন্দোলন করলেও ভারত সরকারের পক্ষেই এঁদের কথা বলতে হচ্ছে। কারণ তা নাহলে চাকুরি থাকবে না। এই হচ্ছে অবস্থা।

সুতরাং এখানে সুব্রতবাবু যেকথা বলেছেন সেটা জানা কথা উৎপাদন হচ্ছে কিনা এবং কতটা হয়েছে সেটা কারখানার শ্রমিকরা ভাল করেই জানেন এবং শ্রমিকরাই এই কারখানাটিকে বাঁচিয়ে রেখেছেন। মাঝখানে এমন অবস্থার সৃষ্টি হয়েছিল যে, শ্রমিকরা বেকার হয়ে গিয়েছিল এবং এখানে যে কেস হাইকোর্টে ছিল সেটা যেভাবে উইন্ড অফ করার সিদ্ধান্ত হয়েছিল তাতে পশ্চিমবঙ্গ সরকার যদি সাহায্য করতে এগিয়ে না আসত তাহলে এই কারখানাটি চালানো যেত না। এর যন্ত্রাংশ ভাড়া নিয়ে শ্রমিকদের উৎপাদন বাড়িয়ে এই কারখানাটি বাঁচানো হয়েছে। তা না হলে অনেক আগেই এই কারখানাটি বন্ধ হয়ে যেত। এখানে শ্রমিক ওই কারখানাটিকে বাঁচিয়ে রেখেছেন। পশ্চিমবঙ্গ সরকার শুধু সাহায্য করেছেন এই পর্যন্ত। এই কারখানাটি একটি কো-অপারেটিভ করে চলছে এবং এখানকার শ্রমিকরা যা মজুরি পান তা খুব বেশি নয়, খুব বেশি মজুরি তারা পান না। সুব্রতবাবু যে শ্রমিকদের মজুরি বা পাওনা টাকার কথা বলেছেন তাতে একটা কারখানা বাঁচিয়ে রাখতে হলে যে নিড বেসড্ ওয়েজসের যে কথা বলেছেন তা এক্ষেত্রে দেওয়া সম্ভব নয়। সেইজন্য শ্রমিকদেরও এই

ব্যাপারে দাবি নেই, সুতরাং যেভাবে কো-অপারেটিভ সিস্টেমে চলছে সেইভাবেই চলুক। তবে এতে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে লোকসানে যাচ্ছে এবং এই ব্যাপারে অম্বিকাবাবুই যেসব কথা বলছেন তার অনেকটাই ঠিক কথা। এখানে কি সমস্যায় পড়েছিল এবং শ্রমিকরা কিভাবে এটাকে বাঁচিয়ে রেখেছেন সেকথা অম্বিকাবাবু বলেছেন। তিনি ওই কারখানাটি সম্বন্ধে ভালভাবে ওয়াকিবহাল আছেন। ওয়াকিবহাল আছেন বলেই তিনি বলেছেন যে এই কারখানাটি ভায়াবেল করে দেওয়া সহজ নয়। ভায়াবেল করতে গেলে অনেক রকম ব্যবস্থা গ্রহণ করতে হবে। এটাকে ভায়াবেল করার জন্য অনেক রকম পরামর্শ দিয়েছেন এবং কিছু মাথা ভারী সংগঠন ও সংস্থা এই ব্যাপারে পরামর্শ দিয়েছেন, তার কোনও দরকার নেই। হাওড়া বেশি দূর নয়, হাওড়ার থেকেই সব জায়গায় যোগাযোগ করা যায়। আরেকটা কথা যেটি বলেছেন যে, কোয়ালিটি সম্পর্কে সচেতন হতে হবে, এটা ঠিকই বলেছেন। একটি কেমিক্যাল কোম্পানি বেঁচে থাকে তার কোয়ালিটির উপরে। এই কারখানাটি দেখার জন্য যে কেমিক্যাল ইঞ্জিনিয়ার বা যোগ্য লোকের কথা সুব্রতবাবু বলেছেন, তার কোনও দরকার নেই। কারণ এখানকার শ্রমিকরাই যথেষ্ট অভিজ্ঞ, সেই অভিজ্ঞতার মধ্যে দিয়েই এই কারখানাটি ঠিক রেখেছেন। এর মান সারা পশ্চিমবঙ্গ কেন সারা ভারতবর্ষে রয়েছে, সারা ভারতবর্ষে এর বাজার আছে এবং চাহিদা আছে। সেই চাহিদাই পূরণ করতে পারছে না, যা উৎপাদন হচ্ছে তার সবই বিক্রি হয়ে যাচ্ছে। কিছু কিছু জিনিস ফেরত এসেছে সেটা কোয়ালিটির জন্য নয়, সেটা ফেরত এসেছে কিছু ব্যবসায়ি এবং ক্রেতার মধ্যে ভুল বোঝাবুঝির জন্য। এইসব উদ্দেশ্যের জন্যই ফেরত এসেছে। এটা লোকসান যাচ্ছে ঠিকই, কিন্তু এখানে বোঝার দরকার আছে যে, আমরা কারখানাটিকে বা কোম্পানিকে ন্যাশনালাইজ করছি না। আমি আমার বক্তব্যের মধ্যে এখানে সেকথাও রেখেছি, বিলের মধ্যেই বলেছি। এটা মাদ্রাজে এবং দিল্লিতে এর কিছু সম্পত্তি আছে, সেগুলো আমরা নিতে যাচ্ছি না। আমরা শুধু পশ্চিমবঙ্গে এর অ্যাসেটস আছে সেটাই নিয়েছি। আমরা এই কোম্পানিটিকে ন্যাশনালাইজ করছি না, কেবল অ্যাসেটস ন্যাশনালাইজ করছি। এটা তো লিকুইডিশনে গেছে এবং এর যে পাওনা তা হাইকোর্ট থেকেই নিতে হবে। সেখানে হাইকোর্ট থেকেই কর্মচারিদের পাওয়া নিতে হবে। এটা সরকার কো-অপারেটিভ চালাচ্ছেন এবং এর যে লায়াবিলিটি আছে সেটা সরকারকে নিতে হবে, শ্রমিকদেরও নিতে হবে এবং কো-অপারেটিভকেও নিতে হবে। তবে আপনারা শুনলে আশ্চর্য হবেন যে ১৯৭৮ সালের পর থেকে কর্মচারিদের প্রভিডেন্ড ফান্ডের টাকা নিয়মিত জমা পড়ছে।

আগে অনেক জায়গায় প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা পড়েনি এবং সেটা যদি জমা না পড়ে থাকে প্রভিডেন্ট ফান্ডের কমিশনার দিল্লির সরকার যারা পরিচালনা করেন তাদের লোক, যারা এই কোম্পানির মালিক তাদের অনেক সম্পত্তি আছে, অনেক কারখানা আছে সেটা অ্যাটাচ করতে পারেন। শ্রমিকদের যে সমস্ত পাওনা সেটা আদায় হয় না, বেআইনিভাবে তারা

যেসব টাকা জমা দেয়নি। সুতরাং সেদিক থেকে সেদিকে যাওয়ার একটা সুযোগ আছে। সেইভাবে যেতে পারে। কিন্তু আমরা এই কোম্পানির কোনও লায়াবিলিটিস নিচ্ছি না, এটা পরিষ্কার জানা থাকা দরকার, আমরা ন্যাশনালাইজ করছি শুধু কোম্পানির অ্যাসেটটা, কোম্পানিটাকে নয়। এই অধিকার নিয়ে কোম্পানি চলবে। পশ্চিমবাংলার সরকার যে ভাবে সাহায্য করছি সেইভাবেই সাহায্য করবে আরও ওয়ার্কিং ক্যাপিটাল দেওয়া দরকার। আমরা নানা রকম ভাবে যা সাহায্য করছিলাম সেটা করতে হবে। এই বিলে আলোচনা করা হয়েছে এটাকে নূতন ভাবে সাহায্য করা দরকার, এটা বহু পুরনো কোম্পানি, এর একটা খ্যাতি আছে, নাম আছে। এর যেসব যন্ত্রপাতি আছে সেগুলি পুরনো হয়ে গেছে, এখন নূতন টেকনোলজি এসে গেছে, তাই আমরা ভেবে দেখব এই বিলে যে সুযোগ আছে, বলা আছে জয়েন্ট সেক্টার করা যেতে পারে, যদি কোনও ব্যক্তি আসে, প্রস্তাব দেয় আমরা এটা করতে চাই তাহলে জয়েন্ট সেক্টর নিয়ে আলোচনা করা যেতে পারে। আমাদের এখানে সরকারের যে সংস্থা আছে ডব্লিউ. বি. এস. আই. সি. সেটাকে নিয়ে আমরা আলোচনা করতে পারি বা আমরা একটা কোম্পানি করে চালাতে পারি। সবরকম সুযোগ এখানে আছে। আমরা টাকা যোগাড় করে আধুনিকীকরণ করে চালাব এই আর্থিক অবস্থা আমাদের নেই। আমি আর বিশেষ কিছু বলতে চাই না, আমি সবাইকে অভিনন্দিত করছি আপনারা এটাকে সমর্থন করছেন; আমি আশা করব আপনারা সকলে এটাকে সমর্থন করবেন।

The motion of Shri Prabir Sengupta that the Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets), Bill, 1993 be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 - 13 and Preamble

The question that Clauses 1 - 13 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prabir Sengupta :** Sir, I beg to move that the Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets) Bill, 1993, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir; I beg to introduce the West

Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992 be taken into consideration.

**Mr. Deputy Speaker :** There is one circulation motion on this Bill given by Shri Saugata Roy. I now request Shri Saugata Roy to move his motion.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the West Bengal (Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992 be circulated for the prupose of electing public opinion thereof by the end of 30th, May 1993/ স্যার, আমি এইকথা বলতে চাই। এই বিলের আকার খুব ছোট। একটা অ্যামেন্ডমেন্ট হলেও এটা পুরোপুরি ডেভেলপমেন্ট অথরিটি কনসেপ্টকে পাল্টে দিয়েছে সেইজন্য আমার মনে হয় তাড়াহুড়ো করে এই বিলটা পাস না করে, পাবলিক অপিনিয়ান নেওয়া উচিত। আমি সিলেক্ট কমিটিতে পাঠাতে বলব না। বিভিন্ন সিভিক বডিস আছে, তাদের একটা অপিনিয়নের ব্যবস্থা করা উচিত। তাহলে এই ডিবেট দরকার হয় না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগতবাবুকে বলছি, আপনি দয়া করে এই বিলটার উদ্দেশ্য বোঝার চেষ্টা করুন। আমাদের রাজ্যে ১১৬টা মিউনিসিপ্যাল বডিস আছে। মিউনিসিপ্যাল এবং নোটিফায়েড এরিয়া অথরিটিস এই সমস্ত জায়গায় যে ট্যাক্স নেওয়া হয় সেটা আপনি জানেন ১৯৭৯ সালের টি. এন. সি. পি অ্যাক্ট অনুযায়ী আমাদের রাজ্য সরকারের ছয়টা ডেভেলপমেন্ট অথরিটি আছে আর চারটে প্ল্যানিং অথরিটি আছে। মোট ১০টা অথরিটি আছে, তাদের হাতে শুধু ট্যাক্স নেবার ক্ষমতা আছে। কিন্তু দুটো অথরিটির ট্যাক্স একসঙ্গে কখনোও নেবে না। আমি উদাহরণ দিচ্ছি, দীঘায় একটা অথরিটি আছে কিন্তু সেখানে কোনও মিউনিসিপ্যালিটি নেই। সেখানে সমস্ত মিউনিসিপ্যালিটি সার্ভিস আমাকে দিতে হচ্ছে। কিন্তু সেখান থেকে আমরা ট্যাক্স নিতেপারি না। সম্প্রতি শ্রীনিকেতন ডেভেলপমেন্ট অথরিটি করা হয়েছে। তাদের রাস্তাঘাট তৈরি করা, একটা স্টেশন হয়েছে, সেই স্টেশনের সঙ্গে লিঙ্ক রোড তৈরি করার জন্য আমাদের সব কিছু দেখতে হচ্ছে, কিন্তু আমরা সেখানে ট্যাক্স নিতে পারব না। আমি আপনাদের বলতে চাই, একটা কাগজে

বেরিয়েছে, এবং সেই ভুল সংবাদ পড়ে আপনাদের মাথাটা বিভ্রান্ত হয়ে যায়। আমি দেখেছি টেলিগ্রাফ সংবাদপত্রে বেরিয়েছে নিউজটা। এই আইনটা বোঝবার দরকার আছে, যেখানে মিউনিসিপ্যালিটি নেই, আমি উদাহরণ দিলাম দীঘা ও শ্রীনিকেতনের এই রকম জায়গায় ট্যাক্স নেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে। এটা দুভাগে ট্যাক্স নেওয়ার কোনও চক্রান্ত নয়। এটা খুবই সহজ ব্যাপার। এই অ্যামেন্ডমেন্টটা আমরা নিয়ে এসেছি আউটওয়ার্ড প্ল্যান করার জন্য। প্রতিটি ক্ষেত্রে আমাদের প্ল্যানিং অথরিটির হাতে ক্ষমতা রাখতে হয়। কিছু কিছু ক্ষেত্রে মিউনিসিপ্যালিটিকে দিতে পারি, পঞ্চায়েতের হাতেও দিতে পারি, কিছু সংগঠন আছে, তাদের হাতেও আমরা ক্ষমতা দিতে পারি ও. ডি. পি. করার জন্য। মূলত একটা আইন এখানে আনা হয়েছে, একটা আইনকে সংশোধন করার জন্য। এটাই হচ্ছে আমাদের মূল কথা।

The motion of Shri Saugata Roy that the West Bengal Town and Country (Plaanning and Development) (Amendment) Bill, 1992, be circulated for the purpose of eliciting public opinion thereof by the end of 30th May, 1993 was then put and lost.

[3-40 — 3-50 p.m.]

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কথাটা আমি বুদ্ধদেববাবু সম্পর্কে প্রথমেই বলে রাখতে চাই সেটা হ'ল, উনি খুব উঠতি মন্ত্রী, ওর সাম্প্রতিক বক্তব্যে যেটা স্পষ্ট হল তাতে আমাদের মনে হচ্ছে, বিলটাতে আছে এক, আর ওর উদ্দেশ্য আর এক। উনি বলেছেন, ওর পুরো উদ্দেশ্যটা হচ্ছে, দুটি ডেভেলপমেন্ট অথরিটি যাদের নিচে এখনও পর্যন্ত কোনও মিউনিসিপ্যালিটি নেই সেখানে ট্যাক্স কালেক্ট করা। এটা আমি ওর দপ্তরের অফিসারদের সঙ্গে কথা বলে জেনেছি যে দীঘা এবং শ্রীনিকেতন, শান্তিনিকেতন ডেভেলপমেন্ট অথরিটিতে উনি যে সিভিক অ্যামিনিটিস দিচ্ছেন, জল সাপ্লাই করছেন, কনজারভেন্সির যে কাজ করছেন তারজন্য উনি ট্যাক্স লেভি করবেন। করছেন এইটুকু কিন্তু ক্ষমতা নিচ্ছেন ব্ল্যাঙ্কেট। কিরকম ব্ল্যাঙ্কেট? বুদ্ধদেববাবুর দপ্তরের এই আইনের বলে ক্ষমতা হয়ে থাকল যেহেতু টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের একটা মেজর ব্যাপার হল কালেক্ট করা সেইহেতু ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটিতে বুদ্ধদেববাবু ইচ্ছা করলে এর পরে কলকাতা কর্পোরেশন যে ট্যাক্স নেয় তা ছাড়াও উনি জলের জন্য আলাদা ট্যাক্স সি. এম. ডি. এ-এর মাধ্যমে নিতে পারবেন। বুদ্ধদেববাবু এর ফলে দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি, দুর্গাপুর নোটিফায়েড এরিয়া অথরিটি যে ট্যাক্স নেয় তা ছাড়াও আলাদা ট্যাক্স নিতে পারবেন। সেটা আইনে আটকাবে না। শিলিগুড়ি মিউনিসিপ্যাল এলাকায় শিলিগুড়ি মিউনিসিপ্যাল অথরিটি যে ট্যাক্স নেয় তা ছাড়াও জলের জন্য, কনজারভেনসির জন্য আলাদা ট্যাক্স নিতে পারবেন।

বুদ্ধদেববাবু এখন আমাদের যেটা জানালেন বিলের অবজেক্টস অ্যান্ড রিজিমসে বা বিলের বডিতে কোনও জায়গায় সেটা লেখা নেই। ওর উদ্দেশ্য হচ্ছে যে উনি শুধু দীঘা ও শ্রীনিকেতন, শান্তিনিকেতনের জন্য নেবেন অথচ বিলে সেটা নেই। আমরা যখন বলেছিলাম circulation for the purpose of eliciting public opinion. তখন উনি বলছেন যে আমরা সমগ্র পাওয়ারটা নিচ্ছি আমাদের উদ্দেশ্যে হচ্ছে দীঘা এবং শ্রীনিকেতন, শান্তিনিকেতন। সেইজন্য আমি বলছি যে এখানে গোড়াতেই গলদ। স্যার, আমরা জানি এর আগের সেশনেই এই বিলটা আনার কথা ছিল কিন্তু দাঙ্গার জন্য সেই সেশন বন্ধ হয়ে গিয়েছিল। তারপর এই বিলটা নিয়ে কাগজে অনেক লেখা হয়েছে। বুদ্ধদেববাবু বললেন, টেলিগ্রামের সাংবাদিক জানেন না। উনি সাংবাদিকদের সম্বন্ধে এরকম মন্তব্য করেই থাকেন সেটা ভাল লাগে না আমাদের শুনতে। আসলে সেই সময় লেখা হয়েছিল বলেই বুদ্ধদেববাবুরা বলছেন আপাতত এটা স্থগিত থাকল। ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি এলাকায়, দুর্গাপুর ডেভেলপমেন্ট এরিয়া অথরিটি এলাকায়, আসানসোল ডেভেলপমেন্ট এরিয়া অথরিটি এলাকায়, শিলিগুড়ি ডেভেলপমেন্ট এরিয়া অথরিটি এলাকায় এটা করব না। এ থেকেই বোঝা যাচ্ছে যে বুদ্ধদেববাবুদের হাতটা বিস্তারিতভাবে এগিয়েছিল আরও ট্যাক্স নেবার জন্য কিন্তু এইসব লেখালেখির জন্য সেটা খানিকটা সীমিত হয়েছে। কিন্তু তা সত্ত্বেও বলব, যদি বুদ্ধদেববাবুদের উদ্দেশ্য এটাই হয় দীঘা ও শ্রীনিকেতন, শান্তিনিকেতনের জন্য এটা করতে চান এবং সেখানে জলের জন্য একটা চার্জ লেভি করতে চান বা এই ধরনের কিছু করতে চান তাহলে নতুন করে একটা বিল নিয়ে আসুন এবং সেখানে স্পেসিফিক্যালি বলুন আমরা ওভারঅল টাউন অ্যান্ড কান্ট্রিপ্ল্যানিং অ্যাক্টের পরিবর্তন চাইছি না, আমরা দুটি স্পেসিফিক পারপাসের জন্য এই ক্ষমতাটা চাইছি। স্যার, তারপর বলি, এই শ্রীনিকেতন, শান্তিনিকেতন ডেভেলপমেন্ট অথরিটি নিয়ে আমার মৌলিক আপত্তি কিছু আছে। এ নিয়ে কনট্রোভারসি আছে। সেখানে সোমনাথবাবুকে চেয়ারম্যান করে একটা অথরিটি তৈরি হয়েছে। এ জায়গার দুটি পার্ট—একটা হচ্ছে বিশ্বভারতীর যেটা পুরো সেন্ট্রাল গভর্নমেন্টের এরিয়া, বিশ্বভারতী ইউনিভার্সিটি ক্যাম্পাস এলাকা এবং দ্বিতীয়ত হচ্ছে, তার বাইরে আর একটা এলাকা তৈরি হয়েছে। শান্তিনিকেতনের অনেক লোক বাড়ি করেছেন। সেখানে সিভিক ফেসিলিটিস এতদিন ছিল না, ইট ইজ নেসেসারি। সেখানে বুদ্ধদেববাবু করলেন কি? সেখানে বিশ্বভারতীর ক্যাম্পাসের মধ্যে পুরো অথরিটি যেটা ছিল বিশ্বভারতী ইউনিভার্সিটির, যেটা সেন্ট্রাল ইউনিভার্সিটি সেখানে গিয়ে একটা ইন্টারফারেন্স করলেন এবং তা করে একটা ডুয়েলিটি অব অথরিটি তৈরি করলেন। সুতরাং যে কনসেপ্টে ওরা শ্রীনিকেতন, শান্তি নিকেতন ডেভেলপমেন্ট অথরিটি তৈরি করেছেন—তখন রাজীব গান্ধী বেঁচে ছিলেন এবং প্রধানমন্ত্রী ছিলেন, বিশ্বভারতীর চ্যান্সেলার ছিলেন, সেই সময় ডিসপিউট হয়েছিল। হয়ত রাজ্য সরকার ক্ষমতায় থাকায় বিশ্বভারতী অথরিটি এখন চুপচাপ আছেন কিন্তু রাজীব গান্ধী তখন বলেছিলেন, এই অথরিটি এখানে ইমপোজ করাটা আমরা পুরোপুরি

মেনে নিচ্ছি না। সুতরাং আমি যে কথা আরও বলতে চাই, বুদ্ধদেববাবু আরও বলেছেন, কেন উনি জলের জন্য, কনজারভেন্সির জন্য চার্জ নেবেন। উনি বলছেন চার্জ নেবেন তার কারণ এই যে ওয়াটার সাপ্লাই প্রোজেক্ট করছেন, এই যে এর জন্য আমাদের এল. আই. সি. থেকে টাকা নিতে হয়েছে, বিভিন্নভাবে মেনশন করেছেন, স্পেসিফিক্যালি আউট সাইট ফিনান্সিয়াল এজেন্সি লাইক ইন্সিয়োরেন্স অব ইন্ডিয়া, এখান থেকে আমাদের লোন নিতে হয়েছে, সেই লোন আমরা কি করে শোধ দেব, আমরা লোকের উপর জলের জন্য চার্জ নিয়ে করব। আমি এই কথা আপনাদের কাছে বলতে চাই, এই যে প্রসেস অব আর্বানাইজেশন, এই প্রসেস অব আর্বানাইজেশনের জন্য কস্টটা কে বেয়ার করবে? একটা এলাকা গ্রাম থেকে শহরে রূপান্তরিত হচ্ছে, সোসাল অ্যানথ্রপলজিটা চেঞ্জ করছে, তার ডেমোগ্রাফি চেঞ্জ করছে, এই আর্বানাইজেশনের প্রসেসটাকে এসটাবলিশ করার দায়িত্ব প্রথমত গভর্নমেন্টের। কিন্তু বুদ্ধদেববাবু বলছেন, না গভর্নমেন্ট যেহেতু লোন নিয়ে করছে, যারা unban conglomer-ation এর মধ্যে এসে যাচ্ছে তাদের উপর আমি ট্যাক্স বসাবার অধিকার চাই। তার কারণ তারা জল পাবে, তাদের ময়লা পরিষ্কার হবে, তারা ট্যাক্স দেবে না, এটা তো ঠিক নয়, এটা তো ঠিক নয়? কনসেপ্টটা কার, এই কনসেপ্টটা তো ওয়ার্ল্ড ব্যাঙ্কের। আমরা তো খোলাখুলিভাবে স্বীকার করছি, আমি এই হাউসে আগেও বলেছি এবং ৭২-৭৩ সালে ওয়ার্ল্ড ব্যাঙ্কের একটাই বক্তব্য ছিল যে ওরা চেয়েছিল ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি একটা সিঙ্গল আমব্রেলা হোক, সমস্ত ডেভেলপমেন্ট এজেন্সির জন্য এবং এখন এই বছর দেখবেন ক্যালকাটা কর্পোরেশন যেটা আগে করতে পারি নি, সেটা এই বছর করছে। সেটা বুদ্ধদেববাবুরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশে করছে, জলকর বসাচ্ছে। আপনাদের মনে আছে, এর আগে কমল বসু যখন মেয়র ছিলেন, তখন উনি জলকর বসিয়েছিলেন, ট্রিমেন্ডাস অপোজিশন সেই সময় হয়েছিল। ওরা বসাতে পারেননি। এতদিন বাদে ওয়ার্ল্ড ব্যাঙ্কের জলকরের সিদ্ধান্তটা মেনে নিচ্ছেন এবং আজকে নতুনকরে বাই রেকগনাইজিং যে কাউকে জল দিলে যদি আমরা টাকা বাইরে থেকে নিয়ে দিই তাহলে সেই জলের টাকা লোকের থেকে তুলে নেব। মানে এই লাইনটাতে যদি আপনারা যান, আপনাদের মার্ক্সবাদের অর্থনীতিতে ভাল। আপনি হুগলি ব্রিজে গাড়ি নিয়ে গেলে চার টাকা নিচ্ছেন। বলছেন কি যে আমরা অনেক টাকা লোন নিয়েছি সেন্ট্রাল থেকে, লোন শোধ দিতে হবে, তাই গাড়িতে চার টাকা, খালি লরিতে ১৫ টাকা, ভর্তি লরিতে ৩০ টাকা, এইরকম করে আমরা টাকা তুলছি। তাহলে আপনি কি এটায়. মোটামুটি এলেন যে সিভিক অ্যামিনিটিজ যা আপনি সৃষ্টি করবেন, এর পর নাগরিকদের সুযোগসুবিধা সৃষ্টি করবেন, পুরো টাকাটা আপনি ডিরেক্টলি যারা ইয়ুজার, তাদের থেকে ট্যাক্স করে নিয়ে করবেন? তাহলে ওভার অল ট্যাক্সেশনের কনসেপ্টটা কি মৌলিকভাবে পরিবর্তন হয়ে যায় না? আমি টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের এই পরিবর্তনে, এই জায়গায় তাই মৌলিক ভাবে আপত্তি করছি। The Government must spell out philosophy with

regard to the charges as well as basic fundamental civil amenities. যেটা দেবার দায়িত্ব কার, নৈতিক ভাবে সেই প্রশ্নটা এসে যাচ্ছে। নইলে তো হতে পারে না। যদি ধরুন আমরা শান্তি নিকেতনের বাইরে একটা এলাকায় বাড়ি করছি, আমাদের ওখানে কোনও অথরিটি নেই, তাহলে আমরা যে কটা লোক আছি, তারা মিলে একটা অর্গানাইজেশন করে যদি কোনও ব্যাঙ্ক থেকে, ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন থেকে নিজেরা টাকা নিয়ে করি, তাহলে তো দায়িত্ব শেষ হয়ে যাবে। তাহলে আর গভর্নমেন্টের ইন্টারফিয়ারেন্স দরকার হয় না। তাহলে মডার্ন অর্গানাইজড সিভিলাইজেশনে গভর্নমেন্টের রোল টা কি, এটা স্পষ্ট করে বলা যাচ্ছে না। সুতরাং আমি মনে করি না, আদৌ যে এটা একটা মাইনর ব্যাপার, আমি মনে করি যে এটা একটা মেজর ব্যাপার। সিমিলারলি দীঘার ব্যাপারে আপনি দেখুন, দীঘা ডেভেলপমেন্টের জন্য একটা অথরিটি তৈরি করা হয়েছে বুদ্ধদেববাবু এবং সুভাষবাবু পাশাপাশি বসে আছেন এবং কমপ্লিমেন্টারিলি কাজ করছেন, আমাদের দেখেও ভাল লাগছে। আমাদের দেখেও ভাল লাগছে যে পরস্পর পরস্পরকে ডেভেলপমেন্টের ক্ষেত্রে সাহায্য করছেন। কিন্তু দীঘার যে ওভার অল ডেভেলপমেন্ট, সেই দীঘার ডেভেলপমেন্ট যেখানে শুধু একটা অথরিটি নয়, দীঘার সঙ্গে মূলত জড়িত রয়েছে ইরোশনের ব্যাপার, দীঘার সঙ্গে যুক্ত আছে, আল্টিমেটলি তমলুক দীঘা রেল পথ হবে কি না, কবে হবে, দীঘায় কেন্দ্রীয় সরকার চার কোটি টাকা দিয়ে মেরিন অ্যাকুইরিয়াম করেছে, দীঘায় কিছু ট্যুরিস্ট ফেসিলিটি ট্যুরিজম ডিপার্টমেন্টে করছে, আরও অনেক ফেসিলিটির দরকার আছে, এখন দীঘায় এই যে ফেসিলিটি তৈরি হচ্ছে, আপনি প্রথম স্টেজে দীঘায় আপনি বলছেন যে আপনি ট্যাক্স বসাবেন। ট্যাক্স বসালে কি হবে?

ট্যাক্স বসালে সেটা হোটেলের মালিকরা প্যাসেঞ্জারদের কাছ থেকে নেবে। আল্টিমেটলি এই জিনিস হবে। ইন্সটেড অফ মেকিং এ ট্যুরিস্ট প্লেস ইউ আর ইনভাইটিং ট্যাক্স, আপনারা ট্যাক্স বসাচ্ছেন। আমি বলছি না যে, কোনও সরকার ট্যাক্স চার্জ না করে, লেভি না করে বাঁচতে পারে এবং আমি সমস্তরকম ট্যাক্সের বিরুদ্ধে, এরকম কথাও বলতে চাই না। জিনিসপত্রের মূল্যমান বাড়ার সাথে সাথে ট্যাক্স বেশি বসাবার কোনও জায়গা নেই, এই কথাও আমি বলছি না। আমি যে কথা আজকে আপনাদের কাছে বলতে চাই যে, মৌলিকভাবে এই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট, '৭৯-এর থরো রিভিশনের প্রয়োজন। আজকে পুরো ব্যাপারটারই অনেক পরিবর্তন হয়ে গেছে। এই নতুন পরিস্থিতিতে আমাদের চেষ্টা করতে হবে যে কি ভাবে আমরা নতুন দৃষ্টিভঙ্গিতে পুরো টাউন অ্যান্ড কান্ট্রি অ্যাক্টকে তৈরি করতে পারি। এটা আমাদের দেখা দরকার আছে। বুদ্ধদেববাবু বলেছেন, ওঁর মূল উদ্দেশ্য হচ্ছে, প্রিন্সিপাল অ্যাক্টে ১৩৪ সেকশন যেটা আছে সেটা অ্যামেন্ড করতে চাইছেন, যাতে টেকনিক্যাল লোক এই কাজে নিয়োগ করতে পারেন। স্যার, আপনাকে আমি আর একটা কথা বলি, এখানে

আপনি দেখবেন টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের একটা চ্যাপ্টার নিয়ে বুদ্ধদেববাবু ডিল করছেন। যেখানে চ্যাপটার ৯তে লেভি, অ্যাসেসমেন্ট অ্যান্ড রিকভারি অফ ডেভেলপমেন্ট চার্জ ইত্যাদি বলা আছে, সেখানে উনি যেটা ১০৬-এ ছিল, ১০২-এ ছিল না, ১০৬-এ যা ছিল তার সঙ্গে একটা ক্লজ অ্যাড করেছেন এবং সেখানে উনি বলছেন, আগে ছিল একটা ডেভেলপমেন্ট চার্জ করা যায় এবং সেটা ১০৩ শিডিউল-এ করা ছিল। ল্যান্ড সাইট কনভারসন করলে কিছুটা টাকা ডেভেলপমেন্ট চার্জ দিতে হবে, এটা ১০৬ ধারায় করেছেন এবং করে বলছেন, সিভিক অ্যামিনিটিস চার্জ হ্যাজ বিন রিকভারবল অ্যাজ এরিয়ারস অফ ল্যান্ড রেভিনিউ। আমাদের পশ্চিমবাংলায় পাবলিক ডেট রিকভারি অ্যাক্ট যেটা আছে সেই অনুসারে এই ট্যাক্স আদায় করার চেষ্টা করছেন। টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের যে ১৪২টা ডিফারেন্ট ক্লজ আছে তার প্রত্যেকটা ক্লজ নিয়ে আলোচনা করে আমি দেখাতে পারি প্রত্যেকটা ক্লজ নিয়ে চিন্তা করার দরকার এসেছে। সব চেয়ে বড় ব্যাপার হচ্ছে সি. এম. ডি. এ.-কে নিয়েও চিন্তা করার ব্যাপার এসে গেছে। এত দিন সি. এম. ডি. এ-র যে ডেভেলপমেন্ট ফাংশনিং ছিল তা আর নেই। কিছু কিছু রেজিডুয়াল কাজ ছাড়া সি. এম. ডি. এ-র হাতে আজ আর কোনও বড় কাজ নেই, কোনও বড় প্রোজেক্ট নেই। সি. এস. ডি. এ-র মাধ্যমে যে অ্যাসেট তৈরি হয়েছে, তা এখন আর সি. এম. ডি. এ.-র দায়িত্বে নেই, বেশিরভাগই সি. এম. সি.-র কাছে চলে গেছে, কিন্তু সেখানে সেগুলির জন্য সি. এম. সি. কোনও টাকা খরচ করছে না বা সি. এম. ডি. এ-কেও দিচ্ছে না। মেন্টেনেন্সের জন্য। ফলে আজকে সেই অ্যাসেটগুলো নষ্ট হয়ে যাচ্ছে। আমি ইতিপূর্বে অনেকবার বলেছি যেখানে বস্তি ডেভেলপমেন্ট হয়েছে সেখানে সি. এম. ডি. এ. স্যানিটারি ল্যাট্রিন করেছিল, সেগুলো আজকে নষ্ট হয়ে যাচ্ছে। সেগুলো মেন্টেনেন্সের টাকা নেই। বস্তির মধ্যে সি. এম. ডি. এ. পাইপ লাইন টেনেছিল, বস্তির মধ্যেই ঘরে ঘরে মানুষ জল পাচ্ছিল, আজকে মোস্ট অফ দি পাইপ আর অর্ন আউট। কর্পোরেশনের টাকা নেই, বস্তির লোক আবার রাস্তায় গিয়ে জল নিচ্ছে। সি. এম. ডি. এ. হাউসিং করেছিল—আমার কেন্দ্রের চেতলায় এরকম আছে, সেগুলো এখন ভেঙে পড়ছে, মেরামত করার টাকা নেই। একমাত্র লাভজনক সংস্থা ছিল সি. আই. টি. যারা কলকাতার ডেভেলপমেন্টের কিছু কাজ করেছিল। তারা ডেভেলপ করত এবং বিক্রি করত, ফলে তারা নিজেরা সেল্ফ-সাফিসিয়েন্ট ছিল। ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশে বুদ্ধদেববাবু ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে অচল করে দিয়েছেন। তাদের আজ আর নিজেদের কোনও বডি নেই, চেয়ারম্যান নেই। আজকে একজন অফিসার অন স্পেশ্যাল ডিউটি রাখা হয়েছে, যে কিনা অ্যানসারেবল টু সি. এম. ডি. এ.। অথচ আজকে সি. এম. ডি. এ-র আর কি ফ্যাংশন আছে? সি. এম. ডি. এ-র হাতে কি নতুন স্কীম আছে? আমি বুদ্ধদেববাবুকে বলছি, এটাকে আস্তে আস্তে রিডানডেন্ট করতে পারেন। দুর্গাপুর ব্রিজ কমপ্লিট হয়ে গেছে। এই অবস্থায় আপনি সি. এম. ডি. এ.-কে স্পেসিফিক্যালি কি ডেভেলপমেন্টের কাজ০ দিচ্ছেন? এটা

আপনি বলুন। স্যার, যে এলাকাগুলি ফুললি ডেভেলপড করেনি বা যেখানে নতুন করে ডেভেলপের ব্যাপার আছে, যেমন আসানসোল, দীঘা, দুর্গাপুর, শিলিগুড়ি, শান্তিনিকেতন, সেখানেই বা কোনও জায়গা পর্যন্ত রীচ করেছেন, তা দেখতে হবে। পাবলিক ইলেকটেড বডি কোনও জায়গায় আছে, কোনও জায়গায় নমিনেটেড বডি আছে। এই সমস্ত ডেভেলপমেন্ট, প্ল্যানিং অথরিটি নমিনেটেড বডিসে পাবলিক রিপ্রেজেনটেশন ডায়রেক্টলি কিছু নেই। রুলিং পার্টি তাদের লোকদের বসায়। অনেক জায়গায় পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্টস দেওয়া হয়। অথচ যে এলাকাগুলিতে ডেভেলপমেন্ট-এর প্রয়োজন আছে যেমন মাননীয় সদস্য জ্ঞানসিং সোহনপাল মহাশয় বলছিলেন খড়গপুরের কথা। সেখানে ডেভেলপমেন্ট অথরিটি নেই। খড়গপুরের আশে-পাশে ইন্ডাস্ট্রিয়ালাইজেশন হচ্ছে। যদি দরকার হয় যে এলাকাগুলি কমপ্লিট হয়েছে সেগুলি আস্তে-আস্তে তুলে দিন। যেখানে হয়নি। সেখানে নতুন করে আরবানাইজেশন-এর জন্য ডেভেলপমেন্ট অথরিটি করুন। আমার বক্তব্য হচ্ছে, সেটা যেন ট্যাক্স করে করবেন না। কলকাতা শহরে ১০০টি ওয়ার্ড ছিল যখন শুরু হল। দেখা গেল, ১০০টি ওয়ার্ড হলে আপনারা মেজরিটি পাচ্ছেন না। তখন কি করলেন? যাদবপুর, গার্ডেনরীচ এবং বেহালাকে যুক্ত করলেন। কোন যাদবপুরকে নিলেন? যেখানে বানতলা রয়েছে, ভাঙ্গড়ের পাশে ভেড়ি আছে। যেখানে বুদ্ধদেববাবু ফ্লিম ইনস্টিটিউশন করছেন। কলকাতা কর্পোরেশনের পাশেই ধান চাষ হচ্ছে, বিরাট মৎস্য চাষ হচ্ছে, কিন্তু বলা হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন। ন্যূনতম ফেসিলিটি পাকা রাস্তা, ইলেক্ট্রিক লাইন, পর্টেবল ওয়াটার—এই সমস্ত ন্যূনতম ফেসিলিটি কলকাতা কর্পোরেশন এখনও পৌছে দিতে পারে নি। যাদবপুরে ১৩টি অ্যাডেড ওয়ার্ড হয়েছে। যেহেতু বুদ্ধদেববাবুর কনস্টিটুয়েন্সি। একটা বিভৎস্য অবস্থা সৃষ্টি হয়েছে। আবার শুনছি, রাজারহাটকে নিয়ে নেওয়া হবে। লেক-টাউনকে নিয়ে নেবেন বলছেন কলকাতার মধ্যে। বাগুইহাটির ডেভেলপমেন্ট করছেন। এর পিছনেই ভেড়ি, ধান চাষ হচ্ছে এই যে আরবানাইজেশন হচ্ছে, এর ফলে ট্যাক্স বেড়ে যাবে। এতে লাভ কি হবে? আরবানাইজেশনের জন্য যে সেন্ট্রালাইজ প্ল্যানিং থাকবে সেটা কিন্তু লক্ষ করছি না। এতে করে পার্টিকুলার প্রবলেম দেখা দেয়। আইন কি রকম হচ্ছে? টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টে একটা ব্যাপার ছিল, প্রত্যেক এলাকার আউট-লাইন ডেভেলপমেন্ট প্ল্যান তৈরি করা হবে। বুদ্ধদেববাবু নিজে উদ্যোগ নিয়ে আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান সি. এম. সি করেছেন। ০০৩তে কি বলছে? ইস্টার্ন ফ্রিঞ্জ কলকাতায় কি করে হয়? যে আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান বার করেছেন ছবি দিয়ে তাতে সল্টলেক এলাকায় ল্যান্ড ইউজ এবং ল্যান্ড ফিলিং-আপের কাজ কি করে হবে? উনি বারবার বলছেন, ২ হাজার স্কোয়ার মিটার অর্থাৎ ৩০ কাঠার উপর কোনও জায়গায় পুকুর বোজানো যাবে না। মজার ব্যাপার হচ্ছে, কলকাতা শহরের এটা একটা আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান। বুদ্ধদেববাবু আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান ০০৩ সি. এম. সি কাজ করছেন এবং বলছেন আমি ডেভেলপমেন্ট করব। অরিজিন্যালি পুকুর বুজিয়ে ডেভেলপমেন্ট ধরেছিলেন এবং তারজন্য

চার্জ লেভিয়েবেল ছিল। পুকুর বোজানো বিরাট প্রবলেম হয়ে গেছে। সেদিন মৎস্যমন্ত্রী একটি বিল আনলেন। সেই বিলে ছিল ৫ কাঠার উপর পুকুর বোজানো হবে না। আমি বলেছিলাম, আপনি কর্পোরেশনের সঙ্গে আলোচনা করেছেন। তিনি বললেন, হ্যাঁ, আমাদের ল্যান্ড ইউজের ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী এবং আমাদের বুদ্ধদেববাবুর সঙ্গে কথা হয়েছে, এর পর আর ৫ কাঠার উপর পুকুর বোজানো যাবে না। কিন্তু বুদ্ধদেববাবুর আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যানে বলেছেন ৩০ কাঠার উপর পুকুর বোজানো যাবে না। এটা কি করে হয়? ক্যালকাটা কর্পোরেশনের বিরাট ছবি দিয়েছেন। সল্টলেকের কি করে ফ্রিঞ্জ ডেভেলপমেন্ট হবে? দুটি ব্যাপার হচ্ছে, আইন সত্ত্বেও সল্টলেক এবং নোটিফায়েড এলাকার বাইরেও পঞ্চায়েত এলাকা আছে এবং সেই পঞ্চায়েত এলাকা ব্যাপক। ডেভেলপমেন্ট প্ল্যান সত্ত্বেও সেখানে ব্যাপকভাবে জলাভূমি ভরাট হচ্ছে। কিন্তু আপনার এখানে আছে ৩০ কাঠার উপর পুকুর বোজাতে দেওয়া হবে না। এই যে ক্যালকাটা কর্পোরেশন-এর মধ্যে অ্যাডেড হয়েছে—আমি মাননীয় বুদ্ধদেববাবুর কাছ থেকে স্পষ্ট বক্তব্য চাই—কলকাতা কর্পোরেশনের সাথে ইনক্লুডিং অ্যাডেড এরিয়ার ব্যাপারে ওনার বক্তব্য কি? কত কাঠা পর্যন্ত পুকুর রাখা যাবে, কত কাঠা অবধি পুকুর বোজানো যাবে? এই ব্যাপারে মৎস্যমন্ত্রী মহাশয় যা বলেছেন—ওটা ছোট দপ্তর—এ ব্যাপারে বুদ্ধদেববাবু কি বলেন?

[4-00 — 4-10 p.m.]

হোয়াট ইজ দি ল্যান্ড ইউজ পলিসি? ল্যান্ড ইউজ পলিসি হচ্ছে আমাদের এই টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যান অ্যামেন্ডমেন্ট একটা মেজর কনটিটিউয়েন্ট হল কন্ট্রোল অফ ডেভেলপমেন্ট অ্যান্ড ইউজ অফ ল্যান্ড, এর একটা পুরো চ্যাপটায় আছে সেটার আউট লাইন হচ্ছে কান্ট্রি অ্যান্ড ডেভেলপমেন্ট প্ল্যানিংয়ের এই যে ব্যাপারটা ওঁরা আলটিমেটলি কি করতে চাইছেন কলকাতাকে নিয়ে কলকাতা ইস্টার্ন ফ্রিঞ্জ নিয়ে অ্যাপ্রুভাল অ্যান্ড কন্ট্রোল করে কলকাতা ইস্টার্ন ফ্রিঞ্জ ল্যান্ড ব্যবহার করার কি পরিকল্পনা নিয়েছেন এটা আজকে ওঁদের ক্লিয়ারলি বলতে হবে। এটা ডিপার্টমেন্টের বাজেটে আসবে। আমরা জলাভূমির ব্যাপারটা তুলব। কোনও জলাভূমির ব্যাপার নিয়ে একটা কনক্লুশন হচ্ছে। আমার এলাকার পাশে তেলীপাড়া বলে একটা জায়গা আছে, সেই তেলীপাড়া লেনের বিষয় হল পুকুর বুজিয়ে বাড়ি তোলা হচ্ছে, মাননীয় মন্ত্রী বলা সত্ত্বেও পুকুর বুজিয়ে অর্দ্ধেকটা বাড়ি উঠেছে। গত ১০ই এপ্রিল ১৯৯২ তারিখে মাননীয় বুদ্ধদেববাবু বলেছিলেন পুকুর রক্ষা করা হবে। পুকুর বোজানো হবে না। মেয়র ইন কাউন্সিলের মিটিং-এ তিনি এই কথা বলেছিলেন যে, ৩০ কাঠা পর্যন্ত পুকুর বোজানো যাবে, এ নিয়ে একটা বিরাট ডিসপিউট কলকাতার উপর আসছে, মাননীয় বুদ্ধদেববাবুকে বলব যখন ইনফ্যান্সী আছে ডেভেলপমেন্ট অথরিটিগুলির এই সেল না করে ট্যাক্স লেভী করবেন না। আমরা জানি যে শান্তিনিকেতন এখন কমপ্লিট হয়নি। আগে স্যুয়ারেজ

এবং ওয়াটার সাপ্লাই সিস্টেম কমপ্লিট করুন। তারপর ট্যাক্স ফেলবেন। ডোন্ট গিভ ব্ল্যাঙ্কট পাওয়ার টু সি. এম. ডি. এ. ফর অল এমিনিটিস। এখানে আমরা অপোজ করব এই ক্যালকাটা কর্পোরেশনের জলকর বসানোর সিদ্ধান্তে। একটা জলবহুল শহরে জল দেবার দায়িত্ব সরকারের। সরকার নিশ্চয়ই প্রপার্টির উপর ভিত্তি করে ট্যাক্স বসাতে পারেন, ফেসিলিটিস, এমিনিটিসের উপর ট্যাক্স বসাতে পারেন কিন্তু জলের ব্যাপারে নীতিগতভাবে আমরা এর বিরুদ্ধে। মাননীয় বুদ্ধদেববাবুর বিলটা ছোট হলেও উদ্দেশ্যটা ছোট নয়। জনসাধারণের চাপে উনি হয়ত বলতে পারেন যে দীঘা, শান্তিনিকেতনে কোথাও ব্যবহার করবেন, কিন্তু সমস্ত ওয়াইডরেঞ্জিং পাওয়ার নিয়ে সমস্ত ডেভেলপমেন্ট অথরিটি বিশেষ করে সি. এম. ডি. এ. যার আন্ডারে ৪০টা মিউনিসিপ্যালিটি আছে তাদের পাওয়ার দেবেন না। মাননীয় বুদ্ধদেববাবু বিলটিকে আবার পুনরায় বিচার করে নিয়ে আসুন, আমরা হাউসে ডিসকাশ করে পাস করাব। এই কথা বলে এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## THE 34TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Speaker :** I beg to present the 34th Report of the Business Advisory Committee which at its meeting held today in my chamber and recommended the following programme :—

| | |
|---|---|
| Thursday, 18.3.93 | Presentation of Budget Estimate for the year 1993-94 |
| Friday, 19.3.93 | General discussion on Budget .. 4 hours |
| Saturday, 20.3.93 10 a.m. | (i) Motion under rule 185 regarding pro posal for closing down the Fertilizer Promotion and Agricultural Research Division Units by the Management of H.F.C.L. Authority—Notice given by Shri Subrata Mukherjee and Others. .. 1 hour |
| | (ii) General Discussion on Budget .. 4 hours |

| | |
|---|---|
| Monday, 22.3.93 | General Discussion on Budget .. 4 hours |
| Tuesday, 22.3.93 | (i) General Discussion on Budget .. 4 hours |
| | (ii) Presentation of the Supplementary Estimate for the year 1992-93. .. 4 horus |
| | (iii) Motion for Vote on Account |
| | (iv) Motion for Demands for Grants of all Departments .. 4 hours. |

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Lakshmi Dey :** Sir, with your permission I beg to move that the 34th Report of the Business Advisory Committee presented today be agreed to by the House.

The motion was then put and agreed to.

## PANEL OF CHAIRMEN

**Mr. Speaker :** Under rule9(1) of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate a Panel of Chairman for this Session consisting of the following members—

1) Shri Gyan Singh Sohanpal

2) Shrimati Sandhya Chattopadhyay

3) Shri Dhiren Sen

4) Shri Kripa Sindhu Saha

5) Shri Subhas Goswami, and

6) Shri Deba Prasad Sarkar.

## DISCUSSION ON THE WEST BENGAL TOWN AND COUNTRY PLANNING AND DEVELOPMENT (AMENDMENT) BILL, 1992 RESUME AGAIN

**শ্রী শ্যামাপ্রসাদ বসু ঃ** মিঃ স্পিকার স্যার, আমি 'দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং ডেভেলপমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ যা সভায় উপস্থাপিত করা হয়েছে তাকে সমর্থন করছি এবং একই সঙ্গে সৌগতবাবুর আনা সংশোধনীর বিরোধিতা করছি। আমারএই বিলকে সমর্থন করার কারণ হচ্ছে, বিগত ১৯৮৯ সালে 'ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি ডেভেলপমেন্ট বিল যা এই সভায় পাস হয়েছিল তার পরবর্তী পর্যায়ে আমরা বিভিন্ন সময়ে বিভিন্ন এলাকায় একটা উন্নয়নের জোয়ার দেখতে পেয়েছি। আমাদের জেলাতেও আসানসোল-দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটির পক্ষ থেকেও উন্নয়নের যেসব কর্মসূচি নেওয়া হয়েছিল সেটা আমরা লক্ষ্য করেছি। আমরা আরও লক্ষ্য করেছি, ১৯৯১ সালের ১লা জুলাই থেকে বর্ধমান শহর এবং তার সংলগ্ন এলাকায় টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং এর এলাকাভুক্ত হয়েছে। সৌগতবাবু বিভিন্নভাবে এই বিলের বিরোধিতা করেছেন। আমার বক্তব্য হচ্ছে এই যে, আজ থেকে প্রায় ২০ বছর পূর্বে বর্ধমান ইউনিভার্সিটিতে আরবানাইজেশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়ালাইজেশন সম্পর্কে একটা সেমিনার হয়েছিল ১৯৭২ সালের ডিসেম্বর মাসে। সেখানে আলোচনার মাধ্যমে যেটা ঠিক হয়েছিল সেটা হচ্ছে এই, আজকে শহরগুলি এবং তার সংলগ্ন এলাকায় ইমিডিয়েটলি চাপটি কমানো প্রয়োজন, ড্রেনেজ স্যুয়ারেজ ইত্যাদির ব্যবস্থা করা প্রয়োজন। স্যানিটেশন সম্পর্কে সেখানে বক্তব্য রাখা হয়েছিল যে, ঐ সমস্ত শহরগুলোতে, বিশেষ করে বর্ধমানের মতো শহরের ক্ষেত্রে, এর ফাংশনাল এরিয়ার ক্ষেত্রে রিপ্ল্যানিং করতে হবে। It was one of thc major decisions that was taken in that particular seminar in December, 1979. এই ফাংশনাল এরিয়া রিপ্ল্যানিং এরপ প্রয়োজনীয়তা বামফ্রন্ট সরকার অনুভব করেছেন এবং তারই জন্য বর্ধমান আসানসোলের সংশ্লিষ্ট এলাকা টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং এর অন্তর্ভুক্ত হয়েছে। যেহেতু ঐ সমস্ত শহরে এর ফাংশনাল এরিয়া বৃদ্ধি হচ্ছেতাই অল সিভিক ফেসিলিটিজের ব্যাপারটাও স্ট্যান্ডেড থাকছে না, বিস্তৃতি লাভ করছে। উত্তরবঙ্গেও এটা বিস্তৃতি লাভ করেছে।

[4-10 — 4-20 p.m.]

শহরের কাছে যারা থাকেন তারা ট্যাক্স না দিয়ে সিভিক ফেসিলিটি ভোগ করেছেন।

কাজেই যারা শহরের কাছে থাকছেন তারা কেন ট্যাক্স দেবেন না। ওয়াটার সাপ্লাই, স্যানিটরী অ্যারেঞ্জমেন্ট আমাদের পশ্চিমবঙ্গের মতো চিন্তা-ধারায় আর কোথায় হয় আমি জানি না। সৌগতবাবু, এটা বলতে দুঃখ হয়, আমাদের যে সমস্ত পৌরসভা আছে, সেখানে সমাজতান্ত্রিক চিন্তা-ধারা নিয়ে পরিচালনা করা হয় সেই রকম আর কোনও দেশে আছে? কাজেই আপনারা সমাজতান্ত্রিক চিন্তা-ভাবনা করে কথা বলছেন না। বুর্জোয়া চিন্তা-ভাবনা নিয়ে এগুলি চালানো উচিত নয়। আমি বলতে বাধ্য হচ্ছি, বর্ধমান শহরে পৌরসভা ১২।। টাকা মন কাঠ বিক্রয় করে যারা মড়া পোড়াতে যায় তাদের কাছে। বর্ধমান শহরে এটা কি বিশ্বাসযোগ্য? আমাদের মনে রাখতে হবে যে আজকের দিনে একটা প্ল্যান টাউন বা একটা প্ল্যান কনজিউমারেশন যদিকরতে হয় তাহলে তার জন্য যেটা প্রয়োজন সেটা হচ্ছে বিগত দিনের চিন্তা-ভাবনাকে ছেড়ে নুতন কনসেপ্টের উপরে দাঁড়ান উচিত এবং তার জন্য আমাদের যা প্রয়োজন সেগুলি চিন্তা করা উচিত। সেটা কি ভাবে তৈরি করা হবে, ফান্ড কোথায় থেকে পাওয়া যাবে সেগুলি চিন্তা-ভাবনা করা উচিত। সৌগতবাবু ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা ইত্যাদির কথা বলেছেন। আপনি যদি গতকালের ইকনমিক টাইমস, ক্যালকাটা এডিশনটা দেখেন তাহলে দেখবেন যে তাতে বেরিয়েছে যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের ৬১ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার খরচ করতে পারেনি। ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই. ডি. এ., এই সংস্থার ২৯ হাজার কোটি টাকা অ্যাজঅন ১.১.৯৩ খরচ করা যায়নি, এটা ইকনমিক টাইমসে বেরিয়েছে, ভারতবর্ষের বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে। বর্ধমান ইউনিভার্সিটির একজন লেকচারার আজ থেকে ৪ বছর পূর্বে বলেছেন যে ভারতবর্ষের বোম্বে হাই থেকে আমেথী পর্যন্ত গ্যাস পাইপ দিয়ে গ্যাস পাঠিয়ে আলোকোজ্জল করা হয়েছে, যেখানে রাজস্থানে মা বোনদের ২৮।৩০ কিলো মিটার দূরে হেঁটে গিয়ে পানীয় জল আনতে হয়। আজকে এল. আই. সি. এবং ব্যাঙ্কের অনেক ক্যালেন্ডারে সেই সমস্ত ফটো দেখা যায়। কাজেই সেই সমস্ত জায়গায় মা, বোনেদের বুকে কত কান্না জমে আছে সেটা কি আমরা ভাবি। আমেথী আলোকিত হোক, কিন্তু কিছু টাকা-পয়সা দিয়ে রাজস্থানে যদি ওয়াটার সাপ্লাইয়ের ব্যবস্থা করা যায় তাহলে সেখানে ২৮।৩০ কিলো মিটার দূরে হেঁটে গিয়ে তাদের জল আনতে হত না। আজকে যদি সেখানে জলের ব্যবস্থা করা হত তাহলে কষ্ট লাঘব হত। রাজস্থানে এখনও পর্যন্ত দূরত্ব অনুযায়ী পণ প্রথা চালু আছে। যত বেশি দূরত্ব হবে তত বেশি মেয়ের বাবাকে পণ দিতে হবে। আর যত দূরত্ব কম হবে তত কম পণ দিতে হবে। কাজেই আজকে অ্যামেন্ডমেন্ট সহ যে বিল এসেছে, সেই বিলকে সমর্থন করছি এবং সেই সঙ্গে সৌগতবাবু যে সংশোধন প্রস্তাব এনেছেন তাকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে বুদ্ধদেববাবু যে দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল এনেছেন এই বিলের উপর আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমার কতকগুলি কথা মনে হয়েছে

এই বিলটা পড়ে। এই বিলটা ১৯৭৯ সালে অ্যানাক্টমেন্ট হয়েছে, এই বিধানসভায় পাস হয়েছে। আজকে দীর্ঘ দিন কাজ করার পর আজকে হঠাৎ বুদ্ধদেববাবু এই বিলের কিছু পরিবর্তন আনতে চেয়েছেন। আমরা এই বিলের সেকশন ১০৩-এ দেখতে পাচ্ছি যে এই অ্যাক্টের দি ডেভেলপমেন্ট চার্জ স্যাল নট একসিড বলে কতকগুলি চার্জ তিনি ধরে রেখে দিয়েছেন। স্যার এই চার্জ করার পর আবার নূতন করে এই সব ডেভেলপমেন্ট অথরিটির হাতে কিছু ট্যাক্স বসাবার অধিকার দেবার জন্য এই বিল হাউসের সামনে তিনি এনেছেন। আমার মনে সন্দেহ দেখা দিয়েছে যে কেন আজকে এই নূতন করে ডেভেলপমেন্ট অথরিটির হাতে এই ট্যাক্স করার অধিকার দেওয়া হল। এই সরকার কি নিজে থেকে এই চিন্তা করল? যে সরকার অতীতে ট্যাক্স কালেকশনের বিরোধিতা করেছেন, যে সরকার জিরো ডেফিসিট বাজেট করে, যে সরকার যে কোনও ট্যাক্সের বিরোধিতা করে সেই সরকার হঠাৎ করে কেন এই সমস্ত ডেভেলপমেন্ট অথরিটির হাতে ট্যাক্স তোলবার অধিকার দিচ্ছে। আজকে আমাদের সন্দেহ যে বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে বিভিন্ন ১১টি প্রকল্পের জন্য টাকা নিয়েছেন সেই ১১টি প্রকল্পের জন্য বিশ্ব ব্যাঙ্কের কিছু কিছু শর্তের কাছে নতি স্বীকার করতে হচ্ছে। যে কারণগুলির জন্য সেই শর্ত মেনে চলার জন্য ক্যালকাটা কর্পোরেশনে নূতন করে ওয়াটার ট্যাক্স মানুষকে দিতে হয়। সঙ্গে সঙ্গে ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে ওয়াটার ট্যাক্স দিতে হয়। তাই আজকে দেখতে পাচ্ছি সমস্ত ওয়াটার ট্যাক্সের অন্তর্ভুক্ত করার জন্য নূতন করে বাজেটের ব্যবস্থা করা হচ্ছে। আমি মনে করি বুদ্ধদেববাবু অথবা তাঁর সরকার বিশ্বব্যাঙ্কের কাছে আত্ম বিসর্জন দিয়ে আজকে নূতন করে ডেভেলপমেন্ট অথরিটির হাতে নূতন ট্যাক্স করার অধিকার তুলে দিচ্ছেন। এতদিন যেটা ছিল সেটা হল এই ডেভেলপমেন্ট অথরিটিগুলি হচ্ছে ফান্ডিং অথরিটি। ওরা ট্যাক্স দিত এবং বিভিন্ন পরিকল্পনা করে সেই পরিকল্পনাগুলি তৈরি করার পর বিভিন্ন জায়গায় তারা বিভিন্ন সংস্থার হাতে সেই গুলি তুলে দিত। আমরা দেখেছি কলকাতা কর্পোরেশনে সি. এম. ডি. এ অনেকগুলি প্রোজেক্ট করেছে এবং সেইগুলি কলকাতা কর্পোরেশনের হাতে পরবর্তীকালে তুলে দেয়। সেই টাকা কর্পোরেশনের হাতে না থাকায় একটা ডিপার্টমেন্ট, মেকানিক্যাল ডিপার্টমেন্ট যেটা টেকনিক্যাল নো-হাউ ডিপার্টমেন্ট যার মধ্যে মেকানিক্যাল সুয়ার ডিপার্টমেন্ট আছে সেই ডিপার্টমেন্ট অচল হয়ে যাচ্ছে। সি. এম. ডি. এর হাতে ছিল, সি. এম. ডি. এ তৈরি করেছে, সেটা কলকাতা কর্পোরেশনের হাতে দেওয়ার সেটা অচল হয়ে গিয়েছে। যদি এই অধিকার দেওয়া হয়, ট্যাক্স করার অধিকার দেওয়া হয়, ট্যাক্স তোলবার অধিকার দেওয়া হয় যেটা আপনার বিলেতে সেকশন ১০৩-এ দেখতে পাচ্ছি সেখানে ট্যাক্স ঠিক করতে বলেছেন। এখানে জলের চার্জের জন্য আলাদা যে সমস্তগুলি আছে তার জন্য কি রেট আপনি চার্জ করবেন সেটা উল্লিখিত হচ্ছে না। বিলের মধ্যে একটা কথা বলেছেন প্রায় অ্যাপ্রুভাল অফ দি গভর্নমেন্ট দরকার হবে, কিন্তু রেট কি হবে সেটা বলে দেননি। তাহলে আগামী দিনে মানুষের উপর কি পর্যায়ে টাকা চাপবে, কি পরিমাণ ট্যাক্স দিতে হবে, তার

রেট কি হবে তা এখনও পর্যন্ত এই বিলের মধ্যে পরিষ্কার নেই।

[4-20 — 4-30 p.m.]

এমনিতে যে সমস্ত সংস্থা আছে, কর্পোরেশন বলুন, মিউনিসিপ্যালিটি বলুন, মানুষ ট্যাক্স দিচ্ছে। কিন্তু তারা যথেষ্ট অ্যামিনিটিস পাচ্ছে না। এই ডেভেলপমেন্ট এরিয়া নতুন করে, আমি যতদূর জানি বা শুনেছি, পশ্চিমবঙ্গের ২২টি অঞ্চলকে আপনি আনছেন। আমার যদি ভুল হয় আপনি কারেক্ট করে দেবেন। এই যে জায়গাগুলোতে আপনি নতুন করে ডেভেলপমেন্ট অথরিটির হাতে ট্যাক্স'-এর অধিকার তুলে দেবেন, এতে অ্যাসিওরেন্সের ব্যাপারে আপনি কি বলছেন? আপনি বলছেন যে জ্ঞাল সাফাই করবার অথবা জল সরবরাহ করার জন্য বিভিন্ন অঞ্চলে অথবা ডেভেলপমেন্ট এরিয়ায় একটা পোর্শনের জন্য টাকা নেবেন, ট্যাক্স নেবেন। ডেভেলপমেন্ট অথরিটিগুলো ট্যাক্স বসাবে, মানুষকে তার বিনিময়ে কি দেবে? সে যে পরিমাণ ট্যাক্স দেবে, সেই পরিমাণে অ্যাসিওরেন্স পাবে, এই কথা কিন্তু এই বিলের মধ্যে কোথাও লিখে দেননি। সেই সঙ্গে সঙ্গে বিলের মধ্যে এই কথা বলেছেন যে এটা রিকভারি রুলসে আছে। অর্থাৎ অন্যান্য ক্ষেত্রে যে ভাবে ট্যাক্স রিকভার করেন সেইভাবে রিকভার করে নেবেন বিভিন্ন মানুষের কাছ থেকে। যদি সে ট্যাক্সের টাকা না দিতে পারে তাহলে কি হবে? এই যে বিলটি আপনি এনেছেন, অন্যান্য সমস্ত কিছু বিচার করে আমার মনে হচ্ছে, এই বিলের ফলে সাধারণ মানুষের উপরে ট্যাক্সের বোঝা বাড়বে। যেখানে ডেভেলপমেন্ট অথরিটিগুলো অলরেডি ট্যাক্স নিচ্ছে, সেখানে নতুন করে এই যে ট্যাক্সের অধিকার আপনি দিচ্ছেন, এতে পরবর্তীকালে অবস্থাটা কি দাঁড়াচ্ছে? আমরা জানি, সি. এম. ডি. এ., ক্যালকাটা কর্পোরেশন প্রায় ৪০।৪২টি মিউনিসিপ্যাল এরিয়াতে কাজ করেছে। আমার কেন্দ্র বারুইপুরে সি. এম. ডি. এ. এক সময়ে কাজ করেছে। আজ থেকে ১৮।২০ বছর আগে যে ডেভেলপমেন্ট ওয়ার্ক হয়েছে, সেখানে আর কেউ ফার্দার হাত দেয়নি। প্রশ্ন হচ্ছে, তাহলে ডেভেলপমেন্ট ওয়ার্ক করার পর কার অধিকারে যাবে? মিউনিসিপ্যালিটিতে ডেভেলপমেন্টে ওয়ার্কের দায়িত্ব কে পাবে? যদি মিউনিসিপ্যালিটি না হয় তাহলে সেখানে কে দায়িত্ব পাবে? এর বিশ্লেষণ এতে দেওয়া হয়নি। সেজন্য আপনি যে বিল এনেছেন, সমর্থন করতে পারছি না। সৌগতবাবু বলেছেন যে আবার নতুন করে ভাবনা-চিন্তা করার দরকার আছে, বিলটি পুরনো চিন্তা-ভাবনার উপরে ভিত্তি করে আনা হয়েছে। এতে ডাবল ট্যাকসেশনের সুযোগ রয়েছে। আপনি যে বিলটি এনেছেন, এতে পরবর্তীকালে—আজকে যে ট্যাক্সের অধিকার পাচ্ছে যে দায়িত্ব নেবে কিনা—কে দায়িত্ব নেবে? ১৭।১৮ বছর আগে একটা রাস্তা যা তৈরি হয়েছে, তার ডেভেলপমেন্টের দায়িত্ব অঞ্চল পঞ্চায়েত নেবে, না, জেলা পরিষদ নেবে, বা মিউনিসিপ্যালিটি নেবে, কে দায়িত্ব নেবে? দায়িত্বটা দেখা যাচ্ছে কেউ নিচ্ছে না। পরবর্তীকালে কে দায়িত্ব নেবে তার সুনির্দিষ্ট রূপরেখা যদি না থাকে তাহলে এই বিল কার্যকর হবে না। সেজন্য আমি এই

বিলের বিরোধিতা করছি এবং সংক্ষিপ্ত যে অ্যামেন্ডমেন্টগুলো দেওয়া হয়েছে তার সমর্থন করছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি টাউন অ্যান্ড কান্ট্রি-র উপরে যে বিলটি এসেছে ১৯৯২ সালের বিল, সেটিকে সমর্থন করে দু-একটি কথা বলছি। কারণ একটা ডেভেলপমেন্ট বা সিভিক অ্যামিনিটিজ বা সুযোগ-সুবিধা দেবার জন্য বিভিন্নভাবে পরিকল্পনা করা হয়। আর্বানাইজ হবার পর সেখানে প্রয়ঃপ্রণালী ব্যবস্থা করা, আলোর ব্যবস্থা করা, রাস্তাঘাট তৈরি করা ইত্যাদি কাজ বিভিন্নভাবে পরিকল্পনার মধ্যে দিয়ে করতে হয়। স্বাভাবিকভাবেই, এই কাজগুলোকে করতে গেলে অর্থের বিশেষ প্রয়োজন হয়। এখানে বিরোধীপক্ষের বন্ধুরা বলেছেন যে ট্যাক্স বসিয়ে এই টাকা কেন আদায় করবেন। সাধারণ নাগরিকদের কাছ থেকে কেন আদায় করবেন।

এক্ষেত্রে একটা প্রশ্ন থেকে যাচ্ছে একটা সরকারের বিভিন্ন সময়ে যেসব দায়িত্ব তার আছে সেইগুলো সমাধান করতে গেলে তার যে অর্থ দরকার সেই অর্থটা বহন করবে কে? সেই অর্থটা আসবে কোথা থেকে? স্বাভাবিকভাবেই আমরার মনে করি যে এই যে বিরোধী বন্ধুরা ট্যাক্সের বিরোধিতা করছেন এটা ঠিক নয়। তাহলে কাজ হতে পারে না। এই ট্যাক্স আদায় না হলে মাঝপথে কাজ বন্ধ হয়ে যাবে এবং কোনও উন্নয়নমূলক কাজই সম্ভব হবে না। সেই কারণে ডেভেলপমেন্ট অথরিটি পরিষ্কারভাবে বলে দিয়েছে এবং মাননীয় মন্ত্রীও বিল উত্থাপন করার সময়ে পরিষ্কারভাবে বলেছেন যে এই বিলটি পৌরসভার উপরে প্রযোজ্য নয়। সেই কারণে এই বিলটি সমর্থন করতে গিয়েআমি মনে করি যে এর প্রয়োজন ছিল, কারণ নাগরিকদের সুযোগ-সুবিধা দেওয়ার জন্য এটা করার দরকার ছিল। আজকে যদি ট্যাক্সের মাধ্যমে রেভিনিউ আদায় না হয়, অর্থ আদায় না হয় তাহলে উন্নয়নমূলক কাজ ব্যহত হবে এবং করাও সম্ভব হবে না। সেইজন্যই আমি মনে করি এই বিলটি ঠিকই সময়ে এসেছে এবং এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ উত্থাপিত করেছেন আমি তার বিরোধিতা করছি। এই আলোচনার শুরুতেই আমাদের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় যে কথা বলেছেন যে এই বিলটি সংক্ষিপ্ত কিন্তু এর উদ্দেশ্য বিরাট। আরও ব্যাপক আলোচনার জন্য জনসাধারণের মধ্যে বিলি করার দরকার এবং জনমত আনা হোক, তারপরে বিলটি এখানে আনা উচিত। তার উত্তরে, মাননীয় মন্ত্রী বললেন যে এই বিলটি মূলত দীঘা পর্যটন কেন্দ্র এবং শান্তিনিকেতনের জন্য আনা হয়েছে, সেখানে বিলে কিছু সংশোধনী আনা হয়েছে। এই বিলটি আনার মধ্যে দিয়ে ট্যাক্স আদায়

করার একটা সুপরিকল্পিত পদ্ধতি করা হয়েছে। আজকে পশ্চিমবঙ্গ একটা চরম আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে এবং তারজন্য অর্থ সংগ্রহের জন্য মরিয়া হয়ে উঠেছেন। এর ফলে বিভিন্ন জায়গায় ট্যাক্স বসানোর চেষ্টা করছেন। আজকে আপনারা দীঘার কথা বলছেন, দীঘা একটি পর্যটন কেন্দ্র, কিন্তু মাননীয় মন্ত্রী বলতে পারবেন এই গত ১৬ বছরে এই নোটিফায়েড এলাকার জন্য কত টাকা খরচ করেছেন। দীঘা ডেভেলপমেন্ট অথরিটি দীঘা পর্যটন কেন্দ্রের উন্নয়নের জন্য কত টাকা ব্যয় করেছেন? এই সভায় কিছুদিন আগেও আমি প্রতিবাদ করেছিলাম যে দীঘাতে পর্যটন কেন্দ্রের উপর যে ট্যাক্স চাপানো হচ্ছে সেটা প্রত্যাহার করে নেওয়া হোক। কিন্তু আজ অবধী প্রত্যাহার করা হয়নি। সেখানে যারা গাড়ি রাখেন তাদের কাছ থেকে এন্ট্রি ট্যাক্স নেওয়া হচ্ছে। সেখানে তো দীঘা ডেভেলপমেন্ট অথরিটি বলেছেন যে দীঘা পর্যটন কেন্দ্রের উন্নয়নের জন্য এই টাকার প্রয়োজন, তাই এই টাকা সংগ্রহ করা হচ্ছে তাহলে আবার নতুন করে এই ট্যাক্স বসানোর কি দরকার ছিল, কেনই বা আবার এই ট্যাক্স বসানো হচ্ছে এর উত্তর দিন।

আজকে রিসেসের আগে প্রশ্নোত্তর সময় যেমন করে পরিবহন মন্ত্রী আমাদের কাছে তার পরিবহন দপ্তরের ৪টি সংস্থার লোকসানের কথা বলছিলেন, আমরা লোকসানের কথা তুলতে তিনি বলেছিলেন ভারতবর্ষের ২টি রাজ্য ছাড়া এমন করে পরিবহন ব্যবস্থাকে চালাতে হয়, এর মূল কারণ হচ্ছে এটা পরিষেবার ব্যাপার, মানব সেবার ব্যাপার। আজকে গ্রামাঞ্চলে যান দেখতে পাবেন তারা ধীরে ধীরে অন্য জায়গায় এসে ছোট ছোট এলাকাকে আর্বানাইজ করে গড়ে তোলবার চেষ্টা করছেন সেখানে সরকারের কি কোনও অ্যামিনিটিজ দেওয়ার নৈতিক কর্তব্য নেই? আজকে দীঘাতে বিশেষ করে দীঘার ব্যাপারে যে প্রশ্ন দেখা দিয়েছে ওয়াটার সাপ্লাই নিয়ে সেই ব্যাপারে অ্যামেন্ডমেন্টের মধ্যে বিশেষ করে বলা হয়েছে জল সরবরাহ করা হবে, কনজারভেন্সি করা হবে। এই ব্যবস্থা দীর্ঘদিন ধরে চলে আসছে কিন্তু ওরা যে ব্যবস্থা করেছেন দীঘার মানুষের ভাগ্যে যে দুর্ভোগ হয়েছে সেটা ওরা দূর করতে পারেননি। দীঘার সমুদ্রের ভাঙন প্রতিরোধ ওরা করতে পারেননি। দীঘার ওখানে যে মার্কেট আছে নেহেরু মার্কেট সেইখানে জল ঢুকে গিয়েছিল, তার প্রতিরোধ ওরা করতে পারেনি অথচ দীঘার লোকেদের উপর তারা লেভি ধার্য করবার চেষ্টা করছেন। আমরা এটার বিরোধিতা করবার জন্য বলছি না, আমরা কিছুদিন ধরে দেখছি এটা বামফ্রন্ট সরকারের একটা প্রবণতা সৃষ্টি হয়েছে তাদের এই দেউলিয়াপনা নীতি থেকে তারা যেখানে সেখানে বাঘের থাবা মারবার চেষ্টা করছে অর্থ সংগ্রহ কররার জন্য। আমাদের মেদিনীপুর জেলায় ২টি সড়ক সেতু আছে, একটি হচ্ছে মাতঙ্গিনী সেতু আর একটি হচ্ছে শহীদ ক্ষুদিরাম সেতু। সেখান দিয়ে একটা ট্যাক্সি গেলে তাকে মাত্র ২ টাকা ট্যাক্স দিতে হতো আর ট্রাক বা লরি কিংবা বাস গেলে ৪৫ টাকা দিতে হতো, এখন থেকে ৪ টাকার পরিবর্তে ১০ টাকা দিতে হবে এপ্রিল মাস

থেকে। আগে যারা ট্যাক্সের বিরুদ্ধে আন্দোলন করতেন আজকে সেই বামফ্রন্ট সরকার ট্যাক্স আদায় করবার জন্য তারা বিভিন্নভাবে প্রচেষ্টা চালাচ্ছেন। আজকে যে সমস্ত বিল হাউসে আনা হচ্ছে এই ব্যাপারে মাননীয় সদস্য সৌগতবাবু বলছিলেন '৭৯ সালে যে আইন তৈরি হয়েছিল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং তার খোল নলচে বদলে সমস্ত সংশোধনী হাউসের সামনে রাখা হোক কি কি পরিবর্তন করতে হবে। তাই আমি বলব এই যে সংশোধনী বিল আনা হয়েছে এর পরিপূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শালিব টোপ্পো :** মিঃ স্পিকার স্যার, মন্ত্রী মহোদয় যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন সেটাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাচ্ছি। বিরোধী বন্ধুরা চাই আর নাই এই দুটো কথা খালি জানে। যদি ডেভেলপমেন্ট দরকার হয় তাহলে ট্যাক্স করা দরকার, ট্যাক্স দেব না এটা তো হয় না। তারা যে কথা বলেছেন পশ্চিমবঙ্গ সরকার নাকি দেউলিয়া হয়ে গেছে তাহলে কেন্দ্রীয় সরকারের অবস্থাটা কি তারা সেটাও একবারও বললেন না। যাইহোক আজকে যে বিলটা এখানে এসেছে মন্ত্রী মহোদয় বিলটা এনেছেন সেটাকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলব।

আজকে আমরা বিভিন্ন এলাকায় দেখতে পাচ্ছি গ্রাম থেকে মানুষ শহরের দিকে পলায়ন করছে। তার কারণটা হচ্ছে শহরে নাকি শিক্ষাদীক্ষা অন্যান্য সুযোগসুবিধা পাওয়া যায়। অনেক জায়গা আরবানাইজেশন হয়ে আসছে, সেইসব জায়গায় যেসব অ্যামিনিটিস দরকার সেগুলো সরকার করে দিতে পারছে না আর্থিক অসঙ্গতির জন্য। কতগুলো ডেভেলপমেন্ট এরিয়া আছে, সেখানে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধার কথা বলা হয়েছে। সেগুলো তারা করতে পারছে না আর্থিক অসঙ্গতির জন্য আজকে আরবানাইজড এরিয়াগুলোতে লোকের চাহিদা বাড়ছে। তারা বিভিন্ন রকম সুযোগ-সুবিধা চাইছে, তাদের এই সুযোগ-সুবিধা দেওয়ার ব্যবস্থা, শিক্ষার ব্যবস্থা, রাস্তা-ঘাটের ব্যবস্থা, সাফাই, জলনিষ্কাশন-এর ব্যবস্থা এইগুলিকে করতে গেলে টাকার প্রয়োজন হয়। সেইজন্য আইনটা যদি সংশোধন না করা হয় তাহলে হবে না। ১৩৪ ধারায় প্ল্যানিং অথরিটি, ডেভেলপমেন্ট অথরিটি, তারা তা করতে পারেন না। সেই ১৩৪ ধারাটা সংশোধন করার জন্য বলা হয়েছে। এই কাজগুলো যাতে তারা ঠিক ঠিক করতে পারে তার জন্য এটা করা হচ্ছে। টাউনশিপ এরিয়া নয়, আরবানাইজড এরিয়া, এইসব জায়গায় জনসংখ্যা বাড়ছে সেখানে নোটিফায়েড এরিয়ার স্বীকৃতি দেওয়া হচ্ছে। শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটি গঠন করা হয়েছে। আমার কথা হচ্ছে শিলিগুড়ি ডেভেলপমেন্ট অথরিটির এরিয়া এক্সটেন্ড করা হোক। এই বিলটাকে সমর্থন করে এবং, কংগ্রেসি বন্ধুদের সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আজকে দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কাউন্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ এটা বুদ্ধদেববাবু দীঘা এবং শ্রীনিকেতন এদের মধ্যে সীমাবদ্ধ রাখত তাহলে জানতাম, এটার উদ্দেশ্য সফল, তাহলে আমাদের তরফ থেকে খুব বেশি অভাব-অভিযোগ তুলতাম না। ছোট আকারে এই বিলটা নিয়ে এসে পরে জাল বিস্তার করার প্রবণতা এর মধ্যে দেখা যাচ্ছে। এই ভয় আমরা পাচ্ছি। সুঁচ হয়ে ঢুকে ফাল হয়ে বেরোবে। স্যার, আপনাকে প্রথমে বলব বুদ্ধদেববাবু আগে ঠিক করুন তিনি নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী থাকবেন, না—পশ্চিমবাংলার ডি-ফ্যাক্টো হোম মিনিস্টার থাকবেন। যদি এই নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী থাকতে হয় তবে এই যে ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কাউন্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) অ্যাক্ট বইটা আমাদের এখানে উপস্থাপিত করা হয়েছে এর প্রতি উদাসীনতা চূড়ান্ত পর্যায়ে গিয়ে পৌঁছেছে।

টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং সম্বন্ধে বুদ্ধদেববাবুর আজকে আর আলোচনা করার বা মাথা ঘামানোর মতোন সময় নেই। আমি একটা ব্যাপার কোট করছি, এটা শুনলেই আমার কথাটা বুঝতে পারবেন। "মুখ্যমন্ত্রী এবং তথ্য ও নগর উন্নয়ন মন্ত্রী সময় দিতে না পারায় গত বছর সি. এম. ডি. এ-র পরিচালন বোর্ডের সভা একবারের বেশি হতে পারেনি। ১৯৯২ সালে একটিমাত্র বোর্ড বৈঠক হবার ঘটনা সি. এম. ডি. এর ৩৩ বছরের ইতিহাসে একটি নজিরবিহীন ঘটনা যেমন নজিরবিহীন ঘটনা নগর উন্নয়নমন্ত্রীর একদিনের জন্যও সি. এম.ডি.-এর দপ্তরে না যাওয়া" তাহলে স্যার, বলুন এটাই কি আমাদের নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে আমাদের প্রত্যাশা? নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর এই অনুপস্থিতির ফলে সি. ওএম. ডি. এ-র মধ্যে যে অচলাবস্থা এসে যাচ্ছে সেসম্পর্কে মন্ত্রী মহাশয়কে বলব, তিনি অবহিত হোন। কারণ সি. এম. ডি. এর মতোন এরকম একটা বিশাল প্রকল্পকে নিয়ে তিনি ছিনিমিনি খেলতে পারেন না। প্রেস কর্নার থাকবে, না ভাঙা হবে, সে ব্যাপারে আলোচনা হবে, কি হবে না বা কি ভাবে সেই প্রশ্নকে উড়িয়ে দেওয়া হবে অথবা স্বরাষ্ট্র দপ্তরের মধ্যে কে কোথায় এস. পি. হয়ে যাবেন অথবা ডি. আই. জি. হবেন সে নিয়ে মাথা না ঘামিয়ে তাকে বলব, সি. এম. ডি. এতে কি হচ্ছে, না হচ্ছে তা নিয়ে চিন্তা করুন। স্যার, দেখুন, এখানে বলা হচ্ছে, "কর্মীদের পেশাগত সমস্যা ছাড়াও সংস্থার সবকটি প্রকল্পের ভবিষ্যত নির্ধারণ করেন এই পরিচালন বোর্ড। পরিচালন বোর্ডের সভা ডাকা তো দূরের কথা, নগর উন্নয়ন ও তথ্য মন্ত্রীর দায়িত্ব পাবার পর সি. এম. ডি.-এর সদর দপ্তরে অকল্যান্ড প্লেসে একবারও যাননি মন্ত্রী। মন্ত্রী সংস্থাটির উপর আকর্ষণ হারিয়ে ফেলেছেন বলে কর্মীদের অভিযোগ। তারা উদ্বিগ্ন সি. এম. ডি. এর ভবিষ্যত নিয়ে।" এই সমস্ত গুরুত্বপূর্ণ অভিযোগ সম্পর্কে আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণের সময় বলবেন। সুতরাং নগর উন্নয়ন

ও নাগরিক জীবনের স্বাচ্ছন্দ্যের প্রশ্ন আজকে যেভাবে এখানে চ্যালেঞ্জের মুখে এসে দাঁড়িয়েছে তার মোকাবিলা না করে উনি এইসব করে বেড়াচ্ছেন। আজকে এখানে দীঘা এবং শ্রীনিকেতন, শান্তিনিকেতনের নাম করে যে বিল এসেছে এবং তার মাধ্যমে যে জাল বিস্তার করতে চাইছেন ভবিষ্যতে সেই জালে যে আমরা সকলে পড়ব না তার গ্যারান্টি কিছু নেই। কাজেই সে সম্ভাবনা সেখানে থেকেই যাচ্ছে। স্যার, টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট নিয়ে আমার প্রথম যে কথাটা সেটা হচ্ছে, এই অ্যাক্ট থাকা সত্ত্বেও কর্পোরেশনের ৬৩ নং ওয়ার্ডে আপনারা জানেন যে রডন স্কোয়ারে ওরা বাণিজ্য কমপ্লেক্স তৈরি করার প্রস্তাব নিয়েছিলেন কিন্তু আমরা সেখানে বাধা দিয়েছিলাম। এর প্রতিবাদে আমরা সেখানে মিছিল করে গিয়েছিলাম এবং পুলিশ গুলি চালিয়ে সেখানে থেকে আমাদের সরিয়ে দিয়েছিল। এই টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টের মধ্যে কোনও এলাকায় কত তলা বাড়ি করা যাবে, কোন এলাকায় বাণিজ্য কমপ্লেক্স করা যাবে না সে সম্পর্কে সুনির্দিষ্ট বক্তব্য থাকা সত্ত্বেও তারা এটা করতে চাইছিলেন। ভবতোষ দত্তকে সেই কমিটির চেয়ারম্যান থেকে পদত্যাগ করে চলে যেতে হয়েছিল আপনাদের এই বেআইনি কাজ করার জন্য। রডন স্কোয়ারে আপনারা বাণিজ্য কমপ্লেক্স করার চেষ্টা করেছিলেন সি. এম. ডি. এর টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টের বিরুদ্ধাচারণ করে। তারপর জনগণের প্রতিরোধের কাছে নতি স্বীকার করে এখন আপনারা বলছেন ওখানে সাংস্কৃতিক কেন্দ্র হবে। এ সম্পর্কে আবার জনগণকে বিভ্রান্ত করার জন্য বলছেন যে রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্রের জন্য কেন্দ্র থেকে টাকা পাওয়া যাবে। এটা অসত্য। কেন্দ্র রডন স্কোয়ারের প্রশ্নে কত টাকা দেবেন, কি চুক্তি হয়েছিল কেন্দ্রের সঙ্গে সেটা বলুন। এই টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টের প্রশ্ন নিয়ে আমরা কেন্দ্রের কাছে বলেছিলাম যে এই অ্যাক্ট অনুযায়ী এই রডন স্কোয়ারে বাণিজ্য কমপ্লেক্স কিংবা সাংস্কৃতিক কমপ্লেক্স কোনওটাই করা সম্ভব নয়। তাহলে আপনারা টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টের ব্যাপারে যে প্রস্তাব দিয়েছিলেন সেই প্রস্তাবকে আপনাদের বাদ দিতে হবে। আজকে আবার যে বিল এনেছেন তাতে কর আদায় করার উদ্যোগ নিয়েছেন। আপনারা প্রতি বছর ঘাটতিশূন্য বাজেট-এর নাটক করেন। আপনারা এমন একটা ভাব দেখান যেন আপনারা কর বসাতে চান না। একটা ভীষণ চাতুর্যের মধ্যে দিয়ে আপনারা বাজেট রচনা করেন। বাজেটের পর দপ্তরগুলির হাল কি হয় সেটা ক্রমশ প্রকাশ পেতে থাকে, সেটা আমরা জানি। পরশুদিন বাজেট আসবে, তখন এ নিয়ে আলোচনা করা যাবে। কিন্তু টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের প্রশ্নে আপনার কাছে আমাদের যেটা অত্যন্ত স্পষ্টভাবে বলা, যে নাগরিকদের সুখ, স্বাচ্ছন্দ আজকে একটা চ্যালেঞ্জের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। সেইজন্য আমরা বিরোধীদলের সদস্য হিসাবে লেভি চার্জকে বিরোধিতা করছি। আমরা জানি কলকাতার পথঘাটের দুরবস্থা আছে, পট হোল্স আছে, এখানকার সব ফুটপাথ জবর দখল হয়ে রয়েছে, হকাররা দখল করে রেখেছে, নাগরিকরা নরক যন্ত্রণা ভোগ করছে, তার উপর আপনি যদি আবার লেভি আনেন, আমরা তার বিরোধিতা করব, তার কারণ

জলকর বসানোর একটা প্রচেষ্টা কলকাতা পৌরসভা থেকে নেওয়া হচ্ছে। ১৩৪ নং অ্যাক্টের পরিবর্তন করার জন্য যে কথা বলেছেন, আপনার অবজেক্টে বলেছেন, "It has also been proposed to levy a charge other than the development charges as mentioned in section 102 of the principal Act for supply of water, conservancy services and other public services and facilities. The charge shall be leviable at a rate which will be fixed with the prior approval of the State Government."

সুতরাং এই যে লেভির প্রশ্নে আপনারা যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন বা উদ্যোগ নিচ্ছেন,আমরা তার বিরোধিতা করছি। গতকাল আপনাদের একজন সদস্যও বললেন যে কলকাতা একটা টাওয়ারিং ইনফারনো হয়ে রয়েছে, জনসাধারণের জীবন বিপর্যস্ত হয়ে যেতে পারে এবং তাই টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টের বিভিন্ন ধারাগুলো নিয়ে আপনি বিশদভাবে আলোচনা করুন, এটা ছিল আমাদের দাবি। কারণ আজকে কলকাতা শহরে পাঁচ সহস্রাধিক পাঁচ তলা বাড়ি রয়েছে, অগ্নি নির্বাপক কোনও ব্যবস্থা এই বাড়িগুলোতেই নেই। সুতরাং এই টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টের পরিবর্তন করা দরকার। আজকে আপনারা যে বিল এনেছেন, এর উপর আমরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি আমরা যদিও জানি আপনারা তা মানবেন না, সংখ্যা গরিষ্ঠতার জোরে এই বিলটা পাস করিয়ে নেবেন। কথা ছিল একটা ওয়ার্ড ভিত্তিক আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যান আপনি হাউজে উপস্থিত করবেন। তা করলেন না। আপনাদের একজন বিধায়ক শ্রী অশোক ভট্টাচার্য, তরুণ মন্ত্রী, তাঁর সঙ্গে প্রায়ই দেখা হয় দার্জিলিং মেলে, আমি শুনেছিলাম আপনি আর নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী থাকবেন না, তাঁকে পূর্ণ দায়িত্ব দেবেন, তিনি এই বিষয়ে নতুন কিছু চিন্তাভাবনা করেছেন। আমার অনুরোধ আপনি পুরোপুরি স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্ব নিন এবং উনাকে নগর উন্নয়ন দপ্তর ছেড়ে দিন। কেন না আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যান আপনি সব ওয়ার্ডে উপস্থিত করতে পারেননি, মাত্র ১৫টা ওয়ার্ডে করেছেন। আজকে নাগরিকদের সুখ স্বাচ্ছন্দ একটা চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে পড়েছে। আপনারা নতুন ট্যাক্স বসাবেন আমরা বিরোধী দল হিসাবে তার বিরোধিতা করব না, চুপ করে বসে থাকব এবং আনন্দে ধেই ধেই করে নাচব, এটা হতে পারে না।

[4-50 — 5-00 p.m.]

তাই একটা ধারার মধ্যে সীমাবদ্ধ একটা অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন, এটা আপাত দৃষ্টিতে খুব ছোট ব্যাপার হলেও এই নিয়ে আমরা আতঙ্কিত। সে জন্যই আমি এই লেভি চার্জের বিরুদ্ধে বলছি এবং সৌগত রায় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা ছোট হলেও সেই

দৃষ্টিভঙ্গিতে, সেই চিন্তা ধারায় এই দপ্তরের প্রতি মনোনিবেশ করতে মন্ত্রী মহোদয়কে আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২ উত্থাপন করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। উন্নয়নের স্বার্থে আমি একে সমর্থন করছি। এই আইনটি ১৯৭৯ সালে বামফ্রন্ট সরকারের আমলেই তৈরি হয়েছিল। এই বিলের দুটি ছোট ছোট সংশোধনী ইতিমধ্যে এই হাউসে এসেছিল এবং এবারে তৃতীয় সংশোধনী এসেছে। তবে এই সংশোধনীটি খুব ছোট হলেও খুবই গুরুত্বপূর্ণ ডেভেলপমেন্টের জন্য। কংগ্রেস আমলেও ডেভেলপমেন্ট অথরিটি ছিল, কিন্তু তখন কোনও কাজ হয় নি। বর্তমানে যেহেতু বিভিন্ন ডেভেলপমেন্ট অথরিটিগুলো বিভিন্ন জায়গায় উন্নয়নমূলক কাজ করছে এবং সেকাজগুলো অব্যাহত থাকছে সেহেতু সৌগতবাবু এবং সুদীপবাবুর গা জ্বালা করছে। ওঁদের আমলে যেগুলো কোনও কাজ করেনি, এখন সেগুলো কেন কাজ করছে, এটাই হচ্ছে ওঁদের গা জ্বালার কারণ। বামফ্রন্টের আমলে এই আইন তৈরি হবার পর থেকে আজ পর্যন্ত এই অথরিটিগুলো দুর্গাপুর, শিলিগুড়ি, দীঘা, হলদিয়ায় যে কাজ করছে তা সে সব জায়গায় গেলেই দেখা যায়। সেই কাজকে অব্যাহত রাখার উদ্দেশ্যেই আজকে এই সংশোধনী আনা হয়েছে। সৌগতবাবু আলোচ্য সংশোধনী ছাড়াও সমগ্র বিলটা নিয়ে বা আইনটা নিয়ে আলোচনা করলেন। মাননীয় সদস্য সুদীপবাবু বিলের ধারার ওপরে ২/১ লাইন বলেই বুদ্ধদেববাবুর কাছে বিলের বাইরে কিছু প্রশ্ন রাখলেন। প্রশ্নগুলো রাখতে গিয়ে যে সব কথা বললেন তা শুধুই গা জ্বালার কথা। যাই হোক এ সমস্ত ডেভেলপমেন্ট অথরিটিগুলো রাস্তাঘাট, পানীয় জল ইত্যাদির বিষয়ে যে উন্নয়নমূলক কাজ কর্ম করছে তা যাতে চলতে থাকে এবং আরও দ্রুত চলতে থাকে তারজন্য এই বিলটি আজকে এখানে আনা হয়েছে। বিশেষ করে বিভিন্ন প্রোজেক্টের মেন্টেনান্সের প্রয়োজনেই এটা আনা হয়েছে। তবে আমাদের রাজ্যে যে ১১৬টি মিউনিসিপ্যালিটি আছে তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হচ্ছে না। এ বিষয়ে এখানে যে আশঙ্কা প্রকাশ করা হয়েছে তা অমূলক। এখানে কোথাও সেই অ্যামবিগুইটি নেই। ৬ এবং ৪, মোট ১০টি ডেভেলপমেন্ট অথরিটির কথা এখানে বলা হয়েছে। উন্নয়নের স্বার্থে ট্যাক্স ধার্য করার কথা এখানে পরিষ্কার ভাবে বলা হয়েছে এবং আরও বলা হয়েছে যে, তারা সরকারের অনুমোদনের পরেই ধার্য হবে, প্রায়ই স্যাংশন নিয়ে ধার্য করতে হবে। ইচ্ছেমতো করতে পারবে না। এই অবস্থায় এই গুরুত্বপূর্ণ বিলটিকে উন্নয়নের স্বার্থে আমি আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি নতুন ধারা এবং আর একটি ধারার সংশোধন এই ছিল আমার প্রস্তাব। এখানে মাননীয় বিরোধী দলের সদস্যরা একটি

নতুন এবং একটি ধারার সংশোধনকে কেন্দ্র করে অনেক পথ ঘুরে চলে গেলেন। সেইজন্য ওঁরা যে পথে একটু ঘুরে গেলেন সেই পথে আমাকে একটু হাঁটতে হবে। আরও কিছু প্রশ্ন উঠেছে, বাজেটের সময় আলোচনা করা যেত, কিন্তু আমি তাড়াতাড়ি কয়েকটি কথা বলে যাব। সৌগতবাবু আজকে বিলটা এসেছে বলে বইটা পড়লেন, কিন্তু মন দিয়ে টি এন সি পি অ্যাক্টটা পড়ার চেষ্টা করুন— সত্যিকারের ঘটনাগুলি কি হচ্ছে আপনি জানার চেষ্টা করুন এই অ্যাক্ট কি, কি উদ্দেশ্যে কোন জায়গায় ট্রান্সলেটেড হচ্ছে, কোন জায়গায় প্রয়োগ করা হচ্ছে, কিভাবে কি হচ্ছে? সুদীপবাবুও বলেছেন। আপনি যখন বিরোধীদলের সদস্য, সুতরাং আপনাকে জানতেই হবে। আপনি বলে দিলেন ১৫টি ওয়ার্ডে হয়েছে। আপনি না জেনে বলে দিলেন। ২টি ওয়ার্ডে এনফোর্স করা হয়েছে। ৪৬ নং এবং ৬৩নং ওয়ার্ডে ও ডি পি পাবলিক নোটিফিকেশন এনফোর্স হয়ে গেছে, হেয়ারিং কমপ্লিট হয়ে গেছে। এখন অথরিটির ফাইনাল ডিসিসনের জন্য অপেক্ষা করছি। বিরোধীদলের সদস্যদের জানা উচিত, ৭৯টি টি এন সি পি অ্যাক্টের অগ্নি পরীক্ষা হবে। এতদিন ধরে হয়েছিল ২/৩টি ওয়ার্ডে। ও ডি পি তৈরি করে, পাবলিকের কাছ থেকে কমপ্লেন্ট শুনে আইনের ধারা হয়েছিল ১৪১টি ওয়ার্ডে যখন কলকাতায় কার্যকর করব—এখন করেছি ২টি ওয়ার্ডে—৪৫ এবং ৬৭ ওয়ার্ডে—১৪১ ওয়ার্ডে যখন কার্যকর হবে তখন হবে আসল যুদ্ধ। এই টি এন সি পি অ্যাক্টের প্রধান যে লক্ষ্য সেটা এখনও নষ্ট হয়নি। কয়েকটি জায়গায় উন্নত করার সুযোগ আছে। সেইজন্য কলকাতা এবং দিল্লির আইনজীবীদের শেষ কনফারেন্স হয়েছে। সেখানে তাঁরা এখন মনে করেছেন টি এন সি পি অ্যাক্টের মূল লক্ষ্য ঠিকই আছে। এর আসল পরীক্ষা হবে কলকাতায় যখন ফাইনাল নোটিফিকেশন পেশ করব। কিন্তু প্রতিটি ওয়ার্ডে ডিটেল ও ডি পি পাবলিক নোটিফিকেশন করে মানুষের মতামত নিয়ে এই সমস্ত যে পদ্ধতি আছে সেগুলি সম্পন্ন হয়েছে। সুতরাং এদিকে আলোচনায় যাবার আমার ইচ্ছা ছিল না। বিরোধীদলের সদস্য আলোচনা প্রসঙ্গে উনি সি এম ডি এতে চলে গেলেন। উনি বললেন, আমি কেন সি এম ডি এতে যাই না। আমি যাব না। কদিন ওখানে বসব, কদিন কর্পোরেশনে বসব, কদিন সি আই টিতে বসব? ৭ দিনের উপর তো এইভাবে আমাকে ঘুরে বেড়াতে হবে। এটা পদ্ধতি নয়। উনি যে স্টেটমেন্ট পড়লেন তা আমি জানি না। তবে ৩ মাস অন্তর অথরিটির মিটিং করতে হয়। এটাই স্ট্যাট্যুটরি। ঐ মিটিং-এর চেয়ারম্যান, চীফ, মিনিস্টার জ্যোতি বসু, আমি ভাইস চেয়ারম্যান একটা মিটিংও আমার অনুপস্থিতি নেই। জ্যোতি বসুর ঘরে মিটিং হয়। এটাই স্ট্যাটুটরি—৩ মাস অন্তর একটা মিটিং করতে হয়। আগামী ২৪ তারিখে আবার মিটিং আছে, এ বছরের বাজেট পেশ হবে। আমি নেই একটা মিটিং-এ এই ব্যতিক্রম ঘটেনি। তারপর বলা হচ্ছে অকল্যান্ড অফিসে যাওয়া হয়নি কেন? আমি কদিন সল্টলেকের অফিসে যাব, কদিন সি এম ডি এ অফিসে যাব? এটা পদ্ধতি নয়। আমি যেখানে বসে কাজ করি সেখানে বসেই কাজ করব। আমার ওখানে ঘুরে বেড়াবার সময় নেই এবং আজ পর্যন্ত সি

এম ডি এর কোনও মিটিং-এ ছিলাম না—এইরকম হয়নি। তারপর উনি একটা কথা বললেন, রডন স্কোয়ারের কথা। কোথায় ছিলেন? প্রতিটি ধারা মন দিয়ে পড়ুন। প্রতিটি ওয়ার্ডের ও ডি পি কি কি হতে পারে, কি কি হতে পারে না সমস্ত দিক বিবেচনা করে আইন যদি কোনও বাধা থাকে সেই বাধা মুক্ত করে দিতে পারবে এবং সেই বাধা মুক্ত করে নিয়েছে। রডন স্কোয়ারে কোনও কমার্সিয়াল কমপ্লেক্স হবে না, সেখানে কালচারাল কমপ্লেক্স হবে। আপনি জেনে রাখুন, সোসাইটি ফর্ম করে গেছে। মাননীয় রাজ্যপাল, তাঁর চেয়ারম্যান দিল্লি থেকে ৪ কোটি টাকা পাওয়া গেছে এরজন্য। সুতরাং রডন স্কোয়ার হবে এবং সেটা খুবই ভাল হল হবে।

[5-00 — 5-10 p.m.]

একেবারে কালচারাল হবে, সোসাইটি ফর্ম করে গেছে। দিল্লি থেকে ৪ কোটি টাকা পেয়েছি, ওনার আপত্তি থাকলেও আমি পেয়েছি। কালচারাল হবে, বড় অডিটোরিয়াম হবে, ৩ হাজার ক্যাপাসিটি, আরও বড় হলে আর্ট গ্যালারি হবে। খুব খারাপ হবে না। মাননীয় সৌগতবাবু একটা কথা বলে চলে গেলেন, আমি জানি না বলার সময়ে কি ভেবে বলেছিলেন শুধু বিরোধিতা করতে হবে বলে বিরোধিতা করবেন? সি আই টি-র কথা তুলেছেন। অতীতে সি আই টি ছিল, তারপর সি এম ডি এ তৈরি হল, এখন আমার প্রশ্ন হচ্ছে আগামী দিনে আমরা সি ইউ ডি পি-র মাস্টার প্ল্যান তৈরি করছি তখন পরিকল্পনা করতে হবে, মাস্টার প্ল্যান করতে হবে, এই সি ইউ ডি পির চতুর্থ পরিকল্পনার মাস্টার প্ল্যান কে করবে? সি এম ডি এ এবং সি আই টি সব মিলিয়ে সি এম ডি এ করতে পারবে। এখন আন্ডার ওয়ান আমব্রেলার মতো এতবড় শহরে একটা নেতৃত্ব একটা কোনও পরিপ্রেক্ষিত ছাড়া চলতে পারে? সি আই টি আছে, এইচ আই টি আছে আপনি জেনে রাখুন গত দু বছরে যে অবস্থা ছিল—আপনি দেখবেন বিদ্যাসাগর সেতুর এ পাশে সমস্ত ফ্লাইওভার তৈরি করে সি আই টি আর হাওড়ার ওপাশে ফ্লাই ওভার তৈরি করে এইচ আই টি আমরা বলতে পারি দারুণ সাফল্যের সঙ্গে করেছে। এখন সি আই টি, এইচ আই টি কে লাগবে। অনেকগুলি হাউসিং স্কীম আমরা নিয়েছি, তারা হাউসিং স্কীম করবে, আমি বলেছি সমস্ত শক্তি নিয়োগ করুন। হাউসিং স্কীম করার জন্য পরিকল্পনাটা, মাস্টার প্ল্যানটা কে করবে? একটা নেতৃত্বে করতে হবে, সে নেতৃত্বটা একটা ওয়ার্ডে আনার জন্য তাদের নিয়ে আসা হয়েছে, এ ছাড়া আর কোনও পার্থক্য করা হয়নি। ইস্টার্ন এরিয়াতে ইস্ট ক্যালকাটাতে ওয়েট ল্যান্ড অথরিটি। এখানে সমস্যা আছে, এখন এ ব্যাপারে আমরা আত্মসন্তুষ্ট নই। সমস্যা হচ্ছে আমাদের শক্ত হাতে পূর্ব কলকাতাকে বাঁচাতে হবে। এখানকার জলাভূমিকে রক্ষা করতে হবে। যে বিতর্ক তুলেছেন ৩০ কাঠা না ৫ কাঠা কত কাঠা যাবে সেটা ওয়ার্ড বেস্ট পরিকল্পনার দরকার আছে। যদি মাছ চাষ হয়, তারপর ড্রেনের সঙ্গে যুক্ত কিনা কোনও পরিকল্পনার সাথে যুক্ত

আছে না, আছে সেটা দেখে কোনও পরিবেশের ক্ষতি করছে কিনা মাছ চাষের কোনও রকম ক্ষতি করছে কিনা দেখে প্রত্যেকটি আলাদা করে সিদ্ধান্ত করে ওয়ার্ডবেস্ট করে করতে হবে। ফিশারি ডিপার্টমেন্ট যে আইন করেছেন।—আমাদের অনুমতি নিয়েছেন—চেতলায় আপনি যেখানে থাকেন ওখানকার একটা এঁদো পুকুরের যে তাৎপর্য ইস্ট ক্যালকাটার পুকুরের একটু আলাদা তাৎপর্য, সেটা ওয়ার্ডের দিকে দেখা দরকার হবে। আইন প্রয়োগ করলে করা কঠিন হবে। বেহালায় একটা পুকুর বোজানোর চেষ্টা হচ্ছে। আমার কাছে খবর এসেছে আমরা চেষ্টা করছি, কি করা যায়। মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় বলে চলে গেলেন, ডবল ট্যাক্সেশনের ব্যাপারে তা করবেন না করবেন না। কি রেটে ট্যাক্স করবে সেটা বিলের মধ্যে থাকে না। অ্যামিনিটিস দেবেন কিনা? অ্যামিনিটিস এমনিতেই তো দিচ্ছি দীঘাকে তো অ্যামিনিটিস দেওয়া হচ্ছে ট্যুরিষ্টরা যে যান তাঁদের জন্য ব্যবস্থা কারা করেন? কিন্তু অ্যামিনিটিসটা কি এক তরফা ভাবে দেওয়া হবে? এ প্রশ্নটা নিয়ে আরও কয়েকটা ছোট-খাট প্রশ্নের উত্তর দিয়ে যাচ্ছি। মাননীয় সৌগতবাবু যেটা বললেন বিশ্বভারতীর সঙ্গে আমাদের শান্তিনিকেতন অথরিটির এবং অতীতের ভাইসচ্যান্সেলরের সঙ্গে কোনও বিরোধ ছিল না, বর্তমানে ভাইস চ্যান্সেলরের সঙ্গে কোনও বিরোধ হবে না।

আমি নিশ্চিত, তাঁদের সঙ্গে একমত হয়েই কমিটি করেছি। শ্রী জ্ঞানসিং সোহনপাল মহাশয়কে জানাতে চাইছি, খড়গপুরের ব্যাপারে একটা সিদ্ধান্ত হয়ে গেছে এবং সেখানে কয়েকদিনের মধ্যেই অর্ডার চলে যাবে খড়গপুর-মেদিনীপুর ডেভেলপমেন্ট অথরিটি গঠনের ব্যাপারে। আমি নির্দিষ্টভাবে বলছি, যখন দীঘা অথরিটির পরিবর্তন করেছিলাম তখন কথা উঠেছিল, যেখানে মিউনিসিপ্যালিটি নেই সেখানে ট্যাক্স তোলা হবে কি করে? আমি উদাহরণ হিসাবে বলছি শান্তিনিকেতন এবং দীঘার বিষয়ে সীমিত লক্ষ্য নিয়ে সেই অ্যামেন্ডমেন্ট এনেছিলাম। সৌগতবাবু আমাদের সরকারের রাজনৈতিক দর্শন জানতে চেয়েছেন। আমি এটা মনে করি না যে, সরকার যে সিভিক ফেসিলিটিজ দেবেন সেটা একতরফা হবে। তবে গরিব মানুষের উপর যেন ট্যাক্স বেশি না চাপে সেটা দেখতে হবে। আমি বলি, আমি ড্রেনেজ সিস্টেম চাইব, আলো চাইব, লিফটে উঠব, বাসে উঠব কিন্তু পয়সা দেব না, এটা কোনও ওয়েলফেয়ার স্টেটে, এমন কি সমাজতন্ত্রেও চলে না। আমি বলছি, জল দিয়ে ট্যাক্স নিতে হবে। (**একটি ধ্বনি—পানীয় জল দিয়ে ট্যাক্স নেবেন?**) হ্যাঁ, খাবার জল দিয়ে ট্যাক্স নিতে হবে, কারণ এটা ঈশ্বর দেয়নি, আমরা দিয়েছি। গোপনে কিছু হচ্ছে না। (গোলমাল) আপনাদের এই অতিনাটকিয়তা পত্রিকা নেবে না। তবে আমাদের নীতি হচ্ছে এই এবং গোপনেও কিছু হচ্ছে না। এই কলকাতার কয়েকটি উন্নত ওয়ার্ডে আমরা হিসেব করছি জলের ট্যাক্স নেওয়া যায় কিনা। জল দেবার ব্যাপারে সল্টলেকের জন্য একটা মাস্টার প্ল্যান হয়েছে। গঙ্গা থেকে জল নিয়ে যাব সেখানে। কাজেই সল্টলেকে যে জল দেব সেক্ষেত্রে ট্যাক্স নেব না? আমি

আগামীকাল ওপেন করতে যাচ্ছি কামারহাটি-বরাহনগর ওয়াটার সাপ্লাই প্ল্যান্ট যেখান থেকে ১১টা মিউনিসিপ্যালিটিতে জল যাবে। ৮টি মিউনিসিপ্যালিটিতে এখনই জল যাবে। কোটি কোটি টাকা ঋণ নিয়ে হচ্ছে সেটা, কাজেই বেনিফিশিয়ারিদের তার একটা অংশ দিতে হবে। এক্ষেত্রে সাবসিডাইজস করা হচ্ছে। তবে জনসংখ্যার কোনও অংশের উপর চাপটা পড়ছে সেটা দেখতে হবে। এক্ষেত্রে গরিব মানুষের উপর চাপ পড়লে হবে না, তাদের ক্ষেত্রে ট্যাক্সের চাপটা কমাতে হবে। কিন্তু যারা নাগরিক সুখ-স্বাচ্ছন্দ চাইছেন তাদের একটা অংশকে ট্যাক্স দিতেই হবে, বাকি অংশ সরকার দেবেন। কিন্তু কিছু পাব না, বিনি পয়সায় জল দিতে হবে—এটা হতে পারে না। এখন ইস্টার্ন মেট্রোপলিটান বাই-পাস চওড়া হচ্ছে। ভারতবর্ষে অনেক শহর আছে যেখানে এই ধরনের অনেক রাস্তায় ট্যাক্স নেওয়া হচ্ছে। আমরা বিদ্যাসাগর সেতুতে নিশ্চিৎভাবে ট্যাক্স নেব। কোটি কোটি টাকার সেতু, সরকার ট্যাক্স নেবেন না? (**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়—ঐ মিটিংয়ে আমি ছিলাম, আপনিও ছিলেন। সেই মিটিংয়ে যখন এই ট্যাক্সের কথা বলছিলেন তখন প্রধানমন্ত্রী বিস্ময় প্রকাশ করে বলেছিলেন, 'আমি প্রথম শুনলাম একটা ব্রিজ করবার পর ট্যাক্স** আদায় করে ব্রিজের পয়সা তোলা হবে।' সেতু থেকে পয়সা তোলার ব্যাপারটা ভারতবর্ষের মানুষদের জানা নেই)

[5-10 — 5-16 p.m.]

এটা আমাদের দুর্ভাগ্য। দেশের প্রধানমন্ত্রীর এটা জানা উচিৎ ছিল। অনেক জায়গায় অনেক টোল ট্যাক্স আছে। যাইহোক, আমি আমার বক্তব্য আর দীর্ঘ করব না। সৌগতবাবুকে বলব, আপনি যে কথা বলেছেন, সময় দিয়ে এটা আলোচনা করুন, আমি বলছি তা নয়। এই মুহূর্তে আমাদের উদ্দেশ্য হচ্ছে, যেখানে মিউনিসিপ্যালিটি নেই, সেখানে এই অথরিটির হাতে ট্যাক্স আদায়ের ক্ষমতা দেওয়া। এর বাইরে অতিরিক্ত আর কোনও উদ্দেশ্য নেই। আর রাজনৈতিক দর্শন হিসাবে যে কথা বলছিলেন যে অথরিটির কোনওদিন ট্যাক্স চাওয়া উচিত নয়, ট্যাক্স চাওয়াটা হচ্ছে অপরাধ। এই রাজনৈতিক দর্শনের বিরোধিতা করে, আপনাদের সংশোধনীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Buddhadeb Bhattacharjee that "The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992, be taken into consideration " was then put and agreed to.

### Clause 1

**Mr. Speaker :** There is amendment to Clause 1 given by Shri Lakshmi Kanta Dey. The amendment is in order and now I request

Shri Lakshmi Kanta Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir I beg to move that "in Clause 1, in sub-Clause (i), for the figures "1922", the figures "1993", be substituted.

**Shri Buddhadeb Bhattacharjee :** I accept the amendment.

The Motion of Shri Lakshmi Kanta Dey (amendment No. 2) was then put and agreed to.

The question that Clause 1, as amended, to stand part of the Bill was then put and agreed to.

**Clause 2**

**Mr. Speaker :** There is amendment to Clause 2 given by Shri Saugata Roy. The amendment is out of order. Mr. Roy, would you like to speak? Mr. Roy did not speak.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clause 3**

There is no amendment to Clause 3.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**ENACTING FORMULA**

**Mr. Speaker :** There is amendment to the Enacting Formula given by Shri Lakshmi Kanta Dey being amendment No. 4, It is in order and I now request Shri Lakshmi Kanta Dey to move the Enacting Formula.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that "in the enacting formula for the word "Forty-third", the word "Forty-four" be substituted"

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendent No. 4) was then put and agreed to.

The question the Enacting Formula, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথা হচ্ছে, বিলে এখন অ্যামেন্ডমেন্ট দেওয়া যায় না। নেগেটিভ পারপাস অব দি বিল হয়ে যায়, এটা আমরা জানি। আমি পুরো বিল বাদ দেওয়ার কথা বলিনি। আমি বলেছি বিলে যেটা পার্ট অব ল্যান্ড রেভিনিউ আছে, এটা বাদ দেওয়া হোক।

## PREAMBLE

The question that preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Buddhadeb Bhattacherjee :** Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992, as settled in the Assembly be passed.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সৌগতবাবুকে বলছিলেন পড়ে নিতে। যেটা ১০৬এ এনেছেন, সিভিক অ্যামেনিটিজ চার্জেস, সেটা কি? আপনি একসেপশনটা দেখে নিন, ফর দি পারপাস অব—এটা সেকশন ২(বি)তে আছে যে সিভিক অ্যমেনিটিজ বলতে কি কি বোঝায়। আপনি অ্যামেন্ডমেন্ট করছেন, যেটা লেভী নিচ্ছেন, লেভী অব দি সিভিক অ্যামেনিটিজ চার্জেস, আর অ্যামেন্ডমেন্ট বলা আছে ১৯৭৫ তাতে কি কি নিয়েছেন। এখানে কিছু আছে, কিছু নেই। ১৯৭৫ সালে সুযোগ-সুবিধা যেটা ছিল সেটা, তার সঙ্গে নিচ্ছেন যেটা সেটা আপনি দেখে নেবেন।

সেটা আপনি পড়ে নেবেন, আপনার ক্লজে প্রভিসন নেই। হাউস কানেকশনের ব্যাপারে বলা নেই, স্ট্রীট লাইটের ব্যাপারে বলা নেই, ওয়াটার সাপ্লাইয়ের কথা বলা নেই, কোথাও বলা নেই। আপনারা যদি ১৯৭৫ সালের অ্যামিনিটিজ চার্জের ব্যাপারে যেটা আছে সেই ১৯৭৫ সালের চিন্তাধারা নিয়ে ১৯৯৩ সালের বিলে আনেন তাহলে আরও কি কি সিভিল অ্যামিনিটিজ দেওয়া যায় সেটা অ্যামেন্ডমেন্ট আকারে আনবেন। ১৯৭৫ সালকে মেনে আনবেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ঠিকই বলেছেন মাননীয় সদস্য, খুব সম্ভবত এই সেসনে কমপ্রিনেহসিভ বি এম অ্যাক্ট আনছি। আপনারা কলসালটেশন কমিটি আমাকে অনুমতি দিয়েছে, কি ফেসিলিটি পাওয়া যাবে সেটা নির্দিষ্ট করা আছে। সেটা আমরা করাবই। আপনারা রেফার করেছেন ১৯৭৫ সালের কথা। ১৯৭৫ সালে তো আপনারা ছিলেন, সেটা তো আমরা করতে পারি না। ১৯৯৩ সাল অনুযায়ীই আনব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনারা চার্জেসের কথা বলেছেন, স্পেসিফিক অ্যামিনিটিজের কথা বলুন। অ্যামিনিটিজ মিন্‌স দি অ্যাক্ট অফ ১৯৭৫। আমরা সব করে দিই সেটা আপনারা সেই পথ ধরে চলেন। আমাদের হাত ধরে তো আপনারা এলেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা নতুন আইন আনব। আপনাদেরটা সম্পূর্ণ পরিবর্তন করে আরও সুযোগ-সুবিধা তাঁরা পাবেন।

The motion of Shri Buddhadeb Bhattacharjee that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## Adjournment

The House was adjourned at 5-15 p.m. till 11.00 a.m. on Wednesday, the 17th March, 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 17th March 1993 at 11.00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 24 Ministers, 11 Ministers of State and 173 Members.

[11-00 — 11-10 a.m.]

।। একাধিক কংগ্রেস সদস্য নিজ নিজ সিটে দাঁড়িয়ে বলতে থাকেন।—অল পার্টি ডেলিগেশনের জন্য দাবি জানাতে থাকেন।।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন।

(গোলমাল)

## POINT OF INFORMATION REGARDING BOMB EXPLOSION AT BOWBAZAR STREET

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে ঘটনা ঘটে গেছে এখানে রাত্রি ১২টায়, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, এখন কোশ্চেন আওয়ার সাসপেন্ড করুন। এটা নিয়ে আলোচনার সুযোগ দিতে হবে। পরবর্তী কার্যক্রম কি তা এখানে, এই হাউসে ডিসাইড করতে হবে। এটা চলতে পারে না। লালবাজারের নাকের ডগায় এই ঘটনা ঘটেছে। স্যার, এই হাউসে বোম্বেতে ভয়াবহ ব্লাস্টের পর আমরা রেজোলিউশন নিয়েছি। আমরা আতঙ্ক প্রকাশ করেছি। Calcutta is under Panic. There is a heavy loss of lives. এটা আপনি না দেখলে বুঝতে পারবেন না। একটা বাড়িতে ব্লাস্ট হয়েছে, আর তার পাশের ৩টি বাড়ি, রাস্তার উপরে আর একটি বাড়ি, ট্রাম লাইন উড়ে গেছে। এই যে ভয়ঙ্কর ব্লাস্ট হয়েছে, এটা চিন্তা করা যায় না। মাননীয় মুখ্যমন্ত্রী দীর্ঘদিন আছেন—এই সতর্কতা [illegible] করা হয়েছে? বিভিন্ন রাষ্ট্রের সার্ভিস বোম্বের ব্লাস্টের ক্ষেত্রে কাজে লাগানো হচ্ছে। বিভিন্ন রাজ্যকে অ্যালার্ট করে দেওয়া হয়েছে। তা সত্ত্বেও এই ঘটনা ঘটল। আমরা প্রশাসনের কাছে জানতে চাই, বোম্বে ব্লাস্টের পর এখানে রেজোলিউশন নেবার পর কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ইনটেলিজেন্সকে অ্যাফিসিয়েন্ট করার জন্য? এই ধরনের ঘটনা যাতে না ঘটে তারজন্য [illegible] এরিয়াতে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? আপনি না দেখলে বিশ্বাস করবেন না, যে বাড়িতে ব্লাস্টেড হয়েছে এবং তার পার্শ্ববর্তী বাড়িতে যে ব্লাস্টেড হয়েছে সেই বাড়িগুলো [illegible] এক্সচেঞ্জ বা এয়ারপোর্ট হলে না হয় আমরা বুঝতে পারতাম। কিন্তু ঐ বাড়িগুলোতে [illegible] মানুষরা থাকে, সেই গরিব মানুষ মারা যাচ্ছে, এটা ভাবা যায় না। রাজ্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন? উইল দে প্লে অন ফুট? এটাতে আমরা দুঃখ পাচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে

গেছেন বলে আমরা শুনিনি।

...নয়েজ... এইরকম একটা দুঃখজনক ঘটনা ঘটে গেল আফটার দিজ মাননীয় মুখ্যমন্ত্রী কি গেছে? কালকে গেছেন? আজকে উনি গেছেন? এত বড় একটা ঘটনা রাত ১২টার সময়ে হয়েছে অথচ মুখ্যমন্ত্রী আজকে গেছেন? আমি দাবি করছি আমাদের দলের পক্ষ থেকে যে, অবিলম্বে হাউস সাসপেন্ড করে মাননীয় মুখ্যমন্ত্রীকে ডাকুন, পরিষদীয় মন্ত্রীকে ডাকুন, আমাদেরকে নিয়ে বসুন, পরবর্তী কার্যক্রম এখানে আলোচনা করুন এবং সুদীপবাবুর এরিয়া এবং লক্ষ্মীবাবুর এরিয়া অ্যাফেক্টেড হয়েছে। আপনারা প্রোভোকেশন দেবেন না...নয়েজ...

**(এই সময়ে কংগ্রেস আই সদস্য কিছু বলতে উঠেন)**

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অন্তত সরকার পক্ষের কিছু বলা শোভা পায় না। ওদের লজ্জা নেই, আজকে সরকার পক্ষের বড় গলা শোভা পায় না। মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে আছেন, আমরা দাবি রাখছি যে, মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তৃতা শুনতে চাই এবং তিনি কি সিদ্ধান্ত নেবেন হাউসে জানান। তা না হলে হাউস চলবে না। কি কি আলোচনা হবে এবং সরকার কি কি পদক্ষেপ নিচ্ছেন সেটা আমাদের জানান। আজকে আপনাদের সরকারের ব্যর্থতা আপনারা সেটা গায়ে নেবেন না?

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল মধ্যরাত্রে যে ঘটনা ঘটল এটাতে কোনও চিৎকার চেঁচামেচির ব্যাপার নয়, বাস্তবিকই অত্যন্ত উদ্বেগের বিষয়। সবাইকে ভীষণভাবে ভাবিয়ে তুলেছেন। একটা মারাত্মক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আমি আজকে ওখানে গেছিলাম এবং দেড় ঘন্টা ধরে ছিলাম, এই মাত্র সেখান থেকে, ফিরে এসেছি। হাসপাতালগুলিও দেখে এসেছি। ঘটনাটা যা ঘটেছে তা অত্যন্ত উদ্বেগজনক এবং ভয়াবহ। ওখানে কতজন যে মারা গেছেন তা এখনওই বলা সম্ভব নয়। স্টিল আন্ডার ডেবরিস এখনও অনেকে রয়েছেন। একতলায় ডেবরিস এখনও সরানও সম্ভব হয়নি। ওখানে এ. কে. দে., অ্যাসিস্টেন্ট কমিশনার অফ পুলিশ তার সঙ্গে কথা হয়েছে। তিনি আমাকে দেখে বললেন যে, আমার কাছে যদি লোকজন থাকে তো আমি যেন সাহায্য করতে ছেড়ে দিই। আমি সঙ্গে সঙ্গে আমার সঙ্গে যে কজন ছিলেন তাদের দিয়ে দিলাম ওই উদ্ধারকার্য সাহায্য করার জন্য। এইরকম একটা অবস্থায় ইমিডিয়েট রেসকিউ পার্টি পাঠানোর দরকার। রাত ১২টার সময়ে যে বোমা বিস্ফোরণ ঘটল এতে প্রায় ১০০-১৫০ জন লোক মারা গেছে এবং আরও যে কতজন মারা গেছে তা এখনও বলা সম্ভব হচ্ছে না। হাসপাতালগুলিতেও গেছিলাম, সেখানে ওভার লোডেড। সেখানে মেডিক্যাল কলেজ হাসপাতালে ইতিমধ্যেই ৬ জন মারা গেছেন। হাসপাতালে হেড এনজুরি এবং বার্নড কেসগুলোর যে অবস্থা তাতে করে এই রকম কেসগুলোর ইমিডিয়েট চিকিৎসার দরকার। একে তো হাসপাতালগুলোর এই অবস্থা তাতে করে এইরকম কেস দেখার জন্য ইমিডিয়েট আপনারা না পারলে মিলিটারি মেডিক্যাল ইউনিটের হাতে তুলে দিন বা একস্ট্রা মেডিক্যাল ইউনিট বসান। এরজন্য একটা রেসকিউ অপরেশন চালু করুন হাউসের সমস্ত আলোচনা বন্ধ রেখে এই বিষয়ে আলোচনা করতে দেওয়া হোক। এরফলে সর্বাত্মক একটা উত্তেজনার সৃষ্টি হয়েছে এবং হাউসের সব কিছু বিষয় সাসপেন্ড করে আলোচনা করতে দেওয়ার সুযোগ দিন এবং এই ব্যাপারে সরকারি পক্ষের বক্তব্য রাখতে অনুরোধ

করছি।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় স্পিকার মহাশয়, আমি এই মাত্র গিয়েছিলাম ঐ বৌবাজারে যেখানে দুর্ঘটনা ঘটেছে। আমাদের সবার পক্ষ থেকে যাদের মৃত্যু হয়েছে তাদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করতে হবে এবং আমি সমস্ত রিপোর্টটা তো আজকে দিতে পারব না। সেখানে যতদুর শুনলাম, আমি যখন গিয়েছিলাম ওখানে, তখনও দুটো বাড়ি একেবারে ভেঙ্গে গেছে এবং ২টি ডেডবডি তখনও আমার সামনে বেরুল, মৃতদেহ ২টি তারা রেকর্ড করে নিয়ে গেল হাসপাতালের মর্গে। তার মানে এখনও যতজন মরেছে, মনে হচ্ছে আরও বেশি হবে, ৪৭ জনের মতোন আমার কাছে খবর আছে। আর হাসপাতালে শুনলাম যারা গিয়েছে ৪৭ জন, ৪৮ জন এই রকম, তার মধ্যে ১৬ জনের অবস্থা খুব ভাল নয়, কি হয় সেটা চিকিৎসকরা পরে বলবে। আমাদের ছায়া ঘোষ গিয়েছিলেন, তার সঙ্গে আমাদের মন্ত্রীরাও গিয়েছেন, প্রশান্ত শূর, শ্যামল চক্রবর্তীও ঐ বৌবাজারে গিয়েছেন, অন্য জায়গা থেকে ওরাও গিয়েছিলেন। এইগুলির খবর আমরা নিচ্ছি। আর দিল্লি থেকে দেখি সকালবেলায় রাজেশ পাইলট আমাকে ফোন করেছিলেন যে তিনি সোমনাথ চ্যাটার্জিকে নিয়ে এখানে আসছেন। আর ওদের ফরেনসিক এক্সপার্ট, মিলিটারিকে আমরা বলেছি, ওদের এক্সপার্ট আসছে। ওদেরও ফরেনসিক এক্সপার্ট যাদের ওরা বোম্বেতে পাঠিয়েছে এই ধরনের এক্সপার্ট তাদেরও সঙ্গে আনছে এখানে। এই বোধহয় ১২টা সাড়ে ১২ টায় চলে আসবে। আমি ওদের সঙ্গে কথা বলি, হয়ত ওরা দেখতে যেতে চাইবে, আমি সঙ্গে করে নিয়ে যাব সেখানে, আর বলছে যত রকম সাহায্য করা দরকার আমরা করব। আর এটা খুবই স্বাভাবিক, বোম্বেতে যে ঘটনা ঘটেছে তার পরে দিল্লিতে যা সব ওয়ার্নিং দেওয়া হচ্ছে, মুখ্যমন্ত্রী শারদ পাওয়ার আমাকে ফোন করেছিলেন যে উনি আমাকে বিশেষ করে বলছেন যে ঐখানে—আরও যেসব কথা, তার মধ্যে যাচ্ছি না—আর. ডি. এক্স এই যে পদার্থটা এটা পাওয়া যাচ্ছে কিনা, এটা আপনাদেরকে একটু দেখতে হবে। আমি বললাম ফরেনসিক এক্সপার্ট আসছে, সেটা নিশ্চয় আমরা দেখব। কারণ এটা হলে, আর একটু অন্য রকম চিন্তা-ভাবনা করতে হবে। আর তা না হলে যেমন বোম তৈরি করে স্টোর করে কিছু করে, এটা অত সিম্পিল কিনা দেখতে হবে। সমস্তটা তদন্ত করে আমাদেরকে দেখতে হবে। কাজেই এটাতে আমরা সবাই একমত হয়ে করব, কোনও গোলমালের ব্যাপারে নেই এখানে, আর এমনও অবস্থা হয়নি। সিদ্ধার্থ রায় আমাকে ফোন করেছিলেন ওয়াশিংটন থেকে, এই আর একটু আগে, বলল যেসব খবর আসছে তাতে ওদের মতো কিছু হয়েছে কিনা, মানে সেক্টারিয়ান ভায়োলেন্স, উনি যেটা বললেন—আমি বললাম এখন তো আমি তোমাকে বলতে পারব না, তোমাকে বিকালের মধ্যে একটা ম্যাসেজ পাঠাতে পারি। কারণ ওর দরকার, ওখানের মানুষকে বোঝাতে হবে যে কি হয়েছে। আর তার পরের যা খবর সবটা এলে পাঠিয়ে দেব এটা আমি সিদ্ধার্থকে বলেছি। এখন সেইজন্য আমি আশাকরি যারা নাকি হাসপাতালে বেঁচে আছেন, চিকিৎসা হচ্ছে তাদের জন্য যেন আমরা ঠিক মতোন করি। মন্ত্রী গিয়েছেন, ঐ ছায়া ঘোষও ওখানে গিয়েছিলেন, ওদের কাছে আর আমার একবার যাওয়ার কথা আছে। পরবর্তী কালে ওরা এলে ওদের সঙ্গে কথা বলে যাব। আর যেটা দেখতে হবে চিকিৎসা যাতে ঠিকমতো হয় আর ওদের পরিবারবর্গের ব্যাপারেও আমাদের চিন্তা করতে হবে। ওদের কিছু আশ্রয় দিতে হবে, খাদ্য

দিতে হবে, পুনর্বসতির কোনও ব্যবস্থা কি করতে পারি সেটা দেখতে হবে। এটুকু আমি আজকে বলতে পারি, যদি দেখি আজকের মধ্যে কিছু পাওয়া যায় বা কালকের মধ্যে, আমি অ্যাসেম্বলিকে বলব। অ্যাসেম্বলি ইন সেশন নাউ, বলতে হবে। আর ওখানে আমি দেখলাম অনেকেই আছেন, পার্টির লোক, কংগ্রেসের অনেকে আছেন, দাশমুন্সি মহাশয়ও আছেন দেখলাম, ওখানে আরও অনেকে গিয়েছেন এটা শুনলাম। কাজেই এটা আমাদের সবাইকে মিলে তদন্ত করে বার করতে হবে ব্যাপারটা কি দাঁড়াল। কারণ যেসব খবর কালকে বলা হল, দিল্লিতে আমেরিকানরা যেন এখন না যায়, এটাত মারাত্মক। আর আমাদের রাজ্যে ম্যাসেজ এসেছে অ্যালার্ট করবার জন্য ইত্যাদি। আমরা তো আগেই বলেছিলাম মহারাষ্ট্রের পর—কাজেই এইগুলি আমাদের সবাইকে মিলে করতে হবে। ঐ ভাবে রাজনীতি, সেক্টেরিয়ান রাজনীতি যেন না করি, এটাই হচ্ছে আমার আবেদন আপনাদের কাছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি কি আজকে আবার রিপোর্ট দেবেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি যেটুকু জানি বললাম, আর এখানে বোধহয় কালকে কিছু একটা কলিং অ্যাটেনশন আছে, সেটা হলে আপনাদের যদি কোনও বক্তব্য থাকে বলবেন, যদি কালকে সেটা হয়।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** ইসলামিয়া হাসপাতালে রুগিদের জায়গা নেই, মাটিতে পড়ে আছে, একটু দেখবেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** যাদের অ্যাডমিট করা যায়নি, তাদের জন্য হাসপাতালে পাঠানো হচ্ছে, এখন সবাইকে পাঠানো হচ্ছে, এই হচ্ছে আমার রিপোর্ট, আপনি বলছেন যখন, আমি আবার গিয়ে খোঁজ করব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী আপনি কি বলতে পারবেন এই বাড়িটি কি রসিদ মিএার বাড়ি ছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে যা খবর আছে এই বাড়িটার ওনার হচ্ছে আব্দুর রউফ ও শেখ রসিদ। ওদেরকে কোশ্চেন করবার জন্য লালবাজারে নিয়ে যাওয়া হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** এখানকার ইন্সিডেন্ট খুব সিরিয়াস। বোম্বের ইন্সিডেন্ট-এর সময় আমরা বলেছিলাম এটা খুব সিরিয়াস। এই ব্যাপারে কোনও দলবাজি করা উচিত নয়। এটা ন্যাশনাল ইন্টারেস্ট বলেই আমি মনে করি। মুখ্যমন্ত্রী এখানে স্টেটমেন্ট দেবে, একটা কলিং অ্যাটেনশনও আছে, আমি অ্যাডমিট করব। কিন্তু একটা প্রবলেম হচ্ছে কালকে বাজেট প্রেসিং ডেট, কালকে অন্য কিছু প্রোগ্রাম রাখা যাবে না। আজকে যদি উনি লেট আওয়ারসে দিতে পারেন তো ভাল ; যদি উনি ম্যাটিরিয়ালস সংগ্রহ করতে পারেন তো ভাল। কারণ সেন্ট্রাল টিম এখানে আসছে, কত রকমের ব্যাপার আছে, কত অ্যাকাউন্টেবিলিটির ব্যাপার আছে, তাদের সাথে ডিসকাশন হবে। কতটুকু রিভিল করা উচিত না উচিত, কতটুকু বলবেন না বলবেন সেইসব অনেক ব্যাপার আছে, দ্যাট ইজ অল ডিপেন্ডিং অন দেম। এই ব্যাপারে আমরা কোনও ফোর্স করতে পারি না। অনেক সিকিউরিটির ব্যাপার আছে, অনেক ফ্যাক্টার আছে। আপনারা সব জানেন, আপনারাও এক সময় অ্যাডমিনিস্ট্রেশনে ছিলেন। আমি বলব উই ক্যান

টেন্স এ রেজলিউশন ইন কন্ডোলেন্স। যারা মারা গেল, যারা ইনজিওরড হল তাদের জন্য আমরা এক মিনিট নীরবতা পালন করতে পারি। সেই অনুরোধই আমি আপনাদের করছি।

**(এই সময় সকল সদস্যরা দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করে।)**

**শ্রী সুব্রত মুখোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যা বললেন তার সাথে আমরা একমত। এই ঘটনাগুলো আমরা গুরুত্ব দিয়ে অনুধাবন করি। এই ব্যাপারে সরকারের সঙ্গে সহযোগিতা করার মানসিকতা আমাদের আছে। এই ব্যাপারে সংকীর্ণ রাজনীতির উর্ধ্বে উঠে মুখ্যমন্ত্রী যেটা আবেদন করেছেন তাকে আমরা সমর্থন করছি। কিন্তু একটা প্রশ্ন আমাদের মনে আসছে, রশিদ বুকির সাথে আন্ডার গ্রাউন্ড ওয়ার্ল্ডের লোকেদের একটা ঘনিষ্ঠ সম্পর্কের কথা স্থানীয় লোকেরা বলছে। যাদেরকে ওরা মারতে চাইছিল তাদেরকে মারবার জন্যই নাকি ঐটা করা হয়েছে। কারণ রসিদ বুকির সাথে বোম্বের আন্ডারগ্রাউন্ড লোকেদের একটা গরিব সম্পর্ক ছিল। এই পার্টটার সাথে আমরা একমত হতে পারছি না। আবার [**] মতো লোকের সাথেও নাকি এদের যোগাযোগ ছিল।

(নয়েজ)

**মিঃ স্পিকার :** লক্ষ্মীবাবুর নাম বাদ যাবে।

(নয়েজ)

No allegation will be recorded against any Member. Nothing will be recorded. Mr. Mukherjee, please take you seat. Now, Shri Sudip Bandyopadhyay.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, আমাদের পরিষদীয় দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন, প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র, আমরা আজকে ঐ এলাকায় গিয়েছিলাম এবং মুখ্যমন্ত্রী যখন বললেন যে উনি যাবার সময় দুটো লাস বেরিয়েছে। যখন আমরা গিয়েছিলাম তখন ঐ রকম ভাবে আট খানা লাস ওখান থেকে বেরোল এবং সেই লাসগুলো নিয়ে গিয়ে ইসলামিয়া হাসপাতালে রাখা হল নিচের তলায়। সুতরাং পুরো বাড়ি ভাঙা হলে নিচ থেকে এখনও কত লাস বেরোবে, সেই সংখ্যা এখনও বলা যাচ্ছে না। স্যার, মূলত যে জায়গাটা ঘিরে রাখা হয়েছে, আমার বিধানসভা কেন্দ্রের সঙ্গে একদম একটা যোগ এলাকা আছে লক্ষ্মীবাবুর সংলগ্ন এলাকার সঙ্গে। এলাকায় মূলত কলকাতা শহরের বাইজি এলাকা বলে যেটা বিখ্যাত। সেই বাড়িগুলোতে মূলত বাইজিরা থাকে এবং এক ধরনের খুব গরিব মানুষ মিস্ত্রীরা থাকে এবং রাজমিস্ত্রীরা থাকে এবং রশিদ মিঁয়ার ওখানে একটা অফিস ছিল এবং অফিস বলতে সেটা সাট্টাওয়ালাদের অফিস। এটা পুলিশের অনুসন্ধানে নিশ্চয়ই বেরোবে এবং মুখ্যমন্ত্রী রশিদের নাম এখানে করেই গেছেন এবং শুনলাম রশিদ অ্যারেস্ট হয়েছে। সুতরাং এই পরিস্থিতিতে আমাদের মনে হচ্ছে যে বোম্বাই শহরে যখন ঘটনা ঘটে তখন আমরা দেখি বোম্বাই শহরের ঘটনাকে অনুসন্ধান করতে ইন্টারপোলের সাহায্য

Note *Expunged as ordered by the chair.

[17th March, 1993]

নেওয়া হয়েছে। এতবড় একটা ঘটনা, রশিদের নাম যেখানে যুক্ত, সেখানে কোনও না কোনও ভাবে আবার সরকারি দলের লোকের দ্বারা পুলিশ যদি ইনফ্লুয়েন্সড হয়ে গিয়ে তদন্তের কাজে যদি অসুবিধা করে, আমাদের মনে হচ্ছে কলকাতার ঘটনার জন্য ইন্টারপোলকে ডাকুন এবং রাজ্য সরকার সি. বি. আই.-কে ডাকুন, ইন্টারপোলকে ডাকুন এবং 'র'-কে ডাকুন। গোটা বিষয়টাকে এদের মাধ্যমে তদন্ত হোক। কারণ কলকাতার মানুষ খুবই ইন্সিকিয়োর্ড ফিল করছে, খুব অনিশ্চিত হয়ে পড়েছে। আমরা তাই তিন দিন আগেও বলেছিলাম যে ভিক্টোরিয়ায় মানুষ বেড়াতে যাবে, তারা প্রশ্ন করছে, ভিক্টোরিয়ায় কিছু হবে না তো? হুগলি দ্বিতীয় সেতুতে ঘুরতে যাচ্ছে, জিজ্ঞাসা করছে, কিছু হবে না তো? নানা জায়গায় একটা আতঙ্কের ভাব বিরাজ করছে। আমরা হাউস থেকে আজকে মানুষকে আশ্বস্ত করতে চাই, তাদেরকে সচেতন করতে চাই। আগের দিন আমরা বলেছিলাম আত্ম সন্তুষ্টির মনোভাব নিয়ে থাকা ঠিক হবে না। আত্ম সন্তুষ্টির মনোভাব নিয়ে থাকলে এই ধরনের বিপদজনক ঘটনার সম্ভাবনা আবার হবে। সুতরাং সম্পূর্ণ ভাবে আত্ম সন্তুষ্টিকে দূরে সরিয়ে রেখে কোনও রকম রাজনীতির কথা না টেনে আমরা এই ঘটনার তদন্ত চাই এবং এই ঘটনার যাতে সত্যতা উদ্ঘাটিত হয়, প্রকৃত দোষী কারা তার জন্য আমরা এখানে দাবি করছি এবং রাজ্য সরকারের সঙ্গে কোনও বিরোধের প্রশ্ন নেই, আমরা একত্রে সকলে মিলে এই সমস্যার মোকাবিলা করতে চাই, এই প্রতিশ্রুতি আমরা দিচ্ছি।

**শ্রী মানব মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, যে দুঃখজনক ঘটনা ঘটে গেছে, মৃতের সংখ্যা এখনও চূড়ান্ত নয়। আমাদের সবার অভিমত এটা, যে যারা এই নিরপরাধ মানুষের মৃত্যুর কারণ হল, তাদের যে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয় এবং এই অপরাধীদের খুঁজে বার করতে গিয়ে কলকাতা পুলিশ ছাড়াও যদি সি. বি. আই., ইন্টারপোল যে সংস্থার সাহায্য লাগুক না কেন, সেই সাহায্য যেন নেওয়া হয়, আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে এই আবেদন আমি রাখব। আক্রান্ত মানুষের পাশে এই রাজ্যের জন প্রতিনিধিরা, অঞ্চলের বিধায়ক লক্ষ্মী দে, তিনি বিস্ফোরণ ঘটার পর মুহূর্তে থেকে সেখানে ছিলেন। ছিলেন কলকাতা কর্পোরেশনের মেয়র প্রশান্ত চট্টোপাধ্যায়, তিনিও ছিলেন। মখ্যমন্ত্রী একটা আবেদন জানিয়েছেন যে এই বিষয়টা নিয়ে যাতে আমরা দলবাজি না করি। কিন্তু সবচেয়ে দুর্ভাগ্যজনক বিষয় হচ্ছে এই যতদিন আমাদের এই বিধানসভাতে এই সুব্রত মুখার্জির মতো তৃতীয় শ্রেণীর রাজনীতিকরা থাকবেন, ততদিন পর্যন্ত আমাদের এই ঐক্য কখনও হবে না। এই তৃতীয় শ্রেণীর রাজনীতিকরা তারা খবরের কাগজের হেড লাইন হবেন বলে—

**(তুমুল হট্টগোল)**

তৃতীয় শ্রেণীর এই রাজনীতিকরা রাজনীতি করবার জন্য যারা সমাজবিরোধীদের সঙ্গে সংযোগ রাখে, তাদের স্বার্থে আজকে অভিযোগ করছেন, স্যার কলঙ্কিত বিষয় নিয়ে কুৎসিত রাজনীতি ওরা করছেন, এরা বাংলার কলঙ্ক। সমাজ বিরোধীদের সঙ্গে যারা ওঠা বসা করেন, এই তৃতীয় শ্রেণীর রাজনীতিকরা আজকে এই মর্মান্তিক ঘটনা নিয়ে রাজনীতি করার চেষ্টা করছেন। আমি আপনার মাধ্যমে বিরোধী সদস্যদের অনুরোধ করব এই দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় তারা যেন না দেন।

[11-20 — 11-30 a.m.]

আমি আপনার মাধ্যমে অনুরোধ করব, বিরোধী সদস্যরা এই দায়িত্ব-জ্ঞানহীনতার পরিচয় যেন না দেন।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** কোয়েশ্চেন নং ৭৪, শ্রী আবু হেনা।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ পার্সোনাল এক্সপ্লানেশন।

**মিঃ স্পিকার ঃ** বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, মাননীয় সদস্য মানববাবু একটা বরাহ-নন্দন, শুয়োরের বাচ্চা এবং ওকে জুতো মেরে ঘর থেকে বের করে দিন। এটা না করলে কোনও শান্তি আসবে না, সভার প্রেস্টিজ বাঁচবে না। এই সদস্য একটা বরাহ-নন্দন। আমি শুনেছি এর বাবা মা'র নাকি ঠিক নেই। স্যার, আমি অনুরোধ করছি ওকে বহিষ্কার করুন তা না হলে আমাকে থামাতে পারবেন না, আপনি হাউস চালাতে পারবেন না।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ওর দাড়ি কেটে দিন।

(গোলমাল)

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় স্পিকার, স্যার, আপনি জানেন যে, গতকাল রাত্রে দারুণ-ভাবে ঘটনা ঘটেছে। বিস্ফোরণের ঘটনায় দুটো বাড়ি সম্পূর্ণভাবে পড়ে গেছে, সামনের তিনটে বাড়ি দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন পর্যন্ত যা খবর তাতে ৪০ জন মতো মানুষ, যারা সাধারণ গরিব খেটে খাওয়া মানুষ, তারা মারা গেছে। আপনি জানেন স্যার, কাগজে ইতিমধ্যেই বেরিয়েছে, ঘটনা ঘটার পরে সারা রাত্রি আমি, মাননীয় মেয়র প্রশান্ত চ্যাটার্জি এবং ওখানকার চারটি ওয়ার্ডের লোকাল কাউন্সিলররা, আমরা সকলে সারা রাত্রি ধরে উদ্ধার কার্যে অংশগ্রহণ করি এবং এলাকার সাধারণ মানুষেরা, দল-মত নির্বিশেষে সকলেই সেখানে উদ্ধার কার্যে অংশ গ্রহণ করেন। দমকল থেকে শুরু করে পুলিশ প্রশাসন, সকলে মিলে উদ্ধার কার্য চালানো হয়। মেডিক্যাল কলেজের একটা ঘরকে রুগী রাখার কাজে ব্যবহার করা হয় এবং সাথে সাথে মেডিক্যাল কলেজ, ইসলামিয়া হাসপাতাল ও এন. আর. এস.-এ রুগিদের পাঠাবার ব্যবস্থা করা হয়। পি. জি. হাসপাতালের সার্জেন সুপারিনটেন্ডেন্ট রাত্রিবেলাই মেডিক্যাল টিম নিয়ে সেখানে উপস্থিত হন এবং সাধারণ মানুষ, যারা আহত হয়েছিলেন তাদের প্রাথমিক চিকিৎসা করেন। আপনি স্যার, জানেন যারা যারা এই বাড়ির মালিক তাদের মধ্যে সাট্টা রশিদ আছে। তাকে ইতিমধ্যেই গ্রেপ্তার করা হয়েছে অনুসন্ধান করার জন্য এবং দৃঢ়ভাবে আমরা এ কথা বলতে চাই, যে দোষী তাকে গ্রেপ্তার করা উচিত, কঠোর শাস্তি দেওয়া উচিত। আমি বলেছি, ইতিমধ্যে গ্রেপ্তার হয়েছে, ইতিমধ্যে বাড়িওয়ালাকে গ্রেপ্তার করা হয়েছে, রশিদকে গ্রেপ্তার করা হয়েছে।

[11-30 — 11-40 a.m.]

এবং আমরা কঠোরভাবে এর বিরুদ্ধে দাঁড়াতে চাই। আমি বলব, পুলিশ প্রশাসন এ ব্যাপারে অবিলম্বে অনুসন্ধান করুন এবং অনুসন্ধান করে এমন একটি শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক দোষীদের বিরুদ্ধে যাতে করে কলকাতা শহরে এইরকম ঘটনা আর না ঘটে। প্রচার হচ্ছে, এতে নাকি প্রোমোটারদের হাত আছে এইরকম নানা রকম কথাবার্তা উঠছে। আমার দলের থেকে দাবি এবং এলাকার দাবি দোষীদের কঠোরভাবে শাস্তি দেওয়া হোক যাতে করে আর এইরকম ঘটনা না ঘটে। এখানে এত মানুষ মারা গেছে যে সেখানে দলীয় রাজনীতি করার প্রশ্ন নেই। আপনি এলাকায় গেলে বুঝতে পারবেন। ইতিমধ্যে ৪০ জন মানুষ মারা গেছেন। তাদের পরিবার-পরিজন আছেন, অবস্থা খুবই খারাপ। এখনও কিছু মানুষ আছেন যারা একতলায় বাস করতেন। পরে তাদের হয়ত বডি পাওয়া যাবে। ২ তলা সরানো হয়েছে, তাতে ৪০টি মৃতদেহ বেরিয়েছে, নিচের তলায় আরও বডি আছে। এলাকার মানুষ এখন যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে সাহায্যের ব্যাপার আছে। ত্রাণ মন্ত্রীর সঙ্গে আমার কথা হয়েছে। তিনি বলেছেন, নিশ্চয়ই সাহায্য করা হবে ক্ষতিগ্রস্ত পরিবারদের। পুলিশ প্রশাসন কঠোরভাবে ব্যবস্থা গ্রহণ করবেন এবং দোষীদের শাস্তি দেবেন। যারা এই ঘটনা ঘটিয়েছে তাদের কঠোর শাস্তি দেওয়া উচিত।

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় স্পিকার স্যার, গতকাল যে ঘটনা ঘটে গেছে তার পরিপ্রেক্ষিতে আমরা এই হাউসে শেষ যে সিদ্ধান্ত নিয়েছি সেটা হচ্ছে, যে সমস্ত মানুষ মারা গেছে তাদের স্মৃতির শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নীরবতা পালন করেছি। আমি আশা করেছিলাম, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং আরও বক্তার বক্তব্যের পর সুষ্ঠুভাবে ঘটনার যাতে পূর্ণ তদন্ত হয় তারজন্য সকলের সহযোগিতা। কিন্তু হঠাৎ লক্ষ্য করলাম, মানববাবুর বক্তব্যের পর মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি যে সমস্ত বক্তব্য এখানে রাখলেন—আমরা জানি হাউসের কতকগুলি নিয়ম মেনে চলতে হয়—কিন্তু আপনি চিন্তা করতে পারবেন না—উনি মাইকের সামনে দাঁড়িয়ে যেসব অশ্রাব্য ভাষা ব্যবহার করেছেন তা এই হাউসে নজির আছে কিনা জানা নেই। আপনার কাছে আমার আবেদন, আপনি রেকর্ড দেখুন, রেকর্ড দেখে এই সমস্ত বক্তব্যগুলি বাদ দেবার ব্যবস্থা করুন।

**মিঃ স্পিকার :** ঠিক আছে, আমি রেকর্ড দেখব। রেকর্ড দেখে বক্তব্য যদি বাদ দেবার থাকে বাদ দেব।

**শ্রী ক্ষিতি গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ভয়ঙ্কর ঘটনা ঘটে গেছে আমাদের শহরে, যেটা আমরা আশঙ্কা করেছিলাম কিছুদিন আগে। আলোচনাও হয়েছিল যে কলকাতা শহরের দিকে ওদের লক্ষ্য আছে। সেই ঘটনাই ঘটেছে, কলকাতায় গতরাত্রে বিস্ফোরণ ঘটেছে। এটাকে কেন্দ্র করে আমাদের এই হাউসে একটা দায়িত্বপূর্ণ ব্যবহার করা উচিত। কিন্তু আমরা হাউসে এসে মাননীয় মুখ্যমন্ত্রীর আবেদনের পর আমরা যে ব্যবহার করছি এটা খবরের কাগজে বেরোবে, মানুষের কাছে যাবে, মানুষ ভাববে যে আমরা যখন মৃত্যুর সঙ্গে লড়াই করছি সেই সময়ে মাননীয় সদস্যরা হাউসের মধ্যে একে অপরকে গালাগালি করছেন। আমি তার প্রতিবাদ করছি, মাননীয় সুব্রতবাবু একজন সিনিয়ার মেম্বার, আমি তার পাশে বসেছিলাম,

মাননায় মানববাবুর একটি কথার প্রতিবাদে তিনি তাকে বাস্টার্ড বলতে পারেন না। তিনি তার জন্ম নিয়ে প্রশ্ন তুলতে পারেন না। এটা এখনি কন্ডেম করা উচিত, এবং দরকার হলে তাকে সাসপেন্ড করা উচিত। ঘটনা ঘটেছে, দুঃখ হওয়ার কথা, কিন্তু মাননীয় সুব্রতবাবু যে ব্যবহার করলেন আমরা তার এগেনস্টে রি-অ্যাক্ট করছি, মানববাবু হাউসে রয়েছেন, জানি না উনি প্রিভিলেজ আনবেন কিনা? যে কথা বলেছেন তারপর আর সেই সদস্যের হাউসে থাকার অধিকার নেই। আপনি উপযুক্ত ব্যবস্থা নেবেন।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল রাত্রে কলকাতার বুকে যে ঘটনা ঘটে গেছে এটা পশ্চিমবঙ্গের কাছে একটা বেদনা দায়ক ঘটনা। এই ঘটনার নিন্দা করা উচিত, এই ঘটনায় যারা নিহত তাদের প্রতি আমরা সমবেদনা জানাচ্ছি এবং যারা আহত তাদের আরোগ্য কামনা করছি। সাথে সাথে রাজ্য সরকারের কাছে দাবি করছি যে অনতিবিলম্বে নিহতদের পরিবারের ক্ষতি পূরণের ব্যবস্থা নেওয়া উচিত। আমরা খুবই মর্মাহত এই জন্য যে আমরা যেটা চিন্তা করতে পারি না, সেটা হল এই কলকাতা শহরে তথা পশ্চিমবঙ্গে গোয়েন্দা দপ্তর আছে—একটা জিনিস আমরা বারে বারে দেখছি—আমরা পোস্ট মর্টেম করছি, ঘটনা ঘটে যাবার পর কিভাবে ঘটেছে দেখছি, তারপর দোষীদের শাস্তির ব্যবস্থা নিচ্ছি, কিন্তু কলকাতা পুলিশ এবং গোয়েন্দা দপ্তর যে মাসে মাসে বেতন নিচ্ছে তারা কি করছে। আজকে কুকুর নিয়ে বোমা উদ্ধারের চেষ্টা করা হচ্ছে, কিন্তু এটা বলার অপেক্ষা রাখে না যে এই গোয়েন্দা দপ্তর এত নির্লিপ্ত এবং অসহায়, এবং এদের মাসে মাসে বেতন দিতে হচ্ছে। তাই আমি বলছি এই ঘটনার পরিপ্রেক্ষিতে এবং ভারত রক্ষার স্বার্থে এখানে এই স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত।

## Starred Questions

### (to which oral answers were given)

### তিস্তা প্রকল্পে কেন্দ্রীয় সাহায্য

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী আবু হেনা ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি আর্থিক বছরে তিস্তা প্রকল্পের জন্য কেন্দ্রীয় [illegible]রের আর্থিক সাহায্যের প্রস্তাব আছে ;

(খ) সত্যি হলে,

(১) কি পরিমাণ অর্থ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে ; এবং

(২) কি পরিমাণ অর্থ রাজ্য সরকার বরাদ্দ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) চলতি আর্থিক বৎসরে (১৯৯২-৯৩) মোট ৮,০০ (আট) কোটি টাকা এ পর্যন্ত

কেন্দ্রীয় সাহায্য হিসাবে পাওয়া গেছে।

(খ) চলতি আর্থিক বৎসরে তিস্তা ব্যারেজ প্রকল্পের জন্য রাজ্য বাজেটে বরাদ্দীকৃত অর্থের পরিমাণ মোট ২৪.০০ (চব্বিশ) কোটি টাকা।

**শ্রী আবু হেনা ঃ** মাননীয় সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—তিস্তা প্রকল্পের কাজ সম্পূর্ণ করার জন্য কি পরিমাণ অর্থ সরকার এবং এ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে, কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছেন এবং রাজ্য সরকারই বা কত টাকা খরচ করেছেন?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আপনি আমাকে ৪টি প্রশ্ন করেছেন। আমি পর পর তার উত্তর দেব। ১) এই পরিকল্পনার প্রথম সাব স্টেজের কাজ শেষ করতে ৬৯৫ কোটি টাকা লাগবে। এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকার ১৯৮৩ সালে শ্রীমতি ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন ৫ কোটি টাকা দিয়েছিলেন। অতি সম্প্রতি ১৯৯২ সালের শেষ ভাগে ৪ কোটি টাকা এবং ১৯৯৩ সালের ফেব্রুয়ারি মাসে আরও ৪ কোটি টাকা, মোট ১৩ কোটি টাকা সেন্ট্রাল অ্যাসিস্টেন্স হিসাবে পাওয়া গেছে। টোটাল আমরা খরচ করেছি ৩৮৪ কোটি টাকা। তার থেকে ১৩ কোটি টাকা বাদ দিলে যেটা দাঁড়ায় সেই টাকাটা রাজ্য সরকার খরচ করেছেন।

**শ্রী আবু হেনা ঃ** তিস্তা প্রকল্পে কত পরিমান কাজ শেষ হয়েছে ; সেগুলো কি এবং তারফলে কি কি বেনিফিট জনগণ পাচ্ছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** গত ১৪ বছরে ঠিক ঠিকভাবে কাজ শুরু হয়েছে ১৯৭৭-৭৮ সালে। এখনও পর্যন্ত বিগত ১৪ বছরে তিনটি প্রধান ব্যারেজ—তিস্তা ব্যারাজ, মহানন্দা ব্যারেজ এবং ডাহুক ব্যারাজ এর কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া তিস্তা-মহানন্দা মেইন ক্যানাল, মহানন্দা মেইন ক্যানাল এবং ডি. এল. এম. সি.—এই তিনটি খালের কাজ সম্পূর্ণ। এছাড়া আর একটি খালও অনেক দূর পর্যন্ত এগিয়ে গেছে। এছাড়া এশিয়ার বৃহত্তম জলবাহিকা (অ্যাকোয়াডাক্ট) সহ ৬টি অ্যাকোয়াডাক্ট, ৩৪টি বড় ক্যানাল স্ট্রাকচার এবং শাখা খাল সহ ৪,২০০ কিলোমিটার খাল তৈরি হয়েছে। এছাড়া ৩৪টি বড় ক্যানাল স্ট্রাকচারের —আপনাদের যদি ইঞ্জিনিয়ারিং সম্বন্ধে কিছু কিছু ধারণা থাকে—৩৪টি ক্রস ড্রেনেজ তৈরি হয়েছে। এই কাজগুলি হবার পর আমরা গত তিন-চার বছর যে কাজের জন্য অপেক্ষা করছি—সেচের জল, এখনও পর্যন্ত ২৭ হাজার হেক্টর জমিতে সেচের জলের সম্ভাবনা সৃষ্টি করা গেছে এবং তারমধ্যে জল গেছে ১৭ হাজার হেক্টরে। এটা ১৯৯১-৯২ সালে হিসাব দিলাম। ১৯৯২-৯৩ আরও ১৭ থেকে ২০ হাজার হেক্টরে জল দিতে পারব বলে মনে করছি। সামগ্রিকভাবে পরিকল্পনার ব্যাপারটা থেকে আমাদের প্রথম পর্যায়ে ৩ লক্ষ ৪২ হাজার হেক্টর। জমিতে জল দিতে হবে। এখন পর্যন্ত ২৭ হাজার হেক্টরে জল যা দিতে পেরেছি তার সঙ্গে আরও ২০ হাজার হেক্টর যদি যোগ করতে পারি তাহলে সেটা ৪৬-৪৭ হাজার হেক্টর হবে। এরমধ্যে অষ্টম পরিকল্পনার পুরো টাকাটা ধরা হয়েছে। আমার নেতৃত্বে একটি সর্বদলীয় প্রতিনিধিদল

১৯৯২ সালে দিল্লিতে গিয়েছিলেন। সেই সময় তারা বলেছিলেন, কেন্দ্রীয় সরকার কিছু সাহায্য করবেন। তারপর পরিকল্পনা কমিশন অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে ১৫০ কোটি টাকা এবং আমাদের রাজ্য সরকার ১৬৫ কোটি টাকা দেবেন বলে ধার্য করেছেন। এই বছর ২০ কোটি টাকা তারা কেন্দ্রীয় সহায়তা বাবদ দেবেন বলেছিলেন, কিন্তু এখনও পর্যন্ত তার মধ্যে ৮ কোটি টাকা পাওয়া গেছে। ২৪ কোটি টাকার মধ্যে রাজ্য সরকার এখনও পর্যন্ত ১৫ কোটি টাকা খরচ করতে পেরেছেন।

**শ্রী দেবেন্দ্রনাথ বর্মন ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি, কেন্দ্রীয় পরিবেশ বিভাগ থেকে এই কাজের ব্যাপারে কোনও আপত্তি তুলেছেন কিনা এবং তুলে থাকলে সেটা দূর করবার ব্যাপারে কি উদ্যোগ নিয়েছেন? আমাদের কাজের গতি আরও বাড়ানো যেত। তবে তিস্তার বাঁ দিকে বিশেষ করে তিস্তা-জলঢাকা মেন ক্যানেল তৈরি করার পরে সেখানে প্রায় ৯০ হাজার হেক্টর জমিতে জল দিতে পারা যাচ্ছে। কুচবিহার-জলপাইগুড়ি জেলার যেটা সেটাতে বন দপ্তরের ক্লিয়ারেন্সে পাওয়া যায়নি। শেষ পর্যন্ত মুখ্যমন্ত্রী সর্বশেষ চেষ্টা করছেন, কেন্দ্রীয় বন এবং পরিবেশ মন্ত্রীর সঙ্গে কথা হচ্ছে। আমাদের বন এবং পরিবেশ মন্ত্রী, অম্বরীশবাবু ও যথেষ্ট চেষ্টা করছেন। আশা করা যাচ্ছে সামনের দুই মাসের মধ্যে ক্লিয়ারেন্স পাওয়া যাবে। এটা পেলে সেই কাজে অগ্রসর হতে পারব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি দয়া করে জানাবেন কি, আপনি এই হাউসে বারবার বলতেন যে তিস্তা প্রকল্পকে জাতীয় প্রকল্প হিসাবে কেন্দ্রীয় সরকার ঘোষণা করুক। ইতিমধ্যে প্ল্যানিং কমিশন টাকা দেবার প্রতিশ্রুতির পরে এটাকে জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করার কথা আপনি চিন্তা করেছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমরা সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে গিয়েছিলাম। মাননীয় অর্থমন্ত্রী মনমোহন সিং এবং প্ল্যানিং কমিশনের চেয়ারম্যানের সঙ্গে আমরা সাক্ষাৎ করেছিলাম। তখন অত্যন্ত পরিষ্কার ভাবে তারা বলেছিলেন যে এটাকে জাতীয় প্রকল্প হিসাবে গ্রহণ করা হচ্ছে না, এটা প্রোজেক্ট অব ন্যাশনাল ইমপর্টেন্স হিসাবে গৃহীত হচ্ছে। সেই হিসাবে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে ১।। শত কোটি টাকা দিতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন। এই বছর ২০ কোটি টাকা দেবেন বলেছেন, এখন পর্যন্ত ৮ কোটি টাকা দিয়েছেন।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই তিস্তা প্রকল্পের হেড কোয়াটারের একটা অফিস নিউ জলপাইগুড়ির কাছে রয়েছে। এখান থেকে সেটা সরিয়ে নেবার জন্য মানুষের মধ্যে একটা ক্ষোভ রয়েছে। আমি মনে করি ওখানে হেড কোয়াটার না হওয়ার ফলে, কলকাতায় হওয়ার ফলে নানা রকম খোঁজ খবর নেওয়া অসুবিধা হচ্ছে এবং প্রশাসনিক ব্যয়ও বেড়ে যাচ্ছে। কাজেই ওখানে হেড কোয়াটারের অফিস স্থাপন করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই বিষয়ে একটা পরিকল্পনা আছে। অতি সম্প্রতি শিলিগুড়িতে একটা সভা হয়েছিল হাই লেভেল মনিটারিং কমিটির। সেখানে কেন্দ্রীয় সরকারের পরামর্শ অনুসারে কেন্দ্রীয় জল কমিশন অর্থাৎ ওয়াটার কন্ট্রোল কমিশনের সদস্য শ্রী

নাহলওয়ালাকে তার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি আমাদের কাজকর্ম দেখে সন্তোষ প্রকাশ করেছেন। তিনি বলেছেন যে দেয়ার হ্যাজ বীন ... ইমপ্রুভমেন্ট ইন দি রিলিজ অব ওয়াটার। তার পরবর্তীকালে এই ব্যাপারে কিছু জটিলতা দেখা দেয়। সেটা মীমাংসা করার জন্য তিনি একটা সুপারিশ করেছিলেন। তিনি একজন আই. এ. এস. র‍্যাঙ্কের অ্যাডমিনিস্ট্রেটরকে সেখানে বসাবার জন্য বলেছিলেন।

কিন্তু মাননীয় সদস্যরা সকলেই জানেন যে গত ৩/৪ বছর আগে আমাদের সেচ দপ্তরে বিশেষ করে টেকনোক্র্যাট এবং ব্যুরোক্র্যাটদের মধ্যে একটা বিবাদ ছিল বিশেষ করে বিভাগীয় সচিব পদে টেকনোক্র্যাট থাকবে, না ব্যুরোক্র্যাট থাকবে এই নিয়ে। সেচ দপ্তরে গত কয়েক বছর ধরে যে ইঞ্জিনিয়ার রয়েছেন, তিনি চিফ ইঞ্জিনিয়ার পদে রয়েছেন। সুতরাং আমরা বলি যে আমাদের সেচ দপ্তরে একজন রিটায়ার্ড চিফ ইঞ্জিনিয়ার বা সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার দেওয়া হোক। সেই প্রস্তাব বিবেচনার পর্যায়ে আছে।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্নটা ক্যাটেগোরিক্যালি ছিল। আমি তার অ্যাকচুয়াল উত্তর পেলাম না। আপনি আমার প্রশ্নটা আর একবার অ্যালাউ করুন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি ক্যাটেগোরিক্যালি উত্তর দেবার চেষ্টা করেছি।

[11-50 — 12-00 a.m.]

**শ্রী দীপক সেনগুপ্ত :** ওখানে হেড কোয়াটার হবে কিনা সেটা আমি স্পেসিফিক জানতে চাই। কলকাতায় হেড কোয়াটার থাকার জন্য ব্যায় অনেক বেড়ে যাচ্ছে, টি.এ, ডি.এ-দিতে অনেক খরচ হচ্ছে। আপনি যে উত্তর দিলেন টেকনোক্র্যাট বুরোক্র্যাটদের ব্যাপার নিয়ে সেটা এই প্রশ্ন থেকে আলাদা।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** সেখানে একজন স্থায়ী অফিসার থাকবেন।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য জানাচ্ছি, কিছু দিন আগে আমাদের কমিটির চেয়ারম্যান শান্তশ্রী চ্যাটার্জির নেতৃত্বে আমরা কমিটির ট্যুরে গিয়েছিলাম তিস্তা প্রকল্প দেখবার জন্য। সেখানে খাল তৈরি হয়ে যাবার পর মেন্টেনেন্সের অভাবে একটা বিরাট অংশে ধ্বস পড়ছে। খালে জল আছে, প্রচুর সেডিফেন্ট পড়ে আছে। সেটা যদি ঠিকমতো মেন্টেনেন্স না হয় ওই অংশ আবার করতে গেলে কয়েক কোটি টাকা খরচ পড়বে। এই অবস্থা সেখানে আপনি মেনটেনেন্সের ব্যবস্থা করবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এই বছর মেন্টেনেন্স বাবদ আমাদের আর্থিক সংকুলান খুব কম। আপনি যে জায়গার কথা বলছেন সেখানে মেন্টেনেন্সের ব্যবস্থা করছি।

**শ্রী সুধন রাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিস্তার ডানহাতি খাল খননের কাজে বর্গাদাররা ক্ষতিপূরণ না পাওয়ার জন্য বাধার সৃষ্টি হচ্ছে, কাজে বাধাপ্রাপ্ত হচ্ছে? জমির মালিকরা শতকরা ৮০ ভাগ টাকা পেয়ে গেছে, বর্গাদাররা এক পয়সাও পায় নি। গত পরশু দিন অর্থাৎ ১৫ তারিখে খাল খননের কাজে বর্গাদাররা বাধা দেয়। বর্গাদারদের

ক্ষতিপূরণ দেওয়ার কাজ তরান্বিত করার জন্য কোনও ব্যবস্থা আছে কিনা জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জমি অধিগ্রহণ সংক্রান্ত ব্যাপারে যে সমস্যা আছে আপনি যে সমস্যার কথা বললেন সেটা তার মধ্যে একটা। এই ব্যাপারে দ্রুত মীমাংসা করার জন্য আমি একটা হাই লেভেল মোনিটারিং কমিটি মিটিং ডাকি যেখানে ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি উপস্থিত ছিলেন এবং সেখানে ভূমি দপ্তরের উচ্চ পদস্থ অফিসাররা উপস্থিত ছিলেন। এই ব্যাপারে সেখানে যেহেতু দ্রুত ব্যবস্থা নেওয়া যায় তার ব্যবস্থা করছি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৫০ কোটি টাকা দাবি করেছেন এবং রাজিও হয়েছেন। এই বছর ২০ কোটি টাকা দেবার কথা হয়েছে এবং তার মধ্যে আপনি ৮ কোটি টাকা পেয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে ৮ কোটি টাকা পেয়েছেন তার মধ্যে ৪ কোটি টাকা প্রকল্পের কাজের জন্য রিলিজ করেছেন, আমরা জানি আর ৪ কোটি টাকা রিলিজ করেন নি এখনও পর্যন্ত, এই টাকা কাজে না লাগিয়ে কর্মচারিদের মাইনে দেবার জন্য রেখে দিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এটা সম্পূর্ণ ওয়ার্কের জন্য খরচ হয়েছে। আমি আগেই হিসাব দিয়েছি যে আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে মোট ১৫ কোটি টাকা খরচ করা হয়েছে, তার মধ্যে ৫ কোটি টাকা রেগুলার এস্টাবলিশমেন্টের জন্য খরচ করা হয়েছে তার ওয়ার্কের জন্য ১০ কোটি টাকা এবং এই ৮ কোটি টাকা, মোট ১৮ কোটি টাকার উপর খরচ করা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তিস্তা খালে মালদা জেলায় জল আনবার ব্যবস্থা করা হয়েছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এটা থাকছে না, এর পরের পরিকল্পনায় আপনার মালদার দিকে যাবে।

ডঃ অশোক মিত্র কমিশনের সুপারিশগুলির রূপায়ণ

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২০) শ্রী অমিয় পাত্র ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডঃ অশোক মিত্র কমিশনের শিক্ষা-সংক্রান্ত সুপারিশগুলি কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(খ) সুপারিশগুলি কিভাবে কার্যকর করার কথা সরকার বিবেচনা করছেন?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ**

(ক) সুপারিশগুলি বিবেচনার কাজ শুরু হয়েছে।

(খ) মতামত সংগ্রহ করা হচ্ছে। যেগুলিতে একমত আছে এবং সরকারের আর্থিক সঙ্গতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে তা চালু করা হবে।

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে শিক্ষা-সংক্রান্ত বিষয়ে কেন্দ্রীয় কিছু সুপারিশ রাজ্যের কাছে আসে, অশোক মিত্র কমিটি যে রেকমেনডেশন করেছেন তার সঙ্গে কেন্দ্রের সুপারিশগুলি আপনার বিবেচনার মধ্যে রাখছেন কিনা, এই ব্যাপারে আপনাদের এখনও পর্যন্ত সিদ্ধান্তটা কি? কমিশন যে সুপারিশ করেছেন তা আমাদের গত ১৬ বছর ধরে বামফ্রন্ট যে শিক্ষানীতি এখানে পরিচালনা করছেন তার উপরে একে কিভাবে আরও সামঞ্জস্যপূর্ণ এবং অগ্রগতি ঘটানো যায় তার উপরেই মতামত দিয়েছেন। স্বাভাবিকভাবে এটা রাজ্য সরকারের উপরে নির্ভরশীল। তবে রাজ্য সরকার যেটা গ্রহণ করেছেন সেটি কেন্দ্রীয় সরকারের শিক্ষা নীতির বিরোধী নয়। কেন্দ্রীয় সরকারের বিধিবদ্ধ যে নীতি আছে সেটা মেনে নিয়েই চলছে। আমাদের শিক্ষা কমিশন আমাদের কর্মপদ্ধতির উপরেই মূলত পর্যালোচনা করেছেন।

**শ্রী অমিয় পাত্র :** এই ধরণের শিক্ষা-সংক্রান্ত বিষয় আমাদের দেশের জন্য রাজ্যগুলি কোনও কমিশন করেছে কিনা এবং তারা এ সম্বন্ধে চিন্তা-ভাবনা করছে কিনা, এ-সংক্রান্ত কোনও তথ্য থাকলে তা আপনি বলবেন, এবং অশোক মিত্র কমিশনের রেকমেন্ডেশন অনুযায়ী সিলেবাসের বিষয়ে ভাবছেন কিনা, ভাবলে তা কবে কার্যকর করবেন?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** এই কমিশন করার সময়ে অন্য রাজ্যে এই ধরণের শিক্ষা নিয়ে কমিশন করেছেন কিনা সে সম্বন্ধে আমরা খোঁজ খবর নিয়েছি এবং দেখেছি যে কোনও রাজ্য এটা করেন নি। তবে কেন্দ্রীয় সরকার অনেকগুলো করেছেন। সিলেবাস সম্পর্কে তিনি যে সুপারিশ করেছেন তাতে বিশেষজ্ঞদের নিয়ে পর্যালোচনা করার কথা বলেছেন। এই পর্যালোচনা করার ব্যবস্থা আমাদের মধ্যশিক্ষা পর্ষদ এবং উচ্চ-মাধ্যমিক শিক্ষা পর্ষদের সদস্য যাঁরা আছেন তাঁরা নিয়মিতই করে থাকেন, মতামত নিয়ে থাকেন। সুপারিশ অনুযায়ী আবার ভবিষ্যতে করা হবে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** আপনি বললেন যে ডঃ অশোক মিত্র কমিশনের বিভিন্ন রিপোর্ট বিবেচনা করছেন। আপনি জানেন যে আমাদের পশ্চিমবঙ্গে বিভিন্ন মধ্যবিত্ত পরিবার, বিশেষ করে গ্রামকে কেন্দ্র করে যে শহরগুলো গড়ে উঠেছে সেখানে ব্যাঙের ছাতার মতো ইংরাজি মাধ্যমের স্কুলগুলো খুলছে—আমাদের ছেলেমেয়েদের সর্ব ভারতীয় প্রতিযোগিতায় দাঁড়ানোর জন্য সেখানে প্রাথমিক স্তরে ছেলেমেয়েদের ভর্তি করছে। আপনি এই পরিস্থিতিতে নতুন করে কোনও চিন্তা করছেন কিনা যাতে ইংরাজি মাধ্যমের স্কুল যেগুলো ব্যাঙের ছাতার মতো গড়ে উঠছে তাকে প্রতিহত করার জন্য প্রাথমিক স্তর থেকে ইংরাজি প্রবর্তনের কথা চিন্তা করছেন কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** এখানে মাননীয় বিধায়কদের সকলকে শিক্ষা কমিশনের রিপোর্টটা পড়ার জন্য আমরা দিয়েছি, তাতে ইংরাজি শিক্ষা সম্পর্কে প্রাথমিক স্তরে হচ্ছে না বলেই আমাদের প্রাথমিক স্তরে এই ধরনের ব্যাঙের ছাতার মতো হচ্ছে, এই কথা নেই। বরং উল্টো কথাই আছে। একটা প্রবণতা দেখা যাচ্ছে—'ক্রেজ' বলে বলেছেন। তার দিকে মধ্যবিত্তরা যাচ্ছে, সেটা মাধ্যমিক বা প্রাথমিক বলে কথা নেই। বিশেষভাবে মন্তব্য করেছেন, এইভাবে চিন্তা-ভাবনা করবেন কিনা। তিনি প্রাথমিকের মধ্যে কেবলমাত্র পঞ্চম শ্রেণীতে ইংরাজি আনতে পারেন কিনা তা বিবেচনা করার জন্য বলছেন। অন্য কোনও কিছু বিবেচনার জন্য নেই। সরকার অন্য কিছু চিন্তা করছেন না।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### Recommendations of the Education Commission on Re-Employment of College and University Teachers

*76 (Admitted Question No. *306) **Shri Saugata Roy:** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to State—

(a) the recommendations of the Education Commission headed by Dr. Ashok Mitra regarding re-employment of College and University Teachers; and

(b) the contemplation of the Station Government in this regard?

**The Minister-in-Charge of the Higher Education Department:**

(a) The relevant recommendation of the Education Commission is re-produced below:

This State carries in the unemployment register close to five million names of which at least two million belong to the category of education unemployed. Against this background, it is most difficult to support the representation to extend the age of retirement of any category of teachers beyond 60 years. The Government, in the Commission's view, may make a categorical announcement to the effect that for all categories of teachers at all levels, the age of superannuation will be 60 years, and so exception is to be made to this rule.

(b) The matter is in the process of examination.

### রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনে সরকারি পরিকল্পনা

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৮) **শ্রী শিবপ্রসাদ মালিক:** খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

বর্তমান আর্থিক বছরে রাজ্যে কতগুলি ফুড-প্রসেসিং কেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকারের আছে?

**খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

বর্তমান আর্থিক বৎসরের ১টি প্রসেসিং কেন্দ্র এবং ৩টি "প্রসেসিং ও প্রশিক্ষণ" কেন্দ্র সংস্থাপনের পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেছেন।

**ক্ষুদ্র ও কুটির শিল্পে উৎসাহদান প্রকল্প**

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩২১) **শ্রী দেবপ্রসাদ সরকার :** ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শিল্প সমৃদ্ধির স্বার্থে এই রাজ্যে ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য উৎসাহদান প্রকল্পটি কোন্ সালে চালু করা হয় ;

(খ) উল্লিখিত উৎসাহদান প্রকল্পে সরকার কি কি সুযোগ-সুবিধার কথা ঘোষণা করেছেন ; এবং

(গ) সূচনা বর্ষ থেকে সর্বশেষ আর্থিক বর্ষ পর্যন্ত (বছরওয়ারি হিসাবে) এই খাতে রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছেন?

**ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৭৮-৭৯ সালে।

(খ) ১৯৭৮-৭৯ সালের প্রকল্প একাধিকবার সংশোধিত হয়েছে। ১৯৮৯ সালের সংশোধিত প্রকল্পে নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাওয়া যায় :

(১) পরামর্শ গ্রহণের জন্য খরচ বাবদ ভর্তুকি।

(২) কারখানা গৃহের ভাড়া বাবদ ভর্তুকি।

(৩) জমির ভাড়া বাবদ ভর্তুকি।

(৪) স্থায়ী মূলধন বিনিয়োগ বাবদ ভর্তুকি।

(৫) নিজস্ব বিদ্যুৎ উৎপাদন যন্ত্রস্থাপনের খরচ বাবদ ভর্তুকি।

(৬) ট্রান্সফরমার/বৈদ্যুতিক সংযোগের জন্য খরচের উপর ভর্তুকি।

(৭) ব্যবহৃত বিদ্যুৎ বাবদ খরচের উপর ভর্তুকি।

(৮) স্থায়ী মূলধন ঋণের জন্য প্রদত্ত সুদের উপর ভর্তুকি।

(৯) মিশ্র ঋণ (কম্পোজিট লোন)-এর জন্য প্রদত্ত সুদের উপর ভর্তুকি।

(১০) কার্যকরী মূলধন বাবদ ঋণের জন্য প্রদত্ত সুদের উপর ভর্তুকি।

(১১) কাঁচামাল ক্রয়ের উপর বিশেষ ছাড় হিসেবে ভর্তুকি।

(১২) নিযুক্তি বাবদ বিশেষ ভর্তুকি।

(১৩) মুদ্রাঙ্ক শুল্ক (স্ট্যাম্প ডিউটি) ও নিবন্ধীকরণজনিত ব্যয়ের উপর ভর্তুকি।

(১৪) চুঙ্গী/প্রবেশ কর ফেরৎ।

(১৫) বিক্রয়কর ছাড় এবং বিনা সুদে ঋণ হিসেবে প্রদত্ত বিক্রয় কর ফেরৎ।

(১৬) বিক্রয়কর প্রদান স্থগিত।

(১৭) বিক্রয়কর প্রদানের দায় থেকে নিষ্কৃতি।

(১৮) পাইপের সাহায্যে কোল গ্যাস ব্যবহার করে জ্বালানি রূপান্তরের উপর ভর্তুকি।

(গ) বছরওয়ারি হিসাব নিম্নে পেশ করা হল।

| বছর | খরচ |
|---|---|
| ১৯৮০-৮১ | ৭৭.৮৬ লক্ষ |
| ১৯৮১-৮২ | ৬৫.৬৭ লক্ষ |
| ১৯৮২-৮৩ | ৬৬.০০ " |
| ১৯৮৩-৮৪ | ৭৩.৭২ " |
| ১৯৮৪-৮৫ | ১৭৪.৫৬ " |
| ১৯৮৫-৮৬ | ১৭৫.০০ " |
| ১৯৮৬-৮৭ | ২৩৪.৪৬ " |
| ১৯৮৭-৮৮ | ২৪৭.২৮ " |
| ১৯৮৮-৮৯ | ৩২২.৪৫ " |
| ১৯৮৯-৯০ | ৫৮৩.৯০ " |
| ১৯৯০-৯১ | ৪১৮.০০ " |
| ১৯৯১-৯২ | ২৫৭.০৪ " |

সুন্দরবনের জলপথ উন্নয়নে সরকারি পরিকল্পনা

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনের জলপথের উন্নয়নের জন্য কোনও সরকারি পরিকল্পনা নেওয়া হয়েছে কি ;

(খ) যদি হ্যাঁ হয়, তাহলে কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**Sick Small Scale Industrial Units in West Bengal**

*80. (Admitted Question No. *676) **Shri Sailaja Kumar Das** and **Shri Saugata Roy:** Will the Minister-in-charge of the Cottage and

Small Scale Industries Department be pleased to State—

(a) the number of Sick Small Scale Industrial Units in West Bengal;

(b) the amount of Bank Credit outstanding against these units; and

(c) the number of workers employed therein?

**The Minister-in-Charge of the Small Scale Industries Dept.:**

(a) According to the estimate of the R.B.I., there are 30,786 sick S.S.I. units in this State.

(b) According to the same R.B.I. report, the amount stands at Rs. 286.29 crores.

(c) There is no assessment in the R.B.I. report in this regard.

### স্কুল সার্ভিস কমিশন গঠনে সরকারি চিন্তা-ভাবনা

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৪) শ্রী প্রশান্ত প্রধান ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগের জন্য "স্কুল সার্ভিস কমিশন" গঠন করার চিন্তাভাবনা সরকার করছেন কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ।

### মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গন রোধে সরকারি ব্যবস্থা

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১০) শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকে ভাঙ্গন রোধের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ব্লকের যে সব জায়গায় ভাঙ্গন দেখা দিয়েছে সেসব ভাঙ্গন রোধ করার জন্য নিম্নলিখিত প্রকল্পগুলির অধীনে যে কাজ বর্তমানে চলিতেছে এবং যে প্রকল্পগুলি প্রশাসনিক অনুমোদনের জন্য প্রেরিত হইয়াছে তাহা নিম্নে দেওয়া হইল ঃ—

| ক্রমিক নং | ব্লকের নাম | যে জায়গায় ভাঙ্গন দেখা দিয়েছে | ভাঙ্গন প্রতিরোধের আনুমানিক ব্যয় | পরিকল্পনা বা কাজের বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ১) | ফারাক্কা গঙ্গা। পদ্মা নদী | হাজারপুর, কুলিমৌজা ২২০˙ মিঃ দৈর্ঘ্য | ৩৯.৩৫ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি-নিয়াস কমিটির ও পশ্চিমবঙ্গ বন্যা পর্ষদের কারিগরি নিয়ন্ত্রণ কমিটির অনুমোদনে রাজি করেছে এবং বর্তমান প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ২) | সামসেরগঞ্জ | ধুলিয়ান (নয়নসুখ থেকে জলঙ্গি পর্যন্ত) ৫টি স্পার ও রিভট-মেন্টের পূর্ণনির্মাণ | ৫১.২৯ লক্ষ টাকা | বর্তমানে কাজ চলছে, মার্চ '৯৩ শেষ হবে। |
| ৩) | সুতি-২নং | ইছলিপাড়া ২টি স্পার ও রিভেটমেন্ট এর পূর্ণনির্মাণ | ১৯.৮৬ লক্ষ টাকা | ঐ |
| ৪) | রঘুনাথগঞ্জ-২ | বয়ড়া এবং শেখ-আলীপুর রিভেটমেন্ট এর কাজ | ৫৯.৯৪ লক্ষ | ঐ |
| ৫) | লালগোলা | বয়ড়া বেড় বার 'বি' এবং তৎসহ তীর পূর্ণনির্মাণ | ৫০.৬৯ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি-নিয়ার্স কমিটি ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনুমোদন লাভ করেছে এবং বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ৬) | বহরমপুর | চর হালালপুর | ২৩.৭৩ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি-নিয়ার্স কমিটির ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনু-মোদন লাভ করেছে এবং বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ৭) | বহরমপুর | চর মহুলা | ২৪.০৮ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি-নিয়ার্স কমিটির ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনু-মোদন লাভ করেছে এবং বর্তমানে অনু-মোদনের অপেক্ষায় আছে। | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ৮) | বহরমপুর | হরিদাসমাটি-কৃষ্ণ মাটি | ৫১.৭০ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি-নিয়ার্স কমিটির ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনু-মোদন লাভ করেছে এবং বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ৯) | বহরমপুর | বাসাবাড়ি | ২৭.৭১˙ লক্ষ টাকা | বর্তমানে কাজ চলছে। |
| ১০) | মুর্শিদাবাদ | বরানগর জিয়াগঞ্জ | ৯.৬৯ লক্ষ টাকা | প্রশাসনিক অনুমোদনের পাওয়া গিয়েছে এবং |

| | | | |
|---|---|---|---|
| | | | আর্থিক বৎসরে কাজ শুরু হবে বলে আশা করা যায়। |
| ১১) ঐ | লালবাগ শহর | ১১.৫১ লক্ষ টাকা | প্রকল্পটি কারিগরি বিচার ও পর্যালোচনার পর্যায়ে আছে। |
| ১২) বেলডাঙ্গা | শিমুলডাঙ্গা-২ | ১৫.১৫ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি- নিয়ার্স কমিটির ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনু- মোদন লাভ করেছে এবং বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ১৩) বেলডাঙ্গা-২ | শক্তিপুর গৌরীপুর | ৩৫.৮৫ লক্ষ টাকা প্রকল্পটি চিফ ইঞ্জি- নিয়ার্স কমিটির ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনু- মোদন লাভ করেছে এবং বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। | প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। |
| ১৪) বেলডাঙ্গা-২ | মহ্যমপুর | ৭১.৬৩ লক্ষ টাকা | কাজটি এপ্রিল '৯৩ নাগাদ শুরু হবার সম্ভা- বনা আছে। |

## কলেজে অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮) শ্রী আবু আয়েস মণ্ডল ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান বছর থেকে কলেজের অধ্যাপক পদে নিযুক্তির জন্য সাধারণ জ্ঞান ও নির্দিষ্ট বিষয়ের উপর লিখিত পরীক্ষা নেওয়া হবে ; এবং

(খ) সত্যি হলে এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের গাইড-লাইন কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আগামী দিনে পরীক্ষা নেওয়া হবে।

(খ) উহাদের প্রচারিত গাইডলাইনের অনুলিপি লাইব্রেরি টেবিলে রাখা হল।

## কেলেঘাই-কপালেশ্বরী নদীর বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **ডাঃ মানস ভূঁইয়া ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই-কপালেশ্বরী নদী ও তার সংলগ্ন মৌজাগুলির সংস্কার ও বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ এই পরিকল্পনাটির রূপায়ণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কেলেঘাই-কপালেশ্বরী নদী ও তার সংলগ্ন মৌজাগুলির বন্যা নিয়ন্ত্রণের প্রকল্পটি চিফ ইঞ্জিনিয়ার্স কমিটির অনুমোদিত লাভ করেছে।

প্রকল্পটি অনুমোদনের জন্য পশ্চিমবঙ্গ বন্যা পর্যদের কারিগরি কমিটির পরবর্তী সভায় পেশ করা হবে।

(খ) বন্যা পর্যদের কারিগরি কমিটির অনুমোদন ও তৎপরবর্তী পর্যায়ে গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ পর্যদ ও পরিকল্পনা কমিশনের অনুমোদন পাওয়ার পরই কাজ করা যাবে। এই অবস্থায় চূড়ান্ত সময়সূচী (প্রোগ্রাম) নির্দিষ্ট করা সম্ভব নয়।

**ডিগ্রি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক কোর্স তুলে দেওয়ার প্রস্তাব**

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭০) শ্রী তপন হোড় ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ডিগ্রি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক কোর্স তুলে দেওয়ার কোনও প্রস্তাব রাজ্য সরকার বিবেচনা করছেন ; এবং

(খ) উত্তর হ্যাঁ হলে, বিকল্প কোনও ব্যবস্থা গ্রহণের চিন্তা সরকার করছেন কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না,

(খ) প্রশ্ন ওঠে না।

**Availability of financial assistance to Sick Scale Industrial Units from the National Equity Fund**

*86. (Admitted question No. 689) **Shri Sobhandeb Chattopadhyay** and **Saugata Roy :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether it is a fact that financial assistance, in the form of long-term equity, is available to potentially viable Sick Small Scale Industrial Units from the National Equity Fund ;

(b) if so—

(i) brief outlines thereof ;

(ii) the number of units who have been benefited so far ;

and

(ii) the number of application for financial assistance sponsored of recommended by the State Government for assistance under the National Equity Fund ?

**The Minister-in-charge of the small scale industries Department :**

(a) Yes,

(b) (i) Existing sick SSI units located in towns/villages with population upto 15 lakhs are eligible for assistance if they are found to be potentially viable by the financing institutions provided such rehabilitations proposal conforms to the norms prescribed under the Rehabilitation Re-finance Scheme of SIDBI and the total project cost does not exceed Rs. 10 lakhs;

(ii) & (iii) As the units willing to avail of such facilities under the aforesaid scheme are not required to apply through the Dte. of C. & S. S. I/D. I Cs, it is not known to the Deptt. how many sick SSI with units have applied to the SIDBI or obtained benefit from the scheme. No such figure could be obtained from SIDBI.

**পুরুলিয়া জেলায় সেচ প্রকল্পের সংখ্যা**

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৩) শ্রী নিশিকান্ত মেহেতা ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কটি ইরিগেশন স্কীম-এর কাজ এ যাবৎ সম্পূর্ণ হয়েছে ;

(খ) খারিপ ও রবিতে কত পরিমাণ জমিতে সেচের জল দেওয়া হচ্ছে ; এবং

(গ) অসম্পূর্ণ সেচ প্রকল্পগুলি কোন সালে শুরু হয়েছিল এবং কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় এ যাবৎ ১৭টি সেচ প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে।

(খ) খরিফ মরুশুম ২২৬১৫ হেক্টর এবং রবি মরশুমে ২২২৯ হেক্টর জমিতে সেচের জল দেওয়া হচ্ছে।

(গ) অসম্পূর্ণ ১৬টি সেচ প্রকল্পের কাজগুলি আগামী ১৯৯৬-৯৭ সালের মধ্যে শেষ

হবে বলে আশা করা যায়। ঐ কাজগুলি কবে শুরু হয়েছিল এবং ঐগুলির কাজ কবে শেষ হওয়ার সম্ভাবনা তা নিচে দেওয়া হল।

**Statement referred to in reply to clause (Ga) of starred question No. *87**

| ক্রমিক সংখ্যা | জলপ্রকল্প এর নাম | বর্তমান অবস্থা | সেচসামর্থ এলাকা | কাজ শুরু করে | কাজ শেষ কবে হবে |
|---|---|---|---|---|---|
| ১ | দারগা সেচ প্রকল্প | ৯৮.৫% কাজ শেষ | খরিফ-৭২৫ হেক্টর<br>রবি-১৯৪ | ১৯৭৩-৭৪ | ১৯৯৩-৯৪ |
| ২ | গোলমরাজোড় | ৫৩% | খরিফ-৮১০<br>রবি-১৮২ | ১৯৭৬-৭৭ | ১৯৯৩-৯৪ |
| ৩ | পাতলুই সেচ প্রকল্প | ১০.১৬% | খরিফ-১৫০৮<br>রবি-৬৫২ | ১৯৭৬-৭৭ | ১৯৯৪-৯৫ |
| ৪ | ডিমু সেচ প্রকল্প | ৯৭.২৫% | খরিফ-৫৩০<br>রবি-১০৯ | ১৯৭৯-৮০ | ১৯৯২-৯৩ |
| ৫ | কারিয়র সেচ প্রকল্প | ৫২.৫০% | খরিফ-৪৮৬<br>রবি- | ১৯৭৯-৮০ | ১৯৯৪-৯৫ |
| ৬ | খয়রা জোড় সেচ প্রকল্প | ৬৩.৭৫% | খরিফ-৫২৬<br>রবি-১৪৮ | ১৯৮০-৮১ | ১৯৯৪-৯৫ |
| ৭ | মৌতর জড় সেচপ্রকল্প | ৮০.৫৫% | খরিফ-৮৯১ হেঃ<br>রবি-১৮৮ | ১৯৭৪-৭৫ | ১৯৯৩-৯৪ |
| ৮ | লিপানীয়াজোড় | ৭৮.৭৫% | খরিফ-১২৫৫<br>রবি-৩৩০ | ১৯৭৬-৭৭ | ১৯৯৪-৯৫ |
| ৯ | হরাই সেচপ্রকল্প | জন বিক্ষোভের জন্য কাজ শুরু করা যায় নি | খরিফ-১৩৭৬<br>রবি-১৭০ | ১৯৭৯-৮০ | কাজ বন্ধ |
| ১০ | ফুটিয়রি সেচপ্রকল্প | ৩৮.৭৫% | খরিফ-৯০<br>রবি-২৬৭ | ১৯৭৯-৮০ | ১৯৯৬-৯৭ |
| ১১ | টটকো সেচপ্রকল্প | ৫৯.৮৩% | খরিফ-২০২৪<br>রবি-৪৬৯ | ১৯৭৬-৭৭ | ১৯৯৫-৯৬ |
| ১২ | বরাভূম সেচপ্রকল্প | ১০০% | খরিফ-২০২৪<br>রবি-৭১০ | ১৯৭৪-৭৫ | ১৯৯২-৯৩ |
| ১৩ | বিকো সেচপ্রকল্প | ৮০% | খরিফ-১২১৫<br>রবি-৩৭২ | ১৯৭৪-৭৫ | ১৯৯৪-৯৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৪ | হনুমতা সেচপ্রকল্প | ৯৬% | খরিফ-২০২৯<br>রবি-৭৪২ | ১৯৭৩-৭৪ | ১৯৯৪-৯৫ |
| ১৫ | রামচন্দ্রপুর সেচপ্রকল্প | ৮০% | খরিফ-১৬১৯<br>রবি-৪৬৬ | ১৯৭৪-৭৫ | ১৯৯৪-৯৫ |
| ১৬ | এক্সটেনশনবন্ধু | ৮০% | খরিফ-১২১৫<br>রবি-৩৭২ | ১৯৮১-৮২ | ১৯৯৪-৯৫ |

## Re-finance schemes for Rehabilitation of viable Sick Small Scale Units in West Bengal

*88. (Admitted question No. *695) **Shri Deoki Nandan Proddar and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether the State Government has information regarding re-finance schemes for rehabilitation managed by the Small Industries Development Bank of India for revival of viable Sick Small Scale Units in West Bengal ;

(b) if so :—

(i) the brief outlines of the scheme ; and

(ii) the number of Sick SSI units benefited by the schemes so far ?

**The Minister-in-charge of the Cottage and small scale Industries Department :**

(a) Yes,

(b) (i) Existing sick S.S.I. units located in towns/villages with population upto 15 lakhs are eligible for assistance if they are found to be potentially viable by the financing institutions provided such rehabilitation proposal conforms to the norms prescribed under the Rehabilitation Refinance Scheme of SIDBI and the total project cost does not exceed Rs. 10 lakhs.

(b) (ii) As the units willing to avail of such facilities under the aforesaid scheme are not required to apply through the Director/C&SSI/D.I.Cs. It is not known to this Department how many sick SSI units have applied to the SIDBI or obtained benefit from the scheme. No such figures could be obtained form the SIDBI.

**অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন-এর জন্য দরখাস্তের সংখ্যা**

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৩) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১লা জানুয়ারি হতে ৩১শে ডিসেম্বর '৯২ পর্যন্ত ডিরেক্টর অব পেনশন ও গ্র্যাচুইটি অফিসে অবসরপ্রাপ্ত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের পেনশনের কতগুলি দরখাস্ত জমা পড়েছে ; এবং

(খ) এর মধ্যে কতগুলি দরখাস্ত সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৬৯৬৪টি দরখাস্ত জমা পড়েছে।

| | | |
|---|---|---|
| প্রাথমিক | — | ৪০৮৫ |
| মাধ্যমিক | — | ২৮৭৯ |
| | | ৬৯৬৪ |

(খ) ৪৭৫৬টি দরখাস্ত সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

| | | |
|---|---|---|
| প্রাথমিক | — | ২৯৭৪ |
| মাধ্যমিক | — | ১৭৮২ |
| | | ৪৭৫৬ |

**Percentage of Gross Irrigated area and Gross Cropped area**

*90. (Admitted question No. *355) **Shri Sibdas Mukherji and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

the percentage of Gross Irrigated to Gross Cropped area in West Bengal compared to the percentage at All India Level during the last three years ?

**The Minister-in-charge of the Irrigation and Waterways Department :**

| Year | % of Gross Irrigated Area to Gross Cropped Area. | |
|---|---|---|
| | W. Bengal | All India |
| 1987-88 | 40.40 | 32.52 |
| 1988-89 | 41.25 | Not available |
| 1989-90 | 43.07 | -do- |

**রাজ্যে প্রাইমারি স্কুলের উন্নয়ন খাতে সরকারের বরাদ্দ**

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫২) **শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে প্রাইমারি স্কুলের উন্নয়ন ও মেরামতি এবং আসবাবপত্র কেনার জন্য সরকারের বাৎসরিক বরাদ্দ কত ;

(খ) উক্ত টাকা কিভাবে মহকুমা এবং জেলায় বরাদ্দ হয় ; এবং

(গ) বিগত দুই আর্থিক বছরে সরকার ঐ বাবদ কত টাকা দিয়েছেন?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯২-৯৩ সালের অনুমোদিত বাজেটের হিসাবে, প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ বাবদ প্ল্যান খাতে ৪,৪৫,৭০.০০০ টাকা এবং প্রাথমিক বিদ্যালয় মেরামতি ও আসবাবপত্র ক্রয়ের জন্য নন-প্ল্যান খাতে ২,৭৫,০০.০০০ টাকা বরাদ্দ ছিল।

(খ) প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ বাবদ মঞ্জুরীকৃত অর্থ জিলা পরিষদ কর্তৃপক্ষকে দেওয়া হয় এবং উহারা নির্দিষ্ট ব্লকের প্রাথমিক বিদ্যালয় গৃহ-নির্মাণের জন্য খরচ করেন।

মেরামতি ও আসবাবপত্র কেনার জন্য মঞ্জুরীকৃত টাকা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের মাধ্যমে খরচ করা যেতে পারে।

(গ) ১) প্রাথমিক বিদ্যালয়ের (গৃহনির্মাণ) উন্নয়ন বাবদ বিগত দুই আর্থিক বৎসরে নিম্নরূপ অর্থ মঞ্জুর করা হয়েছে ঃ

১৯৯০-৯১ — ৫ কোটি টাকা

১৯৯১-৯২ — কোন অর্থ মঞ্জুর করা হয়নি।

২) মেরামতি ও আসবাবপত্র কেনার জন্য উক্ত আর্থিক বৎসর দুইটিতে কোনও অর্থ মঞ্জুর করা হয়নি।

### গঙ্গা নদীর অবস্থানের সার্ভের কাজ

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৮) **শ্রী সুব্রত মুখার্জি :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

এটা কি সত্যি যে, গঙ্গা নদীর অবস্থানের সার্ভের কাজ শুরু হয়েছে ;

সত্যি হলে—

(ক) এই সার্ভের কাজের জন্য কেন্দ্রীয় সরকার কত টাকা বরাদ্দ করেছেন ;

(খ) সার্ভের জন্য কি পদ্ধতি গ্রহণ করা হবে সে ব্যাপারে রাজ্য সরকারের সঙ্গে কোনও আলোচনা হয়েছে কি না ; এবং

(গ) চলতি আর্থিক বছরে এই কাজ শুরু করা সম্ভব কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সার্ভের জন্য কোনও টাকা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেন নাই।

(খ) সার্ভের পদ্ধতি সম্বন্ধে কোনও আলোচনা হয় নাই।

(গ) চলতি আর্থিক বৎসরে এই সার্ভের কাজ ইতিমধ্যে শুরু করা হইয়াছে।

### লাক্ষা-চাষিদের উন্নয়ন

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৫) **শ্রী নিশিকান্ত মেহেতা :** কুটির ও ক্ষুদ্রকুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার লাক্ষা চাষীদের উন্নয়ন ও লাক্ষা-শিল্পকে বাঁচানোর কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি ; এবং

(খ) গ্রহণ করে থাকলে তা কি কি?

**ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) উন্নতমানের বীজ লাক্ষা সরবরাহ, উন্নতমানের লাক্ষা উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদান, লাক্ষা চাষের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ, সরকারি বীজ লাক্ষা উৎপাদন ক্ষেত্রে দানা ও চাঁচ লাক্ষা উৎপাদনের জন্য প্রশিক্ষণ এবং সমবায় সংগঠনের মাধ্যমে লাক্ষা চাষীদের দেওয়া প্রভৃতি।

### মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক স্কুলের সংখ্যা

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬) **শ্রী আবু হেনা :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কত সংখ্যক প্রাথমিক স্কুল হয়েছে ;

(খ) ঐ স্কুলগুলিতে প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকাদের সংখ্যা কত ; এবং

(গ) ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ সালে কতজন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে মোট ২৯৯৪টি প্রাথমিক স্কুল আছে।

(খ) ইং ১. ১. ১৯৯২ তারিখের হিসাবে মোট ৯৯৭৫ জন প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকা আছেন।

(গ) মাননীয় কলকাতা হাইকোর্টের নিষেধাজ্ঞা জনিত কারণে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে সাধারণভাবে কোনও শিক্ষক নিয়োগ হয়নি।

## কংসাবতী সেচ প্রকল্পে সেচ কর আদায়ের পরিমাণ

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩) শ্রী অমিয় পাত্র ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী সেচ প্রকল্পে গড়ে প্রতি বছর কি পরিমাণ সেচকর আদায় করা হয়; এবং

(খ) আদায়কারি কর্মী ও আধিকারিকদের বেতন বাবদ বছরে সরকারের কত টাকা খরচ হয়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কংসাবতী সেচ প্রকল্পে (গত ৫ বছরের) গড়ে প্রতি বছর ৯,৩২,০৬০ টাকা আদায় হয়।

(খ) গড়ে (গত ৫ বছরের) প্রতি বছর ৭৮,৫৯,২০০ টাকা খরচ হয়।

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে আর্থিক সংকট

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২) ডাঃ মানস ভূঁইয়া ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের আর্থিক সঙ্কট, মোচনের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) (১) কলকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কি পরিমাণ আর্থিক সঙ্কট চলছে ; এবং

(২) কলকাতা বিশ্ববিদ্যালয়ের অব্যবহৃত বাড়ি, জমি ও অন্যান্য সম্পদের মূল্য কত?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই ধরনের কোনও সিদ্ধান্ত গ্রহণ করেননি।

(খ) বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আয় ও ব্যয়ের মধ্যে কিছু ঘাটতি আছে।

(গ) এ বিষয়ে কোনও মূল্যায়ন করা হয়নি।

## Setting up of Navodaya Vidyalays

*98. (Admitted question No. 307) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of Education (Primary and Secondary) Department be pleased to state—

(a) the recommendations of the Education Commission headed by Dr. Ashok Mitra regarding setting up of Navodaya Vidyalayas; and

(b) the contemplation of the State Government in the matter ?

**The Minister-in-charge of the Education (Primary and Secondary) Department :**

(a) The Education Commission headed by Dr. Ashok Mitra recommended as follows :—

"If the Navodaya Scheme is to be made acceptable to the States, its contents should be drastically revised ; provision has to be made for inducting the Children's respective mother tongues in the curriculum and as media of instruction, and the syllabus should be so drafted as to reflect the realities of the Indian Society". This recommendation is contained in paragraph 19.108 of the Conclusions and Recommendations in the Report of the Education Commission.

(b) Does not arise at this stage.

## কলেজ-শিক্ষকদের বকেয়া টাকা

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭১) শ্রী তপন হোড় : শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ইউ. জি. সি.-র অনুমোদন সত্ত্বেও বকেয়া ২৫% টাকা, কলেজ-শিক্ষকরা এখনও পর্যন্ত পান নি ; এবং

(খ) উত্তর হ্যাঁ হলে, উক্ত টাকা কবে নাগাদ কলেজ-শিক্ষকরা পেতে পারেন বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কিছু কলেজের ক্ষেত্রে সত্য।

(খ) যথা শীঘ্র সম্ভব।

**তিস্তা প্রকল্পের অষ্টম পরিকল্পনায় যোজনা কমিশনের বরাদ্দ**

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩) **শ্রী দেবপ্রসাদ সরকার :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, তিস্তা প্রকল্পের জন্য যোজনা কমিশন অষ্টম পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গকে ১৫০ কোটি টাকা দিতে রাজি হয়েছে ;

(খ) সত্যি হলে, চলতি আর্থিক বছরে এই বাবদ যোজনা কমিশন কত টাকা সাহায্য দানের আশ্বাস দিয়েছেন ; এবং

(গ) এ পর্যন্ত কত টাকা আর্থিক সাহায্য পাওয়া গেছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) চলতি আর্থিক বৎসর (১৯৯২-৯৩) এই বাবদ যোজনা কমিশন মোট ২০.০০ (কুড়ি) কোটি টাকা সাহায্য দানের আশ্বাস দিয়েছেন।

(খ) চলতি আর্থিক বৎসরে এ পর্যন্ত এই বাবদ মোট ৮,০০ (আট) কোটি টাকা অতিরিক্ত সাহায্য বাবদ পাওয়া গেছে।

**রাজ্যে কলেজগুলিতে ছাত্র ভর্তির সমস্যা**

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭২) **শ্রী তপন হোড় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন কলেজগুলিতে ছাত্র ভর্তির তীব্র সমস্যা হচ্ছে;

(খ) উত্তর হ্যাঁ হলে, এ সমস্যা মোকাবিলায় রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

[12-00 — 12-10 p.m.

**Mr. Speaker :** To-day I have received three notices of Adjourn-

ment Motion. The two notices from Shri Saugata Roy and Shri Sobhandev Chattopadhyay on the subject of Bomb blast in Central Calcutta on 16. 3. 93 at midnight. Another notice from Shri Abdul Mannan on the subject of Increase of fare of Public Transport.

I, withhold my consent to all the motions.

Chief Minister has already been made a statement in this regard. A Calling Attention notice has also been filed on this matter for which replies will be given by the government. So, there is no need to read out the Text of the Adjournment motion.

## Calling Attention

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention, namely :

1. Massive bomb blast at B. B. Ganguli Street, Calcutta at the mid-night of 16. 3. 93 causing death of 30 persons and injury to hundreds of persons by Dr. Manas Bhunia, Shri Gyan Singh Sohanpal, Shri Abdul Mannan, Shri Ajoy Dey, Shri Abdus Salam Munshi, Shri Nirmal Das, Shri Shiba Prosad Malik, Shri Birendra Kumar Maitra and Shri Lakshman Seth.

2. Non-availability of Irrigation water at Gaighata, North 24-Pgs. by Shri Prabir Banerjee.

3. Closure and lock out in a few Jute Mills including Ganges Jute Mill and Bally Jute Mill of Hooghly and Howrah district respectively by Shri Santasri Chatterjee.

4. Reported death of a person in Kotshila of Purulia district on 15. 3. 93 by Shri Saugata Roy.

5. Construction of a bridge over the river Kangsabati in Maina Block of Midnapur district by Shri Manik Bhowmik.

6. Reported out-break of Gastro enterities in the State including 12 Block in South 24-Parganas by Smt. Anuradha Putatunda and Shri Dipak Mukherjee.

I have selected the first Calling Attention notice given by Dr. Manas Bhunia and others on the subject of Bomb blast at B. B. Ganguli Street, Calcutta on 16. 3. 93 on which Chief Minister has already been made a statement in the House. A detailed statement on this matter will be made on the 19th instant.

Regarding Out-break of Gastro entireties, I would ask the Parliamentary Affairs Minister to request the Health Minister to make a statement in the House conveniently.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker** : Now, I request the Minister-in-charge of Public Health Engineering Department to make a statement on the subject of acute scarcity of drinking water in Kharagpur and Midnapore. (Attention called by Shri Gyan Singh Sohanpal on the 3rd March, 1993)

**Shri Gautam Deb :**

Hon'ble Speaker Sir,

Shri Gyan Singh Sohan Pal, Member, West Bengal Legislative Assembly has drawn the attention of this august House regarding acute scarcity of drinking water in Kharagpur and Midnapore and has demanded a statement on the subject. The Hon'ble Member has, perhaps, wanted to highlight the scarcity prevailing in Kharagpur and Midnapore towns only and I will dwell upon this.

2. Kharagpur Municipal Town, having 90.65 sq. km. divided into 30 wards with a population of 1.89 lakhs (as per 1991 census). Piped Water Supply Scheme was first commissioned in this Municipality in 1974 for a designed population of 84,000 only with daily supply of 15 lakh gallons, covering 6 Wards included in Zone-I (Inda), Zone-II (Malancha), Zone-III (Ayma). Six tubewells were sunk in those three zones. Subsequently, another 2 tubewells were sunk in Talbagicha (1976) and one at Arambati, Again, 2 more tubewells were added to supplement the drinking water supply for Develpur, a part of Panchberia and a part of Shri Krishnapur, falling within Zone-I of the Municipality which were so long uncovered. We provided a sum of Rs. 24.78 lakhs for improvement of water supply in these areas for a designed population of 23,000 with ground water as source. The Scheme was commissioned since December, 1991.

3. Subsequently, in 1988 it was found that sand was coming out of tubewells sunk in Talbagicha and discharge was very low. To ameliorate the sufferings of the local people, another Scheme involving a sum of Rs. 2.36 lakhs was taken for sinking of one more tubewell (1990).

4. Again, a sum of Rs. 7.50 lakhs was allotted for sinking of two more tubewells-one at Bulbalchati, a part of zone-I and another at Malancha, a part of Zone-II. With the commissioning of tubewells 1.12

lakhs gallons of water per day was added. In addition, two more tubewells were sunk to supplement the drinking water supply in the municipal areas.

5. At present, daily supply, out of the 15 number of tubewells now functioning, has come down to 7.00 lakhs gallons.

6. In order to bridge the gap in demand and supply Kharagpur Water Supply Project has been taken up in right earnest. This Project was prepared in 1985 with sub-soil water of Kangsabati river as source at an estimated cost of Rs. 814.00 lakhs with a provision of 30.50 lakhs MLD of water, including 5.45 MLD for WBIDC. A sum of Rs. 169.85 lakhs has so far been released against the Scheme.

Expenditure upto February, 1993 is Rs. 143.00 lakhs. In the meantime, we have, in consultation with Municipal Affairs Department of this Government, negotiated with HUDCO so that Municipality can avail loan assistance from HUDCO for early implementation of the Scheme. The Scheme prepared at an estimated cost of Rs. 814.00 laksh in 1985 has since been revised to Rs. 2141.35 lakhs and the expected availability of fund for this Scheme will be as indicated below :—

| | | | | |
|---|---|---|---|---|
| i) | State Government Grant | ... | Rs. 755.15 | lakhs |
| ii) | HUDCO loans | ... | Rs. 1276.00 | " |
| iii) | Contribution from Government of India | ... | Rs. 25.00 | " |
| iv) | Municipal Contribution | ... | Rs. 85.20 | " |

7. HUDCO has already agreed in principle to finance implementation of this Project. With the implementation of the Project, the difficult situation of Kharagpur will improve considerably.

8. Midnapore Municipality having an area of 18.13 sq. km. with 21 wards and a population of 1.25 lakhs (as per 1991 census) is now getting 16.00 lakhs gallons of drinking water per day. The Water Supply Scheme was first implemented in 1924 with intake well at Rangamati and between 1957 and 1960, a new intake well was constructed at a cost of Rs. 2.50 lakhs. Again in 1965, some improvements we made with sinking of 4 nos. river-bed tubewells and allied works. Two more river-bed tubewells were added thereafter. In 1974, another improvement scheme was implemented at a cost of Rs. 17.09 lakhs with a design of 1.5 MGD of water.

9. Again during 1980-83, another sum of Rs. 40.43 lakhs was

provided to extend relief arising out of drought-conditions prevailing then and 14 river-bed tubewells were constructed-11 (eleven) at Nazargang and 3 (three) at Rangamati. Kuikota area was also provided with one more tubewell as replacement of a defunct tubewell there. With the commissioning of these tubewells, the supply was augmented to 14.40 GPD against supply of 8.88 lakhs GPD.

10. During 1987-88, Chief Engineer, PHE and Chief Engineer, Municipal Engineering Directorate were deputed to Midnapore for an on-the-spot-study and on the basis of their recommendations, a sum of Rs. 22.93 lakhs was provided for augmentation of water supply scheme at Rangamti, Nazarganj and Kuikota areas. With the commissioning of this improvement scheme, additional benefit of 4.00 lakhs GPD could be given.

11. Considering water supply scarcity condition prevailing in the Midnapore Municipal area, even during 1991-92, we have allotted a sum of Rs. 23.20 lakhs for sinking of 4 tubewells-2 ground and 2 river-bid, along with ancilliary works. While the work on sinking of ground tubewells at Nazarganj at an estimated cost of Rs. 3.20 lakhs is expected to be completed by April '93, work of construction of 2 river-bed tubewells is complete. The tubewells have been pressed to service by direct connection, thus rendering benefits of supply of water at 2.24 GPD. The total Supply has now come to 10 lakhs GPD.

12. It may kindly be borne in mind that Midnapore and Kharagpur fall within arid zone and as such decrease of ground water level is imperative in absence of adequate rain. The longevity of the ground tubewells is not also found to be satisfactory in these areas in comparison with the tubewells in the alluvial areas. Again, in acute summer, the discharge of river-bed tubewells considerably decreases resulting in inadequate availability of drinking water in the municipal areas.

[12-10 — 12-20 p.m.](including adjournment)

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I request Dr. Ambarish Mukhopadhayay Minister-in-charge of Environment of make this statement in connection with the recent order of Supreme Court on Reparian Industry (The Attention Called by Shri Lakshman Chandra Seth)

**Shri Ambarish Mukhopadhayay :** Shri M. C. Mehta, an Advocate filed a writ petition before the Hon'ble Supreme Court of India (Writ petition (Civil) No. 3727 of 1985) praying for Supreme Court's orders for stopping all industries situated in the riparian area of river Ganga from discharging effluent from their industries without treating

such effluents in accordance with prescribed standards.

On hearing the writ petition of Shri Mehta, the Hon'ble Supreme Court of India passed orders from time to time and directed all the industries, repaarian to Ganga, to file affidavits, explaining the steps taken by them to treat the effluents discharged by them. The Hon'ble Supreme Court also directed State Pollution Control Boards to submit comprehensive report regarding the treatment facilities of the industries situated in West Bengal which are riparian to Ganga.

A complete Status Report regarding treatment facilities of the concerned industries, as far as practicable was filed before the Hon'ble Supreme Court on 4.2.1993, and the last hearing was held on 19.2.93. The Hon'ble Supreme Court of India directed these 38 industries who had not installed any treatment or taken steps for construction or implementation of effluent treatment plants to set up right type of such plants by May 15, 1993. The Hon'ble Supreme Court further directed that if the said industries failed to comply with the aforesaid direction, they shall be closed forthwith. The State of West Bengal was directed to take appropriate steps to comply with the said instruction of the Government.

It was further ordered by the Court that the State of West Bengal should take appropriate steps within 3 months for shifting the tanneries located in East Calcutta to another place and to erect a Common Effluent Treatment Plant for them at the new location.

In the context of the above-mentioned order, a meeting was held in the chamber of Hon'ble Chief Minister on 10. 3. 1993. It was decided in the said meeting that copies of Supreme Court's order would be communicated to 38 industries. It was further decided that the officials of the Pollution Control Board would meet the authorities of these 38 industries individually. It is reported that Chairman, West Bengal Pollution Control Board has already taken up the matters with the concerned industries.

It was further decided that inspite of constraints, financial and otherwise, efforts should be made to take anti-pollution measures in right earnest. However, the industries may prefer to make submission if any before the Hon'ble Supreme Court of any relief as admissible under the above circumstances.

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[17th March, 1993]

[1-30 — 1-40 p.m.](After Adjournment)

## LEGISLATION

### The North Bengal University (Amendment) Bill, 1992.

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to introduce the North Bengal University (Amendment) Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the North Bengal University (Amendment) Bill, 1992, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা একটি উদ্দেশ্য নিয়ে এখানে উপস্থাপিত করা হচ্ছে। সেটা হল উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ডেন্টাল সায়েন্স, সেটার পোস্ট গ্র্যাজুয়েট স্টাডি যাতে করা যেতে পারে এবং সেই উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়কে ক্ষমতা দেওয়া হচ্ছে এবং তার সঙ্গে সঙ্গতি রেখে বিভিন্ন ধরনের যে রিপ্রেজেন্টেশন্স সেইগুলো পরিবর্তন করা হচ্ছে। সুতরাং সেদিক থেকে এটা বিশ্ববিদ্যালয়ের তার যে পড়াশুনার ক্ষেত্র সেটা একটু ব্যাপকতর হচ্ছে এবং যেহেতু ডেন্টিস্ট্রিটাকে আমাদের হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, এটা আলাদা করে তারা রাখছে, এই বিলে সেই জন্য আপনারা দেখবেন অবজেক্টস অ্যান্ড রিজিন্সে বলা আছে যে ডেন্টিস্ট্রি আলাদা একটা ডিসিপ্লিন হিসাবে সেখানে পোস্ট গ্র্যাজুয়েটে যাতে করে স্টাডি হতে পারে, সেই ভাবে করা হয়েছে। এই উদ্দেশ্য এই বিলটা উত্থাপন করা হয়েছে। আমি আশা করি এই উদ্দেশ্য যেটা আছে সেটাকে অনুধাবন করে তারা আলোচনা করবেন, এবং বিলটাকে সমর্থন করবেন।

[1-30 — 1-45 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এখানে আমাদের সামনে উপস্থিত করেছেন, সেই বিল আমরা সমর্থন করছি। এবং এখানে একটা অসংগতির কথা উল্লেখ করছি। আমাদের কাছে যে বিল বিতরণ করা হয়েছে তাতে ৯২ লেখা আছে, কিন্তু মন্ত্রী মহাশয় এখানে ৯৩ বললেন। এটা সংশোধিত হয়ে আসা উচিত ছিল। উত্তরবঙ্গের উন্নতির জন্য আজ থেকে অনেক বছর আগে, ১৯৬১ সালে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি অ্যাক্ট পাস করা হয়েছিল। তারপর ১৯৭৮ সালে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি টেম্পোরারি সুপারসেশন অ্যাক্ট পাস হয়। তারপর ১৯৮১ সালে ওপরের দুটো আইনকে রিপিল, করে সম্পূর্ণ নতুন একটা আইন—যেটার আজকে সংশোধনী এসেছে—'নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৮১' পাস করা হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গে অনেকগুলো কলেজ আছে। আমি মিত্র কমিশনের রিপোর্ট থেকে হিসাব করে দেখলাম যে, উত্তরবঙ্গে ৪০-টা কলেজ আছে। ৪০-টা কলেজই নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির অ্যাফিলিয়েটেড কিনা আমি জানি না, তা মন্ত্রী মহাশয় বললেন। নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ নিশ্চয়ই নর্থ বেঙ্গল অ্যাফিলিয়েটেড। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার আজকের এই সংশাধনী বিলের স্টেটমেন্ট অফ্ অবজেক্টস অ্যাণ্ড রিজ্‌নস-এ আপনি বলছেন, "হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট অফ্ দি স্টেট গভর্নমেন্ট হ্যাজ অ্যাপ্রুভড্ দি এস্টাবলিশমেন্ট অফ দি নর্থ বেঙ্গল

মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল হুইজ, ইজ টু বি অ্যাফিলিয়েটেড টু দি নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি।' কথাটার অর্থ দাঁড়ায়—হুইচ্ ইজ টু বি অ্যাফিলিয়েটেড, এখনো অ্যাফিলিয়েটেড হয়নি, পরবর্তীকালে হবে। এটাই ঠিক, না এটা অলরেডি অ্যাফিলিয়েটেড হয়ে আছে, এটাই আমি জানতে চাইছি। আপনি যখন বলবেন তখন নিশ্চয়ই এটা আমাদের জানাবেন এবং যদি ভুল থাকে তাহলে নিশ্চয়ই সংশোধন করার জন্য চেষ্টা করবেন। আমাদের পশ্চিমবাংলায় মোট ৮-টি বিশ্ববিদ্যালয় আছে। যারা শিক্ষা জগতের সঙ্গে জড়িত, যাঁরা বিধানসভার সদস্য এবং যারা সাধারণ জনসাধারণ, আমরা সকলেই জানি যে, আমাদের রাজ্যের শিক্ষা ব্যবস্থা, বিশেষ করে বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থা অর্থাভাবে প্রায় পঙ্গু হতে বসেছে। অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের সরকারের কাছ থেকে যে টাকা পাওয়ার কথা সেই টাকা পান না। আমি পরে পরিসংখ্যান দিয়ে সেটা বলছি। এই সমস্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান, বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সুনাম একদিন গোটা পৃথিবীতে ছড়িয়ে পড়েছিল, সেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান আজকে কোথায় গিয়ে নেমেছে! আজকেও খবরের কাগজে বোধ হয় আপনি দেখেছেন, সেখানে যিনি ভাইস-চ্যান্সেলর, তিনি ঘেরাও হয়েছেন মাইনে দেওয়া যায় নি বলে। কোনও না, কোনও অসুবিধার জন্য এই জিনিস হয়েছে। শিক্ষার দিক দিয়ে, শিক্ষার মানের দিক দিয়ে, সমস্ত দিক দিয়েই কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবনতি হয়েছে, এটা আমরা লক্ষ্য করছি। এই সঙ্গে আর একটা কথা আমি বলতে চাই, সেটা হচ্ছে যে, এককালে অনেকগুলো কলেজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যাফিলিয়েটেড ছিল। স্বাভাবিকভাবেই অতগুলো কলেজকে চালানো বা তাদের কাজকর্ম পরিচালনা করা, দেখাশুনা করা, কোথায় কি রকম অসুবিধা হচ্ছে দেখা সম্ভব হচ্ছিল না বলে আস্তে আস্তে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা পশ্চিমবাংলায় বেড়েছে। বর্ধমান বিশ্ববিদ্যালয় হয়েছে, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় হয়েছে। আরো নানারকম বিশ্ববিদ্যালয় হতে হতে বর্তমানে আমরা ৮টা বিশ্ববিদ্যালয়ে পৌঁছেছি। ভাল কথা। বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ুক, এ বিষয়ে কোনও দ্বিমত থাকতে পারে না। কিন্তু সাথে সাথে আমাদের দেখতে হবে সে বিশ্ববিদ্যালয়গুলো যে উদ্দেশ্য নিয়ে স্থাপিত হয়েছে সে উদ্দেশ্যে যাতে ঠিকমতো পালিত হয় এবং শিক্ষার মান যাতে পশ্চিমবাংলায় বাড়ে সেদিকেও আমাদের সকলকে লক্ষ্য রাখতে হবে। মিত্র কমিশনের রিপোর্ট নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয় পড়েছেন এবং আপনারাও অনেক পড়েছেন। তাতে দেখবেন সরকার একদিক দিয়ে বলছেন, আমরা শিক্ষা খাতে খরচ অনেক বাড়িয়ে দিয়েছি, বরাদ্দ অনেক বাড়িয়ে দিয়েছি। ঠিক কথা। কিন্তু সেই বরাদ্দের সিংহভাগ শিক্ষক বা অশিক্ষক কর্মচারিদের বেতন দিতেই চলে যাচ্ছে। স্কুলে লেভেলে, প্রাইমারি স্কুল এ্যাণ্ড সেকেণ্ডারির স্কুল লেভেলে শতকরা ৪০ ভাগেরও বেশি টাকা শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিদের বেতন দিতেই চলে যাচ্ছে। হায়ার এডুকেশনের ক্ষেত্রে একটু কম, তাও প্রায় ৮০% এবং মেডিক্যাল এডুকেশনে ৭০ ভাগ টাকা—বরাদ্দকৃত টাকার বেতন দিতেই চলে যাচ্ছে। অথচ আপনি জানেন মেডিক্যাল শিক্ষা ব্যবস্থায় ল্যাবোরেটরি দরকার, নানারকম যন্ত্রপাতি দরকার। সে সমস্ত না থাকলে প্রকৃতপক্ষে মেডিক্যাল শিক্ষা দেওয়া অসম্ভব হয়ে ওঠে। কাজেই এ ব্যাপারে যাতে আরো বরাদ্দ বাড়ানো যায় তারজন্য নিশ্চয়ই মন্ত্রী মহাশয় দেখবেন এই আশা করি। আমি মিত্র কমিশনের রিপোর্টের ৯.৮ এবং ৯.১০ এই প্যারাগ্রাফের দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৯.৮এ বলছে, And yet, not even 7 per cent of the population belonging to the specific age-

group in fact attend universities and other institutions of higher learning in the country. This is then one facet of the tragedy of under-development. Very few participate in the process of higher education ; nevertheless, the outlay on their account could be legitimately considered by many as a waste in today's context. এটা মিত্র কমিশনের রিপোর্টে বলেছে। মিত্র কমিশন-এর রিপোর্টের ভিত্তিতে টাকা বরাদ্দ করা হয়েছে যে কনটেক্সটে, সেই কনটেক্সটা সম্পূর্ণ ওয়েস্ট হয়ে যাচ্ছে। ৯.১০ প্যারাগ্রাফে বলেছে, The other universities that have come up in the State were intended to lighten the burden of the University of Calcutta. In practice, they have turned to be its pale replicas, যেটা আমি আগে বললাম। কলকাতা ইউনিভার্সিটির পেল্ রেপলিকা হয়েছে—বাকি ৭টি ইউনিভার্সিটির। but of miniature dimensions স্বাভাবিকভাবেই Research and the advancement of the frontiers of knowledge, which ought to be the preponderent concern of universities, have by and large fallen into disuse in their case to. এটা আমাদের রিপোর্ট নয়, আপনাদের গঠিত মিত্র কমিশনের রিপোর্ট বলছে। কলকাতা ইউনিভার্সিটির ভার লাঘব করার জন্য এই সমস্ত ইউনিভার্সিটি করা হয়েছে এবং কলকাতা ইউনিভার্সিটির স্মল রেপলিকাতে পরিণত হয়েছে। The research and the advancement of the frontiers of knowledge. সেগুলি ফলেন ইনটু ডিসইউজ। এই অবস্থা থেকে পরিত্রাণ শিক্ষা জগতকে যদি করতে না পারেন তাহলে যতই সৎ উদ্দেশ্য নিয়ে আসুন না কেন সেটা বাস্তবে পরিণত হবে না। আপনার যে মহৎ উদ্দেশ্য সেই মহৎ উদ্দেশ্য সাধিত হবে না। ৮টি বিশ্ববিদ্যালয়ের কি অবস্থা আমরা দেখছি? ৮টি বিশ্ববিদ্যালয় সরকারের কাছ থেকে এখন ৪৯ কোটি টাকা পাবেন বিভিন্ন খাতে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবস্থা অত্যন্ত সঙ্গীন। আমি অবশ্য কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আলোচনা করছি না, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি নিয়ে আলোচনা করছি, কিন্তু না বলেও পারছি না। কলকাতা বিশ্ববিদ্যালয় আর্থিক দুরবস্থার মধ্যে পড়েছে। আগেকার অনেক দানবীর কলকাতা বিশ্ববিদ্যালয়কে বিভিন্ন জায়গায় জমি বাড়ি ইত্যাদি দান করেছিলেন। সেই সমস্ত বাড়ি এবং জমি কলকাতা ইউনিভার্সিটি অর্থাভাবে বিক্রি করে দিতে চাচ্ছেন। এটা একটা অস্বাভাবিক অবস্থা। আমি বর্তমান কাগজ থেকে কিছুটা পড়ে শোনাতে চাই ; রাজ্য জুড়ে তাই আজ নিলামের বাজনা বাজছে। জ্যোতিবাবু দিনাজপুর সফরে যাবেন, থাকবেন ঘণ্টা দুই। সুতরাং তাঁর ওইটুকু সময় অবস্থানের জন্য পুরো গেস্ট হাউসটিকে এয়ার কণ্ডিশন্ড করা হল বিশ লক্ষ টাকা খরচ করে। ওদিকে প্রাপ্য ১০ কোটি ৫৭ লক্ষ টাকা না পেয়ে হাঁসফাঁস করছে বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়। বঙ্গভবনে জ্যোতিবাবুর বাসস্থানটি সাজাতে বিশ লক্ষ টাকা খরচ করা হল। কলকাতা বিশ্ববিদ্যালয় বঞ্চিত হল বরাদ্দ ৬ কোটি ৮০ লক্ষ টাকা থেকে। জ্যোতিবাবুর জন্য হেলিপ্যাড বানাতে জেলায় জেলায় কত কোটি টাকা খরচ হয়েছে তার হিসাব আছে? নেই। কিন্তু অন্য হিসাব আছে, যেমন, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় পায়নি ৮ কোটি ৫ লক্ষ টাকা। কল্যাণী বিশ্ববিদ্যালয় পায়নি ৪ কোটি ৮২ লক্ষ টাকা।

[1-45 — 1-55 p.m.]

বর্তমান বিশ্ববিদ্যালয়ের পাওনা ৪ কোটি ৫০ লক্ষ, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ৬১ লক্ষ

এবং আজকের যেটা আলোচ্য বিষয় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তারা ৩ কোটি ৯১ লক্ষ টাকা পাবে। আজকে একদিকে আমরা দেখছি দরাজ হাতে টাকা খরচ হচ্ছে আর অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থার মান উন্নয়ন করবার জন্য আপনারা যেখানে প্রতিশ্রুতিবদ্ধ সেখানে টাকার অভাবে সেই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি রয়েছে তাতে টাকার কোনও স্থান বা ব্যবস্থা নেই। দুটি চিত্র পাশাপাশি তুলে ধরছি যাতে বিশ্ববিদ্যালয়গুলি তাদের প্রাপ্য ন্যায্য অর্থ থেকে বঞ্চিত না হয়। নর্থবেঙ্গল ইউনিভার্সিটির অবস্থা কি? সেটা "হচ্ছে যে এই মিত্র কমিশনের রিপোর্ট থেকে পড়ছি, সংক্ষেপে বলছি .বইয়ের কথা মান্থলি মেনটেনেন্স গ্র্যান্ট রিকয়ারমেন্ট প্রত্যেক মাসে ৪৬ লক্ষ ৫০ হাজার টাকা আর অ্যাকচুয়াল রিসিপ্টস হচ্ছে সেখানে এটা হচ্ছে অ্যাভারেজ অফ নাইন মানথস এপ্রিল টু ডিসেম্বর ১৯৯১ ৯ মাসের হিসেব। প্রতি মাসের হিসেব হচ্ছে সাড়ে ৪৬ লক্ষ টাকা আর আপনারা দিচ্ছেন ৪২ লক্ষ টাকা। অর্থাৎ প্রতি মাসে ডেফিসিট পড়ছে সাড়ে ৪ লক্ষ। arrear dues for pay revistion. নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ডিমান্ড হচ্ছে টিচিং নন—টিচিং মিলিয়ে ২ কোটি ১৩ লক্ষ, স্টেট গভর্নমেন্ট থেকে পায় কত? মাত্র ৮০ লক্ষ টাকা, এখন তাদের পাওনা ৯ মাসে ১ কোটি ৩৩ লক্ষ টাকা। প্রভিসনের জন্য আজকে যদি টাকাগুলো না দেন আজকে হেলিপ্যাড বিল, বঙ্গভবনে মাননীয় জ্যোতিবাবুর থাকার জন্য কোটি কোটি টাকা খরচ হয় তাহলে কি করে শিক্ষার উন্নতি হবে? আমরা আশা করি এইভাবে ব্যয় করার সমস্যা দূর করবেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জোরদার করা এবং তাদের ন্যায্য যেগুলি পাওনা সেগুলি মিটিয়ে দেবার চেষ্টা করবেন। একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা হচ্ছিল যে ডেন্টাল কলেজ শুরু হয়েছে কিনা, শুনলাম যে ডেন্টাল কলেজ শুরু হয়েছে, ডেন্টাল কলেজে পোস্ট গ্র্যাজুয়েট উন্নত করা যায় কিনা তার চেষ্টা করা হচ্ছে। এটাতে আমরা আপনাদের সাধুবাদ জানাচ্ছি এবং আশা করব উত্তরবঙ্গের মানুষের এবং দক্ষিণবঙ্গ থেকে দাঁতের চিকিৎসার জন্য যারা ভর্তি হতে যাবেন তাঁরা সুযোগ-সুবিধা পাবেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইব ডেন্টাল কলেজকে পোস্ট গ্র্যাজুয়েট উন্নীত করতে গেলে কত টাকা লাগবে? সেই টাকা কোথা থেকে সংকুলান করবেন? টাকা দিতে পারছেন না, সেক্সান ১৭ অফ দিজ অ্যাক্ট তাতে দেখবেন নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির কোর্ট কিভাবে হবে তার বিবরণ দেওয়া আছে। আমি দেখে আশ্চর্য হয়ে গেলাম, অদ্ভুত সেগুলি, একটা বিশ্ববিদ্যালয় কোর্টের সদস্য সংখ্যা ১০০-র কাছাকাছি। ৮৫ জন কোর্ট মেম্বার, যেখানে আইনের মধ্যে প্রভিসন আছে বছরে ৩ বার তাদের মিটিং করতে হবে। ৮৫ জনকে নিয়ে মিটিং করতে গেলে তো ময়দানের মিটিং হয়ে যাবে। এতবড় কোর্টের ব্যবস্থা রাখার দরকার আছে কিনা তার মধ্যে একজিকিউটিভ কাউন্সিল আছে মন্ত্রীসভায় একজিকিউটিভ কাউন্সিল থাকে। সদস্য সংখ্যা কম, ২৬ জনের মতো সদস্য সংখ্যা। সেই সদস্য সংখ্যা কমানো যায় কিনা মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব, সেটা হচ্ছে যে এই মিত্র কমিশনের অন্যতম সুপারিশ হচ্ছে দি মেডিসিন Engineering and technological facilities should be gradually detached from the main corpus of the university. এখানে বি.ই. কলেজকে করা হচ্ছে ডিমড ইউনিভার্সিটি করা হয়েছে, মাননীয় রাষ্ট্রপতি এসে উদ্বোধন করে গেছেন কিছুদিন আগে। মিত্র কমিশন মেডিসিন ইঞ্জিনিয়ারিং টেকনিক্যাল এর ক্ষেত্রে যে সমস্ত প্রতিষ্ঠানগুলি আছে সেগুলি যদিও এইসব ইউনিভার্সিটি করপাস থেকে ডেন্টাল কলেজ স্বয়ংসম্পূর্ণ, স্বয়ম্ভর

করার জন্য চেষ্টা করা হবে সে রকম কোন চেষ্টার নজির দেখলাম না, বরঞ্চ ডেন্টাল কলেজ নর্থবেঙ্গল ইউনিভার্সিটির অ্যাফিলিয়েটেড করে পোস্ট গ্র্যাজুয়েট যাতে পারমিশন দিতে পারে, নর্থবেঙ্গল ইউনিভার্সিটিকে অধিকার দেয় সে ব্যবস্থা এই বিলের মধ্যে হয়েছে।

আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, যাতে করে এই সমস্ত ডেন্টাল কলেজ এবং মেডিক্যাল কলেজগুলিকে ইউনিভার্সিটি ক্যাম্পাস থেকে বের করে এনে স্বয়ংসম্পূর্ণ করার চেষ্টা হয়, যেটা মিত্র কমিশনের সুপরিশ ছিল, সেই ব্যাপারে দেখবেন। এই আবেদন রেখে বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী দি নর্থবেঙ্গল ইউনিভার্সিটি অ্যাক্ট, ১৯৮১-এর যে অ্যামেন্ডমেন্ট করেছেন এবং যেটা নর্থবেঙ্গল ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২' বলে লেখা আছে যা ১৯৯৩ হওয়া উচিত ছিল, এই বিল আজকে যা এনেছেন তাকে পুরোপুরি সমর্থন জানাচ্ছি। আমি আনন্দিত, মাননীয় বিরোধী সদস্যরা এই বিলকে সমর্থন করেছেন। সমর্থন না করে তাদের কোন উপায় ছিল না, কারণ বিগত বছরগুলিতে শিক্ষার জন্য তাঁরা কিছুই করেননি। বিশেষ করে শিক্ষাকে গ্রাম-বাংলায় ছড়িয়ে দেবার জন্য যে দৃষ্টিভঙ্গি তাদের ছিল তার সঙ্গে আমাদের বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গির পার্থক্য রয়েছে। আমরা দেখেছি ওদের আমলে শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান— সকল দিক দিয়ে উত্তরবঙ্গ ছিল অবহেলিত ; উত্তর বাংলাকে তাঁরা কোনও মর্যাদাই দেননি। কিন্তু আজকে আমরা দেখছি, জনপ্রিয় বামফ্রন্ট সরকার ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্য দিয়ে শিক্ষাকে সর্বাঙ্গীন করছেন, শিক্ষাকে গণমুখি করবার জন্য প্রচেষ্টা করছেন। এবং সেটা বিগত বাজেট অধিবেশনে শিক্ষাখাতে বাজেট বরাদ্দ যা রেখেছিলেন তার মধ্যে দিয়েই সেটা সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে। তারই অঙ্গ হিসাবে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ডেন্টাল সায়েন্স বিষয়টা আজকে আলাদা বিষয় হিসাবে গণ্য করা হচ্ছে এই অ্যামেন্ডমেন্টের মধ্য দিয়ে এবং আজকে নর্থবেঙ্গল মেডিক্যাল কলেজ দন্তবিদ্যা বিষয়টা নিয়ে পোস্ট গ্র্যাজুয়েট স্তরে যাতে ছেলেমেয়েরা পড়াশুনা করবার সুযোগ পায় তার ব্যবস্থা করেছেন। কাজেই উত্তরবঙ্গের একজন প্রতিনিধি হিসাবে উচ্চশিক্ষা মন্ত্রীকে আমি অভিনন্দন জানাই এই অ্যামেন্ডমেন্ট আনার জন্য। আজকে বামফ্রন্ট সরকার সর্বাঙ্গীন শিক্ষা ব্যবস্থা চালু করবার বিষয়টাকে গ্রামের গভীরতর স্তরে নিয়ে গেছেন, কিন্তু সেটা বিরোধী দল তাদের উপলব্ধির মধ্যে আনছেন না। আমরা দেখেছি, বিগত শিক্ষা বছরে তখনও অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা পুরোপুরি রূপায়িত হয়নি, বামফ্রন্ট সরকারেরও আর্থিক সীমাবদ্ধতা ছিল, তথাপি বিগত শিক্ষা বাজেটে অতিরিক্ত ১১৭ কোটি ২৭ লক্ষ ৯১ হাজার টাকা ব্যায়-বরাদ্দের দাবি পেশ করেছিলেন। ১৯৯২-৯৩ সালের বাজেটও আরও ৬৩ কোটি ৬৬ লক্ষ ৮৮ হাজার টাকা ব্যয়-বরাদ্দের প্রস্তাব রেখেছেন। রাজ্য সরকার আজকে কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির ফলে আর্থিক দিক দিয়ে পঙ্গু হয়ে যাচ্ছেন। অষ্টম পরিকল্পনা পুরোপুরি রূপায়িত হয়নি, তা সত্ত্বেও বামফ্রন্ট সরকার শিক্ষা খাতে ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছিলেন তারই অঙ্গ হিসাবে আজকে নর্থবেঙ্গল মেডিক্যাল কলেজে নতুন একটা বিভাগ চালু করার জন্য এই বিলটা পাস হতে চলেছে। বামফ্রন্ট সরকারের এই শিক্ষা নীতিকে তাই [illegible] অভিনন্দন জানাতে পারি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর্থিক সুবিধা সত্ত্বেও শিক্ষাকে মানুষের মধ্যে ছড়িয়ে দেবার প্রচেষ্টা আমরা শুরু করেছি। এর মূল উদ্দেশ্য, সর্বাঙ্গীন শিক্ষা-ব্যবস্থা চালু করা। সেই উদ্দেশ্যই ঐ বিশ্ববিদ্যালয়ে একটা নতুন শিক্ষাক্রম চালু করবার জন্য আলোচনা করছি।

[1-55 — 2-05 p.m.]

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আমি একজন ই.সি.মেম্বার হিসাবে একথা বলবো যে শিক্ষা যেহেতু সৃজনশীল কাজ সেজন্য শিক্ষাকে একটা সীমাবদ্ধ জায়গার মধ্যে আমরা রাখতে চাই না। উত্তরবঙ্গের পরিবেশকে সামনে রেখে আগামীদিনে হিমালয়ান জিওলজি পাঠক্রম যাতে চালু করা যায় এই বিষয়ে একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ফ্যাকাল্টি ফর প্ল্যান্টেশন স্টাডিস-এর পাঠক্রম চালু করা যায় সেই বিষয়েও একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তবে আমরা জানি আমাদের আর্থিক সীমাবদ্ধতা রয়েছে। আমাদের যে পরিমাণ অর্থ প্রাপ্য সেই পরিমাণ অর্থ আমরা পাচ্ছি না কেন্দ্রীয় সরকারের নীতির ফলে। তবে আমরা নতুনভাবে সম্পদ সংগ্রহের জন্য কিছু পরিকল্পনা গ্রহণ করেছি। আগামীদিনে নতুন নতুন পরিকল্পনার মাধ্যম, নতুন সম্পদ গ্রহণের মাধ্যমে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে পশ্চিমবঙ্গের আর ৭টি বিশ্ববিদ্যালয়ের সম আসনে প্রতিষ্ঠিত করার প্রচেষ্টা আমাদের উচ্চশিক্ষা মন্ত্রীর সাহায্য নিয়ে আমরা শুরু করেছি। আমরা জানি যে বামফ্রন্ট সরকার-এর শিক্ষার ক্ষেত্রে যে দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গিকে প্রতিষ্ঠিত করার জন্য, সাফল্যমন্ডিত করার জন্য আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও, যত সংকট থাকুক না কেন, শিক্ষার ক্ষেত্রে তারা অর্থ বাড়িয়ে যাবেন এবং আগামীদিনে গণচেতনা প্রসারের ক্ষেত্রে, জাতীয় চরিত্র গঠনের ক্ষেত্রে শিক্ষাকে আরও যাতে বিস্তৃত করা যায়, আরও সুদুর প্রসারিত করা যায় সেই ব্যবস্থা আমাদের আছে। মাননীয় সদস্য অতীশ সিন্‌হা মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। তিনি এই বিলকে প্রথমে পুরোপুরি সমর্থন করেও যেহেতু বিরোধিতা করতে হবে সেজন্য শেষে বললেন যে মোটামুটি সমর্থন করছি। আজকে ওরা যে পরিসংখ্যার কথা বলেছেন, আমি তাদের একথা বলতে চাই যে ডঃ অশোক মিত্র কমিশন যে রিপোর্ট দিয়েছেন, এটা আমাদের কাছে পরিষ্কার যে বামফ্রন্ট সরকার উচ্চশিক্ষার ক্ষেত্রে, গণশিক্ষার ক্ষেত্রে, সাক্ষরতার ক্ষেত্রে এবং প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে চলেছে, সেই দৃষ্টিভঙ্গিতে বিন্দু মাত্র তাদের দলের সরকার দিল্লিতে আছেন, তারা পৌছাতে পারবেন না। আজকে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে সামনে রেখে অবহেলিত উত্তরবঙ্গের ছাত্রছাত্রী যারা উচ্চশিক্ষার পাঠক্রমের সুযোগ পেয়েছেন, তাদের এই সুযোগ দানের জন্য মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। উত্তরবঙ্গে আরও কলেজ প্রতিষ্ঠিত হোক, শিক্ষার অঙ্গন খুলে যাক, এই প্রত্যাশা রেখে, এই বিলকে পুরোপুরি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় যে বিল এখানে পেশ করেছেন, তাকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি এবং উত্তরবঙ্গের পক্ষ থেকেও কৃতজ্ঞতা জানাচ্ছি, উত্তরবঙ্গ চির অবহেলিত। সেখানে আজকে নুতন ব্যবস্থায় উনি ডেন্টাল কলেজ করতে চাচ্ছেন। সেজন্য আমি তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। অনেকদিন নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ স্থাপিত হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, আজকে সেখানে যেসব

স্টাফ আছেন, যে সব প্রফেসর, সার্জেন আছেন, তার মান কলকাতা থেকে অনেক কম। উত্তরবঙ্গের বেশির ভাগ ক্ষেত্রে রুগিদের উত্তরবঙ্গ হাসপাতালে না পাঠিয়ে কলকাতায় পাঠাতে হয়। ফলে কলকাতার উপরে চাপ বৃদ্ধি পাচ্ছে। কাজেই আমি অনুরোধ করব যে এই দিকে সরকার পক্ষ থেকে নজর দেওয়া দরকার।

এর আগে দিল্লি থেকে যখন তদন্ত করতে এসেছিল তখন দেখেছে যে বেশির ভাগ শিক্ষক ওখানে থাকে না, সপ্তাহে এক দিন গিয়ে কলকাতায় ফিরে আসে এবং কলকাতায় এসে প্র্যাকটিস করেন। এর থেকে আমাদের মুক্তি দিতে হবে। আমরা আর একটা জিনিস লক্ষ্য করি যে এখানে শিক্ষার মান অত্যন্ত খারাপ। যার জন্য সকলে কলকাতার মেডিক্যাল কলেজ বা তার আশেপাশে যে কলেজ আছে সেখানে ছাত্ররা ভর্তি হতে চায়, এমন কি বাঁকুড়ায় যদি চান্স পায় সেখানে চলে যায়, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে যেতে চায় না। উত্তরবঙ্গের ছাত্ররা উত্তরবঙ্গে থাকতে চায় না। কারণ কাজ ঠিকমতো হয় না। মাননীয় গৌরী দত্তের চেয়ারম্যান চিফে আমরা নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ দেখতে গিয়েছে এবং সেখানে আমরা বুঝেছি যে পর্যায়ে এখানে উন্নতি করা উচিত সেটা আমরা করতে পারিনি। এটা করার প্রয়োজন আছে। এটা খুব ভাল কথা এবং আনন্দের কথা যে এখানে ডেন্টাল কলেজের প্রয়োজন ছিল এবং সেটা হতে চলেছে। আমি সবিনয়ে একটা নিবেদন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখতে চাই। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ থেকে যে সব ছেলেরা পাশ করে বার হয় তাদের সঙ্গে উত্তরবঙ্গের ছেলেরা কমপ্লিট করতে পারে না। এই ব্যাপারে যদি জেলাওয়ারি ভাগ করে দেওয়া হয় তাহলে ভাল হয়। কলকাতায় এবং তারা পাশাপাশি কলেজ থেকে যারা পাশ করে বার হয় তারা ল্যাবোরেটরি বা অন্যান্য সুযোগ সুবিধা যা পায় উত্তরবঙ্গের গ্রামের ছেলেরা তা পায় না। ফলে উত্তরবঙ্গের ছেলেরা কলকাতার ছেলেদের সঙ্গে কমপিটিশনে যেতে পারে না এবং সেই কারণে তারা মেডিক্যাল কলেজে ঢুকতে পারে না। সেই রকম ভাবে তাদের ডেন্টাল কলেজে ঢোকার রাস্তা বন্ধ হয়ে গিয়েছে। ডেন্টাল কলেজ উত্তরবঙ্গে হচ্ছে, উত্তরবঙ্গের ছেলেরা যাতে ডেন্টাল কলেজে বসার সুযোগ পায় সেই ব্যবস্থাটা এর মধ্যে করা যায় তাহলে ভাল হয়। আইনের মধ্যে করা সম্ভব নয় এটা ঠিকই কিন্তু অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে করা যায়। সেই জন্য উত্তরবঙ্গের ছেলেরা যাতে ডেন্টাল কলেজের বেশির ভাগ সিটে ভর্তি হতে পারে সেটা বিবেচনা করার জন্য অনুরোধ করছি। দ্বিতীয় কথা হচ্ছে কলকাতা থেকে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজে ভাল ভাল যন্ত্রপাতি পাঠানো হয়েছিল, সেইগুলি খারাপ হয়ে যাবার ফলে সেইগুলি আর মেরামত করা যায়নি, বছরের পর বছর সেটা হয়নি। আবার কিছু কিছু যন্ত্রপাতি এমন গিয়েছে যেগুলি খোলা পর্যন্ত হয়নি বছরের পর বছর পড়ে আছে। নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজের বিরাট চত্বর, সেখানে বহু প্রসপেক্ট আছে, সেখানে সমস্ত জঙ্গলে ভরে গিয়েছে, পরিষ্কার পর্যন্ত হয়নি, ওই সমস্ত অঞ্চল ঘেরা পর্যন্ত নেই। এই হাসপাতালে রোগি নিয়ে যাওয়ার প্রচন্ড অসুবিধা। কলকাতায় যে কোনও মেডিক্যাল কলেজে যেতে হলে ট্যাক্সি পাওয়া যায় বা পাশাপাশি কোনও হাসপাতালে নিয়ে যেতে হলে ট্যাক্সি পাওয়া যায়। কিন্তু নিউজলপাইগুড়ি স্টেশন থেকে নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজে যেতে হলে অ্যাম্বুলেন্স পাওয়ার ব্যাপারে ফোন করলে অ্যাম্বুলেন্স পাওয়া যায় না। দিনের পর দিন কোনও অ্যাম্বুলেন্স ভাল থাকে না। এই ব্যাপারে নজর দেওয়ার জন্য

অনুরোধ জানাচ্ছি। এখানে যে ডেন্টাল কলেজ করা হচ্ছে এর জন্য আমরা আনন্দিত এবং উৎসাহিত এবং সত্যিই ধন্যবাদ যোগ্য। এত দিন যে ব্যবস্থা ছিল না সেটা হতে চলেছে, তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। এই বিলের উপর ১৯৯২ সালের ব্যাপার নিয়ে সরকার পক্ষ থেকে মাননীয় চিফ হুইপ মহাশয় যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন আশা করি মন্ত্রী মহাশয় গ্রহণ করবেন। এই কথা বলে বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উচ্চশিক্ষা মন্ত্রী আজকে এখানে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল যেটা এনেছেন আমি প্রথমেই সেই বিলকে সমর্থন করছি এবং গুটি কয়েক কথা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। আমরা সকলেই জানি বিশ্ববিদ্যালয় বিভিন্ন এলাকায় যে গড়ে উঠে সেই এলাকার মানুষের যে প্রয়োজনীয় চাহিদা, বিশেষ করে শিক্ষার ব্যাপারে যে চাহিদা সেই চাহিদা মেটাবার জন্য। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তাই গড়ে উঠেছে। আমরা দেখেছি যুক্তফ্রন্ট সরকার যখন আসে তখন পশ্চিমবাংলার স্বাস্থ্যমন্ত্রী ছিলে এখনকার সাংসদ শ্রী ননী ভট্টাচার্য মহাশয়, সেই সময় নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ স্থাপিত হয়।

[2-05 — 2-15 p.m.]

অনেক বাধা এসেছিল। কিন্তু মেডিক্যাল কলেজ স্থাপিত হওয়া সত্ত্বেও আমরা দেখেছি প্রকৃতপক্ষে মেডিক্যাল কলেজ স্বয়ংসম্পূর্ণ হওয়ার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেটা উত্তরবঙ্গের মেডিক্যাল কলেজের ছিল না। পরবর্তীকালে ধীরে ধীরে সেটা করার চেষ্টা হচ্ছে। এই বিলকে সমর্থন করে আমি বলব, পরিপূর্ণ মেডিক্যাল কলেজের যে ধারণা, সেই ধরনের ব্যবস্থাপনা এখনও নেই। সেটা যাতে হয় তার সাথে, শুধু এই বিল পাশ করা নয়, কিছু পজিটিভ উদ্যোগ নেওয়া দরকার। কারণ আমরা দেখেছি, ওখানে যারা তারা দ্রুত কলকাতামুখী, তারা কলকাতায় আসতে চাইছেন। কলকাতায় থেকে যে সমস্ত কৃতি ছাত্র আছেন তারা যাতে কলকাতায় মেডিক্যাল কলেজে পড়েন যাতে ভিড় ওখানে না বাড়ে সেজন্য আমরা চেয়েছিলাম উত্তরবঙ্গে পরিপূর্ণ মেডিক্যাল কলেজ করা হবে। আমরা দেখেছিলাম যে উত্তরবঙ্গের প্রতি একটা অ্যালার্জি আছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, উত্তরবঙ্গের কুচবিহারে আচার্য ব্রজেন্দ্রনাথ কলেজ যেটা ভিক্টোরিয়া কলেজ বলে পরিচিত, সেখানে অধ্যাপকরা যেদিন বেতন পান সেদিন যান। সেটি যেহেতু একটি স্বয়ংসম্পূর্ণ কলেজ, সেজন্য তাদের কিছুই করা যায় না। ছাত্ররা পর্যন্ত ধরে নিয়েছে যে আজকে ক্লাস হবে না। মেডিক্যাল কলেজটিকে পোস্ট গ্র্যাজুয়েট করা হচ্ছে, সেখানে ডেন্টাল এডুকেশন দেবার ব্যবস্থা থাকলে ভাল হত। সেজন্য আমার প্রস্তাব হচ্ছে, উত্তরবঙ্গের ছেলেরা যারা অল বেঙ্গল কম্পিটিশনে অনেক সময় সুযোগ পায় না, দক্ষিণ বঙ্গের এই সমস্ত ইউনিভার্সিটিতে ডিস্ট্রিক্টওয়াইজ কোটা করা যায় কিনা, এটা কোনও আঞ্চলিকতাবাদ বা সংকীর্ণতার কথা নয়, এটা ভেবে দেখার জন্য আমি অনুরোধ করছি। কারণ আমরা অনেক পিছিয়ে আছি। আমি বিশ্ববিদ্যালয়ের সিনেটের একজন মেম্বার। আমি জানি, বেশিরভাগ ছাত্ররা আল্টিমেটলি অল ইন্ডিয়া কম্পিটিশনে যেতে পারে না। আমরা চাইছি সামাজিক, অর্থনৈতিক, অন্যান্য কিছু ইনফ্রাস্ট্রাকচার থাকা দরকার। সেটা নেই।

সেটা গড়ে তোলার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় উপযুক্ত ভূমিকা পালন করুক। আমরা চাইছি ওখানকার চিকিৎসা ক্ষেত্রে শিক্ষার ব্যাপারে মেডিক্যাল কলেজ যোগ্য ভূমিকা পালন করুক। আমরা চাইছি শুধু বিশ্ববিদ্যালয় করে দিলেই হবে না। উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় একটি আছে, মেডিক্যাল কলেজ একটি আছে। সেখানে মেডিক্যাল কলেজ এবং বিশ্ববিদ্যালয় থাকা সত্ত্বেও আমাদের ঝোঁক হচ্ছে দক্ষিণ বঙ্গ, কলকাতা কেন্দ্রিক। সেজন্য আমাদের রাজ্য সরকারের যে চিন্তা নীতি, প্রত্যন্ত এলাকায় স্বাভাবিক অবস্থাকে ধরে রাখা। ওরা বলেন যে আমাদের রাজ্য সরকার এই ব্যাপারে বিশেষ কিছুই করছেন না। কিন্তু গত বাজেটে আমাদের রাজ্যে শিক্ষাখাতে ২৮ পারসেন্ট শিক্ষার জন্য ব্যয় করার প্রস্তাব ছিল। সৌগত রায় মহাশয় যিনি এক সময়ে কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, তিনি শিক্ষার নামে অনেক কথাই বলেন। অতীশবাবু এখানে বক্তৃতা দিলেন, তিনিও বলেননি যে শিক্ষাখাতে ব্যয় বাড়াও, সামরিক খাতে ব্যয় কমাও। স্বাভাবিকভাবে আমরা চাইব, আমি যদি উত্তরবঙ্গের কথা বলি তাহলে বলব, উত্তরবঙ্গ থেকে রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার চা থেকে ৪০০/৫০০ কোটি টাকা, জুট থেকে ২৫০/৩০০ কোটি টাকা নিয়ে আসে। এটা কোনও দয়া দাক্ষিণ্যের ব্যাপার নয়, কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গের জন্য যে অনুদান দেওয়ার কথা তা দিচ্ছেন না বা বরাদ্দ বাড়াচ্ছেন না, এটা কেন? উত্তরবঙ্গ থেকে তারা ৪০০/৫০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন করছেন। যে চা বাগানগুলো থেকে তারা এই টাকা আয় করছেন, সেখানকার মানুষ রিডান্ডান্ট হয়ে আছেন। সেখানে যে ব্যবস্থা করা হয়েছে সেটাকে পূর্ণাঙ্গ ব্যবস্থা করার জন্য কেন কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায় না? এটা ঘটনা যে, আজকে ভারতবর্ষের যে পরিস্থিতি, এই পরিস্থিতিতে ওরা চান না ওখানকার মানুষ শিক্ষিত হয়ে উঠুন। কারণ শিক্ষিত মানুষ যুক্তিবাদী হয়ে ওঠে, ধর্মান্ধতা ও মৌলবাদের বিরুদ্ধে লড়াই করবে। সেজন্য আমরা লক্ষ্য করছি ওখানকার মানুষের জন্য রয়েছে কেবল বঞ্চনা, বঞ্চনা আর বঞ্চনা।

উচ্চশিক্ষা মন্ত্রী আজকে যে সংশোধনী এনেছেন এই বিলের উপরে তাকে সমর্থন করছি। সেখানে যাতে একটি পরিপূর্ণ ডেন্টাল মেডিক্যাল কলেজ হিসাবে এটা গড়ে উঠে এবং তার চিকিৎসা ব্যবস্থার সুযোগ উত্তরবঙ্গের প্রত্যন্ত এলাকার মানুষেরা পায়। বঞ্চিত মানুষগুলো যারা এতদিন অসুখ করলেই কলকাতামুখী হয়েছেন তাদের যাতে আর না আসতে হয়। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ততটা উন্নতি করা সম্ভব এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে তা যাতে করেন। বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কলেজটি রয়েছে যেটি ভিক্টোরিয়া কলেজ বলে পরিচিত সেই কলেজটি যাতে ভালভাবে পরিচালিত হয় সেই ব্যাপারে উদ্যোগ নেওয়ার দরকার। তাছাড়া কিছু কিছু ভাল অধ্যাপক এবং ভাল ভাল ডাক্তার সেখানে পাঠানো দরকার। ওইসব ছাত্রদের যদি কৃতি ডাক্তার পড়ান তাহলে ওখানকার রোগিরাও তাদের চিকিৎসার সুযোগ পাবেন। তাছাড়া দার্জিলিংয়ে পার্ব্বত্য পরিষদ পরিকল্পিতভাবে পরিচালনা করছেন, তারা কিভাবে চালাচ্ছেন জানি না। তবে এক্ষেত্রেও উদ্যোগ নেওয়ার দরকার। ওখানে যদি ডেন্টাল পোস্ট গ্র্যাজুয়েশন কোর্স পড়ানোর জন্য ভাল ডাক্তার যান তাহলে ওখানকার রুগিরাও তার সুবিধা পাবেন। ওখানকার প্ল্যানটার্সরা ওখান থেকে অর্থ নিয়ে এখানে ইস্টার্ন বাইপাসে সর্বাধুনিক চিকিৎসার চেষ্টা করছেন আর উত্তরবঙ্গ ক্রমশ বঞ্চিত হচ্ছে। উত্তরবঙ্গের মেডিক্যাল কলেজটিতে যাতে সর্বাধুনিক যন্ত্রপাতি দিয়ে চিকিৎসার সুব্যবস্থা হয় সেইদিকে দৃষ্টি

দিতে অনুরোধ করছি। এই ব্যাপারে যাতে রাজ্য সরকার একটু উদ্যোগ নেন এই কথা বলে এই বিলটির সংশোধনীকে, যেটি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যসাধান চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আইনের যে অ্যামেন্ডমেন্ট এখানে আনা হয়েছে তাতে আমাদের কয়েকজন মাননীয় সদস্য অংশগ্রহণ করেছেন। আলোচনাকালে বিশেষ করে মাননীয় সদস্য শ্রী অতীশ সিন্‌হা মহাশয় এই বিলটি সংশোধনীকে সমর্থনও করেছেন এবং কিছু সমালোচনাও উপস্থিত করেছেন। অনেক মাননীয় সদস্যই আলোচনা করেছেন। অনেক মাননীয় সদস্যই এই বিলটি নিয়ে আলোচনা করেছেন। এই বিলটিকে এখানে আনতে হয়েছে এইজন্য যে, উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে ডেন্টাল সায়েন্সে যে অ্যাফিলিয়েশন দেওয়া ছিল সেটা হচ্ছে ফর এ টেম্পোরারি পিরিয়িড অফ টু ইয়ারস। সুতরাং এর একটা স্থায়ী অ্যাফিলেয়েশনের দরকার, অথচ যা আইন আছে তার পরিবর্তন না করে বিশ্ববিদ্যালয় স্থায়ীভাবে অ্যাফিলিয়েশন দিতে পারেন না। সেইজন্য উত্তরবঙ্গে যে মেডিক্যাল কলেজ আছে তাতে ডেন্টাল সায়েন্সের অ্যাফিলিয়েশন স্থায়ীভাবে বা পার্মানেন্টভাবে দিতে পারেন তারজন্য এই সংশোধনী আনা হয়েছে। মাননীয় অনেক সদস্যই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সম্পর্কে আলোচনা করেছেন। আমি প্রথমেই মাননীয় সদস্য শ্রী অতীশ সিন্‌হা মহাশয় যে বক্তব্য রেখেছেন, এখানে পেশ করেছেন তার উপরে বলব। আরও অনেক সদস্যই বলেছেন, তাদের আমি বলি কিছুদিন পরেই শিক্ষা বাজেট নিয়ে আলোচনা হবে তখন সামগ্রিকভাবে শিক্ষার চিত্রটি নিয়ে মাননীয় সদস্যরা আলোচনার করার সুযোগ পাবেন। আজকে কলেজ সার্ভিস কমিশন নিয়ে কথা উঠেছে, আমি সেই ব্যাপারে পরে বলব। আমি শুধু এখানে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি। তবে অতীশ সিন্‌হা মহাশয়ের কথার পরিপ্রেক্ষিতে একটি কথাই বলব তিনি যে বলেছেন পশ্চিমবঙ্গতে বিশ্ববিদ্যালয়গুলি অবহেলিত, এটি, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি এটা ঠিক নয়। যেহেতু উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় নিয়ে আলোচনা সেইহেতু বিশ্ববিদ্যালয়ের সবটা নিয়েই আলোচনা হয়েছে এবং সেই সাথে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আর্থিক অবস্থার কথাও তুলে ধরা হয়েছে।

[2-15 — 2-25 p.m.]

আমি যখন অন্য রিষয় নিয়ে আলোচনা করব তখন বিশ্ববিদ্যালয়গুলি সম্পর্কে বলব। কিন্তু আমি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সম্পর্কে বলতে পারি কোনও অবহেলিত চিত্র আর্থিক দিক থেকে নেই তার কারণ বাজেট যেটা ছিল '৯২-'৯৩ তাতে আমরা দেখতে পাচ্ছি, আমাদের বাজেট ছিল স্যালারি খাতে ৫ কোটি ২ লক্ষ ৫৯ হাজার টাকা, আদার গ্রান্ট ছিল ৪০ লক্ষ। সব মিলিয়ে ৫ কোটি ৪২ লক্ষ ৫৯ হাজার, এটা ছিল বাজেট। কিন্তু আমরা যা দিচ্ছি এবং যা টাকা আমরা দিতে যাচ্ছি এখনও অর্ধেক বছর শেষ হয়নি, তাতে আমরা দেখতে পাচ্ছি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে ইতিমধ্যে আমরা কিছু দিয়েছি সেটা হচ্ছে ৫ কোটি ৮৬ লক্ষ টাকার উপর চলে গিয়েছে। আমরা যে প্রস্তাব করেছি, আশা করছি আমরা যা টাকা দিতে পারব তাতে দেখা যাবে ৬ কোটি ৩৮ লক্ষ ৯৬ হাজার টাকা আমরা উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কে দিচ্ছি, ফলে বিশ্ববিদ্যালয়ের আর্থিক সঙ্কট মিটবে, আমি এই কথা বলব না। কিন্তু আমাদের

সীমিত সাধ্যের মধ্যেও আমরা কিন্তু এই বছরে আমাদের বাজেট বরাদ্দের অতিরিক্ত টাকা দেব। আপনারা কাগজে দেখেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যর সঙ্গে বৈঠক হয়েছে, সেখানে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং আমি উপস্থিত ছিলাম, সেখানে আমরা এই বিশ্ববিদ্যালয়গুলিকে আমাদের বাজেটের বাইরে ৬০ কোটি টাকার বেশি আমরা কিছু দিচ্ছি তাদের আর্থিক অবস্থার কথা চিন্তা করে। ইতিমধ্যে আমরা একটা কমিটি করেছি, সেই কমিটি এই প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে আর্থিক অবস্থা খতিয়ে দেখছেন এবং সত্যিকারের কথা আমাদের এই কমিটি তারা বিচার বিবেচনা করে দেখবেন এবং তাদের সুপারিশ পাঠাবেন। আগামী বছরে আমি এই কথা পালন করবার চেষ্টা করব, আরও কিছু কথা মাননীয় সদস্য নির্মল দাস মহাশয় বলেছেন, উত্তরবঙ্গ অবহেলিত ; আসলে শিক্ষার দিক থেকে গোটা ভারতবর্ষ অবহেলিত। আমরা বারবার বলছি কোঠারি কমিশন বলেছেন যাতে টাকা দিতে পারেন, সেই টাকা আমরা পাচ্ছি না। পশ্চিমবাংলায় তুলনামূলকভাবে শিক্ষাখাতে ব্যয় বেড়েই চলেছে এবং সৌগতবাবু এখানে আছেন উনিও শিক্ষক, পৃথিবীর সর্বত্র শিক্ষাখাতে একটা বড় ব্যয় হয় স্যালারি খাতে, বেতন দিতে ; তা না হলে আর বড় খরচ কি। কিন্তু আমাদের এখানে বেতন দিতে যা খরচ হচ্ছে, অন্যান্য দিকে না বাড়ানোর ফলে আমরা দেখছি ডেভেলপমেন্টের দিকে ঘাটতি হচ্ছে। আমরা যতটা করতে চাচ্ছি, ততটা কিন্তু আমরা পাচ্ছি না। সেইজন্য আমাদের শিক্ষা কমিশন নিয়ে যেটা অতীশ সিন্‌হা মহাশয় বলেছেন বা উপস্থাপিত করেছেন সেটা নিয়ে আলেচোনা হবে, সমস্ত ব্যাপারটা আমরা দেখব। কিন্তু একটি কথা ঠিক উত্তরবঙ্গে যে সমস্ত কলেজগুলি আছে বা বিভিন্ন জায়গায় যে সমস্ত কলেজ আছে সেখানে বিভিন্ন কারণে বা যে কোনও কারণেই হোক শিক্ষকদের যত সংখ্যায় সেখানে থাকা দরকার, অনেক সময় দেখা যায় তার কিছু পরিমাণে ঘাটতি থাকে। অনেকে বলেছেন বিভিন্ন কারণে তারা যেতে চান না, আমরা চেষ্টা করছি ধীরে ধীরে এবং আপনাদেরকে এটা বলতে বাধা নেই কাজটা খুব সহজ নয়, কারণ এটা একটা মানষিকতার পরিবর্তন। এবং তার সঙ্গে সঙ্গে আরও বলব উত্তরবঙ্গে যাতে আমরা ওদের থাকার মতো এবং ওরা যাতে ওখানে কাজ করতে পারে সেই রকম খানিকটা ব্যবস্থা আমাদের করতে হবে। এইগুলি নিয়ে আমরা আলোচনা করছি যাতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন যে কলেজগুলি আছে, প্রাইভেট কলেজগুলিতে শিক্ষকরা আছেন, গভর্নমেন্ট কলেজগুলি সম্পর্কে আপনারা বলেছেন এই ব্যাপারে আমরা সত্ত্বর ব্যবস্থা নিচ্ছি। গভর্নমেন্ট কলেজগুলিতে যে সমস্ত বিষয়ে পড়াবার কথা সেখানে যাতে তারা যেতে পারে সেটা দেখা হচ্ছে, নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজকে সর্বাঙ্গসুন্দর করবার চেষ্টা করছি। আজকে এই বিলে সামান্য যে পরিবর্তনগুলি যখন আপনারা আলোচনা করবেন তখন আরও আলোচনা করার সুযোগ পাবেন। ডেন্টিস্ট্রির একটা স্থায়ী অ্যাফিলিয়েশন-এর জন্য এই আইনের একটা পরিবর্তন দরকার তার সঙ্গে সঙ্গে তার যে রিপ্রেজেন্টেশন বিভিন্ন ইউনিভার্সিটি বডিসগুলিতে আছে সেইগুলি আমরা করেছি। একটু পরিবর্তন করে আমরা পোস্ট গ্র্যাজুয়েট স্টাডি—আর্টস, কমার্স, ল', সায়েন্স—এইগুলিকে আমরা করছি। এগুলো খানিকটা নিয়মমাফিক আমরা করছি। আমি আশা করি মাননীয় সদস্যরা এটাকে সমর্থন করবেন। এই বিলটা ১৯৯২ সালে আমরা ইন্ট্রোডিউস করেছি, অতীশবাবু ঠিকই বলেছেন। ৯২টাকে আমাদের অ্যামেন্ড করে সংশোধন করতে হবে।

The motion of Shri Satya Sadhan Chakraborty that The North Bengal University (Amendment) Bill, 1992, be taken into consideration was then put and agreed to.

### Clause 1

**Mr. Deputy Speaker :** There is amendment to Clause 1. The amendment is in order. Shri Lakshmi Kanta Dey may now move his amendment.

**Shri Bidyut Kumar Das :** Sir, with your permission, I beg to move that in clause 1, for the figures "1992", the figures "1993" be substituted.

**Shri Satya Sadhan Chakraborty :** I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey and moved by Shri Bidyut Kumar Das that in Clause 1, for the figures "1992", the figures "1993" be substituted was then put and agreed to.

The question that Clause 1 as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 2-7

**Mr. Deputy Speaker :** There are no amendment to Clause 2 to 7.

The question that Clauses 2 to 7 do stand part of the Bill was then put and agreed to.

### Enacting Formula

**Mr. Deputy Speaker :** There is amendment to Enacting Formula by Shri Lakshmi Kanta Dey may please move his amendment.

**Shri Bidyut Kumar Das :** Sir, with your permission, I beg to move that in the Enacting Formula, for the word "Forty-third", the figures "Forty-fourth" be substituted.

**Shri Satya Sadhan Chakraborty :** I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey and moved by Shri Bidyut Kumar Das that in the Enacting Formula, for the figures "Forty-third", the word "Forty-fourth" be substituted was then put and agreed to.

The question that the Enacting Formula, as amendment; do stand

part of the Bill was then put and agreed to.

**Preamble**

**Mr. Dy. Speaker :** There is no amendment to Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

[2-20 — 2-30 p.m.]

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the North Bengal University (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে আপনাদের কাছে একটা সময়ের পরিবর্তন চাইছি। প্রথমত দুটো বিলের জন্য দুঘন্টা করে অ্যালটমেন্ট ছিল। কিন্তু এই বিলটা তিন ঘন্টা হবে, আশা করি সকলের অনুমোদন আছে।

**The West Bengal College Service Commission (Amendment) Bill, 1992**

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to introduce the West Bengal College Service Commission (Amendment), Bill, 1992.

(Secretary then read the Title of the Bill)

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the West Bengal College Service Commission (Amendment) Bill, 1992, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা বিল, যেটা এই হাউসের সামনে উপস্থিত করা হয়েছে। আপনারা জানেন যে ১৯৭৯ সাল থেকে ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন, তারা কাজ শুরু করেছে এবং ভারতবর্ষে প্রথম আমাদের এই পশ্চিমবাংলায় কলেজগুলোতে কলেজ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই রকম কমিশন করে গোটা পশ্চিমবাংলা একটা অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে, যাতে নাকি উপযুক্ত যারা শিক্ষক, কমিশন তাদের যোগ্যতার ভিত্তিতে, মেরিটের ভিত্তিতে প্যানেল করে নিয়োগ করা হচ্ছে। উচ্চ শিক্ষার এটা আমি আবার বলব গোটা ভারতবর্ষে আমরা একটা অনন্য দৃষ্টান্ত এবং ৮০ সাল থেকে আজ পর্যন্ত ৬ হাজার ৯৯৫ জন অধ্যাপককে নিয়োগ করা হয়েছে বিভিন্ন বিষয়ে এবং পশ্চিমবাংলাতে ৩০০'র মতো অধ্যক্ষকে এই কলেজ সাভিস কমিশন তারা নিয়োগ করেছেন। তার ফলে আমাদের রাজ্যের নিয়োগের ক্ষেত্রে, অনেক ক্ষেত্রে যে সমস্ত অভিযোগগুলো ছিল, সেইগুলোকে দূর করা গেছে। এবং এটার পরিবর্তন এই জন্য প্রয়োজন ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন তারা দু বছর আগে সিদ্ধান্ত নেন যে এখান থেকে ভারতবর্ষের কলেজগুলোতে,

সরকারি এবং বেসরকারি যাই হোক না কেন, এমন কি যেগুলোকে ডিমড ইউনিভার্সিটি বলে, তাতে অধ্যাপক নিয়োগ করতে গেলে একটা এলিজিবিলিট টেস্ট, তারা যে যোগ্যতা অর্জন করেছে, সেই রকম একটা টেস্ট নিতে হবে। এবং তারা আমাদের জানান—ইউ. জি. সি.-র চেয়ারম্যান আমাকে ব্যক্তিগতভাবে লেখেন যে ইউ. জি. সি.-র নিয়ম অনুসারে প্রতি রাজ্যেও এই রকম এলিজিবিলিট টেস্ট নিতে হবে।

যাতে যারা এই টেস্টে যোগ্য বলে বিবেচিত হবেন তারা কলেজে চাকরি করার জন্য দরখাস্ত করার অধিকার পান। আমরা নীতি-গতভাবে এটাকে মেনে নিই। তার কারণ আমরা মনে করি কলেজগুলির পঠন-পাঠনের উন্নতির জন্য এই ধরনের একটা মান নির্ণয়ক পরীক্ষা হওয়া দরকার। আমরা এ বিষয়ে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের সঙ্গে কথা বলেছি। প্রথমে তাদের যে পরিকল্পনা ছিল তা তারা এখন খানিকটা পাল্টেছেন। এখন স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট-এর মাধ্যমে আগামী দিনে যাতে কলেজগুলিতে এবং বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ করতে পারি তার জন্য আমাদের ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন অ্যাক্টের পরিবর্তন দরকার। অ্যাক্ট পরিবর্তন না করে ওটা করা সম্ভব নয়। আমরা সিদ্ধান্ত নিয়েছি ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশনকে নোডাল এজেন্সি হিসাবে চিহ্নিত করে তাকেই এই অধিকারটা দেওয়া হবে। মনে রাখতে হবে এই টেস্টে যারা পাশ করবেন তারাই শুধু মাত্র কলেজে বা বিশ্ববিদ্যালয়ে লেকচারার হিসাবে চাকরির জন্য দরখাস্ত করার অধিকারী হবেন। যারা পাশ করবেন না তারা বিজ্ঞপ্তি বা অন্য কিছু অনুযায়ী ঐ চাকরির জন্য দরখাস্ত করেত পারবেন না। যারা পাশ করে এই সার্টিফিকেট পাবেন তারা পরবর্তী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বা কলেজে সার্ভিস কমিশন যখন লেকচারার পদে প্যানেল করার জন্য অ্যাডভার্টাইজমেন্ট করবে তখন দরখাস্ত করতে পারবেন। যারা এই পরীক্ষায় পাশ করবেন না, তারা দরখাস্ত করতে পারবেন না। এ ব্যাপারে সর্বভারতীয় ক্ষেত্রে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন যে এলিজিবিলিটি টেস্ট নেয়, সেই টেস্টের ক্ষেত্রেই পশ্চিমবাংলায় আমরা বলছি যে, আমরা নিজেরাই এই টেস্টের ব্যবস্থা করব এবং ইউনিভার্সিটি গ্রাট কমিশন এতে রাজি হয়েছে। এখন এই উদ্দেশ্যই এই বিলটা আনা হয়েছে। এখন আপনাদের সম্মতিক্রমে যদি বিলটি গৃহীত হয় তাহলে পরবর্তী সময়ে আমরা ব্যবস্থা নেব যাতে নাকি এই ধরনের এলিজিবিলিটি টেস্ট আমরা কলেজ এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ক্ষেত্রে নিতে পারি। এখানে মনে রাখতে হবে যে, কোনও বিশ্ববিদ্যালয়ের বা কলেজের শিক্ষক যারা হবেন, অর্থাৎ যারা লেকচারার হবেন তাদের ক্ষেত্রেই এটা প্রযোজ্য। যারা রিডার বা যারা প্রফেসর বা যারা প্রিন্সিপ্যাল হবেন তাদের জন্য নয়। এটা শুধু মাত্র যারা লেকচারার হিসাবে কলেজ বা বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করবেন তাদের ক্ষেত্রে প্রযোজ্য, এ রকম একটা পরীক্ষা তাদের দিতে হবে। আমরা খুব তাড়াতাড়ি এটা করতে চাই, যত দ্রুত সম্ভব, যাতে নাকি আমাদের যারা পাশ করে বসে আছেন তারা এসপ্যানেল্ড হতে পারেন এবং শিক্ষকতার কাজে নিযুক্ত হতে পারেন। এই বলে এটা আপনাদের বিবেচনার জন্য আমি পেশ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী শ্রী সত্যসাধন চক্রবর্তী যে বিলটা নিয়ে এসেছেন, 'ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯২—এটা ১৯৯৩ হবে। নিশ্চয়ই উনি এটা ঠিক করে নেবেন। আমি এই বিলের বিরোধিতা করছি।

সাধারণত সরকার পক্ষ কোনও বিল আনলে আমরা অ্যামেন্ডমেন্ট দিয়ে থাকি, কিন্তু এই বিলটাতে আমরা কোনও অ্যামেন্ডমেন্ট দিইনি। তার কারণ অ্যামেন্ডমেন্ট দিলে এমন অ্যামেন্ডমেন্ট দিতে হয় যাতে হোল বিলটাই নাকচ হয়ে যায়। আপনি জানেন আইন অনুসারে সেটা সম্ভব নয়। কোনও হাফ-হার্টেড অ্যামেন্ডমেন্ট এই বিলে দেওয়া যায় বলে আমার মনে হয় না। আমি পুরোপুরি ভাবে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন যে ভাবে ফাংশন করছে তার বিরোধী। যে দায়িত্ব ওদের পালন করার কথা সে দায়িত্ব ওরা পালন করতে পারছে না। সুতরাং ওদের হাতে আরও বেশি ক্ষমতা দেওয়ার আমি পুরোপুরি বিরোধী, এ কথা আপনার কাছে নিবেদন করছি।

[2-30 — 2-40 p.m.]

স্যার, ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশনের এই ধারণার বিরোধী আমরা ছিলাম না। আপনি হয়ত জানবেন ১৯৭৪ সালে প্রথম ইউ. জি. সি.-র পে-স্কেল চালু হয় সেন কমিশনের পরে সারা ভারতবর্ষে এবং তারপর পশ্চিমবাংলায় প্রথম বার শিক্ষকদের ইউ. জি. সি. পে-স্কেল কন্সোলিডেটেড পে-স্কেল চালু হল। তখন সরকারের কাছে এই প্রস্তাব ছিল একটা কলেজ সার্ভিস কমিশন কলেজ অধ্যাপকদের নিয়োগের জন্য নিযুক্ত করা হোক। তার আগে যদিও সরকার বেশিরভাগ দায়িত্ব নিয়েছিলেন কলেজ শিক্ষকদের টাকা দেবার, বিভিন্ন জায়গায় গভর্নিং বডিস কায়েমি স্বার্থের সঙ্গে যুক্ত ছিল এবং অনেক জায়গায় সেই সময় শিক্ষক নিয়োগ অনিয়মের ব্যাপার হত, পক্ষপাতিত্ব হত, আঞ্চলিকতা হত। যারা কলেজ শিক্ষক ১৯৭৪/৭৫ সালে তারা চেয়েছিলেন একটা কলেজ সার্ভিস কমিশন নিয়োগ হোক। ঠিক পাবলিক সার্ভিস কমিশন যে রকম আছে সরকারি সমস্ত চাকরির অ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য ঠিক সেইভাবে একটা কলেজ সার্ভিস কমিশন নিযুক্ত হোক। কিন্তু ১৯৭৫ সালে এমারজেন্সি এসে যাওয়ায় দেশের ডামাডোলে সেটা আর করা হয়নি। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন এবং অত্যন্ত সঙ্গতভাবেই তারা একটা কলেজ সার্ভিস কমিশন তৈরি করলেন। ১৯৭৮ সালে আইন এসেছিল। আমরা যারা শিক্ষার সঙ্গে জড়িত, সবাই একে স্বাগত জানিয়েছিলাম যে এটা খুব ভাল পদক্ষেপ। পশ্চিমবাংলায় কলেজ অধ্যাপকদের অ্যাপয়েন্টমেন্ট নিয়মিত হবে। এই প্রসঙ্গে বলে রাখা ভাল, কলেজ সার্ভিস কমিশন-এর কাজের পরিধি ব্যাপক ছিল না। কলেজ সার্ভিস কমিশন কি করবে? শুধুমাত্র প্রাইভেট কলেজের লেকচারারদের ওরা অ্যাপয়েন্টমেন্ট দেবেন এবং প্রাইভেট কলেজের লেকচারার ছাড়া প্রিন্সিপ্যালদের অ্যাপয়েন্টমেন্ট দেবেন। এই দুটোর দায়িত্ব ওদের ছিল। এই দুটোর দায়িত্ব নিয়ে ওরা কাজ শুরু করলেন। ঐ পারভিউর মধ্যে গভর্নমেন্ট কলেজের টিচাররা আসেননি। ওরা আসতেন পাবলিক সার্ভিস কমিশনের থ্রু দিয়ে। ওদের পারভিউর মধ্যে বিশ্ববিদ্যালয়ের টিচাররা আসেননি। বিশ্ববিদ্যালয়ের টিচাররা আসতেন বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সিলেকশন কমিটি এবং তাদের যে একজিকিউটিভ বডি আছে তাদের থ্রু দিয়ে। এইভাবে কলেজ সার্ভিস কমিশন গঠিত হয়েছিল যে শুধুমাত্র প্রাইভেট কলেজ-এর লেকচারার এবং প্রিন্সিপ্যালদের নিয়োগ করবেন। এ ছাড়া এক্সেপশন ছিল, যেমন মাইনোরিটি ইনস্টিটিউশনের অ্যাপয়েন্টমেন্টের অধিকার কলেজ সার্ভিস কমিশনের ছিল না। যেমন, সেন্ট-জেভিয়ার্স কলেজ—এটা মাইনোরিটি ইনস্টিটিউশন, যেমন স্কটিশচার্জ কলেজ। এরা সরকারের কাছ থেকে অ্যাইড নেয় না। এই

সব কলেজের লেকচারার অ্যাপয়েন্টমেন্ট কলেজ সার্ভিস কমিশনের আওতায় ছিল না। সিটি গ্রুপ অফ কলেজেস তাদেরকে অ্যাপয়েন্টমেন্ট করতে পারে না পারে সেটা নিয়ে ডিসপিউট ছিল, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই সেটা জানেন। সুতরাং এ পর্যন্ত সো ফার সো গুড। কিন্তু যেটায় আপত্তি আমি স্ট্রংলি বলতে চাই, গত ১৫ বছর কলেজ সার্ভিস কমিশনের ফাংশনিং-এ এটাই প্রমাণিত হয়ে গেছে যে কলেজ সার্ভিস কমিশনের অ্যাপয়েন্টমেন্ট-এ ফেয়ারনেস নেই, কলেজ সার্ভিস কমিশনের কনস্টিটিউশনে ফেয়ারনেস নেই। আপনি দেখবেন, রাজ্যে পাবলিক সার্ভিস কমিশন আছে। পাবলিক সার্ভিস কমিশন-এ কি পলিটিক্যাল লোক নেন? নেন না। পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হন একজন রিটায়ার্ড আই. এ. এস. অফিসার। তার ব্যক্তিগত মত থাকতেই পারে, কিন্তু প্রত্যক্ষ রাজনীতির সঙ্গে তিনি যুক্ত নন এবং পাবলিক সার্ভিস কমিশনের অন্য যারা মেম্বার হোন তারা সাধারণত পলিটিক্যালি অ্যাপয়েনটেড হন না। ডঃ মামুদ ছিলেন গভর্নমেন্ট কলেজে। তিনি প্রত্যক্ষ রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন না। পরিশেষভাবে বিশিষ্ট লোকেদের দিয়ে পাবলিক সার্ভিস কমিশন কনস্টিটিউট হয়। কিন্তু কলেজ সার্ভিস কমিশন প্রথম দিন every member of the collage service commission has been politically appointed and they have represented political parties in the past. আমি নিজে রাজনীতি করি। সুতরাং কেউ রাজনীতি করলে কোনও আপত্তির বিষয় হতে পারে না।

কিন্তু ফ্যাক্ট হচ্ছে এই যে কলেজ সার্ভিস কমিশন চাকরি দেবে শিক্ষকদের ইম্পার্সিয়ালি। তার সদস্যরা যদি প্রত্যক্ষভাবে রাজনৈতিক দলের সদস্য হন তাহলে তার মধ্যে বিকৃতি আসতে বাধ্য। গত ১৫ বছর আমার অভিজ্ঞতায় বলে যে কলেজ সার্ভিস কমিশনের কাজের মধ্যে সেই বিকৃতি এবং ত্রুটি এসেছে। এখানে কম্পোজিশন কি? কম্পোজিশন হল ৫ জনের কলেজ সার্ভিস কমিশন রয়েছে। চেয়ারম্যান এবং ৪ জন মেম্বার। চেয়ারম্যান হচ্ছেন একজন আই. এ. এস. অফিসার থাকবেন, কলেজ সার্ভিস কমিশন পর্যায়ক্রমে—আমি কারও নাম করতে চাই না—অনেকেই আমার শ্রদ্ধেয় শিক্ষক এবং সতীর্থ, চেয়ারম্যান সি. পি. এম. আর. এস. পি. ফরওয়ার্ড ব্লক এবং সি. পি. আই. কোটা করে দেওয়া আছে। কলেজ সার্ভিস কমিশনে একজন অফিসার হবেন, কোনও বার সি. পি. এম. থেকে একজন কোনও বার বা দুজনই হয়ে যায়, শরিক দল থেকে বাদ গেলে। মোটামুটি চেয়ারম্যান থেকে শুরু করে সমস্ত সদস্য পলিটিক্যাল পার্টির সঙ্গে যুক্ত। পলিটিক্যাল পার্টি কলেজ শিক্ষক আন্দোলনের সঙ্গে যুক্ত। আমার তাতে আপত্তি ছিল না, কিন্তু হাউ ক্যান ইউ কনস্টিটিউট এ কমিশন হুইচ ইজ সাপোসড টু বি ইম্পারসিয়াল। আমি জানি না কলেজ সার্ভিস কমিশন তার জন্মলগ্ন থেকে এই রোগে ভুগছে। এটা কোন লেবেলে যেতে পারে আমি তা প্রমাণ করে দিচ্ছি। ১৯৮০ সালে কলেজ সার্ভিস কমিশনের যে অ্যাক্ট হয়েছিল সেই অ্যাক্টকে পরিবর্তন করা হয়েছিল। আমি একজন পুরনো লোকের নাম করছি শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য তিনি সি. পি. এমের লোক, তিনি চেয়ারম্যান হয়েছিলেন আফটার কনস্টিটিউশন। শিক্ষকরা ৬২ বছর পর্যন্ত কলেজ সার্ভিস কমিশনের মেম্বার থাকবেন। কিন্তু রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয়ের ১৯৮০ সালে রিটায়ারমেন্ট এসে যাচ্ছে বলে এই অ্যাক্টকে অ্যামেন্ড করা হল যে প্রথম চেয়ারম্যান রবীবাবু ৬৫ বছর পর্যন্ত থাকতে পারেন। কমিশনটা কোনও দিকে সেপ নিচ্ছে সেদিন থেকে পরিষ্কার হয়ে গিয়েছিল। একজন পার্টিকুলার পার্সনকে রাখতে একটা আইনের একটা কমিশনের

সংশোধন করা হল আর সেদিন থেকেই কলেজ সার্ভিস কমিশনের ক্যারেক্টার পরিষ্কার হয়ে গিয়েছিল। প্রসিডিওরটা কি কলেজ সার্ভিস কমিশনে চাকরি দেবার? আমার যা পলিটিক্যাল ব্যাক গ্রাউন্ড তখনকার দিন বলে চাকরি পাওয়া গিয়েছিল, বামফ্রন্ট আসার আগে, এখন হলে চাকরি পাওয়া যেত না। আজকে কলেজ সার্ভিস কমিশনের এলিজিবল ক্যান্ডিডেটদের ইন্টারভিউ নিয়ে প্যানেল তৈরি হয়। সেখানে দুজন আউট সাইডার এক্সপার্ট থাকেন। একজন নমিনেটেড বাই দি ইউনিভার্সিটি, আর একজন নমিনেটেড বাই দি ভাইস চ্যান্সেলর। আপনারা জানেন গত বছর একাডেমিক অ্যাপয়েন্টমেন্ট ইউনিভার্সিটিতে কি ভাবে হয়েছে? কোথা থেকে অ্যাপয়েন্টমেন্ট হয়। যিনি ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর হবেন—কলকাতায় এখন যিনি ভাইস চ্যান্সেলর তার খবর রিলিজ করা হয়েছিল আলিমুদ্দিন স্ট্রিট থেকে। আমরা পার্টি গভর্নমেন্ট সব এক করে ফেলেছি। ইউনিভার্সিটির নমিনি সব পার্টি কোটায় ঠিক হয়ে যায়। সি. পি. এম. ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি., সি. পি. আই. থেকে নেওয়া হয়। তারপর কলেজ সার্ভিস কমিশনের মেম্বাররা ইন্টারভিউ নিলেন, ইন্টারভিউ নিয়ে প্যানেল তৈরি হল। আসলে কলেজ সার্ভিস কমিশনের ত্রুটি যেটা হচ্ছে ইন গিভিং অ্যাপয়েন্টমেন্ট। যখন অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন—ধরুন সরকার দুজন কলকাতার ছেলে কলেজ সার্ভিস কমিশনের ক্যান্ডিডেট আছেন প্যানেল হয়েছেন, একজনের নাম এক্স, আর একজনের নাম ওয়াই। এক্স হচ্ছেন নন—সি. পি. এম. সি. পি. এম. বা লেফটফ্রন্টের কোনও ব্যাক গ্রাউন্ড তার নেই, কাজেই এক্সকে যখন চাকরি দেওয়া হবে তখন সে চাকরি পাবে দীনহাটার কলেজে, আর ওয়াই পাবে চারুচন্দ্র, আশুতোষ কিম্বা জয়পুরিয়া কলেজে।

[2-45 — 2-5 p.m.]

হিয়ার ইজ দি হোল ক্রাক্স। আজকে কলেজ সার্ভিস কমিশনে এমপ্যানেল্ড হয়ে নাম পাঠানোর ব্যাপারটা পুরোপুরি পলিটিসাইজড হয়ে গেছে। এই ব্যাপারে আই ক্যান গিভ ইউ হান্ড্রেডস অফ একজাম্পল। ইন্ডিভিজুয়াল কেসে লোক এসে আমায় জানিয়ে যান কিভাবে কলেজ সার্ভিস কমিশনের ক্ষেত্রে প্যানেল হচ্ছে, কিভাবে বেটার রেজাল্ট নিয়েও সঠিকভাবে কাজ পাচ্ছেন না, কিভাবে বেটার রেজাল্ট নিয়ে প্যানেলে হায়ার হয়েও অ্যাপয়েন্টমেন্ট পেতে দেরি হচ্ছে এবং প্যানেলে লোয়াররা অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছেন। আই ক্যান গিভ ইউ ক্রোরস অফ একজাম্পলস। গত ১৫ বছরে, আপনাকে বলব, এটা আপনাদের কৃতিত্ব। You have seen it 80% of those who are appinted must have political allegience specially C.P.I.(M) party আমি বলছি, ২০ পারসেন্ট এর মধ্যে ছেলেরা রেজাল্টের ভিত্তিতে পাচ্ছেন, কিন্তু 80% of the appointment is made on the recommendation of the parties in power. প্রত্যক্ষভাবে আমি এই স্টেটমেন্ট করছি। আমি এই স্টেটমেন্ট করছি। আমি এই স্টেটমেন্ট করছি, বামফ্রন্ট সরকারের আমলে যেভাবে কলেজের সংখ্যা বাড়ান হয়েছে, দেখেছি যেখানে কোনও কলেজ দরকার নেই সেখানেও কলেজ করা হয়েছে। আজকে অশোক মিত্র কমিশনের রিপোর্ট থেকে বলছি, অত কলেজের দরকার ছিল না। তারা এই কাজের নিন্দা করে বলেছেন যে, অনেক কয়টি কলেজকে নিয়ে ক্লাস্টার করে দেওয়া উচিত, একসঙ্গে যুক্ত করে দেওয়া উচিত, ন্যাশনালাইজড করা উচিত। আজকে যেসব নতুন কলেজ হয়েছে সেখানে পার্টি অ্যাফিলিয়েশনের উপর চাকরি দেওয়া হচ্ছে। কলেজের

সংখ্যা বেশি হয়ে যাবার ফলে কোনও কলেজে ১০০-র বেশি ছাত্র নেই। এরফলে একটা নিউ প্রবলেম সৃষ্টি হয়েছে। তারজন্য সরকার কোনও রাস্তায় যাচ্ছেন সেটাও আপনাকে বলে রাখছি স্যার। আজকে সত্যসাধনবাবুর কাছে আমার একটা প্রশ্ন ছিল, কিন্তু বোম্ব ব্লাস্টের পরিপ্রেক্ষিতে আলোচনা হওয়ায় তার উত্তর তিনি দিতে পারেননি। তবে লাইব্রেরিতে গিয়ে উত্তর দেখে এসেছি। প্রশ্নটা ছিল—The recommendation of the Education commission headed by Dr. Ashok Mitra regarding re-employment of college and university teachers and the contemplation of the state government in this regard. অশোক মিত্র কমিশনও বলেছেন যে, ৬০ বছরের বেশি কলেজ টিচারদের রিইনস্টেড করা উচিত নয়। এখন নিয়ম হচ্ছে, ৬০ বছরে রিটায়ারমেন্ট এবং তারপর এক বছর এক বছর করে আপটু ৬৫ যেতে পারেন। অশোক মিত্র কমিশন বলেছেন যে, সমস্ত টিচারদের ৬০ বছরে রিটায়ার করা উচিত। বলেছেন, টিচারদের ডেট অফ সুপারঅ্যানুয়েশন ৬০ বছর হওয়া উচিত। সত্যসাধনবাবু বুদ্ধিমান মানুষ, উনি আমার প্রশ্নের উত্তরে বলেছেন—দি প্রপোজাল ইজ স্টিল আন্ডার কনসিডারেশন অফ দি গভর্নমেন্ট। উনি জানেন, যেটা করা হয়েছিল সেই জিনিস করা যায় না। শিক্ষকদের বয়স কমাবার সময় বলা হয়েছিল, ৬০ বছরে রিটায়ার করলে মোটা টাকা দেওয়া হবে। তারা বলেছিলেন, '৬৫ বছর পর্যন্ত কেন কষ্ট করবেন? ৬০ বছরে রিটায়ার করে মোটা টাকা নিয়ে নিন।' সত্যসাধনবাবু জানেন, এখনও পর্যন্ত পেনসন রুলস ফর গভর্নমেন্ট কলেজ টিচার অ্যান্ড নন-গভর্নমেন্ট কলেজের টিচাররা অনেক বেশি পেনশন পান। কেন তারা বেশি পান তার যুক্তি হিসাবে বলা হয়, তাদের এজ অফ রিটায়ারমেন্ট আর্লিয়ার। ওরা বলছেন, আমরা কলেজ টিচারদের সাহায্য দেব, কিন্তু ৬০ বছরে রিটায়ার করতে হবে। এই ৬০ বছরে রিটায়ারমেন্টটা যদি চালু করতে পারেন তাহলে একসঙ্গে অনেক চাকরি খালি হয়ে যাবে। এখন সার্ভিস কমিশনেও এর সংখ্যাটা বাড়িয়ে দেওয়া হয়েছে। কাজেই সেক্ষেত্রে পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্টটা ত্বরান্বিত হবে। আমি সত্যসাধনবাবুকে বলছি, আপনি হাউসে স্পষ্ট করে বলুন যে, ৬০ বছর রিটায়ারমেন্ট এজ এটা আপনি করবার কথা ভাবছেন কিনা ; বছরে কয়টি অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে এবং প্রাইভেট কলেজ টিচার এবং গভর্নমেন্ট কলেজ টিচারদের মধ্যে যে ডিসপ্যারিটি আছে সেটা দূর করবার কথা ভাবছেন কিনা অ্যাজ ফার অ্যাজ পেনশন রুলস আর কন্সার্ন্ড?

আমি তাই আজকে বিনীতভাবে বলতে চাই উইদাউট কাস্টিং অ্যাসপারশন অন এনি ইন্ডিভিজুয়াল সিস্টেম, যে সিস্টেম কলেজ সার্ভিস কমিশন থেকে পশ্চিমবাংলায় করে দেওয়া হয়েছে, পশ্চিমবাংলায় কোনও ভাল ছেলে রেজাল্টের ভিত্তিতে চাকুরি পাবার আশা করতে পারে না। তাদের যদি রেজাল্টের ভিত্তিতে চাকুরি পাবার আশা করতে হয় তাহলে দে হ্যাভ ট্রায়েড এলসহয়্যার, পশ্চিমবঙ্গে নয়। দিস ইজ মাই ক্লিয়ার ইনাম্প্রিয়েশন। আমি অত্যন্ত সুস্পষ্ট ভাবে বলতে চাই যে প্রবলেম আছে, কলেজ সার্ভিস কমিশন হয়েও অনেক কলেজে প্রিন্সিপাল নেই। তার কারণ কি? প্রিন্সিপাল অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে যারা যোগ্য লোক তাদের ডক্টরেট ডিগ্রি থাকতে হবে, আর সার্টেন নাম্বার অব ইয়ার টিচিং এক্সপেরিয়েন্স থাকতে হবে। আপনি এই রকম একজন টিচারকে বের করলেন। তিনি হয়ত কলকাতার কোনও কলেজে পড়াচ্ছেন। তাকে আপনি বললেন যে আপনাকে মালদায় যেতে হবে, কিম্বা কুচবিহারে পোস্ট দিয়েছেন। তিনি এই চাকুরি ছেড়ে দিয়ে যাবেন না। আবার অন্যদিকে আর

একজন তিনি হয়ত রানাঘাটের সামুরালিতে পড়াতেন, তার পলিটিক্যাল কানেকশন আছে, তাকে প্রিন্সিপালের পোস্ট দিয়ে কলকাতায় নিয়ে এলেন। তার ফলে এই প্রিন্সিপালদের বাইরে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে তাদের মধ্যে বহু লোক আছে যারা যাচ্ছে না। আবার চ্যান্সেলর নমিনির ব্যাপার আছে, ভাইস-চ্যান্সেলরকে থাকতে হয় সেই যে ইউনিভার্সিটির আন্ডারে হয়—সুতরাং সেখানে অনেকগুলি প্রিন্সিপালের পোস্ট খালি হয়ে যাচ্ছে। এখন প্রিন্সিপাল পোস্টে না থাক, অনেক কলেজে প্রফেসাররা এখনও চেঞ্জ সিস্টেমে রয়েছে, এটা সত্যসাধনবাবু জানেন। উনি নিশ্চয়ই চেষ্টা করছেন এটা দূর করার জন্য। এটা নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমি শুধু একটা কথা বলব, আশা করি সত্যসাধনবাবু রেসপন্স করবেন। সত্যসাধনবাবু, আপনি নিশ্চয়ই ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্ট আমার থেকে ভাল ভাবে পড়েছেন। ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্টের মূল যে উদ্দেশ্য ছিল সেটা পরে যখন discussion হবে তখন আমি বলব। ছোটখাটো ত্রুটি আছে ঠিকই। কিন্তু বামফ্রন্ট সরকারের শিক্ষা ব্যবস্থা ভালভাবে চলছে এই কথা বলা হয়েছে। অবশ্য এটা যদি না বলেন তাহলে এত টাকা খরচ করে এই কমিশন করলেন কেন, সেজন্য একথা তিনি বলেছেন। কিন্তু তার মধ্যে দু'একটা সত্যি কথা ঢুকিয়ে দিয়েছেন। তার মধ্যে তিনি বলেছেন, However, an over whelmingly large proportion of the educational outlay is earmarked to meet the Commitment of salary and wages for the teaching and non-teaching staff. In the case of primary and secondary Education, as much as 95% of the total outlay goes to pay the emoluments; in higher education, the proportion is nearly 80 per cent, and in medical education, about 70 per cent. ডঃ অশোক মিত্র স্বীকার করেছেন যে টাকার বেশির ভাগ মাইনা দিতে চলে যাচ্ছে। হায়ার এডুকেশনের জন্য কলেজ এবং ইউনিভার্সিটিতে ৮০ পারসেন্ট টাকা শিক্ষকদের মাইনা দিতে চলে যাচ্ছে। তারপরে ডঃ অশোক মিত্র কমিশন কলেজের যে অবস্থা সেটা নিয়েও বলেছেন যে বড় কলেজ যেগুলি আছে সেগুলিতে ক্লাসটার করে দেওয়া। সুতরাং এখানে অশোক মিত্র কমিশন খুব ফান্ডামেন্টাল প্রশ্ন তুলেছেন। তিনি বলেছেন, এই যে কলেজ হচ্ছে, কলেজের সংখ্যা বাড়ছে, যেটা আমি আগেও বলেছিলাম, এই কলেজগুলি আনভায়েবল পপলিস্ট প্রেসারের জন্য তৈরি হয়েছে এবং তার ফলে এখানে অনেক কলেজ আছে যেগুলি ইর্যাশনাল এবং যেগুলিতে ইউ. জি. সি. এখন সাহায্য করতে চাইছে না। ওরা সেখানে বারে বারে বলছেন যে কলেজগুলির ব্যাপারে রেশনালাইজ করুন, এই ভাবে আপনারা কলেজগুলি চালাতে পারবেন না। উনি স্বীকার করেছেন যে এই কয় বছরে কলেজের যে গ্রোথ হয়েছে, সেটা আনপ্লান্ড গ্রোথ এবং এটা অশোক মিত্র কমিশন ক্লিয়ার কাট স্বীকার করেছেন এবং তার ফলে ওর যে The policy at this stage should be on consolidation and improvement of existing colleges before any further expansion in number is allowed to take place. A college may be given permission to teach subjects for which a strong local demand exists and to open the Honours course in some subjects ; it may also be assured adequate infrastructural facilities. In some cases it may be advisable to merge the college with another one near-by. To deal with the transfer of staff and equipments from one college to another, the concept of

cluster colleges can be attempted with teachers, while formally belonging to one of the colleges, taking their turn also to teach in the other colleges in the area in subjects of their specialization. A college which is clearly non-viable may be converted into a higher secondary unit an merged with a neighbouring secondary school. Certain deviations from this policy may be called for in the case of regions which had been treated unfairly in the past and is, as a result, academically most underdeveloped.

[2-55 — 3-05 p.m.]

The policy at this stage should be on consolidation and improvement of existing colleges before any further expansion in number is allowed to take place. A college may be given permission to teach subjects for which a strong local demand exists and to open the honours course in some subjects; it may also be assured adequate infrastructural facilities. In problem of transfer of staff and equipments from one college to another, the concept of cluster colleges can be attempted with teachers, while formally belonging to one of the colleges, taking their turn also to teach in the other colleges in the area in subjects of their specialization. মানে পুরো কলেজ এডুকেশন স্ট্রাকচারে অশোক মিত্র কমিশন একটা মৌলিক জায়গায় পরিবর্তন করার কথা বলেছেন। আমি স্কুল এডুকেশনে যাচ্ছি না। উনি বলেছেন এবং আমরাও দাবি করেছিলাম The differences between the conditions of service, such as leave, rules, etc., between government and non-government college teacher should be removed. A newly recruited teacher joining a Government College may be provided with an assurance that he or she would not be disturbed for a period of years. গভর্নমেন্ট কলেজে ট্রান্সফারের কথা বলেছেন। তারপর উনি যেটা মেন কথা বলেছেন যে "retirement by age of superannuation. The Government may make a categorical announcement that for all categories of teachers at all levels, the age of superannuation will be 60 years. Arrangements for regular payment of retirement benefits to retired teaches and others have to be ensurged. সুতরাং স্যার আমি যে কথা এর আগে বলছিলাম কলেজে একটা কোয়ান্টেটিভ চেঞ্জ হয়েছে, অনেক সংখ্যা বেড়েছে, কলেজ টিচারদের পেছনে, এডুকেশনের পেছনে খরচ হয়েছে। এই সামটোটাল অশোক মিত্র কমিশন বলেছেন অনেক কলেজ তৈরির দরকার ছিল না, সেইগুলি র‍্যাশনালাইজ করতে হবে। টাকা যা যাচ্ছে তার অধিকাংশ খরচ হয়ে যাচ্ছে শিক্ষকদের মাইনে দিতে, শিক্ষার উন্নয়নের জন্য নয়। আর একটা পয়েন্ট যেটা অশোক মিত্র কমিশনের রিপোর্ট বার বার এসেছে শিক্ষার কোয়ালিটি নিয়ে। তোমরা যে জোর দিয়েছে সেই শিক্ষার কোয়ালিটি পশ্চিমবাংলায় সেই লেভেলে মেনটেন হচ্ছে না। তাই বিলটা আসছে এবং মৌলিক দিকটা লক্ষ্য রেখে আসছে। আমি এর আগে বলেছি কেন এই বিলের দরকার হল। কেন দরকার হল তার কারণ আপনি হয়ত জানেন স্যার। যখন গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ১৯৭৪

সালের পর প্রথম বার শিক্ষকদের ফ্রেস পে স্কেল দিল সেটা হচ্ছে ১৯৮৮ সাল, তখন সত্যসাধনবাবু একজিকিউটিভ বডিতে ছিল, নিশ্চয়ই মনে আছে সেই সময় যে অর্ডার দিয়েছিল এই অর্ডারে ওরা বললেন যে এর পর যদি কেউ কলেজে লেকচারার, লেকচারার মানে গভর্নমেন্ট কলেজ, ডিমড় ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি, যদি কেউ হতে পারে তাহলে তার একটা ন্যাশনাল লেভেলে অ্যাপটিটিউট টেস্ট এই ধরনের একটা টেস্টের ব্যবস্থা করতে হবে। এবং সেখানে ওরা একটা ইউ. জি. সি.-র গাইড লাইন দিলেন। প্রথমে কিছু জায়গায় ইউ. জি. সি. সি. এম. আই. আর তাদের ওই কলেজে এলিজিবিলিটি টেস্ট করছিল। সেটা ওরা বলল 'ইউ-ক্যাট', অ্যাক্রিডিশন অফ টেস্ট। এবার স্টেটগুলোকে অপশন দেওয়া হল। অপশন দেওয়া হল তোমরা নিজেরা টেস্ট ডিভাইজ করতে পার তোমাদের নিজেদের লেভেলে অথবা আমাদেরটা গ্রহণ করতে পার। আমরা ন্যশনাল লেভেলে একটা ইউনিফরমিটি আনার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গ সরকার আমার মনে হয় সহজে বলতে পারত আমরা ন্যাশনাল স্টান্ডার্ডে নিয়ে যাব আমাদেয় ছেলেদের, আপনারা যে 'ইউ-ক্যাট' টেস্ট করছেন ইউ. জি. সি. এবং সি. এস. আই. আর মিলে আমরা সেটা পুরোপুরি মেনে নেব। ইউ. জি. সি.-র গাইড লাইন মেনে নিচ্ছি, ইউ. জি. সি.-র সমস্ত প্রোগ্রাম আমরা করছি, কলেজ ডেভেলপমেন্টের টাকা ইউ. জি. সি. থেকে আসছে, আমরা সেটা মেনে নিতে পারতাম।

কিন্তু আমরা দেখলাম যে আমরা ওদের অপশনটা গ্রহণ করলাম না। পশ্চিমবাংলা টেস্ট করবে না, যেখানে কলেজ সার্ভিস কমিশন, তাদের প্রেজেন্ট কম্পোজিশনটা ইম্পার্শিয়াল? শুধু প্রাইভেট কলেজে লেকচাররা এবং প্রিন্সিপ্যালদের অ্যাপয়েন্টমেন্ট সঠিকভাবে করতে পারছে না, ব্যাকলগ থেকে যাচ্ছে। এমপ্যানেল্ড ক্যান্ডিডেট বছরের পর বছর বসে থাকছে। এক দু বছর করে অ্যাডভার্টাইজমেন্ট হচ্ছে না। তাদের পরীক্ষা নেবার ব্যাপারে পার্টিজানশিপের অভিযোগ উঠেছে। সেই কলেজ সার্ভিস কমিশনের উপরে আরও বাড়তি বোঝা চাপিয়ে দেওয়া উঠেছে। সেই কলেজ সার্ভিস কমিশনের উপরে আরও বাড়তি বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। কলেজ সার্ভিস কমিশনে কি হয়? যিনি চেয়ারম্যান হন, তিনি সাধারণত টেকনিক্যাল ব্যক্তি হন না। আর্টস, সায়েন্স এই রকম ডিসিপ্লিন থেকে কলেজ সার্ভিস কমিশনে লোকেদের নেওয়া হয়। এখানে কি বলছেন—কারা কারা পরীক্ষা নেবে? পরীক্ষা নেবে লেকচারার ইন আর্টস science, social science, commerce, education, physical, education, foreignlanguage, law, journalism and mass communication or music. এই বলে পাওয়ার বাড়িয়ে বিভিন্ন ফ্যাকাল্টির, ইউনিভার্সিটি, ডিমড ইউনিভার্সিটি, কলেজ, গভর্নমেন্ট কলেজ-এর জন্য পরীক্ষা নেবে। পরীক্ষা নেবে কে, না, সেই কলেজ সার্ভিস কমিশন যারা এতদিন পরীক্ষা নেয়নি তারা পরীক্ষা নেবে। কলেজ সার্ভিস কমিশন ইন্টারভিউ নিত, কলেজ সার্ভিস কমিশন প্যানেল করত। গভর্নমেন্ট কলেজের জন্য পরীক্ষা নেবে। পরীক্ষা নেবে কে, না, সেই কলেজ সার্ভিস কমিশন যারা এতদিন পরীক্ষা নেয়নি তারা পরীক্ষা নেবে। কলেজ সার্ভিস কমিশন ইন্টারভিউ নিত, কলেজ সার্ভিস কমিশন প্যানেল করত। গভর্নমেন্ট কলেজের জন্য পরীক্ষা নেয় পি. এস. সি., যাদের পরীক্ষা নেবার অভিজ্ঞতা আছে। কিন্তু কলেজ সার্ভিস কমিশন যাদের পরীক্ষা নেবার অভিজ্ঞতা নেই তাদের উপরে পুরো দায়িত্ব দেওয়া হল। আমরা দেখছি যে আইনে কলেজ সার্ভিস কমিশনকে সেই দায়িত্ব দেওয়া হচ্ছে, যে কলেজ সার্ভিস কমিশন কোনওদিন পরীক্ষা নেয়নি, দায়িত্ব তাদের হাতে দেওয়া হচ্ছে। তাদের

লোক নেই বিভিন্ন ফ্যাকাল্টিতে পরীক্ষা নেবার। তারজন্য একস্ট্রা কি করলেন? তারজন্য আপনি একস্ট্রা পাঁচজন থেকে আরও দুজন মেম্বার বাড়িয়ে দিলেন। এতে কি প্রবলেম সলভড হবে? কলেজ সার্ভিস কমিশনের এমনিতে পুরো লোক নেই। প্রিন্সিপ্যালদের জায়গা দিতে পারছে না যারা তাদের উপরে লোড চাপিয়ে দেওয়া হল। উনি আবার বলছেন, মেম্বার বাড়বার জন্য খরচ বেশি হবে না। অ্যাডমিনিস্ট্রেটিভ খরচ যা আছে তাই থাকবে। আপনি ফিনান্সিয়াল মেমোরেন্ডাম যেটা দিয়েছেন তাতে বলেছেন দি ফিনান্সিয়াল implications involved in such increase is estimated to the tune of Rs. 2 lakhs annually. তার মানে এক লক্ষ করে এটাই খরচ হবে। মাইনে হবে সাড়ে আট হাজার করে। মাইনে, ডি. এ. সব মিলিয়ে রাফলি এই যে মাইনে দাঁড়াবে সেটা ফিনান্স ডিপার্টমেন্ট থেকে অ্যাপ্রোপ্রিয়েট করা হবে। আমি সত্যসাধনবাবুকে প্রশ্ন করব, এটা কেন দরকার হল? আপনি কেন এটা করছেন, ইউ. জি. সি. কেন পরীক্ষা নেবে না? আপনি সি. এস. আই. আর. কে. মেনে নিলেন না। নতুন করে পরীক্ষা নেবার দায়িত্ব ইনএক্সপিরিয়েন্সড কলেজ সার্ভিস কমিশনের হাতে তুলে দিচ্ছেন। তাদের গাইড লাইনটা কি আছে? এতগুলো ফ্যাকালটিতে—ল্য, জার্নালিজম, মিউজিক ইত্যাদিতে আপনি কেন নতুন করে দায়িত্ব তুলে দিতে চাইছেন। এর উদ্দেশ্য আমার কাছে একেবারেই ক্লিয়ার নয়। আমার যেটা মনে হয়, কলেজ সার্ভিস কমিশন যে ভাবে চলছে, এটা পি. এস. সি. নয়, একটা পার্টি সার্ভিস কমিশনের মতো। এটা একটা বড় জায়গায় গিয়ে পৌছুবে। আপনারা আশা করেছেন রিটায়ারমেন্ট ডেটটা ৬৬০ বছর হয়ে গেলে অনেক চাকুরির পদ খালি হবে, স্কুল টিচারদের ক্ষেত্রে যেটা করেছেন, সেই রকমটা এখানে থাকবে না। আপনারা মনে করেছেন ইউ. জি. সি.-র হাতে এটা চলে গেলে, তারা টেস্ট করলে প্যানেল ইউ. জি. সি.-র অনুযায়ী হবে, তাদের লোক চলে যাবে। প্লিজ মেক অ্যাকাডেমিক অ্যাপয়েন্টমেন্টস। আপনি দীর্ঘদিন শিক্ষক ছিলেন, আপনি রিক্রুটমেন্টের ক্ষেত্রে যে পার্টিজানশিপ হচ্ছে এটা দূর করুন। লেট দি পিপল বি টেকেন অন মেরিট এলোন। প্লিজ ক্রিয়েট অ্যান ইনস্টিটিউশন, যেখানে যোগ্যতম লোক নিযুক্ত হতে পারেন এটা দেখুন। আমরা এই হাউসে এসে পি. এস. সি.-তে দলবাজি হচ্ছে এই অভিযোগ তো করি না। আপনারাও তেমনি লোকসভাতে ইউনিয়ন সার্ভিসে দলবাজি হচ্ছে এই অভিযোগ করেন না। তাহলে হোয়াই ইউ ক্রিয়েট এ কমিশন? হোয়াই ইউ ডু দিস? আপনি ইউ. জি. সি.-র হাতে এটাকে ছেড়ে দিন না? হোয়াট ডাজ ইট ম্যাটার। এই বিলকে উইথড্র করলে আপনার প্রেস্টিজ যাবে না। লেট দেম ডু ইট। ছেলেরা যে ভাবে চাকুরি পাক, তাতে বামফ্রন্টের ক্ষমতা কমবে না।

[3-05 — 3-15 p.m.]

সেইজন্য আমি দয়া করে আপনাদের কাছে নিবেদন করছি যে, শিক্ষা ক্ষেত্রে নিজেদের স্বার্থকে বড় করে দেখবেন না। আগে যে ৬৫ বছরের অবসরের যে অধিকার ছিল সেটা রক্ষা করে একটু ব্রড মাইন্ডের পরিচয় দিন। পশ্চিমবঙ্গের যদি সত্যিকারের এডুকেশনের জেনারেল ইমপ্রুভমেন্ট চান তাহলে এগুলো মেনে চলবেন এই কথা বলে এই বিলকে পূর্ণাঙ্গভাবে বিরোধিতা করছি।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী সত্যসাধন চক্রবর্তী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে পূর্ণ সমর্থন করছি। সমর্থন করে আমি এখানে আমার

বক্তব্য পেশ করছি। আমি প্রথমেই বিরোধী সদস্যকে অনুরোধ করব তিনি শুধু কংগ্রেসেরই নেতা নন, তিনি একজন কলেজের অধ্যাপকও এবং যেহেতু তিনি অধ্যাপক সেই কারণে অধ্যাপনার স্বার্থে এখানে দাঁড়িয়ে কয়েকটি সত্য কথা বললেও পারতেন। ওনাদের আমলে পরীক্ষা বলে তো কিছু ছিল না। যেকোনও কাউকে কলেজের প্রিন্সিপাল অ্যাপয়েন্ট দিয়ে দিলেন তার রেজাল্ট কি সেই সমস্তও দেখার দরকার ছিল না। কিন্তু সেখানে আমাদের আমলে ভারতবর্ষে প্রথম আমরা কলেজ সার্ভিস কমিশন তৈরি করতে পেরেছি। সেই কমিশনের মাধ্যমে একটা ইন্টারভিউ নেওয়া হয় এবং তাতে অন্তত সমস্ত ভাল ছাত্ররা এখানে অ্যাপ্লাই করতে পারেন। একটা অন্তত মিনিমাম লেবেল আছে যে থ্রু আউট ৫০ পারসেন্ট পেতে হবে, তা না হলে অ্যাপ্লাই করা যাবে না। কিন্তু আপনাদের আমলে অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে ৫০ পারসেন্ট তো দূরের কথা তার থেকেও কম নম্বরে অনেকে ঢুকেছেন। আপনারা কি একটাও একজ্যাম্পেল দিতে পারেন যেখানে ফার্স্ট ক্লাস ফার্স্ট পেয়েও কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে চাকুরি পায়নি। একটা একজ্যাম্পেলেও দিতে পারবে না। কলেজ সার্ভিস কমিশন বলতে গিয়ে বলেছেন শিক্ষার অবস্থার কথা, তাদের সময়ে শিক্ষার অবস্থা কি ছিল আমরা জানি না। তাদের তো এক নেতা শোনা যায় আইন পরীক্ষায় টুকে পাশ করেছিলেন। তাদেরই এক নেত্রী আমি নাম করতে চাই না, ডক্টরেট ডিগ্রি জাল করে পেয়ে গেলেন। আপনারাই কিনা বলছেন ভি. সি.-র অ্যাপয়েন্টমেন্টের কথা? একটা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচনের মাধ্যমে হয় এবং তাতে সিনেটের ৩ জন প্যানেল তৈরি করেন। তাদের আমলে এই জিনিস দেখা যায়নি। অন্যান্য রাজ্যের দিকে তাকান তো—সেখানে শিক্ষামন্ত্রীর সঙ্গে আপোষ না হলেই ভি. সি.-কে পদত্যাগ করতে হচ্ছে। সেখানে আমাদের এখানে গণতান্ত্রিক পদ্ধতিতে প্যানেল তৈরি হচ্ছে। সেখানে এই প্যানেলের মাধ্যমে রাজ্য সরকারের পরামর্শ নিয়ে রাজ্যপাল ভি. সি.-কে অ্যাপোয়েন্টমেন্ট দিচ্ছেন এবং তাতেই ওদের সবচেয়ে গোঁসা। শিক্ষার সঙ্গে যুক্ত যারা রয়েছেন তারাই গভর্নিং বডিতে আছেন এবং সিনেট, সিন্ডিকেটের মতামত নিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে ভি. সি. অ্যাপয়েন্ট করা হচ্ছে এবং কোনও জায়গাতেই তারা মেজরিটি পাচ্ছেন না, এটাই তাদের একটা বিরাট গোঁসা। তাই আজকে ভি. সি.-র রোল নিয়ে তারা এখানে বলছেন। আপনাদেরই নেত্রী, যার খবর খবরের কাগজে খুব বেরোয়, যিনি ডক্টোরেট ডিগ্রিধারি বলে জাহির করেন, তিনিই ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টে ডিরেক্টরকে কাজ করতে দেননি, যার ফলে এই ইনস্টিটিউশন কিছুদিনের জন্য অচল হয়ে যায়। আজকে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত বিশ্ববিদ্যালয় এবং এই ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কাদের নেতৃত্বে চলে? এগুলো তো কেন্দ্রীয় সরকারের নেতৃত্বাধীনে চলে, সেখানে এই ইনস্টিটিউশন আজকে নিয়োগ হচ্ছে না, কিন্তু আমাদের এখানে সেই পদ্ধতি নেই। শিক্ষার সঙ্গে যুক্ত যারা, প্রকৃত শিক্ষাবিদরা আমাদের প্যানেল তৈরি করেন। আগে কলেজ সার্ভিস কমিশনে কোনও পরীক্ষা হত না। এখন ওই কলেজ সার্ভিস কমিশনে পরীক্ষা ব্যবস্থা চালু হয়েছে এবং আমাদের যে পদ্ধতি সেই অনুসারে লেকচারারও নিয়োগ করা হয়। সেই কারণে এখানে যে ইন্টারভিউ বোর্ড আছে তাদের উপরেই যাতে ক্ষমতা সীমা বদ্ধ না থাকে তারজন্য জেনারেল পরীক্ষার মাধ্যমে লেকচারার নিয়োগেরই ব্যবস্থা করা হচ্ছে। আপনাদের মনে রাখতে হবে কলেজ সার্ভিস কমিশন পশ্চিমবঙ্গে প্রথম এবং আমাদের দেখে অন্যান্য রাজ্যগুলিতে এই কলেজ সার্ভিস কমিশন চালু হচ্ছে।

অন্ধ্রপ্রদেশে যে কলেজ সার্ভিস কমিশন আছে সেই কলেজ সার্ভিস কমিশনে ইতিমধ্যে এই পরীক্ষা চালু করবার সিদ্ধান্ত নিয়েছে, এটা আমরাই প্রথম নিইনি। মাদ্রাজে, পাঞ্জাবে এটা চালু হতে যাচ্ছে, কিন্তু আমরা এখনে এটা প্রথম পদক্ষেপ নিয়েছি। ইউ. জি. সি., সি. এস. আই. আর. যে পরীক্ষা নিচ্ছেন তাদের সাথে আমরা এক হচ্ছি না। প্রথমেই বলি ইউ. জি. সি., সি. এস. আই. আর. তারা অল ইন্ডিয়া লেভেলে যে পরীক্ষা নেয় তাতে কলকাতার স্থান সবচেয়ে উঁচুতে। সি. এস. আই. আর.-এর রেজাল্ট দেখুন, একটি রেজাল্ট বলছি, ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে ৯০ জন, দিল্লি ইউনিভার্সিটি থেকে ৭২ জন, হায়দ্রাবাদ থেকে ৪১ জন, পাস করে বেরিয়েছে আর সকলের ২৫-র নিচে। আমরা বলতে চাচ্ছি, এখানেই শেষ নয়, এর থেকে আরও অনেক উঁচুতে এর মানকে নিয়ে যাব। অন্য রাজ্যের যে স্ট্যান্ডার্ড ক্যালকাটা ইউনিভার্সিটির স্ট্যান্ডার্ডের কাছাকাছিও আসে না। সেইজন্য বলছি আমরা কেন তাদের স্ট্যান্ডার্ডের কাছে যাব, আমাদের স্ট্যান্ডার্ডই তো ন্যাশনাল স্ট্যান্ডার্ড। বরঞ্চ বলুন, অন্যান্য রাজ্য সরকারকে বলুন, তারা যে আমাদের স্ট্যান্ডার্ডের লেভেলে এসে পৌঁছায়। আজকে কথা বলতে গিয়ে আপনাদের একবারও মনে হচ্ছে না কেন্দ্রীয় সরকার কি ভাবে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বাজেট কমিয়ে দিয়েছে, স্টেট ইউনিভার্সিটির ক্ষেত্রে কমিয়ে দিয়েছে? আপনাদের যে ইন্সটিটিউটগুলি আছে সেখানে ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইন্সটিটিউট কয়েকদিন আগে কনভোকেশন হয়ে গেল তারা বলছে, বই কিনতে পারছে না। ইন্ডিয়ান ইনস্টিটিউ অফ ম্যানেজমেন্টে আপনাদের সেই নেত্রী যিনি ডিরেক্টার নিয়োগ করেন, সেই ডিরেক্টার বলছেন ৬৩ লক্ষ টাকা ঘাটতিতে আমি রান করছি। আজকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নির্দেশ এসেছে—যেখানে বহু আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিজ্ঞানী তৈরি হয়েছে—সেখানে ১০ শতাংশ ছাঁটাই করতে হবে ; যেখানে এই রকম একটা অবস্থা, কাজ চলছে না, সেখানটায় দাঁড়িয়ে আপনারা যে কথাগুলি বলছেন এটা কি মানা যায়? আমরা আজকে একটা পদ্ধতির মাধ্যমে একটা ব্যবস্থার উন্নতি করবার চেষ্টা করছি, সেইখানে আপনারা যদি আরও সাজেশন দিতে পারেন কি করে এর আরও উন্নতি করা যায় তাহলে নিশ্চয় সেটা নিয়ে ভাবনা-চিন্তা করা যেতে পারে। শুধু দু-একটি কথা বলি—আমরা যে পদ্ধতি চালু করেছি সেটা সর্বোৎকৃষ্ট, সর্বোৎকৃষ্ট না হলে প্রতি বছর ইউ. জি. সি., সি. এস. আই. আর.-এর যে টেস্ট হয়েছে তাতে আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা দিল্লি বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের চাইতে ভাল ফল করছে কেন? সেটা দিনকে দিন দেখালে বোঝা যাবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইউ. জি. সি., সি. এস. আই.-এর যে টেস্ট হয়েছে প্রতি বছর তাতে দেখা যাচ্ছে ফল ভাল হয়েছে, এবং আরও ভাল হচ্ছে। দুই বছরের অবস্থা দেখুন, কলকাতা বিশ্ববিদ্যালয় ৮.৬৪ থেকে উঠে ১০.৯৭-য়ে এসেছে, সেখানে জওহরলাল নেহেরু ইউনিভার্সিটি ২.৩০ থেকে ১.৭৯-য়ে নেমে এসেছে। কলকাতা তথা পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থার যে উন্নতি হয়েছে সেটা এই ফল দেখলেই বোঝা যাবে। এই কয়টি কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-15 — 3-25 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯৩ আনা হয়েছে এই বিলটার মূল কারণ, এর যে উদ্দেশ্য

সেই ব্যাপারে আমাদের কোনও দ্বিমত নেই। মোটামুটিভাবে এলিজিবিলিটি টেস্ট ইউ. জি. সি. স্কিম অনুযায়ী আপনারা যেটা বাধ্যতামূলক করছেন, আপনারা ইমপ্লিমেন্ট করতে গিয়ে এটা নিয়ে এসেছেন। স্বাভাবিকভাবে ছেলেমেয়ে যারা শিক্ষকতা করবে, তাদের যাতে মান ঠিক থাকে তারজন্যই আপনারা এই এলিজিবিলিট টেস্ট-এর ব্যবস্থা করছেন তাকে আমরা সাধুবাদ জানাচ্ছি। তবে এর কনটেস্ট-এ যা আছে তার সাথে আমরা একমত নই। আমরা এর বিরোধিতা করছি। এর পরিপ্রেক্ষিতেই আমরা দুটো অ্যামেন্ডমেন্ট আপনাকে দিয়েছি। একটা অ্যামেন্ডমেন্ট দেখবেন ক্লজ থ্রিতে, লাইন দুইতে যে ওয়ার্ডটা রাখা হয়েছে সাতজন মেম্বার, আমরা যেখানে তিনজন মেম্বার রাখতে বলেছি। আজকে ইকনমিক হার্ডশিপের জন্য তিনজন মেম্বার করলেই ভালো হয়। আরেকটা হচ্ছে ক্লজ ৪-এ প্রোপোজড্ সেকশন ৯এ। ১ লাইন চার, এখানে কমিশান বলছে, আমরা সার্ভিস কমিশন এটা করতে চাই। কলেজে যারা পড়াবে, যারা ইউনিভার্সিটিতে পড়াবে, যারা গভর্নমেন্ট কলেজে পড়াবে এমন কি যারা মাইনরিটি কলেজগুলোতে পড়াবে তাদের লেকচারার পদে নিয়োগ করার জন্য সরাসরি কলেজ সার্ভিস কমিশনের এলিজিবিলিটি টেস্টের আন্ডারে আনতে চাইছেন। আমার মনে হয় এতে পি. এস. সি-কে ছোট করা হচ্ছে। তাদের বিরাট ইনফ্রাস্ট্রাকচার আছে, তাদের প্রচুর অফিস আছে, পরীক্ষা নেবার তাদের ব্যবস্থা আছে। কিন্তু আপনারা পি. এস. সি-কে ছোট করে কলেজ সার্ভিস কমিশনের গুরুত্বটা বাড়িতে দিতে চাইছেন। এই কলেজ সার্ভিস কমিশনের কনসেপ্ট আমাদের সময় থেকে শুরু হয়েছিল, চিন্তা-ভাবনা আমরা করেছিলাম, আপনারা সেটা ইমপ্লিমেন্ট করেছেন। যোগ্য ছেলেমেয়েরা স্বীকৃতি পাচ্ছেন না, সেখানে একটা পলিটিসাইজ করে দেওয়া হচ্ছে নানাভাবে আলিমুদ্দিনের পেরিফেরিতে যাতে আসতে পারে তার চেষ্টা আপনারা করছেন। গভর্নমেন্ট কলেজে যারা নিয়োগ হয় তারা গভর্নমেন্ট এমপ্লয়ি, পি. এস. সি-র থ্রু দিয়ে নিয়োগ করলে আমার মনে হয় মানটা ভালো থাকতে পারে। ইউ. জি. সি. কোথাও বলেনি গভর্নমেন্ট কলেজকে এই সেক্টরে নিয়ে আসতে হবে। তারা একটা টেস্ট নিতে বলেছেন, আমার মনে হয় এটা পি. এস. সি-র মাধ্যমে করলেই ভালো হত। আপনি আরেকটা যেটা বলেছন, মাইনরিটি সেগুলোকে কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়ে আসছেন, যেটা কিন্তু সংবিধানের মধ্যে পড়ে না। সংবিধানের ১৪ পাতায় কালচারাল অ্যাণ্ড এডুকেশন রাইটস্ যেটা আর্টিকেলস্ ৩১(১)-তে বলা আছে All minorities, whether based on religion or language, shall have the right to establish and administer educational institutions of their choice. সেটা আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

কিন্তু আপনি এটাকে আজকে এই কলেজ সার্ভিস কমিশনের আওতার মধ্যে আনতে চেষ্টা করেছেন। যেটা আমি মনে করি আপনি একটু অ্যাডভোকেট জেনারেলের মতামত নিন, শুধু মতামত নয়, মতামতটা অফিসিয়ালি হাউসেও রাখুন, আমরা ক্লিয়ার হই। কারণ আইন করতে গিয়ে একটা বে-আইনি, সংবিধান বিরোধী একটা আইন করবেন, আমার মনে হয় সেটা ভাল হবে না। কারণ আমরা দেখতে পাচ্ছি যে কলেজ সার্ভিস কমিশনগুলোতে আগে রেজাল্ট বেরোত নামের আদ্যাক্ষর দিয়ে। এখন শুধু তাই করা হচ্ছে না, আমি বারেবারে বলেছি মেরিটের ভিত্তিতে হোক। কিন্তু সেখানে দেখা যাচ্ছে যে জেনে যাচ্ছে যে কে কীভাবে পরীক্ষা দিয়েছে না দিয়েছে। আরও অসুবিধা হচ্ছে কি, যখন নেবার জন্য ম্যানিপুলেশন করছে যে এই ছাত্রটাকে নিতে হবে, কিন্তু তার হয়তো ২০ নম্বরে নাম আছে, ২০ নম্বরকে দেবার

জন্য ধরুন এখানে আমাদের উচ্চশিক্ষা মন্ত্রীর সাবজেক্ট পলিটিক্যাল সায়েন্স, পলিটিক্যাল সায়েন্সের আবার অনেকগুলো ভাগ আছে, স্পেশ্যাল পেপার আছে। আপনি প্রিন্সিপালকে বলছেন আপনি বলুন অমুক স্পেশ্যাল পেপারটা যদি থাকে তাহলে তাকে নেওয়া হবে। ২০ নম্বরটাকে আনার জন্য, তার স্পেশ্যাল পেপারটাকে আপনার দপ্তর থেকে অথবা আপনার পার্টি ম্যানিপুলেশন করে যার ২০ নম্বর, সে চান্স পেল, এক নম্বরে যে আছে সে চান্স পেল না। আমার কাছে এমনও নজির আছে, আপনি যদি চান, তারও ডিটেলস্ দিয়ে দেবো, কলেজ সার্ভিস কমিশনের পরীক্ষা ১৯৮৮-তে ফিজিক্সের অধ্যাপক নিয়োগের সময় তাকে প্রশ্ন করা হচ্ছে যে ত্রিপুরার নির্বাচন যেটা হয়েছিল সেটা কি অবাধ এবং সুষ্ঠু হয়েছিল? অর্থাৎ সে ভাল করেই জানে সংবাদপত্র পড়ে যে অবাধ এবং সুষ্ঠু হয়েছে বললেই তার হবে না। আপনাদের যারা মাইনরিটির কমিটির লোক আছে, তারা এটা এগ্রি করবেন? যে মাইনরিটি কলেজগুলো, আজকে কলেজ সার্ভিস কমিশনের আণ্ডারে চলে এলো? কারণ সংবিধান তাদের প্রোটেকশন দিয়েছে, এগ্রি করবেন আপনারা? এইগুলো কোন দলের কথা আমি বলছি না। এইগুলো ক্ষতি হয়ে যাচ্ছে। স্বভাবতই জুরিসডিকশনের বাইরে আপনি করছেন এবং এই ধরনের সংকীর্ণ রাজনীতি থাকা সত্ত্বেও কলেজ সার্ভিস কমিশনকে আরও বেশি গুরুত্ব দিচ্ছেন। স্যার, এবং কোনও কোনও সময়—আমি এখন বললাম কলেজ সার্ভিস কমিশন তুলে দিন, তুলে দিলে অর্থ বাঁচবে এবং এই যে নতুন এলিজিবিলিটি টেস্ট হচ্ছে, এটাও সরাসরি পাবলিক সার্ভিস কমিশনের হাতে তুলে দিন, তাতে আরও সুষ্ঠুভাবে হবে এবং এটা প্রমাণিত, পরীক্ষিত সংস্থা যারা ভাল ভাল শুধুমাত্র এই ক্যাটাগরির লোকদেরই এর টেস্ট নেন না, আরও উঁচু পদের আমলাতন্ত্রের মধ্যে এবং তার বাইরে টেকনিক্যাল লোকদের আরও উঁচু পদে ভারতবর্ষের যতগুলো ক্যাডার পোস্ট আছে সবগুলো, এমন কি ওয়েস্ট বেঙ্গলের যে সমস্ত ক্যাডার পোস্ট আছে তাদের সবগুলো আজকে আসছে পাবলিক সার্ভিস কমিশনের থ্রু দিয়ে। সুতরাং যেভাবে প্রতিষ্ঠানটা প্রমাণিত সত্য, তাকে অ্যাভয়েড করা, তার ইনফ্রাস্ট্রাকচার, যে লোক আছে, যে পরীক্ষা নেবার ব্যবস্থা আছে, যাকে দিলে আপনার পয়সা খরচ হবে না, তাকে আপনি বাই পাশ করে আপনি যেখানে একটা ন্যারো পলিটিক্স করতে চাই, সেই কলেজ সার্ভিস কমিশন যেটা করে চলেছেন সেটাকে আরও বড় করে দিলেন। সংবিধান স্বীকৃত একটা প্রতিষ্ঠানকে ছোট করে সংবিধান বহির্ভূত একটা সংগঠনকে আরও মর্যাদা দিয়ে বাড়িয়ে দিলেন এবং কোনও কোনও জায়গায় বে-আইনিভাবে করছেন এবং সেখানে একটা সাজেশন দিচ্ছি যে পি. এস. সি.-তে দরকার হলে আপনি প্রস্তাব করুন যে দুজন সদস্য তারা যেন নেন। For only to take new eligibility test. এর জন্য পি. এস. সি.-তে যদি লোকের দরকার হয় আমার মনে হয় তার জন্য সুপারিশ করলে ভাল হবে যাতে ওরা নিতে পারে। আমি এই বিলের ক্ষেত্রে আমি মনে করি যে আমার দীর্ঘ বক্তৃতা করার কোনও অবকাশ নেই। প্রথমে আমি বলেছি উদ্দেশ্যটা ভাল, অপরদিকে আমি বলেছি যে কনটেন্টসগুলো পরিবর্তন করার জন্য এবং সেইজন্য আমি দুটো অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি আশা করি অ্যামেন্ডমেন্ট সংক্রান্ত ব্যাপারে উনি বলবেন এবং আমি কন্সটিটিউশনাল ক্রাইসিস-এর কথা যা বললাম সেটাও উনি বলবেন। অপরদিকে আমি আবার আপনার নজরে আনি যে দু-লাখ টাকার ব্যাপারটা একটু ক্লিয়ার করুন। কারণ এই সদস্য নিতে গিয়ে আপনার টাকা খরচের পরিমাণটা এত বেশি হচ্ছে, কি করে চলবে জানি না। যেখানে ফাইনান্সিয়াল অবস্থা আমরা

দেখতে পাচ্ছি তিস্তার মত প্রজেক্ট করছেন, সেন্ট্রাল গভর্নমেন্ট মাত্র চার কোটি টাকা পাঠিয়েছে। চার কোটি টাকা রেখে দিয়েছেন খরচ করবার জন্য, মাইনে দেবার জন্য, কখনও বা পিয়ারলেসের কাছ থেকে টাকা নিতে হচ্ছে।

[3-25 — 3-35 p.m.]

মাইনে দেওয়ার জন্য টেন্ডারসদের কাছ থেকে '৯০ সালেই '৯৫ সালের সেলস ট্যাক্স অগ্রিম নিয়ে নেওয়া হচ্ছে। সুতরাং ঘুরিয়ে এই কথা বলা যায় যে, ট্রেডারদের কাছে ধার করে স্টেট গভর্নমেন্ট চলছে। যে সরকারের এই অবস্থা সে যদি নন-প্রোডাক্টিভ খরচ এই ভাবে বাড়িয়ে যায় তাহলে সে রাজ্যের অবস্থা আরও ভয়াবহ হয়ে উঠতে বাধ্য। এই বিলের ফাইনান্সিয়াল মেমোরেন্ডামে দেখছি খরচ বাড়িয়ে কলেজ সার্ভিস কমিশনকে মাথাভারী করা হচ্ছে। আমি মনে করি এর কোনও প্রয়োজন নেই। টোটাল ব্যাপারটাই পাবলিক সার্ভিস কমিশনকে দিয়ে দিন। আমি আরও মনে করি এই বিলের মূল উদ্দেশ্য পাবলিক সার্ভিস কমিশনের দ্বারাই সাধিত হতে পারবে। বরঞ্চ একটা বিল এখানে আনা যেতে পারে টু অ্যাবোলিশ কলেজ সার্ভিস কমিশন। কারণ এটা প্রমাণ হয়ে গেছে যে এরা যোগ্য লোক নিয়োগ করতে পারছে না। এ বিষয়ে আমি প্রচুর উদাহরণ দিতে পারি। এই সংস্থা অ্যাবসোলিউটলি পলিটিক্যালাইজড হয়ে গেছে। বর্ধমান, বিদ্যাসাগর, রবীন্দ্র-ভারতী প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে এরা যে সব লোক নিয়োগ করেছে তারা মোটেই যোগ্য লোক নয়। আমি স্পেসিফিক উদাহরণ দিতে পারি। কোনও পেপার সাবমিট করে পি. এইচ. ডি. করেনি বা হাস্য-রসের উপর পি. এইচ. ডি. করে বড় কলেজের প্রিন্সিপ্যাল হয়ে আছে শুধুমাত্র থার্ড ক্লাস এম. এ.। মাননীয় মন্ত্রী মহাশয় নিজেও একজন অধ্যাপক, এসব জিনিস তিনি আমার চেয়ে কম জানেন বলে আমি মনে করি না। উনি জনপ্রিয় অধ্যাপক, ছাত্র মহলে উনি খুবই পপুলার, আমি মনে করি হি ইজ মাচ পপুলার প্রফেসর—এই হাউসের সদস্য বা মন্ত্রী হিসাবে ততটা নন, অধ্যাপক হিসাবে যতটা। কাজেই ওকে বোঝাতে হবে না। ওর অনেক বই আছে, উনি খুবই পপুলার, উনি সমস্ত কিছু জানেন এবং উনি নিশ্চয়ই এ ব্যাপারে আমাদের আলোকপাত করবেন। এ ছাড়া সৌগত রায় অনেক কথা বলেছেন, সেগুলো আমি আর বলছি না, সেগুলোও আপনি দয়া করে বিচার করে দেখবেন এবং আমার অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে আপনার বক্তব্য রাখবেন। এই অনুরোধ মন্ত্রী মহাশয়কে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**मो॰ याकुब** :- ओनेरेबूल डिप्टी स्पीकर सर, हमारे वजीरे तालिम यहां पर जो वेस्ट बंगाल कालेज सर्विस कमीशन के उपर विल पेश किये है उसका हम हिमायत करता हूं और हिमायत हम इसलिए करता हूं वो आपके सामने रखना चाहूंगा। साथ ही फाजिल दोस्त सौगत राय सख्त मुखालफत किए है, उनके उपर उनका जो खयालात है और उनका जो तन्जुमा है उनके वारे मे भी आपके सामने रखना चाहूंगा। सन् १९४७ से सन् १९७७ जुन महीने के पहले हमारे मुल्क की जो हालत थी उनका जिक्र करने की जरुरत नही है। लेकिन कुछ जो तरकीव जो मुल्क में तालिम की

जरुरते थी, रोशनी लाया जाना चाहिए था। हम सवको यह फिक्र था लेकिन १९७७ मे हमारे वामफ्रन्ट सरकार तालीम की जो मसायल की रोशनी डाली और नीचे सिरे से जिसमे प्राइमरी हो, सेकेन्डरी हो, कालेज हो, यूनीभरसिटी हो तालीम की मसायल को हासिल करने के लिए, तरक्की के लिए जो करना चाहिए इसको करने के लिए आगे बढ़ी।

हमारे फाजिल दोस्त सौगत वावु यह जो एडुकेशन के उपर, टीचर है प्रोफेसर के और रीडर के तलव को लेकर तमाम तरह की वातें किया जा रहा है। उनको यह समझना चाहिए, उनको सहयोग देना चाहिए। स्कुल टीचर हो चाहे वो कालेज प्रोफेसर वो भुखो रहकर अपने घर के लोगों को परेशान रखकर, दुसरे के वच्चों को सही तालिम नही दे सकता। जाहिर है यह तालिम खराव होगा और इसको सही दिशा देने की जरुरत है। इसका जिक्र करना चाहिए। फिनानसियल कन्डीसन को सुधारना होगा। हमारे सौगत बाबु यूनीभरसिटी और कालेज के वारे मे क्या कहना चाह रहे थे कुछ समझ मे नही आया। वो यहां के कालेजो की तुलना वो दिल्ली यूनीभरसीटी से करते है। उनको केन्द्रीय सरकार से क्या अनुदान मिलता है और वंगाल कालेज कमिशन को क्या मिलता है। उनका भी जिक्र उनको करना चाहिए था। हमें अफसोस है कि उनका जिक्र नही किया। साथ-ही-साथ कालेज सर्विस कमीशन वहां पर उन्होंने एजुकेशन कमीशन की जो डाक्टर मित्रा की रिपोर्ट उनके बारे में जिक्र कर रहें हैं। यहां तो जिक्र होना चाहिए था कालेज की साथ-ही-साथ यहां कालेज सर्विस कमीशन की वात न करके इधर-उधर की वात करते है। वो शंभु घोष की रिपोर्ट की वात करते। हमारे दोस्त ने उनेक वातें कही। मै उनको याद दिलाना चाहता हूं, पहले तो उनकी पार्टी की हुकुमत रही, वंगाल मे करीव ३० साल तक था कितनी तरक्की मुल्क को दिलाए। कोई उसूल नही रही जव चाहे कालेज गभरनींग वांडी वो एपाइन्टमेन्ट दे दिया जाता था। आपके समय मे गभरमेन्ट वांडी कितना काम करता था वह लोगों से छुपा है? एप्वाइन्टमेन्ट मार्क सीट के वेसिस पर किया जाता था। ५० सतांस मार्क देकर अपने लोगों को एप्वाइन्टमेन्ट करा देते थे। हम देखते है कि उनमे प्रोभिडेन्ट फन्ड वो लोगो को दुसरे का साइन करा कर इधर उधर करा देते थे। कालेज के, यूनीभरसीटी के जो प्रफेसर है, रीडर है, लेकचरर है उनका एप्वाइन्टमेन्ट मे सही टेस्ट होना ही चाहिए जिस तेजी के साथ वकत वदल रहा है उसका मुकावला करने के लिए हमारा जो तुलवा है, उनको दुनिया मं जो साइन्स की वढ़ती तरक्की हो रही है, उस ओर मुल्क को सही दिशा देना होगा। तथा अभी यहां एनी स्टुडेन्ट

उनको सही तालिम देने के लिए जो एपाइन्टमेन्ट होता है, उन टीचर के लिए, प्रफेसर, रीडर के लिए जो बिल आया है, इसमे उनको सहुलियेतं हैं, उनको सहायेतं है।

इसके साथ ही इस बिल का सपोर्ट करते हुए एवं यह कहते हुए कि हमारे जो मुखालिफ दोस्त मुखालफत कर रहे है वो सही नही है, इस बिल का हिमायत करते हुए अपनी बात खत्म करता हूं।

[3-35 — 3-45 p.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের উচচ শিক্ষামন্ত্রী কলেজ সার্ভিস কমিশন অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯৩ যা এনেছেন আমি এই বিল সম্বন্ধে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দু-চারটে কথা বলতে চাই। এই বিলটি অ্যাপারেন্টলি খুব ভাল। পরীক্ষা হবে, এলিজিবিলিটি টেস্ট হবে ক্যান্ডিডেটরা ঠিকমতো যোগ্য কিনা তার পরীক্ষা হবে, তারপর আবার সিলেকশন হবে। কিন্তু আমাদের অভিজ্ঞতা অন্য কথা বলে। সেজন্য এই বিলটিকে আমি এক কথায় বলি যে, বিলটি রূপবতী, কিন্তু গুণবতী নয়। এ পর্যন্ত আমাদের অভিজ্ঞতা যা বলছে তাতে দুবার টেস্ট হয় কতখানি বামফ্রন্টের লয়েলটি আছে, এই কারণেই আমাদের সন্দেহটা থেকে যায়। মাননীয় সৌগতবাবু যখন বলছিলেন তখন কোনও কোনও মাননীয় সদস্য বলছিলেন আপনাদের আমলে তো সিগারেটের প্যাকেটে টুকে চাকুরি দিয়েছিলেন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যুক্তি তর্কের খাতিরে যদি সেটা ধরেই নিই তাহলে আপনারাও তো সেই কথা বলেই ক্ষমতায় এসেছেন এবং ক্ষমতায় আছেন। আপনারা নিরপেক্ষ থাকবেন, কিন্তু আজকে কলেজ সার্ভিস কমিশনে যখন অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছেন সেটা নিরপেক্ষ হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বলছিলেন কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে আপনারা যোগ্য প্রার্থী নির্বাচিত করছেন। আমি আপনাকে প্রমাণ করে দিয়ে দেখাব যে যোগ্য প্রার্থী নির্বাচিত করতে পারেননি। আমি দয়া করে অশোক মিত্র কমিশনের পৃষ্ঠা ১৩, ২.৫ নম্বর অনুচ্ছেদটি দেখতে বলব, তিনি অবজারভেশন করে বলছেন—One problem common to all levels of education is the proper recruitment of teachers. The existing arrangements have come under severe criticism from different quarters. The existing system of recruitment are apparently failing to select the best teachers in terms of the criteria of merit and ability.

অশোক মিত্র কমিশন বলেছেন, আপনারা ঠিকমতো অধ্যাপক নিয়োগ করতে পারেননি। আপনাদের আমলের একজন কমিশন মেম্বার বলেছেন যে, আপনাদের আমলে কলেজ শিক্ষকদের স্ট্যান্ডার্ড অনেক কমে গেছে। আমি আপনাকে আবার বলব, মিত্র কমিশন রিপোর্টের ৫৮ পৃষ্ঠার ৮.৩৩ অনুচ্ছেদে লেখা আছে—ইন দি স্যাম্পেল Survey sponsored by the commission the majority of the principals who are approached were of the view that the standard of teaching have declined markedly in recent years. কিভাবে কমে গেছে সেটা অ্যাপেন্ডিকস ৮.৮ (১.১) অনুচ্ছেদে লেখা আছে। ৭২

পৃষ্ঠার বলা হয়েছে, অ্যাবাউট ৭২ পারসেন্ট যে সমস্ত শিক্ষকের ইন্টারভিউ নেওয়া হয়েছিল তাদের ৭০ পারসেন্ট বলেছেন যে, আপনাদের রাজত্বে রিসেন্ট ইয়ারগুলিতে ডিক্লাইন করছে স্ট্যান্ডার্ড। আপনিও এটা জানেন এবং এটা সর্বজনবিদিত।

আমি এখানে কলেজ সার্ভিস কমিশন সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। আপনি দেখবেন, যে অ্যানোয়াল রিপোর্ট বের হয় তার ১৯৮৪ সালের রিপোর্টে বলেছে—ডিউরিং দি Period under review the commission continued to be occupied an assessment and selection of candidates who had applied in response to advertisement issued in 1982. ১৯৮২ সালে অ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হয়েছিল ফর দি পোস্ট অফ লেকচারার, আবার ১৯৮৩ সালেও অ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হয়েছিল ফর দি পোস্ট অফ লেকচারার এবং ফর দি পোস্ট অফ প্রিন্সিপ্যাল। ১৯৮৪ সালে এসে ১৯৮২ সালে লেকচারার পদের জন্য যারা অ্যাপ্লিকেশন করেছিলেন তাদের একসঙ্গে ইন্টারভিউতে ডাকা হল। যারা ১৯৮২ সালে অ্যাপ্লিকেশন করেছিলেন তাদের মধ্যে কিছু সৌভাগ্যবান ব্যক্তি ১৯৮৪ সালে ইন্টারভিউ কল পেলেন। এক্ষেত্রে ফ্রাস্টেশন কোনও জায়গায় যেতে পারে, আপনি অধ্যাপক, নিশ্চয়ই সেটা অবগত আছেন। কলেজ সার্ভিস কমিশনের বর্তমানে এই অবস্থাই দাঁড়িয়েছে। মাননীয় সদস্য দেবেশবাবু বলছিলেন—'একটা নজির দেখতে পাবে যে, ফার্স্ট ক্লাস কেউ এমপ্যানেলড হননি?' আমি এক্ষেত্রে নাম পর্যন্ত বলতে পারি, তার নাম শশধর মান্না। কলকাতা বিশবিদ্যালয় থেকে ফার্স্ট ক্লাস সেকেন্ড, তিনি দুই দুইবার এমপ্যানেলড হয়েছেন। একবার নর্থবেঙ্গল থেকে, আর একবার ক্যালকাটা থেকে, কিন্তু একবারও তিনি চাকুরি পাননি। ফ্রাস্টেটেড হয়ে তিনি প্রতিজ্ঞা করেছেন, আর কোনওদিন দরখাস্ত করবেন না। হয়ত তিনি আপনাদের লাল ঝান্ডার সুপারিশ পাননি বলেই চাকুরি পাননি। কলেজ সার্ভিস কমিশন থেকে একটা ইন্টারভিউ ডাকা হল, ছেলেরাও এলেন, কিন্তু দেখা গেল এক্সপার্ট আসেননি, ফলে ইন্টারভিউ পিছিয়ে গেল। ইন্টারভিউর পর যে প্যানেল তৈরি করা হয় তার লাইফ টাইম ওয়ান ইয়ার।

[3-45 — 3-55 p.m.]

খোঁজ নিয়ে দেখুন যে কোনও ইয়ারে ওয়ান থার্ড অব দি প্যানেল আপনি চাকুরি দিতে পেরেছেন কি না। টু থার্ড অব দি প্যানেল ফ্রাস্টেটেড হয়ে সার্ভিস কমিশনের প্রতি অনাস্থা আনতে চায় কারণ এর মধ্যে গণতান্ত্রিক কোনও সিস্টেম নেই বলে। আর একটা কথা বলি, এই ঘটনাও বিরল নয়, অ্যানুয়াল রিপোর্টের মধ্যে পাওয়া যাবে যে একটা প্যানেল হয়েছে, যিনি সেই প্যানেলের লাস্টম্যান তিনি সেই অ্যাপয়েন্টমেন্ট পেলেন। কি করে তিনি সেটা পেলেন? স্পেশ্যাল পেপারের কারসাজিতে প্যানেলের যিনি লাস্টম্যান তিনি অ্যাপয়েন্টমেন্ট পেলেন। এটা সম্ভবত ১৯৮৪-৮৫ সালের কলেজ সার্ভিস কমিশনের রিপোর্টে আছে। তিনি কেন পেলেন? না, তার স্পেশাল পেপার যেটা তারা চেয়েছে সেটার জন্য হয়ে গেল। কিন্তু যে প্যানেলের ফার্স্টে আছে সে দেখল যে আমি এক নম্বরে আছি, আমার হল না, কিন্তু প্যানেলের যে ২০ নম্বরে আছে তার হয়ে গেছে। এর ফলে তার মধ্যে একটা ফ্রাস্টেশন দেখা দিচ্ছে। কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান একথা উল্লেখ করে বলেছেন যে এই অ্যাগোনির মূল্য দেওয়া যাবে না। যার জন্য ১৯৭৮ সালের ২০শে আগস্ট গভর্নমেন্ট একটা

অর্ডার বের করেছিলেন যে এই সব চলবে না। কিন্তু সেই অর্ডরের ক্ষেত্রে কমিশন বলেছেন যে অর্ডারটাতে তার ব্যাখ্যা পাওয়া যাচ্ছে না, এর পর কি করণীয় তা বোঝা যাচ্ছে না। এখনও পর্যন্ত অ্যাপয়েন্টমেন্ট হয়ে যাচ্ছে। যে কলেজে অনার্স আছে, সোশিয়লজিতে স্পেশ্যাল অনার্স হয়ত দরকার একটা কলেজে, সেখানে দেখা গেল কমিশন ইন্টার রিলেশন সাবজেক্ট নিয়ে সেই কলেজে পাঠিয়ে দিল। অনার্সের ছেলেরা চিরকালের জন্য ঐ পেপারে একটা ভাল টিচারের জন্য পেল না। এই অসুবিধাগুলি কলেজ সার্ভিস কমিশন কন্টিনিউয়াস ফেস করে যাচ্ছেন এবং কোনও সদুত্তরও দিতে পারছেন না। আমাদের কলেজ সার্ভিস কমিশনের একটা কথা ছিল যে তারা সিলেকশন করবে। অশোক মিত্র কমিশন বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ রেকমেন্ডেশন করেছেন এবং তাতে বলেছেন যে কলেজ সার্ভিস কমিশন একটা প্যানেল তৈরি করবে, কিন্তু কলেজ অ্যাপয়েন্টমেন্ট দেবে। আপনি নিশ্চয়ই দেখেছেন, ৩৩২ পৃষ্ঠায় এ কথা বলা আছে যে দি কলেজ will make their own appointment from within the list after notifying the vacancy and selecting one of the candidates from the college service commission panel. এই রেকমেন্ডেশন মেনে নিলে অনেক সুবিধা হবে। কলেজ দেখবে যে কোন জায়গায় কোন পেপারের উপরে ভ্যাকান্সি আছে। আপনি বললেন যে ৬,৯৯৫ জন লেকচারার অ্যাপয়েন্ট হয়েছে, ৩ শত প্রিন্সিপ্যাল দিয়েছেন, এগুলি খুব ভাল কথা। কিন্তু আমাদের পক্ষ থেকে সব চেয়ে গুরুত্বপূর্ণ কথা হচ্ছে যে এখানে রাজনীতি পুরোপুরি চলছে, গত অধিবেশনেও এই ব্যাপারে বলেছি। এই অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে আপনাদের না বলাই ভাল, বললে আপনারা লজ্জা পাবেন। আমি বিনীত ভাবে নিবেদন করব যে পুরানো কথা তুলে এই সিরিয়াস ব্যাপারটাকে এত হাল্কা করে দেখবেন না। আপনি অবস্থাটা একটু বুঝে দেখুন। ১৯৮৬ সালে ৩২টি কলেজে অধ্যক্ষ নিয়োগের জন্য অ্যাডভার্টাইজ করা হয়। তার মধ্যে ২৯টি কলেজে দরখাস্ত পড়ে। তিনটি কলেজে আদৌ কোনও দরখাস্ত পড়েনি। আবার ২৯টি কলেজের মধ্যে ৮টি কলেজে কোনও যোগ্য অধ্যক্ষ পাওয়া গেল না। আর একটা কলেজ সার্ভিস কমিশনের অসুবিধা কি? যারা কলকাতায় ছিল তারা চাকুরি পাবার জন্য হয়ত মফস্বলের একটা কলেজে গেল। কিন্তু তার পরের বছর অন্য জায়গায় যাবার জন্য দরখাস্ত করল। যাদের আপনাদের পার্টির ছাপ আছে তারা আবার পরের বছর কলকাতায় চলে এলেন। তার ফলে মফস্বলের ঐ কলেজে ঐ ভ্যাকান্সি ফিলড আপ করতে কি অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে সেটা আপনারা সকলেই বুঝতে পারছেন। এর ফলে কলেজ সার্ভিস কমিশনের কোনও সুবিধা মফস্বলের কলেজগুলি পাচ্ছে না। কাজেই কলেজ সার্ভিস কমিশনের উপরে আবার যদি চাপ দেওয়া যায় তাহলে অবস্থাটা কি দাঁড়াবে সেটা সহজেই অনুমেয়।

আপনি যে বিল এখানে এনেছেন সেই সম্বন্ধে আমার কিছু প্রশ্ন আছে। একটা ছেলে দরখাস্ত করল, তার এলিজিবিলিটি ছিল, সে এমপ্যানেলের জন্য গেল। মনে করুন তার অ্যাপয়েন্টমেন্ট হল না, আবার কি তাকে এলিজিবিলিটি টেস্ট দিতে হবে? এই ব্যাপারটা আপনি দয়া করে জানিয়ে দেবেন। আপনি উল্লেখ করেছেন এই বিলে যে আমাদের মেম্বার ৫ থেকে ৭ করতে হবে। এটা কেন করা হবে তার কারণটা আমি বুঝলাম না। আমি এই বিল পাওয়ার পরে কলকাতার কয়েক জন্য অধ্যাপকের সঙ্গে মিট করেছি। সত্যি কিনা জানি

না এই সার্ভিস কমিশনে ৫ জন যে মেম্বার আছেন তাদের প্রত্যেকের একটা পলিটিক্যাল আইডেন্টিটি আছে। আমি যে কথা বললাম সেটা যদি মিথ্যা হয় তাহলে আমিই সব চেয়ে বেশি খুশি হব। আমি যত দূর জানি এবং খোঁজ নিয়ে দেখেছি এই ৫ জন মেম্বারের মধ্যে ৪ জন হচ্ছেন সি. পি. এম. দলভুক্ত এবং একজন ফরোয়ার্ড ব্লকের। আপনি এই যে দুজন মেম্বার বাড়াচ্ছেন সেটা কমিশনের স্বার্থে বাড়াচ্ছেন না কি বামপন্থিদের স্বার্থে বাড়াচ্ছেন কলেজের অধ্যাপকরা সেটা ভাবছে। এই কমিটিতে—আমরা কাগজে দেখেছি—অনেক দিন ধরে সি. পি. আই. এবং আর. এস. পি.-র লোকেরা দাবি করছে তাদের লোক নিতে হবে। এই ৫ জনের মধ্যে যদি আপনি একজন সি. পি. আই এবং আর একজন আর. এস. পি.-র লোক নেন তাহলে আপনার দল কোনও সময় হেরে যেতে পারে। সেই জন্য ৫ থেকে ৭ করার চেষ্টা করছেন যাতে আপনাদের ওই ৪ জন থেকে যায় এবং আপনাদের দলকে হারতে হয় না, এটা হল আমাদের ধারণা। এটা যদি মিথ্যা হয় আমরা খুশি হব। আপনি লায়েবিলিটি রেখেছেন ২ লক্ষ টাকার। ১৯৮৯-৯০ সালের অ্যানুয়াল রিপোর্টটা দয়া করে আপনি একটু পড়ুন, আমার মনে হয় আপনি নিশ্চয়ই পড়েছেন। প্রতি বছর যা খরচ সেটা আমাদের সরকার দিতে পারে না। আপনি কি ফিজ কালেকশন করবেন? একেই তো সরকার ভাঁড়ে মা ভবানী, তার পর আবার ২ লক্ষ টাকা বাড়ছে। যারা অ্যাপ্লিকেন্ট হবে তাদের কাছ থেকে ফিজ বাড়িয়ে টাকা তুলবেন কিনা এই ব্যাপারে আমাদের একটা সন্দেহ থেকে যাচ্ছে। এই যে কলেজ সার্ভিস কমিশনের ব্যাপারে যে বিল এনেছেন এর উদ্দেশ্য মহৎ হলেও বাস্তব অভিজ্ঞতা হচ্ছে মহৎ উদ্দেশ্য আপনাদের দ্বারা সাধিত হচ্ছে না। সেইজন্য আমি এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করছি।

**শ্রী সুভাষ গোস্বামী** ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন (অ্যামেন্ডমেন্ট) বিল এনেছেন আমি তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। এই বিলের উপর আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে বিরোধী দলের তিন জন মাননীয় সদস্যর বক্তব্য আমি শুনলাম। শুনে মনে হল তারা একটা ফোবিয়ায় ভুগছে, রাজনৈতিক ফোবিয়ায় ভুগছেন। সব জায়গায় তারা রাজনীতির গন্ধ পাচ্ছেন, আপনারা সব জায়গায় অভিসন্ধি খোঁজার চেষ্টা করছেন। এই বিলের মধ্যে খারাপটা কি আছে আমি বুঝতে পারছি না। তারা কি ভুলে গেলেন এই প্রাইভেট কলেজগুলোতে যখন গভর্নিং বডি ছিল তখন ওই সমস্ত লেকচারার নিয়োগের ব্যাপারটা তাদের দায়িত্বে ছিল, তখন কি অবস্থা চলছিল এই লেকচারার নিয়োগের ব্যাপারে, কি না হয়েছে সেখানে? বিভিন্ন সময় লেকচারার নিয়োগ অনেক বিলম্বিত হয়েছে এবং যে কোয়ালিটির লেকচারার নিয়োগ হয়েছে সেটা আপনারা জানেন। এই কমিশন নিয়োগ হবার পর সেখানে অবস্থার অনেক খানি উন্নতি হয়েছে এই কথা স্বীকার করতেই হবে। হ্যাঁ, কিছু ক্ষেত্রে লেকচারার নিয়োগে বিলম্ব ঘটছে। অনেক জায়গায় লেকচারাররা পছন্দমতো স্থানে নিয়োগপত্র পাচ্ছে না, তারা যেতে চাইছেন না। ফলে সেখানে কিছুটা বিলম্বিত হচ্ছে। এখানে কোনও কিছু করার নেই। যদি ভেকেন্সি কুচবিহারের হয়, কলকাতার লোকের যদি প্যানেলে নাম থাকে তাহলে তাকে কুচবিহারে যেতে হবে, কোনও উপায় থাকে না। এ ছাড়া কলকাতা সার্ভিস কমিশনে নির্বাচনে কেনা দুর্নীতি হচ্ছে, কোনও দলবাজি হচ্ছে কোনও অধ্যাপকের পদে কোনও যোগ্যতা সম্পন্ন কোনও লোককে বাদ দিয়ে কম যোগ্যতা সম্পন্ন লোককে নিয়ে করা হয়েছে এই রকম

কোনও অভিযোগ উঠেনি।

[3-55 — 4-05 p.m.]

আজকে যেটা করতে হচ্ছে এটা হঠাৎ করে কারও মাথায় গজিয়ে উঠেনি। ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের এটা নির্দ্দেশ, সমস্ত জায়গায় এটা করতে হবে। একটা স্ক্রিনিং টেস্ট, এলিজিবিলিটি টেস্ট করে যারা যোগ্য বিবেচিত হবেন তারাই একমাত্র লেকচারারশিপে নির্বাচিত হতে পারবেন। এতে ভাল হবে। এটা তো ডাবল চেকিং-এর ব্যবস্থা। শিক্ষাগত যোগ্যতা যাদের আছে তারাই এই কাজের উপযুক্ত হতে পারবেন। ওরা কি এটা চান না? স্কুলের ক্ষেত্রে কি ঘটছে, যেখানে চেকিংয়ের ব্যবস্থা আছে—সেখানে ডিগ্রির জন্য, পরীক্ষার জন্য একটা মার্কিং, করা আছে। কোন ডিভিসনে পাশ করলে কত মার্ক হবে, ট্রেনিং থাকলে কি মার্কস হবে, সবই ঠিক করা আছে এবং সামান্য মাত্র মার্কস ধরা আছে নির্বাচক মন্ডলীর হাতে। সেখানে স্কুলে দেখা যাচ্ছে, স্কুল কমিটি, ম্যানেজিং অনেক কম যোগ্যতা সম্পন্ন লোককে নিয়োগ করছেন। এক একজন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০-৩০-৫—৬০ হাজার টাকা পর্যন্ত লেনদেন হয়ে যাচ্ছে। দেখা যাচ্ছে যে অধিক যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে বাতিল করে কম যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে নিয়োগ করা হচ্ছে। এই অবস্থায় দাবি উঠছে যে স্কুল সার্ভিস কমিশনের ব্যবস্থা হোক, তা না হলে দুর্নীতি বন্ধ করা যাবে না। এই অবস্থায় ওরা কি চাইছেন এই জিনিস চলুক? গ্রামেগঞ্জে যে সমস্ত স্কুল আছে, ধান্ধাবাজ মানুষ আছে যারা সবকিছু লুটেপুটে খাচ্ছে, তারাই চালাবে? সবকিছু দেখে ওরা চুপ করে থাকবেন? স্কুলে অনেক গার্ড দেবার পরেও এটা ঘটছে। শিক্ষাক্ষেত্র, যেখানে বিশাল সংখ্যক শিক্ষক ও ছাত্ররা আসবে, সেখানে এই জিনিস চলবে? ওরা কোনটা চান? ওদের উদ্দেশ্যটা কি? আমরা সন্দেহ করছি, ওরা কোনটা চাইছেন? যেটা এতদিন ধরে চলছে, অধিক যোগ্যতাসম্পন্ন মানুষকে বাদ দিয়ে কম যোগ্যতাসম্পন্ন মানুষকে সেখানে নিয়োগ করা হবে? আজকে ভাল ব্যবস্থা হয়েছে। কলেজে অনেক ভাল ভাল শিক্ষক আসছেন। পল্লীগ্রামে যেখানে উপযুক্ত মানের অধ্যাপক পাওয়া যেত না, সেখানে ভাল শিক্ষকরা যাচ্ছেন, পড়াশোনার উন্নতি হয়েছে। একে অভিনন্দন জানানো উচিত। কলেজ সার্ভিস কমিশন কয়েক বছর ধরে চলে আসছে, এত বছরের মধ্যে এই অভিযোগ ওঠেনি। আজকে এই অভিযোগ উঠছে কেন? একটা নতুন ব্যবস্থা করেত চাইলে কিছু পরিবর্তন করতে হয়। একটা পরিবর্তনের কথা ভাবা হচ্ছে। সেই পরিবর্তনের কথা উঠলে বিরোধী পক্ষের সদস্যরা দুর্নীতির অভিসন্ধি আছে এইসব খুঁজে পান। উচ্চশিক্ষা মন্ত্রী শিক্ষাক্ষেত্রে পরিবর্তন আনার জন্য এই বিল এনেছেন। এই বিলকে সাধুবাদ জানাই। এটাকে সমর্থন করছি। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিদ্যুৎ দাস :** মাননীয় চেয়ারম্যান স্যার, উচ্চশিক্ষা মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন (অ্যামেন্ডমেন্ট) বিল যেটা এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাইছি। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা, তাদের তিনজন এখানে বক্তব্য পেশ করলেন, এই বিলের বিরোধিতা করলেন কেন সেটা বুঝতে সত্যিই অসুবিধা হচ্ছে।

আজকে এই বিরোধীপক্ষরা উচ্চ শিক্ষার স্বার্থে বিরোধিতা করছেন না কি তাদের

সংকীর্ণ দৃষ্টিভঙ্গির দিকে তাকিয়ে এর বিরোধিতা করছেন সেটা বুঝতে পারছি না। সৌগতবাবু বললেন যে এইসব সার্ভিস কমিশনগুলো তাদের আমলেই হয়েছে। তাদের আমলে কেন এগুলো হল সেটা কিন্তু তিনি উল্লেখ করলেন না। শিক্ষা সমাজকে, অধ্যাপক সমাজকে দীর্ঘদিন ধরে এই সার্ভিস কমিশন করার জন্য একটা আন্দোলন করতে হয়েছে। সেখানে কলেজ সার্ভিস কমিশন করার জন্য আজকে আমাদের দোষারোপ করা হচ্ছে। সেই সময়ে কলেজগুলিতে কিভাবে আপনারা কতৃত্ব করতেন, টিচার্স এবং প্রফেসরদের কলেজে অ্যাপয়েন্ট দিয়ে তাদের বাড়ির ভৃত্যের মতো ব্যবহার করা হত। যেকোনও সময়েই ছাঁটাই করা হত, কোনও নিয়ম নীতি মানার বালাই ছিল না। এইসব অধ্যাপকদের জন্য আমরা কতদিন কলকাতার রাজপথে বসেছি এবং তাদের পক্ষ থেকে দাবি তুলেছিলাম যে এইভাবে অন্যায়ভাবে ছাঁটাই করা চলবে না। সেই সময়ের থেকেই দাবি করা হয়েছিল এবং সমস্ত অধ্যাপক সমাজের পক্ষ থেকে এই দাবি করা হয়েছিল যে কলেজ সার্ভিস কমিশন তৈরি করে অধ্যাপকদের নিয়োগ করার ব্যবস্থা করুন। সেখানে ১৯৭৯ সালে কলেজ সার্ভিস কমিশন তৈরি হয়েছে এবং তারা কাজও শুরু করেছেন। আপনাদের সময়ে রাজনৈতিক অ্যাফলিয়েশন ছাড়া কোনও কলেজে অধ্যাপক নিয়োগ হয়নি। সেই সময়ে যতগুলি কলেজে অধ্যাপক নিয়োগ হয়েছে সেখানেই খোঁজ খবর করে দেখা গেছে যে আপনাদেরই লোক সেখানে নিয়োগ হয়েছিলেন। এই রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে, রাজনৈতিক অ্যাফিলিয়েশন, আনুগত্যের প্রশ্ন এখানে এসে পড়েছে। যেকথা বলা হয়েছে সেগুলো পুরোপুরি অবান্তর কথা। তারপরে বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশন ১৯৮৮ সালে যখন নতুন বেতনক্রম ঘোষণা করলেন তখন তারা এখানে এলিজিবিলিটি টেস্টের কথাও বলেছিলেন। ন্যাশনাল লেবেলেও করবেন এবং পরে তারা বলেছিলেন যে স্টেট লেবেলেও করতে পারেন। সেক্ষেত্রে রাজ্য সরকার যাতে এই এলিজিবিলিটি টেস্ট করতে পারেন সেই ব্যাপারেই এই বিল আনা হয়েছে এবং যেহেতু বেশিরভাগ কলেজই হচ্ছে বেসরকারি সেই হেতু কলেজ সার্ভিস কমিশনের এলিজিবিলিটি টেস্ট নেবার অধিকার দিতে হবে এবং সেই কারণেই এই বিলটি আনা হয়েছে। তারপরে প্রশ্ন উঠেছে যে, কলেজ সার্ভিস কমিশনের অভিজ্ঞতা কিছু নেই, সুতরাং এই দায়িত্ব পি. এস. সি.-র উপরে দেওয়া হোক। পি. এস. সি.-র ক্ষেত্রে বর্তমান যা অভিজ্ঞতা তাতে দেখা যাচ্ছে যে, সরকারি শিক্ষক ইত্যাদি নিয়োগের যে সমস্ত পরীক্ষা দি নেওয়া হয়, সেগুলো ঠিক সময়মতো নেন না। ১৯৮২ সালে কলেজ সার্ভিস কমিশন ইন্টারভিউয়ের জন্য চিঠি পাঠিয়ে ছিল ১৯৮৪ সালে পি. এস. সি. লোক দিয়েছে। তারপরে গত বছরে তো ডাক্তারদের প্যানেল হয়েছে গত এক বছর ধরে নতুন নতুন যে সমস্ত ভ্যাকেন্সি হচ্ছে তার জায়গায় লিখিত পরীক্ষা দিয়ে তার ইন্টারভিউ করে তার প্যানেল বার করতে করতেই অনেক সময় লেগে যায় তাদের, তার উপরে তাদের উপর আবার এই কলেজ সার্ভিস কমিশনের পরীক্ষাদির বোঝা চাপিয়ে কোনও লাভ নেই সেই কারণে নিরূপায় হয়ে এই দায়িত্ব নিতে সরকার বাধ্য হয়েছেন। ইউ. পি. এস. সি.-র প্রশ্নপত্র যে ফাঁস হয়েছিল সেক্ষেত্রে কার উপরে ভরসা করবেন? সুতরাং এটা একটু ভাবনা চিন্তার দরকার আছে। সুতরাং রাজনৈতিক দলের প্রভাব আছে এইসব কথা বলে বিলকে বিরোধিতা করবেন না, বিরোধিতা করার মতো হলে তবেই বিরোধিতা করবেন।

[4-05 — 4-15 p.m.]

সৌগতবাবু বললেন যে ইউ. জি. সি.-তে তাদের টেস্ট করে নিলে হোত, তার মানে '৭৫ সালে জরুরি অবস্থা জারি করে এই রাজ্যের খাত থেকে শিক্ষার ক্ষেত্রে যেটা কেড়ে নেওয়া হয়েছিল, সেটাকে টেনে নিয়ে গিয়ে আজকে যুগ্ম তালিকায় নিয়ে যাওয়া হয়েছে। এখনও পর্যন্ত সেটাই যাচ্ছে। শুধু তাই নয়, মনে হল যেন কেন্দ্রীয় সরকারের হাতে সরাসরি চলে গেলে শিক্ষাটা ভাল হবে। আমরা তার বিরোধিতা করি। আমরা এটাও লক্ষ্য করছি আজকে প্রশ্ন উঠেছে ৭ জনের জায়গায় ৫ জনের জন্য খরচ বেড়ে যাচ্ছে। সুতরাং সেই ২ লক্ষ টাকাটা কমাবার জন্য ৫ জন থেকে কমিয়ে একটা সংশোধনী এনেছেন সুব্রতবাবু এটাকে ৩ জন করে দেওয়া হলে ভাল হয়, কিংবা সার্ভিস কমিশনের কাজটাকে বন্ধ করে দেওয়া উচিত। উনি আবার বলেছেন এটা তুলে দেওয়া ভাল। আমি যদি সেটা ধরে নিই তাহলে বলতে হবে ওনারাই তো চিন্তাভাবনা করেছিলেন, আবার যখন প্রতিষ্ঠা হয়েছে তখন সেটাকে তুলে দিতে চাচ্ছেন। তাহলে এখানে চিন্তা-ভাবনাটা কেমন হল সেটা সুব্রতবাবুকে ঠান্ডা মাথায় ভাবতে বলি। এখানে কিভাবে সার্ভিস কমিশনে নাম্বারগুলি দেয়, কোয়ালিফিকেশনের নাম্বার বাঁধা আছে, এখানে শুধু সিলেকশন যখন হয়, ইন্টারভিউ যখন হয় সেখানে শুধু সার্ভিস কমিশনের মেম্বাররা থাকেন না, সেখানে যে সাবজেক্টের টিচার নেওয়া হয়, সেই সাবজেক্টের টিচার থাকেন, সেখানে ভাইস-চ্যান্সেলার-এর নমিনি থাকেন, চ্যান্সেলারের নমিনি থাকেন। সুতরাং এই ধরনের কথা বলাটা হচ্ছে অবান্তর। সৌগতবাবু একটি কথা বললেন, তার কাছে উদাহরণ আছে, কলকাতার ২টি ছেলে একজন এক্স, আর একজন ওয়াই ; এক্স একটু বেটার পজিশনে আছে তাকে দেওয়া হল দিনহাটায়, আর ওয়াইকে দেওয়া হল কলকাতায়। যিনি বেটার কোয়ালিফায়েড ছেলে তাকে যদি দিনহাটায় দেওয়া হয় তাহলে তো ভালই, মফস্বল অঞ্চলের ছেলেরা যদি ভাল শিক্ষার সুযোগ পায় তাহলে তাতে আপত্তিটা কোথায়? তাহলে কি এটা খারাপ হবে? এটা যে কেন বললেন আমি বুঝতে পারলাম না। সৌগতবাবু বললেন রি-এমপ্লয়মেন্টের ব্যাপারে, যারা প্রিন্সিপাল আছেন, অধ্যক্ষ আছেন কলেজে তাদেরকে একটা লাইন লিখে দিতে হয়, সেটা হল হিজ সার্ভিস ইজ ইন্ডিসপেন্সিবিল ফর দি কলেজ। আজ পর্যন্ত কেউ বলতে পারেন একজন টিচার তার ৬০ বছর যখন পূর্ণ হয়ে গেল তিনি ইন্ডিসপেন্সিবিল, সে ছাড়া কলেজ চলবে না। এটা যদি লিখে দিতে হয় তাহলে তাতে আপত্তি কিসের। আমি বলছি রিটায়ারমেন্ট বেনিফিটে অন্য স্তরে যারা আছেন আমাদের গভর্নমেন্টের ক্যাডারে তাতে তাদের সমান করে দেওয়া হোক এবং রিটায়ারমেন্টের সঙ্গে সঙ্গে সেটা দেওয়া হোক। এই বলে বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী ওয়েস্ট বেঙ্গল কলেজ সার্ভিস কমিশন (অ্যামেন্ডমেন্ট) বি, ১৯৯২ যেটা এনেছেন তাকে আমি সমর্থন করছি। স্যার, এই বিলটা সময়পোযোগী হয়েছে এবং এর বিরোধিতা কেন হচ্ছে সেটা মাথায় ঢুকছে না। ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অনুমতিক্রমে এখানে কয়েকটি অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, আমি নিজে প্রাইভেট কলেজের সঙ্গে যুক্ত, প্রাইভেট কলেজগুলির যে অবস্থা কি বলব, আমি নিজে ১২/১৩ বছর ধরে আছি, আমি সেখানকার গভর্নিং বডির মেম্বার, আমি জানি প্রাইভেট কলেজগুলিতে অ্যাপয়েন্টমেন্টে নানান ধরনের ম্যানিপুলেশন হত।

সেই সার্ভিস কমিশন করে সেগুলোকে কন্ট্রোল করা, তাদের শিক্ষাগত যোগ্যতা বাড়ানোর ব্যবস্থায় তো এখানও করা হচ্ছে। দেশটার মধ্যে শিক্ষাগত ব্যবস্থাটা আরও উন্নত হচ্ছে। তারই ভিত্তিতে এটা আনা হয়েছে, এই মডেলটা আনা হয়েছে, কোথাও ডিফেক্ট যদি থাকে তাহলে পরে দেখা যাবে। দেশটা যারা চালাচ্ছে তারা কি ভাল কাজ করছে। কেন্দ্রীয় বিদ্যালয়গুলোতে আমরা দেখছি। আমাদের প্রশ্নটা হচ্ছে কলেজ সার্ভিস কমিশনের এলিজিবিলিটি টেস্ট করার কথা যা অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেটাকে পুরোপুরি সমর্থন করা যায়। এই কমিশনের লোক নিয়োগ করার সময় যদি আমরা শুনি কোনও কাজ হচ্ছে না, নিয়ম বহির্ভূত কাজ হচ্ছে, সেখানে আলাপ-আলোচনার অনেক সুযোগ আছে। আমি আরেকটা বিষয় মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমরা অনেক সময় দেখি কলেজে অনেক পদ খালি পড়ে আছে, অনেক সময় কমিশন ঠিকমতো বা সময়মতো লোক দিতে পারে না তাহলে খুব মুশকিল হবে। কোনও কোনও কলেজে প্রিন্সিপ্যাল নেই। এগুলো আপনাকে দেখতে হবে। এলিজিবিলিটি টেস্ট ডেফিন্টেলি হওয়া উচিত, সে সায়েন্স বলুন, লিটারেচার বলুন যে প্রস্তাব এখানে বলা হয়েছে তা হওয়া উচিত। আমরা দেখতে পাই উত্তরবঙ্গতে ভ্যাকান্সি হল, কিন্তু কলকাতা থেকে লোক যেতে চায় না, তাহলে তো মুশকিল হয়ে যাবে। ভ্যাকান্সি জানানো সত্ত্বেও পদগুলো পূরণ করা হয় না। আমাদের মেদিনীপুরে অনেক জায়গায় এই রকম পদ কলেজগুলোতে খালি পড়ে আছে। অনেক জায়গায় অ্যাক্টিং-কে দিয়ে কাজ করানো হচ্ছে। এই রকম বহু জায়গায় হচ্ছে। আরেকটা জিনিস আমি বলব, কলেজ শিক্ষকরা আজকাল মাসিক বেতন যা পান তা খুব একটা কম নয়। আর প্রিন্সিপালরা বোধ হয় রাষ্ট্রপতির উপর বেতন পান। কিন্তু তারা ক্লাস না করলে তাদের তো কোনও রকম কিছু করা যায় না। আজকে বহু কলেজে বহু পদ খালি পড়ে আছে। আজকে অনেক জায়গায় পার্ট টাইম লেকচারার দিয়ে কাজ চালানো হচ্ছে, তারা ঠিকমতো পয়সা কড়ি পান না। আমি আপনার কাছে বিশেষভাবে নিবেদন করব, এইগুলোর রক্ষা-কবচ কিভাবে করা যায় সেটা দেখার জন্য।

[4-15 — 4-25 p.m.]

খালি কমিশনটা যেটা করা হয়েছে, অত্যন্ত সময়পোযোগী হয়েছে এবং এই কমিশনের যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, সেটার খুবই প্রয়োজন ছিল। আমি নিজেকে একটা কলেজের সঙ্গে যুক্ত থেকে বুঝেছি, আজকে এটার প্রয়োজন ছিল। যদি শিক্ষকদের শূন্য পদগুলো পূরণ করতে না পারা যায় তাহলে খুব অসুবিধা হবে। রেগুলার শিক্ষক না থাকার ফলে খুব ক্ষতি হয়ে যাচ্ছে, বিশেষ করে সায়েন্স সাবজেক্টে অনেক শিক্ষক নেই। সেইগুলো পার্ট টাইম লেকচারার দিয়ে কাজ করানো যায় না, প্র্যাকটিক্যাল ক্লাস, ল্যাবরেটারি ক্লাস ঠিকমতো করা যায় না। এইগুলো দেখতে হবে। সব শেষে আমি বলব, এই কমিশন আজকে এলিজিবিলিটি টেস্টের জন্য যাই করুন না কেন, পার্টিকুলার সাবজেক্টের জন্য এক্সপার্ট রেখে যাতে এলিজিবিলিটি টেস্টের ব্যবস্থা করা হয় এবং সময় মতো যাতে শিক্ষকের শূন্য পদ যেন পূরণ করা ব্যবস্থা করা হয়, এই বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা বিন কাশিম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী আজকে যে সংশোধনী বিল এখানে উপস্থিত করেছেন, আমি প্রথমে এই বিলকে পুরোপুরি সমর্থন

করছি এবং ইতিমধ্যে আমরা সভায় জেনেছি, কেন মন্ত্রী মহাশয়কে এই বিল আনতে হল এবং এই সংশোধনী আইন পাস করাতে হচ্ছে। ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন সিদ্ধান্ত করেছে যে এখন থেকে ভারতবর্ষের যে কোনও বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় সমতুল শিক্ষা প্রতিষ্ঠান ডিমড ইউনিভার্সিটি, সব ধরনের কলেজ, সব ধরনের কলেজে সরকারি, বেসরকারি আবেদন করতে গেলে শিক্ষকতা পদে, তার আগে একটা যোগ্যতা নির্ধারক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে, এলিজিবিলিটি টেস্টে উত্তীর্ণ হতে হবে, তারপর সে আবেদন করতে পারবে। এই পরীক্ষাটা ইউ. জি. সি. বাধ্যতামূলক করেছে। আমাদের রাজ্যের ক্ষেত্রেও এই পরীক্ষার ব্যবস্থা করতে হচ্ছে এবং এই পরীক্ষার দায় দায়িত্ব ইতিমধ্যে আমাদের রাজ্যের যে কলেজ সার্ভিস কমিশন রয়েছে, তার উপর দায় দায়িত্ব দেবার জন্য এই বিল আনার দরকার হয়ে পড়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আশির দশকের মাঝামাঝি কেন্দ্রীয় সরকার তদানিন্তন তাদের যে নুতন শিক্ষা নীতির প্রস্তাব রাখেন, সেই প্রস্তাবের একটা জায়গায় বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলোর ক্ষেত্রে শিক্ষক নিয়োগের বেলায় অন্তত এন্ট্রি পয়েন্টে, প্রথম প্রবেশের সময় সর্বভারতীয় ভিত্তিতে, জাতীয় স্তরে এই ধরনের পরীক্ষা নেবার সুপারিশ করেন। যখন এই শিক্ষা নীতি প্রকাশিত হয়, তখন এই প্রস্তাব নানা মহল থেকে বিরোধিতার সম্মুখীন হয়। মাননীয় সদস্য, বিশেষ করে বিরোধী দলের সদস্যদের মনে করিয়ে দিতে চাই, সারা ভারতবর্ষের যে শিক্ষক সমাজ, তাদের যে সংগঠন, আই. এফ. ইউ. সি. কে. টি. ও. এই প্রস্তাবের বিরোধিতা করেছিল। আমাদের রাজ্যের কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বিরোধিতা করেছিলেন। সারা দেশে শিক্ষক সমাজের একটা বিরাট অংশ এর বিরোধিতা করেছিলেন। কারণ সারা দেশে জাতীয় স্তরে যদি একটা পরীক্ষার ব্যবস্থা করেন, তা ইউ. জি. সি.-র ব্যবস্থাপনার হোক বা কেন্দ্রীয় সরকারের শিক্ষা দপ্তরের ব্যবস্থাপনায় হোক, রাজ্যগুলোতে শিক্ষার ক্ষেত্রে অবাঞ্ছিত ভাবে কিছু শিক্ষক নিয়োগের আশঙ্কা থেকে যাবে।

[4-25 — 4-35 p.m.]

যেটা কাম্য নয়। উচ্চ শিক্ষার ক্ষেত্রে আরও কেন্দ্রীভবন সেখানে ঘটবে। এর জন্যই বিরোধিতা ছিল। আর একটা বড় কারণ দেখানো হয়েছিল, শিক্ষক সমাজের পক্ষ থেকে দাবি তোলা হয়েছিল—একথা ঠিক আমাদের ভারতবর্ষ একটা দেশ এবং গোটা দেশে শিক্ষার প্রত্যেকটা স্তরে একটা সাধারণ সমতা থাকা নিশ্চিতভাবে ভাল। কিন্তু আমাদের ভারতবর্ষে যে রাজ্যগুলি রয়েছে সেগুলিতে অঞ্চল ভিত্তিতে কতগুলি স্বতন্ত্র বৈশিষ্ট্য রয়েছে। অঞ্চল ভিত্তিক বৈচিত্র্য আছে নানা দিক থেকে। পরিবেশ, পরিস্থিতির বৈশিষ্ট্য আছে, বৈচিত্র্য আছে। ভাষাগত বৈচিত্র্য, বৈশিষ্ট্য আছে। সংস্কৃতিগত বৈচিত্র্য, বৈশিষ্ট্য আছে। একটা রাজ্যের শিক্ষা ব্যবস্থা তার নিজস্ব বৈচিত্র্য, বৈশিষ্ট্য গুলিকে উপেক্ষা করে গড়ে উঠতে পারে না এবং সেটা বাঞ্ছিতও নয়। দেশের সার্বিক শিক্ষার সঙ্গে, মূল ধারার সঙ্গে সমতা রেখে বৈচিত্র্যগুলিকে, বৈশিষ্ট্য গুলিকে মানতে হয়। উপর থেকে বা বাইরে থেকে সর্বভারতীয় ভিত্তিতে শিক্ষক পাঠিয়ে দিলে রাজ্যগুলির প্রয়োজন সব সময় মেটে না, উপেক্ষিত হয়। সে জন্যই সর্বভারতীয় একটা পরীক্ষার অনেকেই বিরোধিতা করেছিলেন এবং পরবর্তীকালে প্রস্তাবটি ওরা সংশোধন করেছেন। জাতীয় স্তরে এই ধরনের যোগ্যতা নির্ধারণের পরীক্ষা ছাড়াও রাজ্য স্তরে রাজ্য সরকার বিশেষ কোনও প্রতিষ্ঠানের মাধ্যমে এই পরীক্ষা করতে পারবেন, এটা তারা মেনে নিয়েছেন। মাননীয়

শিক্ষা মন্ত্রীকে অভিনন্দন, রাজ্যের শিক্ষার সার্বিক প্রয়োজনের কথা মনে রেখে তিনি রাজ্য স্তরে এই ধরনের এলিজিবিলিটি টেস্টের প্রস্তাব মেনে নিয়েছেন এবং এই পরীক্ষার দায় দায়িত্ব আমাদের কলেজ সার্ভিস কমিশনের উপর অর্পণ করছেন। এই প্রসঙ্গে স্যার, আমি বলতে চাই যে, এখানে ইউ. জি. সি.-র যে রকম রিকোয়েস্ট বা অনুরোধ আছে—আমরা জানি ইউ. জি. সি. এই ধরনের চাপ রাজ্য সরকারগুলির উপর দেন এবং এ কথা বললে কোনও অত্যুক্তি হবে না এবং অপ্রাসঙ্গিক হবে না। আমাদের দেশে যে যুক্ত রাষ্ট্রীয় কাঠামো আছে তাতে কোনও ক্ষেত্রে, নানান ক্ষেত্রেই কেন্দ্রীয় সরকার নানান ভাবে তাদের নিয়ন্ত্রণ এবং হস্তক্ষেপ প্রসারিত করেছেন, শিক্ষা ক্ষেত্রেও তার কোনও ব্যতিক্রম নয়, এখানেও কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণ, হস্তক্ষেপ অনেক সময় অনেক ভাবে হয়েছে। ধারাবাহিক ভাবে তা প্রতিষ্ঠিত হয়েছে। মাননীয় সদস্য বলেছেন, আমাদের সংবিধান প্রণেতারা তাদের উইসডমে মনে করেছিলেন শিক্ষা রাজ্য তালিকায় থাকা উচিত, রেখেও ছিলেন। কিন্তু জরুরি অবস্থার সুযোগে শিক্ষাকে কনকারেন্ট লিস্টে বা যুগ্ম তালিকায় নিয়ে নিলেন। আর ইউ. জি. সি.-র কাজ অন্য যাই হোক না কেন, কেন্দ্রীয় সরকার অত্যন্ত চিন্তা ভাবনা করে, কেন্দ্রীয় সরকার উচ্চ শিক্ষার ক্ষেত্রে ইউ. জি. সি.-কে অন্যতম হাতিয়ার হিসাবে ব্যবহারে করে আসছেন। আমি ইউ. জি. সি.-র সদস্যদের প্রতি শ্রদ্ধা প্রকাশ করেই বলছি, আমার কোনও সদস্যের প্রতি কোনও বক্তব্য নেই, কিন্তু সংস্থা হিসাবে ইউ. জি. সি. একটা অত্যন্ত অগণতান্তিক সংস্থা। গোটা দেশের শিক্ষক সংগঠনের কোনও প্রতিনিধি সেখানে নেই। অনেক দিন ধরেই সেখানে শিক্ষক প্রতিনিধি নেবার দাবি এ. আই. এফ. সি. ইউ. টি. এ. করে আসছে। মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং আমার বন্ধু মাননীয় সদস্য শ্রী সঞ্জীবকুমার দাস ঐ সংগঠনের সদস্য। পশ্চিমবঙ্গে কলেজ শিক্ষক সমিতিও ঐ দাবি দীর্ঘদিন ধরে রেখে আসছে। কিন্তু এখনও ঐ দাবি মানা হয়নি। সুব্রতবাবুর কাছে আমার প্রশ্ন—আমাদের গোটা দেশের উচ্চ শিক্ষা নিয়ন্ত্রণের যে সংস্থা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, যার সিদ্ধান্ত রাজ্যগুলির কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলি গ্রহণ করে সেখানে কি রাজ্য সরকারগুলির কোনও প্রতিনিধিত্ব আছে? সেখানে রাজ্যের কি কোনও প্রতিনিধিত্ব আছে, যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে এই সংস্থা একদিকে যেমন অগণতান্ত্রিক তেমন আবার এরা অনেক সুপারিশ করে যা অনেক দিক দিয়েই যুক্ত রাষ্ট্রীয় নীতি বিরোধী। ওপর থেকে চাপিয়ে দেওয়া এইভাবে কাজ চলেছে। আমি স্মরণ করিয়ে দেব, ইউ. জি. সি. দাবি দিয়েছিলেন রাজ্যের মধ্যে উচ্চ-শিক্ষার ক্ষেত্রে যে সমস্ত সংস্থাগুলি আছে সেখানে ইউ. জি. সি.-কে ঢুকতে দিতে হবে এবং তদের প্রতিনিধি দিতে হবে। কিন্তু ইউ. জি. সি.-তে রাজ্যগুলির কোনও নির্দিষ্ট প্রতিনিধি থাকবে না। এই ব্যবস্থা তারা নিয়েছে। এই ধরনের সংস্থার অনুরোধেই বলুন আর চাপেই বলুন রাজ্য সরকারগুলিকে নির্দেশ আকারে পাঠিয়েছেন। সেটা মেনে নিতে গিয়ে এই পরীক্ষা ব্যবস্থা করতে হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন নীতিগতভাবে মেনে নিয়েছি। কলেজ সার্ভিস কমিশনের ব্যাপারে এখানে অনেক কথা বলা হল। কলেজ সার্ভিস কমিশন সম্পর্কে আপনারা সবাই জানেন, এই কলেজ সার্ভিস গঠনের পিছনে একটা নির্দিষ্ট যুক্তি কাজ করেছে, আপনারা ইমপ্লিমেন্ট করেননি। আমি শুধু আপনাদের স্মরণ করিয়ে দেব আগে কলেজগুলিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে—ব্যক্তিগতভাবে কারও সম্পর্কে বলার কিছু নেই—কোনও নিয়ম-কানুন মানা হত না আপনাদের সময়ে ১৯৭৭ সালের আগে। আমি এই প্রসঙ্গে সৌগতবাবুকে বলব এবং অন্যান্যদেরও বলব, পশ্চিমবাংলায়

শিক্ষা কমিশন ডঃ অশোক মিত্র যে রেকমেন্ডেশন পেশ করেছেন সরকারের কাছে সেটা সবার কাছেই আছে। আপনারা আপনাদের বক্তব্যের সমর্থনে মিত্র কমিশনের অনেক জায়গা উদ্ধৃতি দিয়েছেন। আপনারা এই কথা বলতে চেয়েছেন মিত্র কমিশন যেটা বলেছেন সেটা ঠিক ঐ ব্যাপারে। আপনাদের প্রয়োজনে মিত্র কমিশনের রিপোর্ট থেকে উদ্ধৃতি দিলেন আপনাদের বক্তব্যকে প্রতিষ্ঠা করার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি ডঃ অশোক মিত্র কমিশনের ছোট জায়গা উদ্ধৃতি আকারে রাখতে চাই এবং সেটা হচ্ছে আগে কিভাবে এই বেসরকারি কলেজগুলিতে শিক্ষক নিয়োগ হত। মিত্র কমিশনের, এডুকেশন কমিশনের রিপোর্ট অনুগ্রহ করে দেখবেন। প্যারা ২.২৫, Mr. Deputy Speaker, with your permission I quote, "In the period preceding 1977 the selection of teachers in non-government colleges was solely at the discretion for the powerful individual in the managing committee. No norms are either laid down or applied and the appointments were often characterized by corruption or nepotism. Such practices have been brought to an end with the enactment in 1978 of the College Service Commission Act. The act provides for an authority for the selection of teachers for college through a process of examinations, interviews etc. and posting of candidates from panel of candidates selected through this process." এটা হয়েছে আপনাদের সময়ে। প্রতিবেদনের অনেক জায়গায় বলেছেন, এখানেও প্রতিবেদনে এই ব্যবস্থা আছে এবং একটি কথা বলি, এখানে বারবার বলা হয়, না বলেও থাকা যায় না, ১৯৭৭ সালে রাজ্যবাপী নির্বাচনে পশ্চিমবাংলার বেশিরভাগ মানুষ আপনাদের অনেকগুলি অপরাধের জন্য রাজ্যের ক্ষমতা থেকে বিতাড়িত করেছেন এবং শিক্ষা ক্ষেত্রে অপরাধ অত্যন্ত বড় অপরাধ ছিল। আমি বিস্তারিতভাবে বলতে চাই না। আপনারা গোটা শিক্ষার অঙ্গনকে কলুষিত করেছেন। বামফ্রন্ট সরকার তার নানা ব্যবস্থার মধ্যে দিয়ে কলুষিতকে মুক্ত করে শিক্ষার ক্ষেত্রকে সুস্থির করেছেন এবং নানা ব্যবস্থার মধ্যে একটা ইনস্টিটিউশনাল অ্যারেঞ্জেমেট হয়েছে এবং কলেজ সার্ভিস কমিশন গঠন করেছেন। এটা ১৯৭৮ সালের আইন, ১৯৭৯ সালে অ্যাকচুয়ালি কলেজ সার্ভিস কমিশন প্রতিষ্ঠিত হল। আপনাদের সময়ে টিচার'স অ্যাপয়েন্টমেন্ট অনেক হয়েছে অন কন্সিডারেশন other than academic। কিন্তু বামফ্রন্ট সরকার কলেজগুলিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একমাত্র কন্সিডারেশন একাডেমিক। শিক্ষাগত যোগ্যতা, দক্ষতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে যাতে হয়, শিক্ষাগত মানের যাতে সমতা থাকে, সরকারের নির্ধারিত নীতি অনুযায়ী সিলেকশন হয়, তাই জন্য কলেজ সার্ভিস কমিশন করেছেন, এটাই বাস্তব। কলেজ সার্ভিস কমিশন সম্বন্ধে আপনারা অনেক কথাই বলেছেন। কিন্তু সিলেকশনের ব্যাপারে কলেজ সার্ভিস কমিশন যে প্যানেল করেছেন এই প্যানেলের ব্যাপারে কোনও বিরূপ সমালোচনা নেই। এটাই হচ্ছে বাস্তব। সিলেকশনের ব্যাপারে কিছু নেই।

বিদগ্ধ জনেরা সেই সিলেকশন কমিটিতে কাজ করেন আপনারা বলতে পারবেন না। আপনারা উদাহরণ দিলেন এই রকম অ্যাপয়েন্টমেন্ট হয় না। অন্য কোনও রকম কারণ থাকতে পারে। আপনি বলতে পারেন, একটি কলেজের গভর্নিং বডির প্রেসিডেন্ট একজন মাননীয় বিধানসভার সদস্য শ্রী জগদীশচন্দ্র দাস মাই লারনেড সি. পি. এমের সদস্য কলেজের

গভর্নিং বডির প্রেসিডেন্ট, এমন একজন আছেন এলাকার প্রতিষ্ঠিত কংগ্রেস নেতা বলে পরিচিত—কংগ্রেস বলেই সবাই খারাপ বলছি না—অনেকদিন ছাত্র পরিষদ করেছেন গভর্নিং বডির প্রেসিডেন্ট কলেজ সার্ভিস কমিশনের জন্য তার চাকুরি পেতে অসুবিধা হয়নি। নাম করলে যদি অসুবিধা না হয় তাহলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি তার নামটা বলতে পারি শ্রী প্রদীপকুমার সুর কাঁচড়াপাড়া কলেজ। সিলেকশনের ক্ষেত্রে রাজনীতি হয় এটা শুধু সংকীর্ণ সমালোচনা ছাড়া আর কিছু নয়। সিলেকশন সম্পর্কে যে প্রশ্ন উঠেছে তাতে অনেক ক্ষেত্রে বিলম্ব হয়েছে, বিলম্ব হওয়ার কারণ আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব পোস্টিং এর ক্ষেত্রে যে বিলম্ব সেই বিলম্বকে কেন্দ্র করে নানা কথাবার্তা উঠেছে। কাজ কর্মের ত্রুটি দুর্বলতা যাই বলুন তা পোস্টিংকে কেন্দ্র করে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই বিলম্বের কারণ কি? এই পরীক্ষা ব্যবস্থা করতে গেলে কলেজ সার্ভিস কমিশনের কাজের চাপ বাড়বে, তার জন্য সদস্য সংখ্যা বাড়তে পারে, তার প্রয়োজন আছে। অন্য কোনও কারণ নেই। মাননীয় সঞ্জীববাবু তার মতো করে বলেছেন কাজের চাপ বাড়বে, ৫ জনের জায়গায় ৭ জন করতে হবে। এই কারণেই করা হয়েছে, অন্য কোনও কারণ নেই। কলেজ সার্ভিস কমিশনের ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে কোনও ঘাটতি আছে কিনা অফিসার কর্মচারিদের কথাও কমিশনকে ভাবতে হবে। কমিশনের সঙ্গে আলোচনা করে সরকারকে সেটা দূর করতে হবে। তাহলে বিলম্ব দূর করা যাবে। সুখের বিষয় কলেজ সার্ভিস কমিশন থেকে যে নাম পাঠানো হচ্ছে সে সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে সেটা দেখা দরকার। এই কথা বলে এই বিলকে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নাউ, ডাঃ জয়নাল আবেদিন।

মাননীয় সদস্য সভায় উপস্থিত না থাকায় শ্রী সুব্রত মুখার্জি মহাশয় বক্তব্য রাখতে উঠে দাঁড়ান)

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, পয়েন্ট অফ অর্ডার। স্যার মাননীয় জয়নাল আবেদিনের অ্যাবসেনসে আমাদের পার্টির তরফ থেকে বক্তব্য রাখার যথেষ্ট কারণ আছে। যে জন্য উনি ৫ মিনিট টাইম নিয়েছেন। আজকে যে দুর্ঘটনা হয়েছে আমরা সেখানে গিয়েছিলাম। আমরা যাবার পরে একজন দোষীকে ধরা হয়েছে। আমাদের খবর যেমন ইদ্রিস আলিকে লক আপে খুন করা হয়েছিল সাক্ষ্য লোপ করার জন্য এই রশিদকে ও সেই রকম লক আপে খুন করতে পারে। আমরা বলতে চাই...

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা পয়েন্ট অব অর্ডার হয় না, পয়েন্ট অফ ইনফরমেশন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** গুরুত্ব দিয়ে বলতে চাই, বিধানসভা চলাকালীন এই ঘটনা ঘটেছে রাইটার্স বিল্ডিং থেকে লালবাজার থেকে কয়েকশ গজ দূরে। তবে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ, ঠিক সময়ে গ্রেপ্তার করেছেন। তারজন্য তাকে সাধুবাদ জানাই। কিন্তু আমরা খবর পেলাম, সমস্ত ব্যাপারটা ধামাচাপা দেবার জন্য ইদ্রিস আলিকে যেভাবে পিটিয়ে মেরে ফেলা হয়েছিল রশিদকেও সেই ভাবে মেরে ফেলা হবে।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটা নিয়ে আমরা আলোচনা করছি সেই বিল সম্পর্কে এই সভার যে নয়জন মাননীয় সদস্য এই বিলের আলোচনায় অংশ গ্রহণ করেছেন তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আমাদের মাননীয় সদস্যরা যারা বিরোধীপক্ষ থেকে বলেছেন, যদিও বিলের বিরোধিতা তারা করেছেন, আমি বিশ্বাস করি তারা তাদের বিশ্বাস এবং তাদের যে সততাপূর্ণ মতো তার উপর নির্ভর করেই তারা আলোচনা করেছেন। আমি শ্রদ্ধার সঙ্গে তাদের বক্তব্য শুনেছি। প্রথমে বলি, সৌগতবাবু যখন বলেন, আমি অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে শুনি। উনি অধ্যাপক, শিক্ষা সম্পর্কে নানারকম খবর উনি রাখেন। উনি ভারি সুন্দর করে বলেছেন। বিভিন্ন জায়গা থেকে উনি উদ্ধৃতিও দিয়েছেন। কিন্তু আমি মাঝে মাঝে অবাক হয়ে যাই—সৌগতবাবুর মতো অধ্যাপক, প্রেসিডেন্সি কলেজের প্রাক্তন ছাত্র, ভাল রেজাল্টও করেছিলেন, অধ্যাপনাতেও ভাল, তিনি বিধানসভায় এত যুক্তিহীন বক্তব্য কি করে উত্থাপন করেন। এর যুক্তি আমি মাঝে মাঝে খুঁজে পাই না। ওর জ্ঞানের প্রতি আমার শ্রদ্ধা আছে, কিন্তু আমার মাঝে মাঝেই মনে হয় কেন এটা করেন। আমি অবাক হয়ে গিয়েছিলাম—তিনি অনেকটা এগোলেন, কিন্তু হঠাৎ থেমে গেলেন কেন। আমাদের কিছুই উনি নিতে পারেননি। ঐ যে এলিজিবিলিটি টেস্ট, সে সম্পর্কে ইউ. জি. সি.-র গাইড লাইনস কি আছে? এটা তো আমরা তৈরি করিনি। যদি পড়ে থাকেন তাহলে সৌগতবাবু সংশোধনী দিলেন কেন? আমরা তো এমন একটা কিছু করতে চাইনি। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বলে দিয়েছেন যে, বিভিন্ন স্টেটে যে এলিজিবিলিটি টেস্ট হচ্ছে—ইউ. জি. সি. এবং সি. এস. আই. আর. যা করেছেন—তার বাইরে যদি কোনও রাজ্য করতে চান করতে পারেন শর্ত সাপেক্ষ। তার গাইড লাইনসে তারা বলে দিয়েছেন যে, এই টেস্টগুলির জন্য একটা নোডাল এজেন্সি থাকবে। আমরা শুধু পশ্চিমবঙ্গে এই আইনের সংশোধন এনে কলেজ সার্ভিস কমিশনকে নোডাল এজেন্সি করেছি।

কিন্তু আবার বলছি আপনাদের যে এই গাইড লাইনটা একটু দেখুন। কলেজ সার্ভিস কমিশন কোনও পরীক্ষা নিচ্ছে না। কলেজ সার্ভিস কমিশন হচ্ছে একটা নোডাল এজেন্সি। কারা পরীক্ষা নেবে, কি ভাবে পরীক্ষা হবে, কয়টা পেপার হবে, কত নম্বর হবে, প্রশ্ন কারা করবে, খাতা ইভ্যালুয়েট কে করবে, ইউ. জি. সি. তার গাইড লাইন পরিষ্কার ভাবে বলেছেন। এই বিলে দেখবেন একটা লাইনে আছে ইউ. জি. সি. তার যে লেভেল এবং যে স্ট্যান্ডার্ড-এর কথা বলেছেন, আমরা সেই লেভেল এবং সেই স্ট্যান্ডার্ড পশ্চিমবাংলায় আমাদের টেস্টে বজায় রাখব। ইউ. জি. সি. কি বলেছে? তারা প্রথমে বলেছেন যে একটা স্টেট লেভেল অ্যাডভাইসরি বডি থাকবে এবং তাতে কারা থাকবেন সেটাও বলে দিয়েছেন। সেখানে কারা থাকবেন? বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহাশয় তার সদস্য হবেন। কারা সেই কমিটিতে থাকবেন ইউ. জি. সি. বলে দিয়েছে। তার র‍্যাঙ্ক কি হবে সেটাও বলে দিয়েছে। তারপরে ইউ. জি. সি. বলে দিয়েছে যে ইউ. জি. সি.-র একজন রিপ্রেজেন্টেটিভ সেই কমিটিতে থাকবেন। তিনটে কমিটি হবে—অ্যাডভাইসরি কমিটি, ইমপ্লিমেন্টেশন কমিটি, আর মডার্নাইজেশন কমিটি এবং সেই মডার্নাইজেশন কমিটিতে ইউ. জি. সি.-র লোক থাকবেন। শুধু তাই নয়, এই পরীক্ষা কি রকম হচ্ছে সেটা ইউ. জি. সি.-র কাছে জানাতে হবে। সেখানে লক্ষ্য করে দেখবেন, দেখলে আমাদের মাননীয় সদস্য যারা সমালোচনা করেছেন,

তারা হয়ত সেটা করতেন না এবং সেটা দেখার পরে আমি বিশ্বাস করি যে তারা এই বিলকে সমর্থন করবেন। ইউ. জি. সি. কি বলেছেন? ইউ. জি. সি. বলেছেন, "Simultaneously the UGC asked the State Governments and Union Teritories about their option to conduct their own test or alternatively adopt UGC and UGC/CISR tests. In the event they opt equivalent to UGC and UGC/CISR tests and these tests shall require accreditation by the UGC কাজেই ইউ. জি. সি. অ্যাক্রিডিয়েট না করা পর্যন্ত এটা করা যাচ্ছে না। তারপরে কি বলেছেন? ইন রেসপন্স to this proposal, some of the states opted to conduct their own states. আমরা একা নই, যারা নিজেরা টেস্ট গ্রহণ করবেন বলে বলেছেন তাতে আপনারা যে দলভুক্ত, সেই দল যেখানে রাজ্য চালাচ্ছেন, তারাও বলেছেন এবং ইউ. জি. সি.-র সেই মিটিংয়ে আমিও ছিলাম। আমি বিনয়ের সঙ্গে বলব যে যখন বিভিন্ন পর্যায়ে আলোচনা হয় সেই আলোচনায় আমিও দিল্লিতে ছিলাম। ইউ. জি. সি. চাইছে না যে সর্বভারতীয় টেস্টগুলি তারা নিক। তারা বলতে চাইছেন যে অনেক রাজ্য করতে পারবে না। তারা বারবার বলছেন যে পশ্চিমবঙ্গে আমাদের কলেজ সার্ভিস কমিশন আছে, অন্য জায়গায় নেই। অন্ধ্রপ্রদেশে তারা করছেন। বাকি জায়গায়, বিহারে এই কলেজ সার্ভিস কমিশন নেই, অন্যান্য জায়গায় নেই। সুতরাং এই ব্যাপারে ইউ. জি. সি.-র সঙ্গে বিরোধ আছে তা নয়। ইউ. জি. সি. এটাই চাইছেন। ইউ. জি. সি. কি চাইছেন সেটা একটু বুঝে নিন। প্রথমত আমরা এই ব্যাপারে এক মত। সুব্রতবাবু বলেছেন, সৌগতবাবু বলেছেন, আমাদের সরকার পক্ষের সকলেই বলেছেন। আমরা যদি উচ্চশিক্ষার মান উন্নত করতে চাই এবং আমরা সকলেই চাই, কেউ বলছেন না যে আমরা চাই না, তাহলে কি করতে হবে? প্রথমত যে কোনও শিক্ষার মান উন্নত করতে গেলে প্রথমে প্রয়োজন শিক্ষক। ভাল শিক্ষক না হলে ভাল পড়াশুনা হয় না, মানও উন্নত করা যায় না। তাহলে শিক্ষক কি করে আনব? আজকের দিনে যদি ভাল বেতনক্রম না দেই তাহলে ভাল শিক্ষক পাব না। সে জন্য ইউ. জি. সি. উন্নত বেতনক্রমের কথা বলেছেন। আমরা বিভিন্ন রাজ্য সেটা মেনে নিয়েছি। তার কারণ উন্নত বেতনক্রম না দিলে আমরা ভাল শিক্ষক পাব না। আমরা দেখছি যে ভাল ছাত্ররা ব্যাঙ্কের কেরানির চাকুরির দিকে যাচ্ছে, তারা শিক্ষকতার কাজে আসছে না। আজকে আমরা লে বেতনক্রম দিতে সক্ষম হচ্ছি তাতে ভাল ভাল ছাত্র পাচ্ছি।

[4-45 — 4-55 p.m.]

আমি আপনাদের বলতে পারি আজকে আমাদের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে, বিভিন্ন কলেজে ভাল ছেলেরা যারা ভাল ফল করেছে তারা শিক্ষকতার কার্যে আসছে। এটা আমরা চেয়েছিলাম। আর একটা ব্যাপার আছে, আমাদের দেশে বিভিন্ন বিশ্ববিদ্যালয় আছে, তাদের সকলের স্টান্ডার্ড এক নয়। তাহলে আমাদের দরকার কলেজে পড়াতে যারা আসবেন অন্তত পক্ষে তাদের একটা প্রাথমিক বাছাই। আমরা একটা মিনিমাম করে দিয়েছি। আপনারা জানেন ই. জি. সি. যা বলেছে যে একটা অধ্যাপক হতে গেলে তাকে এমনিতেই একটা মিনিমাম নাম্বার পেতে হয় এবং করে দেওয়া হয়েছে পোস্ট গ্রাজুয়েটের ক্ষেত্রে ৫৫ পারসেন্ট। তারপর আপনারা দেখবেন প্রোমোশন পেতে গেলে পি. এইচ. ডি. হতে হবে এবং প্রফেসার হতে

গেলে আউট স্ট্যান্ডিং মেরিট হতে হবে। এই সব করে দেওয়া আছে। তারপর দেখা যাবে বিভিন্ন ইউনিভার্সিটির এক রকম স্ট্যান্ডার্ড নয়। সেই জন্য একটা করা হচ্ছে অন্তত পক্ষে প্রাথমিক পর্যায়ে বাছাই হবে যাতে নাকি যে কোনও বিশ্ববিদ্যালয় থেকে আসুক না কেন অন্তত পক্ষে একটা মিনিমাম যোগ্যতা তারা অর্জন করেছে। এই জন্য এটা করা হয়েছে ভারতবর্ষের অন্যান্য জায়গায় এবং আমাদের পশ্চিমবাংলাতেও আমরা এটা করেছি। এই পরীক্ষাগুলো যে দেখবেন তাতে ৩টি পেপারের কথা ইউ. জি. সি. বলে দিয়েছে যেটা পশ্চিমবাংলা অনুসরণ করবে। তারা বলেছেন পেপার (১), পেপার (২), (৩)-র কথা। পেপার (১)-এ জেনারেল ইন্টেলিজেন্স টেস্টের কথা বলা আছে। জেনারেল নলেজ টেস্ট সম্বন্ধে ইউ. জি. সি. কি বলেছে দেখুন। পেপার ওয়ানে will be of in general nature intended to assess the teaching research aptitude of a candidate. It will primarily be designed to test reasoning ability and to assess the breadth of general awareness of the candidate at about twelve year senior secondary level in the areas falling within the scope of these tests. আসলে শিক্ষক হতে গেলে তারা বলেছে যে জেনারেল অ্যাওয়ারনেস সম্বন্ধে তাদের একটা অ্যাপটিটিউড আছে কিনা। শিক্ষকরা যারা আসবে তাদের অ্যাপটিটিউট অ্যাওয়ারনেস এইগুলি একটু বাছাই করে নেওয়া হবে। এটা করতে গিয়ে তারা করতে বলেছেন সিনিয়ার হায়ার সেকেন্ডারি লেভেলে ওদের সাবজেক্টের উপর একটা প্রাথমিক বাছাই করা হবে। পেপার টুতে সাবজেক্টের ব্যাপারে সেখানে অবজেক্টিভ টেস্টে একটা মিনিমাম নাম্বার পেতে হবে। পেপার থ্রি-তে জেনারেল ডেসক্রিপটিভ অ্যাসে টাইপ পেপার, তার সাবজেক্টের উপর পরীক্ষা নেওয়া হবে। এই তিনটি পরীক্ষায় ১ ঘন্টা থেকে দেড় ঘন্টা পরীক্ষা নেওয়া হবে। সেখানে বলে দেওয়া হবে। ইভ্যালুয়েশন আছে তাতে দেখবেন ৩৩ পারসেন্ট অন্য স্টেটের লোকদের নিতে হবে। ইভ্যালুয়েশন পরীক্ষার ব্যাপারগুলো তাতে যথেষ্ট সতর্কতার প্রয়োজন সেইগুলি নেওয়া হয়েছে। আমি বিনীত ভাবে সৌগতবাবুকে অনুরোধ করব, সুব্রতবাবুকে অনুরোধ করব এটা একটু তারা দেখবেন। দেখলে আপনারা যে বিরোধিতা করেছেন সেই ব্যাপারে আপনাদের বিবেচনার উপর ছেড়ে দিচ্ছি এই বিরোধিতা আপনারা করবেন কিনা। আমরা একটা অল ইন্ডিয়া লেভেলে যে পেপারের কথা বলেছে তার জন্য অবজেক্টিভ টেস্টের কথা বলেছি। ইউ. জি. সি.-র একজন রিপ্রেজেনটেটিভ কমিটিতে রাখতে বলেছি, এখানে যে টেস্ট হবে তাদের প্রতিনিধি ইউ. জি. সি.-তে রিপোর্ট করবে। তার ভিত্তিতে এই কাজগুলো করতে যাচ্ছি। এই ব্যাপারে বলব আপনারা একটু বিচার করবেন এটা সংকীর্ণ স্বার্থের দ্বারা পরিচালিত হচ্ছে কিনা।

আমরা আমাদের দলীয় লোকেদের অ্যাপয়েন্টমেন্টের জন্য কাজগুলো করছি না। আমার মনে হয় আপনারা সবটা ভাল করে দেখলে অন্তত এত কঠোরভাবে এইরকম মন্তব্য করতেন না। আমি আবার বলি, এই যে বিলটি আনা হয়েছে, এই বিলের উদ্দেশ্য শুধু সাধু নয়, এর ভিতরে এমন ব্যবস্থা রাখা হয়েছে যাতে শিক্ষাগত কাজে যাঁরা শুধুমাত্র নাম্বার পেয়েছেন তারা নন, যারা দায়বদ্ধ হতে চান, যাঁদের অ্যাপটিটিউড্ হচ্ছে রিসার্চে যাওয়ার, এই রকম লোককে বাছাই করে নেওয়া হবে। উচ্চশিক্ষার স্বার্থে আমরা এগিয়ে যেতে চাই, এর উন্নতি চাই এটাও মনে রাখতে হবে। কলেজ সার্ভিস কমিশন এই বাছাই করার মধ্যে থেকে মাত্র

প্যানেল তৈরি করবেন। আমরা আগেও আপনাদের বলেছি—সৌগতবাবু বলেছেন যে দলীয় লোকেদের দিয়ে ভর্তি করে দেওয়া হচ্ছে—আবার বলব, আর একটু বিচার করে দেখুন, আর একটু ভেবে দেখুন শিক্ষকদের যারা সিলেক্ট করছেন তারা কারা? কারা কারা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি থাকছেন? বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্তরের নির্বাচিত শিক্ষকদের দ্বারা নির্বাচিত গণতান্ত্রিক একটা ব্যবস্থা। সেখান থেকে তাঁরা কি করছেন? ডিপার্টমেন্টের সাবজেক্ট-এর এক্সপার্টকে পাঠাচ্ছেন। অর্থাৎ সৌগতবাবুর যে সাবজেক্ট, সেই সাবজেক্টে কে আসছেন—সেই ডিপার্টমেন্টের একজন এক্সপার্ট আসছেন। তারা কলেজ সার্ভিস কমিশনে একজন এক্সপার্ট হিসাবে আছেন। আর কে আসছেন—ভাইস চ্যান্সেলর একজন এক্সপার্টকে নমিনি হিসাবে পাঠাচ্ছেন। তাহলে অন্যায়টা কোথায় বলুন? তাহলে আপনি বলবেন গোটা ডিপার্টমেন্ট সি. পি. এম. হয়ে গেল? কিছু কিছু থাকতে পারে—আপনাদেরও আছে, আমাদেরও আছে। কিন্তু কোনও জায়গায় এটা বলা হচ্ছে না, সেই ডিপার্টমেন্টের যাঁরা এক্সপার্ট হয়ে আসেন, তাঁরা রেকমন্ড করেন। সুব্রতবাবু, একটু দয়া করে শুনবেন। কোন জায়গায় কি কলেজ সার্ভিস কমিশনে চ্যান্সেলরের মিনি নমিনি তিনিও লিখিতভাবে বলেছেন, এই যে সিলেক্ট করা হল, 'আমি সমর্থন করি না?' কোনও জায়গায় চ্যান্সেলরের কোনও নোট অব ডিসেন্ট দিয়েছেন? দেন নি। আমরা যে প্যানেল তৈরি করেছি, আজ পর্যন্ত তাতে আপত্তি আসে নি। আমি সুব্রতবাবুকে বলতে পারি, তিনি একটি নামের কথা বলেছেন, আমি নোট করেছি। আমি কমিশনের সঙ্গে যোগাযোগ করবো। আমি এই আশ্বাস আপনাদের দিতে পারি যে, বিশ্ববিদ্যালয়ে যারা ভাল রেজাল্ট করেছেন তাঁরা বঞ্চিত হবেন না। তাঁদের উপরে কোনও অন্যায় হতে পারে না, অন্যায় হতে দেব না। এটা আমাদের সরকারের ঘোষিত নীতি। আমাদের যে প্যানেল সেটা অন্যায়ভাবে হয়েছে সেটা নেই। প্রাথমিকভাবে বলেছেন—অনার্সে অনেক সময়ে কি হয়? তাঁরা স্পেশ্যালাইজেশন চান। কলেজ থেকে স্পেশ্যালাইজেশন চাওয়া হলে, আমাদের কিছু করার থাকে না। কলেজগুলোর দাবি মেনে নিয়ে এটা করা হয়েছিল। কিন্তু ইদানিং আমরা এটাকে বাদ দিয়েছি। আপনাদের এই সমালোচনার পর কমিশনের সঙ্গে কথা হয়েছে। আমরা বলেছি, না একেবারে মেরিট ধরে থাকবে। কলেজগুলো চেয়েছিল বলে এটা করতে হয়েছিল। এই বিষয়ে আমরা আপনাদের সঙ্গে একমত। কোনও কোনও ক্ষেত্রে দেখা গেছে যে স্পেশ্যালাইজড্ করেছে তার যে প্রাপ্ত নম্বর সব মিলিয়ে অনেক কম আর একজন ক্যান্ডিডেট, সব মিলিয়ে তার নম্বর বেশি হলেও—হয়ত স্পেশ্যালাইজাশনে বেশি ছিল—যার স্পেশ্যালাইজেশন আছে তার নম্বর সব মিলিয়ে কম হলেও তাকেই নিতে হবে। কলেজ বলছে যার স্পেশ্যালাইজেশন আছে তাকেই তারা চায়। এই বিষয়ে আমাদের কমিশনের সঙ্গে কথা হয়েছে। তাঁরা বলেছেন মেরিটের ভিত্তিতে নেওয়া হবে। আগে এই ব্যাপারে কলেজগুলোর আপত্তি ছিল। যেমন ধরুন, অনার্স, ফিজিক্স, পার্টিকুলার কোনও বিষয়ে যদি পড়াতে হয় তাহলে ঐ বিষয়ে স্পেশ্যালাইজেশন থাকতে হবে, কলেজগুলো এটা চাইছিল। এবারে আমরা এটা দুর করছি।

[4-55 — 5-05 p.m.]

সুব্রতবাবু একটা কথা বলেছেন যে কনস্টিটিউশনাল বার আছে কিনা। কনস্টিটিউশনাল বার যদি থাকত তাহলে ইউ. জি. সি তার রেগুলেশন যখন পাল্টাচ্ছেন তখনই কোর্টে কেস হতে পারত, কিন্তু হয় নি, অদ্যাবধি হয় নি। মাইনোরিটি যেসব কলেজগুলো আছে তাতে

বলা হয়েছে যে ইউ. জি. সির যে রেগুলেশন আছে এবং সেই রেগুলেশন অ্যাক্টে যা বলা হয়েছে সেই অনুসারে মাইনোরিটি, লিঙ্গুয়েস্টিক, রিলিজিয়াস তার অন্তর্ভুক্ত করেছেন। আমি মনে করি এই ব্যাপারে এক্সপার্ট নই, তবুও বলছি যে বাধা হবে না, তার কারণ হচ্ছে এই যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এটা শুধুমাত্র এলিজিবিলিটি টেস্টের জন্য করা হয়েছে। ইউ. জি. সির যে সার্কুলার তাকে হুবহু অনুকরণ করা হয়েছে। মাইনোরিটি কলেজগুলো সম্বন্ধে ইউ. জি. সিতে যা বলা হয়েছে, সেখানে সংবিধান অনুসারে জেনারেল কলেজগুলো সেগুলো মেনে নিতে বাধ্য। আমি আইনগত ব্যাপারে যাচ্ছি না, তবে আমার দৃঢ় বিশ্বাস কেন্দ্রীয় সরকার যখন এটা করেছেন তখন আইনগত পরামর্শ নিয়েই করেছেন। দ্বিতীয়ত আমার বিশ্বাস এটাতে অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে হস্তক্ষেপ করা হবে না। এটা করা হচ্ছে শুধুমাত্র কারা কারা অ্যাপ্লাই করতে পারেন তার উপরে এবং সেক্ষেত্রে তারা যে অ্যাপয়েন্টমেন্ট করেছেন তার উপর ভিত্তি করে, ইউ. জি. সির যে নম্বর সেটা মেনে নিয়েই এখানে একটা এলিজিবিলিটি টেস্টের মতো করা হচ্ছে। আমার মনে হয় এতে খুব একটা বাধা হবে না অনেকেই বিভিন্ন আলোচনার মধ্যে বলেছেন এবং মাননীয় সৌগতবাবুও বলেছেন যে, কলেজ সার্ভিস কমিশন যেভাবে করা হয়েছে তাতে নিরপেক্ষতা নেই। আমি বিনীতভাবে বলছি যে, ইট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন। তার কারণ হচ্ছে আপনারা কি কোন একটা জায়গাতেও দেখাতে পারবেন না কোথাও দেখাতে পারবেন যে এই নিরপেক্ষতা ভঙ্গ হয়েছে—দেখাতে পারবেন না। আমি আগেও বলেছি এখনও বলছি এমন কোন কেস আনতে পারবেন না যেখানে নিরপেক্ষতা ভঙ্গ হয়েছে। যতটুকু করা হয়েছে সেগুলো কিন্তু ভিত্তির উপর দাঁড়িয়ে করা হয়েছে। মাননীয় সদস্যদের সমালোচনাগুলো আমি শ্রদ্ধার সঙ্গে শুনেছি। আমি বলতে পারি যে, কলেজ সার্ভিস কমিশন পশ্চিমবঙ্গে যেভাবে কাজ করছেন সেটা নিয়ে কেন্দ্রীয় সরকারের কলেজ সার্ভিস কমিশনের কমিটির সঙ্গে আলোচনা হয়েছিল, তারা বলেছেন যে পশ্চিমবঙ্গ কার্যাবলী সম্পর্কে আমাদের কিছু অভিযোগ নেই। অন্যান্য রাজ্যে যেখানে এই ধরনের কমিশন নেই সেখানে তাদের বিরুদ্ধে নানারকম অভিযোগ আছে। আপনারা শুনলে খুশি হবেন যে অন্যান্য রাজ্য আমাদের এখানের কমিশনের যে অ্যাক্ট এবং কার্যাবলী আছে সেগুলো চেয়েছেন। তারা আমাদের কমিশনের সঙ্গে যোগাযোগ করছেন এবং বলছেন যে তোমরা একটা ভালো কাজ করেছ। আমি বলিনা যে এর থেকেও ভালো কাজ করা যায় না, ইভিন বেস্ট ক্যান বি বেটার। এই ব্যাপারে আরো কি ভালো করতে পারি সেই ব্যাপারে যে সমস্ত সাজেশন আসবে সেগুলো অমরা দেখব। আমরা চেষ্টা করব আরো ভালো কি করে করা যায় এবং সেই ব্যাপারে আপনাদের সহযোগিতা চাইব। মাননীয় সৌগতবাবু অশোক মিত্র কমিশন থেকে একটি উদ্ধৃতি দিয়েছেন, শুনে খুব ভালো লাগল। আমাদের যখন এই অশোক মিত্র কমিশন হয় তখন আপনারাই বলেছিলেন দলবাজি হবে, এর দ্বারা পাস করিয়ে দেবেন, ইত্যাদি সার্টিফিকেট দিয়ে দেবেন। আজকে কিন্তু আমরা দেখতে পাচ্ছি অশোক মিত্র মহাশয় তার কমিশনে যে প্রতিবেদন দিয়েছেন তাতে বিভিন্ন জায়গায় যতটা সত্যি বলে মনে করেছেন সেগুলো তুলে ধরেছেন। আজকে আপনি সেগুলো নিয়ে আলোচনা করেছেন এবং আপনি যে অশোক মিত্র কমিশনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করছেন তারজন্য আপনাকে ধন্যবাদ। আমি নিশ্চয় এই কমিশনের বিষয়ে পরবর্তী সময়ে আলোচনা করব। সেখানে যা যা ত্রুটি আছে সেগুলো দূর করে নেবো, সেখানে আলোচনারও সুযোগ থাকবে। আপনারা যদি মনে করেন উচ্চশিক্ষার

ক্ষেত্রে কোনও কোনও দুর্বলতা রয়েছে, সেই দুর্বলতাগুলো দূর করার চেষ্টা করব। তবে একটি কথা মনে রাখতে হবে যে, আজকে যখন পশ্চিমবঙ্গের নিউ এডুকেশন পলিসি নিয়ে আলোচনা হচ্ছে অথচ আপনাদেরই চ্যালেঞ্জ টু এডুকেশনে, আপনারা বলেছেন গোটা ভারতবর্ষের শিক্ষা চিত্রটা কি—

[5-05 — 5-15 p.m.]

আপনি আজকে যে কথা বলেছেন কেন্দ্রীয় সরকারের নিযুক্ত চ্যালেঞ্জ টু এডুকেশন আমাদের শিক্ষার একটা খারাপ চিত্র সর্বভারতীয় ক্ষেত্রে তারা তুলে ধরেছেন এবং বিশেষ করে আমাদের উচ্চশিক্ষা গবেষণায় তার স্ট্যাণ্ডার্ড এতগুলি কলেজে হয়েছে, কিভাবে স্ট্যাণ্ডার্ড ইমপ্রুভ করা যায় এটা চ্যালেঞ্জ টু এডুকেশনে দেখবেন। খুব সুন্দর করে বলা হয়েছে। সবগুলির সঙ্গে একমত না হলেও তারা সমাধানের যে কথা বলেছেন, এক মত না হলেও তারা যে চিত্রটা তুলে ধরেছেন তার সঙ্গে অনেকাংশে আমরা একমত। আমরা মনেঁ করি একটা ভ্রান্ত যুক্তি শিক্ষা ক্ষেত্রে কিছু জায়গায় দুর্বলতা হিসাবে রয়ে গেছে সেটা আমাদের দূর করা দরকার। আমরা পশ্চিমবাংলার ক্ষেত্রে কতকগুলি গ্রহণ করেছি। সৌগতবাবু বলছিলেন অনেকগুলি কলেজ করা হয়েছে, তিনি বলেছেন এইগুলি করা হয়েছে রাজনৈতিক স্বার্থে। এলাকায় বিভিন্ন সময় যে দাবি হয়, আন্দোলন হয়, এম.এল.এ., এম.পি.রা যেসব চিঠি লেখেন তারই ভিত্তিতে ডিপার্টমেনন্ট থেকে বিচার করা হয়। অশোক মিত্র কমিশন, ভবতোষ দত্ত কমিশন—তখন তো সবে বামফ্রন্ট সরকার এসেছেন, কলেজ হয়েছে, যেগুলির নাম্বার ধরে বলেছেন, নন-ভায়াবেল কলেজ সবই তো আপনাদের আমলে হয়েছে, এটাতো বামফ্রন্ট সরকারের আমলে নয়, আপনাদের আমলেই যা কলেজ হয়েছে, এটা আপনাদের আমলে, আমাদের আমলে নয়। ভবতোষ দত্ত কমিশন, অশোক মিত্র কমিশন বলেছে পশ্চিমবঙ্গে অনেক কলেজ হয়েছে, কিন্তু সেখানে যথেষ্ট পরিমাণে ছাত্র নেই। আমাদের বাছাই করতে হবে, বিভিন্ন কারণে এইগুলি হয়েছে, আমাদের ভাবতে হবে কি করা যায়। মিত্র কমিশন এর সমাধানের কথা বলেছেন। আমরা ভাবব, আলোচনা করব, এটা আমাদের স্বার্থে, এটা কোনও রাজনৈতিক স্বার্থে নয়। একটা অঞ্চলে কলেজ হবে, সেই কলেজ হতে গেলে পরে তাতে কিছু ছাত্র হতে হবে, যদি যথেষ্ট ছাত্র না হয় তাহলে ছাত্র বাড়াতে হবে, যদি না হয় তাহলে অন্য কথা ভাবতে হবে। তার কারণ গরিব মানুষদের টাকা নিশ্চয় অপচয় হোক এটা আমরাও চাইনা, আপনারাও চাননা, আর আমিও চাইনা। এটা নিয়ে চিন্তা করতে হবে। তার আগে আমরা ভাবব আগামী দিনে ছাত্র হবে কিনা তার কথা ভাবতে হবে। আমি তো বলেছি, এখানে নতুন করে যেটা বলা হয়েছে বিলের ব্যাপারে সৌগতবাবু যেটা বলেছেন, আমি এখানে বলেছি, গত বছরের বাজেট স্পিচের সময় বলেছি, আমরা ইমপ্রুভমেন্ট করতে চাই তার জন্যই এই বিলটা আনা হয়েছে। আমি আপনাকে বলি এই বিলটা আমরা যেভাবে রেকমেন্ড করব আমরা পশ্চিমবাংলার উচ্চশিক্ষার ক্ষেত্রে একটা বড় পরিবর্তন নিয়ে আসব। আমরা মাস্টার মশাইদের ভাল স্কেল করেছি, অধ্যক্ষদের ভাল স্কেল করেছি, তাই এখন আমাদের দেখতে হবে, আমাদের ছাত্ররা যারা আসেন তারা যাতে পড়াশুনা করেন, এটাই আমাদের দেখতে হবে এবং কোথায় কোথায় বাধা হচ্ছে, কেন প্রাইভেট টিউশনের দিকে যাচ্ছে, আমরা এইগুলি নিয়ে আলোচনা করব। আমরা এইগুলি করব। এটাকে ধরুন একটা

পদক্ষেপ এইরকম অনেকগুলি পদক্ষেপ উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমাদের নিতে হবে, আমাদের আলাপ-আলোচনার মাধ্যমে সবাই মিলে এটা নিতে হবে। এটা সকলের দায়, সকল দলের দায়, এটা আমার কোন একার দায় নয়, এটা সকলের দায়। তবে আগামী দিনে আরো কিছু উচ্চ শিক্ষার ক্ষেত্রে নিতে হবে, এটা ইমপ্রুভমেন্টের জন্য, কোয়ালিটি ইমপ্রুভমেন্টের জন্য। সেইজন্য আমি বলি বিশেষ করে বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য পেশ করেছেন তারা সমালোচনা নিশ্চয় করবেন, সমালোচনা করুন, আলোচনা করুন, কিন্তু দুর্বলতাটা কোথায় আমাদের দেখিয়ে দিন। আমি বলেছি, আপনারা গত বছরের বাজেটে যা যা সমালোচনা করেছিলেন সেইগুলি নিয়ে আমরা কিছু কিছু পদক্ষেপ গ্রহণ করেছি। সেগুলো আমি শ্রদ্ধার সঙ্গে শুনেছি ও কিছু কিছু পদক্ষেপও গ্রহণ করেছি। এই বিলটা যেটা এখানে পেশ করা হয়েছে, সেটা ইউ. জি. সি কেন্দ্রীয় সরকারের গাইড লাইনকে অনুসরণ করেই করা হচ্ছে। আমি আবার বলব আপনারা সমর্থন করুন। আপনারা যে দিকগুলোর কথা বললেন আমি শ্রদ্ধার সঙ্গে সেগুলো শুনেছি, লিখে নিয়েছি আগামীদিনে আমরা সেগুলো নিয়ে আপনাদের সঙ্গে বসব এই আবেদন জানিয়ে এই বিলটাকে সমর্থন করবেন এবং আগামী দিনে পদক্ষেপ নিতে সাহায্য করবেন এবং যারা অংশগ্রহণ করেছেন তাদেরকে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Satya Sadhan Chakraborty that the West Bengal College Service Commision (Amendment) Bill, 1992 be taken into consideration was then put and agreed to.

### Clause 1

**Mr. Speaker:** There is one amendment to Clause 1 given by Shri Lakshmi Kanta Dey. The amendment is in order and I request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey:** Sir, I beg to move that in clause 1, for the figures "1992", the figures "1993" be substituted.

**Shri Satya Sadhan Chakraborty:** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey that in Clause 1 for the figures "1992", the figures "1993" be substituted was then put and agreed to.

The question that clause 1, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.'

## Clause 3

**Mr. Speaker :** There is amendment to clause 3 given by Shri Subrata Mukherjee. the amendment is in order. I request Shri Mukherjee to move his amendment.

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that in clause 3, line 2, for the words "seven members" the words "three members" be substituted.

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটা কথা বলতে চাই। আমি এটা গ্রহণ করতে পারছি না, এটা বাড়াতে হচ্ছে। ওদের যে বিরাট দায়িত্ব সেই দায়িত্ব তারা পালন করবেন কি করে। আমাদের কর্মচারির সংখ্যা ভবিষ্যতে বাড়াতে হবে। তবে আর্থিক অসঙ্গতির কথা ভেবে আমরা দুজনের কথা বলেছি। তাদের এতবেশি কাজ যে তারা উঠতে পারবেন না। আমরা বলেছি অন্তত‌পক্ষে দুজন, আরও বেশি লোক হলে ভালো হত। আমি দিল্লির সঙ্গে কথা বলেছি, ইউ. জি. সি-র সঙ্গেও কথা বলেছি। আমি বলেছি আপনারা এত বড় দায়িত্ব দিলেন, কিন্তু টাকা দিলেন না। আমাদের এই কাজ করবার জন্য টাকা দিন। তাই অন্ততঃপক্ষে দুজন মেম্বার আমি বাড়িয়েছি সীমিত খরচের কথা ভেবে। আমি অনুরোধ করব আপনারা এটা মেনে নিন। Sir, I do not accept the amendment (Amendment No. 2)

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর জন্য বছরে দু-লক্ষ টাকা এক্সপেন্ডিচার হবে। পি. এস. সি যেমন গভর্নমেন্ট কলেজও মাইনরিটি কলেজে যেমন লোক নিয়োগ করে থাকে সেই রকম ওদেরই দায়িত্ব দেওয়া হোক। কারণ গভর্নমেন্টের ফিনান্সিয়াল অবস্থা খুব খারাপ। রেকারিং এক্সপেন্ডিচার আবার বেড়ে যাবে এর ফলে।

The motion of Shri Subrata Mukherjee that in clause 3, line 2, for the words "seven members" the words "three members" be substituted was then put and lost.

The question clause 3 do stand part of the Bill was put then put and agreed to.

## Clause 4

**Mr. Speaker :** There is one amendment to clause 4 given by Shri Subrata Mukherjee (Amendment No. 3), The amendment is in order. I now request Shri Mukherjee to move his amendment.

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that in clause 4 in proposed Section 9A(1) in line 4, for the word "Commission" the words "Public Service Commission, West Bengal" be substituted.

**Shri Satya Sadhan Chakraborty :** I do not accept the amendment.

The motion of Shri Subrata Mukherjee that in clause 4 in proposed

section 9A(1) in line 4, for the word "Commission" the words "Public Service Commission, West Bengal" be substituted was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 5 to 7**

The question that clauses 5 to 7 do stand part of the Bill was then put and agreed to.

**Enacting Formula**

**Mr. Speaker :** There is amendment to the Enacting Formula given by Shri Lakshmi Kanta Dey. I now request Shri Lakshmi Kanta Dey to move the amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir I beg to move that "in the enacting formula, for the word "Forty-third", the word "Forty-fourth" be substituted.

**Shri Satya Sadhan Chakraborty :** I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment No. 4) was then put and agreed to.

The question that the Enacting Formula, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that preamable do stand part of the Bill was then put and agreed to.

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the West Bengal College Service Commission (Amendment) Bill, 1992, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Speaker :** Yes, Dr. Zainal Abedin, what do you want to say ?

**POINT OF ORDER**

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন আপনি হাউস বন্ধ করে দেবেন। বৌবাজারের বোম্ব ব্লাস্টের ঘটনা ঘটল, রাইটার্স বিল্ডিংস থেকে সামান্য দূর, লাল বাজার পুলিশ হেড কোয়ার্টার থেকে সামান্য দূর—চীফ মিনিস্টার একটা স্টেটমেন্ট আজ বিকালে দেবেন আশা করেছিলাম। আপনি বললেন কালকে বাজেট প্ল্যান হবে কোনও

স্টেটমেন্ট হবে না। আজকে আমরা এই সম্পর্কে শুনতে চাইছিলাম, আজকে বিকাল পাঁচটা পর্যন্ত অপেক্ষা করলাম। এটা অত্যন্ত গুরুতর ঘটনা। এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। আমরা সকালে শুনেছি রশিদ বলে একজন ধরা পড়েছে। আমরা যে খবর পেয়েছি, সেটা হচ্ছে রশিদ সি. পি. এম.-এর খুব নিজের লোক এবং ফাইন্যান্সার। মনে মনে করছি এই রশিদকে, যেমন করে বিনোদ মেহেতাকে হত্যা করার পর, ইদ্রিশকে লালবাজার লক আপে হত্যা করা হয়েছিল সেইরকমভাবে রশিদকে ওরা হত্যা করে ফেলবে। আমরা চাই রশিদকে সি. বি. আই.-এর কাছে পাঠিয়ে দেওয়া হোক অথবা ইন্টারপোলে পাঠিয়ে দেওয়া হোক। আপনি এই বিষয়টা গভর্নমেন্টকে জানিয়ে দিন। আমাদের কাছে যে খবর এসেছে, সেটা খুব ভয়াবহ। জ্যোতিবাবু কেন লুকিয়ে রয়েছেন, কেন সরে রয়েছেন, কেন বলতে পারছেন না কী খবর তিনি পেয়েছেন। আমরা কিছু জানতে পারব না? আজকে এই অবস্থার মধ্যে সরকার নিয়ে যাচ্ছে কেন? উই ওয়ান্ট টু কো-অপারেট।

[5-15 — 5-19 p.m.]

সিনিয়র মেম্বার অফ্ দি ক্যাবিনেট এখানে উপস্থিত আছেন, তাঁর কাছে আমার অনুরোধ ঘটনার গ্রাভিটি অনুযায়ি সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে তিনি আমাদের জানান। রসিদের কাছ থেকে তথ্য সংগ্রহ করার জন্য তাঁর নিরাপত্তার প্রয়োজন, সেই দায়িত্ব আজকে সরকার নিন। ইন্‌জিওয়োর্ডদের কাছ থেকে ঘটনার ক্লু পাওয়া যেতে পারে। হাসপাতালে তাদের পরিপূর্ণ নিরাপত্তার কি ব্যবস্থা করা হচ্ছে? ইতিমধ্যেই বহু উত্তেজনা দেখা দিয়েছে এই ঘটনাকে কেন্দ্র করে। আপনাদের পার্টির লোকেদের রসিদের সঙ্গে কোহিশন আছে।

(গোলমাল)

আপনারা কেলোর কীর্তি করবেন, আর আমরা বলতে পারব না!

(গোলমাল)

তাই কনফার্ম হোয়াট আই সে, পাঁচটা বেজে গেলো, পাঁচটা পর্যন্ত কোনও স্টেটমেন্ট হ'ল না। কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে, কারা কার তদন্তে এসেছেন, বোম্বের সঙ্গে কোনও যোগ আছে কিনা, কত জন মারা গেছেন, কিছুই আমরা জানতে পারলাম না। কত দূর প্রোগ্রেস হল, কাদের কাদের হেল্প দরকার, কিছুই জানতে পারছি না! আজকে এই অবস্থার মধ্যে আমরা থাকব? কালকে হাউসে বাজেট পেশ করা হবে, কালকে আমরা আর কোনও তথ্য হাউসে বলতে পারব না। এই সুযোগে আপনারা সব কিছু ধামা চাপা দেবেন? আমরা আপনাদের অ্যাটিচ্যুড কি তা জানতে চাইছি। রসিদ সম্বন্ধে আপনাদের কাছে কি তথ্য আছে তা আমরা জানতে চাইছি। কত জন মারা গেল, কত জন ইনজিওর্ড হল, কোনও কিছুই জানতে পারলাম না। এখন পর্যন্ত কি প্রোগ্রেস হল? হোয়াই আর ইউ আইডেল? এ সব যদি আপনারা না জানান তাহলে কাল্‌কে কিন্তু আপনাদের বাজেট প্লেসে অসুবিধা হবে, এ কথা বলে দিলাম।

(গোলমাল)

আপনারা সময়ের সুযোগ নেবেন না, অপরাধ করেছেন, অপরাধ স্বীকার করুন। আপনারা

ব্যর্থ। রাত ১২-টার সময় ঘটনা ঘটেছে, এখন বিকেল পাঁচটা বেজে গেছে, ১৭ ঘণ্টা হয়ে গেল এখন পর্যন্ত আমরা আপনাদের কাছ থেকে কিছুই জানতে পারলাম না। আপনারা জানান, তানাহলে কালকে হাউস বসতে অসুবিধা হবে।

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** The attention of the House was drawn at the first instance this morning by the Members of the Opposition as regards the incident relating to the bomb explosion at Bowbazar Street. The Chief Minister had come to the House earlier and I have also contacted him. And after some statements were made by the Leader of the Opposition and some other members, he did make a statement in the House and till that point of time the number of the deceased persons and also the steps taken by the Government have been informed to the House. The Chief Minister phoned me later today and told that the Central Minister, Shri Rajesh Pilot has come and he was with him and certain other agencies have arrived in the city and they are already working in the matter. So It would not be possible for him to make any statement in the day. Because those agencies were not in a position to give any further report in the course of the day and tomorrow being the 'Budget-Day', he would be making the statement.....(Noise and interruptions)......Please, please, have some patience. It is not the convention of the House to make any statement in the House on the day of presentation of the Budget. Fortunately, as much as I would desire that a statement should be made tomorrow, that much the Chief Minister would also desire that a statement should be made tomorrow. But it is not possible for him to make a statement tomorrow. The statement would be made on the 19th March, 1993 The Chief Minister has informed me that he is willing to make a statement. But there are certain limitations which he has told to you, spoken to you. Very well, now, I would request the Minister-in-Charge of Home (Parliamentary) Affairs Department, Shri Prabodh Chandra Sinha to convey to the Chief Minister the concern of the Members of the Opposition, Leader of the Opposition, Deputy Leader of the Opposition regarding the safety of Rashid — the so-called Satta Agent — who has been arrested and who is now in the police custody—that he should be looked after in the police custody and they apprehend that he may be ex-terminated in the police custody and that the government should take all steps to see to that his life is not terminated in the police custody.

## Adjournment

The House was then adjourned at 5/19 p.m. till 3/00 p.m. on Thursday, the 18th March, 1993 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 18th March 1993 at 3.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 31 Ministers, 14 Ministers of State and 198 Members.

[3-00 — 3-10 p.m.]

## PRESENTATION OF ANNUAL FINANCIAL STATEMENT FOR 1993-94

**Mr. Speaker :** Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1993-94—Dr. Asim Kumar Dasgupta to present.

**Dr. Asim Kumar Dasgupta :** Mr. Speaker, Sir,

With your permission, I rise to present the Budget Estimate for the financial year 1993-94.

1.2 I am presenting this Budget at a time when our country has entered into a specific crisis. Data recently published in the Economic Survey (1992-93) of the Government of India show that while the external loans taken on institutional accounts in the first nine months of the current financial year has been Rs.6,077 crores, the repayment of external loan already taken on these accounts has amounted to Rs.6,079 crores, So far external commercial borrowings are concerned, the total borrowings in the first nine months of this financial year have been Rs.1,668 crores, while the repayment burden in the same period has become as high as Rs.3,065 crores. In other words, our country, for the first time since independence, has entered into the death-trap of external loans in the specific sense where more than 100% of the external loans taken is being used for repayment of past loans. It is at this time that assaults are made on the sovereignty, and the process of submission before the conditionalities of external loan begins. The economic policy of the Central Government, particularly the so-called New

Economic Policy over the last two years and the recent Union Budgets bear clear marks of the conditionalities of IMF loan.

1.3 Honourable Members may certainly have noted that an important feature of the Union Budget of this year as also of the last year has been the massive customs duty relief given to facilitate entry of imported items into the deomestic market. These two Budgets, taken together, reveal that the advantages given to the foreign producers are much more compared to those given to the domestic producers. In the last Union Budget, while there was an increase in the burden of production excise duty to the tune of Rs.2,211 crores, there was a reduction in customs duty to the tune of Rs.2,023 crores. In this year's Budget, while production excise relief has been of the order of Rs.1,249 crores, relief on customs duty has amounted to Rs.3,273 crores. In other words, if these two consecutive Union Budgets are taken together, then it is clear that, relatively speaking, more advantage has been given to the foreign producers than the domestic producers in selling their respective products in the domestic market. There is now a widespread recession in several of the Western countries. There has been pressure implied in the IMF conditionalities to sell products of those countries in our market. In the core area of these two Union Budgets, there has been a surrender to this pressure.

1.4 The full convertibility of Indian rupee is once again a part of the IMF conditionalities. As a result, there remains serious apprehension about the instability of the exchange rate of rupee as also of its devaluation. These effects may not be felt to begin with, but are bound to surface once the full-scale trading activity is unleashed. Then, the prices of imported petroleum products and fertilisers are bound to go up in the domestic market, which will have an adverse effect on inflation and domestic cost of production, thus neutralising the chances of export gains. Moreover, recession in foreign markets is so widespread that it is now extremely difficult for a Third World country like India to get entry into these markets. Thus while the exports may not go up, the imports certainly will, and the dangerous trade gap between our imports and exports, which had increased by more than 100 per cent in the last year, may indeed increase further.

1.5 In the present Union Budget, a decision has been taken, once again as a part of IMF loan conditionalities, to start the process of

privatisation of nationalised banks. Following this decision, foreign banks will also start entering into our soil and become stronger over the years. By allowing the nationalised banks to enter into the share market, an access is being given to those unhealthy forces of markets which may have been related to the recent financial scam, presently under investigation of the Joint Parliamentary Committee. Privatisation process of the banks not only brings in the episode of financial scam, it also brings in deep apprehension about the accessibility in future of the small industrialists, poor farmers and common people to the credit facilities of these banks.

1.6 Steep hikes in prices of coal and sugar, and across-the-board increases in railway fares and freights are once again a result of IMF loan conditionalities. Through these measures, an additional resources to the tune of Rs.3,000 crores has been raised just before the present Union Budget. The main burden of these hikes will have to be borne by the common people. Moreover, given the inadequate provisioning for the food subsidy in this present Budget, there is also a serious apprehension about an assault on the public distribution system in future.

1.7 Honourable Members, we may not like to forget that after the launching of the so-called New Economic Policy, a widespread recession has hit the production sphere, particularly the industrial sector in course of the last two years. The growth rate of the Gross Domestic Product (only 1.2% in 1991-92) has been lowest in recent years. The recession has also inevitably resulted in widespread unemployment. The main reasons behind this recession have been the continuous assault on the purchasing power of the common people, and then, in the name of liberalisation, a further curtailment of domestic market for our own domestic producers.

1.8 Honourable Members, the critical problem before the nation is one of choosing the direction of basic economic policy. the policy which is being imposed on the nation through the IMF loan conditionalities, and with loud publicity, is one of indiscriminate and unrestrained market forces. However, in a situation where there is extreme inequality in the ownership of resources (due to stalled land reforms and concentration of industrial capital), the policy of unrestrained market economics will only make the more economically powerful sections the controlling force of the entire economy. So long, this controlling power was concentrated

[ 18th March, 1993 ]

primarily in the hands of domestic industrialists and landlords. However, with the pressure of IMF conditionalities and strength of greater economic resource, this controlling power will now also be possed on to the industrialists abroad. It is through this process that wide entry is now being given to the imported goods into our domestic market. There is, however, no proportionate entry given to the Indian exports in the foreign markets. As a result, the trade gap between our imports and exports has widened dangerously, and we have been forced into the "death trap" of externaloans. If this process is allowed to continue, we, as a nation, will be thrown more deeply into this trap, and there will be further assaults on our sovereignty.

1.9 Honourable Members, confronted with this crisis, unprecedented since the independence, we have been repeatedly presenting the possibility of an alternative path in the interests of the common people and all the patriotic citizen of our country.

1.10 The main thrust of this alternative approach is that instead of this kind of dependence on external loans, we have to stay firm on the main objective of self-reliance. Self-reliancees not mean shutting out from external trade. It only means that instead of making the growth process dependent on what we do not have, we should make it depend along with criterion of efficiency, on what we primarily have, and then, only on the basis of comparative advantages, participate in texternal trade. What we do not have is large sum of capital and wide powers to import. If, even after knowing this, we make our production structure overly capital-intensive and import-dependent then, given the uncertainty about exports, we will be repeatedly forced to take external loans and eventually get into the external debt-trap as we find ourselves in now. On the other hand, what we have in abundance is the human and local natural resources. The specific meaning of self-reliance in our context will be to decide how far indeed the basic needs of the common people can be satisfied by efficiently using these resources domestically, combining these with the socially necessary capital, and then only decide the extent to which we shall participate in trade, depending on a clear idea of priority and comparative advantage and disadvantage of trade. Instead of the present policy of indiscriminate imports, we are proposing participation in imports and exports from a position of self-respect and strength based on self-reliance.

1.11 Regarding foreign capital, rather than indiscriminate entry, there should be selective entry in keeping with our national priority, social concern and comparative advantage.

1.12 We may like to be careful regarding the choice of technology in production. Our need is for an improved technology which will be modern and, at the same time, capable of making fuller and efficient utilisation of abundant manpower and local resources. We would remain open to new ideas on technology from abroad, but accept or adopt it, after suiting local conditions and social situation. In order that we can retain this independence of choice regarding technology, we should never yield to the pressure of the Dunkel proposal of intrusion into our patent laws relating to intellectual property rights. The Dunkel proposal of control of intellectual property rights would also mean fresh intrusion of imported items into the demestic market.

[3-10 - 3-20 p.m.]

1.13. We think that, if there is politcal will, it is indeed possible to reduce in an alternative way the Central fiscal deficit. In fact, if only a fraction of the annual accual of black money (estimated at least Rs.50 thousand crores) is properly unearthed, then it is possible to reduce the Central fiscal deficit by even a bigger margin, without jacking up the administered prices of essential items, or restricting the scope of public distribution system, or making assaults on the small-savings-based resources of the States, or selling the shares of profitable public sector units or increasing the burden of external debts.

1.14 It is important to have the public distribution system of essential items cooordinated from the national level, and there should be adequate budgetary provisioning of food subsidy for this purpose. This food subsidy should be regarded as a routine expenditure item, because, the public distribution system not only provides some protection for the poor against the onslaught of inflation, it also helps to contain the inflation itself and thus reduce, to some extent, the expenditure side of budget as well.

1.15 Rather than selling the public sector units to private hands (including foreign capital), the issue should be addressed towards increasing the internal efficiency of these units. To this end, it is essential to introduce forces of competition internally. The meaning of competition

in this specific context is the introduction, after proper discussion, of a sharp package of incentives and penalty for both management and employees, with fixation of accountability at every stage of production and management.

1.16 The meaning of competition, in the interest of efficiency and development, should mean equal competition. The essential precondition for this equal competition is equal access to productive assets and means of production. By competition, what the Central Government, under the pressure of IMF, tends to mean is not this equal competition, Without making any serious attempts at land reforms at the national level, or breaking up the concentration of ownership of industrial capital, or making any internal preparation, the Central Government, by its act of allowing indiscriminate entry of imported items and foreign capital, has only created a situation of unequal competition in the interests of multinational capital and at the expense of domestic industrialists. In the alternative approach, insistence is therefore on equal competition, and on the need of initiating this equal competition domestically. In the context of industry, its meansing is provision of equal access of bank loan and other facilities to the small industrialists. It is only relevant to mention in this context that privatisation of the nationalised banks will be a socially regressive step, going against the social concern about smaller producers.

1.17 Similarly, in agriculture the meansing of equal competition is provision of equal access of land and other facilities to all working farmers. In other words, this process has to start with land reforms. A move towards this objective will not only mean the crucial positive change in the existing unequal distribution of resources, but it will, through increasing the purchasing power of the vast majority of people in rural areas, also mean expansion of the demestic market and industrial growth on the basis of this domestic strength. It is important to note that there is no mention of effective land reforms in the IMF conditionalities or in the policy of liberalisation of the Central Government.

1.18 Industrial growth promoted on the internal strength of land reforms, emphasis on the small-scale sector and its link with the large scale units will not only help the process of domestic competition, it will also lead to expansion of production and widespread generation of employment.

1.19 Planning in this alternative approach does not mean a system of centralised bureaucratic planning. By planning we mean a decentralised system of planning, where common people can democratically participate in the formulation and implementation of plan schemes through elected Panchayats and municipalities. To this end, there should be decentralisation of economic power and decision-making power from the State level to the districts, then to the blocks and to the anchals, and finally to the villages in rural areas, and to the level of wards in every municipality in urban areas. As an integral part of this process, there is an immediate need for corresponding decentralisation of economic power and decision-making power from the Centre to the State. The meaning of equal competition is to reduce concentration of power at every level. In the context of the Centre-State relation, equal competition has the only meaning of more decentralisation of powers from the Centre to the States.

2.1 This alternative approach is, on the whole, applicable at the national level. Out of these proposals, those which are relevant and possible at the State level have formed the basis of policies and programmes of the Left Front Government from the very beginning. Now confronted with the deep crisis at the national level, some specific features of this approach will assume greater relevance.

2.2 Keeping this alternative approach in mind, the development process initiated by the Left Front Government in the State started with land reforms According to the National Sample Survey data published by the Government of India, while the small and marginal farmers at the national level own only 29 per cent of the land, in West Bengal, after land reforms, the small and marginal farmers have come to own nearly 60 per cent of the total land. If the land under the recorded share-croppers is added, the proportion of land over which the poor working-farmers have certain operational control may exceed 70 per cent, which is a record at the national level. this emphasis on land reforms is not an exercise in charity. There is hard evidence of superior production performance on the part of the poorer working-peasants and, therefore, land reform is the most important step for increasing total agricultural production itself. Simultaneously, the non-land inputs (specially, irrigation, fertilisers, etc.) have been made available to the common farmers. In the sphere of irrigation, particularly through empha-

sis on the expansion of minor irrigation, about 45 per cent of gross cropped area of the State has been brought under irrigation potential. In the sphere of fertilisers, in this State, the total consumption of chemical fertilisers has increased, on the whole, from a level of 19 kilogramme per hectare in 1977 to 91 kilogramme per hectare in 1991-92. It is primarily becasue of these steps, based on land reforms, that it has been possible to cross a new threshold in agricultural production. The total foodgrains production of the State has increased steadily from 75 lakh tons in 1976-77 to an all-time record production of 128 lakh tons in 1991-92. Honourable Members will be happy to know that, according to reports of the Planning Commission (State Plan Report, 1992), in the context of planning for agro-climatic zone systems, West Bengal has now reached the best position in the country. According to the data on the Statewise performance of foodgrains production, as presented in the Economic survey (1991-92) of the Central Government, West Bengal has come to occupy the first position among all the States in the rate of growth of foodgrains production in the Seventh Plan period (1985-90). This rate of growth for West Bengal has been 34 per cent, followed by Haryana (24%) and Punjab (23%). In addition, in the production of rice, West Bengal's position is now first and, in the production of potato, the position is second. This State is rated highly not only in terms of gross production but also in terms of yield per hectare. The per hectare yield of foodgrains in the State had increased from 1,155 kilograme in 1976-77 to 2,036 kilogramme in 1991-92, which in much higher than the national average of 1,374 per kilogramme per hectare. Not only has there been an increase in production and productivity, but since the basis of this increase has been land reforms, there has also been an accompanying improvement in the economic condition of the poorer sections in rural areas. This improvement has its reflection in the average wage rate of agricultural workers. The average daily wage rate in the State, which, in cash and kind together, was about Rs.5,60 in 1976-77 has now increased to reach a level of Rs.23.62 in 1991-92, an, in several districts, it has now crossed Rs.25. This growth rate has been more than the growth of the price index relevant for agricultural labourers, i.e. increase in the daily wage rate has been achieved in "real" terms. The improvement in the economic conditions of the rural poor has been reflected also in the per capita foodgrains consumption. According to the latest National survey data. for the country as a

whole, quantity of per capita foodgrains consumption for 30 days has fallen from 14.80 Kg. in 1982-83 to 14.00 Kg. in 1989-90. For West Bengal however, this per capita foodgrain consumption has increased from 14.28 Kg. in 1982-83 to 15.44 Kg. in 1989-90. In terms of the amount of per capita foodgrains consumption, West Bengal's position in second among all the States, and, in terms of the rate of increase in this consumption, its position is first (*Source* : National Sample Survey, 38th and 45th round).

[3-20 - 3-30 p.m.]

2.3 Documentation has also been made in the Economic Review (1992-93) about the performance and progress in all the other sectors, allied to agriculture. To cite an example, amongst all the States the position of West Bengal is first in fish production and among first few in forestry. In the field of forestry, achievement under the social forestry programme has been specially notable. In the last 10 years the target for social forestry was set at 1.16 lakh hectares ; against that, in actuality it has been possible to exceed the target and achieve a level of 2.42 lakh hectares and this has been possible because of involvement in this work of local common people through the institution of Panchayats. In the same way the local people have been involved to stop deforestation, with the added incentive that if the forest is saved, then a part of the forest wealth would be shared with the local people. Recently, the Government of India has directed the other States to take the experience of West Bengal as an example.

2.4 In the sphere of cottage and small scale industries, in spite of problems of sickness, West Bengal has occupied its position in the front-rank in the growth of registered small industrial units. Despite discrimination from the Centre, new investments have started recently in the medium and large scale industries because of the positive climate created for industrial regeneration in the State. The details of these investments have been documented in the Economic Review. Besides, documentation with analysis has also been made in this Review regarding the positive steps initiated in the opening up of closed and sick industrial units in the State. It is to be noted that the overall index of industrial production (Base : 1970=100) which had come down from 126.3 in 1965 to 102.7 in 1975, has once again increased to a level of 148.1 in 1991. An analysis of the significant improvement in the power

sector in recent times has also been documented in the Sixth Chapter of the Economic Review.

2.5 Keeping in view the alternative approach, attempts have thus been made at the State level to launch a process of development on the basis of land reforms, emphasis on the small-scale sector and creation of a climate for investment in the large-scale sector through extension of infrastructural facilities. In implementing this development process, a decentralised approach to planning has been adopted by involving, wherever possible, the common people through the elected Panchayats and municipalities. The need for such decentralisation in planning is, as mentioned earlier, an essential part of the alternative approach. The basis of the progress of these developmental activities has been the organisational efforts as well as an increase in plan expenditure over the years. This is how we had been advancing in this State, taking the common people with us at every step. However, over the last two years, along with the financial crisis at the national level, the State Government in West Bengal together with several other State Governments, has been confronted with a serious financial crisis. It is important to analyse frankly the nature of this crisis and the steps that are being taken to get out of this situation.

2.6 Honourable Members may note that in the Centre-State relations, there have been serious problems over the years. But the crisis of the present nature was not there even two years back. In fact, even within the limitation of the Centre-State relations, attempts were being made to maintain a balance between overall receipts and expenditure of the State Government, along with achieving a steady increase in plan expenditure for implementation of new projects in rural and urban areas. There has also been a special compulsion for maintaining this balance between receipts and expenditure. Prior to the year 1984-85, there was an advantage even within the Centre-State financial relations. If in any day in a financial year, the expenditure of the State Government had exceeded its receipts for that day, the State Government could take an overdraft from the Reserve Bank of India to meet this gap. Although the overdraft used to carry high rate of interest, and the burden of repayment of this loan was to be borne by the State Government in subsequent years, yet this facility was available. However, since 1984-85, the Central Government has unilaterally stopped this facility of con-

tinuous overdraft for the States, though the Centre has retained for itself all facilities of accommodation from the Reserve Bank of India. confronted with this additional problem, special steps were taken at the State level to maintain the balance between receipts and expenditure in more specific terms. Honourable Members may recall that in 1987-88, there were very small gaps between receipts and expenditure in two isolated days in the entire year. In the subsequent year, 1988-89, there was no deficit between receipts and expenditure even for a single day. Not only was this balance between receipts and expenditure attained, attempts were simultaneously made to keep on increasing the plan expenditure, as mentioned earlier. In fact, in every year during this period, it was possible to achieve, on average, a 15% annual rate of growth of plan expenditure. As a result, the actual plan expenditure during the Seventh Plan period (1985-90) reached Rs.4,511 crores, which was 109% of the original plan outlay of Rs.4,125 crores. Of this total plan expenditure, a sum of about Rs.3,367 crores (75% of the total) was provided out of the State's own resources, while the rest, Rs.1,144 crores (25%) came from the Central Plan assistance.

[3-30 - 3-40 p.m.]

2.7 The growth in State's own resources was possible on the basis of the taxation efforts of the State and a remarkable rise in the small-savings-based resources of the State. The rate of growth of the State taxes has been around 18% over the years from 1987-88 to 1990-91 which was much higher than the all-India average, and the State came to be ranked first in terms of tax efforts among all the States in the Final Report of the Ninth Finance Commission (1989-90). That apart, in the sphere of small savings, particularly after a decentralised incentive scheme was introduced at the district level, there was also a remarkable growth of resources—from Rs.286 crores in 1987-88 to Rs.609 crores in 1989-90.

2.8 Honourable Members are aware that the need for this pay revision arose in 1990-91. The Government of India announced pay revision for its employees in 1985-86. The Government of West Bengal, along with other State Governments, also set up the Pay Commission in 1986-87, and this pay Commission submitted its report in 1989-90. The recommendations and the relevant decisions were implemented from 1990-91. As a result the Non-plan Salary expenditure of the State got double

in 1990-91. In spite of that, it was possible to protect 84% of the Annual Plan (Rs.1,328 crores) for 1990-91. In fact, if the scheduled Soviet credit of Rs.134 crores for the Bakreswar Power Project was duly available, then more than 90% of the plan expenditure could have been protected. In other words, in spite of the burden of pay revision it was possible in 1990-91 to maintain the balance between receipts and expenditure and protect a significant part of plan expenditure. This entire exercise was possible on the basis of sustained growth in small savings which reached the level of Rs.824 crores, setting a new record.

2.9 However, since 1991-92, over the last one year and a half, the Central Government has suddenly started making unprecedented assaults on the resources of the States. These assaults are not isolated instances. These are a direct result of the IMF loan conditionalities to which the Government of India has surrendered.

2.10 Before the formulation of the State budget, it was stated during the discussions with the Planning Commission, and later confirmed in writing, that during 1991-92 the Central Government would make available a special assistance of Rs.215 crores to the State Government. But in spite of a written commitment, no part of this Central assistance of Rs.215 crores reached the State. Towards the end of the financial year, we were told, that in lieu of this, arrangements would be made for loan at a higher rate of interest outside the Central budget from financial institutions. But, even after waiting till 31st March, 1992, no assistance on this account also was forthcoming. The main reason why the Central Government was unable to allocate this fund in spite of such assurance to the State Government, was the conditionalities of the loan from the IMF—which indicate that the Central Government will have to reduce their deficit, if necessary, mechanically. As in the absence of political will the Central Government was unable to unearth even a fraction of huge black money of the rich, the liability of reduction of deficit was passed on to the State Government by denying the promised Central assistance. But the assault on the State's efforts towards small savings was even more of a denial.

[3-40 - 3-50 p.m.]

2.11 This assault on small savings was made in a special manner. The Central Government repeatedly raised the interest rates of certain

competing schemes, specially Mutual Fund schemes, and made them more attractive than Small Savings Schemes. As a result, many people started withdrawing from Small Savings Schemes in order to make deposits in the Mutual Fund Schemes. A major portion of the moneys deposited in the Small Savings Schemes in the State becomes part of the State resources. In West Bengal, we had started to utilise these resources at the district level through Panchayats in different development projects (construction of roads, bridges, irrigation embankments, etc.). On the other hand, money collected from different Mutual Fund Schemes is first deposited in the financial institutions under the control of the Central Government. There are reasons to believe that, by making Mutual Fund Schemes more attractive, funds were diverted from small savings. Attempts began to invest a major portion of such funds in the share market and the whole scheme was designed to fulfil the conditionalities of the IMF loan. The underlying theme of these conditionalities was to divert the savings of the common people of the State from the State Government or the Panchayats and to bring it under the control of private capital under the dictum of market economy. Since the domestic market for industrial goods was already restricted due to the lack of purchasing power of the common people, there was inadequate demand for actual investment from the industrialists and the entire effort was ultimately reduced to an unprecedented share-scam through speculative activities. The Joint Parliamentary Committee is trying to find out who benfitted from this, but this scam hurt the small investors and especially the State Government. As a result, during 1991-92, the resources on account of small savings of all the States declined by about 40%, Since West Bengal's position in small savings has been in the front-rank, the State Government suffered an unprecedented resource loss of Rs.413 crores.

2.12 As a result of this assault on the State, not only has there been a revenue loss for the year, the financial balance of the State was placed under acute strain. The resource-flow on account of small savings which used to be about Rs.70 crores per month, suddenly dropped down to Rs.30 crores per month and, later, went below even Rs.10 crores per month. Because of this sudden revenue loss and in the absence of overdraft facilities for periods exceeding 7 days, the State Government was forced to impose restrictions on expenditure. Consequently, there were serious repercussions on the developmental activities

in the districts.

2.13 Apart from these two assaults, in some other spheres also, there was loss of State revenue. To cite some examples, sales tax collection was Rs.78 crores less and one Central Government organisation did not deposit the entire amount of coal cess payable (a comprehensive documentation on coal cess has been made elsewhere). Though receipts of tax devolution (as per constitutional provision) on account of Income Tax and Excise Duty was Rs.95 crores higher, receipts on account of Central grants had fallen short by Rs.152 crores. However, as mentioned earlier, during 1991-92, the major assault was on two counts—non-receipt of the promised Central loan of Rs.215 crores and loss of Rs.413 crores on account of small-savings. I have already mentioned in my analysis that both these assaults are directly connected with IMF loan conditionalities and related policies of the Government of India. As a result, in 1991-92, the State Plan outlay was reduced from proposed Rs.1,486 crores to Rs.913 crores. The State Plan expenditure would have declined even further as a result of these two assaults. But, because of the curtailment of Non-Plan expenditure and restrictions on expenditure in general, it has been possible to maintain the Plan size for 1991-92 at a level of Rs.913 crores.

2.14 These assaults have been heightened during the current financial year (1992-93). When the current year's Plan size was finalised at Rs.1,501 crores on the basis of discussions with the Central Planning Commission, the small savings target was set at Rs.700 crores which was much less than the previous year's target of Rs.964 crores and a little higher than previous year's actual collection of Rs.551 crores. The sole reason behind this was the fact that the Committee set up by the Central Planning Commission under the Chairmanship of Dr. Rangarajan (then Member of the Planning Commission and now Governor of the Reserve Bank of India) had admitted the logic behind the claims of the State and had recommended increasing the interest rates in two important small savings schemes. These recommendations should have been implemented by the Central Government from last January, and the State Government was repeatedly assured that the recommendations would be implemented very early. The most important time for small-savings collection is the period from the months of January to April. In spite of this, it was seen in effect that the Central Government delayed implementation of the recommendations of the Rangarajan Committee.

The recommendations were not given effect to till the month of April, 1992 and, after causing enormous loss of resource to the States, the recommendations were made effective only from the month of May (duirng this period, in certain months many States had negative net collections on account of small-savings). Thereafter, the small-savings collection in this State gradually picked up. It was possible to maintain this rising trend and present monthly collections have again crossed Rs.50 crores. In terms of rate of growth, West Bengal's position has again become first among all the States. Since the entitlement of small-savings loan in a particular financial year for a State is calculated on the basis of collections during January to December, because of delayed decision on the part of Government of India, major revenue loss has already been caused to the State and the current year's small-savings collection is about Rs.414 crores on account of the initial loss sustained. Had the Central Government implemented the recommendations of the Rangarajan Committee from the month of January, it may reasonably be anticipated on the basis of the present trends in small-savings collection that, during the current year, our State could have mobilised a further amount of Rs.300 crores from small-savings. West Bengal, along with other States, was deprived of this additional resource mobilisation only on account of the delayed decision of the Central Government.

2.15 At the time when the State Plan size for the current year was fixed, another commitment was given to the State that Rs.200 crores would be made available as loan from financial institution, especially for improvement and construction of infrastructure. Till date, no fund has yet been sanctioned on this account.

2.16 On top of this, fresh assaults have been mounted. During the last financial year (1991-92), mainly because of non-receipt of the promised Central loan and enormous loss in small-savings collection, the State Plan outlay had to be curtailed. Now it appears that this deficit in Plan expenditure (for which the Central Government's own policy and decisions are responsible) has been cited as a reason for deduction of Rs.71 crores from the Central Plan assistance allocated to the State for the current year by the Central Government. The State Government have lodged strong protest against this decision and once again explained with facts and figures the reasons for the shortfall. It is necessary to mention that the Planning Commission had accepted the logic

of the State Government and recommended that this amount of Rs.71 crores should be reallocated to the State Government. But the Central Government have not yet made any such reallocation. On the other hand, it is apprehended that further deductions may be made during this March.

[3-50 - 4-00 p.m.]

2.17 The main part of this deduction of Rs.71 crores from Central Plan assistance was suddenly made during the first three months of the year. Now, the real reason behind this is known. The IMF's loan conditionalities also include an additional (to which the Central Government has again surrendered), which entitles the IMF to examine the accounts of the Central Government every quarter, and the month of June was the first month for the quarterly review. In compliance with this condition, the Central Government had to reduce its own expenditure and inflict this totally illogical assault on the State within the month of June. As a result of this, the balance between receipts and expenditure of the State Government was completely upset. Confronted with this created-crisis, the State Government, with the knowledge of the Central Government, had to borrow Rs.100 crores from two outside agencies at an interest rate of 20%. Honourable Members may recall that, during the last Budget Session of the Legislative Assembly, I had made a statement to this effect explaining clearly the entire situation. I am now happy to inform the Honourable Members that the entire loan has already been repaid to these two organisations. Orders have also been issued for payment of the accrued interest.

2.18 After deducting Rs.71 crores from the Central Plan assistance due to the State Government, the Central Government have made further deduction of Rs.79 crores from the Central Plan assistance due to the State on the ground that some old bills on account of coal and power of some Central organisations are due from the State power agencies. Further, citing non-payment of coal bills in full by the State power agencies as the reason, a certain Central Government organisation is not paying a part of its coal cess dues to the State Government. As a result, in the current year itself, there has been a shortfall of Rs.170 crores against the amount included in the Budget estimate as statutory dues on account of coal cess. Taking into account the previous years, the claim of the State Government as on the 31st January, 1993 on

account of coal cess from the concerned Central Government organisations amount to Rs.562 crores. Necessary notices under the law have already been served. As against this, as on 31st January, 1993, the State power agencies owe Rs.288 crores to the Central organisations on account of coal bill. Since the matter is under discussion, I will not elaborate on this. But particularly this year's experience have raised a major issue in the sphere of Centre-State relations. The Central Government promptly realises from the funds payable to the State any amount remaining outstanding on account of any State Government organisation to any Central Government organisation—unilaterally and without any further reference to the State Government. Under the circumstances, what recourse is available to the State Government for realisation of outstanding dues of Central organisations payable to the State Government ?

2.19 During the current financial year (1992-93), in spite of various adverse situations, it is estimated in respect of the State's own resource collection that it would be possible to either meet or exceed the targets set for the major taxes. For example receipts on account of Excise Duty and Profession Tax may fulfil the targets of Rs.210 crores and Rs.98 crores respectively while collection on account of Electricity Duty may exceed the target stipulated at Rs.30 crores. In case of Stamp Duty and Registration Fee, the primary target of Rs.200 crores may also be achieved. But unprecedented industrial recession on an all-India level, and repeated assaults on the purchasing power of the common man (specific reasons for which being the Central Government's Economic policy and IMF loan conditionalities, as mentioned earlier) and, above all, the recent happenings at Ayodhya and Bombay have especially adversely affected the collection of sales tax and entry tax. During the current financial year, in the case of sales tax, we had targeted a 30% growth to reach a level of Rs.1,900 crores. I would like to inform the Honourable Members that during the first few months of the current financial year it was possible to achieve a record growth rate of more than 30 per cent in sales tax collection. But, as a result of wide recession in the industries at the all India level and specially after the events in Ayodhya and Bombay, it was not possible to maintain this rate of growth. Now it is estimated that sales tax collection during the current financial year would be Rs.1,700 crores. Though this is less than the target, it to necessary to mention that it will be possible to

achieve a growth rate of over 20 per cent in sales tax collection which is much above the all India average rate of growth and the highest in recent years in the State. The events at Ayodhya and Bombay affected collection of entry tax more adversely. As a result, against the target of Rs.165, the estimated collection would be Rs.156 crores.

2.20 Keeping in view the repeated cuts from the Central Plan assistance, non-receipt of loans promised, loss in respect of small-savings, loss in revenue collection due to incidents at Ayodhya in December and further apprehended loss of revenue in such circumstances, a decision was taken in the month of December, that it may be necessary to reduce the State Plan allocation from Rs.1,501 crores to Rs.701 crores. Simultaneously two other decisions were taken. First, we would press for legitimate claims so that the cut in State Plan is restored and the promised loan from the financial institutions is sanctioned. At the same time it was decided that, in order to protect the interests of State finance, a special effort would be made in respect of State's own resource collection through decentralisation and involvement of the districts in resource mobilisation. The local common people could also be involved in this effort. For this purpose for four important sources of State revenue namely, Stamp Duty and Registration Fee, Amusement Tax, Motor Vehicles Tax and Cess and Royalty on minerals (excluding coal), the responsibility of resource mobilisation have been decentralised to the districts. In this responsibility, the Panchayats are involved along with the general administration and, through Panchayats, the local common people are also be involved. In this decentralisation process, in respect of each of the above mentioned taxes, targets of tax collection have been fixed for each district and an incentive scheme has been evolved—if any district is able to exceed the district target, then 50 per cent additional resource so collected would be returned to that district for development works in the district (construction of roads and bridges, expansion of irrigation facilities, etc.). So far, mainly Plan expenditure was being made through the Panchayati system in a decentralised manner. Now, through this process of decentralised resource mobilisation, Panchayats have also been involved in resource collection and, through the incentive scheme, the aspect of expenditure has also been integrated.

2.21 Hon'ble Members, the net impact of all these decisions has

been as follows. the deductions made by the Central Government from the State's due Plan assistance have not yet been released and the promised institutional loan is yet to be sanctioned. However, since initiation of the decentralised resource mobilisation process at the district level and consequent upon introduction of internal decentralisation in collection of resources such as sales tax, State excise and entry tax, a new positive dimension has been added to resource mobilisation as a whole, and dynamism has been imparted to the entire process. Now, on the basis of the latest information regarding the State's own resource mobilisation during the current year, I am happy to inform the Hon'ble Members that, despite so many assaults during the current financial year, the State's Plan expenditure will not remain restricted to Rs.701 crores but will reach a level of Rs.887 crores. Hon'ble Members may note that the State's Plan expenditure during the current financial year could have crossed Rs.1,400 crores had the Central Government not delayed their decision regarding small savings schemes (resulting in a loss of revenue to the tune of Rs.300 crores), not made irrationally heavy deductions from Plan assistance and been able to sanction institutional loan of Rs.200 crores as promised.

[4-00 - 4-10 p.m.]

2.22 For the present year, we have been guided by a definite idea regarding priorities while fixing our Plan allocation of Rs.887 crores. As an example, we have to state that the core of the State Plan is employment generation and, therefore, we have protected and already sanctioned 100% of the budgetted Plan allocation in respect of employment generation schemes (Jawhar Rozgar Yojana, Integrated Rural Development Programme, Self-Employment Scheme for the Registered Unemployed etc.). Similarly for the Scheduled Castes and Scheduled Tribes Welfare Department, the entire Plan allocation (100% of the original Plan estimate), for the Public Works (Roads) Department 99% of the Plan allocation, for the Rural Development Department 94% of Plan allocation, for the Minor and Major Irrigation Department 80% of the Plan allocation, for the Power Department 61% of the Plan allocation and for Urban Development Department 84% of the Plan allocation could be protected. Apart from this, for the other departments, even though Plan allocations had to be reduced, we have attempted to protect the internal priority of the departments. We may mention as exam-

ples the rural Water Supply Scheme of the Public Health Engineering Department; mass education extension programmes, establishment/expansion of new schools, printing of text books (non-plan) and introduction of new courses of study in new subjects in colleges of the Education Department grant for purchase of medicines (non-Plan) for the Health Department; subsidy for handlooms (non-Plan) for the Cottage and Small Scale Industries Department could be protected to the extent possible. However, we have to state in this connection that, as a result of the financial crisis (which has been explained earlier), apart from especially important sectors such as Jawahar Rozgar Yojana employment programme, medicine purchase by the Health Department, definite expenditure by the technical departments, salary and retirement benefits of all departments and departmental Undertakings, loan repayment and some other fixed items of expenditure, we could not sanction other items of expenditure generally or relax restrictions from the beginning of this financial year. Such sanction and relaxation of restrictions have started gradually. However, for information of the Hon'ble Members, I am to inform that the bulk of the revised Plan allocation of Rs.887 crores have already been sanctioned to all the departments in relaxation of financial restrictions, the remaining Plan outlay would also be released gradually within 31st March, 1993.

2.23 Because of the imposition of restrictions on non-Plan expenditure in many cases bills were held up. In such cases also the process of clearing of these bills have stated through lifting of restriction in stages. It is expected that it would be possible to clear most of arear bills by 31st March 1993.

2.24 Confronted with this financial constraint, it was not possible to make payments of arrears of salaries arising out of revision of pay in respect of Government employees, teachers and others. I express my sincere regret for the inconvenience which this has caused. I would now like to announce that the entire amount of arrears of salaries due to fixation under ROPA Rules, 1990, would be credited to the General Provident Fund account of the Government employees. All the Government employees may now have access to this money in accordance with the existing rules of General Provident Fund. In the case of teachers and others also the arrears of salaries would be deposited in their respective Provident Fund account. Special administrative steps would be

taken to ensure that Provident Fund accounts are quickly opened in respect of those teachers and others for whom no such account exists. Teachers and others also would be entitled to draw money from their Provident Fund account as per existing rules.

2.25 An analysis of the assault on State finances over the last two years has already been made elsewhere. Though this has reduced the overall Plan outlay, all efforts have been made to protect the priority sector as far as possible. Along with this, attempts have been made to further strengthen the process for involvement of common people in thhe development process. As a result it would be seen, in spite of assault on the State finances, over the two years the main stream of development has remained steady.

2.26 In the sphere of land reforms, we have been able to exceed the total target of distribution of vested land and assist 20.54 lakh poor families of which 58 per cent belong to scheduled caste and scheduled tribes. In the sphere of irrigation whereas 38.15 lakh hectares of agricultural land was covered by irrigation at the end of 1990-91, over the last two years, due to enhancement of major, medium and minor irrigation potential, the total agricultural land brought under the purview of irrigation would stand at 40.16 lakh hectares at the end of 1992-93. In the power sector, over the last two years, the net installed capacity has increased by about 278 MW and power generation has also increased by more than 30 per cent which is a record for the recent years.

2.27 In the educational sector the Mass Literacy Programme has brought a new message for all of us. Over the last two years, four districts have been able to reach full literacy and three other districts made partially literate. At present the work of the literacy programme is under way in fourteen districts, including Calcutta. The impact of this programme has been felt on the rising enrolment strength in primary schools. It has been resolved that in each district this programme would be integrated with programmes on Public Health and Employment Generation.

2.28 In the field of employment generation, over the last two years, it has been possible to create employment opportunities for over four lakhs people through Self-Employment Programme every year. In all these programmes, the number of beneficiaries during the current

year under IRDP has been estimated at 1.70 lakh which is about 110 per cent of the target (last year we could achieve 109 per cent of the target). Of the beneficiaries of this programme, 45 per cent belong to scheduled castes and scheduled tribes and 46 per cent are women. Under Wage Employment Programme we expect to create additional employment to the tune of 580 lakh mandays through Jawhar Rozgar Yojana in the current year which will be 104 per cent of the target (last year we could reach 90 per cent of the target). Apart from the employment programmes, additional employment has also been created in the spheres of direct production (agriculture, industries etc.) and this has been analysed in the Economic review (1992-93)

2.29 The sum total of the work in all these spheres have been reflected in the rise in the State Domestic Product of the State. It is noticeable that growth rate of West Bengal's State Domestic Product during 1991-92 was 5.8 per cent whereas for the country as a whole the growth rate of the Gross domestic Product was only 1.2 per cent. For the current year the growth rate for the Gross Domestic Product of the country has been estimated at 4.2 per cent. For this State also, it has been possible to estimate the growth rate of the State Domestic Product, taking into account development schemes in every sphere. This estimated growth rate is 4.5 per cent which is again higher than the corresponding all-India rate. Apart from this, according to the published data, the rate of inflation within the State has been about 2 per cent less than the all-India inflation rate for the last two years.

2.30 Over the last two years, assaults have been made on West Bengal following the path indicated by the conditionalities of foreign loans. But, over the first 15 years, attempts have been made to build a permannent base of production in this State by involving the common man with the production process and, as a result of this, production force in the State has attained an irresistable flow despite repeated assaults. The common people of the State have given a fitting reply to the assault on the State finances by enhancing the rate of production in West Bengal to a much higher level that at the national level.

## 3

3.1 Keeping in view the experience of the last two years and the alternative proposals that we have placed at the national level together

with their relevance to the State's situation, we have tried to keep three basic features in mind while framing the budget for the next year (1993-94)—self-reliance, expansion of employment opportunities as far as possible by the State, and decentralisation through which the common people could be involved in the decision making of the planning process. All three objectives are intimately connected. Besides, in the light of the experience of the last two years, it has been considered necessary to rely on certain sources of resource mobilisation and to remain careful about the uncertain promises of the Government of India particularly where these promises have any relationship with the IMF loans and their conditionalities.

3.2 The most relevant aspect of self-reliance at the State level relates to the need to narrowing down, wherever possible, the gap between the demand of the State and the internal supply in the concerned spheres of agriculture and allied activities. In order that the benefit of enhanced production may reach the common consumer as well as the common producer, it is essential that the marketing structure should be adequately organised with social concern. It is in this context that the augmentation of production of foodgrains, oil seeds, fish and animal resources will receive special attention.

3.3 Since the record of highest production per acre and highest employment potential is from the holdings of the small farmers, therefore both for increased production and increased employment it remains important to distributed the surplus land to these small farmers through land reforms. It is necessary to mention here that, in order to facilitate the distribution of surplus land to women in the rural areas, the significant decision to issue joint pattas had already been taken. In the future, this particular decision will add a new dimension to land reforms.

3.4 In order to make land reform measures effective, it would be essential to support them by provision of other non-land inputs and relatedly self-reliance in production of improved seeds, as also irrigation expansion and arrangement for organic manure will receive special attention. Recently, steps have been taken to attain self-sufficiency at the State level to produce improved variety of seeds for paddy and oil seeds. In the next year, in order to narrow down the gap between local demands and supply, the Government farms will be used more extensively. The Central Government has recently sharply increased the

price of chemical fertilisers and has also started importing a part of the chemical fertilisers. In the future, in order to attain self-sufficiency at the State level and to safeguard the interest of the common farmer, it will be necessary to give up total reliance on chemical fertilisers and go in for a mixture of cheaper organic and chemical fertilisers based on local resources and achieve increased production. Keeping in view the goals of self-reliance and employment creation, it is proposed to bring 1 lakh hectares of land under irrigation. Special attention will be given to the expansion of branch canals and field channels of large irrigation projects and expansion of minor irrigation. Recently, a significant decision has been taken to involve the Panchayats along with the technical departments in the execution of the work of branch canals and field channels of the Teesta Barrage Project so that the benefits of the project reach the fields more quickly. There is a problem of scanty rainfall at the end of the current year. In this background, the expansion of irrigation facilities—major and minor, will assume added importance. I may mention that it is possible to create permanent employment of 1.5 lakh people by bringing an additional 1 lakh hectares of agricultural land under irrigation.

[4-10 - 4-20 p.m.]

3.5 It is not enough to augment production in agriculture and allied sectors. In order that benefits of enhanced production may reach the common consumer as well as the small producer, it is absolutely essential that the marketing structure is made more socially organised. The demand on the Central Government for enhanced supply of essential commodities to maintain the public distribution system will become more pronounced in the future. At the same time, in order to protect our interests, urgent steps will be taken in the future to build up the State's own buffer stock of essential foodgrains. In this context, the correct step for setting up of modern mini rice mills in the various districts has been taken and 9,426 applications have already been received for this purpose. so far, 267 permits have been granted for setting up of such mini rice mills. Since these modern rice mills have arrangements for recovery of the bran, it will now be possible to extract rice bran oil from this bran. It may be mentioned that, in the current year, procurement of paddy has already crossed 1.37 lakh tonnes in the first week of March against the total procurement of 79.8 thousand tonnes during the last year.

3.6 In the sphere of education while taking care of expansion and upgradation, attention will be given to mass literacy programme. Just as land reforms brings the right of the working farmers over land the mass literacy programme gives the common people their access to human capital. Keeping in mind this aspect of the mass literacy programme, in future this will be coordinated will public health self-employment programmes. This coordinated plan of action will be a corner stone in the acheivement of self-reliance and generation of employment through the improved use of human resources and local raw materials.

3.7 In spite of many financial constraints it has been possible over the last two years to assist more than 4 lakhs of people through the programme of self-employment. Through the other major employment generation programmes in rural and urban areas and through the efforts for enhanced production in agriculture and allied activities and industries it has also been possible to bring a further 2 lakh persons within the fold of employment. I now propose to keep a target of atleast 5 lakh employment opportunities under the self-employment programme and another 3 lakh employment opportunities out of the other programmes and production activities in the coming year. After setting the target, we shall closely monitor the progress of every project in every month so that the bank loans and other facilities are available to the enterpreneurs in due time. It may, however, be kept in mind that the unemployment problem cannot be permanently solved through these programmes. When unemployment is an all-India problem and no effective steps have been taken at the national level to solve this problem, it is only possible for the State to take limited steps. There are 50 lakh registered unemployed in this State and each year a further number of 4 lakhs are being registered. Our limited attempt in only to contain this problem of unemployment to some extent so that it can be progressively reduced over the years. Our planning effort will have as its main aim this approach towards alleviation of the problem of unemployment.

3.8 In order to increase the scope of employment it is very important to increase the production in both the agriculture and industrial sectors. We have already discussed the programme of development regarding the agricultural sector. The growth of agricultural sector's production has already been documented. It is now necessary to mention that our State is faced with new prospects of industrial develop-

ment. This prospect of industrial development is partially related to the development in agriculture. By using the increased agricultural production and utilising the demand for agro-related products (for examples seeds, parts of tubewells etc.) new industrial possibilities have arisen. In addition, due to its environment—friendly role and demands for diversified products, a new opportunity has presented itself before jute industry in the State. Similarly, opportunities have increased for leather industry and a positive situation has developed for the steel industry. Becasue of relatively abundant availability of skill and knowledge, modern industries like electronics can grow in West Bengal. Besides, in the sector of large industries, work on the Haldia Acrylic Fibre Project in the joint sector has begun. Above all it has been possible to reach the threshold of starting of work on the main part of the Haldia Petro-chemicals after completing all other preparatory works.

3.9 Much of this potentiality in industry can flourish only through small scale sector. Besides, in the case of large scale mother unit, various ancilliary small scale unit will be integrated with the mother unit so that the effect of industrialisation is reflected in employment generation.

3.10 In the face of this new potential of industrial revolution, continued emphasis would have to be given on building up of essential infrastructure (power, roads and communication etc.). Simultaneously it has been decided that the incentive scheme for the industries (the outline of which was presented last year itself) will be made more attractive in the interest of development of this potential for industrialisation. Honourable Members a new package of incentives for small, medium and large scale industries is now ready. Details in this regard would be announced in due course. I would only mention certain points having revenue implications.

3.11 The new scheme envisages sales tax remission for 5, 7 and 9 years depending on the location of the new units. Alternatively, new units may opt for deferment of sales tax for a period of 7, 8 and 9 years depending on its location. Approved projects for substantial expansion of existing units will be eligible for remission of sales tax for 4, 6 and 8 years and alternatively for deferment of sales tax for 5, 6 and 8 years depending on the location. New electronic units and gems and jewellery units located in Calcutta Municipal Corporation area will also

be eligible for remission of sales tax for a period of 5 years and alternatively deferment of sales tax for a period of 7 years. For approved projects of multiplier units with fixed capital investment of Rs.100 crores, and providing employment of atleast 100 persons and having a multiplier effect for generation of employment of atleast 1,000 persons in downstream industries will be eligible for 2 years additional remission or deferment of sales tax, over and above the benefits provided for in the different locations. The maximum limit on deferment or remission of sales tax for any unit will be Rs.50 crores in place of existing Rs.35 crores. In addition eligible new units and existing units with approved expansion project shall be entitled to tax free purchase of raw materials from registered dealers for their production activities.

3.12 I am also glad to inform the Honourable Members that new units would now be entitled to opt in lieu of State Capital Investment Subsidy for additional sales tax incentive equal to the admissible amount of capital investment subsidy for an additional period of 2, 3 and 4 years depending on the location.

3.13 Honourable Members will also be happy to note that all products of the new units located within the State would be totally exempt from entry tax on entry into Calcutta Metropolitan Area for 3 years from the date of start of commercial production. I am happy to announce that all new eligible units will be exempted from payment of electricity duty for a period of 5 years from the date of start of commercial production.

3.14 Honourable Members have from time to time expressed their concern about the closed and sick units of the State. In order to facilitate revamping of these units, I propose substantial tax benefits for the revival of such units. All sick units brought under an approved rehabilitation package and all closed units brought into commercial production by a new entrepreneur will be treated as new unit for the purpose of tax benefit announced by me earlier as part of the incentive schemes.

3.15 Keeping in mind the objectives and priorities as already mentioned, the State plan outlay for the next financial year (1993-94) has been fixed. However, given the experience of the last two years, this plan outlay has been considered at two levels. At the first level,

the plan size has been fixed at Rs.1,550 crores. In fixing this level, however, along with the certain resources and due shares of the States, the promised financial institution loan of Rs.86 crores and resources to the tune of Rs.150 crores on account of consignment tax have also been considered. In addition, the target of small-savings-based resource has also been taken at the level of Rs.500 crores which is less than the last year's target of Rs.700 crores but higher than this years collection of Rs.414 crores. The commitment relating to the provision of financial institutional loan has been communicated in general terms in writing. There is also a commitment on the part of the Centre to implement as soon as possible the unanimous decision of the Chief Ministers on consignment tax. On the basis of the present trend in small savings collection (about Rs.50 crores, on average, per month) it is also possible to consider the annual target at Rs.500 crores. But, resources on all these three accounts are critically dependent on the policies of the Central Government—the policies which are related to the IMF loan conditionalities. On the basis of unpleasant experience of the last two years, therefore, there are reason for apprehension about fresh assaults in these areas in the next year. Honourable Members, in order to stand on the certain resource base, we have, after excluding the resource availability on account of the first two sources, and reducing the small savings target to Rs.400 crores, fixed a core plan size at the second level of Rs.1,214 crores. allocation of the core plan outlay amount the departments has already been through the due process of consultation. The difference between the plan outlays of the two levels has also been clearly indicated through a general provision under the Development and Planning Department. If the promises are kept, and there are no further assaults on the small savings, then State Plan size will stay fixed at Rs.1,550 crores, and the balance fund will be reallocated among the departments. If, however, promises are broken, and assaults again made, then we shall at least be able to protect the core plan size of Rs.1,214 crores Honourable members may note that it has been possible to protect plan expenditure of Rs.887 crores in the current year. The core plan size of Rs.1,214 implies a growth of about 37% from the expenditure of the current year. Out of this core plan outlay allocation, housing and urban development (10.2%), education, art and culture etc. (7.6%), transport, including roads and bridges (6.9%), scheduled castes and tribal welfare (3.9%), health and family welfare (2.3%) and other social services (4.3%)

3.16 Employment generation has already been stated to be one of the major objectives of the next year's Budget. To this end, a provision of about Rs.102 crores has already been in the core plan, including the provision of Rs.56 crores on account of self-employment programmes for the State's share in order to give further emphasis on these self-employment programmes. I am now proposing an additional provision of Rs.12 crores.

3.17 Problems have cropped up due to inadequate rainfall, particularly in the later part of the current year. In the core plan of the next year, budgetary provisions have already been made of the order of Rs.82 crores for the large and medium irrigation projects, Rs.48 crores for the minor irrigation projects and Rs.22 crores for the drinking water projects. In order that we can tackle better the specific problem as arising out of the scarcity of rainfall, I am proposing an additional sum of Rs.12 crores for purposes of minor irrigation and drinking water projects.

3.18 After taking into account the total core plan expenditure including these additional provisions, and the total Non-Plan expenditure, including the provisions for payments as also the total receipts out of the existing taxes and other resource-base, the deficit between these receipts and expenditure at this primary stage comes out to be about Rs.118 crores.

3.19 Confronted with this deficit, I am proposing a special drive towards curtailment of non-priority Non-Plan expenditure. Not only will the existing economy measures, relating to use of cars, functions, travels etc. will be enforced more stringently, there will be monthly monitoring in each department for further step-by-step curtailment of non-priority Non-Plan expenditure, so that at the end of the year there may be of saving of resources to the tune of Rs.50 crores.

[4-20 - 4-30 p.m.]

3.20 Keeping the need of this economy drive in view, certain experiments will be made by involving the common people through the Panchayats in the implementation of specific projects. Experience shows that if after installing a minor irrigation tubewell (or cluster of tubewells), the same is operated, under general supervison of the Panchayats, by the unemployed youths belonging to the beneficiary group of the tubewell

(consisting primarily of the small and the marginal farmers thanks to land reforms), the cost of operation and maintenance is reduced significantly. In some cases, even surplus is generated out of which new installations can be made. The course of cost reduction adopted by the Central Government under the direction of the IMF relates to selling of the State units to private hands. We are, however, making an alternative experiment where the Government retains the responsibility of installing the tubewells and where the local common people participate directly in the operation under the general social control of the Panchayats. In the next years, some such innovative experiments will be tried out and results analysed.

3.21 Honourable Members, after taking into account this proposal on economy drive, the deficit gets reduced to Rs.68 crores. Confronted with this deficit, and before going to proposals of additional resource mobilisation, I would like to inform the Honourable Members that the main thrust of next year's resource mobilisation will be on more efficient collection out of the existing taxes. It is through this special effort relating to the existing taxes that collection of the State's own revenue is estimated to increase, from Rs.3,032 crores in 1992-93 by 21.4% to Rs.3,683 crores in 1993-94. The main principles behind this effort will be decentralisation, rationalisation and simplification.

3.22 Honourable Members will recall that last year, in my budget speech, I had announced that a scheme for decentralised mobilisation of resources involving Zilla Parishads in such collection, and with the built-in incentive that 50% of collection in excess of district targets will be returned to the districts. This scheme, as I have already mentioned, has been introduced covering stamp duty and registration fee, amusement tax, motor vehicles tax, royalty and cess on minor minerals and royalty and cess on major minerals (excluding coal). Reports from the districts indicate that there has been significant improvement in collection of motor vehicles tax, amusement tax and royalty and cess on minor minerals over the collection of last year. The State Government has, therefore, decided to continue the scheme with greater vigour.

3.23 Honourable Members are aware that I have been trying over the past few years to rationalise rates of taxes and to simplify procedures of assessment and collection in respect of all taxes and duties with a view to obviating the difficulties faced by tax payers. With this

end in view, we have already introduced changes in the Bengal Excise Act, 1909 and the Bengal Electricity Duty Act, 1935 through the West Bengal Taxation Laws (Amendment) Ordinance, 1993. The Bengal Electricity Duty Act has been amended so that duty can be levied ad valorem on the net charge for consumption of electricity. The earlier provision has envisaged levy of duty in terms of units of electricity consumed and was considered to be regressive. The present changes do not affect domestic consumers adversely but seek to redress the regressive duty structure in relation to bulk commercial and industrial consumers. Similar amendment in the West Bengal Duty on Inter-State River Valley Authority Electricity Act, 1973 is also proposed. This amendment will be brought before this House in the current session. However, the amendment can only be given effect to after receiving Presidential assent.

3.24 Apprehensions have unnecessarily been voiced in certain quarters about the changes in Excise Law. I wish to clearly state that not only no major departures have been envisaged from the State's excise policy, but in fact the process of selection of sites has been made more stringent by also asking for the "no objection" statement from the Zilla Parishad Sabhadhipatis, in addition to asking for such statements from the MLAs and representatives of urban local bodies as per the existing arrangement. Moreover, the thrust of our activities will not be on opening up of new liquor shops, but on destroying the illicit outlets. We seek co-operation of all in this operation. If after this thrust, any specific local need is felt, then only opening of a very limited number of shops may be considered.

3.25 Similarly, in the field of entry tax also, I intend to rationalise the tax structure. The present entry tax regime has some fixed rates and some ad valorem rates which is confusing and causes difficulties to tax payers, I intend to replace this by a schedule providing for ad valorem rates of all commodities. To achieve this end, I propose to bring about an amendment in the Taxes on Entry of Goods to the Calcutta Metropolitan Area Act, 1972, after obtaining Presidential sanction. In this connection, I would like to inform the Honourable Members that I had proposed to introduce legislation for levy of entry tax for siliguri and Asansol-Durgapur regions. Presidential sanction to the proposed Act is still awaited. Recent developments indicate that such as-

sent may be forthcoming shortly. I hope to introduce the corresponding bill in the Assembly during the current session. We expect that this will yield additional revenue to the tune Rs.20 crores.

3.26 In respect of Sales Tax administration, I propose to introduce certain major reforms. Long delay in completion of assessment formalities leads to a lot of difficulties in business and commercial activities. An efficient and responsive sales tax administration should ensure that such delays do not occur. I am of the view that assessments should be completed promptly and, in any case, within a time-span of two years. Hence, I propose that all pending assessment cases up to the 31st December, 1992, would be assessed summarily within the 30th June, 1993. In future, all assessment cases will have to be disposed of within two years. Suitable amendments would be made in the various Sales tax Acts accordingly. These steps would considerably reduce difficulties in obtaining declaration forms, sales tax clearance certificates and such other formalities speedily. Steps are also being taken to grant new registration certificates without any loss of time. Simultaneously, to take care of a large number of long-pending appeal cases, I am taking administrative steps to ensure disposal of all such cases within a fixed time frame. Inorder to give a fillip to collection of sales tax, targets have been set for field-level officers. This has resulted in scientific performance monitoring, while ensuring responsive administrative set up. Though it is a fact that we could not achieve the budgeted growth rate of 30% because of extraneous circumstances mentioned in my speech earlier, the estimated growth rate of 20% for the current year remains one of the highest in the country. This has been possible because of our continuing efforts towards decentralisation, rationalisation and simplification.

3.27 Certain changes in sales tax rates have become necessary because of changed circumstances. Because of the recent policy of the Government of India, prices of fertilisers have risen abnormally. I propose to give some relief to the farmers and reduce the sales tax rate of fertilisers to 3%.

3.28 Poor artisans of this State have been seriously affected by the abnormal rise in prices of inputs. In order to make their products more attractive in the market, I propose to totally exempt all handicraft items from the purview of sales tax.

3.29 There are a number of small producers, largely women, who produce various items of food products like jam, jelly, pickles' etc. in the household sector. They are facing unequal competition from products of large companies. In order to make these units more viable, I propose to totally exempt from sales tax such produce of all registered SSI units with investments in plant and machinery under Rs.5 lakhs.

3.30 The mass literacy programme has made considerable headway in recent years in this State and poorer sections in vast majority are entering into sphere of education. To encourage this movement, I propose to reduce the rate of sales tax on paper to 6%.

3.31 Honourable Members are aware that a scheme of sales tax refund for TV units located in the State and reduction of Central Tax for TV and electronic audio units was in operation from 1990-91. I propose to extend the scheme for the coming financial year in the interest of the electronics industry.

3.32 Likewise, I propose to extend the existing scheme of reduced sales tax on Calcutta and Siliguri Tea Auctions for the coming financial year.

3.33 On account of all the tax relief measures, there will be a loss of revenue to the tune of Rs.11 crores.

3.34 I also propose to bring certain items from multipoint taxation to first point taxation and to raise the rates thereon, primarily to check evasion. I propose to bring refrigerators and washing machines to the first point and raise the sales tax rates to 20%, I also propose to bring in cement to the first point taxation, but the rate of tax will remain unchanged. I also propose to raise the sales tax rates on marble chips, slabs, floor tiles, wall tiles and articles made of marble to 20%. Additional revenue estimated from these measures is around Rs.3 crores.

3.35 Honourable Members are aware that there is no price control over India-Made Foreign Liquor (IMFL) and excise duty is payable on bulk literage. IMFL prices have gone up considerably in recent years but the excise duty payable is a very small part of the total price. In order to mobilise additional revenue, I propose to bring IMFL back into the sales tax net and impose sales tax at 11%. Additional revenue expected from this measures will be Rs.20 crores.

3.36 I also propose to increase the rate of non-passable Turnover Tax under the West Bengal Motor Spirit Sales Tax Act, 1974 to $2\frac{1}{2}$ %. This will bring in additional revenue to the tune of Rs.8 crores. Sin ce this tax is not passable to the consumer, there will be no effect of this on the price of petroleum products.

3.37 Honourable Members are aware that transactions in Mutual Fund Schemes are on the rise in the State. At present, a nominal consolidated Stamp Duty is payable on such transactions. I propose to move the Government of India to double the stamp duty rates prevailing.

3.38 None of the above taxation measures will have any adverse impact on the price of articles used by the common man.

3.39 The reliefs proposed above, as already mentioned, will result in a revenue loss of Rs.11 crores while the Additional Revenue mobilisation proposals will result in additional revenue to the tune of Rs.51 crores.

3.40 With additional net resource mobilisation of Rs.40 crores, the gap between the proposed expenditure and receipts in the Budget for 1993-94 will be further reduced to Rs.28 crores. It is with this gap, Honourable Members, that I propose to present a limited-deficit Budget for the next financial year 1993-94, keeping in mind that even in terms of the existing Centre-State relation, the State of West Bengal (like all other States) is within its right to have at any time Ways and Means Advance of Rs.56 crores.

3.41 The process of detailed consideration of the demand for grants for 1993-94 is likely to take us through the month of June, 1993. to enable the State Government to conduct its activities from April 1, 1993, I propose to move a vote for grant of expenditure for the first four months of the next financial year.

3.42 Honourable Members, I have presented this Budget on the basis of these aspects of the alternative approach as are relevant at the State level. The main priorities of this Budget centre around self-reliance and employment generation, and on decentralisation through the involvement of the common people. A further step in this process of decentralisation will be taken from the next year. Plan allocations for

the district (and below) level schemes of each department will be sent, after due discussions with the departments, directly to the district level and through that to the Block and the Anchal levels. Similar process will also be initiated in urban areas. As a result, common people of any area in the State will get to know about the financial allotments for all the sectors relevant for their locality. Within the financial limits, the local common people, through the elected Panchayats, will then exercise their right to actively participate in the decision-making process in terms of open mass meetings scheduled for this purpose. The local people will also actively participate through the Panchayats in the process of implementation and at the end of the year their will again be as open mass meeting for accountability in terms of performance and expenditure. And attempt is now going on at the national level to transfer, through market forces and because of unequal ownership of assets, the effective power of decision-making to a rich minority (in home and abroad). We are proposing to transfer this power to the common people of our country. This is our alternative approach.

I seek cooperation of all.

# WEST BENGAL ANNUAL FINANCIAL STATEMENT 1993-94

## WEST BENGAL ANNUAL FINANCIAL STATEMENT, 1993-94

(in thousands of rupees)

| | Actuals, 1991-92 | Budget, 1992-93 | Revised, 1992-93 | Budget, 1993-94 |
|---|---|---|---|---|
| **Receipts** | | | | |
| 1. Opening Balance | (+)15,44,10 | (–)54,55,43 | (+)93,37(P) | (–)33,54,20 |
| 2. Revenue Receipts | 46,77,57,17 | 57,63,43,03 | 54,65,38,77 | 65,11,70,51 |
| 3. Receipts from Debt Heads— | | | | |
| (i) Public Debt | 42,48,88,69 | 26,30,06,61 | 31,33,42,04 | 33,33,48,60 |
| (ii) Loans | 53,20,81 | 67,41,00 | 6,72,13,15 | 66,75,20 |
| 4. Receipts from Contingency Fund and Public Account | 1,04,85,84,07 | 1,29,59,25,24 | 1,13,88,41,58 | 1,27,41,96,16 |
| Total | 1,94,80,94,84 | 2,13,65,60,45 | 2,06,60,28,91 | 2,26,20,36,27 |
| **Expenditure** | | | | |
| 5. Revenue Expenditure | 53,23,68,70 | 64,82,69,60 | 61,24,71,07 | 72,95,97,08 |
| 6. Capital Expenditure | 3,12,88,40 | 4,84,75,22 | 8,62,26,72 | 3,71,40,04 |
| 7. Expenditure on Debt Heads— | | | | |
| (i) Public Debt | 32,62,78,25 | 12,48,01,06 | 21,88,47,36 | 21,98,74,21 |
| (ii) Loans | 22,37,90,84 | 4,03,03,30 | 3,58,61,71 | 3,74,55,28 |
| 8. Expenditure on Contingency Fund and Public Account | 1,03,54,05,61 | 1,26,57,47,04 | 1,11,59,76,25 | 1,23,73,41,64 |
| 9. Closing Balance | (–)10,36,96 | (+)89,64,23 | (–)33,54,20 | (+)6,28,02 |
| Total | 1,94,80,94,84 | 2,13,65,60,45 | 2,06,60,28,91 | 2,26,20,36,27 |

(P) Adjusted Cash Balance for 1991-92 as reported by Reserve Bank of India.

(in thousands of rupees)

| | Actuals, 1991-92 | Budget, 1992-93 | Revised, 1992-93 | Budget, 1993-94 |
|---|---|---|---|---|
| Net Results— Surplus(+). Deficit(–) | | | | |
| (a) On Revenue Account | (–)6,46,11,53 | (–)7,19,26,57 | (–)6,59,32,20 | (–)7,84,26,57 |
| (b) Outside Revenue Account | (+)6,20,30,47 | (+)8,63,46,23 | (+)6,24,84,73 | (+)8,24,08,79 |
| (c) Net, excluding Opening Balance | (–)25,81,06 | (+)1,44,19,66 | (–)34,47,57 | (+)39,82,22 |
| (d) Net, including Opening Balance | (–)10,36,96 | (+)89,64,23 | (–)33,54,20 | (+)6,28,02 |
| (e) D.A. | .. | (–)1,70,00,00 | .. | (–)1,00,00,00 |
| (f) Net/Additional Programmes on employment generation, irrigation, drinking water supply, etc. | .. | (–)20,00,00 | .. | (–)24,00,00 |
| (g) Additional Resource Mobilisation by way of taxation (Net of tax relief), economy measures, etc. | .. | (+)58,00,00 | .. | (+)90,00,00 |
| (h) Net, Surplus/Deficit | (–)10,36,96 | (–)42,35,77 | (–)33,54,20 | (–)27,71,98 |

**Mr. Speaker:** Hon'ble Members, cut motions to Demands for Grants will be received in the office upto 3.00 p.m. on the 23rd March, 1993.

## Adjournment

The House was then adjourned at 4.30 p.m. till 11 a.m. on Friday, the 19th March, 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 19th March 1993 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 31 Ministers, 14 Ministers of State and 247 Members.

[11-00 — 11-10 a.m.]

... (noise) ... (several Congress (I) Hon'ble Members rose to speak) ....... (noise) ...

### POINT OF INFORMATION ON BOWBAZAR INCIDENT

**Mr. Speaker :** Hon'ble Members, please take your seat. The Chief Minister will speak today on the Bowbazar incident. He contacted earlier a little while ago by telephone and he informed that their experts were submitting their reports which would be received by him in the course of this day, and he wanted to make a statement including the report received from the forensic experts. He wanted to make a comprehensive report of the entire incident. So, it will take more time to prepare the statement after the reports are received and here he has told me to convey to this that it will take some time to make a statement because unless forensic experts give their report, it cannot be done—its connection, if any, with the Bombay incident, what chemicals were used and the what are the possibilities? He will have to wait for all the things to be received and after that the Chief Minister will make a statement. One of your members contacted me in my chamber a little while ago and he demanded that a discussion should take place. It is a convention in this House that no discussion takes place on a statement. We do have a convention in the past where on urgent occasions, the question hour had been suspended and matters had been discussed. I have suggested the member that the Budget discussion will start today, we could have a discussion on a motion. We could have replaced it by another motion on this subject and a discussion could take place, for one hour or two hours discussion on this matter could take place. What has to be done, should be done with certain decoram and rules and the procedure should be maintained. We all have equal opportunities to make a statement on the incident in these circumstances. Now the Chief Minister has informed that he has received some

forensic reports. I am not concerned with what the newspapers have said. I am least interested with that. This House is concerned with the seriousness of the situation. So many lives lost. We are all concerned with that. We do not concern with what newspaper is thinking.

(noise)

**মিঃ স্পিকার :** বসুন, বসুন, বসুন।

(noise)

Please take your seat.

Govt. does not run on what the newspapers say.

**Dr. Zainal Abedin :** We are participating in the budget discussion.

**Mr. Speaker :** I am grateful to the opposition for their cooperation in the matter and I expect further cooperation.

**Dr. Zainal Abedin :** You will appreciate—let the Government reciprocate our feelings also with regard to Rashid and the relation of CPI(M) high-ups with the criminals.

**Mr. Speaker :** The Chief Minister did make a statement immediately after the incident. The Chief Minister said that he wants to make a further statement. He wants to make a comprehensive statement. Forensic reports are awaited and expected in the course of this day. The Chief Minister is anxious to make a statement. He has contacted me over telephone. Central forensic teams are working. Chief Minister's problem is that reports are not prepared by the Chief Minister himself, they are prepared by experts, they are to be handed over to him and how can he make a statement unless those reports are prepared and until he receives those reports? You will have to understand the whole thing.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, there appears to be some communication gap. Please see, the rules are very clear on this subject. Any statement made by a minister either under rule 346 or in response to a call attention notice can be discussed in the House under rule 319 by giving a specific motion. So, there is no difficulty Sir. If a statement can be made by the Hon'ble Chief Minister in response to a call attention notice given by several members of this House the House can discuss this. It is only a formality that a notice has to be given, a motion has to be tabled and then we can discuss it. It is not there

under rule 185 or any other rule. It can be discussed under rule 319 conveniently.

**Mr. Speaker :** I have said the same thing. Saturday is fixed for discussion of the motion. I have said that it has been a convention of this House that generally we do not discuss on the statement of a minister after the minister makes a statement. I have nowhere said that the matter can't be discussed. I have also said we can discuss it on Saturday. We can allow two hours time to it. There is no controversy on that. There is no variance between you and me on that. We can discuss it. There is no problem.

(কংগ্রেস বেঞ্চ থেকে প্রশ্ন ঃ আমরা শুনেছি মুখ্যমন্ত্রী ঐ সময় থাকবেন না।)

That is not my business who will be there, who will reply, who is to make a statement. That is for the Government to decide. That is not my business.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মুখ্যমন্ত্রী আপনার মাধ্যমে হাউসকে জানিয়ে দিয়েছে উনি আজকে আসতে পারবেন না। আলোচনাটায় মুখ্যমন্ত্রী থাকতে পারবেন না।

**Mr. Speaker :** Mr. Bandyopadhyay, I have told you that the Chief Minister is anxious to make a statement.

(কংগ্রেস বেঞ্চ থেকে প্রশ্ন ঃ কবে দেবেন?)

Today he will make a statement. His limitation is that certain reports are awaited from forensic experts. Not that he does not want to make a statement. His limitation is that various teams are working. I have discussed with him threadbare. He has said three/four expert teams are working. Certain Central Teams are there, certain Army Teams are there. They are expected to submit their report by about 3 O'clock. That is his problem. He does not want to hide anything. He wants to make a comprehensive statement. He has said once those reports are received I will come to the House with a complete statement and let the members know everything. Let us wait for that. What is the urgency? After we hear his statement we will decide our next step. We cann't decide it here and now. We can have a discussion. Let us hear him first. I have not decided anything. কালকে কি হবে, সেটা শোনার পর ডিসিসন হবে, শোনার আগেই ডিসিসন হবে কি করে। I said we can discuss it if the ocassion so demands. If the ocassion does not demand what will happen?

## Starred Questions
## (to which oral answers were given)

[11-10—11-20 a.m.]

### বন্ধ শিল্প সংস্থার সংখ্যা

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) শ্রী সুকুমার দাস ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত এক বছরে রাজ্যে কতগুলি শিল্প সংস্থা বন্ধ হয়েছে;

(খ) কতগুলি শিল্প সংস্থায় লক্‌-আউট ও ক্লোজার হয়েছে; এবং

(গ) সব মিলিয়ে জড়িত শ্রমিক-কর্মচারীর সংখ্যা কত?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ**

(ক) ৭৯টি (লক-আউট ও ক্লোজার সমেত)।

(খ) ৬৯টি লক-আউট ও ১০টি ক্লোজার।

(গ) সর্বমোট ১৩৬৪৪৬ এর মধ্যে ১৩৬১২৭ জন লক-আউটের ফলে ও ৩১৯ জন বন্ধের জন্য।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন তা থেকে খুব একটা স্পষ্ট হল না কিন্তু তবুও আমি কতকগুলি মৌখিক প্রশ্ন করছি। এ বছরের যে হিসাব দিয়েছেন, সেখানে যে যে কারণে বন্ধ হয়েছে তার মধ্যে প্রধান কারণগুলি কি কি জানাবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** বিভিন্ন রকম মিলে বা বিভিন্ন রকমের কারখানায় বিভিন্ন রকমের কারণ আছে। কেউ বলছে আমাদের শিল্পের অবস্থা খারাপ, কেউ বলছে আমাদের টাকা পয়সার অভাব আবার কোথাও কোথাও মালিকদের ঝগড়া ইত্যাদি বিভিন্ন কারণ আছে।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে ক্লিয়ার উত্তর যদিও পেলাম না তবুও জিজ্ঞাসা করছি, কারণগুলির গভীরে গিয়ে আপনি কী সিদ্ধান্তে এসেছেন—কতগুলি এর মধ্যে সম্পূর্ণ বন্ধ হয়ে যেতে পারে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** সেটা আমি কি করে বলব যে কতগুলি বন্ধ হয়ে যেতে পারে।

**(শ্রী সুকুমার দাস ঃ কত শ্রমিক জড়িত এবং তাদের বাঁচার পথ বাতলাতে পারেন কিনা?)**

আমি তো আমার 'গ' এর উত্তরে বলেছি যে কত শ্রমিক জড়িত এবং আমার দপ্তর চেষ্টা করছে কত তাড়াতাড়ি কত লিফট আপ করা যায়। বন্ধের ব্যাপারে একটা আইন আছে

যে তাতে একশো বা একশোর বেশি যেখানে কাজ করে সেখানে পারমিশন নিতে হয়। তার নিচে যেখানে আছে সেখানে পারমিশন নিতে হয়না। এগুলি হচ্ছে বিলো হানড্রেড—এই বন্ধগুলি। আমরা একটা অ্যামেন্ডমেন্ট করেছিলাম যে ৫০ বা ৫০-এর উপর নম্বর হলে গভর্নমেন্টের পারমিশন সিক করতে হবে, সেটার অ্যাসেন্ট আমরা পাই নি। এটার অ্যাসেন্ট পেলে অনেকগুলি ছোট ছোট কারখানা হয়ত একেবারে যেটা ক্লোজার সেটা ঠেকানো যেত। আর একটা অসুবিধার কথা বলি, এই যে ক্লোজার, এই শব্দটা বাংলায় বলে বন্ধ এবং লক-আউট এটাকেও বাংলায় বলে বন্ধ। দুটি কিন্তু ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে আলাদা আলাদা। এটা বুঝতে অনেক সময় অসুবিধা হয়।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় লক আউট এবং ক্লোজারের একটা হিসাব দিলেন এবং তাতে কত শ্রমিক জড়িত তাও বললেন। আমার প্রশ্ন, ওয়ার্কমেন এবং ম্যানেজমেন্টের বিরোধের কারণে কতগুলি লক আউট এবং ক্লোজার হয়েছে জানাবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** শ্রমিকরা দায়ী এই লক আউট এবং বন্ধের জন্য—এরকম কোনও হিসাব বা তথ্য আমার কাছে নেই।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর শুনে একটু আশ্চর্য হয়ে গেলাম। প্রতি বছর শ্রম দপ্তর থেকে একটা হিসাব বের করা হয় যে লক আউট কতগুলি হয়েছে—নাম্বার বাই রিজন দেওয়া থাকে যে কোনটা শ্রমিক অশান্তির জন্য, কোনও ম্যানেজমেন্ট প্রবলেমের জন্য, কোনওটা ফিনান্সের অসুবিধার জন্য ইত্যাদি। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এ বছর যেগুলি লক আউট হয়েছে সেগুলির ক্ষেত্রে এ বছরের মধ্যেই সরকারের ইন্টারভেনসনে কতগুলি খুলেছে? কোনও ক্লোজার এ বছর লিফটেড হয়েছে কিনা। লক আউট যেখানে হয়ে আছে সেখানে শ্রমিকদের রিলিফের কথা সরকার কিছু ভাবছেন কিনা?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** ৬৯টি এবং ১০টি, এর যদি কারণ দিতে হয় তাহলে একটু সময় লাগবে। এটা একটা বিরাট ব্যাপার। আমাকে সমস্ত নাম লিখে বলতে হবে, বিভিন্ন কারণের কথা লিখতে হবে।

**Shri Saugata Roy :** Sir it can be stated easily.

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** সহজভাবে দেওয়া যায় না। আপনি যেটা পরে চেয়েছেন, সেটা হচ্ছে কত লকআউট লিফটেড হয়েছে ৯২ সালে, ৭২টা ইউনিট লিফটেড হয়েছে তার ফলে ওয়ার্কমেন ইনভলভ হয়েছে ৭৩০৬৮ আর ক্লোজার লিফটেড হয়েছে তিনটে এবং ওয়ার্কমেন্ট ইনভলভ হয়েছে ৭৬। আর একটা অ্যাডভান্স বলে দিই, পাঁচটা জুটমিল এখন লক আউট আছে, তার মধ্যে দুটো নিয়ে আলোচনা চলছে, বালি জুটমিল এবং ফোর্ট উইলিয়ম জুটমিল। আর তিনটে জুটমিল বি.আই.এফ.আর.-এ গেছে। গ্যানজেজ, অ্যাংলো ইন্ডিয়ান এবং বজবজ জুটমিল।

**শ্রী নির্মল দাস :** আপনি যে পরিসংখ্যান দিলেন লক আউট এবং ক্লোজারের—ক্লোজার এবং লক আউটের পর সেই সব সংস্থার যে সব শ্রমিক মারা গেছে, যেমন জলপাইগুড়িতে

পাইওনিয়ার ভিনার মিলের তিনজন শ্রমিক গত ৯১ সালের শেষ দিকে মারা গেছে, সেই সব মৃত শ্রমিকদের পরিবারবর্গকে আর্থিক সাহায্য সরকার থেকে দেবার কোনও চিন্তা ভাবনা করছেন কি না বা ঘোষণা করেছেন কি না?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** প্রথমত কেউ মারা গেছে কি না আমার কাছে খবর নেই। তবে আগের সৌগতবাবুর প্রশ্নোত্তরে বলি, আমরা সরকারি দপ্তর থেকে কোনও আর্থিক রিলিফ দেবার কোনও ব্যবস্থা নেই।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, একটা ট্রেন্ড দেখা যায় শিল্প সংস্থার মালিকরা হঠাৎ লক্ আউট ক্লোজার করে দেয়, সকালবেলা শ্রমিকরা যখন ডিউটি দিতে যায় তখন তারা ক্লোজার বা লক আউটের নোটিশ দেখতে পায়। এর বিরুদ্ধে একটা আইন হয়েছিল ১৯৭১ সালে ডাঃ গোপাল দাস নাগ যখন শ্রমমন্ত্রী ছিলেন, তখন তিনি এই আইন করেছিলেন। সেই আইন মাফিক বেআইনিভাবে লক আউট ক্লোজার হলে সেই কারখানার মালিকদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** ডাঃ নাগ কী করেছিলেন বলতে পারব না, তবে এটা ইনডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট, সেন্ট্রাল অ্যাক্ট, তার সেকশন ১০(৩) এর মধ্যে যায় সেই মতো ব্যবস্থা নেওয়া হয়। তাছাড়া ট্রাইবুন্যালে যায়। ১০(৩) হলে মালিকরা যদি না মানে, তাহলে তারা কোর্টে যায়, এইরকম কিছু কিছু জায়গায় হয়েছে এবং এই ব্যাপারে সাধারণভাবে ইউনিয়নদের মত নেওয়া হয় এবং ইউনিয়ন যদি মনে করেন ১০(৩)তে শ্রমিকদের ভাল হবে তখন একমাত্র সেই রাস্তায় যাই।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, ক্লোজারের ফলে অনেক সময় দেখা যায় যে মালিকরা শ্রমিকদের পুরানো পাওনা গন্ডা মিটিয়ে দেন না, এইরকম অনেক ঘটনা আছে। মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ক্লোজারের ফলে কোনও মালিক শ্রমিকদের পাওনা গন্ডা মিটিয়ে দেয়নি এবং তার ফলে কতজন ভিক্টিম হয়েছে জানাবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** আপনি নোটিশ দেবেন জানিয়ে দেবো।

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** এইরকম অনেক কলকারখানা অনেকদিন ধরে বন্ধ হয়ে পড়ে রয়েছে। আমি একটা স্পেসিফিক কারখানার কথা বলছি, এক বছর ধরে লক আউট হয়ে পড়ে রয়েছে, স্যাংকি ইলেক্ট্রিক্যাল অ্যান্ড স্ট্যাম্পেন, আমি জানি আপনি নেগোশিয়েশন করছেন, মুখ্যমন্ত্রীর নজরেও এনেছিলাম। আমি বুঝতে পারছি না, কেন এক জায়গায় আসতে পারছেন না, ট্রাইপার্টাইট মিটিং হয়ে গেছে, তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী যেখানে ইন্টারভিন করছেন, সেখানে আজকে পর্যন্ত ৩০০/৩৫০ জন কর্মী যেখানে আছেন, সেই কারখানাটি খোলবার ব্যবস্থা হচ্ছে না?

[11-20—11-30 a.m.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** একটা মাত্র কারণ, মালিকপক্ষ ক্রমাগত বেশি বেশি কনসেশন

চাইছে শ্রমিকদের কাছ থেকে, যেটা শ্রমিকদের পক্ষে দেওয়া সম্ভব নয়। প্রথমে ওরা ভলান্টারি রিটায়ারমেন্টের একটা ফিগার বলেছিল, সেটা হ'ল। তারপরে ওরা বলল,—না, ওটায় হবে না, আরও কিছু লোককে চলে যেতে হবে। দ্বিতীয়ত বলল,—দুটো কারখানা এক সঙ্গে যুক্ত করে দেব, ক্যান্টিন ইত্যাদি তুলে দেব। অনেকগুলো জিনিস সমস্ত ইউনিয়ন অনেকখানি মেনে নিয়েছে। কিন্তু এখনো ওদের বায়না শেষ হয় নি, ফলে আটকে আছে এবং সেজন্য আলোচনা চলছে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** আপনাদের সাজেশন এবং টার্মস অ্যান্ড কন্ডিশন মালিক পক্ষ মানছে না। তারপরে নতুন করে মিটিং হবার কথা ছিল, সেটাও হচ্ছে না। এটা আপনি একটু দয়া করে দেখবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আচ্ছা, আমি খোঁজ নিয়ে দেখব।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিভিন্ন কারখানার মালিকরা ই.এস.আই., প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেন না। কতগুলো কারখানার মালিক এই সমস্ত টাকা জমা দিচ্ছে না, এটা একটু দয়া করে বলবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** ই.এস.আই., এবং প্রভিডেন্ট ফান্ড মিলিয়ে একটা আলাদা নোটিশ এ বিষয়ে দেবেন, আমি বলবার চেষ্টা করব সংখ্যাটা কী এবং আমরা কী ব্যবস্থা তাদের বিরুদ্ধে নিচ্ছি। তবে আমি এটুকু বলতে পারি যেখানে প্রভিডেন্ট ফান্ডের টাকা বাকি থাকে সেখানে প্রভিডেন্ট ফান্ড কমিশনারকে দিয়ে মামলা করাবার জন্য আমরা তাঁর ওপর চাপ দিই এবং এ বিষয়ে তাঁকে সাহায্য করি। কাউকে ধরা হলে সে কোর্ট থেকে বেল নিয়ে নেয় এবং তারপর কোর্ট থেকে লম্বা ইনস্টলমেন্ট চেয়ে নেয়। তবে আমরা প্রভিডেন্ট ফান্ড কমিশনারের মাধ্যমে চেষ্টা চালিয়ে যাই। ই.এস.আই-র ব্যাপারে রিজিওনাল ই.এস.আই. কর্পোরেশনের ডাইরেক্টর ব্যবস্থা গ্রহণ করার অধিকারী। কারণ এটা তাঁর আওতাভুক্ত। আমরা তাঁকে দিয়ে মামলা করাই। এখানেও একই পদ্ধতিতে মালিকরা আইনের আশ্রয় নিচ্ছে এবং কিছুটা পরিমাণে বেঁচে যাচ্ছে। এটাই হচ্ছে আমাদের অসুবিধা।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, গত এক বছরে ক্লোজার এবং লক-আউট-এর সংখ্যা কী এবং তাতে কত শ্রমিক জড়িত? এবং গত এক বছরে আপনি বা আপনার দপ্তর ক'টা কারখানা খুলতে পেরেছেন এবং তাতে কত শ্রমিক উপকৃত হয়েছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি আগেই উত্তর দিয়েছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস অ্যাক্ট অনুযায়ী লক আউট, ক্লোজার ইত্যাদি হলে তা বে-আইনি ঘোষিত করবার বিধি আছে। কোনও ক্ষেত্রে এই জাতীয় কোনও ঘটনাকে বে-আইনি ঘোষণা করা হয়েছে কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** সেটা আমি আগেই বলেছি যে, কতগুলো জায়গায় হয়েছে। সম্প্রতি আমরা কতগুলো জায়গার ব্যাপারেও ভাবছি এবং ব্যবস্থা নিচ্ছি। তবে নতুন যে

আইন আসছে তাতে বে-আইন ঘোষণা করার আর কোনও সুযোগ থাকবে না।

**গ্রামাঞ্চলে রেশন মারফৎ মাথাপিছু চিনি ও কেরোসিন বরাদ্দের পরিমাণ**

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০২) **শ্রী খারা সরেন ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রেশনে মাথাপিছু বরাদ্দকৃত কেরোসিন ও চিনি সরবরাহ শহরাঞ্চল থেকে গ্রামাঞ্চলে কম; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ**

(ক) হ্যাঁ

(খ) (১) গার্হস্থ জীবনে কেরোসিনের ব্যবহার দ্বিবিধ—লন্ঠন জ্বালানো এবং জ্বালানী হিসাবে। দ্বিতীয় বাসস্থান ব্যবহারে কেরোসিনের প্রয়োজন গ্রামাঞ্চলে কম, কারণ জ্বালানী হিসাবে সেখানে কাঠের ব্যবহার প্রচলিত এবং কাঠ সুলভে জোগাড় করা সম্ভব। তা গ্রাম এবং শহরাঞ্চলে সরবরাহের মাথাপিছু হার পৃথক।

(২) শহরের জীবনযাত্রায় চা-পানের বাহুল্যে চিনির প্রয়োজন অপেক্ষাকৃত বেশি। তাই, বিধিবদ্ধ রেশন এলাকা চিনির মাথাপিছু হার অপেক্ষাকৃত বেশি একটি চার সপ্তাহে । মানে বিধিবদ্ধ রেশন এলাকায় ৫০০ গ্রাম চিনি প্রাপ্ত এবং সংশোধিত রেশন এলাকায় ৫০০ গ্রাম।

**শ্রী নির্মল দাস ঃ** রাজ্য সরকারের নানাবিধ ব্যবস্থাপনায় এতকাল শহর এবং গ্রামের মানুষের যে চাহিদা সেটা কিন্তু এখন মাঝামাঝি একটা জায়গায় চলে এসেছে এবং গ্রামের মানুষের চাহিদা বাড়ছে। সেক্ষেত্রে আপনি জানেন, চিনি এবং কেরোসিনের যে বরাদ্দ রয়েছে—শহরাঞ্চলে গ্যাসের ব্যবহারে হচ্ছে এবং কয়লা পাচ্ছে, অপরদিকে গ্রামাঞ্চলে জ্বালানী সঙ্কট দেখা দিয়েছে, কাঠ পাওয়া যাচ্ছে না এবং সেখানে কয়লা সরবরাহ নেই। এই অবস্থায় বর্তমান আর্থিক বছরে কেরোসিন এবং চিনির বরাদ্দ সমান করার ব্যাপারে চিন্তা-ভাবনা করছেন কিনা বা কোনও উদ্যোগ নিয়েছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** পৃথক বন্টনের হার দীর্ঘকাল ধরে চলছে। শহরাঞ্চলে কেরোসিন রান্না করার কাজে বেশি ব্যবহার হয়। সেক্ষেত্রে দূষণের প্রশ্ন এসে যাচ্ছে। সেইজন্য দীর্ঘকাল থেকে শহরাঞ্চলে—শুধু কলকাতায় নয়, পশ্চিমবাংলার সমস্ত মিউনিসিপ্যালিটি অঞ্চলে এই কেরোসিনের বরাদ্দ কিছু বেশি গ্রামাঞ্চলের চেয়ে।

**শ্রী নির্মল দাস ঃ** আই.টি.ডি.পি এরিয়াতে শ্রমিক এবং ট্রাইবাল জনগণ থাকেন। সেখানে সাবসিডি দিয়ে খাদ্যশস্য রেশনের মাধ্যমে সরবরাহের সুনাম আপনার বা রাজ্য সরকারের আছে। সেখানে দেখা যাচ্ছে নিয়মিত অখাদ্য খাদ্য যায়। এগুলি নিবারনের জন্য কোনও ব্যবস্থা

আছে কিনা? আই.টি.ডি.পি এরিয়াতে যে সমস্ত রেশন দোকানগুলি আছে তার মধ্যে কিছু কিছু রেশন দোকান বিক্রি করে দেয়। চা বাগানের পাশাপাশি দেখেছি, জলপাইগুড়িতে একটা বড় দীঘি বলে চা বাগান আছে সেখানের দোকানদার বিক্রি করে দিচ্ছে। ফলে আই.টি.ডি.পি এরিয়ার মানুষগুলি যারা উপকৃত হয় সরকারি সাবসিডির দ্বারা তাঁরা বঞ্চিত হচ্ছে। আই.টি.ডি.পি এরিয়ার রেশন দোকানগুলি খাদ্য সরবরাহে বিঘ্ন সৃষ্টি করছে। আপনি তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে:** প্রশ্নটা আছে কেরোসিন এবং চিনি সংক্রান্ত ব্যাপারে গ্রাম এবং শহরের হারের পার্থক্য। কিন্তু আপনি যে প্রশ্নটা করেছেন সেটা এর সঙ্গে রেলিভান্ট নয়। এটা আলাদাভাবে দেবেন।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ:** আপনি বললেন, শহরাঞ্চলের চেয়ে গ্রামের চাহিদা কম, সেইজন্য রেশনে কেরোসিন এবং চিনি শহরাঞ্চলের চেয়ে গ্রামে কম বরাদ্দ করছেন। আপনি কি কোনও সংবাদ রাখেন, শহরাঞ্চলের অতিরিক্ত কেরোসিন এবং চিনি চোরাপথে সমস্ত গ্রামাঞ্চলে যায় এবং সেই কেরোসিন ১০ টাকা লিটারে বিক্রি হয় এবং চিনি ১২ টাকায় বিক্রি হয় এবং সেটা বনগাঁ সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করছে?

**Mr. Deputy Speaker:** This is not a question.

**শ্রী শিবপ্রসাদ মালিক:** আপনি বললেন, গ্রামাঞ্চলে জ্বালানীর ক্ষেত্রে কেরোসিন কম খরচ হয়। কিন্তু বাস্তব অভিজ্ঞতায় দেখছি, গ্রামাঞ্চলে ব্যাপক অংশের মানুষ কেরোসিন দিয়ে পাম্প চালাচ্ছেন এবং কেরোসিনের মাধ্যমে সাক্ষরতা কর্মসূচি পালন করা হচ্ছে। এই কর্মসূচি এবং পাম্পের জন্য কেরোসিন কোথা থেকে দেওয়া হয়?

[11-30—11-40 a.m.]

**শ্রী নরেন্দ্রনাথ দে:** কেরোসিন তেল বন্টনের ক্ষেত্রে আমরা যে নীতি গ্রহণ করি সেটা হচ্ছে, আর্বান এরিয়ার পপুলেশনের প্রত্যেক রেশন কার্ড হোল্ডারকে সপ্তাহে আধ লিটার এবং রুর্যাল এরিয়ার পপুলেশনের প্রত্যেক রেশন কার্ড হোল্ডারকে সপ্তাহে কোয়ার্টার লিটার করে জেলায় বরাদ্দ করা হয়। এছাড়া মাস লিটারেসি প্রোগ্রামের ক্ষেত্রে জেলা শাসকের সুপারিশক্রমে তেল সরবরাহ করা হয়। এই প্রসঙ্গে এই মাসের বরাদ্দের কথা বলছি। দার্জিলিং জেলায় আমরা ৫০ কিলো লিটার তেল মাস লিটারেসির জন্য দিয়েছি। এছাড়াও বীরভূম, কুচবিহার ইত্যাদি জায়গাও তেল দেওয়া হয়েছে। আর একটা প্রশ্ন যেটা মাননীয় সদস্য করেছেন সেই সম্পর্কে বলছি। আগে গ্রামাঞ্চলে চাষের জন্য যে পাম্প চালানো হয় জলসেচের জন্য সেগুলিতে দেওয়া হচ্ছে। কিছু কিছু ইন্ডাস্ট্রি যেমন প্রেস ইত্যাদিতে কেরোসিন তেল ব্যবহার করা হয়, এই পারমিট আমরা দিতাম। কিন্তু সম্প্রতি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে একটা নির্দেশ এসেছে যে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে যে কেরোসিন তারা দিচ্ছেন, সেখানে চাষ অথবা শিল্পে এই কেরোসিন তেল ব্যবহার করা যাবে না। আমি সম্প্রতি দিল্লিতে পেট্রোলিয়াম মন্ত্রী, সতীশ শর্মার সঙ্গে দেখা করে এই বিষয়ে আলোচনা করেছি। তিনি বলেছেন যে বিষয়টা

দেখবেন। আমি একটা টেলেক্স ম্যাসেজ পাঠিয়েছি যাতে চাষের জন্য এবং ছোট শিল্পের জন্য ৫ হাজার কিলো লিটার তেল দেওয়া যায় সেই অনুরোধ করে।

**শ্রী মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি মূল প্রশ্নের জবাব দিতে গিয়ে বলেছেন যে লণ্ঠন জ্বালাতে গিয়ে তেলের প্রয়োজন হয়। স্ট্যাটিউটোরি রেশনিং এরিয়া ছাড়া মডিফায়েড রেশনিং এরিয়াতে আপনি নির্দেশ দিয়েছেন যে যাদের রান্নার গ্যাস আছে তাদের কেরোসিন তেল দেওয়া হবে না। এই যে নির্দেশ দেওয়া হয়েছে, এটা কি সঠিক নির্দেশ বলে আপনি মনে করেন? কারণ সেখানে ইলেক্ট্রিক কানেকশন থাকলেও অনেক সময়ে বিদ্যুৎ থাকে না, রান্নার গ্যাস থাকলেও সমস্যার সমাধান হবে না। কাজেই সেখানে কেরোসিন তেল সরবরাহ করা হচ্ছে কিনা জানাবেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** কেন্দ্রীয় সরকার একটা সিদ্ধান্ত নিয়েছেন যাদের গ্যাস আছে তাদের কেরোসিন তেল দেওয়া হবে না। তারা একথাও বলেছেন যে কেরোসিন তেল এবং গ্যাস প্রাইভেটাইজেশন করে একটা প্যারালাল মার্কেটের সৃষ্টি করা হবে এবং ওপেন মার্কেটের ইনট্রোডিউস করা হবে। তবে যতদিন এটা না হচ্ছে ততদিন যাদের গ্যাস আছে তারাও কেরোসিন তেল পাবে।

**শ্রী মনোহর তিরকে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, রেশনিং ব্যবস্থার বাইরে, নর্থ বেঙ্গলের চা শ্রমিকেরা রেশনিং সিস্টেমের বাইরে, তারা চিনি, কেরোসিন তেল পায়না রেশনের মাধ্যমে। কাজেই চা বাগানের শ্রমিকদের মধ্যে রেশনিং সিস্টেম চালু করে কেরোসিন তেল, চিনি এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেবার কথা সরকার চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** চা বাগানে যারা থাকেন তাদের ওয়েজের একটা অংশ হিসাবে চাল, গম পেয়ে থাকেন এবং সেটা খাদ্য দপ্তর সরবরাহ করে। কিন্তু তাদের আলাদা করে কেরোসিন তেল বা চিনি সরবরাহ এখনও করা হয়নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে বলে লাভ নেই, আপনার দপ্তর থেকে চিনি কেরসিন চাইলে দিতে পারবেন না। আপনার দপ্তরকে এড়িয়ে তার বাইরে একটা দপ্তর আছে, সেই দপ্তর থেকে ঢালাও চিনি এবং কেরসিন পাওয়া যায়, সেটা হচ্ছে কালোবাজারি দপ্তর। এই কেরোসিনের কালোবাজারি বন্ধ করার জন্য কেরোসিন রেশনের দোকানের মাধ্যমে ...

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই প্রশ্ন নট অ্যালাউড।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই রাজ্যে বরাদ্দের জন্য আজ পর্যন্ত কেন্দ্রের কাছ থেকে বাড়তি কোটা কত দাবি করেছেন এবং বাড়তি কোটা পেয়েছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** বেশ কয়েক মাস ধরে ৭৮, ৫৭৪ কিলো লিটার আমাদের রাজ্যের মাসিক বরাদ্দ। এই বরাদ্দ আমাদের যে প্রয়োজন তার ৬৫ পারসেন্ট। আমাদের বাড়তি

কেরোসিন দেবার জন্য কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রীর সঙ্গে আমি ব্যক্তিগতভাবে যোগাযোগ করেছি তাঁর অফিসে গিয়ে এবং আমি সম্প্রতি টেলেক্স ম্যাসেজ পাঠিয়েছি অন্য রাজ্যে কত বেশি তেল দেওয়া হচ্ছে এবং আমাদের রাজ্যে তেলের বরাদ্দ বাড়ানোর জন্য অনুরোধ জানিয়েছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এখন যে রমজান মাস চলছে আর কয়েক দিন বাদে পশ্চিমবাংলার মুসলিমদের বড় উৎসব হবে সেই ব্যাপারে আপনি গ্রামাঞ্চলের জন্য চিনি এবং কেরোসিন অতিরিক্ত বরাদ্দের জন্য কোনও ব্যবস্থা করছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে এই বিষয়ে কোয়েশ্চেন আওয়ারের পর আমি একটা স্টেটমেন্ট করব।

## নিকো পার্কে যৌথ উদ্যোগ

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতাস্থ নিকো পার্ক যৌথ প্রকল্পে সরকার ও বেসরকারি সংস্থার বিনিয়োগ কত;

(খ) ঐ প্রকল্পে জড়িত বেসরকারি সংস্থার সাথে কি কি চুক্তি হয়েছিল; এবং

(গ) ঐ চুক্তি কতদূর রূপায়িত হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের মালিকানাধীন পঃবঃ পর্যটন উন্নয়ন নিগম এবং পঃ বঃ শিল্প উন্নয়ন নিগমের সঙ্গে বেসরকারি সংস্থা নিকো কর্পোরেশনকে নিয়ে একটি যৌথ উদ্যোগ নিকো পার্কস অ্যান্ড রিসর্টস লিঃ স্থাপিত হয়েছে। নিকো পার্কস্ অ্যান্ড রিসর্টস লিমিটেড পঃ বঃ পর্যটন উন্নয়ন নিগম ৫৫ লক্ষ টাকা, পঃ বঃ শিল্প উন্নয়ন নিগম ৫৬.৫ লক্ষ টাকা এবং বেসরকারি সংস্থা নিকো কর্পোরেশন ১১০ লক্ষ টাকা আজ পর্যন্ত মূলধন যোগান দিয়েছে। এলাহাবাদ ব্যাঙ্ক ৫০ লক্ষ টাকা মূলধন যোগান দিয়েছে। পঃ বঃ পর্যটন উন্নয়ন নিগমের আরও ১.৫ লক্ষ টাকা মূলধন যোগান দিতে হবে।

(খ) বেসরকারি সংস্থার সঙ্গে পঃ বঃ সরকারের জমিতে বিধাননগরের ঝিলিমিলে একটি প্রমোদকানন স্থাপন করার উদ্দেশ্যে একটি যৌথ সংস্থা স্থাপনের চুক্তি হয়েছিল।

(গ) চুক্তি অনুযায়ী যৌথসংস্থা এবং তার অধীন একটি আধুনিক প্রমোদকানন স্থাপিত হয়েছে।

[11-40—11-50 a.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে, নিকো পার্কে একটি অফিস বিল্ডিং তৈরি হয়েছে, সেটি আইনসম্মতভাবে হয়েছে কিনা? না হয়ে থাকলে কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আমাকে খোঁজ নিয়ে বলতে হবে। কারণ, এই ধরনের প্রশ্ন আমার কাছে আগে আসেনি। এই ধরনের বিষয়, পার্কের অবস্থানের ভেতরে যে জমি তার বিষয়টি সল্টলেক কর্তৃপক্ষ অনুমোদন করেছেন।

**শ্রী আব্দুল মান্নান :** নিকো পার্কের অফিস বিল্ডিংটি কি প্ল্যানের মধ্যে ছিল?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আমার ধারণা এই বিষয়ে কোনও বৈষম্য হয়নি। তবে আরও খোঁজ নিয়ে দেখতে হবে।

**শ্রী আব্দুল মান্নান :** ওখানে কতজন লোককে নিয়োগ করা হয়েছে? তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগ করা হয়েছে, না অন্য পদ্ধতিতে নেওয়া হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** কতজনকে নেওয়া হয়েছে তা আমি এখুনি বলতে পারব না। নোটিশ দিলে পরে বলতে পারব।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, আমি এর আগে বিধানসভার মধ্যে নিকো পার্ক নিয়ে গুরুতর অভিযোগ তুলেছিলাম। নিকো পার্কের ভেতরে পাঁচ হাজার স্কোয়ার ফিটের যে একটি বিল্ডিং হয়েছে, যেটি অফিস হিসাবে পরিচালিত হচ্ছে, সেটি বিধাননগর নোটিফায়েড এরিয়া অথরিটির কাছ থেকে স্যাংশন্ড প্ল্যান নেওয়া হয়েছে কি? আমার প্রশ্নটি হচ্ছে, বিধাননগর নোটিফায়েড এরিয়া অথরিটির কাছ থেকে অকুপ্যান্সী সার্টিফিকেট কিম্বা কমপ্লিশন সার্টিফিকেট, এই দুটি পাবার আগে নিকো পার্কের অভ্যন্তরে এই দপ্তর তার কাজ শুরু করে দিয়েছিল কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** প্রশ্নটি যেভাবে রেখেছেন তাতে আমাকে খোঁজ নিতে হবে। কারণ সম্পূর্ণভাবে প্রকল্পটিকে অনুমোদন দেওয়া হয়েছে। তার বিস্তারিত কোনও জায়গায় কি, এ সম্পর্কে যা জিজ্ঞাস্য আছে তা আমার দৃষ্টিতে আনা হয়েছে, আমি খোঁজ নিয়ে জানাব।

**শ্রী সৌগত রায় :** স্যার, নিকো পার্ক সম্পর্কে বা ঝিলমিল সম্পর্কে একটি বিচিত্র অভিযোগ উঠেছে যে, যাঁরা ওটা কন্ট্রোল করেন তারা বেসরকারি সংস্থা, ম্যানেজিং ডিরেক্টরও ওদের। তারা এন্ট্রান্স ফি এতবেশি করেছেন যে সাধারণ মানুষের পক্ষে ওখানে যাওয়া সম্ভব হয় না। আমার প্রশ্ন হচ্ছে, চারজনের পরিবারের পক্ষে নিকো পার্কের সবকটি ফেসিলিটিজ দেখতে গেলে কত টাকা লাগবে; বা একজনের কত টাকা লাগবে? ওটা তো বড়লোকদের জায়গা হয়েছে। গরিবদের জন্য কি হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** বিষয়টি হচ্ছে এটি একটি অ্যামিউজমেন্ট পার্ক। সৌগতবাবুর

নিশ্চয় এই বিষয়ে বিস্তারিত অভিজ্ঞতা আছে। অ্যামিউজমেন্ট পার্ক ব্যবসায়িক ভিত্তিতে করা হয় এটি আমি আগেই উল্লেখ করেছি। যারা যারা এই ব্যবসায়ের সঙ্গে যুক্ত ছিলেন তারা তাদের লাভজনক দিকটা দেখেই এই প্রকল্প সরকারের সঙ্গে যুক্তভাবে করতে প্রস্তুত হয়েছিল। আর্থিক বিন্যাস যা করা হয়েছে তা বিভিন্ন আইটেম এবং রাইডেসের উপরে অংশ গ্রহণ করার উপরে। এর থেকে সস্তার আর কিছু হতে পারে না। আপনি দিল্লির আপু ঘর এবং বোম্বাইয়ের এস.এল.ওয়ার্ল্ডের কথা ভাবুন তো। এখানে ১৫টি রাইডস আছে। তবে আরও একটি রাইডস যুক্ত করা হয়েছে। একটি ব্যক্তি বা পরিবার যদি যায় সে সব কটি রাইডসে অংশগ্রহণ করতে পারে না।

**শ্রী সৌগত রায়ঃ** আপনারা এর এন্ট্রি ফি কত করেছেন?

**শ্রী সুভাষ চক্রবর্তীঃ** এর এন্ট্রি ফি ৩ টাকা তবে তার মধ্যে আবার স্টুডেন্টস কনসেশন আছে। এই রাইডস পিছু কোনটাতে এক টাকা লাগছে, কোথাও ৪ টাকা আবার কোথাও ৬ টাকা লাগছে। কোনও একটি মেয়ে বা ছেলে একসঙ্গে সব কটিতে পার্টিসিপেট করতে পারে না। যদিও সব কটাতেই চড়ে তাহলেও লাগবে ৪৫ টাকা। কিন্তু সব কটিতে পার্টিসিপেট করা সম্ভব হয় না।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ** এই নিকো পার্কটিকে আরও আকর্ষণীয় করে তোলার জন্য নতুন নতুন আরও আইটেমস সংযোজন করা হয়েছে, সেগুলো জানাবেন কি?

**ডেপুটি স্পিকারঃ** এই প্রশ্ন ওঠে না।

**শ্রী সাধন পান্ডেঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি আপনি এই নিকো পার্ক সম্বন্ধে বলেছেন যে চুক্তি হয়েছে, আমি জানতে চাইছি আপনারা কোনও প্রস্তাব পেয়েছেন কিনা এই নিকো পার্ক অথরিটির কাছ থেকে বা এইসব কোম্পানির কাছ থেকে যে নিকো পার্ক সংলগ্ন যেসব ওয়াটার ওয়েজ বা ভেরীগুলো আছে সেই জায়গাগুলো নিয়ে ওয়াটার স্পোর্টস করতে চাইছেন তারা এবং এই অ্যাডিশনাল ল্যান্ডের কোনও প্রস্তাব পেয়েছেন কিনা। এই ওয়াটার ওয়েজগুলোর ক্ষেত্রে হাইকোর্টে ইনজাংশন রয়েছে, সেই সম্বন্ধে আপনি কিছু জানেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তীঃ** মৌখিকভাবে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে, পরিকল্পনা বা প্রকল্প হিসাবে কোনও প্রস্তাব আসেনি।

## কলাইবেড়্যাতে প্রস্তাবিত আই.টি.আই. কেন্দ্র

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২১) **শ্রী অমিয় পাত্রঃ** শিক্ষা ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কলাইবেড়্যাতে প্রস্তাবিত আই.টি.আই কেন্দ্রটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(খ) কোন্ কোন্ ট্রেডে শিক্ষা চালু করার কথা বিবেচিত হচ্ছে?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ**

(ক) প্রস্তাবিত কেন্দ্রটি যতশীঘ্র সম্ভব চালু করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(খ) নিম্নলিখিত ট্রেডগুলি চালু করা হবে ঃ

(১) ফিটার

(২) মেকানিক মোটর ভেহিকেলস

(৩) মেকানিক জেনারেল ইলেকট্রনিক্স

(৪) মেকানিক রেডিও ও টি.ভি.

**শ্রী অঙ্গদ বাউরি ঃ** এই প্রকল্পগুলো চালু করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** শিক্ষায়তনের মূলত পুনর্গঠন বাবদ এ পর্যন্ত ৬ লক্ষ ৮৮ হাজার ১৬৪ টাকা ব্যয় করা হয়েছে। এবং পরবর্তীকালে এই যন্ত্রপাতি ইত্যাদি ক্রয় করা বাবদ আরও ২৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী অঙ্গদ বাউরি ঃ** এই কেন্দ্রে কতজনকে শিক্ষা দেওয়া হয়?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** এখানে প্রথম বছরে ৭০ জনের মতো লোককে নেওয়া হয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কি বলবেন পশ্চিমবঙ্গে আর কোথায় নূতন আই.টি.আই. করার পরিকল্পনা নেওয়া হয়েছে, এই ব্যাপারে আপনার জানা আছে কিনা, জানাবেন কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** আমাদের আরও নূতন কয়েকটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, এটা দক্ষিণ ২৪ পরগনায় হবে, উত্তর ২৪ পরগনার বাণিপুরে মহিলাদের জন্য একটি করা হবে।

### ক্যালকাটা ইলেক্ট্রিক্যাল ডিভিসনে অস্থায়ী কর্মচারী

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬০) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পূর্ত দপ্তরের ক্যালকাটা ইলেক্ট্রিক্যাল ডিভিসনে ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বছরে কতজন অস্থায়ী কর্মচারী ছিলেন বা আছেন; এবং

(খ) তাঁদের মাস মাইনে কত?

**শ্রী মতীশ রায়ঃ**

| (ক) | অস্থায়ী কর্মচারী | সাময়িক কর্মচারী (দৈনিক বেতন) |
|---|---|---|
| ১৯৯০-৯১ | ১২ | ৩ |
| ১৯৯১-৯২ | ২৮ | ৬ |
| ১৯৯২-৯৩ | ১২ | ৪ |

(খ) গড় মাসিক বেতন

| | অস্থায়ী কর্মচারী | সাময়িক কর্মচারী |
|---|---|---|
| ১৯৯০-৯১ | ১৩৪৭.০০ প্রায় | ৮৪০.০০ প্রায় |
| ১৯৯১-৯২ | ১৩৭২.০০ প্রায় | ১৩১৬.০০ প্রায় |
| ১৯৯২-৯৩ | ১৩৯৭.০০ প্রায় | ১৩৯৭.০০ প্রায় |

[11-50—12-00 Noon.]

**ডাঃ মোতাহার হোসেনঃ** আপনি যে আইনের কথা বললেন তার থেকে অনেক কম মাইনে দিয়ে কতজন কর্মচারীকে বাধ্য করা হয়েছে কাজ করতে বা তারা বঞ্চনার শিকার হয়েছে, এই সম্বন্ধে কিছু জানাবেন কি?

**শ্রী মতীশ রায়ঃ** বর্তমানে আমাদের কাছে এই ধরনের কোনও তথ্য নেই। আপনি যদি নোটিশ দেন তাহলে নিশ্চয় হাউসের সামনে হাজির করব।

**ডাঃ মোতাহার হোসেনঃ** মাদার টেরেজা এই ধরনের বঞ্চিত কর্মচারীর ব্যাপারে তিনি আপনাকে জানিয়েছিলেন, আপনি আশ্বাসও দিয়েছিলেন এই ব্যাপারে, এটা সত্য কিনা হলে কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি?

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, মাদার টেরেজা যে অভিযোগ আকারে চিঠি দিয়েছিলেন সেই ব্যাপারে তদন্ত চলছে, তদন্ত শেষ হলে জানতে পারব।

**ডাঃ মোতাহার হোসেনঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই ধরনের তথ্য বা সংবাদ আমার কাছে নেই, আবার পর মুহূর্তে বলছেন মাদার টেরেজা চিঠি দিয়েছে, এইটা কি ধরনের, একটা কন্ট্রাডিকশন বক্তব্য হল না কি?

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় সদস্য আমার বক্তব্য ঠিক মতোন শোনেননি, মাদার টেরেজা কখনও আমাকে বেতনের উল্লেখ করে বলেননি, তিনি একটি ছেলের চাকরির উল্লেখ করে বলেছেন।

**শ্রী সুব্রত মুখার্জিঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানাবেন কি, আপনি নিজেও জানেন, আপনি ট্রেড ইউনিয়ন করেন, এইরকমভাবে দীর্ঘদিন ধরে অস্থায়ী কর্মচারী রাখা ন্যায়সঙ্গত নয়। আমি দেখছি দীর্ঘদিন ধরে এই সরকারি কর্মচারিদের অস্থায়ী কর্মচারী হিসাবে রাখা হয়েছে, এটা কি কারণে হয়েছে এবং কবে স্থায়ী করবেন?

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় সদস্যর অতিরিক্ত প্রশ্নের উত্তর জানাচ্ছি, আপনারা বর্তমানে রাজ্য সরকারের প্রচলিত ব্যবস্থা জানেন, কাজের প্রয়োজনে সরকারকে অনেক সময় বাধ্য হয়ে দৈনিক বেতনের ভিত্তিতে কর্মচারিদের নিয়োগ করতে হয়। আমাদের প্রচলিত বিধি অনুযায়ী এটা হয়। কিন্তু তারা যখন ২৪০ দিন লাগাতার কাজ করে থাকে তখন তাদের আমরা সরকারি আইন অনুযায়ী অস্থায়ী কর্মচারিদের যে বেতন সেই বেতন তাদের দেওয়া হয়। আর অস্থায়ী এবং স্থায়ী কর্মচারীর ব্যাখ্যা আপনি নিশ্চয় জানেন।

**শ্রী সুব্রত মুখার্জিঃ** সরকারি আইন এবং নীতি অনুযায়ী অস্থায়ী রাখা সঙ্গত নয়, আপনারা কেন এতদিন রেখেছেন এবং কবে এদের স্থায়ী করবেন?

**শ্রী মতীশ রায়ঃ** এখানে যে সমস্ত কর্মচারীকে ক্যাজুয়াল বলে উল্লেখ করা হয়েছে তাদের বেতন কাঠামো অস্থায়ী কর্মচারিদের বেতন কাঠামোর সমান।

**শ্রী সুব্রত মুখার্জিঃ** স্যার আপনি আমাকে প্রোটেকশন দেবেন। আমি বলছি অস্থায়ী আইন বিরুদ্ধ এবং নীতি বিরুদ্ধ। কেন এতদিন ধরে আপনি এদের অস্থায়ী রেখেছেন এবং কবে এদের স্থায়ী করবেন?

**শ্রী মতীশ রায়ঃ** অস্থায়ী কর্মচারিদের তিন বছর পর যদি পার্মানেন্ট ভ্যাকান্সি হয়ে থাকে তাহলে তাদের সুযোগ দেওয়া হয়। এটা রাজ্য সরকারের প্রচলিত নিয়ম।

শ্রী শান্তিরঞ্জন ঘটকঃ (মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জিকে পাল্টা প্রশ্ন করে বলেন—) রেল এবং পোর্টে যে হাজার হাজার অস্থায়ী শ্রমিক কর্মচারী আছে তারা স্থায়ী কবে হবে?

**শ্রী সাধন পান্ডেঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বললেন সরকারি নিয়মে কিছু ব্যক্তিকে অস্থায়ী হিসাবে রাখা হয়, আর কিছু ব্যক্তি ২৪০ দিন পেরিয়ে গেলে অস্থায়ী কর্মচারিদের বেতন পায়। ডেইলি ওয়েজে যে লোক রাখা হয়, এটা কোনও অথরিটির পারমিশনে এইভাবে লোক রাখা হয়?

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি আমাদের রাজ্য সরকারের বিধান অনুযায়ী, আমাদের ওয়েস্ট বেঙ্গলের যে সার্ভিস রুলস আছে তাতে এই ক্যাজুয়াল ওয়ার্কার রাখা যায়, অস্থায়ী কর্মচারী রাখা যায়। মাননীয় সদস্য নিশ্চয় আমার বক্তব্য শোনেননি। রাজ্য সরকারের প্রচলিত নিয়ম অনুযায়ী এই লোক নিয়োগ করা হয়।

## রাজ্য সমবায় কর্মীদের বেতন পুনর্বিন্যাস

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৪) **শ্রী তপন হোড়ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ ছাড়া সারা ভারতে সমবায় কর্মীদের বেতন কোনও রাজ্য সরকার দেন না; এবং

(খ) রাজ্যে সমবায় কর্মীদের বেতন পুনর্বিন্যাসে রাজ্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী সরল দেব ঃ**

(ক) এই রাজ্যে বিভিন্ন সমবায় সমিতির কর্মীদের বেতন রাজ্য সরকার দেন না। যারা ভারতের রাজ্যগুলি সম্পর্কে এই সংক্রান্ত তথ্য রাজ্য সরকারের কাছে এই মুহূর্তে নেই।

(খ) বিষয়টি বর্তমানে রাজ্য সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছেন।

**শ্রী নির্মল দাস ঃ** সমবায় আন্দোলনের স্বার্থে, রাজ্য সরকারি কর্মচারিদের ন্যায় যাতে সমবায় কর্মচারিরা বেতন এবং অন্যান্য সুযোগ সুবিধা পান তার দাবি দীর্ঘদিনের। আপনি বামপন্থী ট্রেড ইউনিয়নের কর্মী হিসাবে সেটা নিশ্চয় জানেন। সমবায় কর্মচারিদের এই দাবি এটা কতদিনের মধ্যে মীমাংসা সম্ভব বলে আপনারা মনে করছেন?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি, ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্য হচ্ছে প্রথম যারা সমবায় কর্মচারিদের বেতনের কথা বিবেচনা করি এবং এটা মন্ত্রীসভার বিবেচনাধীন আছে। আমি আশা করি রাজ্য সরকার দ্রুত এটা মঞ্জুর করবেন।

[12-00—12-10 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, যেহেতু সমবায়ের কর্মচারিদের বেতন ইত্যাদি সমবায়গুলি দিয়ে থাকেন সেইহেতু এ ক্ষেত্রে সমবায় দপ্তর থেকে একই স্টান্ডার্ডের অর্থাৎ ডিসক্রিমিনেশন নেই এমন ব্যবস্থাপনার মাধ্যমে সমবায় সমিতিগুলির কর্মীদের একই বেতন ও সুযোগ সুবিধা দেওয়ার ব্যাপারে কোনও নির্দেশ দেওয়া হয়েছে কিনা বা হবে কিনা?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্য জানেন যে সমবায় সমিতিগুলি ইন্ডিপেনডেন্টলি পরিচালিত হয় সমবায় সমিতি আইনের দ্বারা। সমবায় সমিতিগুলির নানান শ্রেণী বিন্যাস আছে। কারুর টার্ন ওভার ৫ লক্ষ টাকা কারুর ১০ লক্ষ টাকা আবার কারুর বা ৫ কোটি টাকা। কাজেই একই হারে বেতন কাঠামো পুনর্বিন্যাসের কথা সরকার বিবেচনা করছেন না। রাজ্য সরকার বিবেচনা করছেন কতকগুলি ক্যাটাগরির ভিত্তিতে। আমরা একটা পে কমিটি বসিয়েছিলাম এবং সেই পে কমিটির সুপারিশ অনুযায়ী আমরা একটা সার্টেন পোরশন অর্থাৎ তারা যে বেতন পাচ্ছেন বিভিন্ন সোসাইটি থেকে—সব সোসাইটিতে ইউনিফরমিটি সারা রাজ্য জুড়ে নেই। সুতরাং রাজ্য সরকার থেকে আমরা ৪০ পারসেন্ট দেব এটা ধার্য করে সুপারিশ

পাঠিয়েছি আমাদের দপ্তর থেকে।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৪০ পারসেন্ট রাজ্য সরকার দেবেন এই সিদ্ধান্ত নিয়েছেন। রাজ্য সরকার কি এটা সঠিক সিদ্ধান্ত নিয়েছেন, এটার কি পুনর্বিন্যাস করা যায় না, এটা কি আরও বাড়ানো যায় না?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি, এই যে প্রস্তাব আমরা দিয়েছি তাতে রাজ্য সরকারের ৩০ থেকে ৩৮ কোটি টাকা লাগবে। রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতার কথা মাননীয় সদস্যের নিশ্চয় জানা আছে। সরকারের আর্থিক সঙ্গতি থাকলে এটা আরও করবার চেষ্টা করতাম।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের গতবারের বাজেট বক্তৃতায় ছিল যে প্রত্যেক সমবায় কর্মচারীকে ১৯৯২/৯৩ সালের এপ্রিল থেকে আপনারা ৪০ ভাগ বেতন দেবেন। এখনও আপনি বলছেন যে তাদের বেতন দেওয়ার ব্যাপারটা সরকারের বিবেচনাধীন আছে। আপনার কাছে সুনির্দিষ্টভাবে জানতে চাই, কবে থেকে ঐ ৪০ ভাগ টাকা সমবায় কর্মীরা পেতে শুরু করবেন জানাবেন কি?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাতে চাই যে, অর্থ দপ্তরের মঞ্জুরি যতক্ষণ না পাওয়া যায় ততক্ষণ এটা করা যায় না। এবারে ধর্ম দপ্তর মঞ্জুরি দিয়েছেন এবং মঞ্জুরি দেবার সাথে সাথে সুপারিশ করেছেন যে এটা মন্ত্রী সভার সিদ্ধান্তের জন্য পাঠাতে। গত ১১ তারিখে মন্ত্রী সভার অনুমোদনের জন্য প্রেরণ করেছি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** কত কর্মচারী এর ফলে উপকৃত হবেন জানাবেন কি?

**শ্রী সরল দেব ঃ** আনুমানিক প্রায় ২৫ হাজার কর্মচারী।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে গ্রামাঞ্চলের যে সমবায় সমিতিগুলো আছে, এইগুলোর যে কর্মচারিরা আছে, তাদের কথা বিবেচনা করে ব্যবস্থা নিতে চাইছেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এই বিষয়টা দীর্ঘদিন ধরে ঝুলে রয়েছে, এটা কতদিনের মধ্যে কার্যকর হবে এবং এদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য করা হবে কি না?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি যে সমবায় সমিতির কর্মচারিদের সরকারি কর্মচারী হিসাবে বিবেচনা করার কোনও প্রস্তাব আমাদের দপ্তরের অধীনে বিবেচনাধীন নেই। দ্বিতীয় কথা হচ্ছে, মন্ত্রী সভার বিবেচনার জন্য যে প্রস্তাব পাঠানো হয়েছে, সেটা আগামী আর্থিক বছর, ১লা এপ্রিল থেকে আমরা যে অংশটা দেবার প্রতিশ্রুতি দিয়েছি সেটা দেবার প্রস্তাব পাঠিয়েছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মন্ত্রী মহাশয় আপনি জানেন কি সরকারের কাছে এই যে প্রস্তাব পাঠিয়েছেন বিবেচনার জন্য, তা জানতে পেরে গ্রামাঞ্চলের কিছু সোসাইটি তারা আর্বিট্রারিলি ব্যাক ডেট দিয়ে এফেক্ট দেবার ব্যবস্থা করছে, এটাকে ঠেকানোর কোনও ব্যবস্থা করেছেন কি না?

**শ্রী সরল দেব ঃ** এই খবর আসার পর আমরা একটা কাট অফ ইয়ার ঠিক করেছি, এটা কিন্তু জানতে দিইনি। আজকে যদি সভায় ঘোষণা করি যে ডেটটা কাট অফ করেছি, তাহলে তারা আবার সেই কাজ করবে। সেই জন্য ডেটটা ঘোষণা করতে চাই না।

**শ্রী সৌগত রায় ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কী, কয়েকদিন আগে দেখলাম সি.আই.টি.ইউ.'র তরফ থেকে সমবায় সমিতিগুলোতে ধর্মঘট ডাকা হয়েছিল। কিন্তু দেখা গেল একদিনের মধ্যে ধর্মঘট প্রত্যাহার করা হল। কী দাবিতে ধর্মঘট তারা ডেকেছিলেন এবং কেন সেটা প্রত্যাহার করা হল?

**শ্রী সরল দেব ঃ** যদিও এর সঙ্গে রিলেটেড নয়, তবুও মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি, দুটো তাদের দাবি ছিল, একটা হচ্ছে বেতন কাঠামো অবিলম্বে রূপায়িত করতে হবে। দ্বিতীয়টা ছিল হাউসিং ফেডারেশনের যে চীফ একজিকিউটিভ অফিসার আছেন, তাকে অপসারণ করতে হবে। আমি চীফ একজিকিউটিভ অফিসার যিনি আছেন তাকে অপসারণ করা হয়েছে, যেমন আমরা ফেব্রুয়ারি মার্চ মাসে সমস্ত টপ র‍্যাংকিং অফিসারকে করে থাকি। এইরকম কো-অপারেটিভ ডিপার্টমেন্টের সেকেন্ড ইন দি র‍্যাংক ডাইরেক্টরেটে যারা আছেন, এইরকম পাঁচজন অফিসারকে ট্রান্সফার করেছি, সি.আর. ভট্টাচার্য, তাকে সি.এল.ডি.পি.'র ম্যানেজিং ডিরেক্টার করে দিয়েছি। আর বেতন কাঠামো সম্পর্কে আমরা প্রস্তাব মন্ত্রী সভার কাছে পাঠিয়েছি, এটা জানতে পারার সঙ্গে সঙ্গে তারা ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মন্ত্রী মহাশয় একটু আগে বললেন যে টার্ন ওভারের ভিত্তিতে বেতন কাঠামো তৈরি হবে, মন্ত্রী মহাশয় জানাবেন কি, সর্ব নিম্ন বেতন স্কেল কী হবে?

**শ্রী সরল দেব ঃ** শুধু টার্ন ওভারের ভিত্তিতে নয়, তার পারফরমেন্স ক্রাইটেরিয়াও থাকবে।

**শ্রী জটু লাহিড়ী ঃ** সেটা সর্ব নিম্ন কত?

**শ্রী সরল দেব ঃ** সেটা এখন বলব না।

[12-10—1-15 p.m.] (including Adjournment)

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, 'সিটু'-র পক্ষ থেকে শ্রী সি.আর. ভট্টাচার্য-র বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছিল তা সত্য কিনা জানাবেন কি?

**শ্রী সরল দেব ঃ** আমি আবার বলছি, প্রশ্নটি মূল প্রশ্নের সঙ্গে রিলেটেড নয়। সি.আর. ভট্টাচার্যর বিরুদ্ধে কোনও অভিযোগই সত্য বলে প্রমাণিত হয় নি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first is from Shri Saugata Roy on the subject of fear of extermination of a person arrested in connection with the Bowbazar

blasts, in police custody and the second is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of presence of arsenic in the water of Ramnagar and Dhapdhapi areas of Baruipur causing serious health hazard.

The subject mtters of the Motions do not warrant Adjournment of business of the House. Moreover, the Members may invite the attention of the Ministers concerned on the subjects through Questions, Calling Attention, Mentions.

I, therefore, withhold my consent to the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

(Noise)

Mr. Saugata Roy, technically, the Adjournment Motion is not in order. Because on the last day, Honourable Members, Shri Subrata Mukherjee and Dr. Zainal Abedin mentioned this matter. And accordingly, I have told the Minister-in-charge of Parliamentary Affairs Department to give instructions to the Government in the matter. However, you may read out the amended portion.

(Noise)

**Shri Saugata Roy :** Sir, "this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,-

The fear of extermination of one Rashid Khan, who has been linked to the Bowbazar blast and is reported to have links with the Ruling Party, in Police custody."

(At this stage, the House was adjourned till 1-15 p.m.)

(After Adjournment)

[1-15—1-20 p.m.]

## Calling attention to matters of urgent Public Importance

**Mr. Speaker :** I have received nine notices of Calling Attention, namely :-

1. Re-excavation of the river Kalaghai and Kapaleswari with drainage scheme in Midnapur district : Dr. Manas Bhunia

| | |
|---|---|
| 2. Alleged acute crisis of drinking water in Champdani and Baidyabati of Hooghly district | : Shri Abdul Mannan |
| 3. Reported death of 12 persons by road accident near Howrah Station | : Shri Ambica Banerjee |
| 4. Reported a damage of about 500 houses by devastating fire in the villages Sershi and Hulashpur of Malda district | : Shri Birendra Kumar Maitra |
| 5. Alleged deplorable condition of road at Baruipur, South 24 Parganas | : Shri Sobhandeb Chattopadhyay |
| 6. Limitation of power of Jaigaon Development Authority in Duars area of North Bengal | : Shri Nirmal Das |
| 7. Reported undersale of potato hampering the interest of the cultivators | : Shri Anjan Chatterjee |
| 8. Agitation by the workers of Shrinathpur Tea Garden of Jalpaiguri district | : Shri Monohar Tirkey |
| 9. Massive blast at Bowbazar on 16.3.93 midnight | : Shri Saugata Roy |

I have selected the notice of Shri Anjan Chatterjee on the subject of reported undersale of potato hampering the interest of the cultivators.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 23rd March, 1993.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-Charge of Food and Supplies Department to make a statement on the subject of non-availability of sugar from the Ration Shops at Nadia district. (Attention called by Shri Abdus Salam Munshi on the 12th March, 1993)

[1-15—1-25 p.m.]

**শ্রী নরেন্দ্রনাথ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রমজান মাসে জনসাধারণের চিনির বিশেষ প্রয়োজনের কথা স্মরণে রেখে খাদ্য ও সরবরাহ দপ্তর বর্তমান মাসে প্রতি জেলায় (মার্চ ১৯৯৩) দুই সপ্তাহে চিনির অতিরিক্ত কোটা বরাদ্দ করেছিলেন। ১লা মার্চে যে সপ্তাহ শুরু হয়েছিল সেই সপ্তাহে কার্ড পিছু ৭৫ গ্রামের পরিবর্তে ১০০ গ্রাম ও আগামী ২২শে মার্চ যে সপ্তাহ শুরু হবে সেই সপ্তাহে ১৫০ গ্রাম চিনি বরাদ্দ করা হয়েছে।

কিন্তু পশ্চিমবঙ্গের সংশোধিত এলাকার রেশন দোকানদারগণ গত ১লা মার্চ থেকে যে সপ্তাহ শুরু হয়েছে সেই সপ্তাহে ধর্মঘট করেন। মূলত কেন্দ্রীয় সরকার কর্তৃক রেশনে চাল, গম ও চিনির দরবৃদ্ধির প্রতিবাদে এই ধর্মঘট। এই ধর্মঘটের ফলে ঐ সপ্তাহে রেশন সরবরাহ ব্যাহত হয়। উপরন্তু গত ১২ই মার্চ থেকে ভারতীয় খাদ্য নিগমের শ্রমিক ধর্মঘটের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের প্রায় সব গুদামেই মাল সরবরাহ ব্যাহত হয়েছে। এই অবস্থায় শুধু নদীয়া নয়, প্রায় সব জেলাতেই রেশন ব্যবস্থা বিপর্যস্ত হয়েছে। গতকাল থেকে এই ধর্মঘটের অবসান হয়েছে। নদীয়ার এফ.সি.আই.এর ভান্ডারে মজুত চিনির পরিমাণ প্রয়োজন অনুযায়ী আছে। দু-একদিনের মধ্যেই সরবরাহ স্বাভাবিক হবে বলে আশা করি।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker:** The Minister-in-charge of Public Works Department to make a statement on the subject of non-completion of the work of Santipur Bypass of Nadia district. (Attention called by Shri Ajoy De on the 16th March, 1993)

**শ্রী মতীশ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩৪ নং জাতীয় সড়ক সংলগ্ন শান্তিপুর বাইপাসের কাজ শুরু হয়ে প্রায় ১২ বছর বন্ধ রয়েছে। এই রাস্তা না হওয়ার ফলে প্রতিনিয়ত দুর্ঘটনায় মানুষের মৃত্যু ঘটেছে। কেন্দ্রীয় ভূতল পরিবহন দপ্তর প্রোজেক্টটি অনুমোদন করলেও রাজ্য সরকারের রিপোর্ট পাঠাতে দেরি হওয়ায় কাজ শুরু হচ্ছে না। এ সম্পর্কে বিবৃতির আবেদন।

শান্তিপুর বাইপাশের কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত মূল প্রাক্কলন অনুযায়ী ১৯৮৩ সালে মাটির ও কালভার্টের কাজ আরম্ভ হয়েছিল। এই প্রাক্কলন অনুমোদনে রানাঘাট-শান্তিপুর রেলওয়ে লাইন অতিক্রমের জন্য উড়ালপুলের কোনও সংস্থান ছিল না। ১৯৮৫ সালের ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় ভূতল পরিবহন মন্ত্রক উড়ালপুলের প্রয়োজনীয়তা বিষয়ে পরামর্শ দেন এবং তদনুসারে উড়ালপুল, ভায়াডাকট ও পেডমেন্টের জন্য প্রাক্কলন কেন্দ্রীয় সরকারের নিকট অনুমোদনের জন্য পাঠানো হয়। কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী পরে এই বাইপাসের টেক্‌নিক্যাল অ্যাপ্রাইজাল (Technical appraisal) পাঠানো হয় ১৯৯২ সালের আগস্ট মাসে। চূড়ান্ত টেক্‌নিক্যাল অ্যাপ্রাইজাল পাঠানোর আগে বিভিন্ন বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে ক্রমাগত আলাপ আলোচনা চালাতে হয়। সম্প্রতি ইহা অনুমোদিত হয়েছে। এই অনুমোদনের ভিত্তিতে বাইপাস ও উড়ালপুলের পরিবর্তিত বিশদ প্রাক্কলন এই মাসের

মধ্যেই কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হবে। সম্পূর্ণ প্রোজেক্টটির প্রাককলন অনুমোদন ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না হওয়া পর্যন্ত কাজ শুরু করার প্রশ্ন ওঠে না।

**Mr. Speaker :** The Chief Minister will make a statement at four O'clock.

## MENTION CASES

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিধানসভা এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে গত বছরের অক্টোবর মাস থেকে আমাদের পশ্চিমবঙ্গে বৃষ্টি নেই। প্রকৃতির খামখেয়ালির জন্য বৃষ্টি না হওয়ার ফলে আসানসোল এবং দুর্গাপুর মহকুমার আমার যে কেন্দ্র কাকসা সেখানে জলের স্তর ভীষণভাবে নেমে গেছে। আপনি জানেন যে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে প্রতিটি গ্রামে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু জলের স্তর নেমে যাওয়ার ফলে নলকূপ এবং ইদারাগুলি শুকিয়ে যাচ্ছে, পুকুর, খাল, বিল সব শুকিয়ে যাচ্ছে এবং এর ফলে দারুণ জল সঙ্কটের সম্মুখীন হতে হচ্ছে। সেজন্য আমি দাবি করছি যে যুদ্ধকালীন ভিত্তিতে অর্থ মঞ্জুর করে এই নলকূপ এবং ইদারাগুলি খনন করার ব্যবস্থা করা হোক যাতে জল সঙ্কট না হয়, ওয়াটার ফেমাইন না হয়, আসানসোল এবং দুর্গাপুর মহকুমায় যাতে জলের ব্যবস্থা করা যায় তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় প্রায় ১০ হাজার একর জমিতে বোরো চাষ হয়। এই বোরো চাষ লাভজনক ব্যবসা হওয়ার জন্য বহু মানুষ উৎসাহিত হয়ে এই চাষ করছে। ওখানে যে খালের মাধ্যমে জল আসে সেটা হচ্ছে সূর্যপুর খাল। সেই খালের জল এবারে আসছে না, তার ফলে ঐ ১০ হাজার একর জমিতে বোরো চাষ মারা যাচ্ছে। এই নিয়ে ওখানে গন্ডগোল হয়েছিল, থানা এবং বি.ডি.ও অফিসও ঘেরাও হয়েছিল। তার পরবর্তীকালে খালে জল আসার ব্যবস্থা করা হয়। জেলাপরিষদের সভাধিপতি এই বিষয়টা স্বীকার করেছিলেন। মগরাহাট থেকে যে খালটা আসে সেখানে পাটা দিয়ে মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে। এর ফলে জলের ফ্লো বারুইপুরে আসছে না এবং তার ফলে বোরো চাষ মার খাচ্ছে। চাষীরা অত্যন্ত কষ্টের মধ্যে আছে এই জল না পাবার জন্য। আজকে পাটা দিয়ে মাছ চাষের সুযোগ করে দেওয়ার জন্য চাষীরা বোরোচাষ করতে পারছে না।

[1-25—1-35 p.m.]

স্যার, গত বছর জেলা পরিষদের সভাধিপতি স্বীকার করেছেন এবং পুলিশ দিয়ে পাটা তুলিয়ে দিয়েছেন। তার ফলে বারুইপুরের মানুষ চাষ করতে পেরেছিল। আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই পাটা তোলার তিনি ব্যবস্থা করেন। ওই এলাকার মানুষ অনেক টাকা পয়সা ধার করে বোরো চাষ করেছে। এই পাটা না তুললে তারা বিপদে পড়বে।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রী

এবং পি.ডবলু.ডি সাবজেক্ট কমিটির চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করছি। পান্ডুয়ার ডাকবাংলোর দক্ষিণ দিকে পি.ডবলু.ডি-র রাস্তার উপর একটা ভাল শিশু গাছ আছে এবং সেই গাছটির দাম ১ লক্ষ টাকা। এখানে যে জমি আছে সেই জমির এক কাঠার দাম ১ লক্ষ টাকা। এখানকার জমি বেদখলের ব্যাপারে পি.ডবলু.ডি-র কর্মচারিরা একটা মামলা করেছিল, পি.ডবলু.ডি-র তরফ থেকে সেই মামলায় হাজির না থাকার জন্য সেই বেআইনি দখলদার ঐকতরফাভাবে মামলায় জিতে গেছে। তার ফলে সে সেটেলমেন্ট অফিসে তার রায়ের কপি দেখিয়ে সেই সম্পত্তি নিজের নামে রেকর্ড করিয়েছে। খননানে অনুরূপভাবে দেখা গিয়েছে সরকারের জমি বেদখল করে নিয়েছে। সরকারি সম্পত্তি রক্ষার জন্য কর্মচারিরা যাতে যত্নবান হন তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী মায়ারানী পাল ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন বহরমপুর পৌরসভা এখন সরকারের প্রশাসকের হাতে। নিয়ম-নীতি না মেনে বহরমপুর পৌরসভায় কিছু লোক নেওয়া হয়েছিল সেই অজুহাতে পৌরসভার কর্মচারিদের ছাঁটাই করার জন্য পৌরসভায় একটা অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করা হয়েছে। সেখানকার কর্মচারিরা ১০-১১ মাস কোনও মাইনে পায় নি। বকেয়া মাইনে পড়ে থাকার জন্য সেখানে উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে পড়ে আছে। একটা অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করে বহরমপুর পৌরসভার কমিশনারদের পদত্যাগ করতে বাধ্য করা হয়। স্যার, আপনাকে জানাচ্ছি গত ৮ মাস পৌরসভায় প্রশাসক নিয়োগ করা সত্ত্বেও কর্মচারিদের বকেয়া মাইনে মেটানো হয় নি এবং শহরের উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে আছে। এই সমস্ত সমস্যার সমাধান না করে পৌরসভার নির্বাচন সরকার ঘোষণা করে দিয়েছেন। এই বিষয়ে আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে পৌর কর্মচারিদের বকেয়া বেতন মিটিয়ে দেওয়া হোক, না মেটা পর্যন্ত নির্বাচন বন্ধ করা হোক।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমাদের জেলায় রাস্তা-ঘাটের সমস্যার সমাধানের ব্যাপারে। আমাদের জেলার কয়েকজন বিধায়ক এই সমস্যার কথা তুলে ধরেছেন। কারণ আমাদের জেলায় যত লিঙ্করোড আছে সেইগুলি সমস্ত অকেজ হয়ে পড়ে আছে দীর্ঘদিন মেরামতের অভাবে। আমি একটা উদাহরন দিচ্ছি। নাজিমপুর-করিমপুর ভায়া নদীভাঙ্গা এই ২৫ কিলো মিটার রাস্তা মেরামতের অভাবে সেখানে বাসের মালিকরা বাস চালানো বন্ধ করে দিয়েছে। গত এক বছর ধরে এই এলাকার ৫০।৬০ লক্ষ মানুষ করিমপুর, নাজিমপুরের সঙ্গে কৃষ্ণনগরে যোগাযোগ করতে পারছে না। এইরকম ১৬টি রাস্তা যেগুলি মেরামতের অভাবে অকেজ হয়ে পড়ে আছে, বাস চলাচল করছে না। এই বর্ষার আগে যাতে এই রাস্তাগুলির মেরামতের ব্যবস্থা করা হয় তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী নরেন হাঁসদা ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকার বীনপুরের একটি গুরুত্বপূর্ণ সমস্যার সমাধানের দাবিতে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে দীর্ঘদিন বৃষ্টি হয়নি। ফলে আমার এলাকার জঙ্গলাকীর্ণ এলাকায়, আদিবাসী অধ্যুষিত এলাকা, বেলপাহাড়ী এবং সংলগ্ন এলাকাগুলিতে

প্রচন্ড জল সঙ্কট দেখা দিয়েছে। এখানে প্রতি বছরই হাজার হাজার মানুষ আন্ত্রিক ও কলেরাতে আক্রান্ত হচ্ছে। কয়েকশত মানুষ কলেরায় যারা যায়। এই বছরেও এই অবস্থার সৃষ্টি হয়েছে। তাই আমি অনতিবিলম্বে বেলপাহাড়ীতে গ্রামীণ জলসরবরাহের যে কাজ বন্ধ আছে সেটাকে পুর্ণাঙ্গ করার দাবি জানাচ্ছি যাতে সংশ্লিষ্ট এলাকার মানুষ প্রচন্ড জলসঙ্কট থেকে মুক্ত হতে পারে এবং আন্ত্রিক ও কলেরা মহামারী আকারে দেখা না দেয় সেজন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার হাড়োয়া এবং বংশবাটী এই অঞ্চলের দিকে ফিডার ক্যানালের পরপারে ইনানডেটেড এলাকা। সেখানে একটি সাবসিডিয়ারী হেলথ সেন্টার ছিল যেটি অনেকদিন আগে নির্মিত হয়েছিল। কিন্তু গত ৬।৭ বছর ধরে উক্ত হাসপাতালে কোনও ডাক্তার নেই। তারপরে বেঞ্চ, টেবিল যেগুঁলো ছিল সেগুলো চলে গেছে। বাকি যে দরজা, জানালা ছিল সেগুলোও চলে যাচ্ছে। হাসপাতালটি থাকবে কি থাকবে না সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় বললে ভাল হয়। যদি সেটি থাকে তাহলে হাসপাতালের প্রপার্টিকে প্রোটেকশনের ব্যবস্থা করা হোক। আর যদি না থাকে তাহলে চোরকে বলা হোক—সে নির্দ্বিধায় চুরি করে নিক। এই বিষয়ে মাননীয় মন্ত্রীকে ভাববার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বৌবাজারে যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তাতে মৃতের সংখ্যা ইতিমধ্যে ৮৬তে দাঁড়িয়েছে। এই সংখ্যা কোথায় গিয়ে দাঁড়াবে তা আমরা জানি না। হাসপাতালে যাঁরা চিকিৎসাধীন আছেন তাঁরা মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এইরকম মর্মান্তিক ঘটনা ঘটার ৬০-৭০ ঘন্টা অতিক্রান্ত হয়ে যাবার পর এখনও পর্যন্ত সরকার থেকে সমস্যা নিরসনে জনগণের মন থেকে তাদের যে সমস্ত প্রশ্ন তা দূরীভূত করার ক্ষেত্রে কোনও সন্তোষজনক কিছু পদক্ষেপের কথা শোনা যায় নি। আমি উদ্বেগের সঙ্গে বলছি, অপরাধ জগতের নায়কদের সঙ্গে সরকারি ক্ষমতাসীন দলগুলির যে ঘনিষ্ঠ সম্পর্ক এবং মাখামাখি, এটা ভারতবর্ষের সমাজ জীবনের সবচেয়ে বড় অভিশাপ এবং আইনশৃঙ্খলা প্রশমনের ক্ষেত্রে সবচেয়ে বড় কারণ। যার ফলে পুলিশ অপরাধীদের দমন করার পরিবর্তে আড়াল করে রাখে। তাদের দীর্ঘস্থায়ী প্রভাব গোটা সমাজ ব্যবস্থাকে কোথায় নিয়ে যাচ্ছে তা আপনি লক্ষ্য করে দেখুন। শুধু কংগ্রেস শাসিত রাজ্যগুলিই নয়, অকংগ্রেসি রাজ্যগুলো, বি.জে.পি. শাসিত রাজ্যগুলো, এমনকি বামফ্রন্ট শাসিত রাজ্যও তার ব্যতিক্রম নয়। আমরা দেখতে পাচ্ছি যে, বৌবাজারের যে ঘটনা, সেই ঘটনায় যারা অপরাধী তাদের সঙ্গে শাসকদলের নানা ব্যক্তির যে যোগাযোগ তাতে আমাদের আশঙ্কা হচ্ছে শেষ পর্যন্ত তদন্তের প্রমাণপত্র লোপাট হয়ে যাবে কিনা। শেষ পর্যন্ত তদন্তের নামে গোটা ব্যাপারটিই প্রহসনে পরিণত হবে কিনা। এতদিন পরে সাধারণ পেটো, ২৪টি বোমা পাওয়া গেছে। টোট্যাল জিনিসটিকে হালকা করে দেখার চেষ্টা হচ্ছে। আমি তাই দাবি জানাচ্ছি যাতে পূর্ণাঙ্গ তদন্ত হয় এবং প্রকৃত অপরাধীদের শাস্তি হয়, সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যেন দৃষ্টি দেন।

[1-35—1-45 p.m.]

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোম্বে এবং কলকাতার ঘটনার পরে গুজব ভীষণভাবে শহরাঞ্চলে ছড়িয়ে পড়েছে। এই গুজব শুধু শহরাঞ্চলেই সীমাবদ্ধ থাকছে না, গ্রামবাংলাতেও এর প্রভাব পড়েছে। মুর্শিদাবাদ জেলার জলঙ্গীতে এইভাবে প্রচার চলছে এবং সেখানকার এক্সট্রিম বর্ডারে এবং বনগাঁ বর্ডারে রিমোট কন্ট্রোলের সাহায্যে বোমা বিস্ফোরণ ঘটানোর চেষ্টা হচ্ছে এইরকম গুজব রটানো হয়েছে। এই ঘটনা যদি সত্যি হয় তাহলে গোয়েন্দা দপ্তর এই ব্যাপারে খবর নিন এবং সরকারের দিক থেকে এর জন্য পদক্ষেপ নেওয়ার দরকার। এবং যদি শুধুই গুজব হয় তাহলে এটা সরকারের তরফ থেকে প্রচার মাধ্যমে জানিয়ে দেওয়া হোক যে খবরটি গুজব। এর ফলে ওখানকার মানুষরা বিভ্রান্তির মধ্যে দিন কাটাচ্ছে এবং তাদেরকে আশ্বস্ত করা হোক। তা না হলে ওখানকার মানুষরা উদ্বিগ্নের মধ্যে রয়েছেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বৌবাজার আমার সংলগ্ন এলাকা এবং লক্ষ্মীবাবুর এলাকায় যে ঘটনা ঘটে গেছে তাতে মৃতের সংখ্যা কত এখনো সঠিকভাবে জানা যায় নি। সরকারি পি.টি.আই এর মধ্যে প্রায় ৭৬ জনের মৃত্যু ঘটেছে বলেছে এবং তাতে দুটি হাসপাতালের যে হিসাব সেই অনুযায়ী তারা রিপোর্ট দিয়েছেন। আর রাজ্য সরকার বলছেন যে ৬৪র বেশি অতিক্রম করেনি। অথচ বাজারের খবর যে মৃতের সংখ্যা ১৩০রও বেশি কোথাও বা ২০০ পর্যন্ত বলা হয়েছে। আমরা এখনো পর্যন্ত কোনও পজিটিভ রিপোর্ট পাই নি। ওই বাড়ির মধ্যে ৩০টি বোম পাওয়া গেছে। আমাদের মুখ্যমন্ত্রী, রাজ্যপাল, রাজেশ পাইলট এবং মমতা বন্দ্যোপাধ্যায়, অজিত পাঁজা, প্রিয়রঞ্জন দাশমুন্সী, প্রণব মুখার্জি সবাই গিয়েছিলেন। ওঁরা যখন ভেতরে ছিলেন সেই সময়েও তো বোমা বার্স্ট করতে পারত এবং তা যেকোনও সময় ছড়িয়ে যেতে পারত। ওই বাড়ি থেকে যেসব মৃতদেহ উদ্ধার হয়েছে তাদের মধ্যে রাইফেল সহ ধরা পড়েছে। সুতরাং পরিস্থিতির গুরুত্ব কোথায় গিয়ে দাঁড়িয়েছে যে, যে কোনও সময়ে ভয়ঙ্কর ঘটনা ঘটতে পারে। কলকাতায় এই ধরনের ঘটনা এবং মশলা মজুত ছিল, চোরা পথে এইসব হচ্ছিল কোনও খবরই পাওয়া যায় নি। পুলিশ অবিলম্বে এইসব আর্মস এবং অ্যামিউনিশন যেসব রয়েছে সেগুলো ধরুক। পুলিশের আরও ধরার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া দরকার। পরিস্থিতি পুরোপুরি নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। লালবাজারের নাকের ডগায় এই ধরনের ঘটনা ঘটল পুলিশ কিছু করতে পারল না। অথচ পুলিশ কমিশনার মাঝেমাঝেই দূরদর্শনে রাজনৈতিক নেতাদের মতো বিবৃতি দিচ্ছেন যে কিছু করা দরকার। অবিলম্বে পুলিশ কমিশনারের পদত্যাগ করা দরকার। লালবাজারের থেকে ২০০ মিটারের মধ্যে এই ধরনের ঘটনা ঘটল পুলিশ কিছু করতে পারল না। আমার দ্বিতীয় প্রস্তাব যে, মহারাষ্ট্র সরকারের মতো এখানেও নিহতদের জন্য এককালীন ২ লক্ষ টাকার ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক। যারা আহত হয়েছেন তাদের জন্য এককালীন ১৫ হাজার থেকে ৫০ হাজার কর্ণাটক সরকার ইতিমধ্যেই এককালীন ১০ লক্ষ টাকা সাহায্যর কথা বলেছেন। পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকেও নিহতদের পরিবারবর্গের প্রতি এককালীন টাকা

দেওয়ার ব্যবস্থা করুন এখনো পর্যন্ত মুখ্যমন্ত্রী আসেন নি, বিকেল ৪টার সময়ে আসবেন, এই ব্যাপারে মৃতের সংখ্যা এখনো পাওয়া গেল না। আসলে গোটা ব্যাপারটাই ধামা চাপা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। এটা বোম্বাইয়ের ঘটনা নয়, এই ঘটনার সঙ্গে সমাজবিরোধীরা যুক্ত রয়েছেন এবং তাদের পার্টির লোকেরাই যুক্ত রয়েছেন। সুতরাং কোনও অবস্থাতেই পুলিশ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন না। সি.পি.এমের নেতারাও একসঙ্গে জড়িত আছেন, এই আনহোলি নেকসাস রয়েছে, এটা এক্সপোজ করতে হবে। কলকাতার পুলিশের হাতে এই তদন্ত করতে না দিয়ে কেন্দ্রীয় সরকারের গোয়েন্দা বিভাগের হাতে তুলে দেওয়া হোক এই দাবি আমি রাখছি।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকায় ফালাকাটাতে একটি বিপদজনক ঘটনা ঘটছে, সেই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফালাকাটাতে জটেশ্বর নামক একটি জায়গায় অবৈধভাবে চা পাতার ব্যবসা হচ্ছে। আশ্বিন কার্তিক মাসে সেখানে গাছের যে পাতা ছেঁটে দেওয়া হয় সেগুলো চোরাকারবারীরা ওই অসাধু ব্যবসায়ীদের কাছে বিক্রি করেন। তারা ওই পাতার সঙ্গে পশুপাখীর মল, মূত্র ইত্যাদি মিশিয়ে এবং অনেক গাছের শুকনো পাতা মিলিয়ে গম ভাঙ্গানি মেশিনে গুড়ো করে চা পাতা তৈরি করে সেগুলো বিক্রি করছেন। স্থানীয় লোকেরা বলছে এই চা পাতার নাম খেঁসা চা পাতা। এই খেঁসা চা পাতা খেয়ে অনেক লোক অসুস্থ হয় এবং বৃহত্তর জনজীবনে এটা একটা ব্যাপক স্বাস্থ্যহানীর আশঙ্কা রয়েছে। এই ব্যাপারে এস.ডি.ও., ডি.এম.কে জানানো হয়েছে, কিন্তু কোনও কার্যকর ব্যবস্থা হয়নি। তাই আমি অনুরোধ করছি স্বরাষ্ট্রমন্ত্রীকে এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং অবিলম্বে এই খেঁসা চা পাতা বন্ধ করা হোক।

**শ্রী সাধন পান্ডে ঃ** মিঃ স্পিকার স্যার, বৌবাজারের ঘটনা নিয়ে এখানে একটা আলোচনা হয়েছে। স্যার, একটা কথা বলা দরকার আজকে সকাল বেলায় পত্রিকায় দেখলাম প্রধানমন্ত্রী এখানে আসবেন। কিন্তু দুঃখের ব্যাপার এটাও শুনছি সিকিউরিটি ক্লিয়ারেন্স তিনি পাননি। মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাইব তিনি চারটের সময় বলবেন যখন, এই রাজ্যে সিকিউরিটি ক্লিয়ারেন্স দেওয়া হয়নি বলে কি প্রধানমন্ত্রী আসতে পারলেন না? প্রাইম মিনিস্টার এখানে আসবেন তিনিও সিকিউরিটি ক্লিয়ারেন্স পাচ্ছেন না। স্যার, খবরের কাগজ পড়ে জানতে পারলাম এখানে যে বোম্ব স্কোয়াড আছে তারা বলছেন আমাদের কাছে আধুনিক যন্ত্রপাতি নেই, যার জন্য তারা হোল ক্যালকাটায় কমবিং অপারেশন করতে পারছেন না। তবে শুনছি অবিলম্বে এই যন্ত্রপাতি কেনবার কথা হচ্ছে, আশা করা যায়, এক মাসের মধ্যে নাকি এসে যাবে। তাহলে এখন মিলিটারিকে বলুন, তারা বিভিন্ন জায়গায় মিলিটারি অথরিটি থেকে কমবিং অপারেশন করবে। স্যার, আমার কাছে এও খবর আছে বিভিন্ন জায়গায় বাই-ইলেকশনের সময়, ইলেকশনের সময় এখান থেকে মাল মশলা ব্যবহার হত, এটা একটা ডেন, পঞ্চায়েতের আগে এখানে যে আর্মস অ্যান্ড অ্যামিউনিশন রাখা হয়েছে এটা একটা সাংঘাতিক ব্যাপার। এই ব্যাপারে আমরা আগে অভিযোগ করেছি আমরা বলছি পুলিশ পারবে না, মিলিটারিকে এই কমবিং অপারেশনের ব্যাপারে ভার দেওয়া হোক। এটাই আমি অনুরোধ করছি।

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে একটা খৃষ্টীয় সেবা সদন আছে। দীর্ঘদিন এটা জনসাধারণের সেবা করেছে। বর্তমানে এটি অব্যবস্থার মধ্যে রয়েছে। এখানে অপারেশন থিয়েটার ছিল, সেখানে বহু যন্ত্রপাতি নষ্ট হয়ে গিয়েছে। স্বাস্থ্য দপ্তর এর আগে এটি পরিদর্শন করেছে। সাম্প্রতিক কালে স্বাস্থ্য কমিটি যখন ওখানে যায় তারাও পরিদর্শন করেছে। সেইজন্য আমার দাবি অবিলম্বে এটি যেন সরকার অধিগ্রহণ করে। ওখানে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে মানুষের প্রয়োজনের তুলনায় সেটি অপ্রতুল। তাই বলছি ঐ দুইটি কেন্দ্রকে যদি এক করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আর খৃষ্টীয় সেবা সদনকে মিলে একটা বড় স্বাস্থ্যকেন্দ্র গড়ে তোলা হয় তাহলে ভাল হয়। ঐ সম্পত্তির মালিক হচ্ছে ক্যাথলিক মিশন চার্চ, ওরা বিনা শর্তে সরকারকে এটি দিতে চায়। ওর লায়াবিলিটি বলতে কিছু কর্মচারী আছে এবং এই কর্মচারিদের বেতন সরকারকে আগেকার শর্তে বেতনের একটি অংশ এখনও দিতে হয়। সুতরাং সেটাও ক্ষতিকর যেহেতু ওখানে কোনও কাজ হয় না। তাই অবিলম্বে এই স্বাস্থ্যকেন্দ্র অধিগ্রহণ করা হোক এবং পূর্ণাঙ্গ হাসপাতালে রূপায়িত করার আবেদন জানাচ্ছি।

[1-45—1-55 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বি. কে. সাহা পদত্যাগ করার পর এবং বর্তমান পুলিশ কমিশনার আসার পর কলকাতায় দুটো বড় বড় ঘটনা ঘটে গেল। একটা হচ্ছে কলকাতার রায়ট, আরেকটা হচ্ছে বউবাজারের ঘটনা। আমরা ভেবেছিলাম নৈতিক দায়িত্ব মেনে নিয়ে পুলিশ কমিশনার পদত্যাগ করবেন। কারণ প্রথম অ্যাপয়েন্টমেন্ট যেদিন হল, সেদিন আমরা দেখলাম লেলিনের ছবি শুদ্ধ অ্যাপয়েন্টমেন্ট নিয়ে তিনি অনেক কথা বললেন। দায়-দায়িত্ব বোধ যদি থাকত তাহলে রায়ট কন্ট্রোল করতে না পারা, আর বড়বাজারের ঘটনা, এই দুটো ঘটনায় বিধানসভার দাবি মেনে নিয়ে তার পদত্যাগ করা উচিত ছিল। আমরা মুখ্যমন্ত্রীকে বলব এইরকম একজন অপদার্থ পুলিশ কমিশনারকে রেখে দিলে আপনি কতদূর এগোতে পারবেন সে বিষয়ে সন্দেহ আছে। স্যার, গোয়েঙ্কা কলেজ যার এলাকার মধ্যে পড়ে সেই বিধানসভার সদস্য এখানে আছেন। আমার ছেলে সকালে টেলিফোন করে বলল,—সে তিনবার গোয়েঙ্কা কলেজের ছাত্র পরিষদের সেক্রেটারি ছিল—পেপারে রশিদের ছবি দেখে বলল,' এই লোকটা আমাদের কলেজের নির্বাচনের সময় রিভালবার নিয়ে ঘোরাঘুরি করত। আমাদের বিধানসভার সদস্যও এই ঘটনার সময় উপস্থিত ছিলেন। কিন্তু আমরা দেখলাম বিধানসভার সদস্য নৈতিক দায়িত্ব মেনে নিয়ে পদত্যাগ করলেন না। স্যার আমার ছেলে টেলিফোন করে বলেছে, এই রশিদ লোকটাই রিভালবার নিয়ে ঘুরত এবং তাকে কন্ট্রোল করত মাননীয় বিধানসভার সদস্য। স্যার, আজকে কলকাতার নাগরিকদের বাঁচাবার জন্য যে পুলিশ কমিশনারের হাতে দায়িত্ব দেওয়া হয়েছে তার নৈতিক দায়িত্ববোধ কিছু নেই। স্যার, শুধু চাকরির জন্যই কি পুলিশ কমিশনার হয়ে থাকা বড় কথা?

**শ্রী জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিরোধীদলের নেতার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা গ্রামে দেখি কাকের বাসায় কোকিল ডিম পাড়ে। আর এখানে কংগ্রেসের বাসায় বি.জে.পি ডিম পাড়ে। কংগ্রেসের একজন সদস্য

বি.জে.পি-র সঙ্গে যোগাযোগ করছে এবং বিভ্রান্তিমূলক কথাবার্তা ছড়াচ্ছে। এটা সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার পরিপন্থী হয়ে দাঁড়াচ্ছে। বিরোধীদলের নেতাকে আমি বলব ঐ কোকিলের ডিম যারা আছে তাদেরকে খুঁজে বের করুন।

**শ্রী নাসিরুদ্দিন খাঁন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯১ সালে বিধানসভা শুরু হওয়ার পর থেকে আমি বার বার আমাদের পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ, উপরোধ করে আসছি এবং আজকেও তার কাছে আমি অনুরোধ করছি। আমার কেন্দ্র নওদার একটা বিস্তীর্ণ অংশ জলমগ্ন হয়ে থাকে একেবারে দ্বীপের মতো। বালি পঞ্চায়েত এক নম্বর, দু নম্বর, সর্বাঙ্গপুর, ডাকাতিপোতা বলে একটা জায়গা আছে, সেখানে ছয় মাস জলমগ্ন হয়ে থাকে এবং কোনও যোগাযোগ থাকে না। আমি আবার অনুরোধ করছি সেখানে একটা রাস্তার ব্যবস্থা করা হোক। ডাকাতিপোতাতে একটা কমিউনাল রায়ট হয়ে গিয়েছিল, কিন্তু পুলিশ যথাসময়ে সেখানে পৌছাতে পারেনি। আবার আমি অনুরোধ করছি সেখানে একটা রাস্তা করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী এবং মাননীয় অগ্নি নির্বাপণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি বোধহয় জানেন যে মালদহের ও দিকে এই সময় একটা শুষ্ক হাওয়া চলে যেটা বিহার থেকে আসে। এই হাওয়ার ফলে গত কয়েকদিনে হরিশ্চন্দ্রপুর এবং হবিবপুরের প্রায় ৫ শো বাড়ি আগুনে পুড়ে গিয়েছে। এখনও পর্যন্ত কোনও ত্রাণ সেখানে দেওয়া হয়নি। বি.ডি.ও. অফিস থেকে বলা হচ্ছে যে কোনও ত্রাণ নেই, এমন কি পলিথিন পর্যন্ত নেই। এ ক্ষেত্রে ন্যাশনাল ইনস্যুরেন্স থেকে বাড়ি করার জন্য যে টাকা দেওয়া হয় সে ক্ষেত্রে ব্লক থেকে তার প্রয়োজনীয় কাগজপত্র যেতে অনেক দেরি হয়ে যায় ফলে দু বছরেও সাহায্য আসে না। আমি তাই বলব, ন্যাশনাল ইন্স্যুরেন্সের উপর নির্ভর না করে আজ যারা সেখানে গৃহহীন অবস্থায় খোলা আকাশের নিচে বাস করছেন তাদের জন্য অবিলম্বে আচ্ছাদনের এবং খাদ্যের ব্যবস্থা করা হোক। এক্ষেত্রে অত্যন্ত জরুরি ভিত্তিতে যাতে ত্রাণসামগ্রী দেওয়া হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আর সেখানে একটা দমকলের কেন্দ্র হবার কথা আছে, অবিলম্বে যাতে সেটা হয় তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদহ জেলার হবিবপুর ব্লকের শ্রীরামপুর অঞ্চলের কলাইবাড়ি গ্রামে গত ১৭ তারিখে ৫শো বাড়ি পুড়ে ছাই হয়ে গিয়েছে। গভর্নমেন্টের রিপোর্টে বলা হচ্ছে যে সেখানে ১৬০ খানি বাড়ি পুড়েছে কিন্তু বিশ্বস্তসূত্রে আমরা খবর পেয়েছি যে সেখানে ৫শো বাড়ি পুড়ে গিয়েছে। বহু মানুষ আজকে সেখানে দিশেহারা অবস্থায় ঘুরে বেড়াচ্ছেন। মাননীয়া ত্রাণমন্ত্রীর কাছে আবেদন, অবিলম্বে সেখানে তাদের অনুদান এবং ত্রাণ সাহায্য দেওয়ার ব্যবস্থা করুন। তাদের কাছে খাদ্যসামগ্রী, জামাকাপড়, রান্না করার মতো বাসনপত্র নেই এবং তাদের থাকার জায়গাও নেই ফলে তারা অসহায় হয়ে মাঠের মধ্যে দাঁড়িয়ে থাকছেন। অবিলম্বে এর ব্যবস্থা করা দরকার। তাদের থাকার জায়গা, খাবার, জামাকাপড়, বাসনপত্র দেওয়ার ব্যবস্থা করা হোক। মাননীয় সদস্য শ্রী

বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় যেটা বললেন, আমিও সেটাই বলছি যে ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী সুধন রাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জলপাইগুড়ি জেলাতে নর্থ বেঙ্গল রিজিওন্যাল এডুকেশন অফিস বলে একটি অফিস আছে। এখানে একজন অফিসার আছেন এবং কয়েকজন কর্মচারী আছেন। অফিসটি করার উদ্দেশ্য হচ্ছে যে উত্তরবঙ্গের কলেজগুলির শিক্ষক, অশিক্ষক কর্মচারিদের পে প্যাকেট সংক্রান্ত এবং ফিকসেশন অ্যাপ্রুভাল সংক্রান্ত কাজকর্ম করা। সহজে যাতে উত্তরবঙ্গের কলেজগুলির সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা তাদের প্রাপ্য পেতে পারেন এই অফিসটি সেই উদ্দেশ্যেই করা হয়েছে। কিন্তু স্যার, দীর্ঘদিন ধরে এই অফিসটি অকেজো হয়ে আছে। সেখানকার কলেজগুলির শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিদের মাননীয় অর্থমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে যথাশীঘ্র সম্ভব এটা চালু করা হবে কিন্তু তা চালু না হওয়ায় উত্তরবঙ্গের কলেজগুলির পে প্যাকেট নিতে কলকাতায় আসতে হয় যা ব্যয়সাপেক্ষ এবং সময় সাপেক্ষ। অবিলম্বে এই অফিসটি যাতে খোলা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ভন্দু মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গ নিয়ন্ত্রিত বাজার সমিতির টোল কালেক্টাররা মাসে এক হাজার টাকা করে মাহিনা পান। কিন্তু স্যার, দুঃখের বিষয়, আমার বিধানসভা কেন্দ্র বলরামপুরের নিয়ন্ত্রিত বাজার সমিতির টোল কালেক্টারগণ গত ১৫ মাস ধরে বকেয়া ৫শো টাকা করে তাদের বেতন পাচ্ছেন না। এর ফলে তারা অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছেন। মাননীয় অর্থমন্ত্রী এখানে আছেন, তার কাছে অনুরোধ, অবিলম্বে তারা ৫শো টাকা করে বকেয়া ১৫ মাসের বেতন যাতে পেতে পারেন তার ব্যবস্থা করুন। সেখানকার চেয়ারম্যান ডি.এম কিন্তু তিনি ৬ মাস/৯ মাস পরে একটা করে মিটিং ডাকেন। কিন্তু সেখানে নিয়মিত মিটিং না ডাকার জন্য সেখানকার উন্নয়নমূলক কাজ বিঘ্নিত হচ্ছে। আমি দাবি করছি সেখানকার উন্নয়নমূলক কাজ করার জন্য তাকে স্থানান্তরিত করা হোক এবং সেখানকার এস.ডি.ও.কে দায় দায়িত্ব দেওয়া হোক, অথবা নতুন করে কমিটি ফর্ম করা হোক।

[1-55—2-05 p.m.]

**শ্রী অঞ্জন চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা ক্ষেত্র, তথা কাটোয়া মহকুমায় গত কয়েক বছর ধরে আন্ত্রিক রোগ একটা ধারাবাহিকভাবে দেখা দিচ্ছে। এই বছর কাটোয়া থানায় ইতিমধ্যে মার্চ মাসের প্রথম দিকে সেখানে শতাধিক ব্যক্তি আন্ত্রিক রোগে আক্রান্ত হয়েছে এবং একজন মারা গেছে। সেখানে জল পাওয়া যাচ্ছে না। এলাকার মানুষ আতঙ্কিত। আমরা ইতিমধ্যে প্রশাসনিক স্তরে বসে কয়েকটি সুপারিশ করেছি। দেখা যাচ্ছে দূরবর্তী গ্রাম থেকে এই সব আক্রান্ত রোগীদের মহকুমা হাসপাতালে নিয়ে আসতে আসতেই অধিকাংশ রোগী পথেই মারা যাচ্ছে। আমাদের

প্রস্তাব দূরবর্তী হেলথ সেন্টার যেগুলো আছে, সেখানে ন্যূনতম পরিকাঠামো যদি গড়ে তোলা যায় তাহলে এই সব আন্ত্রিক রোগীরা আর মারা যাবে না।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় শেষ পর্যন্ত মশা মারতে কামান দাগার কথা বলতে হচ্ছে। কারণ ডি.ডি.টি. স্প্রে না হওয়ার জন্য আবার ডুয়ার্স এলাকায়, জলপাইগুড়ি এলাকায় ম্যালেরিয়া দেখা দিয়েছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী এখানে রয়েছেন, তাঁকে আমি অনুরোধ করেছিলাম যে এমবার্গো ফ্রী অর্ডার করে দিয়ে এখানে ডি.ডি.টি. স্প্রে করার ব্যবস্থা করতে। কিন্তু আজ পর্যন্ত তা হল না, তার জন্য প্রায় ৮ লক্ষ ৮৫ হাজার টাকার দরকার।

**(এই সময় মাইক অফ করে দেওয়া হয়)**

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি জরুরি বিষয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা এই হাউসের সকলেই জানেন আগামী ৩০শে মে পঞ্চায়েত নির্বাচন, ২২ হাজার শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইব পদের জন্য প্রায় ৮৮ হাজার শিডিউল কাস্ট এবং ট্রাইবস প্রতিযোগী কনটেস্ট করবে। যারা কনটেস্ট করতে চায় তাদের শিডিউল কাস্ট সার্টিফিকেশন দেখাতে হবে তা নাহলে কনটেস্ট করতে পারবে না। এই সার্টিফিকেট নমিনেশনের আগেই জমা দিতে হবে সরকারি মহল থেকে জানানো হয়েছে। আমি পঞ্চায়েত মন্ত্রীর কাছে অনুরোধ করব, তিনি যে এই বিধানসভায় এই বিষয় নিয়ে একটা সিদ্ধান্ত নেন। এই এস.সি. এস.টি. সার্টিফিকেট নমিনেশন দেবার আগে তারা যাতে পেতে পারে এইরকম একটা সহজ পদ্ধতি নির্ধারণ করতে হবে। আপনি জানেন একটা এস.সি.এস.টি. সার্টিফিকেট পেতে গেলে অন্তত ছয় মাসের আগে পাওয়া সম্ভবপর নয়। আমার এলাকা এস.সি. এলাকা, আমি এবং অজয় দে পঞ্চায়েত মন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেছেন যে নির্দেশ পাঠিয়ে দিয়েছেন। কিন্তু গভর্নমেন্ট থেকে বলা হচ্ছে কোনওরকম সরলীকরণ করা সম্ভব নয়। অতএব একটা বিরাট সংখ্যক প্রার্থী তারা প্রতিদ্বন্দ্বিতা করতে পারছে না। এই বিষয়টা একটু দেখবেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমি সকাল থেকে দেখছি আপনি আমাদের সঙ্গে পারসিয়ালিটি করছেন। আমি এর প্রতিবাদে কোনও মেনশন করব না।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটা সমস্যার প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দেবগ্রাম থেকে কাটোয়া পর্যন্ত রাস্তাটিতে আমার এলাকায় শিবনগর বলে একটা জায়গায় একটা খাল আছে এবং তার ওপর একটা কালভার্ট আছে। কিন্তু কালভার্টটার পাড় এত উঁচু যে মাঠের উদ্বৃত্ত জল খাল দিয়ে ঠিকমতো বেরিয়ে যেতে পারছে না, বিস্তীর্ণ এলাকার শত শত বিঘা জমির ধান, পাট নষ্ট করে দিচ্ছে। এই অবস্থায় আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি পাড় নিচু করে কালভার্টটা পুনর্নির্মাণ করা হোক যাতে মাঠের উর্দ্বৃত্ত জল শিবনগর খাল দিয়ে বেরিয়ে যেতে পারে।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের

প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্রে খেজুর-বাগান বলে একটা জায়গা আছে যমুনা নদীর পাড়ে। সেখানে যমুনা নদীর দু' পাড়ে ২০ হাজার মানুষের বাস, অথচ সেখানে নদী পারাপারের কোনও সেতু নেই। সবচেয়ে আশ্চর্যের বিষয় সেখানকার মানুষ যখন গ্রাম থেকে শহরে আসে তখন ২০০ মিটার চওড়া নদীর ওপর বাঁশ ফেলে তাদের আসতে হয়। সেখানে বাঁশের ওপর ব্যালেন্স করে হেঁটে হেঁটে মানুষ নদী পার হয়, নৌক নেই, কিছু নেই। বহু মানুষ জলে পড়ে যায়। পূর্তমন্ত্রীকে অনুরোধ করব—জানি পশ্চিমবঙ্গ সরকার দেউলে সরকার, ওঁদের ফান্ডে নেই, ওঁরা ব্রিজ করতে পারবেন না, তবুও অন্তত টেম্পোরারি একটা বাঁশের ব্রিজ করে দিন, তাহলেও মানুষ বাঁচবে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ডাঃ দাশগুপ্ত এখানে উপস্থিত আছেন। আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ডঃ দাশগুপ্ত, আপনি এমবার্গো ফ্রি করে ডি.ডি.টি. স্প্রে করার যে নির্দেশ দিয়েছেন, সেটা জলপাইগুড়ি জেলায় পৌঁছবার পর—২৫ তারিখ নির্দেশ দিয়েছেন, ৮ লক্ষ ৮৬ হাজার ৫৫৬ টাকার ডি.ডি.টি. স্প্রে করার—এখন পর্যন্ত ওখানে ডি.ডি.টি. স্প্রের কাজ শুরু হয় নি। কেন হয় নি, সেটা জানা দরকার। এই সময়ে জলপাইগুড়ি জেলায় ৭টি বাচ্চা ম্যালেরিয়ায় মারা গেছে, কয়েক হাজার মানুষ ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। এ অবস্থায় কেন আপনার নির্দেশ মানা হচ্ছে না? এ বিষয়ে সরকারের বিরুদ্ধে কি কোনও ষড়যন্ত্র কাজ করছে? না জেলা শাসক নিজের ইচ্ছে অনুসারে এই অবস্থার সৃষ্টি করছেন? আমি এই যে অভিযোগ করছি, এবিষয়ে অবিলম্বে আপনি তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করার জন্য উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রশাসনিক ক্ষেত্রের একটা জ্বলন্ত দুর্নীতি এবং বেনিয়মের দৃষ্টান্ত আমি তাঁর কাছে তুলে ধরছি। স্যার, আমরা ইতিপূর্বে দেখেছিলাম হাওড়া জেলার একজন দক্ষ এস.পি.-কে মাত্র ৮ মাসের মধ্যে ট্রান্সফার করা হয়েছিল। অথচ হাওড়া জেলার উদয়নারায়ণপুরের ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে গত ৮ বছর ধরে একই জায়গায় রেখে দেওয়া হয়েছে। তার বিরুদ্ধে আমরা বার বার বহু দুর্নীতির অভিযোগ উত্থাপন করেছি, তথাপি তাকে সেখানেই রেখে দেওয়া হয়েছে। জেলা ম্যাজিস্ট্রেটের সঙ্গে কথা বলেছি, তিনি অবাক হয়ে গেছেন এবং কি করে রয়েছে তা তিনি বুঝতে পারছেন না। হোম (পার) ডিপার্টমেন্টের সেক্রেটারিকে জিজ্ঞাসা করেও কিছু জানতে পারি নি, তিনিও ব্যাপারটা বুঝতে পারছেন না যে, কি করে আছে। তাকে ওখানে রেখে দেবার কি কারণ, কোন অজ্ঞাত হাতের ইঙ্গিতে, কোন রাজনৈতিক দলের স্বার্থে তাকে গত ৮ বছর ধরে ওখানে রাখা হয়েছে জানি না। সাধারণ নিয়ম হচ্ছে, যে কোনও অফিসার এক জায়গায় তিন বছর থাকেন। সে কি এমন গুরুত্বপূর্ণ লোক যে তাকে ৮ বছর ধরে এক জায়গায় রাখা হয়েছে? তার বিরুদ্ধে বার বার অভিযোগ করা সত্ত্বেও সে একই জায়গায় রয়েছে। এ বিষয়ে আমরা হোম (পার) ডিপার্টমেন্টের সেক্রেটারিকে অনুরোধ করেও কোনও ফল পাই নি। তাই এখন আমি বিষয়টির প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, হাওড়া জেলার উদয়নারায়ণপুরের বি.ডি.ও-কে অবিলম্বে ওখান থেকে অন্য জায়গায় ট্রান্সফার করা হোক।

[2-05—2-15 p.m.]

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটু আগে আমাদের মাননীয় সদস্য শ্রী ভূপেন শেঠ মহাশয় যা বলেছেন তার সমর্থনে আমি বলছি, আগামী ৩০ মে যে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করা হয়েছে সেই নির্বাচনে এবারে সিট রিজারভেশন করা হয়েছে। আপনি নিশ্চয়ই জানেন প্রায় ২২ হাজার সিটে শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইব প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং তার জন্য ১ মাসের মধ্যে ২০ এপ্রিল নমিনেশনের লাস্ট ডেট ঠিক হয়েছে। সেখানে এস.সি.এস.টির সার্টিফিকেট প্রোডিউস করতে হবে। কিন্তু এখানে আমাদের যে সিস্টেম-এ এস.সি. অ্যান্ড এস.টির সার্টিফিকেট দেওয়া হয়—দরখাস্ত করার পর ৮ মাস, ৯ মাস এবং ১ বছর লেগে যায়। শুধু তাই নয়, আর্থিক লেনদেন পর্যন্ত চলে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে এই সিস্টেমে কেউই এস.সি.অ্যান্ড এস.টি সার্টিফিকেট পাবে না এবং না পাবার জন্য নমিনেশন ফাইল করতে পারবে না। শাসকদলের লোক ছাড়া আর কেউ পাবে না। তাই বলছি, এর জন্য স্পেশ্যাল সেল করা হোক এবং সার্টিফিকেট দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, রাজ্যে অবৈতনিক শিক্ষা ব্যবস্থার মাধ্যমে একটা চরম অরাজকতা সৃষ্টি করা হয়েছে। বিশেষ করে যেখানে শিক্ষকের প্রয়োজন সেখানে নতুন শিক্ষক নিয়োগ হচ্ছে না। সব থেকে দুঃখের এবং লজ্জার কথা, প্রত্যেকটি বিদ্যালয়ে বিশেষ করে আমার হাওড়া জেলার ক্ষেত্রে দেখতে পাচ্ছি, ৪।৬ জন শিক্ষক মহাশয় যাঁরা রিটেয়ার করেছেন বা ডেথ হয়েছেন তাঁদের ক্ষেত্রে দেখতে পাচ্ছি ডি.আই. অনাবশ্যকভাবে কালবিলম্ব করছেন। তাঁদের অর্ডার আসার পর তারপর পরবর্তী পর্যায়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ইনটারভিউ হচ্ছে এবং দেখা যাচ্ছে প্যানেল জমা দেবার পরও ২ বছর কেটে গেছে নতুন শিক্ষক নিয়োগ হচ্ছে না। তাই অবিলম্বে শিক্ষক নিয়োগের যাতে ব্যবস্থা হয় তারজন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং তার সাথে-সাথে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সবাই জানেন, মাননীয় মুখ্যমন্ত্রী প্রতি বছর লক্ষ লক্ষ টাকা খরচ করে দেশের বাইরে যান অনাবাসী ভারতীয়দের এখানে শিল্প গড়ার জন্য আহ্বান জানাতে। মধ্যপ্রাচ্যের দেবকুমার মহাপাত্র কাতার থেকে পাঁশকুড়া থানার অন্তর্গত ফেরো অ্যালয় প্রকল্প নিজ জন্মস্থান মেদিনীপুরের পাঁশকুড়ার পীতপুরে স্থাপন করেন ১৯৮৯ সালে। স্থাপন করার সঙ্গে সঙ্গেই স্থানীয় সি.পি.এমের সিটু ইউনিয়নের লোকজন ওখানে কর্মী নিয়োগ থেকে আরম্ভ করে উৎপাদিত পণ্যের বাজারের উপর প্রভাব বিস্তার করে। এবং এই জোর-জুলুমের জন্য কারখানাটি বন্ধ করে দেওয়া হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা পশ্চিমবাংলায় প্রথম ফেরো অ্যালয় প্রাইভেট লিমিটেড। প্রচুর সম্ভাবনা ছিল, এটা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের আহ্বানকে আঘাত করেছে। তাই দাবি করছি, এই কারখানাটি যাতে আবার চালু হতে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী এস. আর. দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য এবং কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আসানসোল মহকুমা খরাপ্রবণ এলাকা এবং রুক্ষ এলাকা। ঐ এলাকায় বিশেষ করে বারাবনী এলাকা এবং সালারপুর থানা এলাকায় পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। গত বর্ষায় বৃষ্টি না হওয়ায় এই সমস্যা আরও তীব্র আকার ধারণ করেছে। ভূতলে জল নেই, এমনকি রিগ্‌বোর করেও জল পাওয়া যাচ্ছে না। সেইজন্য আমি জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই পানীয় জলের সমস্যার সমাধান করার জন্য।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরকে এই সাট্টা ছেয়ে ফেলেছে। অর্থমন্ত্রী কোথা থেকে টাকা তুলবেন কারণ সব টাকা সাট্টাতে চলে যাচ্ছে। এই সাট্টা ইললীগ্যাল হলেও, এই সাট্টা যারা চালায়, সাট্টা কিং, সাট্টা ডন, তারা শাসক দলের সমর্থন পাচ্ছে, তার ফলে তাদের কিছু হচ্ছে না। আপনি জানেন যে একজন সাট্টা ডন রশিদ মিঞাঁ সে পরশুদিন ধরা পড়েছে বৌবাজারে বাড়ি ভাঙ্গার পরে। গতকালও আমরা দেখেছি যে রসিদের বুকিরা পুরোপুরিভাবে সাট্টা তুলছে এবং রসিদের ওয়ান টায়ার সাট্টা নয়, থ্রি টায়ার সাট্টা। ও আবার একটা মিনি মটকা চালু করেছে এবং সেটাও কলকাতায় চলছে। আর এই ব্যাপারে পুলিশ তাদের ফুললি সাপোর্ট করছে। রশিদের সঙ্গে শাসক দলের বড়বড় লোকেদের যোগাযোগ আছে। শুধু রশিদ নয়, রামঅবতার, খৈতার, বিমল, এইসব বড় বাজার, টেরিটি বাজার এলাকার সাট্টা কিংবা সাধারণ মানুষকে নিঃস্ব করে দিচ্ছে, আর কলকাতা শহরের মরালিটি ভেঙ্গে দিচ্ছে। বামফ্রন্টের সহযোগিতায় এরাই আবার বোমা বানাচ্ছে, এরাই আবার শাসক দলকে সমর্থন করছে। তাই আমি বলব যে এই সাট্টার অ্যাকটিভিটিজ বন্ধ করার জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার। অর্থমন্ত্রী বলুন যে তিনি সাট্টা বন্ধ করবেন কিনা? এটা যদি না করেন তাহলে কি করে তার ট্যাক্স কালেকশন হবে, সব সাট্টায় চলে যাচ্ছে। রশিদ, রামঅবতার, বিমল, এইসব নটোরিয়াস সাট্টার কিং, এরা কলকাতাকে নষ্ট করে দিচ্ছে। এরা ক্রিমিন্যাল, পুলিসের সঙ্গে যোগসাজসে এরা এই কাজ করে যাচ্ছে। আজকে এগুলি বন্ধ করার জন্য এবং এদের গ্রেপ্তার করার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী নটবর বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমাদের পুরুলিয়া জেলায় কুটির শিল্প দপ্তরের যে হ্যান্ডলুম অফিসটি ছিল সেই অফিসটিকে গত এক বছর হল ওখান থেকে তুলে নিয়ে যাওয়ার ফলে ঐ এলাকায় কাজকর্ম করতে অসুবিধা হচ্ছে। কি কারণে ঐ হ্যান্ডলুম অফিসটি ওখান থেকে তুলে অন্য জায়গায় নিয়ে যাওয়া হল সেটা আমরা বুঝতে পারছি না। এর ফলে তন্তুজীবী যারা ক্ষুদ্র কুটিরশিল্পের সঙ্গে যুক্ত আছেন তাদের কাজ কর্ম করতে খুবই অসুবিধা হচ্ছে। সুদুর পুরুলিয়া থেকে অফিসে কাজকর্ম করার জন্য তাঁদের কলকাতায় ছুটে আসতে হচ্ছে। কাজেই আমি মাননীয় ক্ষুদ্র কুটিরশিল্পের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে ঐ অফিসটি যাতে আবার পুরুলিয়া জেলায় চালু করা যায় তার জন্য ব্যবস্থা করবেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী, আদিবাসী তফসিল দপ্তরের উন্নয়ন মন্ত্রী এবং মন্ত্রীসভার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে। বিষয়টি হচ্ছে, প্রায় ৬৮ হাজার পঞ্চায়েত সিটে আগামী ৩০শে মে নির্বাচন হতে চলেছে। নিয়ম অনুযায়ী $\frac{১}{৩}$ অংশ আসনে মহিলা থাকবে এবং সংরক্ষিত আসনগুলিতে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস সম্প্রদায়ের মানুষ প্রতিদ্বন্দ্বিতা করবেন সংখ্যার আনুপাতিক হারে। কিন্তু উদ্বেগের বিষয় হচ্ছে, গতকাল থেকে জেলা শহরগুলিতে বিভিন্ন জায়গায় মিটিং হয়েছে কিন্তু কেউ বলতে পারছেন না যে কতদিনের মধ্যে আদিবাসী সম্প্রদায়ের পুরুষ এবং মহিলাদের আবেদনক্রমে সার্টিফিকেট তারা পাবেন। কারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে গেলে এই সার্টিফিকেট দেওয়া বাধ্যতামূলক। এই সার্টিফিকেট যে কোনও কারণেই হোক পাওয়া যাচ্ছে না। আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে জরুরি ভিত্তিতে, যুদ্ধকালীন ভিত্তিতে গুরুত্ব দিতে বলছি যাতে এপ্রিলের প্রথম সপ্তাহের মধ্যে এই সার্টিফিকেট দেওয়া হয়। কারণ ১৬ই এপ্রিল থেকে ২০ এপ্রিল নমিনেশন জমা দেবার টেন্টেটিভ টাইম ফিক্সড হয়েছে। এটা যদি না দেওয়া যায় তাহলে পঞ্চায়েত নির্বাচন বাঞ্চাল হয়ে যাবে, কেউ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনি সংশ্লিষ্ট মন্ত্রীকে বলুন যাতে জেলায় জেলায় সার্টিফিকেট দেবার জন্য নির্দেশ পাঠানো হয়। অফিসাররা বলছে যে আমরা কিছুতেই করতে পারব না, সে যতই মন্ত্রী বলুক, আর মন্ত্রিসভাই বলুক। এই যদি হয় তাহলে পঞ্চায়েত নির্বাচন প্রহসনে পরিণত হবে।

(গোলমাল)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা এই ব্যাপারে অবিলম্বে বিবৃতি চাই। উই লিভ ইন ডেমোক্রাসি। আজকে যেটা বলা হল, আপনি জানেন ইট ইজ এ ভেরি কমপ্লিকেটেড প্রসেস, এটা ডেমোক্রাসির অঙ্গ, আপনি এটাকে বাই পাস করতে পারেন না। You cannot ignore it, nor the Treasury Bench can ignore it.

[2-15—2-25 p.m.]

আজকে গভর্নমেন্টকে আসতে হবে, তা না হলে এই জিনিস চলতে পারে না। কেন শিডিউল কাস্টদের সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা থাকবে না, কেন শিডিউল ট্রাইবদের সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা থাকবে না? How will they contest? What is their identity?

(গোলমাল)

এটা চোর-জোচ্চোরদের জায়গা নয়। আমরা জেনুইন ডিফিকালটির কথা বলেছি, হাউস ইজ ইন সেশন, নোটিফিকেশন হয়ে যাবে, এত বড় অভিযোগ পাওয়ার পরে কেন উত্তর পাব না? Is it a stocking shop? It is the legislature of the state.

(গোলমাল)

আজকে উত্তর কেন বিরোধী দল পাবে না, কেন উত্তর পাব না আমরা জানতে চাই। এখানে

ওঁরা বাধা দেবার চেষ্টা করছেন। বাধা দিলে আপনাদের কণ্ঠনালী ছিঁড়ে নেব।

(গোলমাল)

আমরা শুনতে চাই, হাউস চলবে না।

(গোলমাল)

থামো চাকর-বাকরের দল। Will you stop that buccanear?

(তুমুল গোলমাল)

এখন আসবেন না কেন? এখানে কেন বাধা দিচ্ছেন? ১৬ তারিখে বৌবাজারে ঘটালেন, ধর্মতলায় ঘটাও, এখানে কেন ঘটাচ্ছেন? আপনাদের পরিবেশ, আপনাদের পেশা তাই সেটা করছেন। এখানে কেন করতে দিচ্ছেন না? এখনই সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা করতে হবে। ইউ আস্ক দি ট্রেজারী বেঞ্চ কি ব্যবস্থা নেওয়া হয়েছে। সার্টিফিকেট কোথায় পাবে, কারা দেবে? এখানে ব্যবস্থা করতে হবে, তা না হলে হাউস চলবে না। স্যার, আপনি ডেকে বলুন সংশ্লিষ্ট মন্ত্রীকে। এই জিনিস ছেড়ে দেব না। সার্টিফিকেট দেবে না কেন?

(গোলমাল)

উই উইল নট অ্যালাও আপনারা বলুন explain the position and make an announcement.

হাউসে বলতে হবে। আমরা কেন ছাড়ব?

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার :** বসুন, ডাঃ আবেদিন আপনি বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** এখানে বলতে হবে, তা না হলে হাউস চলবে না।

**মিঃ ডেপুটি স্পিকার :** এখানে পার্লামেন্ট অ্যাফেয়ার্স মিনিস্টার আছেন, কনসার্ন মিনিস্টারকে আপনার কথা কনভে করে দেবেন যাতে তিনি উত্তর দিতে পারেন।

(গোলমাল)

এখন জেনারেল ডিসকাশন অন বাজেট। ডাঃ জয়নাল আবেদিন বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** Let the parliamentary affairs Minister come and say. এই জিনিস নিয়ে ছেলেখেলা চলবে না।

(গোলমাল)

।। একাধিক কংগ্রেস সদস্য ডেপুটি স্পিকারের চেয়ারের দিকে যান ।।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টারকে এটা অনুরোধ করেছি যে, তিনি আপনাদের এই কথা মন্ত্রী মহাশয়কে বলবেন এবং মন্ত্রী মহাশয় এটা আগামীকাল অথবা কয়েকদিনের মধ্যে, দু-একদিনের মধ্যে জবাব দেবেন। এখন জেনারেল ডিসকাশন অন বাজেট। ডাঃ জয়নাল আবেদিন, আপনি বলুন।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আমার জিরো আওয়ার ছিল। আমাকে বলতে দিতে হবে।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** জিরো আওয়ারের টাইম চলে গেছে। এখন জেনারেল ডিসকাশন অন বাজেট। আমি ডাঃ জয়নাল আবেদিনকে বলতে বলছি।

।। একাধিক কংগ্রেস সদস্য একযোগে বলবার জন্য উঠে দাঁড়ান ।।

(গোলমাল)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মিঃ ডেপুটি স্পিকার, এই হাউসের কনভেনশন অনুযায়ী আপনি মেম্বারদের জিরো আওয়ারে বলতে দিচ্ছেন না কেন? আপনাকে জিরো আওয়ার দিতে হবে। আপনি মেম্বারদের জিরো আওয়ার দিচ্ছেন না কেন? জিরো আওয়ার দিন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** জিরো আওয়ারের সময় শেষ হয়ে গেছে। কিন্তু আপনাদের অনুরোধে আমি দশ মিনিট টাইম অ্যালট করছি জিরো আওয়ারের জন্য। ২-৩৫ মিনিটে জেনারেল ডিসকাশন অন বাজেট আরম্ভ হবে। এখন দেবপ্রসাদ সরকার, আপনি জিরো আওয়ারে বলুন।

## ZERO HOUR

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার জিরো আওয়ার মেনশন করার আগে আর একবার বলছি, এখান থেকে শিডিউল্ড কাস্ট প্রার্থীদের জন্য পঞ্চায়েত নির্বাচনে যে প্রভিসন হয়েছে, তারা যাতে সুষ্ঠুভাবে তাদের প্রার্থী পদের জন্য নমিনেশন পেপার ফাইল করতে পারেন তার জন্য শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে সরকারকে পূর্ণ গ্যারান্টি দিতে হবে। এখান থেকে ঘোষণা করতে হবে।

[2-25—2-35 p.m.]

ইলেকশন রুলস অনুযায়ী শিডিউল কাস্টদের যে আসন সংখ্যা সেই হিসাবে রিপ্রেজেনটেশনের ব্যবস্থা করা হল কিন্তু কার্যক্ষেত্রে সেই রুলস মানা হল না। ইলেকশন রুলসে যে প্রভিসন আছে তাতে দেখা যাচ্ছে যে, ৯০ পারসেন্ট যেখানে শিডিউল কাস্ট

অবস্থিত সেখানে শিডিউল কাস্ট প্রতিনিধিই রিপ্রেজেনটেশন করবে। কিন্তু এখানে সেই নিয়ম না মেনে এই ইলেকশন রুলসকে খুব আর্বিটারিলি এই নিয়ম করা হয়েছে যে যেখানে ৫০ পারসেন্ট শিডিউল কাস্ট অবস্থিত সেখানেই জেনারেল সীট বলে বলা যাবে। কিন্তু ৯০ পারসেন্ট হলে সেটা হবে না। এখানে ৯০ পারসেন্ট শিডিউল কাস্ট থাকলেও সেই সীটকে জেনারেল সীট বলে ঘোষণা করা হয়েছে। এই জিনিস হতে পারেন না, এর ব্যবস্থা নেওয়া দরকার।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূজারী বলে একটি জায়গায় একটি বিশাল বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার নাম করে প্রায় ৩০০ একর জমি নতুন করে অধিগ্রহণ করার চেষ্টা হচ্ছে। সেখানে ওখানকার স্থানীয় লোকেরা চাষাবাদ করেন এবং বহু আবাদী জমি রয়েছে। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন স্থানীয় সি পি এম নেতাদের সঙ্গে হাত মিলিয়ে এই জমি দখল করতে চাইছে। এতে স্থানীয় মানুষ প্রতিবাদ করেন ফলে তাদের উপর খুব অত্যাচার করা হয়। ওখানের একজন সি.পি.এম এম.এল.এ. এই ব্যাপারে জড়িত আছেন। তিনি তার গুন্ডাবাহিনী নিয়ে কয়েকদিন ধরে আমাদের কর্মীদের উপরে এবং স্থানীয় মানুষের উপরে আক্রমণ করছেন। আমাদের কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে শাসাচ্ছেন। এরই মধ্যে আমাদের কর্মী হরবিন্দ সিং আহত হয়ে নীলরতন সরকার হাসপাতলে ভর্তি আছে। তাছাড়া বিপুল আদক, মহঃ ফজল, নৃপেন বোস, মলয় চৌধুরি এবং প্রফুল্ল সরকার এদের উপরে আক্রমণ করা হয়েছে এবং এরা গুরুতর আহত। এরা গরিব লোক, পূজারী এলাকায় চাষাবাদ করে খায়, এদের জোর করে এম.এল.এ. দাঁড়িয়ে থেকে মারধোর করেছে। এরা ডানকান ব্রাদার্সদের সঙ্গে ওঠা বসা করেন তাই গরিব লোকেদের জমি দখল করে নেবার চেষ্টা করছেন। আমরা বৈদ্যুতিকরণের নাম করে গরিব মানুষদের উপরে এইভাবে অত্যাচার বরদাস্ত করব না। এমনকি ওই এম.এল.এ. হুমকিও দিয়েছে যে আমি ওখানে আগামীকাল যে মিটিং করব বলেছি সেই মিটিং নাকি তিনি করতে দেবেন না। এইভাবে যদি চলতে থাকে তাহলে আমরাও আর চুপ করে থাকব না। বৌবাজারে ঘটনার পর আরও সব ঘটনা হবে— আমরা চুপ করে থাকব না, আমরা বরদাস্ত করব না।

**শ্রী কৃষ্ণধন হালদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। স্যার, জিরো আওয়ার ডিবেট চলে না। মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার জিরো আওয়ারে ২টি সাবজেক্টের উপরে আলোচনা করলেন। এটা হয় না। একইসঙ্গে ২টি জিনিস উল্লেখ করা যায় না। জিরো আওয়ারে উনি নিজের বিষয় বলার সঙ্গে সঙ্গে শিডিউল কাস্টদের বিষয়টাও উল্লেখ করলেন। ইউ শ্যুড বি কেয়ার টু অল। কাজেই একটি বিষয় এক্সপাঞ্জ করে দেওয়া হোক।

**ডেপুটি স্পিকার:** এটা আমি আগেও বলেছি এবং কনসার্ন্ড মিনিস্টারকেও বলব, তাঁর নোটিশে আনতে হবে। তার উপরে রুলিংও দিয়েছি।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** স্যার, আমার একটি পয়েন্ট অফ অর্ডার আছে, জিরো আওয়ারে এইভাবে ডিবেট চলবে।

(গোলমাল)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এই জিরো আওয়ারে আমি একটি সিরিয়াস ম্যাটার নিয়ে বলছি। সম্প্রতি বৌবাজারে যে বাড়ি ভেঙে পড়েছে তাতে প্রায় ৩০০ লোক গৃহহারা হয়ে গেছে। অথচ সেই বাড়িগুলি ছিল ২জন বাঙালী মহিলার নামে। রশিদ ওখানে ঢুকে জায়গা অকুপাই করে রেখেছিল। ওখানে রশিদের লোকজনরাও থাকত। প্রায় ৮০ জন লোক ওখানে মারা গিয়েছে, ৩০০ জন লোক গৃহহারা হয়েছে, কিন্তু তাদের থাকার ব্যবস্থা নেই। রশিদের লোকজনরা বলছে যাদের বাড়ি ভাঙা পড়েছে, যারা গৃহহীন হয়েছে তাদেরকে ভয় দেখাচ্ছে তোমরা পুলিশের কাছে রিপোর্ট করবে না; পুলিশ ওখানে রিলিফ ক্যাম্প করেছে, কিন্তু তোমরা রিলিফ ক্যাম্পে যাবে না। তারা গরিব লোক, কেউ পালিশ করে, কেউ মিস্ত্রি, কিন্তু তারা রশিদের ভয়ে, তার লোকজনদের ভয়ে কেউই তারা রিপোর্ট করতে পারছে না। ওখানে বিভিন্ন সংস্থা থেকে রিলিফ দিতে চাচ্ছে, কিন্তু তাদেরও রিলিফ দিতে দেওয়া হচ্ছে না। ওখানটা মাফিয়া ডনরা নিয়ন্ত্রণ করছে, এরা সি.পি.এম-এর সঙ্গে যুক্ত। স্যার, ওখানে যারা রিলিফ পাচ্ছে না, তাদেরকে রিলিফ দেওয়ার ব্যবস্থা করা হোক। স্যার, এই বৌবাজারে ঘটনা সারা ভারতবর্ষের লোকের মাথা নিচু করে দিয়েছে, আজকে কলকাতার মান কোন জায়গায় পৌঁছে গেছে এটা ভাবলে খারাপ লাগে, স্যার আমার অনুরোধ ওখানে রিলিফ দেওয়ার ব্যবস্থা করা হোক, এটা আমি দাবি করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, গত মঙ্গলবার যে ভয়ঙ্কর দুর্ঘটনা ঘটে গেছে সেই ঘটনা আমরা সকলেই জানি। কিন্তু আমরা ভীত হচ্ছি, আমাদের কাছে পরিষ্কার সংবাদ আছে যে এই রশিদকে ঠিক যেমন করে এক সময় বিনোদ মেহতার হত্যার আসামী ইদ্রীসের লালবাজারের লকআপে মৃত্যু হয়েছিল, ঠিক তেমনি করে রশিদকেও হত্যা করা হবে, যাতে সমস্ত তথ্য উদঘাটিত না হতে পারে। তাই আমি বলব কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে তদন্ত করা হোক, এটা 'র' বা সি.বি.আই. দিয়ে তদন্ত করা হোক, এই দাবি আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ ঘটনার দৃষ্টি আকর্ষণ করছি। এস.সি., এস.টি.রা সার্টিফিকেট পাচ্ছে না, অথচ জেলা শাসকের বিভিন্ন দপ্তরে এখন ফর্ম দেওয়া হচ্ছে এ অ্যান্ড বি, কোন সিট এস.সি.-র হবে, কোন সিট এস.টি.-র হবে আর কোনও সিট মহিলার হবে সেটা চিহ্নিত করতে হবে। এই ব্যাপারে আমরা সকালে গিয়েছিলাম, সেখানে ওরা বলছেন কোনও পলিটিক্যাল পার্টির লোককে লিস্ট দেওয়া হবে না, তাহলে স্যার, আমরা বুঝব কি করে যেখানে ৬৮ হাজার পঞ্চায়েত প্রার্থী আছেন। ...........

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি একটি কথা বলতে চাই, যে কথাটা ওনারা বলছেন, সেটা আমি বলছি। প্রতিদিন যখন ডেপুটি স্পিকার থাকেন তখনই

ওনারা গন্ডগোলটা করেন।

[2-35—2-45 p.m.]

(নয়েজ)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয় বলছি—ওরা যেভাবে বললেন আমি সেইভাবে বলছি না।—আমি অন্যভাবে বলছি। গ্রামাঞ্চলে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে আমরা দেখছি একটা কন্সটিটুয়েন্সিকে তফসিলিদের জন্য রিজার্ভ বলে ঘোষণা করা হচ্ছে। একটা অঞ্চলে গিয়ে জিজ্ঞাসা করা হচ্ছে আপনি তফসিলিভুক্ত শ্রেণীর লোক কিনা। তারপর তার কথার উপর ভিত্তি করে কন্সটিটুয়েন্সিটাকে তফসিলিভুক্ত করে দেওয়া হচ্ছে। তারপর সে যখন সার্টিফিকেট চাইতে যাচ্ছে তখন বলছে তোমাকে সার্টিফিকেট দেওয়া যাবে না। কারণ তফসিলিভুক্ত শ্রেণীর তালিকায় তোমাদের নাম নেই। তাই আমি বলছি সার্টিফিকেট দেওয়া এবং কন্সটিটুয়েন্সি হিসাবে ঘোষণা করা এই ব্যাপারে যে অ্যানামলি আছে সেটাকে দূর করতে হবে। এই হাজার হাজার প্রার্থী সাধারণভাবে বিনা হয়রানিতে ব্লক থেকেই যাতে সার্টিফিকেট দ্রুততার সঙ্গে পাই প্রশাসনের পক্ষে সেই ব্যবস্থা অবিলম্বে করতে হবে।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ঘটনাটা ভয়ঙ্কর। কারণ ভারতবর্ষের নিরাপত্তা ঠিক করছে আমেরিকা। ওখান থেকে তারা রিমোট কন্ট্রোল করছে। আমরা আশ্চর্য হয়ে একটা নপুংসক গভর্নমেন্ট সেই গভর্নমেন্টের কাছে খবর আসছে যে দিল্লিতে আক্রমণ হবে, কলকাতায় আক্রমণ হবে। কংগ্রেসিরা ভারতবর্ষকে সাম্রাজ্যবাদের কাছে বিক্রি করে দিচ্ছে, বিক্রি করে দেওয়ার চক্রান্ত চালাচ্ছে।

## GENERAL DISCUSSION ON BUDGET

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী গতকাল রাজ্যের বাজেট বিবৃতি—বকলমে, সুকৌশলে, অসাধু উদ্দেশ্য নিয়ে—পেশ করেছেন এবং পর্যায়ক্রমে কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার করে গেছে চারটে উদ্দেশ্য নিয়ে। এরা ১৭ বছর ধরে ব্যর্থ। দু কান কাটা পথিক রাজপথ দিয়ে যায় এবং এক কান কাটা পথিক রাস্তার পাশ দিয়ে যায়। আমাদের মাননীয় অর্থমন্ত্রী রাজপথ দিয়ে যাবারই চেষ্টা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন ৩০শে মে এরা পঞ্চায়েত ইলেকশন ডিক্লেয়ার করেছে। এটাকে পঞ্চায়েত ইলেকশনের মেনিফেস্টো হিসাবেও প্রচার করা যায় এবং এটা বিশ্বাসযোগ্যতা পেলেও পেতে পারে। তাছাড়া এর আর কোনও বিশেষত্ব নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কোনও আলোচনার পরিবেশ, যে কোনও আলোচনার সময় এবং যে কোনও আলোচনার স্থান বিচার করে বক্তব্য রাখতে হয়। আপনি অবগত আছেন ভারতের এতবড় দুঃসময় আর কখনো আসেনি। এর মূল কারণ হল আপনাদের প্রেমের সরকার ভি. পি. সিং,—দে হ্যাভ লস্ট টোটাল ক্রেডিবিলিটি—যার দুটো মাথা আর তিনটে ঠ্যাং, যে ১১ মাস রাজত্ব করে ভারতবর্ষকে ডিসইন্টিগেট এবং মরিবানড করে

রেখেছে। It was on the point of disipation, moribund and economic collapse. ১৯৯১ সালে তার নিশ্চিত প্রতিক্রিয়া হিসাবে ....

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা যদি এক পক্ষ বলার সময় আর এক পক্ষ গোলমাল করেন তাহলে একদিকে যেমন বক্তা তার বক্তব্য রাখতে পারবেন না অপর দিকে সেই পক্ষ যখন বলবেন তখন অপর পক্ষ গোলমাল করবেন। কাজেই আমার অনুরোধ, আপনারা চুপ করে উনি কি বলতে চান সেটা শুনুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অর্থমন্ত্রীর উদ্দেশ্যে জানিয়ে দিতে চাই যে "It could on the other hand, be even worse if the political environment worsens and if the government's attention is diverted away from economic reform and regeneration towards political instability and destabilisation. India's politicians, both in the ruling party and in the opposition must understand the gravity of the situation and rise above their personal and party political interests and support a democratically elected government to get on with the job and help in bringing a national adrift to the shores of stability and growth." মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে আপনাদের প্রেমের সরকার ঐ ভি.সি.সিং-এর সরকার দেশকে দেউলিয়া করে রেখে গিয়েছিলেন? আপনি কি অবগত আছেন যে ৬ সপ্তাহের ফরেন এক্সচেঞ্জ ছিল না? ব্যালেন্স অব পেমেন্ট অ্যাবিসমালি লো ছিল—এসব কি আপনি অবগত আছেন? যে অবস্থায় দিয়ে গিয়েছিলেন। We were being dishonoured throughout the whole world. We lost our credit worthiness. Have you raised a single word of protest then? ... Didn't you support the partition of India? Didn't you support the partition of Bengal? Didn't you support the partition of the State? আপনার কাছে আমি জানতে চাই যে ভারত ভাঙ্গার এতবড় বিবৃতি রচনা করেছেন ষড়যন্ত্র করে এর ফলটা কি হবে ভাবছেন কি? অবশ্য এসব আপনাদের কাছে নতুন কিছু নয়। কারণ কমিউনিস্টদের চরিত্র আমরা জানি। ওরা পার্টিশনকে সার্পোট করেছিলেন এটাই এই শতাব্দির বড় ভুল। ভারতবর্ষ ভাগ হয়েছে বিফোর ইনডিপেনডেন্স এবং সি.পি.এমরা সাহায্য করেছিল মুসলীম লীগকে।

(গোলমাল)

এ ব্যাপারটা সকলেই জানেন। এ লজ্জা আপনাদের চিরকালই থাকবে। আজকে আমাদের এখানকার মানুষের দুর্ভাগ্য যে যারা বারবার জাতির সঙ্গে, নেশানের সঙ্গে, ভারতের ইতিহাসের সঙ্গে বিট্রে করেছে,

**(শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ- বাজে কথা।)**

'বাজে কথাটা' বিকল্প যুক্তি দিয়ে প্রমাণ করুন। আপনি তো সাক্ষী হিসাবে থাকা উচিত

কারণ সেই সময় তো আপনার ভলেনটিয়ার হয়ে থাকার কথা। সেই সময়, যে সময় আপনাদের কর্তারা হাউসে বেঙ্গল পার্টিশনকে সার্পোট করেছিলেন সেই সময়টা তো আপনার জানার কথা। এই কলঙ্ক আপনারা রাখবেন কোথায়? আজকের এই হাউসের মুখ্যমন্ত্রী সেদিন বিরোধীপক্ষে ছিলেন না? আপনারা জানেন না আপনাদের কলঙ্ক ১৯৪৩ সাল। তখন আই ওয়াজ ইন স্কুল স্টুডেন্ট।

(নয়েজ)

**মিঃ স্পিকার:** ডাঃ আবেদিন, আপনার শরীর তো মাঝে মধ্যে ঠিক থাকে না। এত বেশি অ্যাজিটেড হয়ে গেলে ঠিক হবে না। আপনার স্বাস্থ্যের জন্য আমরা খুব চিন্তায় থাকি।

**ডাঃ জয়নাল আবেদিন:** আমি জানি ইউ আর এ নটোরিয়াস ক্রিমিন্যাল ল'ইয়ার। আপনি আমার স্বাস্থ্য সম্বন্ধে জ্ঞান দিচ্ছেন? মাননীয় অর্থমন্ত্রী জবাব দেবেন, এই কথা কী ঠিক, আজকে ভারতবর্ষে ডেমক্রাটিক্যালি ইলেকটেড গভর্নমেন্ট দায়িত্ব নেবার আগে ইকনমি ওয়াজ মরিবানড, আজকে because of credit-worthiness of India was lost we were dishonoured in the whole world. আজকে ভি.পি.সিংকে তাড়াতে পেরেছি, তাতে ফল হয়েছে। আগে কি অবস্থা করে দিয়েছিল, ইন্ডাস্ট্রি স্লাগিস হয়ে গিয়েছিল। আমাদের ব্যালেন্স অব পেমেন্ট জিরো হয়ে গিয়েছিল এবং এর সঙ্গে গালফ ওয়ার হ্যাজ অ্যাগ্রাভ্যাটেড দি ইকনমি থ্রু আউট দি ওয়ার্ল্ড অ্যান্ড এস্পেশ্যালি ইন ইন্ডিয়া। এই কথা অস্বীকার করতে পারেন? বাজেটে এর উল্লেখ তো করলেন না? তা সত্ত্বেও কি অবস্থা আজকে ভারতবর্ষে? Although the economic crisis of mid-1991 had been contained, and a programme of structural reforms initiated, inflation was still running high, the balance of payments remained under strain and industrial production was depressed. The economic situation has improved substantially in the year under review. আজকে ১৭ থেকে ৬.৭ এর দাঁড়িয়েছে,-এ চেয়ে কী হতে পারে? আমি একটা ক্রুড একজাম্পল দিচ্ছি। আজকে যে ইনফ্লেশন হ্যাজ বিন কনটেন্ড, আজকে প্রাইস রাইজ হ্যাজ বিন অ্যারেসটেড, গ্রোথ হ্যাজ বিন ইনিশিয়েটেড, আজকে মিনিমাম ইনিশিয়েশন করা যাচ্ছে, কোথাও এর উল্লেখ করলেন না, যদি মিনিমাম সততা থাকত তাহলে এই কথাগুলো বলতেন। আমাদের এমন অবস্থা হয়েছিল, জুরিখে সোনা রাখতে হয়েছিল। সেই সোনা ফিরিয়ে আনতে পেরেছি। বিকজ অব দি ইকনমিক রিস্ট্রাকচারিং। আজকে ভারতবর্ষের সোনা হোয়াইট বাজারে আনতে পেরেছি। স্যার, There has been decisive progress in overcoming inflation and the rate of inflation has declined to seven per cent. The balance of payments situation, though still difficult, shows hopeful signs with a pick up to exports in the hard currency area. Industrial growth is picking up slowly and is better than in the previous year. The policy initiatives introduced after June, 1991 have been seen to work. This gives us confidence that the direction of our reforms is right, and that if we persevere with them, we can overcome the severe constraints on our economy and assure a more prosperous future for our people. The year has not been without setbacks. The irregularities

in securities trading in some banks damaged liquidity and temporary raised questions of confidence. The riots on December, 1992 and January 1993 disrupted transport slowed the growth of exports and industrial production, and reduced revenue. Without these setbacks there would have been faster recovery in both output and employment in 1992-93. আপনি একটুও উল্লেখ করেছেন? এবং আপনাদের বন্ধু বি. জে. পি. ৬ই ডিসেম্বর যা করেছে, যাদের আপনারা ২০০ তে এনেছিলেন।

Sir, The latest CSO estimates for 1991-92 suggest that economic growth was only 1.2 per cent, significantly lower than the growth of 2.5 per cent projected in last year's Economic Survey (Table 1.1). The prospects for the current year the distinctly better and growth of GDP is expected to exceed four per cent in 1992-93. আপনি এটা স্বীকার করলেন না, আপনি ১.৫% বললেন। এর ভিজ-আ-ভি ওয়েস্ট বেঙ্গলে গ্রোথ কত? মাননীয় অর্থমন্ত্রী, আমি আপনার কাছে এটা জানতে চাইছি। আপনি এই নিয়ে ৭-বার বাজেট প্লেস করছেন, will you be able to improve the quality of life of citizen of West Bengal. I think, the answer is no. তার প্রমান হিসাবে আমরা এখানে দেখতে পাচ্ছি দি কোয়ালিটি অফ লাইফ এখানে ইমপ্রুভ করে নি। এখানে আমরা কি অ্যাভিনিউ পেয়েছি? কি অ্যাভিনিউ ফর বেটার প্রোডাকশন পেয়েছি? প্রোডাকশন কি বেড়েছে? ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন কত বেড়েছে? নীল। Your regime is continuing last sixteen years. You have presided over the pauperisation of West Bengal. আপনি ৫ম পরিকল্পনা পেয়েছেন, ৬ষ্ঠ পরিকল্পনা পুরো পেয়েছেন, ৭ম পরিকল্পনা পুরো পেয়েছেন এবং ৮ম পরিকল্পনার this is the 2nd year. আজকে এখানে প্রোডাকশন করতে কে আসবে, কেন আসবে? আপনারা নরবলি দিন, দামামা বাজান, এখানে কেউ আসবে না। কেরালায় আপনাদের কাউন্টার পার্ট আছে, সেখানে ডাক দিয়েছিল, ছুটে গিয়েছিল ব্যবসা করতে, শিল্প করতে। আপনারা ডাক দিয়েছেন, কেউ আসে নি, কেন আসে নি, Because he has exploited the atmosphere of industrial growth. You have no conception. You wanted to achieve the pauperisation. আজকে এখানে নেই। কেন আসবে এখানে? আমাদের এখানে পার ক্যাপিটা গ্রোথ কত? আমাদের এখানে per capital production, West Bengal is lowest. আপনাদের এখানে কোন্ মানুষ আসবে ইন্ডাস্ট্রি করতে যেখানে ৩ হাজার কোটি টাকার প্রোডাকশন, সেখানে মহারাষ্ট্রে ৫ হাজার কোটি টাকা, পাঞ্জাবে ৬ হাজার কোটি টাকা। যে টাকা লগ্নি করবে, সে আসবে কেন এখানে? ২০ থেকে ২২-টা মনোপলি হাউসের হেড কোয়ার্টার আজও ওয়েস্ট বেঙ্গলে। অথচ অ্যানুয়াল রেট অফ মেন ডোমেসটিক প্রোডাক্ট ওয়েস্ট বেঙ্গলে সব চেয়ে কম। মহারাষ্ট্রে আমাদের চেয়ে অনেক বেশি। ওখানে ৫ হাজার হয়, পাঞ্জাবে ৬ হাজার হয়, আমাদের এখানে কেন হবে না? আজ আর এখানে ইন্ডাস্ট্রি গড়ার কোনও সুযোগ নেই। অথচ যুগটা কি? এই যুগটা হচ্ছে, we live in age of scientific era. Arnold Toynbee. A study of History says: In any age of any society the study of history, like other social activities, is governed by the dominant tendencies of the time and the place.

The Western World in our age has been living under the dominion of two institutions : the industrial system of economy and a hardly less complicated system of politics which we call 'Democracy' as a short title for responsible parliamentary representative government in a sovereign independent national state. These two institutions, the one economic and the other political, attained a general supremacy in the Western World at the close of the age preceding our own because they offered provisional solutions for the chief problems with which that age had been confronted. Their enthronement signified the completion of the age which had sought and found salvation in them; their survival bears witness to the creative power of our predecessors; and we, who did not create them, have grown up under their shadow. In the industrial system and the parliamentary national state we still live and move and have our being; and the power of these two inherited institutions over our lives is the power of these two inherited institutions over our lives is reflected in the hold which they possess over our imaginations. Their prestige is apparent at almost every point in the work of our historians. আজকে কি আপনারা বিজ্ঞানকে অস্বীকার করতে পারেন? কালকে আপনি বাজেট বক্তৃতার মধ্যে একটা ভুল কথা বলেছেন, সেটা হচ্ছে, ভূমি সংস্কার কথাটা আমাদের কথা, আপনারা ব্যবহার করছেন। আপনি বলতে চেয়েছেন, ওটা আপনাদের

[2-55—3-05 p.m.]

কথা, তা নয়। আপনি ২৯ বার বলেছেন, কিন্তু এখানে লিপিবদ্ধ করেছেন ১৭ বার। এটা আমাদের প্রোগ্রাম, ইনিশিয়েটেড বাই ডাঃ রায়। Dr. Roy initiated the State acquisition, land reforms, and we have moved about, we have started implementing...you are behind modernization তখন আপনারা বলেছিলেন "এ আজাদি ঝুটা হ্যায়"। আজকে আপনারা এর ফোররানার, এর বেশি কিছু বলতে পারেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে আপনারা সোসাইটিকে প্রিমিটিভ স্টেজে রাখতে চাচ্ছেন। মডার্নাইজেশনের কোনও ইঙ্গিত বাজেট ভাষণে পাইনি। আমি ৩২ বছর ধরে এই হাউসে আছি। আমি দেখতে পাচ্ছি, এই বাজেট ভাষণ দীর্ঘ সময় ধরে করা হয়েছে, লংগেষ্ট বাজেট ভাষণ। আমি যদি ধরেও নিই ৮০ পারসেন্টের কম বেশি তাহলেও ৯০ মিনিট আপনি বক্তব্য রেখেছেন। কোথায় কি আছে? একবারও বললেন না ইউ আর বিহাইন্ড মডার্নাইজেশন—বোথ ইন agriculture and industry. যেদিন বৃটিশ চেয়েছিল—দেশবাসী ভুল করল, কিন্তু বৃটিশ-এর পরাধীনতার সঙ্গে আধুনিকতাও এসেছিল। এটা আমার কথা নয়, বিখ্যাত লেখকের বিশ্লেষণ। আমি তার সঙ্গে একমত। এখন মডার্নের যুগ, it is the 21st century only eight years away. আপনারা আধুনিকতার চিন্তা করেননি। You want to retrieve the society in the primitive age of agriculture. এটাই আপনাদের লক্ষ্য। আপনাদের কাছে এটা আশা করতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বাজেট উনি পেশ করেছেন তাতে উনি দেখিয়েছেন কারচুপি আছে। উনি কারচুপিতে দক্ষ।

ভোটের কারচুপি করতে করতে বাজেটে কারচুপি করবেন—এটাই স্বাভাবিক। আপনি ১৮ কোটি টাকার ডেফিসিট বাজেটে দেখিয়েছেন। কিন্তু মাদ্রাজ, তামিলনাড়ু সরকার সেখানকার বাজেটে ৫০০ কোটি টাকা ডেফিসিট দেখিয়েছেন। আপনাকে আমি অনুরোধ করতে চাই—অবস্থাটা আজকে দেখতে হবে। আজকে সরাসরি একটি কথা জিজ্ঞাসা করি, ১৯৭১ সালের নির্বাচনকে কি চোখ দিয়ে দেখেছেন? যাঁরা কেন্দ্রে ভোট দেয়, তাঁরা রাজ্য সরকারগুলি গঠনের জন্যও ভোট দেয়, The groups of voters are the same, they elect the state legislature, they elect the parliament. আজকে হেরিডিটি কেন্দ্রের নয়, যারা কেন্দ্র বিরোধী, কেন্দ্রকে তথা ভারতবর্ষকে ডিসইনটিগ্রেটেড করতে চান। Because Moscow has been disintegrated. সোভিয়েত রাশিয়া ডিসইনটিগ্রেটেড হয়ে যাবার পর কমিউনিস্টদের মাথা ঠিক নেই। যারা লেখাপড়া শিখেছে তারা বদ্ধ পাগল হয়ে গেছে। তারাই আজকে ভারতবর্ষকে ডিসইনটিগ্রেট করতে চায় এবং সেই বাণী প্রচার করতে চায়। এটা হেরিডিটারী মনার্কি নয়। অন্য ভোটার দ্বারা নির্বাচিত হয় না। যারা আপনাকে অর্থমন্ত্রী করিয়েছেন তাঁরাই কেন্দ্রীয় অর্থমন্ত্রী মনমোহন সিংকে বসিয়েছেন। ভারতবাসীকে অপমান করার আগে দ্বিধা করলেন না? আপনারা ভাঙতে চান—খালিস্থানিদের সঙ্গে যান, কাশ্মীরের উগ্রপন্থীদের সঙ্গে যান। আপনাদের উদ্দেশ্য ভারত ভাঙা। সুতরাং আপনাদের চিন্তা করতে হবে। আপনি বারবার বলেছেন ২১৫ কোটি টাকা পাননি, কিন্তু আপনি যে পারেননি সেটা বললেন না, আপনি ব্যর্থ হয়েছেন। এতবড় ভাষনে একবারও এই কথা বললেন না। আজকে যে ক্রাইটেরিয়া যে স্টান্ডার্ডে ভারতের আর ২৪টি রাজ্যের পরিকল্পনা ঠিক হয়েছে, যে সেন্ট্রাল অ্যাসিস্টান্স ঠিক হয়েছে, ঠিক একই নিরিখে প্ল্যানিং কমিশন পশ্চিমবাংলাকে দিয়েছে। কোনও ডিসক্রিমিনেশন দেখাতে পেরেছেন? Because you have failed. আপনারা ফেইল করেছেন। Your achievements failed. তাহলে দোষ দিলেন কেন কেন্দ্রের ঘাড়ে? আজকে সেনসিটিভ সময়ে অসদ উদ্দেশ্যে এই কথা বলেছেন। আপনারা চিরকালই অসৎ, দল অসৎ, আপনাদের লোকেরাও অসৎ, আপনাদের কার্যকলাপও অসৎ। আপনাদের কাছে কি এক্সপেক্ট করব? এর প্রতিকার হওয়া উচিত। আজকে একটা জবাব দেবেন। ফ্রেট ইকোয়ালাইজেশনের জন্য আমাদের সময়ে যখন আমি মন্ত্রী ছিলাম ডঃ রায়ের ক্যাবিনেটে তখন থেকে দাবি করেছি। ডঃ রায়ের সময়েও এটাতে আপত্তি করা হয়েছিল বোথ কটন, স্টীল এবং কোলে। আজকে ফ্রেট ইকোয়ালাইজেশন স্টীলে এসেছে এবং তাতে ৩৫ ক্রোরস acerued in the year out of equalisation of freight in the state এর কোনও বেনিফিট এখানে হয়েছে? স্টীল ইন্ডাস্ট্রি হ্যাজ ডুমড হেয়ার। আপনি বলতে পারেন যে প্রোডাকশন বেড়েছে, নতুন ইন্ডাস্ট্রির জন্য লেটার অব ইনটেন্ট পেয়েছেন? এখন সেই ব্যবস্থা নেই। সোজা ইন্ডাস্ট্রি করতে হবে—ওঠ, ইন্ডাস্ট্রি কর। আজকে হোয়াট অ্যাডভান্টেজ দিস স্টেট হ্যাজ গট? আপনি কোনও এক্সপোর্ট প্রসেসিং জোন করতে পারেন নি। You have got one in Falta. আজকে ফলতায় ইনভেস্টমেন্ট অ্যাট্রাক্ট করা যায়। আপনাদের দেখে মানুষ পালিয়ে যাচ্ছে। Have you been able to do anything there? ওখানে ৫।৬ হাজার লোকের কর্মসংস্থান এখনই হতে পারে। এই বিষয়ে আপনারা নির্বিকার, কিছু করেন নি। ইট ইজ এ ভেরি ইন্ডাস্ট্রিয়াল ইনপুট। আমাদের সৌভাগ্য যে কোনও মাইনস আর হেয়ার উইথ আস। আপনাকে আমি চিঠি দিয়েছি, আপনি কোনও উত্তর দেননি। আপনাদের পলিসি কি তা আমরা জানিনা। আজকে

সত্য উদ্ঘাটিত করতে হবে। আপনারা মনে করেন যে আপনাদের লোক ছাড়া আর কারোর চিঠির উত্তর দিতে হবে না। বিকজ ইউ হ্যাভ নো রিপ্লাই। আপনি কোনও উত্তর দেন না। আপনি যে সেস-এর কথা বলেছেন, তার সঙ্গে কি রুর‍্যাল এমপ্লয়মেন্ট অ্যান্ড প্রোডাকশন অ্যাক্ট ছিল? এখানে অবজেক্ট অ্যান্ড রিজনে কি বলা ছিল যে কোল সেস পাবেন, বর্ধমান, বাঁকুড়া অ্যান্ড পার্ট দেয়ার, সেই এরিয়ায় এই টাকাটা খরচ করবেন ফর প্রাইমারি এডুকেশন অ্যান্ড আদারস welfare and development? Have kept you commitment to the statute? No, you have flagrantly violated that provision of the law. Even a fraction of it whether it has been spent for the people who are supposed to get this? এবং এর জন্য একটা ফান্ড তৈরি করবেন? আপনি হিসাব দিতে পারবেন যে ১৫ বছরে কত টাকা কোল সেস থেকে আদায় হয়েছে এবং এই টাকাটা কোথায় ব্যয় হয়েছে? ওখানে সাবমারশন হয়েছে। আজকে সেখানে কোল ইন্ডিয়া ইজ টেকিং কেয়ার। সোশ্যাল সার্ভিস, এখানে আপনি কেন্দ্রের সঙ্গে যুক্ত নন। কারণ আপনারা ভারতবর্ষকে ভাঙ্গতে চান এবং সেটাই আপনাদের লক্ষ্য। আপনি ২২শে জানুয়ারি অর্ডিনেন্স করেছেন। কোল মিনিস্টার ২২শে জানুয়ারি রাইটার্সে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন। আপনি সেখানে ছিলেন। You supressed that you are bringing an ordinance. আপনাকে আমি দুটো পয়েন্টে চিঠি লিখেছি। এক নম্বর হচ্ছে, একাধিকবার কেন্দ্র পার্লামেন্টে বাজেটের আগে অ্যাডমিনিস্ট্রেটিভ প্রাইস বাড়িয়েছে, আপনারা সমালোচনা করেছেন, বাংলা বন্ধ, ভারত বন্ধ করেছেন তার প্রতিবাদে। এখানে হাউস যখন বসছে তার আগে যে আপনি বাড়ালেন এক্সাইজ, ইলেক্ট্রিসিটি ডিউটি অ্যান্ড ইওর সিনেমা বাই অর্ডিনেন্স অ্যান্ড বাই অর্ডিনেন্স কোল ইন্ডিয়ার অ্যাকাউন্ট ফ্রিজ করতে চেয়েছেন। এই যে স্যাভেজারী পাওয়ার, এটা কেউ আশা করেনি, এটা কেউ করেনা। We are living in a federal state. India is nation of nations. আপনি সেখানে ব্ল্যাংকেট পাওয়ার নিয়ে নিলেন, আমরা জানতেও পারলাম না। আমরা দেখছি কাগজের দাম কমিয়েছেন। ক্যালকাটা গেজেট আমরা ৩০ বছর ধরে পেতাম। কিন্তু এই সরকার ইন্সটল হবার পরে আর ক্যালকাটা গেজেট আমরা পাচ্ছি না। আপনারা কেউ পাচ্ছেন কিনা আমি জানিনা, কিন্তু আমি পাচ্ছি না। আমরা জানতে পারলাম না যে আপনি একটা অর্ডিনেন্স করেছেন। এই যে ড্র্যাকোনিয়ন অর্ডিনেন্স-ডু ইউ সাপোর্ট দিস? We opposed to the issuance of ordinance. সরকারকে করতে হতে পারে, ইমার্জেন্সি হলে করতে হতে পারে। কিন্তু তার আগে আপনি যে বন্ধ ডেকেছেন এবং নিন্দা করেছেন, কনডেম করেছেন, সেটাকে উইথড্র করবেন না? এইটুকু অনেস্টি আপনাদের কাছে আশা করি। আমরা জানি ডিসঅনেস্টিতে আপনাদের উত্থান এবং ডিসঅনেস্টি নিয়েই আপনাদের কারবার। কিন্তু এতখানি ডিসঅনেস্টি কেন থাকবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভারতবর্ষের যে অবস্থা, আমি জানিনা জ্যোতিবাবু জানেন কিনা এই কীর্তিকলাপ, তাতে আমাদের উচিত to preserve the unity of India and stimulate and encourage it. আপনি যে বক্তব্য রেখেছেন, It is contrary to the proposition to unity of India. এটা আপনি ছাড়লে ভাল হত। আপনি গোটা বাজেটে যে ব্যয়ের প্রস্তাব করেছেন সবগুলোই নন-প্ল্যানে প্রাকটিক্যালি। নাথিং ইজ প্রোপোজড ফর স্টিমুলেটিং গ্রোথ। আজকে আপনারা দুটো

[3-05—3-15 p.m.]

জিনিসে ভয় করছেন, ডেভেলপমেন্ট অ্যান্ড গ্রোথ। আজকে এখানে কোথাও আইদার ইন ইন্ডাস্ট্রি অর ইন এগ্রিকালচার আপনাদের কোনও প্রস্তাবনা আছে? আপনারা এখানে বলছেন হাইয়েস্ট চাল প্রোডাকশন করেছেন, মাছ প্রোডাকশন করেছেন। আপনাকে আমি সবিনয়ে বলতে চাই আপনার প্রোডাকটিভিটি কিন্তু ফার লেস দ্যান আদার স্টেটস। পাঞ্জাব, তামিলনাড়ুর ধারে-পাশে যেতে পেরেছেন ইন প্রোডাকশন অফ রাইস। পার হেক্টার আপনার প্রোডাকটিভিটি কি? আমি অন্যদের কথা ছেড়েই দিলাম। পার হেক্টার প্রোডাকশন আপনার কী আছে? আপনি রাইস নিয়ে লাফালাফি করছেন, গম সম্বন্ধে তো বললেন না যে নিল? মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জবাব দেবেন এখনও কেন কেন্দ্রের কাছ থেকে চাল গম নিয়ে আসতে হয়। এখানে যদি বাই মডার্নাইজেশন অ্যান্ড ডেভেলপমেন্ট অফ এগ্রিকালচার করে চাষীদের রক্ষা করতে পারতেন তাহলে আমাদের ৫০০ কোটি টাকা ভিন্ন রাজ্যে চলে যেত না, চাষীদের উন্নতি হত। ওনার মগজে এই প্রবলেম ঢোকে না। ওরা বিক্রি করছে, দে আর সারপ্লাস, আমাদের নিয়ে আসতে হচ্ছে। আরও একটা হিসাব দিয়েছেন যে ১২৮ লক্ষ টন উৎপাদনের কথা বলেছেন। এটা ধরে নিয়ে তারপর আপনি যে কথা বলেছেন যে আগে ১৪ কে.জি করে খেত এখন ১৫ কে.জি খাবে। এই অবস্থা ধরে নিয়ে তাতে আমাদের কতটা ডেফিসিট? হোয়াই ক্যাননট ইউ মিট দিস ডেফিসিট? আপনাদের নিয়ন্ত্রণ নেই। কারণ একটা বিরাট চক্র সি.পি.এম-এর মধ্যে গড়ে উঠেছে, আপনাদের রসিদের মতো অনেক বন্ধু আছে। আপনাদের এই বেল্ট থেকে শুরু করে সিমান্তে পর্যন্ত আপনাদের বন্ধ আছে। তার মাধ্যমে খাবার বর্ডার পার হয়ে চলে যাচ্ছে। সেইজন্য বাইরের রাজ্য থেকে খাবার আনার চেষ্টা করছেন। অর্থমন্ত্রী বলেছেন যে আমাদের অর্থনীতি পরিকল্পিত অর্থনীতি। ভাঁওতা কেন দিচ্ছেন? আপনারা এইটথ প্ল্যানে প্রোপোজ করেছেন ১৪৮৬ কোটি টাকা। গত বছর আপনারা পারলেন না, ৯০৯ কোটি টাকা বলেছেন, ৯০৭ কোটি টাকা হয়ে গিয়েছে। এবারে ১৫০১ কোটি টাকা বলেছেন, ৭০১ কোটি টাকা হয়েছে, ৩১শে মার্চ আর কয়েক দিন বাকি, আজ ১৯ তারিখ, ১১ দিনের মধ্যে আপনি ৮৮৭ কোটি টাকা ব্যয় করবেন। আমি ধরেই নিই যে অসত্য কথা বলছেন না, আপনাদের যেটা চিরকালের ব্যবসা, এই ৮৮৭ কোটি টাকা কোথা থেকে দেবেন? টাকার দাম বেড়েছে, প্রাইস রাইস বেড়ে গিয়েছে অফ অল, তাতে কি এটা প্লান হলিডে নয়? আমরা তো জানি আপনার অ্যাচিভমেন্ট কি। প্রতিটি দপ্তর চিৎকার করতে ২০ পারসেন্টের বেশি তারা টাকা পায় নি। আমি আর একটা কথা বলতে চাই ফারাক্কা নিয়ে। আমরা সবাই মিলে ফারাক্কার জন্য টাকা আদায় করতে প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যানের কাছে গিয়েছিলাম। প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান হচ্ছেন বাঙালি, স্বহৃদয় ব্যক্তি। আপনারা অযোগ্য হিংস্র এবং ভাস্কর পন্ডিতের দোসরদের বাঙালি প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান ১৫০ কোটি টাকা তিস্তার জন্য দিয়েছিলেন। তাতে একটা শর্ত ছিল, সেই শর্ত হল ম্যাচিং গ্রান্ট ১৫০ কোটি টাকা আপনাদের দিতে হবে। এইটথ প্ল্যানে কোথায় আপনাদের সেই টাকা? ৮ কোটি টাকা দিয়েছেন, তাও অ্যাবজর্ব করতে পারেন নি। আপনাদের রিকাসটিং অফ প্ল্যানিং দরকার। কেন কেন্দ্রের উপর দোষারোপ করবেন? এই মনোভাব আপনাদের পরিবর্তন করা দরকার। এই পরিবর্তন হবে না কেন? গোটা পৃথিবী থেকে কমিউনিজিম উঠে গেছে,

আপনাদের মাথা খারাপ হয়ে গেছে। আপনারা শান্ত হবেন? আপনাদের দায়িত্ব বেড়েছে। আমি একটা জিনিস জিজ্ঞাসা করতে চাই। বোধ হয় ১৪৪৬ কোটি টাকা প্ল্যানে খরচা করবেন, ৭৫৪ কোটি টাকা পার ক্যাপিটা হবে। মহারাষ্ট্রে দু হাজার কোটি টাকা খরচ করেছে। ওড়িষ্যা, একটা ছোটো রাজ্য, সেখানে এইটথ প্ল্যানের জন্য বরাদ্দ দশ হাজার কোটি টাকা। আর আপনার দশ হাজার কোটির কম। গতবারে আপনি যদি ৯০৭ কোটি টাকা ব্যয় করে থাকেন, এবারে তো দেখছি ৮৮৭ কোটি টাকা। আপনি আবার ভেলকি দেখিয়ে ফেলেছেন। আপনি তো একটা নভেল, একটা প্রেমপত্র লিখেছেন। কেন্দ্র যদি প্রেম না করে তাহলে কি হবে, তার জন্য আপনি বিকল্প ব্যবস্থার কথা বলেছেন। আপনার এই যে ডাবল রোল, এই স্টেড ভ্যাক 'এর খেলায় কেন খেলতে গেলেন? কোনও রাজ্যে এটা তো দেখিনি যে তারা ডাবল প্ল্যান একটা করেন। আপনি এটা করেছেন সো দ্যাট ইউ আর ইনএফিশিয়েন্ট, ইউ ক্যান নট রিচ দি টার্গেট। এটা তো আর কোথাও দেখিনি? এই ভেলকি কেন দেখাতে গেলেন? আপনি ক্ষমতায় বসে দেখিয়ে গেছেন জিরো ডেফিসিট। এখন জিরো ডেফিসিট শেষ হয়ে গেছে। এখন জিরো ডেফিসিট 'এর কেরামতি শেষ হয়ে গেছে। আর একটা কথা কিন্তু কোথাও বলা নেই, এই যে ডিভাস্টেশন অব ফ্লাড এখানে হয়, এবারে তো অল্প জল হয়েছে, বৃষ্টি কম হয়েছে, কিন্তু বন্যার সম্ভাবনা তো আছে। এখানে ফ্লাড প্রোটেকশন এব্যাঙ্কমেন্ট যে করা দরকার তার কথা তো কোথাও বলেন নি? আপনি বাজেট দিয়েছেন, কিন্তু এটা কোথাও বলা নেই। জানিনা, এতে চিফ মিনিস্টারের হাত আছে কিনা—বন্যা হোক বা না হোক রিলিফের জন্য তো টাকা থাকা দরকার। রিলিফের জন্য টাকা থাক বা না থাক, পুলিশের টাকা আপনি বাড়িয়েছেন। গতবারে যেখানে ৩৪৮ কোটি ৯৮ লক্ষ টাকা, ভোটেড, সেটা রিভাইসড হয়ে হয়েছে ৩৫৪ কোটি টাকা, হয়ত সাপ্লিমেন্টারি বাজেট আপনি আনবেন। এবারে দেখছি ৩৭৯ কোটি ২২ লক্ষ ১০ হাজার টাকা পুলিশের জন্য রেখেছেন। পুলিশের বাজেট কেন বেড়ে গেল? ১৯৭৬-৭৭ সাল থেকে দেখে আসছি, আজকে এই কথাটা আপনি তো বললেন না—মাইনর ইরিগেশন মিনিস্টার এখানে নেই—কমান্ড এরিয়াতে কতখানি কভার করেছেন? ইওর ডিপার্টমেন্ট হ্যাজ কাম ফরোয়ার্ড ফর দিস প্রোজেক্ট মেটেরিয়ালস ফর মাইনর ইরিগেশন, এটা আপনি একবার খোঁজ করে দেখেছেন কি? সেখানে পদ্ধতিটা কি? আমি আপনাদের কোরাপশনের প্রতি ইঙ্গিত করছি না—তবে বলতে হয়, আপনাদের সরকারের একটা বড় গুণ কোরাপশনকে কোয়ালিটি ধরে নিয়েছেন। এই প্রসঙ্গে একটি কথা উল্লেখ করে রাখি, আপনাদের মডার্নাইজেশন অব এগ্রিকালচারাল ইনপুটস, পাওয়ার টিলারের যে ইকুইপমেন্ট, এটা এতদিন এগরো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন করত, তারা একশো ভাগ দায়িত্বে ছিল। এখন মোট পাঁশকুড়ার কাছে একটি প্রাইভেট পার্টির হাতে মন্ত্রী মহাশয় তুলে দিতে চাইছেন। উইল ইউ প্লীজ চেক ইট আপ? কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে আপনারা প্রাইভেট সেক্টরের ব্যাপারে এক কথা বলছেন, অথচ এখানে আপনারা প্রাইভেট সেক্টরকে বন্ধ করতে চাইছেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা আশার কথা উনি শুনিয়েছেন—এটা তো জঙ্গলের রাজত্ব, এখানে আইন-শৃঙ্খলা নেই—এখানে জঙ্গল নাকি এক পারসেন্ট বেড়ে গেছে। এখানে আইনশৃঙ্খলা নেই, আই.পি.সি., সি.আর.পি.সি. নেই। থাকলে বৌবাজারে রশিদ সি.পি.এম.'এর মাথায় পা দিয়ে পাঁচশো কোটি টাকার মালিক হয়?

[3-15—3-25 p.m.]

আপনারা সঠিক কি পদক্ষেপ নিচ্ছেন বলুন, চোখ বন্ধ করে এখনো থাকবেন? আপনাদের কাউন্সিল অফ মিনিস্টারের যে ব্যয় ছিল তাতে ১ কোটি ৭ লক্ষ ধরা ছিল সেটা বেড়ে ১ কোটি ১২ লক্ষ ৭৫ হাজার টাকা করা হল। এই ৪৫ জন মন্ত্রী এতদিন যেভাবে চলছিল সেইভাবেই তো চলতে পারত তার জন্য আবার নতুন করে সাড়ে ৫ কোটি বাড়ানোর দরকার কি ছিল? যেখানে অন্যান্য জায়গায় মন্ত্রীসভা কমানো হচ্ছে সেখানে এই রাজ্যে এই বাবদ বাড়ানো হল কেন? এই ভল্লু, ঝুনু, রসিদ খানদের মন্ত্রিসভাতে যোগ দেওয়ার জন্য কি অর্থ বাড়ানো হল। এই ৩ জনকে বাই ইলেকশনে করে মন্ত্রিত্বতে নিয়ে আসার জন্যেই কি ব্যবস্থা? সত্যি, ওই ভল্লু, ঝুনুরা এবং রসিদ খানরা তো আপনাদের বিশেষ উপকারী মানুষ। তাদেরকে তো মন্ত্রিত্বে আনার দরকারই—তানা হলে এই কাউন্সিল অফ মিনিস্টারদের জন্য বাড়তি সাড়ে ৫ কোটি টাকার বাড়ানোর কি দরকার ছিল, কি রিজিন্সসে এটা বাড়ানো হল? আজকে রশিদ খান জেলে বলে তো বহু সি পি এমের বাড়িতে রান্না হচ্ছে না। এখানে অর্থমন্ত্রী আছেন এবং পি.ডব্লিউ.ডি. মিনিস্টার আছেন, আজকে উত্তরবঙ্গে যেভাবে কার্যকলাপ চলছে সেটা চেক আপ করার দরকার। যেভাবে ওখানে মাফিয়ারা ম্যাসিভ অ্যাটাক করছে তাতে both fauna and flora, both animal life and plant life by re-enforcing forest and improve the security system there. বনের পশু, পাখী কিছুরই প্রাণ বাঁচতে পারে না। সুতরাং এই ব্যাপারে ব্যবস্থা নিন। মাননীয় পূর্ত মন্ত্রী আছেন, তিনি কি জানেন বা জ্ঞান আছে যে ৩৬৫ দিনে এক বছর হয়? আপনারা তো সব কাজেতেই ব্যর্থ। আপনাদের কি এখনো হয়েছে? এই বামফ্রন্ট সরকার ১৭ বছরে কি করতে পেরেছে? একটা দ্বিতীয় হুগলি সেতু করতে গিয়ে পৃথিবীর বৃহত্তর সময় অতিবাহিত করলেন, দীর্ঘ ২০ বছর লেগে গেল। তাও আবার দপ্তর থেকে সরিয়ে এটা বুদ্ধদেববাবুর হাতে চলে গেল। সেতুটি যেভাবে তৈরি হয়েছে তাতে সম্পূর্ণ কাজ হয় নি, আরও কাজ বাকি আছে। এমন সব ইনফিরিয়ার কোয়ালিটির মেটারিয়ালস দেওয়া হয়েছে যে কোনদিন এটা ভেঙ্গে পড়বে। এখানে আপনি ৬৪ কিলো মিটার রাস্তা তৈরির কথা বলেছেন, এটি একটি উল্লেখযোগ্য কথা, আপনাদের সারফেসে তো রাস্তা কত—নট মোর দ্যান ২৬ থাউসেন্ড কিলোমিটার। এই দীর্ঘ ৫ বছর ধরে দেখছি এই রাস্তাগুলোর কোনও নড়নচড়ন নেই। আপনাদের রিগিংয়ের দৌলতে আপনাদের যেমন নড়নচড়ন নেই তেমনি রাস্তাগুলোরও কোনও নড়ন চড়ন নেই। যেভাবে হয়েছে সেইভাবেই চলে যাচ্ছে। সেখানে অন্যান্য রাজ্যে দেখুন, এমন কি উড়িষ্যার মতো রাজ্যেও যে সারফেস রাস্তা হয়েছে তা হায়ার দ্যান আওয়ারসেলভস্। অথচ আপনারা ১৭ বছরেও কোনও নতুন রাস্তা করতে পারলেন না। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, মহানন্দা, মাধবপুরে যে ব্রিজ হওয়ার কথা এবং সেই ব্যাপারে চিঠি লিখে জানানোর কথা ছিল তার কিছুই হল না। তারপরে কুশমুন্ডীতে যে ২০ বছর ধরে রাস্তাটি হওয়ার কথা ছিল তার কিছুই হয় নি। আপনাদের অ্যাচিভমেন্টটা কি? আপনারা যে সেই বসেছেন আর তো নড়া চড়া নেই। আপনারা ওয়ার্কিং অ্যাসিস্ট্যান্টকেই নষ্ট করে দিয়েছেন। এগ্রিকালচারাল প্রোডাকটিভিটি বলে কিছু নেই। আপনাদের এখানকার লেবার কেউ নিতে চায়না। Assembly is the production of the constitution. Parliament is the creation of the constitution. Panchayat is not the creation of the constitution. যেখানে পাঞ্জাবের

মতো ছোট রাজ্যে লেবার পিছু ৫৫-৫৬ টাকা করে দেওয়া হয় সেখানে এই রাজ্যে খুব কম দেওয়া হয়। আসলে ওয়ার্কিং অ্যাসিস্টেন্সটাই নষ্ট হয়ে গেছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী পঞ্চায়েতের ইলেকশন করতে চাইছেন অথচ এই পঞ্চায়েত এক সময়ে কনস্টিটিউশন বা সংবিধানের বাইরে ছিল। দি পঞ্চায়েত হ্যাজ বিন rendered the creation and production of the constitution. আজকে যেখানে কন্সটিটিউশনে মর্যাদা দেওয়া হয়েছে লাইক পার্লামেন্ট অ্যান্ড স্টেট অ্যাসেম্বলিতে ৭২তম সংবিধান সংশোধন করে পঞ্চায়েতকে মর্যাদা দেওয়া হয়েছে, স্বীকৃতি দেওয়া হয়েছে আজকে সেই আইন প্রয়োগ হবে। আজকে ফিফটি পারসেন্ট অফ দি স্টেট র্যাটিফাই করে, আজকে দলবাজি করার জন্য আপনারা নির্বাচন ঘোষণা করে দিলেন। নির্বাচনের পরিবেশ নেই। আমরা ভয় পাচ্ছি না, এখানে নির্বাচন করুন, আপনাদের ভয়ের কোনও কারণ নেই, কারণ রশিদ, ঝুনু, ভাল্লুকরা তো আপনাদের আছে। আমি মনে করি, আপনাদের এটা ভাবারও কথা, এখানে এটা ডিকটাম অনেস্টির প্রশ্ন, ৯০ কোটি টাকা দিয়েছেন এবং ১৩০ কোটি টাকা নাকি এপ্রিলে আরো দেবেন। এই ২২০ কোটি টাকা যদি ইলেকশনের আগে আপনারা দেন, এখানে ৩৪০ টি পঞ্চায়েত সমিতি, ১৬টি জেলা পরিষদ, দার্জিলিংটা হবে না ধরেই নিচ্ছি, এখানে ৩৩০৫টি কম বেশি গ্রাম পঞ্চায়েত, এখন যদি ২২০ কোটি টাকা বিলি হয়—এখানে অ্যাসেম্বলির জন্য তো এত টাকা বিলি হয়না—তাহলে সি.পি.এমের আসন তো বাঁধা, তার সঙ্গে রয়েছে পুলিশ আর ঝুনু, ভাল্লুকের দল। এটা কি আপনাদের একতার পথ নয়, এইভাবে কতদিন চালাবেন আপনারা? এটা তো বন্ধ হওয়া দরকার। আজকে এই জিনিসটা আপনাদের কাছে চাইছি। আগেই বলেছি ১৭ বার ভূমিসংস্কার করেছেন—বিরোধিতা করেননি, কংগ্রেসের সাত পুরুষের ভাগ্য যে সি.পি.এম. বিরোধিতা করেননি—কিন্তু এখানে আপনাদের বলতে চাই সেকেন্ড অ্যামেন্ডমেন্ট, থার্ড অ্যামেন্ডমেন্ট হওয়ার পর কত জমি উদ্বৃত্ত হচ্ছে সেটা জানানো হল না কেন—ইমপ্লিমেন্ট করার পর, এরিয়া ইজ দি কোয়েশ্চেন? এখানে গার্ডেন, অর্চাড, এগ্রিথিং ইজ এগ্রিকালচার। এখানে এটা অ্যাপ্লাই করা হল না কেন? আজকে সি.পি.এম.-এর যে নয়া বন্ধু হয়েছে এই সামান্য জমির মালিক যারা তারা ছাড়া, বা তাদের কাছ থেকে বেরিয়ে এসেছে যারা জমির মালিক, গ্রামাঞ্চলে ভুস্বামী, যারা জমি বাঁচানোর জন্য সি.পি.এমের খাতায় নাম লিখিয়েছে তাদের জন্য? আজকে ল্যান্ড রিফর্মস-এর সেকেন্ড অ্যামেন্ডমেন্ট ইমপ্লিমেন্ট করা হল না, এর সঙ্গে একটা অভিযোগ আমি জানাচ্ছি, এখানে একাধিকবার বলা হয়েছে, আইনে এই কথা বলা আছে যে এগ্রিকালচারাল ল্যান্ড ধ্বংস করে, কখনই অন্য পারপাসে দেওয়া হবে না। ল্যান্ড রিফর্মসের আইনে ক্যারেকটার অফ দি ল্যান্ড চেঞ্জ করতে গেলে পারমিশন নিতে হবে কালেকটারের। ইসলামপুর সাব-ডিভিসনে ওয়েস্ট দিনাজপুরে ডিস্ট্রিক্ট ৭২টি চা-বাগান আছে এবং সি.পি.এম.-এর হাই আপস, মন্ত্রী সভার আই-আপস এদের আত্মীয়-স্বজন জড়িত, ব্যবসাদাররা যাচ্ছে, আইন মানছে না, সোশ্যাল ফরেস্ট্রীর এস.সি. এবং এস.টি.-র জমি জোর করে তুলে নিল। ৯২টি বাগানের কমপ্লেন এসেছে, তার বিচার হবে না কেন? আজকে চা-বাগান দিতে আমাদের আপত্তি নেই, কিন্তু নট অ্যাট দি কস্ট অফ দি শিডিউল কাস্ট অ্যান্ড স্মল ফার্মার্স, নট অ্যাট দি কস্ট অফ অ্যারাব্লি ল্যান্ড, আজকে এই প্রতিশ্রুতি রাখতে পারছেন না কার স্বার্থে, এই ঘটনা কি তদন্ত করে দেখবেন? ইসলামপুরের ৯২টি চা-বাগানের কি হাল হবে? এখানে উচ্চ শিক্ষামন্ত্রী মহোদয় আছেন, এখানে সামনে

বসলে ভাল লাগে আপনার কথা শুনতে, আপনি তো একটা কমিশন বসালেন, আইনও করলেন ২।৩টি, আমি খুব কৃতার্থ হব, আপনি তো দেখেছেন ১১৮টির মতো সুপারিশ করেছে, এই ১১৮টি সুপারিশের মধ্যে—আমরা আপনাকে বিশেষ মর্যাদার সঙ্গে দেখি—ইসলামপুরে বললাম একটা কলেজের জন্য, আমাদের ব্যাক-ওয়ার্ড এরিয়ায় করতে হবে, বললেন গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার এমবার্গো রয়েছে, আমি এডুকেশন মিনিস্টারের কাছে গেলাম, তিনি বললেন কোনও এমবার্গো নেই। আপনার বক্তব্যও দেখছি, এডুকেশন কমিশনের বক্তব্যও দেখছি, ৭৭টি কলেজের অনুমতি দিয়ে দিয়েছেন, আজকে তাহলে ব্যাক-ওয়ার্ড এরিয়ায় হবে না কেন? কেন বলছেন না সি.পি.এম.-এর স্পনসর্ড ছাড়া আর কোনও এন্টারপ্রাইজ বা অত্যুৎসাহী বিদ্যানুরাগী কোনও উদ্যোগকে আপনারা মর্যাদা দেবেন না—এই কথা কেন বলছেন না, বলে দিন। সি.পি.এমের খাতায় নাম লেখাতে হবে, এখানে জয়গান করতে হবে সি.পি.এমের, জ্যোতিবাবুর জয়গান করতে হবে, তবেই কলেজ কিম্বা স্কুল হবে। এখানে মাননীয় মন্ত্রী অচিন্ত্য রায় নেই, একটা প্রাইমারি স্কুলও হচ্ছে না, আমাদের আমলে ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয় ছিল, আপনারা বলছেন সাড়ে ১০ হাজার করেছেন, কাগজে দেখলাম ১০ হাজার ৮০টি করেছেন প্রাথমিক বিদ্যালয়, তাহলে ৫১ হাজার টি হবে প্রাথমিক বিদ্যালয়, এখানে গ্রাম তো আছে ৩৮ হাজার, তাহলে এমনও গ্রাম আছে যেখানে ২টি বিদ্যালয় পড়েছে, এমন গ্রাম আছে ৩টি বিদ্যালয় পড়েছে, তা নাহলে তো হবে না। কিন্তু আমি জানি এমনও ৫ হাজার গ্রাম আছে আউট অফ থার্টি এইট থাউজেন্ড, যেখানে কোনও বিদ্যালয় নেই।

[3-25—3-35 p.m.]

আমি চ্যালেঞ্জ জানাচ্ছি আপনাদের আই সে let there be an all-party perliamentary committee of the Assembly. সেখানে প্রাথমিক বিদ্যালয় নেই, পানীয় জলের ব্যবস্থা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চশিক্ষামন্ত্রী এখানে আছেন, এডুকেশন কমিশনের রিপোর্টে অনেক জায়গায় বলছে, আই উইল point out one by one। এটা তো একটা কন্ট্রোভার্সি রেখে গেছে উইথ রিগার্ড টু the policy। বইটার পৃ: ৩২৬, ১৯.১১১ সেখানে বলছে "An educational cess may be imposed in both urban and non-urban areas. The cess will apply in the countryside to holdings which are above 5 acres in size and non-agricultural households with annual earnings exceeding Rs. 10,000 It may be a graduated cess with a levy of Rs. 10 per month per holding or household at the lowest level, going up to Rs. 100 per month for the higher sized holdings or higher ranges of income." আমি জানিনা আপনাদের সরকার এটাকে কতখানি অ্যাকসেপ্ট করছেন না করছেন। ডু ইউ want to create two classes of citizens here? যারা এগ্রিকালচারাল, তাঁদের ইনকাম ট্যাক্স টেন থাউজেন্ড অ্যান্ড অ্যাবভ। ইন্ডাস্ট্রিয়াল ইনকাম, স্টেট ইনকাম, প্রোমোটারস্, ডেভেলপারস্, এদের ২৮ হাজার টাকা মিনিমাম, বি.জে.পি বলেছে এটাকে ৬০ হাজার করতে হবে। এগ্রিকালচারাল ট্যাক্স ১০ হাজার টাকা বর্তমান, আবার এডুকেশন সেসের কথা বলা হয়েছে। আমি জানিনা আপনাদের কাছে একই আইন সকলের কাছে প্রযোজ্য কিনা? এখানে অল মেন are not equal. But we must fight for equal rights and opportunities. আমি জানিনা আপনারা কি করে বলছেন, আমরা কি

ইকোয়াল নয়? যদি এই সেস ধার্য করা হয় তাহলে গ্রামের মানুষ সুকৌশলে আন্দোলন শুরু করবে সি.পি.এমের বিরুদ্ধে। উই আর নট ইকোয়াল, সেটা কেন হবে না। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আমি আবেদন করব বাট হোয়াট is the harm to struggle to fight for equal opportunities and equal rights? আজকে আপনি কলেজ সার্ভিস কমিশন করেছেন, আপনারা হায়েস্ট এডুকেশন ও এডুকেশন অ্যাচিভমেন্ট আপনারা তাকে প্রোভাইড করতে পারেননি। কারণ তারা সি.পি.এম করে না। এটা হচ্ছে আপনাদের অবজেক্ট। নো আপয়েন্টমেন্ট উইল be given by the college service commission to any candidate whatever may be his academic achievement unless he subscribed to the dogma and doctrine of C.P.I(M) কথা কেন আপনারা বলছেন না, এই কথা বলার তো দরকার। স্যার বাঁচতে গেলে এডুকেশন এবং অ্যাডাল্ট এডুকেশন দরকার। আপনাদের প্রপাগান্ডা যতখানি রিয়েলিটি ততখানি নয়। আই এম not blankly criticising you। এর রিয়েলিটি বহু জায়গায় নেই। স্বাক্ষর জ্ঞান করেছে বলে আপনারা বলে বেড়াচ্ছেন। কিন্তু তারা লিখতে পারছে না। এদিকে ডিস্ট্রিক্টের পর ডিস্ট্রিক্ট সাক্ষর বলে ঘোষণা করা হচ্ছে। এডুকেশনের পর স্বাস্থ্যের একটা প্রয়োজন আছে। স্বাস্থ্য তো না বলাই ভালো। এনটায়ার এক্সপেন্ডিচার আজকে নন-প্ল্যান এক্সপেন্ডিচার। আপনাদের আমলে ইউনিভার্সিটির অবস্থা কি হচ্ছে, মেডিক্যাল ইউনিভার্সিটির কথা না হয় বললামই না। এই হাইডিয়াস ব্যাঙ্কারাপটসি, কুৎসিত দেউলিয়াপনা চলছে। টি.বি. রোগীদের ডিম, দুধ দেওয়া হবেনা। আমি তো এক সময় ডাক্তারী করতাম আমি জানি ফুড is the treatment for T.B. আমি তো জানি তাদের ওষুধ দরকার নেই, তাদের ফুড দরকার। এই হাসপাতালের রোগীরা পথ্য পাবেনা, ওষুধের কথা তো ছেড়েই দিলাম। আর হাসপাতালে তো কোনও ইক্যুইপমেন্ট নেই। ওটা অ্যান্টি সোশ্যালদের আড্ডা হয়ে গিয়েছে। আবার আপনারা হাসপাতালে কি ইন্ট্রোডিউস করেছেন। এর ফলটা জানাবেন কি?

[3-35—4-00 p.m.](including adjournment)

এখানে যে টাকা ব্যয় হয় তার মধ্যে ১৮ কোটি টাকা বোধহয় ডায়েটের জন্য, ৩৪ কোটি টাকা ঔষুধের জন্য এবং ৩৫০/৪০০ কোটি টাকা ব্যয় হয় মাহিনা দেবার জন্য। মাহিনা দিতেই যদি ৯৯ পারসেন্ট টাকা চলে যায় তাহলে এর এডুকেশন চলতে পারে না, হেলথ চলতে পারে না। হেলথ চালাতে গেলে আপনাকে ঔষুধ দিতে হবে, পথ্য দিতে হবে, ইক্যুইপমেন্টস দিতে হবে। অ্যাপার্ট ফ্রম দিস ডিজিজ আর ওয়াটারবর্ন অ্যান্ড এয়ারবর্ন। কিন্তু বিশুদ্ধ পানীয়জল আপনি দিতে পারেন না। গর্ভনর অ্যাড্রেসের সময়ও একথা বলেছিলাম যে এই যে ১২ কোটি টাকা আপনারা টিউবওয়েলের জন্য রেখেছেন তাতে হিসাব দিতে পারেন কি আউট অব ৩৮ হাজার গ্রাম সেখানে কত নলকূপ অপারেট করছে বিভিন্ন এজেন্সীকে দিয়ে এবং কতগুলি জায়গাতে পাইপ ওয়াটার আপনারা সাপ্লাই দিতে পেরেছেন? এ সম্বন্ধে আপনাদের পরিকল্পনাটা কি সেটা কি জানাবেন? এখানে স্বাস্থ্য দপ্তর কিম্বা পানীয় জলের দপ্তর, তারা কিছু বলেন নি। এমন কি মিউনিসিপ্যালিটিগুলিতে পর্যন্ত পানীয় জলের অভাব। ইভিন ইন ক্যালকাটা মেট্রোপলিটন এরিয়া, এখানে ডিউরিং ফাস্টিং মান্থ পানীয় জলের অভাব হয় এক এক সময়। হাওড়ার পানীয় জলের অভাবের কথা অম্বিকাবাবু বলেছেন। মানুষকে

জল পর্যন্ত দেবেন না? চার্চিল সাহেব ভারত বিরোধিতার কথা বলতে গিয়ে একটা জায়গায় বলেছিলেন—তিনি সি.পি.এমের বন্ধু ছিলেন—"I cannot agree to the proposition of transfer of power to India because everything will be taxed and only water will be free" মানে ওয়াটারের জন্যও ট্যাক্স দিতে হবে। ওর সঙ্গে আমরা একমত নই। কিন্তু আজকে সি.পি.এম. ক্ষমতায় এসে দেখিয়ে দিল যে জলের জন্য ট্যাক্স দিতে হবে। বাতাসের জন্য কবে থেকে ট্যাক্স দিতে হবে সেটা যদি একটু বলে দেন আগে থেকে তাহলে আমরা তারজন্য প্রস্তুত থাকতে পারি। আপনারা জানেন যে মিনিটে ১৮ বার আমাদের নিঃশ্বাস নিতে হয়। বাংলার মসনদে যারা বসে আছেন ঐ মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী, তারা যদি এটা আগে থেকে জানিয়ে দেন আমরা নিশ্চিত হতে পারি। আপনি বলেছেন, আনপ্রডাকটিভ এক্সপেন্ডিচার আপনারা কম করবেন। কিন্তু এখানে তো আপনি কারচুপি করেছেন। আপনার ডেফিসিট ১৮ কোটি নয়, আরও অনেক বেশি। যদি আমরা ধরেও নিই যে পরিকল্পনা রূপায়ণের ব্যাপারে ৬শো কোটি টাকা ডেফিসিট in real terrns is about 600 crores তাহলেও আপনার ডেফিসিট অনেক বেশি। আপনি এখানে কারচুপি করেছেন। Have you streamlined the administration. এক পয়সাও বেঁচেছে এখানে? আজকে ১৫ বছর ধরে আপনারা লুঠ চালিয়ে যাচ্ছেন। যে লুঠ আপনারা চালিয়ে যাচ্ছেন সেটা কি আপনারা ছেড়ে দিতে পারবেন? আপনি বলেছেন, আপনি ৫০ কোটি টাকা বাঁচাবেন কিন্তু কোথা থেকে বাঁচাবেন, what is the concrete proposal! সুতরাং এই ভাঁওতা কেন দিলেন? আপনার আপত্তি কি? জয়ললিতা ৫০০ কোটি টাকা ডেফিসিট দেখিয়েছেন, একটা ছোট রাজ্য ২৮ কোটি টাকা ডেফিসিট দেখিয়েছেন, সেখানে আপনার অবস্থাটা কি? কেন আপনি ভাঁওতা দিচ্ছেন। আর আপনি যে ট্যাক্স প্রোপোজাল করেছেন তাতে ইন্ডিয়ান মেড ফরেন লিকারের কথা বলেছেন। এতে শেষ পর্যন্ত আপনার চাকরি থাকবে তো? গতবার রামের উপর করেছিলেন, এবারে হুইস্কিটা ইনক্লুড করায় আপনাদের কর্তা ব্যক্তিদের মধ্যে যারা এতে আসক্ত তারা ট্যাক্স করলে রেগে যাবেন না তো? এতে আপনার চাকরি থাকবে তো? এখানে যে বক্তব্যটা রেখেছেন সেটা ঠিক নয়। এই টাকাটা আপনি ফোরগো করুন। মদের দোকান আর বাড়তে দেবেন না। র‍্যাশনালাইজ করুন এটা, কমান এটা। সারকামস্টান্সেস makes habit. আজকে ছেলেদের নাগালের মধ্যে যদি মদের দোকান এসে যায় তাহলে তারা এসে আসক্ত হবে। আপনাদের আমলে নেতারা চুরি করছে, সি.পি.এম. লেফট ফ্রন্ট বললে টাকা চুরি করতে পারে কিন্তু তারা মদ খাক এটা আমরা চাই না। আপনারা ক্ষমতায় মাতাল হয়ে গিয়েছেন ঠিক কথা কিন্তু মদ খেয়ে মাতাল হয়ে যান এটা আমরা চাই না। মনে আছে আপনার যাযাবর বই? আজকে সেই জিনিসটা আমি জানিয়ে দিতে চাই। আজকে এখানে টেন্ডেন্সি হচ্ছে মডার্ন টেন্ডেন্সি—আর্বানাইজেশন। আমাদের আগে ২২ পারসেন্ট ছিল আর্বান পপুলেশন, এবার বোধ হয় ২৯ পারসেন্ট পপুলেশন আর্বানাইজড। এই আর্বানাইজেশনে আজকে মানুষের একটা টেন্ডেন্সি আছে। আর্বানাইজেশন হতে গেলে তো কন্সট্রাকশন দরকার। আজকে কন্সট্রাকশনের দরকার, আপনি ট্যাক্স করতে গেলেন, এই মেটিরিয়্যালগুলোতে, তাও ২০ পারসেন্ট। ডু ইউ থিঙ্ক ইট ইজ ইনকনফরমিটি উইথ রেস্ট অব স্টেটস অব ইন্ডিয়া, ওয়েস্টবেঙ্গল স্টেট ডাজ নট import tax on many items, but বম্বেতে কি ২৫ পারসেন্ট ট্যাক্স আছে টালির উপর, মারবেলের উপর? আজকে সেটা আমি আপনার কাছে

জানতে চাইছি। কেন রিকনসিডারিং আর্বানাইজেশন—হাউজিং আমাদের একটা প্রবলেম। সেখানে আপনি কন্সট্রাকশন মেটিরিয়্যালসের উপর যদি ট্যাক্স বাড়ান, এটা তো বড় দুঃখের কথা হয়? আপনি এটা দেখুন। আপনারা যে অপকর্ম করেন, এইগুলোকে ঢাকার জন্য এবং আপনাদের সুকীর্তিগুলো তৈরি—আজকে এটা তো দেখবেন, আপনার ইনফরমেশন অ্যান্ড কালচারাল দপ্তর আছে, এই দপ্তরটা প্ল্যানের থেকে বেশি খরচ করে বরাবরই। সাধারন বাজেটের প্ল্যান থেকে বেশি খরচ করে। এটা গোটাটাই নন-প্ল্যান। এখানে কোনও প্ল্যান নেই। বসুমতী নাকি শিলিগুড়ি থেকে বেরোচ্ছে। এর সম্বন্ধে আপনি সিদ্ধান্ত নেবেন? আমি এটায় খুশি হব, আমি খারাপ কথা বলি না। গণশক্তির প্রতিদ্বন্দ্বী হবে বলে একে শিলিগুড়িতে পাঠিয়ে দিয়েছেন, আপনি উল্টোটা করুন না? আপনারাই তো সব, গণশক্তি বসুমতীর প্রতিদ্বন্দ্বী নয়। বসুমতী এখান থেকে বার করুন না? এদের জোর করে নাকি ওখানে বান্ডিল করে পাঠিয়ে দিয়েছেন। যেমন প্রেস করনার' ভেঙে দিয়েছেন, এটা যদি আপনি একটু সহানুভূতির সঙ্গে দেখেন, আপনাদের কথাই তো ওরা প্রচার করবে, আমাদের কথা লিখবে না। আজকে মানুষের বেঁচে থাকার জন্য সুবোধ চৌধুরি মহাশয় আছেন, আমার বন্ধু মানুষ, আমরা যার উপর ভরসা করি। আজকে হরিণঘাটা ডাঃ রায়ের স্বপ্ন তো তুলে দিলেন। আজকে পোলেটোরাল সোর্স অব ইনকাম, এর রিসোর্সের বাড়ানো যায় বাই মাল্টিপ্লিকেশন of hybrids. শঙ্কর গাই নিয়ে আমি একটা করেছিলাম, এরা সব ছিল, প্রায় তুলে দিলো। এটাকে আপনি একটু প্রচার করার চেষ্টা করুন। এ.এস.আই. গুলো আর্টিফিশিয়্যালি ইনসেমিনেশন সেন্টারগুলো কাজই করে না। the injections. হয়তো একটা আধটার কনসেপশন সম্ভব হয়, সেইগুলো আপনাদের দেখার দরকার আছে এবং দেয়ার ইজ এনাফ স্কোপ এবং আমরা যখন নদীয়া দিয়ে যাই, হরিণঘাটাকে আপনারা মরুভূমি করে দিয়েছেন, পশ্চিমবঙ্গও মরুভূমি হয়ে গেছে। হরিণঘাটার মরুভূমির রূপটাকে বদলানো যায় না? আজকে আমাদের ল্যান্ডের এফর্ট সম্পর্কে দারুণ দাবি, এফেক্টিভ অপটিমাম utilisation as proposed by Dr. B. C. Ray আপনি এটা ভাববেন না, মরুভূমি করে রেখে দেবেন? পাওয়ার ছাড়া কোনও জিনিস হয় না। এখানে নাকি পাওয়ারের পোজিশন এত ভাল যে সব ইন্ডাস্ট্রি পালিয়ে যাচ্ছে অন্য জায়গায়। কিন্তু একটা প্রশ্ন আমি আপনাকে করি, এই পাওয়ারের সঙ্গে নন-কনভেনশন্যাল সোর্স অব এনার্জিতে আপনারা কী উদ্যোগ নিয়েছেন প্রোপাগেশনের জন্য? কাউডাঙ্ক, গোবর গ্যাস প্ল্যান্ট অ্যান্ড দি লাইক, মুখ্যমন্ত্রী এবার দিল্লিতে গিয়ে বলে এসেছেন যে আমাদের নিউক্লিয়ার প্ল্যান্ট চাই। এখানে কয়লা আছে, বোধ হয় ৮৮ মাইলের মধ্যে দেয় না, আপনারা এটাতে করে দেখুন আর বক্রেশ্বর, সাগর দীঘি, এইগুলো তো আপনার বাবরি মসজিদ্ হয়ে গেছে। এখানে হলদিয়াটাও যেন বাবরী মসজিদ না হয়। এটাকে দেখাবেন ভোটের সময়, পঞ্চায়েতে আবার এইগুলো বলবেন, এটা করবেন না, একটা নির্দিষ্টভাবে কিছু বলুন। হ্যাঁ, we have a will to implement this programme. আমরা মনে করি আপনি এইগুলো করেছেন এবং এখানে ট্রান্সমিশন লসটা ২২ পারসেন্ট। ১১ পারসেন্ট পর্যন্ত ট্রান্সমিশন লস অ্যালাউড। এটা আপনি একটু করবেন। স্যার ওয়েস্ট বেঙ্গল হ্যাপেন্স টু বি the Macca of football and Calcutta is the Macca of football. আজকে তিনটে বড় দল টাকার বস্তা নিয়ে—অবশ্য টাকা ওখানে নিয়ে গেছে। সি.পি.এম. ছাড়াও খেলোয়াড়দের টাকা আছে। প্লেয়ার খুঁজে বেড়াচ্ছে। আজকে আমাদের খেলা এতো জায়গায় পৌছেছে, কি সে পৌছেছে,

পশ্চিমবাংলা ইন হোয়াট type of budget, আজকে এই অবস্থাটা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথাগুলো বলতে চাই, আজকে শেষ একটা বলে নিই, পশ্চিমবঙ্গের ভবিষ্যতটা কোথায়? আপনি যদি এই বক্তব্য রাখেন, আজকে আপনাদের বাজেটের রূপ যদি এই হয়, এতে বলুন গ্রোথ স্টিমুলাস কোথায়? নিল। এখানে পপুলেশন মাল্টিপ্লাইং অ্যাট দি রেট অফ টুয়েলভ লাখস পার অ্যানাম। মাসে এক লক্ষ মানুষ বাড়ছে, অথচ সে অনুযায়ী আপনার গ্রোথ রেট নয়। গ্রোথ রেট নট অ্যাসিয়োর্ড, নট ইন এগ্রিকালচার। তাহলে ওয়েস্ট বেঙ্গল যাবে কোথায়? এবং সোশ্যাল সার্ভিস-এর করেসপন্ডিং ইনক্রিসের যে জিনিস দরকার, সেটাও আপনি প্রস্তাব করেন নি। শেষ কথা হচ্ছে, আমাদের রিসোর্স কন্সট্রেন্টস এবং উই আর লিভিং ইন এ স্কেয়ার্স ইকনমি, আমাদের অনেক স্কেয়ারসিটি আছে। ইকনমিক রিসোর্স যেখানে স্কেয়ার্স সেখানে মিনিমাম রিসোর্স যা পাবেন তাকে যদি আনপ্রোডাকটিভ ক্ষেত্রে ব্যয় করেন তাহলে ডেভেলপমেন্ট কি করে হবে? কে দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর ভিজিট করল, ২০ লক্ষ টাকা খরচ হয়ে গেল। কে বঙ্গ ভবনে থাকবে, তার জন্য বঙ্গ ভবন সাজাতে ২০ লক্ষ টাকা খরচ হয়ে গেল। এগুলো কি প্রোডাকটিভ এক্সপেনডিচার? না তা নয়। এগুলো কোরাপশন। আমি জানতে চাইছি চা বাগান, ইন্ডাস্ট্রিতে ওয়েস্ট বেঙ্গল ফাইনান্সিয়াল কর্পোরেশনে, কো-অপারেটিভস-এ, কো অপারেটিভ ব্যাঙ্কস-এ কি হচ্ছে? এখানে ৩২ কোটি টাকা নয় ছয় হয়েছে। কো-অপারেটিভ ব্যাঙ্কস-এ কোটি কোটি টাকার নয় ছয় হয়েছে। যেখানে আপনারা সেখানেই নয় ছয় হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে সবিনয়ে বলি, আমাদের ফরেন রিলেশন স্টেটের ব্যাপার নয়—আমাদের কেন্দ্রীয় ফিনান্স মিনিস্টার একটা গুডউইল জেসচার দেখিয়েছেন যে, হ্যাঁ, আমাদের এখানে বাংলাদেশের জামদানি আসবে এবং সেই আসার পথকে একটু সুগম করেছেন। আপনি সেই জামদানী নিয়ে আপনার বক্তৃতার মধ্যে হৈ-চৈ করেছেন। ইউ পলিউট দি অ্যাটমোসফেয়ার উইথ ইয়োর নেইবার। আজকে আপনাকে একটা কথা বলব, আপনাদের রিলিফ ডিপার্টমেন্ট কি উঠে গেছে? এই সরকার এতই দেউলে হয়ে গেছে! এখান থেকে ২০০ গজের মধ্যে ৮৬ জন মারা গেল, ৩০০ মানুষ হাসপাতালে রয়েছে, তাদের জন্য আপনারা কি রিলিফ ঘোষণা করলেন? মহারাষ্ট্র ঘোষণা করেছে টু লাখ ফর ইচ ক্যাজুয়ালিটি। আর এখানে আহতদের চিকিৎসার দায়িত্বটুকু পর্যন্ত নেওয়া হচ্ছে না। রসিদকে, ভাল্লুককে আশ্রয় দিলে, এসব কাজ আপনারা কি করে করবেন! কলকাতার বুকে ৮৬ জন মারা গেল, ৩০০ লোক হাসপাতালে গেল, রাজ্য সরকার একটা সান্ত্বনার কথাও তাদের জন্য ঘোষণা করতে পারল না। যতই দেউলে হোন এর জবাব আপনাকে দিতে হবে। আমার শেষ কথা হচ্ছে সামনেই ইদ, অনেকগুলো সেনসিটিভিটি আছে—আপনারা কাজ কি করেন জানি না! এত দিন জানতাম ইউ আর ট্রুলি সেকুলার, ইউ আর কমিটেড টু কন্সটিটিউশন, কিন্তু এখন দেখছি ইউ আর ডিটারমাইন্ড টু ব্রেক ইন্ডিয়ান ইউনিটি, ইউ আর ট্রাইং টু ব্রিং অ্যাবাউট দিস ডিস-ইউনিটি অ্যান্ড ডিস-ইন্ট্রিগিটি অফ ইন্ডিয়া। এখন দেখছি আপনারা মতলববাজ। আমার শেষ কথা আজকে ভারতবর্ষের পরিবেশ বিশ্ব পরিবেশ থেকে আলাদা নয়, বিশ্ব অর্থনীতি থেকেও ভারতবর্ষ আলাদা নয়। India is making a competition to become a partner in the global economy. I invite you Dr. Asim Kumar Dasgupta, to participate in the global economy with the efforts of our Finance Minister. Don't pauperize the population of West Bengal. With these

words, I differ with the proposal of Dr. Asim Kumar Dasgupta.

(At this stage the House was Adjourned till 4-00 P.M.)

(after adjournment)

## STATEMENT ON CALLING ATTENTION

[4-00—4-10 p.m.]

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of the Home (Police) department will make a statement on the subject of alleged murder of a youth leader of the major ruling party in Shaktinagar, Krishnagar, Nadia on 11.3.1993.

(Attention called by Shri Saugata Roy on the 15th March, 1993).

**Shri Jyoti Basu:** Sir, I rise to make the following statement in connection with the Calling Attention Notice from Shri Saugata Roy, regarding the incident of murder of a CPI(M) youth leader in Shaktinagar, Krishnagar in the district of Nadia on the 11th March, 1993.

On the 11th March, 1993, around 9.10 A.M., one Jharu Biswas, son of Late Manindra Nath Biswas of Haren Mukherjee Road, Shaktinagar was collecting subscriptions for a religious function at Shaktinagar. At that time, one Sisir Karmakar of Kalinagar Bagula Road and others who were armed with deadly weapons appeared at the spot. They then proceeded to interrogate and manhandled Jharu Biswas. They wanted to ascertain from him where Biplab Sarkar could be found at that time. Biplab Sarkar was in his wooden furniture shop and he also saw the miscreants looking for him. He then left the shop and started running away. The armed miscreants spotted him and began to chase him. In a short time, the miscreants caught up with him and killed him on the spot with their weapons.

Biplab Sarkar was Assistant Secretary, DYFI., Local Committee. His assailants were Congress (I) supporters.

Over this incident, tension immediately developed in the locality. The local police followed by senior district officials went to the place of occurrence. The dead body of Biplab Sarkar was removed to Shaktinagar Hospital Morgue. In connection with this incident, Kotwali P.S. Case No. 104/93 dated the 11th March, 1993, has been registered. Eight persons have been named in the FIR recorded in this connection. One FIR named person Pagla @ Pagla Sarkar has been arrested.

Vigorous attempts are being made to arrest the other FIR named persons. Investigation in the case is proceeding under the supervision of senior police officers.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সঙ্গে কথা হয়েছিল, মাননীয় মুখ্যমন্ত্রী বিবৃতি দিলেন। আপনার এক্তিয়ার আছে, we want to put a motion under rule 319. Let there be a discussion on the statement made by the Chief Minister against Calling Attention notice given by Dr. Manas Bhunia and others. But motion under rule 319 is not a substentive motion. So we want to bring a motion under rule 199. We want that under rule 363, rule 199 be suspended for the day. The time limit may be fixed in consultation with the Leader of the House and the Leader of the Opposition. We want to move a motion as follows:

"Disapproval of policy of the Left Front Government headed by Shri Jyoti Basu for criminalization of the politics and politicization of all the criminals in the city of West Bengal." By this resolution we want to condemn the Government. I expect that you would allow it.

(Noise and Interruption)

**Mr. Speaker:** Please sit down. Please sit down. I am on my legs.

(Noise and Interruption)

**Mr. Speaker:** Please take your seat. Mr. Mukherjee, please take your seat.

(Noise and Interruption)

**Mr. Speaker:** Please sit down. Dr. Abedin, please control your members. I am on my legs. Please take your seat. If you do not want to listen me I will close the chapter. Please sit down.

Now Mr. Sadhan Pandey, what is your personal explanation?

[4-00—4-10 p.m.]

**শ্রী সাধন পান্ডে ঃ** স্যার, আমাকে বলতে দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ, আমাকে পারসোনাল এক্সপ্লানেশনের উপর একটা বক্তব্য রাখতে বলেছেন। স্যার, আমি বলব, তারপর আমাদের সদস্যরা কিছু বলবেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি একাই বলুন, আপনার দলের লোকেরা নয়।

## POINT OF PERSONAL EXPLAINATION

**শ্রী সাধন পান্ডে ঃ** স্যার, আমি একটা বক্তব্য রেখেছি, সেই ব্যাপারে একটা দুঃখজনক ঘটনা এইরকম একটা হাউসে হয়েছে। আমি যে স্টেটমেন্ট দিয়েছি ১৬ তারিখে সেই স্টেটমেন্ট বিকৃতভাবে সংবাদপত্রে বেরিয়েছে। ১৭ তারিখে যখন প্রসিডিংসটা দেখা গেছে সেই প্রসিডিংসে যা লেখা আছে সেই বিবৃতি সেখানে ছিল না। আমি পরিষ্কার করে বলতে চাই বি.জে.পি. ইস্যুতে আমরা কংগ্রেস দল একমত, বি.জে.পি-র সঙ্গে আমরা নেই, বি.জে.পি-র রাজনীতি আমরা সমর্থন করি না। স্যার, মুখ্যমন্ত্রী এখানে আছেন, আমি যে বক্তব্যটা রেখেছি সেই বক্তব্যটা হল গণতন্ত্রের পক্ষে। আমি বলেছি যে কোনও রকম—আমি অনুরোধ করেছি, এখানে বিনয়বাবু আছেন, আমি বিনয়বাবুকে সমর্থন করে বলেছি, উনি যে বক্তব্য বলেছেন যে কোনও ব্ল্যাংকেট ব্যন অন মিটিং হয় না, যদি কোড অফ কনডাক্ট মানা হয় তাহলে যে কোনও রাজনৈতিক দলকে সভা করতে দিতে রাজি আছি।

স্যার, এটাই সমর্থন করছি। এখানে মাননীয় বুদ্ধদেববাবু আছেন, তিনি বলেছেন যে, 'আমি র‍্যালি করতে দেব না।' আমরা এর বিরোধিতা করছি। গণতন্ত্রে এটা চলে না। এই হাউসে, গণতন্ত্রের পীঠস্থানে আমি বলছি অগণতান্ত্রিকভাবে কাউকে বন্ধ করবেন না। ধন্যবাদ।

স্যার, আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, এতবড় বদনাম নিয়েও উনি উত্তর দেবেন না? মুখ্যমন্ত্রী দাঁড়িয়ে উঠে বলুন যে এতে উনি দোষী।

(গোলমাল)

কংগ্রেস সদস্যরা একযোগে স্লোগান দিতে থাকেন। বিধানসভার ওয়েলের মধ্যে ঘুরে ঘুরে তাঁরা স্লোগান দিতে থাকেন।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার,—(গোলমাল) স্যার, বি.জে.পি. মার্কা কংগ্রেসিরা চেঁচাবেন? আপনি ওদের নিয়ন্ত্রণ করুন। আপনি সভাকে নিয়ন্ত্রণ করুন।—(গোলমাল)

**(ধ্বনি ঃ রশিদের সরকার আর নেই দরকার)**

মাননীয় স্পিকার স্যার, গতকাল মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব পেশ করেছেন সেই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই।—**(গোলমাল)**

মাননীয় বিরোধী দল-নেতা, ডাঃ জয়নাল আবেদিন সাহেব কিছুক্ষণ আগে এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে কিছু কথা বলেছেন। এটা হচ্ছে সবচেয়ে দুঃখজনক ঘটনা যে, বিরোধী দলনেতা যখন বক্তৃতা দিয়েছেন, তাঁর বক্তৃতা আমি মনোযোগ দিয়ে শুনেও এই কথা বার করতে পারি নি যে আদতে এই বাজেট প্রস্তাবটি উনি পড়ে উঠতে পেরেছেন কিনা। **(গোলমাল)** উনি যে কথাগুলো বললেন তাতে মনে হয়েছে যে বাজেট প্রস্তাবটিকে পড়ার প্রয়োজনীয়তা তিনি মনে করেন নি। কাজেই এক ঘন্টা ধরে যে কথা উনি বলেছেন তাতে সাধারণ অর্থনীতি সম্পর্কে ন্যূনতম যে ধারণা সেই জায়গায় দাঁড়িয়েই বলে গেছেন।(গোলমাল) মাননীয় অর্থমন্ত্রীর যে প্রস্তাব সেই প্রস্তাবের বিরোধিতা করে কোনও বক্তব্য না রেখে—বি.জে.পি.

পন্থী কংগ্রেসিরা যারা আড়ালে বি.জে.পি. করেন, কিন্তু এখানে কংগ্রেসের এম.এল.এ. হয়েছেন, সেই বি.জে.পি. মার্কা কংগ্রেসি এম.এল.এ.রা এখানে বিশৃঙ্খলা করে এটা আর একবার প্রমাণ হচ্ছে। (গোলমাল।) ওদের কেন্দ্রের বাজেট সম্পর্কে কোনও বক্তব্য নেই। (গোলমাল) স্যার, আপনার কাছে আমার অনুরোধ, এই সমস্ত জিনিসপত্র বিধানসভাতে না রেখে আপনি চিড়িয়াখানায় রাখার ব্যবস্থা করুন।

(গোলমাল) (কংগ্রেসি সদস্যরা ঘুরে ঘুরে স্লোগান দিতে থাকেন।) স্যার, যারা বি.জে.পি.র দালাল, সমাজ বিরোধীদের সাথে যাদের ওঠানামা, এদের কেউ বি.জে.পি. (গোলমাল) এই কতকগুলো মানুষকে বিধানসভার ভেতরে না রেখে চিড়িয়াখানার মধ্যে রাখার অনুরোধ আমি করছি। এই চিড়িয়াখানার জন্তুগুলো এখানে দাঁড়িয়ে ঘুরছে। এদের রাজনীতিটা সমাজবিরোধীদের রাজনীতি। সুব্রত মুখার্জি ওমরের কাছ থেকে টাকা নেন। সাধন পান্ডে টাকা নিয়ে চলেন। সৌগত রায় টাকা নেন আমেরিকান কনসোলেটের কাছ থেকে। স্যার, সাট্টা বুকিদের কাছ থেকে নিয়মিত টাকা নেন সুদীপ ব্যানার্জি। আজকে এই সমাজ বিরোধীদের হাতে এই সমাজ বিরোধী এম.এল.এদের হাতে বিধানসভার পবিত্রতা বিঘ্নিত হচ্ছে। ওঁরা যেভাবে কাজ করছেন

[4-20—4-30 p.m.]

যেন মনে হচ্ছে সার্কাস করছেন, এটা বিধানসভাতে শোভা পায় না। এটা একটা দেখার মতো জিনিস যে ঋষি বঙ্কিমচন্দ্রের 'বন্দে মাতরম্' এই কবিতাটিকে নিয়ে এই কংগ্রেসি এম.এল.এ.রা অর্থাৎ সমাজবিরোধীরা যেভাবে এখানে পরিবেশন করছেন সেটা সত্যি দুঃখজনক। এদের জোকারের রোলে ভালো লাগত, বিধানসভাতে এটা মানায় না।...........(গোলমাল।)

**(বিরোধীপক্ষের সদস্যরা এই সময়ে স্লোগান দিতে দিতে মিঃ স্পিকারের চেয়ারের অভিমুখে যান)**

**(গোলমাল)**

এইসব সমাজবিরোধীদের সঙ্গে কংগ্রেসের ঘনিষ্ঠতা আছে এবং তারা এর সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত। ওমরের পক্ষ হয়ে কিছুক্ষন আগে সুব্রতবাবু সাফাই গাইলেন। আজকে যাদের গ্রেপ্তার করা হয়েছে, সাট্টার মালিক যারা তাদের সঙ্গে কংগ্রেসের একটা বিশেষ যোগ সাজস রয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রর সঙ্গে ওই রশিদের একটা দহরম মহরম রয়েছে। ওঁরা নিজেদের মধ্যেই দুটি দল করে রয়েছেন। ওদেরই দলনেতা জয়নাল আবেদিন চাইছেন হাউসে থাকতে আর আর ওঁদেরই দলের আরেক সদস্য সত্য বাপুলি চাইছেন ওয়াক আউট করতে এবং বেরিয়ে যেতে। আসলে ওরা রাজনৈতিক দলই নয়। ওরা বঙ্কিমচন্দ্রের 'বন্দেমাতরম'কে মর্যাদা দিতে পারেন নি। যাত্রার সঙ্গকে পর্দাতেই ভালো লাগে বিধানসভাতে দেখতে ভালো লাগে না। জয়নাল আবেদিন সাহেব যেভাবে বক্তৃতা করলেন তাতে রাজ্যের বা দেশের অর্থনীতির ধার দিয়েও তিনি গেলেন না। আসলে দেশের অর্থনীতি সম্পর্কে তাঁর কোনও জ্ঞানই নেই। উনি বাজেটের উপরে যে ভাষন রাখলেন তা আদৌ বাজেটের উপরে আলোচনা নয়। ওঁনারা শুধু একটা নাটক করছেন। এই জিনিস এই পবিত্র বিধানসভাতে মানায় না। কাজেই মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে আমার

বক্তৃতা শেষ করছি। (গোলমাল)...

**শ্রী কৃষ্ণধন হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন রুলিং দিতে গিয়েছিলেন তখন বিরোধীপক্ষরা সেটা উপেক্ষা করে আপনার নির্দেশ অমান্য করেছেন। একজন বিরোধীদলের সদস্য এবং দলনেতা হিসাবে ডাঃ জয়নাল আবেদিন যে বক্তৃতা দিলেন তা বাজেটের বক্তৃতা হয় নি। কিন্তু তবুও আমরা সেই বক্তৃতা মন দিয়ে শুনেছি। কিন্তু আমাদের পক্ষ থেকে মানববাবুকে যখন বক্তৃতা করতে দেওয়া হল ওরা ওইভাবে চিৎকার চেঁচামেচি শুরু করেছেন এটা কখনোই সহ্য করা যায় না। এতে বিধানসভার পবিত্রতাও নষ্ট হচ্ছে। এই হাউসের বিতর্ক যাতে সুষ্ঠভাবে চলতে পারে সেটা আপনার দেখার দরকার। ওঁরা সমাজবিরোধীদের বন্ধু, ওঁদের সভায় থাকার অধিকার নেই। এতে বিধানসভার পবিত্রতা নষ্ট হচ্ছে। বাজেটে সরকার পক্ষের থেকে বক্তৃতা করতে উঠেছে তখনই এই ধরনের আচরণ ইচ্ছাকৃত এবং ডিবেট যাতে না চলতে পারে তারজন্য বাধা সৃষ্টি করা হচ্ছে।

(Noise)

(At this stage, all the members belonging to the Cong (I) Party were seen shouting just in front of the podium of Mr. Speaker. But Dr. Zainal Abedin, Dr. Motahar Hossain, Shri Gyan Singh Sohan Pal, Shri Satya Ranjan Bapuli and Shri Abdus Salam Munshi were in their respective seats.)

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** স্যার, আমি প্রস্তাব করছি অন্ততঃ ওদেরকে বের করে দিন, আপনি রুলিং দিন, এইভাবে বিধানসভার কাজকে বন্ধ করতে দিতে পারিনা। আপনি ওদেরকে বার করে দিন, যাতে আমাদের এই বাজেট অধিবেশনটা চলতে পারে।

(Noise)

(At this stage, some members belonging to the Rulling Parties rose to speak something.)

**Mr. Speaker:** Now, Dr. Manas Bhunia.

(At this stage, all the Congress (I) members were shouting standing on the left side of Mr. Speaker and Dr. Manas Bhunia came to his seat. But he did not respond to the call of Mr. Speaker.)

**Mr. Speaker:** Now, Shri Birendra Kumar Moitra.

(Noise)

(At this stage, the members belonging to the Congress (I) party were moving around the well of the House and continued shouting.)

(At this stage, Dr. Manas Bhunia was seen raising his hand to

have another chance to deliver his speech, and Shri Birendra Kumar Moitra was seen hesitating to further making his speech and stopped for a while. On being instructed by Mr. Speaker, Shri Birendra Kumar Moitra finally started delivering his speech.)

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, মাননীয় অর্থমন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দের কথা এখানে উপস্থাপন করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যে ব্যয়বরাদ্দের কথা খোলাখুলিভাবে দেখিয়েছেন এটা অত্যন্ত আনন্দের কথা। তিনি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলবার চেষ্টা করেছেন যে কেন্দ্রীয় সরকার কিভাবে ভারতবর্ষের অর্থনীতিকে কোন পথে নিয়ে যাচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকারের রাজ্যের প্রতি যে অনীহা সেই অবস্থার মধ্যে থেকে তিনি রাজ্য সরকারের সংসারটা এত সুন্দরভাবে চালালেন যে এটা বলার কথা নয়। এর জন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আজকে বাজেটে মাননীয় অর্থমন্ত্রী ২৮ কোটি টাকা ঘাটতির যে বাজেট দেখিয়েছেন সেই ব্যাপারে কংগ্রেসের মাননীয় সদস্যরা এটাকে কটুক্তি করার চেষ্টা করলেন। আজকে কেন্দ্রীয় সরকারের যাদের হাতে ভারতবর্ষের সমস্ত অর্থের মূল আমদানি তাদের থেকে যদি ঘাটতির বাজেট উপস্থাপিত হয় তাতে কোনও দোষ হয়না। সেখানে আমাদের এখানে যদি মাত্র ২৮ কোটি টাকা ঘাটতির বাজেট দেখানো হয় তাতে ভারত অশুদ্ধ হয়ে যায়না। মাননীয় অর্থমন্ত্রী কেন্দ্রীয় সরকারের অনীহা এবং সীমিত আয়ের মধ্যে দাঁড়িয়ে থেকে তিনি যেভাবে গত বছরে রাজ্য সরকারের সংসার চালিয়েছেন সেইজন্য তাকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আজকে এমবার্গো করা হয়েছে ঠিকই, এমবার্গো করে সংসার চালানো যে কত কঠিন ব্যাপার সেটা যিনি চালাচ্ছেন তিনিই জানেন এর জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন তার বাজেট ভাষণে কেন্দ্রীয় সরকার তারা ওভারড্রাফট বন্ধ করেছেন, কেন্দ্রীয় সরকার তারা এই ওভারড্রাফট পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের জন্য বন্ধ করেননি, অন্য রাজ্যে যেখানে কংগ্রেসি শাসন ছিল তারা সেখানে যেভাবে এই ক্ষমতাটাকে ব্যবহার বিভিন্ন দিকে এবং অত্যন্ত খারাপভাবে ব্যবহার করছিলেন, সেইজন্য আজকে কেন্দ্রীয় সরকার এই ব্যবস্থা করেন। এখানে অর্থমন্ত্রী অত্যন্ত সঠিকভাবে দেখিয়ে দিয়েছেন কেন্দ্রীয় সরকারের সমস্ত ফাঁকফোঁকর, এবং তিনি এটা সবার সামনে তুলে ধরেছেন। বিদেশি ঋণ হিসাবে গত বছরে পাওয়া গিয়েছে ৬ হাজার ৭৭ আর বিদেশি মুদ্রা ব্যয় হয়েছে ৬ হাজার ৭৯ কোটি টাকা।

(At this stage, the Congress (I) members walked out of the Chamber. Shri Naren Hansda was not seen at that point of time. The SUC members were present in the House.)

[4-30—4-40 p.m.]

তারা বলেছেন ব্যবসার খাতে ১৬৬৮ কোটি টাকা, ঋণ শোধ করতে চলে গেছে ৩,০৬৫ কোটি টাকা। তারা এই কথাগুলো এখানে না বললেও পরিষ্কারভাবে না বললেও পশ্চিমবাংলার লোক এবং আমরা জানতে পারতাম না। অবস্থা যে কি ভয়াবহ সেটা অনেক লোকই জানেনা। বিদেশি ঋণ যা নেওয়া হয় তার ১০০ শতাংশর বেশি যায় আগেকার ঋণ শোধ করতে। দেশের উৎপাদনের উপর, শুল্কের উপর ছাড় দেওয়া হয়েছে ১,২৪৯ কোটি

টাকা। আবার আমদানি শুল্কের উপর ছাড় দেওয়া হয়েছে ৩,২৭৩ কোটি টাকা। অর্থমন্ত্রী এইকথাগুলি পরিষ্কার করে দিয়েছেন। উত্তরবঙ্গের একজন সদস্য বিরোধীদলের যখন নেতা হল তখন আমরা এর জন্য গর্ববোধ করলাম। কিন্তু তিনি যে এত ছেলেমানুষী করবেন, তিনি যেভাবে এখানে বক্তৃতা করলেন তা বলার কথা নয়। তিনি আমাকে প্রায় বলেন হিন্দু মহাসভার লোক। কারণ আমি জানি তিনি কোনখানকার লোক। আমি জয়নাল আবেদিনের নাম বলতে পারছি না তিনি একজন প্রাক্তন এম.পি-র নামে অন্য রাজ্যের কাছ থেকে টাকা নিত। এইকথা আমি জানি বলেই তিনি আমাকে হিন্দু মহাসভার লোক বলে। আজকে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার রেলের ভাড়া, চিনির দাম, কয়লার দাম সমস্ত বাড়িয়ে দিয়েছে। আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন প্রাকটিকাল। তিনি বলেছেন কেন্দ্রীয় সরকারের টাকা যদি পাই তাহলে এত টাকা খরচ করব, যদি না পাই তাহলে এত টাকা খরচ করব। জয়নাল সাহেব অনেক কথা বলছেন। ওনাদের আমলে দু-একটি কথা আমি এখানে পড়ে শোনাতে চাই। যখন সিদ্ধার্থ রায় মুখ্যমন্ত্রী ছিলেন তখন তার দলের একজন সদস্য অহীন্দ্র মিশ্র বলেছেন, "আরেকটা জিনিস লক্ষ্য রাখতে হবে। সেটা হচ্ছে অর্থগুলি সঠিকভাবে ব্যয় করা হচ্ছে কিনা। আম্মরা দেখছি যে সেচ বিভাগে যে অর্থ বরাদ্দ করা হয় তার যথাযোগ্য সদ্ব্যবহার করা হয় না। এককথায় এই সেচ বিভাগকে কন্ট্রাক্টর্স ডিপার্টমেন্ট বলা হয়। কারণ এই খাতে যে অর্থ ব্যয় করা হয় তার শতকরা ৫০ ভাগেরও বেশি নর্দমার স্রোতের মধ্যে দিয়ে কন্ট্রাক্টার এবং এক শ্রেণীর অসাধু অফিসারদের পকেটে চলে যায় এবং অর্থের পুরোপুরি সদ্ব্যবহার হয়না। তারপর এর যে বাজেটে ক্রাশ প্রোগ্রামের কথা বলা হয়েছে, এই ক্রাশ প্রোগ্রামের শতকরা ৫০ ভাগ অর্থ ফিরে চলে গেছে, সেটাও কাজে লাগানো সম্ভব হয়নি। তার জন্য কি অ্যাসেম্বলির মেম্বাররা দায়ী? তার জন্য কি জনসাধারণ দায়ী? তার জন্য নিঃসন্দেহে দায়ী এই সরকার।" এই কথা তারা তখন বলেছেন। অথচ তারা আবার আজকে আমাদের সমালোচনা করছেন। তাদের আরেকজন স্মরণীয় সদস্য ডাঃ কানাইলাল সরকার বলেছেন এর আগেরবার যখন খুব জলকষ্ট হয়েছিল এবং জলের জন্য চারিদিকে হাহাকার পড়ে গিয়েছিল তখন প্রত্যেকটি এলাকায় ৪টি করে টিউবওয়েল গভর্নমেন্ট থেকে বসাবার কথা হয়েছিল এবং সি.এম.ডি.এ থেকেও ৪০০ টিউবওয়েল বসানোর কথা হয়েছিল। সেই টিউবওয়েল দেখলাম গরম চলে যাবার পর বর্ষার সময় বসানো হল। তারপর সব থেকে আশ্চর্যের কথা, কোনওরকম তদারকি নেই, কোনওরকম সুপারভিসন নেই, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে ৭৭৮টি টিউবওয়েল এই কলকাতায় বসানো হয়েছিল সি.এম.ডি.এ এবং পাবলিক হেলথের তরফ থেকে। তার মধ্যে ৭০ পারসেন্ট টিউবওয়েল অকেজো হয়ে গেছে এবং ১৫ পারসেন্ট টিউবওয়েল বসানোর পর জল উঠছে না। সেজন্য আপনার কাছে অনুরোধ এইগুলোর সুপারভিসন ব্যবস্থা যেন করা হয়। তা যদি না করা হয় তাহ'লে সমস্ত টাকা অপচয় হয়ে যাবে এবং জনসাধারণের কোনও উপকারে লাগবে না। এই কংগ্রেসিরাই আবার আমাদের কাজকর্মের সমালোচনা করেন। এই জয়নাল সাহেব একসময় স্বাস্থ্য দপ্তর ও কো-অপারেটিভ দপ্তরের মন্ত্রী ছিলেন, তাদের আমলেই এইসব ঘটনা ঘটেছে। যাই হোক অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সমর্থন করে আমি কিছু নিবেদন করতে চাই।

জয়নাল সাহেব ভি.পি.সিং-এর সরকার সম্বন্ধে অনেক কথা বললেন। আমি তাকে বলি, ভি.পি.সিং-এর সরকার তো চিরকাল ছিল না, চিরকাল তো কংগ্রেসের সরকার ছিল, ভি.পি.সিং-এর সরকার তো মাত্র কয়েক মাস ছিল কাজেই এটা cumulative effect in certain places and in certain forces. এটা আজকে স্বীকার করতে হবে। ওরা পাওয়ারের কথা বলেছেন। তখন তো এতো গ্রামে বিদ্যুৎ ছিল না, বিদ্যুতের এতো ক্রাইসিসও হবার কথা ছিল না। সেই সময় কংগ্রেসের আমলে বিদ্যুতের কি অবস্থা ছিল তা ওদেরই একজন সদস্যের কথা উল্লেখ করে জানাচ্ছি। "আজকে যে পাওয়ার ক্রাইসিস দিস দি কিউম্যুলেটিভ এফেক্ট অব দি ফেলিওর অব দি পাস্ট একথা আমাদের অস্বীকার করার উপায় নেই। আজকের পরিপ্রেক্ষিতে আগামী দিনের সরকার এই পাওয়ার শর্টেজ মিট করার জন্য কি কি নতুন প্রকল্প গ্রহণ করেছেন তার মধ্যে যদি পারসপেকটিভ প্ল্যানিং-এর ছবি না পান, তার মধ্যে যদি এই চাহিদা পুরণের প্রতিশ্রুতি না থাকে তাহলে নিশ্চয় বলতে পারেন যে সরকার ভুল পথে চলেছেন।" আজকে কিন্তু পাওয়ারের অবস্থা পশ্চিমবঙ্গে সবচেয়ে ভাল। বিহার, ইউ.পি.তে গিয়ে শুনেছি যে তারা বলছেন পাওয়ারের ব্যাপারে পশ্চিমবঙ্গের অবস্থা খুব ভাল। পশ্চিমবঙ্গে এই সীমিত ক্ষমতা এবং সম্পদ নিয়ে মাননীয় অর্থমন্ত্রী যেভাবে অর্থদপ্তরকে পরিচালনা করছেন তা আগামীদিনের জন্য একটা উদাহরণ হয়ে থাকবে। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার এর পর একটি নিবেদন আছে। আমার কথা হল, উত্তরবঙ্গে কিছু ইন্ডাস্ট্রি বৃদ্ধি করার ব্যাপারে আমাদের নতুন করে চিন্তা ভাবনা করতে হবে। আমি আগেও এটা নিয়ে বলেছিলাম যে উত্তরবঙ্গের মানুষের কাছে এটা একটা ধারণা করিয়ে দেওয়া হচ্ছে বিশেষ বিশেষ পার্টির পক্ষ থেকে বা বিচ্ছিন্নতাবাদী শক্তির পক্ষ থেকে যে উত্তরবঙ্গের জন্য আমাদের সরকার কিছু করতে চাইছেন না। সেখানে উত্তরবঙ্গের জন্য কোনও নতুন ইন্ডাস্ট্রি বা বেকারদের জন্য কোনও বিশেষ ব্যবস্থা হচ্ছে না। বেকারদের কথাতে আমার একটা কথা মনে পড়ে যাচ্ছে, সেটা মাননীয় অর্থমন্ত্রীর সামনে রাখছি। স্বনির্ভরতা কর্মসূচির অঙ্গ হিসাবে ছোট ছোট উদ্যোগীদের ব্যাপারে আমরা যেখানে রেকমেন্ড করে দিচ্ছি সেখানে দেখা যাচ্ছে ব্যাঙ্ক টাকা দিচ্ছে না অথবা যে টাকা দেওয়া হচ্ছে সেটা আদায় হচ্ছে না এই অজুহাতে তারা বলছেন যে টাকা দেওয়া যাচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এ ব্যাপারটা ভাল বোঝেন, আমি তাকে অনুরোধ করব, বিষয়টি আপনি দেখুন। তাছাড়া উত্তরবঙ্গে যাতে কিছু ইন্ডাস্ট্রি গড়ে ওঠে সেটাও আপনি দেখুন। কেন্দ্রীয় সরকার তো বলছেন যে ব্যাঙ্ক বেসরকারিকরণ করে দেবেন, তা যদি হয় তাহলে তো বেকারদের পক্ষে এটা আরও খারাপ হয়ে যাবে। এ ব্যাপারটা কি করে সমাধান করা যায় মাননীয় মন্ত্রী মহাশয় এটা একটু ভেবে দেখুন। দ্বিতীয়ত সমবায়ের ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় রাজ্যপালের ভাষনে এবং আপনার ভাষনে সমবায় সম্বন্ধে দেখিনি। আমার তো মনে হয় সমবায় ব্যবস্থাকে যদি আরও জোরদার করা যায় তাহলে সমবায়ের মাধ্যমে বেকার ছেলেদের কিছু কাজ দেওয়া যায়। আমি শুনছি সমবায়ের ম্যানেজারদের বেতন বাড়ানো হবে। কিন্তু আমি জিজ্ঞাসা করি, আপনারা কি কখনও এই ম্যানেজাররা কি কাজ করেন, কতখানি কাজ করেন, ঠিক কাজ করেন কিনা সেটা কি দেখেছেন? এই ম্যানেজাররা কে, সেক্রেটারিদের আত্মীয়স্বজন কিনা, তাদের কার কি কেয়ালিফিকেশন, এসব দেখা দরকার। রাজনৈতিকভাবে স্থির করলেন যে তাদের বেতন বাড়ানো হবে। যদি বাড়ানো হয় সেটা কে দেবেন। বলছেন সমবায় সমিতিকে

দিতে হবে, আপনার কাছে কেউ বলেছেন কিনা জানি না, ৫/৬/৭ টা সোসাইটিকে এক করে দেওয়া হচ্ছে। একটা গ্রামের মধ্যেই যেখানে মিল নেই সেখানে ১০টাকে এক করে দিলে কি চলবে? তারপর এই সোসাইটিকে টাকা দিতে হবে। শুনছি নাকি ম্যানেজারদের মাইনে ৯০০

[4-40—4-50 p.m.]

টাকা হবে। এখন ওরা ২০০/১০০ করে পান। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আসবেন কারা, প্রধানত সেক্রেটারির শশুর, ভাইপো, জামাই, এরা কাজ করবেন। সুতরাং প্রডাকটিভ খাতে খরচ না বাড়ালে বিশেষ কিছু হবে না। শুনতে পাচ্ছি ৩৮ কোটি টাকা এই বছর লাগবে। এই প্রসঙ্গে জানাই, ৮৪ কোটি টাকা নাকি ভারত সরকার দিয়েছেন, ২৩ শত গ্রামীণ গোডাউন করার জন্য। আমাদের চার পাঁচ কোটি টাকা দেবার কথা। আমাদের দেখতে হবে এই গোডাউন প্রকল্প যেন মার না খায়। গ্রামে পঞ্চায়েত এবং কো-অপারেটিভ পাশাপাশি চলবে। অর্থনীতির দিকটা কো-অপারেটিভ দেখবে এবং পঞ্চায়েত দেখবে অ্যাডমিনিস্ট্রেশনের দিকটা। সাতটি মহিলা কো-অপারেটিভ পশ্চিমবঙ্গে তৈরি হয়েছে। আমাদের দেখতে হবে এই মহিলা পরিচালিত কো-অপারেটিভগুলো যাতে ভালভাবে চলে। আমি আপনাকে বলি, আপনার মতো এত ডীপে গিয়ে কোনও অর্থমন্ত্রী এত চিন্তা করেন নি। যদিও আপনি একটা খারাপ সময়ে দায়িত্ব নিয়েছেন। আমার মনে হয়, আপনার বাজেট বক্তব্যে বেকার সমস্যা সম্পর্কে আর একটু বেশি কথা থাকা উচিত ছিল। আর একটা বিষয় জানাই, গ্রামের দিকে স্কুলগুলি দশ বছরেও রিকগনিশন পাচ্ছে না। আপনি এটা পরিষ্কারভাবে জানান তারা এই পাবে কি পাবে না। শেষ কথা হল, উত্তরবঙ্গে পাট একটা বড় শিল্প, এটা সম্বন্ধে বিশেষ কোনও আশাব্যঞ্জক কথা বাজেটে পেলাম না। আপনি এই সম্পর্কে ভাবনা-চিন্তা করবেন। এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-50—5-00 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ১৮ই মার্চ পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় যে বাজেট এখানে উত্থাপন করেছেন, আমি প্রথমে সেই প্রস্তাবকে সমর্থন করছি। আমরা যে সময়ে আছি সেই সময়ে বিশেষ করে আমাদের দেশের যারা রাষ্ট্র ক্ষমতায় রয়েছেন, তারা যে জায়গায় দেশটাকে এনেছেন বিশেষ করে অর্থনৈতিক ব্যাপারে—অত্যন্ত ভয়াবহ অবস্থা এবং ডঃ দাশগুপ্ত সঠিকভাবে বলেছেন যে একটা মৃত্যু ফাঁদে গোটা দেশের অর্থনীতিকে ফেলে দিয়েছে। তার থেকে মুক্তি পাবার কোনও রাস্তা বর্তমান আর্থ সামাজিক কাঠামোর মধ্যে আছে বলে জানা নেই। তাসত্ত্বেও পশ্চিমবাংলার যে অগ্রগতি হয়েছে, তাকে অব্যাহত রাখার জন্য যে সমস্ত প্রস্তাব ডঃ দাশগুপ্ত তাঁর বাজেট বিবৃতিতে দিয়েছেন, সেটা নিশ্চয়ই বলতে চাই এছাড়া আর কোনও বিকল্প পথ নেই। এখানে বিরোধী দলের নেতা তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যা বলেছেন তার সবটাই তিনি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে বলেছেন। আমাদের রাজ্যের অগ্রগতি ওঁরা দেখতে পাচ্ছেন না। কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং এ বছর কেন্দ্রীয় বাজেট উত্থাপন করে যে বক্তব্য রেখেছেন ডঃ দাশগুপ্ত তার ঠিক উল্টো কথা সেই বক্তব্যকে বিরোধিতা করে এখানে রেখেছেন এবং রাজ্য বাজেটের মধ্যে দিয়ে তিনি সম্পদ সংগ্রহের চেষ্টা করেছেন। এটাই ঘটনা। ডঃ মনমোহন সিং

দিল্লিতে বসে যাদের প্রতিনিধিত্ব করছেন—ভারতবর্ষের বড়লোকদের, শিল্পপতিদের—তাদের কথাই তিনি চিন্তা করেছেন। অর্থাৎ ডাঃ মনমোহন সিং ভারতবর্ষের ১৫ থেকে ২০ ভাগ মানুষের প্রতিনিধিত্ব করছেন। যারা এলিট, যারা বড়লোক, তাদের তিনি প্রতিনিধি। আর পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের যিনি অর্থমন্ত্রী তিনি পশ্চিমবঙ্গের সাধারন মানুষদের প্রতিনিধি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সাধারন মানুষদের প্রতিনিধিত্ব করে। সঙ্গত কারণে উভয়ের মধ্যে দৃষ্টিভঙ্গি-গত পার্থক্য রয়েছে। এখানে রাজ্যের বাজেট প্রস্তাবের মধ্যে সমাজের পিছিয়ে পড়া মানুষদের কথা বলা হয়েছে এবং তাদের জন্যই ক্ষুদ্র ও কুটির শিল্পের কথা বলা হয়েছে। যে সমস্ত মানুষদের দুঃখে এখানে আমাদের বিরোধী বন্ধুরা চোখের জল ফেলেন, যাদের জন্য ওঁদের রাতে ঘুম হয় না তাদের কথাই রাজ্য বাজেটে বেশি করে চিন্তা করা হয়েছে। অথচ আমরা জানি এই সমস্ত মানুষদের জীবন যন্ত্রণা আজকে বৃদ্ধি পাবার কারণই হচ্ছে কেন্দ্রীয় বাজেট। আমরা দেখছি ইতি-মধ্যেই কেন্দ্রীয় সরকার প্রশাসনিক নির্দেশ বলে কয়লার দাম, চিনির দাম, কেরসিনের দাম বাড়িয়ে দিয়েছে। আজকে আমরা দেখছি কেন্দ্রীয় বাজেটের নীট ফল আমাদের দেশে পাবলিক পরিষেবার যে সমস্ত ক্ষেত্রগুলি রয়েছে, রেশন ব্যবস্থা, পরিবহন ব্যবস্থা, চিকিৎসা ব্যবস্থা, কিম্বা বলা যেতে পারে এডুকেশনের যে সুযোগ এখন পর্যন্ত ছিল সেগুলো সাধারণ মানুষের কাছ থেকে কেড়ে নেবার জন্য সুপরিকল্পিতভাবে আজকে চেষ্টা করা হচ্ছে। এর মূল কারণ একটাই। সেটা হচ্ছে, ওঁরা যে অর্থনীতি নিয়ে চলছেন, সেই অর্থনীতি। সেটা একটা ভুল অর্থনীতি। তার জন্য আজকে ওঁরা মরণ ফাঁদে পা দিয়েছেন। আজকে আন্তর্জাতিক পরিমণ্ডলে যে বড়লোকী ব্যবস্থা সাম্রাজ্যবাদীদের নেতৃত্বে সৃষ্টি হয়েছে সেই ব্যবস্থার মধ্যে ভারতবর্ষকে নিয়ে যাবার উদ্যোগ শুরু হয়েছে। ডঃ দাশগুপ্ত কেন্দ্রীয় সরকারকে সেই পথ থেকে সরে আসার আহ্বান জানিয়েছেন। আমরা দেখছি আজকে সাম্রাজ্যবাদীদের এজেন্টরা কেন্দ্রে গভর্নমেন্ট চালাচ্ছেন। স্যার, আজকে এখানে বিরোধী পক্ষ থেকে ভি.পি. সিং-এর কথা বলা হ'ল। ভি.পি. সিং-এর রাজনৈতিক দৃষ্টিভঙ্গির সঙ্গে আমাদের অনেক ক্ষেত্রে মত পার্থক্য থাকলেও, একটা কথা স্বীকার করতেই হবে যে, ভি.পি.সিং কমপ্রোমাইস করেন নি। তা যদি তিনি করতেন তাহলে তাঁকে পদচ্যুত হতে হ'ত না। ওঁরাই ভি.পি.সিং-কে পদচ্যুত করাবার জন্য ভারতবর্ষের সব চেয়ে বড় মির্জাফর চন্দ্রশেখরকে ব্যবহার করেছিলেন। সে সময় থেকে ভারতবর্ষের অর্থনীতিকে বন্ধক দেওয়া শুরু হয়। সেই ঘটনার পেছনে ছিলেন রাজীব গান্ধী। তখন চন্দ্রশেখরকে হ্যাডেল হিসাবে ব্যবহার করা হয়েছিল। আমাদের জাতীয় মর্যাদার সর্বনাশ করে দিয়েছে কংগ্রেস। আই.এম.এফ.-এর কাছ থেকে ঋণ নিয়ে ভারতবর্ষের জাতীয় মর্যাদা এবং অর্থনীতির ওঁরা সর্বনাশ করেছেন। ওঁরা অর্থনৈতিক অগ্রগতির কথা বলছেন! ইতিপূর্বে যে ঋণ নিয়েছেন, সেই ঋণের সুদের টাকা শোধ করতে ওঁদের আবার ঋণ নিতে হচ্ছে। ডঃ দাশগুপ্ত তাঁর বাজেট বিবৃতিতে পরিষ্কার করে সেসব আমাদের দেখিয়ে দিয়েছেন। প্রকৃতপক্ষে কেন্দ্র দেউলিয়া অর্থনীতি নিয়ে মরণ ফাঁদে পা দিয়েছে, এর থেকে মুক্তির কোনও পথ নেই। সেজন্য আজকে ডঃ দাশগুপ্তর বাজেট বিবৃতিকে সমর্থন করে বলতে হয়, আগামী দিন বড়ই ভয়ঙ্কর দিন, কারণ কংগ্রেস যে জায়গায় দেশকে নিয়ে যাচ্ছে। ওয়াশিংটন থেকে বলে দিচ্ছে কোথায় কবে বোমা পড়বে টোটাল কন্ট্রোলটা তাদের হাতে চলে গেছে। অর্থনৈতিক কন্ট্রোলও তাঁদের হাতে চলে গেছে। রাজনৈতিক কন্ট্রোলও সাম্রাজ্যবাদী আমেরিকার হাতে চলে গেছে। এটা একটা ভয়ঙ্কর দিক। সেই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার যে অর্থনীতি সেই অর্থনীতিকে

অব্যাহত রাখার চেষ্টা করা হচ্ছে। আমরা জানি, সেই অর্থনীতিকে অব্যাহত রাখার চেষ্টা করা সত্ত্বেও আজকে যে আর্থ-সামাজিক ব্যবস্থা—ফেডারেল স্টেটের যে ক্যারেকটার সেই ক্যারেকটার অনুযায়ী এর থেকে মুক্তি পাওয়া খুবই কঠিন। সেইজন্য চেষ্টা করতে হবে এবং জনগন আমাদের সাথে আছে, শ্রমজীবী মানুষ আমাদের সাথে আছে। সেইজন্য ডঃ দাশগুপ্ত যে সমস্ত ক্ষেত্র ধরে—ধরে চিহ্নিত করেছেন তা সঠিকভাবেই ধরেছেন। কংগ্রেসিরা বলছেন, আমরা নাকি বন্ধা চিন্তা-ভাবনার মধ্যে আছি। আজকে বিদ্যুৎ অগ্রাধিকারের মধ্যে ১ নম্বরে আছে। গ্রামীণ উন্নয়নের জন্য কৃষির উপর জোর দেওয়া হয়েছে। গান্ধীজি বলেছিলেন, ভারতবর্ষ গ্রামেই অবস্থিত। শতকরা ৭০।৮০ ভাগ মানুষের জন্য যে উন্নয়ন সেই উন্নয়ন-এর কাজ অব্যাহত রাখার জন্য গ্রামকে অগ্রাধিকার দিতে হবে। ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজ সাবজেক্ট কমিটির চেয়ারম্যান হিসাবে আমি এবং এই কমিটির সদস্যরা বারবার করে বলেছি, সর্বভারতীয় ভিত্তিতে সেচের ক্ষেত্রে যেখানে ১৭ পারসেন্ট বরাদ্দ বিভিন্ন রাজ্যের, সেখানে আমাদের এখানে কিছুটা বাড়ানো হয়েছে। আমরা জানি, উত্তরবঙ্গের যে বন্যা সেই বন্যা প্রতিরোধের জন্য ফ্লাড কন্ট্রোল কমিশনের হাতে আরও অর্থ বরাদ্দ করা দরকার। প্রকৃতপক্ষে বন্যার ফলে রাস্তা-ঘাট, ব্রিজ উড়ে যায় এবং এর ফলে অর্থনীতির উপর প্রচন্ড আঘাত আসে এবং ত্রাণের জন্যও প্রচুর টাকা খরচ হয়। ফ্লাড কন্ট্রোল অর্থ পেয়ে যদি সঠিকভাবে কাজ করে তাহলে অনেক কিছু কাজ হতে পারে। ঠিক তেমনি, ক্ষুদ্র সেচের ক্ষেত্রেও সম্ভাবনা সবচেয়ে বেশি। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলা দেখতে গিয়েছিলাম। বর্ধমানে দেখেছি, প্রচুর সম্ভাবনা সৃষ্টি করা হয়েছে। কিন্তু উত্তরবাংলায় দেখেছি, উদ্যোগ থাকা সত্ত্বেও জেলাগুলি পিছিয়ে আছে। তেমনি, দক্ষিণবঙ্গের পুরুলিয়া জেলা পিছিয়ে আছে, বাঁকুড়া পিছিয়ে আছে। এইসব জেলাগুলির উপর আরও বেশি করে জোর দিতে হবে। বিভিন্ন ডিপার্টমেন্টের মধ্যে কো-অর্ডিনেশন সৃষ্টি করতে হবে। শুধু তাই নয়, শিল্প সম্ভাবনার দ্বার খোলার জন্য যে চেষ্টা করা হচ্ছে তার জন্য দরকার হচ্ছে একদিকে বিদ্যুৎ এবং অন্যদিকে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা। কারণ যোগাযোগ ব্যবস্থা পিছিয়ে আছে। আমি ডঃ দাশগুপ্তকে বলছি, সড়ক যোগাযোগ ব্যবস্থার উপর আরও জোর দিতে হবে এবং এরজন্য আরও বেশি অর্থ বরাদ্দ করার দরকার আছে এবং সাথেসাথে আমি যে জিনিসটা মনে করছি, আপনি যে ক্ষেত্র চিহ্নিত করেছেন সেখানে আমরা কেন্দ্রীয় সরকারের দয়া-দাক্ষিণ্যের উপর যেন আমরা প্রকৃতপক্ষে আছি। কিন্তু আমাদের যে ফেডারেল দেশ তাতে কেন্দ্র চলছে রাজ্যগুলির দয়ায়। বিভিন্ন রাজ্যগুলি থেকে কেন্দ্রে হাজার হাজার কোটি টাকা কর যায়। বিভিন্ন পত্র-পত্রিকায় দেখছি, সেখানে বলছে, কেন্দ্রের অ্যাসিস্টান্স দিয়ে আজকে পশ্চিমবাংলায় সরকার চলছে। কিন্তু যারা এইসব কথা বলছে, তারা মুর্খের স্বর্গে বাস করছে। শতকরা ১০০ ভাগের মধ্যে ৭৫ ভাগ টাকা রাজ্যগুলি থেকে কেন্দ্র পায়। সেক্ষেত্রে সড়ক ব্যবস্থার উন্নতি করার জন্য সেন্ট্রাল রোড ফান্ডের কাছ থেকে প্রতি বছর রাজ্যের ১৫ কোটি টাকা পাওয়ার কথা, কিন্তু ৩ বছরে ৩ কোটি টাকা দিয়েছে। অথচ এখান থেকে নিয়ে যায় ৬০।৬৫ কোটি টাকা। এই টাকা দিয়ে কি যোগাযোগ ব্যবস্থার উন্নতি হবে? আমি ডঃ দাশগুপ্তকে একটি চিঠি দিয়েছিলাম রাজস্ব সংগ্রহের জন্য। ওয়েস্টার্ন ডুয়ার্স মার্কেটিং ফান্ডের হাজার হাজার একর জমি যার লিজ পিরিওড গত ১৯৮২ সালে শেষ হয়ে যায়। এরফলে কোটি-কোটি টাকা রাজ্যসরকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। কিন্তু সরকারি পরিকল্পনা না থাকায় সেই রাজস্ব সংগ্রহ করে উত্তরবাংলার ডুয়ার্স এলাকার

উন্নয়নের গতি বাড়ানোর সম্ভাবনা বিঘ্নিত হচ্ছে। গভর্নমেন্ট মানে হচ্ছে জ্যোতি বসু, ডঃ দাশগুপ্ত, মতীশ রায়....না। আজকে কংগ্রেসের দীর্ঘসুত্রতার ফলে ডি.ডি.টি স্প্রের টাকা পাঠালেও সেটা খরচ হয়না। এইভাবে আমাদের সরকার যে পরিচ্ছন্ন নিরপেক্ষ প্রশাসনিক দিয়েছিল সেটা বিঘ্নিত হচ্ছে। এগুলি আজকে দেখার প্রয়োজনীয়তা আছে। আমি শেষে একথা বলব, সরকারি কর্মচারী এবং শিক্ষকদের বকেয়া টাকা সম্পর্কে যে কথা বলেছেন যে প্রভিডেন্ট ফান্ডে জমা রেখে দেবেন, আমি আপনাকে আর একটু চিন্তা করার জন্য বলব যে টাকাটা নগদে দেওয়া যায় কিনা সেটা দেখবেন। এটা করলে এই সম্পর্কে মানুষের মধ্যে যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে সেটা চলে যাবে। এই কথা বলে, এই বাজেটকে আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

**শ্রী আবুল বাসার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি এখানে দিয়েছেন, তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। আজকে বিরোধী দলের নেতার বক্তব্য আমি মনোযোগ সহকারে শুনেছি। তারা এই বাজেটকে আক্রমণ করেছেন। এটা তারা যেভাবে করে থাকেন সেইভাবেই করেছেন। তাদের কাছে এটা অসহ্য বাজেট হতে পারে কিন্তু আমাদের পক্ষে এটা গর্বের বিষয়। এই বাজেট আমাদের সামনে একটা বিকল্প নীতি ঘোষণা করেছে। কেন্দ্রীয় সরকার যে বাজেট করেছেন সেটা ওদের দৃষ্টিভঙ্গিতে করেছেন এবং এর ফলে আন্তর্জাতিক অর্থভান্ডারের কাছে ওরা আত্মসমর্পণ করেছেন এবং দেশের সার্বভৌমত্বকে বিকিয়ে দিয়েছেন। ওরা ধণিকশ্রেণীর স্বার্থে, পুঁজিপতি শ্রেণীর স্বার্থে, মুনাফাবাজদের স্বার্থে এটা করেছেন। সেজন্য আজকে এই বিকল্প বাজেট দেখে ওরা ছটফট করছে। কাজেই এটা তাদের কাছে সহ্যনীয় নয়, কিন্তু আমাদের কাছে এটা গর্বের বিষয়। এই বাজেটে কর্মসংস্থান বৃদ্ধি করেছে। ৪ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় এসেছে। ৮ লক্ষ মানুষের কর্মসংস্থান হচ্ছে। রাজ্যে নতুন শিল্প ইউনিটগুলি চালু করার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। স্বনির্ভর কর্মসূচিতে অতিরিক্ত ১২ কোটি টাকা খরচ ধরা হয়েছে। সরকারি ব্যয় সংকোচন করা হয়েছে। আজকে এইরকম একটা সঙ্কটের সময়ে তিনি শক্ত হাতে এই কাজগুলি করেছেন। সরকারি ব্যয় সংকোচে প্রায় ৫০ কোটি টাকার সাশ্রয় হবে। সারের উপরে বিক্রয় কর হ্রাস করেছেন। ক্ষুদ্র ক্ষুদ্র ইউনিটগুলির তৈরি জিনিসের উপরে বিক্রয় কর রেহাই দিয়েছেন। হাজার হাজার হস্ত চালিত শিল্প, ক্ষুদ্র শিল্প যেগুলি আছে, যারা এখানে রেডিমেড পোশাক তৈরি করে থাকে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে এই রেডিমেড পোশাকের উপরে যে আক্রমণ করা হয়েছে তাতে প্রায় ৫ হাজার দর্জি কর্মচারী, যারা এই উৎপাদনের সঙ্গে যুক্ত তাঁদের উপরে আঘাত এসেছে। কংগ্রেসের আমলে এদের সর্বনাশ করা হয়েছিল। এরা আবার নিজেরা উদ্যোগ নিয়েছে। বামফ্রন্টের সাহায্যে তাঁরা মজুরি পাচ্ছে। তাঁরা আবার ব্যবসা শুরু করেছে এবং ভালভাবে উন্নতির মুখ দেখতে পাচ্ছে। আজকে এখান থেকে লক্ষ লক্ষ টাকা আদায় করা যায় যদি এটাকে একটু সরলিকরণ করা যায়। কাজেই এই বিষয়ের উপরে আপনার দৃষ্টি আকর্ষণ করব যাতে এটাকে আর একটু সরলিকরণ করা যায়। এছাড়াও এই বাজেটে কাগজের উপরে কর হ্রাস করেছেন। প্রিন্টিং জাতীয় জিনিস, মার্বেল চিফস, স্টোনের উপরে এবং বিদেশি মদের উপরে ট্যাক্স বসিয়েছেন। এই সব জিনিসের

উপরে ট্যাক্স বসানোর জন্য ওঁদের গায়ে জ্বালা হচ্ছে। সেজন্য ওঁরা কোথায় কে সাট্টার সঙ্গে যুক্ত, কে যুক্ত নয়, এইসব কথা বলছেন। এগুলি সম্পর্কে বিরোধী দলের নেতা নাম না করলেও সেটা বুঝতে কারও অসুবিধা হয়না। ওনাদের লোক ছিল, এমনিতে সহজে ওনারা ছাড়বেন? অনেক লড়াই দরকার আছে, জীবন দেওয়ার দরকার আছে। এখনও আমাদের লোকজন খুন হচ্ছে। ওঁদের উপর ঘা পড়লে ওনারা বসে থাকবেন এটা তো হতে পারে না। ৮ লক্ষ লোক স্বনির্ভর প্রকল্পে কাজ হবে আগামী দিনের পরিকল্পনার আওতায় এসেছে। বিগত বছরে আমাদের যে লক্ষ্যমাত্রা ছিল সেটা আমরা ছাড়িয়ে গেছি। প্রকল্পগুলিতে যে লক্ষ্য মাত্রা ছিল তার থেকে ১ লক্ষ ৭০ হাজার ছাড়িয়ে গিয়েছে। স্বনির্ভর প্রকল্পে যে লক্ষ্যমাত্রা ছিল সেটা বৃদ্ধি পেয়ে ১১০ শতাংশ হয়েছে। এই প্রকল্পের আওতায় তফসিলি জাতি এবং উপজাতি, মহিলা ৪৬ পারসেন্ট রয়েছে। আমরা নিচের তলার মানুষগুলোকে নিয়ে একটা আমূল পরিবর্তন আনার চেষ্টা করেছি। এই রাজ্যে ২০ লক্ষ মানুষের মধ্যে জমি বিলি করা হয়েছে ১৩ লক্ষ একর। এছাড়া ক্ষেতমজুরদের মজুরি বৃদ্ধি করা হয়েছে। খাদ্য শস্য উৎপাদন সব চেয়ে বেশি বৃদ্ধি হয়েছে এখানে। যেখানে সারা দেশে খাদ্যের উৎপাদন কমছে সেখানে আমাদের এখানে বৃদ্ধি পাচ্ছে। সারা দেশের মধ্যে আমরা সর্ব প্রথমে আছি। এর জন্য আমরা গর্ব অনুভব করছি। এখানে মূল্যবৃদ্ধির অন্যান্য জায়গায় তুলনায় আনুপাতিক হারে কম। সর্বভারতীয় ক্ষেত্রে আমাদের এখানে মূল্যবৃদ্ধি কম হয়েছে। ভগ্য পণ্যের ব্যাপারে সারা ভারতবর্ষের মধ্যে আমরা ভাল জায়গায় আছি। আমাদের এখানে যে বিকল্প নীতি চলছে তাতে মেহনতি মানুষ উপকৃত হয়েছে। আমাদের এখানে মজুরি বৃদ্ধি ঘটেছে। আগে যেখানে মজুরি ৫ টাকা ছিল এখন সেটা বেড়ে ২৫ টাকা হয়েছে বোরো চাষের সময় কোনও কোনও জায়গায় মজুরি বৃদ্ধি পেয়েছে ৩০-৩২-৩৫ টাকা হয়েছে। এর ফলে আমাদের চাষের অগ্রগতি ঘটেছে। এই বিকল্প নীতির ব্যাপারে সারা ভারতবর্ষের মানুষ আমাদের দিকে তাকিয়ে আছে। সারা ভারতবর্ষের গরিব মানুষ আমাদের দিকে নজর রাখছে যে আমরা কিভাবে সুশৃঙ্খলভাবে চলছি। এইগুলি আমাদের সুপরিকল্পিত অর্থনীতির ফল। একটা স্থীতিশিল পরিবর্তন আমরা পশ্চিমবাংলায় আনতে চাচ্ছি। আমাদের একটা স্থীতিশিল গভর্নমেন্ট আছে। সমস্ত জায়গায় অস্থিরতা চলছে, সমস্ত কংগ্রেসি রাজত্বে অস্থিরতা চলছে। সেইরকম ওঁরা এখানে অস্থিরতা করতে চাইছেন, সাট্টা নিয়ে বলে এখানে অস্থির করে রাখার চেষ্টা করছেন। পশ্চিমবাংলার উপর ওনারা আঘাত হানার চেষ্টা করছেন। সারা ভারতবর্ষকে ওনারা এক থাকতে দেবে না। কোনও কোনও জায়গায় ওঁরা মৌলবাদকে সমর্থন করছেন, কোনও কোনও জায়গায় ওঁরা বি.জে.পি-কে সমর্থন করছেন। এইরকম দায়িত্বজ্ঞানহীন কাজ করে আমাদের বিপদ আনার চেষ্টা করছেন। আমরা আমাদের প্রতিশ্রুতি রক্ষা করতে পেরেছি। এই অবস্থার মধ্যেও আমাদের একটা স্থীতিশীল সরকার আছে, এটা একটা নজির হয়ে থাকবে। আমাদের নিজের পায়ে দাঁড়িয়ে, বিকল্প নীতির উপর ভরসা রেখে এই বাজেট তৈরি হয়েছে। এই সাহসিক বাজেটকে পুনরায় সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** (উপস্থিত ছিলেন না।)

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৩-৯৪ সালের জন্য পশ্চিমবঙ্গ সরকারের যে আর্থিক বাজেট মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় পেশ করেছেন

তাকে আমি সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে, দেশের অর্থনীতি যখন বিদেশের ঋণের জালে আষ্টেপিষ্টে জড়িয়ে গেছে এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডারের যে শর্তে ও নির্দেশে টাকার অবমূল্যায়ন হয়েছে এবং জিনিসপত্রের দাম বাড়ছে, রেলের ভাড়া বাড়ছে এবং দেশের অর্থনীতির স্বনির্ভরতা একেবারে হারিয়ে গেছে, এই অবস্থায় আমাদের রাজ্যের অর্থমন্ত্রী খুব সাহসিকতার সঙ্গে এই বাজেট পেশ করেছেন। এই সময়ে বামফ্রন্ট সরকার স্বনির্ভর অর্থনীতিকে পুনরায় প্রতিষ্ঠা করবার জন্য, স্বনির্ভর অর্থনীতির উপর দাঁড়িয়ে তিনি এই বাজেট এনেছেন। স্বনির্ভর অর্থনীতি এবং স্বনির্ভর প্রকল্পগুলিকে চালু করবার জন্য যে বাজেট তিনি পেশ করেছেন সেজন্য এই বাজেটকে সমর্থন করে খুব সংক্ষেপে দু'চারটি কথা আমি বলব। আমার সময় কম। আমি এই কথাটি বলতে চাই যে, গোটা দেশের অর্থনীতি ভেঙে গেছে। সারা দেশে কোটি কোটি বেকার হয়ে পড়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে রাজ্যের স্বনির্ভর প্রকল্প বাড়িয়ে এবং কর্মসংস্থানকে বাড়িয়ে তার উপরে বাজেট যেটা করা হয়েছে এটা একটা সাহসী পদক্ষেপ। এটা শুধু স্বনির্ভরতা ও কর্মসংস্থান ভিত্তিক নয়, ক্ষমতা বিকেন্দ্রীকরণ, গ্রাস রুট লেভেল পর্যন্ত সমস্ত মানুষকে পঞ্চায়েতের মাধ্যম থেকে আরম্ভ করে সমস্ত কিছু বিকেন্দ্রীকরণ করা হয়েছে। সেটা আরও সরলীকরণ করা হয়েছে। সেজন্য এই বাজেট সমর্থনযোগ্য। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, আমাদের দেশে স্বাধীনতার পর থেকে, পন্ডিত নেহেরুর আমল থেকে অদ্যাবধি হাজার হাজার কোটি কালো টাকা জমেছে। কালো টাকার এই পাহাড় যেটা কেউ বলে হাজার কোটি, কেউ বলে এক লক্ষ কোটি, কেউ বলে ২ লক্ষাধিক কোটি টাকা, যার কোনও সীমা পরিসীমা নেই। যার ফলে পরিকল্পনাগুলো স্বনির্ভরতা হারিয়ে আন্তর্জাতিক অর্থ ভান্ডারের উপরে নির্ভরশীল হয়েছে এবং তার উপরে একেবারে সম্পূর্ণভাবে হারিয়ে গেছে। যার পিছনে এইরকম শেয়ার কেলেঙ্কারীর ঘটনা ঘটেছে। এর ফলে পৃথিবীর ইতিহাসে আমাদের মাথা হেঁট হয়ে গেছে। এতবড় কেলেঙ্কারীর ঘটনা ঘটেছে বলে আমাদের জীবদ্দশায় কেউ দেখেছে বলে জানিনা। আমাদের বামফ্রন্ট সরকার কি করেছেন? স্বনির্ভর প্রকল্প, খুব সহজ কথা। তাঁর বাজেট ভাষণ শুনে এবং পড়ে আমার যতটুকু মনে হয়েছে, যা নেই তার উপরে নয়, যা আছে তার উপরে, শক্ত ভিতের উপরে দাঁড়িয়ে একটা প্রকল্প করে এগিয়ে যেতে হবে। তার উপরে এক বছরের জন্য উনি কতগুলো প্রকল্প করেছেন। যা নেই তা নিয়ে ভেবে লাভ নেই, যা আছে, আমাদের রাজ্যের যে রিসোর্স, যে সোর্স—কেন্দ্র থেকে ২১৫ কোটি টাকা দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন, মিটিং মিটিং আর মিটিং হয়েছে, আলোচনা, আলোচনা আর আলোচনা হয়েছে, লিখিত প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু কিছুই দেন নি। হ্যাঁ, প্রতিশ্রুতি প্রধানমন্ত্রী থেকে অর্থমন্ত্রী পর্যন্ত সবাই প্রতিশ্রুতি দিয়েছিলেন। তারপর কোনও টাকা আসেনি। এই অবস্থায় পরিকল্পনাগুলি হবে কি করে?

[5-10—5-20 p.m.]

এইদিক থেকে মাননীয় অর্থমন্ত্রী খুব ভালো কাজই করেছেন, তিনি আজকে স্বনির্ভর পরিকল্পনা রচনা করতে চাইছেন। আমি মনে করি এটা খুবই দৃঢ়তার সঙ্গে নেওয়া হয়েছে এবং আগামী দিনে এই পদক্ষেপ আরও দৃঢ়তার সঙ্গে এগিয়ে নিয়ে যেতে পারব। সবচেয়ে বড় কথা হচ্ছে যে, সম্পদ সংগ্রহের ক্ষেত্রে, বেশি পুরনো কথা নয়, আপনাদের আমলেই যারা যাত্রা শুরু করেছিলেন যে ভূমি সংস্কার কিন্তু সফল হতে পারেন নি। সেই ভূমি

সংস্কারের মধ্যে দিয়েই আমরা গর্বের সঙ্গে বলতে পারি প্রায় ৭০ ভাগ জমি আমরা কৃষকদের হাতে দিয়ে দিয়েছি। আজকে গ্রামবাংলার লোকেরা যতই বিরোধীপক্ষরা এখানে চিৎকার করুন, তারা আড়ালে স্বীকার করেন যে গ্রামে অর্থনীতি আজকে টোটালি ভূমি সংস্কারের উপরে নির্ভরশীল। আজকে গ্রামের চেহারাই বদলে গেছে। কৃষকরা আজকে স্বনির্ভরভাবে কাজ করতে পারছে। আজকে কৃষি উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান অনেক উপরে। আরেকটি স্বনির্ভর প্রকল্পের নির্ভর করা হয়েছে সেটা হচ্ছে মৎস্য চাষ। আজকে মৎস্য ও খাদ্য প্রকল্পর ক্ষেত্রে আমরা স্বনির্ভর হতে পেরেছি। আজকে গ্রামের মানুষেরা আর বসে থাকে না। তাদের সারা বছরই কাজ থাকে। যার ফলে আগে যেমন গ্রামের লোকেরা কাজের জন্য কলকাতা অভিমুখী হত এখন আর তা হয় না। এখন ঢেরা পিটিয়েও লোক পাওয়া যায় না। মানুষকে আজকে স্বনির্ভরতার উপরে নির্ভর করতে শিখেছে। তারই একটা বড় উদাহরণ হিসাবে মেদিনীপুরের দিকে তাকালেই দেখা যাবে। এখানে একটি বড় মৎস্য প্রকল্প হয়েছে, এতে হাজার হাজার লোক কাজ করেন এবং মানুষ সেখানে এটাকে লাভজনক ব্যবসাতে পরিণত করেছে। সর্বশেষে একটি কথা বলে শেষ করব সেটা হচ্ছে গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ভীষণ অবহেলিত হচ্ছে। বিদ্যুতের ক্ষেত্রে যাতে আরও বেশি এভিনিউস খোলা যায় সেইদিকে দৃষ্টি দিতে হবে। বিদ্যুৎ না হলে চাষীদের পক্ষে কাজ করা সম্ভব নয়। আজকে ভূমি সংস্কারের মাধ্যমে যেমন প্রতিটি চাষী উপকৃত তেমনি তাদের এই ধারাবাহিকতাকে বজায় রাখার জন্য বিদ্যুতেব ক্ষেত্রে বিভিন্ন প্রকল্প নেওয়ার দরকার। সেই সাথে সাথে বলব হেলথ বাজেটের দিকে একটু নজর দিতে হবে। হাসপাতালগুলোর অবস্থা অত্যন্ত শোচনীয়। এইকথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আগামীদিনে এই বাজেটের সফলতা আরও বাড়ে এবং আরও স্বনির্ভরতা বৃদ্ধি পায় সেইদিকে মানুষ যাতে আকৃষ্ট হয় সেই আবেদন রেখে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী দ্বিজেন্দ্রনাথ রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৩-৯৪ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে দু-একটি কথা বলব। বিরোধীপক্ষরা এখানে একটি নাটক করে গেলেন, আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না, দেশ ভাঙ্গা বা ভারত ভাঙ্গার মধ্যে না গিয়ে আমি শুধু ওদের চিন্তা-ভাবনা তুলে ধরছি। বিরোধীরা মুখে অনেক কথা বলেন সাধারনের জন্য ওদের প্রাণ কাঁদে কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায় যে, সাধারনের স্বার্থে আসেন না। আমরা লক্ষ্য করছি যে কেন্দ্রের একটা বঞ্চনা চলছে, কেন্দ্রীয় সরকার অনেক চমকপ্রদ বাজেট এনে সবাইকে চমকে দিলেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেল যে তারা বড়লোকেদেরই স্বার্থ রক্ষা করেছেন। দেশ ভাগের পর থেকেই কংগ্রেস কেন্দ্রে শাসনে আছে এবং তারা সর্বদাই চেষ্টা করেছেন পশ্চিমবঙ্গকে বঞ্চিত করতে। পশ্চিমবঙ্গের স্বার্থে বিগত কংগ্রেস সরকার যখন পশ্চিমবঙ্গে ছিল তারা কখনোই সাধারণ মানুষের স্বার্থে কোনও উন্নয়নমূলক কাজ করেন নি। উন্নয়নমূলক কাজের জন্য সাধারণ মানুষকে যুক্ত করার ক্ষেত্রে কোনও ভূমিকাই পালন করেন নি। সেখানে বামফ্রন্ট সরকার গরিবের সরকার এখনো পর্যন্ত যে কর্মসূচি নিয়েছে তা অত্যন্ত উন্নয়নমূলক এবং এতে রাজ্যের উন্নতি সাধিত হবে। আমরা দেখেছি, আমাদের ঘাটতিশূন্য যে বাজেট রাখা হয়েছিল, আমাদের কেন্দ্রের কাছে যে পাওনা ছিল তা পাওয়া যায়নি। ২ বছর ধরে নজিরবিহীন বঞ্চনা চলছিল, তার উপর দাঁড়িয়ে অনেক বক্তাই বলে গেছেন ২ রকমের চেহারা রাখা হয়েছে। এখানে আমরা যেটা দেখছি, সেটা হচ্ছে কেন্দ্র হাতে না মেরে ভাতে মারার চেষ্টা করছে, যেমন ক্ষুদ্র সঞ্চয়ের

ক্ষেত্রে বঞ্চনা, তারা কথা দিয়ে কথা রাখেননি, যোজনা কমিশন সুপারিশ মতো টাকা দেয়নি, হয়ত তাও কেটে নেওয়া হবে। এখানে অর্থমন্ত্রী মহাশয়, আছেন, উনি যে বাস্তব অবস্থার উপর দাঁড়িয়ে বাজেট পেশ করেছেন তা আমি পূর্ণভাবে সমর্থন করছি। যেমন সেচের ক্ষেত্রে সুযোগ বৃদ্ধির কথা বলা হয়েছে, ১ লক্ষ হেক্টর জমিতে আরও সেচের ব্যবস্থা করা হবে। এটা হলে ধানের উৎপাদন আরও বাড়বে। তিস্তা প্রোজেক্টকে যদি সম্প্রসারিত করা হয় তাহলে আমাদের উৎপাদন আরও বেড়ে যাবে। ৮ লক্ষ মানুষের স্বনিযুক্তির কথা বলা হয়েছে যাতে বেকার ছেলেরা কাজ পায়, ক্ষুদ্র সেচের বিকাশ হয়, এই সমস্ত দিকে লক্ষ্য রাখা হয়েছে। তারপর ব্যয় সঙ্কোচের মাধ্যমে সরকারের ৫০ কোটি টাকা সাশ্রয়ের কথা বলা হয়েছে, ক্ষুদ্র সেচ এবং পানীয় জলের জন্য ১২ কোটি টাকার কথাও এখানে রাখা হয়েছে। আমি এই সমস্ত কিছুকে সমর্থন করেও আমার উত্তরবঙ্গের স্বার্থে কয়েকটি কথা বলব। আমাদের উত্তরবঙ্গ অবহেলিত এলাকা বরাবরের জন্য, সেখানে যোগাযোগ ব্যবস্থা অপ্রতুল। সেখানে শিল্পদ্যোগ গ্রহণ করা হয়েছে, কিন্তু জেলাতে সর্বত্র সেইভাবে সেটা সমবন্টন হয়নি। কাঁচামালের যে অবস্থা সেইভাবে তৈরি হয়নি। মাননীয় মন্ত্রীকে বলব, উত্তরবঙ্গের সদস্য হিসাবে, আমি যে জেলার বাসিন্দা সেই পশ্চিমদিনাজপুর এখন হয়েছে দক্ষিণ দিনাজপুর, সেখানকার যোগাযোগ ব্যবস্থা একটা সাংঘাতিক অবস্থায় রয়েছে। বিকল্প একটা সড়কের কথা বলা হয়েছিল সেটা যাতে ত্বরান্বিত হয় সেইজন্য আবেদন রাখব। ব্রিজ করার ব্যাপারে আত্রেয়ীর উপর যে শিলান্যাস হয়েছে তার জন্য বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি, এই কাজ শুরু হয়েছে। এর জন্য ৩ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। একটি মাত্র সড়ক এখনও পর্যন্ত যেটা আছে টাউনের মধ্যে বাধা হয়ে আছে, এখানে নদীটা ছোট, এই ব্রিজটা যাতে আগামী দিনে অগ্রাধিকার পায় এবং জেলার সঙ্গে যোগাযোগ করার ব্যাপারে একমাত্র এই সড়ক যাতে তাড়াতাড়ি কার্যকর হয় সেটার জন্য বলব। বিকল্প সড়কের ব্যাপারে মালদা বালুরঘাট-এর কথা যেটা বলা আছে আমাদের পরিকল্পনার দপ্তর থেকে আমরা প্রস্তাব রেখেছি, সেটা যাতে বাস্তবায়িত হয়, ত্বরান্বিত হয়, টাকা-পয়সা বরাদ্দ হয় তার জন্য অনুরোধ করব। সাধারণ মানুষের একটা ক্ষোভ আছে কায়েমী স্বার্থের যে দল আছে তারা বলছেন এই বামফ্রন্ট সরকার তোমাদের সর্বনাশ করেছে, ওদের যিনি রেলমন্ত্রী হয়েছিলেন, এখন এম.পি. আছেন, সেই গনিখান চৌধুরি সাহেব তিনি বালুরঘাটে একলাখি রেল প্রকল্প শিলান্যাস করেছিলেন, তার টাকাও বরাদ্দ হয়েছিল, এখন নাকি কেটে রাখা হয়েছে। সেইক্ষেত্রেও আমাদের ভীষণভাবে বঞ্চনা। আমরা যে সুযোগসুবিধা থেকে বঞ্চিত, এটা যে কবে মিটবে আমাদের জানা নেই। সড়ক পথে সংযোগের ব্যাপারে আমাদের আবেদন, তিস্তার ক্ষেত্রে যে অংশটা আমাদের দক্ষিণ জেলার সঙ্গে আছে সেটা আপাতত নেই। পরিকল্পনায় এটা ধরা আছে এটা আমাদের উত্তর দিনাজপুরের জেলার একটা অংশ। এই পর্যন্ত ক্যানেল কেটে এসে সেই এলাকাগুলিকে বাঁধ দিতে হবে, কিন্তু বিভিন্ন নদীর উপর অ্যাকুয়াডাক্ট করায় সেই তিস্তার জল যাতে আমাদের টাঙন পার করে, পুর্নভবা পার করে, ইছামতী পার করে হিলি বাঁধ সম্প্রসারণ হয়। সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করার জন্য আবেদন রেখে এবং বাজেটকে আবার পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 5.21 p.m. till 10 a.m. on Saturday, the 20th March 1993 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Saturday, the 20th March 1993 at 10.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 5 Ministers of State and 105 Members.

[10-00 — 10-10 a.m.]

**Mr. Speaker:** There is no adjournment motion today.

### CALLING ATTENTION

**Mr. Speaker** : I have received four notices of Calling Attention, namely :—

| | |
|---|---|
| 1) Alleged damage of 200 houses by fire in the village Kalaibari of Malda district | : Smt. Sabitri Mitra |
| 2) Explosion of bomb at Sealdah Railway Station on 19.3.93 | : Shri Nirmal Das and Shri Abdus Salam Munshi |
| 3) Alleged eviction by force for Calcutta Electric Supply Corporation's Pujali, Budge Budge Project | : Shri Subrata Mukherjee |
| 4) Relief for the People rendered homeless by the explosion of bomb | : Shri Saugata Roy |

I have selected the notice of Shri Shish Mohammad, Shri Nirmal Das and Shri Abdus Salam Munshi on the subject of 'Explosion of bomb at Sealdah Railway Station on 19.3.93.

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

[ 20th March, 1993 ]

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 23.3.93.

## ZERO HOUR

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল শিয়ালদহ স্টেশনে বোম ব্লাস্ট হয়েছে প্লাটফর্মের উপর তাতে ১৪ জন মানুষ ইনজিওর্ড হয়েছেন এবং একজন মানুষের মৃত্যু ঘটেছে। স্যার, এতে কলকাতা শহরের মানুষ ক্রমাগত আতঙ্কিত হয়ে পড়ছেন। কলকাতার বিভিন্ন স্থানে এই ধরনের বোমার মশলা লুকানো আছে বলে নানান সূত্র থেকে খবর আসছে পুলিশ প্রশাসনের কাছে। স্যার, আপনি জানেন, বড়বাজারের ঘটনাতে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাতে রাজ্য সরকারের পক্ষ থেকে ২০ হাজার টাকা করে অনুদান দেবার কথা বলা হয়েছে। এটা স্যার, প্রয়োজনের তুলনায় অপ্রতুল। মহারাষ্ট্র সরকার যেখানে নিহতদের পরিবার বর্গকে বা নিকট আত্মীয়কে দু লক্ষ টাকা করে দেবার কথা ঘোষণা করেছেন সেখানে সেই তুলনায় পশ্চিমবঙ্গ সরকার মাত্র ২০ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করেছেন। আর স্যার, যে বিধায়ককে কেন্দ্র করে এত হুল্লোড় হচ্ছে বিধায়ককে জিজ্ঞাসাবাদের জন্য অবিলম্বে পুলিশের উচিত তাকে নিয়ে যাওয়া এবং তাকে জিজ্ঞাসাবাদের জন্য গ্রেপ্তার করা।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল শিয়ালদহ স্টেশনে জম্মু-তাওয়াই এক্সপ্রেসে বোমা পাওয়া গিয়েছে। একটি সুটকেসের মধ্যে বোমাটি রাখা ছিল। যখন সুটকেসটি খোলা হল তখন বোমাটি ফেটে হায়দার আলি বলে একটি গরিব কুলি, সে সিটু ইউনিয়নের সদস্য, সে নিহত হয়েছে এবং অনেক লোক তাতে আহত হয়েছে। স্যার, বোমাটি এতই জোরদার ছিল যে সেখানে কংক্রিটের বেঞ্চ ইত্যাদি ভেঙ্গে গিয়েছে। এটা বোঝা যাচ্ছে না যে হায়দার আলি সেই সুটকেসটি ক্যারি করছিল, না, যখন ওটা খোলা হয় তখন সে সামনে দাঁড়িয়েছিল। কিন্তু স্যার, কলকাতায় বোমা এক্সপ্লোশনের সমস্যাটা কত প্রকট গত কয়েকদিনে তা স্পষ্ট হয়ে উঠেছে। বউবাজারে ইতিমধ্যেই এরজন্য প্রায় ৮০ জনের বেশি মানুষ মারা গিয়েছেন। সেখানে সেই ধ্বংসস্তুপ থেকে, রশিদ খানের বাড়ি থেকে আরও তাজা বোমা পাওয়া গিয়েছে। এই বোমাগুলি, এর আগে স্যার, আমরা দেখেছি, নির্বাচনের সময় কলকাতায় মুড়ি মুড়কির মতোন শাসকদল ব্যবহার করেছে। আমাদের এটা সন্দেহ জাগছে যে, বোমার স্টক কি শাসক দলের জন্য রাখা ছিল? সেইজন্যই এই বোমার ঘটনাগুলির সঙ্গে সি. পি. এমের একটা যোগ, সি. পি. এমের বিধায়কদের, এটা একটা নতুন ভয়ের আবহাওয়ার সঞ্চার করেছে। এটা প্রতিষ্ঠিত হয়েছে যে বম্বের মতোন টেররিস্ট লিঙ্ক নেই কিন্তু শাসক দলই এখানে টেররিস্ট, তারাই বোমা ফাটাচ্ছে। তাই আমি এই বিধায়ককে অবিলম্বে গ্রেপ্তারের দাবি করছি।

**শ্রী রবীন মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গভীর উদ্বেগের সঙ্গে কয়েকদিন

যাবৎ এই বিধানসভার মধ্যে এবং বাইরে এইসব ঘটনাগুলি লক্ষ্য করে যাচ্ছি। আমরা দেখছি, বিধানসভার মধ্যে দায়িত্বশীল দল হিসাবে, বিরোধীদল হিসাবে কংগ্রেস দল তাদের দায়িত্ব পালন করছেন না। কতকগুলি হাইপথিটিক্যাল অভিযোগের ভিত্তিতে বিধানসভার কাজকর্ম পরিচালনা করার ক্ষেত্রে তারা বাধা দিচ্ছেন। স্যার, বিভিন্নভাবে আমরা দেখতে পাচ্ছি খবরের কাগজের উদ্ধৃতি দেওয়া হচ্ছে। আজকে আমিও খবরের কাগজে দেখেছি স্টেট্‌সম্যান, টেলিগ্রাফে, তাতে করে দেখছি, এই যে রশিদ, সাট্টার ডন ধরা পড়েছে, সে নাকি এই কথা বলেছে যে আমার কাছ থেকে বিভিন্ন সময়ে কংগ্রেসের নেতৃত্ব তাদের আমি বারে বারে টাকা দিই। শুধু তাই নয়, আমরা এটাও লক্ষ্য করছি রশিদ ধরা পড়ার পর কংগ্রেস দলের এখানে যা ভূমিকা—এটাও শোনা যাচ্ছে প্রায় ১০ লক্ষ টাকার লেনদেন এখানকার কংগ্রেস নেতৃত্বের সঙ্গে হয়েছে যাতে তার হয়ে বিভিন্ন রকম ওকালতি করা যায়। স্যার, এই প্রসঙ্গে আপনার কাছে শুধু আবেদন করব, মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার কাছেও আবেদন করব যে বিভিন্নভাবে যে সমস্ত সমাজ বিরোধী, যারা আন্ডার ওয়ার্ল্ডের সমস্ত কিংস পিন, তারা যে সমস্ত ঘটনাগুলো ঘটাচ্ছে, তাতে কংগ্রেসের সঙ্গে তাদের একটা যোগাযোগ আছে, তাদের প্রত্যক্ষ আঁতাত আছে। আমাদের পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তে কংগ্রেস আশ্রিত এই সমস্ত সমাজ বিরোধীরা জন জীবনে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য যে ভাবে খুন, সন্ত্রাস চালিয়ে যাচ্ছে, আমি মনে করি, পশ্চিমবাংলা বামফ্রন্ট সরকারের যে ভূমিকা তার ইমেজকে মসীলিপ্ত করার জন্য কংগ্রেস সুপরিকল্পিতভাবে এই সব সমাজ বিরোধীদের লেলিয়ে দিচ্ছে এবং আমি জানাতে চাই আজকে বামফ্রন্ট সরকারের পুলিশ দপ্তর যাতে কংগ্রেস আশ্রিত সমাজ বিরোধীদের প্রত্যেকটি জায়গা তন্নতন্ন করে খোঁজ করে এবং তার মধ্যে দিয়ে কংগ্রেসের প্রত্যক্ষ যোগাযোগ সমাজ বিরোধীদের সঙ্গে তাদের আঁতাত, টাকা পয়সার লেনদেন, এই সমস্ত জানা যাবে এবং রাজ্যে শান্তি শৃঙ্খলা স্থাপনের ক্ষেত্রে একটা ইতিবাচক ভূমিকা গ্রহণ করা হবে। আমি এই দাবি আপনার মাধ্যমে সভার কাছে করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন প্রশ্ন হচ্ছে, খবরের কাগজ তো অনেকগুলো খবর ছাপছে, নানারকম ব্যাপার, তার মধ্যে কত সত্য কথা, কত অসত্য কথা, কত কি আছে না আছে—সংসদীয় যে নীতি আছে, তাতে আমরা খবরের কাগজে প্রকাশিত খবরে আমরা এইভাবে এটাকে গুরুত্ব দিই না। আমরা সব সময় গুরুত্ব দিই যেটা মেম্বারদের নিজস্ব যা খবর থাকে, ডকুমেন্টারি এভিডেন্স থাকে এবং গভর্নমেন্ট যে রিপোর্ট হাউসের মধ্যে রাখে। আমি উভয়পক্ষকে বলি, উনারা খবরের কাগজে পড়েছেন, আপনারাও খবরের কাগজ পড়েছেন, আমি দেখছি আমাদের কাছে খবরের কাগজটাই গুরুত্ব এই হাউসের মধ্যে। কিন্তু পার্লামেন্ট তো খবরের কাগজের উপর ভিত্তি করে পরিচালিত হবে না। আমি মেম্বারদের কাছে অনুরোধ করব, আপনাদের কাছে ডকুমেন্ট থাকলে কোনও ডিরেক্ট ইনফরমেশন থাকলে, নিজেদের কোনও ইনভেস্টিগেশন থাকলে বলতে পারেন। অতীতে এই সব হত। আজকাল তো খবরের কাগজ পড়েই ছুটে আসে সব। নিজেদের কোনও ইনভেস্টিগেশন থাকে না। এটা

সকলেই করেন, এটা শুধু এদের ক্ষেত্রে প্রযোজ্য নয়, আপনাদের ক্ষেত্রেও প্রযোজ্য। আপনারাও তাই করেন, তারাও তাই করেন। এই জন্য আমাদের মানটা একনু উন্নত করা উচিত আমার মনে হয়। এত খেলো মানের পার্লামেন্টারি ঠিক নয়।

[10-10 – 10-20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৌবাজারের এই ভয়াবহ বিস্ফোরণের মর্মান্তিক ঘটনা শেষ না হতে হতেই আবার গতকাল শিয়ালদহ জম্মু তাওয়াই এক্সপ্রেস থেকে যে বম্ব এক্সপ্লোশন হল, যার ফলে একজন নিরীহ মানুষ মারা গেল এবং ১২ জন সিরিয়াসলি ইনজিয়োর হল যার মধ্যে চার জনের অবস্থা খুবই আশঙ্কাজনক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৌবাজারের ঘটনায় ৮৬ জনের উপর মারা গেছে, মৃত্যুর সংখ্যা আরও বাড়তে পারে। এই রকম একটা মারাত্মক অবস্থা, সর্বত্র সমাজবিরোধীদের দৌরাত্ম, একের পর এক এই ঘটনা আজকে গোটা পশ্চিমবাংলার মানুষের মধ্যে, কলকাতার মানুষের মধ্যে আজকে একটা গভীর আতঙ্কের সৃষ্টি হয়েছে, নাগরিক জীবনের নিরাপত্তা সম্পর্কে আজকে প্রশ্ন উঠেছে। আজকে সমাজবিরোধীরা যে ভাবে গোটা সমাজে তাদের দোর্দন্ড প্রতাপ কায়েম করে রেখেছে এবং আরও উদ্বেগের বিষয় যে, এই সমস্ত সমাজ বিরোধীদের সঙ্গে রাজনৈতিক দলেরকর্মকর্তাদের শাসক দলে অধিষ্ঠিত রাজনৈতিক দল, আর শাসক দল বহির্ভূত হোক—সেই সমস্ত অভিযোগ প্রকাশিত হয়েছে। বিভিন্ন সংবাদ বেরোচ্ছে। এই রশিদ খাঁ ধরা পড়েছে, তার সম্পর্কে পুলিশ সেখানে যে তদন্ত করেছে এবং যে রিপোর্ট বেরিয়েছে, তাতে যে সমস্ত রশিদ পাওয়া গেছে, একটা বিশেষ পশ্চিমবাংলার প্রধান শাসকদলের তাদের সমস্ত চাঁদা দিয়েছে, ইলেকশন ফান্ডে ৩ হাজার, দু হাজার টাকার চাঁদার রশিদ এই সমস্ত সংবাদ পাওয়া যাচ্ছে। এই সমস্ত অত্যন্ত মারাত্মক অভিযোগ, ফলে আজকে সমাজ বিরোধিদের সঙ্গে আজকে রাজনৈতিক দলের কর্মকর্তাদের এই যে অশুভ আঁতাত—নেকশাস, এটাও আজকে পশ্চিমবাংলার নাগরিকদের সমাজ জীবনের নিরাপত্তার আজকে সবচেয়ে বড় প্রশ্ন। তাই আজকে আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের কাছে, সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে, স্বরাষ্ট্র দপ্তরের কাছে দাবি রাখছি যাতে নিরপেক্ষভাবে সমাজবিরোধীদের শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হয়, রশিদকে শাস্তি দেওয়ার ব্যবস্থা করা হয় এবং যাঁরা মারা গেছেন তাঁদের পরিবারবর্গকে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা হয়।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, খবরের কাগজের কোনও রিপোর্ট থেকে বলছি না। 'আনন্দবাজার', 'বর্তমান' থেকে বলছি না। এটা সত্যি রিপোর্টের কথা, যা বিভিন্ন থানায় নোট করা আছে—গত ১৯শে জানুয়ারি, গত ২২শে জানুয়ারি, গত ২৮শে জানুয়ারি সি. পি. আই. (এম)-এর পক্ষ থেকে রশিদের বিরুদ্ধে ডেপুটেশন দেওয়া হয়েছে থানায় তাকে গ্রেপ্তারের জন্য। খবরের কাগজের রিপোর্ট থেকে বলছি না, আরও একটা সত্যি কথা বলছি যে, ১২ নং হালদার লেনে রসিদ একটা বে-আইনি বাড়ি করেছে। ১৯ নং গনেশ অ্যাভেনিউতে একটা

বে-আইনি বাড়ি করেছিল, সেই বাড়ি সি. পি. আই.(এম)-এর কাউন্সিলর ভেঙে দিয়েছেন। ১২নং হালদার লেনের বাড়িটি—সেখানে কংগ্রেসি কাউন্সিলর—কর্পোরেশন ভেঙে দিয়েছিল, মাননীয় বিধায়ক সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং কংগ্রেসি কাউন্সিলরের মদতে সেই বাড়িটি আবার উঠেছে। এটাই প্রমান করছে রশিদের সঙ্গে কাদের যোগাযোগ। সুদীপ বন্দ্যোপাধ্যায়ের সৎ সাহস থাকলে বলুন, ১২ নং হালদার লেনের বাড়িটি কি করে উঠল?

**মিঃ স্পিকার ঃ** মিঃ দাস, আপনার কাগজ-পত্রগুলো আমার কাছে দেবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই অবগত আছেন, খবরের কাগজকে বিশ্বাস না করলেও উপর্যুপরি যে ঘটনা ঘটছে তাতে আমি মনে করি আপনি নিশ্চয়ই অবগত আছেন যে আমরা অত্যন্ত উদ্বিগ্ন।

**মিঃ স্পিকার ঃ** ডাঃ আবেদিন, আমি এই চেয়ারে বসলে আপনারা যে আমাকে অবগত করবেন তাই আমি অবগত হই, তার বাইরে নয়। The chair has no eyes to see than what you show, the chair has no ears to hear than what you hear. The chair has no mouth to speak than what you tell.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আমরা আপনার রুলিং জানতে চাইছি, আমরা আপনার রুলিং থেকে বঞ্চিত হচ্ছি। এটাই আমাদের ক্ষোভ এবং দুঃখের কারণ। কালকে চীফ মিনিস্টার যে স্টেটমেন্ট দিয়েছেন সেই স্টেটমেন্ট বাস্তবের সঙ্গে সম্পর্ক বিবর্জিত, অসত্য, ম্যানিপ্যুলেটেড অ্যান্ড টুইসটেড। আমরা ঘটনার ওপর তীক্ষ্ণ নজর রেখেই এ কথা বলছি। এবং আজকে এ কথা আমরা ১০০-বার বলছি। সত্য বলতে আমরা ভয় পাই না।

(গোলমাল)

আমাদের টিকি কারও কাছে বাঁধা নেই। রসিদের কাছে আমাদের টিকি বাঁধা নেই। রশিদের টাকা নিয়ে আমরা নির্বাচন করি না। রশিদকে পাঁচটা বাড়িতে মালিক করি না। রশিদের সঙ্গে আমরা বিলেতে যাই না, লন্ডনে যাই না। রশিদের টাকায় আমরা বাজার করি না। রশিদের টাকায় আমরা হাউসে আসিনি। রবীন মন্ডল, এই খবর বেরবার পর আপনার হিম্মত হয়নি হাউসের ভেতরে বা বাইরে প্রতিবাদ করার। কিন্তু স্পিকার স্যার, সংবাদপত্র একটা গুরুত্বপূর্ণ মিডিয়াম, ইন দি কমপ্লিকেটেড সিস্টেম। আজকে ওরা কত কোটি টাকা নিয়েছে তার কি ঠিক আছে!

দিজ আর দি প্রডাকটস, দি সনস্ অ্যান্ড ডটারস্ অফ দি সি. পি. এম., অফ দি মাফিয়া। আজকে রশিদ এবং ভাল্লুকের জন্য কান্নাকাটি করছেন। আইনের কথা এটা।

Sir, more so, in Parliament and Assembly once allegations have been levelled against the politicians and top executives of the State

[ 20th March, 1993 ]

proper action should immediately be taken against the involved persons.

Yesterday, we proposed to you to allow a discussion on the statement made by the Chief Minister regarding Bomb blast at Bowbazar in response to a Calling Attention notice given by Dr. Manas Bhunia and others under rule 319. But since the motion under rule 319 is not a substantive motion I want to table a motion under rule 199 and request you to allow a discussion. It is a very serious matter and so every thing should be thrashed out in the House. The House cannot function its business because the politicians, top executives and police officials are involved in the case along with the Mafia. We have no faith on those politicians, executives and police officials who are involved in the matter. I demand that the matter should be investigated by the C.B.I. and Central Government Agencies. Unless proper investigation is made it is not possible for us to sit in the House and participate in the discussion. So I request you to allow a discussion on the statement made by the Chief Minister yesterday, under rule 199. Sir, I further request you that rule 199 be suspended for the day under rule 363. We feel that proper investigations are being prevented here from some quarters. It appears from the statement of Chief Minister that R.D.X. was not found in the bomb blast case. That does not mean that the matter is not very serious. There is every possibility of suppression of facts. So I want a specific discussion on the statement made by the chief Minister. I want your ruling in this regard.

**Mr. Speaker :** Dr. Abedin, the question was discussed in my chamber between yourself and myself. yesterday. I spoke to the Chief Minister and there was an agreement that debate would take place on the statement of the chief Minister. After the Chief Minister had made the statement yesterday, you demanded that there should be a discussion on the statement made by the Chief Minister. I rose on my legs to make a ruling for the said purpose. Your members did not allow me to give a ruling. I am sorry about it. You had no control over your members.

(noise)

I was on my legs. I wanted to give a ruling. It is very unfortunate. You are the Leader of the Opposition. You had no control over your members. Unfortunately the ruling could not be passed. You have missed

the bus. I am sorry. I cannot allow a debate now. We will go on with the business.

Now, Motion under Rule 185. I call upon Dr. Manas Bhunia to move his motion.

## MOTION UNDER RULE-185

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি সাপেক্ষে আমি ১৮৫ মোশনে আমার প্রস্তাব মুভ করছি।

As H.F.C.L. Management has constituted several Committees to submit their reports by 15th March, 1993 to start the procedures of several Units under its control including the Fertilizer Promotion and Agricultural Research Division;

As the Fertilzer Promotion and Agricultural Research Division (F.P. and A.R.D.) has been playing a pivotal role in the field of Agricultural Development by educating the poor farmers about modern farm practices in Eastern Region;

As this Divison has been highly acclaimed by the National and International Agencies for their excellent work in the agricultural development;

As this Division has been successfully carrying out foreign aided agricultural projects and so far earned Rs.97 crores from the foreign countries;

As this Division is boosting up the economy of Eastern Region by increasing production of crops;

As the closure will tremendously affect out farmers;

As about 1,050 employees will become jobless;

As this Division is quite capable of executing Government of India's Agricultural and Rural Development Programme; and

As we never appreciate the retrenchment of any worker and closure of any P.S.U. without any proper reasoning;

Therefore, this House urges upon the Central Government through the State Government, to compel the H.F.C.L. authority not to close

down the Fertilizer Promotion and Agricultural Research Division here.

**Mr. Speaker :** there is one amendment to the motion given by Shrimati Arati Dasgupta. I now request Mrs. Das Gupta to move her amendment.

**Shrimati Arati Dasgupta :** Sir, I beg to move that after the 1st para the following new para be inserted :-

"As the management already issued an order to close down Fertilizer Promotion and Agricultural Research Division (F.P. and A.R.D.) with effect from 1st April, 1993".

[10-20 – 10-30 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গভীর উদ্বেগের সঙ্গে আমরা সকলে মিলে এই প্রস্তাব এখানে এনেছি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। কারণ হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন ভারত সরকারের একটা আন্ডারটেকিং। তার অধীনে এই সংস্থা সারা পূর্বাঞ্চল, পশ্চিমবঙ্গ সমেত কৃষির উৎকর্ষ সাধনের জন্য, রিসার্চের জন্য এবং কৃষিকে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য অত্যন্ত গুরত্বপূর্ণ সংখ্যা। কিন্তু বর্তমানে হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেড একটা হটাৎ সিদ্ধান্ত নেবার পরিপ্রেক্ষিতে একটা গভীর উদ্বেগের সৃষ্টি হয়েছে এবং সেই গভীর উদ্বেগ আমাদের শুধু একার নয়, আমরা সকলে মিলে এই সভায় আলোচনার মাধ্যমে প্রকাশ করছি। আমি আলোচনার পরে অংশগ্রহণ করব। তার আগে আমি আপনার মাধ্যমে এই সভাকে আবেদন জানাব যে আলোচনা মাধ্যমে যেন কেউ এই প্রস্তাবের বিরুদ্ধে অহেতুক রাজনৈতিক কটাক্ষ না করে তাহলে আমাদের উদ্দেশ্য বিঘ্নিত হবে। আমি কর্মচারিদের স্বার্থে, কৃষি, কৃষি উন্নয়নের স্বার্থে, বৈজ্ঞানিক প্রযুক্তি ব্যবহারের জন্য এই প্রস্তাবকে সামনে নিয়ে এনেছি। আমি আমার বক্তব্য পরে বলব। এবারে অন্যরা অংশগ্রহণ করুন। মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় মানস ভুঁইয়া এবং আরও অনেককে আমাদের কাছে যে মোশন রেখেছেন এবং যে উদ্বেগ প্রকাশ করেছে, সেই উদ্বেগের প্রতি আমি সহমর্মিতা জানাই। এই ধরনের সংগঠন কি ভাবে বন্ধ হয়ে যায় তা আমি আপনার কাছে দুচার কথায় বলছি। আপনি জানেন যে, ফার্টিলাইজার ইম্প্রুভমেন্ট'এর এবং ফার্টিলাইজার চালনা করবার জন্য ভারত সরকার প্রথমে ফার্টিলাইজার কর্পোরেশন গঠন করেছিলেন। ফার্টিলাইজার কর্পোরেশনে সিন্ধি, গোরক্ষপুর, তালচের, রামগুন্ডায়, কোরবা প্রোজেক্ট যোধপুর মাইনিং ছিল। তারপর সেগুলোকে নিয়ে হিন্দুস্থান ফার্টিলাইজার তাঁরা তৈরি করেছিলেন। এরমধ্যে আছে দুর্গাপুর, রামপুর, বারাউনী, হলদিয়া। আমাদের বক্তব্যের বিষয়, এই এ. আর. ডি., এফ. পি.—ফার্টিলাইজার প্রোমোশন, এই অংশটি। মাননীয় স্পিকার মহাশয়, আপনি জানেন যে, পৃথিবীর এমন কোনও দেশ নেই যে দেশের রিসার্চ ইনস্টিটিউট যেখানে প্রযুক্তির সঙ্গে ফার্টিলাইজার, রাসায়নিক ফার্টিলাইজার ইত্যাদিকে কেন্দ্র করে চলতে হয়, তার বিদ্যা শেখানো হয়। সেইরকম একটি ইনস্টিটিউট, যে

ইনস্টিটিউটকে পশ্চিম জার্মানি, গ্রেট বৃটেন তারা ভূয়সী প্রশংসা করেছে। এই প্রস্তাবের মধ্যে আছে ৯৭ কোটি টাকার বৈদেশিক অনুদান তারা পেয়েছে। এই রকম যে ইনস্টিটিউট, সেই ইনস্টিটিউটকে ভারতবর্ষের কয়েকজন আমলা মনে করেন যে তাকে অর্থকরী হতে হবে। এটা খুব আশ্চর্যের ব্যাপার, কোনও রিসার্চ ইনস্টিটিউট অর্থকরী হবে, নাকি তাকে সিক হিসাবে দেখে তার দিক দিগন্ত খুলে দেওয়া হবে, এটা বিচার্য বিষয়। আজকে যদি বলা হয় যে রিসার্চ ইনস্টিটিউট অর্থকরী ভাবে গাদাগাদা টাকা রোজগার করতে না পারলে তাকে সিক ডিক্লিয়ার করা হবে, সিক ডিক্লিয়ার করে তাকে ক্লোজড্ ডাউন করা হবে, গোল্ডেন হ্যান্ডসেক করা হবে—তারা যে যেখানে চলে যায় যাক, তাহলে এ তো বড় আশ্চর্যের এবং দুর্ভাগ্যের বিষয় হবে। প্রধান বিষয় হচ্ছে, আমি আগেই যে কথা বলছিলাম, হিন্দুস্থান ফার্টিলাইজারের একটা উয়িং হচ্ছে এ. আর. ডি. এবং এফ. পি., তারা কাজ করে থাকে। ভারত সরকার থেকে হিন্দুস্থান ফার্টিলাইজারকে বি. আই. এফ. আর.'-এর হাতে দিচ্ছে। বি. আই. এফ. আর.-এ একটা আলোচনা হয়েছে। আলোচনা এখন মুলতুবি আছে। মাননীয় স্পিকার মহাশয়, আপনি নিজে একজন আইনজ্ঞ, আপনি জানেন যে, কবি. আই. এফ. আর.-এ যে সমস্ত সংগঠনকে পাঠানো হয়, তারই একটা আলাদা উয়িংকে ক্লোজ ডাউন করা যায় কিনা? এই সিদ্ধান্ত নেবেন বি. আই. এফ. আর.। কেন্দ্রীয় সরকারের কয়েকজন আমলা নয়। ডাঃ মানস ভুঁইয়া যে কথা বলেছেন, এটা নিয়ে রাজনীতি না করার জন্য, মাননীয় স্পিকার মহাশয়, আমি তাঁকে সাধুবাদ জানাই, ধন্যবাদ জানাই। তিনি যে রাজনীতি করেননি, রাজনীতি না করে এই রকম একটা ব্যাপারকে আমাদের কাছে দাঁড় করেছেন সেজন্য তিনি নিশ্চয়ই ধন্যবাদ পাবার যোগ্য। আপনি জানেন, এই সংগঠনে এক হাজার ষাট জন এমপ্লয়ী আছে। তার মধ্যে সাতশ'জন প্রযুক্তিবিদ বা ইঞ্জিনিয়ার। তাঁরা গ্রামেগঞ্জে ঘুরে ঘুরে রাসায়নিক প্রক্রিয়ায় কি ভাবে সার দেওয়া যায় তা গ্রামবাসীকে জানান। এটা শুধু কলকাতার সংগঠন নয়, এর হিন্টারল্যান্ড হচ্ছে গোরক্ষপুর থেকে এসে আসাম, মধ্যপ্রদেশ এবং ওড়িয্যা পর্যন্ত। গোরক্ষপুর এবং বারাউনীতে এর যে সংগঠন আছে, সেখান থেকে এতদূর পর্যন্ত ঘুরে ঘুরে কৃষকদের বাড়ি বাড়ি নানা জায়গা থেকে প্রযুক্তি নিয়ে এসে শিক্ষা দেবার চেষ্টা করে।

[10-30 – 10-40 a.m.]

এই সংগঠন যাতে উঠে না যায় তারজন্য মাননীয় মুখ্যমন্ত্রী বারেবারে কেন্দ্রীয় মন্ত্রী এবং প্রধানমন্ত্রীর কাছে চিঠি দিয়েছেন। লোকসভাতে সর্বদলীয় প্রস্তাবও গৃহীত হয়েছে। লোকসভাতে সিপিএমের নেতৃ শ্রীমতী মালিনী ভট্টাচার্য এই বিষয়ে মোশনও দিয়েছেন। হিতেশ্বর সাইকিয়াও চিঠি লিখে পাঠিয়েছেন যাতে এই ধরনের সংগঠন উঠে না যায়। যদিও কেন্দ্রীয় সরকার এই সারের উপরে ভরতুকি কমিয়েছেন কিন্তু তথাপি যদি এই ধরনের একটি সংগঠন উঠে যায় বা এই গবেষণা বাবদ যদি অর্থাদি কমিয়ে দেওয়া হয় তাহলে এটি চলতে চলেতে বাধা প্রাপ্ত হবে এবং এতে বিদেশিদের কাছে আমাদের মুখ ছোট হয়ে যাবে। পার্লামেন্টের যে জয়েন্ট কমিটি আছে, জেপিসি, তারাও এই সংগঠনটি বেঁচে থাকার জন্য সারের দাম বাড়াবার জন্য

একটি রেকমেনডেশন দিয়েছিলেন। কিন্তু এই রেকমেনডেশন সরকারি আমলারা গ্রহণ করেননি। এই সংগঠনের ৮০ শতাংশ বেতন কিন্তু হিন্দুস্থান ফার্টিলাইজারকে দিতে হয় না। এই ৮০ শতাংশ বেতন তারা বিভিন্ন কনসালটেন্সির মাধ্যমে এবং বিভিন্ন বিদেশি সংস্থার মাধ্যমে অর্থাৎ ইউ কে এর যেমন ও ডি এ এবং পশ্চিম জার্মানির যে সমস্ত প্রোজেক্টগুলো তারা ডেভেলপিং কান্ট্রিতে কাজ করে এবং সেই সমস্ত প্রোজেক্টগুলোর মাধ্যমে এই টাকা সংগঠন তুলে নিয়ে আসে। ৫ বছরের জন্য ওডিএতে ওরা যুক্ত হতে চলেছিল এমন সময়ে বাধা সৃষ্টি হয় এবং এরা একটা দোদুল্যমান অবস্থায় রয়েছে। সেখানে বিদেশি সংস্থাগুলো টাকা নিয়ে বসে আছেন, ফরেন এক্সচেঞ্জ দিতে চাইছে সেই সময়ে এই বাধা দেওয়া হচ্ছে। যেখানে এই ধরনের রিসার্চ ইনস্টিটিউট আরও হওয়ার দরকার সেখানে এই ইনস্টিটিউটকে তুলে দেওয়ার পরিকল্পনা হচ্ছে। আজকে ডেভেলপিং কান্ট্রিতে ভারতবর্ষের মতো দেশে এই ধরনের রিসার্চ ইনস্টিটিউট তুলে দিয়ে কিভাবে কাজ করবে সেটা গভীরভাবে চিন্তার বিষয়। এই সংগঠনে ১ হাজার ৭ জন কর্মী আছেন, এই কর্মীদের চাকুরি চলে যাবে এটা খুবই দুঃখের বিষয়। স্যার, আপনি জানেন যে হলদিয়াতে টেকনোলজির অভাব, এই টেকনোলজির অভাবের ফলে সেখানে সার কারখানা চলবে না। এইভাবে দুর্গাপুর সার কারখানাও আধুনিকীকরণ করার নামও করা হচ্ছে না। এর ফলে বহু লোক এখান থেকে চাকুরি ছেড়ে চলে যাচ্ছেন। ফার্টিলাইজার থেকে অনেকেই গোল্ডেন হ্যান্ড শেক করে চলে যাচ্ছেন। এদের চাকুরি চলে যাওয়া অত্যন্ত দুঃখজনক। আমি একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, ডেভেলপিং কান্ট্রিতে এই প্রযুক্তিবিদ্‌দের বা ইঞ্জিনিয়ারদের চাকুরি যাওয়ার মতো দুঃখের বিষয় আর কিছুই হতে পারে না। এইসব প্রযুক্তিবিদ্‌রা ইচ্ছা করলে এবং ইঞ্জিনিয়াররা ইচ্ছা করলে বিদেশে বা অন্য যে কোনও জায়গায় তাদের চাকুরি জোগাড় করে নিতে পারবেন। সুতরাং আজকে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তাতে আমি বিরোধীপক্ষকে প্রথমেই ধন্যবাদ দেব এবং ধন্যবাদ দিয়ে বলব যে এই ব্যাপারে প্রেসার সৃষ্টি করুন। এই সংগঠন যদি উঠে যায় তাহলে আমাদের মতো ডেভেলপিং কান্ট্রির কখনওই উন্নতি হতে পারে না। এই ব্যাপারে শুধু আমরা নই, পূর্বাঞ্চলের সমস্ত মুখ্যমন্ত্রী তথা এম. এল. এ এবং এম. পি-দের নিয়ে দিল্লিতে দরবার করুন যাতে এই রিসার্চ ইনস্টিটিউট বেঁচে থাকে। সর্বদলীয়ভাবে যাতে এটি গৃহীত হয় এবং আমার এই অ্যামেন্ডমেন্টটি গৃহীত হয় তার অনুরোধ রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের পক্ষ থেকে আজকে যে প্রস্তাব আনা হয়েছে আমি প্রথমে সেই প্রস্তাবকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। যে প্রস্তাবটি আজকে এখানে উপস্থাপিত হয়েছে আমরা পশ্চিমবঙ্গের সমস্ত স্তরের মানুষের পক্ষ থেকে যারা এখানে নির্বাচিত সদস্য এবং সর্বদলীয় প্রস্তাব হিসাবে যে বিষয়টিকে আমরা এখানে আলোচনা করতে চেয়েছি এই হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন-এর তাদের রিসার্চ ইনস্টিটিউট যে অবস্থার মধ্যে আছে এটা যদি উঠে যায় তাহলে আমাদের দেশের পূর্বাঞ্চলের কৃষির ক্ষেত্রে, কৃষিজীবী মানুষের ক্ষেত্রে একটা বিরাট ঘাটতির সম্ভাবনা থেকে যাবে।

স্বাভাবিকভাবে আমি বিস্তারিত আলোচনার মধ্যে গিয়ে এই প্রস্তাবটিকে সমর্থন করে সামান্য কিছু বলতে চাই। আগামীদিনে যাতে এই প্রতিষ্ঠানকে টিকিয়ে রেখে এবং সারা পূর্বাঞ্চলের কৃষির উন্নয়নের ক্ষেত্রে এর যে ভূমিকা আছে তাকে সঠিকভাবে কার্যকর করার জন্য মাননীয়া সদস্য আরতি দাশগুপ্তা যে কথা বলেছেন বা যে প্রস্তাব করেছেন সেটাকে আমি সমর্থন করছি। আমাদের পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে যে সমস্ত অঞ্চলে মাননীয় মুখ্যমন্ত্রীরা আছেন তাদেরকে এবং এই অঞ্চলের যারা নির্বাচিত সদস্য তাদের কাছে যদি আমরা এই প্রস্তাবটি নিয়ে যেতে পারি পূর্বাঞ্চলের সমস্ত রাজনৈতিক দলের পক্ষ থেকে, যেমন আমরা আজকে এটাকে সর্বদলীয় প্রস্তাব হিসাবে গ্রহণ করব তেমনিভাবে তারাও যেন এটাকে সমর্থন করেন, এই দাবি আমরা রাখতে চাই। আমরা এই প্রস্তাবটিকে যেমন পশ্চিমবাংলার বিধানসভার পক্ষ থেকে পাস করব, যেহেতু বিষয়টা পূর্বাঞ্চলের বিষয়, এখানকার কৃষির উন্নয়ন, কৃষি প্রযুক্তির উন্নয়ন দরকার তাই এই প্রস্তাবটিকে আমরা এখান থেকে সর্বদলীয়ভাবে গ্রহণ করছি তেমনি পূর্বাঞ্চলের রাজ্যগুলির পক্ষ থেকে অন্তত সর্বদলীয় দাবি হিসাবে যাতে নিয়ে যেতে পারি সেই আশা রেখে, এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোশন আন্ডার রুল ১৮৫-এ এখানে সুব্রত মুখার্জি, মানস ভুঁইয়া এবং অন্যান্য যে প্রস্তাব এনেছেন আমি প্রথমেই এই মোশনকে সমর্থন জানাচ্ছি। আমি মনে করি আমাদের কৃষির উন্নয়নের গতিকে যদি অব্যাহত রাখতে হয় এবং তাকে যদি চূড়ান্ত জায়গায় নিয়ে যেতে হয় এবং আমাদের দেশের খাদ্যকে যদি স্বয়ংসম্পূর্ণ করতে হয় তাহলে নুতন নতুন যে বৈজ্ঞানিক প্রক্রিয়ার সম্ভাবনা তার সাথে চাষীদেরকে পরিচয় করা এটার জন্য এফ. পি. অ্যান্ড এ. আর. ডি., ফার্টিলাইজার প্রমোশন অ্যান্ড এগ্রিকালচারাল রিসার্চ ডিভিসন একটা ভাল ভূমিকা পালন করে এসেছে দীর্ঘদিন। এটা অস্বীকার করার বিষয় নয়, আমাদের দেশের যে শুধু সুনাম হয়েছে তাই নয় বিদেশেও এই ধরনের যারা এগ্রিকালচারাল রিসার্চের সঙ্গে যুক্ত কৃষি বিজ্ঞানী তারাও এর প্রশংসা করেছেন এবং এর প্রয়োজনীয়তাও বলেছেন। আমরা খুবই দুঃখিত, বিশেষ করে আমাদের দেশে যারা রাষ্ট্রীয় পরিচালনায় থাকেন অর্থাৎ আগামী দিনে দীর্ঘ মেয়াদি বঞ্চনা যেগুলিকে তারা বেশি গুরুত্ব দেয় সেটা না করে আমাদের মনে হয়েছে যদি মূল জায়গায়, যেমন এখানে বিরোধীদল বললেন আমরা রাজনীতি করতে চাইনা, আমার মনে হয়েছে তারা ডাঙ্কেল প্রস্তাব নিয়ে ওর মধ্যে যে সমস্ত কন্ডিশন আছে যা প্রস্তাব আছে সেটার ব্যাপারে তারা কি করছেন।

[10-40 – 10-50 a.m.]

মাননীয় স্পিকার মহাশয়, ডাঙ্কেল প্রস্তাবের উপর যদি ক্লাস হয় তাহলে আমি বিরোধীদলের নেতাকে ক্লাস নেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডাঙ্কেল প্রস্তাব গ্রহণ করে প্রকৃতপক্ষে এই পি. এস. ইউ ওয়ার্ক বন্ধ করার জন্য ষড়যন্ত্র হচ্ছে এবং ১৫০০ কর্মচারী ও বিজ্ঞানী তারা অনিশ্চিত-এর মুখে ঠেলে দেওয়া হচ্ছে এবং আগামী ১লা এপ্রিল থেকে এটা বন্ধ হয়ে

[ 20th March, 1993 ]

যাবে। এটা পশ্চিমবাংলার শুধু নয়, এটা গোটা পূর্ব ভারতের কৃষি অর্থনীতির উপর আঘাত আসবে। এই কৃষি বিজ্ঞানীরা যেসমস্ত উদভাবন করেন তার জন্য আমরা গর্বিত এবং তার ফলস্বরূপ এখানে আমরা ধীরে ধীরে আজকে খাদ্য সমস্যা সমাধানের পথে এগিয়ে যাচ্ছি। এই রিসার্চ সেন্টারটি যাতে বন্ধ না হয়ে যায় সেটা দেখতে হবে, বরঞ্চ এই রিসার্চ সেন্টার যাতে এক একটা করে আঞ্চলিক বিভাগে গড়ে ওঠে এটা আমাদের দেখতে হবে। আমি আশা করব কেন্দ্রীয় সরকার এই ডাঙ্কেল প্রস্তাবের কাছে আত্মসমর্পন করবেন না, না করে অবিলম্বে এই ফার্টিলাইজার প্রোমোশন অ্যান্ড এগ্রিকালচারাল ডিভিসন সেটা যাতে বন্ধ না হয়ে যায় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। যদিও সম্প্রতি আমাদের কৃষিমন্ত্রী বলেছেন আমরা ডাঙ্কেল প্রস্তাবের কাছে মাথা নত করব না। কিন্তু ওনাদের কথায় এবং কাজে অনেক পার্থক্য থাকে, সেজন্য আমি অনুরোধ করব আমাদের রাজ্যের থেকে একটা সর্বদলীয় প্রতিনিধিদল দিল্লি যাওয়া হোক এবং এই ১৫০০ কর্মচারী এবং কোটি কোটি চাষী যারা এই অঞ্চলে চাষবাসের কাজে নিযুক্ত তারা যাতে সমস্যায় না পড়ে তার ব্যবস্থা করা হোক। চাষের জন্য শুধু সেচকে গুরুত্ব দিলেই হবে না, যাতে উপযুক্ত সার—যে জমিতে যে সার প্রয়োজন—এর যে রিসার্চ এটা যাতে বন্ধ না হয়ে যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। নইলে কৃষি অর্থনীতির উপর চরম আঘাত আসবে। এই প্রস্তাব খুবই সময়োপযোগী এবং আশা করি এর গুরুত্ব উপলব্ধি করে আমাদের রাজ্য সরকার এই বিষয়টাকে মুভ করবেন এবং প্রধানমন্ত্রী এবং কৃষিমন্ত্রীকে বলবেন। কেন্দ্রীয় সরকার যাতে ডাঙ্কেল প্রস্তাবের কাছে আত্মসমর্থন না করে সে দাবিকে আরও জোরদার করে আমাদের এগিয়ে যেতে হবে এবং যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে তা গৃহীত হবে এবং কার্যকর হবে এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫ অনুসারে সুব্রত মুখার্জি এবং অন্যান্যরা যে প্রস্তাব এখানে এনেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। আমাদের ভারতবর্ষ কৃষিপ্রধান দেশ এবং আমাদের অর্থনীতি কৃষি প্রধান অর্থনীতি। এইরকম একটা দেশে এগ্রিকালচারাল ইন্সটিটিউট তুলে দেওয়ার যে চেষ্টা হচ্ছে তা আমাদের উপর আঘাত হানবে। আমাদের ভারতবর্ষে, পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে মৃত্তিকা অনুসারে কি চাষ করা হবে, না হবে সেই সব গুরুত্বপূর্ণ ব্যাপারগুলো এই ইন্সটিটিউটে হয়ে থাকে। এই এগ্রিকালচারাল ইন্সটিটিউটের অভিজ্ঞতা লব্ধ ফল অনুসারে কৃষকরা জমিতে সার প্রয়োগ করে এবং অন্যান্য যে কৃষি উন্নয়ন-এর ক্ষেত্রে শিক্ষকরা শিক্ষা গ্রহণ করে তার ফলাফলকে কৃষকরা কাজে লাগায়।

তার ফলে আমাদের পশ্চিমবাংলায় কৃষিতে অর্থনৈতিক উন্নয়ন ঘটিয়েছে, কৃষির উন্নয়ন ঘটিয়েছে। এই রকম একটা সংস্থাকে তুলে দেবার প্রস্তাব করছে, এটা ভাবা যায় না। সেই জন্য আমাদের মাননীয় সদস্যরা এবং এখানে সমস্ত দলের পক্ষ থেকে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন করছি। এই রকম একটা ঘটনার যে আমরা প্রতিবাদ করছি এবং

এটাকে বাঁচিয়ে রাখবার জন্য প্রয়োজনীয়তা অনুভব করে আমাদের বিধানসভা থেকে যে প্রস্তাব গ্রহণ করা হচ্ছে এই প্রস্তাব যাতে কেন্দ্রীয় সরকার গ্রহণ করে তার জন্য সরকার পক্ষ থেকে চেষ্টা করা দরকার। এই ব্যাপারে যে সর্ব্বদলীয় প্রস্তাব গ্রহণ করা হচ্ছে সেই অনুযায়ী কেন্দ্রীয় সরকারের কাছে এবং প্রধানমন্ত্রীর কাছে এবং কৃষিমন্ত্রীর কাছে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যেন কথা বলেন যাতে এই রকম একটা গুরুত্বপূর্ণ ইন্সটিটিউট পশ্চিমবাংলা থেকে উঠে না যায়। এই ইন্সটিটিউটের দ্বারা পূর্বাঞ্চল তো বটেই আমাদের রাজ্যে কৃষির সর্ব্বাঙ্গীন উন্নয়ন ঘটানো গেছে। সেইজন্য এই ইন্সটিটিউটকে বাঁচিয়ে রাখার প্রয়োজনীয়তা আছে। এই ইন্সটিটিউটে যেসমস্ত কর্মচারী আছে, যে সমস্ত বিজ্ঞানী আছেন তাদের ভবিষ্যতের জন্য এটাকে বাঁচিয়ে রাখা দরকার। বিগত কয়েক বছরের অভিজ্ঞতা লব্ধ যে ফল সেই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শুধু পূর্বাঞ্চল নয় ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যাতে এই রকম ইন্সটিটিউট গড়ে ওঠে, এই ইন্সটিটিউটের সহযোগিতায় আমাদের ভারতবর্ষের কৃষিতে যাতে আরও অগ্রগতি ঘটানো যায় তার ব্যবস্থা করতে হবে। সার প্রয়োগের ক্ষেত্রে আরও সুষমভাবে চাষীরা সার প্রয়োগ করতে পারে সেই ব্যাপারে এই ইন্সটিটিউটের যথেষ্ট গুরুত্ব আছে। এই ধরনের ইন্সটিটিউট যেটা পশ্চিমবাংলার আছে সেটা যাতে উঠে না যায় সেই ব্যাপারে যে সর্ব্বদলীয় প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি এবং এই প্রস্তাব অনুযায়ী এই ইন্সটিটিউট যাতে উঠে না যায় তার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুক।

**শ্রী বিদ্যুৎকুমার গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন-এ সার উৎপাদন এবং কৃষি গবেষণা বন্ধ করার ব্যাপারে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তার বিরুদ্ধে মাননীয় বিধানসভার সদস্যরা এক যোগে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমি সংশোধনী সহ সমর্থন করছি। এই প্রস্তাবটা যে বিষয়ে আনা হয়েছে সেই বিষয়ে রাজ্য সরকার সচেতন। এই হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন ভারত সরকারের একটা সংস্থা এবং আপনারা জানেন এই সংস্থাকে ১লা এপ্রিল থেকে বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে। এটা যাতে বন্ধ করা না হয় তার জন্য ইতিমধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে ২বার চিঠি লিখেছেন। তারপর সর্বশেষে ১৫ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন তখন আলোচনার সময় সেই বিষয়টা এসেছে। এটা খুব দুঃখের বিষয় যে এই রকম একটা গবেষণা কেন্দ্র, এই রকম একটা কৃষি উন্নয়নের কেন্দ্র এই ভাবে বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। এই ব্যাপারে যে মাননীয় সদস্যরা উদ্বেগ প্রকাশ করেছেন এটা সঠিকভাবেই করেছেন। এটা ওনারা বোঝেনা বলেই হয়ত এই রকম একটা জিনিস করতে ওনারা সম্ভবপর হয়েছেন। বিদেশের বৈজ্ঞানিকরা বলেছেন এই কেন্দ্রগুলি যে আছে যে কেন্দ্রগুলি ভারতবর্ষের রাজ্য আসাম, পশ্চিমবাংলা, বিহার, উড়িষ্যা, মধ্যপ্রদেশ উত্তরপ্রদেশ এই সমস্ত জায়গায় আছে, এই সমস্ত জায়গায় কেন্দ্রগুলির কাজের মাধ্যমে কৃষির উৎপাদন বেড়েছে। কৃষির সঙ্গে যুক্ত মানুষগুলি এর থেকে ভাল প্রশিক্ষণ পেয়েছে। অনেক বিদেশি বৈজ্ঞানিকরা বলেছেন এই সংস্থা পৃথিবীর যে কোনও দেশের কাছে ইর্ষার বস্তু।

[10-50 – 11-00 a.m.]

এরকম একটা সংস্থা তুলে দেবার সিদ্ধান্ত হচ্ছে এবং তাতে সরাসরি ১১শোর মতোন কর্মী, বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, কর্মী জীবিকাচ্যুত হবেন। এতবড় একটা গবেষণা সংস্থা যা কৃষি উৎপাদনের ক্ষেত্রে সাফল্য এনে দিয়েছে আমাদের রাজ্যে এবং অন্যান্য রাজ্যে সেটাকে স্তব্ধ করে দেওয়ার একটা এতবড় অপপ্রয়াস চলছে। স্যার, আপনি জানেন যে এই প্রকল্প কার্যকর করার পরে আমাদের কৃষি উৎপাদনের ক্ষেত্রে কি অগ্রগতি হয়েছে। আমাদের রাজ্যে রাসায়নিক সারের বাণিজ্যিক ব্যবহার ১৯৭৬-৭৭ সালে হেক্টর প্রতি ছিল ১৯ কে. জি. সেটা বৃদ্ধি পেয়ে ১৯৯১-৯২ সালে হেক্টর প্রতি ৯১ কে. জি.তে পৌঁচেছে। রাজ্যস্তরে খাদ্যশস্যের উৎপাদন মোট সেখানে ১৯৭৬-৭৭ সালে ছিল ৭৫ লক্ষ টন সেই উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পেয়ে ১২৮ লক্ষ টন অতিক্রম করে সর্বকালীন রেকর্ড সৃষ্টি করেছে। অর্থাৎ এ ক্ষেত্রে রেকর্ড অগ্রগতি হয়েছে। পাশাপাশি স্যার, আমরা কি ভাবে সার আমদানি করছি তারও একটা চিত্র তুলে ধরছি। ১৯৮৮-৮৯ সালে আমরা ৯৩৪ কোটি টাকার সার আমদানি করেছি, ১৯৮৯-৯০ সালে ১৯৭৬ কোটি টাকার এবং ১৯৯০-৯১ সালে ১৭৯০ কোটি টাকার ১৯৯১-৯২ সালে ১১৬০ কোটি টাকার সার আমরা আমদানি করেছি। যে সারের ক্ষেত্রে অনেকটা সাবলম্বী হওয়া যেতে পারে এইসব ব্যবস্থাগুলি আরও বাড়িয়ে এবং আরও বিভিন্ন প্রক্রিয়া গ্রহণ করার মধ্যে দিয়ে। সেখানে আমরা তা দেখতে পাচ্ছি না। তাছাড়া আমাদের খুবই প্রয়োজনীয় যে বৈদেশিক মুদ্রা তা খরচ করে এত বিশাল পরিমাণের টাকার সার আমদানি করা হচ্ছে। অথচ এই ইনস্টিটিউট যদি থাকে, একে যদি আরও বাড়ানোও যায় তাহলে এরমধ্যে দিয়ে আমরা সার আমদানি অনেকটা কমিয়ে দিতে পারি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হলেও এটা সত্য যে অতি প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা বাঁচানোর ক্ষেত্রে বা সার আমদানি বন্ধ করার ক্ষেত্রে ও সঙ্গে সঙ্গে কৃষি গবেষণা বাড়িয়ে কৃষি উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে ইতিমধ্যেই যে পরিকাঠামো তৈরি হয়েছে তা বন্ধ করে দেওয়া হচ্ছে। সেখান থেকে এত লোক প্রশিক্ষণ পেয়েছেন—বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, যার এতখানি অগ্রগতি হয়েছে তাকে আজকে বন্ধ করে দেওয়ার কথা বলা হচ্ছে। এমন কি স্যার, এর সম্পর্কে বিদেশি বিশেষজ্ঞরা পর্যন্ত বলেছেন যে বিশ্বের সমস্ত দেশের কাছে এটা একটা ঈর্ষার বস্তু। এটা আজকে বন্ধ হতে চলেছে। এর আমরা প্রতিবাদ করেছি এবং সব দলের পক্ষ থেকে আজকে এই সভায় এই প্রস্তাব এসেছে। এটা খুবই আনন্দের বিষয় যে সবাই মিলে আজকে বিধানসভায় এই প্রস্তাব আনা গিয়েছে। স্যার, এই প্রসঙ্গে জানাই, এ ব্যাপারে রাজ্যসরকার অনেক আপত্তি জানিয়েছেন। আমি আগেই উল্লেখ করেছি যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বারবার চিঠি লিখেছেন, দেখা করে বলেছেন যে এটা যেন বন্ধ না হয়। স্বাভাবিকভাবেই স্যার, এতে আতঙ্কিত হয়ে পড়েছেন অন্যান্য রাজ্যগুলিও। এই জে আসামের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীহিতেশ্বর সাইকিয়া, তিনি এই বলে দিল্লির কাছে দরবার করেছেন যে এটাকে যেন বন্ধ করা না হয় এবং আরও অন্তত ৫ বছরের জন্য এটা যেন চালু রাখা হয়। কিন্তু কোনও কথাই কেন্দ্রীয় সরকার কর্ণপাত

করছেন না। এইভাবে স্যার, আমরা দেখছি, কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে, জ্বালানির ক্ষেত্রে স্বনির্ভরতার জন্য এই যে সব প্রচেষ্টা তা সম্পূর্ণরূপে নস্যাৎ করে দিচ্ছেন। মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া বলেছেন যে, এর মধ্যে রাজনৈতিক কথাবার্তা যেন বলা না হয়। কিন্তু এটা এমন একটা বিষয় যে এরমধ্যে রাজনৈতিক কথা তো এসেই যায়। এই যে তার জেলার হলদিয়া ফার্টিলাইজার কোম্পানি, সেটা তো বন্ধ হয়ে আছে। প্রায় ৭শো কোটি টাকা খরচ করে এতবড় একটা কারখানা তৈরি হবার পর তা বন্ধ হয়ে গিয়েছে। এরজন্য এখান থেকে সর্বদলীয় প্রতিনিধিদল গিয়েছেন, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বারবার বলেছেন, ট্রেড ইউনিয়ন সংগঠনগুলি সবাই মিলে একসঙ্গে বলেছেন, পার্লামেন্টের সদস্যরা বলেছেন কিন্তু কেন্দ্রকে কিছুতেই নড়ানো যাচ্ছে না। এর আগে যিনি মন্ত্রী ছিলেন শ্রী চিন্তামোহন তার সঙ্গে দেখা করার সময় তিনি বলেছিলেন, অনেকে বলেছেন এটা মিউজিয়াম, এই হলদিয়া সার কারখানাটা কিন্তু আমি ভাল করে ঘুরে দেখলাম এটা তা নয়, এটা চালু করা যেতে পারে। স্যার, একদল বলছেন যে এটা চালু হতে পারে না আবার একদল বলছেন যে এটা চালু হতে পারে। এমন কি বেসরকারি উদ্যোগরাও বলছেন যে এটা চালু হতে পারে। শ্রী চিন্তামোহনও বলেছেন যে এটা চালু হতে পারে। তিনি বলেছিলেন, আমরা কিছু টাকা পয়সা যোগাড় করে রেখেছি, ভারত সরকারের কাছ থেকে নেব না। কিন্তু এটা খুব আশ্চর্য্যের ব্যাপার যে এখনও পর্যন্ত দীর্ঘ নীরবতা। কতকগুলো প্রোজেক্ট রিপোর্ট ওটা তো বি. আই. এফ. আর'এ পাঠিয়ে দেওয়া হয়েছে, সবগুলো হিন্দুস্থান ফার্টিলাইজারের যা কারখানা আছে, বি. আই. এফ. আর'এ গেছে। কিন্তু এর মধ্যে অনেকগুলো প্রোজেক্ট রিপোর্ট, অনেক বিশেষজ্ঞ সংস্থা জমা দিয়েছে। তারা বলেছে এটাকে চালু করা যায়, পর্য্যায়ক্রমে চালু করা যেতে পারে, তাতে অনেকের জীবিকা বাঁচবে, সারের ক্ষেত্রে আমাদের রাজ্যের এবং আমাদের দেশের একটা বিরাট অগ্রগতি হবে। কিন্তু সেটাকে এ ভাবে ফেলে রাখা হয়েছে। এটা এতই গুরুত্বপূর্ণ বিষয়, যেটা সাত দিনে সিদ্ধান্ত নেওয়া উচিত, সেটা সতেরো বছরে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে না। এটা আমি মনে করি আমাদের রাজ্যের প্রতি এবং পূর্বাঞ্চলের প্রতি একটা যে ধারাবাহিক অবিচার, ধারাবাহিক যে বঞ্চনা চলছে, তার একটা নিকৃষ্ট, প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে এই ইন্সটিটিউটটা তুলে দেওয়া এবং সার কারখানা বন্ধ করে রাখা এবং সার কারখানা বন্ধ করে রাখার জন্য এবং এই যে গবেষণা কেন্দ্র এইগুলো তুলে দেবার যে প্রচেষ্টা, এটা একটা দেশবিরোধী কার্য্যকলাপ। এর বিরুদ্ধে সকলের একযোগে প্রতিবাদ করা উচিত। সেইজন্য যে প্রস্তাব এখানে এসেছে, এই প্রস্তাবের সঙ্গে রাজ্য সরকারের পুরো সহমত আছে। রাজ্য সরকার এই বিষয়ে ওয়াকিবহাল অনেক আগে থেকে। রাজ্য সরকার এই বিষয়ে প্রচেষ্টা নিয়েছে, এ সব সংস্থার যে ইউনিয়নগুলো আছে ওরাও প্রচেষ্টা নিয়েছে, এখানে আমাদের সর্বদলীয় যে প্রস্তাব তা দিল্লিতে নিয়ে যাওয়া হোক। কারণ ১লা এপ্রিল থেকে ওরা এটাকে ওয়াইন্ড আপ করে দেবে ঠিক করেছে। এতগুলো লোকের চাকরী চলে যাবে, শুধু তাই নয়, এটা ভাবাই যায় না যে এই রকম একটা গবেষণা কেন্দ্র যা বিদেশি কারিগরি, সহায়তায় আমাদের দেশে বিরাটভাবে একটা সাফল্যের দিকে এগিয়েছে। এইরকম সাফল্যের নজির কিন্তু আমাদের দেশে খুব বেশি নেই।

কিছু কিছু যে উল্লেখযোগ্য নজির আছে, এটা তার মধ্যে একটা। এবং সেই জিনিসটাকে ওরা বন্ধ করে দিচ্ছে এবং এটা বন্ধ করে দেবার বিরুদ্ধে রাজ্য থেকে বিরাটভাবে প্রতিবাদ হওয়া উচিত। আমাদের মাননীয় সদস্য একজন বলেছেন যে এটা অন্য রাজ্য থেকেও, পূর্বাঞ্চলের রাজ্যগুলো থেকেও যাতে প্রতিবাদ হয় সেটাও আমরা চাই। কিন্তু এটা হচ্ছে, যে যেভাবেই ভাবুক, কারও বা ভাবনা চিন্তার পার্থক্য থাকতে নিশ্চয়ই পারে। কিন্তু আমরা মনে করি যে ডাঙ্কেল প্রস্তাব যেটা ভারত সরকার এখনও পর্যন্ত আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেননি, কিন্তু ডাঙ্কেল প্রস্তাবে যে সব শর্ত দেওয়া হয়েছে, যার আলোচনাগুলোতে ভারত সরকার অংশগ্রহণ করেছে, এখনও চুক্তি সই হয়নি সেটা পশ্চিমী দেশগুলোর মধ্যে ঝগড়ার জন্য হয়নি, কিন্তু ভারত সরকারের পক্ষ থেকে কোনও প্রতিবাদও করা হয়নি। এবং তারই হাত ধরে আসছে এবং মূল কথা হচ্ছে যাতে আমরা সারে বরাবর পর নির্ভরশীল থাকি, হাজার হাজার কোটি টাকা দিয়ে যাতে আমাদের সার কিনতে হয়, আমাদের কৃষির উন্নতি যাতে না হতে পারে, আমরা পর নির্ভরশীল থাকি, আমরা যাতে আমাদের কাঁচামাল এবং সম্পদগুলোকে বিদেশি সাম্রাজ্যবাদী শক্তিগুলোকে লুঠ করার অবাধ ব্যবস্থা আমাদের দেশের মধ্যে থেকে হতে পারে, সেই সব করার জন্য এই সব এবং অন্যান্য কতকগুলো প্রয়োজনীয় জিনিস তা যাতে বরাবর আমাদের রপ্তানি করতে হয়, আমাদের মূল্যবান বিদেশি মুদ্রা খরচ করে আমাদের হাজার হাজার কোটি টাকা খরচ করে আমাদের এই জিনিসটা চালিয়ে যেতে হয় সেই জন্য এই জিনিস করা হচ্ছে। এই নীতি কেন্দ্রীয় সরকার নিয়েছে। কেন্দ্রীয় সরকারের এই নীতির আমরা তীব্র বিরোধিতা করছি এবং আশা করি কেন্দ্রীয় সরকার এই সর্ব দলীয় প্রস্তাব গ্রহণ করার পরে তারা অন্তত এইরকম একটা যে সর্বনাশা পথ, সিদ্ধান্ত, সেই সিদ্ধান্ত প্রত্যাহার করবেন। এই ইন্সটিটিউট যাতে চালু থাকে তার ব্যবস্থা করবেন এবং সাথে সাথে হলদিয়ায় সার কারখানা এবং আমাদের দুর্গাপুরের সার কারখানা এবং অন্যান্য সার কারখানা তা যাতে পুরো দমে চালু হতে পারে তার জন্য দ্রুত ব্যবস্থা নেবেন। এই সিদ্ধান্তগুলো নিতে দেরি করার ফলে এই সব কারখানায় যে সব সম্ভাবনা ছিল সেই সম্ভাবনা অনেকাংশে নষ্ট হয়ে যাচ্ছে। বিভিন্ন বিশেষজ্ঞরা সেই কথা বারবার বলছেন। সেই জন্য আমরা এই সর্ব দলীয় প্রস্তাব যেটা এখানে এসেছে, আমি সেটা সমর্থন করছি সংশোধনী সহ এবং আশা করি এই সর্বদলীয় প্রস্তাবের মাধ্যমে ভারত সরকারকে তার পথ এবং সিদ্ধান্ত পরিবর্তন করানো সম্ভবপর হবে। এই বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

[11-00 – 11-10 a.m.]

**শ্রী সুব্রত মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাবটা আমরা নিয়ে এসেছি সে প্রস্তাবটার সমর্থনে সব দলের পক্ষ থেকে বক্তব্য রাখা হয়েছে। এখনই যা মন্ত্রী মহোদয় বললেন, আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ এক-মত। ফার্টিলাইজার প্রোমোশন অ্যান্ড এগ্রিকালচার রিসার্চ ডিভিসন, সংক্ষেপে যাকে এফ. পি. অ্যান্ড এ. আর. ডি. বলে গণ্য করা হয়, সেটাকে এই মাসের শেষে, অর্থাৎ ৩১.৩.৯৩ তারিখে বন্ধ করে, উইন্ড আপ করে দেবার কথা ঘোষণা

করা হয়েছে। এটা ঠিকই যে, যেমন অনেকে বলেছেন,—এটা বন্ধ করা উচিত। তেমন ভারতবর্ষের অনেক প্রথিতযশা মানুষ, অনেক মন্ত্রী, অনেক বুরোক্রাটস, অনেক টেকনোক্রাটস এর পক্ষে বলেছেন, এটার প্রয়োজন আছে বলেছেন। তাঁরা বলেছেন, এটা চালু রাখা উচিত। আমি দ্বিতীয় পক্ষের সঙ্গে সহ-মত পোষণ করে তাঁদের বক্তব্যের সঙ্গে একটা কথা সংযুক্ত করছি যে, আমাদের দেশে কোনও বিষয়ে রিসার্চ ঠিকমতো হয় না। কোনও বিষয়েই হয় না, ওষুধের ব্যাপার বলুন। আমরা দেখতে পাচ্ছি ভারত সরকার সম্প্রতি ফার্টিলাইজার একটু অবহেলা করছেন এবং দামও বেড়েছে খুব, ফলে গরিব কৃষকদের খুবই কষ্ট হচ্ছে। আমাদের এখানে মনে রাখা দরকার যে, আমরা আর এখন একটা চাষের ওপর নির্ভর করছি না, বহু চাষ করতে গিয়ে দিনের পর দিন জমির উৎকর্ষতা কমে যাচ্ছে। এমন কি ন্যাচারাল সারে আর কাজ হচ্ছে না। স্বভাবতই আমাদের কেমিক্যাল ফার্টিলাইজারের গুরুত্ব আরও বেড়ে গেছে। কৃষকদের ক্ষেত্রে তো বটেই, ভারতের আর্থিক ক্ষেত্রেও নতুন যে আর্থিক নীতি ঘোষণা করা হয়েছে, সেই আর্থিক নীতিকে সাকসেসফুল করতে হলে রিসার্চ ডিসিসন বন্ধ করে দেওয়া, আমি মনে করি ইট ইজ এ ক্রিমিনাল অফেন্স। এর ফলে এই আর্থিক নীতি আধাখেঁচড়া রূপ নেবে বলে আমি মনে করি। সফল হয়ে উঠতে পারবে কিনা। রিসার্চ কোনও লাভ লোকসানের ব্যাপার নয়। এ বিষয়ে আমাদের কৃষি মন্ত্রকের একটা গবেষণা রিপোর্টই বলছে, গবেষকরা একটু ঘুরে, বিভিন্ন জায়গা ভিজিট করে তারপর বলছেন, "দি The activities of FP & ARD are so unique and helpful to the farmers that besides its normal agricultural promotion work this Division has successfully executed various foreign aided agricultural projects and it is an achievement that this Division has been able to earn Rs.97 crores from foreign countries so far. Presently out of the two projects being executed by FP & ARD namely Indo-British Fertiliser Education Project (IBFEP) and Rainfed Farming Project (REP), IBFEP is going to expire on 31.3.93. When FP & ARD is a permanent set-up Division of HFC, the expiry of one aided Project must not pose any problem resulting in closure of this Division in view of the fact that this is not a Project-based wing of HFC but a permanent agricultural promotion and research Division which virtually supplements the purposes of the total agricultural Development in Eastern Zone. ইস্টার্ন জোনের এগ্রিকালচারাল প্রোমোশন এখন স্তব্ধ হয়ে যাবে এবং এটা লসে চলার কোনও প্রশ্নই নেই, এটা একটা রিসার্চ ওয়ার্ক, এটা ম্যান্ডেটরি, সরকারের কাছে বাধ্যতামূলক হওয়া উচিত। সুতরাং আমরা এই সভার পক্ষ থেকে যৌথভাবে চাপ সৃষ্টি করতে পারি। আমরা সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন থেকে এই চাপ সৃষ্টি করেছি। আর কয়েকদিনের মধ্যেই বন্ধ হয়ে যাবে, আমি মন্ত্রী মহোদয়কে বলব যে, আপনারা যদি কেন্দ্রীয় সরকারকে আপনাদের মেশিনারি দিয়ে বোঝাতে পারেন এটা প্রয়োজন কত বেশি, শুধু মাত্র পশ্চিমবাংলার জন্য নয়, আসাম, বিহার, উড়িষ্যা, এমন কি মধ্যপ্রদেশ, উত্তর-

প্রদেশের বিস্তীর্ণ অঞ্চলও এই রিসার্চের ওপর নির্ভরশীল। স্বভাবতই আমি মনে করি এই হাউস থেকে আমাদের এই দাবিগুলো করা উচিত ; যথা— i) for extending necessary financial support to FP & ARD for its proper functioning and/or, ii) for extension/expansion of the existing project, and/or, iii) for clearance of the successor foreign-aided agricultural projects as per proposals submitted by HFC Management to Govt. of India, and /or, iv) for allowing execution of various agricultural and rural development projects of the Govt. of India and Research Projects of Indian Council of Agricultural Research (ICAR) through this Division, and/or, (v) for utilisation of the well-built infrastructure and rich expertise of this Division by the Ministry of Agriculture, Govt. of India, and (vi) for setting up a Krishi Vigyan Kendra at Durgapur (West Bengal) where the required infrastructure is already available with HFC.

এক্ষেত্রে আমরা যদি সমবেতভাবে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করতে পারি এবং উপযুক্ত কারণগুলি তাদের বোঝাতে পারি তাহলে মনে হয় কিছু হতে পারে। একেবারে হতাশ হবার প্রয়োজন নেই। এর গুরুত্ব বুঝে যদি যৌথভাবে আবেদন করতে পারি তাহলে মনে হয় কিছু সম্ভাবনা রয়েছে। প্রয়োজনে দিল্লির কাছে একটা যৌথ দাবি-পত্র আমরা পেশ করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ব্যাপারে অল পার্টি ডেলিগেশন সেখানে পাঠানো দরকার, কারণ ১০০০ পরিবার ৩১ তারিখের পর থেকে রাস্তায় দাঁড়াবেন। আজকে স্টারভেশন ডেথ যেখানে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি সেটা এর ফলে আরও বাড়বে। মেটাল বক্স, এম. এম. সি. বন্ধ হতে চলেছে। সেখানকার ৫০-৬০ জন শ্রমিক অলরেডি আত্মহত্যা করেছেন। রিসার্চ প্রয়োজন, কিন্তু তার গুরুত্বের কথা যেমন ভাবতে হবে, ওয়ার্কারদের কথাটাও সঙ্গে সঙ্গে ভাবতে হবে। শুধু লাভলোকসানের ব্যাপার নয়, মানবিক বিষয় হিসাবে এটা দেখতে হবে। রিসার্চ সেন্টার ভরতুকির উপর, অনুদানের উপর চলে। রিসার্চ সেন্টার কমার্সিয়াল সেন্টার নয়। তাই আমাদের দাবি, এই ব্যাপারে যত তাড়াতাড়ি সম্ভব যৌথ প্রতিনিধি দলকে দিল্লি পাঠানো হোক। এই বলে প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** There is no proposal for a All party Delegation.

**শ্রী সুব্রত মুখার্জি :** এটা লিখিতভাবে নেই, কিন্তু আমরা সবাই বলছি এটা ; এস. ইউ. সি. আই বলেছেন, সি. পি. এম., আর. এস. পি. বলেছেন এবং আমরাও বলছি।

**মিঃ স্পিকার :** কথা হচ্ছে, এই আইনটা ১লা তারিখ থেকে এফেকটিভ হয়ে যাচ্ছে, সেক্ষেত্রে সময় কোথায়? আজকে ২০ তারিখ। অল পার্টি ডেলিগেশন হবে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া জানাতে হবে, তাদের কাছে অ্যাপয়েন্টমেন্ট সিক করতে হবে, মন্ত্রী দেখা করবেন কি করবেন না সেটাও আছে।

বিদ্যুৎবাবু, আপনিই বলুন, এটা কত দিনের মধ্যে করা যায়? কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনার জন্য কয়দিনের মধ্যে যাওয়া যায়?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** আজকে ঠিক হয়ে গেলে আগামী সোম মঙ্গলবারের মধ্যে যাওয়া যেতে পারে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাই, বাজেট বিতর্কের মধ্যেই প্রস্তাবের গুরুত্ব বুঝে আমাদের আলোচনা অনুমতি দিয়েছেন। সেই প্রস্তাবের উপর আমরা আলোচনা করছি। অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, ছোট করে দেখবার কোনও কারণ নেই। যদিও মাননীয় মন্ত্রী বক্তব্য রাখতে গিয়ে স্বভাবসিদ্ধ ভাবে রাজনীতি করলেন। তাই আমি বলছিলাম, গুরুত্বপূর্ণ মুহূর্তে করা উচিত নয় এটা। পশ্চিমবঙ্গ ফার্টিলাইজার কনজাম্পশনের ক্ষেত্রে সিকস্থ্য। আর ভারত সরকার ফার্টিলাইজার সাবসিডির ক্ষেত্রে কিছুটা পিছিয়ে এলেও কৃষকদের স্বার্থ ভারত সরকার জলাঞ্জলি দেননা। কারণ ১৯৯৩-৯৪ সালে বাজেটে অর্থমন্ত্রী পরিষ্কারভাবে ঘোষণা করেছেন আউট অব Then, Sir, I would like to invite your attention to the Parliamentary Practice by Mr. Erskine May, 20th Edition, Page 296—'Opposition motions in Government time'—"From time to time the opposition put down a motion on the paper expressing lack of confidence in the Government—'a vote of censure' as it is called. By established convention the Government never fails to acced to the demand from the Leader of the Opposition to allot a day for the discussion of such a motion. In allotting a day for this purpose the Government is entitled to have regard to the exigencies of its own business, but a reasonably early day is invariably found. This convention is due to the recognised and responsible position of the Opposition as potential Government—a position which guarantees the legitimacy of such an interruption of the normal course of business." এবং এই ৪ হাজার কোটি টাকার সাবসিডি ফার্টিলাইজারের মধ্যে ১ হাজার কোটি টাকা সাবসিডি দেওয়া হবে ইমপোর্টেড ফার্টিলাইজারের উপরে এবং ৩ হাজার কোটি টাকা দেওয়া হবে ইন্ডিজিনাস মোবিলাইজেশন অব দি ফার্টিলাইজারের উপর। আমরা এই মতের সঙ্গে একমত নই যে ভারত সরকার ফার্টিলাইজারের ক্ষেত্রে সম্পূর্ণ অবহেলা করছেন, অর্থ বিনিয়োগ করছেন না, কৃষকদের স্বার্থ দেখছেন না। কারণ খুবই গুরুত্ব দিয়ে ভারত সরকার এবং কৃষি দপ্তর এটা দেখছেন কৃষকদের স্বার্থে। সেজন্য ১৯৯৩-৯৪ সালের বাজেটে ৪ হাজার কোটি টাকা ফার্টিলাইজারে সাবসিডির সংস্থান রেখেছেন। বিষয়টা অন্য জায়গায়। সেটা হচ্ছে, কৃষি প্রযুক্তির মানোন্নয়নের ক্ষেত্রে এফ. পি এবং এ. আর. ডি এই ইউনিটগুলি বিগত কয়েক বছর ধরে পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষের ৬টি রাজ্যে কাজ করে যাচ্ছে। এটা মূলত প্রযুক্তি ভিত্তিক, বিজ্ঞান ভিত্তিক এবং প্রয়োগ ভিত্তিক কাজের উপরে নির্ভরশীল। এখানে বিজ্ঞানীরা রয়েছেন, প্রযুক্তিবীদরা

রয়েছেন এবং অন্যান্য কর্মচারিরা রয়েছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সংস্থা। আমাদের ফার্টিলাইজার দপ্তরের অফিসার এবং মন্ত্রিসভার সিদ্ধান্তের মধ্যে আমার মনে হয় একটা ফাঁক থেকে যাচ্ছে, যেকথা বিদ্যুৎবাবু বলেছেন। আমরা আলোচনা করেছিলাম প্রাক্তন মন্ত্রী চিন্তামোহনের সঙ্গে এবং তাতে আমরা পরিষ্কার বলেছিলাম যে একটা প্রজেক্ট, এফ. পি এবং এ. আর. ডি প্রোজেক্ট, এটা এইড-এর ভিত্তিতে হতে পারেনা। অর্থাৎ ইন্দোব্রীটিশ প্রোজেক্টের টাকা না এলে, বেনফেডের টাকা না এলে চলবে না, এটা ঠিক কথা নয়। একটা ইউনিট যা রিসার্চের জন্য চিহ্নিত তা কখনও এইড-এর ভিত্তিতে হতে পারে না। এই জায়গায় আমাদের প্রতিবাদ এবং এই ডিসিসনের জন্য এটা গুটিয়ে আনার যে সিদ্ধান্ত, তার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ। হলদিয়া কমপ্লেক্স-এর সঙ্গে কলকাতার এফ. পি এবং এ. আর. ডিকে যুক্ত করে সমসাময়িক সমান্তরাল সিদ্ধান্ত নেব বলে যদি কেউ ঠিক করেন তাহলে সেটা বিপদজ্জনক এবং বিভ্রান্তিকর পদক্ষেপ বলে আমি মনে করি। তাই, আমাদের দাবি এই সভা থেকে আমাদের কেন্দ্রীয় সরকারের সার দপ্তরকে এখনই বলা দরকার। ইতিমধ্যে আমাদের প্রদেশ কংগ্রেসের সভাপতি সোমেন মিত্র মহাশয়, প্রধানমন্ত্রীকে বার্তা পাঠিয়েছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীও চিঠি পাঠিয়েছেন। এই ব্যাপারে সকলে মিলে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। এটা শুধু কর্মচ্যুতির ব্যাপার নয়, এক হাজার ৬ শত পরিবার এর সঙ্গে যুক্ত আছেন। এতে পশ্চিমবঙ্গের কৃষির মানোন্নয়ন, পূর্বাঞ্চলের মানোন্নয়ন এবং ভারতবর্ষের ৬টি রাজ্যের কৃষি প্রযুক্তির ক্ষেত্রে প্রয়োগের ক্ষেত্রে বাধার সৃষ্টি হবে। আমরা এই ব্যাপারে অতীতেও অনেক দৃষ্টান্ত স্থাপন করেছি এই সভা থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, আপনি যদি অনুমতি দেন তাহলে আমরা এই সভা থেকে সমস্ত দলের প্রতিনিধি পাঠিয়ে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ যে অবিলম্বে যুদ্ধকালীন ভিত্তিতে এটাকে হস্তক্ষেপ করা দরকার, এটা বন্ধ করা চলবে না। কারণ সরকারি দপ্তরের অফিসাররা একটা প্লীয়া নিচ্ছে যে যেহেতু হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশনের অ্যাজ এ হোল ইউনিটকে বি. আই. এফ. আর.-যেতে রেফার করা হয়েছে, অতএব আস্তে আস্তে as a sequel of the incident of the decision taken by the Government of India in regard to the HFCL. এটাকে গুটিয়ে নাও, এই রকম একটা ধারণা এসেছে। কাজেই এর বিরুদ্ধে প্রতিবাদ হওয়া উচিত। এটা ঠিক যে আমরা জানি যে ভারতবর্ষ কৃষির ক্ষেত্রে কতখানি অগ্রসর হয়েছে। ভারতবর্ষ পৃথিবীর মধ্যে প্রোডাকশন অ্যাজ এ হোল সেকেন্ড পজিশনে আছে। পশ্চিমবঙ্গও অনেকটা এগিয়ে গেছে। তবে আরও এগিয়ে যাওয়া উচিত। মন্ত্রী মহাশয় এখানে আছেন। আমরা বলি যে চালের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এগিয়ে গেছে, সার ব্যবহারের ক্ষেত্রেও এগিয়ে গেছে।

সার ব্যবহারের ক্ষেত্রে আমরা এগিয়ে গিয়েছি কিন্তু পার হেক্টার প্রোডাকশনের ক্ষেত্রে পশ্চিমবাংলা অনেকখানি নিচে, পাঞ্জাবের চেয়ে এবং অনেকের চেয়ে। আমি সেই রাজনীতির বিতর্কে যেতে চাই না, বাজেটে বলব, তখন অর্থমন্ত্রীকে ধরব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি অনুরোধ করতে চাই এটাকে একটা রাজনীতির উর্দ্ধে রেখে অত্যন্ত

গুরুত্ব দিয়ে দেখা উচিত। এখনই আপনি জানতে চাইলেন অল পার্টি ডেলিগেশনের ব্যাপারে এখনই কিছু করা যাবে কিনা। নিশ্চয়ই করা যাবে, এখানে মন্ত্রী মহাশয় আছেন, উদ্যোগ গ্রহণ করুন, হাউস চলাকালীন যোগাযোগ করুন দিল্লির সঙ্গে এবং কেন্দ্রের মন্ত্রীর সঙ্গে। এখানকার ১০৬০টি পরিবারকে বাঁচাবার জন্য, বাংলাকে কৃষিকে বাঁচাবার জন্য বিজ্ঞান প্রযুক্তি তার উৎকর্ষতাকে বাঁচাবার জন্য আমাদের পদক্ষেপ নিতে হবে। স্যার, আপনাকে ধন্যবাদ আমাকে বলতে দেবার জন্য। আমাদের এই প্রস্তাবকে গ্রহণ করার জন্য অন্যান্য বলতে দেবার জন্য। আমাদের এই প্রস্তাবকে গ্রহণ করার জন্য অন্যান্য সকল সদস্যকে অনুরোধ জানিয়ে, একটি সর্ব্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে যাওয়ার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shrimati Arati Dasgupta that after the 1st para, the following new para be inserted:

"As the management already issued an order to close down Fertiliser Promotion and Agricultural Research Division (F.P. and A.R.D.) with effect from 1st April, 1993".—

—was then put and agreed to.

The motion of Shri Subrata Mukherjee, moved by Dr. Manas Bhunia, that—As H.F.C.L. Management has constituted several Committees to submit their reports by 15th March, 1993 to start the procedures of several Units under its control including the Fertilizer Promotion and Agricultural Research Division;

As the management already issued an order to class down Fertiliser promotion and Agricultural Research Division (F.P & A.R.D) with effect from 1st April, 1993.

As the Fertilizer Promotion and Apricultural Research Division (F.P. and A.R.D.) has been playing a pivotal role in the field of Agricultural Development by educating the poor farmers about modern farm practices in Eastern Region;

As this Division has been highly acclaimed by the National and International Agencies for their excellent work in the agricultural development;

As this Division has been successfully carrying out foreign aided agricultural projects and so far earned Rs.97 crores from the foreign countries;

As this Division is boosting up the economy of Eastern Region by increasing production of crops ;

As the closure will tremendously affect out farmers ;

As about 1,050 employees will become jobless ;

As this Division is quite capable of executing Government of India's Agricultural and Rural Development Programme ; and

As we never appreciate the retrenchment of any worker and closure of any P.S.U without any proper reasoning ;

Therefore, this House urges upon the Central Government through the State Government, to compel the H.F.C.L. authority not to close down the Fertilizer Promotion and Agricultural Research Division here, as amended, was then put and carried.

**Plan for An All-Party Delegation**

**Mr. Speaker :** Mr. Subrata Mukherjee, there will be one resolution regarding an all-party delegation who will go to Delhi to meet the Minister concerned on the subject. The resolution will be taken up later on. Becase the list of the names will have to come and I will request you to give a list to the Government Chief whip as small as possible. He may be contacted in this regard. You please give it in an shortest possible manner. Because the matter of expenditure is involved there. It should not be a very large list.

(At this stage, Dr. Zainal Abedin rose to speak)

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, I invited your attention to Rule 199.

**Mr. Speaker :** We have already discussed the matter earlier in the morning.

## POINT OF ORDER

[11-20 - 11-30 a.m.]

**Dr. Zainal Abedin :** Sir, I have submitted a notice to the Secretary. Possibly it would be brought to your notice. I would like to make you alert and you must know the fact that the Speaker is bound to

obey the laws, rules and also the conventions of the House. Not only the members, but also the Chair is bound to obey the rules, procedures and conventions of the House. Sir, the chair is not above the rules of the House or even outside the House. For its part, the Government has everything to gain by meeting such a direct challenge to its authority at the earliest possible moment. After a period of decline the numbers of censures motions debated tended to increase during the late 1970s when Government majorities were small although they were still infrequent. The Government was defeated on a motion of no confidence on 31st March, 1978 and subsequently resigned. In 1980-81 two censure motions were debated for a total of $13^1/_2$ hours. In 1981-82 one such motion was debated for six hours twenty minutes.........

এতে আপনার কিছু নেই। আমরা আপনাকে ১৯৯এ রিটিন যেটা দিয়েছি, এতে আপনার কোনও চয়েস নেই। ইউ উইল হ্যাভ টু অ্যাকসিড। আমরা চাই, আপনি আইনের উর্ধ্বে নন, গভর্নমেন্টও আইনের উর্ধ্বে নয়। এরা যা খুশি তাই করে। আপনি এখানে অনেক সময়ে বলেছেন। এখানে বাবরী ৬ তারিখে ভাঙার পর একটা এভোলিউশন অর এমোশন হয়েছিল। এখানকার রাজ্য সরকার সিকিউলার, নয়-পার্টির ওরা কমিউন্যাল বলে কেউ নেই। অপোজিশন সিকিউলার। গভর্নমেন্ট অভ ইন্ডিয়া ভেরি কো-অপারেটিভ। চীফ মিনিস্টার নিজে অ্যাসেম্বলির লবিতে বলেছেন। পাঁচ মিনিটের মধ্যে ফোর্ট উইলিয়াম রেসপন্স করেছে। এখানে মিলিটারী দিয়েছিল। জ্যোতিবাবু এখানে রায়ট থামাতে পারেননি, বেস্ট এফর্ট সত্ত্বেও রায়ট বেধে গিয়েছিল, বিকজ দি প্রোভোকেশন ওয়াজ গ্রেভ। স্যার, আই অ্যাম নট স্টালিন।

**মিঃ স্পিকার ঃ** ডঃ আবেদিন, ইউ ওয়ান্ট টু সে দ্যাট ইউ কুড নট কন্ট্রোল ইওর মেম্বার্স?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** তা ঠিক নয় স্যার। চীফ মিনিস্টার ওয়াজ মেকিং এ স্টেটমেন্ট ফার ফ্রম ফ্যাক্টস। জ্যোতিবাবু রায়ট লাগিয়েছেন এই কথা বলতে পারছি না। কিন্তু চেক করতে পারেননি—হি কুড নট চেক। ইকোয়ালি দি প্রোভোকেশন ওয়াজ গ্রেভ।

**মিঃ স্পিকার ঃ** আমি আপনার বিরুদ্ধে এই অভিযোগ লাগাইনি বা বলিনি আমি বলেছি যে, আপনি আপনার মেম্বারদের কন্ট্রোল করতে পারেননি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, এমোশনকে কন্ট্রোল করা যায় না। এটা স্তালিন কন্ট্রোল করেছিল আট লাখ লোককে মেরে।

**মিঃ স্পিকার ঃ** উইল দ্যাট লিড টু এ ব্রীচ অব কনফিডেন্স ইন ইউ?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আই লাইক টু কনভিন্স দেম উইথ ওয়ার্ডস। সুতরাং

স্যার, আপনি এটা নেবেন না। কারণ কালকে যে প্রোভোকেশন ছিল এটা গ্রেভেস্ট। আপনার চেয়ারের প্রতি কোনও অসম্মান নয়। আপনি দেখেছেন যে আমরা কো-অপারেশন করছি। ডঃ দাশগুপ্তের বাজেট প্রস্তাবের উপরে কালকে পার্টিসিপেট করেছি, আজকেও করছি, বিকজ অপোজিশন ইজ এ রেসপনসিবল অপোজিশন। উই আর কো-অপারেটিভ।

**Dr. Zainal Abedin :** আজকে সেইজন্য আমরা চাইছি We want to cooperate with the Government though it is still pursuing with meticulous care, the policy of criminalization of politics and making politics criminalized and further they are politicalizing the criminals of the metropolitan city. এটাতে আমরা ডিবেট করতে চাইছি এই কারণে যে They should free এখানে আপনার প্রতি কোনও অমর্যাদার প্রশ্ন নেই, আমি শুধু আপনাকে একটু স্মরণ করিয়ে দিতে চাই এবং এই প্রসঙ্গে উল্লেখও করতে চাই যে এই ৪০ ডেমোক্রেসিতে এই চেয়ারের কাছে থেকে আমরা অন্য কিছু আশা করি ......(noise).... Sir, we are expecting your intervention in this regard....(noise from the Congress(I) bench).........

**Mr. Speaker :** The Chair also is expecting certain co-operation from the opposition.

**Dr. Zainal Abedin :** Sir I quote from May's Parliamentary Practice, Page-278—"It is customary for the mover and seconder to be unofficial Members. In 1789 Mr. Pitt was desirous of proposing Mr.Addington himself : but Mr. Hatsell, on being consulted, said, 'I think that the choice of the Speaker should not be on the motion of the minister. Indeed, an invidious use might be made of it, to represent you as the friend of the minister, rather than the choice of the House. Mr. Pitt acknowledged the force of the objection ; Sidmouth, i.78. When a Speaker is re-elected without opposition, it has been usual for the proposer and seconder to be taken from different sides of the House." The Speaker and Deputy Speaker are together elected on a motion of a Minister. The Chief Minister proposes the names of the Speaker and the Deputy Speaker. আমাদের এখানে দুর্ভাগ্য যে চিফ মিনিস্টার প্রপোজ করেন স্পিকার এবং ডেপুটি স্পিকারের নাম, এটা কারুর প্রতি আমার এসপারসন নয়। আপনার Twentieth Century in the House of Commons—There the Speaker shall become subordinate to the Chief Minister of the Prime Minister as the case may be এটা খুব অ্যাডভান্স ডেমোক্রেসি, ওন্ডার ডেমেক্রোসিতে এইরকমই ডিজায়রেবল। আমি এটা জানিয়ে দিলাম আপনাদের। সেই কারণে আমি এটা আপনার নজরে এনে দিলাম এবং I will wait for your rulling.

## RULING FROM CHAIR

**Mr. Speaker:** Dr. Zainal Abedin has raised a point of order, under rule 199 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

[11-30 - 11-40 a.m.]

He has quoted from the May's Parliamentary Practice and also commented on the expected neutrality in his personal capacity by this August Chair. He here referred, what should be that mode of election of the Speaker. I don't have to remind Dr. Zainal Abedin, a senior most member of this House and the Leader of the Opposition and an ex-Minister that—I am always lenient to the opposition for more contributions from him in this House—the Indian Parliamentary system is not a copy of the British Parliamentary system. It is slightly different from the British parliamentary system in certain places. It is not an exact copy of that. Our Parliament is the product of Indian constitution and it has its limitations. The British one is the product of the conventions. A such it is not the product of the constitution and maintaining his affiliation with the political party and proposed by members of certain political groups and seconded by them. It is a convention, nothing new. It has grown over the years and the tradition is still going on. I will be happy to see the day when Dr. Zainal Abedin's party—when it comes to power—that it tries to break this system and tries something new. Till then, we have to wait because it has not been done. It is no use speaking now. They had the time, they had the chance, but they did not choose it and they did not do it. They may choose it again. For the moment let it be as it is, and let the convention, that has grown up, go on.

Coming to rule 199, which Dr. Zainal Abedin mentioned, it relates to two parts; one is want of confidence in the Council of Ministers and the other is a motion disapproving the policy of the councel of Ministers. It has basically two parts. We generally discuss this as a motion of no-confidence in the Council of Ministers generally—because disapproving of policy is a very rare occasion, a rare motion, and it is rarely used. It can be used against the Minister at times, against individual Minister at times, and also against the Council of Ministers and the Government also. If I allow Dr. Abedin to move his motion under

rule 199, which I generally do as I am lenient and I always prone to allow the Opposition the maximum facilities that are allowable under rules, even at times relaxing the rules, but, I always believe that, nothing undue should be done that should also cause undue hardships to the ruling party inside the House. I think, Dr. Abedin has not seen all the sub-rules to rule 199. He is guiding himself by rule 199(1) only. There are certain requirements. The requirements are that—according to the rule—if I allow the motion—he will have to collect thirty members, Does he have thirty members now ?

....(noise).....

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, এটা আপনি পরে দেবেন, এটা সোমবার কিংবা মঙ্গলবার হতে পারে।

**মিঃ স্পিকার ঃ** আজকে এখনই হবে, রুল হলে তো আজকেই হবে, ১৯৯তো তাই বলে।

You have filed the motion today. I will have to deal with it today. I shall read the rule again : "......leave to make the motion shall be asked for after questions and before the list of business for the day is entered upon ;" List of Business of day, that means, now, today. It does not mean tomorrow or the day after that......(noise).......Please have some patience. For that, "the member asking for leave shall, before the commencement of the sitting for that day....." not for the day after that or for the day after that and for the day after that and so on.

Then the notice will be ruled out of order. It cannot be filed two days or three days beforehand. I am sorry. I have to reject the motion. You will have to come with a fresh motion next day.

**Dr. Zainal Abedin :** Sir, before you pass your final ruling, I have a submission to make. Since you have been in occupation of the Chair, the Opposition has been compelled to co-operate with the Chair and the Government on many occasions. Sir, the force of the convention is much larger in the parliamentary democracy and we co-operated with the Chair just to accommodate the Government's Business. I have given the notice for the consideration in the next week. The customary convention is that the notice will be taken up immediately after the question hour. As there is no schedule for question hour, naturally the notice will be taken up on Monday after the question hour.

**Mr. speaker :** Dr. Abedin with due respect to you and the office you hold, I again most respectfully remind you that under rule 199 the notice has to be filed on the day. I cannot relax the rules. If you think that this motion cannot be taken up today, then I have to reject it. If you file a motion on Monday, I will see that on Monday.

**Dr. Zainal Abedin :** Sir, keep it pending till Monday.

**Mr. Speaker :** No, I cannot keep it pending. I am sorry.

**Dr. Zainal Abedin :** Then, Sir, I beg to move that under rule 363, the provision of (A) & (B) of Rule 199(1) be suspended for the day for the purpose.

**Mr. Speaker:** I am sorry I cannot agree with your proposal. Your application under rule 199 is rejected. Now, General Discussion on Budget.

.....(noise)......

.....(at this stage the Congress (I) Members walked out of the Chamber)....

## GENERAL DISCUSSION ON BUDGET

[11-40 – 11-50 a.m.]

**শ্রী বিশ্বনাথ মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী কেন্দ্রের উপর নির্ভরতা, বাইরের উপর নির্ভরতার পরিবর্তে স্বনির্ভরতা নিয়ে তার বাজেট পেশ করেছেন। স্যার, আমরা জানি যে কোনও রাজ্যের বাজেট করতে গেলে কেন্দ্রের বাজেটকে বাদ দিয়ে বাজেট করা যায় না। অর্থাৎ গোটা দেশের সামগ্রিক অর্থনীতি যারা নিয়ন্ত্রণ করেন তাদের বাদ দিয়ে বাজেট করা সম্ভব নয়। তা সত্ত্বেও আমাদের মাননীয় অর্থমন্ত্রী গত কয়েক বছর ধরে এখানে ঘাটতিশূন্য বাজেট পেশ করেছিলেন এবং সফলভাবেই সেই বাজেট রূপায়িত করেছেন। আমরা জানি যে চলতি বছরের বাজেটে সামান্য ঘাটতি দেখানো হয়েছে। সেই ঘাটতি পূরণের জন্য সাংবিধানিক যে পদ্ধতি অবলম্বন করলে ঘাটতি আর থাকবে না সেটাও তিনি বলে দিয়েছেন। স্যার, আমরা দেখছি, কেন্দ্রের উপর নির্ভর করে বাজেট করা খুব কঠিন কারণ কেন্দ্র যত প্রতিশ্রুতি দেন তা তারা পালন করেন না। এই তো গত বছর বিশেষ ঋণ হিসাবে যে টাকাটা তাদের দেওয়ার কথা ছিল সেটা তারা দিলেন না। স্বভাবতই রাজ্যকে তার নিজের পায়ে দাঁড়াবার ব্যবস্থা করতে হল। আর বৈষম্যের

কথা যদি বলেন তাহলে বলি, পশ্চিমবঙ্গের প্রতি বঞ্চনা বা বৈষম্য তো আজ থেকে শুরু হয়নি, এ তো সেই প্রথম অর্থ কমিশন থেকেই শুরু হয়েছে। মাননীয় বিরোধীদলের নেতার বক্তব্য আমি শুনছিলাম কিন্তু তিনি এসব কথার মধ্যে গেলেন না। স্যার, বৈষম্যের কথা বলতে গিয়ে আমি প্রথম অর্থ কমিশন যে রিপোর্ট দিয়েছিলেন তার থেকে কিছু তথ্য রাখছি। সেই সময় আয়করের ক্ষেত্রে যে বিলিবন্টনের ব্যবস্থা ছিল তা থেকেই আমার কথাটা পরিষ্কার হয়ে যাবে। তখন বম্বে মহারাষ্ট্র আগে অন্য নাম ছিল ২৪ পেলে, উত্তরপ্রদেশ ১৭৮, মাদ্রাজ ৯৩, বিহার ৩২২, এম. পি. ২১৫, পাঞ্জাব ৭১, আসাম ৮৪, উড়িষ্যা ৬১৭, পেলে ওয়েস্ট বেঙ্গল পেত ২১। এটা হচ্ছে প্রথম অর্থ কমিশনের রিপোর্ট। আজকে কি দেখছি? আজকেও সেই অবস্থা সমানে চলছে। আজকেও পশ্চিমবঙ্গ এবং পূর্বাঞ্চলের রাজ্যগুলির প্রতি কেন্দ্রের বৈষম্য চলছে। তারপর স্যার, এই যে রেলভাড়া বাড়ানো হল, কয়লার দাম বাড়ানো হল, রেশনের জিনিসপত্রের দাম বাড়ানো হল এর ফলে অনিবার্যভাবেই সমস্ত রকমের উৎপাদনের ক্ষেত্রে ব্যয় বেড়ে যাবে এবং তার ফলে জিনিসপত্রের দাম বেড়ে যাবে। কেন্দ্রীয় সরকার যে ঘাটতি বাজেট পেশ করেছেন সেই ঘাটতি তারা কোথা থেকে পূরণ করবেন তা তারা বলেননি। সেখানে ঘাটতির ৪ হাজার কোটির উপর টাকা কোথা থেকে আসবে তা বলা হয়নি। কাজেই নোট ছাপিয়ে বা জিনিসপত্রের দাম বাড়িয়ে সেই ঘাটতি পূরণ করার সম্ভাবনা থেকেই যাচ্ছে।

[11-50 – 12-00 Noon.]

আমরা লক্ষ্য করেছি যে বিশ্বব্যাঙ্ক এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডারের নির্দেশে সমস্ত নীতি নির্ধারিত করা হচ্ছে এবং দেশের যাবতীয় অর্থনীতিকে দেশের স্বাধীনতাকে বিকিয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে এই ব্যবস্থার ভেতর থেকে। আমরা লক্ষ্য করেছি বিদেশি ঋণের জন্য যে শুল্ক ছাড় দেওয়া হয়েছে, বিদেশ থেকে ১২৪৯ কোটি টাকা আমদানির ক্ষেত্রে ছাড় দেওয়া হল ৩ হাজার ২৭৩ কোটি টাকা, এর ফলে আমাদের দেশে উৎপাদনের ক্ষেত্রে বাধা সৃষ্টি হবে। কিছু বাইরে জিনিসপত্রকে উন্নত মানের ২০ শতাংশ মানুষের জন্য ভোগ্য পণ্য আমদানির জন্য এই জিনিসটা করা হল আই. এম. এফ. এর শর্ত অনুসারে। আর একটা বিষয় লক্ষ্য করেছি, আমাদের গোটা দেশে শিল্পে আজকে সঙ্কট দেখা দিয়েছে ১.২ শতাংশ কমে গেছে গত দু বছরে। বিশ্বব্যাঙ্কে এই রমরমা চলছে। এই যে বলা হয়েছে আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে টাকা নিলে ব্যবসা বাণিজ্য বাড়বে, সেখানে দেখছি শিল্পে মন্দা দেখা দিয়েছে, কৃষিতে ১.৫ শতাংশ কম হয়েছে। তার পাশাপাশি পশ্চিমবাংলায় আমরা দেখছি পাঁচ শতাংশের উপর কৃষি উৎপাদন বেড়েছে। আমদানি এবং বাণিজ্যের ক্ষেত্রে আমরা লক্ষ্য করেছি পাঁচ শতাংশ আমাদের কমেছে এবং আমরা যদি আমদানি রপ্তানি সম্বন্ধে খতিয়ে দেখি, ৭০ দশক থেকে যদি একটা গড় বছর ধরি, তাহলে দেখব, যেখানে ৭০০ কোটি টাকা ঘাটতি ছিল, ৮০'র দশকে সেটা দাঁড়িয়ে হল ৫ হাজার কোটি টাকা ঘাটতি এবং ১০ হাজার কোটিতে বর্তমানে সেটা দাঁড়িয়েছে। সুতরাং মনোমোহন সিং অর্থনীতিতে কোনও পরিবর্তন ঘটাননি। বরং অত্যন্ত

খারাপ অবস্থা দেখা দিয়েছে। ৯০-৯১ সালে ৪ হাজার ৪০০ কোটি টাকা সুদ দিতে হয়েছে, এই বছর আমাদের শুধু মাত্র সুদ বাবদ গুনতে হবে অভ্যন্তরীণ এবং বিদেশি বাবদ ৩৮ হাজার কোটি টাকা। এই টাকার ভেতর ৩২ হাজার কোটি টাকা ঋণ পরিশোধ হবে, বাকি টাকা কোথা থেকে উপস্থিত করা হবে তা বলা হল না। এর ফল অনিবার্যভাবে রাজ্য বাজেটে পড়তে বাধ্য। একদিকে কেন্দ্রের অর্থমন্ত্রী বলছেন জিনিসপত্রের দাম কমবে, অন্য দিকে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর বলছেন দাম বাড়বে। আজকে সকলেই জানে রিজার্ভ ব্যাঙ্ক সারা দেশে সমগ্র অর্থনীতিকে নিয়ন্ত্রণ করার জন্য তথ্য সংগ্রহ করে। তারা বলছে, এই নুতন ব্যবস্থার ফলে এই জিনিস হবে। মাননীয় সভাপতি মহাশয় আমরা লক্ষ্য করছি, আমাদের দেশে মোট যে কর সংগ্রহ করা হয়, আমাদের দেশে মোট সংগৃহীত করের মধ্যে পরোক্ষ করের অংশই বেশি। একটা সমীক্ষা থেকে দেখা যাচ্ছে ১৯৯১-৯২ সালে মোট যে কর সংগ্রহ করা হয়েছিল তার শতকরা ৭১ ভাগই পরোক্ষ কর এবং সেটা এবারে বেড়ে ৭৮ ভাগে দাঁড়িয়েছে। এর ফলে মানুষের নিত্য ব্যবহার্য জিনিস-পত্রের দাম বৃদ্ধি পাচ্ছে। এর ফলে সমাজের প্রতি স্তরের মানুষের জীবন-যাত্রার ব্যয়-ভার বৃদ্ধি পাচ্ছে। উদাহরণ হিসাবে বলা যেতে পারে ভারত সরকারের সংস্থা আই. ও. সি. রাস্তা তৈরির উপাদান হিসাবে যে বিটুমেন প্রস্তুত করে তার দাম আজ থেকে ১০ বছর আগে ছিল টন প্রতি ৩০০ কয়েক টাকা। বর্তমানে সেটার টন প্রতি ৫০০০ টাকা দাম হয়েছে। এইভাবে প্রত্যেকটা জিনিসের দাম দৈনিক বেড়ে যাচ্ছে। আমি শুধু একটা রেড মেটিরিয়ালস-এর কথা এখানে উল্লেখ করলাম। এ রকম প্রতিটি ক্ষেত্রেই মূল্য বৃদ্ধি ঘটছে। এর পাশাপাশি পশ্চিম বাংলায় আমরা প্রথম থেকেই যে জিনিসটার ওপর সব চেয়ে বেশি গুরুত্ব দিচ্ছি, সেটা হচ্ছে—ভূমি-সংস্কার। আজকে এই ভূমি সংস্কারের প্রভাব পশ্চিম বাংলা ছাড়িয়ে অন্যত্র গিয়ে পড়েছে। এটা আজকে ভারতবর্ষের অন্যান্য জায়গার অনেকেই স্বীকার করছেন যে, পশ্চিম বাংলায় ভূমি-সংস্কারের ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ১৯৭৬-৭৭ সালে যেখানে পশ্চিম বাংলায় কৃষি উৎপাদন ছিল ৭০ লক্ষ টন, সেখানে আজকে তা ১২৮ লক্ষ টনে এসে পৌঁছেছে। এর ফলে গ্রামের গরিব মানুষ, ক্ষেতমজুর, ভাগচাষী—যারা বরাবর বঞ্চিত হয়ে এসেছে—তারা আজকে কিছু সুযোগ পাচ্ছে। ভূমি সংস্কারের ফলে পশ্চিম বাংলায় প্রায় ২১ লক্ষ পরিবার উপকৃত হয়েছে এবং এর ফলে কুটির শিল্পেরও বিকাশ ঘটছে। এবারেও আমাদের বাজেটে বলা হয়েছে—বামফ্রন্ট সরকারের নীতি অনুযায়ী—একদিকে কৃষির অগ্রগতি, অন্য দিকে ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশ ঘটাতে হবে। গ্রামের মানুষের একটা বড় অংশ যারা আস্তে আস্তে আর জমির উপর নির্ভর করে থাকতে পারবে না—জমি ইলাস্টিক নয়, টানলে বাড়বে না—গ্রামাঞ্চলের বিভিন্ন কৃষিজীবী পরিবারের বাড়তি মানুষরা যখন শহরাঞ্চলের ভারী ও মাঝারি শিল্পে সুযোগ পাচ্ছে না তখন অবশ্যই গ্রামাঞ্চলেই তাকে ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে তুলতে হবে। সেই উদ্দেশ্য নিয়ে ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশের মধ্যে দিয়ে কর্ম সংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। পাশাপাশি ভারী ও মাঝারি শিল্প তৈরি করার জন্য পশ্চিম বাংলায় বড় পদক্ষেপ নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের বৈষম্য না থাকলে আজকে হলদিয়া পেট্রো-কেমিক্যাল-এ উৎপাদন শুরু

হয়ে যেত, কয়েক লক্ষ মানুষের প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে কর্ম-সংস্থান হ'ত। কেন্দ্রীয় সরকারের বৈষম্যর ফলে হলদিয়ায় দেড়শো কোটি টাকার ব্যয় ভার তিন হাজার কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। আজকে এটা অত্যন্ত ক্ষোভ এবং লজ্জার কথা স্বাধীনতার ৪৬ বছর পরেও আমাদের দেশে জিনিস-পত্রের দাম বাড়ছে। যেটা করা উচিত ছিল—জাতীয় গণ-বন্টন ব্যবস্থা—সেটা করা হ'ল না। এমন কি পশ্চিমবঙ্গ সরকার যে গণ-বন্টন ব্যবস্থাকে এখনও চালু রেখেছেন সেটাকেও নষ্ট করার জন্য পরিকল্পনা করা হয়েছে। জিনিস-পত্রের দাম বাড়িয়ে সেটাকেও বন্ধ করার চেষ্টা চলছে। চালের দাম বাড়ানো হ'ল, চিনির দাম বাড়ানো হ'ল কেরোসিনের দাম বাড়ানো হ'ল। অর্থাৎ গণ-বন্টন ব্যবস্থা যাতে উঠে যায় তার জন্য পরিকল্পিতভাবে চেষ্টা করা হচ্ছে। বিরোধীপক্ষের সদস্যরা আজকে এখন আর সভায় কেউ নেই। তাঁদের এ সম্পর্কে কি বক্তব্য, সেটা আমাদের শোনা দরকার। ওঁরা এই সমস্ত কাজ করছেন আর মুখে বলছেন সাধারণ মানুষদের স্বার্থ দেখবেন। ওঁরা মুখে যা বলেন কাজে তার উল্টো করেন। পশ্চিম বাংলার প্রতি ওঁদের বৈষম্যের কথা যদি বলতে হয় তাহলে নানা কথা এসে যায়। আমাদের দেশের বাণিজ্যিক ব্যাঙ্কগুলির টাকা লগ্নির সর্বভারতীয় যে গড় শতকরা ৬৫ টাকা, পশ্চিমবাংলার ক্ষেত্রে তা কম, এখানে শতকরা ৫০ টাকা লগ্নি করা হয়। যে অর্থ আমাদের রাজ্য থেকে সংগ্রহ করা হচ্ছে সে অর্থ আমাদের রাজ্য ন্যায্য-ভাবে লগ্নি করা হচ্ছে না। অর্থাৎ এ ক্ষেত্রেও আমাদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে। অথচ আশ্চর্যের বিষয় এই সমস্ত বৈষম্যকে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা, কংগ্রেসি সদস্যরা বৈষম্য বলতে চান!

আমরা আরও লক্ষ্য করেছি, শিল্পপ্রধান রাজ্যগুলিতে এই লগ্নির পরিমাণ আরও বেড়ে ৮০ শতাংশ হয়েছে কিন্তু পশ্চিমবঙ্গে এটা ৫৫ শতাংশের বেশি হচ্ছে না। আমরা লক্ষ্য করেছি, গোটা দেশে কালো টাকার একটা বিকল্প সরকার চলছে, যদিও কেন্দ্রীয় সরকার বলে একটা সরকার চলছে। প্রতি বছর ৫০ হাজার কোটি কালো টাকা জমা হচ্ছে এবং তারা একটা বিকল্প সরকার চালাচ্ছেন। অথচ আমাদের বিদেশ থেকে ৫০০০ কোটি টাকা ঋণ নিতে হচ্ছে। ঋণ না নিলে তাদের চলছে না। কিন্তু কালো টাকা উদ্ধারের জন্য কোনও পরিকল্পনা নেই। আজকে এই কালো টাকা দেশের অর্থনীতিকে নিয়ন্ত্রণ করছে, বাজারকে নিয়ন্ত্রণ করছে। এর অনিবার্য ফলটা রাজ্যগুলির উপর পড়তে বাধ্য। কয়লার দাম বাড়ানো হল। কয়লার দাম বাড়াবার ফলে শিল্পগুলির উপর বাড়তি চাপ পড়বে, বিদ্যুৎকেন্দ্রগুলির উপর কয়লার বাড়তি দাম চাপবার ফলে বিদ্যুতের দাম বাড়বে। এর প্রভাবটা ক্ষুদ্র, মাঝারি বা বড় শিল্পের উপর পড়তে বাধ্য। রেলে ভাড়া বৃদ্ধির ফলে জিনিসপত্র আমদানির ক্ষেত্রে দাম বাড়বে এবং অনিবার্যভাবে বাজারে তার প্রভাব পড়বে। সেজন্য বলছি, পশ্চিমবঙ্গে আজকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটা বাস্তব পরিস্থিতি বিবেচনা করেই পেশ করেছেন এবং এটা আগামী দিনে গোটা দেশের মানুষের সামনে দিশারী হয়ে উঠবে। স্বয়ংসম্পূর্ণভাবে নিজের পায়ে দাঁড়াবার জন্য, নিজের যতটুকু ক্ষমতা আছে, আর্থিক সুযোগ-সুবিধা আছে, সেগুলোকে কাজে লাগিয়ে কি করে রাজ্যের অগ্রগতি ঘটানো যায় সেদিক দিয়ে

এই বাজেট বিভিন্ন রাজ্যগুলির কাছে একটা দৃষ্টান্ত। তাই মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** (হাউসে উপস্থিত ছিলেন না।)

[12-00 – 12-10 p.m.]

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডলঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৩-৯৪ সালের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। এই মুহূর্তে ভারতবর্ষের যা অবস্থা, যে আর্থিক সঙ্কট, স্বাভাবিকভাবেই এই পরিস্থিতিতে তার প্রভাব আমাদের রাজ্যেও পড়েছে। এই সঙ্কটময় পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে একটি রাজ্য সরকার যে বাজেট পেশ করেছেন তা সঠিক। আজকে কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে ঋণ গ্রহণ করে আমাদের দেশের অর্থনীতিকে শেষ করে দিয়েছেন, দেশটাকে বিক্রি করে দিয়েছেন। এরই প্রতিফলন সামগ্রিকভাবে আমাদের অর্থনীতির উপর পড়েছে। সেই প্রতিযোগিতার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এবং তার অর্থ মন্ত্রী বিগত কয়েক বছর ধরে দৃষ্টান্তমূলকভাবে ঘাটতি শূন্য বাজেট পেশ করেছিলেন। স্বাভাবিক কারণে সেই রকম সম্ভব করা না হলেও যে ব্যয়-বরাদ্দ তিনি রেখেছেন, আমি নিশ্চিতভাবে বলতে পারি যে আজকের এই পরিস্থিতি আগামীদিনে ভারতবর্ষে এটা একটা দৃষ্টান্ত হবে। কারণ আমরা জানি কেন্দ্রীয় সরকার যেভাবে বিদেশ থেকে ঋণ গ্রহণ করেছেন এবং সেই ঋণের যে শর্ত সেটা মানতে গিয়ে আমাদের দেশের নানা ক্ষেত্রে তারা যে পদ্ধতি গ্রহণ করছেন তাতে আমাদের দেশের অর্থনীতি ভেঙ্গে পড়ছে। কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা থেকে আমরা দেখছি যে কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থভান্ডার থেকে গত দুই বছরে যে ঋণ গ্রহণ করেছেন তার পরিমাণ হচ্ছে ৬ হাজার ৭৭ কোটি টাকা। আমরা যখন গত দুই বছরে এই বিদেশি ঋণ পেয়েছি তখন পাশাপাশি সেই দুই বছরে আমরা দেখতে পাই যে পূর্বেকার ঋণ পরিশোধ করতে আমাদের লেগেছে ৬ হাজার ৭৯ কোটি টাকা এবং ব্যবসায়িক খাতে যেখানে বিদেশী ঋণ পাওয়া গেছে, ১ হাজার ৬৬৮ কোটি টাকা, সেখানে ঋণ শোধ করতে হয়েছে ৩ হাজার ৬৫ কোটি টাকা। স্বাভাবিকভাবে আমরা যে ঋণ গ্রহণ করি তার এক শত ভাগের আমাদের পূর্বেকার ঋণ শোধ করতে লেগে যায়। স্বাভাবিকভাবে অর্থনীতির উপর তার যে প্রভাব, বিভিন্ন ক্ষেত্রে সেটা আমরা লক্ষ্য করি এবং তার প্রভাব আমাদের অর্থনীতিতে পরিলক্ষিত হতে দেখি। সেই কারণে আমরা দেখতে পাই যে কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থ ভান্ডারের ঋণের শর্ত হিসাবে বিদেশ থেকে যে জিনিস আমরা আমদানি করি সেই আমদানি করা পণ্যের উপরে শুল্ক পুরোপুরিভাবে কমিয়ে দিয়ে আমাদের দেশে বিদেশি বাজারকে, বিদেশি পণ্যকে আমাদের দেশের বাজারে যে ভাবে নিয়ে এলেন তা স্বাভাবিক ভাবে একটা সঙ্কটজনক অবস্থার সৃষ্টি করেছে। আমরা জানি উন্নয়নশীল দেশগুলিতে এই মুহূর্তে যে মন্দা বাজার চলছে, তারা ভারতবর্ষের মতো একটি দেশের বাজার খোঁজার চেষ্টা করছে। সেই সময়

[ 20th March, 1993 ]

কেন্দ্রীয় সরকার আমদানি করা জিনিসের উপরে শুল্ক কমিয়ে দিয়ে বিদেশি উৎপাদকের যে সুযোগ করে দিয়েছেন সেখানে স্বাভাবিকভাবে আমাদের দেশের উৎপাদকরা সেই বাজার পাচ্ছে না। স্বাভাবিকভাবে একটা দেশের বাজার বিদেশিদের হাতে তুলে দেওয়া হয়েছে। আমরা পরিসংখ্যার মধ্যে দিয়ে সেই জিনিস দেখতে পাই। আমরা দেখেছি যে গত বছর দেশীয় উৎপাদকদের উপরে উৎপাদন শুল্কের পরিমাণ যেখানে ২ হাজার ২ শত ১১ কোটি টাকা ছিল সেখানে আমদানি শুল্ক কমানো হয়েছে ২ হাজার ২৩ কোটি টাকা। আমরা দেখেছি এবছর দেশীয় উৎপাদকদের যেখানে শুল্ক ছাড় দেওয়া হয়েছে ১ হাজার ২ শত ৪৯ কোটি টাকা, সেখানে আমদানি শুল্কের উপরে ছাড় দেওয়া হয়েছে ৩ হাজার ২ শত ৭৩ কোটি টাকা। স্বাভাবিকভাবে আন্তর্জাতিক অর্থভান্ডারের শর্ত মেনে নিয়ে যে ভাবে বিদেশি উৎপাদকদের আমাদের দেশে বাজারের সুযোগ করে দেওয়া হয়েছে, স্বাভাবিক কারণে আমাদের দেশের অর্থনীতি আজকে ভেঙ্গে পড়েছে। এছাড়া আমরা এও লক্ষ্য করেছি যে আন্তর্জাতিক অর্থভান্ডারের ঋণের শর্ত মানতে গিয়ে কেন্দ্রীয় সরকার আর কি কি করেছেন?

আমরা দেখতে পাই যে ভারতীয় টাকাতে সম্পূর্ণভাবে রূপান্তরযোগ্য করা হয়েছে। এর ফলে বিনিময় মূল্যের অবমূল্যায়নের গভীর আশঙ্কা দেখা দিয়েছে। এই মুহূর্তে এর প্রভাব সাধারণ মানুষ বুঝতে না পারলেও এর একটা সুদুর প্রসারী প্রভাব আমাদের অর্থনীতিতে পড়বে। এর ফলশ্রুতি হিসাবে সাধারণ মানুষের যে ক্রয় ক্ষমতা সেটা কমে যাবে, সাধারণ মানুষের উপর চাপ দিনের পর দিন বাড়বে। এ ছাড়াও আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার যে ভাবে আন্তর্জাতিক অর্থভান্ডারের শর্ত মেনে নিয়ে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিকে বেসরকারিকরণের দিকে নিয়ে যাচ্ছে তার মধ্যে দিয়ে আমরা আশঙ্কা করতে পারি আগামী দিনে আমাদের অর্থনীতি আরও ভেঙ্গে পড়বে। এ ছাড়া আমরা দেখেছি কেন্দ্রীয় বাজেট, পেশ হওয়ার আগে কয়লা এবং চিনির দাম যে ভাবে সরকারি আদেশনামায় বাড়িয়ে দেওয়া হয়েছে, পরবর্তীকালে রেলের মাসুল এবং রেলের ভাড়া যে ভাবে বৃদ্ধি করা হয়েছে তার মধ্যে দিয়ে এই জিনিস প্রমাণিত হয়েছে ভারতবর্ষের সাধারণ মানুষ খেটে খাওয়া মানুষের কেন্দ্রীয় সরকারের বাজেট কখনই উপকারে বা প্রয়োজনে লাগবে না। কারণ চিনির দাম বৃদ্ধি, কয়লার দাম বৃদ্ধি, রেলের ভাড়া এবং রেলের মাসুল বৃদ্ধি এর প্রভাব আমাদের দেশের সর্বস্তরের মানুষের উপর পড়বেই। এর মধ্যে দিয়ে অর্থনীতির উপর যে চাপ আসবে স্বাভাবিকভাবেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তব্যের মধ্যে উল্লেখ করেছেন। সঠিকভাবেই আমাদের অর্থমন্ত্রী বলেছেন কেন্দ্রীয় সরকারের যে ঘোষিত অর্থনীতি এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে নেওয়া ধরনের যে শর্ত সেই শর্তের মধ্যে দিয়ে আমাদের দেশকে দেউলিয়া অবস্থায় নিয়ে যাওয়া হয়েছে এবং তার ফল আমাদের দেশের মানুষকে ভোগ করতে হবে। নিত্য প্রয়োজনীয় জিনিস যা গণবন্টন ব্যবস্থায় আমাদের দেশে এই মুহূর্তে চালু আছে সেটা তাঁরা ব্যহৃত করার চেষ্টা করছেন। বামফ্রন্ট সরকার এবং আমরা বামপন্থীরা বার বার দাবি করেছি সাধারণ খেটে খাওয়া মানুষের জন্য নিত্য প্রয়োজনীয় জিনিসগুলিতে

আরও বেশি পরিমাণ ভর্তুকি দিয়ে সারা দেশে এক মূল্যে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করার ব্যবস্থা করা হোক। আমরা দেখেছি তাঁরা সেই দিকে না গিয়ে মানুষের কাছে যেটা নিত্য প্রয়োজনীয় জিনিস তার থেকে ভর্তুকি তুলে নিয়ে গণবন্টন ব্যবস্থা ব্যাহত করেছেন। এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকারকে বাজেট পেশ করতে হচ্ছে। এই ঋণ নেওয়ার ব্যাপারে আমাদের রাজ্য থেকে মাননীয় অর্থমন্ত্রী একটা বিকল্প পথের কথা বলেছিলেন। আমরা জানি কেন্দ্রীয় সরকারকে কি বিকল্প প্রস্তাব দিয়েছিল। এই বিকল্প প্রস্তাবের মধ্যে বলার চেষ্টা করা হয়েছিল কেন্দ্রীয় সরকারের যে অর্থনীতি যার মাধ্যমে তাঁর ঋণ গ্রহণের আশ্রয় নিয়েছেন সেই ঋণের উপর নির্ভর না করে আমাদের দেশে যে সম্পদ আছে তার উপর নির্ভরতা অর্জন করতে। আমাদের দেশের প্রয়োজনে তাকে যদি সঠিকভাবে কাজে লাগাতে পারি তাহলে আমরা বিকল্প অবস্থার সৃষ্টি করতে পারব। এই প্রস্তাব মেনে নিলে আজকে যেভাবে বিদেশি ঋণ গ্রহণ করে অর্থনীতিকে বাঁচাবার চেষ্টা করা হচ্ছে তার থেকে আমরা উদ্ধার হতে পারতাম। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন আমাদের দেশের যে কালো টাকা আছে সেই টাকার পরিমাণ হল ৫০ কোটি টাকা, সেই কালো টাকা উদ্ধার করার ক্ষেত্রে কেন্দ্র কোনও সময় প্রচেষ্টা গ্রহণ করেননি। সেই কালো টাকাকে উদ্ধার করে সঠিকভাবে যদি তাকে আমাদের দেশের অর্থনীতিতে বিভিন্ন ক্ষেত্রে কাজে লাগাতে পারতাম তাহলে দেশের এই অবস্থা থেকে আমরা উদ্ধার পেতে পারতাম, পরিত্রাণ পেতে পারতাম।

[12-10 – 12-20 p.m.]

আমাদের দেশের অর্থনীতিকে যাতে আমরা স্বাবলম্বী করতে পারি, আমরা স্বনির্ভর হতে পারি, দেশের সম্পদকে, দেশের অর্থনীতিকে চাঙ্গা করতে পারি, সাধারণ মানুষের উপকারে লাগাতে পারি তারজন্য যে কাজ করা দরকার তা কেন্দ্রীয় সরকার করছেন না। এরজন্য আমাদের যে প্রস্তাব তা কেন্দ্রীয় সরকার বারেবারে গ্রহণ করছেন না। আমরা এই কথা অত্যন্ত পরিষ্কার করে বলতে পারি, কেন্দ্রীয় সরকার যে দল দ্বারা পরিচালিত, তাদের যে রাজনীতি ও অর্থনীতি তার মধ্যে দিয়ে এটা প্রমাণ করে। আমরা জানি কেন্দ্রীয় সরকারের ভূমিকা কি সাধারণ মানুষের স্বার্থে কাজ না করা এবং ধনীকশ্রেণীর স্বার্থে কাজ করা হচ্ছে তাদের নীতি। স্বাভাবিকভাবে তারা আমাদের বিকল্প প্রস্তাবকে গ্রহণ করেন না। তা সত্ত্বেও, এই বিরাট বাধা সত্ত্বেও ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে থেকে আমরা এই কথা প্রমাণ করেছি, এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে কিছু দৃষ্টান্ত স্থাপন করেছি। আমাদের দেশের গ্রামীণ মানুষের, সর্বসাধারণের একটা উন্নয়ন, উন্নয়নের গতি আমাদের রাজ্যের ক্ষমতার মধ্যে যতটুকু সুযোগসুবিধা আছে তাকে মানুষের প্রয়োজনে কাজে লাগাতে পেরেছি। আমরা দেখছি এটা সম্ভব হয়েছে। তার কারণ রাজ্য সরকার যাঁরা পরিচালিত করেন তাঁদের যে ইচ্ছা, যে পরিকল্পনা, যদি সদিচ্ছা থাকে তাহলে তাকে মানুষের স্বার্থে কাজে লাগানো যায়। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার একটা দৃষ্টান্ত সৃষ্টি করতে পেরেছে। পশ্চিমবঙ্গে গ্রামীণ উন্নয়নের যে সাফল্য

তার মূলে হচ্ছে ভূমি সংস্কার। ভূমি সংস্কারের মধ্যে দিয়ে, যে পরিমাণ ভূমি আমরা বন্টন করতে পেরেছি, যে ভাবে গরিব সাধারণ খেটে খাওয়া মানুষের হাতে জমি গেছে, রাজ্যে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া তফসিল ও আদিবাসী মানুষের হাতে যে পরিমাণ জমি দেওয়া হয়েছে তার পরিসংখ্যান আমি এখানে দিতে পারি। ভূমি-বন্টনের ক্ষেত্রে আমাদের যে লক্ষ্যমাত্রা ছিল তা অতিক্রম করে ভূমি আমরা বন্টন করেছি এবং এর ফলে সারা রাজ্যে ২০.৫৪ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন। এর ৫৮ ভাগ হচ্ছে তফসিল জাতি এবং আদিবাসী সম্প্রদায়ভুক্ত মানুষ। এর সাথে সাথে আরও বিশেষ বিশেষ ক্ষেত্রে যেখানে আমরা সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও দৃষ্টান্ত স্থাপন করেছি তা হচ্ছে সেচের ক্ষেত্রে। ১৯৯০-৯১ সালে সব ধরনের সেচ মিলিয়ে সেচের আওতায় জমির পরিমাণ ছিল ৩৮.১৫ লক্ষ হেক্টর, সেখানে ১৯৯২-৯৩ সালের শেষে তার পরিমাণ দাঁড়াবে ৪০.১৬ লক্ষ হেক্টর। অর্থাৎ সেচের উন্নয়নের ফলে গ্রামের সাধারণ মানুষ ক্ষেত মজুরদের ক্ষেত্রে অর্থনৈতিক দিক থেকে সুযোগ সৃষ্টি করেছে। ভূমি সংস্কারের যে সুযোগ এবং ফল তা আমরা দেখতে পাচ্ছি। সেচ ব্যবস্থার উন্নতির, ভূমি সংস্কার এবং সেচ ব্যবস্থার উন্নতির ফলে কৃষির উৎপাদনে আমরা রেকর্ড করতে পেরেছি। আর্থিক সমীক্ষা থেকে তার পরিসংখ্যান দিয়ে আমি বলতে পারি যে খাদ্যশস্যের ক্ষেত্রে আমরা উৎপাদন বাড়াতে পেরেছি। ১৯৯১-৯২ সালে যেখানে খাদ্যশস্যের উৎপাদন আমাদের রাজ্যে ছিল ১২৮.৫৬ লক্ষ টন, যেটা আমরা একটা রেকর্ড মাত্রায় পৌঁছেছিলাম। ১৯৯০-৯১ সালে এর পরিমাণ ছিল ১১২.৭০ লক্ষ টন। স্বাভাবিকভাবেই খাদ্যোৎপাদন করতে গেলে সেচ ব্যবস্থার যেমন একটা ভূমিকা আছে তেমনি ভূমি-সংস্কারের একটি বিরাট ভূমিকা আছে। আজকে আমাদের রাজ্যের কৃষকরা কৃষিজ যন্ত্রপাতি এবং উন্নত ধরনের মিনিকিটের সাহায্যে, উন্নত প্রথায় চাষ করার সুযোগ পেয়েছে। এর ফলে কৃষির ক্ষেত্রে রেকর্ড সংখ্যক উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে। আজকে আমরা রাজ্যের গরিব, খেটে খাওয়া মানুষ এবং ক্ষেতমজুরদের আমরা কিছু অর্থ দিয়ে চাষাবাদ করতে দিতে পেরেছি এবং প্রকল্পের মাধ্যমে আমাদের দেশের অর্থনীতির কিছুটা পরিবর্তন ঘটাতে পেরেছি। কৃষির উৎপাদনের সাথে সাথে আমরা আরও বেশি জোর দিয়েছি শিক্ষার প্রসারের উপরে। আজকে আমরা মনে করি শিক্ষার প্রস্তার যদি না ঘটে, শিক্ষার জ্ঞান যদি না থাকে তাহলে চেতনার উন্মেষ হয় না। সেই কারণে আমরা গণশিক্ষা প্রসারের ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে একটি দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছি। আমরা এখন ওই ৪টি জেলাকে সাক্ষর জেলা হিসাবে বলতে পেরেছি, নিরক্ষরতা এখানে দূর হয়েছে। আরও ১৪টি জেলাতে হাত দেওয়া হয়েছে, এখানেও সাক্ষরতা অভিযান চলছে। সাক্ষরতা প্রসারের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে এবং করছেও। তারই পাশাপাশি কর্মসংস্থানের ক্ষেত্রেও আমরা দেখছি যে নথিভুক্ত বেকার প্রতি বছরই বাড়ছে, প্রতি বছরই বেশি কিছু বেকার নথিভুক্ত হচ্ছে, কিন্তু মাননীয় অর্থমন্ত্রী স্বনির্ভর প্রকল্পের মাধ্যমে তাদের কাজের ব্যবস্থা করেছেন। কেন্দ্রীয় সরকার যেভাবে নতুন শিল্প স্থাপনের ক্ষেত্রে বাধা সৃষ্টি করেছে এবং চলা শিল্পগুলোকেও বাধা দেবার সৃষ্টি করছে তাতে স্বাভাবিকভাবেই রাজ্যের বেকার যুবকের সংখ্যা বাড়বে। সেইদিক

থেকে যে প্রকল্পের মাধ্যমে নানারকম সুযোগ বৃদ্ধি করা হয়েছে এবং নানারকম পরিকল্পনার মাধ্যমে তাদের যে কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে এটা পশ্চিমবঙ্গের একটা বিরাট সাফল্য। তবে সেই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব তিনি যাতে এই কর্মসংস্থানের সুযোগ গ্রহণ করার ক্ষেত্রে ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নেওয়ার ব্যাপারটা আরও সহজীকরণ করেন। এখনও পর্যন্ত ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিতে গেলে বেকার যুবকদের খুবই অসুবিধার মধ্যে পড়তে হয়। ব্যাঙ্কের যে অনীহা তাদের ঋণ দেওয়ার ব্যাপারে সেটা যাতে দূর করতে পারা যায় সেই দিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। তাহলে পরে বহু কর্মসংস্থানের ব্যবস্থা হবে। আমি আমার বক্তব্য শেষ করবার আগে আরেকটি অনুরোধ করব। মাননীয় অর্থমন্ত্রী যে কেন্দ্রীয় বঞ্চনার যে নীতি তার বিরুদ্ধে দাঁড়িয়ে যে পশ্চিমবঙ্গের মানুষের উন্নতির জন্য চেষ্টা করেছেন এবং সরকারের যে নির্দিষ্ট বরাদ্দ সেই সঠিকভাবেই রেখেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি ওই নির্দিষ্ট বরাদ্দের কাটছাঁট করেননি, এবং এতে আমরা যদি সঠিকভাবে কাজে লাগাতে পারি তাহলে আমরা আরও এগিয়ে যেতে পারব। মাননীয় অর্থমন্ত্রী সেইদিক দিয়ে যে যথোচিত ব্যবস্থা নিতে পেরেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[12-20 – 12-30 p.m.]

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয়া সভানেত্রী মহোদয়া, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বক্তব্য রেখেছেন তাঁকে আমি পুরোপুরি সমর্থন জানাচ্ছি। আমি কয়েকটি কথা বলতে চাই, কিন্তু আর বলবই বা কি, কারণ সভাতে জয়নাল সাহেব গত কালকে তিনি ভাল ভাল বক্তব্য রেখে গেলেন, নিজে বক্তব্যটা রেখে দিয়ে এমন শুরু করে দিলেন, ওদের কোন্দলের কাজটাকে এমনভাবে শুরু করলেন যাতে আমাদের সদস্যরা বক্তব্য রাখতে না পারে সেটা উদ্দেশ্য নয়, উদ্দেশ্য হচ্ছে যাতে ওদের অন্যান্য সদস্যরাও বক্তব্য না রাখতে পারেন। তবে ওরা থাকলে ভাল হত একটু কথা কাটাকাটি না হলে ভালও লাগে না। আমাদের মাননীয় অর্থমন্ত্রী '৯৩-'৯৪ সালের যে বাজেট বক্তব্য রেখেছেন তাঁকে আমি ক্যাসাবিয়াঙ্কার মতো, অন্ধের মতো সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমি গতকালকে জয়নাল সাহেবের বক্তব্য শুনছিলাম, আরও দু-একজন সদস্যর বক্তব্য শুনেছি আমাদের পশ্চিমবাংলার বাজেট সম্পর্কে আলোচনা করতে গেলে শুধু পশ্চিমবঙ্গ কেন ভারতবর্ষের বিভিন্ন যে রাজ্য আছে, তাদের যে কোনও রাজ্যের বাজেট কেন্দ্রীয় বাজেটের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। কারণ কেন্দ্র থেকে যখন পাওয়ার ব্যাপার আছে এখানে অ্যাড হবে, যোজনা কমিশনের টাকার ব্যাপার আছে, সেইজন্য বাজেট সম্পর্কে আলোচনা করতে গেলে কেন্দ্রীয় বাজেট সম্পর্কে বলতেই হবে, আর সেটা সঠিক হবে বলে আমি মনে করি। সুতরাং রাজ্য বাজেটের আলোচনা করতে গেলে কেন্দ্রীয় বাজেট আমাদের সামনে এসে পড়বেই। কালকে যখন কংগ্রেসের তরফ থেকে বাজেট সম্পর্কে আলোচনা করছিলেন তখন পশ্চিমবঙ্গের সন্তান হিসাবে আমাকে লজ্জাবোধ করতে হচ্ছিল জয়নাল সাহেব বা অন্যান্যরা যারা বক্তব্য রাখছিলেন শুধু পশ্চিমবঙ্গের বাজেট নিয়ে তারা

আমাদের অর্থমন্ত্রীকে কটাক্ষ্য করছিলেন। মনে হচ্ছিল ওদের কেন্দ্রীয় বাজেট একেবারে ধোয়া তুলসী পাতার মতো, সেইজন্য ওরা কেন্দ্রীয় বাজেট করে চলে গেলেন। কয়েক বছর ধরে আমাদের এই নরসিমা রাও সরকার গঠন হবার পর এই বাজেটটা কার উপর ভিত্তি করে, কিসের উপর ভিত্তি করে যে রচিত হয়েছে পশ্চিমবঙ্গ সামগ্রিক ভারতবর্ষের সুধীজন, বিজ্ঞজন, শিক্ষিত সমাজ সকলে বুঝে ফেলেছেন বিদেশি শক্তির মদতপুষ্ঠ আন্তর্জাতিক অর্থভান্ডারের ঋণের শর্তগুলির কাছে মাথানত করে আত্মসমর্পণ করে তাদের কেন্দ্রীয় বাজেট রচিত হয়েছে। আমরা পশ্চিমবঙ্গের জনসাধারণই শুধু নয়, ভারতবর্ষের যে কয়টি রাজ্য আছে তারাও অত্যন্ত উদ্বেগের মধ্যে রয়েছে, চিন্তার মধ্যে রয়েছে, উত্তেজনার মধ্যে রয়েছে। বিদেশি রাষ্ট্রের পরামর্শ নিয়ে ওরা কেন্দ্রীয় বাজেট যেভাবে তৈরি করেছেন এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডারের ঋণের শর্তাবলীকে মাথা পেতে নিয়ে, নিজেদেরকে আত্মসমর্পণ করে, নিজেদেরকে আত্মবলিদান দিয়ে যেভাবে রক্ষিত হবে এর জন্য আমরা উদ্বিগ্ন। একের পর এক কেন্দ্রীয় বাজেটের মধ্যে বিদেশি কলাকৌশল পরিলক্ষিত হয়েছে। সুতরাং এই যে বিদেশের ভারতীয় অর্থনীতিকে বিকিয়ে দেওয়ার প্রবণতা তাতে ভারতবর্ষের সুধীজনের, অর্থনীতিবিদদের, সমাজের শিক্ষিত মানুষের উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। তাদের যে নয়া আর্থিক নীতি এবং আরও যে কেন্দ্রীয় বাজেট পেশ করা হয়েছে তার মধ্যে এটার ছাপ পুরোপুরিভাবে ফুটে উঠেছে। আমরা লক্ষ্য করছি,—ম্যাডাম কেন্দ্রীয় বাজেটের একটা লক্ষনীয় বিষয়—যে ভারতের আমদানী শুল্ককে, অর্থাৎ বিদেশ থেকে যে সমস্ত মাল আসবে ভারতবর্ষে তার উপর আমদানি শুল্ক কমানোর প্রবণতা দেখা দিচ্ছে। আর ভারতবর্ষে যে সমস্ত জিনিস নিজস্ব কলকারখানায়, খেতে-খামারে উৎপাদিত হয় তার উপর উৎপাদন শুল্কের হার বৃদ্ধি করা হয়েছে। এর পর অবস্থা দাঁড়িয়ে যাচ্ছে কি যে বিদেশি দ্রব্যর—আন্তর্জাতিক অর্থভান্ডারের ঋণের শর্তাবলীকে মেনে নিয়ে—প্রচুর পরিমাণে ভারতবর্ষে অনুপ্রবেশ ঘটবে এবং বিদেশি মাল আমদানি করতে গিয়ে দেশীয় মালকে গলা টিপে মেরে ফেলছে। বিদেশী মালের যে ভারতবর্ষে প্রবেশ ঘটবে এর পরিপূর্ণভাবে ইঙ্গিত কেন্দ্রীয় বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি। সুতরাং বিদেশি দ্রব্য ঢুকে ভারতবর্ষকে শেষ করে দেবে। পন্ডিত জওহরলাল নেহেরু থেকে আরম্ভ করে ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী এরা ভারতবর্ষকে দেউলিয়া করে দিয়েছে। এরা একেবারে নরকঙ্কালের উপর বসে আছে, আর নরসিমা রাওয়ের আমলে নরকঙ্কাল নয়, শ্মশানেও বোধহয় এদের ঠাঁই হবে না। সেই জায়গায় আজকে আমরা দাঁড়িয়ে গেছি। সুতরাং দেশীয় উৎপাদন শুল্ককে যে সুযোগ দেওয়া হয়েছে তার ফলে ফারাক দেখা যাচ্ছে, উৎপাদন শুল্ক গত বৎসর, বৃদ্ধির পরিমাণ ছিল ২,২১১ কোটি টাকা, আর আমদানি শুল্ক কমানোর পরিমাণ ২,০২৩ কোটি টাকা।

[12-30 – 12-40 p.m.]

স্যার, স্বভাবতই এর দ্বারা বোঝা যাচ্ছে যে ভারতবর্ষের উৎপাদন ব্যবস্থার প্রতি আঘাত হেনে এবং বিদেশি শক্তির কাছে আত্মসমর্পণ করে ভারতবর্ষের সার্বভৌমত্বকে বিপন্ন করার

পথে চলেছেন কেন্দ্রীয় সরকার এবং সেইভাবেই কেন্দ্রীয় বাজেট এগিয়ে চলেছে। তাই বলা হচ্ছে, ভারতবর্ষের মধ্যে নির্দ্বিধায় বিদেশি দ্রব্যের আমদানি হতে পারবে এবং সেই দিকেই লক্ষ রেখে বাজেট রচিত হচ্ছে। স্যার, আমাদের রাজ্য বাজেট সম্বন্ধে দু-চার কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। স্যার, আপনি জানেন, মাত্র কয়েক বছর হল আমাদের পশ্চিমবঙ্গে জনপ্রিয় বামফ্রন্ট সরকার গঠিত হয়েছে। এই সরকার গঠিত হবার পর থেকে আমরা অত্যন্ত জোর দিয়ে বলতে পারি যে খাদ্যের দিক থেকে পশ্চিমবঙ্গ প্রায় স্বয়ংসম্পূর্ণ হয়ে গিয়েছে। চালের উৎপাদনের ব্যাপারে রেকর্ড ব্রেক করে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে এবং এ ব্যাপারে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করে আছে। আলু উৎপাদনের ব্যাপারে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করে আছে। তা ছাড়া তৈলবীজ, মৎস্য উৎপাদন, বনজ সম্পদ উৎপাদনেও পশ্চিমবঙ্গ চূড়ান্তভাবে এগিয়ে চলেছে। আমরা তো লন্ডনে থাকি না, পশ্চিমবঙ্গেই থাকি এবং পশ্চিমবঙ্গে থেকেই আমরা এর অগ্রগতি লক্ষ্য করেছি। স্টেট গভর্নমেন্টের বিভিন্ন স্টাটিসটিকসের মধ্যেও এসব কথা আছে, তা ছাড়া কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মুখপত্রেও এ সম্বন্ধে ভূয়সী প্রশংসা করা হয়েছে। সেইসব তথ্য থেকে আমরা দেখেছি যে চালের উৎপাদনের ব্যাপারে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এখানে ৩৪ শতাংশ বেশি উৎপাদন হয়। অপর দিকে কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতি এবং অপরিপক্কতার কথা আমরা জানি এবং সর্বক্ষেত্রেই তা দেখতে পাচ্ছি। কেন্দ্রীয় সরকার আমাদের ওপর নির্ভরশীল কিন্তু তবুও তারা আমাদের টুঁটি টিপে ধরার চেষ্টা করে যাচ্ছেন। সেদিন সাধনবাবু বলছিলেন, আমাদের ছেড়ে যেতে পারবেন না ইত্যাদি কিন্তু তাকে বলি, কেন্দ্রীয় সরকারের কথাগুলি একটু বলুন। এই যেমন ব্যাঙ্ক ব্যবস্থার কথা। আজকে আমরা দেখতে পাচ্ছি, রাষ্ট্রায়াত্ত ব্যাঙ্কগুলিকে বেসরকারিকরণ করার দিকে এগিয়ে যাওয়া হচ্ছে। তার পরিণতি কি হবে সেটা কি তাদের ইকনমিস্টরা চিন্তা করে দেখেছেন? ওরা ভাবছেন যতদিন গদিতে আছি ততদিন যা ইচ্ছা করে যাই, পরবর্তী জেনারেশনের কথা কিন্তু ওরা ভাবছেন না। ব্যাঙ্ক বেসরকারিকরণ করা হলে তার ফল কি হবে সেটা স্যার, একটু বলি। ছোটখাট শিল্প প্রতিষ্ঠান, মাঝারি শিল্প প্রতিষ্ঠান, কৃষক সম্প্রদায় এর ফলে যথা সময়ে যথাযথভাবে যথাযথ ঋণ পাবেন না কারণ বেসরকারিকরণ হলে তারা ঋণ দেবে বড়লোকদের, গরিবদের কথা তারা ভাববে না। ছোট ছোট শিল্প প্রতিষ্ঠান, কৃষক সম্প্রদায় ব্যাঙ্ক থেকে ঋণ না পেলে দেশের উৎপাদন ব্যাহত হবে এবং তা হলে সামগ্রিকভাবে দেশের অর্থনীতি অচীরে ভেঙ্গে পড়বে। আমার মনে হয় কেন্দ্রীয় সরকারের অর্থনীতিবিদ্‌গণ এসব কথা বুঝেই এটা করছেন। তারা ভালোভাবেই এসব কথা জানেন—জ্ঞানপাপির দল তো ওরা। সুতরাং এই যে বেসরকারিকরণের দিকে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ককে নিয়ে যাবার প্রবণতা দেখা দিয়েছে, তাতে ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোর বিশেষ ক্ষতি হবে, উৎপাদন ব্যাহত হবে এবং কৃষি ক্ষেত্রে এবং ছোট শিল্প, মাঝারি শিল্পের ক্ষেত্রে বেকারত্ব বৃদ্ধি পাবে, দেশের ক্ষতি হবে। ভূমি সংস্কারের ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গের ব্যাপারে আজকে বিহারকে স্বীকার করতে হবে, মাদ্রাজকে স্বীকার করতে হবে, ইউ. পি., রাজস্থান, সকলকে স্বীকার করতে হবে পশ্চিমবঙ্গ তার দিক নির্ণয় করছে, পশ্চিমবঙ্গ অগ্রগামী রাজ্য। ভূমি-

সংস্কারে পশ্চিমবঙ্গ তুলনাহীন, যেখানে সমগ্র দেশের ক্ষেত্রে ছোট কৃষক, প্রান্তিক চাষীর কৃষি জমির মাত্র ২৯ শতাংশ সমগ্র ভারতবর্ষে, সেখানে পশ্চিমবঙ্গে অত্যন্ত আনন্দের কথা, অত্যন্ত গর্বের কথা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কৃতিত্বের সঙ্গে দাবি করে ক্ষুদ্র চাষী এবং প্রান্তিক চাষীর জমির মালিকানার ক্ষেত্রে ৭০ শতাংশ জমি আছে। ভূমি বন্টনের ক্ষেত্রে যা হয়েছে তাছাড়া গৃহ নির্মাণ হয়েছে। জমি বন্টন থেকে উপকৃত হয়েছে দরিদ্র, যারা উপকৃত হয়েছে, তার সংখ্যা ২০.৫৪ লক্ষ এবং তার মধ্যে ৫৭ শতক হচ্ছে তফসিলি জাতি এবং উপজাতি। আমরা জমি বন্টন করেছি বামফ্রন্টের আমলে, এই হাইকোর্টে ২২৬ যেগুলো পড়ে রয়েছে, কিন্তু অধিকাংশ আমরা কৃতকার্যতার সঙ্গে ভূমি বন্টন করেছি এবং আমরা উদ্বাস্তু যারা ৭১ সালের আগে এই দেশে এসেছে, সেই রকম শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস উদ্বাস্তু তাদের প্রায়রিটি দেওয়া হয়েছে এবং যারা এই দেশের তাদেরও ভূমি বন্টন করা হয়েছে। শিক্ষার অগ্রগতির দিকে পশ্চিমবঙ্গের যে প্রবণতা, অচীরে আমাদের বাজেট পড়লে তা বোঝা যায় যে আজকে কাগজের দাম কেন্দ্রীয় সরকার কী হারে বাড়িয়েছেন, শুল্ক কী হারে বেড়েছে, আমাদের সেখানে কমিয়ে দিয়ে আমরা মাত্র ৬ শতাংশ নিয়ে এসেছি। সেই সঙ্গে সঙ্গে দু একটি কথা বলতে হচ্ছে শিক্ষার প্রসারের দিক থেকে খানিকটা প্রতিবন্ধকতা সৃষ্টি করবে, সেই কারণে অর্থমন্ত্রীর কাছে বিনীতভাবে বলছি বাজেট বক্তৃতা পড়ে যেটা দেখলাম, শিক্ষকদের যে প্রভিডেন্ট ফান্ড, সেই পি. এফ. এবং অন্যান্য বর্ধিত বেতন যেটা বকেয়া বেতন সেটা প্রভিডেন্ট ফান্ডে জমা করে দেওয়া হবে। স্যার অর্থনৈতিক দুর্মূল্যের বাজারে যদি বছরের পর বছর বেতন বাড়িয়ে দেন এবং সেটা পি. এফ. এর জমা করে দেন তাহলে আমাদের অর্থনৈতিক বৈষম্য দূর হবে কি?

[12-40 – 12-50 p.m.]

এরপর কি আর তাঁদের শিক্ষকতা করার মানসিকতা থাকবে? টিউশানি করার দিকে তাঁদের ঝোঁক চলে যাবে, বিদ্যালয়ে ছেলে-মেয়েদের লেখা-পড়া হবে না। কারণ তাঁদের তো খেতে হবে। সুতরাং আমি অনুরোধ করছি এই দিকটায় মাননীয় অর্থমন্ত্রী একটু দৃষ্টি দিন। আমাদের রাজ্যে রাস্তাঘাট আছে, কিন্তু সেগুলোর যে উন্নত অবস্থায় থাকা উচিত ছিল তা থাকছে না। আমার মনে হয় যে সমস্ত বিভিন্ন কর্মচারী সংগঠন আছে তাদের গন্ডগোলের জন্য, তাদের মধ্যে কো-অর্ডিনেশন না থাকার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। এটা আজকে অস্বীকার করার উপায় নেই। আমরা দেখতে পাই বহু জায়গায় একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এবং বি. ডি. ও.-র মধ্যে কোনও সমন্বয় নেই। যার ফলে রাস্তা মেরামতের কোনও কাজই হচ্ছে না। আজকে আমাদের এই বাজেটের মধ্যে দিয়ে সব চেয়ে বড় পদক্ষেপ যেটা ঘোষিত হয়েছে তা হচ্ছে কৃষি ক্ষেত্রে সারের দাম কিছুটা কমাবার জন্য সারের ওপর অল্প পরিমাণে হলেও কিছু ভরতুকি দেবার কথা বলা হয়েছে। ডুয়ার্স ডেভেলপমেন্ট অথরিটি গঠিত হয়েছে, আমার প্রস্তাব তার মধ্যে কুচবিহারকেও যুক্ত করা হোক। তাহলে কুচবিহারের উন্নয়নও তরান্বিত হবে। এই কয়েকটি কথা বলে মাননীয় অর্থমন্ত্রীর বাজেটকে আবার সমর্থন জানিয়ে

আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন আমি সেই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য রাখব। তাঁর এবারের বাজেট বক্তৃতা বোধ হয় এই বিধানসভার ইতিহাসে দীর্ঘতম বাজেট বক্তৃতা। তিনি এবিষয়ে একটা নজির সৃষ্টি করেছেন। এই বক্তৃতার একটা মেজর অংশে তিনি কেন্দ্রীয় সরকারের গৃহীত অর্থনীতির বিরোধিতা করেছেন। অবশ্য এ কথা ঠিক যে, কেন্দ্রীয় সরকার জনবিরোধী অর্থনীতি এবং শিল্প নীতি গ্রহণ করেছেন। কেন্দ্রীয় সরকার বিগত জনবিরোধী রেল বাজেট এবং প্রাক্-বাজেট বিভিন্ন পদক্ষেপের মধ্যে দিয়ে যে ভাবে মূল্য বৃদ্ধি ঘটিয়েছেন তাতে মূলত গোটা ভারতবর্ষের অর্থনীতি বিপন্ন হয়ে পড়েছে। পশ্চিম বাংলার অর্থনীতির ওপর তার বিরূপ প্রতিক্রিয়া স্বাভাবিক ভাবেই দেখা দিয়েছে। সেদিক থেকে কেন্দ্রীয় সরকারের নীতির সমালোচনা এবং তার বিরোধিতা যুক্তি-সঙ্গত। আমি মনে করি এর বিরোধিতাই শুধু নয়, এর বিরুদ্ধে শুধু কথাই নয় কার্যত আমাদের সকলকে এমন পদক্ষেপ গ্রহণ করতে হবে যাতে কেন্দ্রীয় সরকার বাধ্য হন তাঁদের জনবিরোধী নীতি থেকে সরে আসতে। আমি মনে করি এবিষয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দেশব্যাপী আন্দোলন গড়ে তোলার প্রয়োজন আছে। আমি এটাও জানি আমাদের রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির পরিণতির সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে বাজেট রচনা করতে হয়েছে এবং সরকার পরিচালনা করতে হচ্ছে। তথাপি এই সীমাবদ্ধতার মধ্যেও একটা জনমুখী সরকার, যাঁরা নিজেদের বামপন্থী বলে দাবি করেন তাঁদের কতগুলি করণীয় কর্তব্য আছে। সেই করণীয় কর্তব্যগুলি পালন করার ক্ষেত্রে ব্যর্থ হলে সেই ব্যর্থতার দায়িত্ব কখনই কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দেওয়া যায় না। অবশ্যই মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণের মধ্যে কেন্দ্রীয় সরকারের যথার্থই সমালোচনা করেছেন। কেন্দ্র একটা দেউলিয়া অর্থনীতি নিয়ে চলছেন, বিশ্ব ব্যাঙ্ক এবং আই. এম. এফ-এর কাছে দেশের অর্থনীতিকে বিকিয়ে দিয়েছেন।

দেশ স্বনির্ভরতার জায়গা থেকে সরে গেছে, দেশের সার্বভৌমত্ব বিপন্ন ইত্যাদি বলে তিনি একটি বিকল্প পথের কথা বলেছেন। তিনি স্বনির্ভরতার পথের উপর দাঁড়িয়ে তাঁর বাজেট রচনা করেছেন বলে দাবি করেছেন। প্রথমত এই যে দাবি, এটা আমার কাছে খুবই হাস্যকর বলে মনে হয়েছে। তিনি বলতে পারবেন কি, আজকে কোনও দপ্তরের কোনও প্রকল্প ওয়ার্ল্ড সাহায্য ছাড়া চলছে? ফলে আজকে কিন্তু আপনাদের সমস্ত ক্ষেত্রে—ক্ষুদ্র সেচ, বন সৃজন, মৎস্য, শিল্প, খাদ্য, পরিবহন, নগর উন্নয়ন, ক্যালকাটা কর্পোরেশনের উন্নয়ন, এমন কি সুন্দরবন ডেভেলপমেন্টের কাজও আজকে বিশ্ব ব্যাঙ্ক, আইফার ইত্যাদি বিদেশি সাহায্যের উপর নির্ভর করে প্রকল্পগুলির কাজ চলছে। কাজেই স্বনির্ভরতার যুক্তি কি করে চলে জানি না। আপনাদের অর্থনীতি এমনই স্বয়ম্ভর যে, পিয়ারলেসের কাছ থেকে আজকে টাকা ধার করে চলতে হচ্ছে। আপনাদের অর্থনীতি এতই স্বনির্ভর যে, সরকারি কর্মচারী এবং শিক্ষকদের দীর্ঘদিন পাওনা—১৯৯০ সালের নতুন বেতনক্রমের বকেয়া—তাঁরা আজও হাতে পেলেন না।

আপনি এখন বলছেন, সেই পাওনা পরিশোধ করে দিয়েছেন। কিভাবে তা করেছেন? কাগজে-কলমে করেছেন সেটা ক্যাশ হাতে দিচ্ছেন না, প্রভিডেন্ট ফান্ডে জমা পড়ছে, যেটা পরে আপনারা তুলে কাজে লাগাবেন। কনট্রাক্টাররা রাস্তাঘাট করেছেন, কিন্তু আপনাদের কাছে তাদের ৩৩ কোটি টাকা পাওনা, কারণ বাকিতে কাজ করিয়েছেন। ফলে তারা আর কাজ করতে চাইছেন না। তাদের কাছে আজকে আপনারা দেনাদার। আপনারা শিক্ষা দপ্তরকেও টাকা দিতে পারছেন না, ফলে বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা উঠে যাবার মতো অবস্থা। ফলে কলকাতা বিশ্ববিদ্যালয় তাদের বাড়িঘরদোর এবং সম্পত্তি পর্যন্ত বিকিয়ে দিতে চাইছেন। এইরকম একটা প্যাথেটিক অবস্থা। একে আপনারা বলছেন স্বনির্ভরতা! ফলে আপনার দাবিকে হাস্যকর বলে মনে হচ্ছে। আজকে আপনি কেন্দ্রীয় সরকারের নীতির বিকল্প নীতি নিয়ে চলবার কথা বলছেন, কেন্দ্রীয় সরকারের নয়া শিল্পনীতির, নয়া আর্থিক নীতির বিরোধিতা আপনারা করছেন। নীতিগত দিক থেকে ঠিকই করছেন, কিন্তু কার্যক্ষেত্রে কি করছেন? রাষ্ট্রীয় সংস্থার প্রাইভেটাইজেশনের আপনারা বিরোধিতা করেন, আমরা সবাই করি এবং তার সমালোচনাও হচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকারই শুধুমাত্র এটা করেছেন না, দৃষ্টান্ত দিয়ে বলছি, আপনারা ওয়েবেলের শাখা ইলেকট্রো-সিরামিকসের শতকরা ৫১ ভাগ ইক্যুইটি শেয়ার বিক্রি করে দিলেন টাটার এ. সি. সির কাছে। সেদিনও দেখলাম, গ্রেটার ক্যালকাটা গ্যাস সাপ্লাই কর্পোরেশনের মতো একটি লাভজনক সংস্থার ৫১ পারসেন্ট শেয়ার বিক্রি করে দিচ্ছেন বেসরকারি সংস্থা পিয়ারলেসের কাছে। পিয়ারলেস শর্ত আরোপ করেছে যে, তারা চুক্তিতে রাজি শর্তটা মারাত্মক কিন্তু আর্থিক ক্ষেত্রে নিয়ন্ত্রণটা তাদের থাকবে এবং ইচ্ছামতো কর্মী ছাঁটাই তারা করতে পারবেন। এইরকম সব জনবিরোধী শর্তে আপনারা সরকারি সংস্থাকে বেসরকারি সংস্থার হাতে বিক্রি করে দিচ্ছেন, অথচ প্রাইভেটাইজেশনের সমালোচনা করছেন! আপনারা কোন পথ অবলম্বন করেছেন?

[12-50 – 1-00 p.m.]

আজকে বিশ্বব্যাঙ্কের কথা বলছেন। এটা খুবই পরিতাপের বিষয় যে বিশ্বব্যাঙ্ক বা আজকে বিশ্বব্যাঙ্ক বা আই. এম. এফ-এর প্রেসিডেন্ট মেকনামারাকে আপনারা একদিন এয়ার পোর্টে ঢুকতে দেননি, গো-ব্যাক ম্যাকনামারা বলে অতীতে তাড়িয়ে দিয়েছিলেন। অথচ সেই বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট লুই প্রেস্টন, তিনি যখন কলকাতায় এলেন তখন মুখ্যমন্ত্রীর বাসভবনে তাকে নিয়ে একান্তে আলোচনা করলেন। আজকে শাসকদলের শরিক সি. পি. আই এই ব্যাপারে প্রশ্ন তুলেছে যে বিশ্বব্যাঙ্কের ঋণ দেবার ব্যাপারে শ্বেতপত্র বের করতে হবে। কিন্তু সেই ব্যাপারে কোনও উত্তর আপনারা দেননি। আপনারা বলছেন যে এটা বিকল্প রাস্তা। এই বিকল্প রাস্তার কোনও অর্থ নেই। আজকে এই বাজেটে বড় মুখ করে বলেছেন যে ভূমিসংস্কারের জন্য রেকর্ড ফলন হয়েছে, উন্নয়নের দিকে পশ্চিমবঙ্গ এগিয়ে গেছে, খাদ্যে পশ্চিমবঙ্গ প্রথম হয়েছে ইত্যাদি পরিসংখ্যান দিয়েছেন। কিন্তু আজকে গণ-বন্টন ব্যবস্থা বা রেশন ব্যবস্থা অব্যাহত রাখার জন্য আপনাকে অসহায়ভাবে কেন্দ্রীয় সরবরাহের উপরে নির্ভর করে থাকতে

হচ্ছে কেন? আজকে এই প্রশ্নের কোনও উত্তর আপনি দিতে পারেননি। আজকে রেশন ব্যবস্থা ভেঙ্গে পড়ল কেন, এই প্রশ্নেরও কোনও জবাব দিতে পারেননি। আপনি শিল্পের উন্নয়নের কথা বলেছেন। শিল্পের উন্নয়নের কোনও পরিবেশ এখানে সৃষ্টি হয়েছে? আপনি ইকনমিক রিভিউতে বলেছেন যে মেমোরান্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং হয়েছে। কিন্তু অ্যাকচ্যুয়ালি কারা টাকা ইনভেস্ট করছে, কত টাকা ইনভেস্ট করছে, কতটা মেটিরিয়্যালাইজ হয়েছে ইত্যাদি এই ব্যাপারে ইচ্ছা প্রকাশ করেছেন। কিন্তু আপনি যে অবজেকটিভ তথ্য দিয়েছেন তার কোনও ইনডেক্স নেই। আপনি বলছেন যে এন. আর. আই ৩৯ জন, তারা এখানে ইচ্ছা প্রকাশ করেছেন, কিন্তু অ্যাকচ্যুয়ালি মেটিরিয়্যালাইজ কতজনের ক্ষেত্রে হয়েছে এই তথ্য ইকনমিক রিভিউতে বলেন না। তার মানে দেখা যাচ্ছে সবটাই ভোগ। আমরা অনন্তকাল ধরে শুনে আসছি যে হলদিয়া পেট্রোক্যামিক্যাল চৌকাট পর্যন্ত এসেছে। কিন্তু চৌকাট পার হবে এটা আমরা বুঝতে পারছি না। ক্ষুদ্র শিল্প, কুটির শিল্প, মাঝারি শিল্প, এই সমস্ত শিল্পে উৎসাহদান করার জন্য সরকার চেষ্টা করছেন। এই ব্যাপারে গতবার এবং এবারেও ঘোষণা করেছেন। কিন্তু কার্যত কিছুই রূপায়িত হয়নি। ক্ষুদ্রসেচ, কুটির শিল্পে উৎসাহ প্রকল্পগুলি ১৯৮৯ সালে চালু করেছিলেন। আপনারা কতজনকে এই সুযোগ সুবিধা দিতে পেরেছেন? ১৯৯১-৯২ সালে আপনি বাজেটে ১০ কোটি টাকা বরাদ্দ করেছিলেন, তার মধ্যে আপনি দিয়েছেন মাত্র ৩ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে আপনি এক পয়সাও দিতে পারেননি। আপনার আর্থিক অস্বাচ্ছন্দতার জন্য এই সমস্ত জিনিসের উপরে এমবার্গো জারি করেছেন। এগুলির মানে কি? আজকে ক্ষুদ্র শিল্প, কুটির শিল্পের মালিকরা যারা এগিয়ে এসে তাদের যথাসর্বস্ব ইনভেস্ট করেছেন, তারা মাথায় হাত দিয়ে বসে পড়েছেন। এই হচ্ছে আপনার শিল্পে অগ্রগতি, উন্নয়ন যেগুলি খুব বড় করে আপনি দাবি করেছেন তার নমুনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি যে সরকার পুলিশ বাজেট যেটা আগে ছিল ৩৪৫ কোটি টাকা এস্টিমেটস বাজেট, সেটাকে রিভাইজ করে ৩৫৪ কোটি টাকা করেছেন। এবারে সেই এসটিমেট বাজেট বাড়িয়ে ৩৭৫ কোটি টাকা করেছেন, রিভাইজ বাজেট আরও বাড়বে। আমার বক্তব্য হচ্ছে এই যে, পুলিশ বাজেটে বছরের পর বছর কোটি কোটি টাকা বাড়ছে, জনগণের অর্থ ব্যয় করার অধিকার আপনাদের আছে? পুলিশ বাজেট বাড়ছে, আর ইনসিডেন্ট অফ ক্রাইম মারাত্মক ভাবে বাড়ছে। সমাজ বিরোধীদের দৌরাত্মে নাগরিক জীবনের নিরাপত্তা প্রতিটি দিন যাচ্ছে একটা ভয়াবহ পরিস্থিতির মধ্যে দিয়ে। এটা ঘটনা দিয়ে বলতে লাগে না। বানতলা, বিরাটির কথা নয়, সম্প্রতি বৌবাজারে এবং শিয়ালদাতে বোমা ফাটলো এবং তার ফলে যে জীবন চলে গেল, হু উইল বি রেসপনসেবেল? এই যে ৮৬টি অসহায় প্রাণ চলে গেল এর জন্য কে দায়ী? এই যে সমস্ত আন্ডার ওয়ার্ল্ডের মানুষগুলো, এই সমস্ত সমাজবিরোধীদের কে আশ্রয় দিচ্ছে? এই ব্যাপারে নানা রকম অভিযোগ উঠছে। রুলিং পার্টি হোক, আর যে কোনও পার্টিই হোক, এই সব কথা বলছে যে নির্বাচনী তহবিলে টাকা জমা পড়ছে তার কাউন্টার ফয়েল। আমি সব ছেড়ে দিলাম—এই যে রসিদ ধরা পড়ল, এই রসিদের বাড়িতে মাসের পর মাস বছরের পর বছর একেবারে লালবাজারের নাকের ডগায়,

[ 20th March, 1993 ]

মহাকরণ থেকে সামান্য মাত্র ব্যবধানে সেখানে বোমা তৈরির কারখানা রয়েছে। তার সাঙ্গ-পাঙ্গরা মাসের পর মাস বছরের পর বছর এই কাজ চালাচ্ছে। চোখের সামনে চলছে, দিবারাত্র চলছে, সেখানে পুলিশ প্রশাসন এবং সরকার চোখ বুজে আছে। এটা স্বাভাবিক যে শাসক দল হোক, আর যে কোনও রাজনৈতিক দলই হোক, তারা যদি আশ্রয়পুষ্ট না হয়, আশীর্বাদ পুষ্ট না হয় তাহলে এই রকম লালবাজারের সামনে এই রকম সমাজবিরোধী কার্যকলাপ দিনের পর দিন, মাসের পর মাস চলতে পারে না। লজিক্যাল প্রব্বাবিলিটি কি বলবে? ডকুমেন্টারী অ্যাভিডেন্স থাকুক বা না থাকুক, আপাত দৃষ্টিতে কি বোঝা যায়? এই সব সংবাদপত্রে বেরিয়েছে যে ৩ হাজার টাকা নির্বাচনী তহবিলে বার্ডোয়ান ডিস্ট্রিক্ট কমিটিকে, স্পেশ্যাল নির্বাচনী তহবিলে ২ হাজার টাকা, ১৯৮৭ সালের কাউন্টার-ফয়েল সি. পি. এম পার্টির—এই সব অভিযোগ উঠেছে এবং শোনা যাচ্ছে। গণতান্ত্রিক মহিলা সমিতি, সি. পি. এম.-এর মহিলা সংগঠনে এই সমস্ত কথা উঠেছে। এই ব্যাপারে শাসক দল এবং বিরোধীদলের লোকের নাম আছে। আমার বক্তব্য হচ্ছে যে কোনও রাজনৈতিক দলই হোক না কেন, সরকারি ক্ষমতায় অধিষ্ঠিত রাজনৈতিক দলগুলি তাদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক এবং মাখামাখি এই হচ্ছে সমাজ জীবনে সমস্ত অনিষ্টের মূল। আজকে পুলিশ প্রশাসন হচ্ছে সমাজবিরোধীদের দমন করার জন্য? কিন্তু সেই জায়গায় সমাজবিরোধীরা তাদের কার্যকলাপ, সমস্ত কিছু এড়িয়ে করতে পারে তার ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। তার ফলে সমস্যা দিনের পর দিন ভয়াবহ মারাত্মক রূপ নিচ্ছে। আজকে পশ্চিমবাংলার মানুষের নাগরিক জীবন এবং নিরাপত্তা বিপন্ন। তাই আমি দাবি করছি রাজনৈতিক আনুগত্যে বিচার না করে এই সমস্ত সমাজবিরোধীদের নিরপেক্ষ বিচার করে কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। আমি দাবি করছি এই রশিদকে ধরা হয়েছে তার বিরুদ্ধে যাতে নিরপেক্ষ তদন্ত হয়, এর কঠোর শাস্তি বিধানের ব্যবস্থা হয়।

[1-00 – 1-10 p.m.]

এই চক্রান্তের পিছনে যারা জড়িত আছে তাদের কাউকে যেন স্পেয়ার করা না হয়, একটা নিরপেক্ষ তদন্ত যেন হয় তার ব্যবস্থা করবেন। কিন্তু আমরা দেখছি, দলীয় স্বার্থে কেসটাকে হালকা করার চেষ্টা হচ্ছে, এটা যেন না করা হয়। এতবড় একটা এক্সপ্লোশন হল অথচ আমরা দেখতে পাচ্ছি তাকে হালকা করে দেখার চেষ্টা হচ্ছে। এখানে মুখ্যমন্ত্রী যে ভাবে বিবৃতি দিলেন তাতে আমাদের আশঙ্কা হচ্ছে। এতবড় এক্সপ্লোশন হল অথচ তাকে বলা হচ্ছে যে, এটা সাধারণ বোমার মশলা থেকে তৈরি হয় এই রকম একটা এক্সপ্লোশন হয়েছে। গোটা জিনিসটাকে লাইট করে দেওয়ার একটা ইঙ্গিত হচ্ছে বলে আমার মনে হচ্ছে। এতবড় এক্সপ্লোশন হল, শেষের দিকে দেখা গেল কিছু পেটো বোমা। সেখান থেকে শেষে কিছু পেটো বোমা পাওয়া গেল। কোথা থেকে এটা এলো? বিষয়টাকে এইভাবে লাইট করে দেখাবার চেষ্টা হচ্ছে, যেন ছোটখাট একটা ব্যাপার, মূল অপরাধী রশিদ, ব্লাস্টের ৪৮ ঘন্টা পরে তার বাড়ি সার্চ হলো। অর্থাৎ তাকে সাফিশিয়েন্ট টাইম দেওয়া হল যাতে সে সমস্ত প্রমাণ পত্র সরিয়ে নিয়ে যেতে পারে। এই সমস্ত বিষয়গুলো লজিক্যাল প্রোবাবলিটিতে

আমাদের মনে একটা আশঙ্কার সৃষ্টি করছে। এতবড় ক্রাইম, এতবড় একটা ক্রিমিন্যাল অফেন্স, যার ফলে শ'খানেক মানুষ মারা গেল, এতবড় ক্রাইমকে ধামাচাপা দেবার চেষ্টা হচ্ছে। কারণ সরকারি দলের, শাসকদলের কর্তৃপক্ষের সঙ্গে একটা নেকশাস আছে বলে যে কথাগুলো উঠছে, তাতে মনে হচ্ছে এটা সত্য। আমি বিশ্বাস করি এগুলো অসত্য বলে প্রমাণিত হবে। তবে আমরা এটা চাই যে সরকার দোষীদের বিরুদ্ধে কঠোর শাস্তিবিধানের ব্যবস্থা নেবেন। আজকে সংবাদপত্রগুলোতে যে কথা বেরিয়েছে, মানুষ যে কথা বলছে তা অসত্য হোক। এটা আমরা চাই যে রাজনৈতিক দলের আশীর্বাদপুষ্ট হোক না কেন সরকার অপরাধীদের শাস্তিবিধানে পিছপা হবে না। কাজ দিয়ে তার প্রমাণ করতে হবে। আমি এবারে মানবিকতার খাতিরে এটা দাবী করব যে, যে সমস্ত গরিব মানুষগুলোর প্রাণ চলে গেল তাদের উপযুক্ত ক্ষতি পূরণের ব্যবস্থা করতে হবে। ক্ষতি পূরণের ঘোষণা যেটা করেছেন সেটা সামান্য, আমি উপযুক্ত ক্ষতিপূরণের দাবি করছি। এই সমস্ত ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত যেন হয়, অন্তত পক্ষে এই তদন্তের মধ্যে দিয়ে একটা শিক্ষা যেন দেওয়া যায় যাতে আগামী দিনে এই সমস্ত অপরাধীদের হাত থেকে আমরা মুক্ত হতে পারি। আইন শৃঙ্খলার সুষ্ঠু পরিবেশ যাতে সৃষ্টি করা যায় সেই শিক্ষা যেন সরকার গ্রহণ করেন। এরই সাথে আমি একটি বিকল্প দিক নিয়ে আলোচনা করতে চাই, শুধু সমালোচনা করতে চাই না। বিকল্প পথটি কি? ফিনান্সিয়াল স্ট্রিনজেন্সীর জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট যে সমস্ত স্টেপস্ এবং মেজার্স নিয়েছেন তাতে রাজ্যের উপরে আঘাত সৃষ্টি করছে। যেমন, ক্ষুদ্র সঞ্চয়ের ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্ট যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেই প্রতিশ্রুতি মতো অর্থ তারা রাজ্যকে দিচ্ছেন না। রাজ্যের উপরে এই আঘাতকে ঠেকাতে তাদের বিরুদ্ধে রাজ্যের জনগণকে সঙ্গে নিয়ে আগামী দিনে জোরদার একটা আন্দোলন গড়ে তুলতে হবে। এর সাথে সাথে দুর্নীতি, অপচয়, আরাম, আয়েস, বিলাস বাহুল্য এগুলো কমানো দরকার। আজকে সারা রাজ্যে দুর্নীতি যেভাবে ছেয়ে যাচ্ছে যেমন কলকাতার কথা ধরুন। এখানে প্রায় ছয় হাজারের মতো বাড়ি এবং ৩০ হাজারের মতো বেআইনি ফ্ল্যাট রয়েছে, যেগুলো আইনসিদ্ধ হলে কি পরিমাণ টাকা কলকাতা কর্পোরেশন বলুন আর রাজ্য সরকার বলুন, আয় বাড়তে পারত। কলকাতা কর্পোরেশনের আয় বাড়া মানে তো রাজ্য সরকারের সাশ্রয় হওয়া। কেননা, রাজ্য সরকার কর্পোরেশনকে ভর্তুকি দেন। যে পরিমাণে রাজ্য সরকারকে কর্পোরেশনের জন্য ভর্তুকি দিতে হয় তার পরিমাণ কমানো যেত। বিভিন্ন ক্ষেত্রে যে দুর্নীতি, অপচয় যেগুলো হচ্ছে তা রোধ করা দরকার। বিদ্যুতের ক্ষেত্রে যে চুরি হচ্ছে, যে দুর্নীতি হচ্ছে সেগুলোকে রোধ করতে পারলে অনেকটা সাশ্রয় হতে পারে। আপনি ব্যয় সংকোচের কথা বলেছেন, তবে তারিখটা আমার ঠিক মনে নেই, সেজন্য তারিখটা বলতে পারছি না। আপনি বলেছিলেন যে সরকারি গাড়ি যেগুলো ভাড়া করে ব্যবহার করা হয় তার ২০ পারসেন্ট ফিনান্সিয়াল ক্রাইসিসের জন্য কার্টেল করবেন। সেখানে আপনি ২০ পারসেন্ট কার্টেল করার কথা বলেছিলেন।

আপনাদের অনেক কিছু কার্টেল হওয়ার কথা ছিল কিন্তু হয়নি। ২৫০ গাড়ির ক্ষেত্রে এই কার্টেল হওয়ার কথা ছিল কিন্তু তাও কার্যকর হয়নি। এইরকম একটা আর্থিক সঙ্কটের জন্য মন্ত্রী এবং সচিব পর্যায়ে মাত্র টেলিফোনের এস. টি. ডি লাইন থাকবে আর অন্যান্য নেতাদের ক্ষেত্রে এই ব্যবস্থা থাকবে না। এই নির্দেশ মাননীয় অর্থমন্ত্রী দিয়েছিলেন কিন্তু কোথাও তার লক্ষ্মণ দেখা যায়নি। তারপরে আপনি বলেছিলেন যে জেলাস্তরে পেট্রোল খরচ কমানোর জন্য গাড়ি চালানোর ক্ষেত্রে কিছু নিষেধাজ্ঞা জারি করেছিলেন, অবশ্য পরে তা আপনি তুলেও দিয়েছিলেন। এই যে সমস্ত বিধিনিষেধগুলো ব্যয়-সংকোচ করার জন্য করেছিলেন সেগুলো কার্যকর কিন্তু হচ্ছে না। তারপর বিলাস ব্যসনের ক্ষেত্রে ফিনান্সিয়াল ক্রাইসিস থাকার জন্য আপনারা অনেক কিছু বিধি নিষেধ আরোপ করছেন। অথচ রাইটার্স বিল্ডিংসের এমন কিছু খারাপ অবস্থা ছিল না যে, এরজন্য ১০ লক্ষ টাকা খরচ করে সংস্কার করার দরকার ছিল। তাছাড়া মাননীয় মুখ্যমন্ত্রী হেলিপ্যাড, হেলিকপ্টার করে তো সর্বদা ঘুরে বেড়াচ্ছেন। আবার এও শোনা গেছে যে মাননীয় মুখ্যমন্ত্রীর গঙ্গা সাগর যাওয়ার জন্য বিদ্যুতের খরচ হয়েছে ১ লক্ষ ৬৫ হাজার টাকা। এইসবগুলো শুনলে খুব দৃষ্টি কটু লাগে, আপনারা একটা দৃষ্টিভঙ্গি নিয়ে চলেন আপনাদের কাছে এটা ঠিক আশা করা যায় না। আপনারা জনমুখী সরকার, মিনিমাম কার্টেলমেন্ট থাকার দরকার। এর ফলে অনেক রকম ব্যাড রিএ্যাক্শন পরিলক্ষিত হচ্ছে। এই জিনিসগুলো বন্ধ হওয়া দরকার। এই দুর্নীতি বন্ধ করুন, আপনি অপচয় বন্ধ করার জন্য ব্যবস্থা নিচ্ছেন অথচ আপনার মন্ত্রিত্বে যে ধরনের বিলাস ব্যসন চলছে সেটা হওয়া উচিত নয়। এইরকম একটা অবস্থায় আপনাদের হাসপাতালগুলিতে রোগীদের কাছ থেকে আর্থিক সঙ্কটের জন্য চার্জ বৃদ্ধি করা হয়েছে। তারপরে লাইফ সেভিং ড্রাগস বলতে কিছু নেই। এই নিয়ে বহু সদস্যই অভিযোগ করেছেন। সাপে কামড়ানোর ওষুধ পর্যন্ত নেই, যা নিয়ে হাউসে সরকারি, বেসরকারিভাবে আলোচনা হয়েছে। তারপরে উন্নয়নমূলক খাতে ১০০ কোটি টাকা বরাদ্দ করেছিলেন কিন্তু ড্রাসটিক্যালি আপনি মাত্র ২১ কোটি টাকা দিলেন। যার ফলে প্রাথমিক বিদ্যালয় উন্নীতকরণের এবং জুনিয়ার হাই স্কুল উন্নীতকরণের যে কথা ছিল তারজন্য যে অর্ডারও দিয়েছিলেন তা আপনি একজিকিউট করতে পারেন নি। এরফলে সমস্ত উন্নয়নমূলক কাজ ব্যহত হচ্ছে। এই যে বাজেট এইবারে পাস করেছেন এটাও অনুমানের উপরে ভিত্তি করে করেছেন, প্রকৃত অবস্থাকে আড়াল করার প্রচেষ্টা করা হয়েছে। আসলে আপনি এটা জেনেশুনেই করছেন। আপনার এটা বোঝা উচিত ছিল যে, এই যে ঘাটতি বাজেট ২৮ কোটি টাকার দেখালেন এটা কখনোই এই অঙ্কের মধ্যে থাকবে না। আপনি যে কতগুলি আয়-ব্যয়ের হিসাব দেখিয়েছেন সেটা ঠিক নয়। তারপরে ব্যয় সঙ্কোচের ক্ষেত্রে যে সমস্ত হিসাব দেখিয়েছেন সেটাও ঠিক নয়। আপনি বাজেটে যে কর আদায় করবেন বলে ঠিক করেছেন তাতেও দেখা যাচ্ছে যে, গতবারের ৩০০ কোটি টাকা কর আপনি আদায় করতে পারেননি। আপনি মিনিমাম কর আদায় সেক্ষেত্রেও ব্যর্থ হয়েছেন। এই যে কনভেনশন সেটা আপনি রক্ষা করতে পারেন নি। যার ফলে আপনি ৩০০ কোটি টাকার করও আদায় করতে পারেননি। যারফলে আপনি যে ২৮ কোটি টাকার ঘাটতি বাজেট দেখিয়েছেন সেটা

আর ২৮ কোটি টাকাতে থাকবে না, সাড়ে ৩০০ থেকে ৪০০ কোটি টাকাতে দাঁড়াবে। তারপরে ওয়েজ মিনসের ক্ষেত্রে আপনাদের কি অবস্থা? এক্ষেত্রে তো রিজার্ভ ব্যাঙ্ক থেকে ৫৬ কোটি টাকার বেশি পাবেন না। সুতরাং আজকে সরলবাবু বা অন্য দপ্তরের মন্ত্রীকে ভাবতে হচ্ছে এই চিন্তা আরও বাড়বে। প্রতিটি দপ্তরের মন্ত্রীর উপরেই আঘাত আসবে। তারপরে প্ল্যান বাজেটে যে রাজ্যের উন্নয়নমূলক খাতে ১৫৫০ কোটি টাকা ধরেছেন সেটাও ১২.৪০ কোটি উপরে উঠবে কিনা সন্দেহ। সুতরাং এইসব ছেলে ভোলানো কথা বাজেট ভাষণে দিয়ে আপনার লাভ কি? এতে তো মানুষের সামনে আপনি ধরা পড়ে যাচ্ছেন। এতে আপনার ভাবমূর্তি তো নষ্ট হচ্ছে।

[1-10 – 1-20 p.m.]

আবার কন্ট্রাক্টরদের কাছে বকেয়া বাড়বে ২ দিনের জন্য এমবার্গো তুলে দিলেন আবার শুরু হবে কেন্দ্রীয় সরকার দিলে। যেমন ঐ বিদেশি আই. এম. এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর কাছে ঋণের মৃত্যুর ফাঁদে গোটা অর্থনীতিকে তারা জড়িয়ে ফেলেছে তেমনি রাজ্যের অর্থনীতিকে ঋণের মৃত্যুর ফাঁদে আপনি জড়িয়ে ফেলছেন। এই রকম একটা অবস্থার হাত থেকে পরিত্রাণ পাবার জন্য এই মেজারগুলি নেওয়া উচিত ছিল। একদিকে এই সীমিত অবস্থার মধ্যেও দুর্নীতি, অপচয় এইগুলিকে বন্ধ করা আর ব্যয় বহুল ব্যবস্থাগুলিকে যথাসম্ভব কমিয়ে আনা উচিত। অত্যাবশ্যকীয় যে ব্যয় অর্থাৎ হাসপাতালের ঔষুধ, অন্যান্যর মধ্যে যেমন পানীয় জল-এর ব্যাপারে একটা মেজার নিতে হচ্ছে, কি রকম একটা ট্রাজিক অবস্থা! পানীয় জলের জন্য আই. এম. এফ., বিশ্বব্যাঙ্ক-এর নির্দেশে জলকর বসাতে হচ্ছে। বুদ্ধদেববাবু নাকি হাউসে বলেছেন। জলতো ঈশ্বরের দেওয়া, জলের জন্য ট্যাক্স? জল কে দেয়? আই. এম. এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্ক তারা যে শর্তগুলি আরোপ করছেন আলটিমেটলি তাদের কাছে Succumbed চেয়েছিলেন। এমন কি পূর্ত দপ্তরের রাস্তা নির্মাণ, এমন কি এশিয়ান ব্যাঙ্ক তারা কন্ডিশন ইমপোজ করেছে, একটা বিদেশি কোম্পানি সেই কন্সট্রাকশন করবে, এই ব্যাপারে আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু, অর্থমন্ত্রী তারা আপত্তি করেছিলেন। এশিয়ান ব্যাঙ্ক বলেছেন আপত্তি করলে আমরা টাকা দেব না। শেষ পর্যন্ত এশিয়ান ব্যাঙ্কের শর্ত মেনে ২০০ কোটি টাকা ঋণ নেওয়া হয়েছে। পানাগড় থেকে মৌরগ্রাম—বীরভূমের ১৫০ কি.মি. রাস্তা হবে। আমি দেখছি মনমোহন সিং-এর একজন অনুগামী হিসাবে আপনি এগিয়ে যাচ্ছেন এবং প্রতিযোগিতায় ইউ আর নো লেস এ কমপিটিটার, আপনি মনমোহন সিং-এর সঙ্গে প্রতিযোগিতায় কমতি যান না, অন্তত বাস্তব পরিস্থিতি তাই বলছে। তাই আমি বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস :** (নট প্রেজেন্ট।)

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৩-৯৪ সালের যে বাজেট ব্যয়-বরাদ্দ উনি পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি।

অভিনন্দন জানাচ্ছি। সমর্থন জানাতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই, এই ব্যয়বরাদ্দ সম্পর্কে বেশি কথা বলার অবকাশ উনি রাখেননি। কারণ আমরা দেখতে পাচ্ছি উনি চুলচেরা বিচার করে বাজেট তৈরি করেছেন। স্যার, গতকাল বিরোধী দলের নেতা মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন মহাশয়ের বক্তব্য আমি মনযোগ দিয়ে শুনেছি। দুঃখিত যে তিনি তার বক্তব্য রাখার পর সুকৌশলে তিনি বিধানসভা থেকে বেরিয়ে চলে গেছেন। এখানেও আমার সন্দেহ আছে, কালকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন, যখন বিধানসভার ভেতরে বিরোধী দল নেতা বসেছিলেন তখন কি হচ্ছিল।[******]

**মিঃ স্পিকার :** এটা বলা যাবে না, এটা বাদ যাবে।

**শ্রী আনন্দগোপাল দাস :** বিরোধীদলের নেতা এই বাজেটকে ব্যঙ্গ করেছেন এবং বিকৃত করে দেখাতে চেয়েছেন। সারা ভারতবর্ষ যখন অগ্নিমূর্তির মুখে দাঁড়িয়ে ভারতবর্ষের অর্থনীতি যখন বিদেশি সাম্রাজ্যের হাতে চলে গেছে—বিদেশিরা রিমোট কন্ট্রোল করে ভারতবর্ষের অর্থনীতিকে পরিচালনা করছে—সেই অবস্থার মুখে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ তৈরি করেছেন সেটাকে কংগ্রেসিদের অভিনন্দন জানানোর দরকার ছিল। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু তার ভাষণের সময় বলেছেন কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতি, কেন্দ্রীয় সরকারের জনবিরোধী অর্থনীতি, কেন্দ্রীয় সরকারের শাসন ব্যবস্থা, এসব কথা উনি বলেছেন, এসব কথা বলতে গিয়ে উনি পশ্চিমবাংলার অর্থনীতির কথা বলেছেন এবং বউবাজারের যে বাড়িটায় বোমা বিস্ফোরণ হয়েছে তার কথাও বলেছেন। উনি বাজেটের সঙ্গে বউবাজারের ঘটনাকে জড়িয়ে ফেলার চেষ্টা করেছেন। সেই সঙ্গে সঙ্গে আরও একটা কথা উনি বলার চেষ্টা করেছেন কোথায় বর্ধমান জেলায় সি. পি. এম পার্টি কালেকশন করেছে, কোথায় মহিলা সংগঠনের নামে চাঁদা আদায় হয়েছে এসব কথা উনি বলেছেন। উনি এসব কথা বলে কি বোঝাতে চাইলেন আমি ঠিক বুঝলাম না। আমি ওনাকে বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করতে চাই,—আপনারা তো জানেন আমাদের পশ্চিমবাংলায় গণতান্ত্রিক অধিকারের মধ্যে দিয়ে আপনারা সংগঠন আন্দোলন পরিচালনা করেন, আমরা ভারতের মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে আন্দোলন পরিচালনা করি—এই সংগঠন পরিচালনা করতে গিয়ে আপনারা কি অর্থ সংগ্রহ করেন না? ভারতের গণতান্ত্রিক মহিলা সমিতি কোথায় অর্থ সংগ্রহ করেছেন সেই অসত্য কথা বলে আপনি ব্যঙ্গ করার চেষ্টা করেছেন। আপনাদের দলের সদস্যরা সংগঠন আন্দোলন করতে গিয়ে বিভিন্ন বাস স্ট্যান্ড, স্টেশনে, রাস্তার মোড়ে দাঁড়িয়ে কি অর্থ সংগ্রহ করে না? আমরা অর্থ সংগ্রহ করি সংগঠন আন্দোলন পরিচালনা করতে গিয়ে ক্ষেতমজুর, গরিব কৃষক এদের কাছ থেকে আমরা অর্থ সংগ্রহ করি। আমরা কিন্তু রশিদের কাছ থেকে কালেকশন করতে যাই না। রশিদের কাছ থেকে কালেকশন করতে যায় ঐ কংগ্রেসি নেতারা। আমরা নির্বাচনের সময় দেখেছি, নির্বাচন পরিচালনা করতে গেলে টাকা

Note : * [Expunged as ordered by the chair.]

লাগে এবং আমরা সেই টাকা সাধারণ মানুষের কাছে থেকে সংগ্রহ করি। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় যে ব্যয়-বরাদ্দর দাবি করেছেন এবং এই বাজেটকে যদি সঠিকভাবে কার্যকর করতে হয় তাহলে সাধারণ গরিব মানুষের হাতে ক্ষমতা দিতে হবে এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে। এটাই মাননীয় জয়নাল সাহেবের গাত্রদাহ। উনি বক্তৃতা শুরু করেছিলেন প্রথম পঞ্চায়েত নির্বাচন থেকে। কারণ সামনেই পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করেছেন আমাদের বামফ্রন্ট সরকার।

[1-20 – 1-30 p.m.]

তাই তাদের গাত্রদাহ। আমি জোরের সঙ্গে বলতে পারি যে পঞ্চায়েত নির্বাচন ওরা হারবেন। পঞ্চায়েত নির্বাচনে হারবেন জেনেই বাজেট প্রসঙ্গে বক্তব্য রাখতে গিয়ে তারা পঞ্চায়েত নির্বাচনকে সামনে আনলেন এবং বাজেট প্রসঙ্গকে আড়াল করে সে সম্পর্কে কতকগুলি অভিযোগ এখানে খাড়া করার চেষ্টা করলেন। তারা বললেন যে পশ্চিমবঙ্গ সরকার বক্রেশ্বর, হলদিয়া প্রকল্প তৈরি করতে পারেননি। এরজন্য দেখলাম বিরোধীদলের নেতারা খুব খুশি তাদের আমি বলতে চাই, একথাটা অ্যাসেম্বলিতে না বলে বাইরে গিয়ে যুবক-যুবতীদের সামনে গিয়ে বলুন, দেখুন আপনাদের অবস্থাটা কি হয়। তারপর তারা বললেন যে এই সরকার পুলিশ খাতে বেশি অর্থ বরাদ্দ করেছেন। এই প্রসঙ্গে বিনীতভাবে তাদের বলতে চাই যে আপনাদের দলীয় নির্বাচন করতে গেলে যদি আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে বা মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রী মহাশয়কে পুলিশের ব্যবস্থা করতে হয় তাহলে কি করে বলছেন যে পুলিশ বাজেটে অর্থ বাড়ানোর প্রয়োজন নেই? এসব কথা কিন্তু ওরা বললেন না। আমরা জানি, বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে যে বিরোধীদলের নির্বাচন হবার পূর্ব মুহূর্তে একদিকে তাদের এক নেতা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে টেলিফোনে বলছেন যে আপনি পুলিশের ব্যবস্থা করুন, তা না হলে হয়ত আমি বাঁচতে পারব না, অন্য দিকে আর একজন নেতা বলছেন যে আপনি পুলিশের ব্যবস্থা করুন, তা না হলে আমরা নির্বাচন সঠিকভাবে করতে পারব না। তারপর যখন বহু লড়াই, আন্দোলন করে বিরোধীদলের নেতা বিধানসভায় বসলেন তখন আমরা আশা করেছিলাম যে তার বক্তৃতার মধ্যে দিয়ে আমাদের বাজেট ব্যয়বরাদ্দের দাবি সম্পর্কিত বক্তব্য আরও শক্তিশালী হবে কিন্তু দেখলাম, তা হল না, তিনি সেই পুরানো ভাঙ্গা রেকর্ডই একটার পর একটা বাজিয়ে যেতে লাগলেন। তিনি একবারও সারা ভারতবর্ষের অর্থনীতির পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট তৈরি করেছেন এবং পেশ করেছেন তার বিচার করলেন না। তিনি একবারও বললেন না যে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বাজেট পশ্চিমবঙ্গের সাধারণ খেটে খাওয়া মানুষের স্বার্থের বাজেট, গরিব মানুষ, বেকার যুবক যুবতীদের স্বার্থের পক্ষের বাজেট। অপর দিকে কেন্দ্রীয় সরকারের বাজেটে আমরা কি দেখলাম? এই তো রেলের বাজেট পেশ করা হয়েছে এবং তাতে যে ভাবে তারা ভাড়া বাড়িয়েছেন তাতে তো সমস্ত জিনিসপত্রেরই দাম বাড়বে। আমরা অবশ্য জানি যে ওদের মধ্যে যারা এখানে নির্বাচিত হয়ে এসেছেন তাদের সঙ্গে গ্রামের

সম্পর্ক খুবই কম এবং সেইজন্যই তারা গ্রামের সাধারণ মানুষের কথা বলেন না। রেলের বাজেটে ভাড়া এবং মাসুল বাড়লে, পেট্রোলের দাম বাড়লে সমস্ত জিনিসপত্রের যে দাম বাড়ে এটা বোঝার ক্ষমতা কেন্দ্রীয় সরকারেরও নেই, জয়নাল আবেদিন সাহেবেরও নেই। আজকে বাজেট প্রসঙ্গে আলোচনায় এসব কথা আসবে জেনেই তারা কক্ষ ত্যাগ করে চলে গেলেন। এর পর আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অন্য কয়েকটি কথা বলতে চাই। আপনি জানেন, বীরভূম জেলা একটা পিছিয়ে পড়া জেলা। এই বীরভূম জেলার মানুষ হিসাবে আমরা গর্বিত যে সেখানে বক্রেশ্বর তাপ বিদ্যুত কেন্দ্রের কাজ শুরু হয়েছে। কেন্দ্রীয় সরকারের দেউলিয়া অর্থনীতি সত্ত্বেও এবং কেন্দ্রীয় সরকারের শত বিরোধিতা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা বক্রেশ্বরের কাজ শুরু করতে পেরেছি। আমরা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বক্রেশ্বরের কাজ শুরু করতে পেরেছি এবং সঙ্গে সঙ্গে হলদিয়ার কাজও আমরা শুরু করতে পেরেছি। ওরা ব্যঙ্গ করেছেন পশ্চিমবাংলার মানুষের রক্ত, পচা রক্ত দিয়ে বক্রেশ্বর তৈরি করা যাবে না। আমরা জানি বক্রেশ্বর, হলদিয়া পশ্চিমবাংলার মানুষের চোখের মণি। এই বক্রেশ্বরের জন্য পশ্চিমবাংলার মানুষ, তারা হৃদপিন্ড পর্যন্ত দান করতে প্রস্তুত আছে। তাই এই বক্রেশ্বর সম্বন্ধে যেভাবে ব্যঙ্গ বিদ্রুপ বিরোধী পক্ষ করেছেন, আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, এই হলদিয়া এবং বক্রেশ্বর সম্পর্কে তীক্ষ্ণ দৃষ্টি রাখবেন, এটাই আমার অনুরোধ। সর্বশেষে যেটা বলতে চাই, সেটা হচ্ছে আজকের বাজেটের মূল গতিটা কোন্ দিকে—ওদের বলি, হাউসে দাঁড়িয়ে ওদের মুখে বলতে শুনেছি বেকার সমস্যা বাড়ছে, জ্যোতিবাবুর কাছে ওরা জবাব চাইছেন, এটা ওদের হাউসের বক্তব্য। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা বাইরে বিভিন্ন স্লোগানের মাধ্যমে প্রচার করছেন, পশ্চিমবঙ্গে বেকার কেন, জ্যোতিবাবু জবাব দাও। আমি বলতে চাই, পশ্চিমবঙ্গের বেকারদের জন্য বাইরে গিয়ে বুক ফাটাবেন, আর বিধানসভায় যখন পশ্চিমবাংলার বেকার যুবক যুবতীদের জন্য কিছু করার চেষ্টা করা হবে, তখন তার বিরোধিতা করবেন। তাই এই বাজেট বক্তব্যকে আমি অভিনন্দন জানাচ্ছি অর্থমন্ত্রীকে যে বেকার যুবক যুবতীদের কর্ম-সংস্থানের একটা পথ আপনি খুলে দিয়েছেন। আর কী করেছেন যে পশ্চিমবঙ্গের বেশির ভাগ জায়গা হচ্ছে কৃষি প্রধান এলাকা, সেই কৃষির স্বার্থে আমাদের অর্থমন্ত্রী যে ব্যয়বরাদ্দ দাবি করেছেন এবং কৃষির ক্ষেত্রে যে সুবিধা দিতে চাইছেন, তার জন্য অভিনন্দন জানাচ্ছি। তার উপর আমরা লক্ষ্য করছি যে বিভিন্ন জিনিসের উপর উনি কর ছাড় দিয়েছেন, যেমন কাগজের উপর উনি কর ছাড়া দিয়েছেন। আমাদের গ্রাম বাংলা থেকে শুরু করে শহরাঞ্চল পর্যন্ত যে সমস্ত ছোট ছোট শিল্পগুলো চলছে, সেইগুলোতে যে সমস্ত জিনিস তৈরি হয়, বেকার যুবকদের উৎসাহ দানের জন্য তিনি সেইগুলো থেকে করমুক্ত করেছেন। এত সব করার পর কংগ্রেসিদের আলোচনার বিষয়বস্তু আর কী থাকতে পারে এই বাজেটের উপর? যার জন্য উনারা বয়কট করে চলে যেতে বাধ্য হয়েছেন। আর একটা জিনিস, মাননীয় অর্থমন্ত্রী করেছেন, এই জন্য হয়তো বিরোধী পক্ষের নেতা এবং বিরোধী পক্ষের সদস্যদের গাত্রদাহ বেশি হয়েছে বলে মনে হয়েছে, দেশে তৈরি বিদেশি মদের দাম বেড়েছে। যারা এখানে গ্রামের কৃষক সমাজ, খেটে

খাওয়া মানুষ, রিক্সাওয়ালারা কি এই মদ খান? এই বিদেশি মদ যারা খান তাদের সেই জন্য গাত্রদাহ হয়েছে, যার জন্য বারবার করে গতকাল বিরোধী দলের নেতার মুখ থেকে শুনেছি

[1-30 – 1-40 p.m.]

কেন বিদেশি মদের দাম বাড়ানো হল, তার জবাব চান। তারা তাই এই বাজেটকে সমর্থন করছেন না, আমরা কিন্তু এই বাজেটকে সমর্থন করি এবং আমি অর্থমন্ত্রীকে বলতে চাই, সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় আমাদের সাক্ষরতার কর্মসূচি চলছে। তার জন্য বাজেটে টাকা ধরেছেন। আমি এই সম্পর্কে একটা কথা বলতে চাই, সাক্ষরতা কর্মসূচির সঙ্গে যুক্ত হতে গিয়ে যে কথাটা মানুষের কাছ থেকে শুনতে হচ্ছে, সেটা আপনার নজরে আনতে চাই। এটা মানুষের কথা যে, পড়ুয়াদের কাছে সব জায়গায় যত সংখ্যক বই, শ্লেইট পৌঁছে দেবার কথা তা আমরা এখনও পর্যন্ত দিতে পারিনি। কেরোসিন তেল সাফিসিয়েন্ট দেওয়ার কথা, তাও দিতে পারিনি। অন্য দিকে পড়ুয়াদের মুখ থেকেই এই কথা বেরিয়ে আসছে যে, আমাদের সরকারি অফিসার বন্ধুরা যেভাবে গাড়ির তেল ব্যবহার করছেন সেভাবে যদি তা ব্যয় না করেন, শিক্ষা কেন্দ্র দেখতে গিয়ে যে ভাবে তাঁরা তেল ব্যবহার করছেন অন্তত তাও যদি একটু কম করেন তাহলেও সরকারের কিছুটা খরচ কমে এবং সে অর্থ তাদের শিক্ষার জন্য ব্যয় করা যায়। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি এই বিষয়গুলো একটু বিবেচনা করতে অনুরোধ জানিয়ে তাঁর ব্যয় বরাদ্দের প্রস্তাবকে সমর্থন জানিয়ে এবং তাঁকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** মাননীয় সভাপতি মহোদয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী গত ১৮ই মার্চ '৯৩ তারিখে ১৯৯৩-৯৪ সালের জন্য ব্যয়-বরাদ্দের প্রস্তাব উত্থাপন করে এই সভায় যে বক্তব্য পেশ করেছেন তাকে আমি সর্বতোভাবে সমর্থন জানাচ্ছি এবং এই প্রসঙ্গে বিরোধীদের আনা কাটমোশনগুলোর বিরোধিতা করছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট প্রস্তাবের সূচনাতেই উল্লেখ করেছেন যে, জাতীয় পর্যায়ের একটা সঙ্কটময় মুহূর্তে তিনি এই বাজেট প্রস্তাব উত্থাপন করছেন। তিনি আরও বলেছেন যে, বিগত আর্থিক বছরে জাতীয় ক্ষেত্রে যে পরিমাণ বিদেশি ঋণ নেওয়া হয়েছে তার বেশিরভাগ টাকাই পূর্বতন বিদেশি ঋণ পরিশোধ করতে খরচ করা হয়েছে। স্বাধীনতার পর এই আমাদের দেশ বিদেশি ঋণের মৃত্যু ফাঁদে প্রবেশ করল। এ রকম পরিস্থিতিতে দাঁড়িয়ে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী রাজ্য বাজেট পেশ করেছেন। আমরা গতকাল এবং আজ আশা করেছিলাম যে, অর্থমন্ত্রীর বাজেট বক্তব্যকে কেন্দ্র করে বিরোধী পক্ষ থেকে সরকার পক্ষের সমালোচনা করা হবে এবং তাদের গঠনমূলক সমালোচনার মধ্যে দিয়ে নিশ্চিভাবে আমরা উপকৃত হব এবং এগিয়ে যেতে পারব। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম, আমাদের মূল বিরোধী পক্ষ কংগ্রেস(ই) দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন পুরনো দিনের ভাঙা রেকর্ড এখানে বাজালেন। এবং তাঁরা আজকে সভা কক্ষ ত্যাগ করে চলে গেলেন। জয়নাল আবেদিন সাহেব যে সব কথা বলে

গেলেন সে সব কথার প্রত্যুত্তর শোনার মতো মানসিকতাও তাঁর নেই। তাই তিনি পলায়ন মনোবৃত্তি গ্রহণ করে পালিয়ে গেলেন। বিরোধী দল হিসাবে তাঁদের যে দায়িত্ব, সে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁরা চূড়ান্ত ব্যর্থতার পরিচয় দিলেন। আমি তাঁদের এই ভূমিকার তীব্র নিন্দা করছি। অবশ্য তাঁরা চলে গেলেও তাঁদের ছোট সাঙ্গাতকে এখানে বসিয়ে গেছেন। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু বাজেটের ওপরে বক্তৃতা করতে গিয়ে দেখলেন যে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কিছু না বললে তাঁদের তথাকথিত বামপন্থী চরিত্র বজায় থাকবে না বলে কেন্দ্রীয় সরকারের কিছু সমালোচনা করলেন, কিন্তু তার সাথে সাথে বর্তমান পরিস্থিতির ওপর দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তার বিরুদ্ধেও চূড়ান্ত বিষোদগার করলেন।

কিন্তু আমাদের এই বামফ্রন্ট সরকারের আমলে গঠনমূলক দিকগুলির একটির কথাও তারা উল্লেখ করেননি। আজকে নিশ্চিৎভাবে ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে আমরা একটা অবস্থা সৃষ্টি করতে পেরেছি। আমরা কৃষিক্ষেত্রে অগ্রগতিকে ত্বরান্বিত করে তুলতে পেরেছি, অনিবার্য করে তুলতে পেরেছি। আজকে আমরা চাল উৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থানে, সেচের ক্ষেত্রে একটা অগ্রগতি এসেছে, আলু উৎপাদনের ক্ষেত্রেও আমরা আজকে দ্বিতীয় স্থানে। এই যে অগ্রগতি এটা নিশ্চিতভাবে হাওয়ায় হয়নি; এরজন্য সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে হয়েছে। ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে এই কাজগুলি অর্জিত হয়েছে। তিনি পশ্চিমবঙ্গে বিদেশি অর্থ নেবার কথা উল্লেখ করেছেন, কিন্তু সেক্ষেত্রে পার্থক্যের কথাটা বলেননি। আমরা দেখতে পাচ্ছি, বিদেশ থেকে কেন্দ্রীয় সরকার যে ঋণ নিচ্ছেন তারজন্য তাদের নির্দেশে আজকে পরিকল্পনা গ্রহণ করতে হচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে জোর দিয়ে বলতে পারি, যেখান থেকেই টাকা আসুক না কেন সেটা রাজ্যের পরিকল্পনা মতো খরচ করা হয়ে থাকে, রাজ্যে পরিকল্পনা অনুযায়ী রাজ্যের মানুষ সেটা খরচ করে থাকেন। এখানে কোনও শর্ত আমরা মেনে নেব না যে শর্ত অমর্যাদাকর দেশের সার্বভৌমত্ব এবং গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করতে পারে এইরকম কোনও শর্ত আমরা গ্রহণ করিনি।

দেবপ্রসাদবাবু একটু আগে যে বাড়িটা বিধ্বস্ত হয়েছে তার প্রসঙ্গ টেনে বলছিলেন যার সঙ্গে বাজেটের কোনও সম্পর্ক নেই। এটা ঠিক, নির্বাচন এলে নানা ধরনের প্রচেষ্টা হয়ে থাকে যাতে সেই নির্বাচন বন্ধ করে দেওয়া যায়। বিগত দিনে যে পঞ্চায়েত নির্বাচনগুলি হয়েছে তখনও এই প্রচেষ্টা কংগ্রেস পক্ষ থেকে বারে বারে করা হয়েছে। এবারেও তারা প্রচেষ্টা করছেন কি করে এই নির্বাচনকে বন্ধ করা যায়। আজকে সেই একই কণ্ঠস্বর শুনতে পাচ্ছি দেবপ্রসাদবাবুর বক্তৃতার মধ্যে দিয়ে, কারণ বাজেটের সঙ্গে যার কোনও সম্পর্ক নেই সেই প্রসঙ্গ টেনে তিনি বললেন যে, ঐ রশিদের সঙ্গে সি. পি. এম. দলের, গণতান্ত্রিক মহিলা সমিতির সম্পর্ক রয়েছে। আজকে তারা যখন দেখতে পাচ্ছেন, আগামী পঞ্চায়েত নির্বাচনে বামফ্রন্ট পুনরায় ক্ষমতায় আসছেন এবং সেই নির্বাচনে ৩৩ শতাংশ মহিলা নির্বাচিত হয়ে আসবেন, তখন তারা সি. পি. এম. এবং তাঁদের গণতান্ত্রিক মহিলা সমিতির গায়ে কালি

লাগাতে চাইছেন। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ এত বোকা নন। আজকে তাঁরা গ্রামের অর্থনীতির অবস্থাটা দেখছেন, ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে পঞ্চায়েতের মাধ্যমে কিভাবে উন্নয়নমূলক কাজ হচ্ছে সেটা তারা প্রত্যক্ষ করছেন এবং তারই পরিপ্রেক্ষিতে তারা আগামী পঞ্চায়েত

[1-40 – 1-50 p.m.]

নির্বাচন পরিচালনা করবেন। তাই আমি বিশেষভাবে বলব, বামফ্রন্ট সরকার আসার সময় থেকে যে অগ্রগতি এখানে হয়েছে সেটা বজায় রাখবার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দর দাবি পেশ করেছেন তাকে সর্বতোভাবে সমর্থন জানাতে হবে। কারণ আমাদের এই রাজ্যে ১৯৭৬-৭৭ সালে সর্ষের উৎপাদন যেখানে পার হেক্টর ১,১৫৫ কিলোগ্রাম ছিল, সেটা বেড়ে ১৯৯১-৯২ সালে ২,০৩৬ কিলোগ্রাম হয়েছে। এক্ষেত্রে সর্বভারতীয় উৎপাদন গড় হেক্টর প্রতি ১,৩৭৪ কিলোগ্রাম। অর্থাৎ সর্বভারতীয় উৎপাদন গড়ের নিরীখে পশ্চিমবঙ্গ অনেক উঁচুতে রয়েছে। কৃষিক্ষেত্রে এই উন্নতি এসেছে সিলিং বহির্ভূত জমি উদ্ধার এবং অপারেশন বর্গার মাধ্যমে ভূমিহীনদের মধ্যে জমি বন্টনের মাধ্যমে। এই সাফল্য এসেছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ এবং পঞ্চায়েতের মাধ্যমে সফল রূপায়ণে। আজকে উৎপাদন বৃদ্ধির ফলে গ্রামবাংলার সাধারণ মানুষের অবস্থার উন্নতি ঘটেছে। তার প্রতিফলন হচ্ছে ক্ষেতমজুরদের মজুরি বৃদ্ধি যা কংগ্রেস আমলে ১৯৭৬-৭৭ সালে ছিল ৫ টাকা ৬০ পয়সা, সেটা আমাদের সময়ে বর্তমানে দাঁড়িয়েছে গড়ে ২০ টাকা ৬২ পয়সা। শুধু খাদ্য উৎপাদন বৃদ্ধি নয়, খাদ্য শস্য গ্রহণের ক্ষেত্রেও পশ্চিমবঙ্গের স্থান দ্বিতীয় এবং হার বৃদ্ধির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম। মাছ উৎপাদনে আমাদের রাজ্য প্রথম। বনসৃজনের পশ্চিমবঙ্গ ক্ষেত্রে সেটা গ্রহণীয় হয়েছে। আজকে বিভিন্ন জায়গায় পঞ্চায়েতের মাধ্যমে জনগণকে নিয়ে বনসংরক্ষণ এবং বন-সৃজনের কাজে গুরুত্ব দেওয়া হয়েছে। আমরা দেখেছি প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও যেখানে সারা ভারতবর্ষের ক্ষেত্রে শিল্পের গতি নিম্নমুখী, যেখানে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, সেখানে আমাদের পশ্চিমবঙ্গে ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে নুতন নুতন ভাবে উৎসাহিত করা হচ্ছে। আমরা দেখেছি এই উন্নয়ন সূচিতে হয়েছে এবং তার প্রমাণ বিভিন্ন গঞ্জে গঞ্জে নুতন নুতন এলাকা তৈরি হয়েছে। আমরা দেখেছি যে এই গঞ্জগুলিতে সাধারণ মানুষ কেনা-বেচা করছে এবং সেটা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আজকে নিশ্চিতভাবে এটা বলা যায় যে আজকে গ্রামের মানুষের প্রত্যাশা ২ কিলো মাইলো বা ১ কিলো রেশনের গম নয়, আজকে গ্রামের মানুষের চাহিদা হচ্ছে গ্রামে বিদ্যুৎ চাই, স্কুল চাই, বাড়ি চাই, গ্রামে রাস্তা হওয়া দরকার। মানুষের এই প্রত্যাশার যে উন্নতি সেটা আমাদের বামফ্রন্টের সাফল্য এবং এই সাফল্যই আমাদের মূল লক্ষ্য আমরা নিশ্চিতভাবে মনে করি যে বিদ্যুতের ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। নুতন নুতন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ তরান্বিত হয়েছে। লোকদীপ প্রকল্পের মাধ্যমে দরিদ্র শ্রেণীর মানুষের ঘরে সুলভে আমরা আলো পৌঁছে দিতে পেরেছি। আজকে এগুলি গ্রামবাংলার মানুষ সকলেই জানে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে যে সিদ্ধার্থ গোঁজ পোতা হয়েছিল সেগুলি এখনও অনেক ক্ষেত্রে বহাল আছে

এবং তার ফলে আমাদের গ্রামাঞ্চলে বহু মৌজায় বৈদ্যুতিকরণের কাজ বাধাপ্রাপ্ত হচ্ছে। আমরা দেখেছি যে কংগ্রেসি আমলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ওরা টাকা নিয়ে সেগুলিকে নয়ছয় করেছে, কোনও কাজ করেনি। কাজেই বর্তমানে গ্রামগুলিতে যাতে বিদ্যুৎ পৌঁছায় সেটা চিন্তা করার জন্য অনুরোধ করছি। আমরা দেখেছি যে জাতীয় স্তরে যেখানে অবাধ আমদানি নীতির বাজার, অর্থনীতির মাধ্যমে, এই সিদ্ধান্ত নেওয়া প্রকৃত ক্ষমতা দেশি ও বিদেশি ধনী শ্রেণীর মানুষের হাতে তুলে দেবার চক্রান্ত হয়েছে, সেখানে আমাদের রাজ্যের এই বাজেটে গ্রামীন অর্থনীতিকে চাঙ্গা করার জন্য বিশেষ পদক্ষেপ নেওয়া হয়েছে। আজকে স্বনির্ভরতা ও কর্মসংস্থানের সঙ্গে সাধারণ মানুষকে যুক্ত করে, ক্ষমতায় বিকেন্দ্রীকরণ করে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে রাজ্য সরকার অর্থনৈতিক অগ্রগতিকে সুনিশ্চিত করেছে। তাই বিরোধিদের যে বক্তব্য তার বিরোধীতা করে, মাননীয় অর্থমন্ত্রীর ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ত্রিলোচনা দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৩-৯৪ সালের জন্য যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। আমি গতকাল বিধানসভার বিরোধীদলের মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব যে বক্তব্য রেখেছেন সেটা শুনলাম। আমি আশা করেছিলাম যে উনি বিরোধী দলের তরফ থেকে এই বাজেটের উপর একটা গঠনমূলক আলোচনা করবেন। সেইরকম কোনও আভাস ওনার বক্তব্যের মধ্যে পাইনি, বরং তিনি এই বাজেটকে ব্যাঙ্গ করেছেন। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সাধারণ মানুষের স্বার্থ রক্ষার বাজেট, সেইজন্য আমি আবার এই বাজেটকে সমর্থন করছি। বিরোধী পক্ষের সদস্যদের বক্তব্যের মধ্যে একটা সুর ধ্বনিত হয়েছে যে কেন ২৮ কোটি টাকা ঘাটতি দেখানো হয়েছে, কেন পরিকল্পনা ব্যয় দুটি স্তরে করা হয়েছে, একটা ১৫৫০ কোটি টাকা এবং দ্বিতীয় স্তরে ১২১৪ কোটি টাকা। একটা তিক্ত অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট পেশ করেছেন। স্যার, এই বাজেটের মধ্যে বামফ্রন্ট সরকারের জনস্বার্থবাহী প্রকল্প এবং স্বনির্ভর অর্থনীতির প্রতিফলন ঘটেছে এবং আরও বেশি ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে। সাধারণ মানুষের উপর করের বোঝা চাপানো হয়নি বলে মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। এই বাজেটের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী পরিষ্কারভাবে বলে দিয়েছেন যে কর্মসংস্থান বৃদ্ধি এবং সেচের প্রসার ঘটবে। আমাদের ভারতবর্ষ বিশেষ করে পশ্চিমবাংলা একটা কৃষিপ্রধান দেশ এবং অধিকাংশ মানুষ কৃষির উপর নির্ভরশীল। যেহেতু সম্পদ সৃষ্টি করার একমাত্র লক্ষ্য কৃষির উন্নতি সাধন করা তাই মাননীয় অর্থমন্ত্রী ক্ষুদ্র সেচ প্রকল্পের মাধ্যমে সেচের প্রসার ঘটানোর কথা বলেছেন। এর জন্য আমি ওনাকে অভিনন্দন জানাচ্ছি। কৃষির উন্নতির সঙ্গে সঙ্গে বিভিন্ন শিল্প কারখানা গড়ে উঠবে এবং বেকার সমস্যার সমাধান হবে। এই সেচের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী উল্লেখ করেছেন যে ১ লক্ষ হেক্টর জমি চাষের আওতায় আসবে। তিনি আরও বলেছেন ৮ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে। রাজ্যে নুতন নুতন শিল্প নুতন করে গোড়ে তোলার কথা বলেছেন

এবং কিছু কিছু ইউনিট রাজ্যে রয়েছে তাদের উৎসাহিত করা হবে। এই পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে সেশ্রু এবং অন্যান্য স্কীম যেগুলি চালু আছে, যে স্কীমগুলি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হয়, আমি ব্যক্তিগতভাবে যত দূর জানি এই স্কীমের জন্য যে টাকা স্যাংশন করা হয় সেই টাকা এন্টারপ্রিনিয়াররা পুরোটা পায় না। তাদের ব্যাঙ্ক থেকে কাট-ছাঁট করে দেওয়া হয়। সাবসিডির টাকাটা বাদ দিয়ে দেওয়া হয়। একটা স্কীম যদি সাকসেস ফুল করতে হয় তাহলে পুরো টাকাটা দেওয়া দরকার তা না হলে স্কীমটা মার খায়। কেন্দ্রীয় সরকার পরিচালিত ব্যাঙ্কগুলির অপকীর্তির জন্য ছোট ছোট শিল্পগুলি মার খাচ্ছে। পুরো স্কিমের টাকা যাতে ব্যাঙ্ক মারফত পাওয়া যায় সেটা দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। ক্ষুদ্র সেচ এবং পানীয় জলের জন্য ১২ কোটি টাকা স্যাংশন করা হয়েছে।

[1-50 – 1-56 p.m.]

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আরও উল্লেখ করেছেন যে পশ্চিমবঙ্গ সরকার আর্থিক সঙ্কটের কথা বিবেচনা করে ব্যয় সংকোচ করছেন। সরকারের ব্যয় সংকোচনের ফলে ৫০ কোটি টাকার মতো সাশ্রয় হবে। আমাদের দেশ কৃষি নির্ভরশীল, এখানে চাষীরা যাতে উৎসাহিত হন তারজন্য তিনি সারের উপরে বিক্রয় কর হ্রাস করেছেন। ভারতবর্ষ স্বাধীনতা লাভ করার পর সর্বপ্রধান প্রতিশ্রুতি ছিল যে সুষ্ঠু শিক্ষা, স্বাস্থ্য ও আবাসনের ব্যবস্থা করা হবে। আজও আমাদের সারা পৃথিবীর কাছে মাথা হেঁট হয়ে যায়, দু-হাজার সালে সারা পৃথিবীতে যে পরিমাণ নিরক্ষর মানুষ দাঁড়াবে তার অর্দ্ধেক এই ভারতবর্ষে। আজকে আনন্দের কথা, আমাদের এখানে সার্বিক সাক্ষরতার কর্মসূচি চালু হয়েছে এবং ইতিমধ্যে চারটি জেলা সাক্ষর জেলা হিসাবে স্বীকৃতি লাভ করেছে। মাননীয় অর্থমন্ত্রী কাগজের উপরে যে ছাড় দিয়েছেন তারজন্য তাঁকে অভিনন্দন জানাই। রেফ্রিজারেটর, ওয়াশিং মেশিন মার্বেল পাথর ইত্যাদির উপরে কর বসিয়েছেন। কেন্দ্রীয় সরকার এই সমস্ত বিলাসজাত সামগ্রীর উপরে কর ছাড় দিয়েছিলেন, আমাদের অর্থমন্ত্রী এই সমস্ত জিনিসের উপরে কর বসিয়েছেন। এখানে বিরোধীপক্ষের সদস্যরা নেই, এর একটিমাত্র কারণ হল, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি যেভাবে বঞ্চনা করছেন, যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন এবং উন্নয়নে যে ব্যাঘাত তার জবাব তাঁদের দিতে হবে। এর জবাব তাঁরা কি দেবেন? আজকে আই. এম. এফ.'এর শর্ত অনুযায়ী কাজ করার ফলে রাজ্যের উপরে যে আঘাত আসছে, ১৯৯১-৯২ সালে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পে ২১৫ কোটি টাকা দেবেন বলে লিখিত প্রতিশ্রুতি দিয়েও একটি টাকা দেননি। মিউচ্যুয়াল ফান্ডের আকর্ষণ বাড়াবার ফলে রাজ্য সরকারের ক্ষেত্রে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে ৪১৩ কোটি টাকা কম আয় হয়েছে। ওভারড্রাফ্‌ট হিসাবে ৫৬ কোটি টাকা পর্যন্ত রাজ্য সরকার অগ্রিম পেতে পারতেন, বর্তমানে তা আর পাওয়া যায় না, এইভাবে একের পর এক প্রতিবন্ধকতা তাঁরা সৃষ্টি করে চলেছেন। খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা সর্বকালীন রেকর্ড করেছে। সারা দেশে যেখানে খাদ্যশস্য উৎপাদন হ্রাস পেয়েছে, পশ্চিমবঙ্গে সেখানে উৎপাদন

উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ১৯৯১-৯২ সালে এই রাজ্যে খাদ্যশস্যের উৎপাদন ১৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এই সময়ে সারা দেশে ৫.২ শতাংশ উৎপাদন হ্রাস পেয়েছে। সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ চাল উৎপাদনে প্রথম স্থান লাভ করেছে। ১৯৯১-৯২ সালে ১৩৯-৫৪ লক্ষ টন চাল উৎপাদন হয়েছে যেটা সর্বকালীন একটা রেকর্ড। এই সময়ে আলু উৎপাদন হয়েছে ৪৯.৪৩ লক্ষ টন, এটা একটা রেকর্ড। ১৯৯১-৯২ সালে ৭.৬ শতাংশ বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ঐ সময়ে ৪৩৬টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। দ্রব্য মূল্য বৃদ্ধি অন্যান্য রাজ্যের তুলনায় এখানে কম হয়েছে। ঐ সময়ে কলকাতায় যেখানে বৃদ্ধি পেয়েছে ৬ শতাংশ, সেখানে বোম্বেতে বৃদ্ধি পেয়েছে ১০.৬ শতাংশ, দিল্লিতে ১৪.১ শতাংশ এবং মাদ্রাজে ১৫.৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ভূমি সংস্কারের মাধ্যমে ২০ লক্ষের বেশি মানুষকে জমি বিলি করা হয়েছে ১৯৯২ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত সময়ের মধ্যে। ১২.৬৯ লক্ষ একর শিলিং বহির্ভূত জমি উদ্ধার করা হয়েছে। তারমধ্যে ৯.৩৯ লক্ষ একর জমি ২০.৪৮ লক্ষ্য মানুষের মধ্যে বিলি করা হয়েছে। যার মধ্যে ৫৮ শতাংশ হচ্ছে তফসিল জাতি ও উপজাতিভুক্ত লোক। ১৯৯১-৯২ সালে ১৪.৩৯ কতলক্ষ বর্গাদারের নাম লিপিবদ্ধ করা হয়েছে। ২.৯ লক্ষ মানুষকে বাস্তু জমি বিলি করা হয়েছে। আমি এই প্রসঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এখানে তুঁত চাষ একটি অর্থকরী ফসল। অধিকাংশ মানুষ অল্প জমি চাষ করে একজন চাষী খুব লাভবান হয়েছে এটা দেখা যায়। ততদুঃখের বিষয়, যারা চাষী তাদের ভাল বীজের সমস্যা রয়েছে। তাঁরা যে বীজ পান তা ভাল জাতের না হওয়ার ফলে অনেক চাষী ক্ষতিগ্রস্ত হন।

আজকে মানুষ এর ফলে সর্বশান্ত হয়ে পড়েছে এবং রেশম চাষের একটা বিরাট ক্ষতি হয়ে যাচ্ছে, তারা ঠিকমতো বাজার দর পাচ্ছে না। সুতরাং আপনাদের অনুরোধ করছি রেশম চাষের দিকে বিশেষ ভাবে লক্ষ্য রাখুন। এইকথা বলে এই বাজেট বরাদ্দকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

The House was then adjourned at 1.56 p.m. till 11 a.m. on Monday, the 22nd March 1993 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

**Vol: 101 No-I (Hundred and first Session) (February to April, 1993)**

(The 25th, 26th February, 1st, 2nd, 3rd, 4th, 5th, 11th 12th, 15th, 16th, 17th, 18th, 19th & 20th March, 1993)

**All Party Delegation** PP-849-851

**Bill**

The West Bengal Inland Fisheries (Amendment) Bill, 1992 PP-510-514, PP-489-506

The West Bengal Commission for Backward Classes Bill, 1993 PP-553-588

The West Bengal Building (Regulation of Promotion of Construction & Transfer by Prombters) Bill, 1972 PP-640-686

The Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets) BIll, 1993 PP-734-755

The West Bengal Town & Country (Planning & Development) (Amendment) BIll, 1992 PP-755-781

The North Bengal University (Amendment) Bill, 1992 PP-820-832

The West Bengal College Service Commission (Amendment) Bill, 1992 PP-832-868

The West Bengal Marine Fishing Regulation Bill PP-468-489

**Discussion on the West Bengal College Service Commission (Amendment) BIll, 1992**

by—Shri Bidyut Das PP-860-867, PP-852-854

by—Shri Debesh Das PP-841-843

by—Sri Md. Yaqub PP-846-848

by—Shri Mustafa Bin Quasem PP-855-859

by—Shri Sakti Prasad Bal PP-854-855

by—Shri Sanjib Kumar Das PP-848-851

by—Shri Satya Sadhan Chakraborty PP-860-867, PP-832-833

by—Shri Saugata Roy PP-833-841

by—Shri Subhas Goswami PP-851-852

by—Shri Subrata Mukherjee P-859, PP-843-846

**Discussion on the Ganges Printing Ink Factory Limited (Acquisition and Transfer of Assets) BIll, 1993**

by—Shri Ambica Banerjee PP-744-748

by—Shri Dipak Mukherjee PP-749-752

by—Shri Kamakshya Charan Ghose P-752

by—Shri Manohar Tirkey PP-748-749

by—Shri Padmanidhi Dhar PP-742-744

by—Shri Prabir Sengupta PP-752-755, PP-737-738

by—Shri Satya Ranjan Bapuli PP-734-735

by—Shri Subrata Mukherjee PP-738-741

**Discussion on the North Bengal University (Amendment) Bill, 1992**

by—Shri Atish Chandra Sinha PP-820-824

by—Shri Birendra Kumar Moitra PP-825-827

by—Smt. Minati Ghose PP-824-825

by—Shri Nirmal Das PP-827-829

by—Shri Satya Sadhan Chakraborty PP-829-832, P-820

**Discussion on the West Bengal Town & Country (Planning & Development) (Amendment) Bill, 1992**

by—Shri Buddhadeb Bhattacharjee PP-776-780, PP-755-757

by—Shri Md. Yaqub P-770

by—Shri Narayan Mukherjee P-776

by—Shri Salib Toppo P-772

by—Shri Sailaja Kumar Das PP-770-772

by—Shri Saugata Roy PP-757-764

by—Shri Shyama Prasad Basu PP-766-767

by—Shri Sobhandeb Chattopadhyay PP-767-770

by—Shri Sudip Bandyopadhyay PP-773-776

**Discussion on the West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by Promoters) Bill, 1972 as reported by the Select Committee**

by—Shri Goutam Deb P-685, PP-685-686, PP-673-678, P-640, P-680

by—Shri Jatu Lahiri PP-651-653

by—Shri Kamakshya Charan Ghose PP-659-660

by—Shri Lagandeo Singh PP-661-663

by—Shri Madanmohan Nath PP-658-659

by—Shri Manabendra Mukherjee PP-663-666

by—Shri Md. Yaqub PP-653-654

by—Shri Nirmal Das PP-655-656

by—Shri Nirmal Mukherjee PP-647-651

by—Shri Prabodh Purkait PP-660-661

by—Shri Satyaranjan Bapuli P-686

by—Shri Saugata Roy PP-679-680, P-684, PP-666-673

by—Shri Sobhandeb Chattopadhyay PP-656-658

by—Shri Sudip Bandyopadhyay PP-641-647

**Discussion on the West Bengal Commission for Backward Classes Bill, 1993**

by—Shri Bhakti Bhusan Mondal PP-577-579

by—Shri Dinesh Chandra Dakua PP-585-587, PP-558-559, PP-567-568

by—Shri Krishna Chandra Halder P-561

by—Shri Manik Bhowmick PP-575-577

by—Shri Naren Hansda PP-559-560

by—Shri Nani Kar PP-572-575

by—Shri Prabodh Chandra Purkait PP-579-580

by—Shri Rabindranath Mondal P-560

by—Shri Saugata Roy PP-553-556, PP-581-585

by—Shri Saugata Roy PP-581-585

by—Shri Subhas Goswami PP-580-581

by—Shri Subrata Mukherjee PP-560-561, PP-556-558

by—Dr. Zainal Abedin PP-568-572, PP-561-562

**Discussion on the West Bengal Marine Fishing Regulation Bill, 1992**

by—Shri Abdul Mannan PP-468-469

by—Shri Deba Prasad Sarkar PP-473-475

by—Shri Janmejoy Ojha PP-480-481

by—Shri Kiranmoy Nanda P-468, P-469, PP-482-488

by—Shri Mrinal Kanti Roy PP-472-473

by—Shri Sailendranath Mondal PP-475-476

by—Shri Saugata Roy PP-476-479

by—Shri Subhas Goswami PP-479-480

by—Shri Subrata Mukherjee PP-469-472

by—Shri Sunirmal Paik PP-481-482

**Discussion on the West Bengal Inland Fisheries (Amendment) Bill, 1992**

by—Shri Abdul Mannan PP-490-492

by—Shri Biren Ghose PP-492-493

by—Shri Birendra Kumar Moitra PP-499-500

by—Shri Dhirendranath Mondal PP-501-502

by—Shri Kiranmoy Nanda PP-489-490, PP-503-506

by—Shri Prabodh Chandra Purkait PP-500-501

by—Shri Sakti Prasad Bal PP-502-503

by—Shri Saugata Roy PP-493-499

**Discussion on Governor's Address**

by—Shri Abdul Karim Chowdhury PP-210-212

by—Shri Abdul Mannan PP-67-70

by—Shri Abdus Salam Munshi PP-152-153

by—Shri Ajoy Dey PP-205-207

by—Shri Ambica Banerjee PP-260-263

by—Shri Anil Mudi PP-271-272

by—Shri Anuradha Putatunda PP-88-90

by—Shri Atish Chandra Sinha PP-182-191

by—Shri Bhupendranath Seth PP-141-144

by—Smt. Bilasibala Sahis PP-223-225

by—Shri Birendra Kumar Moitra PP-70-73

by—Shri Deba Prasad Sarkar PP-134-137

by—Shri Fazle Azim Mollah PP-80-82

by—Dr. Hoimi Basu PP-263-264

by—Shri Id. Mohammed PP-207-210

by—Shri Jahangir Karim PP-144-146

by—Shri Jatu Lahiri PP-86-88

by—Shri Jogesh Chandra Barman PP-82-83

by—Shri Jyoti Basu PP-280-289

by—Shri Kamakshya Charan Ghose PP-84-86

by—Dr. Manas Bhunia PP-277-280

by—Shri Manik Bhowmick PP-273-275

by—Smt. Mayarani Pal PP-215-216

by—Shri Md. Ansaruddin PP-212-215

by—Shri Md. Yaqub PP-264-266

by—Shri Mukul Bikash Maity PP-216-217

by—Shri Mumtaz Hassan PP-150-152

by—Shri Mustafa Bin Quasem PP-122-128

by—Shri Nani Kar PP-289-291

by—Shri Naren Hansda PP-222-223

by—Shri Nirmal Das PP-137-141

by—Shri Partha Dey PP-59-67

by—Shri Prabhat Acharya PP-217-219

by—Shri Prabir Banerjee PP-197-200

by—Shri Prabodh Chandra Purkait PP-272-273

by—Shri Rabin Deb PP-191-197

by—Smt. Rubi Nur PP-219-220

by—Shri Sabitri Mitra PP-266-268

by—Shri Sadhan Pande PP-73-80

by—Shri Sailaja Kumar Das PP-83-84

by—Shri Sailendra Nath Mondal PP-201-205

by—Shri Sakti Prasad Bal PP-147-150

by—Shri Samar Baora PP-255-260

by—Shri Sandhya Chatterjee PP-275-277

by—Shri Sanjib Das PP-270-271

by—Smt. Santi Chatterjee PP-160-161

by—Shri Sattik Kumar Roy PP-133-134

by—Shri Saugata Roy PP-115-122

by—Shri Shish Mohammed PP-268-270

by—Shri Sibdas Mukherjee PP-158-160

by—Shri Sobhandeb Chattopadhyay PP-146-147

by—Shri Subrata Mukherjee PP-249-255

by—Shri Sudip Bandyopadhyay PP-128-133

by—Shri Sukumar Das PP-156-158

by—Shri Sunirmal Paik PP-220-222

by—Shri Toub Ali PP-153-155

by—Shri Trilochan Das P-91

by—Dr. Zainal Abedin PP-44-59

**Discussion on Resolution Under Rule-169 regarding the recent series of explosions in Bombay Causing heavy loss of lives & extensive damage to property**

by—Shri Abdul Mannan PP-633-634

by—Shri Benoy Krishna Chowdhury PP-639-640, PP-621-622

by—Kamakshya Charan Ghose PP-632-633

by—Shri Kiranmoy Nanda PP-634-635

by—Shri Kshiti Goswami PP-631-632

by—Shri Krishna Chandra Halder PP-627-628

by—Shri Lakshmi Dey PP-637-638

by—Dr. Manas Bhunia PP-625-626

by—Shri Naren Hansda PP-638-639

by—Shri Prabodh Purkait P-632

by—Shri Prabodh Chandra Sinha PP-636-637

by—Shri Rabin Deb PP-624-625

by—Smt. Santi Chatterjee P-638

by—Shri Sadhan Pande PP-628-629

by—Shri Saugata Roy PP-629-631

by—Shri Sudip Bandyopadhyay PP-635-636

by—Dr. Zainal Abedin PP-622-624

**Discussion on Motion Under Rule-185 regarding proposal for closing down the Fertilizer promotion and Agricultural Research Division Units by the Management of H.F.C.L. Authority**

by—Smt. Arati Dasgupta PP-988-990

by—Shri Bidyut Kumar Ganguly PP-993-996

by—Dr. Manas Bhunia PP-987-988, PP-999-1001

by—Shri Nirmal Das PP-991-992

by—Shri Prabodh Purkait PP-992-993

by—Shri Sailendra Nath Mondal PP-990-991

by—Shri Subrata Mukherjee PP-996-998

**Discussion on Motion Under Rule-185 Regarding the Non-implementation of the proposal for forming family courts by the State Government**

by—Smt. Chhaya Bera PP-524-527

by—Smt. Kumkum Chakraborty P-518, PP-527-529

by—Dr. Manas Bhunia PP-521-523

by—Shri Saugata Roy PP-529-530

by—Shri Shish Mohammed PP-520-521

by—Shri Subrata Mukherjee PP-518-520

by—Smt. Tania Chakraborty PP-523-524

**Discussion on Motion Under Rule-185**

**Regarding the necessary Steps to be taken by the State Government & police to ensure free & impartial polling in West Bengal**

by—Shri Abu Ayes Mondal PP-532-533

by—Shri Bhupendra Nath Seth PP-540-541

by—Dr. Manas Bhunia PP-545-546

by—Smt. Nandarani Dal PP-539-540

by—Shri Sailendranath Mondal PP-536-538

by—Shri Saugata Roy PP-530-532

by—Shri Subrata Mukherjee PP-534-536

by—Shri Sudip Bandyopadhyay PP-538-539

by—Dr. Suryakanta Mishra PP-542-545

**Motion Under Rule-185**

**Regarding the Spreading of drug addiction & ill-effect of blue films among the people in cities, towns & villages**

by—Shri Abdul Mannan PP-413-415

by—Shri Bidyut Kumar Ganguly PP-417-419

by—Shri Deba Prasad Sarkar PP-419-423, PP-412-413

by—Shri Dipak Mukherjee PP-415-416

by—Shri Subhas Goswami PP-416-417

**Motion Under Rule 185**

**Regarding price hike of Sugar & Coal as proposed by the Central Government.**

by—Shri Birendra Kumar Moitra PP-405-406

by—Shri Deba Prasad Sarkar P-406

by—Shri Lakshman Chandra Seth PP-411-412, P-397

by—Shri Manabendra Mukherjee PP-401-403

by—Shri Satyasadhan Chakraborty PP-407-411

by—Shri Saugata Roy PP-397-401

by—Shri Sobhandeb Chattopadhyay PP-403-405

by—Shri Tapan Hore P-407

**Motion Under Rule 185**

**Regarding the disgrace faced by the State in Development due to wrong Economic Policy of the State Government.**

by—Shri Amiya Kumar Patra PP-386-387

by—Shri Bansagopal Chowdhury PP-392-394

by—Dr. Manas Bhunia PP-394-397, PP-385-386

by—Shri Nirmal Das PP-390-392

by—Shri Sudip Bandyopadhyay PP-388-390

**Motion Under Rule 185**

**Regarding Sufferings of Common people due to hike in Train Fares & Freight according to the proposed Railway Budget.**

by—Shri Abdul Mannan PP-373-376

by—Shri Anil Mukherjee PP-379-381

by—Shri Lakshmi Kanta Dey PP-376-378

by—Shri Prabodh Chandra Sinha PP-381-383

by—Shri Sailaja Kumar Das PP-378-379

by—Shri Subrata Mukherjee P-373, PP-383-385

**General Discussion on Budget**

by—Shri Abul Basar PP-975-976

by—Shri Anandagopal Das PP-1025-1029

by—Shri Birendra Kr. Moitra PP-969-972

by—Shri Biswanath Mitra PP-1007-1011

by—Shri Deba Prasad Sarkar PP-1019-1025

by—Shri Dwijendra Nath Roy PP-978-979

by—Smt. Jayasree Mitra PP-1029-1032

by—Shri Nirmal Das PP-972-975

by—Shri Sailendranath Mondal PP-1011-1015

by—Shri Saktiprasad Bal PP-976-978

by—Shri Shish Mohammed PP-1015-1019

by—Shri Trilochan Das PP-1032-1034

by—Dr. Zainal Abedin PP-948-963

**Governor's Address**

PP-1-13

**Laying of Reports**

Seventeenth Annual Reports of the West Bengal Essential Commodities Supply Corporation Limited for the year 1990-91 P-29

33rd Annual Report and Audited Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1988-89 P-715

32nd Annual Report & Audited Accounts of the West Bengal State Warehousing Corporation for the year 1989-90 P-714

Annual Report of the West Bengal Surface Transport Corporation Ltd. for the years 1989-90 & 1990-91 P-372

Audit Report of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 1986-87 P-373

Annual Report for the year 1991-92 & the Budget Estimate for the year 1992-93 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation P-29

Report of the Education Commission headed by Dr. Ashok Mitra P-29

**Laying of Rules**

The Amendment to the West Bengal Panchayat (Election) Rules, 1974 P-27

The West Bengal Land Reforms Tribunal (Qualifications, Appointment and Allowances of, ad Performance of functions & Discharge of Duties by Assessors and Surveyors) Rules, 1992 P-28

The West Bengal Land Reforms Tribunal (Investigation of Misbehavionr, Incapacity of the Chairman, the Judicial Members, the Administrative Member, the Member and the Technical Member) Rules, 1992 P-29

The West Bengal Regional Land Reforms Tribunal (Salaries Allowances & other conditions of service of Members and Technical Members) Rules, 1992 P-28

West Bengal Land Reforms Tribunal Rules, 1992 P-28

The West Bengal Special Land Reforms Tribunal (Salaries, Allowances & other conditions of service of the Chairman and Judicial Members and Administrative Members) Rules 1992 P-28

The West Bengal Land Reforms Tribunal (Financial and Administrative

Powers) Rules, 1992 P-28

**Laying of Ordinance**

The West Bengal Taxation Laws (Amendment) Ordinance, 1993 P-230

**Laying of Report and Account**

Annual Report & Audit Report of the Damodar Valley Corporation for the year 1990-91 P-455

67th Annual Report & Accounts for the years 1988-89 of the Westing House Saxby Farmer Ltd. P-372

30th Annual Report & Accounts for the year 1990-91 of the Electro-Medical & Allied Industries Ltd. P-372

31st Annual Report and Audited Accounts of the Kalyani Spinings Milk Limited for the year 1990-91 P-714

**Mention Cases**

PP-455-465

PP-236-246, PP-230-234

PP-29-44

PP-94-113

PP-165-178

PP-716-734

PP--931-944

**Motion of Thanks**

P-14

**Obituary Reference**

of—Dr. Bhupen Bijali P-687

of—Shri Bindeshwari Dubey P-20

of—Shri Biren Roy PP-17-18

of—Shri Biswaratan Ganguly PP-19-20

of—Shri Dhananjoy Bhattacharya P-21

of—Shri Ganesh Ghosh PP-15-17

of—Shri Hansadhraj Dhara P-18

of—Dr. Jogesh Chandra Chowdhury P-22

of—Shri Kamal Amrohi PP-23-24

of—Dr. Kanailal Sarkar P-515

of—Shri Rebati Raman Manna PP-18-19

of—Justice Samarendra Chandra Deb PP-20-21

of—Shri Sanjib Dutta PP-227-228

of—Shri Satinath Mukhopadhyay PP-21-22

of—Shri Sukumar Gupta PP-22-23

of—Dr. Tarak Nath Chakraborty P-227

**Panel of Chairman** PP-765-766

**Plan for An All Party Delegation** PP-1002

**Point of Infermation regarding Bomb Explosion At Bowbazar Street**

PP-809-811, PP-795-793

**Point of Order**

PP-550-553

PP-361-369

PP-1002-1004

PP-868-870

P-425

PP-235-236

**Presentation of Report & Accounts**

Presentation of the Third and Fourth Reports of the Subject Committee on Public works 1991-93 P-372

Presentation of Annual Financial Statement for 1993-94 PP-871-908

32nd Report of the Business Advisory Committee PP-291-292

Thirty-first Report of the Business Advisory Committee PP-25-26

33rd Report of the Business Advisory Committee PP-506-508

The 34th Report of the Business Advisory Committee PP-764-765

**Question**

Additional Land for Tea Plantation

by—Shri Sobhandeb Chattopadhyay & Shri Saugata Roy P-610

Alleged III Treatment in Jail Custody

by—Shri Saugata Roy and Shri Sibdas Mukherjee P-706

Atrocities on Women

by—Shri Nasiruddin Khan and Shri Saugata Roy PP-451-452

Availability of financial assistance of Sick Scale Industrial Units from the National Equity fund

by—Shri Sobhandeb Chattopadhyay & Shri Saugata Roy PP-805-806

Expenditure on Relief during recent communal Disturbances in Calcutta

by—Shri Nasiruddin Khan & Shri Saugata Roy PP-707-708

Export Economic Zone

by—Shri Deokinandan Poddar P-451

Falta Export Processing Zone

by—Shri Nasiruddin Khan & Shri Saugata Roy PP-442-443

Financial assistance from Power Finance Corporation

by—Shri Sibdas Mukherjee and Shri Saugata Roy P-612

Firing by police

by—Shri Gyan Singh Sohanpal P-452-453

Gas Turbines

by—Shri Saugata Roy P-611

German assistance for Bakreswar Project

by—Shri Deoki Nandan Poddar P-609

Modernisation of Jute & Mills

by—Shri Deoki Nandan Poddar PP-443-444

Navodaya

by—Dr. Tarun Adhikari & Shri Saugata Roy PP-603-606

Percentage of Gross Irrigated area & Gross Cropped area

by—Shri Sibdas Mukherjee and Shri Saugata Roy PP-809-810

Proposal to Curba the Power of police to seize trucks etc on Highways

by—Shri Sibdas Mukherjee PP-711-712

Rabindra Sarani

by—Shri Deoki Nandan Poddar PP-695-697

Rape Cases

by—Shri Gyan Singh Sohanpal PP-448-449

Recommendations of the Education Commission on Re-Employment of College & University Teachers.

by—Shri Saugata Roy P-799

Re-finance Schemes far Rehabititation of viable Sick Small Scale units in West Bengal

by—Shri Deoki Nandan Poddar & Shri Saugata Roy P-808

Rehabilitation for the people of affected Houses during communal Disturbances

by—Shri Sibdas Mukherjee PP-709-710

Setting up of Navodaya Vidyalayas

by—Shri Saugata Roy P-813

Sick Small Scale Industrial Units in West Bengal

by—Shri Sailaja Kumar Das & Shri Saugata Roy PP-801-802

Terrorists from States

by—Shri Sibdaş Mukherjee & Shri Saugata Roy PP-446-448

অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন-এর জন্য দরখাস্তের সংখ্যা

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-809

অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন

—শ্রী তপন হোড় P-709

অঙ্গনওয়াড়ি সেন্টার

—শ্রীমতী সাবিত্রী মিত্র P-710

আই আর ডি পি খাতে বরাদ্দ

—শ্রী আব্দুল মান্নান P-451

আই এ এস, আই পি এস, ডব্লু বি সি এস ও ডব্লু বি পি এস-এ নিযুক্তি

—শ্রী সুকুমার দাস P-445

আগামী দিনে অতিরিক্ত বিদ্যুৎ

—শ্রী সুব্রত মুখার্জি P-614

আসানসোল মহকুমাকে জেলায় রূপান্তর

—শ্রী মানিকলাল আচার্য P-444

কম মূল্যে ধান বিক্রি

—শ্রী PP-693-695

কলকাতা বিশ্ববিদ্যালয়ের আর্থিক সঙ্কট

—ডাঃ মানস ভুঁইয়া PP-812-813

কলকাতায় দাঙ্গা

—শ্রী নটবর বাগদি, শ্রী প্রবীর ব্যানার্জি ও শ্রী আবু আয়েস মন্ডল PP-441-442

কলাইবেড়্যাতে প্রস্তাবিত আই টি আই কেন্দ্র

—শ্রী অমিয় পাত্র PP-921-922

কলেজ শিক্ষকদের বকেয়া টাকা

—শ্রী তপন হোড় PP-813-814

কলেজে অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষা

—শ্রী আবু আয়েশ মন্ডল P-804

কংসাবতী সেচ প্রকল্পে সেচ কর আদায়ের পরিমাণ

—শ্রী অমিয় পাত্র P-812

ক্যালকাটা ইলেকট্রিক ডিভিসনে অস্থায়ী কর্মচারী

—ডাঃ মোতাহার হোসেন PP-922-924

কেলেঘাই-কপালেশ্বরী নদীর বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনা

—ডাঃ মানস ভুঁইয়া PP-804-805

কোনায় ট্রাক টার্মিনাস

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-712

গঙ্গা নদীর অবস্থানের সার্ভের কাজ

—শ্রী সুব্রত মুখার্জি P-811

গ্রামাঞ্চলে রেশন মারফৎ মাথাপিছু চিনি ও কেরোসিন বরাদ্দের পরিমাণ

—শ্রী খারা সোরেন PP-916-919

গ্রামীণ জলসরবাহ প্রকল্প

—শ্রী আব্দুল মান্নান PP-453-454

গ্রামীণ বৈদ্যুতিকরণ

—শ্রী সুশান্ত ঘোষ P-615

ক্ষুদ্র ও কুটির শিল্পে উৎসাহ দান প্রকল্প

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-800-801

চাঁপদানিতে সংঘর্ষ।

—ডাঃ মানস ভুঁইয়া PP-450-451

জওহর রোজগার যোজনা

—শ্রী আব্দুল মান্নান PP-440-442

ট্রাম রুট বিলোপের সিদ্ধান্ত

—শ্রী আব্দুল মান্নান P-708

ডঃ অশোক মিত্র কমিশনের সুপারিশগুলির রূপায়ণ

—শ্রী অমিয় পাত্র PP-797-798

ডিগ্রি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক কোর্স তুলে দেওয়ার প্রস্তাব

—শ্রী তপন হোড় P-805

তিস্তা প্রকল্পে কেন্দ্রীয় সাহায্য

—শ্রী আবু হেনা PP-793-797

তিস্তা প্রকল্পের অষ্টম পরিকল্পনায় যোজনা কমিশনের বরাদ্দ

—শ্রী দেবপ্রসাদ সরকার P-814

দক্ষিণ দিনাজপুর জেলার তপন দিঘির সংস্কার ও উন্নয়ন

—শ্রী খারা সোরেন PP-614-615

দক্ষিণ দিনাজপুর জেলায় হিমঘর

—শ্রী খারা সোরেন P-711

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশনের নিয়োগ

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-704-705

দামোদর সিমেন্ট কারখানা

—শ্রী নটবর বাগদি P-449

নিকো পার্কে যৌথ উদ্যোগ,

—শ্রী আব্দুল মান্নান PP-919-921

পরিবহন পরিকাঠামো

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-706-707

পারিবারিক আদালত

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-598-599

পুরুলিয়া জেলায় আনন্দমার্গিদের ক্রিয়া কলাপ

—শ্রী অমিয় পাত্র P-443

পুরুলিয়া জেলায় সেচ প্রকল্পের সংখ্যা

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-806-808

পুরুলিয়ায় চা শিল্প

—শ্রী তপন হোড় PP-439-440

প্রমোটার কর্তৃক প্রতারণার অভিযোগ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-445-446

বন্ধ শিল্প সংস্থার সংখ্যা

—শ্রী সুকুমার দাস PP-912-916

বন্যায় ত্রাণ

—শ্রী নটবর বাগদি P-704

বন্যায় ক্ষতি

—শ্রী নিশিকান্ত মেহতা PP-705-706

বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের শ্রমিক কর্মচারিদের দান

—শ্রী আব্দুল মান্নান PP-595-598

ব্রডকাস্টিং কাউন্সিল অব ইন্ডিয়ার নিয়মবিধি
—শ্রী আবু আয়েস মন্ডল P-708
ব্যান্ডেল ও সাঁওতালডিহি বিদ্যুৎ কেন্দ্রের নবীকরণ
—শ্রী ব্রজগোপাল নিয়োগী PP-615-616
বি.আই.এফ.আর-এর বিবেচনাধীন শিল্প সংস্থা
—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-601-603
বিদ্যুৎ চুরি
—ডাঃ দীপক চন্দ PP-616-617
বিদ্যুৎ পর্ষদের নিকট কোল ইন্ডিয়ার প্রাপ্য
—শ্রী প্রবীর ব্যানার্জি P-608
বিশ্বব্যাঙ্কের সাহায্য ফিশারি ও হ্যাচারিতে
—শ্রী সুভাষ নস্কর PP-613-614
মহাকরণে কেন্দ্রীয় মন্ত্রী নিগ্রহ
—ডাঃ মানস ভুঁইয়া PP-431-439
মহাকরণে প্রেস কর্ণার
—শ্রী দেবপ্রসাদ সরকার ও শ্রী প্রবীর ব্যানার্জি PP-701-704
মাদকের বিরুদ্ধে অভিযান
—ডাঃ মানস ভুঁইয়া PP-687-692
মুর্শিদাবাদ জেলায় গঙ্গার ভাঙ্গন রোধে সরকারি ব্যবস্থা
—শ্রী নুরুল ইসলাম চৌধুরি PP-802-804
মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক স্কুলের সংখ্যা
—শ্রী আবু হেনা PP-811-812
মুর্শিদাবাদ সীমান্তে চোরাচালান
—শ্রী নুরুল ইসলাম চৌধুরি PP-444-445
মুর্শিদাবাদে জওহর রোজগার যোজনা
—শ্রী আবু হেনা P-450
মুর্শিদাবাদে সমাজ বিরোধী কার্যকলাপ
—শ্রী আবু হেনা এবং শ্রী নুরুল ইসলাম চৌধুরি PP-426-431

মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী গৌতম রায়চৌধুরি P-617

রাজ্য সমবায় কর্মিদের বেতন পুনর্বিন্যাস

—শ্রী তপন হোড় PP-924-927

রাজ্যে কলেজগুলিতে ছাত্র ভর্তির সমস্যা

—শ্রী তপন হোড় PP-814-815

রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র স্থাপনে সরকারি পরিকল্পনা

—শ্রী শিবপ্রসাদ মালিক P-799

রাজ্যে প্রাইমারি স্কুলের উন্নয়ন খাতে সরকারের বরাদ্দ

—শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ P-810

রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিধানসভার বিল

—শ্রী আবুল বাসার PP-606-608

লাক্ষা-চাষিদের উন্নয়ন

—শ্রী নিশিকান্ত মেহেতা P-811

লোক আদালত

—শ্রী আবু আয়েশ মন্ডল P-609

শহরাঞ্চলের উদ্বৃত্ত জমি

—শ্রী শৈলজাকুমার দাস PP-599-601

সবং ব্লকে চিংড়ি মাছের চাষ

—ডাঃ মানস ভুঁইয়া PP-589-591

সরকারি বাস ও মিনিবাসের সংখ্যা

—শ্রী অমিয় পাত্র PP-697-701

সাক্ষরতা

—শ্রী নটবর বাগদি PP-591-595

সাঁওতালডি পাওয়ার স্টেশন

—শ্রী নিশিকান্ত মেহেতা P-611

সুন্দরবনের জলপথ উন্নয়নে সরকারি পরিকল্পনা

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-801

স্কুল সার্ভিস কমিশন গঠনে সরকারি চিন্তা-ভাবনা

—শ্রী প্রশান্ত প্রধান P-802

হাইকোর্টে বিচারকের শূন্য পদ

—শ্রী তপন হোড় PP-609-610

হুগলি জেলার বালিখাদ

—শ্রী শিবপ্রসাদ মালিক P-612

**RULING FROM CHAIR**

PP-425-426

PP-369-370

PP-508-510

P-234

P-99

P-236

PP-1005-1007

**Statement under Rule 346 regarding the revision of taxi fares on account of the steep hike in the prices of petroleum products**

by—Shri Shymal Chakraborty PP-715-716

**Statement on Calling Attention Regarding the alleged deplorable condition of the Mankundu Mental Hospital in Hooghly district**

by—Smt. Chayya Bera P-518

**Statement on Calling Attention regarding the alleged stalemate condition in Serampur Walsh Hospital of Hooghly district**

by—Shri Prabodh Chandra Sinha PP-371-372

Statement on Calling Attention Regarding acute scarcity of drinking water in Kharagpur & Midnapur

by—Shri Gautam Deb PP-816-818

**Statement on Calling Attention**

**Regarding alleged non-availability of Irrigation facility to the Baro Cultivation in Moina Block of Midnapore district.**

by—Shri Debabrata Bandyopadhyay PP-619-621

**Statement on Calling Attention.**

**Regarding recent order of Supreme Court on Reparian Industry**

by—Dr. Ambarish Mukhopadhyay PP-878-879

**Statement on Calling Attention Regarding non-Completion of the Work of Santipur By-pass of Nadia district**

by—Shri Matish Roy PP-930-931

**Statement on Calling Attention**

**Regarding non-availability of Sugar from Ration shops at Nadia district.**

by—Shri Narendra Nath Dey PP-929-930

**Statement on Calling Attention regarding murder of a youth leader of the major ruling party in Shaktinagar, Krishnanagar Nadia on 11.3.93**

by—Shri Jyoti Basu PP-964-965

**Voting on Amendment to Governor's Address**

PP-292-360

**Zero Hour**

PP-982-987

PP-945-948

PP-465-468

PP-246-249

PP-179-182

PP-113-115

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006